সাহিত্য-পরিষৎ-গ্রন্থাবলী—সং ৫০

শ্রীশ্রীপদকল্পতরু

অর্থাৎ

পদকর্ত্তা বৈষ্ণবদাসের সঙ্কলিত সার্দ্ধশতাধিক বৈষ্ণব পদকর্ত্তৃ-
গণের তিন সহস্রের অধিক পদাবলি এবং সম্পাদকের
সংগৃহীত ও পরিশিষ্টে মুদ্রিত প্রায় এক সহস্র
পদাবলি, শব্দকোষ, পদসূচী, ভূমিকা
ইত্যাদি-সম্বলিত পদ-সংগ্রহ।

প্রথম খণ্ড

(প্রথম ও দ্বিতীয় শাখা)

শ্রীসতীশচন্দ্র রায় এম্ এ কর্ত্তৃক
সম্পাদিত

কলিকাতা
২৪৩।১ আপার সারকুলার রোড, বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ মন্দির হইতে
শ্রীরামকমল সিংহ কর্ত্তৃক
প্রকাশিত

১৩২২

মূল্য—

সাধারণ পক্ষে	১৷৷০
শাখা-সভার সদস্য পক্ষে	১।০
পরিষদের সদস্য পক্ষে	৲

সম্পাদকের নিবেদন

পদকল্পতরু গ্রন্থের প্রথম খণ্ড (১ম ও ২য় শাখা) প্রকাশিত হইল। উহার ৩য় শাখার আকার ১ম ও ২য় শাখার প্রায় দ্বিগুণ এবং ৪র্থ শাখার আকার ১ম, ২য় ও ৩য় শাখার প্রায় তুল্য হইবে; তবে ৩য় ও ৪র্থ শাখায় সরল খাঁটি বাঙ্গালা পদের সংখ্যা অধিক থাকায়, ঐ দুই শাখার পাঠান্তর ও টীকার পরিমাণ অনেক কম হইবে বলিয়া মূল গ্রন্থ আনুমানিক ১৫০০—১৬০০ শত পৃষ্ঠায় সম্পূর্ণ হইবে, আশা করা যাইতে পারে। পদকল্পতরু গ্রন্থে সন্নিবেশিত হয় নাই কিংবা ইতিপূর্ব্বে মুদ্রিত হয় নাই, প্রসিদ্ধ ও অজ্ঞাত-পূর্ব্ব পদকর্ত্তৃগণের রচিত এরূপ প্রায় এক সহস্র উৎকৃষ্ট পদ আমরা 'পদরসসার', 'পদরত্নাকর' প্রভৃতি পুঁথি হইতে প্রাপ্ত হইয়াছি; ঐ সকল পদ পদকল্পতরুর মুদ্রাঙ্কণ শেষ হইলে পরিশিষ্ট-পদাবলিরূপে পাঠান্তর ও টীকা সহ মুদ্রিত হইবে। তদ্ভিন্ন পরিশিষ্টে ব্যুৎপত্তি ও প্রয়োগ সহ একটি পদাবলি-শব্দকোষ সংযোজিত করার সংকল্প আছে; তজ্জন্যই পদের নীচে দুরূহ শব্দের অর্থ স্বতন্ত্র-ভাবে লিখিত হয় নাই; কেবল টীকার মধ্যে প্রয়োজনীয় স্থলে দুরূহ শব্দের প্রতিশব্দ দেওয়া হইয়াছে। পদাবলি-শব্দকোষে যাহাতে দুরূহ ও প্রাচীন কোন শব্দই বাদ না পড়ে, সে বিষয়ে বিশেষ লক্ষ্য রাখা হইবে।

পদাবলির ভাষা, ব্যাকরণ, ছন্দ, অলঙ্কার, কবিত্ব ও আধ্যাত্মিকতা প্রভৃতি বিষয় সম্বন্ধে এ পর্য্যন্ত বিশেষ-ভাবে কোন আলোচনা হয় নাই বলিলেও অত্যুক্তি হয় না; পদকল্পতরুর ভূমিকায় ঐ সকল বিষয়ে কিঞ্চিৎ বিস্তৃত-ভাবে আলোচনা করার ইচ্ছা আছে।

গ্রন্থ শেষ হইলে একটি বর্ণানুক্রমিক পদ-সূচী ও পদ-সংখ্যা সহ পদকর্ত্তৃগণের সূচী প্রকাশ করা যাইবে।

অধিকাংশ মুদ্রিত পদাবলি-গ্রন্থে সম্পাদকগণ পদাবলির ভাষা ও ছন্দের বিশেষত্বের প্রতি লক্ষ্য না করিয়া, সংস্কৃত ব্যাকরণের নিয়মানুসারে হ্রস্ব-দীর্ঘ বর্ণ ব্যবহার করিয়াছেন। এই ভ্রান্ত পদ্ধতির সমধিক প্রচলন হেতু, ইহাই শুদ্ধ বলিয়া অনেকের ধারণা হওয়ায়, তাঁহারা বর্ত্তমান সংস্করণে হ্রস্ব ও দীর্ঘ বর্ণ-বিন্যাসের বহুল ব্যতিক্রম দৃষ্টি করিয়া বোধ হয় সন্দিগ্ধ-চিত্ত হইবেন। আমরা যে বর্ণবিন্যাস-পদ্ধতির অনুসরণ করিয়াছি, উহার দোষ-গুণের বিস্তৃত আলোচনা ভূমিকায় করা যাইবে; তবে এই পদ্ধতি যে অপ্রামাণিক নহে, আমরা তাহা দেখাইবার জন্য এ স্থলে কেবল কতিপয় প্রসিদ্ধ গ্রন্থকারের অভিমত উদ্ধৃত করিব।

বিদ্যাপতির পদাবলীর সম্পাদক মনীষী গ্রিয়ারসন্ সাহেব তাঁহার A Chrestomathys of the Maithil Language নামক প্রসিদ্ধ গ্রন্থের ৩৮ পৃষ্ঠায় লিখিয়াছেন—"As regards the quantity of Syllables a vowel short by nature and also by position is always short, but a vowel short by nature and long by position, or a vowel or even a dipthong, long by nature may be considered either long or short for the scansion of a verse."

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ কর্ত্তৃক প্রকাশিত বিদ্যাপতির পদাবলীর সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ গুপ্ত মহাশয় তাঁহার গ্রন্থের ভূমিকার ২৸৹ পৃষ্ঠায় লিখিয়াছেন,—

"মাত্রা ও ছন্দ রক্ষার জন্য একই শব্দের ইকার উকার কোথাও হ্রস্ব, কোথাও দীর্ঘ হইবে, এমন কি, সময় সময় আকার পর্য্যন্ত হ্রস্ব হইয়া অকারের মত উচ্চারিত হয়; • • কি কী, কামিনি কামিনী, থির থীর, এইরূপ অনেক পাওয়া যাইবে। ইহা বানান-ভুল নয়, ছন্দ রক্ষা করিবার উপায়, সংশোধন করিতে গেলেই ছন্দ ভঙ্গ হয়।"

আধুনিক সময়ে যাঁহারা প্রাচীন বৈষ্ণব কবিদিগের অনুকরণে পদাবলি রচনা করিয়া গিয়াছেন, তাঁহাদিগের মধ্যে প্রসিদ্ধ কবি স্বর্গীয় রজনীকান্ত সেনের পিতা স্বর্গীয় গুরুপ্রসাদ সেন মহাশয় যে অগ্রগণ্য, ইহা বোধ হয়, অনেকেই জানেন না; তিনি তাঁহার রচিত "পদচিন্তামণিমালা" নামক উৎকৃষ্ট পদাবলী-গ্রন্থের ভূমিকায় লিখিয়াছেন,—"ব্রজবোল ভাষার কোন অভিধান কিম্বা ব্যাকরণ নাই, কেবল

মহান্ সঙ্কলনের পদাবলীই ইহার মূল। ঐ পদাবলীতে যেরূপ এক শব্দ কখন হ্রস্ব ও কখন দীর্ঘরূপে উচ্চারিত হওয়ার নিয়ম আছে, সেই নিয়ম আমিও এই পুস্তকে অবলম্বন করিয়াছি। * * * দীর্ঘ ঈকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ প্রায়শঃ স্থলে হ্রস্ব ইকারে ব্যবহৃত হইয়াছে। যথা,—'নারী' স্থলে 'নারি', 'কামিনী' স্থলে 'কামিনি'।"

পাঠান্তরে 'ক', 'খ' ইত্যাদি সাঙ্কেতিক চিহ্ন দ্বারা যে সকল হস্তলিখিত পুথির উল্লেখ করা হইয়াছে, এ স্থলে ঐ সকল পুথির কিঞ্চিৎ পরিচয় দেওয়া আবশ্যক।

'ক', 'খ', 'গ', 'ঘ' ও 'চ' পুথিগুলি সমস্তই পদকল্পতরু ওরফে গীতকল্পতরু গ্রন্থের হস্তলিখিত আদর্শ পুথি। 'ক' পুথিখানা কলিকাতা আহিরীটোলার গোস্বামি-মহোদয়দিগের গৃহ হইতে এবং 'খ' পুথিখানা বৃন্দাবন হইতে স্বর্গীয় কালিদাস নাথ মহাশয় কর্তৃক সংগৃহীত হইয়াছিল। 'ক' পুথির শেষে সন-তারিখ দেওয়া নাই; কিন্তু লেখা দেখিয়া ৫০।৬০ বৎসরের অধিক প্রাচীন বোধ হয় না। 'খ' পুথিখানা ১৭৪৩ শকাব্দে শ্রীবৃন্দাবনে বংশীদাস নামক কোন ব্যক্তির দ্বারা লিখিত হইয়াছিল। 'ক' পুথি যে বটতলার মুদ্রিত পুথির আদর্শ, তাহা দুই চারিটি পদ মিলাইয়া দেখিলেই প্রতীত হইবে। 'ক' পুথি অপেক্ষাকৃত আধুনিক ও অবিশুদ্ধ। 'গ' পুথির স্বত্বাধিকারী ২৪ পরগণার অন্তর্গত বসিরহাট নিবাসী শ্রীযুক্ত নরেন্দ্রনাথ বিশ্বাস। আমরা তাঁহার নিকট কেবল ১ম ও ২য় শাখার পাঠ-ভেদ প্রাপ্ত হইয়াছি। 'গ' পুথির সহিত 'খ' পুথির যথেষ্ট সৌসাদৃশ্য আছে। 'ঘ' ও 'চ' পুথি আমরা বঙ্গীয়-সাহিত্য-পরিষদের গ্রন্থালয় হইতে প্রাপ্ত হইয়াছি। ঐ পুথি দুইখানা যথাক্রমে ১৭৪০ ও ১৭৪৫ শাকে লিখিত। সুতরাং ঘ পুথিখানাই সর্ব্বাপেক্ষা প্রাচীন এবং ইহার পাঠ যে অন্যান্য পুথির পাঠ হইতে অনেক স্থলেই অধিক শুদ্ধ, উহার প্রমাণ আমরা যথেষ্ট পরিমাণে প্রাপ্ত হইয়াছি। 'চ' পুথিখানা 'ক' ও 'ঘ' পুথির মাঝামাঝি মনে হয়। 'ঘ' পুথির পাঠ কিরূপে 'ক' পুথির পাঠে পরিবর্ত্তিত হইয়াছে, 'চ' পুথি হইতে উহার অনেক সুন্দর উদাহরণ পাওয়া যায়।

প-স—রাধামোহন ঠাকুরের সঙ্কলিত "পদামৃত-সমুদ্র" গ্রন্থ বহরমপুর রাধারমণ যন্ত্রে প্রকাশিত হইয়াছে।

প-র-সা—নিমানন্দ দাসের সঙ্কলিত 'পদ-রস-সার' পুথি। ১৩২১ সালের সাহিত্য-পরিষৎ-পত্রিকার প্রথম সংখ্যায় আমরা এই গ্রন্থের বিবৃত পরিচয় দিয়াছি। পাবনা জিলার ভেমরা গ্রামনিবাসী শ্রীযুক্ত মাধবীলাল গোস্বামি-মহাশয় তাঁহার এই অমূল্য ও সুবৃহৎ গ্রন্থখানা হইতে অনুগ্রহ পূর্ব্বক, সমস্ত পাঠ-ভেদ এবং প্রসিদ্ধ ও অজ্ঞাতপূর্ব্ব বহু পদকর্ত্তার প্রায় ৬০০।৭০০ অভিনব পদ সংগ্রহ করার সুযোগ প্রদান করিয়া আমাদিগকে অপরিশোধ্য ঋণে আবদ্ধ করিয়াছেন। পদ-রস-সার পুথির অভিনব পদাবলি যদিও সাহিত্য-পরিষৎ পদকল্পতরুর পরিশিষ্টে প্রকাশ করার সংকল্প করিয়াছেন, কিন্তু এই পুথিখানা যে আদ্যো-পান্ত যথাযথরূপে মুদ্রাঙ্কিত হওয়া আবশ্যক, তাহাতে কোন সন্দেহ নাই।

প-র—কমলাকান্ত দাসের সঙ্কলিত পদ-রত্নাকর। ইহা সাহিত্য-পরিষৎ পুস্তকালয়ের ৯৫৩ সংখ্যক পুথি; বর্দ্ধমানের অন্তর্গত সিউর গ্রামনিবাসী পদকর্ত্তা কমলাকান্ত দাস কর্ত্তৃক ১২১৩ সালে সঙ্কলিত হইয়াছিল। এই পুথি হইতেও অনেক অভিনব পদ পাওয়া গিয়াছে; উহা পরিশিষ্টে সন্নিবেশিত হইবে।

সা, প,—সাহিত্য-পরিষৎ-গ্রন্থালয়।

পরিশেষে নিবেদন, সার্দ্ধ-শতাধিক বৈষ্ণব-কবির প্রাচীন ও দুরূহ পদাবলীর বিশুদ্ধ পাঠ ও অর্থ নির্ণয় করার এই অক্ষম প্রয়াসে অভিজ্ঞ ব্যক্তিগণ যে আমাদিগের বহু ত্রুটি ও ভ্রম-প্রমাদ লক্ষ্য করিবেন, তাহাতে কোনই সন্দেহ নাই; তাঁহারা অনুগ্রহ পূর্ব্বক সেই ভ্রম-প্রমাদগুলি প্রদর্শিত করিলে আমরা বিশেষ উপকৃত হইব এবং পরিশিষ্টে উহা সংশোধন করার চেষ্টা করিব।

শ্রীসতীশচন্দ্র রায়

বিষয়-সূচী

প্রথম শাখা

প্রথম পল্লব

(মঙ্গলাচরণ)

দ্বিতীয় পল্লব

(শ্রীরাধার পূর্ব্বরাগ)

তৃতীয় পল্লব

(শ্রীকৃষ্ণের পূর্ব্বরাগ)

চতুর্থ পল্লব

(শ্রীরাধার পূর্ব্বরাগ)

(শ্রীকৃষ্ণের পূর্ব্বরাগ)

পঞ্চম পল্লব

(বয়ঃসন্ধি)

ষষ্ঠ পল্লব

(শ্রীরাধার পূর্ব্বরাগ)

সপ্তম পল্লব

(শ্রীরাধার পূর্ব্বরাগ)

অষ্টম পল্লব

(শ্রীকৃষ্ণের পূর্ব্বরাগ)

নবম পল্লব

(সংক্ষিপ্ত-সম্ভোগ-রসোদ্গার)

দশম পল্লব

(প্রকারান্তর রসোদ্গার)

একাদশ পল্লব

(প্রকারান্তর রসোদ্গার)

(শ্রীকৃষ্ণের রসোদ্গার)

দ্বিতীয় শাখা

প্রথম পল্লব

(রূপানুরাগ)

দ্বিতীয় পল্লব

(রূপানুরাগ)

তৃতীয় পল্লব

(রূপাভিসার)

(বসন্ত-কালোচিত বাসকসজ্জাদি-বর্ণন)

পঞ্চম পল্লব

(হিম-কালোচিত অভিসারিকাদি-বর্ণন)

ষষ্ঠ পল্লব

(বর্ষা-কালোচিত অভিসারিকাদি-বর্ণন)

বিংশ পল্লব

(বিবিধ মান)

একবিংশ পল্লব

(প্রকারান্তর মান)

দ্বাবিংশ পল্লব

(কারণাভাস মান)

ত্রয়োবিংশ পল্লব

(অকারণ মান)

চতুর্ব্বিংশ পল্লব

(সঙ্কীর্ণ সম্ভোগ-রসোদ্গার)

শ্রীশ্রীপদকল্পতরু

(প্রথম শাখা)

মঙ্গলাচরণ

শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রায় নমঃ ॥

বন্দেঽহং শ্রীগুরোঃ শ্রীযুতপদকমলং শ্রীগুরূন্ বৈষ্ণবাংশ্চ
শ্রীরূপং সাগ্রজাতং সহগণরঘুনাথান্বিতং তং সজীবম্ ।
সাদ্বৈতং সাবধূতং পরিজনসহিতং কৃষ্ণচৈতন্যদেবং
শ্রীরাধাকৃষ্ণপাদান্ সহগণললিতান্ শ্রীবিশাখান্বিতাংশ্চ[১] ॥

মঙ্গল রাগ।[২]

জয় জয় শ্রীগুরু প্রেম-কলপ-তরু
অদভুত যাক প্রকাশ।
হিয়-অগেয়ান-তি- মির-বর জ্ঞান-সু-
চন্দ্র-কিরণে করু নাশ ॥
ইহ লোচন-আনন্দ-ধাম।
অযাচিত এ হেন পতিত হেরি যো পহুঁ
যাচি দেয়ল হরি-নাম ॥ধ্রু॥
দুরগতি অগতি অ- সত-মতি যো জন
নাহি সুকৃতি-লবলেশ।
শ্রীবৃন্দাবন- যুগল-ভজন-ধন
তাহে করত[৩] উপদেশ ॥
নিরমল গৌর- প্রেম-রস-সিঞ্চনে
পূরল[৪] সব মন আশ।
সো চরণাম্বুজে রতি নাহি হোয়ল
রোয়ত বৈষ্ণবদাস ॥ ১ ॥

পাঠান্তর

১। পদ-কল্প-তরুর খ, ঘ পুথিতে অতঃপর নিম্নলিখিত অতিরিক্ত মঙ্গলাচরণ-শ্লোক দৃষ্ট হয়; যথা,—

"বন্দে শ্রীকৃষ্ণচৈতন্যং কারণাতীতবিগ্রহম্।
যল্লীলা কারণাতীতা ধামভৃত্যাদিভিঃ সহ ॥"

প-র-সা পুথিতে উদ্ধৃত শ্লোকের পরিবর্ত্তে নিম্নলিখিত শ্লোক দৃষ্ট হয়; যথা,—

"বন্দে গুরূনি(নী)শভক্ত্যা (ক্তা)-
নীশমীশাবতারকান্।
তৎপ্রকাশাংশ্চ তচ্ছক্তি (ক্তীঃ)
কৃষ্ণচৈতন্যসংজ্ঞকম্ ॥"

২। প-র-সা, ১ সংখ্যক পদ।

৩। 'করল' খ, চ পুথি।

৪। 'প্রবল' ক পুথি।

টীকা

১—৪। "জয় জয় শ্রীগুরু" ইত্যাদি। প্রেমের কল্পতরু-স্বরূপ শ্রীগুরুর জয় হউক; যাঁহার অত্যাশ্চর্য্যময় প্রকাশ জ্ঞান-রূপ শ্রেষ্ঠ চন্দ্রের কিরণ দ্বারা হৃদয়ের অজ্ঞান-রূপ ঘোর তিমিরকে নাশ করে। অজ্ঞান-তিমিরের 'বর' এবং জ্ঞানরূপ চন্দ্রের 'সু' বিশেষণ দ্বারা পদ-কর্ত্তা অন্য জ্যোতির দ্বারা অবিনাশ্যতা হেতু সাধারণ তিমির অপেক্ষা অজ্ঞান-তিমিরের দুর্নিবারতা ও কৃষ্ণপক্ষে ক্ষয়-প্রাপ্ত কলঙ্ক-চিহ্নযুক্ত চন্দ্র অপেক্ষা ক্ষয়বিহীন নিষ্কলঙ্ক জ্ঞান-রূপ চন্দ্রের শ্রেষ্ঠতা সূচিত করিয়াছেন; অতএব এ স্থলে ব্যতিরেক অলঙ্কার ব্যঞ্জিত হইতেছে।

৫। "ইহ লোচন-আনন্দ-ধাম" ইত্যাদি। 'লোচন-আনন্দ-ধাম' পদটি 'পহুঁ' পদের বিশেষণ। (তিনিই ইহ সংসারে লোচনের আনন্দ-জনক ধাম (জ্যোতি) বিশিষ্ট অথবা লোচনানন্দের দর্শনানন্দের ধাম (বাস-স্থল)—যিনি অযাচিত হইয়াও এহেন পতিত দেখিয়া নিজে যাচিয়া হরি-নাম প্রদান করিলেন।

কামোদ।১

জয় রে জয় রে গোরা শ্রীশচী-নন্দন
মঙ্গল নটন সুঠান রে।২
কীর্ত্তন-আনন্দে শ্রীবাস রামানন্দে
মুকুন্দ বাসু গুণ-গান রে॥৩
দাং দ্রিমিকি দ্রিমি৪ মাদল বাজত
মধুর মঞ্জীর৫ রসাল রে।
শঙ্খ করতাল ঘণ্টারব ভেল
মিলল পদতলে তাল রে॥
কো দেই গোরা-অঙ্গে সুগন্ধি চন্দন৬
কো দেই মালতী-মাল রে।
পিরিতি-ফুল-শরে মরম ভেদল
ভাবে সহচর৭ ভোর রে।৮
কোই বোলে৯ গোরা জানকী-বল্লভ
রাধার প্রিয় পাঁচবাণ রে।১০
নয়নানন্দ মনে আন নাহি জানে
আমারি১১ গদাধরের প্রাণ রে॥২॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ১ম সংখ্যক এবং প-র পুথির ১ম তরঙ্গের ৩য় ও ৩৮ তরঙ্গের ১ম পদ। "কামোদ মল্লার" "মল্লার" প-র।

২। "সুঠান রে" (প-র) স্থলে "সুঠান" ক, খ, গ, ঘ, চ পুথি।

৩। 'গুণ-গান রে" (প-র) স্থলে "গুণ-গান" ক, খ, গ, ঘ, চ পুথি।

৪। "দাং দ্রিমিকি দ্রিমি" (গ) স্থলে "দাং দ্রিমিকি দ্রিমি দ্রিমি" ক, খ, ঘ, চ পুথি; "তা দ্রিমি কি দ্রিমি" প-র-সা; "দ্রিমিকি দ্রিমিকি দ্রিমি" প-র ১।৩; "দাং দ্রিমি দ্রিমি" প-র ৩৮।১।

৫। "মন্দিরা" (প-র ৩৮।১)।

৬। "কো দেই" ইত্যাদি পংক্তির পরিবর্ত্তে "গোরা অঙ্গে কোই দেই চন্দন গন্ধ করবির"
—প-র ৩৮।১।

৭। "সহচর" ক, গ স্থলে 'সহচরি' খ, ঘ, চ প-র; প-র-সা।

৮। 'ভোর রে' স্থলে 'কোর রে' প-র ৩৮।১।

৯। "বোলে" স্থলে 'বলে' খ, ঘ, প-র, প-র-সা; 'কহত' ক, গ।

১০। ক পুথিতে 'রে' শব্দটি নাই।

১১। 'আমার' ক, প-র-সা; 'হামারি' প-র।

টীকা

১৩—১৬। "কোই বোলে গোরা" ইত্যাদি। কেহ বলিতেছেন, গৌরাঙ্গ জানকীবল্লভ অর্থাৎ শ্রীরামচন্দ্র হইতে অভিন্ন; (কেহ বলিতেছেন, তিনি) শ্রীরাধার প্রিয়তম পঞ্চবাণ অর্থাৎ অপ্রাকৃত মদন; নয়নানন্দ (পদ-কর্ত্তা) জানে অন্য কিছু জানেন না; (তিনি জানেন যে, গৌরাঙ্গ) তাঁহারই গদাধরের প্রাণস্বরূপ। গৌরাঙ্গ-লীলায় গদাধর পণ্ডিত শ্রীরাধার শক্তি বলিয়া বর্ণিত হইয়াছেন, সুতরাং শ্রীগৌরাঙ্গকে "গদাধরের প্রাণ" বলিয়া সিদ্ধান্ত করিয়া তিনি যে শ্রীকৃষ্ণ হইতে অভিন্ন—পদ-কর্ত্তা নয়নানন্দ তাহাই ইঙ্গিতে ব্যক্ত করিয়াছেন।

গৌরী।

চম্পক-সোন-কু-　　　　সুম কনকাচল
　　জিতল গৌর-তনু-লাবনি রে।
উন্নত গীম　　　　সীম নাহি অনুভব
　　জগমনমোহন ভাঙনী রে ॥
　　জয় শচী-নন্দন রে।
ত্রিভুবন-মণ্ডন[১]　　　　কলি-যুগ-কাল-
　　ভুজগ-ভয়-খণ্ডন রে ॥ ধ্রু ॥[২]
বিপুল-পুলক-কুল-　　　　আকুল কলেবর
　　গর-গর অন্তর প্রেমভরে।
লহু-লহু হাসনি　　　　গদ গদ ভাষণি
　　কত মন্দাকিনী নয়নে ঝরে ॥[৩]
নিজ-রসে নাচত　　　　নয়ন ঢুলায়ত
　　গায়ত কত কত ভকতহিঁ মেলি।
যো রসে ভাসি　　　　অবশ মহিমণ্ডল
　　গোবিন্দদাস তহিঁ পরশ না ভেলি ॥৩॥

পাঠান্তর

১। 'মণ্ডন' (প্র-স ও প-র-সা) স্থলে ক—চ পুথিতে 'বন্দন' পাঠ আছে।

২। পদ-রস-সার ব্যতীত অন্যান্য সকল পুথিতেই ধুয়ার কলিটি নিম্নলিখিতরূপ দৃষ্ট হয়; যথা,—

"জয় শচী-নন্দন　　　　ত্রিভুবন-বন্দন
　　কলি-যুগ-কাল-ভুজগ-ভয়-খণ্ডন।"

কিন্তু এইরূপ ত্রিপদীর অর্দ্ধকলির আকারবিশিষ্ট ধুয়া অন্যত্র দৃষ্ট হয় না; সুতরাং পদ-রস-সার পুথির পাঠই সমীচীন বিবেচনায় গৃহীত হইয়াছে।

৩। 'ঝুরে' প-র-সা।

টীকা

১—৪। "চম্পক-সোন-কুসুম" ইত্যাদি। শ্রীগৌরাঙ্গের তনুর লাবণ্য চম্পক, শণের ফুল ও সুবর্ণ-গিরিকে পরাজিত করিয়াছে; (তাঁহার) গ্রীবা উন্নত; অনুভব অর্থাৎ দর্শন-জনিত প্রেমানন্দের সীমা নাই; (তাঁহার) অঙ্গ-ভঙ্গী জগজ্জনের মনোমোহন।

১২। "নিজ-রসে নাচত" বাক্যের দ্বারা পদ-কর্ত্তা বুঝাইতেছেন যে, পূর্ণকাম ভগবানের পক্ষে অন্য কোন ভাবের অধীনতা সম্ভবপর নহে; তিনি অহেতুক নিজের প্রেমানন্দে নিজেই নৃত্য করিতেছেন।

শ্রীনিত্যানন্দচন্দ্রস্য।

বেলোয়ার।১

জয় জগ-তারণ-কারণ ধাম।
আনন্দ-কন্দ নিত্যানন্দ রাম[২] ॥ধ্রু॥
ডগ-মগ লোচন　　　　কমল ঢুলায়ত
　　সহজে আথর-গতি জিতি মাতোয়ার।
ভাইয়া[৩] অভিরাম বলি　　　　ঘন ঘন ডাকই
　　গৌর-প্রেম-ভরে চলই না পার ॥

গদ-গদ আধ[৪] মধুর বচনামৃত
লহু লহু হাস-বিকাশিত গণ্ড।
পাষণ্ড-খণ্ডন শ্রীভুজ-মণ্ডন
কনয়-[৫] খচিত অবলম্বন-দণ্ড ॥
কলি-যুগ-কাল- ভুজঙ্গম-সঙ্গম-[৬]
দগধল স্থাবর জঙ্গম দেখি।
প্রেম-সুধারস জগ ভরি বরিখল[৭]
গোবিন্দদাসকে কাঁহে উপেখি ॥ ৪ ॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ৪ সংখ্যক ও প-র পুথির ১ম তরঙ্গের ৬ষ্ঠ পদ।

২। 'রাম' (প-র-সা) স্থলে 'নাম' ক—চ পুথি ও প-র পুথি।

৩। 'ভাইয়া' স্থলে 'ভাই' খ, ঘ, চ ও প-র পুথি। 'ভায়া' প-র-সা পুথি।

৪। 'আধ' স্থলে 'মধুর' প-র পুথি।

৫। 'কনয়' স্থলে 'কনয়া' খ ও প-র পুথি।

৬। 'সঙ্গম-' স্থলে 'দংশল' ক পুথি।

৭। 'বরিখল' স্থলে 'বিতরল' গ; 'বরিখত' প-র পুথি।

টীকা

১—২। "জয় জগ-তারণ" ইত্যাদি। জগতের তারণ অর্থাৎ উদ্ধারের কারণস্বরূপ যে প্রেম-ভক্তি, তাহার ধাম (আশ্রয়স্থল) আনন্দের মূলীভূত বলরামের অবতার শ্রীনিত্যানন্দ।

১১—১৪। "কলি-যুগ-কাল" ইত্যাদি। কলি-যুগরূপ কাল-ভুজঙ্গমের সঙ্গমে (সম্মিলনে) দগধল (দগ্ধীভূত) স্থাবর জঙ্গম অর্থাৎ স্থির ও চর জীবগণকে দেখিয়া (শ্রীনিত্যানন্দ) জগৎ ভরিয়া প্রেম-রূপ অমৃত রস বর্ষণ করিলেন; (এরূপ অবস্থায়) গোবিন্দদাসকে কেন উপেক্ষা করিলেন?

—

গৌরী।[১]

নন্দ-নন্দন গোপীজন-বল্লভ
রাধা-নায়ক নাগর শ্যাম।
সো[২] শচী-নন্দন নদিয়া-পুরন্দর
সুর-মুনিগণ-[৩]মনমোহন-ধাম ॥
জয় নিজ-কান্তা- কান্তি-কলেবর
জয় জয় প্রেয়সী-ভাব-বিনোদ।
জয় ব্রজ-সহচরী- লোচন-মঙ্গল
জয় নদিয়া-বধূ-নয়ন-আমোদ ॥
জয় জয় শ্রীদাম সুদাম সুবলার্জ্জুন
প্রেম-প্রবর্দ্ধন[৪] নবঘন-রূপ।
জয় রামাদি সু- ন্দর প্রিয় সহচর
জয় জয় মোহন গৌর অনূপ ॥
জয় অতিবল বল- রাম প্রিয়ানুজ
জয় জয় নিত্যানন্দ আনন্দ।
জয় জয় সজ্জন- গণ-ভয়-ভঞ্জন
গোবিন্দদাস আশ-অনুবন্ধ ॥ ৫ ॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ৫ সংখ্যক পদ।

২। 'সো' স্থলে 'জয়' ঘ ও প-র-সা।

৩। 'সুর-মুনি-গণ' স্থলে 'সুর-নর-গণ' খ পুথি।

৪। 'প্রবর্দ্ধন' স্থলে 'বিবর্দ্ধন' প-র-সা পুথি।

টীকা

৫—৬। "জয় নিজ কান্তা" ইত্যাদি। শ্রীকৃষ্ণ শ্রীরাধার গৌর-কান্তি ও তাঁহার নিজস্ব ভাব-সমূহ পরিগ্রহ করিয়াই শ্রীগৌরাঙ্গরূপে অবতীর্ণ হন—ইহাই রূপ গোস্বামী প্রভৃতি গৌড়ীয় বৈষ্ণব-শাস্ত্রকার-দিগের সিদ্ধান্ত। শ্রীগৌরাঙ্গ প্রায় সর্ব্বদাই শ্রীরাধার কোন না কোন ভাবে বিভাবিত হইয়া ব্রজ-লীলার সেই সেই ভাবগুলি নিজের চরিত্রে প্রকটিত করিয়াছেন; সে জন্যই পদ-কর্ত্তা তাঁহাকে "প্রেয়সী-ভাব-বিনোদ" বলিয়া বর্ণিত করিয়াছেন। প্রেয়সী

শ্রীরাধার ভাব দ্বারা বিনোদ অর্থাৎ আনন্দ যাঁহার—এইরূপ বহুব্রীহি সমাস দ্বারা "প্রেয়সী-ভাব-বিনোদ" পদটি সিদ্ধ হইয়াছে।

রূপ গোস্বামী তাঁহার সুপ্রসিদ্ধ কড়চায় লিখিয়াছেন;—

"শ্রীরাধায়াঃ প্রণয়মহিমা কীদৃশো বানয়ৈবা-
স্বাদ্যো যেনাদ্ভুতমধুরিমা কীদৃশো বা মদীয়ঃ।
সৌখ্যং চাস্যা মদনুভবতঃ কীদৃশং বেতি লোভাৎ
তদ্ভাবাঢ্যঃ সমজনি শচীগর্ভসিন্ধৌ হরীন্দুঃ॥"

গৌড়ীয় বৈষ্ণবদিগের মতে উদ্ধৃত শ্লোকটিকে শ্রীগৌরাঙ্গ-অবতারের মূল সূত্র বলা যাইতে পারে। এই শ্লোকের সুবিস্তৃত ব্যাখ্যা শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত গ্রন্থের—"এই মত পূর্ব্বে কৃষ্ণ রসের সদন।" ইত্যাদি আদি-লীলার পয়ার-সমূহে দ্রষ্টব্য।

ধানশী।১

জয় অদভুত　　সো পহু অদ্বৈত
　　সুরধুনী সন্নিধানে।
আঁখি মুদি রহে　　প্রেমে নদী[২] বহে
　　বসন তিতিল ঘামে॥
নিজ পহু মনে　　ঘন গরজনে
　　উঠি জোরে জোরে লম্ফ।
ডাকে বাহু তুলি　　কাঁদে ফুলি ফুলি
　　দেহে বিপরীত কম্প॥
অদ্বৈত-হুঙ্কারে　　সুরধুনী-তীরে
　　আইলা নাগর-রাজ।
তাহার পিরিতে　　হইয়া তুরিতে
　　উদয় নদীয়া মাঝ॥
জয় সীতানাথ　　করল বেকত
　　নন্দের নন্দন হরি।
কহে বৃন্দাবন　　অদ্বৈত-চরণ
　　হিয়ার মাঝারে ধরি॥ ৬॥

পাঠান্তর

১। এটি প-র সা পুথির ৬ সংখ্যক পদ।
২। 'প্রেমে নদী' স্থলে 'প্রেমনদী' গ পুথি।

টীকা

৯—১২। "অদ্বৈত-হুঙ্কারে" ইত্যাদি। চৈতন্য-ভাগবত প্রভৃতি গ্রন্থে বর্ণিত হইয়াছে যে, ভক্ত-শিরোমণি অদ্বৈত আচার্য্য ভক্তি-ধর্ম্মের নিতান্ত অবনতি দর্শনে মর্ম্মাহত হইয়া "যদা যদা হি ধর্ম্মস্য গ্লানির্ভবতি ভারত। অভ্যুত্থানমধর্ম্মস্য তদাত্মানং সৃজাম্যহম্॥" এই ভগবদ্বাক্যে দৃঢ় বিশ্বাসবশতঃ ভগবান্‌কে অবতীর্ণ করার জন্য প্রত্যহ গঙ্গাস্নানে যাইয়া ভগবানের উদ্দেশ্যে সচন্দন তুলসীপত্র ও গঙ্গাজল উৎসর্গ করিয়া প্রেমাবেশে ভগবানের আহ্বানসূচক ঘন ঘন হুঙ্কারধ্বনি করিতেন; ভগবান্ তাঁহার এই প্রেমের আকর্ষণ অগ্রাহ্য করিতে না পারিয়া প্রেম-ধর্ম্ম প্রচারের জন্য শ্রীগৌরাঙ্গরূপে অবতীর্ণ হন।

তুড়ী।১

জয় জয় নিত্যানন্দ-চন্দ্র-বর।
জয় শান্তীপুর-[২] নগর-[৩]সুধাকর॥
জয় বসু-জাহ্নবি-দেবি-হৃদয়-হর।
জয় জয় সীতামোদ-কলেবর॥
বীর-তাত জয় জীব-প্রিয়ঙ্কর।
জয় জয় অচ্যুত-জনক মহেশ্বর॥
জয় জয় গৌর-অভিন্ন-কলেবর।
ফুকরই কাতর দাস মনোহর॥ ৭॥

পাঠান্তর।

১। এটি প-র-সা পুথির ৭ সংখ্যক পদ। "তুড়ী" স্থলে ক, গ, ঘ ও চ পুথিতে 'তথা রাগ।' পাঠ আছে।

২। 'শান্তীপুর' স্থলে 'শান্তিপুর' ক, খ, গ ও প-র-সা পুথি। পদাবলী-সাহিত্যে ছন্দের অনুরোধে অনেক স্থলেই হ্রস্ব ইকার ও উকার দীর্ঘ ঈকার ও উকাররূপে ব্যবহৃত দৃষ্ট হয়; "শান্তিপুর" পাঠে ছন্দোভঙ্গ হয় বলিয়া ঘ ও চ পুথির 'শান্তীপুর' পাঠই সমীচীন বলিয়া গৃহীত হইয়াছে।

৩। 'নগর' স্থলে 'নাগর' ঘ, চ, পুথি।

টীকা

২। "জয় শান্তীপুর-নগর" ইত্যাদি। শান্তিপুর নগরের সুধাকর অর্থাৎ চন্দ্রস্বরূপ অদ্বৈত আচার্য্য জয়যুক্ত হউন। ক্ষীরোদ সমুদ্র হইতে সমুদ্র মন্থন-কালে চন্দ্র উদ্ভূত হইয়াছিলেন, এইরূপ পৌরাণিক আখ্যায়িকা আছে; অদ্বৈতকে শান্তিপুর নগরের সুধাকর বলিয়া বর্ণন করায় শান্তিপুর যে ক্ষীরোদার্ণবের ন্যায় সুবৃহৎ ও শ্রেষ্ঠ ছিল, রূপক-ধ্বনি দ্বারা তাহাই ব্যঞ্জিত হইতেছে।

৩। "জয় বসু-জাহ্নবি" ইত্যাদি। বসুধা ও জাহ্নবী দেবী নিত্যানন্দ প্রভুর ভার্য্যাদ্বয়; বসুধা দেবী অনেক স্থলেই সংক্ষেপের জন্য 'বসু' নামে অভিহিতা হইয়াছেন।

৪। "জয় জয় সীতামোদ" ইত্যাদি। সীতার (অদ্বৈত-পত্নীর) আমোদ অর্থাৎ আনন্দজনক কলেবরবিশিষ্ট অদ্বৈত আচার্য্যের জয় হউক।

৫। "বীরতাত জয়" ইত্যাদি। বীরভদ্রের পিতা জীবগণের প্রিয়কারী অর্থাৎ ভক্তি-ধর্ম্মের প্রচার দ্বারা প্রাণিগণের মঙ্গল-সম্পাদক শ্রীনিত্যানন্দের জয় হউক।

৬। "জয় জয় অচ্যুত" ইত্যাদি। অচ্যুতানন্দের পিতা মহেশ্বর অর্থাৎ রুদ্রদেবের অবতার শ্রীঅদ্বৈত আচার্য্যের জয় হউক।

কামোদ।১

জয় জয় শ্রীনব- দ্বীপ-সুধাকর
প্রভু বিশ্বম্ভর দেব।
জয় পদ্মাবতি- নন্দন পহুঁ মঝু
শ্রীবসু-জাহ্নবী২ সেব॥
জয় জয় শ্রীঅ- দ্বৈত সীতা-পতি
সুখদ শান্তিপুর-চন্দ্র।
জয় জয় শ্রীল- গদাধর পণ্ডিত
রসময় আনন্দ-কন্দ॥
জয় মালিনি-পতি সদয়-হৃদয় অতি
পণ্ডিত শ্রীবাস উদার।
গৌর-ভকত জয় পরম দয়াময়
শিরে ধরি চরণ সভার॥
ইহ সব ভুবনে প্রেম-রস-সিঞ্চনে
পূরল জগ-জন-আশ।
আপন৩ করম- দোষে ভেল বঞ্চিত
দুরমতি বৈষ্ণবদাস॥ ৮॥

পাঠান্তর।

১। এটি প-র-সা পুথির ৮ সংখ্যক পদ।

২। "শ্রীবসু-জাহ্নবী" স্থলে "জয় বসু-জাহ্নবী" খ পুথি।

৩। "আপন" স্থলে "আপনক" গ ও প-র-সা পুথি।

টীকা

৯। "জয় মালিনি-পতি" ইত্যাদি। "মালিনী" শ্রীবাস পণ্ডিতের ভার্য্যার নাম ছিল; পদাবলীতে ছন্দের অনুরোধে অনেক স্থলেই "মালিনী" হ্রস্ব ইকারান্ত ব্যবহৃত হইয়াছে।

তথা রাগ।১

জয় জয় অতিশয় দীন দয়াময়
স্বরূপ রামানন্দ রায়।
সুমধুর নিগূঢ় গৌর-রস জগ জন
জানল যাঁক কৃপায়॥

জয় নরহরি গদাধর শ্রীনিবাস।
জয় বক্রেশ্বর দাস গদাধর
মুকুন্দ মুরারি হরিদাস ॥ ধ্রু ॥[২]
বসু রামানন্দ সেন শিবানন্দ
গোবিন্দ মাধব বাসুঘোষ।
জয় বৃন্দাবন- দাস গৌর-রসে
জগ-জনে করল সন্তোষ ॥
জয় জয় অনন্ত-[৩] দাস নয়নানন্দ
জ্ঞানদাস যদুনাথ।
শ্রীরূপ সনাতন জয় জয় শ্রীজিব[৪]
ভট্ট-যুগল[৫] রঘুনাথ ॥
জয় জয় কৃষ্ণ- দাস কবি-ভূপতি
গৌর-ভকতগণ আর।
বৈষ্ণবদাস- আশ পরিপূরহ[৬]
দেহ চরণ-রজ-সার ॥ ৯ ॥

পাঠান্তর।

১। এটি প-র-সা পুথির ৯ সংখ্যক পদ।

২। ক ও গ পুথিতে এ স্থলে "ধ্রু ॥" চিহ্ন নাই।

৩। 'অনন্ত' স্থলে 'আনন্দ' প-র-সা।

৪। "শ্রীরূপ সনাতন" ইত্যাদি স্থলে "শ্রীমদ্রূপ সনাতন জয় জয়" ক, গ, ঘ, চ ও প-র-সা পুথি। শ্রীজীব-গোস্বামী ষড়্‌গোস্বামীর অন্যতম ছিলেন; সুতরাং ষড়্‌গোস্বামীর নাম-গণনায় তাঁহার নাম পরিত্যক্ত হওয়া অসম্ভব বোধে খ পুথির পাঠ কিঞ্চিৎ ছন্দোভঙ্গ-দুষ্ট হইলেও এ স্থলে গৃহীত হইল। বলা বাহুল্য যে, শ্রীরূপ শব্দের 'শ্রী'টি পরিত্যাগ করিলে যদিও ছন্দোদোষ সংশোধিত হইতে পারে, কিন্তু তদ্রূপ পাঠ কোনও হস্তলিখিত পুথিতে না থাকায় আমরা স্বেচ্ছানুসারে পাঠ পরিবর্ত্তন করা সঙ্গত বোধ করি নাই।

৫। 'ভট্ট-যুগল' স্থলে "জয় যুগল" ক পুথি।

৬। "পরিপূরব" প-র-সা পুথি।

টীকা

১৫। "ভট্টযুগল"—গোপাল ভট্ট ও রঘুনাথ ভট্ট। গোপাল ভট্ট দাক্ষিণাত্য-প্রদেশে ভট্টমারি গ্রামে বেঙ্কট ভট্টের ঔরসে জন্মগ্রহণ করেন। মহাপ্রভু দাক্ষিণাত্য-ভ্রমণে বহির্গত হইয়া বেঙ্কট ভট্টের গৃহে চাতুর্ম্মাস্য করেন; তৎসময়ে গোপাল ভট্ট মহাপ্রভুর চরিত্র-গুণে আকৃষ্ট হইয়া তাঁহারই আদেশ-ক্রমে বৃন্দাবনে যাইয়া বাস করেন; ইনি শ্রীনিবাস আচার্য্যের দীক্ষাগুরু ও 'হরি-ভক্তি-বিলাস' গ্রন্থের সঙ্কলয়িতা।

১৬। "কৃষ্ণদাস কবিভূপতি"—অর্থাৎ কৃষ্ণদাস কবিরাজ, যিনি শ্রীচৈতন্যচরিতামৃত ও শ্রীগোবিন্দ-লীলামৃত প্রভৃতি বহু বাঙ্গালা ও সংস্কৃত গ্রন্থ রচনা করিয়াছেন।

ধানশী।[১]

জয় জয় শ্রীশ্রীনিবাস গুণ-ধাম।
দিন-হিন তারণ প্রেম-রসায়ন
ঐছন মধুরিম নাম ॥ ধ্রু ॥
কাঞ্চনবরণ- হরণ তনু সুললিত
কৌষিক বসন বিরাজে।
প্রেম নাম কহি কহত ভাগবতে[২]
ঐছে বরণ তনু সাজে ॥
নিজ নিজ ভকত পারিষদ সঙ্গহি
প্রকটহি চরণারবিন্দ।
নিরবধি বদনে নাম বিরাজিত
রাধে কৃষ্ণ গোবিন্দ ॥
যুগল-ভজন-গুণ- লীলা-[৩] আস্বাদন
গ্রন্থ কলপ-তরু হাতে।
তুয়া বিনে অধমে শরণ কো দেয়ব
গোবিন্দ দাস অনাথে ॥১০॥

পাঠান্তর।

১। এটি প-র-সা পুথির ১০ সংখ্যক পদ।

২। 'ভাগবত' প-র-সা পুথি।

৩। "লীলা" স্থলে "লীলা-রস" খ পুথি।

টীকা

৪—৭। "কাঞ্চন-বরণ-হরণ" ইত্যাদি। শ্রীনিবাস আচার্য্যের (তনু) সুললিত এবং কাঞ্চনের কান্তি-হারী;, (তাহাতে) কৌষেয় বাস শোভা পাইতেছে।

"প্রেম-নাম কহি কহত ভাগবতে
ঐছে বরণ তনু সাজে।"

এই বাক্যের তাৎপর্য্য এই যে, শ্রীমদ্ভাগবতে দশম স্কন্ধে অষ্টমাধ্যায়ে গর্গ মুনি শ্রীকৃষ্ণের প্রেম-যুক্ত "কৃষ্ণ"-নাম কীর্ত্তন করিয়া—

"আসন্ বর্ণাস্ত্রয়ো হ্যস্য গৃহ্নতোঽনুযুগং তনুঃ।
শুক্লো রক্তস্তথা পীত ইদানীং কৃষ্ণতাং গতঃ॥"

এই সুপ্রসিদ্ধ শ্লোক দ্বারা যুগভেদে ভগবানের যে বিভিন্ন বর্ণ-ধারণ বর্ণিত করিয়াছেন, তাহাতে কলি-যুগে ভগবানের যে পীতবর্ণ নির্দ্দিষ্ট হইয়াছে, শ্রীনিবাস আচার্য্যের দেহকান্তিও তদনুরূপ ছিল। প্রবাদ আছে যে, শ্রীগৌরাঙ্গ প্রভু আরও দুই বার অবতীর্ণ হইবেন বলিয়া অন্তরঙ্গ ভক্তদিগের নিকট প্রতিশ্রুত হইয়াছিলেন; শ্রীনিবাস আচার্য্যের নানাবিধ অদ্ভুত মহিমা দর্শনে তাঁহাকে পরবর্ত্তী ভক্ত বৈষ্ণবগণ শ্রীগৌরাঙ্গের সেই অন্যতর অধস্তন অবতার বলিয়া স্বীকার করিয়াছেন। পদকর্ত্তা গোবিন্দদাস এই শ্রীআচার্য্য প্রভুর মন্ত্রশিষ্য; সুতরাং তিনিও যে পূর্ব্বোক্ত প্রবাদ অনুসারে আচার্য্য প্রভুকে শ্রীগৌরাঙ্গ হইতে অভিন্ন বিবেচনা করিয়া তাঁহার পোষকতায় শ্রীমদ্ভাগবতের সেই প্রসিদ্ধ শ্লোকের উল্লেখ করিয়াছেন, ইহাতে কোন সন্দেহ নাই।

আকর্ষণার্থক 'কৃষ্' ধাতু হইতে জাত এবং রাগানুগ প্রেমিক ভক্তদিগের সর্ব্বাপেক্ষা প্রিয় বলিয়া ভগবানের "কৃষ্ণ" নামটিকে পদকর্ত্তা 'প্রেম-নাম' বলিয়া বর্ণিত করিয়াছেন। কৃষ্ণ-নামের উন্মাদকতা রূপ গোস্বামী কর্ত্তৃক "বিদগ্ধমাধব" নাটকে নিম্নলিখিতরূপ বর্ণিত হইয়াছে; যথা –

"তুণ্ডে তাণ্ডবিনী রতিং বিতনুতে
তুণ্ডাবলী-লব্ধয়ে
কর্ণক্রোড়-কড়ম্বিনী ঘটয়তে
কর্ণার্ব্বুদেভ্যঃ স্পৃহাম্।
চেতঃপ্রাঙ্গণ-সঙ্গিনী বিজয়তে
সর্ব্বেন্দ্রিয়াণাং কৃতিং
নো জানে জনিতা কিয়দ্ভিরমৃতৈঃ
কৃষ্ণেতি বর্ণদ্বয়ী॥"

ভাটিয়ারি।১

জয় রে জয় রে জয় ঠাকুর নরোত্তম
প্রেম-ভকতি-মহারাজ।
যাঁকে মন্ত্রী অভিন্ন কলেবর
রামচন্দ্র কবিরাজ॥ ধ্রু ॥২
প্রেম-মুকুট-মণি- ভূষণ ভাবাবলি
অঙ্গহি অঙ্গ বিরাজ।
নৃপ-আসন খে- তরি৩ মাহা বৈঠত৪
সঙ্গহি ভকত সমাজ॥
সনাতন-রূপ-কৃত- গ্রন্থ ভাগবত
অনুদিন৫ করত বিচার।
রাধা-মাধব যুগল-উজ্জ্বল-রস
পরমানন্দ সুখ-সার॥
শ্রীসংকীর্ত্তন- বিষয়-রসে উনমত
ধর্ম্মাধর্ম্ম নাহি জান।৬
যোগ-দান-ব্রত আদি ভয়ে ভাগত
রোয়ত করম গেয়ান॥

ভাগবত শাস্ত্রগণ　　যো দেই ভকতি-ধন
　　তাক গৌরব করু আপ।
সাংখ্য মিমাংসক　　তর্কাদিক যত
　　কম্পিত দেখি পরতাপ ॥
অভকত-চৌর　　দূরহিঁ ভাগি রহু
　　নিয়ড়ে নাহি পরকাশ।
দীন-হীন জনে　　দেয়ল ভকতি-ধনে
　　বঞ্চিত গোবিন্দদাস ॥১১॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ১১ সংখ্যক পদ।

২। ১—৪ পংক্তির পরিবর্ত্তে প-র-সা পুথিতে নিম্নলিখিত পাঠ দৃষ্ট হয় ;—

"জয় রে জয় রে জয়　　ঠাকুর নরোত্তম
　　প্রেম-ভকতি মহাজন।
জনেক মন্ত্রী　　অভিন্ন-কলেবর
　　গুণহি লীলা-আস্বাদন ॥"

৩। 'খেতরি' স্থলে 'খেতুর' গ পুথি।

৪। 'বৈঠল' খ পুথি।

৫। 'অনুখন' গ পুথি।

৬। 'মান' ক, গ, চ পুথি।

৭। 'ভাগত' গ পুথি।

টীকা

১৩—১৬। "শ্রীসংকীর্ত্তন" ইত্যাদি। (নরোত্তম ঠাকুর) শ্রীসংকীর্ত্তনের বিষয় অর্থাৎ আশ্রয় যে ব্রজলীলা, তাহার রসে উন্মত্ত ; (তিনি প্রেমিক সন্ন্যাসী বলিয়া) লৌকিক ধর্ম্মাধর্ম্ম কিছুই লক্ষ্য করেন না ; (তাঁহার) ভয়ে পাতঞ্জল-দর্শনের প্রতিপাদিত যোগ ও ধর্ম্মশাস্ত্রের উপদিষ্ট দান, ব্রত ইত্যাদি ক্রিয়াসমূহ পলায়ন করে এবং জ্ঞান, কর্ম্ম ও ভক্তি এই ত্রিবিধ সাধন-মার্গের মধ্যে নরোত্তম ঠাকুর ভক্তিমার্গের শ্রেষ্ঠতা প্রতিপন্ন করায়, করম (কর্ম্ম) ও গেয়ান (জ্ঞান) নিরাশ্রয় হইয়া রোদন করিতেছে।

২১—২২। "অভকত চৌর" ইত্যাদি। নরোত্তম ঠাকুরের মহিমায় ভক্তি-ধর্ম্মের এরূপ শ্রীবৃদ্ধি হইয়াছিল যে, অভক্তরূপ চৌর অর্থাৎ দুষ্কৃতকারী লজ্জায় মুখ দেখাইতে না পারিয়া দূরে লুকাইয়া থাকিত, নিকটে উপস্থিত হইত না।

ততঃ পূর্ব্বগীতকর্ত্তৃগণস্য যথা।

মঙ্গল।[১]

বিদ্যাপতি-পদ-　　যুগল সরোরুহ-
　　নিস্যন্দিত-মকরন্দে।[২]
তছু মঝু মানস　　মাতল মধুকর
　　পিবইতে করু অনুবন্ধে ॥[৩]
　　হরি হরি আর কিয়ে মঙ্গল হোয়।
রসিক-শিরোমণি-　　নাগর-নাগরী-
　　লীলা স্ফুরব কি মোয় ॥ ধ্রু ॥
জনু বাঙন করে　　ধরব সুধাকর
　　পঙ্গু চরব কিয়ে[৪] শিখরে।
অন্ধ ধাই কিয়ে　　দশ দিশ[৫] খোঁজব
　　মিলব কলপতরু-নিকরে ॥
সো নহ অন্ধ　　করত অনুবন্ধ হিঁ[৬]
　　ভকত-নখর-মণি-ইন্দু।
কিরণ-ঘটায়　　উদিত ভেল দশ দিশ
　　হাম কি না পায়ব বিন্দু ॥
সোই বিন্দু হাম　　যৈখনে[৭] পায়ব
　　তৈখনে উদিত নয়ান।
গোবিন্দ দাস　　অতয়ে অবধারল
　　ভকত-কৃপা বলবান ॥১২॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ১২ সংখ্যক পদ।

২। 'মকরন্দ' ক পুথি।

৩। 'অনুবন্ধ' ক পুথি।

৪। 'কিয়ে' স্থলে 'গিরি' ক পুথি

৫। 'দিশ' স্থলে 'দিগে' ক পুথি।

৬। 'অনুবন্ধ' প-র-সা ও খ পুথি। 'অনুবন্ধহু' ক, গ, চ পুথি।

৭। 'যেথনে' ক, 'যেই খনে' প-র-সা।

টীকা

৮—১১। "জনু বাঙন" ইত্যাদি। যেন বামন চন্দ্রকে স্পর্শ করিবে কিংবা পঙ্গু পর্ব্বতের শৃঙ্গে আরোহণ করিবে কিংবা অন্ধ ধাবিত হইয়া দশ দিকে খুঁজিবে এবং অভীষ্টফলদায়ী কল্পতরু-সমূহ প্রাপ্ত হইবে। এই সকল কার্য্য যেরূপ অসম্ভব, পদকর্ত্তা বলিতেছেন, শ্রীরাধা-কৃষ্ণের যুগল-লীলার স্ফুরণ অর্থাৎ প্রকাশও তাঁহার পক্ষে সেইরূপ অসম্ভব বটে।

১২—১৫। "সো নহ অন্ধ" ইত্যাদি। প্রথমে পূর্ব্বোক্তরূপ সন্দেহ হইলেও পরক্ষণেই পদকর্ত্তার মনে হইতেছে যে, ভক্তের কৃপায় না হইতে পারে, এমন কোন বিষয় নাই,—তাই তিনি নিজের উক্তির সংশোধন করিয়া বলিতেছেন,—ভগবদ্ভক্তের নখরমণিরূপ চন্দ্রকে যে ব্যক্তি আর কিছু না হউক, অনুবন্ধ অর্থাৎ অনুসরণও করেন, তিনি অন্ধ নহেন; (ভক্ত-নখ-চন্দ্রের) কিরণচ্ছটায় দশ দিক্ প্রকাশিত হইল, আমি (অধম পদ-কর্ত্তা) কি সেই অজ্ঞানান্ধকারবিনাশী কিরণের এক বিন্দুও পাইব না?

১৬—১৯। "সোই বিন্দু হাম" ইত্যাদি। সেই বিন্দুমাত্র কিরণ আমি (অধম পদকর্ত্তা) যে সময়ে পাইব, সেই সময়েই আমার নয়ন অর্থাৎ জ্ঞান-নেত্র প্রকাশিত হইবে; অতএব পদকর্ত্তা গোবিন্দদাস অবধারণ করিলেন যে, ভক্তের কৃপাই বলবান্ অর্থাৎ সর্ব্বাপেক্ষা শক্তিশালী।

যথা।১

জয় জয় জয়- দেব দয়াময়
পিরিতি-রতন-খনি
পরম পণ্ডিত পূজ্য গুণগণ-
মণ্ডিত চতুর-মণি॥
মধুর মূরতি অতি অনুপম
বিদিত-চরিত-রীতি।২
রসিক-শেখর সুখময় পদ্মা-
বতীর পরাণ-পতি
বিপ্রবংশ-অব- তংশ কবি-ভূপ
ভুবনে কে সম তার।
প্রেম-রসে মহা- মত্ত সদা কেন্দু-
বিল্বেতে বসতি যার॥
শ্রীরাধামাধব- সেবা সুবিগ্রহ
কেবা না হেরিয়া ভুলে।
সে রূপ-৩ অমিয়া পিয়া দিবা নিশি
ভাসয়ে আনন্দ-জলে॥
পদ্মাবতী সহ গানে বিচক্ষণ
আনে কি উপমা সাজে।
পশু পক্ষ ঝুরে শুনিয়া গন্ধর্ব্ব
কিন্নর মরয়ে লাজে॥
যার বিরচিত শ্রীগীতগোবিন্দ
গ্রন্থ সুকৌশল৪ তাতে।
গোবিন্দ আনন্দে "দেহি পদ-পল্লব"
আদি বর্ণিলেন৫ যাতে॥
প্রেমে মাখি রাখি- লেন যেন সব
বর্ণ সুঅদ্ভুত ভাতি।৬
নীলাচল-চন্দ্র জগন্নাথ যাহা
শুনয়ে আনন্দে মাতি॥
ব্রজেন্দ্র-নন্দন ... গৌরচন্দ্র নব-
দ্বীপে অবতরি রঙ্গে।

যার কাব্য-রস　　　　আস্বাদে স্বরূপ
　　রায় রামানন্দ সঙ্গে ॥
পরদুখে দুখী　　　　পদ্মাবতী-নাথ-
　　পদে যে করয়ে আশ।
যুগল-পিরিতি-　　　　রসে সে ভাসয়ে
　　ভণে নরহরি দাস ॥ ১৩ ॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ১৩ সংখ্যক পদ।

২। "বিদিত-চরিত-রীতি" স্থলে "বিচিন্ত বিজয় রিতি" প-র-সা পুথি। অন্যান্য পুথিতে 'বিদিত-চরিত-রীতি' পাঠ থাকিলেও তাহাতে ভাল অর্থ হয় না; "বিচিত্র-চরিত-রীতি" শুদ্ধ পাঠ ছিল কি? প-র-সা পুথির 'বিচিন্ত' যে লেখকের প্রমাদ-জনিত, তাহাতে সন্দেহ নাই।

৩। 'রূপ' স্থলে 'রস' ক পুথি।

৪। 'সুকোমল' ক, গ, চ ও প-র-সা পুথি।

৫। 'বর্ণিলেন' স্থলে 'বলিলেন' প-র-সা।

৬। "প্রেমে মাখি রাখি-　　লেন যেন সব
　　বর্ণ সুঅদ্ভুত ভাতি।" খ, গ, ঘ পুথি।
"প্রেমে আখি ভরি　　রাখিলেন যেন
　　সুবর্ণ সুখদ ভাতি।" প-র-সা পুথি।
"প্রেমে মাখি রাখি-　　লেন যেন সব
　　এ সব অদ্ভুত ভাঁতি॥" ক পুথি।

বিভিন্ন পাঠ তুলনা করিয়া—
"প্রেমে আখি ভরি　　রাখিলেন যেন
　　সুবর্ণ সুখদ-ভাতি।"
পাঠই সমীচীন বলিয়া বোধ হয়; কিন্তু খ, ঘ পুথি প্রাচীনতর এবং প্রস্তাবিত পাঠ পদকল্পতরুর কোন পুথিতেই দৃষ্ট হয় না। সমীচীন পাঠটি প-র-সা পুথির সঙ্কলয়িতার স্বকৃত সংশোধন কি না, তাহাও নিশ্চিতরূপে বলা যায় না; এই সকল কারণে আমরা সংশোধিত পাঠটি মূলে গ্রহণ করিতে পারিলাম না।

টীকা

২৫—২৬। "প্রেমে মাখি" ইত্যাদি। (যে গীত-গোবিন্দে জয়দেব) শ্লোকের অক্ষরসমূহকে যেন প্রেমে মাখিয়া রাখিয়াছেন, উহাদিগের ভাতি অর্থাৎ প্রকাশ এরূপ অত্যাশ্চর্য্যজনক।

যথা।[১]

জয় জয় চণ্ডী-　　　　দাস দয়াময়
　　মণ্ডিত সকল গুণে।
অনুপম যার　　　　যশ রসায়ন
　　গাওত জগত-জনে ॥
বিপ্র-কুল-ভূপ　　　　ভুবনে পূজিত
　　অতুল[২] আনন্দ-দাতা।
যার তনু মন　　　　রঞ্জন না জানি
　　কি দিয়া করিল ধাতা ॥
সতত সে রসে　　　　ডগ-মগ নব
　　চরিত বুঝিবে কে।
যাহার চরিতে　　　　ঝুরে পশু পাখী
　　পিরিতে মজিল যে ॥[৩]
শ্রীরাধাগোবিন্দ-　　　　কেলি-বিলাস যে
　　বর্ণিলা বিবিধ[৪] মতে।
কবি-বর চারু　　　　নিরুপম মহী
　　ব্যাপিল যাহার গীতে ॥
শ্রীনন্দ-নন্দন　　　　নবদ্বীপ-পতি
　　শ্রীগৌর[৫] আনন্দ হৈয়া।
যার গীতামৃত　　　　আস্বাদে স্বরূপ
　　রায় রামানন্দ লৈয়া ॥
পরম পণ্ডিত　　　　সঙ্গীতে গন্ধর্ব্ব
　　জিনিয়া যাহার গান।
অনুখন কীর্ত্ত-　　　　নানন্দে মগন
　　পরম করুণাবান ॥

বৃন্দাবনে রতি যার তার সঙ্গ
সতত সে সুখে ভোর।
রসিক জনের প্রাণ-ধন গুণ
বর্ণিতে নাহিক ওর ॥[৬]
চণ্ডীদাস-পদে যার রতি সেই
পিরিতি-মরম জানে।
পিরিতি-বিহীন[৭] জনে ধিক্ রহু
দাস নরহরি ভণে ॥ ১৪ ॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ১৪ সংখ্যক পদ।

২। 'অতুল' স্থলে 'আয়ল' প-র-সা পুথি। প্রাচীন পুথির 'তু' ও 'ও' অক্ষর দেখিতে একই রকম; সুতরাং 'অতুল' শব্দটি যে কোন লেখক কর্তৃক 'অওল' বলিয়া পঠিত ও লিখিত হইবে, ইহাতে আশ্চর্য্যের কারণ নাই। 'অওল' শব্দটিকে শুদ্ধ করিতে যাইয়া কোন লেখক উহাকে 'আওল' করিয়াছেন; 'আওল' শব্দটিই পরে 'আয়ল'রূপে পরিণত হইয়াছে। এইরূপ পাঠ-বিভ্রাটের দৃষ্টান্ত আরও অনেক দেখা যাইবে।

৩। 'যে' স্থলে 'সে' প-র-সা পুথি।

৪। 'বিবিধ' স্থলে 'বিভেদ' প-র-সা পুথি।

৫। 'শ্রীগৌর' স্থলে 'গৌরাঙ্গ' খ পুথি।

৬। 'ওর' স্থলে 'জোর' ক পুথি। প্রাচীন পুথিতে অনেক স্থলে 'ও' অক্ষরের পরিবর্ত্তে 'য়ো' অক্ষর ব্যবহৃত হইয়াছে, 'য়ো' অক্ষরের পুটুলিটি লেখকের ভ্রমে পড়িয়া যাইয়া উহা 'যো'-রূপে পঠিত ও লিখিত হওয়া এবং পরে 'জো' অক্ষরে পরিণত হওয়া কিছুই বিচিত্র নহে।

৭। 'বিহীন' স্থলে 'বিহন' প-র-সা।

টীকা

১৩—১৪। "শ্রীরাধাগোবিন্দ" ইত্যাদি বাক্যের দ্বারা চণ্ডীদাস যে শ্রীরাধাকৃষ্ণের লীলা-বিষয়ক স্বতন্ত্র স্বতন্ত্র পদাবলী ব্যতীত তদ্বিষয়ক অন্য কোনও গ্রন্থ রচনা করিয়াছিলেন, তাহাই প্রতীত হয়। বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ কর্ত্তৃক "শ্রীকৃষ্ণ-কীর্ত্তন" নামক চণ্ডীদাসের যে প্রাচীন পুথি সংগৃহীত হইয়া মুদ্রিত হইতেছে, তাহাতে শ্রীরাধাকৃষ্ণের বহু-বিধ লীলাই বর্ণিত হইয়াছে। পদকর্ত্তা ঘনশ্যাম ওরফে নরহরি চক্রবর্ত্তী পরবর্ত্তী বৈষ্ণব-সমাজের প্রসিদ্ধ ইতিহাস-লেখক; তাঁহার সুবৃহৎ "ভক্তি-রত্নাকর" গ্রন্থ বহু তথ্যে পরিপূর্ণ; কিন্তু তিনি কোনও স্থলে চণ্ডীদাসের রচিত গ্রন্থের নামোল্লেখ করেন নাই; সুতরাং তিনি চণ্ডীদাসের শ্রীকৃষ্ণকীর্ত্তন গ্রন্থ কিংবা পদাবলী—উহার কোনটি লক্ষ্য করিয়া ঐরূপ উক্তি করিয়াছেন, বলা যায় না।

১৭—২০। "শ্রীনন্দনন্দন" ইত্যাদি। শ্রীগৌরাঙ্গ প্রভু তাঁহার অন্তরঙ্গ প্রিয়-ভক্ত স্বরূপদামোদর ও রায় রামানন্দের সহিত সর্ব্বদা চণ্ডীদাস ও বিদ্যাপতির পদাবলী, রামানন্দের "জগন্নাথ-বল্লভ" নাটক, বিল্বমঙ্গলকৃত "কর্ণামৃত" ও জয়দেবের "শ্রীগীতগোবিন্দ" গ্রন্থ পাঠ ও গান করিতেন—শ্রীচৈতন্য-চরিতামৃতে বর্ণিত হইয়াছে;—

"চণ্ডীদাস বিদ্যাপতি রায়ের নাটক গীতি
কর্ণামৃত শ্রীগীতগোবিন্দ।
স্বরূপ রামানন্দ সনে মহাপ্রভু রাত্রদিনে
গায় শুনে পরম-আনন্দ ॥"

ধানশী।[১]

জয় জয়দেব কবি- নৃপতি-শিরোমণি
বিদ্যাপতি রস-ধাম।
জয় জয় চণ্ডী- দাস রস-শেখর
অখিল-ভুবনে অনুপাম ॥
যাকর রচিত মধুর-রস নিরমল
গদ্য-পদ্যময় গীত।
প্রভু মোর গৌর- চন্দ্র আস্বাদিলা[২]
রায় স্বরূপ সহিত

যবহুঁ যে ভাব উদয় করু অন্তরে
তবহুঁ[3] গাওই দুহুঁ মেলি।
শুনইতে দারু পাষাণ গলি যায়ত
ঐছন সুমধুর কেলি॥
আছিল গোপতে[4] যতন করি পহুঁ মোর
জগতে করল পরকাশ।
সো রস শ্রবণে পরশ নাহি হোয়ল
রোয়ত বৈষ্ণবদাস॥ ১৫॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ১৫ সংখ্যক পদ।

২। "প্রভু মোর গৌরচন্দ্র আস্বাদিলা" পংক্তির পরিবর্ত্তে "প্রভু মোর গৌর আস্বাদন করত" প-র-সা পুথি।

৩। 'অব' প-র-সা পুথি।

৪। 'গোপত' গ পুথি।

টীকা

১৩—১৪। "আছিল গোপতে" ইত্যাদি। ব্রজ-লীলার রস গুপ্ত অর্থাৎ অপ্রকাশিত ছিল—এই কথা বলার তাৎপর্য্য এই যে, শ্রীগৌরাঙ্গ প্রভুর আবির্ভাবের পূর্ব্বে শ্রীমদ্‌ভাগবত প্রভৃতি গ্রন্থপাঠেই কেবল ব্রজলীলার বিবরণ অবগত হওয়া যাইত; অধিকাংশ লোকের পক্ষে ঐ সকল গ্রন্থ-পাঠ অসম্ভব ছিল বলিয়া তাঁহারা ব্রজ-লীলার রস আস্বাদন করিতে পারিতেন না; কদাচিৎ কেহ পাঠ করিলেও শ্রীরাধার দিব্যোন্মাদ প্রভৃতি অলৌকিক ভাবগুলি হৃদয়ঙ্গম করিতে না পারিয়া অনেকেই তাহার সত্যতায় সন্দিহান হইতেন; কিন্তু শ্রীগৌরাঙ্গ প্রভু সেই সকল ভাব নিজের জীবনে অনুভব করিয়া যত্নের সহিত জগদ্‌বাসীদিগকে শিক্ষা দিয়া গিয়াছেন।

শ্রীরাগ।[1]

প্রভু[2] গৌরচন্দ্র প্রভু[3] নিত্যানন্দ
প্রভু সীতানাথ আর।
পণ্ডিত গোসাঞি শ্রীবাস রামাই
ঠাকুর শ্রীসরকার॥
মুরারি মুকুন্দ শ্রীজগদানন্দ
দামোদর বক্রেশ্বর।
সেন শিবানন্দ বসু রামানন্দ
সদাশিব পুরন্দর॥
আচার্য্য নন্দন বুদ্ধিমন্ত খান
ছোট বড় হরিদাস।
বাসুদেব দত্ত রাঘব পণ্ডিত
জগদীশ তার পাশ॥
আচার্য্য রতন গুপ্ত নারায়ণ
বিদ্যানিধি শুক্লাম্বর।
শ্রীধর বিজয় শ্রীমান সঞ্জয়
চক্রবর্ত্তী নীলাম্বর॥
পণ্ডিত গরুড় শ্রীচন্দ্রশেখর
হলায়ুধ গোপীনাথ।
গোবিন্দ মাধব ঘোষ বাসুদেব
সুধানিধি আদি সাথ॥
পণ্ডিত ঠাকুর দাস গদাধর
উদ্ধারণ অভিরাম।
রামাই মহেশ ধনঞ্জয় দাস
বৃন্দাবন অনুপাম॥
ঠাকুর মুকুন্দ শ্রীরঘুনন্দন
চিরঞ্জীব সুলোচন।
বৈদ্য বিষ্ণুদাস দ্বিজ হরিদাস
গঙ্গাদাস সুদর্শন॥
গোবিন্দ শঙ্কর আর কাশীশ্বর
রামাই নন্দাই সাথ।

রায় ভবানন্দ সুত রামানন্দ
গোপীনাথ বাণীনাথ ॥
নীলাচল-বাসী সার্ব্বভৌম কাশী
মিশ্র জনার্দ্দন আর।
শ্রীশিখী মাহাতি রুদ্র গজপতি
ক্ষেত্র-সেবা অধিকার ॥
গোসাঞি স্বরূপ সনাতন রূপ
ভট্ট-যুগ রঘুনাথ।
শ্রীজীব ভূগর্ভ গোসাঞি রাঘব
লোকনাথ আদি সাথ ॥
যতেক মহান্ত কে করিবে অন্ত
গৌরাঙ্গ সভার প্রাণ।
গোরাচাঁদ হেন সভে কৃপাবান
প্রেম-ভক্তি করে দান ॥
ইহা সভাকার যত পরিবার
সন্তান আছয়ে যার।
গৌর-ভকত আর যত যত
সভে কর অঙ্গীকার ॥
অধম দেখিয়া করুণা করিয়া
সভে পূর মোর আশ।
কাতর হইয়া গুণ সোঙরিয়া
কান্দয়ে বৈষ্ণব দাস ॥ ১৬ ॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ১৬ সংখ্যক পদ।
২। 'প্রভু' স্থলে 'প্রভু মোর' ক, গ পুথি।
৩। 'প্রভু' স্থলে 'প্রভু মোর' ক পুথি।

টীকা

৪। "ঠাকুর শ্রীসরকার"—'সরকার' উপাধি-বিশিষ্ট নরহরি ঠাকুর।

১৭। "শ্রীচন্দ্রশেখর"—মহাপ্রভুর অন্যতম পার্ষদ ও মাতৃস্বস্-পতি চন্দ্রশেখর আচার্য্য। চন্দ্রশেখর নামক পরবর্ত্তী পদকর্ত্তা স্বতন্ত্র ব্যক্তি।

৪১—৪৪। "যতেক মহান্ত" ইত্যাদি। পূর্ব্ব-বর্ত্তী কলিগুলিতে যে সকল মহান্ত অর্থাৎ প্রধান বৈষ্ণবাচার্য্যদিগের নাম উল্লিখিত হইয়াছে, তাঁহা-দিগের ন্যায় আরও অনেক বৈষ্ণবাচার্য্য আছেন,—তাঁহাদিগের নাম কে বলিয়া শেষ করিতে পারে? শ্রীগৌরাঙ্গ ইহাঁদিগের সকলেরই জীবনস্বরূপ ছিলেন; ইহাঁরা সকলেই পরম দয়ালু এবং প্রেম-ভক্তিদাতা।

যথা।[১]

গৌরাঙ্গচাঁদের প্রিয় পরিকর
দ্বিজ হরিদাস নাম।
কীর্ত্তন-বিলাসী প্রেম-সুখরাশি
যুগল-রসের ধাম ॥
তাহার নন্দন প্রভু দুই জন
শ্রীদাস গোকুলানন্দ।
প্রেমের মূরতি যুগল-পিরিতি
আরতি-রসের কন্দ ॥
গোরা-গুণময় সদয় হৃদয়
প্রেমময় শ্রীনিবাস।
আচার্য্য ঠাকুর খেয়াতি যাহার
দোহে[২] রহে তার পাশ ॥
পিতৃ-অনুমতি জানিয়া এ দোহে[৩]
হইলা তাহার[৪] শাখা।
শাখা গণনাতে[৫] প্রভুর সহিতে
অভেদ করিয়া লেখা ॥
গৌরাঙ্গচাঁদের প্রিয় অনুচর
জয় দ্বিজ হরিদাস।
জয় জয় মোর আচার্য্য ঠাকুর
খ্যাতি নাম[৬] শ্রীনিবাস ॥
জয় জয় মোর শ্রীদাস ঠাকুর
জয় শ্রীগোকুলানন্দ।

করুণা করিয়া লেহ উদ্ধারিয়া
অধম পতিত মন্দ ॥
ইহা সভাকার বংশ পরিবার
যতেক ঠাকুরগণ।
সভার চরণে রতি মতি মাগে
বৈষ্ণব দাসের মন ॥১৭॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ১৭ সংখ্যক পদ।
২। 'দোহে' স্থলে 'দুহু' ক, গ পুথি।
৩। 'এ দোহে' স্থলে 'এ দুহু' ক পুথি।
৪। 'তাহার' স্থলে 'যাহার' ঘ পুথি।
৫। 'গণনাতে' স্থলে 'গণ সাথে' প-র-সা।
৬। 'নাম' স্থলে 'হয়' প-র-সা পুথি।

টীকা

৩—৪। "কীর্ত্তন বিলাসী" ইত্যাদি। (দ্বিজ হরিদাস) কীর্ত্তন-প্রিয় এবং প্রেমানন্দপঞ্জস্বরূপ শ্রীরাধাকৃষ্ণের লীলা-রসের ধাম অর্থাৎ আবাস-স্থল ছিলেন।

যথা।১

জয় জয় শ্রীশ্রী- নিবাস নরোত্তম
রামচন্দ্র কবিরাজ।
জয় জয় শ্রীগতি গোবিন্দ রসময়
জয় তছু ভকত-সমাজ ॥
জয় কবিরাজ- রাজ রস-সায়র
শ্রীযুত গোবিন্দ দাস।
ঐছন কথিহুঁ২ না হেরিয়ে ত্রিভুবনে
প্রেম-মুরতি পরকাশ ॥
যাকর গীতে সুধারস বরিখয়ে
কবিগণ চমকয়ে চীত।৩
শুনইতে গর্ব্ব খর্ব্ব তব হোয়ত
ঐছন রসময় গীত ॥
জয় জয় যুগল- পিরিতিময় শ্রীযুত
চক্রবর্ত্তী গোবিন্দ।
গৌরগুণার্ণবে সুরত অহনিশি
জনু মন্দার গিরীন্দ্র ॥
জয় জয় শ্রীযুত ব্যাস কৃপাময়
শ্যামদাস প্রভু আর।
জয় জয় পহু মোর রামচরণ শর-
ণাগত করু আপনার ॥
জয় জয় রাম- কৃষ্ণ কুমুদানন্দ৪
দ্বিজকুল-তিলক দয়াল।
জয় জয় রূপ ঘটক ঘট-রসময়
মণ্ডল ঠাকুর ভাল ॥
জয় জয় নৃপবর মল্ল-বংশধর
শ্রীবির-হাম্বির নাম।
জয় জয় শ্রীকবি- রাজ কর্ণপূর
গোকুল শ্রীভগবান ॥
জয় জয় গোপী-৫ রমণ রসায়ন
উজ্জ্বল-মুরতি নিতান্ত।
জয় জয় শ্রীনর- সিংহ কৃপাময়
জয় জয় বল্লবিকান্ত ॥৬
জয় জয় শ্রী- বল্লভ পরমাদ্ভুত
প্রেম-মুরতি পরকাশ।
প্রভু-সুতা-চরণ- সরোরুহ-মধুকর
জয় যদুনন্দন দাস ॥
কবি-নৃপ-বংশজ ভুবন-বিদিত যশ
ঘনশ্যাম বলরাম।
ঐছন দুহুঁ জন নিরুপম গুণগণ
গৌর-প্রেমময়-ধাম ॥
ইহ সব প্রভুগণ- চরণ যাক ধন
তাক চরণ করি আশ।
অতিহুঁ অসত-মতি পামর দুরগতি
রোয়ত বৈষ্ণবদাস ॥ ১৮ ॥

ইতি মঙ্গল-জনিত-পূর্ব্ব-পূর্ব্ব-গীত-কর্ত্তৃগণ-
শ্রীচরণ-স্মরণম্।

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ১৮ সংখ্যক পদ।

২। 'কতিহোঁ' ক, খ পুথি।

৩। 'চিত' ক, ঘ, চ পুথি।

৪। 'মুকুন্দানন্দ' ক পুথি।

৫। 'গোপী' স্থলে 'শ্রীগোপী' ক ও প-র-সা পুথি।

৬। 'বল্লবি-কান্ত' স্থলে 'শ্রীবল্লভীকান্ত' খ, গ, 'বল্লবী-কান্ত' চ পুথি।

টীকা

৩৫—৩৬। "প্রভু-সুতা" ইত্যাদি। প্রভু অর্থাৎ আচার্য্য-প্রভু শ্রীনিবাসের কন্যা হেমলতা দেবীর পাদপদ্মের মধুকরস্বরূপ যদুনন্দনদাস ঠাকুর। প্রসিদ্ধ পদ-কর্ত্তা যদুনন্দনদাস ঠাকুর হেমলতা দেবীর মন্ত্রশিষ্য ছিলেন।

৩৭—৩৮। "কবি-নৃপ" ইত্যাদি। কবি-নৃপ অর্থাৎ কবিরাজবংশ হইতে জাত ভুবনবিখ্যাত ঘনশ্যাম ও বলরাম (জয়যুক্ত হউন)। কবিরাজ-বংশজ এই ঘনশ্যাম ও বলরাম সুপ্রসিদ্ধ পদকর্ত্তা ঘনশ্যাম ও বলরাম বলিয়াই বিবেচনা হয়। এ সম্বন্ধে বিস্তৃত আলোচনা পরিষৎ-পত্রিকার ১৩২০ সালের ২য় সংখ্যার "প্রাচীন পদাবলি ও পদকর্ত্তৃগণ" শীর্ষক প্রবন্ধে ঘনশ্যাম-প্রসঙ্গে দ্রষ্টব্য

সুহই।১

জয় জয় যদুকুল-জলনিধি-চন্দ।
ব্রজকুল-গোকুল-আনন্দ-কন্দ॥
জয় জয় জলধর-শ্যামর-অঙ্গ।
হিলন কলপতরু ললিত-ত্রিভঙ্গ॥
মুরতি মদন-ধনু ভাঙু-বিভঙ্গ।
বিষম কুসুম-শর নয়ন-তরঙ্গ॥
চূড়ায় উড়য়ে মত্ত মউর-শিখণ্ড।
টলমল কুণ্ডল ঝলমল গণ্ড॥২
সুধই সুধাময়-মুরলি-বিলাস।
জগ-জন-মোহন মধুরিম হাস॥
অবনি-বিলম্বিত বনি বনমাল।
মধুকর ঝঙ্করু ততহি রসাল॥
তরুণ-অরুণ-রুচি পদ-অরবিন্দ।
নখ-মণি-নীছনি দাস গোবিন্দ॥ ১৯॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ১৯ সংখ্যক ও প-র পুথির ২য় তরঙ্গের ১০ম পদ।

২। "মুরতি মদন-ধনু ভাঙু-বিভঙ্গ" ইত্যাদি পংক্তিচতুষ্টয় ক, ঘ, চ ও প-র-সা পুথিতে নাই; খ, গ ও প-র পুথি অনুসারে উহা মূলে গৃহীত হইল

টীকা

১—২। "জয় জয় যদু-কুল" ইত্যাদি। যদুকুল-রূপ সাগর হইতে সমুদ্ভূত চন্দ্র-স্বরূপ শ্রীকৃষ্ণের জয় হউক। (যিনি) ব্রজকুল অর্থাৎ ব্রজবাসিগণের ও গোকুলের আনন্দের মূলস্বরূপ।

১৩—১৪। "তরুণ-অরুণ-রুচি" ইত্যাদি। (শ্রীকৃষ্ণের) পাদপদ্ম নবোদিত রবির কান্তির ন্যায় আরক্তিম; (পদকর্ত্তা) গোবিন্দদাস সেই পাদপদ্মের মণিতুল্য সমুজ্জ্বল নখ-রাজির নিছনি, কিনা বালাই-স্বরূপ; অর্থাৎ গোবিন্দদাস সেই নখরাজির অনুপম সৌন্দর্য্য-দর্শনে বিমোহিত হইয়া তাহার নিকট নিজের প্রাণকে উৎসর্গ করিয়াছেন। প্রকৃতপক্ষে কোন ব্যক্তির অমঙ্গল দূর করার জন্য যে মাঙ্গল্য পদার্থ তাহার গাত্র স্পর্শ করাইয়া দূরে রাখা হয়, তাহাই 'নির্ম্মঞ্ছন'-শব্দজাত নিছনি শব্দের মুখ্য অর্থ; উহা হইতেই পরে 'উৎসর্গীকৃত' অর্থ হইয়াছে।

শ্রীরাগ।১

জয় জয় জগ-জন-লোচন-ফান্দ।
রাধা-রমণ বৃন্দাবন-চান্দ॥ধ্রু॥২

অভিনব নীল-　　জলদ[৩] তনু ঢল-ঢল
পিঞ্ছ-মুকুট শিরে[৪] সাজনি রে।
কাঞ্চন-বসন　　রতনময় অভরণ
নূপুর-রণরণি[৫] বাজনি রে ॥
ইন্দীবর-যুগ-　　সুভগ বিলোচন
চঞ্চল অঞ্চল[৬] কুসুম-শরে।
অবিচল কুল-　　রমণীগণ-মানস
জর-জর অন্তর[৭] মদন-ভরে ॥
বনি বনমাল　　অজানু-বিলম্বিত[৮]
পরিমলে অলিকুল মাতি রহুঁ।
বিম্বাধর পর[৯]　　মোহন মুরলী
গায়ত গোবিন্দদাস পহুঁ ॥২০॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ২০ ও ৩৫ সংখ্যক ও প-র পুথির ২য় তরঙ্গের ২য় পদ।

২। প-র-সা ও প-র পুথিতে—

"জয় জয় জগজন-লোচন ফান্দ।"

ইত্যাদি ধ্রুব পংক্তিদ্বয়—

"অভিনব নীল-　　জলদ তনু ঢল ঢল"

ইত্যাদি পংক্তি-চতুষ্টয়ের পরে সন্নিবেশিত হইয়াছে। অধিকাংশ পদাবলীতেই ধ্রুবাংশ প্রথম দুই একটি কলির পরেই দৃষ্ট হইয়া থাকে; সুতরাং এইরূপ বিন্যাসই সমীচীন বলিয়া বোধ হইলেও পদকল্পতরুর কোন পুথিতে সেইরূপ বিন্যাস না থাকায় মূলে কোন পরিবর্ত্তন করা হইল না।

৩। 'জলদ' স্থলে 'রতন' প-র-সা।

৪। 'শিরে' স্থলে 'মণি' প-র-সা।

৫। 'রণরণি' স্থলে 'রুনুঝুনু' প-র।

৬। 'চঞ্চল অঞ্চল' স্থলে 'অঞ্চল চঞ্চল' ক, গ পুথি।

৭। 'অন্তরে' ক পুথি।

৮। 'অজানু-বিলম্বিত' প-র স্থলে 'আজানু-বিলম্বিত' খ, গ, ঘ ও চ পুথি। 'আজানু-লম্বিত' ক ও প-র-সা পুথি। 'অজানু-বিলম্বিত' ব্যতীত অন্যান্য পাঠ ছন্দোভঙ্গ-দূষিত; বাঙ্গালা 'অ' অক্ষরই ব্রজবুলির নিয়মানুসারে কিয়ৎপরিমাণে বাঙ্গালা 'আ' অক্ষরের ন্যায় উচ্চারিত হইয়া থাকে; সুতরাং 'অজানু' লিখিয়া অ-কারের কিঞ্চিৎ দীর্ঘ উচ্চারণ কিংবা 'আজানু' লিখিয়া আ-কারের কিঞ্চিৎ হ্রস্ব উচ্চারণ করিলে ফল একই হইয়া থাকে; কিন্তু 'আজানু' লিখিলে ব্রজবুলির নিয়মানুসারে 'আজানু' শব্দের "আ"কারটিকে সংস্কৃত ব্যাকরণের হ্রস্ব দ্বিমাত্রাত্মক আ-কারের ন্যায় দীর্ঘ উচ্চারণ করাও বিচিত্র নহে; সুতরাং প-র পুথির 'অজানু' পাঠই সমীচীন বোধ হয়

৯। 'পরি' প-র পুথি।

টীকা

৭—৮। "ইন্দীবর-যুগ" ইত্যাদি। (শ্রীকৃষ্ণের) বিলোচন অর্থাৎ নেত্রদ্বয় নীলোৎপল-যুগলের ন্যায় সুন্দর; (উহাদিগের) অঞ্চল অর্থাৎ প্রান্তভাগ পুষ্প-বাণ দ্বারা চঞ্চল। শ্রীকৃষ্ণ মদনমোহন বলিয়া এ স্থলে তাঁহার নীলোৎপলতুল্য নেত্রযুগলের অপাঙ্গ-দৃষ্টিকেই পদকর্ত্তা কন্দর্পের পুষ্পবাণরূপে বর্ণন করিয়াছেন।

ধানশী ॥

জয়তি জয় বৃষ-　　ভানু-নন্দিনি
শ্যাম-মোহিনি রাধিকে।
বেনি লম্বিত　　যৈছে ফণি-মণি
বেঢ়ল মালতি-মালিকে ॥
শরদ-বিধুবর　　ও মুখ-মণ্ডল
ভালে সিন্দুর-বিন্দু যে।
ভাণ্ড-গঞ্জিত　　জিনিয়া কাম-ধনু
চিবুকে মৃগমদ-বিন্দু যে ॥

গরুড়-চঞ্চু জিনি নাসা[২] সুবলনি
তাহে শোহে গজমোতি যে।
রাতা[৩] -উতপল অধর-যুগল[৪]
দশন মোতিক পাঁতি যে॥
হৃদয় উপর[৫] শোহে কুচযুগ[৬]
লাজে চকোরিণি ভোর রে।
নাভি-সরবরে[৭] লোম-ভুজগিনি[৮]
বিহরে[৯] কুচ-গিরি-কোর রে॥
কণ্ঠে শোভিত হার মণিময়
ঝলকে দামিনি বীজই[১০]।
কনক-দণ্ড জিনি বাহু সুবলনি
কতহুঁ অভরণ সাজই[১১]॥
খীন কটি-তটে নীল শাটি শোহে
কনক-কিঙ্কিনি রোলই।
চরণে নূপুর শবদ সুন্দর[১২]
যৈছে চটকিনি বোলই॥
যাবক-রঞ্জিত ও নখ-চন্দ্রক[১৩]
কাম রোয়ত তাহ রে।
দীন বলরাম করত পরিহার
দেহ পদযুগ-ছাহ রে॥ ২১॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ২১ সংখ্যক ও প-র পুথির ১ম তরঙ্গের ২১শ পদ।

"ধানশী" স্থলে "মালসী" খ, "কামোদ মল্লার" প-র পুথি।

২। 'নাসা' প-র-সা স্থলে 'নাসিকা' ক—চ ও প-র পুথি। 'নাসিকা' পাঠে ছন্দোভঙ্গ ঘটে; 'নাসা' পাঠে 'না' অক্ষরটি দীর্ঘ উচ্চারণ করিয়া 'সা' অক্ষরটি 'যাঁহা বিলপয়ে বর কান তাঁহা সখি করল পয়ান' ইত্যাদি বহু স্থলে ব্যবহৃত 'যাঁহা' 'তাঁহা' প্রভৃতি শব্দের 'হা' অক্ষরের ন্যায় লঘু উচ্চারণ করিলে ছন্দ বজায় থাকে।

৩। সকল পুথিতেই 'রাতা' পাঠ আছে; কিন্তু ছন্দের অনুরোধে 'তা' অক্ষরটি লঘু উচ্চারণ করিতে হইবে।

৪। 'যুগল' স্থলে 'যুগল' ক, খ, গ, চ, প-র ও প-র-সা পুথি।

৫। 'উপর' স্থলে 'ঘ' ছাড়া অন্যান্য পুথিতে 'উপর' পাঠ আছে।

৬। 'কুচ-যুগ' স্থলে 'কুচগিরি' ক।

৭। 'সরবরে' স্থলে 'গহ্বরে' প র; 'সরোবরে' ক—চ।

৮। 'লোম-ভুজগিনি' স্থলে 'উঠল ভুজঙ্গিনি' প-র।

৯। 'বিহরে' স্থলে 'রহই' প-র।

১০। 'বীজই' স্থলে 'ভাস রে' প-র।

১১। 'সাজই' স্থলে 'সাজ রে' প-র।

১২। 'শবদ সুন্দর' স্থলে 'বাজত কত শত' প-র পুথি।

১৩। 'চন্দ্রক' প-র স্থলে অন্যান্য পুথিতে 'চন্দ্রিক' পাঠ আছে; 'চন্দ্র' শব্দের উত্তর অল্পার্থক 'ক' প্রত্যয় দ্বারা 'চন্দ্রক' শব্দ নিষ্পন্ন হয়; 'চন্দ্র' অর্থে 'চন্দ্রিক' শব্দের ব্যবহার অন্যত্র দৃষ্ট হয় না।

টীকা

১৩—১৬। "হৃদয় উপর" ইত্যাদি। (শ্রীরাধার) বক্ষের উপরে স্তনদ্বয় শোভা পাইতেছে। (সেই শোভা দেখিয়া) চকোরিণী (নিজকে পরাজিত মনে করিয়া) লজ্জায় বিমূঢ় হইয়া রহিয়াছে; (শ্রীরাধার) নাভি-রূপ সরোবর হইতে সূক্ষ্ম রোম-রেখা-রূপ ভুজঙ্গিনী উদ্গত হইয়া কুচ-দ্বয়-রূপ পর্ব্বতযুগলের ক্রোড় অর্থাৎ মধ্যদেশে বিরাজ করিতেছে।

১৭—১৮। "কণ্ঠে শোভিত" ইত্যাদি। (শ্রীরাধার) কণ্ঠে মণিময় হার শোভিত রহিয়াছে; (উহার) ঝলকে অর্থাৎ দীপ্তিতে (বোধ হইতেছে যেন), বিদ্যুৎ চলিতেছে।

২৫—২৬। "যাবক-রঞ্জিত" ইত্যাদি। (শ্রীরাধার) সেই নখ-চন্দ্র-রাজি যাবক অর্থাৎ অলক্তক দ্বারা রঞ্জিত হইয়াছে; (তাহাতে ঘর্ম্ম-কণা-সমূহ উদ্গত হইতেছে বলিয়া বোধ হয় যেন) কন্দর্প তাহাতে রোদন করিতেছে

—

কানড়া।১

বন্দে শ্রীবৃষভানু-সুতা-পদম্২।
কঞ্জ৩-নয়ন-লোচন-সুখ-সম্পদম্॥
কমলান্বিত-সৌভগ-রেখাঙ্কিতম্।
ললিতাদিক কর-যাবক-রঞ্জিতম্॥
সংসেবয় গিরিধরমতিমণ্ডিতম্।
রাস-বিলাস নটন-রস-পণ্ডিতম্॥
নখর-মুকুর-জিত-কোটি-সুধাকরম্।
মাধব-হৃদয়-চকোর-মনোহরম্॥ ২২॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ২২ সংখ্যক পদ

২। গ ও চ পুথিতে এই পদের প্রত্যেক চরণের অন্তে 'ম্' স্থলে 'হে' আছে; ঘ পুথিতে 'ম্', 'ং' কিংবা 'হে' কিছুই নাই; ক, খ পুথিতে 'ং' আছে। এই পদটির ভাষা সংস্কৃত; সুতরাং প্রত্যেক চরণের অন্তে 'ম্' হইবে।

৩। "কঞ্জ" স্থলে "কমল" প-র-সা; 'কণ্ডল' ঘ, চ পুথি।

টীকা

১—৮। "বন্দে" ইত্যাদি। অহং শ্রীবৃষভানু-সুতায়াঃ শ্রীরাধায়াঃ পদং বন্দে; কীদৃশং পদম্? কঞ্জনয়নস্য পদ্ম-লোচনস্য হরেঃ লোচনয়োঃ সুখ-সম্পৎ যস্মাৎ তৎ (ব-ব্রী)। পুনঃ কীদৃশম্? কমলান্বিতং পদ্ম-চিহ্ন-লাঞ্ছিতং সুভগত্ব-সূচক-নানা-রেখাভিরঙ্কিতং যুক্তঞ্চ; তথা ললিতাদিকানাং সখীনাং করৈঃ যাবকেনালক্তকেন রঞ্জিতং কৃত-রাগম্। শ্রীরাধাং প্রণম্য পদ-কর্ত্তা শ্রীকৃষ্ণং নৌতি। অতিমণ্ডিতং নিতরাং ভূষিতং গিরিধরং কৃষ্ণ, সংসেবয় সংপূজয়; কীদৃশং কৃষ্ণম্? রাস এব বিলাসঃ ক্রীড়নং তস্মিন্ যো নটন-রসঃ নৃত্যোৎসবঃ তত্র পণ্ডিতং সুদক্ষং; পুনঃ কীদৃশম্? নখরা এব মুকুরাঃ বৈশদ্যেন নির্ম্মলতয়া চ দর্পণরূপাস্তৈর্জ্জিতাঃ পরাভূতাঃ কোটিপরিমিতাঃ সুধাকরাশ্চন্দ্রা যেন তং; পুনঃ কীদৃশম্? মাধবনাম্নঃ পদ-কর্ত্তুঃ হৃদয়-রূপ-চকোরস্য মনোহরং প্রেমামৃত-প্রদানেন চিরায় পরিতৃপ্তিসম্পাদনাদিতি ভাবঃ।

অনুবাদ

আমি বৃষ-ভানু-সুতা শ্রীরাধার পদদ্বয় বন্দনা করি; উহা পদ্ম-লোচন শ্রীকৃষ্ণের লোচনের সুখ-সমৃদ্ধির নিদান; উহা পদ্ম-চিহ্ন ও অন্যান্য নানাবিধ সৌভাগ্য-সূচক রেখা দ্বারা অঙ্কিত এবং উহা ললিতাদি সখীগণ কর্তৃক অলক্তকদ্বারা রঞ্জিত হইয়াছে। অতিশয় শোভা-শালী গিরিধর শ্রীকৃষ্ণকে ভজন কর; তিনি রাস-বিলাসের নৃত্যোৎসবে সুপণ্ডিত; তাঁহার নখরূপ দর্পণের কান্তির নিকট কোটি সুধাকর পরাজিত হইয়াছে; তিনি মাধবের হৃদয়-চকোরের আনন্দ-দায়ক।

পদ-কর্ত্তা 'শ্রীকৃষ্ণ' শব্দের পরিবর্ত্তে "কঞ্জ-নয়ন" শব্দের ও শ্রীরাধার পদ-দ্বয়ের "কমলান্বিত" বিশেষণ শব্দের প্রয়োগ দ্বারা এই বুঝাইতেছেন যে, লোক মাত্রেরই নয়ন দুইটি হইতে প্রিয় ও সযত্নে রক্ষণীয় বস্তু আর নাই; সুতরাং শ্রীকৃষ্ণ পদ্ম-লোচন বলিয়া তিনি যে পদ্মের প্রতি একান্ত প্রীতিশালী এবং তজ্জন্যই শ্রীরাধার কমলান্বিত পাদ-পদ্মে নিতান্ত অনুরক্ত হইবেন, ইহা অপেক্ষা স্বাভাবিক ও সমীচীন কি হইতে পারে?

—

অথ সংকীর্ত্তনস্য অধিবাসঃ।

ধানশী।১

এক দিন পহুঁ হাসি অদ্বৈত-মন্দিরে আসি[২]
বসিলেন[৩] শচীর কুমার।
নিত্যানন্দ করি সঙ্গে অদ্বৈত বসিয়া রঙ্গে
মহোৎসবের করিলা বিচার॥
শুনিয়া আনন্দে হাসি সীতা ঠাকুরাণী আসি
কহিলেন মধুর বচন।
তা শুনি আনন্দ মনে মহোৎসবের বিধানে
বোলে কিছু শচীর নন্দন॥
শুন ঠাকুরাণি সীতা বৈষ্ণব আনিয়ে[৪] এথা
আমন্ত্রণ করিয়া যতনে।
যেবা গায় যেবা বায়[৫] আমন্ত্রণ করি তায়
পৃথক্ পৃথক্ জনে জনে॥
এত বলি গোরা রায় আজ্ঞা দিল সভাকায়
বৈষ্ণব করহ আমন্ত্রণ।
খোল করতাল লৈয়া অগুরু[৬] চন্দন দিয়া
পূর্ণ-ঘট করহ স্থাপন॥
আরোপণ কর কলা তাহে বান্ধি ফুলমালা
কীর্ত্তন-মণ্ডলী কুতূহলে।
মাল্য[৭] চন্দন গুয়া ঘৃত মধু দধি দিয়া
খোল-মঙ্গল সন্ধ্যাকালে॥
শুনিয়া প্রভুর কথা প্রীতে বিধি কৈল যথা
নানা উপহার গন্ধবাসে।
সভে হরি হরি বোলে খোল-মঙ্গল করে
পরমেশ্বর দাস রসে ভাসে॥ ২৩॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ২৩ সংখ্যক পদ।
২। "আসি" স্থলে "বসি" গ পুথি।
৩। "বসিলেন" স্থলে "বলিলেন" গ পুথি।
৪। "আনিয়া" প-র-সা।
৫। "যেবা বায়" ক স্থলে "যে বায়" খ, "যে বাজায়" গ, ঘ, চ ও প-র-সা।
৬। "অগুরু" স্থলে "গন্ধ" খ পুথি।
৭। "মালা" ক পুথি।

টীকা

১৭—২০। "আরোপণ কর" ইত্যাদি। কলা অর্থাৎ কদলী-তরু আরোপণ কর; তাহাতে পুষ্প মাল্য বন্ধন করিয়া সানন্দে কীর্ত্তন-মহোৎসবের জন্য মণ্ডলাকার স্থান (প্রস্তুত কর); তৎপরে সন্ধ্যাকালে মাল্য, চন্দন, সুপারি, ঘৃত, মধু ও দধি প্রভৃতি মাঙ্গলিক দ্রব্য দ্বারা খোল-মঙ্গল অর্থাৎ কীর্ত্তনের মঙ্গলাচরণস্বরূপ কীর্ত্তনের প্রধান যন্ত্র খোলের অভ্যর্থনা (অনুষ্ঠিত কর)।

মঙ্গল।১

নানা দ্রব্য আয়োজন করি করে নিমন্ত্রণ[২]
কৃপা করি কর আগমন।
তোমরা বৈষ্ণবগণ মোর এই নিবেদন
দৃষ্টি[৩] করি কর সমাপন॥
করি এত নিবেদন আনিল মহান্তগণ
কীর্ত্তনের করে অধিবাস।
অনেক ভাগ্যের বলে বৈষ্ণব আসিয়া মিলে
কালি হবে মহোৎসব বিলাস॥
শ্রীকৃষ্ণের লীলা-গন[৪] করিবেন আস্বাদন
পূরিবে সভার অভিলাষ।
শ্রীকৃষ্ণ-চৈতন্যচন্দ্র সকল ভকত-বৃন্দ-
গুণ গায় বৃন্দাবনদাস॥ ২৪॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ২৪ সংখ্যক পদ।
২। "নানা দ্রব্য আয়োজন করি করে নিমন্ত্রণ" স্থলে "নানা দ্রব্য আয়োজনে করে সভে নিমন্ত্রণে" প-র-সা পুথি।

৩। "দৃষ্টি" ক, গ পুথি।

৪। "গান" ক, গ, পুথি। বিশুদ্ধ পাঠ "গুণ" হইবে কি ?

১—৪। "নানা দ্রব্য" ইত্যাদি। (অদ্বৈত আচার্য্য) নানা দ্রব্যের আয়োজন করিয়া (এই মর্ম্মে) বৈষ্ণব-বর্গকে) নিমন্ত্রণ করিলেন,—"হে বৈষ্ণবগণ! আপনারা কৃপা করিয়া আগমন করুন; আর আমার এই নিবেদন যে, আপনারা (আমার অনুষ্ঠিত মহোৎসব) দৃষ্টি করিয়া (উহার) সম্পাদন করুন।"

বরাড়ী।১

আগে রম্ভা আরোপণ পূর্ণ-ঘট-স্থাপন
আম্র-পল্লব সারি সারি।
দ্বিজে বেদ-ধ্বনি করে নারীগণ[২] জ-জকারে[৩]
আর সভে বলে হরি হরি ॥[৪]
দধি ঘৃত মঙ্গল করি সভে উতরোল
করয়ে আনন্দ পরকাশ।
আনিয়া বৈষ্ণবগণ দিয়া মালা চন্দন
কীর্ত্তন মঙ্গল অধিবাস ॥
সভার আনন্দ মন বৈষ্ণবের আগমন
কালি হবে চৈতন্য-কীর্ত্তন।
শ্রীকৃষ্ণ চৈতন্য নাম শ্রীনিত্যানন্দ রাম[৫]
গুণ গায় দাস বৃন্দাবন ॥ ২৫ ॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ২৫ সংখ্যক পদ।

২। "নারীগণ" স্থলে "নাগরীগণ" প-র-সা।

৩। "জজকারে" ঘ, চ স্থলে "জয় কারে" ক, গ পুথি। "জয় জোকারে" প-র-সা।

৪। "আগে রম্ভা" ইত্যাদি চারি ছত্র খ পুথিতে নাই।

৫। "রাম" স্থলে "ধাম" ক পুথি।

টীকা

১—৪। "আগে রম্ভা" ইত্যাদি। আগে কদলী-বৃক্ষ রোপণ, জলপূর্ণ ঘট-স্থাপন ও সারি সারি আম্র-পল্লব সজ্জিত করা হইল; ব্রাহ্মণগণ বেদ-মন্ত্র উচ্চারণ করিতে লাগিলেন; পুর-মহিলাগণ জজকার অর্থাৎ উলুধ্বনি দ্বারা মঙ্গল বিধান করিতে লাগিলেন এবং সমাগত জন-মণ্ডলী ঘন ঘন হরি হরি ধ্বনি করিতে লাগিলেন।

কামোদ।১

জয় জয় নবদ্বীপ মাঝ।
গৌরাঙ্গ-আদেশ পাঞা ঠাকুর অদ্বৈত যাঞা
করে খোল-মঙ্গলের সাজ ॥ধ্রু॥
আনিয়া বৈষ্ণব সব হরিবোল কলরব
মহোৎসবের করে অধিবাস।
আপনি নিতাই ধন দেই[২] মালাচন্দন
করে প্রিয় বৈষ্ণব সম্ভাষ ॥
গোবিন্দ মৃদঙ্গ লৈয়া বায়ে[৩] তাতা থৈয়া থৈয়া
করতালে অদ্বৈত চপল।
হরিদাস করে গান শ্রীবাস ধরয়ে তান
নাচে গোরা কীর্ত্তন-মঙ্গল ॥
চৌদিকে বৈষ্ণবগণ হরি বোলে ঘনে-ঘন
কালি হবে কীর্ত্তন মহোৎসব।
আজি খোল-মঙ্গলি রাখিয়ে আনন্দ করি
বংশী বলে দেহ জয় রব।২৬॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ২৬ সংখ্যক পদ।

২। "দেই" স্থলে "দিয়া" গ পুথি।

৩। "বায়ে" স্থলে ক—চ পুথি ও প-র-সা পুথিতে "বাজে" পাঠ আছে; "বাজায়" অর্থে "বাজে" শব্দের প্রয়োগ আর কোথাও দেখা যায় না;

আমাদিগের নিশ্চিত বিশ্বাস যে, এ স্থলে "বায়ে"ই বিশুদ্ধ পাঠ ছিল; লিপিকরের প্রমাদবশতঃ 'বায়ে' 'বাযে' লিখিত হওয়ায়, পরে উহা শুদ্ধ করিতে যাইয়া কোন লিপিকর 'রাজে' লিখায় এই পাঠ-বিভ্রাটের সৃষ্টি হইয়াছে। সংস্কৃত 'বাদ' ধাতুর পদ "বাদয়তি" হইতে প্রাকৃত 'বাঅঅই' ও তাহা হইতে 'বাঅই', 'বায়ই', 'বায়ে', 'বায়' ইত্যাদি অপভ্রংশ পদ সিদ্ধ হয়। 'বাজায়' অর্থে 'বায়' শব্দের প্রয়োগ. ইহার পূর্ব্ববর্ত্তী ২৩ সংখ্যক পদেই দৃষ্ট হয়; যথা,—

"শুন ঠাকুরাণি সীতা বৈষ্ণব আনিয়ে এথা
আমন্ত্রণ করিয়া যতনে।
যেবা গায় যেবা বায় আমন্ত্রণ করি তায়
পৃথক্ পৃথক্ জনে জনে॥"

অত্র স্বমানসং বোধয়তি।

ভূপালী।১

শ্রীপদ-কমল-সুধা-রস-পানে।
শ্রীবিগ্রহ-গুণ-গণ করি[২] গানে॥
শ্রীমুখ-বচন-শ্রবণ-অনুষঙ্গী।[৩]
অনুভবি কত ভেল প্রেম-তরঙ্গী[৪]॥
রে মন কাহে করসি অনুতাপে।[৫]
পহুঁক প্রতাপমন্ত্র করু যাপে॥ধ্রু॥
যো কিছু বিচারি মনোরথে চড়বি।[৬]
পহুঁক চরণযুগ সারথি করবি॥[৭]
রথ-বাহন করু প্রাণ-তুরঙ্গ।
আশা-পাশ জোরি নহ[৮] ভঙ্গ॥
লীলা-জলধি তীরে চলু ধাই।
প্রেম-তরঙ্গে অঙ্গ অবগাই॥
রঙ্গ-তরঙ্গী সঙ্গী হরিদাসে।
রতি-মণি দেই পুরব অভিলাষে।[৯]
সো রস-জলধি মাঝে মণি-গেহ।
তহিঁ রহু গোরি সুশ্যামর-দেহ॥
সারথি লেই মিলায়ব তায়।
গোবিন্দদাস গৌর-গুণ গায়॥২৭॥

ইত্যাদি মঙ্গলাচরণং প্রথমঃ পল্লবঃ

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ২৭ সংখ্যক পদ এবং প-র পুথির ১ম তরঙ্গের ১৪ সংখ্যক পদ।

২। 'করি' স্থলে 'করু' খ পুথি।

৩। "শ্রবণ-অনুষঙ্গী" খ স্থলে "শ্রবণ-সুখ-সঙ্গী" ঘ, চ, প র, "শ্রবণ-সুখসঙ্গে" প-র-সা; "সুধা-রস-সঙ্গী" ক।

৪। "প্রেম-তরঙ্গী" স্থলে "প্রেম-তরঙ্গে" প-র-সা পুথি।

৫। প-র পুথিতে "পহুঁক প্রতাপ-মন্ত্র করু যাপে॥ ধ্রু॥" পংক্তি নাই; "রে মন" ইত্যাদি পংক্তির পরেই "ধ্রু" চিহ্ন আছে।

৬। 'চঢ়লি' খ, ঘ, প-র।

৭। 'করলি' খ, ঘ, প-র।

৮। 'নহ' স্থলে 'অটুটহ" প-র-সা; 'লই' প-র পুথি।

৯। "রঙ্গ-তরঙ্গী" ইত্যাদি পংক্তি-দ্বয়ের স্থলে প-র পুথির পাঠ, যথা;—

"রঙ্গ-তরঙ্গ সঙ্গ হরিদাস।
রতিমণি দেই পুরব অভিলাষ॥"

প-র-সা পুথিতে "রঙ্গ-তরঙ্গ সঙ্গ" স্থলে "রঙ্গ তরঙ্গে সঙ্গে" পাঠ আছে।

টীকা

১—৪। "শ্রীপদ-কমল" ইত্যাদি। শ্রীরাধাকৃষ্ণের পদ-কমলের সুধা-রস পান দ্বারা, শ্রীমূর্ত্তির গুণ-সমূহ গান করিয়া, শ্রীমুখের বচনে কর্ণের অনুসঙ্গ-যুক্ত অর্থাৎ নিবিষ্ট-কর্ণ হইয়া ও (সেই সেই বিষয়গুলি)

অনুভব করিয়া কত (ভাগ্যবান্ ব্যক্তি) প্রেম-তরঙ্গাকুল-চিত্ত হইয়াছেন।

৫—৬। "রে মন" ইত্যাদি। ওরে মন! (তবে) কি জন্য অনুতাপ করিতেছ? নাথের মহিমারূপ মন্ত্র 'যাপ' কর অর্থাৎ তাঁহার মহিমা হৃদয়ে ধ্যান কর।

৭—১৮। "যো কিছু" ইত্যাদি। অতঃপর পদ-কর্ত্তা রূপকচ্ছলে স্বীয় চিত্তের প্রতি সাধনার চরম গন্তব্য স্থলে উপনীত হওয়ায় সদুপায় উপদেশ করিতেছেন,—যাহা কিছু (বিচার্য্য) বিচার করিয়া মনোরূপ রথে আরোহণ করিবে; প্রভুর চরণ-যুগলকে সারথি করিবে অর্থাৎ নিজের কোন স্বাধীন ইচ্ছা না রাখিয়া সকল বিষয়েই প্রভুর উপর নির্ভর রাখিবে; তুরঙ্গের ন্যায় বেগ-শালী সংকল্পাত্মক প্রাণকে সেই রথের বাহন করিবে; আশা-রূপ রজ্জুকে (এরূপ ভাবে) সংযোজন করিবে, (যেন উহা) ভগ্ন হয় না; অর্থাৎ তোমার এই সাধন-পথে বেগে অগ্রসর হওয়ার কালে কখনও নৈরাশ্যের অবলম্বন করিবে না; (শ্রীরাধাকৃষ্ণের) লীলারূপ অনন্ত সাগরের তীরে ধাইয়া চলিবে এবং (উহার) প্রেমরূপ তরঙ্গে যাইয়া অবগাহন করিবে। রঙ্গ অর্থাৎ রস-লীলার তরঙ্গবিশিষ্ট ভক্তাগ্রগণ্য হরিদাস ঠাকুর তোমার সঙ্গী হইবেন এবং রতি অর্থাৎ অনুরাগ রূপ অমূল্য রত্ন তোমাকে দান করিয়া তোমার অভিলাষ পূর্ণ করিবেন। সেই রস-সিন্ধুর মধ্যে মণি-গৃহ আছে, তাহাতে শ্রীরাধা ও শ্রীকৃষ্ণ অবস্থান করেন, প্রভুর কৃপারূপ সারথির প্রসাদে তুমি তথায় উপনীত হইবে। (শ্রীগৌরাঙ্গের কৃপায় এই প্রেম-সাধনা সহজ-সাধ্য হইয়াছে বলিয়া) পদ-কর্ত্তা গোবিন্দদাস শ্রীগৌরাঙ্গের গুণ কীর্ত্তন করিতেছেন।

অথ শ্রীরাধায়াঃ পূর্ব্বরাগঃ।

তদুচিত শ্রীগৌরচন্দ্র।

নাগরী উক্তি।

কামোদ।[১]

নিরমল গোরা তনু কষিল[২] কাঞ্চন জনু
হেরইতে ভৈ গেলুঁ[৩] ভোর।
ভাঙ-ভুজঙ্গমে দংশল মঝু মন
অন্তর কাঁপয়ে মোর॥
সজনি[৪] যব হাম পেখলুঁ গোরা।
আকুল দীগ বিদিগ নাহি পাইয়ে[৫]
মদনলালসে[৬] মন ভোরা॥ ধ্রু॥
অরুণিত-নয়নে[৭] তেরছ অবলোকনে
বরিখে কুসুম-শর সাধে।[৮]
জিবইতে জীবনে থেহ নাহি পায়লুঁ[৯]
ডুবলুঁ গঙ্গ অগাধে॥[১০]
মন্ত্র মহৌষধি তুহুঁ জানসি যদি
মঝু লাগি করবি[১১] উপায়।
বাসুদেব ঘোষ কহে শুন শুন এ সখি[১২]
গোরা লাগি প্রাণ মোর যায়[১৩]॥১॥২৮॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ১৫৮ সংখ্যক পদ।
২। "কষিল" স্থলে "কষিত" ক পুথি।
৩। "ভৈ গেলুঁ" স্থলে "পড়ি গেলুঁ" ক—চ পুথি।
৪। প-র-সা পুথিতে "সজনি" শব্দ নাই।
৫। "পাইয়ে" স্থলে "পায়লুঁ" প-র-সা।
৬। "মদনমদারসে" প-র-সা পুথি।
৭। "অরুণ নয়ানে" প-র-সা পুথি।
৮। "বরিখে কুসুম-শর সাধে" স্থলে "বড়ই বিষম শর সান্ধি।" প-র-সা পুথি।

৯। "থেহ নাহি পায়লুঁ" স্থলে "ধেরজ না বান্ধব" প-র-সা-পুথি।

১০। "গঙ্গ অগাধে" ঘ, চ, স্থলে "গঙ্গা অগাধি" প-র সা পুথি ; "গঙ্গা অগাধে" ক, খ, গ পুথি।

১১। "মঝু লাগি করবি" স্থলে "সো তুহুঁ করহ" প-র-সা পুথি।

১২। "এ সখি" স্থলে "সুন্দরি" খ ও প-র-সা পুথি।

১৩। "গোরা ··· ··· যায়" স্থলে "গোরা বিনু মোর তনু যায়" প-র-সা।

টীকা

৮—১১। "অরুণিত-নয়নে" ইত্যাদি। (গোরার) প্রেমাশ্রু-পাত হেতু আরক্তিম নয়নে বঙ্কিম চাহনিতে (কন্দর্প) কৌতুকে পুষ্প-শর বর্ষণ করিতেছে ; অর্থাৎ গৌরাঙ্গের অরুণ-নয়নের বঙ্কিম চাহনিতেই কন্দর্পের পুষ্প-শর-বর্ষণের কার্য্য সম্পন্ন হইতেছে ; (তাই আমি) প্রাণে বাঁচিতে স্থৈর্য্য পাইলাম না ; অগাধ গঙ্গার জলে ডুবিলাম।

পরস্পর সখ্যুক্তি।

ধানশী।১

ঘরের বাহিরে দণ্ডে শত বার
তিলে তিলে আইসে যায়।
মন উচাটন নিশ্বাস সঘন
কদম্ব-কাননে চায়॥
রাই এমন কেনে২ বা হৈল।
গুরু দুরুজন ভয় নাহি মন
কোথা বা কি দেব পাইল॥ ধ্রু॥
সদাই চঞ্চল বসন-অঞ্চল
সম্বরণ নাহি করে।
বসি থাকি থাকি উঠয়ে চমকি
ভূষণ খসাঞা পরে॥
বয়সে কিশোরী রাজার কুমারী
তাহে কুলবধূ বালা।
কিবা অভিলাষে বাঢ়য়ে লালসে
না বুঝি তাহার ছলা॥
তাহার চরিতে হেন বুঝি চিতে
হাত বাঢ়াইল৩ চাঁদে।
চণ্ডীদাস কয় করি অনুনয়
ঠেকেছে কালিয়া ফান্দে৪॥ ॥২৯॥

পাঠান্তর।

১। এটি প-র পুথির ৩য় তরঙ্গের ৫৮ সংখ্যক পদ।

২। 'কেনে' স্থলে 'কেমন' খ, গ পুথি।

৩। 'বাঢ়াইল' স্থলে 'বাঢ়ায়াছে' খ।

৪। প-র পুথিতে সম্পূর্ণ পদটি শ্রীরাধার প্রতি সখীর উক্তি ; সুতরাং তদনুসারে নিম্নলিখিত পাঠ ভেদ দৃষ্ট হয় ; যথা,—

বড়ারি।

ঘরের বাহির দণ্ডে শত বার
তিলে তিলে আসি যাও।
মন উচাটন নিশ্বাস সঘন
কদম্বকাননে চাও॥
কেনে বা এমন হৈলে।
গুরু দুরুজনে ভয় না করিলে
কোথা বা কি দেবে পাইলে॥ধ্রু॥
বয়সে কিশোরী রাজার ঝিয়ারী
তাহে কুলবধূ বালা।
কিবা অভিলাষে বাঢ়াল্যে লালসে
না বুঝি তোমার ছলা॥
তোমার চরিত অতি বিপরীত
হাত বাঢ়াইলে চান্দে।
চণ্ডীদাস কয় করি অনুনয়
ঠেকিলা কালিন্দী-ফান্দে॥

সখীগণ পরস্পর তর্ক-বিতর্ক দ্বারা শ্রীরাধার নবানুরাগের যে গূঢ় মর্ম্ম উদ্‌ঘাটিত করিতে পারিয়াছে, তাহা শ্রীরাধার নিকট এই ভাবে ব্যক্ত করায় অবৈদগ্ধ্য প্রকাশ পায়; সুতরাং প-র পুথির পাঠ-বিন্যাস সমীচীন বোধ হয় না।

টীকা

১—৪। "ঘরের বাহিরে" ইত্যাদি। (শ্রীরাধা) শ্রীকৃষ্ণের দর্শনের অভিলাষে পুনঃ পুনঃ ঘরের বাহিরে যাইতেছেন, কিন্তু লজ্জা ও আশঙ্কায় তখনি আবার ফিরিয়া আসিতেছেন; মন চঞ্চল হইয়াছে; প্রিয়তমের অদর্শন-জনিত খেদে তিনি ঘন ঘন নিশ্বাস ত্যাগ করিতেছেন এবং যে কদম্ব-কাননে প্রথমে শ্রীকৃষ্ণের দর্শন-সুখ ঘটিয়াছিল—সেই কদম্ব-কাননের দিকে দৃষ্টি করিতেছেন।

১০—১১। "বসি থাকি থাকি" ইত্যাদি। (শ্রীরাধা) বসিয়া থাকা অবস্থায়, এই বুঝি শ্রীকৃষ্ণ বাহিরের পথ দিয়া যাইতেছেন—মনে করিয়া পুনঃ পুনঃ চমকিয়া উঠেন এবং প্রিয়তমের দৃষ্টি-পথে পতিত হইতে যাইতেছেন ভাবিয়া অলঙ্কার পরিধান করেন, কিন্তু পরক্ষণেই প্রিয়তমের সহিত সে সময়ে সাক্ষাৎ হওয়ার কোন সম্ভাবনা নাই ভাবিয়া খেদবশতঃ অঙ্গের অলঙ্কার উন্মোচিত করেন। অসজ্জিত অবস্থায় প্রিয়তমের সম্মুখে যাওয়ায় অনিচ্ছা নায়িকাদিগের স্বভাবসিদ্ধ; সেই জন্যই সাহিত্য-দর্পণকার লিখিয়াছেন,—

"চিরায় সবিধে স্থানং প্রিয়স্য বহুমন্যতে।
বিলোচনপথং চাস্য ন গচ্ছত্যনলঙ্কৃতা॥"
সাহিত্য-দর্পণ—৩য় পরিচ্ছেদ।

সিন্দুড়া।[১]

রাধার কি হৈল অন্তরে বেথা।
বসিয়া বিরলে থাকয়ে একলে[২]
না শুনে কাহারো[৩] কথা॥
সদাই[৪] ধেয়ানে চাহে মেঘ পানে
না চলে নয়ান-তারা[৫]।
বিরতি আহারে রাঙ্গা বাস পরে
যেমত যোগিনী পারা[৬]॥
আউলাইয়া[৭] বেণী ফুলয়ে[৮] গাথনী
দেখয়ে খসাঞা[৯] চুলি।
হসিত-বদনে[১০] চাহে মেঘ পানে
কি কহে দু হাত[১১] তুলি॥
এক দিঠ[১২] করি ময়ুর-ময়ূরী-
কণ্ঠ করে নিরখনে।
চণ্ডীদাস কয় নব পরিচয়
কালিয়া বন্ধুর সনে॥৩॥১০॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ১১৯ সংখ্যক ও প-র পুথির ৩য় তরঙ্গের ৫১ সংখ্যক পদ। "সিন্দুড়া" স্থলে "ধানশ্রী" প-র।

২। 'একলে' স্থলে 'যখন' প-র-সা।

৩। 'কাহারু' ঘ, 'কাহার' ক, খ, গ, চ, প-র-সা।

৪। 'সঘনে' প-র-সা ও প-র পুথি।

৫। "নয়নের তারা" ক, "নয়ানের তারা" খ, ঘ, "নয়ন তারা" গ, প-র-সা।

৬। 'জেন যোগিনীর পারা' প-র-সা ও প-র পুথি।

৭। 'এলাইয়া' ক, গ, 'আবাইয়া' খ, 'এল্যাইয়া' ঘ, 'আউলাইয়া' চ ও প-র-সা, 'আলুয়া সে' প-র।

৮। 'ফুলয়ে' ক, খ, স্থলে 'ফুল যে' গ, ঘ, চ, 'ফুলের' প-র-সা; "ফুলে যে" প-র পুথি।

৯। 'খসাঞা' স্থলে 'আপনি' প-র-সা, "আপন" প-র পুথি।

১০। "বয়ানে" খ পুথি।

১১। "কহে দু হাত" স্থলে "মাগে দু হাত" প-র-সা ; "কহে দু বাহু" প-র পুথি।

১২। "দিঠী" প-র-সা ; 'দিঠি' প-র।

টীকা

১—৩। "রাধার কি হৈল" ইত্যাদি। পূর্ব্বরাগের পরিপক্ক অবস্থায় নায়িকাদিগের 'লালসা', 'উদ্বেগ' প্রভৃতি যে অবস্থাগুলি হইয়া থাকে, যদিও রস-শাস্ত্রকারগণ "দশ দশা" নামে উহাদিগের পৃথক্ পৃথক্ লক্ষণ করিয়াছেন, কিন্তু তদ্দ্বারা উহারা যে সর্ব্বত্রই বর্ণিতক্রমে ও অবিমিশ্রভাবে প্রকাশিত হইয়া থাকে, এইরূপ সিদ্ধান্ত করা যায় না ; অনেক স্থলেই উহাদিগের একাধিক ভাবের যুগপৎ বিকাশ ও বর্ণিত ক্রমের বিপর্য্যয় দৃষ্ট হইয়া থাকে ; চণ্ডীদাসের এই পদটিতে ৩৯ হইতে ৪২ সংখ্যক পদের বর্ণিত 'লালসা', 'উদ্বেগ', 'জড়িমা', 'বৈয়গ্র্য' ও 'উন্মাদ' প্রভৃতি ভাবগুলির যে অপূর্ব্ব সঙ্করতা বর্ণিত হইয়াছে, তাহা সাধারণ নায়িকার পক্ষে অস্বাভাবিক বলিয়া বোধ হইলেও, যে নায়িকা প্রিয়তমের প্রথম দর্শনেই নিজের সর্ব্বস্ব তাঁহাকে সমর্পণ করিয়া ফেলিয়াছেন, তাঁহার পক্ষে কিছুই অস্বাভাবিক নহে।

আড়ানা সুহিনি।

কহ কহ সুবদনি রাধে।
কিবা[১] তোর হইল বিয়াধে ॥
কেন তোরে আন-মন দেখি।
কাহে নখে ক্ষিতি-তলে লেখি
হেম-কান্তি ঝামর হইল।
রাঙ্গা বাস খসিয়া পড়িল ॥
আঁখিযুগ অরুণ হইল।
মুখ-পদ্ম শুখাইয়া গেল ॥
কি লাগিয়া এমন হইলা।
না কহিলে ফাটি যায় হিয়া ॥
এত শুনি কহে ধনি রাই।
এ যদুনন্দন মুখ চাই ॥ ৪ ॥ ৩১ ॥

পাঠান্তর

১। 'কিবা' স্থলে 'কি' ক, চ পুথি।

৩—৪। 'কেন তোরে' ইত্যাদি। তোমাকে কি জন্য অন্যমনস্ক দেখিতেছি ; (তুমি) কি জন্য নখদ্বারা ভূমিতে লিখিতেছ অর্থাৎ আঁচড় কাটিতেছ। অনিচ্ছাপূর্ব্বক ভূমিতে নখদ্বারা আঁচড় কাটা অন্যমনস্কতার লক্ষণ। তুলনা করুন ;—

"লিখন্নাস্তে ভূমিং বহিরবনতঃ প্রাণদয়িতঃ"

—অমরু-শতক।

সিন্ধুড়া।

কদম্বের বনে থাকে কোন জনে
কেমন শবদ আসি।
এ কি আচম্বিতে শ্রবণের পথে
মরমে রহল পশি ॥
সান্ধাঞা মরমে ঘুচাঞা ধরমে
করিলে পাগলী পারা।
চিত থির[১] নহে সোয়াস্থ্য না রহে
নয়ানে বহয়ে ধারা ॥
কি জানি কেমন সেই কোন জন
এমন শবদ করে।
না দেখি তাহারে হৃদয় বিদরে
রহিতে না পারি ঘরে ॥
পরাণ না ধরে ধক-ধক করে
রহে দরশন আশে।
যবহুঁ দেখিবে পরাণ পাইবে
কহয়ে উদ্ধব দাসে ॥ ৫ ॥ ৩২ ॥

পাঠান্তর

১। "'থির' স্থলে 'স্থির' ক পুঁথি।

টীকা

১—৪। "কদম্বের বনে" ইত্যাদি। এই পদটি যে শ্রীকৃষ্ণের সাক্ষাৎ দর্শনের পূর্ব্বে তাঁহার বংশীধ্বনি-শ্রবণে বিমোহিতচিত্তা শ্রীরাধার উক্তি, তাহাতে সন্দেহ নাই; কিন্তু চণ্ডীদাসের ২৯ ও ৩০ সংখ্যক পদ দুটি সাক্ষাৎ দর্শনের পরবর্ত্তী মনে না করিলে উহাদিগের অর্থের উত্তমরূপ সঙ্গতি হয় না; সুতরাং উক্ত পদ-দ্বয় পরে সন্নিবেশিত হইলেই ভাল হইত। সঙ্কলয়িতা বৈষ্ণব দাসকে বহু পদ-কর্ত্তার নানা ভাবের বিচ্ছিন্ন পদাবলী পালার আকারে সন্নিবেশিত করিতে হইয়াছে; সুতরাং ভাবের সূক্ষ্ম ক্রম-বিকাশ প্রদর্শন করা তাঁহার পক্ষে সর্ব্বদা সম্ভবপর হয় নাই।

ধানশী।

পহিলে শুনিলুঁ　　অপরূপ ধ্বনি
　　কদম্বকানন হৈতে।
তার পর দিনে　　ভাটের বর্ণনে
　　শুনি চমকিত চিতে॥
আর এক দিন　　মোর প্রাণ-সখি
　　কহিলে যাহার নাম।
গুণি-গণ-গানে　　শুনিলুঁ শ্রবণে
　　তাহার এ গুণ-গাম[১]॥
সহজে অবলা　　তাহে কুলবালা
　　গুরু-জন-জ্বালা ঘরে।
সে হেন নাগরে　　আরতি বাঢ়য়ে
　　কেমনে পরাণ ধরে॥
ভাবিয়া চিন্তিয়া　　মনে দঢ়াইলুঁ
　　পরাণ রবার[২] নয়।
করহ[৩] উপায়　　কৈছে মিলয়
　　এ দাস[৪] উদ্ধবে কয়॥ ৬॥ ৩৩॥

পাঠান্তর

১। 'গুণ-গাম' স্থলে 'গুণ-গ্রাম' ক, গ, চ পুঁথি।

২। 'রহিবার' ক, খ, গ ও চ পুঁথি।

৩। 'করহ' স্থলে 'কহত' ক।

৪। 'এ দাস' স্থলে 'দাস' ক, গ ও চ পুঁথি।

টীকা

৯—১২। "সহজে অবলা" ইত্যাদি। আমি একে অবলা অর্থাৎ সুকুমারী, তাহাতে আবার কুলবতী, (তাহাতে আবার) গৃহে গুরুজন অর্থাৎ পতি, শাশুড়ী ও ননদী প্রভৃতির যন্ত্রণা; সেই কৃষ্ণের মত (সর্ব্ব-গুণ-সম্পন্ন) নাগরের প্রতি (আমার) অনুরাগ বৃদ্ধি পাইতেছে,—প্রাণ কিরূপে ধরিবে? অর্থাৎ দেহে আমার প্রাণ কিরূপে অবস্থান করিবে?

তত্র সাক্ষাদ্দর্শনোক্তি সখী প্রতি।

যথা।১

কি রূপ দেখিলুঁ　　মধুর মুরতি
　　পিরিতি-রসের সার।
হেন লয় মনে　　এ তিন ভুবনে
　　তুলনা নাহিক যার[১]॥
বড় বিনোদিয়া　　চূড়ার টালনি
　　কপালে চন্দন চান্দ।
জিনি বিধুবর　　বদন সুন্দর
　　ভুবন-মোহন ফান্দ॥
নব জলধর　　রসে[৩] ঢরঢর
　　বরণ চিকণ কালা।
অঙ্গের ভূষণ[৪]　　রজত[৫] কাঞ্চন
　　মণি মুকুতার মালা॥

জোড় ভুরু যেন[৬] কামের কামান
কে না কৈল নিরমাণ[৭]।
তরল নয়নে তেরছ চাহনি
বিষম কুসুম-বাণ ॥
সুন্দর অধরে মধুর মুরলী
হাসিয়া কথাটি কয়।
দ্বিজ ভীমে কহে ও রূপ নাগর
দেখিলে পরাণ রয়[৮] ॥ ৭ ॥ ৩৪

পাঠান্তর

১। এটি প-র পুথির ৩য় তরঙ্গের ২৪ সংখ্যক পদ। 'যথা' স্থলে "শ্রীগান্ধার" প-র।

২। 'যার' স্থলে 'আর' প-র।

৩। 'রসে' স্থলে 'অঙ্গ' প-র।

৪। "অঙ্গের ভূষণ" স্থলে "অঙ্গে অভরণ" প-র।

৫। 'রজত' স্থলে 'রতন' প-র।

৬। 'যেন' স্থলে 'যুগ' প-র।

৭। 'কেনা কৈল' ইত্যাদি পংক্তিটি প-র পুথিতে লেখকের ভ্রমে পরিত্যক্ত হইয়াছে।

৮। "সুন্দর অধরে" ইত্যাদি দ্বিজ ভীমের ভণিতার কলিটির পরিবর্ত্তে প-র পুথিতে নিম্নলিখিত তিনটি কলি দৃষ্ট হয়; যথা,—

"কি কাল কাজর কালিন্দীর জল
কাল উতপল-দাম।
নীল নব ঘন নহে নিরুপম
বরণ চিকণ শ্যাম ॥
কত পরকারে দেখিলু তাহারে
নখিতে নারিলুঁ কি।
মোর বোলে যদি নহে পরতিত
চল দেখাইয়া দি ॥
মণি-অভরণ রতন-নূপুর
পিন্ধন পিয়ল বাস।
রাতা উতপল চরণযুগল
নিছনি গোবিন্দদাস ॥"

পদকল্পতরুর কোন পুথিতেই উদ্ধৃত কলিগুলি নাই। উহার বিশাল সংগ্রহে যে, দ্বিজ ভীমের রচিত এই একটি মাত্র পদ সংগৃহীত হইয়াছে, ইহা সন্দেহের বিষয় বটে। দ্বিজ ভীমের রচিত অন্যান্য পদ না পাওয়া পর্য্যন্ত রচনাগত তুলনা অসম্ভব। সুপ্রসিদ্ধ গোবিন্দ কবিরাজের পদের ভাষা ও ভাবের সহিত ইহার বিশেষ কোন সাদৃশ্য নাই; গোবিন্দানন্দ চক্রবর্ত্তী ঠাকুরও "গোবিন্দ দাস" ভণিতা দিয়া পদ রচনা করিয়াছেন। ইহা দ্বিজ ভীমের রচিত না হইলে প-র পুথির প্রমাণ অনুসারে উক্ত চক্রবর্ত্তী ঠাকুর কিংবা অন্য কোন গোবিন্দ দাসের রচিত হওয়াই অধিক সম্ভবপর বোধ হয়।

চিত্র-পটে দর্শন।

কামোদ।

কালিয়ার রূপ মরমে লাগিয়া
সোয়াস্থ্য না হয় মনে।
বিরলে বসিয়া সখীরে কহই
দেখাইলে রহে প্রাণে ॥
এ বোল শুনিয়া বিশাখা ধাইয়া
শ্যাম কলেবর দেখি।
রাইয়ের গোচরে দেখাবার তরে
পটের উপরে লেখি ॥
আনি চিত্রপট রাইয়ের নিকট
সমুখে রাখিলা সখী।
সে রূপ দেখিয়া মুরছিত হৈয়া
পড়িলা কমল-মুখী ॥

মন্দাকিনী পারা　　　কত শত[১] ধারা
　　ও দুটি নয়ানে বহে।
করহ চেতন　　　পাবে দরশন
　　দাস উদ্ধবে কহে ॥৮॥৩৫ ॥

পাঠান্তর

১। 'কত শত' স্থলে 'শত শত' ক পুথি।

টীকা

১—৪। "কালিয়ার রূপ" ইত্যাদি। একবার মাত্র শ্রীকৃষ্ণকে দর্শন করিয়াই শ্রীরাধার পরিতৃপ্তি হয় নাই; শ্রীকৃষ্ণের প্রতি তাঁহার অনুরাগের আতিশয্য হেতু সকৃৎ-দৃষ্ট শ্রীকৃষ্ণের মনোমোহন সৌন্দর্য্য তাঁহার মর্ম্মে লাগিয়া রহিয়াছে বলিয়া পুনর্ব্বার সেই রূপ-দর্শন ব্যতীত শ্রীরাধার মনের শান্তি হইতেছে না,—তাই তিনি নির্জ্জনে প্রিয়-সখী বিশাখাকে বলিতেছেন যে, (পুনর্ব্বার শ্রীকৃষ্ণকে) দেখাইলে তাঁহার প্রাণ রক্ষা পায়।

সুহিনী।

যে দেখেছি[১] যমুনার তটে।
সেই দেখি এই চিত্রপটে ॥
যার নাম কহিল[২] বিশাখা।
সেই এই পটে আছে লেখা ॥
যাহার মুরলী-ধ্বনি শুনি।
সেই বটে এ রসিকমণি ॥
ভাট-মুখে যার গুণ-গাথা[৩]।
দূতী-মুখে শুনি যার কথা ॥
এই মোর হরিয়াছে প্রাণ।
ইহা বিনে কেহ[৪] নহে আন ॥
এত কহি মুরছি পড়য়ে।
সখীগণ ধরিয়া তোলয়ে ॥
পুন কহে পাইয়া চেতনে।
কি দেখিলুঁ দেখাওঁ সে জনে ॥
সখীগণ করয়ে আশ্বাস।
ভণে ঘনশ্যামর-দাস ॥ ৯ ॥ ৩৬ ॥

পাঠান্তর

১। 'দেখ্যাছি' ঘ, চ পুথি।
২। 'কহিলে' চ পুথি।
৩। 'গাঁথা' ঘ, চ পুথি।
৪। 'কেহো' ঘ, চ পুথি।

টীকা

৭—১০। "ভাট-মুখে" ইত্যাদি। ভাটদিগের মুখে যাঁর গুণ-কাহিনী, দূতীর মুখে যাঁর (নানা) কথা শ্রবণ করিতেছি—এই (সেই ব্যক্তি) আমার চিত্ত হরণ করিয়াছে,—এ ভিন্ন আমার চিত্তহারী জন অন্য কেহ নহে।

বালা ধানশী।

রাইক ঐছে দশা　　　হেরি[১] এক সখি
　　তুরিতহি করল পয়ান।
নিরজনে নিজগণ[২]　　　সঞে যাঁহা মাধব
　　যাই মিলল সোই ঠাম ॥
শুন মাধব অব[৩] হাম কি বোলব তোয়।
সো বৃষভানু-　　　কুমারি বর সুন্দরি
　　অহনিশি তুয়া লাগি রোয় ॥ ধ্রু ॥
তুয়া অনুরূপ　　　এক পট[৪] লেখিয়া
　　দেয়ল তাকর আগে।
সো রূপ হেরি　　　মুরছি পড়ু ভূতলে
　　মানয়ে করম অভাগে ॥
অম্বরে[৫] নব-জল-　　　ধর হেরি সো ধনি
　　কাতরে করু পরলাপ।
নীলাম্বর অব　　　সহই না পারই
　　অরুণাম্বরে তনু ঝাঁপ ॥

ঐছে দশা হেরি সকল সখীগণ
রোয়ত যামিনি জাগি।
কহে যদুনন্দন শুন নন্দনন্দন
মীলহ সব জন ভাগি ॥ ১০ ॥৩৭॥

পাঠান্তর

১। 'হেরি' স্থলে 'দেখি' ক পুথি।

২। 'নিজ-গণ' স্থলে 'নিজ সখী' খ, ঘ পুথি।

৩। 'সব' স্থলে 'আর' ক, গ, চ পুথি।

৪। 'পটে' ক, গ পুথি।

৫। 'অম্বরে' স্থলে 'অম্বর' খ, ঘ, 'আকাশ' ক পুথি।

টীকা

১১। 'মানয়ে' ইত্যাদি। কর্ম্মের অর্থাৎ অদৃষ্টের দুর্ভাগ্য বলিয়া মনে করে।

১৯। 'মীলহ' ইত্যাদি। সকলের ভাগ্য মিলাও অর্থাৎ তুমি শ্রীরাধার কুঞ্জে উপনীত হইয়া তাঁহার সখীগণকে সৌভাগ্যযুক্ত কর।

অথ দশ দশা।

লালসোদ্বেগ-জাগর্য্যা তানবং জড়িমাত্র তু।
বৈয়গ্র্যং ব্যাধিরুন্মাদো মোহো মৃত্যুর্দ্দশা দশ ॥

অথ লালসা।

তদুচিত শ্রীগৌরচন্দ্র।

কামোদ।

কুসুমিত কানন হেরি শচীনন্দন
ডারত কাঁহে ঘনশ্বাস।
খেনে করতলে অব- লম্বই[১] মুখশশী
খেনে খেনে রহত উদাস ॥
দেখ নব ভাবতরঙ্গ।
যো অভিলাসহি প্রকট নবদ্বীপে
তাকর নাহিক ভঙ্গ ॥ ধ্রু ॥
চঞ্চল-নয়নে চাহ চপলমতি
জিত-গতি মত্ত গজরাজ।
পুন পুন ঐছন হেরত ফুলবন
কছু নাহি বুঝিয়ে কাজ ॥
ঐছন ভাতি করি তারল ত্রিভুবন[২]
ভাসায়ল প্রেমামৃত দানে।
রাধামোহন বিন্দু না পাওল
আপন করম বিধানে ॥ ১১ ॥ ৩৮ ॥

পাঠান্তর

১। 'অবলম্বই' স্থলে 'অবলম্বন' ক পুথি।

২। 'ত্রিভুবন' স্থলে 'জগজন' খ পুথি।

টীকা

৮—৯। "চঞ্চল-নয়নে" ইত্যাদি। (গৌরাঙ্গ) চঞ্চল-নেত্রে চপলান্তঃকরণে চাহিতেছেন; (তাঁহার নিকট) মদমত্ত মাতঙ্গ পরাজিত-গমন হইয়াছে; অর্থাৎ তিনি কখনও চঞ্চল-চিত্তে চতুর্দ্দিকে সচল দৃষ্টি-পাত করিতেছেন, কখনও বা ধাবিত হইয়া গমন-বেগে মত্ত হস্তীকেও পরাজিত করিতেছেন।

লালসোদ্বেগ।

শ্রীকৃষ্ণের প্রতি সখীর বচন।

বরাড়ী।১

শুনইতে চমকই[২] গৃহপতি-রাব।
তুয়া মঞ্জির[৩]-রবে উনমতি ধাব ॥
নাহ না চিহ্নই[৪] কাল কি গোর।
জলদ নেহারি নয়নে ঝরু লোর ॥
কাহাঁ তুহুঁ গোরি আরাধলি কান।
জানলুঁ রাই তোহে মন মান[৫] ॥ ধ্রু ॥
স্বামিক শয়ন-মন্দিরে নাহি উঠই।
একলি গহন কুঞ্জ মাহা[৬] লুঠই ॥

পতিকর[৭]-পরশে মানয়ে জঞ্জাল।
বিজনে আলিঙ্গই তরুণ তমাল॥
মুরলি-নিসান শ্রবণ ভরি পিবই।
গুরুজন-বচন শুনই নাহি শুনই[৮]॥
ঐছন যতহুঁ মরম অভিলাষ।
কতহুঁ নিবেদিব গোবিন্দদাস॥১২॥৩৭॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ১৫৯ সংখ্যক ও প-র পুথির চতুর্থ তরঙ্গের ৩ সংখ্যক পদ।

২। 'চমকই' স্থলে 'চমকিত' প-র-সা।

৩। 'মঞ্জির' স্থলে 'নূপুর' প-র।

৪। 'চিহ্নই' স্থলে 'হেরই' প-র।

৫। 'জানলুঁ রাই' ইত্যাদি স্থলে 'পেখলুঁ রাই তোহে সো মতিমান।' প-র-সা।

৬। 'কুঞ্জ মাহা' স্থলে 'কুঞ্জে মহী' প-র-সা।

৭। 'পতিকর' স্থলে 'পতিক' প-র-সা।

৮। 'গুরুজন' ইত্যাদি পংক্তিটি প-র পুথিতে 'মুরলি-নিসান' ইত্যাদি পংক্তির পূর্ব্বে সন্নিবেশিত দেখা যায় এবং 'শুনই নাহি শুনই' স্থলে প-র পুথিতে 'বধির সম মানই' এবং প-র-সা পুথিতে 'বৈরি সম নিবই' পাঠ দেখা যায়।

টীকা

১—১৪। (শ্রীরাধার) পতি-গৃহের পতিমাত্র—সে তাহার প্রাণ-পতি নহে; তজ্জন্যই শ্রীরাধা তাহার শব্দ শুনিলে চমকিয়া উঠে, কিন্তু বাহিরের পথে তোমার নূপুরের শব্দ শুনিলেও উন্মত্তা অর্থাৎ কাণ্ডাকাণ্ড-জ্ঞানশূন্যা হইয়া (তোমাকে দেখিবার জন্য) ধাবিত হয়; নিজের পতি কৃষ্ণবর্ণ, কি গৌর-বর্ণ, তাহা জানে না—অর্থাৎ ভ্রমেও পতির দিকে দৃষ্টি করে না; কিন্তু তোমার অদর্শনে কৃষ্ণবর্ণ জলধর দর্শন করিয়াও তাহার নেত্রে অশ্রুবর্ষণ হইতে থাকে। হে কৃষ্ণ! তুমি কোথায় গৌরীকে (এক অর্থে পার্ব্বতীকে—অপর অর্থে গৌরাঙ্গী শ্রীরাধাকে) আরাধনা করিয়াছিলে? (সেই পুণ্যের ফলেই) জানিলাম, শ্রীরাধা তোমাকে মনে (তাহার প্রিয়তম বলিয়া) মানিতেছে; সে স্বামীর শয়ন-মন্দিরে উঠে না—অর্থাৎ শয়ন-মন্দিরের সিঁড়িতেও পদার্পণ করে না, কিন্তু তোমার দর্শন আকাঙ্ক্ষায় একাকিনী নির্ভয়ে গহন-কুঞ্জে যাইয়া (তোমার দর্শন না পাইয়া খেদে) ভূতলে লোটায়; পতির কর-স্পর্শে জঞ্জাল মনে করে; কিন্তু নির্জ্জন বনে যাইয়া তোমার সাদৃশ্য হেতু তরুণ তমাল-তরুকে গাঢ় আলিঙ্গন করে; তোমার বংশীর ধ্বনি কর্ণ ভরিয়া পান করে,—গুরুজনের বাক্য শুনিয়াও শুনে না; ঐ প্রকার তাহার অন্তরে যে সকল অভিলাষ জন্মিতেছে, পদকর্ত্তা গোবিন্দ দাস তাহা কত নিবেদন করিবে?

পদামৃতসমুদ্রের সংস্কৃত টীকায় রাধামোহন ঠাকুর 'পতিকর' শব্দের অর্থ—"পতিকরঃ প্রতি-কিরণং অর্থাৎ ছায়াং" লিখিয়াছেন; সংস্কৃত-সাহিত্যে 'প্রতিকিরণ' শব্দের কিংবা পদাবলী সাহিত্যে 'পতি-কর' শব্দের 'ছায়া' অর্থে প্রয়োগ দৃষ্ট হয় না; 'পতি-কর' শব্দের 'ছায়া' অর্থ ধরিলেও—কাহার ছায়া বুঝিতে হইবে, তাহা উহ্য ও সন্দিগ্ধ থাকায় শ্রেষ্ঠ কবির রচনায় অলঙ্কার-দোষ স্বীকার করিয়া লইতে হয়; সুতরাং টীকাকারের প্রতি সমুচিত শ্রদ্ধা সত্ত্বেও আমরা এ স্থলে তাঁহার প্রতিপাদিত অর্থ সমীচীন বলিয়া গ্রহণ করিতে পারি নাই।

জাগরণ।

পঠমঞ্জরী।[১]

লোচনে শ্যামর বচনহি শ্যামর
শ্যামর চারু নিচোল।
শ্যামর হার হৃদয়ে মণি[২] শ্যামর
শ্যামর সখি করু কোর॥

মাধব ইথে জনি[৩] বোলবি আন।

অচপল কুলবতি- মতি উমতায়লি[৪]

কিয়ে তুহুঁ মোহিনি জান ॥ ধ্রু

মরমহি শ্যামর পরিজন পামর

ঝামর মুখ-অরবিন্দ।

ঝর-ঝর লোরহি লোলিত কাজর

বিগলিত লোচন-নিন্দ ॥

মনমথ সাগর রজনি উজাগর

নাগর তুহুঁ কিয়ে[৫] ভোর।

গোবিন্দদাস কতহুঁ[৬] আশোয়াসব

মিলবহুঁ নন্দকিশোর ॥১৩॥৭০ ॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ১৬০ সংখ্যক ও প-র পুথির ৪র্থ তরঙ্গের ১৯ সংখ্যক পদ।

২। 'হৃদয়ে মণি' স্থলে 'হৃদয় মণি' ক পুথি।

৩। 'জনি' প-র-সা স্থলে 'যদি' প-র ; 'জানি' ক—চ পুথি।

৪। 'উমতায়লি' স্থলে 'অনুমাতাওলি' প-র-সা।

৫। 'কিয়ে' স্থলে 'অতি' প-র ; 'গুণে' প-র-সা।

৬। 'কতহুঁ' স্থলে 'কতয়ে' প-র-সা।

টীকা

১—৪। 'লোচনে শ্যামর' ইত্যাদি। নবানুরাগের প্রাবল্যে শ্রীরাধার শ্রীকৃষ্ণের শ্যাম রূপে তন্ময়তা জন্মিয়াছে; তাই তাঁহার নেত্রদ্বয়ে শ্যাম-রূপ, বাক্যে শ্যাম-নাম, অঙ্গে শ্যাম-বসন, কণ্ঠে নীল পুষ্পের কিংবা নীল রত্নের রচিত হার এবং হৃদয়ে শ্যামল মণি বিরাজ করিতেছে এবং তিনি শ্যাম-বর্ণা কোন সখীকে ক্রোড়ে করিতেছেন অর্থাৎ আলিঙ্গন প্রদান করিতেছেন।

১২—১৫। 'মনমথ সাগর' ইত্যাদি। (শ্রীরাধার পক্ষে) মন্মথ অর্থাৎ কন্দর্প সাগরস্বরূপ হইয়াছে; অর্থাৎ সাগর যেরূপ বহু ক্লেশেও উত্তীর্ণ হওয়া দুঃসাধ্য, কন্দর্পের প্রভাব উত্তীর্ণ হওয়াও সেইরূপ দুঃসাধ্য হইয়াছে এবং তাঁহার নিদ্রাভাব হেতু রজনী-জাগরণ ঘটিতেছে। ওহে নাগর! তুমি কিরূপ মূঢ় অর্থাৎ শ্রীরাধা যে তোমার প্রতি এরূপ অনুরাগিণী হইয়াছেন, তুমি তাহা এ যাবৎ বুঝিতে পারিতেছ না কিংবা বুঝিয়া থাকিলেও তাহার কোনই প্রতিকারের চেষ্টা করিতেছ না; শুধু পদকর্ত্তা গোবিন্দ দাস (শ্রীরাধাকে) "নন্দকিশোর নিশ্চিতই আসিবেন" বলিয়া কত আশ্বাস দিবে ?

গান্ধার।১

সহজে মুনিক পুতলি গোরি।

জারল বিরহ-আনলে তোরি ॥

বরণ কাঞ্চন এ দশবান।

শ্যামরি সোঙরি তোহারি নাম ॥

শুনহ[২] মাধব কহলুঁ তোয়।

সমতি[৩] না দেই সতত[৪] রোয় ॥ ধ্রু ॥

অরুণ অধর বান্ধুলি ফুল।

পাণ্ডুর ভৈ গেল ধুতুর তুল ॥

ফুয়ল কবরী উরহি লোল।

সুমেরু উপরে চামর ডোল ॥

গলায় এ[৫] গজমোতিম হার।

বসন বহিতে গুরুয়া ভার ॥

অঙ্গুল-অঙ্গুরি বলয়া ভেল।

জ্ঞান[৬] কহে দুখ মদন দেল ॥ ১৪॥৪১॥

পাঠান্তর

১। এটি প-র-পুথির ৪র্থ তরঙ্গের ২৪ সংখ্যক পদ। 'গান্ধার' স্থলে 'ধানশ্রী' প-র।

২। 'শুনহ' স্থলে 'শুন শুন' খ।

৩। 'সমতি' স্থলে 'সুমতি' ক।

৪। 'সতত' স্থলে 'দিন রজনি' ক—চ।

৫। 'এ' স্থলে 'জে' প-র।

৬। 'জ্ঞান' স্থলে 'জ্ঞানদাস' ক।

টীকা

১—২। "সহজে" ইত্যাদি। গৌরাঙ্গী শ্রীরাধা স্বভাবতঃ নবনীতের পুত্তলীর ন্যায় কোমলাঙ্গী; তাঁহাকে তোমার বিরহ-বহ্নিতে দগ্ধ করিল।

৩—৪। "বরণ" ইত্যাদি। শ্রীরাধার বর্ণ 'দশবানি' স্বর্ণ অর্থাৎ উপর্য্যুপরি দশবার দাহ দ্বারা বিশুদ্ধ সোণার ন্যায় উজ্জ্বল ছিল,—তোমার নাম স্মরিতে স্মরিতে অর্থাৎ তোমার ধ্যানে থাকিয়া শ্রীরাধা এখন শ্যাম-বর্ণা হইয়াছেন।

৯—১০। "ফুয়ল" ইত্যাদি। শ্রীরাধার উন্মুক্ত কেশ-পাশ বক্ষে বিলম্বিত হইয়া পড়িয়াছে; (বোধ হয় যেন), স্বর্ণময় সুমেরুর শিখরে কৃষ্ণ-চামর দুলিতেছে।

১১—১২। "গলায়" ইত্যাদি। শ্রীরাধার গলায় এই যে গজ-মুক্তার হার, তাহা এবং অঙ্গের বসন ধারণ করিতে গুরুতর ভার বোধ হইতেছে। তুলনা করুন;—

"স্তন-বিনিহিতমপি হারমুদারম্।
সা মনুতে কৃশ-তনুরিব ভারম্॥
রাধিকা তব বিরহে কেশব।"—গীতগোবিন্দ।

১৩—১৪। "অঙ্গুল" ইত্যাদি। শ্রীরাধার (বিরহ-জনিত কৃশতা হেতু) আঙ্গুলের আংটী বালা হইয়াছে অর্থাৎ আংটীকে তিনি বালারূপে পরিধান করিতে পারেন। এ স্থলে অতিশয়োক্তি অলঙ্কার দ্বারা আত্যন্তিক কৃশতারূপ বস্তু ব্যঞ্জিত হইয়াছে; সুতরাং ইহা অলঙ্কার দ্বারা বস্তু-ধ্বনির উদাহরণ বটে।

সুহই।

অপরূপ তুয়া মুরলি-ধনি।
লালসা বাড়ল শবদ শুনি॥
কি রূপে এ রূপ দেখিয়া সেহ
উদবেগে ধনি না ধরে দেহ॥
জাগিয়া জাগিয়া হইল খীন[১]।
অসিত চান্দের উদয় দিন॥
জড়িত হৃদয়ে করয়ে ভেদ।
অতি বেয়াকুল কো সহে[২] খেদ॥
পাণ্ডুর বরণ বিয়াধি-বাধা।
মুরছি নিশ্বাস হরল[৩] রাধা॥
অব যদি তুহুঁ মিলহ তায়।
গোকুল-মঙ্গল সভাই গায়॥
জ্ঞানদাস কহে শুনহে শ্যাম।
জীবন-ঔখদ[৪] তোহারি নাম॥১৫॥৪২॥

পাঠান্তর

১। 'জাগিয়া জাগিয়া' ইত্যাদি পংক্তি স্থলে 'জাগিয়া হইল শরীর ক্ষীণ' ক পুথি।

২। 'কো সহে' স্থলে 'করত' ক, গ, চ।

৩। 'হরল' স্থলে 'তেজল' খ।

৪। 'জীবন-ঔখদ' স্থলে 'জীবন-সুখদ' ক।

টীকা

৩—৪। "কিরূপে" ইত্যাদি। সেই শ্রীরাধা (জানি না), কি প্রকারে এই তোমার (ভুবন-মোহন) রূপ দেখিয়াছে; (সেই অবধি) ধনী উদ্বেগে দেহ ধারণ করিতে পারিতেছে না।

৫—৬। "জাগিয়া জাগিয়া" ইত্যাদি। শ্রীরাধা নিদ্রার অভাব হেতু জাগিয়া জাগিয়া কৃশ হইয়াছেন; (বোধ হয় যেন), দিবা-ভাগে কৃষ্ণ-পক্ষের (ক্ষীণ) চন্দ্রের উদয় হইয়াছে। তুলনা করুন;—

"প্রাচী-মূলে তনুমিব কলামাত্রশেষং হিমাংশোঃ"
—মেঘদূত।

১৩—১৪। "জ্ঞানদাস" ইত্যাদি। জ্ঞানদাস কহিতেছেন,—"ওহে শ্যাম! শ্রবণ কর; তোমার নাম শ্রীরাধার জীবন-রক্ষার ঔষধস্বরূপ।" ইহার তাৎপর্য্য এই যে, শ্রীকৃষ্ণ যদি বলেন যে, তোমাদিগের সখীর যে পীড়া হইয়াছে, বৈদ্য ডাকিয়া উহার সু-চিকিৎসা করাও না কেন? সেই জন্যই সখী

বলিতেছেন যে, তোমার নাম ব্যতীত শ্রীরাধার এই রোগে আর কোন ঔষধ নাই ; যদি বল, উহার কি প্রমাণ আছে ? প্রমাণ এই যে, যখন শ্রীরাধা যাতনার আধিক্যে মূর্চ্ছিত হইয়া ভূতলে লুণ্ঠিত হইতে থাকেন এবং তাঁহার প্রাণ-বায়ু বহির্গত হইতে উন্মত হয়, তখন আর কিছুতেই কিছু হয় না ; সখীগণ তাঁহার কর্ণের নিকটে উচ্চৈঃস্বরে "হরি হরি" ধ্বনি করিলেই কেবল তাঁহার চৈতন্য জন্মে। যদি বল যে, আমার নাম-শ্রবণে যদি শ্রীরাধার জীবন-রক্ষা হইয়া থাকে, তবে আর আমার যাইয়া কি প্রয়োজন ? আমার নাম শুনাইয়াই তাঁহার জীবন-রক্ষা কর না কেন ? তাহা নহে ; তোমার বিরহে তাঁহার সেই চৈতন্য-সম্পাদন তাঁহার পক্ষে পুনরায় দুঃসহ কষ্টেরই কারণ হইয়া থাকে ; কোন ব্যক্তি অজ্ঞাতসারে অন্য কোন ব্যক্তির প্রাণান্তকর কোন অনিষ্ট কার্য্য করিয়া থাকিলে, প্রাণপণে উহার প্রতিকারের চেষ্টা করা তাহার একান্ত কর্ত্তব্য বটে ; সখী "জীবন-ঔখদ" ইত্যাদি বাক্যের অপূর্ব্ব ব্যঞ্জনা দ্বারা বুঝাইতেছেন যে, শ্রীকৃষ্ণের নাম শ্রীরাধার জীবন-রক্ষার কারণ হইয়াই তাঁহার পক্ষে অসহ্য যাতনার কারণ হইয়াছে ; নতুবা শ্রীরাধা এত দিনে মরিয়া বাঁচিতেন ; সুতরাং এ অবস্থায় শ্রীরাধার প্রতি করুণা প্রকাশ করা কি শ্রীকৃষ্ণের কর্ত্তব্য নহে ?

শ্রীকৃষ্ণস্য প্রত্যুক্তিঃ।

মল্লার।

রাইক রাগ কহলি বহু মোয়।
কৈছনে ঐছন সাহস হোয় ॥
পরনারি-গ্রহণ দহন সম তাপ।
ধরম-মরম-জ্ঞানি[১] কো করু পাপ ॥
তাহে যদি সঙ্গি সব দেখে লব দোখ
জাগর দূরে রহু সপনহি রোখ ॥
শুনি[২] সখি কানু-বচন-অনুবন্ধ।
কহ রাধামোহন লাগল[৩] ধন্ধ ॥১৬॥৪৩॥

পাঠান্তর

'ধরম-মরম-জ্ঞানি' স্থলে 'ধরম-করম-জ্ঞানী' খ।

২। 'শুনি' স্থলে 'শুন' ক।

৩। 'লাগল' স্থলে 'নাগর' খ।

টীকা

১—২। "রাইক" ইত্যাদি। রাধার অনুরাগের কথা আমার নিকট অনেক বলিলে ; (কিন্তু) ঐরূপ অর্থাৎ পরাঙ্গনার সহিত প্রণয়রূপ দুঃসাহস আমার কিরূপে হইতে পারে ?

৫—৬। "তাহে যদি" ইত্যাদি। তাহাতে যদি আমার সঙ্গী গোপ-বালকগণ আমার কণামাত্রও দোষের কার্য্য দেখিতে পায়, (তবে) জাগ্রতের কথা দূরে থাকুক—স্বপ্নেও তাহারা আমার প্রতি কোপ করিবে।

শ্রীরাগ।

কানুক ঐছন বাত।
শুনি অবনত মাথ[১] ॥
কিছু না কহল ফেরি।
লোরে পন্থ না হেরি ॥
মলিন বদন ভেল।
ধীরে ধীরে চলি গেল ॥
আওল রাইক পাশ।
কি কহব জ্ঞানদাস ॥১৭॥৪৪॥

পাঠান্তর

১। 'শুনি' ইত্যাদি পংক্তি-স্থলে 'শুনি সখী অবনত মাথ ॥' ক, গ।

অথ শেষ-দশা।

গান্ধার।

নিজ সখি-বদন হেরি সুধামুখি
বুঝি কহে গদগদ বাত।
রসিক সুনাহ মোহে যদি উপেখল
কাহে তাপায়সি আঁত[১] ॥
মঝু লাগি যতন কয়লি দুখ পায়লি
দৈবহি যদি নহ কাজ।
তুহুঁ কাহে বিরস বদন ঘন রোয়সি
কিয়ে পুন কয়লি অকাজ ॥
শুন সখি[২] কর তুহুঁ পর উপকার।
ইহ বৃন্দাবনে দেহ উপেখব
মৃত তনু রাখবি হামার ॥ ধ্রু ॥
কবহুঁ শ্যাম-তনু- পরিমল পায়ব
তবহুঁ মনোরথ পূর।
ইহ সব বচন শুনই নাহি পারই
রহু রাধামোহন দূর ॥ ১৮॥৪৫ ॥

পাঠান্তর

১। 'আঁত' প-স স্থলে ক—চ পুথিতে 'গাত' পাঠ আছে; পদামৃত-সমুদ্রের রাধামোহন ঠাকুরের স্ব-রচিত টীকায় 'রসিক সুনাহ' ইত্যাদি বাক্যের অর্থ এইরূপ ব্যাখ্যাত হইয়াছে,—"যদি রসিক-সুনাগরেণাহমুপেক্ষিতা কাহে তাপায়সি আঁত। কথং ত্বমাত্মানং তাপয়সি।" এই পদটি যে রাধামোহন ঠাকুরের স্ব-রচিত, সে বিষয়ে কোন সন্দেহ নাই; সুতরাং পদকল্পতরুর সকলগুলি পুথিতে 'আঁত' স্থলে 'গাত' পাঠ থাকিলেও আমরা এ স্থলে পদামৃত-সমুদ্রের টীকা অনুসারে 'আঁত' পাঠ গ্রহণ করিতে বাধ্য হইয়াছি।

২। 'শুন সখি' স্থলে 'এ সখি' ক—চ পুথি। 'শুন মুখি' ইত্যাদি বাক্য পদামৃত-সমুদ্রের সংস্কৃত টীকায় এইরূপ ব্যাখ্যাত হইয়াছে,—"শুন সখি ইত্যাদেরয়ং ভাবঃ। যদি ত্বং সত্যরূপেণ মম সখী, যদি ময়ি তে প্রীতিরস্তি, মৎসুখে সুখিনী সুখযুক্তা চ, তদা এতৎ শৃণু।" সুতরাং টীকা অনুসারে 'শুন সখি' পাঠই বিশুদ্ধ জানা যাইতেছে; পদামৃত-সমুদ্রের মুদ্রিত গ্রন্থের মূলে 'শুন সখি হে' পাঠ আছে; উহার 'হে' অংশটি টীকায় দৃষ্ট হয় না এবং উহা দ্বারা ছন্দোভঙ্গ ঘটিয়া থাকে; সুতরাং 'হে' শব্দটি লিপিকরের প্রমাদ-বশতঃ সন্নিবেশিত হইয়াছে বলিয়াই বিবেচনা হয়।

টীকা

১—১৫। "নিজ সখী" ইত্যাদি। পদ-কর্ত্তা রাধামোহন ঠাকুর এই পদে বিদগ্ধ-মাধব নাটকের নিম্নলিখিত শ্লোকটির মর্ম্মানুবাদ করিয়াছেন, যথা;—

"অকারুণ্যঃ কৃষ্ণো যদি ময়ি তবাগঃ কথমিদং
মুধা মা রোদীর্ম্মে কুরু পরমিমামুত্তরকৃতিম্।
তমালস্য স্কন্ধে বিনিহিতভুজাবল্লরিরিয়ং
যথা বৃন্দারণ্যে চিরমবিচলা তিষ্ঠতি তনুঃ ॥"

সখ্যুক্তিঃ।

বরাড়ী।[১]

মধুর মধুর তুয়া রূপ।
জগজন-লোচন-অমিয়া স্বরূপ[২] ॥
রূপ চাহি[৩] গুণ নহে[৪] উন।
সো তনু তেজবি কাহে মহি করি শূন[৫]
সুন্দরি মোহে না[৬] কর আন ছন্দ।
হাম বলি জাও[৭] তুয়া মুখচন্দ ॥ ধ্রু ॥
তবহুঁ সফল দিন[৮] মোর।
যব তুহুঁ শুতবি কানুক কোর[৯] ॥
(হাম) পৈঠব[১০] কালিন্দি বারি।
তবহি মনোরথ পুরব তোহারি ॥
যতন করব হাম সোই।
কানু যৈছে তুয়া বশ[১১] হোই ॥

গোবিন্দদাস ভালে জান[১২]।

তুয়া বিনু কানুক জ্বলত পরাণ[১৩] ॥১৯॥৪৬॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ১৩৩ ও ২৬২ সংখ্যক ও প-র পুথির ২২ তরঙ্গের ২২ সংখ্যক পদ। 'বরাড়ী' স্থলে 'শ্রীগান্ধার' প-র।

২। 'জগজন' ইত্যাদি পংক্তির পরে প-র-সা পুথিতে "ধ্রু" চিহ্ন আছে; কিন্তু প-র পুথি অনুসারে 'হাম বলি জাও' ইত্যাদি পংক্তির পরে ধ্রুব-পদের চিহ্ন থাকাই সমীচীন বোধ হয়।

৩। 'চাহি' স্থলে 'সঞে' প-র।

৪। 'গুণ নহে' স্থলে 'গুণে নাহি' প-র-সা।

৫। 'মাহ করি শূন' স্থলে 'মুঞি কহি শুন' প-র-সা।

৬। 'মোহে না' স্থলে 'ইথে নাহি' প-র-সা ও প-র পুথি।

৭। 'জাও' স্থলে 'জায়ব' প-র-সা।

৮। 'দিন' স্থলে 'তনু' প-র।

৯। 'যব তুহুঁ শুতবি' ইত্যাদি স্থলে 'রাই শুতব যব' ইত্যাদি ক—চ পুথি। 'যব তহি সো হরি কোর' প-র-সা।

১০। 'হাম পৈঠব' স্থলে 'বরু বৈঠব' প-র-সা।

১১। 'বশ' স্থলে 'পথ' প-র-সা; 'পথি' প-র।

১২। 'গোবিন্দ দাস' ইত্যাদি স্থলে 'গোবিন্দদাস কহ ইথে নাহি আন' প-র-সা ও প-র পুথি।

১৩। 'তুয়া বিনু কানুক জ্বলত পরাণ' স্থলে 'তুয়া বিনু কানু কি ধরব পরাণ' প-র; 'তুয়া বিনে কৈছে হ ধরব পরাণ' প-র-সা; 'কানুক জ্বলত পরাণ' ক—চ পুথি। এই পদের প্রত্যেক অযুগ্ম চরণে ১২টি মাত্রা ও প্রত্যেক যুগ্ম চরণে ১৬টি মাত্রা ব্যবহৃত হইয়াছে; ধ্রুব-কলিটিতে উভয় চরণে ১৬ মাত্রা পাওয়া গেলেও উহার প্রথম চরণের 'সুন্দরি' সম্বোধন-পদটির পরে যতি থাকায় ছন্দোভঙ্গ ঘটে নাই; অনেক ধ্রুব-কলিতেই এরূপ মাত্রাধিক্য দৃষ্ট হইয়া থাকে। পদকল্পতরুর সকলগুলি পুথিতে 'কানুক জ্বলত পরাণ' পাঠ থাকিলেও তাহাতে ঐ পংক্তিতে চারিটি মাত্রা কম পড়ে; সুতরাং প-র ও প-র-সা পুথির প্রমাণ অনুসারে চতুর্ম্মাত্রাত্মক 'তুয়া বিনু' শব্দ দুটি যে লিপিকরের ভুলে পরিত্যক্ত হইয়াছে, তাহাতে কোন সন্দেহ নাই।

টীকা

৩—৪। "রূপ চাহি" ইত্যাদি। তোমার রূপ অপেক্ষা গুণও অল্প নহে; অতএব পৃথিবী শূন্য করিয়া অর্থাৎ পৃথিবীর অলঙ্কারস্বরূপ রূপগুণবতী রমণীর অভাব ঘটাইয়া তুমি কেন সেই (নিরুপম) দেহ ত্যাগ করিবে?

৫—৬। "সুন্দরি মোহে" ইত্যাদি। হে সুন্দরি! আমার প্রতি অন্য অভিপ্রায় করিও না অর্থাৎ আমার মতের বিরুদ্ধে চলিও না; আমি তোমার মুখ-চন্দ্রের বলিহারি যাই।

অথ শ্রীকৃষ্ণস্যানুতাপঃ।

শ্রীগান্ধার।

হামারি নিঠুরপনা শুনই ইন্দুমুখি
ভাঙ্গই প্রেম-অঙ্কুর।
দুখিত হৃদয় মাহা ধৈরজ করি পুন
ও রস করে জানি দূর॥
কিয়ে জানি পাপহি মদন-কদন-শরে
তেজই নিরুপম দেহ
হাহা মনোরথ সব কৈল আনমত
কি করব অব হাম গেহ॥
অব মঝু অন্তর জ্বলত তুষানল
সহই না পারই অঙ্গে[১]।
হোই সমীরণ বাঢ়ই পুন পুন
দারুণ মদন-তরঙ্গে[২]॥

ধিক যৌবন ধন জীবন অভরণ

ধিক মোর এ সুখ সকল।

কহ রাধামোহন অনুগত বঞ্চিলে

পরিণাম ঐছন ফল ॥২০॥৪৭॥

পাঠান্তর

১। 'অঙ্গে' স্থলে 'অঙ্গ' ঘ পুথি।

২। 'তরঙ্গে' স্থলে 'তরঙ্গ' ঘ পুথি।

টীকা

৫—৮। "কিয়ে জানি" ইত্যাদি। কি জানি, (যদি) শ্রীরাধা কন্দর্পের পাপ-জনক ও ক্লেশজনক বাণে (পীড়িতা হইয়া) নিরুপম দেহ পরিত্যাগ করে! হায়! হায়! (আমার) মনোরথ সকলি অন্যমত করিল অর্থাৎ ইচ্ছার বিরুদ্ধ ফল জন্মাইল; আমি এখন কি স্থির করিব?

সুহই।

যাঁহা[১] বিলপয়ে বর কান।

তাঁহা[২] সখি করল পয়ান ॥

মীলল নাগর পাশ।

দীঘল তেজই নিশাস ॥

নাগর হেরি বিভোর।

নয়নহি আনন্দ-লোর ॥

কানু কহই মৃদুভাষ।

পূরবি মঝু অভিলাষ ॥

কৈছে আছয়ে ধনি রাই।

শুনইতে মঝু নিঠুরাই ॥

হাম কয়লুঁ পরিহাস।

তাকর বিরহ-হুতাশ ॥

অতয়ে গমন করু তাই।

তুরিতহি আনিবি রাই ॥

এত শুনি সো সখি গেল।

রাইক সমুখহি ভেল ॥

কানুক ইহ রস-ভাষ।

সবহুঁ কহল ধনি পাশ ॥

সচকিত সো বরনারী।

তবহুঁ কয়ল অভিসারি ॥

শুভ খনে আয়ল কুঞ্জ।

সখিগণ আনন্দ-পুঞ্জ ॥

ইহ যদুনন্দন দাস।

ধায়ল কানুক পাশ ॥২১॥৪৮॥

পাঠান্তর

১। 'যাহা' ক, খ পুথি।

২। 'তাহা' ক, খ পুথি।

টীকা

৯—১২। "কৈছে আছয়ে" ইত্যাদি। সুকুমারী শ্রীরাধা আমার নিষ্ঠুরত্ব শুনিয়া কি প্রকার আছে? আমি পরিহাস করিয়াছিলাম, (তখন বুঝি নাই), তাহার (তাহাতে) বিরহানল (জন্মিবে)।

ততঃ সখী-শিক্ষা-বচনম্।

ভূপালী।[১]

শুন শুন এ সখি[২] বচন বিশেষ।

আজু হাম দেয়ব তোহে উপদেশ ॥

পহিলহি বৈঠবি শয়নক সীম।

হেরইতে পিয়া মুখ মোড়বি গীম ॥

পরশিতে দুহুঁ করে ঠেলবি[৩] পাণি।

মৌন করবি পহুঁ পুছইতে[৪] বাণী ॥

যব হাম সোঁপব করে কর আপি।

সাধসে ধরবি উলটি মোহে কাঁপি ॥

বিদ্যাপতি কহ ইহ রস ঠাট[৫]।

কাম গুরু হোই শিখায়ব পাঠ[৬] ॥২২॥৪৯॥

পাঠান্তর

১। এটি প-র পুথির ৯ম তরঙ্গের ৩৭ সংখ্যক পদ। 'ভূপালী' স্থলে 'ধানশ্রী' প-র।

২। 'সখি' স্থলে 'ধনি' ক, গ, চ।

৩। 'ঠেলবি' স্থলে 'বারবি' ক, গ, চ।

৪। 'পুছইতে' স্থলে 'কহইতে'. ক, গ, চ; 'শুনইতে' প-র।

৫। 'ঠাট' স্থলে 'বাট' প-র।

৬। 'পাঠ' স্থলে 'ঠাট' প-র।

টীকা

৩—৪। "পহিলহি বৈঠবি" ইত্যাদি। প্রথমে শয্যার প্রান্তভাগে বসিবে অর্থাৎ লজ্জায় বিছানার এক কোণে জড়-সড় হইয়া থাকিবে; প্রিয়তম যখন তোমার মুখের দিকে তাকাইবেন, তখন গ্রীবা বক্র করিবে অর্থাৎ তাঁহার দৃষ্টিপথ হইতে মুখ ফিরাইবে!

৯—১০। "বিদ্যাপতি কহ" ইত্যাদি। পদ-কর্তা বিদ্যাপতি সময়োচিত রসিকতা করিয়া বলিতেছেন,—(সখীকে অত করিয়া শিক্ষা দিতেছ কেন?) এই যে রসের আড়ম্বর—ইহাতে (স্বয়ং) কন্দর্প দেবই (তোমার সখীর) গুরু হইয়া তাঁহাকে (কাম-শাস্ত্রের) পাঠ শিক্ষা দিবেন!

কামোদ।১

রাইক কুঞ্জ- গমন শুনি মাধব
অচপল প্রেম অনুমানি।
মিলইতে গমন করল বর নাগর২
আনন্দে আপনা না জানি॥
চলইতে খলই চলই নাহি পারই
কত কত ভাব বিথারি।
পদে পদে হেম- কদলি হেরি আকুল
গদগদ পুছে সোই৩ নারী॥
ঐছন বহুত যতনে পহু মীলল
দুহুঁ হেরি দুহুঁ ভেল ভোর।
দুহুঁ মন মান৪ সফল ভেল জীবন
দুহুঁক গলয়ে প্রেম-লোর॥
ধৈরজ ধরি হরি অঞ্চল পরশিতে
ধনিক মুগধি পরকাশ।
রাধামোহন-পহুঁ- চিতে খন সংশয়৫
পিছে বুঝল পরিহাস॥২৩॥৫০॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ১৫৩৮ সংখ্যক পদ।

২। 'বরনাগর' স্থলে 'বরনাগরী' ক; 'বর মাধব' প-র-সা।

৩। 'সোই' স্থলে 'সেই' ক, খ, চ; 'সেহি' প-র-সা।

৪। 'দুহুঁ মন মান' স্থলে 'দুহুঁ মন মানস' ক, গ পুথি।

৫। 'রাধামোহন' ইত্যাদি স্থলে 'দাস রাধামোহন বুঝিতে সংশয়' প-র-সা।

টীকা

৭—৮। "পদে পদে" ইত্যাদি। শ্রীকৃষ্ণ সঙ্কেত-কুঞ্জে গমন-সময়ে উৎকণ্ঠার আতিশয্যে স্থানে স্থানে স্বর্ণ-কদলীর তরু দেখিয়া, অন্ধকারে শ্রীরাধা বলিয়া মনে ভ্রম হওয়ায়, অস্থির হইয়া গদ-গদ স্বরে সেই কদলী-তরুরূপ কল্পিত নারীকে সংবাদ জিজ্ঞাসা করিতেছেন।

১৩—১৬। "ধৈরজ ধরি" ইত্যাদি। শ্রীকৃষ্ণ ভাবের উচ্ছ্বাস সংযমিত করিয়া শ্রীরাধার অঞ্চল স্পর্শ করা মাত্র (সখীগণের শিক্ষা অনুসারে) তাঁহার মৌগ্ধ্য অর্থাৎ সলজ্জতা প্রকাশ পাইল; (তাহাতে) পদ-কর্তা রাধামোহনের প্রভু শ্রীকৃষ্ণের চিত্তে ক্ষণ-কালের জন্য (শ্রীরাধার অনুরাগ সম্বন্ধে) সন্দেহ উপস্থিত হইল; (কিন্তু) একটু পরেই বুঝিলেন যে, উহা পরিহাস অর্থাৎ রঙ্গ বটে।

ততঃ সংক্ষিপ্ত-নবোঢ়া ।

কেদার ।

থরহরি কাঁপয়ে গদগদ ভাষ ।
লাজে বচন নাহি করে পরকাশ ॥
শুন শুন কানু করয়ে ধনি ভীত ।
কবহুঁ না জানই সুরতকি রীত ॥
তুহুঁ হোয়বি চন্দন-সম শীত ।
তোহে সোঁপল ইহ বাল-চরীত[১] ॥
রভস করবি বুঝি বিদগধ-রায় ।
যৈছনে সুকুমারি দুখ নাহি পায় ॥
নিয়ড়ে রাখি ইহ হাম সব যাই ।
এত কহি সব সখি রহল ছাপাই ॥
তুহুঁ কর কেলি-দরশক আশে ।
কব হেরব রাধামোহন দাসে ॥২৪॥৫১॥

পাঠান্তর

১। 'বাল-চরীত' স্থলে 'বাল-চরিত' ক—গ, চ

টীকা

৫—৬ "তুহুঁ হোয়বি" ত্যাদি। তুমি চন্দনের ন্যায় শীত অর্থাৎ শীতলপ্রকৃতি হইবে; তোমার নিকট এই বালিকা-স্বভাবা শ্রীরাধাকে সমর্পণ করিলাম।

তথা ।[১]

পহিলহি রাধা মাধব মেলি ।
পরিচয় দুলহ দূরে রহু কেলি ॥
অনুনয় করইতে[২] অবনত-বয়নী ।
চকিত বিলোকনে নখে লিখু[৩] ধরণী ॥
অঞ্চল পরশিতে চঞ্চল কান ।
রাই করল পদ আধ পয়ান ॥
বিদগধ নাগর[৪] অনুভব জানি ।
রাইক চরণে পসারল পাণি ॥
করে কর বারিতে[৫] উপজল প্রেম ।
দারিদ ঘট ভরি পাওল হেম ॥
হাসি দরশি মুখ আগোরলি[৬] গোরি ।
দেই রতন পুন লৈয়লি চোরি ॥
ঐছন নিরুপম পহিল বিলাস ।
আনন্দে হেরত গোবিন্দদাস ॥২৫॥৫২॥

পাঠান্তর

১। এটি প-র পুথির ১১শ তরঙ্গের ৯ সংখ্যক পদ।

২। 'করইতে' স্থলে 'বোলইতে' ঘ, চ।

৩। 'লিখু' স্থলে 'লিখে' প-র।

৪। 'নাগর' স্থলে 'মাধব' ক, গ, চ পুথি।

৫। 'বারিতে' স্থলে 'বারইতে' ক, গ।

৬। 'আগোরলি' স্থলে 'ঝাঁপলি' প-র।

টীকা

১—২। "পহিলহি" ইত্যাদি। শ্রীরাধা ও শ্রীকৃষ্ণ প্রথম মিলিত হইলেন; বিলাস দূরে থাকুক, উভয়ের পরিচয় অর্থাৎ বাক্যালাপই দুর্ল্লভ হইল।

৯—১০। "করে কর" ইত্যাদি। শ্রীরাধা হস্ত দ্বারা শ্রীকৃষ্ণের হস্তকে চরণ-স্পর্শরূপ অনুচিত কার্য্য হইতে স্থগিত করিতে (উভয়ের কর-স্পর্শ হওয়ায়) প্রেম অর্থাৎ প্রেম-জনিত স্বেদ, কম্প প্রভৃতি সাত্ত্বিক ভাবের উদয় হইল; দরিদ্র ঘট ভরিয়া স্বর্ণ পাইল অর্থাৎ শ্রীকৃষ্ণ শ্রীরাধার প্রেম-চিহ্ন দর্শনে আশাতীত আনন্দ লাভ করিলেন। 'দারিদ ঘট ভরি' ইত্যাদি বাক্যে অতিশয়োক্তি অলঙ্কার দ্বারা শ্রীকৃষ্ণের আশাতীত আনন্দলাভরূপ বস্তু ব্যঞ্জিত হইতেছে; সুতরাং ইহা অলঙ্কার দ্বারা বস্তু-ধ্বনির একটি উৎকৃষ্ট উদাহরণ।

ভূপালী ।[১]

সুরত-তিয়াসে[২] ধয়ল পহুঁ পাণি ।
করে কর বারই তরল-নয়ানী ॥

হঠ-পরিরম্ভণে পরশিতে[৩] গাত।
নহি নহি বোলি[৪] ঢুলায়ত[৫] মাথ ॥
অভিনব মদন-তরঙ্গিনি রাই।
শ্যাম-মতঙ্গ রঙ্গ[৬] অবগাই ॥ ধ্রু ॥
চুম্বনে সঙ্কুচ[৭] লোচন-তার।
পিবইতে অধর রচই সিতকার ॥
নখর পরশে ধনি চমকই গোরি[৮]।
দশইতে[৯] চমকি উঠয়ে তনু মোড়ি ॥
কহইতে কহ গদগদ পদ-আধ।
অনঅনো-মনে[১০] মনসিজ-উনমাদ ॥
তৈখনে রোখ তবহিঁ পরসাদ।
গোবিন্দদাস কহ রস-মরিযাদ ॥২৬॥৫৩॥

ইতি দ্বিতীয়পল্লবঃ।

পাঠান্তর

১। এটি প-র পুথির ২১শ তরঙ্গের ২০ সংখ্যক পদ।

২। 'তিয়াসে' স্থলে 'পিয়াসে' ক।

৩। 'পরশিতে' স্থলে 'পরশিত' ক, গ।

৪। 'বোলি' স্থলে 'বলি' ক ; 'বোলে' চ।

৫। 'ঢুলায়ত' স্থলে 'ধুনায়ত' খ।

৬। 'রঙ্গ' স্থলে 'রঙ্গে' ক ; 'অঙ্গ' খ।

৭। 'সঙ্কোচ' ক ; 'সঙ্কোচই' প-র।

৮। 'নখর পরশে ধনি' ইত্যাদি স্থলে 'নখর পরশ ধনি সহই না পারি' প-র।

৯। 'দশইতে' স্থলে 'দংশইতে' ক।

১০। 'অনঅনো-মনে' স্থলে 'আন আন মনে' ক।

টীকা

১১—১২। "কহইতে কহ" ইত্যাদি। শ্রীকৃষ্ণ (কথা) কহিলে পর (শ্রীরাধা তদুত্তরে লজ্জা হেতু) গদগদ-স্বরে এক আধটি কথা কহেন ; (কিন্তু) অন্যোন্য অর্থাৎ উভয়ের মনেই মদনের উন্মত্ততা রহিয়াছে।

১৩—১৪। "তৈখনে রোখ" ইত্যাদি। (শ্রীরাধার) তখনি (শ্রীকৃষ্ণের হঠ-কারিতা দর্শনে) ক্রোধ এবং তখনি (মনে রসাস্বাদন হেতু) প্রসন্নতা জন্মিতেছে ; পদ-কর্ত্তা গোবিন্দদাস (এইরূপ) সম্ভোগরসের মর্য্যাদা অর্থাৎ শেষ-পরিণাম কহিতেছেন।

শ্রীকৃষ্ণস্য পূর্ব্বরাগঃ।

তদুচিত-শ্রীমহাপ্রভুঃ।

সুহই। জয়জয়ন্তী।

আরে মোর গোরা দ্বিজমণি।
রাধা রাধা বলি কান্দে লোটায় ধরণী ॥
রাধা নাম জপে গোরা পরম যতনে।
সুরধুনী-ধারা[১] বহে অরুণ নয়ানে ॥
খেনে খেনে গোরা-অঙ্গ ভূমে গড়ি যায়।
রাধা নাম বলি খেনে খেনে মুরুছায় ॥
পুলকে পূরল তনু গদগদ বোল।
বাসু কহে গোরা কেন এত উতরোল॥১॥৫৪॥

পাঠান্তর

১। 'সুরধুনী-ধারা' স্থলে 'কত সুরধুনী' খ।

সুবল-বাক্য।

বালা ধানশী।[১]

অনুখন হেরিয়ে তোহে[২] আন-চীত।
ছুরে গেও মুরলি-আলাপন গীত ॥
মরম না কহ কাহে প্রাণ-সাঙ্গাতি[৩]।
তুয়া মুখ হেরি জ্বলত মঝু ছাতি ॥
মরকত জিনিয়া যো[৪] কলেবর-কাঁতি।
সো অব ঝামর কুবলয়-ভাঁতি ॥
হেরইতে নিরমল লোচন জোর।
কো জানে কৈছে কয়ত হিয়া মোর ॥

শুনইতে ঐছন সহচর-বাণী।
ছোড়ি নিশাস উলটায়ল পাণি ॥
দুর-অবগাহ মরম-অভিলাষ[৫]।
সমুঝিয়া কহ ঘনশ্যামর দাস ॥২॥৫৫॥

পাঠান্তর

১। এটি প-র পুথির ৬ষ্ঠ তরঙ্গের ৩ সংখ্যক পদ।

২। 'তোহে' স্থলে 'তুয়া' প-র।

৩। 'প্রাণ-সাঙ্গাতি' স্থলে 'মরম-সাঙ্গাতি' প-র।

৪। 'সো' স্থলে 'ও' প-র।

৫। 'মরম-অভিলাষ' স্থলে 'মদন-অভিলাস' ক; 'হৃদয়-অভিলাষ' প-র।

টীকা

৯—১০। "শুনইতে ঐছন" ইত্যাদি। (শ্রীকৃষ্ণ) সহচর সুবলের ঐরূপ বাক্য শুনিয়া, (দীর্ঘ) নিশ্বাস ত্যাগ করিয়া (নির্ব্বেদ হেতু) নিজের হাত দুইখানা উল্‌টাইলেন অর্থাৎ ইঙ্গিতে বুঝাইলেন যে, সে কথা বলিয়া কোনই ফল নাই!

১১—১২। "দুর-অবগাহ" ইত্যাদি। (শ্রীকৃষ্ণের) হৃদয়ের অভিলাষ দুরবগাহ অর্থাৎ দুর্ব্বোধ্য; পদ-কর্ত্তা ঘনশ্যাম নিজে বুঝিয়া এই কথা বলিতেছেন।

শ্রীকৃষ্ণের উক্তি।

গান্ধার।১

কালিদমন দিন মাহ।
কালিন্দি-কুল কদম্বক ছাহ ॥
কত শত ব্রজ-নব-বালা।
পেখলুঁ জনু থির বিজুরিক মালা।
তোঁহে কহো সুবল সাঙ্গাতি।
তব ধরি হাম না জানি দিন রাতি

তহিঁ ধনি-মণি দুই চারি।
তহিঁ পুন মনমোহিনি এক নারী[২] ॥
সো রহু মঝু মনে[৩] পৈঠি।
মনসিজ-ধূমে ঘূম নাহি দীঠি ॥
অনুখন তহ্নিক[৪] সমাধি।
কো জানে কৈছন বিরহ-বিয়াধি ॥
দিনে দিনে খিন ভেল দেহা।
গোবিন্দ দাস কহ ঐছে নব লেহা[৫] ॥৩॥৫৬॥

পাঠান্তর

১। এটি প-র পুথির ৬ষ্ঠ তরঙ্গের ৪ সংখ্যক ও প-র-সা পুথির ৬১ সংখ্যক পদ।

২। 'তহিঁ পুন' ইত্যাদি স্থলে 'তহিঁ ধনী মন-মোহিনি এক নারী' প-র-সা; 'তহিঁ মনমোহিনী এক নারী' ক, খ, গ ও চ পুথি; ক, খ প্রভৃতি পুথির পাঠে ছন্দোভঙ্গ এবং প-র-সা পুথির পাঠে উভয় চরণেই 'ধনী' শব্দের প্রয়োগ হেতু পুনরুক্তি-দোষ ঘটে।

৩। 'মঝু মনে' স্থলে 'মন মাহা' প-র-সা।

৪। 'তহ্নিক' স্থলে 'তহিক' ক; 'তনিক' খ; 'তিনিক' প-র।

৫। 'গোবিন্দ দাস' ইত্যাদি স্থলে 'গোবিন্দ দাস কহু অছু নব লেহা' প-র-সা; 'গোবিন্দ দাস অছু অছু অবলেহা' প-র।

টীকা

১১—১২। "অনুখন তহ্নিক" ইত্যাদি। সর্ব্বদা সেই চিত্ত-হারিণী সুন্দরীর ধ্যান মনে হইতেছে; বিরহ-ব্যাধি কিরূপ, কে জানে? অর্থাৎ আমার মন সর্ব্বদা সেই চিত্ত-হারিণী নারীর ধ্যান করিতেছে; বিরহজনিত পীড়া যে এরূপ অসহ্য, তাহা আমি আগে জানিতাম না!

—

ধানশী

গেলি কামিনি গজহু গামিনি
বিহসি পালটি নিহারি।
ইন্দ্রজালিক[২] কুসুম সায়ক
কুহকি ভেলি বর নারী॥
জোরি ভুজ-যুগ মোরি বেঢ়ল
ততহি[৩] বয়ন সুছন্দ।
দাম-চম্পাকে কাম পূজল
যৈছে শারদ চন্দ॥
উরহি[৪] অঞ্চল ঝাঁপি চঞ্চল
আধ পয়োধর হেরু।
পবন-পরাভবে শরদ[৫] ঘন জনু
বেকত কয়ল সুমেরু॥
পুনহি দরশনে জিবন জুড়ায়ব
টুটব বিরহক ওর।
চরণে যাবক হৃদয়ে পাবক
দহই সব অঙ্গ মোর॥
ভণয়ে বিদ্যাপতি শুনহ[৬] যুবতি
চীত থির নাহি হোয়।
সে যে রমণী পরম গুণমণি
পুন কি মীলব মোয়[৭]॥ ৪॥২৭॥

পাঠান্তর

১। এটি প-র পুথির ৬ষ্ঠ তরঙ্গের ৬ সংখ্যক পদ।

২। 'ইন্দ্রজালিক' স্থলে 'ইন্দ্রজালক' ক—চ পুথি

৩। 'ততহি' স্থলে 'ততিহুঁ' প-র।

৪। 'উরহি' স্থলে 'উরজ' প-র।

৫। 'শরদ' স্থলে 'নবিন' প-র।

৬। 'শুনহ' স্থলে 'সে যে' গ।

৭। 'পুনহি দরশনে' ইত্যাদি পংক্তি হইতে 'পুন কি মীলব মোয়॥' পংক্তি পর্য্যন্ত দুইটি কলির পরিবর্ত্তে প-র পুথিতে নিম্নলিখিত কলিটি দৃষ্ট হয়; যথা,—

"উদস কুন্তল ফুয়ল কবরী
বান্ধই ভার উতার।
কোকনদ যৈছে মধুপ বেয়াপি
রাই ভেল বাউয়ার॥"

টীকা

১—৪। "গেলি কামিনি" ইত্যাদি। গজ-গামিনী কামিনী ঈষৎ হাস্য করিয়া, ফিরিয়া তাকাইয়া চলিয়া গেল; সেই বরাঙ্গনা ঐন্দ্রজালিক অর্থাৎ সম্মোহনবিদ্যায় পারদর্শী পুষ্প-শর কন্দর্পের কুহকি অর্থাৎ ভেলকির স্বরূপ হইল।

৯—১২। "উরহি অঞ্চল" ইত্যাদি। (শ্রীরাধা) বক্ষোদেশে চঞ্চল-ভাবে বসনাঞ্চল ঢাকা দিল অর্থাৎ গতিবশতঃ ওড়নার যে প্রান্ত ঝুলিয়া পড়িয়াছিল, তাহাদ্বারা স্তন আচ্ছাদন করিল; (তাহাতে) অর্দ্ধ পয়োধর দেখিলাম; বোধ হইল যেন, পবনের প্রভাবে (স্থানচ্যুত হইয়া) শরৎ-কালীন (শুভ্র) মেঘ স্বর্ণময় সুমেরুর শিখরকে প্রকাশিত করিল। সকল পুথিতে 'পরাভবে' পাঠ থাকিলেও ইহা 'পরাভব' শব্দ নহে; 'পরাভবে' কিংবা 'পরভাবে' শব্দটি যাহাই থাকুক না কেন, ছন্দের অনুরোধে উহার আ-কার ও এ-কারের দীর্ঘ উচ্চারণ হইবে না; সুতরাং এ অবস্থায় 'পরাভবে' ও 'পরভাবে' শব্দ দুইটির উচ্চারণ একইরূপ শোনা যায়; বোধ হয়, সেই জন্যই 'পরভাবে' স্থলে ভ্রমবশতঃ 'পরাভবে' লিখিত হইয়াছে।

১৩—১৬। "পুনহি দরশনে" ইত্যাদি। পুনর্ব্বার সেই বরাঙ্গনার দর্শন হইলে, আমার বিরহের সীমা ভাঙ্গিবে অর্থাৎ বিরহের শেষ হইবে। তাহার চরণে যে আল্‌তা ছিল, তাহা আমার হৃদয়ে অগ্নিস্বরূপ হইয়া, আমার সর্ব্বাঙ্গ দগ্ধ করিতেছে। "চরণে যাবক" ইত্যাদি বাক্যে 'বিভাবনা' অলঙ্কার ও উক্ত অলঙ্কারের দ্বারা ব্যঞ্জিত বস্তুধ্বনি রহিয়াছে;

প্রসিদ্ধ কারণের অভাবে কার্য্যোৎপত্তি ঘটিলে, তাহাকে 'বিভাবনা' অলঙ্কার বলা হয়; এ স্থলে শ্রীরাধার চরণার্পিত শীত-স্পর্শ অলক্তের প্রকৃতপক্ষে দাহ-রূপ কার্য্য জন্মাইবার শক্তি নাই, কিন্তু কবি কর্ত্তৃক ঐরূপ বর্ণিত হওয়ায় উহা 'বিভাবনা' অলঙ্কারের বিষয় হইয়াছে; উক্ত বাক্যের প্রকৃত তাৎপর্য্য এই যে, উচ্ছৃঙ্খল কন্দর্প পীড়া জন্মাইতে যাইয়া কোন নিয়মের অপেক্ষা রাখে না, সুতরাং তাহার উৎপীড়ন হইতে রক্ষা পাওয়ার আর কোন উপায় নাই; সুতরাং 'বিষস্য বিষমৌষধং' কিংবা বিদ্যাপতির বর্ণিত "আনলে পুড়িলে পুন আনলে সে কাজ" নীতি অনুসারে নায়িকার যে দর্শন হইতে অঙ্গ-দাহ উপস্থিত হইয়াছে, সেই দর্শনরূপ ঔষধের প্রয়োগেই তাহা নিবারিত হইবে। সুতরাং এ স্থলে 'বিভাবনা' অলঙ্কারের দ্বারা কন্দর্পের অহেতুক উৎপীড়ন, শ্রীকৃষ্ণের অশরণতা ও শ্রীরাধার পুনর্দর্শনের একান্ত আবশ্যকতারূপ বস্তুগুলি ব্যঞ্জিত হইয়াছে।

সুহই।[১]

রতন মন্দির মাহা বৈঠলি সুন্দরি
সখি সঞে রস পরথায়[২]।
হসইতে খসয়ে কত যে[৩] মণি মোতিম
দশন-কিরণ অব ছায়[৪] ॥
শুন[৫] সজনি কহইতে না রহে[৬] লাজ।
সো বর[৭] নারি[৮] হামারি মন-বারণ
বান্ধলি কুচ-গিরি মাঝ ॥ ধ্রু ॥
মধু মুখ হেরি ভরম ভরে সুন্দরি
ঝাঁপই ঝাঁপল দেহা।
কুটিল কটাখ- বিশিখে তনু জর-জর[৯]
জীবনে না বান্ধই থেহা ॥
করে কর জোরি[১০] মোরি তনু-বল্লরি[১১]
মোহে[১২] হেরি সখি করু কোর।
গোবিন্দদাস ভণ তেঞি[১৩] নন্দনন্দন
দোলত মদন-হিলোর ॥ ৫॥৫৮ ॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ৬৭ সংখ্যক ও প-র পুথির ৬ষ্ঠ তরঙ্গের ৪৩ সংখ্যক পদ। 'সুহই' স্থলে 'ধানশ্রী' প-র।

২। 'পরথায়' স্থলে 'পরচায়' ক, গ; 'পরথাই' প-র-সা।

৩। 'কত যে' স্থলে 'কতহুঁ' প-র-সা।

৪। 'ছায়' স্থলে 'ছাই' প-র-সা।

৫। 'শুন' শব্দ প-র পুথিতে নাই।

৬। 'রহে' স্থলে 'রহু' প-র।

৭। 'বর' স্থলে 'ব্রজ' প-র।

৮। 'নারি' স্থলে 'নাগরী' প-র-সা।

৯। 'বিশিখে তনু জর-জর' স্থলে 'বিশিখ ঘন বরিখনে' প-র।

১০। 'জোরি' স্থলে 'জোড়ি' প-র-সা।

১১। 'বল্লরি' স্থলে 'সুন্দরী' ক, গ।

১২। 'মোহে' স্থলে 'মো' প-র-সা।

১৩। 'তেঞি' স্থলে 'ও' খ; 'যো' চ।

টীকা

১২—১৫। "করে কর জোরি" ইত্যাদি। শ্রীরাধা নিজের এক করে অন্য কর সংযোজিত করিয়া এবং তদ্দ্বারা নিজের তনু-লতাকে বেষ্টিত করিয়া (লজ্জার অভিনয় করিয়া) তৎপরে আমার দিকে (বঙ্কিম) দৃষ্টিপাত করিয়া, সখীকে ক্রোড়ে করিল অর্থাৎ সখীকে জড়াইয়া ধরিল; (সুচতুরা নায়িকাগণ এই প্রকারেই তাহাদিগের অনুরাগ প্রকাশ করিয়া থাকে)। গোবিন্দ দাস বলিতেছেন যে, নন্দ-নন্দন শ্রীকৃষ্ণ সেই জন্যই মদনের দোলনায় দুলিতেছেন অর্থাৎ কন্দর্পের প্রভাবে যেন শূন্যে

প্রেরিত হইয়া শ্রীরাধা প্রকৃত পক্ষেই তাঁহার প্রতি অনুরাগিণী কি না, সেই সন্দেহে দোলায়মান-চিত্ত হইতেছেন। তুলনা করুন ;—

"স্ত্রীণামাদ্যং প্রণয়বচনং বিভ্রমো হি প্রিয়েষু ।"

—মেঘদূত।

তিরোথা ধানশী ।১

অপরূপ পেখলুঁ রামা।

কনক লতা অব- লম্বনে উয়ল
হরিণ-হীন[২] হিম-ধামা ॥ধ্রু ॥

নয়ন নলিনি দৌ অঞ্জনে রঞ্জল[৩]
ভাঙু বিভঙ্গি-বিলাস[৪] ।

চকিত চকোর জোরে[৫] বিধি বান্ধল
কেবল কাজর-পাশ[৬] ॥

গিরিবর-গুরুয়া পয়োধর পরশত[৭]
গিম-গজ-মোতিম-হারা[৮] ।

কাম কম্বু[৯] ভরি কনয়া-শম্ভু পরি
ঢারত সুরধুনি-ধারা[১০] ॥

পয়সি পয়াগে জাগ-শত জাগই[১১]
সো পাওয়ে বহুভাগী[১২] ।

বিদ্যাপতি কহ গোকুল নায়ক
গোপী-জন অনুরাগী ॥ ১৩ ॥ ৩০ ॥

অত্র "নবধরি পেখলু রামা" ইত্যাদি
পদং যথাসম্ভবং গেয়ম্।

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ৮৯ সংখ্যক ও প-র পুথির ৬ষ্ঠ তরঙ্গের ৭ সংখ্যক পদ।

২। 'হরিণ-হীন' ঘ স্থলে 'হরিণী-হীন' ক, খ, গ, চ, প-র-সা ও প-র পুথি।

৩। 'রঞ্জল' প-র স্থলে 'রঞ্জই' খ, গ, ঘ, চ; 'রঞ্জিত' ক ও প-র-সা।

৪। 'ভাঙু বিভঙ্গি-বিলাস' স্থলে 'ভাঙক ভঙ্গি বিলাস' প-র-সা; 'ভাঙুকি ভঙ্গি বিলাসা' প-র।

৫। 'জোরে' স্থলে 'জোর' ক, গ।

৬। 'কাজর-পাশা' প-র; প-র-সা পুথিতে "নয়ন নলিনি দৌ" ইত্যাদি পংক্তিচতুষ্টয় 'গিরিবর-গুরুয়া' ইত্যাদি পংক্তি-চতুষ্টয়ের পরে সন্নিবেশিত দেখা যায়।

৭। 'পরশত' প-র স্থলে 'পরশিতে' ক—চ; 'গিরিবর' ইত্যাদি পংক্তিটির পরিবর্ত্তে 'গিরিযুগ-গুরুয়া কনক-পয়োধর' প-র-সা।

৮। 'গিম-গজ-মোতিম-হারা' স্থলে 'গিম-গজ-মোতি হারা' প-র; 'উপর গজ-মতি-হারা' প-র-সা; 'হিম গজ-মোতিম-হারা' ঘ।

৯। 'কম্বু' স্থলে 'কুম্ভ' প-র-সা ও প-র।

১০। 'ঢারত' ইত্যাদি স্থলে 'গীমহি ঢারহি ধারা ॥' প-র-সা।

১১। 'জাগ শত জাগই' স্থলে 'যোগি সত জাগই' প-র।

১২। 'সো পাওয়ে' ইত্যাদি স্থলে 'সোই সয়নক ভাগি।' প-র।

১৩। 'পয়সি পয়াগে' ইত্যাদি পংক্তিচতুষ্টয়ের পরিবর্ত্তে প-র-সা পুথিতে নিম্নলিখিত পংক্তিগুলি দৃষ্ট হয়; যথা,—

"গহিল-বয়সী ধনী মুনি-মন-মোহিনী
গজবর-গামিনী মন্দা।
সিন্দুর-তিলক ভানু তড়িত-লতা তনু
উয়ল পুনমিক চন্দা ॥"

টীকা

১২—১৫। "পয়সি পয়াগে" ইত্যাদি। রাধামোহন ঠাকুর ইহার শব্দার্থের কোন ব্যাখ্যা না করিয়া তাৎপর্য্যার্থ লিখিয়াছেন,—"প্রয়াগজলে স্থিতস্য কৃতশতক্রতোরপি কদাচিৎ বহুভাগ্যলভ্যা ভবেৎ।" ইহাই যে প্রকৃত তাৎপর্য্যার্থ, তাহাতে কোন সন্দেহ নাই,—টীকাকারগণের মধ্যে মত-ভেদ

হইতেছে 'জাগই' শব্দটির অর্থ লইয়া। স্বর্গ-গত কালীপ্রসন্ন কাব্য-বিশারদ মহাশয়ের মতে 'জাগই' শব্দ 'জাগৃ' ধাতু হইতে জাত; 'জাগৃ' ধাতুর অর্থ—জাগরিত হওয়া, উদ্বোধিত হওয়া; শত যজ্ঞ জাগরিত হয় বা উদ্বোধিত হয় বলিলে কোন অর্থ হয় না বলিয়া তিনি কষ্ট-কল্পনা দ্বারা এ স্থলে অন্তর্ভূত ণিজন্তার্থ ধরিয়া 'জাগই' শব্দের অর্থ করিয়াছেন,—'জাগাইয়া' অর্থাৎ 'উদ্বোধিত করিয়া'। ভাষা-সাহিত্যে এরূপ অন্তর্ভূত ণিজন্তার্থের প্রয়োগ কোথাও দেখা যায় না; 'জাগৃ' ধাতুর 'অন্তর্ভূত ণিজন্তার্থ' তর্কস্থলে স্বীকার করিয়া লইলেও 'যজ্ঞকে জাগরিত বা উদ্বোধিত করা' বাক্যটির কোন সঙ্গত অর্থ হয় না। আমাদিগের বিবেচনা হয় যে, এই 'জাগই' শব্দটি 'জাগৃ' ধাতু-জাত নহে; ইহা যজনার্থক 'যজ' ধাতু হইতে উদ্ভূত হইয়াছে; প্রাকৃত ও তদনুযায়ী হিন্দী ও মৈথিল ভাষায় শব্দের আদিতে অন্তস্থ 'য'-কারের পরিবর্ত্তে প্রায়শঃ বর্গীয় 'জ'-কারের ব্যবহারবশতঃ বিদ্যাপতি 'যাগ-শত যাগই' না লিখিয়া 'জাগ-শত জাগই' লিখিয়াছেন; উহার অর্থ—যিনি প্রয়াগের (পবিত্র) সলিলে শত যজ্ঞকে যজন করেন, সেই বহুভাগ্য-বিশিষ্ট ব্যক্তিই কেবল (সেইরূপ সুন্দরীকে) পাইয়া থাকেন; বিদ্যাপতি শ্রীকৃষ্ণের ভ্রান্তির অপনয়ন উদ্দেশ্যে বলিতেছেন,—'ওহে গোকুল-নায়ক অর্থাৎ গোকুলের রক্ষা-কর্ত্তা শ্রীকৃষ্ণ! গোপাঙ্গনারা (তোমার প্রতিই) অনুরাগযুক্ত। 'গোকুল-নায়ক' ও 'গোপী-জন' শব্দের ধ্বনি এই যে, যেহেতু শ্রীকৃষ্ণ গোবর্দ্ধন-পর্ব্বতের ধারণ ইত্যাদি অনন্ত-সাধ্য বহু দুষ্কর কার্য্য দ্বারা গোকুলের গোপদিগের রক্ষা-সাধন করিয়া গোকুলের নেতৃত্ব-পদ লাভ করিয়াছেন, এ অবস্থায় গোপাঙ্গনাগণ তাঁহার প্রতি অনুরক্ত না হইয়া, শত-ক্রতু ইন্দ্রের প্রতিও অনুরক্ত হইতে পারে না; কেন না, স্ত্রী-জাতি স্বভাবতঃ বলশালীর প্রতিই পক্ষপাতিনী হইয়া থাকে;— শ্রীকৃষ্ণ যে ইন্দ্র অপেক্ষা কত বল-শালী, তাহা গোবর্দ্ধন-ধারণ-লীলাতেই প্রমাণিত হইয়াছে।

অথ শ্রীকৃষ্ণস্যাপ্তদূতী।

তদুচিতশ্রীগৌরচন্দ্র।

পাহিড়া।

কি মধুর-মধুর বয়স নব কৈশোর
মুরতি জগ-মন-হারী।
কি দিয়া কেমনে বিধি নিরমিল গোরা-তনু
আকুল কুলবতি নারী॥ ধ্রু॥
বিফলে উদয় করে গগনে সে শশধরে
গোরা-রূপে আলা তিন লোকে।
তাহে এক অপরূপ যেবা দেখে চাঁদমুখ
মনের আঁধার নাহি থাকে॥
ঢল ঢল প্রেমমণি কিয়ে থির দামিনি
ঐছন বরণক আভা।
তাহে নাগরালি-বেশ ভুলাইল সব দেশ
মদন-মনোহর শোভা॥
যতি-সতি-মতি হত গেল মেন কুলব্রত
আইল ভুবন-চিত-চোর[১]।
হরিকৃষ্ণ দাস[২] কয় গোরা না ভজিলে নয়
এ ঘর-করণে[৩] দেহ[৪] ডোর ॥৭॥৬০॥

পাঠান্তর

১। 'ভুবন-চিত-চোর' স্থলে 'জগত-চির-চোর' খ, ঘ, চ।

২। 'হরিকৃষ্ণ দাস কয়' স্থলে প-স মুদ্রিত পুথিতে 'রাধামোহনে কয়' পাঠ আছে; কিন্তু এই পদটির সংস্কৃত টীকায় রাধামোহন ঠাকুর "অথ-তদুচিত-গৌরচন্দ্রং 'কি মধুর-মধুর বয়স নব কৈশোর'

ইত্যাদিনা বক্ষ্যমাণেন নিজকৃতেন চ স্মরতি।"—এইরূপ লিখায় ও ইহার পরেই পদামৃতসমুদ্রে "নব কাম সুললিত দেহ অনুপম" ইত্যাদি রাধামোহন ঠাকুরের রচিত পদটি সন্নিবেশিত হওয়ায় 'কি মধুর-মধুর' ইত্যাদি গৌরচন্দ্র পদটি যে অন্য কোন পদ-কর্ত্তার রচিত,—তাহাতে সন্দেহ থাকে না; সুতরাং 'হরিকৃষ্ণ দাস' স্থলে 'রাধামোহনে কয়' পাঠ অশুদ্ধ বলিয়াই প্রতীত হইতেছে।

৩। 'ঘর-করণে' স্থলে 'সব করণে' চ পুথি।

৪। 'দেহ' স্থলে 'দেয়' ক।

টীকা

১৫—১৬। "হরিকৃষ্ণ দাস" ইত্যাদি। পদ-কর্ত্তা হরিকৃষ্ণ দাস বলিতেছেন যে, এরূপ অপূর্ব্ব (গৌরাঙ্গকে) ভজন না করিলে চলিবে না; (অতএব) এই ঘর-কন্নার কাজে ডোর দেও অর্থাৎ ডোর দিয়া বান্ধিয়া ঘর-কন্নার পাঠ তুলিয়া রাখ। প্রাচীন কালে তুলট কাগজে পুথি লিখিয়া উহা বস্ত্রখণ্ড ও ডোর দিয়া বান্ধা হইত এবং গ্রন্থ পাঠ অন্তেও উহা ডোর দিয়া বাধিয়া রাখা হইত; উহা হইতেই "কোন কাজে ডোর দেওয়া" বলিলে সেই কার্য্যটি বন্ধ করা বুঝা যায়।

তিরোথা ধানশী।১

ধনি ধনি রমণি জনম ধনি তোর।
সব জন কানু কানু করি ঝুরয়ে
সো তুয়া ভাবে বিভোর॥ ধ্রু॥
চাতক চাহি তিয়াসল অম্বুদ
চকোর চাহি রহু চন্দা।
তরু লতিকা- অবলম্বন-কারী
মঝু মনে লাগল ধন্দা॥২
কেশ পসারি যবহুঁ তুহুঁ আছলি
উর পর অম্বর আধা।
সো সব হেরি৩ কানু ভেল আকুল
কহ ধনি ইথে কি৪ সমাধা॥
হসইতে কব তুহুঁ দশন দেখায়লি
করে কর জোরহিঁ মোর।
অলখিতে দিঠি কব হৃদয়ে পসারলি
পুন হেরি সখি কৈলি৫ কোর॥
এতহুঁ নিদেশ কহল তোহে সুন্দরি
জানি ইহ করহ৬ বিধান।
হৃদয়৭-পুতলি তুহুঁ সো শুন-কলেবর
কবি বিদ্যাপতি ভাণ॥ ৮॥ ৬১॥

পাঠান্তর

১। এটি প-র পুথির ৯ম তরঙ্গের ৬ সংখ্যক পদ। 'তিরোথা' প-র স্থলে 'তিরোতা' ক—চ পুথি।

২। 'চাতক চাহি' ইত্যাদি পংক্তিচতুষ্টয় খ ও ঘ পুথিতে নাই

৩। 'হেরি' স্থলে 'শুণরি' প-র।

৪। 'ইথে কি' স্থলে 'কোন' প র।

৫। 'কৈলি' স্থলে 'কলি' খ; 'কয়লি' চ; ঘ পুথিতে ১২—১৭ পংক্তিগুলি লিপিকরভ্রমে পরিত্যক্ত হইয়াছে।

৬। 'জানি ইহ করহ' স্থলে 'বুঝিয়া যে করবি' প-র।

৭। 'হৃদয়' স্থলে 'পরাণ' প-র।

টীকা

৪—৭। "চাতক চাহি" ইত্যাদি। (তোমার জন্য শ্রীকৃষ্ণের উৎকণ্ঠা দেখিয়া মনে হয়), জলদ চাতকের দিকে চাহিয়া তৃষ্ণাযুক্ত হইল; চন্দ্র চকোরের দিকে চাহিয়া রহিল; তরু লতিকার অবলম্বন-কারী হইল; (এই সকল স্বভাব-বিপর্য্যয় দর্শনে) আমার মনে ধান্দা লাগিয়াছে।

বরাড়ী।১

কত যে২ কলাবতি যুবতি সুমুরতি৩
নিবসতি৪ গোকুল মাহ।
হরি অব হাসি৫ রভসে পুন কাহুকে৬
কুটিল নয়নে নাহি চাহ॥

সুন্দরি অতয়ে করিয়ে অনুমান।
শুভখনে স্বামি- বরত তুহুঁ ছোড়লি
নারি-বরত নিল কান[৭] ॥ ধ্রু ॥
তুয়া নিজ নাম গাম ঘন গাবই[৮]
সো এক-আখর-রঙ্ক[৯]।
শুনইতে রাতি রতন রতি রাতুল
চমকই তোহারি আতঙ্ক[১০] ॥
তুয়া গুণ-গাম নাম কত গাবই[১১]
অবেকত[১২] মুরলি-নিসান।
সহচরি-কোরে ভোরি তোহে ডাকই
গোবিন্দদাস পরমাণ ॥৯॥৬২॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ১৪১ সংখ্যক ও প-র পুথির ৯ম তরঙ্গের ১৬ সংখ্যক পদ।

২। 'কত যে' প-র স্থলে 'কত এ' প-র-সা; 'কত য়ে' ক—চ পুথি।

৩। 'সুমূরতি' স্থলে 'সুন্দরি সতি' প-র।

৪। 'নিবসতি' স্থলে 'নিবসই' প র।

৫। 'হরি অব হাসি' গ, ঘ, চ স্থলে 'হরি অব রহসি' প-র, খ; 'হেরি অব হাসি' প-র-সা।

৬। 'রভসে পুন কাহুকে' প-স স্থলে 'রভসরসে কাহুকে' খ, ঘ, চ; 'রভসে পুন কাহুকে' প-র সা; 'রভসে পুন কাকহুঁ' প-র।

৭। 'কান' স্থলে 'শ্যাম' প-র।

৮। 'গাম ঘন গাবই' স্থলে 'রাইভাব কি কহব' প-র-সা; 'রাই ভরি কি কহব' প-র।

৯। 'রঙ্ক' স্থলে 'রঙ্কা' প-র।

১০। 'আতঙ্ক' স্থলে 'আশঙ্কা' প-র; 'আশঙ্ক' প-র-সা।

১১। 'তুয়া গুণ' ইত্যাদি প-র-সা স্থলে 'তুয়া নিজ নাম গাম কত গাবয়ে' খ; 'তুয়া গুণ নাম গাম কত গাবই' ক; 'তুয়া গুণ গাম নাম ঘন গাবই' প-র।

১২। 'অবেকত' ঘ, চ, প-স স্থলে 'আর কত' ক, খ, গ; 'এবে কত' প-র-সা; 'বেকতহি' প-র।

টীকা

১—৪। "কত যে" ইত্যাদি। শিল্প-কৌশলযুক্তা সুন্দরী যুবতী গোকুলে কতই বাস করে; (তাহারা শ্রীকৃষ্ণের ভুবন-মোহন রূপ-গুণে আকৃষ্টা হইয়া তাঁহার নিকট বিভ্রম-বিলাস প্রকাশ করিলেও) হরি অর্থাৎ তাহাদিগের চিত্তাকর্ষক শ্রীকৃষ্ণ কিন্তু এখন হাসিয়া রস-ভরে বঙ্কিম নয়নে কাহারও পানে চাহেন না।

৫—৭। "সুন্দরি অতয়ে" ইত্যাদি। হে শ্রীরাধে! অতএব অনুমান করিতেছি যে, তুমি পতি-ব্রতার ধর্ম্ম পরিত্যাগ করিয়া ভালই করিয়াছ; (যে হেতু) শ্রীকৃষ্ণ নিজে নারী-ব্রত গ্রহণ করিয়াছেন অর্থাৎ কায়-মনোবাক্যে তোমাতে পরায়ণ হইয়াছেন। এই বাক্যের তাৎপর্য্য এই যে, জগতে পতিব্রতা রমণী অনেক দেখা যায়, কিন্তু নারী-ব্রতধারী পুরুষ একান্ত বিরল; নায়ক-শিরোমণি শ্রীকৃষ্ণ যখন তোমার জন্য নারী-ব্রত গ্রহণ করিয়াছেন, তখন জগতে অতুলনীয় প্রেম-ব্রতের উদ্‌যাপন জন্য তোমার পাতিব্রত্য পরিত্যাগ সমীচীন বটে।

৮—১১। "তুয়া নিজ" ইত্যাদি। (যদি বল, শ্রীকৃষ্ণ যে নারী-ব্রত গ্রহণ করিয়াছেন, তাহার কি প্রমাণ আছে?) সেই শ্রীকৃষ্ণ তোমার নাম-ধাম (স্বর-ভঙ্গ হেতু কণ্ঠে গাহিতে না পারিয়া বংশীতে) গান করিতেছেন; তিনি একটি অক্ষরের অর্থাৎ তোমার নামের আদ্য অক্ষর 'র'-কারের জন্য ভিখারী হইয়াছেন; অর্থাৎ তিনি 'র' অক্ষরটি শুনিলেই আনন্দে অস্থির হন এবং 'রাতি', 'রতন', 'রতি', 'রাতুল' প্রভৃতি রকারাদি শব্দ শুনিতে পাইলেই, বুঝি রাধার কথা হইতেছে ভাবিয়া সেই কথা শুনিবার জন্য উৎকণ্ঠিত হন।

১২—১৫। "তুয়া গুণ" ইত্যাদি। (যদি বল যে, শ্রীকৃষ্ণ যদি বংশীতে আমার নাম-ধাম গান

করিতেছেন, তবে আমি তাহা শুনিতে পাই না কেন ?) শ্রীকৃষ্ণ তোমার নাম ও গুণ-গ্রাম কতই না গান করিতেছেন—(কিন্তু বিরহ-জনিত অবশতা হেতু) বংশী-ধ্বনি অব্যক্ত হইতেছে অর্থাৎ বংশীতে উচ্চ স্বর নির্গত হইতেছে না; তোমার সহচরীর ক্রোড়ে মূর্চ্ছিত হইয়াও শ্রীকৃষ্ণ তোমার নামই উচ্চারণ করিতেছেন, পদকর্ত্তা গোবিন্দ দাসই ইহার সাক্ষী বটে।

—

ভূপালী।১

জীবন চাহি যৌবন বড় রঙ্গ।
তবে যৌবন যব সুপুরুখ২-সঙ্গ ॥
সুপুরুখ-প্রেম কবহু৩ জনি ছাড়ি৪।
দিনে দিনে চান্দ-কলা সম বাঢ়ি৫ ॥
তুহুঁ যৈছে রসবতি৬ কানু রস-কন্দ।৭
বড় পুণ্যে রসবতি মিলে রসবন্ত ॥
তুহুঁ যদি কহসি করিয়ে অনুসঙ্গ৮।
চৌরি-পিরিতি হোয় লাখ-গুণ রঙ্গ ॥
সুপুরুখ ঐছন নাহি জগ মাঝ।
আর তাহে৯ অনুরত বরজ-সমাজ ॥
বিদ্যাপতি কহে১০ ইথে নাহি লাজ।
রূপ-গুণবতিকা ইহ বড় কাজ১১ ॥১০॥৬৩॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ১৫৩ সংখ্যক পদ।

২। 'সুপুরুখ' স্থলে 'পুরুসকো' প-র-সা।

৩। 'কবহু' স্থলে 'করায়' প-র-সা।

৪। 'ছাড়' প-র-সা।

৫। 'সম বাঢ়ি' স্থলে 'যৈছে বাড়' প-র-সা।

৬। 'রসবতি' স্থলে 'নাগরী' ক, গ, ঘ, চ, প-র-সা।

৭। 'রস-কন্দ' প-র-সা স্থলে 'রসবন্ত' ক—চ পুথি।

৮। 'করিয়ে অনুসঙ্গ' ক, গ স্থলে 'করিয়া অনুসঙ্গ' খ, ঘ, চ; 'করিয়ে অনুরঙ্গ' প-র-সা।

৯। 'আর তাহে' স্থলে 'তাহে অতি' প-র-সা।

১০। 'বিদ্যাপতি কহে' স্থলে 'ভণয়ে বিদ্যাপতি' প-র-সা।

১১। 'রূপ-গুণবতিকা' ইত্যাদি ক, গ, চ স্থলে 'রূপ-গুণবতি কহ' ইত্যাদি খ; 'রূপ-গুণবতি কাক' ইত্যাদি ঘ; 'রূপ-গুণবতি কহ ইহ বড় লাজ' প-র-সা।

টীকা

১—২। "জীবন চাহি" ইত্যাদি। জীবন অপেক্ষা যৌবন অধিক আনন্দজনক; তখনই যৌবন (সার্থক), যখন সুপুরুষের সহিত মিলন হয়। তুলনা করুন ;—

"ক্ষীণক্ষীণোঽপি শশী
ভূয়োঽভিবর্দ্ধতে সত্যম্।
বিরম প্রসীদ সুন্দরি
যৌবনমনিবর্ত্তিযাতস্তু ॥"—কাব্যপ্রকাশ।

৩—৪। "সুপুরুখ প্রেম" ইত্যাদি। (যদি বল, যৌবন অচির-স্থায়ী, এক বার গেলে আর ফিরে না, তথাপি) সুপুরুষের প্রেম (যাহা যৌবন-সুখের সার-ভূত, তাহা) কখনও ছাড়ে না; উহা দিনে দিনে (শুক্লপক্ষের) চন্দ্র-কলার ন্যায় বর্দ্ধিত হয়।

৭—৮। "তুহুঁ যদি কহসি" ইত্যাদি। তুমি যদি বল, (তাহা হইলে) অনুসঙ্গ অর্থাৎ মিলনের জন্য উদ্যোগ করি; (কেন না), চৌর্য্য-প্রণয় অর্থাৎ গুপ্ত-প্রেমে লক্ষ গুণ (অধিক) আনন্দ হইয়া থাকে। তুলনা করুন ;—

"পর্য্যঙ্কঃ স্বাস্তরণং
পতিরনুকূলো মনোহরং সদনম্।
তুলয়তি নহি লক্ষাংশং
ত্বরিত-ক্ষণ-চৌর্য্য-সুরতস্য ॥"

—কুট্টনীমতম্।

শ্রীরাধার প্রত্যুক্তি।

শ্রীরাগ।১

না জানি২ প্রেম-রস নাহি রতিরঙ্গ।
কেমনে মিলব হাম৩ সুপুরুখ৪ সঙ্গ॥
তোহারি বচনে যদি৫ করব পিরীত৬।
হাম শিশু-মতি তাহে৭ অপযশ-ভীত৮॥
সখি হে হাম অব কি বোলব তোয়৯।
তা সঞে রভস কবহুঁ নাহি হোয়১০॥
সো বর১১ নাগর নব অনুরাগ।
পাঁচ-শরে মদন মনোরথে১২ জাগ॥
দরশে আলিঙ্গন দেয়ব সোই১৩।
জিউ নিকসব যব রাখব কোই॥
বিদ্যাপতি কহ মিছই তরাস।
শুনহ ঐছে নহ১৪ তাক বিলাস॥১১॥৬৪॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ২২৩ সংখ্যক ও প-র পুথির ৯।৩৩ সংখ্যক পদ।

২। 'জানিয়ে' প-র-সা।

৩। 'হাম' স্থলে 'ধনি' গ, ঘ, চ; 'সখি' প-র-সা, প-র।

৪। 'সুপুরুখ' স্থলে 'সো পুরুখ' প-র-সা।

৫। 'যদি' স্থলে 'যব' প-র-সা, প-র।

৬। 'পিরীতি' প-র-সা।

৭। 'তাহে' স্থলে 'অতি' প-র-সা।

৮। 'ভীতি' প-র-সা।

৯। 'সখি হে' ইত্যাদি স্থলে 'এ সখি এ সখি কি বোলব তোয়।' প-র-সা ও প-র।

১০। 'তা সঞে' ইত্যাদি স্থলে 'তা সঞে রভস-রস কভু নাহি হোয়' খ; 'কানু সঞে রভস কবহু' ইত্যাদি প-র, প-র-সা।

১১। 'বর' স্থলে 'অতি' প-র-সা, প-র।

১২। 'মনোরথে' স্থলে 'মনো অব' প-র-সা; 'মনোভব' প-র।

১৩। 'দেয়ব সোই' স্থলে 'করবহি জোয়' প-র-সা; 'করবহি মোয়' প-র।

১৪। 'ঐছে নহ' স্থলে 'যৈছন' প-র-সা; 'জানহ ধনি' প-র।

টীকা

৭—৮। "সো বর নাগর" ইত্যাদি। তিনি নাগর-শিরোমণি; (তাঁহার) অনুরাগ নূতন অর্থাৎ নবীনত্ব হেতু উচ্ছ্বাসময়; (তাঁহার) বাসনায় মদন পাঁচটি শরের সহিত জাগিয়া আছে অর্থাৎ তিনি কামাভিলাষে উচ্ছৃঙ্খল হইয়াছেন।

সখীর উক্তি।

পঠমঞ্জরী।

হামারি বচন শুন রাই।
দূরহিঁ তাক পরশ বিনে অব তুহুঁ
মন্দিরে ভয় অবগাই॥
বিদগধ রসিক- শিরোমণি নাগর
দরশে বুঝবি ব্যবহার।
ঐছন সংশয় আর তুহুঁ না করবি
শুভক্ষণে কর অভিসার॥
ঐছন বচন শুনিয়া বর মুগধিনি
নিজ প্রিয় সহচরি মেলি।
বেশ বনাই কত যে মনে সংশয়
কালিন্দি-তীরহিঁ গেলি॥
অপরূপ কুঞ্জ- কুটিরে নব নাগর
পথ হেরি আকুল পরাণ।
সকল সখী পরবোধি মিলায়ল
যদুনন্দন রস গান॥১২॥৬৫॥

কামোদ।১

এ² ধনি পদুমিনি সহজেই ছোটি।
করে ধরইতে কত করুণা কোটি॥
হঠ-পরিরম্ভণে নহি নহি বোল।
হরি-ডরে হরিণী হরি-হিয়ে ডোল³॥
বালি বিলাসিনি আকুল কান।
মদন-কৌতুকি কিয়ে হঠ নাহি মান॥
নয়নক অঞ্চল চঞ্চল ভান⁴।
জাগল মনমথ⁵ মুদিত নয়ান॥
বিদ্যাপতি কহ ঐছন রঙ্গ।
রাধামাধব পহিলহিঁ⁶ সঙ্গ॥১৩॥৬৬॥

অত্র "সুরত-তিয়াসে ধয়ল পহুঁ পাণি" ইত্যাদি পদং যথাসম্ভবং গেয়ম্।

ইতি তৃতীয়পল্লবঃ।

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ২৬৪ সংখ্যক পদ।

২। 'এ' খ, ঘ, চ স্থলে 'একে' ক, গ; 'ও' প-র-সা: 'একে' পাঠ ধরিলে, বাক্য-সমাপ্তির জন্য অপর পদ প্রদর্শন করা আবশ্যক; এ স্থলে তাহা নাই; সুতরাং 'এ' কিংবা 'ও' পাঠই সমীচীন।

৩। 'হঠ-পরিরম্ভণে' ইত্যাদি পংক্তিদ্বয়ের পরিবর্ত্তে প-র-সা পুথিতে 'মদন কৌতুকি' ইত্যাদি পংক্তির পরে নিম্নলিখিত পংক্তিদ্বয় দৃষ্ট হয়; যথা,—

"নয়নে নিঝরে ঝর লহু লহু বোল।
হরি হই ভোর হরিণী হই ভোর॥"

৪। 'নয়নক অঞ্চল' ইত্যাদি স্থলে 'নয়নক অঞ্জনে চঞ্চল কান' প-র-সা।

৫। 'মনমথ' স্থলে 'মনসিজ' প-র-সা।

৬। 'পহিলহিঁ' স্থলে 'হোয়ব' প-র-সা।

টীকা

১—২। "এ ধনি" ইত্যাদি। এই শ্রীরাধা পদ্মিনী-জাতীয়া স্বভাবতঃ ক্ষীণাঙ্গী; (শ্রীকৃষ্ণ) হাতে ধরিলে (শ্রীরাধার) কোটি কোটি কাতরোক্তি নির্গত হইল।

৩—৪। "হঠ" ইত্যাদি। (শ্রীকৃষ্ণের) বলপূর্ব্বক আলিঙ্গনে শ্রীরাধা 'না না' বলিতে লাগিলেন; (বোধ হইল যেন), সিংহের ভয়ে হরিণী সিংহের ক্রোড়ে কম্পিত হইতেছে।

৫—৬। "বালি বিলাসিনি" ইত্যাদি। (শ্রীরাধা) বিলাস-লালসা-যুক্তা হইলেও বালিকা; (অপর পক্ষে) শ্রীকৃষ্ণ কামাকুল; (কিন্তু) মদন-কৌতূহল-বিশিষ্ট ব্যক্তি কোন্ বল-প্রকাশকে স্বীকার করে না? অর্থাৎ মদন-কৌতূহল বশতঃ সর্ব্ব-প্রকার বল-প্রকাশকেই স্বীকার করিয়া থাকে। রাধামোহন ঠাকুর পদামৃত-সমুদ্রের টীকায় "মদন-কৌতুকি" ইত্যাদি বাক্যের অর্থ লিখিয়াছেন,—"মদনকুতুকিনী নবকামাপি অধিকলজ্জাদিনা তস্য হঠং ন মনুতে, তত্র হেতুঃ—প্রথমতঃ পদ্মিনী, তত্রাপি তন্বঙ্গী; অতএব করস্পর্শে শোকস্থায়িভাবক-করুণ-রসাবির্ভাব-কোটয়ঃ কতিপয়া ভবন্তি।" এইরূপ অর্থ করিলে পরবর্ত্তী "জাগল মনমথ মুদিত নয়ান" বাক্যের সহিত সামঞ্জস্য রক্ষিত হয় না—কারণ, শ্রীরাধার শোক-স্থায়িভাবাত্মক করুণ রসের আবির্ভাব হইলে পরক্ষণেই তাঁহার কন্দর্প জাগরিত হওয়া ও সম্ভোগ-রসানুভূতি হেতু নয়ন মুদিত হওয়া কিরূপে সঙ্গত হইতে পারে? রাধামোহন ঠাকুর 'করুণা' শব্দের অর্থ 'করুণ রস' লিখিয়াছেন; তাহাও সঙ্গত নহে। 'করুণা' শব্দের অর্থ এ স্থলে 'কাতরোক্তি'; নবোঢ়া নায়িকাদিগের প্রথম প্রিয়-সম্মিলনে নানারূপ কাতরোক্তি স্বাভাবিক; উহা তাহাদিগের লজ্জা-ভয়ের ন্যায় বিলাস-বিভ্রমেরও সূচক বটে। তুলনা করুন;—

"বিনয়ে কর-পদ্ম করে ধরিয়া।
কহিছে তরুণী করুণা করিয়া॥
পতি হে প্রিয় হে বঁধু হে ক্ষম হে।
নব যৌবন জোরের যোগ্য নহে॥"—ভারতচন্দ্র।

অথ পূর্ব্বরাগঃ প্রকারান্তরম্ ।

শ্রীরাধিকায়া যথা ।

তদুচিতশ্রীমহাপ্রভুঃ ।

শ্রীরাগ ।১

নীরদ-নয়নে নীর[২] ঘন সিঞ্চনে
পুলক-[৩]মুকুল অবলম্ব ।
স্বেদ-মরন্দ বিন্দু বিন্দু চূয়ত[৪]
বিকসিত ভাব-কদম্ব ॥
কি পেখলুঁ নটবর গৌর কিশোর ।
অভিনব-হেম- কল্প-তরু সঞ্চরু
সুরধুনি-তীরে উজোর ॥ ধ্রু ॥
চঞ্চল চরণ- কমলতলে[৫] ঝঙ্করু[৬]
ভকত-ভ্রমরগণ ভোর ।
পরিমল লুবধ[৭] সুরাসুর ধাবই
অহনিশি রহত অগোর[৮] ॥
অবিরত প্রেম- রতন ফল বিতরণে
অখিল মনোরথ পূর ।
তাকর চরণে দীনহিন বঞ্চিত
গোবিন্দদাস রহু দূর ॥১॥৬৭॥

পাঠান্তর

১। এটি প-র পুথির ১৩।৫১ সংখ্যক পদ। 'শ্রীরাগ' স্থলে 'বিভাষ' প-র।

২। 'নীর' স্থলে 'নব' ক।

৩। 'পুলক' স্থলে 'পূরল' ক।

৪। 'চূয়ত' ক, প-র স্থলে 'চোয়ত' খ, ঘ, চ; 'চয়ত' গ।

৫। 'কমলতলে' স্থলে 'কমলে' খ।

৬। 'ঝঙ্করু' স্থলে 'সঙ্করু' প-র।

৭। 'লুবধ' স্থলে 'লোভে' প-র।

৮। 'অগোর' প-র স্থলে 'আগোর' ক—চ পুথি। 'আগোর' পাঠ স্বীকার করিলেও ছন্দের অনুরোধে 'আ' অক্ষরটির হ্রস্ব উচ্চারণ করিতে হইবে; 'অগোর' পাঠে 'অ' অক্ষরের হিন্দী ও মৈথিল ভাষার ন্যায় উচ্চারণ করিলে শুনিতে হ্রস্ব 'আ' অক্ষরের ন্যায়ই বোধ হয়; সুতরাং 'অগোর' ও 'আগোর' শব্দ দুইটির মধ্যে লিখার পদ্ধতিগত পার্থক্য ব্যতীত উচ্চারণ-গত কোন পার্থক্য নাই; পদাবলীর অনেক শব্দেই এরূপ 'অ' অক্ষর ও 'আ' অক্ষরের পার্থক্য কেবল লিখন-প্রণালীর পার্থক্য বলিয়া বুঝিতে হইবে; কিন্তু সমস্যা এই যে, লিখন-প্রণালীর এই পার্থক্য অনেক স্থলেই ভ্রান্তি-জনক হইলেও, বঙ্গভাষার প্রচলিত বর্ণ-বিন্যাস-প্রণালী পরিবর্ত্তিত করিলে আরও অধিক ভ্রান্তি-জনক হইবে কি না—তাহা বলা যায় না।

টীকা

১—৪। "নীরদ-নয়নে" ইত্যাদি। নীরদ অর্থাৎ জল-বর্ষী মেঘ-রূপ নেত্র হইতে অবিরত জল (নয়ন-পক্ষে অশ্রু-জল) বর্ষণ দ্বারা রোমাঞ্চ-রূপ অঙ্কুর উদ্গত হইয়াছে; (কিন্তু কি অদ্ভুত!) সেই অঙ্কুর হইতেই স্বেদ-কণারূপ মধু বিন্দু বিন্দু চ্যুত হইতেছে এবং ভাবরূপ কদম্ব-পুষ্প বিকসিত হইয়াছে; (অপর পক্ষে ভাব-সমূহ অঙ্গে প্রকাশিত হইয়াছে)।

৫—৭। "কি পেখলুঁ" ইত্যাদি। (সাধারণ তরুতে এরূপ হওয়া অসম্ভব, এমন কি, অভীষ্ট-ফল-দাতা স্বর্গের কল্প-তরুও যে অঙ্কুরিত হওয়া মাত্রই মধু বিতরণ করিতে কিংবা পুষ্প ধারণ করিতে পারে, এরূপ শোনা যায় নাই; আর উহার বর্ণও স্বর্ণবৎ নহে; সুতরাং) নটবর গৌরচন্দ্রকে কি অদ্ভুত দেখিলাম; (দেখিয়া বোধ হইল), অভিনব অর্থাৎ অদ্ভুত-মহিমশালী বাঞ্ছা-পূরণকারী নূতন এক স্বর্ণময় কল্প-তরু গঙ্গা-তীরে দীপ্তি পাইতেছেন।

১২—১৫। "অবিরত প্রেম" ইত্যাদি। পদ-কর্ত্তা স্বর্গের কল্প-তরু অপেক্ষা শ্রীগৌরাঙ্গের অত্যন্ত

শ্রেষ্ঠতার পরিচয় দিতে যাইয়া শব্দের ধ্বনি দ্বারা বুঝাইতেছেন যে, স্বর্গের কল্প-তরুর নিকট সর্ব্ব-সাধারণের গতি-বিধি নাই ;—কেবল কতিপয় পুণ্যবান্ লোকেই উহার নিকট যাইতে পারেন আর রত্নাদি ইন্দ্রিয়-ভোগ্য পদার্থ দান করা ব্যতীত ঐ কল্পতরুর ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ—এই চতুর্ব্বিধ পুরুষার্থ প্রদান করার শক্তি নাই ; কিন্তু নবদ্বীপের এই গৌরাঙ্গ-কল্পতরুটি—চতুর্ব্বর্গ কোন্ ছার, চতুর্ব্বর্গ হইতে যাহা শত গুণে শ্রেষ্ঠ, সেই প্রেম-রূপ পরম পুরুষার্থকেও যোগ্যাযোগ্য বিবেচনা না করিয়া প্রদানপূর্ব্বক অখিল জীবের মনোবাঞ্ছা পূর্ণ করিয়াছেন ; দীনহীন গোবিন্দদাস তাঁহার চরণে বঞ্চিত হইয়া (কর্ম্মদোষে) দূরে রহিয়াছে।

কানড়া।

আজু হাম কি পেখলুঁ নবদ্বীপচন্দ।
করতলে করই বয়ন অবলম্ব ॥
পুন পুন গতাগতি করু ঘর পন্থ।
খেনে খেনে[১] ফুলবনে চলই একান্ত ॥
ছল ছল নয়ন-কমল সুবিলাস।
নব নব ভাব করত পরকাশ ॥
পুলক-মুকুলবর ভরু সব দেহ।
রাধামোহন কছু না পায়ল খেহ ॥২॥৬৮॥

পাঠান্তর

১। 'খেনে খেনে' স্থলে 'ক্ষণে খেনে' ক

অথ শ্রীরাধিকাং প্রতি সখ্যুক্তিঃ।

বালাধানশী।[১]

রাধে নিগদ নিজং গদমূলম্।
উদয়তি তনুমনু কিমিতি তাপ-কুল-
মনুকৃত-বিকট-কুকূলম্ ॥ ধ্রু ॥
প্রচুর-পুরন্দর- গোপ-বিনিন্দক-[২]
কান্তি-পটলমনুকূলম্।
ক্ষিপসি বিদূরে মৃদুলং মুহুরপি
সংভৃতমুরসি[৩] দুকূলম্ ॥
অভিনন্দসি নহি চন্দ্র-রজোভর-
বাসিতমপি তাম্বূলম্।
ইদমপি বিকিরসি বর-চম্পক-কৃত-
মনুপম-দাম সচূলম্ ॥
ভজদনবস্থিতি- মখিল-পদে সখি
সপদি বিড়ম্বিত-তূলম্।
কলিত-সনাতন- কৌতুকমপি তব
হৃদয়ং স্ফুরতি সশূলম্ ॥৩॥৬৯॥

পাঠান্তর

১। এটি প-র পুথির ৩।৬২ সংখ্যক পদ ; খ ও ঘ পুথিতে এই পদটি 'তোহারি বেদন ছেদন কারণ' ইত্যাদি ৭১ সংখ্যক পদের পরে ৪র্থ পল্লবের ৫ম পদ-রূপে সন্নিবেশিত হইয়াছে।

২। 'বিনিন্দক' প-র স্থলে 'বিনিন্দিত' ক—চ।

৩। 'সংভৃতমুরসি' স্থলে 'সংবৃতমুরসি' প-র।

টীকা

১—৩। "রাধে" ইতি। হে রাধে! স্বং নিজং গদমূলং ব্যাধিনিদানং বদ। তব তনুমনু তনুং লক্ষীকৃত্য অনুকৃতং বিকটং কুকূলং তুষানলো যেন তৎ তাদৃশং তাপ-কুলং কিং কস্মাৎ কারণাৎ উদয়তি।

৪—৭। "প্রচুরে"তি। ত্বং প্রচুরপুরন্দর-গোপ-বিনিন্দক-কান্তিপটলং পুঞ্জীভূতেন্দ্রগোপানাং দ্যুতি-জয়ি কান্তি-বিশিষ্টং তেভ্যোঽপি লোহিততরমিত্যর্থঃ অনুকূলং সুখস্পর্শং উরসি সংভৃতং ধৃতং মৃদুলং সূক্ষ্মমপি দুকূলং উত্তরীয়ং মুহুর্ব্বারং বারং বিদূরে ক্ষিপসি।

৮—১১। "অভিনন্দসি" ইতি। চন্দ্ররজো-ভরেণ কর্পূর-ধূলি-চয়েন বাসিতং সুগন্ধীকৃতং তাম্বূল-মপি ন অভিনন্দসি সাদরং ন গৃহ্ণাসি। বর-চম্পক-

কৃতং ইদং অনুপমং উৎকৃষ্টং সচূলং চূড়য়া সীমন্ত-ভূষণেন সহিতং দাম মাল্যমপি বিকিরসি বিক্ষিপসি।

১২—১৫। "ভজদনবস্থিতি"মিতি। হে সখি! অখিলপদে সর্ব্বস্মিন্ স্থানে শয্যাসনাদৌ ইত্যর্থঃ অনবস্থিতিং অনবস্থানং ভজৎ বিভ্রৎ সর্ব্বত্র অভিনিবেশ-শূন্যং সপদি তৎক্ষণাৎ বিড়ম্বিত-তূলং অনুকৃত-তূলকং ক্ষণমপ্যেকত্রানবস্থিতেঃ তূলমিব লঘু কলিতং ধৃতং সনাতনে শ্রীকৃষ্ণে কৌতুকং কুতূহলং যেন তৎ কৃত-কৃষ্ণসঙ্গাভিলাষমপি তব হৃদয়ং সশূলং শূল-যুক্তং স্ফুরতি। পক্ষে কলিতং সনাতনং চির-স্থায়ি কৌতুকং যেন ইত্যর্থাবগতেঃ চিরন্তন-কৌতুকস্য সশূলত্বং সবেদনত্বং ন সম্ভবতীতি বিরোধাভাসঃ অলঙ্কারঃ। সনাতন-শব্দস্য শ্রীকৃষ্ণার্থ-স্বীকারাত্তচ্ছঙ্গতেঃ। পক্ষে কলিতং জনিতং সনাতন-নামক-পদকর্ত্তুঃ কৌতুকং যেন তৎ তাদৃশম্। বিপ্রলম্ভ-শৃঙ্গার-বর্ণনোত্তরং শ্রীকৃষ্ণেণ সঙ্গমং দিদৃক্ষোঃ পদকর্ত্তুঃ কুতূহলং স্থান এবেত্যলং বিস্তরেণ।

অনুবাদ

১—৩। হে রাধে! তুমি নিজের ব্যাধির কারণ বল; দারুণ তুষানলের ন্যায় সন্তাপ-সমূহ তোমার দেহে কেন প্রকাশিত হইতেছে?

৪—৭। পুঞ্জীভূত ইন্দ্রগোপ-কীটের কান্তি হইতে লোহিততর বক্ষঃস্থলে উত্তরীয়-বসন মৃদুল ও সুখ-স্পর্শ হইলেও কি জন্য উহা দূরে নিক্ষেপ করিতেছ?

৮—১১। তাম্বূল কর্পূর-চূর্ণ দ্বারা সুবাসিত হইলেও কি জন্য গ্রহণ করিতেছ না? আর এই সীমন্ত-ভূষণ সহ উৎকৃষ্ট চম্পক-পুষ্পমাল্যকে কি জন্য ছুড়িয়া ফেলিতেছ?

১২—১৫। হে সখি! সমস্ত বিষয়ে অভিনিবেশ-হীন তোমার হৃদয় কলিত-সনাতন-কৌতুক হইলেও কি জন্য শূল-যুক্ত বোধ হইতেছে?

'কলিত-সনাতন-কৌতুক' শব্দটির ত্রিবিধ অর্থ আছে; প্রথম অর্থ,—'শ্রীকৃষ্ণের সঙ্গমে অভিলাষ-যুক্ত।' দ্বিতীয় অর্থ,—'চির-স্থায়ি-কৌতুহল-যুক্ত'। তৃতীয় অর্থ,—'সনাতন-নামক কবির কৌতুহলের উৎপাদক'। 'রম্যবস্তু-সমালোকে লোলতা স্যাৎ কুতূহলম্।' রম্য বস্তুর দর্শন জন্য চিত্তের-চঞ্চলতাকে 'কুতূহল' বলা হয়; এই 'কুতূহল' ভাবটি নিজে ক্লেশ-জনক নহে; বরং ইহাতে স্ফূর্ত্তি-জনিত এক প্রকার আনন্দই অনুভূত হইয়া থাকে;— এই কৌতূহল ভাবটি চিরস্থায়ী হইলে হৃদয়ে ক্লেশ আসিতে পারে না; সুতরাং 'কলিত-সনাতন-কৌতুক' শব্দের দ্বিতীয় অর্থটির সহিত 'শূল-যুক্ত' শব্দটির অর্থ-বিরোধ ঘটায় এবং প্রথম অর্থ-দ্বারা সেই বিরোধের মীমাংসা হওয়ায় ইহা আপাততঃ বিরুদ্ধ উক্তি বলিয়া বোধ হইলেও প্রকৃত পক্ষে বিরুদ্ধ নহে বলিয়া অলঙ্কার-শাস্ত্রের বর্ণিত 'বিরোধাভাস' অলঙ্কার হইল। শ্রীরাধা-কৃষ্ণের বিপ্রলম্ভ-শৃঙ্গার বর্ণনের পরে তাঁহাদিগের সম্ভোগ-মিলন দর্শনের জন্য পদ-কর্ত্তার কৌতুহল হওয়া স্বাভাবিক; সুতরাং এই হিসাবে শ্রীরাধার হৃদয়কে পদকর্ত্তার কৌতুহলের উৎপাদক বলা যাইতে পারে। "কলিত-সনাতন-কৌতুক" শব্দের তৃতীয় অর্থের সহিতও 'শূল-যুক্ত' শব্দের আপাত-বিরোধ হেতু বিরোধাভাস অলঙ্কার ঘটিয়াছে; বাহুল্যবশতঃ উহার ব্যাখ্যা করা হইল না; সহৃদয় পাঠক-বর্গ উহার মর্ম্মোদ্ধার করিয়া লইবেন।

ধরাড়ি।১

নিশসি নিহারসি[২] ফুটল কদম্ব।
করতলে বদন সঘন[৩] অবলম্ব॥
খেনে তনু মোড়সি করি কত ভঙ্গ।
অবিরল-পুলক-মুকুল ভরু অঙ্গ॥
এ ধনি[৪] মোহে না করু আন[৫] ছন্দ।
জানলুঁ ভেটলি শ্যামর চন্দ॥ধ্রু॥
ভাব কি গোপসি গুপত[৬] না রহই।
মরমক বেদন বদন সব কহই॥

যতনে নিবারসি নয়নক লোর।
গদগদ শবদে কহসি আধ বোল ॥
আন ছলে অঙ্গন আন ছলে পন্থ।
সঘনে গতাগতি করসি একন্ত[৭] ॥
ছুরে রহু[৮] গৌরব গুরুজন[৯] লাজ।
গোবিন্দদাস কহ পড়ল অকাজ ॥৪॥৭০॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ৯৫ সংখ্যক ও প-র পুথির ৩৬০ সংখ্যক পদ।

২। 'নেহারসি' খ, ঘ, চ, প-র; প-র-সা।

৩। 'বদন সঘন' স্থলে 'সঘনে বদন' প-র।

৪। 'এ ধনি' স্থলে 'এ সখি' প-র; 'সুন্দরি' প-র-সা।

৫। 'করু আন' প-র-সা, গ স্থলে 'করু অরু' ক, খ, ঘ, চ; 'কর অরু' প-র।

৬। 'গুপত' প-র স্থলে 'গোপত' ক—চ, প-র-সা।

৭। 'একন্ত' প-র স্থলে 'একান্ত' ক—চ, প-র-সা।

৮। 'রহু' স্থলে 'কর' প-র-সা।

৯। 'গৌরব গুরুজন' প-র-সা স্থলে 'গুরুজন গৌরব' ক—চ, প-সা।

টীকা

৫—৬। "এ ধনি" ইত্যাদি। ধনি! আমার নিকট তুমি অন্য ভাব করিও না অর্থাৎ প্রকৃত ভাব গোপন করিয়া অন্য অলীক ভাব প্রকাশ করিও না; (তোমার পূর্ব্বোক্ত কার্য্যগুলির দ্বারা) জানিতে পারিলাম, তুমি শ্যামচান্দের সঙ্গে সম্মিলিত হইয়াছ!

১১—১২। "আন ছলে" ইত্যাদি। তুমি এক বার এক ছলে আঙ্গিনায়, আবার আর এক ছলে আঙ্গিনার নিকটবর্ত্তী পথে সর্ব্বদা কেবল যাতায়াত করিতেছ!

ধানশী।[১]

তোহারি বেদন ছেদন কারণ
পুন পুন পূছিয়ে তোয়।
তুহু উর[২] ধরি ধরি মরি মরি বোলসি
সূধ বূধ সব খোয় ॥
আলি রি হামরা তোহারি কিয়ে নহিয়ে[৩]।
যো তুয়া দূখে দুখায়ত শত-গুণ
তাহারে কি বেদন[৪] না কহিয়ে ॥ধ্রু॥
এ তুয়া সঙ্গিনি রঙ্গিনি রসিকিনি
কহিলে কি আওব লাজে।
ফণি-মণি ধরব শমন-ভবনে যাব
যৈছে সিধায়ব কাজে[৫] ॥
হাম আগুয়াওনি[৬] আগুনি[৭] পৈঠব
বৈঠব যোগিনি-সাজে।
তন্ত্র মন্ত্র যত শত শত ঢূড়ব[৮]
বূড়ব[৯] সাগর মাঝে[১০] ॥
ভাবনা ও[১১] তুয়া অন্তরে অন্তরু
কহিলে কি রহে তাপ-লেশ।
বিন্দু[১২] ইন্দুমুখি সিন্ধু উতারব[১৩]
বোলহ বচন বিশেষ ॥৫॥৭১॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ১২৫ সংখ্যক পদ।

২। 'উরু' ঘ, চ, প-র-সা।

৩। 'আলি রি' ইত্যাদি পংক্তি স্থলে 'আলি রি মোরা কিয়ে আপন নহিয়ে' প-র-সা।

৪। 'তাহারে কি বেদন' স্থলে 'তাহে কিয়ে বেদন' প-র-সা।

৫। 'ফণি-মণি' ইত্যাদি পংক্তিদ্বয়ের পরিবর্ত্তে প-র-সা পুথির পাঠ যথা;—

"তন্ত্র মন্ত্র যত পূজব শত শত
সিদ্ধি কবর তুয়া কাজে।"

৬। 'আগুয়াগুনি' ঘ স্থলে 'আগুয়াগুলি' চ; 'আগুয়ানি' ক, খ, গ; 'আগুন আনি' প-র-সা।

৭। 'আগুনি' স্থলে 'আগুনি ম' প-র-সা।

৮। 'তন্ত্র মন্ত্র' ইত্যাদি পংক্তির পরিবর্ত্তে প-র-সা পুথির পাঠ;—

'ফণি-মণি ধরব　শমন-ভবনে যাব'

৯। 'বূড়ব' স্থলে 'ডুবব' প-র-সা।

১০। 'বূড়ব সাগর মাঝে' পংক্তির পরে প-র-সা পুথির অতিরিক্ত পাঠ যথা;—

"হাম আসোয়াসে　স্বাষ ঘন মন মাহা
তাপসি সঙ্কট তাপে।
না পাইয়া ভেদ　খেদ মন মাহা
চির দুঃসহ চির তাপে॥"

১১। 'ভাবনা ও' স্থলে 'ভাব-লাভ' খ—চ; 'ভাব নাব' ক; 'ভাব-নাও' প-র-সা; 'ভাব-লাভ' পাঠে কোন সঙ্গত অর্থগ্রহ হইল না; আমাদিগের বোধ হয় যে, প্রাচীন পুথির 'ভাবনা ও' শব্দ দুইটি লিপিকরগণ কর্তৃক ভ্রমবশতঃ 'ভাব নাও', 'ভাব লাভ' লিখিত হইয়া এই পাঠ-বিভ্রাটের সৃষ্টি করিয়াছে।

১২। 'বিন্দু' স্থলে 'বিন্দু কহে' প-র-সা।

১৩। 'উতারহ' প-র-সা।

টীকা

১—৪। "তোহারি" ইত্যাদি। তোমার বেদনার ছেদন অর্থাৎ ভঞ্জনের জন্য তোমাকে পুনঃ পুনঃ (বেদনার কারণটি) জিজ্ঞাসা করিতেছি, (কিন্তু তুমি) বক্ষ ধারণ করিয়া অর্থাৎ নিজের দুই হস্তে বেদনা নিবারণের জন্য নিজের বুকটি চাপিয়া ধরিয়া, কেবল 'মরিলাম মরিলাম' বলিতেছ; (তোমার এই ব্যবহারে আমাদিগের) বুদ্ধি-শুদ্ধি সব লোপ পাইতেছে!

৫—৭। "আলি রি" ইত্যাদি। হে সখি! আমরা কি তোমার নহি? যে তোমার দুঃখে শত-গুণ দুঃখ অনুভব করে, তাহারে কি বেদনা বলিতে হয় না?

১৬—১৯। "ভাবনা ও" ইত্যাদি। ঐ ভাবনা অর্থাৎ শ্রীকৃষ্ণের সহিত কিরূপে মিলন হইবে, সেই চিন্তা তোমার অন্তরকে অন্তরিত করিল অর্থাৎ আচ্ছন্ন করিয়া ফেলিল; (প্রিয়-সখীগণের নিকট) বলিলে কি লেশমাত্র সন্তাপও থাকিতে পারে? হে চন্দ্র-বদনে! তোমার জন্য পদ-কর্ত্তা বিন্দু সমুদ্র উত্তীর্ণ হইবে—(তুমি একবার তাহাকে) সেই কথাটি বল।

তত্র স্বয়মুক্তিঃ।

পাহিড়া।[১]

কুটিলং মামব-　লোক্য নবাম্বুজ-
মুপরি চুচুম্ব স রঙ্গী।
তেন হঠাদহ-　মভবং বেপথু-
মণ্ডল-সঞ্চলদঙ্গী॥
ভাবিনি[২] পৃচ্ছ ন বারং বারম্।
হন্ত বিমুহ্যতি　বীক্ষ্য মনো মম
বল্লব-রাজকুমারম্॥ ধ্রু॥
দাড়িম-লতিকা-　মনু নিস্তল-ফল-
নমিতাং স দধে হস্তম্।
তদনুভবান্মম　ধর্ম্মোজ্জ্বলমপি
ধৈর্য্য-ধনং গতমস্তম্॥
অদশদশোক-　লতা-পল্লবময়-
মতনু-সনাতন-নর্ম্মা।
তদহমবেক্ষ্য　বভূব চিরং বত
বিস্মৃত[৩]-কায়িক-কর্ম্মা॥৬॥৭২॥

পাঠান্তর

১। এটি প-র পুথির ৩।২২ সংখ্যক পদ। 'পাহিড়া' স্থলে 'ধানশ্রী' প-র।

২। 'ভাবিনি' স্থলে 'ভামিনি' গ পুথি।

৩। 'বিস্মৃত' স্থলে 'বিস্মিত' ক, খ, ঘ।

টীকা

১—৪। "কুটিল"মিতি। রঙ্গী বিলাসী স কৃষ্ণঃ মাং কুটিলং বক্রং যথা স্যাৎ তথা অবলোক্য নবাম্বুজং পদ্মকোরকং করে গৃহীত্বেতি যাবৎ উপরি তদগ্র-ভাগে চুচুম্ব। তেন হেতুনা অহং হঠাদকস্মাৎ বেপথু-মণ্ডল-সঙ্কুলদঙ্গী সাত্ত্বিকভাবোদয়াৎ কম্পাকুলদেহা অভবম্।

৫—৭। "ভাবিনি" ইতি। হে ভাবিনি মনস্বিনি সখি! মাং বারং বারং ন পৃচ্ছ। হন্ত খেদে, মম মনশ্চিত্তং বল্লবরাজ-কুমারং গোপেন্দ্রসূনুং দৃষ্ট্বা বিমুহ্যতি ব্যাকুলতামাপদ্যতে।

৮—১১। "দাড়িমলতিকা"মিতি। নিস্তলফল-নমিতাং সুবর্ত্তুল-ফলভারেণ অবনতাং দাড়িমলতিকা-মনু দাড়িমলতাং লক্ষীকৃত্য স কৃষ্ণঃ হস্তং দধে অর্পিতবান্। তদনুভবাৎ তস্য মৎকুচস্পর্শে অভি-লাষং অনুভূয় ধর্ম্মোজ্জ্বলমপি ধর্ম্মানুষ্ঠানেন ভাস্বরমপি মম ধৈর্য্যরত্নং অস্তং গতং বিনষ্টং জাতম্।

১২—১৫। "অদশদশোক" ইতি। অতনু বহু সনাতনং নিত্যং নর্ম্ম ক্রীড়া যস্য কিংবা অতনোঃ কন্দর্পস্য সনাতনং নর্ম্ম যস্মাৎ, পক্ষে অতনু প্রভূতং সনাতনস্য তন্নামককবেঃ নর্ম্ম আনন্দো(যস্মাৎ স অতনু-সনাতন-নর্ম্মা অয়ং শ্রীকৃষ্ণঃ অশোক-লতায়াঃ পল্লবং কিসলয়ং অদশৎ দষ্টবান্। অহং তৎ অশোক-পল্লব-দংশনং অবেক্ষ্য তেনাসৌ মদধর-খণ্ডনেচ্ছুরিতি জ্ঞাত্বেতি ভাবঃ বিস্মৃতকায়িককর্ম্মা নেত্রস্পন্দনাদি-কর্ম্মাপি কর্ত্তুমক্ষমা চিরং বভূব, বতেতি বিস্ময়ে।

অনুবাদ

১—৪। সেই বিলাসী শ্রীকৃষ্ণ আমাকে বঙ্কিম-নয়নে নিরীক্ষণ করিয়া, পদ্ম-কোরক করে ধারণ করিয়া, তাহার উপরে চুম্বন করিলেন; তাহাতে আমি অকস্মাৎ (সাত্ত্বিক-ভাবের উদয় হেতু) কম্পাকুলদেহা হইয়া পড়িলাম।

৫—৭। হে ভাবিনি! পুনঃ পুনঃ কেন জিজ্ঞাসা করিতেছ? হায়! গোপেন্দ্র-নন্দনকে দেখিয়া আমার চিত্ত ব্যাকুল হইয়াছে।

৮—১১। তিনি সুবর্ত্তুল ফলের ভারে আনমিত দাড়িম-তরুর শাখায় হস্ত অর্পিত করিলেন,—তাঁহার সেই ভাব বুঝিয়া, ধর্ম্মানুষ্ঠান দ্বারা সমুজ্জ্বল হইলেও আমার ধৈর্য্য-রত্ন বিনষ্ট হইল।

১২—১৫। অতনু-সনাতন-নর্ম্মা* ইনি অশোক-লতার পল্লবে দংশন করিলেন, তাহা দেখিয়া আমি বহুক্ষণ পর্য্যন্ত সকল কার্য্য বিস্মৃত হইয়া (মন্ত্রমুগ্ধের ন্যায়) রহিলাম।

গান্ধার।১

ঢল ঢলং সজল জলদ তনু শোহন
মোহন অভরণ সাজ।
অরুণ-নয়ন-গতি বিজুরি-চমক জিতি
দগধল কুলবতি-লাজ॥
সজনি, যাইতে পেখলুঁ কান।
তব ধরি জগ ভরি ভরল কুসুম-শর
নয়নে না হেরিয়ে আন॥ ধ্রু॥
মঝু মুখ দরশি বিহসি তনু মোড়ই
বিগলিত মোহন বংশ।
না জানিয়ে কোন মনোরথে আকুল
কিশলয়-দলে করু দংশ॥
অতয়ে সে মঝু মন জ্বলতহি অনুখন
দোলত চপল পরাণ।
গোবিন্দ দাস মিছই আশোয়াসল
অবহুঁ না মীলল কান॥৭॥৭৩॥

* অতনু (বহু) এবং সনাতন (নিত্য) নর্ম্ম (ক্রীড়া) যাঁহার, কিংবা অতনু অর্থাৎ কন্দর্পের সনাতন নর্ম্ম যাঁহা হইতে এবং পক্ষান্তরে—অতনু (প্রভূত) পদ-কর্ত্তা সনাতনের নর্ম্ম (আনন্দ) যাঁহা হইতে—এইরূপ সমাস দ্বারা 'অতনু-সনাতন-নর্ম্মা' শ্লিষ্ট শব্দটি সিদ্ধ হইয়াছে।

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ৯৬ ও ১৮৭ সংখ্যক ও প-র পুথির ৩।১৬ সংখ্যক পদ।

২। 'ঢর ঢর' প-র-সা।

৩। 'পেখলুঁ' স্থলে 'ভেটলুঁ' প-র-সা।

টীকা

১—৪। "ঢল ঢল" ইত্যাদি। শ্রীকৃষ্ণের ঢল-ঢল সজল জলধরের তুল্য শোভাময় দেহ; তাহাতে মনোহর আভরণ শোভা পাইতেছে; তাঁহার অরুণ-প্রান্ত নয়নের গতি অর্থাৎ কটাক্ষ-দৃষ্টি বিদ্যুতের দীপ্তিকে পরাজিত করিয়া কুলাঙ্গনাদিগের লজ্জাকে ভস্মীভূত করিল। বিদ্যুৎ বৃক্ষাদি স্থূল পদার্থ-সমূহকেই দগ্ধ করিতে পারে—অশরীরী পদার্থকে স্পর্শ করার শক্তি উহার নাই,—কিন্তু শ্রীকৃষ্ণের অপাঙ্গ-দৃষ্টি কুলাঙ্গনাদিগের সযত্নে রক্ষিত হৃদ্গত অশরীরী লজ্জাকেও মুহূর্ত্তের মধ্যে ভস্মীভূত করিয়া ফেলিয়াছে; সুতরাং বিদ্যুৎ অপেক্ষা অপাঙ্গ-দৃষ্টির শ্রেষ্ঠতা প্রমাণিত হওয়ায়, 'ব্যতিরেক' অলঙ্কার হইল।

১০—১১। "না জানিয়ে" ইত্যাদি পংক্তিদ্বয়ে সনাতন-গোস্বামীর পূর্ব্ববর্ত্তী পদের "অদশদশোক-লতা" ইত্যাদি পংক্তির ভাব গৃহীত হইয়াছে।

ধানশী।১

চূড়ক চূড়ে২ ময়ুর-শিখণ্ডক৩
মণ্ডিত মালতি-মাল৪।
সৌরভে উনমত৫ ভ্রমরা ভ্রমরি কত
চৌদিকে করত ঝঙ্কার॥
সজনি! কো কহে৬ কাম অনঙ্গ।
কেলি-কদম্ব-তলে সো রতি-নায়ক
পেখলুঁ নটবর-ভঙ্গ॥ ধ্রু॥
কতহুঁ বিষম শর৭ নয়ন-তূণ ভর
সঞ্চরু ভাঙ-কামানে।
নাগরি৮-নারি- মরম মাহা হানই
লখই না পারই আনে॥
শ্রুতি-মূলে চঞ্চল মণিময় কুণ্ডল
দোলত মকর-আকার।
গোবিন্দদাস অতয়ে অনুমানল
মদনমোহন অবতার॥৮॥৭৪॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ৯৮ সংখ্যক ও প-র পুথির ৩।১৮ সংখ্যক পদ।

২। 'চূড়ে' প-র-সা, প-র স্থলে 'চূড়' ক—চ।

৩। 'ময়ূর-শিখণ্ডক' স্থলে 'শিখণ্ডি-শিখণ্ডক' প-র-সা; 'শিখণ্ডক মণ্ডিত' প-র।

৪। 'মণ্ডিত মালতি-মাল' স্থলে 'মালতি মধুকর-মাল' প-র।

৫। 'উনমত' স্থলে 'মধুমত' প-র-সা ও প-র।

৬। 'কহে' স্থলে 'কহু' প-র-সা ও প-র।

৭। 'বিষম শর' স্থলে 'কুসুম শর' প-র।

৮। 'নাগরি' স্থলে 'নাগর' প-র-সা।

টীকা

১—২। "চূড়ক চূড়ে" ইত্যাদি। তাঁহার চূড়ার চূড়ায় অর্থাৎ অগ্রভাগে ময়ূরের পুচ্ছ; (উহা) মালতীর মালায় শোভিত।

৮—১১। "কতহুঁ বিষম" ইত্যাদি। তিনি নয়নরূপ তূণে কতই দারুণ (কটাক্ষ) বাণ ভরিয়া রাখিয়াছেন; (উহার দুই চারিটি) ভ্রূরূপ ধনুতে সঞ্চরণ করিতেছে এবং নাগরী নারীদিগের মর্ম্মের মাঝে আঘাত করিতেছে—(মদনের অদৃশ্য শরের ন্যায় এই শরও) অন্যে লক্ষ্য করিতে পারে না।

১২—১৫। "শ্রুতি-মূলে" ইত্যাদি। (তিনি যে মূর্ত্তিমান্ মদন—উহার অপর প্রমাণ) তাঁহার কর্ণ-মূলে মণিময় মকরের আকারবিশিষ্ট কুণ্ডল

দুলিতেছে ; অতএব (অর্থাৎ পূর্ব্বোক্ত কারণ হইতে) পদ-কর্ত্তা গোবিন্দদাস অনুমান করিলেন—(ইনি মদন নহেন, কিন্তু) মদনের মোহকারী (অপ্রাকৃত মদনাবতারস্বরূপ) শ্রীকৃষ্ণ বটে। মদনের ধ্বজে মকরের মূর্ত্তি আছে বলিয়া মদনকে 'মকর-কেতন', 'মীন-কেতন', 'মকর-ধ্বজ' ইত্যাদি নামে অভিহিত করা হয় ; শ্রীকৃষ্ণের কর্ণেও মকরাকৃতি কুণ্ডল দোদুল্যমান ; অতএব শ্রীরাধা তাঁহাকে মকর-কেতন মূর্ত্তিমান্ কন্দর্প বলিয়া অনুমান করিয়াছেন।

শ্রীরাগ।[১]

মরকত-দরপণ বরণ উজোর।
হেরইতে প্রতি অঙ্গ[২] অনঙ্গ আগোর ॥
না বুঝল কি কহল অরুণ নয়ানে[৩]।
হানত[৪] অতয়ে কুসুম-শর বাণে[৫] ॥
এ সখি কাহে ভেটলুঁ নন্দ-নন্দনা।
মন্দির গহন দহন ভেল চন্দনা ॥ ধ্রু ॥
তৈখনে দখিন পবন ভেল বাম।
সহই না পারিয়ে হিমকর-নাম ॥
সাজহ শেজ কমলদল পাতি[৬]।
কুলবতী যুবতি লেউ নিজ শাতি ॥
তাহি রহল মন লোচন লাগি।
ধৈরজ লাজ গেল দুহুঁ[৭] ভাগি ॥
কী ফল একল[৮] বিকল পরাণ।
গোবিন্দদাস কহ শীলব কান ॥৯॥৭৫॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ৯৭ সংখ্যক ও প-র পুথির ৩।১৭ সংখ্যক পদ। 'শ্রীরাগ' স্থলে 'শ্রীগান্ধার' প-র।

২। 'অঙ্গ' স্থলে 'তনু' খ ; 'অঙ্গে' প-র-সা, প-র।

৩। 'নয়ান' প-র-সা, প-র।

৪। 'হানল' প-র-সা, প-র।

৫। 'বাণ' প-র-সা, প-র।

৬। 'পাতি' স্থলে 'পাঁতি' প-র।

৭। 'গেল দুহুঁ' স্থলে 'দূরে রহু' প-র-সা।

৮। 'একলী' প-র-সা।

টীকা

১—২। "মরকত-দরপণ" ইত্যাদি। তাঁহার উজ্জ্বল বর্ণ মরকত-দর্পণতুল্য ; তাহা দেখা মাত্র কন্দর্প আমার প্রত্যেক অঙ্গ অধিকার করিল। রাধামোহন ঠাকুর 'আগোর' শব্দের অর্থ লিখিয়াছেন,—"আগোর আগোল রলয়োরৈক্যাৎ রক্ষক ইত্যর্থঃ। অদ্যাপি গৃহাদেঃ শস্যাদের্ব্বা রক্ষকে দেশভাষয়া আগোল ইতি শব্দঃ কথ্যতে।" বস্তুতঃ আগ্‌লান বা রক্ষা করা অর্থ হইতেই বিদ্যাপতির—'দিনে দিনে অনঙ্গ আগোরল অঙ্গ' (৮২ সংখ্যক পদ) ইত্যাদি বাক্যের 'অধিকার করা' অর্থ আসিয়াছে। এ স্থলে 'আগোর' শব্দের 'অধিকারী' বা 'রক্ষক' অর্থ করিলে ভাল অর্থ হয় না।

৫—৬। "এ সখি" ইত্যাদি। হে সখি ! আমি কি জন্য নন্দ-নন্দনের সহিত মিলিত হইলাম ? (তাঁহার বিরহে এখন) বাস-গৃহ কানন ও (শীতল) চন্দন অগ্নিস্বরূপ হইল।

৭—৮। "তৈখনে দখিন" ইত্যাদি। সেই মুহূর্ত্তে দক্ষিণ অর্থাৎ দক্ষিণ-দিক্‌স্থিত মলয়-পবন আমার পক্ষে বাম অর্থাৎ প্রতিকুল হইল। (চন্দ্রের কিরণ সহ্য করা দূরে থাকুক), 'হিমকর' নামও সহিতে পারিতেছি না। শ্লিষ্ট 'দক্ষিণ' ও 'বাম' শব্দের 'ডাহিন' ও 'বাম' অর্থ ধরিলে, যে বস্তু ডাহিনে অবস্থিত, তাহা কিরূপে বামে অবস্থিত হইতে পারে ? এইরূপ বিরুদ্ধ উক্তি আপাততঃ প্রতীত হওয়ায় এবং প্রথমোক্ত অর্থ দ্বারা উহার মীমাংসা হওয়ায় এ স্থলে শ্লেষমূলক বিরোধাভাস অলঙ্কার হইয়াছে। তুলনা করুন ;—

"মনোভবানন্দন চন্দনানিল
প্রসীদ রে দক্ষিণ মুঞ্চ বামতাম্।"
—গীত-গোবিন্দ, ৭ম সর্গ।

৯—১০। "সাজহ" ইত্যাদি। (সখীগণ শ্রীরাধার বিরহ-জনিত অঙ্গ-তাপের শান্তির জন্ম সুশীতল পদ্ম-পত্র বিছাইয়া শয্যা রচনা করিতেছেন দেখিয়া শ্রীরাধা নির্ব্বেদ হেতু বলিতেছেন) কমল-দল বিছাইয়া শয্যা (সাজাইতেছ), সাজাও; কুলবতী যুবতী নিজের (উচিত) শাস্তি গ্রহণ করুক; অর্থাৎ আমি কুলাঙ্গনা হইয়া এবং বালিকা-বয়স অতিক্রম করিয়াও যে পর-পুরুষকে ভালবাসার অনিষ্ট ফল বুঝিতে পারি নাই—আমার সেই ক্ষমার অযোগ্য পাপ-কর্ম্মের জন্ম আমার সমুচিত শাস্তি ভোগ করা একান্ত সঙ্গত; পদ্ম-দলে শয়ন করিয়া আমি সেই শাস্তি এখন লইব। তুলনা করুন;—

"ভাল ভেল মাধব তুহুঁ রহু দূর।
অযতনে ধনিক মনোরথ পূর॥
কী ফল অম্বর হিম-ঋতু রাতি।
যাহাঁ শুতলি কিসলয়-দল পাতি॥"
—গোবিন্দদাস।

রাধামোহন দাস কহই সতি[২]
ইহ নহ বয়স[৩]-বিলাস।
যছু লাগি কলিযুগে প্রকট শচীসুত
সোই ভাব-পরকাশ ॥১০॥৭৬॥

পাঠান্তর

১। 'পরম' স্থলে 'মরম' ক।

২। 'রাধামোহন' ইত্যাদি পংক্তি স্থলে 'রাধা-মোহন দাস কহই সতি সতি' ক; 'রাধামোহন দাস কহই সতি শুনহ' গ।

৩। 'নহ বয়স' স্থলে 'নব বয়সে' ক।

টীকা

১২—১৫। "রাধামোহন" ইত্যাদি। পদ-কর্ত্তা রাধামোহন সত্য বলিতেছেন, ইহা বয়স-বিলাস অর্থাৎ যৌবন-সুলভ চপলতা নহে; যাহার জন্ম শচী-সুত গৌরাঙ্গ প্রকট হইয়াছেন, (ইহা) সেই (প্রেম)-ভাবের প্রকাশ!

অথ শ্রীকৃষ্ণস্য পূর্ব্বরাগঃ।

তদুচিত শ্রীগৌরচন্দ্রঃ।

কামোদ।

দেখ সখি গৌর পরম[১] অনুপাম।
শৈশব তারুণ লখই না পারিয়ে
তবহুঁ জিতল কোটি কাম॥
সুরধুনি-তীরে সবহুঁ সখা মেলি
বিহরয়ে কৌতুক রঙ্গী।
কবহুঁ চঞ্চল-গতি কবহুঁ ধীর-মতি
নিন্দিত-গজ-গতি-ভঙ্গী॥
থীর নয়নে খেনে ভোরি নেহারই
খেনে পুন কুটিল কটাখ।
কবহুঁ ধৈরজ ধরি রহই মৌন করি
কবহুঁ কহই লাখে লাখ॥

আদৌ নামশ্রবণে যথা।

সুহিনী।

সখি রাধা নাম কি[১] কহিলে।
শুনি কাণ মন[২] জুড়াইলে॥
কত নাম আছয়ে গোকুলে।
হেন হিয়া না করে আকুলে॥
ওই[৩] নামে আছে কি মাধুরী।
শ্রবণে রহল সুধা ভরি॥
চিতে নিতি মুরতি বিকাশ।
অমিয়া-সায়রে যেন বাস॥
আঁখিতে দেখিতে করে সাধ।
এ যদুনন্দন মন কান্দ॥ ১১ ॥ ৭৭ ॥

পাঠান্তর

১। 'কি' স্থলে 'কে' ক।

২। 'কাণ মন' গ স্থলে 'মন কাণ' ক, খ, ঘ ও চ।

৩। 'ওই' ঘ, চ স্থলে 'ঐ' ক, খ, গ।

টীকা

৭—৮। "চিতে নিতি" ইত্যাদি। (নাম ও নামীর অভেদ হেতু) শ্রীরাধার নাম-উচ্চারণে আমার চিত্তে তাঁহার মূর্ত্তি সর্ব্বদা প্রকাশ পাইতেছে; (তাহাতে) বোধ হয় যেন, আমার অমৃতের সাগরে বাস ঘটিতেছে!

তথা।

রাধা নাম কি কহিলে আগে।
শুনইতে[১] মনমথ জাগে॥
সখি, কাহে কহলি উহ নাম।
মন মাহা নাহি লাগে আন॥
কহ তছু অনুপম রূপ।
বুঝলম অমিয়া স্বরূপ॥
হেরইতে আঁখি করে আশ।
কহে রাধামোহন দাস॥১২॥৭৮॥

পাঠান্তর

১। 'শুনইতে' স্থলে 'শুনি মনে' খ।

টীকা

৩—৪। "সখি কাহে" ইত্যাদি। হে সখি! তুমি কি জন্য ঐ 'রাধা' নাম কহিলে? (উহা শুনিয়া) মনে আর অন্য কিছুই (ভাল) লাগিতেছে না। তৃতীয় পংক্তির 'সখি' শব্দটি ছন্দের অনুরোধে স্বতন্ত্র পড়িতে হইবে অর্থাৎ ঐ 'সখি' শব্দটির পরে একটু অধিক যতি দিয়া তৎপরে 'কাহে কহলি' ইত্যাদি পড়িতে হইবে। এই পদের প্রত্যেক চরণে ১২টি মাত্রা আছে; কেবল ৩য় পংক্তিতে 'সখি' শব্দটি অতিরিক্ত। ধ্রুব-কলির আদিতে এইরূপ অতিরিক্ত শব্দের প্রয়োগের দৃষ্টান্ত পদাবলী হইতে অনেক দেওয়া যাইতে পারে।

সখ্যুক্তিঃ।

বয়ঃসন্ধি-রূপং যথা।

কি কহব মাধব বুঝই না পারি।
কিয়ে ধনি বালা কিয়ে বরনারী॥
রস-পরসঙ্গ শুনই সুখ পাব।
রসবতি-সঙ্গ ছোড়ি নাহি যাব॥
আধ আধ চাহি যাই পথ আধা।
রস-পরসঙ্গ শুনই বহু সাধা॥
হামরা[১] দুই জনে পথে একু মেলি।
সো আন্ জন সঞে করু আন[২] খেলি॥
যব কছু পুছিয়ে উত্তর না পাব।
অধরক পাশে হাসি পশি যাব॥
ঐছন হেরি দৈব ভেল সঙ্গ।
বিহি উদগীম চাহি দিল ভঙ্গ॥১৩॥৭৯॥

পাঠান্তর

১। 'হামরা' স্থলে 'আমরা' ক, খ।

২। 'করু আন' স্থলে 'করতহি' গ।

টীকা

৩—৪। "রস-পরসঙ্গ" ইত্যাদি। সে রসালাপ শুনিয়া সুখ পায়; (তাই) রসিকা সহচরীর সঙ্গ পরিত্যাগ করিয়া (কোথায়ও) যায় না। মুগ্ধা নায়িকার স্বভাব এই যে, সে অন্যের মুখে প্রিয়তমের সংসৃষ্ট রস-পূর্ণ আলাপ শুনিতে ভালবাসে; তাই দর্পণকার লিখিয়াছেন,—

"অন্যৈঃ প্রবর্ত্তিতাং শশ্বৎ সাবধানা চ তৎকথাম্।
শৃণোত্যন্যত্র দত্তাক্ষী প্রিয়ে বালানুরাগিণী॥"

—সাহিত্য-দর্পণ, ৩য় পরিচ্ছেদ।

৫—৬। "আধ আধ" ইত্যাদি। (যদি একান্তই কোন কারণে প্রিয়তমের সম্বন্ধে রসালাপ-কারিণী সখীর সঙ্গ ছাড়িয়া যাইতে হয়, তাহা হইলে) সখীর দিকে লজ্জা হেতু আধ আধ দৃষ্টিপাত করিয়া অর্দ্ধেক পথ যায়—অর্থাৎ একটুকু যাইয়াই কোন কিছুর ছল

করিয়া দাঁড়ায়; (যে হেতু) রসালাপ শুনিতে তাহার অত্যন্ত সাধ। নায়িকার মনের ভাব এই যে, তাহার সুখ-দুঃখে সখীর যদি প্রকৃতই সমবেদনা থাকে, তাহা হইলে নিশ্চিতই অন্যত্র গমনে তাহার ঐরূপ শৈথিল্য দেখিয়া তাহার মনের ভাবটি বুঝিয়া তাহাকে কোন কৌশলে ফিরাইবে!

৭—১০। "হামরা" ইত্যাদি। আমরা দুই জনে অর্থাৎ শ্রীরাধা এবং আমি পথে এক সঙ্গে যাইতেছি, সে (আমার প্রতি কৃত্রিম অবজ্ঞা প্রকাশ করার অভিপ্রায়ে) অন্য কোন সমবয়স্কার সহিত অন্য কোন ক্রীড়া করিতেছে; (আমি তাহার প্রকৃত মনোভাব বুঝার জন্য) কোন কথা জিজ্ঞাসা করিয়াও যখন উত্তর পাইতেছি না, (তখন) তাহার অধরের কোণে (একটু) হাস্য ফুটিয়া উঠে; অর্থাৎ সে ঈষৎ হাস্য দ্বারা আমার প্রতি তাহার সেই অবজ্ঞার ভাবটি যে কৃত্রিম, তাহা বুঝাইয়া দেয়!

১১—১২। "ঐছন হেরি" ইত্যাদি পংক্তি-দ্বয়ের অর্থ ভালরূপে বুঝা গেল না। এই পদটির ভণিতা না থাকিলেও ইহা বিদ্যাপতির উৎকৃষ্ট বয়ঃসন্ধির পদের সহিত তুলনার অযোগ্য নহে। ইহা বিদ্যাপতির রচিত গণ্য করা যায় কি?

ধানশী।

খেলত না খেলত লোক দেখি লাজ।
হেরত না হেরত সহচরি মাঝ॥
শুন শুন মাধব তোহারি দোহাই।
বড় অপরূপ আজু পেখলুঁ রাই॥
মুখ-রুচি মনোহর অধর সুরঙ্গ।
ফুটল বান্ধুলি কমলক সঙ্গ॥
লোচন জনু থির-ভৃঙ্গ-আকার।
মধু-মাতল কিয়ে উড়ই না পার॥
ভাঙুক ভঙ্গিম থোরি জনু।
কাজরে সাজল মদন-ধনু॥
ভণয়ে বিদ্যাপতি দোতিক বচনে।
বিকসল অঙ্গ না যায়ত ধরণে॥১৪॥৮০॥

টীকা

১—২। "খেলত" ইত্যাদি। কখনও খেলে, কখনও বা খেলে না—লোক দেখিয়া লজ্জা হয় অর্থাৎ লোক দেখিয়া লজ্জাবশতঃ খেলা ছাড়িয়া দেয়; কখনও বাঞ্ছিত বস্তুর দিকে তাকায়, কখনও বা সখীদিগের মধ্যে পড়িলে (লজ্জা হেতু) তাকায় না।

১১—১২। "ভণয়ে" ইত্যাদি। বিদ্যাপতি দূতীর এই কথায় বলিতেছেন, বিকসিত অর্থাৎ যৌবনোদ্গম দ্বারা প্রকাশিত অঙ্গ (স্তন নিতম্ব প্রভৃতি) ধরিতে পারা যায় না অর্থাৎ টানিয়া অঙ্গে লুক্কায়িত করিয়া রাখা যায় না; অর্থাৎ নায়িকা যৌবন-গোপনের যতই চেষ্টা করুক না কেন, সে যে সম্ভোগ-ক্ষম যৌবন প্রাপ্ত হইয়াছে, তাহাতে সন্দেহের কারণ নাই;—তাহার যৌবন-স্ফীত অঙ্গই উহার প্রমাণ দিতেছে!

শ্রীরাগ।

কহইতে সো ধনি বচন না শুন।
পহিল সম্ভাষে পুছই নাহি পুন॥
আন পরথাই যাই যব পাশে।
আন সম্ভাসি আন পরিহাসে॥
শুন শুন মাধব তুহুঁ সুচতুর।
কিয়ে বিধি পরসন্ন কিয়ে প্রতিকূল॥
লাজে লাজাই কহলুঁ এক বেরি।
যতনহি নয়ন-কোণে নাহি হেরি॥
মুকুলিত করজ-কুসুম নাহি ভেল।
হেরি হেরি ভ্রমর নিরাশ ভৈ গেল॥
কুবলয় কর চির চিকুর চিয়াব।
কিয়ে পরকিত' কিয়ে ভাব বুঝাব॥
অপর সে আন সঞে প্রিয়সখি সঙ্গে।
জ্ঞানদাস কহে বুঝল অনঙ্গে॥১৫॥৮১॥

পাঠান্তর

১। 'পরকিত' ক স্থলে 'পরখিত' খ—চ।

টীকা

৩—৪। "আন পরথাই" ইত্যাদি। (তোমার কথা লইয়া তাহার নিকটে গেলে, সে তৎক্ষণাৎ ঐ স্থান পরিত্যাগ করিবে ভাবিয়া) অন্য প্রস্তাব করিয়া যখন তাহার নিকট যাই, (তখন সে আমার মনোগত ইচ্ছাটি বুঝিতে পারিয়াছে, ইহা দেখাইবার জন্য কিংবা অন্য যে কারণেই হউক, আমার কথার প্রসঙ্গে কোন কথা না বলিয়া) অন্য কথা দ্বারা আমাকে সম্ভাষণ করে এবং অন্য কথা উপলক্ষ করিয়া আমার প্রতি পরিহাস-বাক্য প্রয়োগ করে।

৫—৬। "শুন শুন" ইত্যাদি। হে মাধব! তুমি ত সুচতুর, (ইহা দ্বারা বুঝিয়া লও), বিধাতা (তোমার প্রতি) প্রসন্ন হইয়াছেন, না প্রতিকূল রহিয়াছেন।

১১—১২। "কুবলয়" ইত্যাদি। 'কুবলয়' ইত্যাদি পংক্তির অর্থ বুঝা গেল না; দ্বিতীয় পংক্তি 'কিয়ে পরকিত' ইত্যাদির অর্থ বোধ হয় এই যে—(ইহা) কি প্রকৃত, কিংবা ভাব অর্থাৎ কৃত্রিম বিলাস বুঝাইতেছে?

১৩—১৪। "অপর সে" ইত্যাদি। অন্য কাহারও নিকট হইতে প্রিয়-সখীর সঙ্গে (থাকিলে) সেই নায়িকা অপর অর্থাৎ অন্যভাবাপন্ন হয়। অর্থাৎ অন্যের নিকট সে সলজ্জা বালিকার ন্যায় থাকে; কিন্তু প্রিয়-সখীদিগের সঙ্গে সে রসালাপ ও হাস্য-পরিহাস করে। (সুতরাং) জ্ঞানদাস কহিতেছে, (নায়িকা) অনঙ্গকে বুঝিয়াছেন অর্থাৎ তিনি কাম-কলা-কৌশল শিখিয়াছেন।

তিরোথা।১

শৈশব যৌবন দুহুঁ মিলি গেল২
শ্রবণক পথ দুহুঁ লোচন নেল॥
বচনক চাতুরি লহু লহু হাস।
ধরণিয়ে৩ চাঁদ করত পরকাশ॥
মুকুর লেই অব৪ করত শিঙ্গার।
সখিরে পুছই কৈছে৫ সুরত বিহার॥
নিরজনে উরজ হেরত৬ কত বেরি।
হাসত আপন পয়োধর হেরি॥
পহিল বদরি সম পুন নবরঙ্গ৭।
দিনে দিনে অনঙ্গ আগোরয়ে অঙ্গ॥
মাধব পেখলুঁ অপরূপ বালা।
শৈশব যৌবন দুহুঁ এক ভেলা॥
বিদ্যাপতি কহ তুহুঁ অগেয়ানি।
দুহুঁ এক যোগ ইহকে কহে
সেয়ানি॥১৬॥৮২॥

পাঠান্তর

১। এটি প-র পুথির ৭।৬ ও ৭।৭ সংখ্যক পদ। 'তিরোথা' স্থলে 'শ্রীরাগ' প-র।

২। 'শৈশব' ইত্যাদি পংক্তি স্থলে 'শৈশব ছিল নব যৌবন ভেল।' প-র।

৩। 'ধরণিতে' প-র।

৪। 'অব' স্থলে 'মুখ' প-র।

৫। 'সখিরে পুছই কৈছে' স্থলে 'সখি ঠামে পুছয়ে' প-র।

৬। 'হেরত' স্থলে 'পেখয়ে' প-র।

৭। 'পহিল' ইত্যাদি পংক্তি হইতে বাকী পংক্তিগুলি প-র পুথিতে নূতন পদ (৭।৭) গণ্য করা হইয়াছে এবং উহাতে নিম্নলিখিত পাঠান্তর ও অতিরিক্ত কলি দৃষ্ট হয়; যথা,—

"পহিলে বদরি কুচ পুন আন রঙ্গ।
দিনে দিনে বাঢ়ল পিড়য়ে অনঙ্গ॥
সো অব ভৈ গেল বিজকপূর।
অব কুচ বাঢ়ল শ্রীফল জোর॥
মাধব পেখলুঁ রমণি সন্ধান।
ঘাটহি ভেটল করত সিনান॥
তনুসুখ বসন তনু হিয়ে লাগি।
যো পুরুখ দেখব তাকর ভাগি॥

উরহি লোলত চাঁচর কেশ।
জনু, চামরে ঝাপল কনক মহেশ॥
ভণয়ে বিদ্যাপতি শুনহ মুরারি।
সুপুরুখ বিলসই সো বর নারী॥

টীকা

১—২। "শৈশব" ইত্যাদি। শ্রীরাধার শৈশব ও যৌবন দুইটি অবস্থার সম্মিলন হইল অর্থাৎ তিনি শৈশবের শেষ সীমা ও যৌবনের প্রারম্ভ—এই দুটি অবস্থার সন্ধি-স্থলে উপনীত হইলেন। (তাঁহার) নেত্র-দ্বয় শ্রবণের পথ লইল অর্থাৎ দৃষ্টি কর্ণের দিকে গমন করিতে লাগিল অর্থাৎ অপাঙ্গ-দৃষ্টি আরম্ভ হইল।

তথা।১

খেনে খেনে নয়ন-কোণে অনুসরই।
খেনে খেনে বসন ধূলি তনু ভরই২॥
খেনে খেনে দশন ছটাছটি হাস৩।
খেনে খেনে অধর আগে৪ করু বাস॥
চৌঙকি৫ চলয়ে খেনে খেনে চলু মন্দ।
মনমথ-পাঠ পহিল অনুবন্ধ॥
হৃদয়জ মকুলিত৬ হেরি হেরি থোর।
খেনে আঁচর দেই খেনে হয়ে ভোর॥
বালা শৈশবে৭ তারুণ ভেট।
লখই না পারিয়ে জেঠ কনেঠ॥
বিদ্যাপতি কহে শুন বর কান৮।
তরুণিম শৈশব চিহ্নই না জান৯ ॥১৭॥৮৩॥

অত্র "দিনে দিনে উন্নত পয়োধর পীন"
ইত্যাদি পদং গেয়ম্।

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ৯৮ সংখ্যক ও প-র পুথির ৭১৮ সংখ্যক পদ। 'তথা' স্থলে 'বড়ারি' প-র।

২। 'খেনে খেনে' ইত্যাদি পংক্তি স্থলে 'খেনে খেনে ঢুলি ঢুলি বসন তনু ভরই' প-র-সা।

৩। 'ছটাছটি হাস' স্থলে 'ছুটি অটহাস' প-র-সা।

৪। 'আগে' স্থলে 'রাগ' প-র-সা।

৫। 'চৌঙকি' স্থলে 'চৌকি' প-র; 'রোখি' প-র-সা।

৬। 'মকুলিত' প-র, প-র-সা স্থলে 'মকুলি' ক, গ, ঘ, চ; 'মুকুল' খ।

৭। 'শৈশব' ক—চ।

৮। 'বর কান' স্থলে 'বিশ্বরূপ' প-র-সা।

৯। 'তরুণিম' ইত্যাদি পংক্তি স্থলে 'রসিক জনা-চিতে লাগে অপরূপ' প-র-সা।

টীকা

৯—১০। "বালা শৈশবে" ইত্যাদি। বালা শ্রীরাধা শৈশব-অবস্থায় তারুণ্য অর্থাৎ যৌবনের সাক্ষাৎ পাইলেন; (শৈশব ও যৌবন—এই দুইটির মধ্যে) কে বড়, কে ছোট অর্থাৎ কোন্‌টির প্রভাব বেশী, লক্ষ্য করিতে পারি না; অর্থাৎ কোন সময়ে শ্রীরাধা বালিকা-ভাবের পরিচয় দিতেছেন এবং পরক্ষণেই যুবতীর ন্যায় আচরণ করিতেছেন; সুতরাং তাঁহাকে বালিকা বলিব, কি যুবতী বলিব—বুঝিয়া উঠিতে পারি না।

শ্রীকৃষ্ণস্য উক্তিঃ।

তথা।

রাধা বয়স কহসি তুহুঁ থোর।
মন মাহা মনসিজ তব কাহে মোর॥
ইথে যদি১ সজনি কহসি নানা ছন্দ।
বুঝলম কহসি সকলি২ পুন ধন্দ॥
হামারি শপথি তোহে কহ কথি রূপ।
শ্রবণ-রসায়ন অমিয়া স্বরূপ॥
নামহি যাক অবশ ভেল অঙ্গ।
কহ রাধামোহন প্রেম-তরঙ্গ ॥১৮॥৮৪॥

পাঠান্তর

১। 'যদি' স্থলে 'জানি' খ।

২। 'সকল' খ।

ততো দর্শনম্।

বালা ধানশী।১

হেরইতে হেরি না২ হেরি।
পুছইতে কহই৩ না কহ পুন বেরি॥
চতুর সখী সঞে বসই।
রস-পরিহাসে হসই না হসই॥
পেখলুঁ ব্রজ-নব-নারী।
তরুণিম শৈশব লখই না পারি॥ধ্রু॥
হৃদয়-নয়ন-গতি-রীতে৪।
সো কিয়ে আন নহত পরতীতে৫॥
ঐছন হেরইতে গোরি।
হঠ সঞে পৈঠল মন মাহা মোরি॥
তবহিঁ কুসুম-শর জোরি৬।
ছুটল বাণ ফুটল হিয়ে মোরি৭॥
গোবিন্দদাস চিতে জাগ।
চাঁদকি লাগি সুরজ উপরাগ॥১৯॥৮৫॥

পাঠান্তর

১ এটি প-র-সা পুথির ৬৮ সংখ্যক ও প-র পুথির ৬।১৬ সংখ্যক পদ। 'বালা ধানশী' স্থলে 'সুহই' প-র।

২। 'না' স্থলে 'না পুছই' প-র-সা।

৩। 'পুছইতে কহই' স্থলে 'পুছইতে বাত' প-র-সা।

৪। 'রীত' প-র-সা, প-র।

৫। 'পরতীত' প-র-সা, প-র।

৬। 'জোর' প-র-সা।

৭। 'মোর' প-র-সা।

৭—৮। "হৃদয়-নয়ন" ইত্যাদি। (সেই ব্রজাঙ্গনার) হৃদয় ও নয়নের গতি ও রীতি দ্বারা উহা কি আমার অনুমিত নবানুরাগ কিংবা অন্য কোনও ভাব—তাহা নিশ্চিত ধারণা হয় না।

১১—১২। "তবহিঁ কুসুম-শর" ইত্যাদি। এই বাক্যের 'কুসুম-শর' শব্দটির 'কন্দর্প' কিংবা 'কুসুম-রূপ শর' দুই রকম অর্থই করা যাইতে পারে; প্রথমোক্ত অর্থ গ্রহণ করিলে 'জোরি' অর্থাৎ 'যোজনা করিলেন'—এই সকর্ম্মক ক্রিয়ার কর্ম্ম-পদ 'কুসুম-শর' উহ্য করিতে হইবে; শেষোক্ত অর্থ গ্রহণ করিলে 'জোরি' ক্রিয়ার কর্ত্তৃ-পদ 'কুসুম-শর' (কন্দর্প) উহ্য করিতে হইবে; কর্ম্ম-পদ কিংবা কর্ত্তৃ-পদ উহ্য না করিয়া এই বাক্যের অর্থ করা যাইতে পারে না। রাধামোহন ঠাকুর তাঁহার পদামৃত-সমুদ্রের টীকায় লিখিয়াছেন যে, ইহাতে রচনার দোষ না হইয়া "পদ-চ্যুতি" নামক উৎকৃষ্ট অলঙ্কার হইয়াছে; কেন না, মহাকবি গোবিন্দ কবিরাজ শ্রীকৃষ্ণের বিরহজনিত চিত্ত-বিপ্লব বুঝাইবার জন্যই তাঁহার বাক্যে পূর্ব্বোক্তরূপ 'পদ-চ্যুতি' দেখাইয়াছেন।

১৩—১৪। "গোবিন্দদাস" ইত্যাদি। রাধামোহন ঠাকুর এই পংক্তিদ্বয়ের এইরূপ অর্থ লিখিয়াছেন যে, পদ-কর্ত্তা শ্রীকৃষ্ণের পূর্ব্বোক্ত বৈবশ্য দর্শনে তাঁহাকে আশ্বস্ত করিবার উদ্দেশ্যে বলিতেছেন,—চন্দ্রের জন্যই সূর্য্যের রাহু-গ্রাস হইয়া থাকে। ইহার তাৎপর্য্য এই যে, সূর্য্য-গ্রহণের নির্দ্দিষ্ট কাল অমাবস্যা তিথিতে চন্দ্র সূর্য্যের সহিত একত্র অর্থাৎ একই রাশিতে অবস্থান করিয়া থাকেন; সুতরাং সে সময়ে রাহু চন্দ্রকে গ্রাস করিতে গেলেও উহার ফলে সূর্য্য-গ্রহণই হইয়া থাকে এবং তাহাতে সমধর্ম্মাক্রান্ত বলিয়া সূর্য্য ও চন্দ্রের সমান ক্লেশই জন্মিয়া থাকে—বরং চন্দ্রের কিছু অধিক ক্লেশ হয়; এ স্থলে চন্দ্র-রূপিণী শ্রীরাধা সূর্য্য-রূপী শ্রীকৃষ্ণের

হৃদয়ে বাস করিতেছেন বলিয়া রাহুরূপী কন্দর্প যদিও উভয়েরই ক্লেশ জন্মাইতেছে, তথাপি শ্রীরাধার জন্যই শ্রীকৃষ্ণের ক্লেশ—ইহা দ্বারা শ্রীরাধাকেই কন্দর্পের বাণের লক্ষ্য বলিয়া জানা যাইতেছে। সুতরাং রাধামোহন ঠাকুরের মতে এ স্থলে 'অপহ্নুতি' অলঙ্কার ব্যঞ্জিত হইতেছে।

রাধামোহন ঠাকুরের পূর্ব্বোক্ত ব্যাখ্যার তাৎপর্য্য এই যে, দুর্দ্দান্ত ব্যক্তিগণ সবল অপেক্ষা দুর্ব্বলের প্রতিই অধিক অত্যাচার করিয়া থাকে;—সুতরাং তীক্ষ্ণ-কিরণ রবি অপেক্ষা শীত-রশ্মি চন্দ্রই রাহুর অত্যাচারের প্রধান লক্ষ্য; সেই দৃষ্টান্ত অনুসারে গোবর্দ্ধন-ধারী শ্রীকৃষ্ণ অপেক্ষা সুকুমারী শ্রীরাধাই কন্দর্প-বাণের প্রধান লক্ষ্য হওয়া স্বাভাবিক বটে; অতএব শ্রীরাধা কাম-শরের বিষয়ীভূত হইয়াছেন কি না, শ্রীকৃষ্ণের এরূপ সন্দেহের কোনই কারণ নাই।

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ৭০ সংখ্যক ও প-র পুথির ৬।৪৭ সংখ্যক পদ। 'বালা ধানশী' স্থলে 'বড়ারি' প-র।

২। 'চমকময়' স্থলে 'চমকি মোতি' প-র-সা; 'চমক জুতি' প-র।

৩। 'চল' স্থলে 'চলি' প-র; 'যুগ' ক, খ।

৪। 'দেখ সখি' স্থলে 'সজনি' প-র।

৫। 'কো ধনি' স্থলে 'পেখলুঁ' খ; 'সো ধনি' প-র।

৬ 'খেলি' স্থলে 'কেলি' প-র।

৭। 'বন' স্থলে 'দল' প-র।

৮। 'চিনলহু' স্থলে 'চীহ্নই' ঘ; 'চিহ্নই' ক, খ, চ 'চিনই' গ।

৯। 'চিনই' স্থলে 'চিহ্নই' ক—চ। 'চিহ্নই' পাঠে ছন্দোভঙ্গ হয়; কারণ, এ স্থলে 'চি' অক্ষরটি লঘু হওয়া আবশ্যক।

বালা ধানশী।১

যাহাঁ যাহাঁ নিকসয়ে তনু তনু-জোতি।
তাহাঁ তাহাঁ বিজুরি চমকময়২ হোতি॥
যাহাঁ যাহাঁ অরুণ চরণ চল৩ চলই।
তাহাঁ তাহাঁ থল-কমল-দল খলই॥
দেখ সখি৪ কো ধনি৫ সহচরি মেলি।
হামারি জিবন সঞে করতহি খেলি৬॥ধ্রু॥
যাহাঁ যাহাঁ ভঙ্গুর ভাঙ বিলোল।
তাহাঁ তাহাঁ উছলই কালিন্দি-হিলোল॥
যাহাঁ যাহাঁ তরল বিলোচন পড়ই।
তাহাঁ তাহাঁ নিল-উতপল বন৭ ভরই॥
যাহাঁ যাহাঁ হেরিয়ে মধুরিম হাস।
তাহাঁ তাহাঁ কুন্দ কুমুদ পরকাশ॥
গোবিন্দদাস কহ মুগধল কান।
চিনলহু৮ রাই চিনই৯ নাহি জান॥২০॥৮৬॥

টীকা

১—২। "যাহাঁ যাহাঁ" ইত্যাদি। যেখানে যেখানে ক্ষীণ অঙ্গ-জ্যোতি নির্গত হয়, সেখানে সেখানে দীপ্তি-যুক্ত বিদ্যুৎ (প্রকাশিত) হয়। বস্ত্রের ভিতর হইতে অঙ্গ-জ্যোতি প্রকাশিত হইতেছে বলিয়া উহাকে ক্ষীণ বলা হইয়াছে।

৩—৪। "যাহাঁ যাহাঁ" ইত্যাদি। যেখানে যেখানে শ্রীরাধার অরুণ চরণ থামিয়া থামিয়া চলে, সেখানে সেখানে স্থল-কমলের পাপড়ি কিংবা স্থল-কমল-সমূহ স্খলিত হয়। এ স্থলে লোহিত চরণ-যুগকেই অতিশয়োক্তি-অলঙ্কার দ্বারা 'স্থল-কমল-দল' বলিয়া বর্ণিত করা হইয়াছে। শ্রীরাধা নর্ত্তন-গতিতে থামিয়া থামিয়া চলিতেছেন, ইহা বুঝাইবার জন্যই 'চল চলই' অর্থাৎ 'চলিয়া চলিতেছে' বলা হইয়াছে।

গোবিন্দ কবিরাজের এই পদে বিদ্যাপতির "যাহাঁ

যাঁহা পদ-যুগ ধরই। তাঁহি তাঁহি সরোরুহ —৬
ইত্যাদি সুপ্রসিদ্ধ পদের ভাব গৃহীত হইয়াছে।

তথা।

শুন শুন এ সখি কর অবধান।
সে যে রমণী নিল হামারি পরাণ॥
যব ধরি না দেখিয়ে সো চাঁদ-মুখ।
তব্ ধরি মদন দ্বিগুণ দেই দুখ॥
ঝর-ঝর অনুখন এ দুই নয়ান।
জর-জর অন্তর না যায়ে পরাণ॥
তা সঞে রভস-রস যদি নাহি হোয়।
নিচয়ে না জীয়ব কহলম তোয়॥
দুই এক পলকে মিলব বরনারী।
যদুনন্দন তব যাও বলিহারি॥২১॥৮৭॥

ভূপালী।

এত শুনি দোতি চলল ধনি পাশ।
যৈছনে নাহক পূরয়ে আশ॥
বচনক ভাতি আপন হিয়ে সাঁচি।
মিললি মুগধি সঞে গুরুজনে বাঁচি॥
হেরি সুধামুখি হরিন-নয়ানী।
পুছইতে না পুছয়ে তা সঞে বাণী॥
কহ যদুনন্দন কর অবধান।
তোহারি নিয়ড়ে মুঝে ভেজল কান॥২২॥৮৮॥

টীকা

৩—৪। "বচনক ভাতি" ইত্যাদি। (শ্রীরাধার নিকটে যাইয়া যে ভাবে কথা পাড়িতে হইবে) কথার প্রণালী নিজের হৃদয়ে সঞ্চিত করিয়া অর্থাৎ ঘুটাইয়া লইয়া, (দূতী) শ্রীরাধার শাশুড়ী, ননদ প্রভৃতি গুরুজনদিগকে বঞ্চনা করিয়া অর্থাৎ তাঁহাদিগের দৃষ্টি-পথ এড়াইয়া মুগ্ধা নায়িকা শ্রীরাধার সহিত মিলিত হইল।

অথ শ্রীকৃষ্ণস্য দশদশা।

লালসোদ্বেগজাগর্য্যা তানবং জড়িমাত্র তু।
বৈয়গ্র্যং ব্যাধিরুন্মাদো মোহো মৃত্যুর্দ্দশা দশ॥

তত্র ক্রমেণ।

সুহই।[১]

চম্পকদাম হেরি চিত অতি কম্পিত[২]
লোচনে বহে অনুরাগ।
তুয়া রূপ অন্তরে জাগয়ে নিরন্তর
ধনি ধনি তোহারি সোহাগ[৩]॥
বৃষভানু-নন্দিনি জপয়ে রাতি দিনি
ভরমে না বোলয়ে আন।
লাখ লাখ ধনি[৪] বোলয়ে মধুর বাণি
সপনে না পাতয়ে কাণ[৫]॥ধ্রু॥
"রা" কহি "ধা" পহুঁ[৬] কহই[৭] না পারই
ধারা ধরি বহে লোর[৮]।
সোই পুরুখমণি[৯] লোটায় ধরণি পুন[১০]
কো কহ আরতি ওর[১১]॥
গোবিন্দদাস তুয়া চরণে নিবেদল
কানুক এতহুঁ[১২] সম্বাদ।
নীচয়ে জানহ[১৩] তছু দুখ-খণ্ডক
কেবল তুয়া পরসাদ[১৪]॥ ২৩॥৮৯॥

পাঠান্তর

১। এটি প-র সা পুথির ১৪৩ সংখ্যক ও প-র পুথির ৯।১৮ সংখ্যক পদ।

২। 'চম্পকদাম হেরি' ইত্যাদি পংক্তি স্থলে 'চম্পকদাম হেরি মুরছি রহু'—প-র-সা।

৩। 'চম্পকদাম' ইত্যাদি চারিটি পংক্তির স্থলে প-র পুথির পাঠ যথা;—

"চম্পক-দাম হেরি মুরছিত
লোচন ঝরু অনিবার।
ও রসে অন্তর জাগয়ে নিরন্তর
ধনি ধনি স্মরণ তোহার॥"

প-র-সা পুথিতেও 'তুয়া রূপ' স্থলে 'ও রসে' পাঠ আছে।

৪। 'ধনি' স্থলে 'যদি' প-র।

৫। অতঃপর প-র পুথিতে নিম্নলিখিত অতিরিক্ত কলি দৃষ্ট হয়; যথা,—

"হার দূর করি ঘন ঘন
চুম্বই মনমথ অঙ্গ।
ভাবে ভরল তনু রহই না পারই
প্রতি অঙ্গে রসের তরঙ্গ॥"

৬। 'পহুঁ' স্থলে 'বোল' প-র।

৭। 'কহই' স্থলে 'বোলই' প-র।

৮। 'ধারা ধরি' ইত্যাদি পংক্তি স্থলে 'ধারা বহে নয়নক লোর' প-র-সা; 'ধারা বহে বহু লোর' প-র।

৯। 'সোই পুরুখমণি' স্থলে 'পুরুখরতন বর' প-র-সা, প-র।

১০। 'লোটায়' ইত্যাদি স্থলে 'ধরণি লোটায়লি' প-র-সা; 'ধরণি লোটায়ই' প-র।

১১। অতঃপর প-র পুথিতে নিম্নলিখিত অতিরিক্ত কলিটি দৃষ্ট হয়; যথা,—

"তুয়া পথ নিরখিতে রজনী গোঙায়ই
দিবসে জপয়ে তুয়া নাম।
শয়ন সপনে মনে আন নাহি জানয়ে
তুয়া গুণ গায়ে অবিরাম॥"

১২। 'এতহুঁ' স্থলে 'ঐছে' ক; 'ইহ' চ; 'সকল' প-র।

১৩। 'জানহ' স্থলে 'জানিয়ে' প-র।

১৪। 'গোবিন্দদাস' ইত্যাদি ভণিতার কলিটির পরিবর্ত্তে প-র-সা পুথিতে নিম্নলিখিত কলি দৃষ্ট হয়; যথা,—

"হার দুর করি সঘনে আলিঙ্গই
চুম্বই মনমই অঙ্গ।
ভাম্বে সরস তনু ধরই না পারই
প্রতি অঙ্গ রসের তরঙ্গ॥"

প-র পুথির ৫ সংখ্যক পংক্তিগুলির সহিত উদ্ধৃত পংক্তিগুলির ও অন্যান্য বহু স্থলে উভয় পুথির পাঠের আশ্চর্য্য সাদৃশ্য প্রণিধান-যোগ্য।

আড়ানা।

কাঞ্চন-যূথি[১]-কুসুম-ময়[২] গোরি।
নিরমই মুরতি যতন করি তোরি॥
তুয়া অনুভাবে[৩] আলিঙ্গই তায়।
সো তনু-তাপে ভসম ভই[৪] যায়॥
শুন শুন ও[৫] বৃষভানু-কুমারি।
তুয়া বিরহানলে জ্বলত মুরারি॥
ঝামর নিল-উতপল-দল অঙ্গ।
লোরে না হেরয়ে[৬] নয়ন তরঙ্গ॥
বিগলিত মুরলি খুরলি রহু দূর।
অনুখন মদন-দহন ভরিপূর[৭]॥
বিছুরল পিঞ্ছ-মুকুট পরিপাটি।
সহচর[৮] মেলি মরত জিউ ফাটি॥
জীউ রহত অব তুয়া রস-আশে[৯]।
তোহারি চরণে কহে গোবিন্দদাসে॥

২৪॥৯০॥

পাঠান্তর

১। 'যূথি' স্থলে 'জোতি' প-র-সা, প-র।

২। 'কুসুমময়' স্থলে 'কুসুমময়ই' প-র।

৩। 'অনুভাবে' স্থলে 'অভিলাষে' প-র-সা, প-র।

৪। 'ভই' স্থলে 'হোই' প-র-সা।

৫। 'ও' স্থলে 'অহে' খ; 'এ' প-র-সা; 'শুন' প-র।

৬। 'হেরয়ে' স্থলে 'হেরিয়ে' খ; 'হেরই' প-র।

৭। 'ভরিপূর' স্থলে 'পরিপূর' ক, গ।

৮। 'সহচর' ক স্থলে 'সহচরি' খ, চ, প-র-সা, প-র।

৯। 'রস-আশে' স্থলে 'আশোয়াসে' খ; 'অভিলাষে' প-র-সা, প-র।

টীকা

১—২। "কাঞ্চন-যূথি" ইত্যাদি। হে গৌরাঙ্গি! (শ্রীকৃষ্ণ) স্বর্ণ-যূথি-পুষ্পময় তোমার মূর্ত্তি যত্নপূর্ব্বক নির্ম্মাণ করেন। স্বর্ণ-বর্ণ এক প্রকার যূথিকে 'কাঞ্চন-যূথি' অর্থাৎ 'স্বর্ণ-যূথি' বলা যায়; ইহার হিন্দী নাম 'সোন-জুহি'। "বিহারী-সত-সঙ্গ" নামক সুপ্রসিদ্ধ হিন্দী কাব্যে বহু স্থলে 'সোন-জুহি' শব্দের প্রয়োগ আছে।

৯—১০। "বিগলিত" ইত্যাদি। (মুরলির) খুরলি অর্থাৎ অভ্যাসবশতঃ পুনঃ পুনঃ বাদন দূরে থাকুক, (বিরহ-জনিত বৈবশ্যবশতঃ) তাঁহার (হস্তের) মুরলিটিই স্খলিত হইয়াছে; তিনি সর্ব্বদা মদনানলে পরিপূর্ণ হইয়াছেন।

১১—১২। "বিছুরল" ইত্যাদি। (শ্রীকৃষ্ণ) সুশোভন (চির-প্রিয়) ময়ূর-পুচ্ছের মুকুট বিস্মৃত হইয়াছেন; তিনি সহচর অর্থাৎ সখাদিগের সঙ্গে মিলিত হইয়া (বিরহ-তাপে) হৃদয় ফাটিয়া মরিতে যাইতেছেন। 'সহচর মেলি' শব্দ দুইটির ধ্বনি দ্বারা শ্রীকৃষ্ণের সখাগণও সম-বেদনা বশতঃ শ্রীকৃষ্ণের সঙ্গে মরিতে বসিয়াছেন; সুতরাং শ্রীকৃষ্ণের মনোবাঞ্ছা পূর্ণ না করিলে কেবল একটি নর-হত্যা হইবে না, শ্রীরাধাকে বহুসংখ্যক নর-হত্যার পাপে পাপী হইতে হইবে—ইহাই ব্যঞ্জিত হইতেছে

—

সুহই।[১]

গহন বিরহ-গহ[২] লাগি।
রজনি পোহায়ই[৩] জাগি॥
করতহিঁ তোহারি ধেয়ান।
নীঝরে ঝরই নয়ান[৪]॥
এ ধনি জনি কহ আন।
তো বিনে আকুল কান[৫]॥
শীতল পীত নিচোল।
তোহারি ভরমে করু কোর॥
সো রস পরশ না পাই।
মুরুছিত[৬] ধরণি লোটাই॥
মন মাহা মদন-তরঙ্গ।
ঘন ঘন মোড়ই অঙ্গ॥
কহত ভরমময় ভাষ[৭]।
না বুঝল গোবিন্দদাস॥ ২৫॥৯১

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ১৩৭ সংখ্যক ও প-র পুথির ৯১২০ সংখ্যক পদ।

২। 'গহন বিরহ-গহ' স্থলে 'গহন-বিরহগ' ক; 'গহন বিরহ-দাহ' খ; 'গহন বিরহ-দহ' গ; 'পহিল বিরহ-গহ' প-র।

৩। 'পোহায়ই' স্থলে 'পোহায়ল' প-র; 'পোহায়লু' প-র-সা।

৪। 'নীঝরে' ইত্যাদি প-স স্থলে 'নিঝরে ঝরয়ে দুনয়ান।' প-র; 'নিঝুরে ঝুরয়ে নয়ান' প-র-সা।

'করতহিঁ' ইত্যাদি চারিটি পংক্তি স্থলে ক, খ ও গ পুথিতে নিম্নলিখিত পংক্তি-দ্বয় আছে; যথা,—

'করতহি তোহারি ধেয়ান।
তো বিনে আকুল কান॥'

৬। 'মুরুছিত' স্থলে 'মুরছিল' প-র-সা।

৭। 'কহত' ইত্যাদি পংক্তি স্থলে 'কহতহিঁ গদ-গদ ভাষ।' ক—চ পুথি। 'কহত ভরম ভর বাস' প-র-সা।

টীকা

১—২। "গহন বিরহ-গহ" ইত্যাদি। রাধা-মোহন ঠাকুর ইহার অর্থ লিখিয়াছেন,—"গহনে বনে প্রক্রান্তরূপায়াস্তবৈব বিরহ এব গ্রহোহলাগীৎ অতো যামিনীরজাগরৎ।" অর্থাৎ বিরহ-তন্ময়তা হেতু

শ্রীকৃষ্ণ কানন-স্থলকে রাধাময় দেখিতেছেন; গহন অর্থাৎ কাননে শ্রীরাধার বিরহরূপ কুগ্রহ (শ্রীকৃষ্ণে) লগ্ন হইয়াছে; সেই জন্যই তিনি জাগিয়া রজনী পোহাইতেছেন। এইরূপ অর্থ করিতে হইলে দুই একটি পদ উহ্য ও একটু কষ্ট-কল্পনা করিতে হয়। আমরা 'গহন' (বিশেষণ) শব্দের 'নিবিড়' অর্থ ও 'লাগি' শব্দের 'জন্য' অর্থ ধরিয়া, সহজ অর্থ করাই সঙ্গত বোধ করি; অর্থাৎ গাঢ় বিরহরূপ কুগ্রহের জন্য শ্রীকৃষ্ণ রজনী জাগিয়া পোহাইতেছেন।

তথা।১

শুন শুন২ গুণবতি রাধে।
মাধব বধিলে কি সাধবি সাধে॥
চান্দ দিনহি দিন-হীনা।
সো পুন পালটি খেনে খেনে খীনা॥
অঙ্গুরি বলয়া পুন ফেরি৩।
ভাঙ্গি গঢ়ায়ব বুঝি কত বেরি॥
তোহারি চরিত নাহি জানি৪।
বিদ্যাপতি পুন শিরে কর হানি৫ ॥২৬॥৯২॥

পাঠান্তর

১। এটি প-র পুথির ৯১ সংখ্যক পদ।

২। 'শুন শুন' স্থলে 'ধনি ধনি' প-র।

৩। 'অঙ্গুরি' ইত্যাদি পংক্তি স্থলে 'অঙ্গুরি বলয় ভেল পুন পুন ফেরি' প-র।

৪। 'জানে' প-র।

৫। 'হানে' প-র।

টীকা

১—২। "শুন শুন" ইত্যাদি। গুণবতি শ্রীরাধে! আমার কথা শুন; মাধবকে বধ করিলে (তোমার) কোন্ সাধ অর্থাৎ অভিলাষ সিদ্ধ করিবে?

৩—৪। "চান্দ" ইত্যাদি। চন্দ্র দিবাভাগেই দীন-হীন অর্থাৎ কান্তি-সৌন্দর্য্য-বিরহিত রহে; কিন্তু সেই শ্রীকৃষ্ণ প্রতিক্ষণেই অধিক ক্ষীণ হইতেছেন। অর্থাৎ রজনীতে চন্দ্র নিজের বিলুপ্ত সৌন্দর্য্য প্রাপ্ত হয়; শ্রীকৃষ্ণের পক্ষে দিবা রাত্রি উভয়ই সমান; তিনি ক্রমেই অধিক কৃশ ও মলিন হইতেছেন।

৫—৬। "অঙ্গুরি" ইত্যাদি। শ্রীকৃষ্ণের অঙ্গুরীয় অত্যন্ত কৃশতা হেতু তাঁহার হাতের বালার ন্যায় ঘুরিতেছে; উহা বোধ হয়, কত বার ভাঙ্গিয়া গড়াইতে হইবে। তুলনা করুন;—

"অঙ্গুল-অঙ্গুরি বলয়া ভেল।
জ্ঞান কহে দুখ মদন দেল॥"

—প-ক-ত; ৪১ সংখ্যক পদ।

আড়ানা।১

মুদিত-নয়নে হিয়া ভুজযুগ২ চাপি।
শূতি রহল হরি৩ কছু না আলাপি॥
পরসঙ্গে কহলহি নামহি তোরি৪।
তবহি মেলিয়া৫ আঁখি চাহে মুখ মোরি৬॥
সুন্দরি৭ ইথে নাহি কহি৮ আন ছন্দ।
তোহে অনুরত ভেল শ্যামর-চন্দ ॥ধ্রু॥
যোই নয়ন-ভঙ্গি না সহে অনঙ্গ।
সোই নয়নে স্রবে৯ লোর-তরঙ্গ॥
যোই অধরে সদা মধুরিম হাস।
সোই নিরস ভেল দীঘ নিশাস॥
বিদ্যাপতি কহে মিছ নহ ভাখি১০।
গোবিন্দদাস কহ তুহুঁ তাহে সাখি১১॥
২৭॥৯৩॥

পাঠান্তর

১। এটি প-র পুথির ৯৫ সংখ্যক পদ।

২। 'ভুজযুগ' স্থলে 'ভুজে ভুজ' প-র।

৩। 'হরি' স্থলে 'তহি' প-র।

৪। 'কহলহি নামহি তোরি' স্থলে 'করলহি নামহি তোর' খ; 'কহলু নামহি তোর' প-র

৫। 'মেলি' প-র।

৬। 'মোর' খ, প-র।

৭। 'সুন্দরি' স্থলে 'এ ধনি' প-র।

৮। 'নাহি কহি' স্থলে 'না করবি' প-র।

৯। 'স্রবে' স্থলে 'হরি' প-র।

১০। 'ভাখি' স্থলে 'ভাতি' ক।

১১। 'গোবিন্দদাস' ইত্যাদি প-র পংক্তি স্থলে 'গোবিন্দদাস রহু [তুহু, ঘ, চ] তহি কৃত সাখি।' ক—চ।

টীকা

৫—৬। "সুন্দরি ইথে নাহি" ইত্যাদি। হে সুন্দরি শ্রীরাধে! ইহাতে অর্থাৎ পূর্ব্বোক্ত বিবরণে (আমি) অন্য প্রকার অর্থাৎ প্রকৃত ঘটনার অন্যথা বলিতেছি না; (সত্যই) তোমাতে শ্যামচান্দ অনুরক্ত হইয়াছেন।

১১—১২। "বিদ্যাপতি কহে" ইত্যাদি। বিদ্যাপতি কহিতেছেন, (পূর্ব্বোক্ত) বাক্য মিথ্যা নহে; (বিদ্যাপতির রচিত এই পদটি অসম্পূর্ণ অবস্থায় প্রাপ্ত হইয়া যিনি তাহার অবশিষ্ট অংশ পূরণ করিয়াছেন—সেই পদকর্ত্তা) গোবিন্দদাস কহিতেছেন—তুমি (রসিক-শ্রেষ্ঠ) বিদ্যাপতি তাহাতে সাক্ষী আছ অর্থাৎ দূতীর উক্তি প্রকৃত কি না, তাহা তুমি ভালরূপে অবগত আছ।

রাধামোহন ঠাকুর লিখিয়াছেন,—"বিদ্যাপতিরহং মিথ্যা ন ভণামি। ভো গোবিন্দদাস! তত্র ত্বং সাক্ষী, অতস্তদনুরাগোঽস্তি নাস্তীতি কথয়। পক্ষে বিদ্যাপতিঠক্কুরস্য গীতপূরণং গোবিন্দদাস-কবিরাজেন কৃতমিতি গম্যতে।" আমাদিগের বিবেচনায় রাধামোহন ঠাকুরের প্রতিপাদিত প্রথম অর্থ সঙ্গত নহে; কেন না, গোবিন্দ কবিরাজ বিদ্যাপতির সমকালে জীবিত ছিলেন না; সুতরাং তাঁহাকে সম্বোধন করিয়া ঐরূপ বলা বিদ্যাপতির পক্ষে সম্ভবপর ছিল না। এই পদটি বিদ্যাপতির মৈথিল পদাবলীর মধ্যে পাওয়া গেলে এই গোবিন্দদাস তাঁহার সমসাময়িক অন্য কোন গোবিন্দদাস বলিয়া অনুমান করা যাইতে পারিত; কিন্তু সেরূপ করার উপযুক্ত কোন কারণ পাওয়া যায় নাই; সুতরাং রাধামোহন ঠাকুরের ব্যাখ্যাত অর্থ পরিত্যাগ করিয়া, অন্য অর্থই গ্রহণ করিতে হইতেছে। "বিদ্যাপতি কহে" ইত্যাদি বাক্য দ্বারা এরূপ বুঝিতে হইবে না যে, ঐ পংক্তি পর্য্যন্ত বিদ্যাপতি ঠাকুর নিজে লিখিয়া গিয়াছেন; কারণ, তাহা হইলে আর ঐ পদের অসম্পূর্ণতা কি থাকে? সম্ভবতঃ বিদ্যাপতির এই পদটির দুই তিনটি কলির অধিক বঙ্গদেশে প্রচলিত ছিল না;—রচনা দর্শনে ধ্রুব-কলিটি পর্য্যন্তই বিদ্যাপতির বলিয়া প্রতীত হয়; বাকি কলিগুলি গোবিন্দ কবিরাজ পূর্ণ করিয়াছেন; কিন্তু যদি ভণিতায় এ ভাবে বিদ্যাপতির নাম দেওয়া না হইত, তাহা হইলে প্রকারান্তরে পরস্বাপহরণই করা হইত বলিয়া, গোবিন্দ কবিরাজ সুকৌশলে সংযুক্ত-ভণিতার ব্যবহার করিয়াছেন।

তিরোতা ধানশী।[১]

সে যে—নাগর গুণের ধাম[২]।
জপয়ে তোহারি[৩] নাম॥
শুনিতে তোহারি বাত।
পুলকে ভরয়ে গাত॥
অবনত করি শীর।
লোচনে ঝরয়ে[৪] নীর॥
যদি বা[৫] পুছিয়ে বাণী।
উলট[৬] করয়ে পাণি॥
কহিয়ে তাহারি রীতে[৭]।
আন না বুঝিবি[৮] চীতে॥
ধৈরজ নাহিক তায়।
বড়ু চণ্ডীদাসে গায়॥ ২৮॥৭৪॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ১৫২ সংখ্যক ও প-র পুথির ৯।১২ সংখ্যক পদ। 'তিরোতা ধানশী' স্থলে 'সুহই' প-র।

২। 'গুণের ধাম' প-র-সা, প-র স্থলে 'গুণধাম' ক—চ পুথি। এই পদের সর্ব্বত্র অষ্টাক্ষরী ছন্দ ব্যবহৃত হইয়াছে। কেবল প্রথম চরণে 'সে যে' শব্দ অতিরিক্ত আছে; উহার পরে একটু বেশী পরিমাণে যতি দিয়া পড়িলেই ছন্দ বজায় থাকে; 'গুণধাম' পাঠে কোনরূপেই ছন্দ রক্ষা করা যায় না।

৩। 'জপয়ে তোহারি' স্থলে 'জপই সদাই' প-র-সা; 'জপয়ে সদাই তোহারি' প-র।

৪। 'লোচনে ঝরয়ে' স্থলে 'নয়নে ঝরয়ে' প-র-সা, প-র।

৫। 'যদি বা' স্থলে 'যদিয়ে' প-র-সা।

৬। 'উলটি' ক—চ।

৭। 'কহিয়ে তাহারি রীতে' স্থলে 'এ ধনি তোহারে কহয়ে নিতে' প-র-সা; 'এ ধনি কেবল তোহারি নিতে' প-র।

৮। 'বুঝিয়ে' প-র-সা।

টীকা

৭—৮। "যদি বা" ইত্যাদি। যদি বা তাঁহাকে (কুশল-প্রশ্নসূচক) কথা জিজ্ঞাসা করি, (তবে তিনি) হস্ত উল্‌টা করেন অর্থাৎ হাত উল্টাইয়া মঙ্গলামঙ্গল সম্বন্ধে নিজের উদাসীনতা প্রকাশ করেন।

৯—১০। "কহিয়ে" ইত্যাদি। তাঁহার চরিত্র কহিতেছি; (তাহাতে) মনে অন্য প্রকার বুঝিবে না; অর্থাৎ আমি তাঁহার যেরূপ অবস্থা দেখিয়া আসিয়াছি, তাহাই তোমার নিকট বর্ণন করিতেছি; আমি কোন বিষয় মিথ্যা বলিতেছি কিংবা অতি-রঞ্জিত করিতেছি, এরূপ মনে করিও না।

তথা।১

শুন শুন গুণবতি রাই।
তোঁ বিনু আকুল কানাই॥ ধ্রু
সো তুয়া পরশক লাগি।
ছটফটি২ যামিনি জাগি॥
খিনতনু মদন-হুতাশে।
তেজই উতপত শ্বাসে॥
চীত-পুতলি সম দেহ।
মরম না বূঝয়ে৩ কেহ॥
পুছিতে কহয়ে৪ আধ ভাখি।
নিঝরে ঝরয়ে দুটি আঁখি॥
জ্ঞান কহয়ে৫ তোহে সার।
করহ গমন-উপচার॥২৯॥৯৫॥

পাঠান্তর

১। এটি প-র পুথির ৯১৮ সংখ্যক পদ।

২। 'ছটপটি' খ—চ।

৩। 'বুঝিয়ে' খ।

৪। 'পুছিতে কহয়ে' স্থলে 'পুছইতে কহ' প-র।

৫। 'জ্ঞান কহয়ে' স্থলে 'জ্ঞানদাস কহে' প-র।

টীকা

৯—১০। "পুছিতে কহয়ে" ইত্যাদি। তাঁহাকে কিছু জিজ্ঞাসা করিলে, তিনি অৰ্দ্ধেক বাক্যে কহেন অর্থাৎ বিরহজনিত বৈবশ্য হেতু জিজ্ঞাসার সম্পূর্ণ উত্তর দিতে পারেন না; তাঁহার দুইটি নেত্র ঝরণার মত (অবিশ্রান্ত) ঝরিতেছে অর্থাৎ অশ্রু-বর্ষণ করিতেছে।

তুড়ি।১

এ ধনি কর অবধান।
তো বিনে উনমত কান॥
কারণ বিনু১ খেনে হাস।
কি কহয়ে গদ গদ ভাষ॥
আকুল অতি উতরোল।
"হা ধিক" "হা ধিক" বোল॥
কাঁপয়ে দুরবল দেহ।
ধরই না পারই কেহ॥

বিদ্যাপতি কহ ভাখি।
রূপনারায়ণ সাখি ॥৩০॥৯৬॥

পাঠান্তর

১। 'বিনু' স্থলে 'বিহিনে' খ।

—

গান্ধার।

সুন্দরি তুহুঁ বড়ি হৃদয় পাষাণ।
কানুক নবমি দশা হেরি[১] সহচরি
ধরই না পার[২] পরাণ ॥ ধ্রু ॥
কত যে ক্ষীণতনু কহই[৩] না পারিয়ে
তেজত তাহে ঘন শ্বাসে।
তেজত পরাণ ঐছে অনুমানিয়ে
রহত তোহারি আশোয়াসে ॥
কি জানিয়ে কি খেনে নেহারল তুয়া রূপ
তব ধরি আকুল ভেলি[৪]।
খেনে খেনে চমকি চমকি অব মুরুছয়ে
হেরি রোয়ত সাখ মেলি[৫] ॥
কোই যব তোহারি নাম কহে শ্রবণহিঁ
তবহিঁ নয়ন পরকাশ।
এতহুঁ[৬] নিদেশ কহল তোহে সুন্দরি
পামরি বল্লভ দাস ॥৩১॥৯৭ ॥

পাঠান্তর

১। 'হেরিয়ে' ক, খ, গ।
২। 'না পার' চ স্থলে 'না পারিয়ে' ক—ঘ।
৩। 'কহিয়ে' ক।
৪। 'ভেল' খ।
৫। 'মেল' খ।
৬। 'এতহুঁ' স্থলে 'এতুহু' খ; 'যে তুহু' ক।

শ্রীরাগ।[১]

এ ধনি এ ধনি বচন শুন।
নিদান দেখিয়া আইলুঁ পুন ॥
দেখিতে দেখিতে বাঢ়ল ব্যাধি।
যত তত করি না হয়ে সুধি ॥
না বান্ধে চিকুর না পরে চীর।
না খায়ে[২] আহার না পিয়ে নীর ॥
সোনার বরণ হইল শ্যাম।
সোঙরি সোঙরি তোহারি নাম ॥
না চিহ্নে মানুখ নিমিখ নাই।
কাঠের পুতলি রৈয়াছে চাই ॥
তুলা খানি[৩] দিলুঁ নাসিকা মাঝে।
তবে সে বুঝিলুঁ[৪] শোয়াস আছে ॥
আছয়ে শোয়াস না রহে জীব।
বিলম্ব না সহে[৫] আমার দীব ॥
চণ্ডীদাস কহে বিরহ বাধা।
কেবল মরমে ঔখধ[৬] রাধা ॥৩২॥৯৮॥

ইতি দশ দশা।

পাঠান্তর

১। এটি প-র পুথির ৯।১৪ সংখ্যক পদ। 'শ্রীরাগ' স্থলে 'সুহই' প-র।
২। 'খায়ে' স্থলে 'করে' প-র।
৩। 'খানি' স্থলে 'টুকী' প-র।
৪। 'বুঝিলুঁ' স্থলে 'জানিলুঁ' প-র।
৫। 'না সহে' স্থলে 'না কর' ক—গ; 'কর যদি' প-র।
৬। 'কেবল' ইত্যাদি পংক্তি স্থলে 'কানুক ঔষধ কেবল রাধা' প-র।

টীকা

১১—১২। "তুলা খানি" ইত্যাদি। (শ্বাস আছে কি না, পরীক্ষা করিবার উদ্দেশ্যে) উত্তমরূপে ধুনা একটু তুলা নাসার অগ্রভাগে ধরিলাম; (সেই

তুলাটুকু ক্ষীণ নিশ্বাসে ঈষৎ কম্পিত হওয়ায়) তখন বুঝিলাম যে, তাঁহার নিশ্বাস বহিতেছে!

১৫—১৬। "চণ্ডীদাস কহে" ইত্যাদি। চণ্ডীদাস কহিতেছেন,—(শ্রীকৃষ্ণের) এই বিরহ (দারুণ) পীড়া বটে; (ইহা মানসিক পীড়া বলিয়া) কেবল শ্রীরাধাই শ্রীকৃষ্ণের অন্তরে ঔষধস্বরূপ আছেন; অর্থাৎ কেবল শ্রীরাধাকে অন্তরে ধ্যান করিয়াই শ্রীকৃষ্ণ এই দারুণ বিরহেও কোনরূপে জীবন ধারণ করিতেছেন।

ভূপালী।

কানুক শেষ-দশা শুনি রাই।
কাতর-বদনে[১] সখী-মুখ চাই॥
ঐছন ইঙ্গিত সহচরি পাই।
আনন্দে নিমগন বেশ বনাই॥
সুখময় কুঞ্জহিঁ করল পয়ান।
পন্থহি কতবিধ করু অনুমান॥
আকুল নাগর হাম অতি ভীত।
না জানি রভস-রস পহিল পিরীত॥
ঐছন ভাবিতে মীলল আয়।
ধাই কহল দোতি নাগর-পায়॥
দূর কর বিরহ আয়ল ধনি রাই।
চমকি উঠল জনু জীবন পাই॥
আনন্দে আগুসরি আয়ল কান।
কুঞ্জ[২] মাঝে সভে করল পয়ান॥
সুন্দরি মুগধিনি বচন না কহই।
সহচরি-আঁচর ধরি তহিঁ রহই॥
পহিল সমাগম রাধা কান।
মোহন দূরহি দুহুঁ গুণ গান ॥৩৩॥৯৯॥

পাঠান্তর

১। 'বদনে' স্থলে 'বচনে' খ।
২। 'কুঞ্জক' গ।

কেদার।[১]

ধরি সখি-আঁচরে ভই উপচঙ্ক।
বৈঠে না বৈঠয়ে[২] হরি-পরিযঙ্ক॥
চলইতে আলি চলই পুন চাহ।
রস-অভিলাষে আগোরল নাহ॥
লুবুধল মাধব মুগধিনি নারী।
ও অতি বিদগধ এ অতি গোঙারি॥ধ্রু॥
পরশিতে তরসি করহি কর ঠেলই।
হেরইতে বয়ন[৩] নয়ন-জল খলই॥
হঠ-পরিরম্ভণে থরহরি কাঁপ।
চুম্বনে বদন পটাঞ্চলে[৪] ঝাঁপ॥
শূতলি ভীত-পুতলি সম গোরি।
চীত-নলিনি অলি রহই আগোরি॥
গোবিন্দদাস কহই পরিণাম।
রূপকে কূপে মগন ভেল কাম[৫] ॥৩৪॥১০০॥

পাঠান্তর

১। এটি প-র পুথির ১১১৭ সংখ্যক পদ। 'কেদার' স্থলে 'বড়ারি' প-র।

২। 'বৈঠে না বৈঠয়ে' স্থলে 'বৈঠি' ইত্যাদি ক, গ; 'বৈঠ না বৈঠই' প-র।

৩। 'বয়ন' স্থলে 'বদন' ক—চ।

৪। 'পটাম্বরে' প-র।

৫। 'কাম' প-স, প-র, ঘ স্থলে 'কান' ক, খ, গ, চ।

টীকা

১১—১২। "শূতলি" ইত্যাদি। গৌরাঙ্গী শ্রীরাধা ভিত্তি অর্থাৎ প্রকোষ্ঠ-প্রাচীরের (খোদিত) পুত্তলিকার ন্যায় (নিশ্চল-দেহে) শয়ন করিলেন; (তাহাতে বোধ হইল) কৃষ্ণ-কাম ভ্রমর চিত্রিত পদ্মিনীকে আবৃত করিয়া রহিয়াছে।

১৩—১৪। "গোবিন্দদাস" ইত্যাদি। গোবিন্দদাস (পূর্ব্বোক্ত সংক্ষিপ্ত সম্ভোগের) শেষ অবস্থা

কহিতেছেন,—কন্দর্প সৌন্দর্য্যের কূপে নিমগ্ন হইল; অর্থাৎ শ্রীকৃষ্ণ শ্রীরাধার অনুপম সৌন্দর্য্য দর্শনে মোহিত হওয়ায় তাঁহার উপর কন্দর্পের প্রভাব বিলীন হইল। ইহা গোবিন্দদাসের ন্যায় প্রেমিক ও শ্রেষ্ঠ কবির যোগ্য বর্ণনা বটে।

সখীং প্রতি সখ্যা উক্তিঃ।

তথা।[১]

সৌরভে আগরি রাই সুনাগরি
কনক-লতা সম সাজ।
হরিচন্দন বলি কোরে আগোরল
কুঞ্জে ভুজঙ্গম-রাজ॥
অব কিয়ে করব উপায়[২]।
কাল-ভুজগ-কোরে ছোড়ি মুগধি সখি
গমন-যুগতি না যুয়ায়॥
চন্দ্রক-চারু ফণাগণ[৩]-মণ্ডিত
বিষ-বিষমারুণ দীঠ।
রাইক অধর লুবধ অনুমানিয়ে
দশনক দংশন মীঠ॥
একু সন্দেহ শীত কিয়ে[৪] ভীতহিঁ
পুলকিনি কাঁপই রাই।
গোবিন্দদাস কহ মেলি সবহুঁ সখি[৫]
বুঝহ পরশ[৬] অবগাই॥৩৫॥১০১॥

ইতি চতুর্থপল্লবঃ।

পাঠান্তর

১। এটি প-র পুথির ১১।১১ সংখ্যক পদ।

২। 'অব কিয়ে' ইত্যাদি স্থলে 'সখি হে, অব কিয়ে' ইত্যাদি খ; 'কহ সখি অব কিয়ে' ইত্যাদি প-র।

৩। 'ফণাগণ' স্থলে 'ফণা পরি' খ।

৪। 'শীত কিয়ে' প-স, প-র স্থলে 'শীতকে' ক—চ।

৫। 'মেলি' ইত্যাদি স্থলে 'সব সখি মেলি' প-র।

৬। 'বুঝহ পরশ' স্থলে 'বুঝই রস' ক।

টীকা

১—৪। "সৌরভে" ইত্যাদি। সৌরভ-পূর্ণা নায়িকা-শিরোমণি শ্রীরাধা স্বর্ণ-লতিকার ন্যায় শোভা পাইতেছেন; ভুজঙ্গ-রাজ (এক অর্থে—সর্প-রাজ; অন্য অর্থে নায়ক-রাজ) কুঞ্জ-গৃহে (শ্রীরাধাকে) হরিচন্দন অর্থাৎ উৎকৃষ্ট সৌরভ-যুক্ত শ্বেত-বর্ণ চন্দন-বিশেষ বিবেচনা করিয়া, ক্রোড়ে ধারণ করিল। সর্পগণ চন্দন-তরুতে বাস করিতে ভালবাসে, এরূপ প্রবাদ আছে।

৫—৭। "অব কিয়ে" ইত্যাদি। (সখীরা গুপ্ত-ভাবে থাকিয়া শ্রীরাধা-কৃষ্ণের সম্ভোগ-লীলা দর্শনে পূর্ব্বোক্তরূপ বলাবলি করিতেছিলেন; তাহাতে কোন সখী 'চল, আমরা এখান হইতে অন্যত্র যাই'—এইরূপ বাক্যে কৃত্রিম লজ্জা প্রকাশ করিলে, তাঁহাকে সুচতুরা বয়োজ্যেষ্ঠা সখী বলিতেছেন),—এখন কি উপায় করিব? কৃষ্ণ-ভুজঙ্গের (এক অর্থে কৃষ্ণ-সর্পের, অন্য অর্থে নায়ক-কৃষ্ণের ক্রোড়ে আম-দিগের) মুগ্ধা সখীটিকে ছাড়িয়া দিয়া অন্যত্র গমনের যুক্তি উপযুক্ত হয় না। (ইহা দ্বারা ছল করিয়া সখীদিগের সেখানেই অবস্থান বুঝা যাইতেছে।)

৮—১১। "চন্দ্রক-চারু" ইত্যাদি। (যে শ্রীকৃষ্ণ) কৃষ্ণ-বর্ণ চিহ্ন-বিশিষ্ট ময়ূর-পুচ্ছরূপ ফণাসমূহে শোভিত (এবং যাহার) দৃষ্টি বিষের ন্যায় দারুণ ও অরুণ-বর্ণ অর্থাৎ যেই ভুজঙ্গ-রাজের দৃষ্টি-বিষে আমা-দিগের প্রিয়-সখী জর্জ্জরিত হইতেছিল, (সেই) শ্রীরাধার অধর (ভুজঙ্গ-রাজের) দশনের সুমিষ্ট দংশনে লালসাযুক্ত (বলিয়া) অনুমান হইতেছে—ইহা অত্যন্ত অদ্ভুত বটে। (বিরহ-সন্তপ্তা শ্রীরাধাকে কৃষ্ণ-সঙ্গমে উল্লসিত দেখিয়া কোনও সখী এরূপ কৃত্রিম বিস্ময় প্রকাশের ছলে আনন্দ প্রকাশ করিতেছেন; সুতরাং

রূপকের দ্বারা অনুপ্রাণিত 'বিশেষোক্তি', 'বিভাবনা' ও 'অপহ্নুতি' অলঙ্কার দ্বারা এ স্থলে সখীর আনন্দ-রূপ বস্তু ব্যঞ্জিত হইতেছে।)

১২—১৫। "একু সন্দেহ" ইত্যাদি। (কোনও চতুরা সখী শ্রীরাধার কম্প যে সাত্ত্বিক-ভাব-জনিত, তাহা যেন জানেন না—এইরূপ ছল করিয়া কহিতেছেন),—এক মাত্র সন্দেহ (মনে উদিত হইতেছে যে), রোমাঞ্চিত-দেহা শ্রীরাধা শীত কিংবা ভয় হেতু কাঁপিতেছেন, (বুঝিতে পারি না)। পদ-কর্ত্তা গোবিন্দদাস সখীদিগের রসিকতার উত্তরে রসিকতা করিয়া বলিতেছেন,—সকল সখীরা মিলিয়া (শ্রীরাধার ন্যায়) শ্রীকৃষ্ণের অঙ্গ-স্পর্শে (অর্থাৎ অঙ্গ-স্পর্শরূপ রস-সাগরে) অবগাহন করিয়া (শ্রীরাধার কম্প শীত-জনিত, কিংবা ভয়-জনিত) স্থির কর।

তত্র পূর্ব্বরাগঃ

কেবল-বয়ঃসন্ধিঃ।

তত্র পূর্ব্বোক্ত-গৌরচন্দ্রস্য

"দেখ সখি গৌর পরম অনুপাম"

ইত্যাদি পদং গেয়ম্।

শ্রীরাগ।১

পৌগণ্ড বয়স শেষ২ গৌরাঙ্গ সুন্দর।
ভুরুর নাচনি করে কিবা সে৩ অন্তর॥
লাজে অবনত মুখ আর আঁখি দুটি।
বুঝিতে নারিনু এই ভাব৪-পরিপাটি॥
বাম নয়নে পুন৫ কটাক্ষ করয়।
মধুর মধুর স্মিত করে৬ বুঝিল না হয়॥
কুন্দন কনয়া জিনি অঙ্গ ঝলমলি।
রাধামোহন৭-প্রহুঁ ভাবে কুতূহলী॥১॥১০২॥

পাঠান্তর

১। এটি প-র পুথির ৭।১ সংখ্যক পদ। 'শ্রীরাগ' স্থলে 'দাক্ষিণাত্য শ্রীরাগ' প-র।

২। 'শেষে' ক--গ।

৩। 'কিবা সে' স্থলে 'বিকাসে' প-র।

৪। 'এই ভাব' চ স্থলে 'মুঞি ভাব' প-র; 'এই তার' ক—ঘ।

৫। 'পুন' স্থলে 'তহি' প-র, ঘ।

৬। 'মধুর মধুর স্মিত করে' স্থলে 'মধু মধু স্মিত মুখে' প-র।

৭। 'রাধামোহন' স্থলে 'বাসুদেব ঘোষ' প-র। রাধামোহন ঠাকুর পদামৃত-সমুদ্রের সংস্কৃত টীকায় এই পদটির সম্বন্ধে লিখিয়াছেন,—"ততো বিষয়ালম্বনরূপ-শ্রীরাধাভাবাক্রান্তং শ্রীমদ্গৌরচন্দ্রং 'পৌগণ্ড বয়স শেষ গৌরাঙ্গ-সুন্দর' ইত্যাদিনা নিজকৃতেন স্মরতি।" অতএব এই পদটি যে রাধামোহন ঠাকুরের নিজ-কৃত, তাহাতে সন্দেহ নাই।

টীকা

৫—৬। "বাম নয়নে" ইত্যাদি। (শ্রীরাধার ভাবে বিভাবিত) গৌরাঙ্গ (স্ত্রী-জনের ন্যায়) আবার বাম নয়নে অপাঙ্গ-দৃষ্টি করিতেছেন; (তিনি) মধুর মধুর ঈষৎ হাস্য করিতেছেন,—(তাঁহার মনোগত ভাব) বুঝিবার যোগ্য নহে।

ধানশী।

মো মেন১ মনু গোরাচান্দেরে দেখিয়া।
অপরূপ রূপ কাচা কাঞ্চন জিনিয়া॥
খেনে শীঘ্রগতি চলে মারে মালসাট।
খেনে থির হৈয়া চলে সুরধুনী-বাট॥
অরুণ নয়ানে ঘন চাহে অনিবার।
হানিলে নয়ান-বাণ হিয়ার মাঝার॥
আজানুলম্বিত ভুজ দোলে দুই দিগে।
যুবতি যৌবন দিতে চাহে অনুরাগে॥

খেনে মন্দ মন্দ হাসি খেনে উতরোল।
না বুঝিয়া নরহরি হইল বিভোর ॥২॥১০৩॥

পাঠান্তর

১। 'মেন' স্থলে 'মেনে' ক।

তিরোথা ধানশী।[১]

শৈশব যৌবন দরশন ভেল।
দুহুঁ দল-বলে ধনি[২] দন্দ পড়ি গেল ॥
কবহুঁ বান্ধয়ে কচ কবহুঁ বিথারি[৩]।
কবহুঁ ঝাঁপয়ে অঙ্গ কবহুঁ উঘারি[৪] ॥
থীর নয়ান অথির কছু[৫] ভেল।
উরজ-উদয়থল[৬] লালিম দেল[৭] ॥
চঞ্চল চরণ চিত চঞ্চল ভান[৮]।
জাগল মনসিজ মুদিত-নয়ান ॥
বিদ্যাপতি কহে শুন বরকান[৯]।
ধৈরজ ধরহ[১০] মিলায়ব আন[১১] ॥৩॥১০৪॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ৯২ সংখ্যক ও প-র পুথির ৭১৪ সংখ্যক পদ। 'তিরোথা ধানশী' স্থলে 'শ্রীরাগ' প-র।

২। 'দুহুঁ দল-বলে ধনি' স্থলে 'দুহু দরশনে দুহু' প-র-সা; 'দুহু দলে বলে ধনি' প-র।

৩। 'কচ কবহুঁ বিথারি' স্থলে 'কুচ কবহু উঘাড়ি' ঘ; 'কুচ কবহু উঘার' প-র; 'কচ কবহু উঘারি' খ, প-র-সা।

৪। 'উঘারি' স্থলে 'বিথারি' খ, ঘ; 'বিথার' প-র, প-র-সা।

৫। 'অথির কছু' প-র স্থলে 'অথির নাহি' ক—চ; 'অথির ন' প-র-সা।

৬। 'উদয়থল' স্থলে 'উদিত থল' প-র-সা, প-র।

৭। 'লালিম দেল' প-র স্থলে 'নালিম দেল' ক—চ; 'লালিম ভেল' প-র-সা। অতঃপর প-র-সা পুথিতে নিম্নলিখিত অতিরিক্ত কলিগুলি দৃষ্ট হয়; যথা,—

'শশিমুখী ছোড়ল সোসব দেহ।
খত দেই তেজলি ত্রিবেণী তিন রেহ ॥
অবগাহ মদন বাঢ়ায়ল দিঠ।
সোসব সকলি চমকি দিল পীঠ ॥
দিনে দিনে উপজল পয়োধর পীন।
বাঢ়ল নিতম্ব মাঝ ভেল খীন ॥
এবে ভেল যৌবন বঙ্কিম দিঠ।
উপজল যৌবন হাস ভেল মিঠ ॥'

উদ্ধৃত পংক্তিগুলি বিদ্যাপতির পদাবলীর সংস্করণ-সমূহে স্বতন্ত্র পদরূপে সন্নিবেশিত হইয়াছে; উহাই সমীচীন বলিয়া বিবেচনা হয়।

৮। 'চঞ্চল চরণ' ইত্যাদি পংক্তি স্থলে 'চরণ চঞ্চল গতি চঞ্চল ভান' প-র-সা; 'চরণ পতন গতি অচপল ভান' প-র।

৯। 'শুন বর কান' স্থলে 'কর অবধান' প-র-সা।

১০। 'ধরহ' স্থলে 'করহ' ক; 'ধর চিতে' খ।

১১। 'ধৈরজ ধরহ' ইত্যাদি স্থলে 'বালিকা-অঙ্গে লাগল পাঁচ-বাণ' প-র-সা, প-র।

টীকা

১—২। "শৈশব যৌবন" ইত্যাদি। (শ্রীরাধার) বাল্য ও যৌবন—এই উভয়ের সাক্ষাৎ হইল; অর্থাৎ বাল্য যৌবনের সহিত সম্মিলিত হইল; (বাল্য ও যৌবন) উভয় পক্ষের বল অর্থাৎ প্রভাব হেতু শ্রীরাধা দ্বন্দ্বে অর্থাৎ বিবাদে পতিত হইলেন অর্থাৎ তিনি কোন্ পক্ষের আনুকূল্য করিবেন, তাহা স্থির করিতে না পারিয়া সমস্যায় পতিত হইলেন।

৩—৪। "কবহুঁ বান্ধয়ে" ইত্যাদি। (শ্রীরাধা শৈশব কিংবা যৌবন—ইহার কোন পক্ষকেই সম্পূর্ণ-রূপে অবলম্বন করিতে না পারিয়া) কখনও (যৌবন-

স্বভাববশতঃ) কেশ বন্ধন করেন; (আবার) কখনও (বাল্য-স্বভাববশতঃ) সেই কেশকে ছড়াইয়া দেন; কখনও (যৌবন-স্বভাব হেতু) অঙ্গ-প্রত্যঙ্গ আবৃত করেন, (আবার) কখনও (বাল্য-স্বভাব হেতু) অঙ্গ-প্রত্যঙ্গ উদ্ঘাটিত অর্থাৎ উন্মুক্ত করিয়া রাখেন।

৫—৬। "থীর নয়ান" ইত্যাদি। (শ্রীরাধার) স্থির নেত্র অর্থাৎ নেত্রের গতি (যৌবন ধর্ম্মবশতঃ) কিঞ্চিৎ অস্থির অর্থাৎ চঞ্চল হইল; (তাঁহার) স্তনোদ্গমের স্থান (নব-যৌবন-সুলভ স্ফীততা হেতু) আরক্তিম-ভাব ধারণ করিল।

৭—৮। "চঞ্চল চরণ" ইত্যাদি। (শ্রীরাধার) চঞ্চল পদ-দ্বয় চঞ্চল চিত্তকে প্রকাশ করিল; অর্থাৎ তাঁহার চরণের গতি চাঞ্চল্যযুক্ত হওয়ায় (চরণ প্রভৃতি কর্ম্মেন্দ্রিয়ের অধিষ্ঠাতৃ) মনও যে চাঞ্চল্য-যুক্ত হইয়াছে, তাহা প্রকাশ পাইল। (শ্রীরাধার) কন্দর্প জাগরিত, (কিন্তু) মুদ্রিত-নয়ন অর্থাৎ এখনও তাহার উত্তমরূপে চৈতন্য-সম্পাদন হয় নাই। কোন কোন টীকা-কার "মুদ্রিত-নয়ন মনসিজ জাগরিত হইল", এইরূপ অর্থ করিয়াছেন; উহাতে বয়ঃ-সন্ধি বর্ণনায় কিঞ্চিৎ অসঙ্গতি ঘটে বলিয়া আমরা রাধামোহন ঠাকুরের ব্যাখ্যাই গ্রহণ করিয়াছি।

৯—১০। "বিদ্যাপতি কহে" ইত্যাদি। (দূতীর বাক্যে শ্রীরাধার বয়ঃসন্ধি-অবস্থা হেতু তিনি অভিসারে যাইতে সম্মত হইবেন কি না, সে সম্বন্ধে শ্রীকৃষ্ণকে সন্দিহান দেখিয়া) পদ-কর্ত্তা বিদ্যাপতি কহিতেছেন,—ওহে কৃষ্ণ! তুমি ধৈর্য্য ধারণ কর; (তোমার সুচতুরা দূতী নিশ্চিতই তাঁহাকে) আনিয়া (তোমার সহিত) সম্মিলিত করিবে।

তথা।[১]

না রহে গুরুজন মাঝে।
বেকত অঙ্গ না ঝাঁপয়ে[২] লাজে॥
বালা সঞে[৩] যব রহই।
তরুণি পাই পরিহাস তহি করই[৪]
মাধব তুয়া লাগি ভেটলুঁ[৫] রমণী।
কো কহে[৬] বালা কো কহে[৭] তরুণী॥ধ্রু॥
কেলি-রভস যব শুনে[৮]।
আনত[৯] হেরি ততহি[১০] দেই কানে[১১]॥
ইথে কোই কর পরচারি[১২]।
কাঁদন মাখি হাসি দেই গারি[১৩]॥
সুকবি বিদ্যাপতি ভাণে।
বালাচরিত রসিক জন জানে[১৪]॥৪॥১০৫॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ৯৫ সংখ্যক ও প-র পুথির ৭।২ সংখ্যক পদ। 'তথা' স্থলে 'শ্রীরাগ' প-র-সা, প-র।

২। 'ঝাঁপয়ে' স্থলে 'ঢাকয়ে' প-র; 'ঢাকই' প-র-সা।

৩। 'বালা' স্থলে 'বালা জন' ক, গ, প-র-সা, প-র। 'বালা সঞে' ইত্যাদি পংক্তি স্থলে 'বালা জন সঞে বৈসে' প-র-সা; 'বালা জন সঞে বাস' প-র।

৪। 'তরুণি পাই' ইত্যাদি স্থলে 'তরুণী পাই তাই হাস পরিহাসে।' প-র-সা; 'তরুণি পাই তহি পরিহাস' প-র।

৫। 'তুয়া লাগি ভেটলু' স্থলে 'পেখলুঁ সো বর' প-র-সা, প-র।

৬। 'কহু' প-র-সা, প-র।

৭। 'কহু' প-র-সা, প-র।

৮। 'কেলি-রভস' ইত্যাদি স্থলে 'কেলি-কথন নাহি শুনে' প-র; 'কেলি-কথা নহু শুনি' প-র-সা।

৯। 'আনত' স্থলে 'আনছু' প-র।

১০। 'ততহি' স্থলে 'তাহে' প-র।

১১। 'আনত হেরি' ইত্যাদি পংক্তি স্থলে 'বুঝহ না বুঝত রহু দেই কানি' প-র-সা।

১২। 'ইথে কোই' ইত্যাদি প-র-সা স্থলে 'ইথে যদি কোই করয়ে পরচারি' ক—চ, প-র।

১৩। 'কাঁদন মাখি' ইত্যাদি স্থলে 'জ্ঞানদাস এাথি হাসি দেই গারি' প-র-সা।

প-র-সা পুথির এই হাস্য-জনক পাঠের উৎপত্তির কারণ ইহাই অনুমিত হয় যে, কোন আদর্শ পুথির 'কাঁদন' শব্দটি 'কান্দন' লিখিত হওয়ায় এবং উহার 'কা' অক্ষরটি লিপিকরের ভ্রমে পরিত্যক্ত হওয়ায় প্রাচীন পুঁথির লিখিত 'ন্দ' ও 'ঙ্গ' অক্ষর প্রায় একরূপ বলিয়া ও প্রাচীন পুথিতে 'জ্ঞ' অক্ষরটি কোন কোন স্থলে ভুলে 'ঙ্গ' লিখিত হওয়ায় 'ন্দন' অক্ষর-দ্বয় 'ঙ্গন' ('জ্ঞন') পঠিত হইয়া, কোনও পাণ্ডিতম্মন্য লিপিকর কর্ত্তৃক সংশোধিত (?) হইয়া 'জ্ঞান' শব্দে পরিণত হইয়াছে; উহাই পরে আবার হয় ত কোনও লিপিকর কর্ত্তৃক 'জ্ঞানদাস' লিখিত হইয়াছে; 'মাখি' শব্দটি ভুলে 'যাখি' লিখিত হইয়া ক্রমে 'আখি' ও তৎপরে 'এাথি'-রূপে সংশোধিত (?) হওয়া কিছুই বিচিত্র নহে। আমাদিগের আলোচিত পুথিতে এরূপ হাস্যজনক পাঠ-পরিবর্ত্তনের আরও উদাহরণ পাওয়া গিয়াছে।

১৪। 'রসিক জন জানে' স্থলে 'রসিকপণ জানে' খ, ঘ। স্থকবি' ইত্যাদি পংক্তি-দ্বয় প-র-সা পুথিতে নাই।

টীকা

১—২। "না রহে" ইত্যাদি। (পূর্ব্ববর্ত্তী পদে শ্রীরাধার বাল্য ও যৌবন অবস্থার প্রায় তুল্য প্রভাব জানিয়া শ্রীকৃষ্ণ বিষাদযুক্ত হইয়াছেন বুঝিয়া দূতী বাক্য-ভঙ্গীর দ্বারা শ্রীরাধার শৈশব অপেক্ষা যৌবনের প্রাবল্য বর্ণন করিতেছেন) শ্রীরাধা (যৌবন-সুলভ লজ্জাবশতঃ) গুরুজনদিগের মধ্যে থাকিতে চাহেন না; (যৌবনোদ্গমে) ব্যক্ত অর্থাৎ বিকসিত অঙ্গ লজ্জা হেতু আবৃত করেন না; (কারণ, যৌবন-চিহ্ন অঙ্গে প্রকাশিত হইলেও শ্রীরাধার এখন পর্য্যন্ত যৌবন-সুলভ লজ্জা জন্মে নাই)।

৩—৪। "বালা সঙ্গে" ইত্যাদি। (শ্রীরাধা) যখন বালিকাদিগের সহিত থাকেন অর্থাৎ ক্রীড়া করেন, তখন কোন যুবতীকে পাইলে তাহার সহিত হাস্য-পরিহাস করেন।

৭—৮। "কেলি-রভস" ইত্যাদি। (শ্রীরাধা) যখন বিলাসের কথা হইতেছে শুনিতে পান, তখন অন্য দিকে চাহিয়া, সেই কথার দিকে কাণ দিয়া থাকেন। (ইহা অনুরাগবতী মুগ্ধা নায়িকাদিগের স্বভাব)। তুলনা করুন ;—

"অন্যৈঃ প্রবর্ত্তিতাং শশ্বৎ সাবধানা চ তৎকথাম্।
শৃণোত্যন্যত্র দত্তাক্ষী প্রিয়ে বালানুরাগিণী ॥"
— সাহিত্য-দর্পণ।

৯—১০। "ইথে কোই" ইত্যাদি। কেহ (যদি) তাঁহার (এই চতুরতা) প্রচার অর্থাৎ বয়স্যাদিগের নিকট প্রকাশ করে, (তবে) হাস্যের সহিত (শুষ্ক) ক্রন্দন মিশাইয়া (তাহাকে) গালি দেন। উজ্জ্বল-নীলমণিতে ইহা 'কিলকিঞ্চিত' নামক নায়িকাদিগের যৌবনস্বভাব বলিয়া উক্ত হইয়াছে; যথা,—

"যৌবনে সত্ত্বজাস্তাসামলঙ্কারাস্তু বিংশতিঃ।
উদয়ন্ত্যদ্ভুতাঃ কান্তে সর্ব্বথাভিনিবেশতঃ ॥"
"গর্ব্বাভিলাষ-রুদিত-স্মিতাসূয়া-ভয়-ক্রুধাম্।
সঙ্করীকরণং হর্ষাদুচ্যতে কিলকিঞ্চিতম্ ॥"

সাহিত্য-দর্পণকার লিখিয়াছেন,—

"স্মিত-শুষ্করুদিত-হসিত-ত্রাস-ক্রোধ-শ্রমাদীনাম্।
সাঙ্কর্য্যং কিলকিঞ্চিতং অভীষ্টতম-সঙ্গমাদিজাদ্ধর্ষাৎ ॥"

পঠমঞ্জরী।১

শৈশব যৌবন দরশন ভেল।
দুহুঁ পথ হেরইতে মনসিজ গেল ॥
মদন-কিত্তাব[২] পহিল পরচার।
ভিন জনে দেয়ল ভিন অধিকার ॥
কটিকে গৌরব পাওল নিতম্ব।
ইন্‌কে[৩] ক্ষীণ উনহিঁ[৪] অবলম্ব ॥

প্রকট হাস অব গোপত ভেল।
বরণ[৫] প্রকট ফের উহ্নুকে নেল॥
চরণ-চলন[৬]-গতি লোচন পাব[৭]।
লোচনক ধৈরজ পদতলে যাব[৮]॥
নব কবিশেখর কি কহিতে[৯] পার।
ভিন ভিন রাজ ভীন বেবহার[১০]॥৫॥১০৬॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ৯১ সংখ্যক ও প-র পুথির ৭১৫ সংখ্যক পদ। 'পঠমঞ্জরী' স্থলে 'শ্রীরাগ' প-র।

২। 'মদন-কিতাব' খ, চ স্থলে 'মদন-কিতা-বত' ঘ; 'মদন কি তার' ক, গ; 'মদনকি ভাব' প-র; 'মদনকি রাজ' প-র-সা। খ পুথির 'ত' ও 'ব' অক্ষর যথাক্রমে 'ভ' ও 'র' পঠিত হইতে পারে; বোধ হয়, এইরূপ কারণেই 'কিতাব' শব্দ কোন পুথিতে 'কি তার' ও কোন পুথিতে 'কি ভাব' লিখিত হইয়াছে। ঘ ও চ পুথির পাঠের সহিত তুলনা করিলে প্রকৃত পাঠ যে 'কিতাব', সে বিষয়ে সন্দেহ থাকে না; 'কিতাবত্' শব্দটি পারসী 'কিতাব' হইতে জাত; আজ পর্য্যন্তও জমিদারী সেরেস্তায় কোন কর্ম্মচারীর কার্য্য-কালকে (incumbency) সেই কর্ম্মচারীর 'কিতাবত্' বলা হয়; আমাদিগের বোধ হয় যে, এই শব্দটির অর্থ বুঝিতে না পারিয়াই লিপিকর-গণ নানারূপ পাঠের কল্পনা করিয়াছেন। প-র-সা পুথির 'মদনকি রাজ' (অর্থাৎ মদনের রাজত্ব) পাঠে ভাল অর্থ হইলেও পদকল্পতরুর প্রাচীনতর পুথিগুলিতে সেইরূপ পাঠ না থাকায় উহা পরবর্ত্তী সংশোধন বলিয়াই বিবেচনা হয়।

৩। 'ইন্‌কে' ক, গ, প-র স্থলে 'ইহ্নিকে' খ; 'ইহ্ন' ঘ, চ; 'উন্‌কে' প-র-সা।

৪। 'উনহি' স্থলে 'উঙ্গ ই' ক; 'উহ্নকে' খ; 'উহ্নহি' ঘ, চ; 'হিয়ে' প-র-সা।

৫। 'বরণ' স্থলে 'বক্ষক' প-র।

৬। 'চলন-গতি' স্থলে 'চপল গতি' প-র-সা, প-র।

৭। 'পাব' স্থলে 'যাব' প-র।

৮। 'যাব' স্থলে 'পাব' প-র।

৯। 'কহিতে' স্থলে 'করব' প-র-সা।

১০। 'ভিন ভিন' ইত্যাদি স্থলে 'ভিনু ভিনু দুহু রাজ বেহার' প-র-সা।

টীকা

১—২। "শৈশব যৌবন" ইত্যাদি। (শ্রীরাধার) বাল্য ও যৌবনের সাক্ষাৎ হইল; (এই উভয়ের মধ্যে কোন্‌টিকে কি পরিমাণ অধিকার দেওয়া যাইতে পারে, তাহা স্থির করিতে না পারিয়া) কন্দর্প উভয়ের (পরস্পর-বিরুদ্ধ) প্রণালী দেখিতে গেলেন; (ইহা দ্বারা ইহাই ব্যঞ্জিত হইতেছে যে, উক্ত সমস্যার মীমাংসা না করা পর্য্যন্ত মদনের স্বীয় আদেশ প্রচারের সুবিধা নাই)।

৩—৪। "মদন-কিতাব" ইত্যাদি। মদনের কর্ত্তৃত্ব প্রথম প্রচার হইল; (তিনি) ভিন্ন ভিন্ন জনকে ভিন্ন ভিন্ন অধিকার দিলেন।

৫—৬। "কটিকে গৌরব" ইত্যাদি। (শ্রীরাধার) কটির স্থূলতা (তাঁহার) নিতম্ব প্রাপ্ত হইল; ইহার (অর্থাৎ নিতম্বের) ক্ষীণতা উহাতে (অর্থাৎ কটিতে) আশ্রয় লইল।

৭—৮। "প্রকট হাস" ইত্যাদি। প্রকট অর্থাৎ ব্যক্ত হাস্য এখন গুপ্ত হইল; (কিন্তু শ্রীরাধার) বর্ণ উহার (অর্থাৎ হাস্যের) প্রকটতা গ্রহণ করিল অর্থাৎ যৌবনোদ্গমে শ্রীরাধার বর্ণ অধিক সমুজ্জ্বল হইল।

৯—১০। "চরণ-চলন-গতি" ইত্যাদি। (শ্রীরাধার) চরণের (বাল্য-সুলভ) চলনের (চঞ্চল) ভঙ্গী (তাঁহার) নেত্র প্রাপ্ত হইল; আর (তাঁহার) নেত্রের ধীরতা পদ-তলে গেল অর্থাৎ চরণযুগ প্রাপ্ত হইল।

১১—১২। "নব কবিশেখর" ইত্যাদি। পদকর্ত্তা

নব কবিশেখর কি কহিতে জানেন? ভিন্ন ভিন্ন রাজ্যে ভিন্ন ভিন্ন ব্যবহার। তুলনা করুন;—
"মধ্যস্য প্রথিমানমেতি জঘনং বক্ষোজয়োর্মন্দতা
দূরং যাত্যুদরঞ্চ রোমলতিকা নেত্রার্জবং ধাবতি।
কন্দর্পং পরিবীক্ষ্য নূতনমনোরাজ্যাভিষিক্তং ক্ষণা-
দঙ্গানীব পরস্পরং বিদধতে নির্লুণ্ঠনং সুভ্রুবঃ॥"
—সাহিত্যদর্পণ, ৩য় পরিচ্ছেদ।

বরাড়ি।

রাধা-বয়স কহসি[১] তুঁহু থোর।
মন মাহা মনসিজ তব কাহে মোর॥
ইথে যদি জানি করু নানা ছন্দ[২]।
বুঝলম কহসি সকল পুন ধন্দ॥
হামারি শপথি তোহে কহ কথি রূপ।
শ্রবণ-রসায়ন অমিয়া স্বরূপ॥
নামহি যাক অবশ ভেল অঙ্গ।
কহ রাধামোহন প্রেমতরঙ্গ॥ ৬॥১০৭॥

পাঠান্তর

১। 'কহসি' প-স স্থলে 'হেরি' ক, গ—চ; 'কহহি' খ।

২। 'ইথে যদি' ইত্যাদি পংক্তি স্থলে 'ইথে জনি সজনি না কহ নানা ছন্দ' খ।

টীকা

৩—৪। "ইথে যদি" ইত্যাদি। যদি জানিয়াও ইহাতে (অর্থাৎ শ্রীরাধার প্রকৃত অবস্থা বর্ণনে) নানা প্রকার কর অর্থাৎ নানা ভাবের কথা বল, (তবে) জানিলাম যে, সকল কথাই ধাঁধা বলিতেছ অর্থাৎ আমার ভ্রম জন্মাইবার উদ্দেশ্যে মিথ্যা কথা কহিতেছ।

ধানশী।

মাধব ঐছে বচন শুনি সো সখি
চললিহুঁ রাইক পাশ।
মন মাহা বচন রচন করি যৈছনে
নাহক পূরয়ে আশ॥
অপরূপ দোতিক রীত।
সখিগণ সঙ্গে রাই যাহাঁ বৈঠয়ে
তাহিঁ যাই উপনীত॥ ধ্রু॥
শুন শুন রমণি- শিরোমণি মুগধিনি
তুয়া অনুগত ভেল শ্যাম।
তুয়া রূপ হেরি সোই ভেল আকুল
কহই দাস বলরাম॥৭॥১০৮॥

শঙ্করাভরণ।[১]

এ ধনি কমলিনি শুন হিত বাণী।
প্রেম করবি[২] অব[৩] সুপুরুখ জানি॥ধ্রু॥
সুজনক[৪] প্রেম হেম সমতুল।
দাহিতে[৫] কনক দ্বিগুণ[৬] হয় মূল॥
টুটইতে নাহি টুটে প্রেম অদভুত।
যৈছনে বাঢ়ত মৃণালক সূত॥
সবহুঁ মতঙ্গজে মোতি নাহি মানি।
সকল কণ্ঠে নাহি কোয়িল-বাণী॥
সকল সময় নহে ঋতু বসন্ত।
সকল পুরুখ নারি নহে গুণবন্ত॥
ভণয়ে বিদ্যাপতি শুন বরনারি।
প্রেমক রীতি অব বুঝহ বিচারি॥৮॥১০৯॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ১৪৭ ও ১৫৫ সংখ্যক ও প-র পুথির ৯।৩১ সংখ্যক পদ। 'শঙ্করাভরণ' স্থলে 'তিরোথা ধানশ্রী' প-র।

২। 'করবি' স্থলে 'করহ' প-র-সা।

৩। 'অব' স্থলে 'তুহু' ও 'যব' প-র-সা।

৪। 'সুজনক' স্থলে 'সুপুরুখ' প-র-সা।

৫। 'দাহিতে' স্থলে 'দারিদ্রেতে' ও 'দাহনে' প-র-সা।

৬। 'কনক দ্বিগুণ' স্থলে 'দ্বিগুণ অধিক' প-র।

৭। অতঃপর প-র-সা পুথিতে নিম্নলিখিত অতিরিক্ত কলি দুইটি দৃষ্ট হয় ; যথা,—

"সবহু মাহ না মুঞ্জরে চুত।
সম্পতি না রহে দিন বহুত ॥
যাহা সম্পতি তাহা বিপতি হোয়।
তিন পঞ্চাশ তিন জিবই কোয় ॥"

টীকা

৫—৬। "টুটইতে নাহি" ইত্যাদি। (সুজনের) আশ্চর্য্য প্রেম ভাঙ্গিলেও ভাঙ্গে না,—মৃণালের (মধ্যবর্ত্তী) সূত্র অর্থাৎ আঁশ যেরূপ (টানিলে) বাড়ে, (সেইরূপ বাড়িতে থাকে)।

ভূপালী।১

জীবন চাহি যৌবন বড় রঙ্গ।
তবে যৌবন যব সুপুরুখ-সঙ্গ ॥
সুপুরুখ-প্রেম কবহুঁ জনি ছাড়ি।
দিনে দিনে চান্দ-কলা সম বাঢ়ি ॥
তুহুঁ যৈছ রসবতি কানু রস-কন্দ।
বড় পুণ্যে রসবতি মিলে রসবন্ত ॥
তুহুঁ যদি কহসি করিয়ে অনুসঙ্গ।
চৌরি-পিরিতি হয়ে লাখ-গুণ রঙ্গ ॥
সুপুরুখ ঐছন নাহি জগ মাঝ।
আর তাহে অনুরত বরজ-সমাজ ॥
বিদ্যাপতি কহে ইথে নাহি লাজ।
রূপ-গুণবতিকা ইহ বড় কাজ ॥৯॥১১০॥

১। এই পদের পাঠান্তর ও টীকা তৃতীয় পল্লবের ১০ সংখ্যক পদে দ্রষ্টব্য।

ভাটিয়ারী।১

পরিহর এ সখি তোহে পরণাম।
হাম নাহি যাওব সো কানু২ ঠাম ॥
বচনক চাতুরি হাম৩ নাহি জান।
ইঙ্গিত না বুঝিয়ে না জানিয়ে৪ মান ॥
সহচরি মেলি বনায়ত বেশ।
বান্ধিতে না জানিয়ে আপন কেশ ॥
কভু নাহি শুনিয়ে৫ সুরতক৬ বাত।
কৈছনে মীলব মাধব৭ সাথ ॥
সো বরনাগর রসিক সুজান।
হাম অবলা৮ অতি অলপ-গেয়ান৯ ॥
বিদ্যাপতি কহে কি বোলব তোয়।
অব কে১০ মীলন সমুচিত১১ হোয় ॥
১০॥১১১॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ২২৪ সংখ্যক ও প-র পুথির ৯।৩৬ সংখ্যক পদ। 'ভাটিয়ারী' স্থলে 'ধানশ্রী' প-র।

২। 'কানু' প-র-সা স্থলে 'পিয়া' ক—চ ; 'সো কানু' স্থলে 'মাধব' প-র। রাধামোহন ঠাকুর লিখিয়াছেন,—"'পরিহর এ সখি তোহে পরণাম। হাম নাহি যাওব সো পিয়া ঠাম ॥' ইতি দৃষ্টপাঠস্য সঙ্গতার্থানভিধানাদেকপুস্তকদৃষ্টত্বাচ্চ লিপিকরপ্রমাদজত্বং বোধ্যম্।" প-স মুদ্রিত পুস্তকে 'পিয়া' স্থলে 'কানু' পাঠ আছে ; সুতরাং রাধামোহন ঠাকুর 'পিয়া' শব্দটিকে এ স্থলে অসঙ্গত-বোধে পরিত্যাগ করিয়াছেন বলিয়া বুঝা যাইতেছে। বস্তুতঃ এ অবস্থায় শ্রীরাধার পক্ষে শ্রীকৃষ্ণকে 'পিয়া' বলিয়া উল্লেখ করা রস-বিরুদ্ধ, সন্দেহ নাই।

৩। 'বচনক চাতুরি হাম' প-র-সা স্থলে 'বচন-চাতুরি হাম' ক—চ, প-র ; ক—চ, প-র-সা পুথিতে 'হাম' শব্দের পরে 'কছু' শব্দ আছে, কিন্তু প-র পুথিতে নাই।

৪। 'জানিয়ে' স্থলে 'বুঝিয়ে' প-র-সা, প-র।

৫। 'শুনিয়ে' স্থলে 'জানিয়ে' প-র-সা, প-র।

৬। 'সুরতক' প-স স্থলে 'সুরতকি' ক—চ. 'সুরতিক' প-র-সা, প-র।

৭। 'মাধব' স্থলে 'কানুক' প-র-সা, প-র।

৮। 'অবলা' স্থলে 'মুগধি' প-র-সা, প-র।

৯। 'গেয়ান' স্থলে 'পরাণ' প-র সা।

১০। 'অব্‌কে' স্থলে 'এবে কিয়ে' প র-সা; 'ইবে কভু' প র।

১১। 'সমুচিত' স্থলে 'উচিত না' প-র সা, প-র।

টীকা

১১—১২। "বিত্থাপতি কহে" ইত্যাদি। রাধামোহন ঠাকুর এই পংক্তিদ্বয়ের অর্থ লিখিয়াছেন,—"বিত্থাপতিরহং ত্বয়ি কিং কথয়ামি, তস্য দশাং শ্রুত্বাপি যদেতৎ কথয়সি, কিন্তু শৃণু, অধুনৈব মিলনং সম্যগুচিতং ভবতি অন্যথা কিং প্রয়োজনমিতি।" অর্থাৎ শ্রীকৃষ্ণের ঐরূপ অবস্থার কথা শুনিয়াও শ্রীরাধে! তুমি যখন এরূপ বলিতেছ, তখন আমি বিত্থাপতি তোমায় কি বলিব? (তুমি অসঙ্গত বলিতেছ;) এখনই মিলন সমুচিত বটে, (কেন না, শ্রীকৃষ্ণের কোন একটা অমঙ্গল হইলে, তখন মিলনে কি ফল হইবে?)।

সখীশিক্ষা-বচনম

কানড়া

শুন শুন মুগধিনি মঝু উপদেশ[১]।
হাম শিখায়ব চরিত বিশেষ ॥
পহিলহি অলকা তিলক করি[২] সাজ
বঙ্কিম লোচনে কাজর রাজ ॥
যায়বি[৩] বসনে ঝাঁপি সব অঙ্গ।
দূরে রহবি জনু বাত-বিভঙ্গ ॥
সজনি পহিলহিঁ নিয়ড়ে না যাবি।
কুটিল নয়নে ধনি মদন জাগাবি ॥
ঝাঁপবি কুচ দরশায়বি কন্ত[৪]।
দৃঢ় করি বান্ধবি নিবিহক বন্ধ ॥
মান করবি কছু রাখবি ভাব।
রাখবি রস জনু পুন পুন আব ॥
ভণয়ে বিত্থাপতি প্রথমক ভাব।
যো গুণবন্ত সোই ফল পাব ॥১১॥১১২॥

পাঠান্তর

১। খ, ঘ, চ পুথিতে 'শুন শুন' ইত্যাদি পংক্তিটি 'হাম শিখায়ব' ইত্যাদি পংক্তির পরে সন্নিবেশিত হইয়াছে।

২। 'করি' স্থলে 'নিবি' খ, ঘ, চ।

৩। 'যায়বি' স্থলে 'আওবি' খ।

৪। 'কন্ত' খ স্থলে 'কন্দ' ক, গ, ঘ, চ।

টীকা

৯—১০। "ঝাঁপবি কুচ" ইত্যাদি। স্তন আচ্ছাদন করিবে (এবং সেই সুযোগে) কান্তকে দেখাইবে; নীবি অর্থাৎ কটি-বসনের গিরার বাঁধটিও দৃঢ় করিয়া বন্ধন করিবে। 'কন্ত' শব্দের পরিবর্ত্তে ক, গ ইত্যাদি পুথির 'কন্দ' পাঠ গ্রহণ করিলে ভাল অর্থ হয় না; কারণ, 'কন্দ' বা 'স্কন্ধ' দেখাইবে বলায় কোন সার্থকতা দেখা যায় না। খ পুথির পাতার এক পাশে 'কন্ত একদেশ অত্যল্প ইতি', এইরূপ অর্থ লিখিত আছে; 'এক-দেশ' কিংবা 'অত্যল্প' অর্থে 'কন্ত' শব্দের প্রয়োগ পদাবলী-সাহিত্যে আমরা প্রাপ্ত হই নাই; কিন্তু 'কান্ত' শব্দের স্থলে 'কন্ত' শব্দের প্রয়োগ অনেক পাওয়া গিয়াছে। স্তনদ্বয় উত্তমরূপে আচ্ছাদিত করার উদ্দেশ্যে গায়ের ওড়নাখানা খুলিয়া ভাল করিয়া গায়ে দেওয়ার কালে কৌশলে কান্তকে স্তন প্রদর্শন করিবে—ইহাই সমীচীন অর্থ বলিয়া বিবেচনা হয়। তুলনা করুন,—

"কাপি কুন্তল-সংব্যান-সংযম-ব্যপদেশতঃ।
বাহুমূলং স্তনৌ নাভিপঙ্কজং দর্শয়েৎ স্ফুটম্ ॥
—সাহিত্য-দর্পণ, ৩য় পরিচ্ছেদ।

বোম্বাই নির্ণয়-সাগর যন্ত্র হইতে প্রকাশিত সাহিত্যদর্পণের টিপ্পনীতে পণ্ডিত দুর্গাপ্রসাদ দ্বিবেদী মহাশয় লিখিয়াছেন,—"কুন্তলঃ কেশপাশঃ। সংবীয়তে অনেনেতি সংব্যানম্। 'ব্যেঞ্‌ সংবরণে' ল্যুট্। 'সংব্যানমুত্তরীয়ঞ্চ' ইত্যমরঃ। তয়োর্যঃ সংযমো যথোচিতন্যাসস্তদ্ব্যপদেশতস্তদ্ব্যাজাদিতি বাস্তবার্থঃ।"

কামোদ।

সখিগণ সঙ্গে　　　　চললি নবরঙ্গিণি[১]
শোভা বরণি না হোয়।
কত শত চাঁদ　　　　চরণ-তলে নোছই
লাখ মদন তহিঁ রোয় ॥
দেখ দেখ পহিল সমাগম-রঙ্গ।
পদ দুই চারি　　　　চলত পুন ফীরই
ভীতহিঁ কম্পিত অঙ্গ ॥ধ্রু॥
ঐছন ভাতি　　　　আওল যাঁহা মাধব
দ্বারহি রহু পুন থারি।
অদভুত মনহি　　　　বিলাসন-উন্মুখ
তবহিঁ নয়নে ঝরু বারি ॥
পুন পরবোধিয়া　　　　নিকটহিঁ আনিয়া
কহে সখি সুমধুর বাণী।
বুঝি করবি রতি　　　　জগত-দুলহ[২] অতি
কমলিনি সোঁপিলুঁ আনি ॥
আপন করি তোঁহে　　　　ইহ যৈছে জানত
ঐছন করবি আচার।
মধুসূদন পুন　　　　চন্দন বিলেপন
বর-কুসুমে সুশিঙ্গার ॥
কহ রাধামোহন　　　　আর কিয়ে শুভদিন
ঐছন হোয়ব মোরি।
নিজ-জন জানি　　　　সেবনে নিয়োজব
সদয়হৃদয় মোহে গোরি ॥১২॥১১৩॥

পাঠান্তর

১। 'নবরঙ্গিণি' প-স স্থলে 'বররঙ্গিণি' ক—চ। রাধামোহন ঠাকুরের টীকায় 'নবরঙ্গিণীতি পদোপ-দানাৎ নববয়স্কত্বং ব্যঞ্জিতং'—এইরূপ লিখিত হওয়ায় 'নবরঙ্গিণি'ই যে তাঁহার অনুমোদিত পাঠ, তাহাতে সন্দেহ নাই।

২। 'জগত-দুলহ' স্থলে 'জগত-দুর্ল্লভ' ক, গ, ঘ, চ।

টীকা

৮—১১। "ঐছন ভাতি" ইত্যাদি। ঐ প্রকারে (শ্রীরাধা) যেখানে মাধব (আছেন), সেখানে আসিলেন; (আসিয়া) কিন্তু (কুঞ্জের) দ্বারেই দাঁড়াইয়া রহিলেন; কি আশ্চর্য্য! (শ্রীরাধা) মনে বিলাসের জন্য উন্মুখ অর্থাৎ উৎকণ্ঠিত; তথাপি নয়নে ('কিলকিঞ্চিত' নামক ভয়, লজ্জা, হর্ষ প্রভৃতির সাঙ্কর্য্যবশতঃ) অশ্রু ঝরিতেছে।

১৬—১৯। "আপন করি" ইত্যাদি। এ যাহাতে তোমাকে আপনার বলিয়া জানিতে পারে, ঐরূপ ব্যবহার করিবে। হে মধুসূদন! (বিলাসের অন্তে) পুনর্ব্বার (শ্রীরাধার অঙ্গে) চন্দন-বিলেপন ও উৎকৃষ্ট কুসুমে বেশ-ভূষা (করিবে)।

রাধামোহন ঠাকুর তাঁহার এই পদের 'বর-কুসুমে সুশিঙ্গার' বাক্যের নিম্নলিখিত শ্লেষ-ঘটিত অর্থও করিয়াছেন; যথা,—"পক্ষে কুসুমেষুঃ কন্দর্প-স্তেন প্রেরিতঃ শৃঙ্গারঃ কর্ত্তব্যঃ। * * যকার-ভেদাভেদমবিচার্য্য শাব্দশ্রুত্যভেদেন ব্যাখ্যাদ্বয়ী লিখিতা।" সুতরাং ঐরূপ শ্লেষ-প্রয়োগ নির্দ্দোষ না হইলেও শ্লিষ্ট অর্থটিও যে তাঁহার অভিপ্রেত, তাহাতে সন্দেহ নাই।

বিহাগড়া।[১]

সকল সখি পর-　　　　বোধি কামিনি
আনি দিল পিয়া পাশ।
জনু বান্ধি ব্যাধা　　　　বিপিন সোঁ[২] মৃগি
তেজই তীখন শ্বাস[৩] ॥

বৈঠি শয়ন-স- মীপে সুবদনি
যতনে সমুখ না হোয়।
ভেলি মানস[৪] ভ্রমই দশ দিশ[৫]
দেই[৬] মনমথ ফোয়[৭] ॥
নিবিড় নিবিবন্ধ কঠিন কঞ্চুক
অধরে অধিক নিরোধ।
কঠিন কাম ক- ঠোর কামিনি
মানে নাহি পরবোধ ॥
সকল গাত দু- কূল দৃঢ় অতি[৮]
কথিহুঁ[৯] নাহি পরকাশ[১০]।
পাণি পরশিতে[১১] প্রাণ পরিহর[১২]
পুরব কা রতি আশ ॥
কান্ত কাতরে[১৩] কতহুঁ কাকুতি
করত কামিনি-পায়[১৪]।
কি জানি কি পর- কার অব দুহুঁ
কছুই নাহি অবধায় ॥
দিবস চারি গো- ঙাহ মাধব
করহ রতি সমাধান।
বড়ই কাজ সো বড়ই ধারজ[১৫]
সিংহ ভূপতি ভাণ ॥ ১৩॥১১৪ ॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ২৬৮ সংখ্যক ও প-র পুথির ১১২ সংখ্যক পদ। 'বিহাগড়া' স্থলে 'ধানশ্রী' প-র।

২। 'বিপিন সোঁ' প-র স্থলে 'বিপুন সো' প-র-সা; 'বিপিনে সো' ক—চ।

৩। 'তীখন শ্বাস' প-স, ঘ স্থলে 'তীখন নিশ্বাস' ক, খ, গ, চ; 'দীঘ নিশ্বাস' প-র-সা, প-র।

৪। 'ভেলি মানস' স্থলে 'ভিত মানসে' প-র।

৫। 'ভ্রমই দশ দিশ' স্থলে 'কতহু ধাধসে' প-র-সা, প-র।

৬। 'দেই' স্থলে 'দেলি' ঘ।

৭। 'দেই মনমথ ফোয়' স্থলে 'দেই মনোরথ ফোয়' ক, খ, গ; 'দেলি মনমথ কোয়' ঘ; 'ভ্রমই দশ দিগ কোয়' প-র-সা; 'ভ্রময়ে দশ দিশ রোয়' প-র।

'ভেলি মানস' ইত্যাদি পংক্তিদ্বয় রাধামোহন ঠাকুরের টীকায় গৃহীত ও ব্যাখ্যাত হইয়াছে; ঐ ব্যাখ্যা (টীকা দ্রষ্টব্য) যদিও কষ্ট-কল্পিত, তথাপি আমরা উক্ত পাঠটিকে অপ্রামাণিক বলিতে পারি না; প-র পুথির—

"ভি(ভী)ত মানসে কতহু ধাধসে
ভ্রময়ে দশ দিশ রোয়।"

পাঠে অর্থ সুগম হইলেও উহা স্বাভাবিক নহে; সুতরাং প্রাচীন পাঠের দুর্বোধ্যতা হেতু ইহা পরবর্তী সংশোধন বলিয়াই বিবেচনা হয়।

৮। 'দৃঢ় অতি' স্থলে 'দড়য়তি' প-র-সা।

৯। 'কথিহুঁ' স্থলে 'কামহু' প-র।

১০। 'পরকাশ' স্থলে 'পরবাশ' প-র।

১১। 'পরশে' প-র-সা, প-র।

১২। 'পরিহরি' প-র-সা; 'পরিহরে' প-র।

১৩। 'কান্ত কাতরে' স্থলে 'কানু কাতর' প-র-সা, প-র।

১৪। অতঃপর প-স, প-র-সা ও প-র পুথিতে বাকী ৬টি পংক্তির পরিবর্তে নিম্নলিখিত পংক্তি দুইটি দৃষ্ট হয়; যথা,—

"প্রাণ পীড়ন রাই মানই
বিদ্যাপতি কবি গায় ॥"

১৫। 'বড়ই কাজ সো' ইত্যাদি পংক্তি স্থলে 'বড় কাজ শোভই' ইত্যাদি খ

টীকা

১—৪। "সকল সখি" ইত্যাদি। সকল সখীরা প্রবোধ দিয়া নায়িকা শ্রীরাধাকে প্রিয়তমের নিকট আনিয়া দিল; যেম বাঁধ বিপিন হইতে মৃগীকে

বান্ধিয়া আনিল ; (শ্রীরাধা ব্যাধ-বদ্ধা মৃগীর ন্যায়) তীক্ষ্ণ নিশ্বাস ত্যাগ করিতে লাগিলেন।

এই পদটি বিষম-মাত্রিক মাত্রা-ত্রিপদী ছন্দে রচিত ; প্রত্যেক অর্দ্ধ-কলিতে মোট ২৪টি মাত্রা আছে ; মাত্রা-বিভাগ যথা,—

৩+৪ . ৩+৪
৩+৪+৩।

৫—৮। "বৈঠি শয়ন" ইত্যাদি। সুন্দরী (শ্রীরাধা) শয্যার নিকটে বসিলেন ; (শ্রীকৃষ্ণের) যত্নেও সম্মুখ-বর্ত্তিনী হইলেন না ; (তাহাতে শ্রীকৃষ্ণের) অভিলাষ অর্থাৎ সম্ভোগ-বাসনা হইল এবং (তাঁহার চিত্ত অস্থিরতা হেতু) দশ দিকে ভ্রমণ করিয়া অর্থাৎ কিংকর্ত্তব্য-বিমূঢ় হইয়া মন্মথ অর্থাৎ কন্দর্পকে ধিক্কার দিতে লাগিল। ফ্যালন্ সাহেবের সুপ্রসিদ্ধ হিন্দুস্থানী-ইংরেজি অভিধানে 'ফো' অব্যয় শব্দটির অর্থ 'Pooh! psha! fie! এবং 'ফিট্' অব্যয় শব্দটির অর্থ 'ছি!' লিখিত হইয়াছে। ফ্যালন সাহেব 'ফিট' শব্দটি নিন্দার্থক সংস্কৃত 'ক্ষিট' ধাতু-জাত বলিয়া স্থির করিয়াছেন। 'ফো' শব্দের উৎপত্তি সম্বন্ধে তিনি কিছু বলেন নাই ; আমরা উহা সংস্কৃত 'ফুৎকার' শব্দ-জাত বলিয়াই বিবেচনা করি ; 'ফুৎকার' শব্দের অপভ্রংশ 'ফুক্কার', 'ফুআর', 'ফোর' ও অন্ত্য র-কারের লোপ হেতু 'ফো' হইতে পারে। অমরু-শতকের 'ফূৎকৃত্য রোদিষ্যসি' ইত্যাদি প্রয়োগে 'ফূৎ+কৃ' ধাতুর অর্থ চীৎকার করা ; তাহা হইতে 'অভিশাপ দেওয়া', 'ধিক্কার দেওয়া' ইত্যাদি অর্থে উহার প্রয়োগ সহজেই সিদ্ধ হইতে পারে। রাধামোহন ঠাকুর এই 'ফোয়' শব্দটি 'ফূৎ+কৃ' ধাতু হইতে জাত স্থির করিয়াও 'দেই মনমথ ফোয়' বাক্যটির নিম্নলিখিত কষ্ট-কল্পিত অর্থ করিয়াছেন ; যথা,—"শ্রীকৃষ্ণস্য মনঃ সুরততৃষ্ণাযুক্তং ভূত্বা দশদিক্ষু ভ্রমণং কৃত্বা মদনং ফূৎকরোতি,—হে মদন ! অস্মাবির্ভাবং কুরু, যেন মৎকার্য্যসিদ্ধির্ভবতি। বহুফূৎকারেণাবির্ভাবস্তস্যাং ন কৃতঃ, অতঃ সুতরাং কামস্য কঠিনত্বম্।"

৯—১২। "নিবিড়" ইত্যাদি। (শ্রীরাধার লজ্জা ও ভয়ের আধিক্য হেতু) কটি-বসনের গ্রন্থি দৃঢ়-বদ্ধ, কাঁচুলি কঠিন অর্থাৎ অশিথিল এবং অধর ও ওষ্ঠের নিরোধ অর্থাৎ চাপা-অবস্থা অধিক (রহিল) ; কন্দর্প নিষ্ঠুর অর্থাৎ তাঁহার বাণ-বিদ্ধ প্রাণিগণের ক্লেশ-দর্শনে দয়ার্দ্র-চিত্ত না হইয়া, যেন আরও হৃষ্ট-চিত্ত ; (নবোঢ়া) নায়িকাও (সেইরূপ) কঠিন-চিত্তা ; (কিছুতেই) প্রবোধ মানিতেছেন না।

২৩—২৪। "বড়ই কাজ সো" ইত্যাদি। সিংহ ভূপতি কহিতেছেন,—বড় কাজের সঙ্গে বড় ধৈর্য্য (আবশ্যক) ; অর্থাৎ এইরূপ একটি গুরুতর কার্য্যে তোমার মত সুবুদ্ধি নায়কের অস্থির হওয়া সঙ্গত নহে।

কেদার।১

অভিনব গোরি বসতি পতিগেহ।
ঘর সঞে করষয়ে নয়লং[২] সুলেহ ॥
নিবসয়ে নরপতি পতিভয় লাজ।
দূতিক পৈঠয়ে এহেন অকাজ ॥
কি কহব রে সখি কহই না জান।
পহিল সমাগম রাধা কান ॥ ধ্রু ॥
যব দুহুঁ নয়নে নয়নে ভেল ভেট[৩]।
সচকিত-নয়নে[৪] বয়ন করু হেট ॥
সোঁপলু যবহি করহি কর আপি[৫]।
সাধসে ধয়ল দুহুঁক তনু কাঁপি ॥
যব দুহুঁ পায়ল মদন-শয়ান।
না জানিয়ে কৈছে কয়ল পাঁচবাণ ॥
গোবিন্দদাস কহ তুহুঁ সে সেয়ানী।
হরি-করে সোঁপলি হরিণি-নয়ানী ॥

১৪॥১১৫ ॥

ইতি পূর্ব্বরাগস্য সংক্ষিপ্তসম্ভোগঃ।

পাঠান্তর

১। এটি প-র পুথির ১১।১৮ সংখ্যক পদ। 'কেদার' স্থলে 'বড়ারি' প-র।

২। 'নয়ল' স্থলে 'নবীন' ক।

৩। 'যব দুহুঁ' ইত্যাদি স্থলে 'যব ধনি যতনে কান্ত সঞে ভেট।' ক।

৪। 'সচকিত-নয়নে' প-র স্থলে 'চমকিত-নয়নে' খ, ঘ, চ; 'অবনত-নয়নে' ক।

'সোঁপলু যবহি' ইত্যাদি পংক্তি স্থলে 'যব দুহুঁ সোঁপল করে কর আপি' ক—চ।

অত্র প্রার্থনা।

শ্রীগৌরাঙ্গচাঁদ হের নয়ানের কোণে।
শরণ লইনু তোমার শীতল চরণে[১] ॥
দিয়াছি তোমার দায় আমার কেহ নাই।
তুমি দয়া না করিলে যাব কার ঠাঞি ॥
প্রভু নিত্যানন্দচাঁদ করহ করুণা।
কাতর হইয়া ডাকি দীনহীন জনা ॥
পূর্ব্বে পাপী তরাইলে এবে না তরাও।
পাপিষ্ঠ-উদ্ধার এবে জগতে দেখাও ॥
তোমার কৃপা না পাইয়া বেড়াই[২] কান্দিয়া।
পূরবে দিয়াছ প্রেম জগতে যাচিয়া ॥
সে করুণা প্রকাশিয়া উদ্ধারহ মোরে।
শুনিয়াছে[৩] দয়ার ঠাকুর দেখুক
সংসারে[৪] ॥১৫॥১১৬॥

ইতি পঞ্চমপল্লবঃ।

পাঠান্তর

১। 'শরণ লইনু' ইত্যাদি স্থলে 'শীতল চরণে তোমার লইনু শরণে।' খ, গ।

২। 'বেড়াই' স্থলে 'ফিরিয়ে' খ, গ।

৩। 'শুনিয়াছি' ক, গ।

৪। গ পুথিতে এই পদটি ৬ষ্ঠ পল্লবের আদিতে সন্নিবেশিত আছে দেখিয়া গ পুথির স্বত্বাধিকারী মহাশয় আমাদিগকে লিখিয়াছিলেন যে, "১১৫ নং পদের পরেই ৫ম পল্লব শেষ এবং ইহাই সম্ভব; কারণ, ইহার পর পল্লব শেষে শ্রীগৌরাঙ্গের নিকট প্রার্থনা থাকা অসম্ভব,—তাহাতে ক্রম-ভঙ্গ দোষ ঘটে।" এই ১১৬ সংখ্যক পদটিকে ষষ্ঠ পল্লবের প্রথম পদ বলিয়া ধরিলে ৫ম পল্লবের নির্দ্দিষ্ট পদ-সংখ্যা ১৫টির স্থলে ১৪টি হয়; (প-ক-ত পুথির শেষে 'অনুবাদ-প্রকরণ' দ্রষ্টব্য) সেইরূপ যদি পঞ্চম পল্লবের প্রারম্ভের 'দেখ দেখ গৌর' ইত্যাদি (৪র্থ পল্লবের ১০ সংখ্যক) সংখ্যা-বিহীন পংক্তিটিকে একটি পদ ধরিয়া পূর্ব্বোক্ত প্রার্থনা বাদ দিয়া, ৫ম পল্লবের নির্দ্দিষ্ট পদ-সংখ্যার পূরণ করা হয়, তাহা হইলে ৫ম পল্লবের পদসংখ্যা কোন প্রকারে ঠিক থাকিলেও ৬ষ্ঠ পল্লবের নির্দ্দিষ্ট পদ-সংখ্যা হইতে একটি পদ বেশী হইয়া পড়ে। প্রার্থনা গৌরচন্দ্র নহে; উহা পল্লবের শেষে থাকিলে ক্রম-ভঙ্গ হয় না; ঘ, চ, পুথিতে "দেখ দেখ গৌর" ইত্যাদি পদটি গণিত হয় নাই এবং এই প্রার্থনার পদটিকেই ১৫ সংখ্যক পদ ধরিয়া উহাকে ৫ম পল্লবের "ইতি পূর্ব্বরাগস্য সংক্ষিপ্তসম্ভোগঃ" বাক্যটির পরে, কিন্তু ষষ্ঠ পল্লবের 'অথ পূর্ব্বরাগঃ' বাক্যটির পূর্ব্বে সন্নিবেশিত করা হইয়াছে; সুতরাং উহা যে পঞ্চম পল্লবের শেষ পদ, তাহাতে কোন সন্দেহ নাই।

পূর্ব্বরাগঃ

শ্রীগৌরচন্দ্রঃ।

কামোদ।[১]

কি খেনে দেখিলুঁ গোরা নবীন কামের কোঁড়া[২]
সেই হৈতে রৈতে নারি ঘরে।
কত না করিব ছল কত না ভরিব জল
কত যাব সুরধুনী-তীরে ॥
বিধি তো বিনু বলিতে কেহ নাই[৩]।
যত গুরু-গরবিত গঞ্জন-বচন কত[৪]
ফুকরি কাঁদিতে নাহি ঠাঁই[৫] ॥ধ্রু॥

অরুণ-নয়ানের কোণে চাঞাছিল আমা[৬] পানে
পরাণে বড়শি দিয়া[৭] টানে।
কুলের ধরম মোর ছারেখারে যাউক্ গো[৮]
না জানি কি হবে পরিণামে ॥
আপনা আপনি খাইনু[৯] ঘরের বাহির হৈলুঁ[১০]
শুনি খোল করতালের নাদ।
লক্ষ্মীকান্ত দাস কয় মরমে যার লাগয়
কি করিবে কুল-পরিবাদ[১১] ॥১॥১১৭॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ৩৬৭ সংখ্যক ও প-র পুথির ৩১৯ সংখ্যক পদ। 'কামোদ' স্থলে 'তুড়ী' প-র-সা ; 'আসাবরী' প-র।

২। 'নবীন কামের কোঁড়া' স্থলে 'নবীন চান্দের কোঁড়া' প-র-সা ; 'তরুণ কামের কোড়া' প-র।

৩। 'বলিতে কেহ নাই' স্থলে 'বলিব কার ঠাই' প-র।

৪। 'গঞ্জন-বচন কত' স্থলে 'বচন-রচন শত' প-র।

৫। 'ফুকরি কাঁদিতে নাহি ঠাঁই' স্থলে 'তিলেক জুড়াইতে ঠাঞি নাঞি' প-র।

৬। 'আমা' স্থলে 'মোর' প-র-সা।

৭। 'দিয়া' স্থলে 'যেন' প-র-সা, প-র।

৮। 'ছারেখারে যাউক গো' স্থলে 'রাখিতে নারিলুঁ গো' প-র-সা।

৯। 'আপনা আপনি খাইলুঁ' স্থলে 'কেন বা আপনা খাইলাম' প-র-সা ; 'না জানি আপনা' ইত্যাদি প-র।

১০। 'হৈলুঁ' স্থলে 'হৈলাম' প-র-সা, প-র।

১১। 'লক্ষ্মীকান্ত দাস' ইত্যাদি পংক্তিদ্বয়ের স্থলে,—

'যখন দেখিলুঁ নাট তখনি ভুলিলাম বাট
লোচন কহয়ে পরমাদ।'
—প-র-সা ও প-র।

লক্ষ্মীকান্ত দাসের এই একটি মাত্র পদ ব্যতীত আর কোন পদ পদ-কল্প-তরু গ্রন্থে সংগৃহীত হয় নাই ; সুতরাং লক্ষ্মীকান্ত দাসের অন্যান্য পদাবলী আবিষ্কৃত ও আলোচিত না হইলে এই পদটি প্রকৃত পক্ষেই তাঁহার রচিত কি না, নিশ্চিতরূপে বলা যায় না।

টীকা

১—২। "কি খেনে" ইত্যাদি। নবীন কামের কুঁড়ি বা কলিকাস্বরূপ গৌরাঙ্গকে কি (শুভ কিংবা অশুভ) ক্ষণে দেখিলাম।

পঠমঞ্জরী গুর্জ্জরী।[১]

এই ত গোকুলবাসী কেহ কিছু জানসি
তাহার চরণে করোঁ সেবা।
তোমরা আসিয়া দেখ রাইয়ের বেয়াধি লখ
রাইয়েরে পাঞাছে কোন দেবা[২] ॥
সব দেব হাকারিয়া কহে[৩] শ্রুতিপুটে।
কালিয়া কোঙর নামে কাঁপি ঝাঁপি উঠে[৪] ॥
কালিয়া কোঙর নামে থাকে[৫] কদমতলে।
সুকুমারী দেখিয়া পাঞাছে শিশুকালে ॥
তাহারে আনিয়া সবে তার পূজা কর।
পূজা পাইলে যাবে সে আপনার ঘর[৬] ॥
বংশীবদনে কহে এই কথা দড়[৭]।
নিজ পূজা না পাইলে পরমাদ বড়[৮] ॥২॥১১৮॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ১১৪ সংখ্যক ও প-র পুথির ৩১৫৬ সংখ্যক পদ। 'পঠমঞ্জরী গুর্জ্জরী' স্থলে 'শ্রীরাগ' প-র।

২। প-র-সা ও প-র পুথিতে 'এই ত গোকুল-বাসী' ইত্যাদি চারি পংক্তি নাই ; তৎপরিবর্ত্তে প-র পুথিতে নিম্নলিখিত পাঠ আছে ; যথা,—

'বুঝিলুঁ ভাবিনীর ভাব নহে দৈত্য দান।
কদম্ব তরুয়া দেবেরে কিছু মান ॥'

৩। 'কহে' স্থলে 'কলুঁ' প-র-সা; 'কহিল' প-র।

৪। প-র পুথিতে 'সব দেব হাকারিয়া' ইত্যাদি পংক্তিদ্বয় 'সুকুমারী দেখিয়া' ইত্যাদি পংক্তির পরে দৃষ্ট হয়।

৫। 'থাকে' স্থলে 'বৈসে' প-র।

৬। 'তাহারে আনিয়া' ইত্যাদি পংক্তিদ্বয়ের পরিবর্ত্তে—

'মনে কিছু না ভাবিহ প্রাণে না মারিবে।
নিজ পূজা পাইলে আপন ঘরে যাবে॥'

প-র-সা, প-র। তৎপরে প-র-সা ও প-র পুথির অতিরিক্ত পাঠ যথা,—

'নিরবধি কালো ছায়া ফিরে সাথে সাথে।
কি করিব মণি মন্ত্র কালা অবঘাতে॥'

৭। 'এই কথা দড়' স্থলে 'না করিহ ডর' প-র।

৮। 'নিজ পূজা' ইত্যাদি পংক্তি স্থলে 'কানুরে কহিলে সব ঘুচিবে বাগড়'—প-র।

এই পদের ন্যায় কিয়দংশ ত্রিপদী ও বাকী অংশ পয়ার ছন্দে রচিত পদ পদাবলী-সাহিত্যে বিরল; প-র-সা—বিশেষতঃ প-র পুথির পাঠ বেশ সঙ্গত বলিয়া বোধ হয়; তথাপি ক—চ পুথিগুলিতে মুদ্রিত পাঠ প্রাপ্ত হওয়ায়, ভিন্ন পুথির প্রামাণ্যে আমরা উক্ত পাঠ অগ্রাহ্য করিতে পারিলাম না।

টীকা

৫—৬। "সব দেব" ইত্যাদি। (কোন সখী) সকল দেবতার নাম উচ্চৈঃস্বরে চীৎকার করিয়া (শ্রীরাধার) কর্ণে কহিতেছেন; (শ্রীরাধা) 'কালিয়া কোঙর' (এক অর্থে—কুমার কৃষ্ণ; অপর অর্থে সেই নামধারী কোন অজ্ঞাত দেবতা) নাম শুনিয়া কাঁপিয়া-ঝাঁপিয়া উঠিতেছেন।

সুহই।১

রাই, কেন বা এমন হৈলা।
কি রূপ দেখিয়া আইলা॥
মরম কহ না২ মোয়।
বেয়াধি ঘুচাঙ৩ তোয়॥
না পারি বুঝিতে রীত।
সব দেখি বিপরীত॥
সোনার বরণ তনু।
কাজর ভৈ গেল জনু॥
নয়ানে বহয়ে৪ ধারা।
কহিতে বচন হারা॥
জ্ঞানদাস মনে জাপ।
কহিলে ঘুচিবে৫ তাপ॥ ৩॥১১৯॥

পাঠান্তর

১। এটি প-র পুথির ৩৫৭ সংখ্যক পদ।

২। 'কহ না' স্থলে 'কহ গো' প-র।

৩। 'বেয়াধি ঘুচাঙ' স্থলে 'সে ব্যাধি ঘুচাব' প-র।

৪। 'বহয়ে' স্থলে 'দেখিয়ে' খ, প-র।

৫। 'ঘুচিবে' স্থলে 'ঘুচাই' প-র।

টীকা

১১—১২। "জ্ঞানদাস" ইত্যাদি। পদ-কর্ত্তা জ্ঞানদাস মনে জপিতেছেন অর্থাৎ পুনঃ পুনঃ আলোচনা করিতেছেন যে, (শ্রীরাধা) সখীগণের নিকট মনের কথা বলিলে (তাঁহার) বিরহ-সন্তাপ দূর হইবে।

তুড়ি।

কেনে গেলাম জল ভরিবারে।
যাইতে যমুনার ঘাটে সেখানে ভুলিলুঁ বাটে১
তিমিরে গরাসিল মোরে॥ ধ্রু॥

রসে তনু ঢর ঢর তাহে নব কৈশোর
আর তাহে নটবর বেশ ।
চূড়ার টালনি বামে মউর[২]-চন্দ্রিকা ঠামে
ললিত লাবণ্য রূপ-শেষ ॥
ললাটে চন্দন-পাঁতি নব-গোরোচনা কাঁতি[৩]
তার মাঝে পূনিমক চাঁদ ।
অলকা-বলিত মুখ ত্রিভঙ্গ-ভঙ্গিমা রূপ
কামিনী জনের মন ফান্দ ॥
লোকে তারে কাল কয় সহজে সে কাল নয়
নীলমণি মুকুতার পাঁতি ।
চাহনি চঞ্চল বাঁকা কদম্ব গাছেত ঠেকা
ভুবন-মোহন রূপ-ভাঁতি ॥
সঙ্গে ননদিনী ছিল সে সকল দেখি[৪] গেল
অঙ্গ কাঁপে থরহরি ডরে ।
জ্ঞানদাসেতে কয় তারে তোমার কিবা ভয়
সে কি সতী বোলাইতে পারে ॥৪॥১২০॥

পাঠান্তর

১। 'ভুলিলুঁ বাটে' স্থলে 'কলঙ্ক উঠে' খ, ঘ, ।
২। 'মউর' স্থলে 'মধুর' ক, খ ।
৩। 'কাঁতি' স্থলে 'ভাঁতি' ক, গ ।
৪। 'সে সকল দেখি' স্থলে 'সকল দেখিয়া' চ ।

তথা ।[১]

আলো সই, কি হইল মোরে প্রেমজ্বালা[২] ।
মো মেন আপনা খাইলুঁ কেনে বা যমুনা গেলুঁ
শয়নে স্বপনে দেখোঁ কালা ॥
সাত পাঁচ সখী সঙ্গে নানা আভরণ অঙ্গে
সাধে গেলাম জল ভরিবারে[৩] ।
তেমাথা পথের ঘাট সেখানে ভুলিলুঁ বাট[৪]
কালামেঘে ঝাপ্যাছিল মোরে ॥
যমুনা যাইতে পথে[৫] দোসারি কদম্ব আছে[৬]
তাতে চরে সে কোন[৭] দেবতা ।
তার গলার মালা দিলে[৮] আচম্বিতে মোর গলে
সেই হৈতে মরমে[৯] হৈল বেথা[১০]॥
সে কালা কালিয়া[১১] শ্যাম কালিয়া তাহার নাম
কালিন্দী-কদম্ব-তলে[১২] থানা ।
বংশীবদনে কয় যুবতী জীবার নয়
দেখিলে মরমে দেয় হানা ॥৫॥১২১॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ১২৬ সংখ্যক ও প-র পুথির ৩.১০ সংখ্যক পদ ।

২। 'আলো সই' ইত্যাদি পংক্তি স্থলে 'সই এ কি হৈল প্রেমজালা' প-র । 'আলো সই' ইত্যাদি পংক্তি তিনটি প-র-সা পুথিতে নাই ।

৩। 'সাধে গেলাম' ইত্যাদি পংক্তি স্থলে 'সাধে গেলু যমুনার জলে' প-র-সা, প-র ।

৪। 'ভুলিলুঁ বাট' স্থলে 'শুনিলাম নাটে' প-র-সা ; 'হারালুঁ নাটে' প-র ।

৫। 'যাইতে পথে' স্থলে 'পুলিন কাছে' প-র-সা ; 'আসিতে যাইতে' প-র ।

৬। 'আছে' স্থলে 'তাতে' প-র ।

৭। 'তাতে চরে সে কোন' স্থলে 'বনচারী সে কোন' প-র ; 'বনচর কেমন' প-র-সা ।

৮। 'তার গলার মালা দিলে' স্থলে 'তাহার গলার মালা' প-র ।

৯। 'মরমে' স্থলে 'মনে' প-র ।

১০। 'তার গলার' ইত্যাদি পংক্তিদ্বয় প-র-সা পুথিতে নাই ।

১১। 'সে কালা কালিয়া' স্থলে 'কালিয়া বরণ' প-র-সা ।

১২। 'তলে' স্থলে 'তরু' প-র ।

টীকা

৬—৭। "তেমাথা পথের" ইত্যাদি। যে ঘাটের কাছে তিনটি পথ আসিয়া মিলিয়াছে, সেই ঘাটের

কাছে (আমি) পথ ভুলিলাম ; (কেন না). আমাকে কালা মেঘে (এক পক্ষে মেঘ-স্বরূপ শ্রীকৃষ্ণে, অপর পক্ষে কৃষ্ণবর্ণ মেঘে) আবৃত করিয়াছিল। 'ঝাপ্যাছিল' শব্দের অর্থ—আবৃত করিয়াছিল, আচ্ছন্ন করিয়াছিল, সুতরাং ভাবার্থ এই যে, শ্রীকৃষ্ণের ভুবনমোহন সৌন্দর্য্যের সাগরে শ্রীরাধা সম্পূর্ণরূপে ডুবিয়া গিয়াছিলেন।

ভাটিয়ারি।

তখনি বলিলুঁ তোরে যাইস না যমুনা-তীরে
চাইস না সে[১] কদম্বের তলে।
তুমি এখন কেন বা বোল. শুন না গো বড়ি মাই
গা মোর কেমন কেমন করে॥
রাঙ্গা হাত রাঙ্গা পা মেঘের বরণ গা
রাঙ্গা দীঘল দুটি আঁখি।
কাহার শকতি উহার দিঠিতে পড়িলে গো
ঘরে আইসে আপনাকে রাখি॥
কাণে মকর-কুণ্ডলে আস্ত মানুষ গিলে
কাঁচা পাকা কিছু নাহি বাছে।
আমরা উহার ডরে সদাই ডরাই গো[২]
বাহির না হই বাড়ীর নাছে[৩]॥
আন সনে কথা কয় আন জনে মুরুছায়[৪]
ইহা কি শুন্যাছ সখি কাণে।
এ কুল ও কুল মোরা দু কুল খাঞাছি গো
হয় নয় বংশীদাস জানে॥৬॥১২২॥

পাঠান্তর

১। 'চাইস না সে' স্থলে 'চাসি না তো' ঘ।

২। 'সদাই ডরাই গো' স্থলে 'ঘরের বাহির নহি' ঘ, চ।

৩। 'বাহির না হই' ইত্যাদি পংক্তি স্থলে 'বাড়ীর বাহির নহি নাছে॥' ঘ, চ।

'আন সনে' ইত্যাদি পংক্তি-চতুষ্টয় খ—চ পুথিতে নাই।

১—৪। "তখনি বলিলুঁ" ইত্যাদি। (সখী শ্রীরাধাকে বলিতেছেন)—আমি তখনি তোমাকে বলিয়াছিলাম, যমুনার তীরে যাইও না ; (যদি বা যাও, তাহা হইলেও) সেই কদম্বের তলের দিকে চাহিও না। (সে নিষেধ তখন না মানিয়া) তুমি এখন কেন বলিতেছ যে, 'শুননাগো বড়ি মাই'—আমার গা যেন কেমন কেমন করিতেছে!

তথা রাগ।[১]

আলো মুঞি জানো না, জানিলে যাইতাম না
কদম্বের তলে।
চিত মোর হরিয়া নিলে ছলিয়া
নাগর ছলে[২]॥ ধ্রু॥
রূপের পাথারে[৩] আঁখি ডুবি সে[৪] রহিল।
যৌবনের বনে মন হারাইয়া গেল॥
ঘরে যাইতে পথ মোর হৈল অফুরাণ।
অন্তরে বিদরে হিয়া কি জানি করে প্রাণ[৫]॥
চন্দন চান্দের মাঝে মৃগমদ ধান্ধা।
তার মাঝে হিয়ার পুতলী রৈল বান্ধা॥
কটি পীত-বসন রসনা তাহে জড়া[৬]।
বিধি নিরমিল কুল-কলঙ্কের কোঁড়া॥
জাতি কুল শীল সব[৭] হেন বুঝি গেল।
ভুবন ভরিয়া মোর ঘোষণা রহিল॥
কুলবতী সতী হৈয়া দু কুলে দিলুঁ[৮] দুখ।
জ্ঞানদাস কহে দঢ় করি থাক[৯] বুক॥৭॥১২৩॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ৩০০ সংখ্যক ও প-র পুথির ৩।১২ সংখ্যক পদ। 'তথা রাগ' স্থলে 'করুণা রাগ' প-র।

২। 'আলো মুঞি' ইত্যাদি পংক্তিদ্বয়ের পরিবর্ত্তে—

'না নিলে যাইতাম না লো যমুনার জলে।
চিত মোর' ইত্যাদি প-র-সা পুথি।
'আলো মুঞি কেন গেলু কালিন্দীর জলে।
চিত হরি কালিয়া নাগর নিল ছলে॥' প-র।

৩। 'পাথারে' স্থলে 'সাগরে' প-র।

৪। 'ডুবি সে' স্থলে 'ডুবিয়া' খ, প-র-সা, প-র।

৫। 'অন্তরে বিদরে' ইত্যাদি স্থলে 'অন্তর বিদরে হিয়া ফুকরে পরাণ।' প-র; 'অন্তরে অন্তর কান্দে কেমন করে প্রাণ' প-র-সা।

৬। 'জড়া' স্থলে 'বেড়া' প-র-সা।

৭। 'সব' স্থলে 'মোর' খ।

৮। 'দিলুঁ' স্থলে 'থুলুঁ' প-র।

৯। 'থাক' স্থলে 'বান্ধ' প-র।

টীকা।

৩—৪। "রূপের পাথারে" ইত্যাদি। পদ-কর্ত্তা এ স্থলে খুটিনাটি করিয়া শ্রীকৃষ্ণের রূপ-বর্ণনের প্রয়াস না করিয়া, অপূর্ব্ব ধ্বনি-গর্ভ কয়েকটি বাক্যের সাহায্যে শ্রীকৃষ্ণের অপরিসীম রূপ-যৌবনের যে প্রস্ফুট চিত্র অঙ্কিত করিয়াছেন, তাহা মহাকবির অনুপযুক্ত নহে; যে রূপ নয়নে লাগিয়াও দর্শন-কারিণীর সর্ব্বাঙ্গ ছাইয়া ফেলিয়া, তাঁহাকে অমৃত-রসে ডুবাইয়া দেয়, উহাকে রূপের 'পাথার' কিংবা 'সাগর' না বলিয়া আর কি বলা যাইতে পারে? যে যৌবনের চিরনূতন শ্যামল শোভা দর্শন-কারিণীর চিত্তকে সৌন্দর্য্যের গোলক-ধান্ধায় চিরকাল ঘুরাইয়া ফিরায় ও উহা হইতে বাহির হওয়ার পথ দেয় না, তাহাকে যৌবনের গহন বন ব্যতীত আর কি বলা যাইতে পারে?

৫। "ঘরে যাইতে" ইত্যাদি অপূর্ব্ব বাক্যটির 'অতিশয়োক্তি' অলঙ্কার দ্বারা শ্রীরাধার আর সেই যমুনা-তীরের পথ ছাড়িয়া গৃহে যাওয়ার শক্তি নাই অর্থাৎ তাঁহাকে নবানুরাগে সম্পূর্ণ আত্মহারা করিয়া ফেলিয়াছে, ইহাই ব্যঞ্জিত হইতেছে; সুতরাং এ স্থলে অলঙ্কার দ্বারা রস-ধ্বনি বুঝিতে হইবে।

এই অপূর্ব্ব পদটির প্রায় প্রত্যেক চরণেই এই-রূপ সুমধুর রস-ধ্বনি রহিয়াছে; বাহুল্য-ভয়ে ব্যাখ্যা করা হইল না; সহৃদয় পাঠক-বর্গ উঁহা প্রণিধান করিবেন।

সুহই।

শ্যামপানে চাহিয়া অকাজ করিলুঁ।
দিবস রজনী আন নাহি জানি
ভাবিতে গুণিতে মলুঁ ॥ ধ্রু ॥
দাঁড়াইয়া তরুমূলে আকুল করিল মোরে
ঈষত বঙ্কিম দিঠে চাঞা।
ঘর যাইতে না লয় মন যাউক জাতি কুল ধন
চিকণ শ্যামের বালাই লৈয়া ॥
অঙ্গ-ভঙ্গিমা দেখি প্রেমে পূরিত আঁখি
মোর মনে আন নাহি ভায়।
চিত নিবারিতে[১] যদি বিরলে বসিয়া থাকি
মন কেনে শ্যাম পানে ধায় ॥
খাইতে শুইতে না লয় চিতে শুনিয়া বংশীর গীতে
না জানি কি হৈল হিয়ার মাঝে।
মনে অনুমান করি ছাড়িতে নারিলুঁ হরি
তিলাঞ্জলি দিলুঁ কুললাজে ॥
কি খেনে জলেরে গেলুঁ কি রূপ দেখিয়া আইলুঁ
ঘরেতে আসিয়া হৈলুঁ জরী
গোপতে অনন্ত কহে জর জ্বালা কিছু নহে
কানু[২] করিয়াছে মন চুরি ॥৮॥১২৪॥

পাঠান্তর

১। 'নিবারিতে' স্থলে 'নিবারিয়ে' ঘ।

২। 'কানু' স্থলে 'কালা' ক, গ।

শ্রীরাগ।

কি হেরিলুঁ কদম্ব-তলাতে।
বিনি পরিচয়ে মোর পরাণ কেমন করে
জিতে কি পারিয়ে পাসরিতে॥ ধ্রু॥
কপালে চন্দন-চাঁদ কামিনী-মোহন ফান্দ
আন্ধারে করিয়া আছে[১] আলা।
মেঘের উপরে চাঁদ সদাই উদয় করে
নিশিদিশি শশী ষোল কলা॥
কিশোর বয়েস বেশ আর তাহে রসাবেশ
আর তাহে ভাতিয়া চাহনি।
হাসির হিলোলে মোর পরাণ-পুতলী দোলে
দিতে চাই যৌবন নিছনি॥
যে দেখয়ে একবার সে কি পাসরয়ে আর
শুধুই সুধার তনুখানি।
দাস অনন্ত বলে রূপ হেরি কে না ভুলে
জগতে নাহিক হেন প্রাণী॥১॥১২৫॥

পাঠান্তর

১। 'করিয়া আছে' স্থলে 'করিয়াছে' ক, ঘ।

টীকা

৪—৭। "কপালে চন্দন" ইত্যাদি। (শ্রীকৃষ্ণের) ললাটে শ্বেত-চন্দনের চন্দ্রাকৃতি ফোটা রমণীগণের মোহকারী ফান্দস্বরূপ; (সেই চন্দ্র, অন্ধকারে আলো করিয়া রাখিয়াছে; মেঘের অর্থাৎ শ্রীকৃষ্ণের জলদ-শ্যাম দেহের উপরে দিবানিশি সর্ব্বদা ষোড়শ-কলা-বিশিষ্ট পূর্ণ (চন্দনময়) চন্দ্র বিরাজ করিতেছে। আকাশের চান্দ মেঘের নীচে ঢাকা পড়ে, কখনও মেঘের উপরে উঠিতে পারে না; তার পর উহা দিবানিশি সর্ব্বদা সম্পূর্ণ-মণ্ডলে বিরাজিত হইতে পারে না—কিন্তু এই চন্দ্র মেঘের উপরে দিবানিশি সম-ভাবে সম্পূর্ণ-মণ্ডলে সর্ব্বদা বিরাজিত আছে; সুতরাং আকাশস্থিত চন্দ্র অপেক্ষা এই চন্দন-চন্দ্রের শ্রেষ্ঠতা বর্ণিত হওয়ায় 'ব্যতিরেক' অলঙ্কার হইল।

১০—১১। "হাসির হিলোলে" ইত্যাদি। পদকর্ত্তা 'হিলোল' শব্দটির ব্যঞ্জনা দ্বারা বুঝাইতেছেন যে, শ্রীকৃষ্ণের হাস্য সুধার সমুদ্র-তুল্য; উহার প্রত্যেক হিল্লোল অর্থাৎ লহরী শ্রীরাধার প্রাণ-রূপ ক্ষীণ পুতুলটিকে প্রতি ক্ষণে আন্দোলিত করিতেছে; তাই শ্রীরাধা অস্থির হইয়া তাঁহার রূপ-যৌবন সমস্ত উৎসর্গ করিয়াও প্রাণের এই অস্থিরতা দূর করিতে পারেন কি না, তজ্জন্য উৎসুক হইয়াছেন।

ধানশী।

রাই-মুখে শুনলহি ঐছন বোল।
সখিগণ কহে ধনি নহ উতরোল॥
তুয়া মুখ দরশন পাওল সেহ।
কৈছে আছয়ে কছু না বুঝল[১] এহ॥
তুহুঁ কাঁহে এত উতকণ্ঠিত ভেল।
তোহে হেরি সো আকুল ভৈগেল॥
ঐছে বিচার করত যাঁহা রাই।
তুরিতহিঁ এক সখি মীলল তাই॥
এ ধনি পদুমিনি কর অবধান।
তোহারি নিয়ড়ে মুঝে ভেজল কান॥
১০॥১২৬॥

পাঠান্তর

১। 'কৈছে আছয়ে' ইত্যাদি স্থলে 'কৈছে আছল কছু সমুঝল এহ' ক।

টীকা

৩—৪। "তুয়া মুখ" ইত্যাদি। শ্রীরাধে! সেই (কৃষ্ণ) তোমার বদনের দর্শন পাইয়াছেন; (অতএব তিনি তোমার সৌন্দর্য্যে বিমুগ্ধ না হইয়া থাকিতে পারেন কি? তবে যদি বল যে, তাহা হইলে তিনি আমার খোঁজ লইতেছেন না কেন?) ইনি (অর্থাৎ শ্রীরাধা) কি ভাবে আছেন, তাহা তিনি কিছুই বুঝিতে পারেন নাই; (নায়িকার মনের ভাব না জানিয়া তাঁহার নিকট দূতী-প্রেরণ সঙ্গত নহে)।

কামোদ।

নাগর নিকট- সঞে দোতি আওল
রাই সুনাগরি ঠাম।
শ্যামক কত দুখ দেখি না পারিয়ে
কহইতে আয়লুঁ হাম॥
কো জানে কখন দেখল তোহে শ্যামর
তুয়া রূপ করত ধেয়ান।
রাধা নামে দ্বিগুণ তনু মোড়ই
ধৈরজ না ধরে পরাণ॥
শুন কহি সুন্দরি তোয়।
সো হেন সুনাগর সবগুণ-সাগর
তোহে সে পুরুখ-বধ হোয়॥ধ্রু॥
তুহুঁ রমণী ধনি- মুকুট-শিরোমণি
মোহে না করু আন ছন্দ।
কহ ব্রজানন্দ বিলম্ব না কর ধনি
হেরহ শ্যামর-চন্দ॥১১॥ ১২৭॥

ধানশী।১

সুন্দরি তুহুঁ বড়ি হৃদয় পাষাণ।
তুয়া লাগি২ মদন- শরানলে পীড়িত
জিবইতে সংশয় কান৩॥ ধ্রু॥
বৈঠলি তরুতলে পন্থ নেহারই
নয়নে গলয়ে ঘন৪ লোর।
রাই রাই করি সঘনে জপয়ে হরি
তুয়া ভাবে৫ তরু দেই কোর॥
শীতল৬-নলিনী-দল তাহে মলয়ানিল
আগরে লেপই অঙ্গ৭।
চমকি চমকি হরি উঠত কত বেরি
হানত মদন-তরঙ্গ॥
চলহ বিপিনে ধনি রমণী-শিরোমণি
ঝাট করি ভেটহ কান৮।
গোবিন্দ দাসের বাণী তুরিতে চলহ ধনি৯
কানু ভেল বহুত নিদান॥১২॥১২৮॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ১৪২ সংখ্যক পদ। 'ধানশী' স্থলে 'বড়ারি' প-র।

২। 'তুয়া লাগি' স্থলে 'তো বিনু' প-র।

৩। প-র-সা পুথিতে 'সুন্দরি তুহুঁ' ইত্যাদি ধ্রুব-কলিটি 'তুয়া ভাবে' ইত্যাদি পংক্তির পরে লিখিত হইয়াছে।

৪। 'গলয়ে ঘন লোর' স্থলে 'বহয়ে বহু লোর' প-র।

৫। 'ভাবে' স্থলে 'ভ্রমে' প-র-সা।

৬। 'শীতল' স্থলে 'নবীন' প-র।

৭। 'লেপই অঙ্গ' স্থলে 'লেপই সব অঙ্গ' প-র; 'লেপিত সব অঙ্গ' প-র-সা।

৮। 'ঝাট করি' ইত্যাদি স্থলে 'ভেটই নাগর কান' প-র।

৯। 'গোবিন্দ' ইত্যাদি স্থলে 'তোহারি অবধি করি নিশি দিশি ঝুরি ঝুরি' প-র।

বালা ধানশী।

দুতিমুখে শুনইতে ঐছন রীত।
সব অঙ্গ পুলকিত চমকিত চিত॥
কহইতে গদগদ কণ্ঠহি বোল।
সখি-মুখ নিরখই অন্তর দোল॥
ইঙ্গিত জানি বনায়ল বেশ।
সিন্দুর দেয়ল বান্ধল কেশ॥
সব সখি-গণ মেলি কয়ল পয়ান।
নিশবদে চললিহুঁ কোই না জান॥
চলইতে পদ দুই থরহরি কাঁপ।
হেরইতে পন্থ নয়নযুগ ঝাঁপ॥

ঐছনে মিলল নাগর পাশ।
পহিল মিলন কহে দ্বিজ হরিদাস ॥
১৩॥১২৯॥

কেদার।১

সুরত-তিয়াসে ধয়ল পহুঁ পাণি।
করে কর বারই তরল-নয়ানী ॥
হঠ-পরিরম্ভণে পরিশিতে গাত।
নহি নহি বোলি ঢুলায়ত মাথ ॥
অভিনব মদন-তরঙ্গিণী রাই।
শ্যাম-মতঙ্গ রঙ্গ অবগাই ॥
চুম্বনে সঙ্কুচ লোচন-তার।
পিবইতে অধর রচই সিতকার ॥
নখর পরশে ধনী চমকই গোরী।
দশইতে চমকি উঠয়ে তনু মোড়ি ॥
কহইতে কহ গদগদ পদ-আধ।
অনঅনো-মনে মনসিজ-উনমাদ ॥
তৈখনে রোখ তবহিঁ পরসাদ।
গোবিন্দ দাস কহ রস-মরিযাদ॥১৪॥১৩০॥

১। এই পদটির পাঠান্তর ইত্যাদি ৫৩ সংখ্যক পদে দ্রষ্টব্য।

তথা রাগ।১

বালা রমণী রমণে নাহি সুখ।
অন্তরে মদন দিগুণ দেই দুখ[২] ॥
সব সখি মেলি[৩] শুতায়ল পাশ।
চমকি চমকি ধনি ছাড়য়ে নিশ্বাস ॥
করইতে কোরে মোড়ই সব অঙ্গ।
মন্ত্র না শুনয়ে জনু বাল-ভুজঙ্গ[৪] ॥
বেরি এক[৫] করে ধনি মুদ্দিত নয়ান।
রোগি করয়ে জনু ঔখদ পান ॥
তিল আধ দুখ জনম ভরি সুখ।
ইথে কাঁহে ধনি তুহুঁ মোড়সি[৬] মুখ ॥
ভণয়ে বিদ্যাপতি শুনহ মুরারি[৭]।
তুহু রস সাগর মুগধিনি নারী ॥১৫॥১৩১॥

ইতি সংকীর্ত্তনানুসারে, পূর্ব্বরাগস্য সংক্ষিপ্ত-সম্ভোগঃ।

ইতি ষষ্ঠপল্লবঃ।

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ২৭০ সংখ্যক পদ। 'তথা রাগ' স্থলে 'ধানসী' প-র-সা।
২। অতঃপর প-র-সা পুথিতে নিম্নলিখিত অতিরিক্ত কলিটি দৃষ্ট হয়; যথা,—
'রস নাহি হোয়ল বেদনা সার।
গুরুয়া ভোখে জনু থোরি আহার ॥'
৩। 'মেলি' স্থলে 'আনি' প-র-সা।
৪। 'বাল-ভুজঙ্গ' স্থলে 'কাল ভুজঙ্গ' ঘ।
৫। 'বেরি এক' স্থলে 'তিল এক' প-র-সা।
৬। 'মোড়সি' স্থলে 'বঙ্কিম' প-র-সা।
৭। 'ভণয়ে বিদ্যাপতি' ইত্যাদি পংক্তি-দ্বয়ের পরিবর্ত্তে—
"ভণয়ে বিদ্যাপতি বোধব বিধান।
আশা-ভঙ্গ দুখ মরণ সমান ॥"—প-র-সা।

অথ পূর্ব্বরাগস্য প্রকারান্তরমাহ।

যথা শ্রীমদ্গৌরচন্দ্রঃ।

কামোদ।

গৌর-বরণ তনু শোহন মোহন
সুন্দর মধুর সুঠান।
অনুপম অরুণ- কিরণ জিনি অম্বর
সুন্দর চারু বয়ান ॥

পেখলু গৌরাঙ্গচন্দ্র বিভোর।

কলি-যুগ-কলুষ- তিমির-বর-নাশক

নবদিপ-চাঁদ উজোর ॥ ধ্রু ॥

ভাবহিঁ ভোর ঘোর দুহুঁ লোচন

মোচন-ভব-নদু-বন্ধ।

নব নব প্রেমভর বর-তনু সুন্দর

উয়ল ভকতজন সঙ্গ ॥

লহু লহু হাস ভাষ মৃদু বোলত

শোহত গতি অতি মন্দ।

দিন-জনে নিজ বিজ দেই সব তারল

বঞ্চিত দাস গোবিন্দ ॥১॥১৩২ ॥

শ্রীরাগ।১

শচীর কোঙর গৌরাঙ্গ সুন্দর২

দেখিলুঁ আঁখির৩ কোণে।

অলখিতে চিত হরিয়া লইল

অরুণ-নয়ান-বাণে ॥

সই মরম৪ কহিলুঁ তোরে।

এতেক দিবসে নদীয়া নগরে

নাগরী না রবে ঘরে ॥ ধ্রু ॥

রমণী দেখিয়া হাসিয়া হাসিয়া

রসময় কথা কয়।

ভাবিয়া চিন্তিয়া৫ মনে দঢ়াইলুঁ

পরাণ রহিবার নয় ॥

কোন পুণ্যবতী যুবতী ইহার৬

বুঝয়ে৭ রস-বিলাস।

তাহার চরণ হৃদয়ে ধরিয়া৮

কহয়ে গোবিন্দদাস ॥২॥১৩৩॥

পাঠান্তর

১। এটি প-র পুথির ১১।১ সংখ্যক পদ। 'শ্রীরাগ' স্থলে 'ধানশ্রী' প-র।

২। 'সুন্দর' স্থলে 'নাগর' প-র।

৩। 'দেখিলুঁ আঁখির' স্থলে 'পেখলুঁ নয়ান' প-র।

৪। 'মরম' স্থলে 'মো মেন' প-র।

৫। 'ভাবিয়া চিন্তিয়া' স্থলে 'নিচয় করিয়া' প-র।

৬। 'যুবতী ইহার' স্থলে 'বুঝয়ে তাঁহার' প-র।

৭। 'বুঝয়ে' স্থলে 'সরস' প-র।

৮। 'হৃদয়ে ধরিয়া' স্থলে 'নিছনি লইয়া' প-র।

মুখরা-উক্তি।

করুণা রাগ।১

সোনার নাতিনী এমনি যে কেনি

হইলা বাউরি২ পারা।

সদাই রোদন বিরস বদন

না বুঝি কেমন ধারা ॥

যমুনা যাইতে কদম্ব-তলাতে

দেখিলে সে৩ কোন জনে।

যুবতি-জনার ধরম-নাশক৪

বসি থাকে সেই খানে ॥

সে জন পড়ে তোর মনে।

সতীর কুলের কলঙ্ক রাখিলে

চাহিয়া তাহার পানে। ধ্রু ॥

একে কুলনারী কুল আছে বৈরী

তাহে বড়ুয়ার বধূ।

কহে চণ্ডীদাসে কুল শীল নাশে

কালিয়ার প্রেম-মধু৫ ॥৩॥১৩৪ ॥

পাঠান্তর

১। এটি প-র পুথি ৩।৫৯ সংখ্যক পদ। ক—চ পুথিতে রাগের নাম নাই।

২। 'বাউরি' স্থলে 'বাউলী' প-র।

৩। 'দেখিলে সে' স্থলে 'দেখি আইলে' প-র।

৪। 'নাশক' স্থলে 'নাশিতে' প-র।

৫। 'কালিয়ার' ইত্যাদি স্থলে 'কালিয়া প্রেমের মধু' ক, গ, চ; 'নাগিল কালিয়া মধু' প-র।

ধানশী।১

কালিয়া বরণ হিরণ পিন্ধন২
যখন পড়য়ে মনে।
মুরছি পড়িয়া কান্দয়ে ধরিয়া
সব সখী জনে জনে॥
কেহ কহে মাই৩ ওঝারে ঝাড়াই
রাইয়েরে পাইঞাছে ভূতা।
কাঁপি ঝাঁপি উঠে কহিলে না টুটে৪
সে যে বৃষভানু-সুতা॥
রক্ষা-মন্ত্র পড়ে নিজ চুলে ঝাড়ে৫
কেহ বা কহয়ে ছলে।
আনি দিব তোহে নিচয়ে কহিয়ে৬
কালার গলার ফুলে॥
কহে চণ্ডীদাসে আন উপদেশে
কুলের বৈরী যে কালা।
দেখাও যতনে পাইবে চেতনে
ঘুচিবে অঙ্গের জ্বালা॥৪॥১৩৫॥

পাঠান্তর

১। এটি প-র পুথির ৩৫২ সংখ্যক পদ। 'ধানশী' স্থলে 'করুণা ধানশ্রী' প-র।

২। 'পিন্ধন' স্থলে 'কিরণ' গ, ঘ; 'চিকন' প-র।

৩। 'কহে মাই' স্থলে 'বলে ভাই' প-র।

৪। 'টুটে' স্থলে 'ছুটে' প-র।

৫। 'নিজ চুলে ঝাড়ে' স্থলে 'ধরি ধনি চুলে' প-র।

৬। 'আনি দিব' ইত্যাদি স্থলে 'আনি দেহ অহে শুন কহি তোহে' প-র; 'আনি দিব তোহে নিচয়ে কহিবে' খ।

টীকা

৯—১২। "রক্ষা-মন্ত্র" ইত্যাদি। (কোন সখী) রক্ষা মন্ত্র পাঠ করে (এবং) নিজের চুলের দ্বারা (শ্রীরাধাকে) ঝাড়িয়া দেয়; কোনও সখী কৌশল করিয়া বলে—নিশ্চিত কহিতেছি, তোমাকে কৃষ্ণের গলার ফুল আনিয়া দিব; (কৃষ্ণের গলার ফুল আনিয়া দিব, এই কথা বলাতে দুইটি উদ্দেশ্য সিদ্ধ হইতেছে; প্রথমতঃ শ্রীরাধার গুরুজনের মনে করিবে যে, এটি ভাল ব্যবস্থা,—কারণ, যে কৃষ্ণ বকাসুর পূতনা প্রভৃতিকে বধ করিয়াছেন, তাঁহার গলার ফুলের মাহাত্ম্যে নিশ্চিতই শ্রীরাধার এই ভৌতিক উপদ্রব নিবারিত হইবে। দ্বিতীয়তঃ প্রিয়তমের শ্রীঅঙ্গ-ধৃত পুষ্প অঙ্গে ধারণ করিতে পারিলে শ্রীরাধার নিশ্চিতই কিয়ৎপরিমাণে প্রিয়-অঙ্গ-স্পর্শের তুল্য সুখ জন্মিবে; সুতরাং সে কথা শুনিয়া শ্রীরাধা আশ্বস্তা না হইয়া পারেন কি? শ্রীরাধা ঐ কথা শুনিয়া কিঞ্চিৎ স্থির হইলে, শ্রীকৃষ্ণের গলার ফুলের মাহাত্ম্য সকলের নিকট খুব বাড়িয়া যাইবে এবং সুচতুরা সখীর প্রধান উদ্দেশ্য শ্রীরাধার প্রীতিসাধন সহজেই সিদ্ধ হইতে পারিবে)।

তুড়ি।১

শুনইতে কাণহি২ আনহি শুনত
বুঝইতে বুঝই আন।
পুছইতে গদ গদ উত্তর না নিকসই
কহইতে সজল নয়ান॥
সখি হে—কি ভেল এ বর-নারী।
করহুঁ কপোল থকিত রহু ঝামরি
জনু ধন-হারি জুয়ারি॥ ধ্রু॥
বিছুরল হাস রভস রস-চাতুরি
বাউরি জনু ভেল গোরি।
খনে খনে দীঘ নিশসি তনু মোড়ই
সঘন ভরমে ভেলি ভোরি॥

কাতর-কাতর　　নয়নে নেহারই[৩]
　　কাতর-কাতর[৪] বাণী।
না জানিয়ে কোন[৫] দুখে　　দারুণ বেদন
　　ঝরঝর এ দুই নয়ানি[৬] ॥
ঘন ঘন নয়নে　　নীর ভরি আওত
　　ঘন ঘন অধরহিঁ কাঁপ।
বলরাম দাস[৭] কহ　　জানলু জগ মাহ
　　প্রেমক বিষম সন্তাপ ॥ ৫॥১৩৬ ॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ১২০ সংখ্যক ও প-র পুথির ৩।৫৪ সংখ্যক পদ।

২। 'কাণহি' স্থলে 'কাহিনি' প-র।

৩। 'কাতর' ইত্যাদি স্থলে 'কাতর নয়নে নেহারই কাতর' প-র-সা।

৪। 'কাতর-কাতর' স্থলে 'কাতর কহতহিঁ' প-র।

৫। 'কোন' স্থলে 'কিয়ে' প-র-সা; 'কি' প-র।

৬। 'এ দুই নয়ানি' স্থলে 'কমল-নয়ানি' প-র-সা, প-র।

৭। 'দাস' স্থলে 'সতি' প-র-সা।

টীকা

৫—৭। "সখি হে" ইত্যাদি। সখি! এই বরাঙ্গনা (শ্রীরাধা) কি হইল? (ইহার) বিমলিন গণ্ড-স্থল করতলে স্থগিত অর্থাৎ স্থিরভাবে রক্ষিত হইয়াছে; (বোধ হয়) যেন, (কোনও) অপহৃতধন জুয়াখেলোয়ার (অর্থের শোকে ঐ ভাবে আছে)।

পদকর্ত্তা কি জন্য যে, জুয়া-খেলোয়ারের সহিত শ্রীরাধার দৃষ্টান্ত দিয়াছেন, তাহা প্রণিধান-যোগ্য; জুয়ারি যেমন সহজে ধন-শালী হইবার দুরাকাঙ্ক্ষায় বাজি ধরিয়া খেলিয়া দৈব-প্রতিকূলতা হেতু সর্ব্বস্ব খোয়াইয়া বসে—শ্রীরাধাও সেইরূপ শ্রীকৃষ্ণের প্রেম-রূপ অমূল্য রত্নলাভের আশায় লজ্জা ভয় প্রভৃতির সঙ্গে নিজের প্রাণটিকে হারাইয়া বসিয়াছেন।

সখী-উক্তি

সুহই।

রাই এমন কেন বা হৈলা।
কি রূপ দেখিয়ে আইলা ॥
মরম না কহ মোয়।
বেয়াধি ঘুচাও তোয় ॥
না পারি বুঝিতে রীত।
সব দেখি বিপরীত ॥
সোনার বরণ তনু।
কাজর ভৈগেল জনু ॥
নয়ানে বহয়ে ধারা।
কহিতে বচন হারা ॥
জ্ঞানদাস মনে জাপ।
কহিলে ঘুচিবে তাপ ॥৬॥১৩৭॥

ধানশী।[১]

নয়নক নীর　　থির নাহি বান্ধই
　　ঘন ঘন মেটসি তাই[২]।
সচকিত-লোচনে　　জলদ নেহারসি
　　মানসি হাত বাঢ়াই ॥
খেনে ঘর বাহির　　করসি নিরন্তর
　　খেনে খেনে দশ দিশ হেরি।
ময়ুর ময়ুরী সনে　　হাসি সম্ভাষসি
　　কণ্ঠ হেরসি ফেরি ফেরি ॥
কেলি-কদম্ব　　পুনহিঁ পুন হেরসি[৩]
　　ঘন ঘন তেজসি শ্বাস।
কালিন্দী নামে　　রোই উতরোলসি
　　ভণ ঘনশ্যামর দাস ॥৭॥১৩৮ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২২ সংখ্যক ও প-র পুথির ৩৬১ সংখ্যক পদ।

২। অতঃপর প-র-সা ও প-র পুথির অতিরিক্ত পাঠ যথা,—

'ও মুখ-মণ্ডল কাহে বিরস ভেল
কহ কাহা দ্বন্দ লাগাই॥
সখি হে, না বুঝিয়ে তোহারি চরিতে।
নিজ মনরথ তুহু নিজ সনে বঞ্চসি
কিয়ে কঠিন তুয়া চিতে॥ ধ্রু॥
ক্ষণে ক্ষণে অঙ্গ পুলক-মুকুল ভরু
বসনহি গোপসি তায়।'

এই উদ্ধৃত পাঠ অসংলগ্ন না হইলেও, পদ-কল্পতরুর কোন পুথিতেই উহা নাই বলিয়া মূলে গৃহীত হইল না।

৩। 'কেলি-কদম্ব' ইত্যাদি পংক্তির পরিবর্তে 'কেলি-কদম্ব-তলে আন ছলে যায়সি' প-র-সা, প-র।

ততো নিজোক্তিঃ।

ধানশী।১

সজনি, মরণ মানিয়ে বহু ভাগি।
কুলবতী তিন পুরুখে ভেল আরতি
জীবন কিয়ে সুখ লাগি॥ ধ্রু॥
পহিলে শুনলুঁ হাম শ্যাম দুই আখর
তৈখনে মন চুরি কেল।
না জানিয়ে কো ঐছে মুরুলি আলাপই
চমকই শ্রুতি হরি নেল॥
না জানিয়ে কো ঐছে পটে দরশায়লি
নব-জলধর জিনি কাঁতি।
চকিত হইয়া হাম যাহাঁ যাহাঁ ধাইয়ে
তাহাঁ তাহাঁ রোধয়ে মাতি২॥
গোবিন্দ দাস কহয়ে শুন সুন্দরি
অতয়ে করহ বিশোয়াস৩।
যাকর নাম মুরুলি-রব তাকর
পটে ভেল সো পরকাশ৪॥৮॥১৩৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১০৩ সংখ্যক ও প-র পুথির ৩৪৯ সংখ্যক পদ।

২। 'না জানিয়ে' ইত্যাদি চারিটি পংক্তির পরিবর্তে,—

'সজল জলদ তনু তরুণ কুসুম-ধনু
হেরইতে আঁখি বিভোর।
অনুভব রীত মোর হৃদয়ে আগোরল
মনমথ মতি করু চোর॥'—প-র-সা।

৩। 'গোবিন্দ দাস' ইত্যাদি দুইটি পংক্তির পরিবর্তে,—

'শুনি ধনি-বাণী ভেল সখী চমকিত
কহতহি গদ গদ ভাষ।'—প-র-সা।

৪। অতঃপর প-র-সা পুথির অতিরিক্ত পাঠ যথা,—

'এক পুরুখে যব অনুমানিয়ে
মরমে কয়লি খেদ।
গোবিন্দ দাস কহ পহিল মিলনে
টুটব বিরহক ভেদ॥'

প-র-সা পুথির উদ্ধৃত পাঠগুলি প্রক্ষিপ্ত বলিয়াই বোধ হয়।

টীকা

১—৩। "সজনি, মরণ" ইত্যাদি। শ্রীরাধা প্রথমে লোকের মুখে শ্রীকৃষ্ণের নাম শুনিয়াই তাঁহার প্রতি অনুরাগিণী হন; তৎপরে শ্রীকৃষ্ণের বংশী-ধ্বনি শুনিয়া বংশী-বাদকের প্রতি এবং বিশাখার অঙ্কিত শ্রীকৃষ্ণের চিত্র-দর্শনে সেই চিত্রাঙ্কিত পুরুষের প্রতি অনুরক্তা হন; তিনি প্রথমে যে শ্রীকৃষ্ণের নাম শুনিয়া অনুরাগিণী হইয়াছিলেন, তিনিই যে বংশী-

বাদক ও চিত্র-লিখিত পুরুষ—শ্রীরাধা ইহা বুঝিতে না পারিয়া ও উহাঁরা বিভিন্ন ব্যক্তি মনে করিয়া, সখী-সম্বোধনে নিজের দুর্দ্দশার জন্য "সজনি, মরণ মানিয়ে বহু ভাগি" ইত্যাদি আক্ষেপ করিতেছেন। এই পদের ভাব রূপ গোস্বামীর প্রসিদ্ধ 'বিদগ্ধ-মাধব' নাটক হইতে গৃহীত হইয়াছে; তুলনা করুন,—

"একস্য শ্রুতমেব লুম্পতি মতিং কৃষ্ণেতি নামাক্ষরং
সান্দ্রোন্মাদ-পরম্পরামুপনয়ত্যন্যস্য বংশীকলঃ।
এষ স্নিগ্ধ-ঘন-দ্যুতির্মনসি মে লগ্নঃ সকৃদ্বীক্ষণাৎ
কষ্টং ধিক্ পুরুষত্রয়ে রতিরভূন্মন্যে মৃতিঃ শ্রেয়সী॥"
—বিদগ্ধ মাধব, ২য় অঙ্ক।

পুনঃ সখ্যুক্তিঃ।

সুহই।

কেমন শুনিলা নাম কেমন মুরলী।
কি রূপ দেখিয়া পটে সব গেলা ভুলি॥
কেমন দেখিলা তারে কিবা অভিলাষ।
শুনিয়া সকল তোর পূরাইব আশ॥
তিন জন নহে সে বুঝিলুঁ মন দিয়া।
উপায় করিয়া তোরে দিব মিলাইয়া॥
থির হৈয়া সুবদনি কহ সব বাত।
কহয়ে মাধবী[১] মোর শিরে ধর হাত॥৯॥
১৪০॥

পাঠান্তর

১। 'মাধবী' স্থলে 'মাধুরী' ক, খ, ঘ, চ। প্রাচীন পুথির 'ব' ও 'র' অক্ষরের সাদৃশ্য হইতে এইরূপ অনেক পাঠ-বিভ্রাটের উৎপত্তি হইয়াছে; পদকল্পতরু গ্রন্থে 'মাধব' ও 'মাধবী' এই দ্বিবিধ নামের ভণিতাযুক্ত অনেকগুলি পদ উদ্ধৃত হইয়াছে; কিন্তু এই এক মাত্র স্থল ব্যতীত আর কোথায়ও 'মাধুরী' নাম দৃষ্ট হয় না; সুতরাং মাধুরীর ভণিতা-যুক্ত অন্যান্য পদ আবিষ্কৃত না হওয়া পর্য্যন্ত 'মাধুরী' পাঠ সমীচীন বলিয়া স্বীকার করা যায় না।

পুনঃ নিজোক্তিঃ।

কামোদ।[১]

সই কেবা[২] শুনাইলে শ্যাম নাম।
কাণের ভিতরে দিয়া মরমে পশিল[৩] গো
আকুল করিল মোর প্রাণ॥ ধ্রু॥
না জানি কতেক মধু শ্যাম নামে আছে গো
বদন ছাড়িতে নাহি পারে।
জপিতে জপিতে নামে অবশ করিল গো
কেমনে পাইব সই তারে[৪]॥
নাম-পরতাপে যার ঐছন করিল গো
অঙ্গের পরশে কিবা হয়।
যেখানে বসতি তার নয়ানে দেখিয়া[৫] গো
যুবতি-ধরম কৈছে রয়॥
পাসরিতে করি মনে পাসরা না যায় গো
কি করিব কি হবে[৬] উপায়।
কহে দ্বিজ চণ্ডীদাসে কুলবতী-কুল নাশে
আপনার যৌবন যাচায়॥১০॥১৪১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৭ ও প-র পুথির ৩১ সংখ্যক পদ।

২। 'সই কেবা' স্থলে 'সজনী কেন বা' প-র-সা, প-র।

৩। 'পশিল' স্থলে 'হানিল' প-র-সা; 'হানি গেল' প-র।

৪। 'কেমনে' ইত্যাদি স্থলে 'কেমনে বা পাসরিব' প-র-সা, প-র।

৫। 'দেখিয়া' স্থলে 'দেখিয়ে' প-র-সা; 'দেখিলে' প-র।

৬। 'কি হবে' স্থলে 'কহ মে' প-র-সা।

টীকা

১৫। "আপনার যৌবন" ইত্যাদি। নিজের যৌবনকে যাচিয়া দেয় অর্থাৎ নিজের যৌবনের সৌন্দর্য্যদ্বারা অনিচ্ছা সত্ত্বেও দর্শকের মন কাড়িয়া লয়।

বংশী-ধ্বনি-শ্রবণং যথা।

সুহই।[১]

কদম্বের বন হৈতে কিবা শব্দ[২] আচম্বিতে
আসিয়া পশিল মোর কাণে।
অমৃত নিছিয়া ফেলি কি মাধুর্য্য[৩] পদাবলী
কি জানি কেমন করে প্রাণে[৪] ॥
সখি হে, নিশ্চয় করিয়া কহি তোরে।
হাহা কুলাঙ্গনা-মন গ্রহিবারে ধৈর্য্য-গণ[৫]
যাহে হেন দশা হৈল মোরে ॥ধ্রু ॥
শুনিয়া ললিতা কহে অন্য কোন শব্দ নহে
মোহন মুরলী-ধ্বনি এহ[৬]।
সে শব্দ শুনিয়া কেনে হৈলা তুমি বিমোহনে
রহ নিজ চিত্তে ধরি স্নেহ[৭] ॥
রাই কহে কেবা হেন মুরলী বাজায় যেন
বিষামৃতে একত্র করিয়া।
জল নহে হিমে জনু[৮] কাঁপাইছে সব তনু[৯]
প্রতি-তনু শীতল করিয়া ॥
অস্ত্র নহে মনে ফুটে কাটারিতে যেন কাটে
ছেদন না করে হিয়া মোর।
তাপ নহে উষ্ণ অতি পোড়য়ে আমার মতি
বিচারিতে না পাইয়ে ওর[১০]॥১১॥

১৪২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৮ সংখ্যক পদ।

২। 'কিবা শব্দ' স্থলে 'কিনা ধ্বনি' প-র-সা।

৩। 'কি মাধুর্য্য' স্থলে 'সুমাধুর্য্য' প-র-সা।

৪। 'প্রাণে' স্থলে 'মনে' ক, খ, ঘ, চ, প-র-সা

৫। 'হাহা কুলাঙ্গনা' ইত্যাদি স্থলে 'তাহা কুল-রমণীর গ্রহণ করিতে ধীর' প-র-সা।

৬। 'ধ্বনি এহ' স্থলে 'ধনি হয়' প-র-সা।

৭। 'রহ নিজ' ইত্যাদি স্থলে 'থাক নিজ মন বান্ধি থেয়' প-র-সা। অতঃপর প-র-সা পুথির অতিরিক্ত পাঠ যথা,—

'শুনি বেথা পায় রাই মনের সহিতে তাই
মনে মনে বিচার করিতে।
উদবেগ হৈল মন নাহি রহে সম্বরণ
সঙ্কেতে লাগিলা কহিতে ॥'

৮। 'হিমে জনু' স্থলে 'জলে জনু' প-র-সা; 'সব তনু' খ; 'সম তনু' প-র-সা।

৯। 'কাঁপাইছে সব তনু' স্থলে 'কাঁপাইছে জলে জনু' খ; 'হিমে কাঁপাইছে জনু' প-র-সা।

১০। অতঃপর প-র-সা পুথির অতিরিক্ত পাঠ যথা,—

'এতেক কহিতে ধনী উদ্বেগ বাড়িল জানি
নারে চিত প্রবোধ করিতে।
কহে শুন আরে সখি মিছাই কহিলা
মুরলি নহে হেন চিতে ॥
কোন সুনাগর সেই মহামন্ত্র পড়ে যেই
হরিতে আমার ধৈর্য্য যত।
দেখিয়া এ সব রীত চমক লাগয়ে চিত
দাস যদুনন্দনের মত ॥'

টীকা

৫—৭। "সখি হে" ইত্যাদি। হে সখি! তোমাকে নিশ্চিত করিয়া কহিতেছি,—আহা! যাহাতে আমার এ প্রকার দশা হইয়াছে, তাহাতে কুলাঙ্গনার (কোমল) চিত্ত (লজ্জা ভয় প্রভৃতি) ধৈর্য্যের স্বগণদিগকে ধারণ করিতে (পারে কি?)। শ্রীরাধার বিরহ-জনিত বৈবশ্য হেতু 'পারে কি?'

কিংবা তদ্রূপ অন্য কোন বাক্য-পূরক পদের চ্যুতি ঘটিয়াছে, ইহাই বোধ হয়, পদকর্ত্তার অভিপ্রেত।

দর্শন—চিত্রপটে যথা।

তিরোতা।[১]

হাম[২] সে অবলা হৃদয়ে অখলা
ভাল মন্দ নাহি জানি।
বিরলে বসিয়া পটেত লিখিয়া[৩]
বিশাখা দেখাল আনি॥
হরি হরি এমন কেন বা হৈল।
বিষম বাড়ব- আনল[৪] মাঝারে
আমারে ডারিয়া দিল॥ ধ্রু॥
বয়স কিশোর বেশ মনোহর
অতি সুমধুর[৫] রূপ।
নয়ন-যুগল করয়ে শীতল
বড়ই রসের কূপ॥
নিজ পরিজন সে হেন[৬] আপন
বচনে বিশ্বাস করি।
চাহিতে তা পানে পশিল পরাণে
বুক বিদরিয়া মরি॥
চাহি ছাড়াইতে ছাড়া নহে চিতে
এখন করিব কি।
কহে চণ্ডীদাসে শ্যাম-নব-রসে
ঠেকিলা রাজার ঝি॥ ১২॥১৪৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩০ ও প-র পুথির ৩১৮ সংখ্যক পদ। 'তিরোতা' স্থলে 'সুহই' প-র।

২। 'হাম' স্থলে 'আমি' প-র-সা, প-র।

৩। 'পটেত লিখিয়া' স্থলে 'লিখি চিত্রপটে' প-র।

৪। 'বাড়ব-আনল' স্থলে 'বড়বা-আনল' ক, প-র; 'গড়ের আনল' প-র-সা।

৫। 'সুমধুর' স্থলে 'সে মধুর' গ, চ।

৬। 'সে হেন' স্থলে 'সে নহে' ক—চ, প-র-সা।

টীকা

১২—১৫। "নিজ পরিজন" ইত্যাদি। (আমার) নিজের পরিজন—তাহার ন্যায় আপনার (লোকের) কথায় বিশ্বাস করিয়া, তাহার অর্থাৎ সেই চিত্রের দিকে চাহিতে (ঐ রূপ) প্রাণে প্রবেশ করিল; (এখন) আমি হৃদয় ফাটিয়া মরিতেছি।

"সে নহে" পাঠ গ্রহণ করিলে, ইহার অর্থ এই হয়,—'(আমার) নিজের (যে) পরিজন, (সে) আপনার নহে অর্থাৎ সে আমার হিতকারী নহে; তাহার বাক্যে বিশ্বাস করিয়া' ইত্যাদি। এইরূপ অর্থ সুসঙ্গত নহে এবং ইহাতে দূরান্বয়-দোষ ঘটে; সুতরাং প-র পুথির পাঠই সমীচীন বোধে মূলে গৃহীত হইয়াছে।

অথ স্বপ্নে দর্শন।

তুড়ি।[১]

মনের মরম কথা তোমারে কহিয়ে এথা
শুন শুন পরাণের সই।
স্বপনে দেখিলুঁ যে শ্যামল বরণ দে
তাহা বিনু আর কারো নই॥
রজনী শাঙন ঘন ঘন দেয়া-গরজন
রিমিঝিমি[২] শবদে বরিষে।
পালঙ্কে শয়ন রঙ্গে বিগলিত চীর অঙ্গে
নিন্দ যাই মনের হরিষে॥
শিখরে শিখণ্ড-রোল মত্ত দাদুরী-বোল
কোকিল কুহরে কুতূহলে।
ঝিঁঝা ঝিনিকি বাজে ডাহুকী সে গরজে[৩]
স্বপন দেখিলুঁ হেন কালে॥

মরমে পৈঠল সেহ হৃদয়ে[৪] লাগল দেহ
শ্রবণে ভরল সেই বাণী।
দেখিয়া তাহার রীত[৫] যে করে দারুণ চিত
ধিক্ রহু কুলের কামিনী॥
রূপে গুণে রস-সিন্ধু মুখ-ছটা জিনি[৬] ইন্দু
মালতীর মালা গলে দোলে।
বসি মোর পদতলে গায়ে হাত দেই[৭] ছলে
"আমা কিন[৮] বিকাইলুঁ" বোলে॥
কিবা সে ভুরুর ভঙ্গ ভূষণ-ভূষিত অঙ্গ[৯]
কাম মোহে নয়ানের কোণে।
হাসি হাসি কথা কয় পরাণ কাড়িয়া লয়
ভুলাইতে কত রঙ্গ জানে॥
রসাবেশে দেই কোল মুখে নাহি সরে বোল
অধরে অধর পরশিল।
অঙ্গ অবশ ভেল লাজ ভয় মান গেল
জ্ঞানদাস[১০] ভাবিতে লাগিল॥

১৩॥১৪৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩২ ও প-র পুথির ৩৬ সংখ্যক পদ।

২। 'রিমিঝিমি' ক স্থলে 'ঝন ঝন' খ—চ, প-র। 'রজনী শাঙন ঘন' ইত্যাদি পংক্তিচতুষ্টয় প-র-সা পুথিতে নাই।

৩। 'ডাহুকী সে গরজে' স্থলে 'ডাহুকিনী ঘন গাজে' প-র-সা; 'ডাহুকী সঘনে গজ্জে' প-র।

৪। 'হৃদয়ে' স্থলে 'নয়নে' প-র-সা, প-র।

৫। 'দেখিয়া' ইত্যাদি স্থলে 'ভাবিতে সে সব রীত' প-র-সা, প-র।

৬। 'মুখ-ছটা' ইত্যাদি স্থলে 'মুখ-ছটায় নিন্দে ইন্দু' প-র; 'মুখচন্দ্র নিন্দি ইন্দু' প-র-সা।

৭। 'দেই' স্থলে 'দেয়' প-র।

৮। 'আমা কিন' স্থলে 'আমি তাহে' প-র-সা। অতঃপর 'কিবা সে ভুরুর ভঙ্গ' ইত্যাদি বাকী আট পংক্তির পরিবর্তে,—

'বলে সুমধুর বাণী হাসি রসে ঘনাঘনি
কত রঙ্গে ভঙ্গিমা চালায়।
কহে বসু রামানন্দে আনন্দে আছিনু নিন্দে
কি লাগি চিয়ায় বিধাতায়॥'—প-র-সা।

৯। 'কিবা সে' ইত্যাদি স্থলে 'কিবা সে * * * ভূষণে ভূষিত' ক; 'কিবা সে * * ভূষণঅঙ্গ' খ, গ, চ; 'কিবা সে ভুরুর ভঙ্গি বসন ভূষণ অঙ্গি' প-র।

১০। 'জ্ঞানদাস ভাবিতে লাগিল' পংক্তির পরিবর্তে 'জলদে বিজুরি আগোরল' প-র। অতঃপর প-র পুথির অতিরিক্ত পাঠ যথা,—

'কি কহিব সখি আর অঙ্গ পরশিতে তার
আনন্দে হইলুঁ অগেয়ান।
বলরাম দাসে রটে সে জন তোমার বটে
ইথে কিছু না ভাবিহ আন॥'

তথা রাগ।[১]

তোমারে কহিয়ে সখি স্বপন-কাহিনী।
পাছে লোকমাঝে মোর হয় জানাজানি॥ধ্রু॥
শাঙন মাসের দে রিমি ঝিমি বরিখে
নিন্দে তনু নাহিক বসন।
শ্যাম-বরণ এক পুরুষ আসিয়া মোর[২]
মুখ ধরি করয়ে চুম্বন॥
বলি সুমধুর বোল পুন পুন দেই কোল
লাজে মুখ রহিলুঁ মোড়াই।
আপনা করয়ে পণ সবে মাগে প্রেমধন
বলে কিন[৩] যাচিয়া বিকাই॥
চমকি উঠিলুঁ জাগি কাঁপিতে কাঁপিতে সখি
যে দেখিলুঁ সেহ নহে সতি।
আকুল পরাণ মোর দুনয়নে বহে লোর
কহিলে কে যায় পরতীতি[৪]॥

কিবা সে[৫] মধুর বাণী　　অমিয়ার তরঙ্গিণী[৬]
কত রঙ্গ-ভঙ্গিমা চালায়।
কহে বসু রামানন্দে আনন্দে আছিল[৭] নিন্দে
কেন বিধি চিয়াইল তায়[৮] ॥১৪॥১৪৫॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৩৪ সংখ্যক পদ।

২। 'মোর' স্থলে 'গো' ক, গ, চ; 'রে' প-র।

৩। 'কিন' স্থলে 'ধনি' ক, গ; 'কিনো' প-র।

৪। 'কহিলে কে' ইত্যাদি স্থলে 'দুখ কৈলে কে হয় প্রতীতি' প-র।

৫। 'কিবা সে' স্থলে 'কহয়ে' প-র।

৬। 'অমিয়ার তরঙ্গিণী' স্থলে 'অমিয়া-তরঙ্গ জিনি' গ।

৭। 'আছিল' স্থলে 'আছিলুঁ' গ; 'আছিলা' প-র।

৮। 'কেন বিধি' ইত্যাদি স্থলে 'কি লাগি চিয়ায় বিধাতায়' প-র।

টীকা

১১—১৪। "চমকি উঠিলুঁ" ইত্যাদি। হে সখি! (সাত্ত্বিক ভাবের প্রভাবে) কাঁপিতে কাঁপিতে চমকিত হইয়া জাগিয়া উঠিলাম; (কি দুর্ভাগ্য!) যাহা (স্বপ্নে) দেখিলাম, তাহাও সত্য হইল না! (সেই অবধি) আমার প্রাণ আকুল (হইয়াছে); দুই চক্ষে অশ্রু-ধারা প্রবাহিত হইতেছে; (আমার মনের দুঃখ) কহিলে কে বিশ্বাস করিবে?

"যে দেখিলুঁ সেহ নহে সতি" এই সরল মর্ম্ম-স্পর্শী বাক্যের অপূর্ব্ব ধ্বনি ও করুণত্ব মহাকবির অযোগ্য নহে। তুলনা করুন,—

"মামাকাশপ্রণিহিত-ভুজং নির্দ্দয়াশ্লেষ-হেতোঃ
লব্ধায়াস্তে কথমপি ময়া স্বপ্ন-সন্দর্শনেন।
পশ্যন্তীনাং ন খলু বহুশো ন স্থলী-দেবতানাং
মুক্তাস্থূলাস্তরু-কিসলয়েষ্বশ্রুলেশাঃ পতন্তি॥"

—মেঘদূত।

মল্লার।[১]

কিশোর বয়স কত বৈদগধি ঠাম।
মূরতি মরকত অভিনব কাম॥
প্রতি অঙ্গ কোন বিধি নিরমিল কিসে।
দেখিতে দেখিতে কত অমিয়া বরিষে॥
মলুঁ মলুঁ[২] কিবা রূপ দেখিনু স্বপনে।
খাইতে শুইতে মোর লাগিয়াছে মনে॥ধ্রু॥
অরুণ অধর মৃদু মন্দ মন্দ হাসে।
চঞ্চল নয়ন-কোণে জাতিকুল নাশে॥
দেখিয়া বিদরে বুক দুটি ভুরু[৩]-ভঙ্গী।
আই আই কোথা ছিল সে নাগর রঙ্গী॥
মন্থর চলন[৪] খানি আধ আধ যায়।
পরাণ যেমন করে কি কহব কায়[৫]॥
পাষাণ মিলাঞা যায় গায়ের বাতাসে।
বলরাম দাসে বলে অবশ[৬] পরশে॥১৫॥
১৪৬॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৩৭ সংখ্যক পদ।

২। 'মলুঁ মলুঁ' স্থলে 'মরোঁ মরোঁ' প-র।

৩। 'ভুরু' স্থলে 'আঁখি' প-র।

৪। 'চলন' স্থলে 'চরণ' প-র।

৫। 'কি কহব কায়' স্থলে 'কহনে না যায়' প-র।

৬। 'অবশ' স্থলে 'কি হয়' প-র।

ততঃ সাক্ষাদ্দর্শনং যথা।

তুড়ি।[১]

কি পেখলুঁ যমুনার তীরে।
কালিয়া-বরণ এক　　মানুষ-আকার গো
বিকাইলুঁ তার আঁখি-ঠারে॥

নিতি নিতি আসি যাই এমন কভু দেখি নাই
কি খেনে বাড়াইলাম পা ঘরে[২]।
গুরুয়া গরব কুল নাশাইল[৩] কুলবতী
কলঙ্ক চলিয়া আগে ফিরে[৪] ॥
কামের কামান জিনি ভুরুর ভঙ্গিমা গো
হিঙ্গুলে বেড়িয়া[৫] দুটি আঁখি।
কালিয়ার নয়ান বাণ মরমে হানিল গো
কালাময় আমি সব দেখি[৬] ॥
চিকণ কালার রূপে আকুল করিল গো
ধরণে না যায় মোর হিয়া।
কত চাঁদ নিঙ্গাড়িয়া মুখানি মাজিল[৭] গো
যদু কহে[৮] কত সুধা দিয়া[৯] ॥১৬॥১৪৭॥

পাঠান্তর

১। ; প-র-সা পুথির ২৬০ ও প-র পুথির ৩২৯ সংখ্যক পদ।

২। 'বাড়াইলাম' ইত্যাদি স্থলে 'লাগিল জঞ্জালে' প-র-সা।

৩। 'নাশাইল' স্থলে 'নাশাইতে' প-র।

৪। 'চলিয়া' ইত্যাদি স্থলে 'আগে আগে ফিরে' প-র; 'সে আগে আগে চলে' প-র-সা।

অতঃপর 'কামের কামান জিনি' ইত্যাদি আট পংক্তির পরিবর্তে প-র-সা পুথির পাঠ যথা,—

'শ্যাম চিকনিয়া দে রসে নিরমিল কে
প্রতি অঙ্গে ঝলকে দাপনি।
ভুবন-মোহন ঠাম দেখিয়া কান্দয়ে কাম
করুণায় কান্দে কুল-ধনি॥
না জানি না শুনি তায় সে কোন দেবতায়
তেঁহ সে তাহার হেন রিত।
জ্ঞানদাসেতে কয় না করিলে পরিচয়
কে জানিবে তাহার পিরিত॥'

৫। 'বেড়িয়া' স্থলে 'বেঢ়িয়া' ঘ; 'মণ্ডিত' প-র।

৬। 'কালাময়' ইত্যাদি স্থলে 'কালা কালা সব দিগে দেখি' প-র।

৭। 'মাজিল' স্থলে 'মাজ্যাছে' প-র।

৮। 'যদু কহে' স্থলে 'না জানিয়ে' প-র।

৯। অতঃপর প-র পুথিতে অতিরিক্ত পাঠ যথা,—

'অধরের দুটি কুল জিনিয়া বান্ধলি ফুল
হাসিখানি মুখেতে মিলায়।
নবীন মেঘের যেন বিজুরি সঞ্চরে গো
জাতি কুল মজাইলাম তায়॥
কি করিব সখি মুঞি উপায় বলহ গো
চলিতে না চলে মোর পা।
বংশীবদনে বলে ও রূপ দেখিলে গো
কামিনী কেমনে ধরে গা॥'

'যদু কহে কত সুধা দিয়া' এই ধরণের আকস্মিক (abrupt) ভণিতা বড় অধিক দেখা যায় না; পক্ষান্তরে এই পদের ও প-র-সা ও প-র পুথির উদ্ধৃত অংশের রচনা জ্ঞানদাস কিংবা বংশীবদনের অযোগ্য নহে; সুতরাং এই পদটির রচয়িতা কে, সে বিষয়ে আমাদিগের বিশেষ সন্দেহ আছে। 'যদু', 'জ্ঞানদাস' ও 'বংশীবদনে'র পদাবলীর স্বহস্ত-লিখিত পুথি আবিষ্কৃত না হইলে, এই সন্দেহের মীমাংসা সুসাধ্য হইবে না।

সিন্ধুড়া।[১]

সজনি, ও কে নাগর তরু-মূলে।
এত দিন নাহি জানি লোকমুখে নাহি শুনি
হেন জন আছয়ে গোকুলে ॥ ধ্রু ॥
মুরলীর আলাপনে পবন রহিয়া শুনে
যমুনায় বহয়ে উজান।
না চলে রবির রথ বাজি নাহি পায় পথ
দরবয়ে[২] দারু[৩] পাষাণ ॥

রমণী-রমণ-বর গতি মদ-মন্থর
মনোহরের মনোহর বেশ।
মৃগমদ চন্দন তনু ঘন লেপন
পরিমলে ভুলায়ল দেশ[৪] ॥
শুনিয়া মুরলী-ধ্বনি ধ্যান ছাড়ে যত মুনি
জপ তপ কিছুই না ভায়।
তৃণমুখে ধেনু যত ঊর্দ্ধমুখে রহত
বাছুরে দুগ্ধ নাহি খায় ॥
ময়ূর-পাখের চূড়া মালতীর মালে বেড়া
ভুবন-মোহন তার বেশ।
অগোর চন্দন তনু ঘন লেপন
সৌরভে ভরল সব দেশ ॥
ব্রজরাজ-নন্দন অনন্ত-জীবন-ধন[৫]
নাম তার সুন্দর কানাই।
তাহার আঁখির ঠারে এ দেশে তাহার ডরে
ঘরের বাহির হৈতে নাই ॥১৭॥১৪৮॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৩৩১ সংখ্যক পদ। 'সিন্ধুড়া' স্থলে 'শ্রীরাগ' প-র।

২। 'দরবয়ে' স্থলে 'দরপয়ে' খ, ঘ, চ, প-র।

৩। 'দারু' স্থলে 'দারুণ' প-র।

৪। গ পুথিতে 'রমণী-রমণ-বর' ইত্যাদি চারিটি পংক্তি নাই।

অতঃপর 'শুনিয়া মুরলী-ধ্বনি' ইত্যাদি আট পংক্তি অর্থাৎ দুইটি কলি খ, ঘ ও প-র পুথিতে নাই। ক পুথিতে 'শুনিয়া মুরলী-ধ্বনি' হইতে একটি নূতন পদ গণনা করা হইয়াছে।

৫। 'ব্রজরাজ-নন্দন' ইত্যাদি চারি পংক্তির স্থলে,—

'দাস অনন্তের ধন সেই নন্দ-নন্দন
নাম উহার সুন্দর কানাই।
এ দেশে উহার ডরে মরিয়ে আঁখির ঠারে
ঘরের বাহির হৈতে নাই ॥'—খ, ঘ, প-র।

চ পুথিতে মূলের মুদ্রিত ভণিতার কলির পরে 'রমণী রমণ-বর' ইত্যাদি কলিটি ও তৎপরে খ, ঘ ও প-র পুথির 'দাস অনন্তের ধন' ইত্যাদি ভণিতাটি লিখিত হইয়াছে

শ্রীরাগ।[১]

চিকণ কালা গলায় মালা
বাজন নূপুর পায়।
চূড়ার ফুলে ভ্রমর বুলে[২]
তেরছ নয়ানে চায় ॥
কালিন্দীর কূলে কি পেখলুঁ সই
ছলিয়া নাগর কান।
ঘর মু যাইতে নারিলুঁ সই
আকুল করিল প্রাণ ॥
চাঁদ ঝলমলি ময়ুর-পাখা
চূড়ায় উড়য়ে বায়।
ঈষৎ হাসিয়া মোহন বাঁশী[৩]
মধুর মধুর বায়[৪] ॥
রসের ভরে অঙ্গ না ধরে
কেলি-কদম্বের হেলা।
কুলবতী সতী যুবতী জনার
পরাণ লইয়া খেলা ॥
শ্রবণে চঞ্চল মকর-কুণ্ডল
পিন্ধন পিয়ল বাস।
রাতা উতপল চরণ-যুগল
নিছনি গোবিন্দ দাস ॥১৮॥১৪৯॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ১০২ ও প-র পুথির ৩২৩ সংখ্যক পদ।

২। 'বুলে' স্থলে 'ভুলে' ঘ।

৩। 'মোহন বাঁশী' স্থলে 'মধুর বাঁশী' ক, ঘ, প-র-সা, গো-দা পদাবলী।

৪। 'বায়' স্থলে 'গায়' ক—চ, প-র।

কামোদ।[১]

সহজই বিষম অরুণ দিঠি তাকর[২]
আর তাহে কুটিল কটাখি[৩]।
হেরইতে হামারি ভেদি উর অন্তর
ছেদল ধৈরজ-শাখী[৪] ॥
এ সখি বিহরয়ে কো পুন এহ।
পীত-বসন জনু বিজুরি বিরাজিত
সজল-জলদ-রুচি দেহ ॥ধ্রু॥
মৃদু মৃদু ভাষি হাসি উপজায়ল
দারুণ মনসিজ-আগি।
যাকর ধূমে ধরম-পথ কুলবতী
হেরই রহু[৫] পুন ভাগি ॥
তহিঁ পুন বেণু অধরে ধরি ফুকরই[৬]
দহইতে গৌরব লাজ।
কহ ঘনশ্যাম- দাস ধনি ঐছন
অনঅন[৭] হৃদয়ক মাঝ ॥১৯॥১৫০ ॥

পাঠান্তর

১। এটি প-র পুথির ৩১২৫ সংখ্যক পদ।
২। 'তাকর' স্থলে 'অঞ্চল' প-র।
৩। 'কটাখি' স্থলে 'কটাখ' খ, ঘ, প-র।
৪। 'শাখী' স্থলে 'শাখ' খ, ঘ, প-র।
৫। 'রহু' স্থলে 'রহি' চ; 'রহ' ক, গ।
৬। 'ফুকরই' স্থলে 'ফুকই' চ, প-র।
৭। 'অনঅন' স্থলে 'আনআন' খ, ঘ; 'আনহ' ক, গ।

টীকা

৮—১১। "মৃদু মৃদু ভাষি" ইত্যাদি। (শ্রীকৃষ্ণ) মৃদু মৃদু সম্ভাষণ ও হাস্য করিয়া (অন্তরে) প্রবল কাম-বহ্নি উৎপাদিত অর্থাৎ প্রজ্বলিত করিলেন; যাহার ধূমে কুলবতী কামিনী ধর্ম্মের পথ দেখিয়াও কিন্তু দূরে থাকে (অর্থাৎ ধূমের প্রাবল্যে ধর্ম্ম-পথে চলিতে পারে না)। এ স্থলে 'রূপক' অলঙ্কারের ধ্বনি দ্বারা কন্দর্প-জনিত চিত্ত-বিভ্রমরূপ বস্তু ব্যঞ্জিত হইতেছে।

১২—১৫। "তহিঁ পুন" ইত্যাদি। তাহাতে আবার তিনি (কুলবতীগণের) কুলাভিমান ও লজ্জা দগ্ধ করিবার জন্য অধরে বংশী (অপর পক্ষে অগ্নি-প্রজ্বালনের যন্ত্র বংশীর আকার-বিশিষ্ট বাঁশের চোঙ্গা) ধারণ করিয়া ফুৎকার দিতেছেন; (উহার ফল যে কি হইবে, তাহা কে বলিতে পারে?) পদ কর্ত্তা ঘনশ্যাম কহিতেছেন,—হে শ্রীরাধে! (কেবল তোমার এই দশা ঘটে নাই;) এই প্রকার অন্যোন্য অর্থাৎ তোমাদের উভয়ের হৃদয়ের মাঝেই হইয়াছে। এ স্থলে বেণুর ফুৎকারকে কবি অগ্নি-প্রজ্বালন-যন্ত্রের ফুৎকাররূপে বর্ণিত করায়, শ্লেষ-মূলক রূপক ও অতিশয়োক্তির সঙ্কর অলঙ্কার ঘটিয়াছে।

ধানশী।[১]

অলখিত গতি জিতি বিজুরি-সঞ্চার।
চৌদিশে ধাবই লোচন-তার ॥
এ সখি অতয়ে না পায়লুঁ ওর।
কৈছনে চীত চোরায়ল মোর ॥
জানলুঁ অবহুঁ কয়ল মুঝে হাত[২]।
অতয়ে সে অবশ ভেল সব[৩] গাত ॥
লোচন-যুগলে লোর পরিপূর।
কহইতে বয়নে কহন[৪] নাহি ফূর ॥
চলইতে চরণ অচল সম ভেল।
কুলবতী-ধরম-করম দূরে গেল[৫] ॥
পুন কিয়ে আছয়ে অছু অভিলাষ।
না বুঝিয়ে[৬] কহ ঘনশ্যামর দাস ॥২০॥
১৫১

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৩১২৬ সংখ্যক প 'ধানশী' স্থলে 'বড়ারি' প-র।
২। 'মুঝে হাত' স্থলে 'নিজ হাথ' প- 'মুঝে বাত' ক।
৩। 'সব' স্থলে 'মঝু' প-র।

৪। 'কহন' স্থলে 'কথন' ক—চ।

৫। অতঃপর প-র পুথিতে অতিরিক্ত পাঠ যথা,—

'কয়ল বিপতি এত অপহরি যায়।
হাহা অবহুঁ না ছাড়ই তায় ॥'

৬। 'বুঝিয়ে' স্থলে 'বুঝিয়া' ক, খ, গ, চ।

শ্রীরাগ।১

ঢল ঢল কাঁচা অঙ্গের লাবণি
অবনী বহিয়া যায়।
ঈসত হাসির তরঙ্গ-হিলোলে
মদন মুরুছা পায় ॥
কিবা সে নাগর কি খেনে দেখিলুঁ
ধৈরজ রহল দূরে।
নিরবধি মোর চিত বেয়াকুল
কেন বা সদাই ঝুরে ॥
হাসিয়া হাসিয়া অঙ্গ দোলাইয়া
নাচিয়া নাচিয়া যায়।
নয়ান-কটাখে বিষম-বিশিখে
পরাণ বিন্ধিতে ধায় ॥
মালতী ফুলের মালাটি গলে
হিয়ার মাঝারে দোলে।
উড়িয়া পড়িয়া মাতল ভ্রমরা
ঘুরিয়া ঘুরিয়া বুলে ॥
কপালে চন্দন- ফোটার ছটা
লাগিল হিয়ার মাঝে।
না জানি কি ব্যাধি মরমে বাধল[২]
না কহি লোকের লাজে ॥
এমন কঠিন নারীর পরাণ
বাহির নাহিক হয়।
না জানি কি জানি হয়ে পরিণামে
দাস গোবিন্দ কয় ॥২১॥১৫২ ॥

পাঠান্তর

১। এটি প-র পুথির ৩।৪৬ সংখ্যক পদ।

২। 'বাধল' স্থলে 'বান্ধল' ক, ঘ, চ; 'বিন্ধিল' প-র।

টীকা

৯—১২। "হাসিয়া হাসিয়া" ইত্যাদি। (শ্রীকৃষ্ণ) হাসিয়া হাসিয়া, (গমন-ভরে) অঙ্গ (ঈষৎ) দোলাইয়া (যেন) নাচিয়া নাচিয়া অর্থাৎ নৃত্য-গতিতে যাইতেছেন; (তাঁহার) নয়নের কটাক্ষ দ্বারা বিষম-শর (কন্দর্প) কুলবতীদিগের চিত্ত বিন্ধিবার জন্য ধাবিত হয়; অথবা তিনি নয়ন-কটাক্ষরূপ দারুণ বাণে প্রাণ বিন্ধিবার জন্য ধাবিত হইতেছেন; অথবা তিনি (মূর্ত্তিমান্ কন্দর্প বলিয়া, নীলোৎপল-তুল্য) নয়নের কটাক্ষরূপ অসম-বাণ অর্থাৎ কন্দর্পের পুষ্পবাণ দ্বারা প্রাণ বিদ্ধ করিবার জন্য ধাবিত হইতেছেন। তুলনা করুন,—

"বন্ধূক-দ্যুতিবান্ধবোঽয়মধরঃ স্নিগ্ধো মধুক-চ্ছবি-
র্গণ্ডে চণ্ডি চকাস্তি নীল-নলিন-শ্রী-মোচনং লোচনম্।
নাসাভ্যেতি তিল-প্রসূন-পদবীং কুন্দাভ-দন্তি প্রিয়ে।
প্রায়স্ত্বন্মুখ-সেবয়া বিজয়তে বিশ্বং স পুষ্পায়ুধঃ ॥"
— গীতগোবিন্দ, ১০ম সর্গ।

কামোদ।১

বরণ দেখিলু শ্যাম জিনিয়া[১] কোটি কাম
বদন জিতল কোটি শশী।
ভাঙ ধনু-ভঙ্গী ঠাম নয়ানকোণে পূরে বাণ
হাসিতে খসয়ে সুধারাশি ॥
সই এমন সুন্দর বরকান।
হেরিয়া সে মূরতি সতী ছাড়ে নিজ পতি
তেয়াগিয়া লাজ ভয় মান[২] ॥ধ্রু॥
এ বড় কারিগরে কুন্দিলে তাহারে[৩]
প্রতিঅঙ্গে মদনের শরে।

যুবতি-ধরম ধৈর্য্য-ভুজঙ্গম
দমন করিবার তরে ॥
অতি সুশোভিত বক্ষ বিস্তারিত
দেখিলুঁ দর্পণাকার।
তাহার উপরে মালা বিরাজিত[৪]
কি দিব উপমা তার ॥
নাভির উপরে লোম-লতাবলী
সাপিনী আকার শোভা।
উরুর বলনি রাম কদলী[৫]
তমাল জিনিয়া আভা[৬] ॥
চরণ-নখরে বিধু বিরাজিত[৭]
মণির মঞ্জীর তায়।
চণ্ডীদাসের হিয়া সে রূপ দেখিয়া
চঞ্চল হইয়া ধায় ॥২২॥১৫৩ ॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ২৫৮ ও প-র পুথির ৩।৪৭ সংখ্যক পদ।

২। 'মান' স্থলে 'সান' প-র-সা, প-র।

৩। 'কুন্দিলে তাহারে' স্থলে 'কিবা কুন্দিয়াছে তারে' প-র-সা; 'গড়্যাছে তাহারে' প-র।

৪। 'মালা বিরাজিত' স্থলে 'মালা মনোহর' প-র-সা; 'মালা যে শোভিত' প-র।

৫। 'উরুর বলনি' ইত্যাদি স্থলে 'ভুরুর বলনি কামধনু জিনি' ক, গ; 'ভুরুর বলনি কাম-কদলী' ঘ; 'উরুর বলনি রামকদলিনি' প-র; 'ও রূপ বলনি রাম কদলিনি' প-র-সা।

৬। 'তমাল জিনিয়া আভা' স্থলে 'ইন্দ্রধনুক আভা' ক—চ।

৭। 'বিধু বিরাজিত' স্থলে 'যাবক রঞ্জিত' প-র; 'যাবকে রঞ্জিত যেন' প-র-সা।

সুহিনী।

দেখিয়া নাগর-শিরোমণি।
না জানিয়ে দিবস রজনী ॥
কি হৈল মরমে ব্যথা।
কাহারে কহিব কথা ॥
কি আর পুছসি মোরে।
মরম কহিলুঁ তোরে ॥
যদি সে মিলয়ে মোয়।
তবে সে সফল হোয় ॥
নহিলে না জিব আর।
তোহারে কহিলুঁ সার ॥
রাইক ঐছন বাত।
শুনি পুলকিত গাত ॥
সে সখী আকুল হৈয়া।
চললি অমনি[১] ধাইঞা ॥
যেখানে নাগর শ্যাম।
মিললি যে[২] সোই ঠাম ॥
রাইক যে সব দশা।
কহে গদ গদ ভাষা ॥
মোহন তাঁহার পাশে।
কহে কিছু মৃদুভাষে ॥২৩॥১৫৪॥

পাঠান্তর

১। 'অমনি' স্থলে 'আপনি' ক, গ, চ।
২। 'যে' স্থলে 'যো' ক।

অথ শ্রীমতীর আপ্তদূতীর উক্তি।

দশদশা।

লালসোদ্বেগ জাগর্য্যা তানবং জড়িমা তথা।
বৈয়গ্র্যং ব্যাধিরুন্মাদো মোহো মৃত্যুর্দশা দশ ॥

অথ লালসা।

শ্রীগৌরচন্দ্রঃ।

"কুসুমিত কানন হেরি শচী-নন্দন"
ইত্যাদি পদং গেয়ম্।

ধানশী।

সখিগণ সঞে নাহি হাস পরিহাস।
অনুখন ধরণী-শয়নে অভিলাষ॥
এ হরি যব ধরি পেখলুঁ তোয়।
তব ধরি দিনে দিনে ঐছন হোয়॥ ধ্রু॥
নয়ন-কমলে জল গলয়ে সদায়।
বিরলে বসিয়া সে তোহারি গুণ গায়॥
তহিঁ যদি[১] প্রিয়সখি আওত কোই।
চরণে লিখয়ে মহী নিশবদ হোই॥
যতনে পুছয়ে যব মরমক বোল।
উতর না দেই রোয় উতরোল॥
কিয়ে পুন আছয়ে হিয়-অভিলাষ।
না বুঝিয়ে[২] কহ ঘনশ্যামর দাস॥২৪॥ ১৫৫॥

পাঠান্তর

১। 'যদি' স্থলে 'যব' খ, ঘ।
২। 'বুঝিয়ে' স্থলে 'বুঝিয়া' ক, খ, ঘ, চ।

উদ্বেগ-মিশ্রিত লালসা।

গান্ধার।

মন্দির মাঝে বৈঠল বর-সুন্দরী
দিনকর তুপর ঠানে।
যব হাম পুছলু পিরিতি-সম্ভাষণ
প্রেমজলে ভরল নয়ানে॥
মাধব তুয়া অনুরাগিণী রাধা।
তুয়া পরসঙ্গে অঙ্গ সব পুলকিত
না মানয়ে গুরুজন-বাধা॥ ধ্রু॥

ভাবে ভরল তনু পুন পুন কম্পিত
পুন পুন শ্যামরি গোরী।
পুন পুছত পুন দিগ নেহারত
ভূমে শুতয়ে পুন বেরি॥
ফুয়ল কবরী উরহি লোটায়ত
কোরে করত তুয়া ভানে।
জ্ঞানদাস কহ তুহুঁ ভালে সমুঝহ[১]
কোন করব চিতে আনে॥২৫॥১৫৬॥

পাঠান্তর

১। 'সমুঝহ' স্থলে 'সমুঝত' ক, গ, ঘ।

টীকা

৮—৯। "ভাবে ভরল" ইত্যাদি। শ্রীরাধার (সাত্ত্বিক) ভাবে পরিপূর্ণ দেহ পুনঃ পুনঃ কম্পিত (হইতেছে); গৌরাঙ্গী (শ্রীরাধা) পুনঃ পুনঃ শ্যামবর্ণা অর্থাৎ মলিনতা হেতু শ্যাম-বর্ণারূপে প্রতীয়মানা হইতেছেন।

১২—১৫। "ফুয়ল কবরী" ইত্যাদি। (শ্রীরাধার) উন্মুক্ত কেশ বক্ষে লোটাইতেছে; (তিনি) তোমার ভ্রমে (উহাকে) আলিঙ্গন করিতেছেন; (পদকর্ত্তা) জ্ঞানদাস বলিতেছেন,—(হে শ্রীকৃষ্ণ!) তুমিই (শ্রীরাধার অবস্থা) ভালরূপে বুঝিয়া দেখ; অন্য কোন ব্যক্তি (উহা) চিত্তে করিবে? অর্থাৎ (শ্রীরাধার প্রিয়তম) তুমি ব্যতীত তাহার (সেই শোচনীয় অবস্থা) আর কে চিন্তা করিবে?

অথ উদ্বেগ।

তদুচিত শ্রীগৌরচন্দ্র।

সিন্ধুড়া।

কানড় কুসুম হেরি শচীনন্দন
করতলে মুখ-শশী আপি।
অনুভাবে বেকত করত মব অনুরাগ
তনু মন দুহুঁ উঠে কাঁপি॥

অপরূপ গৌর-বিলাস।
যো বর-ভাব- বিভাবিত অন্তর
সোই রতিক পরকাশ ॥ধ্রু॥
ঘামহি ভিগল সকল কলেবর
বিবরণ দীশই কাঁতি।
নয়নক নীরহি সিঁচত ভূতল
শাঙন মেঘক ভাঁতি॥
গদগদ-কণ্ঠে করত হরি কীর্ত্তন
অদভুত সো পুন অঙ্গ।
রাধামোহন কহ[১] কুহকে নাচিয়ে জনু[২]
না বুঝিয়ে ও নব রঙ্গ ॥২৬॥১৫৭॥

পাঠান্তর

১। 'কহ' স্থলে 'কহু' খ, ঘ।

২। 'কুহকে নাচিয়ে' স্থলে 'কুহকে নাচায়' ক 'কুহকে নাচয়ে' গ; 'কুহুকে নাচিয়ে' চ।

কড়খা।১

তুয়া অপরূপ রূপ হেরি দূর সঞে
লোচন মন দুহুঁ ধাব।
পরশক লাগি আগি[২] জলু[৩] অন্তরে
জীবন রহ কিয়ে যাব॥
মাধব তোহে কি কহব করি ভঙ্গী।
প্রেম-অগেয়ান- দহনে ধনী পৈঠলি
জনু তনু দহত পতঙ্গী॥
কহত সম্বাদ কহই নাহি পারই
কাহে[৪] বিশোয়াসব বালা।
অনুখন ধরণী- শয়নে কত মেটব
সুতনু অতনু-শর-জালা॥
কালিন্দী-কূল কদম্বক কানন
নামে নয়নে ঝরু বারি।
গোবিন্দদাস কহই অব মাধব
কৈছে জিয়বি[৫] বরনারী ॥২৭॥ ১৫৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬১ ও প-র পুথি ৪।৫ সংখ্যক পদ।

২। 'আগি' স্থলে 'জাগি' ক।

৩। 'জলু' স্থলে 'জল' প-র-সা; 'জনু' ক।

৪। 'কাহে' স্থলে 'কৈছে' ক, গ।

৫। 'জিয়বি' স্থলে 'জিয়ব' ক—গ, চ 'জিবই' ঘ।

টীকা

৫—৭। "মাধব তোহে" ইত্যাদি। হে মাধব তোমাকে ইঙ্গিত করিয়া কি বলিব অর্থাৎ বুঝাইব শ্রীরাধা প্রেমজনিত অজ্ঞান অর্থাৎ মোহস্বরূপ অগ্নিতে প্রবেশ করিয়াছে; যেন পতঙ্গী (অগ্নিতে) দেহ দগ্ধ করিতেছে।

৮—৯। "কহত সম্বাদ" ইত্যাদি। (শ্রীরাধা) সম্বাদ (অর্থাৎ তোমার নিকট যে কথা সে বলিয়া পাঠাইতে চাহে) কহিতে (গেলে) বলিতে পারে না অর্থাৎ তুমি পাছে কি মনে করিবে, সেই সন্দেহে তাহার মনের কথা মনেই থাকিয়া যায়; (তোমার এই ঔদাসীন্য দেখিয়া) বালিকা শ্রীরাধা (তোমার অনুরাগ) কি প্রকারে বিশ্বাস করিবে?

অথ জাগর্য্যা। শ্রীগৌরচন্দ্র।

ধানশী।

কাহে পুন গৌর কিশোর।
জাগত যামিনী জনু ব্রজ-কামিনী
নব নব ভাবে বিভোর॥
কাঞ্চন বরণ ভেল পুন বিবরণ
গদ গদ হরি হরি বোল।
মুখ অতি নীরস[১] শবদহি বুঝিয়ে
মনমথ-মথন[২]-হিলোল॥

স্তম্ভ কম্প অরু অঙ্গে পুলক ভরু
উতপত সকল শরীর।
ঘন ঘন শ্বাস বহত লুঠত মহী
নয়নহি বহ ঘন নীর॥
ঐছন ভাঁতি করত কত বিতরণ
প্রেম-রতন-বর দীনে।
আপন করমদোষে ও ধনে বঞ্চিত
রাধামোহন দাস হীনে॥২৮॥১৫৯॥

পাঠান্তর

১। 'নীরস' স্থলে 'নীরসল' গ।
২। 'মথন' স্থলে 'মনহি' খ।

টীকা

৬—৭। "মুখ অতি" ইত্যাদি। শ্রীগৌরাঙ্গের মুখ অতি শুষ্ক; (তাঁহার) শব্দেই বুঝিতেছি যে, (তাঁহার অন্তরে) মদন-মোহন শ্রীকৃষ্ণের হিল্লোল অর্থাৎ ভাব-তরঙ্গ (আন্দোলিত হইতেছে)।

তিরোতা।

তুহুঁ মনমোহন কি কহব তোয়।
মুগধিনী রমণী তোহারি লাগি রোয়॥
নিশিদিশি জাগি জপয়ে তুয়া নাম।
থরহরি কাঁপি পড়য়ে সোই ঠাম॥
যামিনী আধ অধিক যব হোয়।
বিগলিত-লাজে উঠয়ে তব রোয়॥
সখিগণ যত পরবোধয়ে তায়।
তাপিনী তাহে[১] ততহি নাহি ভায়॥
ইহ কবিশেখর তাক উপায়।
রচইতে তবহি রজনী বহি যায়॥২৯॥১৬০॥

পাঠান্তর

১। 'তাহে' স্থলে 'তাপে' খ, গ; 'তাতে' ক।

টীকা

৭—৮। "সখিগণ" ইত্যাদি। সখীগণ তাঁহাকে যতই প্রবোধ দেয়, তাহাতে তাপযুক্তা শ্রীরাধা ততই ভাল বোধ করেন না অর্থাৎ প্রবোধ বাক্যে শ্রীরাধার কষ্টের শান্তি না হইয়া আরও বৃদ্ধি হইয়া থাকে।

৯—১০। "ইহ কবিশেখর" ইত্যাদি। এই (সখীস্থানীয়) কবিশেখর তাহার অর্থাৎ শ্রীরাধার দুঃখ-নিবারণের উপায় রচনা অর্থাৎ উদ্ভাবন করিতে, তখনই অর্থাৎ সেই উপায় উদ্ভাবন করিতে করিতেই রজনী অতীত হইয়া যায়; (উপায় উদ্ভাবন আর হইয়া উঠে না)।

শ্রীরাগ।[১]

ধরণী-শয়নে ঝরয়ে নয়নে
সঘনে কাঁপয়ে অঙ্গ।
চম্পক-বরণ তাপে মলিন
হৃদয় দহ অনঙ্গ॥
কিছু করুণা করহ কানাই[২]।
তোহারি কটাখ- শরে জর জর[৩]
অতি ক্ষীণ-তনু রাই[৪]॥
এ দিন যামিনী জাগিয়া কামিনী
জপিয়া তোহারি নাম।
না জানিয়ে কিয়ে বেয়াধি হইল
শ্বাস বহে অবিরাম॥
সব সখীগণ করয়ে[৫] রোদন
কারণ কিছু না জানি[৬]।
গৌরীদাস[৭] বিধি[৮] রচে[৯] মহৌষধি
দেবের আবেশ মানি॥৩০॥১৬১॥

পাঠান্তর।

১। এটি প-র পুথির ৪।১১ সংখ্যক পদ।
২। 'কিছু করুণা' ইত্যাদি স্থলে 'হরি হরি করুণা কি নহ তুয়া ঠাই' প-র।

৩। 'তোহারি কটাখ' ইত্যাদি স্থলে 'তোহারি কটাখ-শরে সো ধনি জর জর' প-র।

৪। 'অতি ক্ষীণ' ইত্যাদি স্থলে 'অতি ক্ষীণ-তনি ভেল রাই' প-র।

৫। 'করয়ে' স্থলে 'বেঢ়ল' প-র।

৬। 'কারণ কিছু' ইত্যাদি স্থলে 'বিষম বেয়াধি জানি' প-র।

৭। 'গৌরীদাস' স্থলে 'গৌরদাস' ঘ।

৮। 'গৌরীদাস বিধি' স্থলে 'করত বিবিধ' প-র।

৯। 'রচে' স্থলে 'মন্ত্র' প-র।

অথ তানবং।

শ্রীগৌরচন্দ্র।

বিহাগড়া।

দেখ দেখ গৌরবর গুণধাম।
যো রূপ লাবণি দেহ সুগঠনি
দেখি ঝুরে কোটি কাম ॥ধ্রু॥
সোই ভাব-ভরে ক্ষীণ দিশই
পরম দুবর দেহ।
তবহুঁ দীপতি উজর ঐছন
যৈছন চাঁদক রেহ॥
শ্যাম-নব-রস করত কীর্ত্তন
স্মরই ও নব রূপ।
তেঞি অহনিশি ভ্রমই দশ দিশি
স্নাত-নব-রস-কূপ॥
ঐছে নিতি নিতি বিহরে দ্বিজ-পতি
জাগু পুরুবক প্রেম।
রাধামোহন চিতহুঁ অনুমান
ও রূপ জগজন-ক্ষেম ॥৩১॥১৬২॥

টীকা

৮—১১। "শ্যাম-নব-রস" ইত্যাদি। (শ্রীগৌরাঙ্গ) শ্রীকৃষ্ণের নবানুরাগ অর্থাৎ পূর্ব্বরাগ কীর্ত্তন করেন এবং তাঁহার ঐ নিত্য-নূতন রূপ স্মরণ করিতেছেন; তাই তিনি দিবারাত্র (শ্রীকৃষ্ণের অন্বেষণের জন্য) দশ দিকে ভ্রমণ করেন; (বোধ হয় যেন, তিনি) নবানুরাগের কূপে স্নাত হইয়াছেন; (নতুবা তিনি কৃষ্ণ-প্রেমময়-দেহ হইলেন কি প্রকারে?) স্নাত হইয়াছেন 'নব-রস-কূপে' যিনি, এইরূপ বহুব্রীহি সমাস দ্বারা 'স্নাত-নব-রস-কূপ' শব্দটি নিষ্পন্ন হইয়াছে।

বরাড়ী।[১]

মাধব, ধৈরজ না কর গমনে।
তোহারি বিরহে ধনী অন্তর জর জর
মানস মীলন[২] শমনে ॥ধ্রু॥
ধূলি-ধূসর ধনী ধৈরজ না রহ
ধরণী শুতল ভরমে।
মুকত[৩] কবরী-ভার হার তেয়াগল
তাপিত তিসিত[৪] পরাণে॥
বিগলিত অম্বর সম্বর নহে ধনী
সুর-সুতা স্রবে নয়নে।
কমলজ কমলেই[৫] কমলজ ঝাঁপল[৬]
সোই নয়ন-বর বয়নে॥
মা বোলই ধনী ধরণী-তলে মুরছলি
প্রাণ প্রবোধ না মানে।
কহই চতুরি ধনী আর কিয়ে হোয় জানি
গোবিন্দদাস পরমাণে ॥৩২॥১৬৩॥

পাঠান্তর

১। এটি প-র পুথির ৪।২৩ সংখ্যক পদ।

২। 'মীলন' স্থলে 'মিলল' ক, গ। 'মীলন' ইত্যাদি হইতে দুইটি পংক্তি লিপিকরের ভ্রমে প-র পুথিতে পরিত্যক্ত হইয়াছে।

৩। 'মুকত' স্থলে 'মুকুতা' খ, ঘ, চ।

৪। 'তিসিত' খ—চ, প-র; 'ভূষিত' ক।

৫। 'কমলজ কমলেই' স্থলে 'কমলয় কমলেই' ক, খ, ঘ; 'কমলয কমলেই' চ; 'কমলেই কমলজ' প-র।

৬। 'কমলজ ঝাঁপল' স্থলে 'ঝাঁপল অনুখন' প-র।

টীকা

১—৩। "মাধব ধৈরজ" ইত্যাদি। হে মাধব! (শ্রীরাধার নিকট) গমনে ধৈর্য্য অর্থাৎ ঔদাসীন্য করিও না; তোমার বিরহে শ্রীরাধা জর্জ্জরিত-হৃদয়া (হইয়াছেন;) শমনের অর্থাৎ মৃত্যুর সহিত সম্মিলনে (তাঁহার) মানস হইয়াছে।

৮—১১। "বিগলিত অম্বর" ইত্যাদি। শ্রীরাধা বিস্রস্ত বসন সম্বরণ করেন না; (তাঁহার) নয়নে সুর অর্থাৎ দেবগণের অন্যতম গিরিরাজের কন্যা সুরধুনী স্রাবিত হইতেছে, শ্রীরাধার বদনে সেই (সুরধুনীস্রাবী) সুন্দর (পদ্ম-তুল্য) নয়ন কমলজ অর্থাৎ নেত্র-কমল-জাত কমল অর্থাৎ জল দ্বারা কমলজ অর্থাৎ জল-জাত পদ্মকে আচ্ছাদন করিল। ইহার সংক্ষিপ্ত তাৎপর্য্য এই যে, শ্রীরাধার বদনে (নয়ন)-কমল-জাত জলে (বদন)-কমল আচ্ছাদিত হইল। জগতে জল হইতেই কমলের উৎপত্তি হয়, কমল হইতে জলের উৎপত্তি হয় না এবং কমল-জাত জলে কমলকে প্লাবিত করিতে পারে না; কিন্তু এ স্থলে সেই প্রসিদ্ধ নিয়মের 'বিরুদ্ধ' কার্য্যোৎপত্তি হওয়ায় রূপকের দ্বারা অনুপ্রাণিত বিরোধাভাস নামক অর্থালঙ্কার হইয়াছে। 'কমলজ' শব্দ-দ্বয় বিভিন্ন অর্থে প্রযুক্ত হওয়ায় এ স্থলে পুনরুক্তি-দোষ না হইয়া, 'পুনরুক্তবদাভাস' নামক শব্দালঙ্কারও ঘটিয়াছে। 'কমল' শব্দ জলার্থে প্রসিদ্ধ; যথা,—"সলিলং কমলং জলম্" ইতি অমর-কোষ।

অথ জড়িমা।

তত্র শ্রীগৌরচন্দ্র।

বেলাবলী।

আজু হাম নবদ্বীপ- দ্বিজ-রাজ পেখলুঁ
নব নব ভাবে বিভোর।
দিন রজনী কিয়ে কছু নাহি জানত
নয়নহিঁ অবিরত লোর॥
সজনি, হেরইতে লাগয়ে ধন্ধ।
ঐছন প্রেম কথিহুঁ নাহি হেরিয়ে
নিরুপম নব রস-কন্দ॥ধ্রু॥
শত শত ভকত উচ্চ করি বোলত
কছুই না শূনত[১] বাত।
হুঙ্কৃতি শবদ করত পুন ঘন ঘন
প্রেমবতি নারিক[২] জাত॥
হরি হরি শবদ কাণহি যব[৩] পৈঠত
তবহি ডারত ঘন শ্বাস।
ভ্রমময় বাত কহত ইহ না বুঝিয়ে
কহ রাধামোহন দাস॥৩৩॥১৬৪॥

পাঠান্তর

১। 'শূনত' স্থলে 'শুনত' ক, গ।

২। 'প্রেমবতি নারিক' স্থলে 'প্রেমবতী নারীক' ক, গ।

৩। 'যব' স্থলে 'পর' ঘ, চ।

টীকা

১১। "প্রেমবতি নারিক জাত" বাক্যটির অর্থ—'প্রেমবতী নারীর সজাতীয়'। রাধামোহন ঠাকুর লিখিয়াছেন যে, এই পল্লবে শ্রীরাধার প্রেমই বর্ণিত হইতেছে বলিয়া, এ স্থলে 'প্রেমবতী' শব্দে প্রেমিকা-শিরোমণি শ্রীরাধাকেই বুঝা যাইতেছে; সুতরাং তাঁহার জাতীয় বলায় শ্রীগৌরাঙ্গকে শ্রীরাধার ভাবে বিভাবিতই বলা হইতেছে।

তিরোতা।

থোরি বয়স ধনি ভাল মন্দ নাহি জানি
খেলই সহচরি সাথ।
বাট-ঘটিত তুয়া কামদ রূপ হেরি
দৈবে পড়ল পরমাদ ॥
শুন মাধব, ইথে কাহে বোলসি আন।
ও অচপল-মতি পুন তাহে কুলবতি
নীচয়ে[১] তুহুঁ সে নিদান ।ধ্রু॥
তাহে তুহুঁ সুমধুর মুরলি আলাপলি
মুনি-জন-মোহন সোয়।
মুরলি-নিসান শ্রবণে যব পৈঠল
তবহিঁ চঞ্চল ভই রোয় ॥
তব ধরি জাগর- ক্ষীণ কলেবর
দীন-রজনি[২] নাহি জান।
তুয়া প্রেম বিযসে জড়িত ভেল অন্তর
কিছুই না শূনই[৩] কাণ ॥
বরজ-সুখাকর বোলয়ে সব জন
তাহে কাহে অকরুণ ভেল।
রাধামোহন কহ অব যাই মীলহ[৪]
মরমে রহয়ে জানি শেল ॥৩৪॥১৬৫॥

পাঠান্তর

১। 'নীচয়ে' স্থলে 'নিচয়ে' ক, গ।
২। 'দীন-রজনি' স্থলে 'দিন-রজনি' ক, গ।
৩। 'শূনই' স্থলে 'শুনই' ক, গ, চ।
৪। 'মীলহ' স্থলে 'মিলহ' ক, গ।

ধানশী।[১]

কাঞ্চন-গোরী ভোরি বৃন্দাবনে
খেলই[২] সহচরি[৩] মেলি।
তুয়া দিঠি-মীঠি[৪] গরলে তনু জারল[৫]
তৈখনে শ্যামরি[৬] ভেলি ॥
মাধব, সো অবিচল কুল-রামা।
মরমহি গোই[৭] রোই দিন যামিনি[৮]
গুণি গুণি তুয়া গুণ-গামা ॥ ধ্রু ॥
গুরুজন অবুধ মুগধ-মতি পরিজন
অলখিত বিষম[৯] বেয়াধি।
কি করব[১০] ধনি মণি মন্ত্র-মহৌষধি
লোচনে লাগল সমাধি ॥
খেনে খেনে অঙ্গ- ভঙ্গ তনু মোড়ই
কহত ভরমময় বাণী।
শ্যামর নামে চমকি তনু ঝাঁপই
গোবিন্দদাস কিয়ে জানি ॥৩৫॥১৬৬॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ১২৪ ও প-র পুথির ৪।১৮ সংখ্যক পদ।
২। 'খেলই' স্থলে 'বিহরই' প-র-সা, প-র।
৩। 'সহচরি' স্থলে 'সহচরী' চ।
৪। 'মীঠি' স্থলে 'মিঠি' ক, গ ; 'মিঠ' প-র।
৫। 'তনু জারল' স্থলে 'ভরু অন্তর' প-র-সা।
৬। 'শ্যামরী' প-র।
৭। 'গোই' স্থলে 'সোই' প-র।
৮। 'যামিনী' ক, ঘ, প-র।
৯। 'বিষম' স্থলে 'বিরহ' প-র-সা, প-র।
১০। 'করব' স্থলে 'কহব' প-র-সা।

অথ বৈয়গ্র্যং।

শ্রীগৌরচন্দ্রঃ।

শ্রীরাগ।

কাঞ্চন-কমল নিন্দি মুখ সুন্দর
কাহে পুন ঝামর ভেলি।
করতলে সতত করই অবলম্বন
ছোড়ল কৌতুক কেলি ॥

হরি হরি, না বুঝিয়ে গৌরাঙ্গ-বিলাস।
অভিনব ভাব বে- কত কিয়ে করতহিঁ[১]
কিয়ে ইহ সহজ প্রকাশ॥ধ্রু॥
কহতহিঁ গদ গদ কৈছনে বিছুরব
ভেল মঝু[২] শ্যামর দায়।
ইহ দুখ হাম কহিয়ে না পারিয়ে
হৃদি সঞে কৈছে বাহিরায়॥
খেনে[৩] করু খেদ খেনে খেনে নিরবেদ
অসুয়াদি[৪] কতহুঁ সঞ্চারি।
রাধামোহন পাপি[৫] কছু নাহি বুঝল[৬]
ও রূপ জগমনহারী॥৩৬॥১৬৭॥

পাঠান্তর

১। 'বেকত কিয়ে করতহিঁ' স্থলে 'করত কিয়ে বেকত' গ।

২। 'মঝু' স্থলে 'মোহে' ক, খ।

৩। 'খেনে' স্থলে 'খেনে খেনে' ক, ঘ।

৪। 'অসূয়াদি' ক, গ, চ।

৫। 'পাপী' ক, গ, চ।

৬। 'বুঝল' ক, গ।

সুহই।

তুয়া রূপ জগ-জন করত ধেয়ান।
সো অব বিষ-শর[১] ধনি মন মান॥
মাধব তুয়া খেদ সহই না পার।
মানই সো নিজ জীবন ভার॥
তুয়া বিসরণ লাগি করত সঞ্চার।
আন জন যাহা লাগি করে পরকার॥
মন অবধারি কহ সুসম্বাদ।
ভণে রাধামোহন যাউক বিবাদ॥
৩৭॥১৬৮॥

পাঠান্তর

১। 'বিষ-শর' স্থলে 'বিষধর' ক; 'বিষরল' চ; 'বিছুরব' খ।

অথ ব্যাধি দশা।

শ্রীগৌরচন্দ্র।

বরাড়ী।

লাখবান হেম জিতি অপরূপ গোরা-জ্যুতি
দোশই পাণ্ডুর কাঁতি।
অভিনব প্রেম- তপন-তপ'ত তনু
নব অনুরাগিণি ভাঁতি॥
ইহ দুখ বড়ই হামারি।
ও সুখময় তনু মদন-মথন জনু
তাহে এত কো সহু পারি॥ ধ্রু॥
কোই জন মুখ ভরি যব কহ হরি হরি
তব বহ শ্বাস-তরঙ্গ।
সজল কমল-দল পরশে ভসম-তুল
দেখি মঝু কাঁপই অঙ্গ॥
ঐছন ভাঁতি ভকতগণ তছু গুণ
অহনিশি করত আলাপ।
রাধামোহন পুন ও রস না বুঝিয়ে
মনহি করয়ে অনুতাপ॥৩৮॥১৬৯॥

তথা রাগ।[১]

নিরমল কুল-শিল[২] কাঞ্চন-গোরি।
পাণ্ডুর কয়ল বিরহ-জর তোরি॥
অনুখন খল খল[৩] নিগদই রাই।
নিশিদিশি রোয়ই সখি-মুখ চাই॥
শুন শুন গোকুল-মঙ্গল শ্যাম।
কথি লাগি তাক হৃদয়[৪] ভেলি বাম॥ধ্রু॥

তুয়া রূপ জগজন-লোচন শোহ।
একলি তাক নয়ন মন মোহ॥
রসবতি[৫] নিরখয়ে নয়ন পসারি।
সোঙরিতে তাক নয়নে ঝরু বারি
আন ধনি বিছুরি করত আন কাম
তাকর মনহি না ভাওত[৬] আন॥
তুহুঁ বর-নাগর রসিক সুজান।
যদুনন্দন তোহে[৭] কি কহব আন
॥৩৯॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৪।২০ সংখ্যক পদ। তথা রাগ' স্থলে 'শ্রীরাগ' প-র।
২। 'কুল-শিল' স্থলে 'কোমল' খ; 'কুল সিল' ঘ, প-র।
৩। 'থল থল' স্থলে 'ক্ষণে ক্ষণে' ক, খ।
৪। 'হৃদয়' স্থলে 'মরমে' প-র।
৫। 'রসবতি' স্থলে 'রাইমতি' প-র।
৬। 'ভাওত' স্থলে 'ভাবই' প-র।
৭। 'তোহে' স্থলে 'কহে' গ।

করুণা মঙ্গল

অদভুত[১] রূপ দৈবে হেরি দূর সঞে
উনমতি পরশক লাগি।
বরজক সীম করত গতাগতি
লাজ কুল-ভয় দূরে[২] ভাগি॥
মন তনু কাঁপি চপল ভেল অন্তর
ঘন ঘন বহত নিশ্বাস।
তব ধরি জাগর- শোষিত অন্তর
বড়ই বেকত গদভাষ॥
শুন মাধব তুয়া রূপ অপরূপ[৩] ফান্দ।
সো ধনি দূবরি[৪] খীয়ত যৈছন
অসিত-চতুর্দ্দশী চান্দ॥
কবহিঁ গেয়ান- শূন হোই চাহই
না চিহ্নই নিজ সখিবৃন্দ।
রমণিক[৫] হুঙ্কৃতি কতিহুঁ না পেখলুঁ
শুনইতে লাগই ধন্দ॥
প্রেম-গজ-দলন সহই নাহি পারই
জিবইতে[৬] করই ধিকার।
অন্তর-গত তুহুঁ নিরগত করইতে
কত কত করত সঞ্চার॥
অথির নয়ন-শর- ঘাতে বিষম জর
ছটফট জলজ শয়ান।
রাধামোহন কহ ইহ অপরূপ নহ
যাহে লাগয়ে পাঁচ-বাণ॥৪০॥১৭১॥

পাঠান্তর

১। 'অদভুত' স্থলে 'অপরূপ' গ।
২। 'দূরে' স্থলে 'তুহুঁ' খ, ঘ।
৩। 'অপরূপ' স্থলে 'অদভুত' ক, গ।
৪। 'দূবরি' স্থলে 'তুবরি' ক, গ।
৫। 'রমণিক' স্থলে 'রমণীক' ক, গ।
৬। 'জিবইতে' স্থলে 'জীবইতে' ক, গ।

বোলোয়ার।১

অনধিগতাকস্মিক-গদ-কারণ-
মর্পিত-মন্ত্রৌষধি-নিকুরম্বম্।
অবিরত-রুদিত-বিলোহিত-লোচন-
মনুশোচতি তামখিল-কুটুম্বম্॥
দেব হরে ভব করুণাশালী[২]।
সা তব নিশিত-কটাক্ষ-শরাহত-
হৃদয়া জীবতু[৩] কৃশতনুরালী[৪]॥ধ্রু॥
হৃদি বলদবিরল-সংজ্বর-পটলী-
স্ফুটদুজ্জ্বল[৫]-মৌক্তিক-সমুদায়া।
শীতল-ভূতল-নিশ্চল-তনুরিয়-
মবসীদতি সংপ্রতি নিরুপায়া॥

গোষ্ঠ-জনাভয়-সত্র-মহাব্রত-
দীক্ষিত ভবতো মাধব বালা।
কথমর্হতি তাং হন্ত সনাতন-
বিষম-দশাং গুণ-বৃন্দ-বিশালা ॥৪১॥১৭২

পাঠান্তর

১। এটি প-র পুথির ৪।৩ সংখ্যক পদ।

২। 'করুণাশালী' স্থলে 'কারুণ্যশালী' ক—চ, প-র। এই পদের প্রত্যেক চরণে চতুর্ম্মাত্রিক চারিটি গণ অর্থাৎ ষোড়শ মাত্রা আছে। 'কারুণ্য-শালী' পাঠ স্বীকার করিলে ঐ চরণটি সপ্তদশ-মাত্রা-বিশিষ্ট হইয়া পড়ে; সুতরাং 'করুণাশালী' পাঠই শুদ্ধ বলিয়া বোধ হয়।

৩। 'জীবতু' স্থলে 'জীবতি' ক, গ, চ; 'জীবিত' প-র।

৪। 'কৃশ-তনুরালী' স্থলে 'তনুকৃশবালী' প-র।

৫। 'ফুটদুজ্জ্বল' স্থলে 'ফুরদুজ্জ্বল' গ; 'ফুর' প-র।

টীকা

১—৪। "অনধিগতাকস্মিকে'তি। তাং (শ্রীরাধাং) অখিল-কুটুম্বং (কর্ত্তৃ) অনুশোচতি। অখিলকুটুম্বং কীদৃশম্? অনধিগতং (অজ্ঞাতং) আকস্মিকস্য গদস্য (রোগস্য) কারণং যেন তৎ। পুনঃ কীদৃশম্? অর্পিতং (প্রদত্তং) মন্ত্রৌষধীনাং নিকুরম্বং '(কদম্বকং সমূহ ইতি ভাবঃ) যেন তৎ। পুনঃ কীদৃশম্? অবিরতরুদিতেন বিলোহিতানি লোচনানি (নেত্রাণি) যস্য তৎ।

৫—৭। "দেবে"তি। হে দেব হরে! (হে কৃষ্ণ!) ত্বং করুণাশালী (শ্রীরাধায়াং কৃপাপরায়ণঃ) ভব। তব নিশিতৈঃ (তীক্ষ্ণৈঃ) কটাক্ষ-শরৈঃ আহত-হৃদয়া কৃশাঙ্গী অস্মাকং আলী (সখী) জীবতু। তব কারুণ্যং বিনা তস্যা জীবনমপি সন্দিগ্ধং জাতমিতি ভাবঃ।

৮—১১। "হৃদি বল"দিতি। হৃদি বলন্তী (প্রসরন্তী) যা অবিরল-সংজ্বর-পটলী (সন্তত-সন্তাপ-ধারা) তয়া স্ফুটতাং (বিদীর্ণানাং) উজ্জ্বল-মৌক্তিকানাং সমুদায়ঃ (সমূহঃ) যস্যাঃ সেয়ং রাধা সংপ্রতি নিরুপায়া (প্রবল-তাপ-শান্ত্যৈ কিমপ্যুপায়মলভমানা) শীতল-ভূতল-নিষণ্ণদেহা অবসীদতি।

১২—১৫। "গোষ্ঠে"তি। গোষ্ঠজনানাং অভয়-দানরূপমহাব্রতে দীক্ষিত (গোকুল-জন-ভয়-হারিন্) হে মাধব! (হে শ্রীকৃষ্ণ!) গুণ-বৃন্দ-বিশালা (গুণ-গণ-বরেণ্যা) বালা শ্রীরাধা ভবতঃ সকাশাৎ তাং সনাতন-বিষম-দশাং চিরন্তন-দারুণাবস্থাং (পক্ষে সনাতনস্য পদকর্ত্তুঃ কৃষ্ণ-বিরহগ্রস্তস্যেতি ভাবঃ শোচনীয়ামবস্থাং) কথং অর্হতি প্রাপ্তুং যোগ্যা ভবতি। হন্তেতি খেদে।

অনুবাদ

১—৪। (শ্রীরাধার) আকস্মিক রোগের কারণ বুঝিতে না পারিয়া নানাবিধ মন্ত্র ও ঔষধের প্রয়োগ করিয়া (কোন ফল না পাইয়া), অবিরত রোদনে নয়ন আরক্তিম করিয়া শ্রীরাধার পরিজনবর্গ তাঁহার জন্য অনুতাপ করিতেছেন।

৫—৭। হে শ্রীকৃষ্ণ! তুমি (শ্রীরাধার প্রতি) করুণাপরায়ণ হও; তোমার তীক্ষ্ণ কটাক্ষ-বাণে বিদীর্ণহৃদয়া আমাদিগের কৃশাঙ্গী সখী (কোনও প্রকারে) বাঁচিয়া থাকুন।

৮—১১। তাঁহার অন্তরের দারুণ সন্তাপে উজ্জ্বল মুক্তাসমূহ বিদীর্ণ হইয়া যাইতেছে; তিনি সম্প্রতি নিরুপায় হইয়া শীতল ভূমি-তলে নিশ্চল-দেহে অসহ্য ক্লেশ অনুভব করিতেছেন।

১২—১৫। গোকুল-বাসীদিগের অভয়-দান-রূপ মহাব্রতে দীক্ষিত হে মাধব! হায়! গুণ-গণ-বরেণ্যা বালিকা শ্রীরাধা তোমার নিকট কিসে সেই সনাতন-শোচনীয় দশা পাইবার যোগ্যা হইল?

'সনাতন-শোচনীয়-দশা'—এই শ্লিষ্ট শব্দটির এক অর্থ—চিরস্থায়ী শোচনীয় দশা; অপর অর্থ—কৃষ্ণ-বিরহার্ত্ত পদ-কর্ত্তা সনাতনের ন্যায় শোচনীয় দশা।

অথোন্মাদ।

শ্রীগৌরচন্দ্র।

মল্লার।

ভাবহিঁ গদ গদ কহত শচী-সুত
কো ইহ আনন্দ-ধাম।
নিল-উতপল-দল[১] নিন্দি কলেবর
অপরূপ মোহন শ্যাম॥
সজনি অদভুত প্রেম-উনমাদ।
ঐছন নব ভাব দেখি ভকত সব[২]
ভাবহি করত বিষাদ॥ধ্রু॥
খেনে খেনে রোয়ত খেনে খেনে হাসত
বিপুল পুলক ভরু অঙ্গ।
নয়নক নীর ঢরকত ঝর ঝর
যৈছন গঙ্গ-তরঙ্গ॥
অনিমিখ নয়নহি নিরখই দশ দিশ
ছোড়ত দীঘ নিশ্বাস।
যাচে রাধামোহন সো পদ অনুখন
হোয় জনু বর অভিলাষ॥৪২॥১৭৩॥

পাঠান্তর

১। 'নিল-উতপল-দল' স্থলে 'নীল-উতপল' ক,

২। 'সব' স্থলে 'কত' খ, ঘ।

সুহই।[১]

আঁচরে মুখশশি গোয়[২]।
ঝর ঝর লোচনে রোয়[৩]॥
কারণ বিনু খেনে হসই।
উতপত দীঘ নিশসই॥
শুন শুন সুন্দর শ্যাম।
প্রেমক ইহ পরিণাম॥
তাতল তনু নাহি ছুটই[৪]।
সতত মহীতলে লুঠই॥
কাহুক কছু নাহি কহই।
কো অছু বেদন সহই॥
জগ ভরি কুলবতি বাদ।
কা দেই কহই[৫] সম্বাদ॥
গোবিন্দদাস আশোয়াসে।
জীবই তুয়া অভিলাষে॥৪৩॥১৭৪॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ও প-র পুথির ৪১ সংখ্যক পদ।

২। 'মুখশশি গোয়' স্থলে 'মুখসসি গোই' প-র 'মুখশশি সোই' প-র-সা।

৩। 'রোয়' স্থলে 'রোই' প-র, প-র-সা।

৪। 'ছুটই' স্থলে 'টুটই' ক, গ; 'ছুই' প-র-সা

৫। 'কহই' স্থলে 'করই' ক, গ; 'পঠাব' প-রসা; 'কহব' প-র।

সুহিনী।

খেনে হাসয়ে খেনে রোয়।
দিশি দিশি হেরই তোয়॥
খেনে আকুল খেনে থীর[১]।
খেনে ধাবই খেনে গীর॥
খেনে খেনে হরি হরি বোল।
সহচরি[২] ধরি করু কোর॥
ঐছন হেরি অগেয়ান।
সবহুঁ দগধ করু প্রাণ॥
গুরুজন-ভয়ে সখি মেল।
মন্দির মাঝহিঁ নেল॥
তাহি সোয়াথ নাহি পায়।
যদুনন্দন মুখ চায়॥৪৪॥১৭৫॥

পাঠান্তর

১। 'থীর' স্থলে 'থির' ক, গ।

২। 'সহচরি' স্থলে 'সহচরী' ক, গ, ঘ।

অথ মোহদশা

শ্রীগৌরচন্দ্র।

গুর্জ্জরী।

পুরুবহিঁ শচি-[১]সুত ভাবহিঁ উনমত
পেখলুঁ কত শত বেরি।
এবে দিন দিন পুন নব নব শত গুণ
বাঢ়ল অব হাম হেরি ॥
সজনি, কোই না পাওই ওর।
হোর দেখ শ্যাম কহই পুন তৈখনে
ভূতলে পড়লহি ভোর ॥
মধুর ভকত-কুল[২] কান্দি বেয়াকুল
যব হরি বোলল কাণে।
তবহিঁ পুলক-কুল তনু মাহা উয়ল
থির ভেল সকল পরাণে ॥
ঐছন ভাব- রতন পরিপূরল[৩]
কাহুক কহি নাহি দেখি।
কাঠ-পুতলি জনু কুহকে[৪] নাচায়ত
ঐছে রাধামোহন লেখি ॥৪৫॥১৭৬॥

পাঠান্তর

১। 'শচি' স্থলে 'শচী' ক, গ, চ।
২। 'ভকত-কুল' স্থলে 'ভকতগণ' ক—গ।
৩। 'পরিপূরল' স্থলে 'পুন পূরল' ক।
৪। 'কুহকে' স্থলে 'কুহুকে' ক, চ।

ধানশী।

যব তুয়া নয়ন মুরলি-বিষ জারল
তব মন মোহন ভেল।
নিচল কলেবর পড়ল[১] ধরণিতল
পরিজনে লাগল শেল ॥
আন উপদেশে তোহারি নামে তৈখনে
দৈবহি উপনিত[২] কেল।
সোই শবদ পুন কাণে সন্তায়ল
ঐছনে চেতন ভেল ॥
মাধব, কি কহব সো অনুরাগ।
ঐছন ভাতি দিশই মোহে পুন পুন
না বুঝিয়ে জাগ না জাগ ॥
কিয়ে জানি দশমী- দশা যদি নীচয়ে[৩]
ইছয়ে তুয়া অভিলাষে।
আশা পরম দুখদ[৪] পুন মেটউ
নহ কহ সুখদ নৈরাশে ॥
যাচিত লখিমি উপেখয়ে যো জন
কভু নহে তাঁক কল্যাণ।
অতয়ে তুরিতে চল রমণী-রতনে মিল
রাধামোহন যশ[৫] গান ॥৪৬॥১৭৭॥

পাঠান্তর

১। 'পড়ল' স্থলে 'পুন' ক, গ।
২। 'উপনিত' স্থলে 'উপনীত' ক, গ।
৩। 'নীচয়ে' স্থলে 'নিচয়ে' ক, গ।
৪। 'দুখদ' স্থলে 'দুখ' ক, গ।
৫। 'যশ' স্থলে 'রস' ক—গ।

টীকা

৯—১১। "মাধব, কি কহব" ইত্যাদি। হে মাধব! (শ্রীরাধার) সেই অনুরাগ কি বলিব? আমার নিকট পুনঃ পুনঃ ঐরূপ দৃষ্ট হইতেছে, (যাহাতে) (শ্রীরাধা) জাগিয়া আছে কিংবা জাগিয়া নাই, বুঝিতে পারি না। তুলনা করুন;—

"সাভ্রেঽহ্নীব স্থলকমলিনীং ন প্রবুদ্ধাং ন সুপ্তাম্।"
—মেঘদূত, উত্তর-মেঘ।

১২—১৫। "কিয়ে জানি" ইত্যাদি। কি জানি, যদি (শ্রীরাধা) তোমার আশায় নিশ্চিতই দশমী দশা অর্থাৎ মৃত্যু ইচ্ছা করিয়া থাকে, (তাহা

হইলে অতৃপ্ত আশায় তাহাকে মারিবে কেন ?) তাহার পরম দুঃখজনক আশা পূর্ণ হউক ; যদি তাহা না হয়, তাহা হইলে সুখজনক নৈরাশ্য আজ্ঞা কর অর্থাৎ যদি তাহার বাঞ্ছা নিতান্তই পূর্ণ করিবে না, তাহা হইলে তাহাকে সে কথা স্পষ্টভাবে জবাব দিয়া দেও ; নিষ্ফল আশা অপেক্ষা সেই নৈরাশ্য তাহার পক্ষে অনেক সুখজনক হইবে। তুলনা করুন ;—

"ন তথা সুখয়ত্যঙ্গ-সংলগ্না বরবর্ণিনী।
যথা সুখয়তি স্বান্তমিন্দু-শীতা নিরাশতা॥"

—যোগবাশিষ্ঠ, ৪০।৭৪।

তিরোতা।

তোহারি বিরহময় বাধা।
মুরছলি মুগধিনি রাধা॥
বরজ-মঙ্গল তুয়া নাম।
মোহে অব বিপরিত[১] ভান ধ্রু
নবমী দশা অব ভেল।
গদ গদ নিশবদ কেল॥
তিরি-বধ লাগব তোয়।
বুঝি[২] করহ[৩] অব সোয়॥ ৪৭॥১৭৮॥

পাঠান্তর

১। 'বিপরিত' স্থলে 'বিপরীত' ক, গ।
২। 'বুঝি' স্থলে 'বুঝি' ক, গ।
৩। 'করহ' স্থলে 'করব' ক, গ, ঘ।

টীকা

৭—৮। "তিরি-বধ" ইত্যাদি। তোমার উপরে স্ত্রী-বধ অর্থাৎ স্ত্রী-হত্যারূপ পাপ লগ্ন হইবে। তাহা বুঝিয়া দেখিয়া এখন (উচিত কার্য্য) কর।

অথ দশমী দশা।

শ্রীগৌরচন্দ্র।

ধানশী।

যছু মুখ-লাবণি কত কুল-কামিনি
হেরইতে[১] মদন আগোর।
সো অব বরজক রমণি[২]-শিরোমণি-
নব-নব-ভাবে বিভোর॥
অপরূপ গোরা অবতার।
ঐছন প্রেম-ধন বিতরয়ে জগ-জন
তারল সকল সংসার॥ধ্রু॥
গদ গদ কহত মোহে যদি নিকরুণ
নাগর করুণা-সীম।
অখিল রসামৃত সকল সুখাকর
বিদগধ গুণহিঁ গরীম[৩]॥
এত কহি তৈখনে করল প্রিয়ক কেরি
দশমী দশা পরকাশ।
কান্দি ভকত সব উচ হরি বোলত
কহ রাধামোহন দাস॥৪৮॥১৭৯॥

পাঠান্তর

১। 'হেরইতে' স্থলে 'হেরই' ক, গ।
২। 'রমণি' স্থলে 'রমণী' ক, গ, ঘ।
৩। 'গরীম' স্থলে 'গরিম' ক—গ।

তিরোতা।[১]

লুঠই ধরণি[২] ধরি সোয়[৩]।
শ্বাস-বিহিন[৪] হেরি সহচরি[৫] রোয়[৬]॥
মুরছলি[৭] কণ্ঠে পরাণ[৮]।
ইহ পর কো গতি দৈবে সে জান॥
এ হরি পেখলুঁ সো মুখ চাই[৯]।
বিনহি পরশে তুয়া ন জীবই রাই[১০]॥
কেহ কেহ জপয়ে দেব-দিঠি জানি।
কেহ নবগ্রহ পুজে[১১] জোতিখ[১২] আনি॥

কেহ নাসা ধরি শ্বাস বিচারি[১৩]।
বিরহ-বিঘন কেহ লখই না পারি ॥
শেষ-দশা যব সো সব জান[১৪]।
কহই গোপাল কি হই পরিণাম ॥৪৯॥

॥১৮০॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ১৬৭ ও প-র পুথির ৪১৮ সংখ্যক পদ।

২। 'ধরণি' স্থলে 'ধরণী' ক, গ।

৩। 'সোয়' স্থলে 'সোই' প-র-সা, প-র।

৪। 'বিহিন' স্থলে 'বিহীন' ক, গ।

৫। 'সহচরি' স্থলে 'সহচরী' ক, গ।

৬। 'শ্বাস-বিহিন' ইত্যাদি পংক্তি স্থলে 'খনে খনে শ্বাস খনে খনে রোই' প-র-সা, প-র।

৭। 'মুরছলি' স্থলে 'মূরছলি' ক।

৮। 'মুরছলি' ইত্যাদি স্থলে 'খেনে খেনে মুরছই শেষ পরাণ' প-র-সা, প-র।

৯। 'এ হরি পেখলুঁ' ইত্যাদি স্থলে 'এ হরি পেখলুঁ সো বরনারী' প-র; 'এ হরি এ হরি পেখলুঁ বরনারী' প-র-সা।

১০। 'বিনহিঁ পরশে' ইত্যাদি স্থলে 'না জিবই বিনু কর পরশে তোহারি ধ্রু ॥' প-র-সা, প-র।

১১। 'পুজে' স্থলে 'পূজে' ক, গ।

১২। 'জোতিখ' স্থলে 'কৌতুকে' প-র।

১৩। 'কেহ নাসা' ইত্যাদি স্থলে 'কেহ কেহ করে ধরি ধাতু বিচারি' প-র। 'কেহ নাসা' ইত্যাদি পংক্তিচতুষ্টয় প-র-সা পুথিতে নাই।

১৪। 'শেষ-দশা' ইত্যাদি পংক্তিদ্বয় প-র পুথিতে নাই।

এতৎ শ্রুত্বা শ্রীকৃষ্ণোক্তিঃ

গোপ-কুমার-সমাজমিমং সখি
পৃচ্ছ কদানুগতোঽহম্।
কথমিব মামনুপশ্যতি দিশি দিশি
কথমিব কলয়তি মোহম্ ॥
সখি হে পরিহর বচন-বিলাসম্।
গোপ-শিশূনাং বিদিতমিদং মম
জনয়তি গুরু-পরিহাসম্ ॥ধ্রু॥
যদিচ কুলাবলয়াপি[১] কুল-স্থিতি-
রনয়া পরিহরণীয়া।
কিমিতি তদা ময়ি রতিরতিবিকলা
বালে কিল করণীয়া ॥
গজপতি-রুদ্র-মুদে মধুসূদন-
বচনমিদং রসিকেষু।
রামানন্দরায়-কবি-ভণিতং
জনয়তু[২] মুদমখিলেষু ॥৫০॥১৮১॥

পাঠান্তর

১। 'কুলাবলয়াপি' স্থলে 'কুলাচলয়াপি' গ।

২। 'জনয়তু' স্থলে 'জনয়তি' ক, খ।

টীকা

১—৪। "গোপকুমার-সমাজ"মিতি। হে সখি! (ত্বং) ইমং (পুরোবর্ত্তিনং) গোপ-কুমার-সমাজং (গোপ-বালক-সমূহং) পৃচ্ছ অহং কদা অনুগতঃ (তৎসখ্যাং অনুরক্তঃ) অভবম্। নাহং কদাপি তস্যামনুরক্ত ইতি ভাবঃ। অন্যথা মমানুরাগো মৎসহচরাণাং গোপবালকানামজ্ঞাতো নাভবিষ্যৎ। এবং স্থিতে (তৎসখী) কথং মাং অনু (মাং লক্ষীকৃত্য) দিশি দিশি (প্রতিদিশং) পশ্যতীব (পশ্যতীতি সম্ভাবয়তি) কথং বা মোহং (কামজং ভ্রমং) কলয়তীব (ধারয়তীতি সম্ভাবয়তি)।

৫—৭। "সখি হে" ইতি। হে সখি! বচন-বিলাসং (বাক্‌কৌশলং) পরিহর (পরিত্যজ)। ইদং (তবোক্তং বচনং) গোপ-বালকানাং (মৎ-সহচরাণামিতি ভাবঃ) বিদিতং সৎ মম সম্বন্ধে বলবৎ পরিহাসং জনয়তি (জনয়িষ্যতি)। ভবিষ্যৎ-সামীপ্য-সূচনার্থঃ লট্-প্রয়োগঃ।

৮—১১। "যদি চে"তি। যদি চ অনয়া কুলাবলয়া (কুলাঙ্গনয়া) অপি কুলস্থিতিঃ (কুল-রীতিঃ) পরিহরণীয়া (পরিহর্ত্তব্যা) মন্মথশরাণাং দুর্ণিবারত্বাদিতি ভাবঃ। তদা বালে (শিশৌ) ময়ি (মদ্বিষয়ে) অতিবিফলা (অতিনিষ্ফলা) রতিঃ (আসক্তিঃ) কিমিতি করণীয়া (কথং কর্ত্তব্যা) বালকস্য মম মন্মথকর্ম্মাযোগ্যত্বাদিতি ভাবঃ।

১২—১৫। "গজপতি" ইতি। গজপতিরুদ্র-মুদে (গজপতি-প্রতাপরুদ্র-নৃপতেঃ প্রীত্যৈ) ইদং (পূর্ব্বোক্তং) রামানন্দরায়-কবি-ভণিতং (রামানন্দরায়-বর্ণিতং) কৃষ্ণবাক্যং অখিলেষু রসিকেষু (সহৃদয়জনেষু) মুদমানন্দং জনয়তু।

অনুবাদ

১—৪। সখি! তুমি এই গোপবালকসমূহকে জিজ্ঞাসা কর, আমি কবে (তোমাদের সখীর প্রতি) অনুরক্ত হইয়াছি! তবে কি জন্য তিনি চতুর্দ্দিকে যেন আমাকে দেখেন এবং কি জন্যই বা যেন মোহ প্রাপ্ত হন।

৫—৭। হে সখি! তুমি কথার কৌশল পরি-ত্যাগ কর। ইহা গোপবালকদিগের বিদিত হইলে আমাকে অত্যন্ত পরিহাসভাজন হইতে হইবে!

৮—১১। যদিই বা কুলাঙ্গনার কুল-ধর্ম্ম পরি-ত্যাগ করিতে হয়, তাহা হইলেও আমার ন্যায় বাল-কের প্রতি এইরূপ নিষ্ফল আসক্তি করা কি কর্ত্তব্য?

১২—১৫। গজপতি প্রতাপ-রুদ্র নৃপতির প্রীতির জন্য রামানন্দ রায় কবি-কর্ত্তৃক বর্ণিত এই কৃষ্ণ-বাক্য নিখিল সহৃদয় জনের চিত্তে আনন্দ উৎপাদন করুক।

সুহিনী।

সখি কাহে কহ বিপরীত।
হাম নহ চপল-চরীত[১] ॥
জগতে বিদিত মঝু নাম।
মদন-পরাজয়ি[২] শ্যাম ॥
কৈছন রাধা নাম।
কভু নাহি শুনি গুণগাম ॥
পরনারি[৩] নয়নে না হেরি।
ঐছন না বোলহ ফেরি ॥
না করহ ও পরসঙ্গ।
শুনইতে দগধয়ে অঙ্গ ॥
পুন যদি কহ অনুচিত।
ব্রজমাহা করব বিদিত ॥
এত কহি পদ দুই যাই।
বটু পরবোধল তাই ॥
যদুনন্দন দাসক দাস।
শুনইতে ভেল নৈরাশ ॥৫১॥১৮২॥

পাঠান্তর

১ 'চরীত' স্থলে 'চরিত' ক, গ, চ।
২ 'পরাজয়ি' স্থলে 'পরাজই' চ; 'পরাজ ক, গ
৩। 'পরনারি' স্থলে 'পরনারী' ক, গ।

—

বালা ধানশী।

কানুক নিঠুর বচন শুনি সো স
আওল রাইক পাশ।
পন্থ ঘটিত দুখ লোচন ছল ছ
কইতহিঁ গদ গদ ভাষ ॥
সুন্দরি, দূরে কর কানু আশোয়াস
ঐছে নিঠুর সঞে লেহ নহে সমুচি
না পূরব তুয়া অভিলাস ॥ ধ্রু ॥

তোহারি নিদান হাম কতয়ে শুনায়লুঁ
তাহে যে সুকঠিন বাণী।
সো হাম তুয়া পায় কতয়ে নিবেদব
কহইতে দহয়ে[১] পরাণী ॥
ঐছন বচন র্য়াই তব[২] দোতি[৩]-মুখে
শুনইতে মুরছিত ভেল।
ইহ পরমানন্দ- দাসক হৃদি মাহা[৪]
কো-জানি রোপল শেল ॥৫২॥১৮৩॥

পাঠান্তর

১। 'দহয়ে' স্থলে 'না রহে' গ, চ।

২। 'তব' স্থলে 'যব' ক, গ, চ।

৩। 'দোতি' স্থলে 'দোতী' ক, গ।

৪। 'দাসক হৃদি মাহা' স্থলে 'দাস হৃদয় মাহা' ক, খ, গ, চ।

তথা রাগ।

মোরে উপেখিল[১] শ্যাম সুনাগর
এ সব শুনিলুঁ কাণে।
দুরাশা বিরোধী হৈয়া নিরবধি
তথাপি দগধে মনে ॥
সখি হে দঢ়াইলু এই সার।
সে হরি দুর্ল্লভ না হয় সুলভ
মরণ সে প্রতিকার ॥
কালিন্দী গম্ভীর জলের ভিতর
প্রবেশ করিব আমি।
তবে সে পিরিতি রহয়ে কি রিতি[২]
নিচয়ে জানিহ তুমি ॥
এমতে রাধিকা ব্যাকুল অধিকা
ভাবের তরঙ্গে ভাসে।
অনুরাগী মন ধৈর্য্য গেল ভণ
এ যদুনন্দন দাসে ॥ ৫৩ ॥ ১৮৪ ॥

পাঠান্তর

১। 'উপেখিল' স্থলে 'উপেখল' গ।

২। 'কি রিতি' স্থলে 'কি রীতি' ক, গ।

টীকা

১০—১১। "তবে সে" ইত্যাদি। তুমি নিশ্চিত জানিও, তাহা হইলে অর্থাৎ যমুনার জলে প্রবেশ করিয়া প্রাণ পরিত্যাগ করিলে, **প্রেমের** কীর্ত্তি থাকিবে অর্থাৎ শ্রীরাধা প্রেমিকার উপযুক্ত কার্য্য করিয়াছে বলিয়া জগতে খ্যাতি রহিবে।

সুহই।

যদি কৃষ্ণ অকরুণ হইলা আমারে।
তাহাতে বা কেবা দোষ দিবেক তোমারে ॥
না কান্দিহ আরে সখি কহিয়ে নিশ্চয়ে।
কৃষ্ণ বিনে প্রাণ মুঞি না রাখিব দেহে ॥
উত্তর-কালের এক করিহ সহায়।
এই বৃন্দাবনে যেন মোর তনু রয় ॥
তমালের কান্ধে মোর ভুজলতা দিয়া।
নিশ্চল করিয়া তুমি রাখিহ বান্ধিয়া ॥
কৃষ্ণ কভু দেখিলেই পূরিবেক আশ।
শুনিয়া কাতর যদুনন্দন দাস ॥৫৪॥১৮৫॥

টীকা

১—১০। "যদি কৃষ্ণ" ইত্যাদি। ইহা শ্রীরূপ গোস্বামি-প্রণীত বিদগ্ধ-মাধবের নিম্ন-লিখিত শ্লোকের মর্ম্মানুবাদ; যথা,—

"অকারুণ্যঃ কৃষ্ণো ময়ি যদি তবাগঃ কথমিদং
মুধা মা রোদীর্ম্মে কুরু পরমিমামুত্তর-কৃতিম্।
তমালস্য স্কন্ধে বিনিহিত-ভুজা-বল্লরিরিয়ং
যথা বৃন্দারণ্যে চিরমবিচলা তিষ্ঠতি তনুঃ ॥"

আড়ানি।

সখীগণ বিভোর হইয়া।
কান্দয়ে ধরণী লোটাইয়া ॥

ললিতা প্রবোধ করে তায়।
বহুমত রচিয়া উপায় ॥
হাম অব করব পয়ান।
যৈছে মিলয়ে তোহে কান ॥
ঐছন কহি পুন তায়।
নহে বা ধরব তছু পায় ॥
ইথে সকরুণ হই শ্যাম।
আপে মিলব তুয়া ঠাম ॥
এত কহি চলে তছু পাশ।
কহতহিঁ মোহন দাস ॥৫৫ ॥ ১৮৬॥

অথ শ্রীকৃষ্ণস্যানুতাপো যথা।

তথা রাগ।

শুনিয়া নিঠুর বচন আমার
সে চন্দ্র-বদনী রাধা।
হইল প্রেমের অঙ্কুর সুন্দর
ভাঙ্গে পাছে পাঞা বাধা ॥
সখি, আর কি কহিব তোরে।
কেনে পরিহাস- বচন নৈরাশ
কহিলুঁ হইয়া ভোরে ॥
কিম্বা সেই ধনী ধৈর্য্য ধরে জানি
হৃদয়ে ধরিয়া বেথা।
পাছে সে বেথায়ে সে তনু জারয়ে
উপায় কি করি এথা ॥
কিম্বা[১] দারুণ কামের কামান
বিন্ধয়ে বিষম-শরে।
শিরীষের ফুল জিনিয়া কোমল
সেহ কি সহিতে পারে ॥
হা হা সে মুগধি রূপের অবধি
ফলি মনোরথ-লতা।
হা হা কেনে হেন বঞ্চন-বচন
কহি কৈলুঁ উন্মূলিতা[২] ॥
অমৃত পুতলি রূপের আগলি
না জানি কি জানি হয়।
এ যদুনন্দন- দাস মনে ভণ
দর্শনে পরাণ রয় ॥৫৬॥১৮৭॥

পাঠান্তর

১। 'কিম্বা' স্থলে 'কিম্বা সে' ক, খ, গ।
২। 'উন্মুলিতা' স্থলে 'উন্মিলিতা' ঘ।

টীকা

৮—১১। "কিম্বা সেই" ইত্যাদি। অথবা যদি সেই শ্রীরাধা হৃদয়ে বেদনা পোষণ করিয়া (নির্ব্বে হেতু) মনে (অভিসারের প্রতিবন্ধক) ধৈর্য্য ধার করে এবং যদি সেই (আশা-ভঙ্গজনিত) ব্যথা তাঁহা সেই (সুকুমার) দেহকে দগ্ধ করে, তাহা হইে এখানে কি প্রতিকার করিব ?

পুনঃ দূত্যাগমনং যথা।

তথা রাগ।

রাইক জীবন- শেষ শুনি সহচরি[১]
বহু পরবোধল তায়।
ধৈরজ করি পুন কানু নিয়ড়ে চলু
না দেখিয়া আনহি উপায় ॥
মাধব নিলজহিঁ কহি পুন বেরি।
সো কুল-কামিনি[২] নিচয় মরণ জানি
কহইতে আয়লুঁ ফেরি ॥ ধ্রু ॥
শুনইতে কানু নয়ন-যুগ ঝর ঝর
আকুল তনু মন প্রাণ।
গুণি গুণি[৩] কাতর ধৈরজ পরিহরি
বোলত নাগর কান ॥

সজনি, তোহে হাম কি কহব আর।
মঝু লাগি সো ধনি ভেলহি যৈছন
ঐছন সবহুঁ[৪] আমার॥
ভাবিনি[৫]-ভাব মনহিঁ মন গণইতে
ধনি ধনি আপনাকে মানি।
সহচরি[৬] সঙ্গে চলল বর-নাগর
কহইতে গদ গদ বাণী॥
কত কত ভাব- বিভাবিত অন্তর
সোঙরিতে সো গুণগাম।
যোই নিকুঞ্জে আছয়ে ধনি আকুল
যাই মিলল সোই ঠাম॥
কুঞ্জক দ্বারে রাখি বর-নাগর
সখি[৭] কহে মুগধিনি[৮] পাশ।
চেতন করহ তুরিতে উঠি বৈঠহ
কহ গৌরসুন্দর দাস॥ ৫৭॥ ১৮৮॥

পাঠান্তর

১। 'সহচরি' স্থলে 'সহচরী' ক, গ, চ।
২। 'কামিনি' স্থলে 'কামিনী' ক, গ।
৩। 'গুণি গুণি' স্থলে 'গণি গণি' ক—গ।
৪। 'সবহুঁ' স্থলে 'ভেলহুঁ' ক, খ।
৫। 'ভাবিনি' স্থলে 'ভাবিনী' ক, গ।
৬। 'সহচরি' স্থলে 'সহচরী' ক, গ।
৭। 'সখি' স্থলে 'সখী' ক, গ।
৮। 'মুগধিনি' স্থলে 'মুগধিনী' ক, গ।

ততঃ সংক্ষিপ্ত-সম্ভোগঃ।

কেদার।

কানু-বদন হেরি উছলিত-অন্তর
লাজে বসন মুখ ঝাঁপ।
ইষদ্‌বলোকনে ছল ছল লোচন
কেলি-সমাগমে কাঁপ॥
দেখ সখি রাইক ঢঙ্গ[১]।
কানুক অদরশে ঐছে বেয়াকুল
দরশনে ইহ চিত-রঙ্গ॥ ধ্রু॥
রাই-বদন হেরি লুবধল মাধব
কোরে বৈঠায়ল গোরি।
কুচ কর পরশনে চমকিঁ উঠয়ে ধনি
চুম্বনে রহু[২] মুখ মোড়ি॥
ভুজে ভুজে বন্ধন দৃঢ় পরিরম্ভণ
অধরে অধরে রস নেল।
গোবিন্দদাস পহুঁ পুরল[৩] মনোরথ
নব নব সঙ্গম ভেল॥৫৮॥১৮৯॥

পাঠান্তর

১। 'রাইক ঢঙ্গ' স্থলে 'রাধামাধব সঙ্গ' খ—চ।
২। 'রহু' স্থলে 'রহ' ক, গ।
৩। 'পুরল' স্থলে 'পূরল' ক, গ।

কেদার।[১]

কুচপর হাত ধয়লি বলী।
কমল গরাশল কমল-কলি॥
অধরে অধরে কিয়ে লাগল দন্দ[২]।
কমল পীয়ে কি কমল-মকরন্দ॥
এত বুঝি[৩] কিঙ্কিণি করত ফুকার।
রাজা মদন না করে পরচার॥
দৃঢ় পরিরম্ভণে হিয়ে হিয়ে লাগে।
টুটল হার লাজ ভয় ভাগে॥
শ্রমজলে পূরিত ভেল দুহুঁ দেহা।
জনু ঘন বিজুরি ভৈগেল[৪] নব লেহা॥
একহি মানস[৫] একহি পরাণ।
পহিলহি হোয়ল[৬] রাধা কান॥
এত জানি মনমথ করল বিবেক।
আনি করল দুহুঁ তনু তনু এক॥

কহে হরিবল্লভ[৭] আর কি বিচার।
এ দুহুঁ মুরতি রস-অবতার ॥৫৭॥১৯০॥

ইতি সপ্তমপল্লবঃ ॥

পাঠান্তর

১। এটি প-র পুথির ৩৭।৫ সংখ্যক পদ। 'কেদার' স্থলে 'ধানশ্রী' প-র।
২। 'দন্দ' স্থলে 'ধন্দ' ঘ।
৩। 'বুঝি' স্থলে 'বলি' ক—গ।
৪। 'ভৈগেল' স্থলে 'জিতল' প-র।
৫। 'মানস' স্থলে 'জীবন' ক, গ, ঘ, চ।
৬। 'হোয়ল' স্থলে 'হোয়ত' প-র।
৭। 'হরিবল্লভ' স্থলে 'কবি বল্লভ' চ।

টীকা

৩—৪। "অধরে অধরে" ইত্যাদি। (শ্রীকৃষ্ণের) অধর ও (শ্রীরাধার) অধরে কি (কে কাহাকে পরাজিত করিতে পারে, সেই উদ্দেশ্যে) বিবাদ উপস্থিত হইল? (সেই অধর-যুদ্ধ দর্শনে বোধ হইল) যেন, (মুখ)-কমলের মধু (মুখ)-কমল পান করিতেছে। এক কমলের মধু অন্য কমলে পান করিতে পারে না; শ্রীরাধা ও শ্রীকৃষ্ণের মুখের সহিত কমলের ভেদ থাকিলেও এ স্থলে অভেদ আরোপ করা হইয়াছে বলিয়াই ঐরূপ বিরুদ্ধ কার্য্য সম্ভবপর হইয়াছে; সুতরাং এ স্থলে 'অতিশয়োক্তি' দ্বারা অনুপ্রাণিত 'বিরোধাভাস' অলঙ্কার হইল। এই পদের দ্বিতীয় চরণে "কমল গরাসল কমল-কলি" বাক্যেও 'অতিশয়োক্তি'মূলক 'বিরোধাভাস' অলঙ্কার ঘটিয়াছে।

অথ শ্রীকৃষ্ণস্য পূর্ব্বরাগঃ

সাক্ষাদ্দর্শনে যথা।

শ্রীগৌরচন্দ্রঃ।

শ্রীরাগ।

পহুঁ করুণা-সাগর গোরা।
ভাবের তরঙ্গে[১] অঙ্গ গর গর
হেরিয়া ভুবন ভোরা ॥ ধ্রু ॥
হাহাকার করি ভুজযুগ তুলি
বোলে হরি হরি বোল।
রাধা রাধা বলি ডাকে উচ্চ করি
গদাধর হেরি ভোর ॥
খেনে খেনে কত করুণা করত
গরজে গভীর নাদে।
পতিত দেখিয়া আকুল হইয়া
ধরিয়া ধরিয়া কান্দে ॥ ১ ॥ ১৯১ ॥

পাঠান্তর

১। 'তরঙ্গে' স্থলে 'ভরে' খ, ঘ।

ধানশী।১

নিরমল-বদন- কমল-বর-মাধুরি
হেরইতে ভৈগেলুঁ ভোর।
অলখিতে রঙ্গিণি- ভাঙ-ভুজঙ্গিনি
মরমহি দংশল মোর ॥
সজনি, যব ধরি পেখলুঁ রাই।
মদন-মহোদধি- নিমগন মঝু মন
আকুল কুল নাহি পাই ॥ ধ্রু ॥

বঙ্কিম হাস[২] বিলোকন-অঞ্চলে
মঝুপর যো দিঠি দেল।
কিয়ে অনুরাগিণি কিয়ে বিরাগিণি
বুঝইতে সংশয় ভেল॥
মরমক বেদন মরমহি জানত
সদয় হৃদয় তহিঁ চাই[৩]।
গোবিন্দদাস-পহুঁ[৪] নিতি নব নৌতুন
লাগল[৫] রসবতি রাই॥২॥১৯২॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ৬৬ ও প-র পুথির ৬১৮ সংখ্যক পদ।

২। 'হাস' স্থলে 'হাসনি' প-র-সা।

৩। 'তহিঁ চাই' স্থলে 'তহিঁ ঠাই' চ; 'তহু ঠাই' প-র-সা।

৪। 'পহুঁ' প-সা, প-র-সা স্থলে 'কহ' ক—চ।

৫। 'লাগল' স্থলে 'মনে লাগল' ক, খ।

টীকা

১২—১৫। "মরমক বেদন" ইত্যাদি। (আমার) হৃদয়ের বেদনা (আমার) হৃদয়ই জানে; তাহাতে (অর্থাৎ সেই বেদনা-নিবারণ বিষয়ে) আমি (শ্রীরাধার) সদয় হৃদয় চাহিতেছি অর্থাৎ তাঁহার দয়া যাচ্ঞা করিতেছি; (পদ-কর্ত্তা কহিতেছেন), গোবিন্দদাসের প্রভু শ্রীকৃষ্ণের (হৃদয়ে) রসবতী রাধিকা নিত্য নিত্য নূতনের ন্যায় লাগিতেছেন!

তথা রাগ।[১]

অলখিতে হামে হেরি বিহসলি থোরি[২]।
জনু রজনী ভেল চাঁদ উজোরি[৩]॥
কুটিল কটাখ-ছটা পড়ি গেল।
মধুকর-ডম্বর অম্বরে[৪] ভেল॥
কাহাঁ রমণি ও[৫] কে উহ জান[৬]।
আকুল করি গেও হামারি পরাণ॥ ধ্রু॥
লীলা-কমলে ভ্রমরা কিএ[৭] বারি।
চমকি চললি[৮] ধনি চকিত নেহারি॥
তে[৯] ভেল বেকত পয়োধর শোভা।
কনক-কমল হেরি কাহে না লোভা[১০]॥
আধ লুকায়লি আধ উদাস।
কুচ-কুম্ভ কহি গেও আপন[১১] আশ॥
বিদ্যাপতি কহ নব অনুরাগ।
গোপত মদন-শর কাহে না লাগ[১২]॥৩॥
॥১৯৩॥

পাঠান্তর

১। এটি প-র পুথির ৬১৮ সংখ্যক পদ।

২। 'থোরি' স্থলে 'থোর' প-র।

৩। 'উজোরি' স্থলে 'উজোর' প-র।

৪। 'অম্বরে' স্থলে 'অম্বর' ক, গ, চ।

৫। 'কাহাঁ রমণি ও' স্থলে 'কাহার রমণি ও' খ, গ, ঘ 'কাহার রমণী' ক।

৬। 'কাহাঁ রমণি' ইত্যাদি স্থলে 'কাহাঁ গেই সুন্দরি সো নাহি জান' প-র।

৭। 'কিএ' স্থলে 'কিয়ে' খ।

৮। 'চমকি চললি' স্থলে 'চকিত চলনি' প-র।

৯। 'তে' স্থলে 'তেঞি' ক; 'তে ভেল' স্থলে 'ভৈগেল' প-র।

১০। 'না লোভা' স্থলে 'মন লোভা' ক—চ।

১১। 'আপন' স্থলে 'আপনক' ক—গ, চ।

১২। অতঃপর প-র পুথিতে নিম্নলিখিত অতিরিক্ত পংক্তিদ্বয় দৃষ্ট হয়; যথা,—
'সে সব অমুল নিধি দে গেলি সন্দেশ।
কিছুই নাথই রস পরসেস॥'

টীকা

৩—৪। "কুটিল কটাখ" ইত্যাদি। নায়িকার কুটিল অর্থাৎ বঙ্কিম কটাক্ষের ছড়াছড়ি পড়িয়া গেল; (বোধ হইল যেন), আকাশে মধুকর-সমূহ (উড্ডীয়মান) হইয়াছে। পুনঃ পুনঃ প্রক্ষিপ্ত কটাক্ষ-মালার

সুনীল ছটাকেই এখানে কবি ভ্রমর-সমূহ বলিয়া সম্ভাবনা (অর্থাৎ উৎপ্রেক্ষা) করিয়াছেন। তুলনা করুন ;—

"বেশ্যাস্বত্তো নখ-পদ-সুখান্ প্রাপ্য বর্ষাগ্র-বিন্দূ-
নামোক্ষ্যন্তে ত্বয়ি মধুকর-শ্রেণিদীর্ঘান্ কটাক্ষান্ ॥"

—মেঘদূত।

৭—৮। "লীলা-কমলে" ইত্যাদি। (নায়িকার কর-ধৃত) লীলা-কমলে ভ্রমরা (রহিয়াছে); উহাকে কিরূপে নিবারণ করিব, (স্থির করিতে না পারিয়া) নায়িকা চঞ্চল-ভাবে দৃষ্টিপাত করিয়া, চমকিয়া চলিতে লাগিলেন। আধুনিক সময়ে পুষ্প-স্তবকের (bouquet) ন্যায় প্রাচীন কালে বিলাসিনী রমণীরা ভ্রমণ-কালে হস্তে বৃন্ত সহ কমল-পুষ্প ধারণ করিতেন—উহাকেই 'লীলা-কমল' বলা হইত। মুখের বা অঙ্গের সৌরভে ভ্রমর আসিয়া গায়ে পড়িলে, উহাকে লীলা-কমল দ্বারা তাড়ন করা চলে, কিন্তু এখানে লীলা-কমলেই ভ্রমর রহিয়াছে ; সুতরাং অতি-সাধের লীলা-কমলটি পরিত্যাগ করা ব্যতীত ভ্রমরকে সহজে নিবারণ করার উপায় নাই। কমল পরিত্যাগ না করায়, নায়িকার ধৈর্য্য ও সৌন্দর্য্য-প্রিয়তা প্রমাণিত হইতেছে। তুলনা করুন ;—

"শ্রম-ভরে বৈঠলি মাধবী-কুঞ্জ।
রাই-মুখ-কমলে পড়ল অলি-পুঞ্জ॥
লীলা-কমলহি কানু তাহা বারি।
মধুসূদন গেও কহত উচারি॥"

—প-ক-ত, ৪র্থ শাখা, ৩০ পল্লব,
১৬৪ সংখ্যক পদ।

ধানশী।[১]

কিয়ে মঝু[২] দীঠে[৩] পড়ল শশি-বয়না।
নিমিখ নিবারি[৪] রহল দুয় নয়না॥
দারুণ বঙ্ক-বিলোকন থোর[৫]।
কাল হোই কিয়ে উপজল মোর[৬]॥
মানস রহল পয়োধর লাগি।
অন্তরে রহল মনোভব জাগি॥
শ্রবণ রহল ঐছে শুনইতে রাব।
চলইতে চাহি চরণ নাহি যাব[৭]॥
আশা-পাশ[৮] না তেজই অঙ্গ[৯]।
বিদ্যাপতি কহে প্রেম-তরঙ্গ[১০]॥৪॥১৭৪॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ৮৮ ও প-র পুথির ৬।১০ সংখ্যক পদ।

২। 'মঝু' স্থলে 'মম' ক।

৩। 'দীঠে' স্থলে 'দীঠি' ক—গ, প-র-সা, প-র।

৪। 'নিবারি' স্থলে 'নেহারি' ক ; 'দুয়' স্থলে 'দুই' প-র ; 'দ্বয়' ক, খ, গ, চ, প-র-সা।

৫। 'থোর' স্থলে 'থোরা' প-র-সা।

৬। 'মোর' স্থলে 'মোরা' প-র-সা।

৭। 'চলইতে' ইত্যাদি স্থলে 'চলইতে চাহি তাহা ('তহি' প-র) চরণ না যাব' প-র-সা, প-র।

৮। 'আশা-পাশ' স্থলে 'আষ পাষ' প-র-সা।

৯। 'আশা-পাশ' ইত্যাদি স্থলে 'আশা বাউলা তেজই সঙ্গ' প-র।

১০। 'বিদ্যাপতি কহ' ইত্যাদির পরিবর্ত্তে 'অনয়ত ('অনায়ত' প-র) করল হামারি সব অঙ্গ' প-র-সা, প-র।

অতঃপর প-র পুথিতে নিম্নলিখিত অতিরিক্ত পংক্তিদ্বয় দৃষ্ট হয় ; যথা,—

'কুন্তল-তিমিরে হারায়ল চিত।
রঞ্জন রটয়ে রমণী মননিত॥'

টীকা

১—২। "কিয়ে মঝু" ইত্যাদি। শশি-বদনা শ্রীরাধা কেমন করিয়া আমার দৃষ্টিতে পতিত হইল ; (আমার) দুইটি নয়ন নিমেষ নিবারণ করিয়া অর্থাৎ পলক ফেলিতে বিস্মৃত হইয়া (সেই নায়িকার অঙ্গে) লাগিয়া রহিল।

কামোদ ।[১]

সজনি, ভাল করি পেখি[২] না ভেল।
মেঘ মাল সঞে তড়িত-লতা জনু
হৃদয়ে শেল দেই গেল ॥ধ্রু॥
আধ আঁচর খসি আধ বদনে হাসি
আধহিঁ নয়ন-তরঙ্গ।
আধ উরজ হেরি আধ আঁচর ভরি[৩]
তব ধরি[৪] দগধে অনঙ্গ ॥
একে তনু গোরা কনক-কটোরা
অতনু কাঁচলা উপাম[৫]।
হারে হরল মন[৬] জনু বুঝি ঐছন
ফাঁস পসারল কাম ॥
দশন মুকুতা পাঁতি অধরে[৭] মিলায়ত
মৃদু মৃদু কহতহিঁ ভাষা[৮]।
বিদ্যাপতি কহ অতয়ে সে দুখ রহ
হেরি হেরি না পূরল আশা ॥৫॥১৯৫॥

পাঠান্তর

১। এটি প-র পুথির ৬।১১ সংখ্যক পদ।
২। 'পেখি' স্থলে 'পেখন' ক, গ, প-র।
৩। 'আঁচর ভরি' স্থলে 'কনক গিরি' প-র।
৪। 'তব ধরি' স্থলে 'অন্তরে' প-র।
৫। 'অতনু কাঁচলা উপাম' স্থলে 'কাচলি অতি অনুপাম' প-র।
৬। 'হারে হরল মন' স্থলে 'হরি হরি বল মন' ক; 'হারে হরি লব মন' গ। কোন লিপিকরের ভ্রমে গ পুথির 'লব' শব্দটি 'বল' লিখিত হওয়ায় 'হারে হরি বল মন' বাক্যে কোন অর্থ হয় না দেখিয়াই বোধ হয় অন্য কোন পণ্ডিতম্মন্য লিপিকর কর্ত্তৃক তাহা সংশোধিত (?) হইয়া 'হরি হরি বল মন' এই অর্থশূন্য পাঠের সৃষ্টি করিয়াছে।
৭। 'অধরে' স্থলে 'অধরু' গ; 'অধর' ক, চ।
৮। 'কহতহিঁ ভাষা' স্থলে 'কহ তহিঁ ভাষা' ঘ; 'কহত বিভাষা' চ।

টীকা

৮—১১। "একে তনু" ইত্যাদি। (নায়িকার) অঙ্গ একে গৌর-বর্ণ, (তাহাতে আবার) অতনু অর্থাৎ স্থূল কাঁচুলি কনকের বাটির সদৃশ; (তাঁহার) হার (আমার) মন হরণ করিল; বোধ হয় যেন, কন্দর্প ঐরূপ ফাঁস অর্থাৎ বন্ধনের বাগুড়া প্রসারিত করিল। নায়িকার কণ্ঠ-বিলম্বিত হার কবি কর্ত্তৃক নায়ক-চিত্ত-বন্ধনের বাগুড়ারূপে সম্ভাবিত হইয়াছে বলিয়া, এ স্থলে 'উৎপ্রেক্ষা' অলঙ্কার ঘটিয়াছে।

গান্ধার।

সজনি, অপরূপ পেখলু বালা।
হিমকর-মদন- মিলিত মুখ-মণ্ডল
তা পর জলধর-মালা ॥
চঞ্চল[১] নয়নে হেরি মুঝে সুন্দরি[২]
মুচকায়ই ফিরি গেল।
তৈখনে মরমে মদন-জর উপজল
জিবইতে[৩] সংশয় ভেল ॥
অহনিশি শয়নে সপনে আন না হেরিয়ে
অনুখন সোই ধেয়ান।
তাকর পিরিতিকি রিতি[৪] নাহি সমুঝিয়ে
আকুল অথির পরাণ॥
মরমক বেদন তোহে পরকাশল
তুহুঁ অতি চতুরি সুজান।
সো পুন মধুর মুরতি[৫] দরশায়বি
রাধাবল্লভ গান[৬] ॥৬॥১৯৬॥

পাঠান্তর

১। 'চঞ্চল' স্থলে 'অঞ্চল' ঘ।
২। 'সুন্দরি' স্থলে 'সুন্দরী' ক, গ।
৩। 'জিবইতে' স্থলে 'জীবইতে' ক, গ।
৪। 'রিতি' স্থলে 'রীতি' ক, গ।

৫। 'মুরতি' স্থলে 'মূরতি' ক, গ।

৬। 'গান' স্থলে 'রস গান' ঘ।

টীকা

১—৩। "সজনি, অপরূপ" ইত্যাদি। হে সখি! বালাকে অপূর্ব্ব দেখিলাম! (উহাঁর) মুখ-মণ্ডল চন্দ্র ও কন্দর্পের মিশ্রণে নির্ম্মিত হইয়াছে অর্থাৎ উহাঁর বদন চন্দ্রতুল্য এবং অধর, গণ্ড, নেত্র, নাসিকা ও দন্ত-রাজি যথাক্রমে কন্দর্পের বান্ধুলি, মহুয়া, নীলোৎপল, তিল পুষ্প ও কুন্দ-কলিরূপ পুষ্পময় শরের তুল্য। তাহার উপর নায়িকার কেশ-পাশরূপ জলদ-জাল বিরাজিত রহিয়াছে; তুলনা করুন;—

"বন্ধুক-দ্যুতি-বান্ধবোঽয়মধরঃ স্নিগ্ধো মধুক-চ্ছবি-
র্গণ্ডে চণ্ডি চকাস্তি নীল-নলিন-শ্রী-মোচনং লোচনম্।
নাসাভ্যেতি তিল-প্রসূন-পদবীং কুন্দাভ-দন্তি প্রিয়ে!
প্রায়স্ত্বন্মুখ-সেবয়া বিজয়তে বিশ্বং স পুষ্পায়ুধঃ॥"
—গীতগোবিন্দ, ১০ম সর্গ।

তিরোতা ধানশী।

নমুঙা১-বদনি ধনি বচন কহসি হসি।
অমিয়া বরিখে জনু শরদ পুনিম শশী॥
অপরূপ রূপ রমণি-মণি।
যাইতে পেখলুঁ গজরাজগমনি ধনি॥ধ্রু॥
সিংহ জিনি মাঝা২ খিনি তনু অতি কমলিনি৩।
কুচ-ছিরিফল ভরে ভাঙ্গিয়া পড়য়ে জানি॥
কাজরে রঞ্জিত বনি৪ ধরল৫ নয়নবর।
ভ্রমর ভুলল জনু বিমল কমল পর॥
ভণয়ে বিদ্যাপতি সো বর-নাগর।
রাই-রূপ হেরি গর-গর অন্তর৬ ॥৭॥১৯৭॥

পাঠান্তর

১। 'নমুঙা' স্থলে 'নমুজা' ক; 'নমুয়াঁ' চ।

২। 'জিনি মাঝা' স্থলে 'জিনিয়া মাঝারি' ক, খ।

৩। 'কমলিনি' স্থলে 'কোমলিনি' গ, চ।

৪। 'বনি' স্থলে 'বলি' গ।

৫। 'ধরল' স্থলে 'ধবল' চ।

৬। 'ভণয়ে বিদ্যাপতি' ইত্যাদি পংক্তি-দ্বয় ঘ পুথিতে নাই।

টীকা

৭—৮। "কাজরে রঞ্জিত" ইত্যাদি। নায়িকা (তাঁহার বদনে) কজ্জলে রঞ্জিত করা নয়ন-যুগল ধারণ করিয়াছেন; (দেখিয়া বোধ হয়) যেন, শ্বেত পদ্মের উপর ভ্রমর (মধু-লোভে) ভুলিয়া রহিয়াছে। তুলনা করুন;—

"লোচন জনু থির ভৃঙ্গ-আকার।
মধু-মাতল কিয়ে উড়ই না পার॥"—বিদ্যাপতি।

তুড়ী।

পথে জড়াজড়ি দেখিলুঁ নাগরী
সখীর সহিতে যায়।
সকল অঙ্গ মদন-রঙ্গ
হসিত-বদনে চায়॥
সই, কে বল১ মোহিনী সেহ।
যদি সহায় পাই এমতি হয়
তা সঞে করিয়ে নেহ॥ ধ্রু॥
নীল মুকুতা- হার২ বেকতা
শোভিত দেখিলুঁ ভাল৩।
যেন তারাগণ উদিত গগন
চান্দে৪ বেঢ়িয়া জাল৫॥
কুচ এ৬ মণ্ডলী কনক-কটোরি
বনাল্যে কেমন ধাতা।
হাসির রাশি মনের খুসি
দান করে যদি দাতা॥
চণ্ডীদাস কহে যদি দান হয়ে
কি জানি মাগিবা তায়।
ছটার ঝলকে পরাণ চমকে
তিমিরে লাগয়ে ভয় ॥৮॥১৯৮॥

১। 'কে বল' স্থলে 'কেমন' ক।
২। 'হার' স্থলে 'হার যে' খ, ঘ।
৩। 'ভাল' স্থলে 'ভালে' গ।
৪। 'চান্দে' স্থলে 'চান্দেরে' ক, গ।
৫। 'জাল' স্থলে 'জালে' গ।
৬। 'এ' স্থলে 'য়ে' খ, ঘ, ; 'যে' ক, গ।

টীকা

৮—১১। "নীল মুকুতা" ইত্যাদি। (নায়িকার) নীল (অর্থাৎ নীল-মণি) ও মুক্তার ব্যক্ত অর্থাৎ দৃশ্য-মান (কণ্ঠ)-হার উত্তমরূপে শোভিত (রহিয়াছে) দেখিতে পাইলাম ; (দেখিয়া বোধ হইল) যেন, (মুক্তা-রাজিরূপ) তারাগণ (নীল-মণির দীপ্তি-বিশিষ্ট হৃদয়-রূপ) গগনে (হারের মধ্য-মণিরূপ) চন্দ্রকে জালের আকারে বেষ্টন করিয়া উদিত (হইয়াছে)।

১২—১৫। "কুচ এ মণ্ডলী" ইত্যাদি। (নায়িকার) মণ্ডলাকার এই কুচ-যুগ স্বর্ণের বাটিস্বরূপ ; বিধাতা (উহা) কিরূপ (অদ্ভুত) নির্ম্মাণ করিয়াছেন অথবা কিরূপ (সুদক্ষ) বিধাতা (উহা) নির্ম্মাণ করিয়াছেন ! (নায়িকার) হাসির রাশি (কি অপূর্ব্ব !) ; দাতা মনের খুসিতে (উক্ত অপূর্ব্ব ধন) যদি (প্রার্থী আমাকে) দান করেন ! (তবে কত আনন্দের বিষয় হয় !) যাঁহার ধন আছে, তিনিই উহা দান করিতে পারেন—অন্যের উহা দেওয়ার সাধ্য নাই, সুতরাং "দাতা" শব্দের ধ্বনি দ্বারা এখানে শ্রীকৃষ্ণের বাঞ্ছিত দানের অধিকারিণী শ্রীরাধাকেই বুঝা যাইতেছে।

ধানশী।১

রতন-মঞ্জরি ধনি লাবনি-সায়র
অধরহিঁ বান্ধুলি রঙ্গ।
দশন-কাঁতি২ কত দামিনি ঝলকত
হসইতে অমিয়া-তরঙ্গ ॥
সজনি, যাইতে পেখলুঁ রাই।
মুঝে৩ হেরি সুন্দরি ভরমহিঁ৪ চঞ্চল
চকিত চমকি চলি যাই ॥ধ্রু॥
পদ দুই চারি চলই বর নায়রি
রহলি নিমিখ-শর জোরি।
বিষম-বিশিখ-শর অন্তর জর জর৫
সরবস লেয়লি মোরি ॥
মঝু মন যশ গুণ সুধি মতি ধাধস
লেই চললি সব বালা।
গোবিন্দদাস কহই অব মাধব৬
জপতহিঁ তুয়া৭ গুণ-মালা ॥৯॥১৯৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৭১ ও প-র পুথির ৬।৩০ সংখ্যক পদ।

২। 'দশন-কাঁতি' প-স স্থলে 'দশনক কাঁতি' প-র-সা ; 'দশন-কিরণ' ক—চ।

৩। 'মুঝে' স্থলে 'মঝু' ক, প-র ; 'মোহে' প-র-সা

৪। 'ভরমহি' স্থলে 'মরমহিঁ' প-র-সা।

৫। 'বিষম-বিশিখ' ইত্যাদি (প-স ও চ) পরি-বর্ত্তে 'কুটিল কটাখ কুসুম-শর বরিখনে' ক—ঘ।

৬। 'গোবিন্দদাস' ইত্যাদি পংক্তির পরিবর্ত্তে 'গোবিন্দ দাস কহ বুঝই না পারিয়ে' প-র-সা।

৭। 'তুয়া স্থলে 'ও' খ, ঘ, প-র।

কামোদ।১

কাঞ্চন-কমল পবনে উলটায়ল
ঐছন বদন সঞ্চারি২।
সরবস লেই পালটি পুন বিঙ্কলি৩
রঙ্গিণি বঙ্ক নেহারি৪ ॥
সজনি৫ কো দেই দারুণ বাধা।
নয়নক সাধ আধ নাহি৬ পূরল
পালটি না হেরলুঁ৭ রাধা ॥ ধ্রু ॥

ঘন-ঘন আঁচর কুচ-গিরি কাঁচর[৮]
হাসি হাসি তহি পুন[৯] হেরি।
জনু মঝু মন হরি কনয়া-কুম্ভ ভরি
মুহরি[১০] রাখলি কত বেরি ॥
যব মন বান্ধল ইন্দ্রিয়[১১] ফাঁফর
তাহি মিলল আন আন[১২]।
কাঠক পুতলি[১৩] ঐছে মুরুছায়ত[১৪]
গোবিন্দদাস পরমাণ ॥১০॥২০০॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ৭৪ ও প-র পুথির ৬১৯ সংখ্যক পদ।

২। 'সঞ্চারি' স্থলে 'সঞ্চার' প-র-সা; 'সুচার' প-র।

৩। 'পুন বিন্ধলি' স্থলে 'পুন বান্ধই' প-র-সা; 'মন বান্ধল' প-র; 'পুন বান্ধলি' ঘ; 'পুন বীন্ধলি' চ।

৪। 'নেহারি' স্থলে 'নেহার' প-র-সা, প-র।

৫। 'সজনি' প-স, প-র-সা স্থলে 'হরি হরি' ক—চ, প-র।

৬। 'নাহি' স্থলে 'না' ক, খ, গ, চ।

৭। 'হেরলুঁ' স্থলে 'আওল' প-র-সা।

৮। 'কুচ-গিরি কাঁচর' প-স স্থলে 'কুচ-যুগ কাচল' প-র-সা; 'কুচ-কনকাচল' ক—চ, প-র।

৯। 'হাসি হাসি' ইত্যাদি প-স, প-র-সা স্থলে 'ঝাঁপই ('ঝাঁপল' প-র) হাসি হাসি হেরি' ক—চ, প-র।

১০। 'মুহরি' স্থলে 'মোহুরি' ক; 'মহুরি' চ।

১১। 'ইন্দ্রিয়' স্থলে 'ইন্দ্রিয়গণ' প-র; 'ইন্দ্রিগণ' খ।

১২। 'তাহি মিলল' ইত্যাদি স্থলে 'তাহে মিলন পাঁচবাণ' প-র; 'তাহে বিমু মিল আনে আন' প-র-সা।

১৩। 'পুতলি' প-স, প-র-সা স্থলে 'মুরতি' ক—চ, প-র।

১৪। 'ঐছে মুরুছায়ত' স্থলে 'কুহকে নাচায়ত' প-র-সা, প-র।

টীকা

৮—১১। "ঘন ঘন আঁচর" ইত্যাদি। রাধামোহন ঠাকুর ইহার অর্থ লিখিয়াছেন,—"ঘনো মেঘ ইব ঘনো নিবিড়ো যো পটাগ্রভাগঃ স এব কুচগিরেঃ কাঁচর কঞ্চুলিকা, পুনঃ পুনঃ হাস্যং কৃত্বা তাং কঞ্চুলিকাং পুনর্নিরীক্ষিতবতী যথা মনো হৃত্বা কনককুম্ভে নিক্ষিপ্য পুনঃ পুনঃ মুদ্রয়িত্বা রক্ষিতবতীবেত্যুৎপ্রেক্ষা।" অর্থাৎ মেঘের ন্যায় নিবিড় বস্ত্রাঞ্চল (নায়িকার) কুচগিরির কাঁচুলিস্বরূপ (হইল); (নায়িকা) পুনঃ পুনঃ হাস্য করিয়া, সেই কাঁচুলির দিকে তাকাইতে লাগিলেন; (বোধ হইল) যেন, আমার চিত্ত অপহরণ করিয়া (কুচযুগস্বরূপ) স্বর্ণ-কুম্ভে ভরিয়া (সতর্কতা হেতু) বারম্বার 'মোহর' করিয়া রাখিলেন। 'ঘন ঘন' শব্দের 'বারম্বার' অর্থও এ স্থলে অসঙ্গত নহে; তবে 'বারম্বার' অর্থ করিলে তৎপরে 'প্রদত্ত' বা 'নিক্ষিপ্ত' একটি কৃদন্ত বিশেষণ-পদ উহ্য করিতে হইবে।

এ স্থলে স্তন-যুগ কনক-কুম্ভ ও চুচুক-দ্বয় গালা-মোহরের ছাপরূপে উৎপ্রেক্ষিত হইয়াছে। তুলনা করুন;—

"পদ্মা-পয়োধর-তটী-পরিরম্ভ-লগ্ন-
কাশ্মীর-মুদ্রিতমুরো মধুসূদনস্য।"
—গীতগোবিন্দ, ১ম সর্গ।

১২—১৫। "যব মন" ইত্যাদি। যখন (নায়িকা) আমার (সকল ইন্দ্রিয়ের নেতা) মনকে বন্দী করিল, (তখন সুতরাং) অন্যান্য ইন্দ্রিয়ও ফাঁফর হইয়া, সেই মনের সহিত যাইয়া মিলিত হইল অর্থাৎ অন্যান্য ইন্দ্রিয়গুলিও মনের সহিত বন্দী হইল; (ইহাতে আর বিচিত্র কি?) নায়িকা (হৃদয়-হীন) কাঠের পুতুলকেও (অতুলনীয় আকর্ষণ-বশতঃ) মূর্চ্ছিত করিয়া থাকে; (এ বিষয়ে) পদ-কর্ত্তা গোবিন্দদাসই প্রমাণ বটে; অর্থাৎ গোবিন্দদাস কাষ্ঠ-পুত্তলিকার ন্যায় হৃদয়-শূন্য

হইয়াও যখন মোহিত না হইয়া পারিতেছে না, তখন কাষ্ঠ-পুত্তলিকার মূর্চ্ছা প্রকৃত বলিয়াই জানা যাইতেছে।

অথ অপরাহ্নে দর্শনং যথা।

"রতন-মন্দির মাহা" ইত্যাদি গীতং পূর্ব্বোক্তম্।

বেলোয়ার।

যব—গোধুলি সময় বেলি
ধনি—মন্দির বাহির ভেলি।
নব জলধর[১] বিজুরি-রেহা
দন্দ পসারি[২] গেলি ॥
ধনি—অলপ বয়েস বালা
জনু—গাঁথনি পুহপ-মালা।
থোরি দরশনে আশ না পূরল
বাঢ়ল মদন-জালা ॥
গোরি কলেবর নূনা
জনু—আঁচরে উজোর সোনা।
কেশরি জিনিয়া মাঝহিঁ খীন[৩]
দুলহ লোচন-কোণা ॥
ইসত হাসনি সনে
মুঝে—হানল নয়ন-বাণে।
চিরঞ্জীব রহু পঞ্চ গৌড়েশ্বর
কবি বিদ্যাপতি ভণে ॥১১॥২০১॥

পাঠান্তর

১। 'জলধর' স্থলে 'জলধরে' খ, ঘ।

২। 'পসারি' স্থলে 'পসারিয়া' ক; 'বাঢ়াইয়া' খ, ঘ।

৩। 'মাঝহিঁ খীন' স্থলে 'মাঝারি খিনি' ক।

টীকা

১—৪। "যব গোধুলি" ইত্যাদি। যখন গোধুলি-সময়ের অর্থাৎ সন্ধ্যার কালে সুন্দরী শ্রীরাধা মন্দিরের বাহির হইল, (তখন বোধ হইল যেন) নবীন জলধর এবং বিদ্যুতের রেখা বিবাদ বিস্তার করিয়া গেল। গোধূলির অন্ধকারাবৃত জলধর-তুল্য শ্যামল অঙ্গে উজ্জ্বল গৌরাঙ্গী নায়িকার দেহ-কান্তি ক্ষীণ বিদ্যুৎ-প্রভার ন্যায় দীপ্তি বিস্তার করিয়া যাওয়ায় এবং তদ্দ্বারা গোধূলির অন্ধকার কিঞ্চিৎ পরিমাণে বিদূরিত হওয়ায় জলধর ও বিদ্যুতের বিবাদরূপে এ স্থলে উৎপ্রেক্ষিত হইয়াছে। তুলনা করুন;—

> "কাশ্মীর-গৌর-বপুষামভিসারিকাণা-
> মাবদ্ধ-রেখমভিতো রুচি-মঞ্জরীভিঃ।
> এতত্তমাল-দল-নীলতমং তমিস্রং
> তৎপ্রেম-হেম-নিকষোপলতাং তনোতি ॥"
> —গীতগোবিন্দ, ১১শ সর্গ।

তুড়ী।১

বেলি অসকালে দেখিলুঁ যে[২] ভালে
পথেতে[৩] যাইতে সে।
জুড়ায় কেবল[৪] নয়ন-যুগল
চিনিতে নারিলুঁ কে ॥
সই, রূপ কে চাহিতে পারে।
অঙ্গের[৫] আভা বসন[৬] শোভা
পাসরিতে নারি তারে ॥ধ্রু॥
বাম অঙ্গুলিতে মুকুর সহিতে
কনক কটোরি হাতে[৭]।
সিথায় সিন্দূর নয়ানে কাজর
মুকুতা শোভিত মাথে[৮] ॥
নীল[৯] শাড়ী মোহনকারী[১০]
উছলিতে দেখি পাশ[১১]।
কি আর পরাণে সোঁপিলুঁ চরণে
দাস করি মনে আশ ॥

কুচযুগ গিরি কনক-কটোরি
শোভিত হিয়ার মাঝে।
ধীরে ধীরে যায় চমকিয়া চায়[১২]
ঘন না চাহে লোক-লাজে ॥
কিবা সে ভঙ্গিমা কি দিব উপমা
চলন মন্থর-গতি।
কোন ভাগ্যবানে পাঞাছে কি[১৩] দানে
ভজিয়া সে উমাপতি ॥
চণ্ডীদাসে কয় মুরুতি এ নয়[১৪]
বধিতে নাগর জনে।
অমিয়া ছানিয়া যতন করিয়া
গঢ়িল সে[১৫] অনুমানে ॥১২॥২০২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮১ ও প-র পুথির ৬।৪৯ সংখ্যক পদ।

২। 'দেখিলুঁ যে' প-র স্থলে 'দেখিলুঁ সে' প-র-সা।

৩। 'পথেতে' স্থলে 'পথেরে' প-র-সা।

৪। 'জুড়ায় কেবল' স্থলে 'জুড়ালু আমার' প-র-সা।

৫। 'অঙ্গের' স্থলে 'অঙ্গের যে' প-র-সা।

৬। 'বসন' স্থলে 'বসন যে' প-র-সা।

৭। 'কটোরি হাতে' স্থলে 'কটোরি তাথে' খ, ঘ; 'অঙ্গরি তাথে' প-র-সা।

৮। 'মাথে' স্থলে 'তাথে' প-র-সা, প-র।

৯। 'নীল' স্থলে 'নীল যে' প-র; 'সে যে' প-র-সা।

১০। 'মোহনকারী' স্থলে 'মনহর কড়ি' প-র-সা।

১১। 'উছলিতে' ইত্যাদি স্থলে 'উছলে দেখিলু পাশ' প-র-সা; 'উছলিতে দেখিলাম পাশ' প-র।

১২। 'চমকিয়া চায়' স্থলে 'চমকি চায়' ঘ; 'চমকিত চায়' প-র।

১৩। 'পাঞাছে কি' স্থলে 'পাইয়া কোন' প-র-সা।

১৪। 'মুরুতি' ইত্যাদি স্থলে 'মোর মনে লয়' প-র।

১৫। 'গঢ়িল সে' স্থলে 'গড়ল বুঝি' প-র-সা, প-র।

আসাবরী।[১]

রমণীর মণি পেখলুঁ আপনি[২]
ভূষণ সহিতে গায়।
দেখিতে দেখিতে বিজুরি ঝলকে[৩]
ধৈরজে ধৈরজ যায় ॥
সই, চাহনি মোহনি থোর।
মরম বান্ধলুঁ হেরিয়া ভুলিলু[৪]
রূপের নাহিক ওর ॥ ধ্রু ॥
বদন-ছান্দ[৫] কামের ফান্দ
ঝুরিয়া ঝুরিয়া কান্দে।
কেশের আগ চুম্বয়ে চাগ[৬]
ফিরিয়া ফিরিয়া বান্ধে ॥
বসন খসয়ে অঙ্গুলি[৭] চাপয়ে
কর সে কড়ছে[৮] থুইয়া।
দেখিয়া লোভয়ে মদন খোভয়ে
কেমনে ধরিব হিয়া ॥
জলের কান্ধারে কেশের আন্ধারে
সাপিনী লাগয়ে মোয়।
কেমনে কামিনী আছয়ে আপনি
এমন সাপিনী থোয় ॥
দশন-কাঁতি মুকুতা-পাঁতি
হাস উগারয়ে শশী।
পরাণ-পুতলী হইল পাগলী[১০]
মরমে রহল পশি

শূন[11] যে হিয়া রহল পড়িয়া
বস্তু রহল তায়।
চণ্ডীদাস কয় ফিরি দেখা হয়
তবে সে পরাণ রয় ॥১৩॥২০৩॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৬৫০ সংখ্যক পদ।

২। 'পেখলুঁ আপনি' স্থলে 'দেখিনু কামিনি' প-র।

৩। 'ঝলকে' স্থলে 'চমকে' প-র।

৪। 'ভুলিলুঁ' স্থলে 'বুঝিনু' প-র।

৫। 'ছান্দ' স্থলে 'চান্দ' খ—ঘ, প-র।

৬। 'চাগ' স্থলে ক—চ ও প-র পুথি সর্ব্বত্রই 'চাগ' পাঠ আছে; এই শব্দের অর্থ স্থির করিতে না পারিয়া চণ্ডীদাসের পদাবলীর কোন কোন সম্পাদক 'টাগ' পাঠ ধরিয়া উহার অর্থ 'জঙ্ঘা' লিখিয়াছেন। কিন্তু কোন পুথিতে 'টাগ' পাঠ আদৌ আছে কি না, তাহাই অনুসন্ধান করা আবশ্যক।

৭। 'অঙ্গুলি' স্থলে 'আঙুলি' ঘ, চ, প-র।

৮। 'কর সে কড়ছে' স্থলে 'কর কড়ছে' ক, ঘ, চ; 'কড়ছে কড়হি' প-র।

৯। 'খোভয়ে' স্থলে 'ক্ষোভয়ে' ক—গ।

১০। 'হইল পাগলী' স্থলে 'হইল আগলি' প-র।

১১। 'শূন' স্থলে 'শুধু' প-র।

টীকা

৮—১১। "বদন-ছান্দ" ইত্যাদি। (নায়িকার) বদনের শোভায় কামের ফান্দ (অর্থাৎ নায়কদিগকে বশীভূত করার বাগুড়াস্বরূপ নায়িকার কেশ-পাশ) শোকে ক্রন্দন করিতেছে; (নায়িকার) কেশের অগ্রভাগ তাঁহার চক্রাকার নিতম্বকে চুম্বন অর্থাৎ স্পর্শ করিতেছে; (নায়িকা) উহাকে পুনঃ পুনঃ তুলিয়া বাঁধিতেছেন।

১২—১৫। "বসন খসয়ে" ইত্যাদি। (গমন-গতি কিংবা সাত্ত্বিক ভাবের উদয় হেতু নায়িকার) বসন স্খলিত হইতেছে; (তাহাতে তিনি) কটিতে হস্ত রাখিয়া অঙ্গুলি চাপিতেছেন অর্থাৎ অঙ্গুলি দ্বারা বিস্রস্ত কটি-বসন ধরিয়া রাখিতেছেন। (উহা) দেখিয়া (আমার) হৃদয় লুব্ধ হইতেছে; (সেই সুযোগে) কন্দর্প (আমাকে) ক্ষুব্ধ অর্থাৎ খেদ-যুক্ত করিতেছেন; (আমি) কি প্রকারে প্রাণ ধারণ করিব?

প্রক্ষিপ্ত পদ।

২০৩ সংখ্যক পদের পরে খ ও গ পুথিতে নিম্ন-লিখিত প্রক্ষিপ্ত পদটি দৃষ্ট হয়; যথা,—

"আজু এক অপ- রূপ রূপক
ভূপ দরশন ভেল।
জনু, মেলি জলধর ধরণি উপর
সৌদামিনি করু কেল॥
কোন অছু পুন বদন নিরমিল
নয়ন চেতন চোর।
বিকচ কাঞ্চন কমলে বিলসই
চপল খঞ্জন জোর॥
চারু ভুরু অরু মাঝে সিন্দুর-
রেখ ঐছে বনান।
রসিক জন মন বধিতে কাম ক-
মান বাণ সন্ধান॥
কি কব উচ কুচ জোর চুচক
জগত আনন্দ ভাষ।
রঞ্জিত রবি-কর হেম-কমলিনি
শিখরে মধুপ নিবাস॥"

ক, ঘ ও চ পুথিতে এই পদটি নাই। ইহা গণনা করিলে ৮ম পল্লবের নির্দ্দিষ্ট পদসংখ্যা হইতে একটি পদ বেশী হয়; সুতরাং ইহা যে প্রক্ষিপ্ত, সে বিষয়ে কোন সন্দেহ নাই

তত্র স্নানকালে দর্শনম্ ।

বরাড়ী।[১]

সহচরি মেলি চললি বররঙ্গিণি
কালিন্দি করই সিনান।
কাঞ্চন[২] শিরিষ- কুসুম জনু[৩] তনু-রুচি
দিনকর-কিরণে মৈলান ॥
সজনি, সো ধনি চীতক[৪] চোর।
চোরিক পন্থ ভোরি দরশায়লি
চঞ্চল নয়নক ওর ॥ ধ্রু ॥
কোমল চরণ চলত[৫] অতি মন্থর
উতপত-বালুক বেল।
হেরইতে হামারি সজল দিঠি-পঙ্কজ
দুহুঁ পাদুক করি নেল ॥
চীত[৬] নয়ন মঝু[৭] দুহুঁ সে[৮] চোরায়লি
শূন হৃদয় অব মান।
মনমথ পাপ দহনে তনু জারত[৯]
গোবিন্দদাস ভালে জান[১০]॥১৪॥২০৪॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ৭৩ ও প-র পুথির ৬৩২ সংখ্যক পদ। 'বরাড়ী' স্থলে 'শ্রীরাগ' প-র-সা; 'ধানশ্রী' প-র।

২। 'কাঞ্চন' স্থলে 'কনয়া' প-র-সা, প-র।

৩। 'জনু' স্থলে 'জিনি' ক—চ।

৪। 'চীতক' স্থলে 'চিতক' ক, গ, প-র।

৫। 'চলত' স্থলে 'গমন' প-র-সা।

৬। 'চীত' স্থলে 'চিত' ক, গ, প-র।

৭। 'মঝু' স্থলে 'যব' প-র।

৮। 'দুহুঁ সে' স্থলে 'এ দুহুঁ' ক, গ; 'দুহুঁ' প-র।

৯। 'মনমথ পাপ' ইত্যাদি স্থলে 'কাঞ্চন মুরতি কাঁতি মুরছায়ল' প-র।

১০। 'ভালে জান' স্থলে 'পরমাণ' প-র-সা, প-র।

টীকা

৫—৭। "সজনি, সো ধনি" ইত্যাদি। হে সখি! সেই সুন্দরী আমার চিত্ত-চোর; (তাঁহার) চঞ্চল নয়নের প্রান্ত অর্থাৎ কটাক্ষ (আমাকে) জ্ঞান-শূন্য করিয়া (সুনিপুণ) চৌর্য্যের প্রণালী প্রদর্শিত করিল।

৮—১১। "কোমল চরণ" ইত্যাদি। (নায়িকার) সুকুমার চরণ-দ্বয় মন্থর-ভাবে চলিতেছে; (কেন না) (যমুনার) বেলা-ভূমি উত্তপ্ত বালুকা-বিশিষ্ট; (তাহার এইরূপ আশ্চর্য্য ঐন্দ্রজালিক শক্তি যে) আমি তাহার চরণ-দ্বয়ের পানে দৃষ্টি-পাত করা মাত্র সে আমার সজল নেত্র-পদ্ম দুইটিকে তাহার পাদুকা বানাইয়া লইল! পদ-কর্ত্তা 'হেরইতে হামারি' ইত্যাদি বাক্যের অতিশয়োক্তি-অলঙ্কারের ধ্বনি দ্বারা বুঝাইতেছেন যে, শ্রীকৃষ্ণ শ্রীরাধাকে উত্তপ্ত পুলিন-ভূমিতে ধীরে ধীরে গমন করিতে দেখিয়া, তাঁহার ততটুকু ক্লেশ-দর্শনেই অনুরাগবশতঃ তাঁহার চরণ-যুগলে আপনার সজল নয়নের দৃষ্টি সংলগ্ন করিয়া রহিলেন।

১২—১৫। "চীত নয়ন" ইত্যাদি। (শ্রীরাধা) আমার চিত্ত ও নয়ন—উভয়ই চুরি করিল; এখন আমার হৃদয় শূন্য মনে করিতেছি; (অপহৃত-সর্ব্বস্ব ব্যক্তিকে জীবিত রাখিলে সে যদি প্রতিহিংসা করিতে উদ্যত হয়,. বোধ হয়, সেই জন্য) নায়িকার প্রধান সহায় পাপাত্মা মন্মথ আমাকে অগ্নিতে দগ্ধ করিতেছে,—পদ-কর্ত্তা গোবিন্দদাস ইহার সত্যতা উত্তম-রূপে জ্ঞাত আছে। কাম ও কামিনীর পরস্পর সাহায্য-কারিত্ব কবিগণের বর্ণনায় প্রসিদ্ধ। তুলনা করুন;—

"যাভিরনঙ্গঃ সাঙ্গী-
কৃতঃ স্ত্রিয়োঽস্ত্রীকৃতাশ্চ যেন।
বামাচার-প্রবণৌ
প্রণমত তৌ কামিনী-কামৌ॥"

—আর্য্যাসপ্তশতী।

তুড়ী।১

থীর বিজুরি বরণ২ গোরি
পেখলু ঘাটের কূলে।
কানড় ছান্দে কবরি বান্ধে
নব-মল্লিকার মালে ॥
সই, মরম কহিলুঁ তোরে।
আড় নয়ানে ইষত হাসিয়া
আকুল৩ করিলে মোরে ॥ ধ্রু ॥
ফুলের গেঁড়ুয়া লুফিয়া ধরয়ে
সঘনে দেখায় পাশ।
উচ-কুচযুগ৪ বসন ঘুচায়ে
মুচকি মুচকি হাস ॥
চরণ-কমলে৫ মল্লতোড়ল
সুন্দর যাবক-রেখা।
কহে চণ্ডীদাসে হৃদয়-উল্লাসে৬
পালটি৭ হইবে দেখা ॥১৫॥২০৫॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ২৫৫ ও প-র পুথির ৬৩৪ সংখ্যক পদ।

২। 'বরণ' স্থলে 'সমুহ' প-র-সা।

৩। 'আকুল' স্থলে 'বিকল' প-র-সা।

৪। 'কুচযুগ' স্থলে 'কুচমূলে' প-র-সা।

৫। 'কমলে' স্থলে 'যুগলে' প-র-সা।

৬। 'হৃদয়-উল্লাসে' স্থলে 'বাশুলি আদেশে' প-র-সা।

৭। 'পালটি' স্থলে 'পুন কি' ক—চ।

টীকা

১২—১৫। "চরণ-কমলে" ইত্যাদি। (শ্রীরাধার) চরণ-কমলে মল্লতোড়ল নামক অলঙ্কার-বিশেষ ও সুন্দর অলক্তক-রাগ (শোভা পাইতেছে); চণ্ডীদাস (শ্রীকৃষ্ণের উৎকণ্ঠা নিবারণ জন্য) হৃদয়ের উল্লাসে কহিতেছেন,—পুনরায় শ্রীরাধার সহিত তোমার সাক্ষাৎ হইবে; (সুতরাং এত চঞ্চল হইও না)।

তথা রাগ১।

কনক-বরণ২ কিয়ে দরপণ৩
নিছনি দিয়ে যে৪ তার।
কপালে ললিত৫ চান্দ যে শোভিত৬
সুন্দর অরুণ আর৭ ॥
সই, কিবা সে মুখের হাসি।
হিয়ার ভিতর কাটিয়া পাঁজর৮
মরমে রহল পশি ॥ ধ্রু ॥
গলার উপর মণিময় হার
গগন-মণ্ডল হেরু৯।
কুচযুগ-গিরি কনক-গাগরি১০
উলটি পড়ল মেরু১১ ॥
উরজে উরুতে লম্বিত কেশ১২
হেরিয়ে সুন্দর তার।
চরণের ফুল১৩ হেরি যে১৪ দুকূল
জলদ-শোভিত-ধার ॥
কহে চণ্ডীদাসে বাশুলী-আদেশে
হেরিয়া নখের কোণে১৫।
জনম সফলে যমুনার কূলে১৬
মিলায়ল১৭ কোন জনে ॥১৬॥২০৬॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ৭৬ ও প-র পুথির ৬৩৫ সংখ্যক পদ। 'তথা রাগ' স্থলে 'ধানশ্রী' প-র।

২। 'বরণ' স্থলে 'বরণী' প-র-সা।

৩। 'দরপণ' স্থলে 'দরপণী' প-র-সা।

৪। 'দিয়ে যে' স্থলে 'না দেখি' প-র-সা; 'যাইয়ে' প-র।

৫। 'কপালে ললিত' স্থলে 'কপোলে ললিত' প-র; 'কপালে লোলিত' প-র-সা।

৬। 'যে শোভিত' স্থলে 'শোভিত' প-র-সা; 'সুশোভিত' প-র।

৭। 'সুন্দর অরুণ আর' স্থলে 'সিন্দুর অরুণ আর' ক, প-র; 'সিন্দুর অরুণাকার' প-র-সা।

৮। 'কাটিয়া পাঁজর' স্থলে 'পাঁজর কাটিয়া' ক—চ; 'কাটিয়া থাকয়ে' প-র-সা।

৯। 'গগন' ইত্যাদি স্থলে 'গগনমণ্ডল হেরি' প-র-সা; 'গগনমণ্ডলে চারু' প-র।

১০। 'গাগরি' স্থলে 'কটরি' প-র।

১১। 'পড়ল মেরু' স্থলে 'পড়ি সুমেরি' প-র-সা।

১২। 'উরজে' ইত্যাদি স্থলে 'উরু সুশোভিত মদন মোহিত' প-র; 'উরু যে উরুতে' ইত্যাদি ক, গ; 'উরজে' ইত্যাদি পংক্তি-চতুষ্টয়ের পরিবর্ত্তে প-র-সা পুথির পাঠ যথা;—

'উরু জে লম্বিত কাম জে সম্বিত
বেণী জে লম্বিত তার।
চরণ রাতুল বিজুরি দোকুল
জলদে সুন্দর ধার॥'

১৩। 'ফুল' স্থলে 'কুলে' প-র, ক—চ।

১৪। 'হেরি যে' স্থলে 'হেরিয়া' প-র-সা।

১৫। 'কোণে' স্থলে 'কোণ' প-র।

১৬। 'জনম সফলে' ইত্যাদি স্থলে 'জনম সফল পাইলুঁ পুণ্যফল' প-র-সা; 'বড় পুণ্যফলে যমুনার কূলে' প-র।

১৭। 'মিলায়ল' স্থলে 'বিহি দিল' প-র-সা; 'আনি দিল' প-র।

টীকা

১—৪। "কনক বরণ" ইত্যাদি। (নায়িকার মুখ) স্বর্ণ-বর্ণ দর্পণ কি? সেই মুখের নিছনি দিতেছি অর্থাৎ সেই মুখের বালাই লইয়া মরিতে ইচ্ছা হইতেছে; (তাহার) কপালে (চন্দন-বিন্দুরূপ) চন্দ্র ও (সিন্দুর-বিন্দুরূপ) রবি (শোভা পাইতেছে)। তুলনা করুন;—

"বদন মোছল পরচুর।
মাজি ধয়ল জনু কনক-মকুর॥"
—বিদ্যাপতি, প-ক-ত, ২০৯ পদ।

"সুন্দর বদনে সিন্দুর-বিন্দু
শাঙল চিকুর-ভার।
জনু রবি শশী সঙ্গহি উয়ল
পিছে করি আন্ধিয়ার॥
—বিদ্যাপতি, প-ক-ত।

১২—১৫। "উরজে উরুতে" ইত্যাদি। (তাঁহার) সুন্দর কেশ স্তনে ও উরুতে লম্বিত দেখিতেছি; (তাঁহার) চরণের ফুল অর্থাৎ পদ্মাকৃতি অলঙ্কার এবং (জল-স্রাব হেতু?) জলদের ন্যায় (কৃষ্ণবর্ণ-প্রান্ত-বিশিষ্ট?) ক্ষৌম-বসন দেখিতেছি।

গান্ধার।১

কামিনি করই সিনান।
হেরইতে হৃদয়ে হানল পাঁচ-বাণ॥
চিকুরে গলয়ে জল-ধার২।
মুখ-শশি-ভয়ে কিয়ে রোয়ে আন্ধিয়ার৩॥
তিতল৪ বসন তনু লাগি।
মুনিহক মানস৫ মনমথ জাগি॥
কুচ-যুগ চারু চকেবা।
নিজ কুলে আনি মিলায়ল দেবা৬॥
তেঞি৭ শঙ্কা ভুজ-পাশে।
বান্ধি ধরল জনু উড়ব তরাসে৮॥
কবি বিদ্যাপতি গাওয়ে।
গুণবতি নারি রসিক জন১০ পাওয়ে॥

১৭॥ ২০৭॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ৭৯ ও প-র পুথির ৬৩৬ সংখ্যক পদ। 'গান্ধার' স্থলে 'সিন্ধুড়া' প-র।

২। 'জল-ধার' স্থলে 'জল-ধারা' ক, প-র, প-র-সা।

৩। 'আন্ধিয়ার' স্থলে 'আন্ধিয়ারা' ক, প-র, প-র-সা।

৪। 'তিতল' স্থলে 'ভিগল' প-র-সা।

৫। 'মুনিহক মানস' স্থলে 'মুনি এক' খ, ঘ; 'মনিহক মানস' চ; 'মণীহুক মানস' প-র-সা; 'দরশনে মানসে' প-র।

৬। 'নিজ কুলে' ইত্যাদি স্থলে 'নিজ কুল মিলনে আনল কোন দেবা' ঘ, প-র; 'নি (জ?) কুল মিলান আনি মিল'য়ে কোন দেয়া' প-র-সা।

৭। 'তেঞি' স্থলে 'ইলে' ঘ, ঘ, প-র।

৮। 'বান্ধি ধরল' ইত্যাদি স্থলে 'বান্ধি ধয়ল তনু' ইত্যাদি ঘ; 'বান্ধি ধয়ল পুন' ইত্যাদি প-র; 'বান্ধি ধয়ল জনী উড়য়ে আকাশে' প-র-সা।

৯। 'কবি বিদ্যাপতি' ইত্যাদি পংক্তিদ্বয়ের পরিবর্ত্তে প-র-সা পুথির পাঠ যথা;—

'ইহ বিদ্যাপতি ভাণ।
তুহু বড় নিলজ কান॥'

১০। 'রসিক জন' স্থলে 'পুণবতি' গ, ঘ, চ; 'পুণ্যবত' প-র।

তথা রাগ।[১]

যাইতে পেখলুঁ নাহলি গোরি।
কতি সঞে রূপ ধনি[২] আনলি চোরি॥
কেশ নিঙ্গাড়িতে বহে জল-ধারা[৩]।
চামরে গলয়ে জনু মোতিম-হারা॥
অলকহিঁ তীতল[৪] তহিঁ অতি শোভা।
অলিকুল কমলে বেঢ়ল মধুলোভা[৫]॥
নীরে নিরঞ্জন লোচন রাতা।
সিন্দুরে মণ্ডিত[৬] পঙ্কজ-পাতা॥
সজল[৭] চীর পয়োধর-সীমা।
কনক বেলে[৮] জনু পড়ি গেও হীমা॥
তুল কি করইতে চাহে কে দেহা[৯]।
অবহুঁ ছোড়বি মোহে তেজবি লেহা॥
ঐছে ফেরি[১০] রস না পাওব আর।
ইথে লাগি রোই গলয়ে জলধার॥
বিদ্যাপতি কহে শুনহ মুরারি।
বসনের ভাব ও[১১] রূপ নেহারি॥

॥১৮॥২০৮॥

পাঠান্তর

১। এটি প-র পুথির ৬।৩৭ সংখ্যক পদ। 'তথা রাগ' স্থলে 'সিন্ধুড়া' প-র।

২। 'রূপ ধনি' স্থলে 'রূপ' ক; 'ধনি রূপ' খ।

৩। 'কেশ' ইত্যাদি স্থলে 'কেশ নিঙ্গাড়িঁ জল কয়ে ধারা' প-র।

৪। 'তীতল' স্থলে 'তিতল' ক—গ, প-র; 'চীতল' ঘ।

৫। 'মধুলোভা' স্থলে 'মতি লোভা' প-র।

৬। 'মণ্ডিত' স্থলে 'মণ্ডিত জনু' গ, প-র; 'মণ্ডিত নিল' খ, ঘ।

৭। 'সজল' স্থলে 'শরদ' প-র।

৮। 'বেলে' স্থলে 'শিখরে' প-র।

৯। 'তুল কি' ইত্যাদি স্থলে 'তুল কি করইতে চাহে সে দেহা' প-র; 'ও নুকি কর তহিঁ দেহা' ক।

বিদ্যাপতির পদাবলীর কোন কোন সম্পাদক 'ও নুকি কর তহিঁ দেহা' পাঠটিকেই সমীচীন বোধে গ্রহণ করিয়াছেন; কিন্তু ঐ পাঠ সুস্পষ্ট ছন্দোভঙ্গ-দুষিত; এই পদের প্রত্যেক চরণে চতুর্ম্মাত্রিক চারিটি গণে বিভাজ্য ষোলটি মাত্রা আছে; 'ও নুকি' ইত্যাদি পাঠে ১২টি মাত্রা পাওয়া যায় এবং উহা হইতে যে চারি মাত্রার কোন একটি শব্দ পড়িয়া গিয়াছে, এরূপও বোধ হয় না; সুতরাং 'ও নুকি' ইত্যাদি ক পুথির পাঠ পরবর্ত্তী অপ্রামাণিক সংশোধন বলিয়াই বিবেচনা হয়।

১০। 'ফেরি' স্থলে 'ফির' প-র।

১১। 'বসনের ভাব ও' স্থলে 'বসনের ভাব জনু' গ; 'বসনে লাগল ভাব' প-র।

টীকা

৯—১০। "সজল চীর" ইত্যাদি। (নায়িকার) পয়োধর-প্রান্তে জলার্দ্র বসন (লাগিয়া রহিয়াছে);

যেন স্বর্ণের বিল্ব-ফলে তুষার পড়িয়াছে। এ স্থলে 'অতিশয়োক্তি' অলঙ্কার দ্বারা নায়িকার স্তন ও সজল বসনে যথাক্রমে বিল্বত্ব ও তুষারত্বের আরোপ করা হইয়াছে।

১১—১৪। "তুল কি করইতে" ইত্যাদি। কেহ কি দেহকে তুল্য অর্থাৎ পূর্ব্ব-শ্লোকের বর্ণিত তুষারবৎ সজল বসনের সদৃশ করিতে চাহে ? (অবশ্যই চাহে না ; সুতরাং) এখনি (আমার প্রতি) স্নেহ-ত্যাগ করিবে,—আমাকে পরিত্যাগ করিবে ; (অতএব) পুনরায় ঐরূপ (অঙ্গ-স্পর্শ-জনিত) আনন্দ আর প্রাপ্ত হইব না—এই জন্য (নায়িকার বসন) রোদন করিতেছে, জল-ধারা বিগলিত হইতেছে।

৬। 'তে উদসল' স্থলে 'তেঞি দরশল' ক ; 'তে উদাসল' গ ; 'তৈছে দসন' প-র।

৭। 'উদেশ' স্থলে 'উদাস' প-র।

৮। 'মনোরথ শেষ' স্থলে 'মনমথ ফাঁস' প-র।

টীকা

৯—১০। "নিবি-বন্ধ" ইত্যাদি। (কটির বসন বিস্রস্ত হওয়ায়, নায়িকা) কটি-বসনের গ্রন্থির উদ্দেশ অর্থাৎ উহা আছে কি না, খোঁজ করিলেন ; বিদ্যাপতি কহিতেছেন, ইহাই নায়কের আকাঙ্ক্ষার শেষ অর্থাৎ চরম সীমা অর্থাৎ নায়ক যে নায়িকার নাভিমূল দর্শন করিতে পারিবেন, এরূপ আশা করেন নাই,—কিন্তু তাঁহার শ্লথ কটি-বসন-গ্রন্থির বন্ধন-কালে নায়কের সেই আশাও পূর্ণ হইল।

সিন্ধুড়া।১

আজু মঝু শুভ দিন[২] ভেলা।
কামিনি পেখলু সিনানক বেলা॥
চিকুরে গলয়ে জল-ধারা।
মেহ বরিখে জনু মোতিম-হারা॥
বদন মোছল পরচুর[৩]।
মাজি ধয়ল[৪] জনু কনক মকূর[৫]॥
তে উদসল[৬] কুচ জোরা।
পালটি বৈঠায়ল কনক কটোরা॥
নিবিবন্ধ করল উদেশ[৭]।
বিদ্যাপতি কহ মনোরথ শেষ[৮]॥

॥১৯॥২০৯॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৬৩৮ সংখ্যক পদ।

২। 'শুভ দিন' স্থলে 'সুদিন' প-র।

৩। 'পরচুর' স্থলে 'পরচুর' ক, গ, প-র।

৪। 'ধয়ল' স্থলে 'ধোয়ল' প-র।

৫। 'মকুর' স্থলে 'মকুর' ক, গ, চ ; 'মুকুর' প-র।

বেলাবলী।১

সজনি—ও ধনি কে কহ বটে।
গোরোচনা-গোরি নবীন কিশোরি
নাহিতে দেখিলুঁ ঘাটে॥ ধ্রু॥
শুন হে পরাণ সুবল সাঙ্গাতি[২]
কে ধনি মাজিছে গা।
যমুনার তীরে বসি তার নীরে
পায়ের উপরে পা॥
অঙ্গের বসন কর‍্যাছে আসন
আলাঞা দিয়াছে বেণী।
উচ কুচ-মূলে হেমহার দোলে
সুমেরু-শিখর জানি॥
সিনিয়া[৩] উঠিতে নিতম্ব-তটীতে[৪]
পড়্যাছে[৫] চিকুর-রাশি।
কান্দিয়া[৬] আন্ধার কনক-চান্দার
শরণ লইল[৭] আসি॥

কিবা সে দুগুলি[৮] শঙ্খ ঝলমলি
সরু সরু শশি-কলা।
মাজিতে উদয় শুধু[৯] সুধাময়
দেখিয়া হইলুঁ ভোলা॥
চলে নীল শাড়ী নিঙ্গাড়ি নিঙ্গাড়ি
পরাণ সহিত মোর।
সেই হৈতে মোর হিয়া নহে থির[১০]
মনমথ-জ্বরে[১১] ভোর॥
কহে চণ্ডীদাসে বাসুলী আদেশে[১২]
শুন হে নাগর চান্দা[১৩]।
সে যে বৃষভানু রাজার নন্দিনী
নাম বিনোদিনী রাধা[১৪]॥২০॥২১০॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ৭৫ ও প-র পুথির ৬।৪১ সংখ্যক পদ 'বেলাবলী' স্থলে 'তিরোথা ধানশী' প-র।

২। 'শুন হে পরাণ' ইত্যাদি হইতে 'সুমেরু-শিখর জানি' পর্য্যন্ত ৮টি পংক্তি অর্থাৎ ২টি কলি খ,গ, ঘ, চ, প-র-সা ও প-র পুথিতে দৃষ্ট হয় না; উহা প্রক্ষিপ্ত বলিয়াই বিবেচনা হয়।

৩। 'সিনিয়া' স্থলে 'নাহিয়া' প-র-সা।

৪। 'তটীতে' স্থলে 'তটিতে' ঘ; 'তড়িতে' চ 'কটীতে' প-র।

৫। 'পড়্যাছে' স্থলে 'আউলাই' প-র-সা।

৬। 'কান্দিয়া' স্থলে 'কালিয়া' প-র-সা, প-র।

৭। 'লইল' স্থলে 'লইলাম' প-র-সা।

৮। 'দুগুলি' স্থলে 'দুগলি' প-র-সা।

৯। 'শুধু' স্থলে 'যেন' প-র।

১০। 'হিয়া নহে থির' স্থলে 'হিয়া দগদগি' গ 'হিয়া কেমন করে' প-র; 'অঙ্গ জরজর' প-র-সা।

১১। 'মনমথ' স্থলে 'মনোরথ' খ, গ।

১২। 'কহে চণ্ডীদাসে' ইত্যাদি স্থলে 'দাস লোচন কহয়ে বচন' খ—চ, প-র-সা, প-র। এই পদটি প্রকৃতই লোচন দাসের রচিত কি না, তাহা লোচন দাসের স্বহস্ত-লিখিত পদাবলীর পুথি আবিষ্কৃত না হওয়া পর্য্যন্ত নিশ্চিতরূপে বলা যাইবে না।

১৩। 'শুন হে' ইত্যাদি স্থলে 'শুন হে শ্যামর চান্দা' খ, চ; 'শুন হে শ্যাম চান্দা' ঘ; 'শুন হে নাগর শ্যাম' প-র।

১৪। 'নাম বিনোদিনী রাধা' স্থলে 'রাধা বিনোদিনী নাম' প-র।

টীকা

১২—১৫। "সিনিয়া উঠিতে" ইত্যাদি। স্নান করিয়া উঠিলে (নায়িকার) কেশ-রাশি নিতম্ব-স্থলে পড়িল; (জল-কণা-স্রাবী কেশপাশ দেখিয়া বোধ হইল যেন) অন্ধকার অর্থাৎ নায়িকার কেশ-পাশ আসিয়া কনক-চন্দ্রের অর্থাৎ নায়িকার মুখের শরণ লইল।

১৬—১৯। "কিবা সে" ইত্যাদি। (নায়িকার হস্তে) দুইটি গুল্‌-বিশিষ্ট শাঁখার দীপ্তি কি অপূর্ব্ব! (বোধ হইল যেন) মাজিবা মাত্র শুধু অমৃতের দ্বারা গঠিত সরু সরু কতকগুলি চন্দ্র-কলা (শোভা বৃদ্ধির জন্য নায়িকার করে আসিয়া) উদিত হইয়াছে। এখানে উৎপ্রেক্ষা-অলঙ্কার দ্বারা নায়িকার করের অতুলনীয় শোভা ব্যঞ্জিত হইতেছে। তুলনা করুন;—

"অয়ং স তে শ্যামলতা-মনোহরং
বিশেষশোভার্থমিবোজ্ঝিতাম্বরঃ।
মৃণাল-রূপেণ নবো নিশাকরঃ
করং সমেত্যোভয়-কোটিমাশ্রিতঃ॥"

—অভিজ্ঞান-শকুন্তল; ৩য় অঙ্ক।

২০—২১। "চলে নীল শাড়ী" ইত্যাদি। (নায়িকা) আমার প্রাণের সহিত তাঁহার জলার্দ্র নীল বসনখানাকে নিঙ্‌রাইতে নিঙ্‌রাইতে চলিলেন। বস্তুতঃ প্রাণ বস্ত্রাদির ন্যায় নিঙ্‌রাণের যোগ্য নহে; উভয়ের মধ্যে ভেদ থাকিলেও এ স্থলে সেই ভেদ অগ্রাহ্য করায় এবং 'সহিত' শব্দটির প্রয়োগ দ্বারা এক কথায় দুইটি বিষয় ব্যক্ত হওয়ায়, ইহা অতি-

শয়োক্তি-মূলক 'সহোক্তি' অলঙ্কার হইয়াছে। এই বাক্যের প্রকৃত তাৎপর্য্য এই যে, নায়িকাকে ঐরূপ অঙ্গ-লগ্ন জলার্দ্র বসন নিঙ্‌ড়াইতে নিঙ্‌ড়াইতে যাইতে দেখিয়া, নায়কের চিত্ত নায়িকার নিষ্পেষিত বসনের ন্যায় সম্পূর্ণরূপে তাঁহার করতল-গত ও অতৃপ্ত বাসনার পীড়নে নিষ্পেষিত হইতে লাগিল। সুতরাং এ স্থলে পূর্ব্বোক্ত 'সহোক্তি' অলঙ্কার দ্বারা নায়ক-চিত্তের সম্পূর্ণ পারবশ্য ও উদ্বেগ ব্যঞ্জিত হইতেছে।

তিরোতা।[১]

নাহি উঠল তিরে[২] সো ধনি[৩] রাই।
মঝু মুখ সুন্দরি অবনত চাই॥
একলি চললি ধনি হই আগুয়ান।
উমড়ি[৪] কহই সখি করহ পয়ান॥
এ সখি পেখলুঁ অপরূপ গোরি।
বল করি চীত[৫] চোরায়লি মোরি॥ ধ্রু॥
কিয়ে ধনি রাগি[৬] বিরাগিণি হোয়।
আশ নৈরাশে দগধে তনু মোয়॥
কৈছে মিলব মোহে সো ধনি[৭] অবলা।
চীত নয়ন মঝু[৮] দুহুঁ তাহে রহলা॥
বিদ্যাপতি কহে শুনহ মুরারি।
ধৈরজ করহ[৯] মিলব বর নারি[১০]॥২১॥২১১॥

ইত্যাদি দর্শনম্।

পাঠান্তর

১। এটি প-র পুথির ৬।৪০ সংখ্যক পদ। 'তিরোতা' স্থলে 'তিরোথা ধানশী' প-র।
২। 'তিরে' স্থলে 'তীরে' ক, গ।
৩। 'সো ধনি' স্থলে 'রসবতি' প-র।
৪। 'উমড়ি' স্থলে 'উমতি' ক, গ।
৫। 'চীত' স্থলে 'চিত' ক, গ, প-র।
৬। 'ধনি রাগি' স্থলে 'অনুরাগি' প-র।
৭। 'ধনি' স্থলে 'নব' প-র।
৮। 'মঝু' স্থলে 'মোর' প-র।
৯। 'করহ' স্থলে 'কর তহুঁ' প-র।
১০। 'বর-নারি' স্থলে 'সো নারী' প-র।

টীকা

৩—৪। "একলি চললি" ইত্যাদি। সুন্দরী (সকল সখীগণ অপেক্ষা) অগ্রসর হইয়া একাকী চলিল; (তখন) আনন্দে ডগমগ হইয়া (ফিরিয়া সখীদিগের পানে চাহিয়া) বলিল,—'সখি (শীঘ্র) চলিয়া আইস'। অর্থাৎ সখীদিগকে ডাকার ছলে পুনরায় শ্রীরাধা শ্রীকৃষ্ণকে আর একবার দেখিয়া লইল। তুলনা করুন;—

'সখি হে, অপরূপ চাতুরি গোরি।
সব জন তেজিয়া আগুসরি ফুকরই
আড়-বদনে তহিঁ ফেরি॥'
—বিদ্যাপতি; প-ক-ত ৭২১ সংখ্যক পদ।

শ্রীকৃষ্ণের অত্যুৎকণ্ঠা।

বরাড়ী।[১]

আর কবে হবে মোর শুভখন[২] দীন[৩]।
নয়ানে নেহারিতে[৪] না বাসব ভীন[৫]॥
এ সখি এ সখি[৬] নিবেদন[৭] তোয়।
সো[৮] কি সুধামুখি মীলব[৯] মোয়॥ধ্রু॥
আধ মুচকি হাসি[১০] হেরব নয়নে।
সুমধুর বোল কি[১১] শুনব[১২] শ্রবণে॥
কুচযুগ করে পরশিতে[১৩] যব যাব।
করে কর বারি বয়ন[১৪] পালটাব॥
চরণ পরশি মুখ করব সরস।
রসাবেশে মঝু হিয়ে করব অলস[১৫]॥
রাই রঙ্গিণি মঝু মীলব[১৬] কোর।
সফল জিবন[১৭] তব হোয়ব[১৮] মোর॥
ঐছন কাতর নাগর ভাষ।
শুনি কবিরঞ্জন চলু ধনি পাশ॥২২॥২১২॥

পাঠান্তর

১। এটি প-র পুথির ৬।৫৩ সংখ্যক পদ।

২। 'শুভখন' স্থলে 'শুভ' খ, গ, চ; 'সুলখন' প-র।

৩। 'দীন' স্থলে 'দিন' ক, গ, প-র।

৪। 'নেহারিতে' স্থলে 'হেরিতে' গ, চ।

৫। 'ভীন' স্থলে 'ভিন' ক, গ, প-র।

৬। প-র পুথিতে 'এ সখি' একবার আছে।

৭। 'নিবেদন' স্থলে 'নিবেদিলুঁ' প-র।

৮। 'সো' স্থলে 'নিশ্চয়' প-র।

৯। 'মীলব' স্থলে 'মিলব' ক, গ, প-র।

১০। 'হাসি' স্থলে 'মুখ' প-র।

১১। 'কি' স্থলে 'কবে' প-র।

১২। 'শূনব' স্থলে 'শুনব' ক, গ, প-র।

১৩। 'কুচযুগ' ইত্যাদি স্থলে 'কুচ পর কর পরশিতে' প-র।

১৪। 'বয়ন' স্থলে 'ধনি মুখ' প-র।

১৫। 'অলস' স্থলে 'আলস' ক—চ।

১৬। 'মঝু মীলব' স্থলে 'কি মিলব হাম' প-র।

১৭। 'জিবন' স্থলে 'জীবন' ক, গ।

১৮। 'তব হোয়ব' স্থলে 'মন তব হব' প-র।

ধানশী।১

শুন শুন সুন্দর নাগর-রাজ।
সো ধনি বৈঠয়ে২ গুরুজন মাঝ॥
মুগধি গোঙারি কবহুঁ নাহি সঙ্গ।
শুনইতে রোখব ঐছন রঙ্গ৩॥
বিপরিত৪ বাণি কহলি তুহুঁ মোয়।
কৈছনে ঐছন সঙ্গতি হোয়॥
ইথে এক অনুভব আছয়ে তায়।
বিহি যদি৫ তাহে কছু করয়ে সহায়॥
মাধবি-কুঞ্জ কুসুম অনুপাম।
তাঁহা তুহুঁ যাই৬অব করহ৬ বিশ্রাম॥
হাম অব যাইয়ে রাইক ঠাম।
গোবিন্দ দাস কহত পরিণাম৭॥

॥২৩॥২১৩॥

পাঠান্তর

১। এটি প-র পুথির ৬।৫৫ সংখ্যক পদ।

২। 'বৈঠয়ে' স্থলে 'সদা রহুঁ' প-র।

৩। 'শুনইতে' ইত্যাদি স্থলে 'শুনইতে রাখব কিয়ে পুন রঙ্গ' প-র।

৪। 'বিপরিত' স্থলে 'বিপরীত' ক, গ।

৫। 'যদি' স্থলে 'জনি' প-র।

৬। 'যাই অব করহ' স্থলে 'যাই করহ' ক; 'যাই তার করহ' চ; 'যাই অব করব' ঘ।

৭। 'পরিণাম' স্থলে 'পরণাম' ক, খ।

বরাড়ী।১

এ সখি বিহি কি পূরায়ব সাধা।
হেরব পুন কিয়ে রূপনিধি রাধা॥
যদি মোহে২ না মিলব সো বর রামা।
তবে জিউ ছার৩ ধরব কোন কামা॥
তুহুঁ ভেলি দোতি পাশ ভেল আশা।
জিউ বান্ধব৪ কিয়ে করব উদাসা॥
শুনইতে বচন দোতি অবিলম্বে।
আওলি চলি যাহাঁ রমণি-কদম্বে॥
কহে হরিবল্লভ শুন ব্রজবালা।
হরি জপয়ে তুয়া গুণ-মণি-মালা॥

॥২৪॥২১৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৬৫ ও প-র পুথির ৬।৫৪ সংখ্যক পদ।

২। 'মোহে' স্থলে 'মোরে' খ; 'পুন' প-র-সা, প-র।

৩। 'জিউ ছার' স্থলে 'মম জিউ' প-র-সা।

৪। 'জিউ বান্ধব' স্থলে 'জিউ বান্ধবি' প-র; 'জীউ বান্ধব' খ, গ; 'জীব বান্ধব' ক। প-র-সা পুথিতে 'তুহুঁ ভেলি' ইত্যাদি পংক্তিদ্বয় নাই।

টীকা

৫—৬। "তুহুঁ ভেলি" ইত্যাদি। "সমপ্রাণঃ সখা মতঃ" অর্থাৎ সমপ্রাণ ব্যক্তিকে সখা বলা যায়; শ্রীকৃষ্ণ দূতীকে প্রথমেই 'সখি' বলিয়া সম্বোধন করিয়া, এই দূতী যে তাঁহার সুখ-দুঃখ-ভাগিনী, ইহাই বুঝাইয়াছেন; তিনি এখন বলিতেছেন,—তুমি দূতী হইয়াছ; আশা (জীবন-বন্ধনের) রজ্জুস্বরূপ হইয়াছে; (অতএব) জীবনকে (শ্রীরাধার সহিত সম্মিলনের আশায়) বান্ধিয়া রাখিব,—না, উহাতে ঔদাসীন্য করিব? তুলনা করুন;—

"আশা-বন্ধঃ কুসুমসদৃশং প্রায়শোহ্যঙ্গনানাং
সদ্যঃ পাতি প্রণয়ি হৃদয়ং বিপ্রয়োগে রুণদ্ধি॥"
—মেঘদূত।

শ্রীকৃষ্ণস্যাপ্তদূতী।

তিরোতা।[১]

শুন লো রাজার ঝি
তোরে—কহিতে আসিয়াছি।
কানু হেন ধন পরাণে বধিলি[২]
এ কাজ করিলা কি॥
বেলি অবসান কালে[৩]
কবে গিয়াছিলা জলে[৪]।
তাহারে দেখিয়া ইষত[৫] হাসিয়া
ধরিলি সখীর গলে॥
দেখাইয়া বয়ান-চান্দে
তারে—ফেলিলি বিষম ফান্দে।
তুহুঁ তুরিতে আওলি লখিতে নারিল
ওই ওই[৬] করি কান্দে॥
হৃদয়[৭] দরশি থোর
তার মন করি[৮] চোর।
বিদ্যাপতি কহ শুন ল সুন্দরি
কানু জিয়ায়বি মোর[৯] ॥২৫॥২১৫॥

পাঠান্তর

১। এটি প-র পুথির ৯।৭ সংখ্যক পদ।

২। 'কানু হেন' ইত্যাদি স্থলে 'কানু হেন ধনে বধিলি পরাণে' প-র।

৩। 'কালে' স্থলে 'বেলে' ক।

৪। 'কবে গিয়াছিলা' ইত্যাদি স্থলে 'তুমি কবে গিয়াছিলা' ইত্যাদি খ; 'যবে গিয়াছিলা' ইত্যাদি গ, চ।

৫। 'ইষত' স্থলে 'মুচকি' ক, গ।

৬। 'ওই ওই' স্থলে 'তুহুঁ তুহুঁ' প-র।

৭। 'হৃদয়' ইত্যাদি স্থলে 'তারে হৃদয়' ইত্যাদি ক, খ, গ, চ; 'তবে হৃদয়' ইত্যাদি ঘ।

৮। 'করি' স্থলে 'করলি' ক—গ; 'কয়লি' ঘ, চ।

৯। 'জিয়ায়বি মোর' স্থলে 'জিয়াবে কি করি' ক, খ; 'জিয়াওবি কোর' ঘ; 'জিয়ায়ব মোর' চ; 'জিয়ায়সি কোর' প-র।

পঠমঞ্জরী।[১]

মাধবি লতা-ডলে[২] বসি।
চিবুকে ঠেকনা দিয়া বাঁশি॥
তোহারি[৩] চরিত অনুমানে।
যোগী যেন বসিলা ধেয়ানে॥
হরি হরি যবে গেলি রাধা।
হাঁছি জিঠি[৪] না পড়িল বাধা॥ ধ্রু॥
জল গেলে কি করিবে বান্ধে।
নিশি গেলে কি করিবে চান্দে॥
জিউ গেলে কি কাজ শরীরে।
রাধা বিনু কি[৫] নন্দকুমারে॥

রাধা রাধা জপে অবিরাম।

না জানি কি হয়ে ঘনশ্যাম ॥২৬॥২১৬॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৯।১৩ সংখ্যক পদ।

২। 'লতা-তলে' স্থলে 'লতার তলে' ক।

৩। 'তোহারি' স্থলে 'রাধার' প-র।

৪। 'জিঠি' স্থলে 'জেঠি' ক—গ।

৫। 'কি' স্থলে 'কিয়ে' খ; 'কি' শব্দ ঘ পুথিতে নাই।

টীকা

৫—৬। "হরি হরি যবে" ইত্যাদি। হরি হরি! হে রাধা! যখন তুমি চলিয়া গেলে, (তখন) হাঁচি (কিংবা) টিক্‌টিকি (এরূপ কোন) বাধা পড়িল না; (শ্রীকৃষ্ণের মনে ইহাই আক্ষেপ রহিয়াছে; কেন না, হাঁচি বা টিক্‌টিকির বাধা পড়িলে, তুমি আর একটুকু তথায় থাকিয়া যাইতে!)

কেদার।১

মঞ্জুল বঞ্জুল২- নিকুঞ্জ মন্দিরে

সোঙরি সো গুণগাম।

মরম অন্তরে জপয়ে মন্তরে৩

একলি তোহারি৪ নাম ॥

রামা হে, তেজহ কপট ছন্দ।

মদন-হিলোলে তো বিনু দোলত

নন্দ-নন্দন চন্দ ॥

হিম হিম-কর সলিল-শীকর

নিন্দই কালিন্দী-তীর।

সরস চন্দন পরশে মুরছই

সজল জলত৫ চীর ॥

কবহুঁ উঠত কবহুঁ বৈঠত

পন্থ হেরত তোর৬।

অমল কমল নয়ন-যুগল

সঘনে গলয়ে লোর ॥

এতহুঁ যতনে পুরুষ-রতনে

চিতে নাহি বিশোয়াস৭।

গহন বিরহ- দহনে দহই

কহই গোবিন্দ দাস ॥২৭॥২১৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৬ ও প-র পুথির ৯।২৩ সংখ্যক পদ।

২। 'মঞ্জুল বঞ্জুল-' স্থলে 'মঞ্জু বঞ্জুল' প-র; 'মঞ্জু রঞ্জন' প-র-সা।

৩। 'জপয়ে মন্তরে' স্থলে 'জপ নিরন্তরে' প-র-সা।

৪। 'তোহারি' স্থলে 'তুয়া নিজ' খ—চ, প-র-সা, প-র।

৫। 'সজল জলত চীর' (গো-দা পদাবলী, সা-প ১৮৪ সংখ্যক পুথি) স্থলে 'সজল জলতহি চীর' ঘ, প-র-সা, প-র; 'সজল জলদহুঁ চীর' ক; 'সজল জলতহু চীর' খ, গ, চ।

৬। 'তোর' স্থলে 'ভোর' প-র-সা।

৭। 'বিশোয়াস' স্থলে 'আশোয়াস' ক, গ, চ, প-র-সা।

টীকা

১—৪। "মঞ্জুল বঞ্জুল" ইত্যাদি। সেই শ্রীকৃষ্ণ মনোহর বেতস-তরুর কুঞ্জ-গৃহে (তোমার) গুণগ্রাম স্মরণ করিয়া হৃদয়ের অন্তস্তলে কেবল তোমার নাম-রূপ মন্ত্র জপিতেছেন। তুলনা করুন;—

"পূর্ব্বং যত্র সমং ত্বয়া রতিপতেরাসাদিতাঃ সিদ্ধয়-
স্তস্মিন্নেব নিকুঞ্জ-মন্মথ-মহাতীর্থে পুনর্ম্মাধবঃ।
ধ্যায়ংস্ত্বামনিশং জপন্নপি তবৈবালাপ-মন্ত্রাক্ষরং
ভূয়স্ত্বৎ-কুচ-কুম্ভ-নির্ভর-পরীরম্ভামৃতং বাঞ্ছতি ॥"

—গীতগোবিন্দ, ৫ম সর্গ।

৮—১১। "হিম হিম-কর" ইত্যাদি। শ্রীকৃষ্ণ (তোমার বিরহ-জনিত সন্তাপ হেতু) শীতল চন্দ্র-(কিরণ), জল-কণা-সমূহ ও কালিন্দী-তীরকে (সন্তাপ-

বর্দ্ধক বলিয়া) নিন্দা করিতেছেন; তিনি আর্দ্র চন্দন লেপের স্পর্শে মূর্চ্ছিত হইতেছেন,—(সন্তাপ নিবারণের জন্য তাঁহার অঙ্গে প্রদত্ত) জলার্দ্র বস্ত্রখণ্ড (অগ্নির ন্যায়) দগ্ধ করিতেছে। তুলনা করুন;—

"নিন্দতি চন্দনমিন্দুকিরণমনু
রিন্দতি খেদমধীরম্।
ব্যাল-নিলয়মিলনেন গরলমিব
কলয়তি মলয়-সমীরম্॥"
—গীতগোবিন্দ, ৪র্থ সর্গ।

শ্রীরাগ।১

চান্দ নেহারি চন্দনে তনু লেপই২
তাপ সহই না পার।
ধবল৩ নিচোল বহই নাহি৪ পারই
কৈছে করব অভিসার॥
সুন্দরি তো বিনু আকুল৫ কান।
বিরহে ক্ষীণ তনু অনুখন জর জর
জিবইতে৬ বিহি ভেল বাম॥
যতনহি মেঘ- মল্লার আলাপই
তিমির-পয়ান৭ গতি আশে।
আওত জলদ ততহিঁ উড়ি৮ যাওত
উতপত দীঘ নিশাসে॥
তুয়া গুণ নাম গাম জপি৯ জীবই
বহু১০ পুলকায়িত দেহা।
গোবিন্দ দাস কহ ইহ অপরূপ নহ
যাহাঁ ইহ নব১১ নব নেহা॥২৮॥২১৮॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ১৩৯ ও প-র পুথির ৯১২৫ সংখ্যক পদ।

২। 'লেপই' স্থলে 'লেপন' ক—চ।

৩। 'ধবল' স্থলে 'ধরলি' চ; 'ধবলি' ঘ।

৪। 'বহই নাহি' স্থলে 'রহই নাহি' প-র-সা; 'রহই না' চ।

৫। 'তো বিনু আকুল কান' স্থলে 'তুয়া লাগি সম্বাদল কান' ক।

৬। 'জিবইতে' স্থলে 'অব ইথে' ক, প-র-সা।

৭। 'পয়ান' স্থলে 'গোপত' প-র-সা।

৮। 'ততহিঁ উড়ি' স্থলে 'তবহিঁ উড়ি' প-র; 'তবহিঁ চলি' প-র-সা।

৯। 'তুয়া গুণ' ইত্যাদি স্থলে 'তুয়া গুণ গান ('গাম' প-র;) নাম জপি জীবই' প-র-সা, প-র।

১০। 'বহু' স্থলে 'রহু' গ; 'রহি' প-র-সা।

১১। 'যাহাঁ ইহ নব' স্থলে 'কিয়ে না করু' প-র-সা; 'যাহাঁ অভিনব' প-র।

টীকা

১—৪। "চান্দ নেহারি" ইত্যাদি। (শ্রীকৃষ্ণ) চন্দ্র নিরীক্ষণ করিয়া (চন্দ্র-দর্শন-জনিত তাপের নিবারণ উদ্দেশ্যে) চন্দনদ্বারা অঙ্গ লেপন করিতেছেন; (কিন্তু চন্দন তাঁহার তাপ-শান্তি-জনক না হইয়া আরও তাপ বৃদ্ধি করায়) তিনি (সেই বিবর্দ্ধিত) তাপ সহ্য করিতে পারিতেছেন না; তিনি শুভ্র উত্তরীয় বসনখানাও বহন করিতে পারিতেছেন না,—কি প্রকারে অভিসারে গমন করিবেন? 'চান্দ নেহারি' ইত্যাদি বাক্যে হিত-জনক কার্য্য দ্বারা অহিত ফল উৎপন্ন হওয়ায় 'বিষম' নামক অলঙ্কার হইয়াছে এবং তদ্দ্বারা শ্রীকৃষ্ণের অসহনীয় বিরহ-সন্তাপ ব্যঞ্জিত হইতেছে।

৮—১১। "যতনহি মেঘ-মল্লার" ইত্যাদি। শ্রীকৃষ্ণ (অলক্ষিত-ভাবে) তিমিরাভিসারে গমনের আশায় যত্নের সহিত (বংশীতে) মেঘ-মল্লার রাগালাপ করেন; (তাঁহার মনের বিশ্বাস এই যে, বিশুদ্ধভাবে মেঘ-মল্লার আলাপ করিলে নিশ্চিত বৃষ্টিপাত হইবে এবং তিনি বাদ্লার আন্ধারে সুবিধায় অভিসার করিতে পারিবেন); মেঘ আসা মাত্রেই (তাঁহার) উষ্ণ ও সুদীর্ঘ নিশ্বাস-পবনে উড়িয়া যাইতেছে;

(বৃষ্টি কি প্রকারে হইবে ?) এখানেও 'চান্দ নেহারি' ইত্যাদি বাক্যের ন্যায় 'বিষম' অলঙ্কার হইয়াছে এবং তদ্দ্বারা শ্রীকৃষ্ণের অভিসার-গমনে অসামর্থ্য ব্যঞ্জিত হইতেছে।

সুহই।[১]

কিয়ে হিমকর-কর কিয়ে নিরঝর-ঝর
কিয়ে কুসুমিত পরিযঙ্ক।
কিয়ে কিশলয় কিয়ে মলয় সমীরণ
জ্বলতহিঁ চন্দন-পঙ্ক ॥
অব অবধারলুঁ রে, কানু তুয়া পরশক রঙ্ক।[২]
নায়রি-কোরে তো বিনু মুরুছই[৩]
অপরূপ মদন-আতঙ্ক[৪] ॥ ধ্রু॥
জনু নব জলধর ধরণি লোটায়ত
আকুল চিকুর বিথার[৫]।
রাধা নামে নয়ন ঘন বরিখয়ে
আরতি কহই না পার[৬] ॥
ধনি ধনি তুহুঁ ধনি রমনি-শিরোমণি
কানু সে তোহারি একন্ত[৭]।
তুয়া পদ-পঙ্কজ ভালে নাহি ছোড়ত
গোবিন্দ দাস মতিমন্ত[৮] ॥২৯॥২১৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪০ ও প-র পুথির ৯।২৬ সংখ্যক পদ।

২। 'অব অবধারলুঁ রে' ইত্যাদি স্থলে (প-স, গো-দা পদাবলী, সা-প ১৮৪ সংখ্যক পুথি) 'অব অবধারলুঁ রে কানু তুয়া পরশক রঙ্গে' প-র-সা; 'সুন্দরি বিজই তুয়া পরসঙ্গ' প-র; 'সুন্দরি কানু জিয়ে তুয়া পরসঙ্গে' ক—চ।

৩। 'তো বিনু মুরুছই' স্থলে 'সোঙরি তোহে মুরুছই' ক, খ, গ, চ; 'তনু মুরছায়ই' প-র-সা।

৪। 'অপরূপ' ইত্যাদি প-স স্থলে 'অপরূপ মানত আতঙ্ক' (গো-দা পদাবলী); 'নয়নহি লোর-তরঙ্গে' ক—চ; 'অপরূপ নয়ন মদন-তরঙ্গে' প-র-সা; 'অপরূপ নয়ান-তরঙ্গ' প-র।

৫। 'বিথার' স্থলে 'বিথারি' ক, প-র-সা।

৬। 'পার' স্থলে 'পারি' ক, প-র-সা।

৭। 'তোহারি একন্ত' স্থলে 'জানু একান্ত' প-র-সা; 'যাক একন্ত' প-র; 'তোঁহারি একান্ত ক—চ।

৮। 'মন্তিমন্ত' স্থলে 'মতি মন্দ' খ, ঘ, প-র।

টীকা

১—৪। "কিয়ে হিমকর-কর" ইত্যাদি। (শ্রীকৃষ্ণের অঙ্গে) চন্দন-লেপন (অগ্নির ন্যায়) জ্বলিতেছে; (সুতরাং) চন্দ্রের কিরণ, নির্ঝরের জল-ধারা কিংবা পর্য্যঙ্কের পুষ্পময় শয্যা (সেখানে) কি করিবে?

৫—৭। "অব অবধারলুঁ" ইত্যাদি। কি আশ্চর্য্য! (শ্রীকৃষ্ণ) বিলাসিনী রমণীর ক্রোড়ে থাকিয়াও, তোমাকে বিনা মদনের ভয়ে মূর্চ্ছা প্রাপ্ত হইতেছেন; (সুতরাং) এখন নিশ্চিত বুঝিতে পারিয়াছি যে, তিনি (অন্য কোন রমণীর নহে), তোমারই স্পর্শের জন্য কাঙ্গাল।

১২—১৫। "ধনি ধনি তুহুঁ" ইত্যাদি। হে শ্রীরাধে! তুমি ধন্যা হইতেও ধন্যা—নিখিল রমণীগণের শিরোমণিস্বরূপ; (যে হেতু মদন-মোহন শ্রীকৃষ্ণ) তোমাতেই অনুরক্ত হইয়াছেন; (অতএব) চতুর গোবিন্দ দাস (তুমি অভিসারে গমন না করা পর্য্যন্ত) তোমার চরণ ছাড়িতেছে না!

অথ গমনম্।

কামোদ।

কানুক শেষ- দশা শুনি মুগধিনি
কাতরে সখি-মুখ চাই।
ঐছন ইঙ্গিত বুঝইতে সহচরি
যতনহিঁ বেশ বনাই ॥

দেখ দেখ, পহিল সমাগম রীত।
চলইতে কত কত সংশয় মন মাহা
ঐছে[১] কুঞ্জে উপনীত ॥ ধ্রু ॥
রাইক আগমন হেরি চতুরি দোতি
তুরিতে সম্বাদল কান।
শুনইতে চমকি উঠল বর-নাগর
যৈছন পাওল পরাণ ॥
দুরে[২] গেও বিরহ সকল দুখ মেটল
কানুক হৃদয় উল্লাস।
মুগধিনি রমণি সমুখ নাহি হোয়ত
কহ রাধাবল্লভ[৩] দাস ॥ ৩০॥২২০ ॥

পাঠান্তর

১। 'ঐছে' স্থলে 'যাই' খ।
২। 'দুরে' স্থলে 'দূরে' ক, গ।
৩। 'রাধাবল্লভ' স্থলে 'রাধামোহন' খ।

এই পদটি পদামৃত-সমুদ্রে নাই; রাধামোহন ঠাকুরের রচিত প্রায় সমস্ত পদই উহাতে সংগৃহীত হইয়াছে; সুতরাং ক, গ—চ পুথিগুলির প্রমাণ অনুসারে ইহা রাধাবল্লভের রচিত বলিয়াই বিবেচনা হয়।

পুনশ্চ।

ভূপালী।[১]

সখির বচনে ধনি থির করি চীত[২]।
করইতে গমন ভেল উপনীত ॥
পদ দুই চারি চললি সখি মেলি।
ধসধস অন্তর ধাধস ভেলি ॥
খেনে খেনে চৌঙকি পাদ[৩] পালটায়।
খেনে কাতর দিঠে সখিমুখ চায় ॥
সখিগণ পুন পুন করে আশোয়াস।
রহি রহি ধনি-হিয়ে উপজে তরাস ॥
ঐছনে কুঞ্জে মিলল হরি পাশ।
দূরে হেরই যদুনন্দন দাস ॥ ৩১॥ ২২১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৪ সংখ্যক পদ। 'ভূপালী' স্থলে 'ধানশী' প-র-সা।
২। 'চীত' স্থলে 'চিত' ক, গ।
৩। 'চৌঙকি পাদ' স্থলে 'চমকিত পদ' প-র-সা।

সম্ভোগ।

সুহই।[১]

শুন শুন সুন্দর কানাই।
তোহে সোঁপলুঁ ধনি রাই ॥
কমলিনি[২] কোমল কলেবর।
তুহুঁ সে ভুখিল মধুকর ॥
সহজে করবি মধুপান[৩]।
ভূলহ জনি পাঁচবাণ[৪] ॥
পরবোধি পয়োধর পরশিহ[৫]।
কুঞ্জরে ভেল[৬] সরোরুহ ॥
গণইতে মোতিম-হারা।
ছলে পরশবি কুচভারা ॥
না বুঝয়ে রতি-রস রঙ্গ।
খেনে অনুমতি খেনে ভঙ্গ ॥
শিরিষ-কুসুম জিনি তনু।
থোরি সহবি[৭] ফুলধনু ॥
বিদ্যাপতি কবি গাওয়ে।
দোতিক মিনতি তুয়া[৮] পায়ে ॥৩২॥২২২॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১১৩ সংখ্যক পদ।
২। 'কমলিনি' স্থলে 'কমলি' খ।
৩। 'মধুপান' স্থলে 'মধুপানে' প-র।

৪। ‘পাঁচবাণ’ স্থলে ‘পাঁচবাণে’ প-র।

৫। ‘পরশিহ’ স্থলে ‘পরসহ’ প-র।

৬। ‘ভেল’ স্থলে ‘জনু’ গ; ‘দিলুঁ’ প-র।

৭। ‘সহবি’ স্থলে ‘বিন্ধবি’ প-র।

৮। ‘তুয়া’ স্থলে ‘এতহুঁ তুয়া’ প-র।

টীকা

৫—৬। “সহজে করবি” ইত্যাদি। (তুমি ক্ষুধার্ত্ত ভ্রমর হইলেও) সহজে মধুপান করিবে; পঞ্চ-বাণ অর্থাৎ কন্দর্পের কুসুম-শর যেন ভুলিও না; অর্থাৎ কন্দর্প যেরূপ নায়ক-নায়িকাদিগের চিত্ত বিদ্ধ করিলেও পুষ্পময় সুকোমল বাণের দ্বারাই সেই কার্য্য সম্পাদন করিয়া থাকে, তুমিও সেই রীতিরই অনুসরণ করিবে। তুলনা করুন;—

“পিব মধুপ বকুল-কলিকাং
দূরে রসনাগ্রমাত্রমাধায়।
অধর-বিলেপ-সমাপ্যে
মধুনি মুধা বদনমর্পয়সি॥”

—আর্য্যা-সপ্তশতী।

“সহজ-রসেন জড়ীকৃত-
মিতি যূনাং কাম-শাস্ত্র-নির্ণীতৌ।
নানা-করণ-গ্রামে
লালিত্যমিয়ায় পাণ্ডিত্যম্॥”

—কুট্টনী-মতম্।

কেদার।[১]

অবনত-বয়নি[২] না কহে কিছু বাণি।
পরশিতে বিহসি ঠেলই পহুঁ[৩]-পাণি॥
সুচতুর নাহ করয়ে[৪] অনুরোধ।
অভিনব নায়রি না মানয়ে বোধ[৫]॥
পিরিতি-বচন পুন কহল বিশেষ।
রাইক হৃদয়ে দেখয়ে লবলেশ[৬]॥
প্রহিরণ বসন ধয়ল যব হাতে।
তব ধনি দীব দেই[৭] নিজ মাথে॥
রস-পরসঙ্গে[৮] কয়ল কত রঙ্গ।
নিজ পরথাব নামে দেই ভঙ্গ॥
নাহক আদর অধিক বাঢ়ায়।
জ্ঞান দাস কহ এহ না যুয়ায়॥৩৩॥২২৩॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১১।৮ সংখ্যক পদ। ‘কেদার’ স্থলে ‘বড়ারি’ প-র।

২। ‘বয়নি’ স্থলে ‘বয়নে’ প-র।

৩। ‘পহুঁ’ স্থলে ‘তুই’ খ।

৪। ‘করয়ে’ স্থলে ‘কতয়ে’ প-র।

৫। অতঃপর প-র পুথিতে নিম্নলিখিত অসম্পূর্ণ পংক্তি-দ্বয় দৃষ্ট হয়; যথা,—

“(   ) নাহ না রহ ধনি পাশ।
ইহা মনমথ পড়ল হুতাশ॥”

৬। ‘লবলেশ’ স্থলে ‘নব বেশ’ চ।

৭। ‘দেই’ স্থলে ‘দেওল’ প-র।

৮। ‘পরসঙ্গে’ স্থলে ‘পরসঙ্গ’ ক—চ।

টীকা

৫—৬। “পিরিতি-বচন” ইত্যাদি। শ্রীকৃষ্ণ (শ্রীরাধার বিশ্বাস উৎপাদনের জন্য) পুনর্ব্বার বিশেষভাবে প্রণয়-বাক্য বলিলেন; (তখন) দেখিতে পাইলেন যে, শ্রীরাধার হৃদয়ে (সম্ভোগবাসনা) অতি সামান্য পরিমাণে জন্মিয়াছে।

৯—১০। “রস-পরসঙ্গে” ইত্যাদি। শ্রীরাধা বিলাস প্রসঙ্গ উপস্থিত হইলে, নানারূপ হাব-ভাব প্রকাশ করিলেন; (কিন্তু) নিজের সম্বন্ধে কোন কথা উপস্থিত হইবা মাত্রই, সেই কথায় পৃষ্ঠ-ভঙ্গ দিলেন অর্থাৎ সেই কথায় বাধা জন্মাইতে লাগিলেন। অশিক্ষিত-পটু নবোঢ়াগণ কিরূপে নিজের লজ্জা বাঁচাইয়া, প্রিয়তমের নিকট নিজের বৈদগ্ধ্য প্রকাশ করিয়া থাকেন, ইহা তাহার একটি সুন্দর চিত্র।

১১—১২। “নাহক আদর” ইত্যাদি। শ্রীরাধা (পূর্ব্বোক্ত আচরণ দ্বারা) প্রিয়তমের আদর বাড়াইতে লাগিলেন; পদ-কর্ত্তা জ্ঞানদাস বলিতেছেন,—ইহা

উপযুক্ত হয় না; অর্থাৎ প্রিয়তমের সহিত এই সময়ে এইরূপ চতুরতা করা সাজে না।

বিহাগড়া।১

মনমথ কেলি- লুবধ অতি মাধব
ধরলহি রাইক পাণি।
করে কর বারি হৃদয় অতি[২] কম্পিত
কহইতে গদ গদ বাণি॥
দেখ রাধামাধব-বিলাসে।
অতি রসে ভোরি গোরি তনু বেঢ়ল
জলদ বিজুরি জনু বাসে॥ ধ্রু॥
কুচ কর পরশনে[৩] চমকি উঠয়ে[৪] ধনি
লোচনে জল ভরিপূর।
দশনক ঘাতে অধর বিখণ্ডন
নিবি-বন্ধন করু দূর॥
কোরহিঁ জোরি উবরি পুন[৫] সুন্দরি
চললি তেজি বর নাহ[৬]।
সহচরি ধাই বাহু ধরি আনল
দুল্লর্ভ রস-নিরবাহ॥৩৪॥২২৪॥
"ধরি সখি আঁচর ভই উপচক্ষ"
ইত্যাদি পদং গেয়ম্।
ইতি পূর্ব্বরাগ-সংক্ষিপ্ত-সম্ভোগঃ।
অষ্টমপল্লবঃ॥

ইতি পূর্ব্বরাগ সমাপ্তঃ।

পাঠান্তর

১। এটি প-র পুথির ১১।১৫ সংখ্যক পদ। 'বিহাগড়া' স্থলে 'ধানশ্রী' প-র।

২। 'হৃদয় অতি' স্থলে 'হৃদয়ে ধনি' প-র।

৩। 'পরশনে' স্থলে 'পরশে' ক, চ।

৪। 'চমকি উঠয়ে' স্থলে 'উহুঁ উহুঁ করে' প-র।

৫। 'পুন' স্থলে 'রহু' ক।

৬। 'তেজি বর নাহ' স্থলে 'তেজি পুন নাহ' ক—চ।

টীকা

১২—১৫। "কোরহিঁ জোরি" ইত্যাদি। সুন্দরী শ্রীরাধা (শ্রীকৃষ্ণের) ক্রোড়ে অর্থাৎ ক্রোড় হইতে বলপূর্ব্বক উঠিয়া প্রিয়তমকে ত্যাগ করিয়া (অন্যত্র) চলিলেন; (কিন্তু) শ্রীরাধার সহচরী যাইয়া, তাঁহাকে বাহুতে ধরিয়া (ফিরাইয়া) আনিলেন; (অতএব পদ-কর্ত্তা 'অর্থান্তর-ন্যাস' অলঙ্কার দ্বারা বলিতেছেন),—নবোঢ়া নায়িকার সম্ভোগ-নির্ব্বাহ অতি দুঃসাধ্য। তুলনা করুন;—

"হস্তে ধৃতাপি শয়নে বিনিবেশিতাপি
ক্রোড়ে কৃতাপি যততে বহিরেব গন্তুম্।
জানীমহে নববধূরথ তস্য বশ্যা
যঃ পারদং স্থিরয়িতুং ক্ষমতে করেণ॥"

—রস-মঞ্জরী।

অথ রসোদ্গার।

শ্রীগৌরচন্দ্র।

বিভাষ।১

পুলক-বলিত অতি ললিত হেমতনু
অনুখন নটন-বিভোর।
কত অনুভাব অবধি নাহি পাইয়ে
প্রেম-সিন্ধু[২] নয়নহি লোর॥
জয় জয়[৩] ভুবন-মঙ্গল অবতার।
কলিযুগ-বারণ- মদ-বিনিবারণ[৪]
হরিধ্বনি জগতে বিথার॥ধ্রু॥

নিজ রসে ভাসি হাসি খেনে রোয়ই
আকুল গদ গদ বোল।
প্রেমভরে গর গর[৫] না চিনে[৬] আপন পর
পতিত জনেরে দেই[৭] কোর॥
ইহ রস-সায়রে মগন সুরাসুর
দিন রজনী নাহি জান।
গোবিন্দ দাস বিন্দু লাগি রোয়ই[৮]
শ্রীবল্লভ পরমাণ ॥১॥২২৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৩১ সংখ্যক পদ।

২। 'প্রেম-সিন্ধু' স্থলে 'প্রেম-সিন্ধু বহ' ক।

৩। 'জয় জয়' স্থলে 'দেখ দেখ' গ; 'গৌর পহু' প-র-সা।

৪। 'মদ-বিনিবারণ' স্থলে 'মদন নিবারণ' প-র-সা।

৫। 'গর গর' স্থলে 'ঢর ঢর' প-র-সা।

৬। 'চিনে' স্থলে 'জানে' প-র-সা।

৭। 'পতিত' ইত্যাদি স্থলে 'ভকত জনারে করু কোর' প-র-সা।

৮। 'রোয়ই' স্থলে 'রোয়ত' ঘ; 'কান্দই' প-র-সা।

টীকা

৫—৭। "জয় জয়" ইত্যাদি। ভুবনের মঙ্গল-কারী (শ্রীগৌরাঙ্গ) অবতারের বলিহারি যাই! (যিনি) কলি-যুগরূপ মদ-মত্ত গজের মদ-নিবারণ-কারী (এবং যিনি) জগত ভরিয়া 'হরি হরি' শব্দ বিস্তার করিয়াছেন। এই বাক্যে শ্রীগৌরাঙ্গের অসাধারণ মাহাত্ম্য বর্ণিত হওয়ায় 'উদাত্ত' নামক অলঙ্কার হইয়াছে।

সখ্যুক্তি।

পঠমঞ্জরী।[১]

আজি কেনে তোমা এমন দেখি।
সঘনে ঢুলিছে অরুণ আঁখি[২]॥
অঙ্গ মোড়া দিয়া কহিছ কথা।
না জানি অন্তরে কি ভেল[৩] বেথা॥
সঘনে গগনে গণিছ তারা।
দেব-অবঘাত হৈয়াছে পারা॥
যদি বা না কহ লোকের লাজে[৫]।
মরমি জনার[৬] মরমে বাজে॥
আঁচরে কাঞ্চন ঝলকে দেখি[৭]।
প্রেম কলেবর দিয়াছে সাখী॥
বিদ্যাপতি কহে এ কথা দঢ়।
গোপত পিরিতি বিষম বড় ॥২॥২২৬॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৩।১৩ সংখ্যক পদ। 'পঠমঞ্জরী' স্থলে 'ধানশ্রী' প-র।

২। 'সঘনে' ইত্যাদি স্থলে 'সঘন আলসে ঝাপ্যাছে আঁখি' প-র।

৩। 'ভেল' স্থলে 'আছে' প-র।

৪। 'সঘনে গগনে' ইত্যাদি পংক্তি-দ্বয়ের পরিবর্তে—

'কিবা বা মনেতে লাগিয়াছে।
দিঠি দিয়া কেবা দেখিয়াছে॥
বসন ভূষণ না রহে গায়।
রসের অঙ্কুর উপজে তায়॥'—প-র।

৫। 'যদি বা' ইত্যাদি স্থলে 'যদি বা বলহ নিজের কাজে' প-র।

৬। 'জনার' স্থলে 'লোকের' প-র।

৭। 'আঁচরে কাঞ্চন' ইত্যাদি পংক্তি-চতুষ্টয়ের পরিবর্তে—

'কালা কানুর পথে যে জনা যায়।
বাতাসে মানুষ চমক পায়॥

তার ভাবে যদি এমন জান।
জ্ঞানদাস বলে কেন না মান॥'—প-র।

এই পদের ন্যায় খাঁটি বাঙ্গালা পদ বিদ্যাপতির রচিত বলিয়া সিদ্ধান্ত করার উপযুক্ত কারণ না থাকায়, ইহা পদরত্নাকর পুথির প্রমাণানুসারে জ্ঞান-দাসের রচিত বলিয়াই স্বীকার করা সঙ্গত।

টীকা

৫—৬। "সঘনে গগনে" ইত্যাদি। অভিসারের উপযুক্ত রজনী সমাগত হইল কি না, দেখিবার জন্য শ্রীরাধা বারম্বার আকাশের তারা গণিতেছিলেন; চতুরা সখী তাহা বুঝিতে পারিয়াও কৌশলে তাঁহাকে সতর্ক করার জন্য বলিতেছেন,—কি জন্য আকাশে তারা গণিতেছ? তোমার উপর কোন দেবতার আক্রমণ হইয়াছে নাকি?

৯—১০। "আঁচরে কাঞ্চন" ইত্যাদি। কাহারও অঞ্চলে সোনা বাঁধা থাকিলে (তাহার মুখের) দীপ্তি অর্থাৎ প্রফুল্ল ভাব দ্বারাই উহা টের পাওয়া যায়; (সেইরূপ) তোমার অঙ্গের ভাবই (তোমার অন্তরের) প্রেমভাবের প্রমাণ দিতেছে! তুলনা করুন;—

"এ তুয়া হাস মরম পরকাশই
প্রতি-অঙ্গ ভঙ্গিম সাখী।
গাঁঠিক হেম বদন মাহা ঝলকই
এত দিনে পেখলুঁ আঁখি॥"
—গোবিন্দদাস; প-ক-ত; ২২৭ সংখ্যক পদ।

১১—১২। "বিদ্যাপতি" ইত্যাদি। পদকর্ত্তা বিদ্যাপতি (?) বলিতেছেন,—ইহা অতি নিশ্চিত কথা যে, গুপ্ত প্রেম বড়ই বিষম। তুলনা করুন;—

"কুলবতী হৈয়া কুলে দাঁড়াইয়া
যে ধনি পিরিতি করে।
তুষের অনল যেন সাজাইয়া
এমতি পুড়িয়া মরে॥
—চণ্ডীদাস।

বিভাষ।১

চৌদিকে চকিত- নয়নে ঘন হেরসি
ঝাঁপসি ঝাঁপল অঙ্গ।
বচনক ভাঁতি বুঝইই[২] নাহি পারিয়ে
কাহাঁ শিখলি ইহ রঙ্গ॥
সুন্দরি, কী ফল[৩] পরিজনে বাঁচি।
শ্যাম সুনাগর গুপত প্রেম-ধন
জানলুঁ হিয়া মাহা[৪] সাঁচি॥ধ্রু॥
এ তুয়া হাস মরম পরকাশই
প্রতি-অঙ্গ-ভঙ্গিম সাখী।
গাঁঠিক হেম বদন মাহা ঝলকই
এত দিনে পেখলুঁ আঁখি॥
গহন মনোরথে পন্থ না হেরসি
জীতলি[৫] মনমথ রাজ।
গোবিন্দদাস কহই ধনি[৬] বিরমহ
মৌনহিঁ সমুঝলুঁ[৭] কাজ॥৩॥২২৭॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৩১২ সংখ্যক পদ।
২। 'বুঝই' স্থলে 'বুঝিয়ে' প-র।
৩। 'ফল' স্থলে 'কেল' ক।
৪। 'হিয়া মাহা' স্থলে 'তুয়া পায়ে' প-র।
৫। 'জীতলি' স্থলে 'জিতলি' ক, গ; 'জিতল কি' প-র।
৬। 'ধনি' স্থলে 'সখি' প-র।
৭। 'সমুঝলুঁ' স্থলে 'বুঝলু' ক, গ।

টীকা

৫—৭। "সুন্দরি কী ফল" ইত্যাদি। হে সুন্দরি! বয়স্যাদিগকে বঞ্চনা করিয়া কি ফল? (আমরা) জানিতে পারিয়াছি যে, নায়ক-শিরোমণি শ্রীকৃষ্ণের প্রেমরূপ ধনকে তুমি হৃদয়ের মাঝে গুপ্ত-ভাবে সঞ্চিত করিয়াছ।

১০—১১। "গাঁঠিক হেম" ইত্যাদি।(অঞ্চলের)

গ্রন্থির স্বর্ণ (স্বর্ণ-ধারীর) মুখের মাঝে দীপ্তি পায়—ইহা এত দিন পরে চক্ষে দেখিলাম। তুলনা করুন ;—

'আঁচরে কাঞ্চন ঝলকে দেখি।"

—প-ক-ত ; ২২৬ সংখ্যক পদ।

১২—১৫। "গহন মনোরথে" ইত্যাদি। (তুমি) বাসনার প্রাবল্যে (সম্পূর্ণ অন্যমনস্কতা হেতু) পথ দেখিতে পাইতেছ না; (তোমার বাসনার প্রাবল্য দেখিয়া বোধ হয় যে), তুমি (প্রেম-রাজ্যের) নৃপতি কন্দর্পকে জয় করিয়াছ; অর্থাৎ এখন তুমি কন্দর্পকে আর ভয় কর না; (শ্রীরাধা সখীর কথার উত্তর না দিলে, দোষের কারণ হয় বলিয়া, অগত্যা কিছু বলিতে উদ্যত হওয়ায়) পদ-কর্ত্তা গোবিন্দদাস বলিতেছেন,—ওগো ধন্যে শ্রীরাধে! (তোমাকে আর মিছামিছি নানা কথা বলিয়া কষ্ট পাইতে হইবে না), তুমি ক্ষান্ত হও; তোমার মৌন-ভাব দ্বারাই (তোমার) কার্য্য বুঝিতে পারিয়াছি।

ধানশী।১

নিতি নিতি দেখিয়ে না কহি লাজে২।
অনুভবে জানলুঁ অদভুত কাজে ॥
তুহুঁ বর-নারি চতুর বর-কান।
মরকতে মিলল কনক দশবান ॥
এ ধনি এ ধনি বহু পরিহার৩।
নিজজন জানি না কহ বেভার ॥ধ্রু॥
খেনে খেনে আলসে মুদসি আধ৪ আঁখি।
নিজ তনু-ছাহে চাহি কর৫ সাখী ॥
জলধর হেরি ভেলি চমকিত।
শ্যামর-ছান্দে৬ চোরায়ল চিত ॥
খেনে পুলকিত তনু রহসি সাঁভারি।
মৃগমদ উরজে যতনে চিরে বারি ॥
ফূয়ল কবরী উরহি লোটায়৭।
জ্ঞানদাস কহে কাহে৮ লুকায়৯ ॥৪॥২২৮॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৩।১৬ সংখ্যক পদ।
২। 'লাজে' স্থলে 'লোকলাজে' খ।
৩। 'পরিহার' স্থলে 'পরিবার' প-র।
৪। 'আধ' স্থলে 'দুটি' ক, খ।
৫। 'কর' স্থলে 'করি' ক।
৬। 'ছান্দে' স্থলে 'চান্দে' ক—চ।
৭। 'লোটায়' স্থলে 'উলটাই' প-র।
৮। 'কাহে' স্থলে 'কাহে না' ক।
৯। 'লুকায়' স্থলে 'লুকাই' প-র।

টীকা

৫—৬। "এ ধনি এ ধনি" ইত্যাদি। হে ধন্যে শ্রীরাধে! (তোমার নিকট আমরা) বহু মিনতি করিতেছি, (আমাদিগকে) আপনার লোক জানিয়া কেন শ্রীকৃষ্ণের সহিত সম্ভোগ ব্যবহারের কথা বলিতেছ না?

৭—৮। "খেনে খেনে" ইত্যাদি। তুমি কিছুক্ষণ পরে পরেই আলস্য হেতু তোমার নেত্র অর্দ্ধ-নিমীলিত করিতেছ; (যদি ইহা অস্বীকার করিতে চাও, তাহা হইলে) তোমার নিজের দেহের প্রতিবিম্বকে (দর্পণাদিতে) দেখিয়া (উহাকে) সাক্ষী কর অর্থাৎ আমাদিগের কথা সত্য কি না, তাহা তোমার প্রতিবিম্বই সাক্ষ্য দিবে।

১১—১২। "খেনে পুলকিত" ইত্যাদি। কখনও (তোমার) রোমাঞ্চিত দেহখানি (বস্ত্রাদির দ্বারা) সঙ্গোপিত করিয়া রহিতেছ; (তোমার) স্তনের মৃগমদ-লেপ বস্ত্র দ্বারা যত্নে বারণ অর্থাৎ আচ্ছাদন করিতেছ। (প্রাচীন কালে চতুরা নায়িকাগণ সম্ভোগ-চিহ্নের গোপন উদ্দেশ্যে অঙ্গে মৃগমদ-লেপ ধারণ করিতেন)। তুলনা করুন ;—

"পীন পয়োধরে থির কর আপি।
মৃগমদে রঞ্জহ নখ-পদ ছাপি ॥"

—প-ক-ত ; ৪র্থ শাখা, ৩০শ পল্লব, ২৬৩ সংখ্যক পদ।

১৩—১৪। "ফুয়ল কবরী" ইত্যাদি। (শ্রীরাধার) উন্মুক্ত কেশ-পাশ বক্ষে লোটাইতেছে; পদ-কর্ত্তা জ্ঞানদাস কহিতেছেন,—(উহা) কি প্রকারে লুকাইবে? এই কথাটির দুইটি অর্থ বোধ হয়, পদ-কর্ত্তার অভিপ্রেত; প্রথম ও সহজ অর্থ এই যে,—সখীগণ শ্রীরাধার বিস্রস্ত কেশ-পাশ বন্ধন করিয়া না দিলে উহার বিস্রস্ত-ভাব কিরূপে ঘুচিবে? দ্বিতীয় ও গূঢ় অর্থ এই যে, শ্রীকৃষ্ণের প্রতি অনুরক্তা শ্রীরাধা কৃষ্ণ-বর্ণ বেণীটিকে বক্ষে চাপিয়া ধরিয়া ও তাহার শ্যামল কান্তি দেখিয়া হৃদয়ের উৎকণ্ঠা কিয়ৎ-পরিমাণে নিবারিত করেন; তাঁহার এই কৃষ্ণানুরাগ কি লুকাইবার উপায় আছে? তুলনা করুন;—

"আউলাইয়া বেণী ফুলয়ে গাথনী
দেখয়ে খসাঞা চুলি।
হসিত-বদনে চাহে মেঘ পানে
কি কহে দু হাত তুলি॥"
—চণ্ডীদাস; প-ক-ত; ৩০ সংখ্যক পদ।

বরাড়ী।১

হাসি হাসি বয়ন লুকায়সি রাই।
শ্যাম সুনাগর রস অবগাই॥
অন্তরে অন্তরে পিরিতি নিবন্ধ২।
লাজ-কপাট কয়ল মুখ বন্ধ॥
তিলে তিলে প্রতিঅঙ্গে পরতেক হোই।
দুখ বিনু তুহুঁ দিঠি লহু লহু রোই॥
নিতি নিতি সমুচিত সমুঝিয়ে অঙ্গ।
আজু আন৩ রীত দেখিয়ে আন রঙ্গ॥
কহইতে না কহসি মোড়সি অঙ্গ।
বহু পরসাদ তোহে কয়ল অনঙ্গ॥
মন পরিতোষ দোষ নাহি দেহ।
জ্ঞানদাস কহ নব নব নেহ৪॥৫॥২২৯॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৩।১৭ সংখ্যক পদ।
২। 'নিবন্ধ' স্থলে 'নিরবন্ধ' ক, গ।
৩। 'আন' স্থলে 'আর' ক, খ।
৪। 'নেহ' স্থলে 'লেহ' ক, গ, চ, প-র।

টীকা

১১—১২। "মন পরিতোষ" ইত্যাদি। তোমার চিত্ত প্রফুল্ল দেখিতেছি; আমরা তোমার মনের ভাব বুঝি না, কিংবা তোমার ক্লেশের লাঘব করিতে পারিতেছি না বলিয়া তুমি আমাদিগকে আর দোষ দিও না; (অর্থাৎ আমাদিগের অজ্ঞাতেই তোমার বাসনা পূর্ণ হইয়াছে; এখন আমাদিগের সাহায্য অনাবশ্যক)। পদ-কর্ত্তা জ্ঞানদাস বলিতেছেন,—প্রেম নিত্য নূতন ভাবাপন্ন; (সুতরাং শ্রীরাধার এইরূপ "অবহিত্থা" অর্থাৎ আকার-সঙ্গোপন কিছুই বিচিত্র নহে)। তুলনা করুন;—

"ত্বৎসংকথাসু মুখরঃ
সনিন্দ-সানন্দ-সাবহিত্থ ইব।
স খলু সখীনাং নিভৃতং
ত্বয়া কৃতার্থীকৃতঃ সুভগঃ॥"
—আর্য্যা-সপ্তশতী।

তথা।১

লহু লহু মুচকি হাসি চলি আওলি
পুন পুন হেরসি ফেরি।
জনু রতিপতি সঞে মিলন২ রঙ্গভূমে
ঐছন কয়ল পুছেরি॥
ধনি হে, বুঝলুঁ এ সব বাত।
এত দিনে তুহুঁক মনোরথ পূরল
ভেটলি কানুক সাথ॥ধ্রু॥
যব তোহে সখিগণ নিরজনে পূছল
তব তুহুঁ ছাপলি৩ কায়।
অব বিহি সো সব বেকত কয়ল সখি৪
কৈছনে গোপবি তায়

চোরিক[5] বচন　　　　কহত সব গুরুজন
　　সো সব পায়লুঁ সাখী।
দশ দিন দুরজন　　　　এক দিন সুজনক[6]
　　আজু দেখলুঁ পরতেকি ॥
হাম সব নিজ জন　　　　কহসি রাতি দিন
　　সো সব বুঝলুঁ আজু কাজে[7]।
জ্ঞানদাস কহ　　　　সখি তুহুঁ বিরমহ
　　রাই পায়ল বহু লাজে ॥৬॥২৩০॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৩.১৮ সংখ্যক পদ। এই পদটি গ পুথিতে নাই। 'তথা' স্থলে 'করুণা' প-র; 'ধানশী' ঘ, চ।

২। 'মিলন' স্থলে 'মিলল' ক।

৩। 'ছাপলি' স্থলে 'ঝাঁপলি' খ; 'চাপলি' প-র।

৪। 'সখি' স্থলে 'রে' প-র।

৫। 'চোরিক' স্থলে 'চৌরিক' ক, চ।

৬। 'সুজনক' স্থলে 'সুজন' প-র।

৭। 'আজু কাজে' স্থলে 'আজে' ক, খ, ঘ,চ।

টীকা

১—৪। "লহু লহু" ইত্যাদি। তুমি মৃদু মৃদু ঈষৎ হাস্য করিয়া, (বাড়ীর নিকটস্থ পথ হইতে) চলিয়া আসিলে, (কিন্তু) সেই (পথের) দিকেই ফিরিয়া ফিরিয়া বারংবার তাকাইতেছ; (বোধ হয়) যেন, রঙ্গ-ভূমিতে অর্থাৎ প্রেমাভিনয়ের নাট্য-শালা-রূপ কোন নির্জ্জন স্থানে রতি-পতির (এক অর্থে—কন্দর্পের, অন্য অর্থে—সম্ভোগ-বিষয়ে প্রিয়তমের) সঙ্গে তোমার সম্মিলন ঘটিয়াছে; (সখীগণ উহা ভাবে বুঝিয়া) তোমাকে ঐরূপ প্রশ্ন করিল।

৮—৯। "যব তোহে" ইত্যাদি। সখীগণ যখন তোমাকে নির্জ্জন স্থানে (ঐ বিষয়) জিজ্ঞাসা করিল, তখন তুমি কি জন্য গোপন করিলে? অথবা (পাছে সখীগণ কোনও সম্ভোগ-চিহ্ন দেখিতে পায়, এই আশঙ্কায়) তুমি দেহ আচ্ছাদিত করিলে।

১২—১৫। "চোরিক বচন" ইত্যাদি। (তোমার শাশুড়ী ননদী প্রভৃতি) গুরুজনেরা তোমার চুরির অর্থাৎ চুরি করিয়া প্রেম করার কথা বলিয়া থাকে—(আজ) সেই সকল কথার সাক্ষ্য অর্থাৎ প্রমাণ পাইলাম; দুর্জ্জনের অর্থাৎ চোরের দশ দিন (সুযোগ), আর সুজন অর্থাৎ নিরীহ গৃহস্থের এক দিন (সুযোগ)—এই (প্রবাদ-বাক্যের) আজ প্রত্যক্ষ (প্রমাণ) দেখিলাম। অর্থাৎ তুমি অনেক দিন গোপনে অভিসার করিতে করিতে দৈবাৎ আজ ধরা পড়িয়া গিয়াছ!

কামোদ।[1]

রূপ কলা গুণ　　　　সব সম্পূরণ[2]
　　ঐছন কানু বর নাহ[3]।
আছিল আমার চিতে　　তুয়া সঞে[4] মিলাইতে
　　ভালে ভেল বিহি[5] নিরবাহ ॥
　　সখি হে[6] কাহে তুহু মানসি লাজে।
বিহি-পরসাদে　　　　সাধ সব[7] পূরল
　　বুঝল মো অপরূপ[8] কাজে ॥
যাকর কাহিনি　　　　ছাড়ি তুহুঁ আন দিন
　　আন না শুনসি কাণে।
বচন রচন করি　　　　সব উলটায়সি
　　আজু দেখি আন সন্ধানে ॥
সব আন চীত[9]　　　　রীত[10] তুয়া অন্তর
　　বয়ন ঝাঁপসি এক হাতে।
জ্ঞানদাস কহ　　　　কচন আন নহ
　　কো পাতিয়ায়ব ইথে ॥৭॥২৩১॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৩।২০ সংখ্যক পদ।

২। 'সব সম্পূরণ' স্থলে 'সব তোহে সমর্পণ' প-র।

৩। 'নাহ' স্থলে 'নেহা' প-র।

৪। 'সঞে' স্থলে 'সহ' ক—চ।

৫। 'বিহি' স্থলে 'ভালে' প-র।

৬। 'সখি হে' স্থলে 'সজনি' প-র।

৭। 'সব' স্থলে 'তুয়া' প-র।

৮। 'অপরূপ' স্থলে 'অদ্ভুত' প-র।

৯। 'চীত' স্থলে 'চিত' ক, গ; 'রীত' প-র।

১০। 'রীত' স্থলে 'চিত' প-র।

টীকা

৮—১১। "যাকর কাহিনি" ইত্যাদি। অন্য দিন তুমি যেই শ্রীকৃষ্ণের কাহিনী ত্যাগ করিয়া, অন্য কোন কাহিনী কাণে শুন না, (আজ আমরা তাঁহারই প্রসঙ্গ উত্থাপিত করিলে) তুমি (নানা) কথার অবতারণা করিয়া, অন্য কৌশলে সেই সকল (কৃষ্ণ-প্রসঙ্গ) ব্যর্থ করিয়া দিতেছ। (সুচতুরা নায়িকারা এই ভাবেই সখীদিগের নিকট প্রিয়-সম্মিলন-জাত হর্ষের গোপন করিয়া থাকে)। তুলনা করুন;—

"ত্বৎ-সংকথাসু মুখরঃ
সনিন্দ-সানন্দ-সাবহিত্থ ইব।
স খলু সখীনাং নিভৃতং
ত্বয়া কৃতার্থীকৃতঃ সুভগঃ॥"

—আর্য্যা-সপ্তশতী।

১২—১৫। "সব আন চীত" ইত্যাদি। তোমার মনের গতি অন্য প্রকার দেখিতেছি; (হাস্য গোপন করার জন্য) এক হাতে মুখ আচ্ছাদন করিতেছ। জ্ঞানদাস কহিতেছেন,—সখীদিগের কথা অন্যথা অর্থাৎ মিথ্যা নহে; (প্রিয়-সখী যে প্রিয়-সখীদিগকে প্রবঞ্চনা করিতে পারে), ইহা কে বিশ্বাস করিবে?

শ্রীরাগ।১

সুন্দরি, বেকত গোপত২ লেহা।
বঞ্চিত আজু করণে৩ নাহি পারবি
সাখি দেয়ল৪ তুয়া দেহা॥ধ্রু॥
সঘন আলস সখি তুয়া মুখ-মণ্ডল
গণ্ড-অধর-ছবি মন্দ।
কত রস পান কয়ল রস৫-মোহিত
রাহু উগারল৬ চন্দ॥
জাগি রজনি দুহুঁ লোহিত লোচন
অলস নিমীলিত ভাতি।
মধুকর লোহিত কমল-কোরে জনু৭
শূতি রহল মদে মাতি॥
বেকত পয়োধরে নখরেখ-ভূখণ৮
তাহে পড়ল কচ-ভারা৯।
নিজ রিপু বান১০ কলা-নিধি হেরইতে
মেরু পড়ল আন্ধিয়ারা॥
নব কবিশেখর কহই না পারত
ঘোষ শপতি করি জানি।
কত শত বেরি চোরি করু১১ গোপন
বেরি এক বেকত বাণি১২॥৮॥২৩২॥

ইত্যাদি সখ্যুক্তিঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬০৩ সংখ্যক ও প-র পুথির ১৩২১ সংখ্যক পদ। 'শ্রীরাগ' স্থলে 'ধানশ্রী' প-র।

২। 'গোপত' স্থলে 'গোপন' ক—চ; 'সুপত' প-র।

৩। 'বঞ্চিত' ইত্যাদি স্থলে 'বঞ্চিতে আজু বচনে' প-র।

৪। 'দেয়ল' স্থলে 'দেয়ব' ক।

৫। 'রস' স্থলে 'সব' ক।

৬। 'উগারল' স্থলে 'গরাসল' প-র।

৭। 'মধুকর' ইত্যাদি স্থলে 'মধুকর কমল কোরে জনু মোহিত' প-র।

৮। 'ভূখণ' স্থলে 'ভূখন' ক।

৯। 'কচ-ভারা' স্থলে 'কুচ-ভারা' ক—গ।

১০। 'বান' স্থলে 'বলি' ক, খ।

১১। 'করু' স্থলে 'কর' ঘ।

১২। এই পদটি প-র-সা পুথিতে নিম্নলিখিত-রূপ দৃষ্ট হয়; যথা,—

সুহই।

বেকত গোপত লেহা।
বঞ্চিতে আজু বচনে নাহি পারবি
সাখি দেয়ব তুয়া দেহা॥ ধ্রু॥
সব স্মরি রস লখই মুখমণ্ডল
গণ্ড অধর শ্রীমন্ত।
কেশর পান করু রস মোহিত
রাহু উগারল চন্দ॥
তোহারি ভরমে কত নখ-ভূষণ
তাহি পড়য়ে কত ভারা।
শরদ পূর্ন্নিম কলানিধি হেরই
মেরু বেঢ়ল আন্ধিয়ারা॥
নিশি উজাগরে লোহিত লোচন
অলসে মলিনহি ভাতি।
মধুকর জোরে করু অব রসবতি
চিকুরে রহল মধু মাতি॥
নব কবিশেখর কহই সো রতি
নাগর সবদি করি জানি।
কত শত বেরি ঝুটক সুন্দরি
বেরি এক বেকত বানি॥

শ্রীযুক্ত নগেন্দ্রনাথ গুপ্ত মহাশয়ের সম্পাদিত বিদ্যাপতিতে তিনি এই পদটি পদকল্পতরু গ্রন্থ হইতে সংগ্রহ করিয়াছেন বলিয়া লিখিয়াছেন; কিন্তু তাঁহার উদ্ধৃত পাঠের সহিত পদকল্পতরুর পাঠের অনেক পার্থক্য আছে; পদকল্পতরু হইতে উদ্ধৃত বিদ্যাপতির পদ-সমূহে প্রায় সর্ব্বত্রই এইরূপ অল্পাধিক পরিমাণে পাঠ-বৈষম্য দেখা যায়।

টীকা

১২—১৫। "বেকত পয়োধর" ইত্যাদি। (তোমার) পয়োধর অর্থাৎ কুচরূপ পয়োধরে (জলদে) (চন্দ্রাকৃতি-বিশিষ্ট) নখ-রেখা-অলঙ্কার ব্যক্ত (হইয়াছে); তাহার উপরে (তোমার) কেশ-পাশ পতিত হইয়াছে; (দেখিয়া বোধ হয় যেন), (কেশ-রূপ) অন্ধকার নিজের বৈরীর শোভাস্বরূপ (নখাঙ্ক-রূপ) কলা-রত্নকে দেখিবার জন্য (সেই চন্দ্র-কলার উদয়-স্থল তোমার স্তনঃরূপ স্বর্ণময়) সুমেরু-(শিখরে) পতিত হইয়াছে। 'নিজ-রিপু-বান' ইত্যাদি বাক্যের উৎপ্রেক্ষা অলঙ্কারের ধ্বনি এই যে, অন্ধকার ভয়ে চন্দ্রের সম্মুখীন হইতে পারে না, কিন্তু এ স্থলে চন্দ্র সম্পূর্ণ মণ্ডল পরিত্যাগ করিয়া, কেবল কান্তিময় কলার আকার ধারণ করিয়া, সুমেরু-শিখরে বন্দী হওয়ায়, উহার অনিষ্ট করার শক্তি নাই দেখিয়া কৌতূহলবশতঃ তথায় সমাগত হইয়াছে এবং চন্দ্রও লজ্জাবশতঃ সেই অন্ধকারে মুখ লুকাইতেছে।

১৬—১৯। "নব কবিশেখর" ইত্যাদি। পদ-কর্ত্তা নব কবিশেখর (এই গুরু-পুরোহিতের বিবাদের ন্যায় উভয়-সঙ্কটে) কিছু কহিতে পারিতেছেন না; (তিনি কেবল ইহা) জানিয়া প্রতিজ্ঞা করিয়া ঘোষণা করিতেছেন যে, (লোকে) কত শত বার চৌর্য্য গোপন করিয়া থাকে, (কিন্তু দৈবাৎ) একবার (চৌর্য্যের) কথা ব্যক্ত হইয়া পড়ে; (ইহাও সেইরূপ কি?)

তত্র নিজোক্তিঃ

শ্রীগান্ধার।১

দরশনে লোর নয়নযুগ ঝাঁপি২।
করইতে কোর দুহুঁ ভুজ কাঁপি৩॥
দুর৪ কর এ সখি সো৫ পরসঙ্গ।
নামহিঁ যাক অবশ করু৬ অঙ্গ॥ধ্রু॥
চেতন না রহ চুম্বন-বেরি।
কো জানে কৈছে রভস-রস-কেলি॥

সো৭ ধনি মানি সুরত-অধিদেবী।
তাকর চরণ-কমল পয়ে৮ সেবি॥
কানুক পরশে যতহুঁ অনুভাব।
অনুভবি আপ পরহুঁ৯ সমুঝাব॥
তবহুঁ১০ জগত ভরি অকিরিতি এহ।
রাধামাধব অবিচল-লেহ॥
এ কিয়ে সুদৃঢ় কিয়ে পরিবাদ।
গোবিন্দদাস কহ১১ না ভাঙ্গে বিবাদ॥

॥৯॥২৩৩॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৩৫ সংখ্যক পদ।
২। 'ঝাঁপি' স্থলে 'ঝাঁপ' খ, ঘ, প-র।
৩। 'কাঁপি' স্থলে 'কাঁপ' খ, ঘ, প-র।
৪। 'তুর' স্থলে 'দূর' ক, গ।
৫। 'সো' স্থলে 'তুয়া' ক।
৬। 'করু' স্থলে 'কর' ক।
৭। 'সো' স্থলে 'যো' ক, গ।
৮। 'পয়ে' স্থলে 'পায়ে' খ, গ।
৯। 'পরহুঁ' স্থলে 'পরক' ক, গ; 'পরহিঁ' প-র।
১০। 'তবহুঁ' স্থলে 'অবহুঁ' ক—গ।
১১। 'কহ' স্থলে 'চিতে' ক।

টীকা

৭—১০। "সো ধনি" ইত্যাদি। সেই ধন্যা নায়িকাকে সুরত-লীলার অধিষ্ঠাত্রী দেবী বলিয়া মানি এবং তাহার চরণ-কমলের উপর পূজা করি। (সেই নায়িকা) শ্রীকৃষ্ণের অঙ্গ-স্পর্শে যে সকল (সাত্ত্বিক) ভাবের উদয় হয়, (উহা) নিজে অনুভব করিয়া অন্যকে বুঝাইতে পারিবে। (শ্রীরাধা বর্ণিত নায়িকাকে ধন্যা বলায় এবং আভাসে কৃষ্ণের অঙ্গ-সঙ্গে নিজের অচেতনতা ব্যক্ত করায়, এই বাক্যের ধ্বনি দ্বারা পূর্ব্বোক্ত নায়িকার রসাস্বাদনের অক্ষমতা হেতু অধন্যতা এবং শ্রীরাধার রসপ্রাবল্য হেতু ধন্যতাই ব্যঞ্জিত হইতেছে।) তুলনা করুন;—

"ধন্যাসি যা কথয়সি প্রিয়সঙ্গমেঽপি
বিস্রব্ধ-চাটুক-শতানি রতান্তরেষু।
নীবীং প্রতি প্রণিহিতে তু করে প্রিয়েণ
সখ্যঃ শপামি যদি কিঞ্চিদপি স্মরামি॥"

—কাব্য-প্রকাশ।

১১—১২। "তবহুঁ জগত ভরি" ইত্যাদি। (শ্রীরাধার পূর্ব্বোক্ত বাক্যের প্রকৃত অর্থ বুঝিতে না পারার ভান করিয়া সখী বলিতেছেন),—তবুও জগত ভরিয়া এই দুর্ণাম (যে), রাধা ও মাধব স্থায়ি-প্রেম-বিশিষ্ট; গোবিন্দদাস (শ্রীরাধার পক্ষ হইয়া উত্তরে) কহিতেছেন,—এই দুর্ণাম প্রকৃত, কি কুৎসা, সে সম্বন্ধে বিবাদ ভাঙ্গে নাই অর্থাৎ সন্দেহ বিদূরিত হয় নাই।

সুহই।১

আধক আধ- আধ দিঠি-অঞ্চলে
যব ধরি পেখলুঁ কান।
কত শত কোটি কুসুম-শরে জর জর
রহত কি যাত২ পরাণ॥
সজনি, জানলুঁ৩ বিহি মোহে বাম।
দুহুঁ লোচন ভরি যো হরি হেরই৪
তছু পায়ে মঝু পরণাম॥ধ্রু॥
সুনয়নি কহত৫ কানু ঘন-শ্যামর
মোহে বিজুরি সম লাগি।
রসবতি তাক পরশ-রসে ভাসত৬
হামারি হৃদয়ে জলু আগি৭॥
প্রেমবতি প্রেম লাগি জিউ তেজত৮
চপল জিবনে মঝু সাধ৯।
গোবিন্দদাস ভণে শ্রীবল্লভ জানে
রসবতি-রস-মরিযাদ১০॥১০॥২৩৪॥

পাঠান্তর

১। এটি প-র পুথির ৩৬ ও প-র-সা পুথির ১০৪ সংখ্যক পদ।

২। 'যাত' স্থলে 'জাতি' প-র-সা।

৩। 'জানলুঁ' স্থলে 'না জানিলুঁ' প-র।

৪। 'দুহুঁ লোচন' ইত্যাদি স্থলে 'হেরি যো কান আয়র দিঠি মাঙ্গয়ে' প-র-সা; 'হেরইতে তাক লাখ দিঠি মাগই' প-র।

৫। 'সুনয়নি কহত' স্থলে 'শুনই কহই' প-র-সা; 'সুন আন কাহি' প-র।

৬। 'পরশ-রসে ভাসত' স্থলে 'পরশ-রস মাগত' খ; 'পরশ-রস ভাখই' প-র।

৭। 'জলু আগি' স্থলে 'জনু আগি' ক; 'জনু লাগি' প-র-সা।

৮। 'তেজত' স্থলে 'তেজই' প-র-সা।

৯। 'চপল' ইত্যাদি স্থলে 'চপল জীবনে' ইত্যাদি ক, গ; 'জিবন রাখত মঝু সাধ' প-র; 'চপল জীব মঝু সাধে' প-র-সা।

১০। 'গোবিন্দদাস' ইত্যাদি পংক্তি-দ্বয়ের পরিবর্ত্তে—

'গোবিন্দ দাস   কহই শ্রীবল্লভ
জানয়ে রস-পরিবাদ।'—প-র-সা।

টীকা

১—৪। "আধক আধ-আধ" ইত্যাদি। অর্দ্ধেকের অর্দ্ধেকের অর্দ্ধেক চক্ষুর কোণে অর্থাৎ অতি অল্প-পরিমিত অপাঙ্গ-দৃষ্টিতে যখন হইতে শ্রীকৃষ্ণকে দেখিয়াছি, (তখন হইতেই) কত শত কোটি কন্দর্পের পুষ্প-বাণে জর্জ্জরিত হইতেছি; (আমার) প্রাণ যাইবে, কি থাকিবে—(বুঝিতে পারি না)। 'আধক আধ' ইত্যাদি বাক্যের 'অতিশয়োক্তি' অলঙ্কার দ্বারা শ্রীকৃষ্ণের রূপের অপরিসীম প্রভাব ও শ্রীরাধার অসাধারণ প্রেম-পরবশতা ব্যঞ্জিত হইতেছে।

৫—৭। "সজনি জানলুঁ" ইত্যাদি। হে সখি! জানিতে পারিলাম যে, বিধাতা আমার প্রতি প্রতিকূল; (কেন না, আমার নয়ন ভরিয়া শ্রীকৃষ্ণের রূপ দেখিবার সাধ্য নাই)। যে (নায়িকা) দুই চক্ষু ভরিয়া সেই (মদন-মোহন) শ্রীকৃষ্ণকে দেখিতে পারেন, তাঁহার চরণে আমার (অসংখ্য) প্রণাম! বস্তুতঃ কিন্তু শ্রীরাধার এই বাক্যের দ্বারা বর্ণিত নায়িকার অরসজ্ঞতা হেতু দুর্ভাগ্য ও নিজের অসাধারণ রসজ্ঞতা হেতু সৌভাগ্যই ব্যঞ্জিত হইতেছে। তুলনা করুন;—

"সো ধনি মানি সুরত-অধিদেবী।
তাকর চরণ-কমল পয়ে সেবি॥
কানুক পরশে যতহুঁ অনুভাব।
অনুভবি আপ পরহু সমুঝাব॥"

—গোবিন্দদাস; প-ক-ত;
২৩৩ সংখ্যক পদ।

১২—১৫। "প্রেমবতি" ইত্যাদি। (অন্যান্য) প্রেমিকা-গণ (ব্যঙ্গার্থ দ্বারা—অপ্রেমিকা-গণ) প্রেমের জন্য প্রাণ পরিত্যাগ করিয়া থাকেন; (কিন্তু) চঞ্চল জীবন ধারণ করিতেই আমার অভিলাষ হয়। গোবিন্দদাস বলিতেছেন,—শ্রীবল্লভ রসিকা নায়িকার রসের মর্য্যাদা জানেন। 'চপল' শব্দের ধ্বনি দ্বারা কবি বুঝাইতেছেন যে, জীবন চির-স্থায়ী না হইয়া, চঞ্চল ও বিনশ্বর হওয়ায় শ্রীরাধার হৃদয়ে গভীর আক্ষেপ রহিয়াছে; কারণ, জীবন অনন্ত হইলে, তিনি অনন্তকাল ধরিয়া শ্রীকৃষ্ণের প্রেম-রসের আস্বাদন করিতে পারিলে বোধ হয়, কিঞ্চিৎ তৃপ্তি লাভ করিতে পারিতেন। তুলনা করুন;—

"জনম অবধি হাম   ও রূপ নেহারলুঁ
নয়ন না তিরপিত ভেল।
লাখ লাখ যুগ   হিয়ে হিয়ে রাখলুঁ
হৃদয় জুড়ন নাহি গেল॥"

—কবিবল্লভ; প-ক-ত; ৯৩৭ সংখ্যক পদ।

বরাড়ী।[১]

যাহাঁ দরশনে তনু পুলকহিঁ[২] ভরই
যাহাঁ কর করষণে টুটত[৩] বলই॥

যাহাঁ পরিরম্ভণে অম্বর[৪] খলই।
যাহাঁ ঘন চুম্বনে বদন না টলই[৫] ॥
এ সখি মানিয়ে হরি সঞে মেলি।
যব হোয়ে ঐছন[৬] মনোভব-কেলি ॥ধ্রু॥
যাহাঁ কিঙ্কিণি মণি কঙ্কণ বোলই[৭]।
যাহাঁ নখ-বিলিখনে দুহুঁ তনু দলই[৮] ॥
যাহাঁ মণি-নূপুর তরলিত কলই।
যাহাঁ ঘন চন্দন শ্রমজলে গলই ॥
যাহাঁ নাহি ঐছন রস নিরবহই।
তাহাঁ পরিবাদ গোবিন্দদাস কহই ॥

॥১১॥২৩৫॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৩।৪ সংখ্যক পদ।

২। 'পুলকহিঁ' (গো-প ; সা-প পুথি) স্থলে 'পুলকিনি' ঘ, প-র; 'পুলকি না' ক, খ, চ; 'পুলকে না' গ।

৩। 'টুটত' স্থলে 'টুটত' ক ; 'টুটত ন' খ, গ।

৪। 'অম্বর' স্থলে 'অম্বর ন' খ, গ।

৫। 'বদন না টলই' স্থলে 'বদন না টুটই' ক।

৬। 'ঐছন' (গো-প ; সা-প পুথি) স্থলে 'এ হেন' ক—চ, প-র।

৭। 'বোলই' স্থলে 'বলই' ক, খ, ঘ, চ ; 'বলয়ী' গো-প, সা-প পুথি। 'যাহাঁ কিঙ্কিণি' ইত্যাদি চারি পংক্তির পরিবর্তে—

'যাহাঁ নখ বিলিখনে দুহুঁ তনু বলই।
যাহাঁ রদখণ্ডন মণ্ডন মনই ॥
যাহা ঘনচন্দন শ্রমজল গলয়ী।
যাহাঁ কিঙ্কিণি মিলি কঙ্কণ বলয়ী ॥
যাহাঁ মণিনূপুর তরলিত কলই।
যাহাঁ মণিকুণ্ডল গণ্ডহি দোলই ॥'

—গো-প ; সা-প পুথি।

৮। 'দুহুঁ তনু দলই' স্থলে 'মণ্ডন মনই', 'দুহুঁ তনু দলই' (পাঠান্তর) প-র।

৫—৬। "এ সখি মানিয়ে' ইত্যাদি। হে সখি! (উহাকেই) শ্রীকৃষ্ণের সহিত সম্মিলন বলিয়া মনে করি, যখন (তাঁহার সহিত) ঐরূপ ('যাহাঁ দরশনে তনু' ইত্যাদি পংক্তি-চতুষ্টয়ে বর্ণিত) কাম-ক্রীড়া হইয়া থাকে।

১১—১২। "যাহাঁ নাহি" ইত্যাদি। যেখানে ঐরূপে সম্ভোগ নির্ব্বাহ হয় না, (সখী-স্থানীয়) পদ-কর্ত্তা গোবিন্দদাস উহা (সম্ভোগ না বলিয়া) পরিবাদ অর্থাৎ কলঙ্ক-ঘোষণা বলিয়া অভিহিত করেন। তুলনা করুন ;—

"শঙ্কা-শৃঙ্খলিতেন যত্র নয়ন-প্রান্তেন ন প্রেক্ষ্যতে
কেয়ূর-ধ্বনি-ভূরি-ভীতি চকিতং নো যত্র বাহশ্লিষ্যতে।
নো বা যত্র শনৈরলগ্নদশনং বিম্বাধরঃ পীয়তে
নো বা যত্র বিধীয়তে চ মণিতং তৎ কি রতং
কামিনোঃ ॥"—রস-মঞ্জরী।

পুনঃ সখ্যুক্তিঃ।

ধানশী ।১

যব হরি-পাণি- পরশে ঘন কাঁপসি
ঝাঁপসি ঝাঁপল অঙ্গ।
তব কিয়ে ঘন ঘন মণিময় অভরণ
বেশ পসায়নি রঙ্গ[২] ॥
এ ধনি, অবহুঁ না সমুঝসি[৩] কাজ।
যাহে বিমু জাগরে নিঁদহুঁ না জীবসি[৪]
তাহে কিয়ে এত[৫] ভয় লাজ ॥
করইতে কোরে জোরি[৬] তনু-বল্লরি
নহি নহি বোলসি[৭] থোর।
চুম্বন বেরি জনি মুখ মোড়বি[৮]
জনু বিধু-লুবধ চকোর ॥

যব হোয়ে নাহ- রতন রত-আরত[৯]
বারত্ত জনি অভিলাস।
গোবিন্দদাস কহ নহ বহু-বল্লভ
কৈছে রহত নিজ পাশ ॥১২॥২৩৬॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৩।১০ সংখ্যক পদ।

২। 'পসায়নি রঙ্গ' স্থলে 'পরায়লি রঙ্গ' ক, গ; 'পরায়লি অঙ্গ' চ; 'পসাহল অঙ্গ' প-র।

৩। 'অবহুঁ না' ইত্যাদি স্থলে 'অব সমুঝায়সি কাজ' প-র।

৪। 'নিঁদহুঁ' ইত্যাদি স্থলে 'নিন্দ না জানসি' প-র।

৫। 'এত' স্থলে 'হেন' প-র।

৬। 'জোরি' স্থলে 'জোর' প-র।

৭। 'বোলবি' স্থলে 'বোলবি' গ, প-র।

৮। 'জনি মুখ মোড়বি' স্থলে 'জনু মুখ মোড়সি' ক; 'জানি মুখ মোড়বি' প-র; 'জনু মুখ মোড়বি' চ।

৯। 'রতন রত-আরত' স্থলে 'রতন রত অবিরত' গ; 'রতন রত অবিরত' চ।

টীকা

১—৪। "যব হরি" ইত্যাদি। যখন শ্রীকৃষ্ণের কর-স্পর্শে ঘন ঘন কাঁপিতেছ এবং (লজ্জা ও ভয় হেতু) আবৃত অঙ্গকে (অধিকতর) আবৃত করিতেছ, তখন কি জন্য মণিময় অলঙ্কার ও বেশের প্রসাধন-রঙ্গ করিতেছ? অর্থাৎ রঙ্গ-ভঙ্গের সহিত তবে কি জন্য মণিময় অলঙ্কার ও বেশ পরিধান করিতেছ?

১০—১১। "চুম্বন বেরি" ইত্যাদি। (দেখিও যেন) চুম্বনের কালে মুখ ফিরাইও না; (কেন না, শ্রীকৃষ্ণ) চন্দ্রের সুধা-লুব্ধ চকোরের ন্যায় (ব্যাকুল) হইয়াছেন।

১২—১৪। "যব হোয়ে" ইত্যাদি। যখন তোমার প্রাণ-ধন সুরতানুরক্ত হইবেন, (দেখিও যেন), তাঁহার বাসনায় বাধা দিও না; (সখী-স্থানীয়) গোবিন্দদাস কহিতেছেন,—নতুবা বহু-বল্লভ শ্রীকৃষ্ণ (অপর নায়িকা-সমূহকে পরিত্যাগ করিয়া) কেন তোমার নিকট রহেন?

নিজোক্তিঃ।

বিভাষ।১

কি কহব রে সখি রজনিক[২] বাত।
বহু দুখে গোঙায়লুঁ মাধব সাথ॥
করে কুচ ঝাঁপয়ে[৩] অধরে মধুপান।
বদনে দশন দিয়া বধয়ে পরাণ[৪]॥
নব যৌবন তাহে রস পরচার।
রতিরস[৫] না জানয়ে কানু সে গোঙার॥
মদনে বিভোর কিছুই নাহি[৬] জান।
কতয়ে[৭] মিনতি করি তভু[৮] নাহি মান॥
ভণয়ে বিদ্যাপতি শুন বরনারি[৯]।
তুহুঁ মুগধিনি সোই লুবধ মুরারি[১০]॥
॥১৩॥২৩৭॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৩।১১ সংখ্যক পদ।

২। 'রজনিক' স্থলে 'জনি কহ' প-র।

৩। 'ঝাঁপয়ে' স্থলে 'চাপয়ে' প-র।

৪। 'বদনে' ইত্যাদি স্থলে 'বদনে বদন ধরি ধরয়ে পরাণ' প-র।

৫। 'রতিরস' স্থলে 'রতিসুখ' প-র।

৬। 'নাহি' স্থলে 'না' প-র।

৭। 'কতয়ে' স্থলে 'কত না' প-র।

৮। 'তভু' স্থলে 'কিছু' প-র।

৯। 'শুন বরনারি' স্থলে 'ইহ রস গুঢ়' প-র।

১০। 'তুহুঁ' ইত্যাদি স্থলে 'বুঝয়ে রসিক জন না বুঝয়ে মুঢ়' প-র।

তথা রাগ।

এক দিন হেরি হেরি হাসি হাসি যায়
আর দিন নাম ধরি মুরলি বাজায় ॥
আজি অতি নিয়ড়ে করয়ে[১] পরিহাস।
না জানিয়ে গোকুলে কাহার বিলাস ॥
শুন সজনি ও নাগর শ্যামরাজ।
মূল বিনু পর-ধন মাগয়ে বেয়াজ ॥
অতি পরিচয় নাহি দেখি আন কাজ।
না করয়ে সম্ভ্রম না করয়ে লাজ ॥
আপনা নেহারি নেহারে[২] তনু মোর।
দেই আলিঙ্গন হোই বিভোর ॥
খেনে খেনে বৈদগধি-কলা অনুপাম।
অধিক উদার দেখি এ[৩] পরিণাম ॥
বিদ্যাপতি কহে আরতি ওর।
বুঝই না বুঝহ[৪] ইহ রস-বোল ॥১৪॥২৩৮॥

পাঠান্তর

১। 'করয়ে' স্থলে 'করল' ক, গ, চ।

২। 'নেহারে' স্থলে 'নেহারি' ক।

৩। 'দেখি এ' স্থলে 'দেখিয়ে' ক—চ; 'দেখিয়ে' পাঠে ভাল অর্থ হয় না; খুব সম্ভবতঃ 'দেখি এহু' বা 'দেখি এ' শুদ্ধ পাঠ ছিল; লিপিকর-প্রমাদ-বশতঃ 'দেখি এ' 'দেখিয়ে' পাঠে পরিণত হইয়াছে।

৪। 'বুঝহ' স্থলে 'বুঝ' ক।

টীকা

৫—৬। "শুন সজনি" ইত্যাদি। হে সখি! সেই নাগর শ্রীকৃষ্ণ (নিজের) মূলধন ছাড়া পরের ধনেরই সুদ পাওয়ার প্রার্থনা করে; অর্থাৎ নিজের কোন যোগ্যতা না দেখাইয়া অন্যের নিকট সমাদর পাইতে চাহে।

১১—১২। "খেনে খেনে বৈদগধি" ইত্যাদি। (সেই শ্রীকৃষ্ণ) থাকিয়া থাকিয়া (নারীর চিত্ত আকৃষ্ট করার জন্য) অতি অপূর্ব বিদগ্ধ-জনোচিত নানা কলা-কৌশল (প্রকাশ করে); (আমি) অধিক সরল বলিয়া এই পরিণাম (হইয়াছে;) অর্থাৎ আমি সরল-স্বভাব বলিয়া তাহার কার্য্যে কোন বাধা না দেওয়ায়, ক্রমে তাহার সাহস বৃদ্ধি হইতে হইতে পরিণামে এত দূর হইয়াছে। শ্রীকৃষ্ণের চাঞ্চল্যের ক্রমিক উন্নতি—

"এক দিন হেরি হেরি হাসি হাসি যায়।
আর দিন নাম ধরি মুরলি বাজায় ॥
আজি অতি নিয়ড়ে করয়ে পরিহাস।"

বাক্যগুলিতে এবং শ্রীরাধার সরল-ভাব 'না জানিয়ে গোকুলে কাহার বিলাস' বাক্যটিতে অতি সুন্দর-ভাবে প্রদর্শিত হইয়াছে; সুতরাং 'অধিক উদার দেখি এ পরিণাম' এই অনুতাপ-গর্ভ বাক্যটি এ স্থলে খুব সুসঙ্গত হইয়াছে। 'উদার' শব্দের পরিবর্ত্তে 'উদাস' পাঠ কল্পনা করিলে, এক প্রকার অর্থ হয় বটে; কিন্তু তাহাতে অর্থের কোন গৌরব থাকে না

রামকেলি।

কি কহব রে সখি কহইতে লাজ।
যোই কয়ল সোই নাগর-রাজ ॥
পহিল বয়স মঝু নাহি রতিরঙ্গ।
দোতি মিলায়ল কানুক সঙ্গ ॥
হেরইতে দেহ মঝু থরহরি কাঁপ।
সোই লুবধ-মতি তাহে করু ঝাঁপ ॥
চেতন হরল[১] আলিঙ্গন বেলি।
কি কহব কীয়ে কয়ল রসকেলি ॥
হঠ করি নাহ কয়ল যত[২] কাজ।
সো কি কহব ইহ সখিনি সমাঝ ॥
জানসি তব কাহে করসি পুছারি।
সো ধনি যো থির তাহে নেহারি ॥
বিদ্যাপতি কহ না কর তরাস।
ঐছন হোয়ল পহিল বিলাস ॥১৫॥২৩৯

পাঠান্তর

১। 'হরল' স্থলে 'হরল মোর' খ; 'হরলুঁ' ঘ, চ।

২। 'যত' স্থলে 'কত' খ।

টীকা

১১—১২। "জানসি তব কাহে" ইত্যাদি। (তোমরা) সব জান, তবে (আমাকে মিছামিছি লজ্জা দেওয়ার জন্য) কেন জিজ্ঞাসা করিতেছ? (তোমাদিগের জিজ্ঞাসার উত্তর দেওয়ার সাধ্য আমার নাই—কেন না, 'চেতন হরল আলিঙ্গন বেলি।') যে (নায়িকা) তাঁহাকে দেখিয়া স্থির থাকিতে পারে, সে ধন্যা। প্রকৃত পক্ষে 'সো ধনি' ইত্যাদি বাক্যের ধ্বনি দ্বারা অবিচলিত নায়িকাকে অধন্যা এবং রস-মোহিত নিজকে ধন্যা বলিয়া ব্যঞ্জিত করা হইতেছে।

স্বয়ং-দৌত্যেন মিলনং যথা।

কামোদ।

গোকুলে দেব- দেয়াসিনি আওল
নগরহিঁ ঐছে ফুকারি।
অরুণ বসন পরি জটিলি বেশ ধরি
কানু দ্বার মাহা থারি ॥
শুনি ধনি জটিলা তুরিতে চলি আওল
হেরইতে চমকিত ভেল।
হাগারি বধুর রিতি হেরি জনু আনমতি
কহি নিজ মন্দিরে নেল ॥
দেব-দেয়াসিনি কান।
জটিলা-বচনে সুধামুখি নিয়ড়হি
এক দিঠে নেহারে বয়ান ॥ধ্রু॥
কহ তব অতনু দেব ইথে পাওল
হৃদি মাহ পৈঠল কাল।
নিরজনে সোই মন্ত্রে যব ঝারিয়ে
তব ইহ হোয়ব ভাল ॥
এত শুনি জটিলা ঘরহুঁ দোহেঁ লেয়ল
নিরজনে দুহুঁ এক ঠাম।
সব জন নিকসল বাহিরে বৈঠল
পূরল কানু মন-কাম ॥
বহুখন অতনু- মন্ত্র পড়ি ঝাড়ল
ভাগল তব সোই দেবা।
দেব-দেয়াসিনি ঘর সঞে নিকসল
চাতুরি বুঝব কেবা ॥
জটিলা বহুত ভকতি করি হরষিতে
কতহুঁ ভীখ আনি দেল।
কহ শেখর বর ভীখ লেই তব
সোই দেয়াসিনি গেল ॥১৬॥২৪০॥

শ্রীমত্যুক্তিঃ।

ধানশী।

কহ সখি কিয়ে ভেল।
দেয়াসিনি কাহাঁ গেল ॥
হাম মুগধিনি নারী।
না শুনি অতনু-ঝাড়ি ॥
ঐঝন লুবধ কান।
কত না চাতুরি জান ॥
সহজে আমরা বালা।
কে জানে এতহুঁ কলা ॥
পহিল পিরিতি তায়।
বহু দিন নাহি যায় ॥
ইথেই ঐছন কেল।
কুহক সমান ভেল ॥
অপরে কি সুখ পাব।
কত না হোয়ব লাভ ॥১৭॥২৪১॥

ইত্যাদি সংক্ষিপ্ত-সম্ভোগস্য রসোদ্গারঃ
নবমপল্লবঃ।

টীকা

১৩—১৪। "অপরে কি" ইত্যাদি। অপরে অর্থাৎ অতঃপর কিরূপ সুখ পাইব এবং কতই বা (প্রেমানন্দের) লাভ হইবে, (তাহার ইয়ত্তা আছে কি?)

পুনশ্চ রসোদ্গারঃ। প্রকারান্তরং যথা।

সখী-উক্তি ।

গান্ধার।

কাহে কানু ঘন ঘন আয়ত যায়ত
ফিরি ফিরি বয়ান নেহারি।
হাসি হাসি মুখ-শশী উগারে অমিয়-রাশি
তোহে কিয়ে কয়ল পুছারি ॥
সখি হে[১]—কহ কিছু বচন বিশেষ।
হেন অনুমানি চিতে না জানি কাহার ভিতে
আছয়ে পিরীতি লব লেশ ॥ ধ্রু ॥
সহজে রসিকরাজ অলখিত সব কাজ
অনুভবি[২] ওর না পাই।
যাহার নয়ন-শরে জাতি কুল শীল হরে
ভাগ্যে ভাগ্যে আমরা এড়াই ॥
একই নগরে বৈসে কখন এ দিগে আইসে
দেখি শুনি কাঁপয়ে পরাণ।
জ্ঞানদাস শুনি বলে কহ দেখি কোন ছলে
করিতে না পারি অনুমান ॥১॥২৪২॥

পাঠান্তর

১। 'সখি হে' স্থলে 'সুন্দরি' ক, গ।
২। 'অনুভবি' স্থলে 'অনুভাব' ক।

ললিত।

আজু কেন হেন বাসি[১]।
আঁখি ঢুলু ঢুলু ঘুমেতে আকুল
জাগিয়াছ বুঝি নিশি ॥ধ্রু॥
রসের ভরে অঙ্গ না ধরে
বসন পড়িছে খসি।
স্বরূপ করিয়া কহ না আমরা
মনের মরমী সখি ॥
এক কহইতে আন কহিছ
বচন হইল হারা।
রসিয়ার সঙ্গে কিবা রস-রঙ্গে
সঙ্গ হইয়াছে পারা ॥
ঘন ঘন তুমি মোড়িছ অঙ্গ
সঘনে নিশ্বাস ছাড়।
স্বরূপ করিয়া কেনে না কহসি
মরমে কপট কর ॥
ভালের সিন্দুর আধেক আছে[২]
নয়ানে আধ কাজল।
চান্দ নিঙ্গাড়িয়া এমন করিয়া
কেবা নিলে এ সকল ॥
কৃষ্ণপ্রসাদ কয় যে বোল সে হয়
ভাল ভুলাইলে কাজ।
সঙ্গের সঙ্গিনী বঞ্চিতে নারিবা
কিবা কর আর লাজ ॥২॥২৪৩॥

পাঠান্তর

১। 'বাসি' স্থলে 'দেখি' ক, খ।
২। 'আছে' স্থলে 'আছয়ে' গ।

নিজ-উক্তি।

মঙ্গল।

সখি হে—তোহে হামারি বহু সেবা।
ঐছন বাণি কবহুঁ জনি বোলবি
জাতি কুল কিয়ে নেবা ॥ধ্রু॥
গোকুল নগরে কানু রতি-লম্পট
যৌবন সহজে হামারা।
তুহুঁ সখি রভসে মোহে জনি বোলবি
লোক করব পাতিয়ারা ॥
কেশর-কুসুম হেরি হাম কৌতুকে
ভুজযুগে মেটল তাই।
দাড়িম ভরমে পয়োধর উপরে
পড়লহুঁ কীর লোভাই ॥
উভয় চকিত ভুজে ইতি উতি পেখলুঁ
তে বেশ ভৈগেল আন।
ইথে পরিবাদ কহসি মোহে বৈরিণি
ইহ কবি শেখর গান ॥২॥২৪৪॥

টীকা

৮—১১। "কেশর-কুসুম" ইত্যাদি। আমি কেশর (অর্থাৎ নাগেশ্বর) ফুল দেখিয়া কৌতুকবশতঃ দুই হাতে উহা চয়ন করিলাম; (সুতরাং আমার বক্ষঃস্থল অরক্ষিত দেখিয়া) শুক-পক্ষী দাড়িম্ব-ভ্রমে লোভ করিয়া স্তনের উপর পড়িল (এবং নখ ও চঞ্চুর আঘাতে উহাকে বিদারিত করিল)

১৪—১৫। "ইথে পরিবাদ" ইত্যাদি। তুমি আমার প্রতি বৈরিণী অর্থাৎ শত্রু-ভাবাপন্না হইয়া, ইহাতে কুৎসার কথা বলিতেছ; (ইহা অপেক্ষা আশ্চর্য্যের বিষয় আর কি আছে?)

সখি-উক্তি

ধানশী।

অভিসারিণি—কপট করহ কথি লাগি।
কোন পুরুখ হেন হরল তোহারি মন
রজনি গোঙায়লি জাগি ॥ধ্রু॥
জনু পন্নারি গজ গেহ নঢ়ায়ল[১]
পরশল সুরকি রমণে[২]।
ঐছন হেরি তনু নাত[৩] করহ জনু
বেকত লুকায়ত[৪] কোনে ॥
দুধক[৫] পরশে পণ্ডার ধবল ভেল
অরুণ-কিরণ কোন কেল।
গোর[৬]-পয়োধর নখ-রেখ সুন্দর
পঙ্কজে মৃগমদ ভেল ॥৪॥২৪৫॥

পাঠান্তর

১। 'জনু পন্নারি' ইত্যাদি স্থলে 'জনু পন্নারি গজ গেজ নঢায়ল' ঘ; 'জনু পন্নাগরি গজ গেজ লঢ়ায়ল' চ; 'জনু পন্নারি গজে জে লঢ়ায়ল' (সংশোধিত পাঠ—চ); 'জনু পন্নগারি গজগে উলটায়ল' গ; 'জনু পন্নাগরি গজগে জল ঢায়ল' ক। শ্রীযুক্ত নগেন্দ্র বাবুর উদ্ধৃত মিথিলার 'রাগ-তরঙ্গিণী' গ্রন্থের পাঠ যথা,—

'নবি পঞোনারি গজেঁ গঞ্জি নড়াইলি'।

২। 'পরশল' ইত্যাদি স্থলে 'পরশল সুরকির মনে' ক; 'পরসল সুরকির মনে' খ; 'পরশল সুরধীরমনে' গ; 'পরসল সুরকি রমণে' ঘ, চ।

৩। 'নাত' স্থলে 'নাড়' খ।

৪। 'লুকায়ত' স্থলে 'করায়ত' ক।

৫। 'দুধক' স্থলে 'দুধক' ক—গ।

৬। 'গোর' স্থলে 'গৌর' ক—গ, চ।

টীকা

৪—৭। "জনু পন্নারি" ইত্যাদি। যেন হস্তী পদ্ম-লতাকে গ্রহণ অর্থাৎ উৎপাটিত করিয়া, পরি-

ত্যাগ করিল ; (সেইরূপ) সুর-কুলের আনন্দবর্দ্ধন-কারী (শ্রীকৃষ্ণ) তোমাকে স্পর্শ করিয়াছেন ; (তোমার) দেহ ঐরূপ (বিমর্দ্দিত) দেখিতেছি ; প্রবঞ্চনা করিও না ; (যাহা) ব্যক্ত অর্থাৎ সুস্পষ্ট, (উহাকে) কে লুকাইতে পারে ?

৮—১১। "দুধক পরশে" ইত্যাদি। (অধররূপ) প্রবাল (শ্বেতদন্ত-রাজিরূপ) দুগ্ধের স্পর্শে ধবল (অর্থাৎ চুম্বনে হৃত-রাগ) হইয়াছে ; (উহাতে) কে (আরক্ত দশন-ক্ষতরূপ) সূর্য্যকিরণ (পাতিত) করিল ? (তোমার) সগৌর পয়োধরে সুন্দর নখ-চিহ্ন (যেন) পদ্মে মৃগ-মদের ন্যায় হইয়াছে। নখ-ক্ষত কিছু ক্ষণ পরেই লোহিত বর্ণ পরিত্যাগ করিয়া কিঞ্চিৎ কৃষ্ণবর্ণ ধারণ করে বলিয়া মৃগমদের সহিত উপমিত হইয়াছে।

তিরোতা।

মন্দিরে আছিলুঁ সহচরি মেলি।
পরসঙ্গে রজনি অধিক ভৈ গেলি ॥
যব সখি চললহুঁ আপন গেহ।
তব মঝু নীন্দে ভরল সব দেহ ॥
শূতি রহল হাম করি এক-চীত।
দৈব বিপাকে ভেল বিপরীত ॥
না বোল সজনি শুন স্বপন-সম্বাদ।
হসইতে কেহ জানি করে পরিবাদ ॥
বিষাদ পড়ল মঝু হৃদয়ক মাঝ।
তুরিতে ঘুচায়লুঁ নীবিক[১] কাজ ॥
এক পুরুখ পুন আয়ল আগে।
কোপে অরুণ আঁখি অধরক দাগে[২] ॥
সে ভয়ে চিকুর চির আনহি গেল।
কপালে কাজর মুখে সিন্দুর ভেল ॥
কতয়ে[৩] করব কেহু অপযশ[৪] গাব।
বিদ্যাপতি কহ কো পাতিয়াব ॥৫॥২৪৬॥

পাঠান্তর

১। 'নীবিক' স্থলে 'নীবিহক' ক।
২। 'দাগে' স্থলে 'রাগে' গ।
৩। 'কতয়ে' স্থলে 'অতয়ে' ক—গ, চ।
৪। 'অপযশ' স্থলে 'পরজশ' খ, ঘ।

টীকা

৯—১০। "বিষাদ পড়ল" ইত্যাদি। আমার হৃদয়ে বিষাদ আসিল ; (এ অবস্থায় শরীরের বসন-ভূষণ যাতনাদায়ক হয় বলিয়া) আমি কটি-বসন-গ্রন্থির কার্য্য ঘুচাইলাম অর্থাৎ বসন উন্মোচিত করিলাম।

১১—১২। "এক পুরুখ" ইত্যাদি। (আমি নিদ্রিত হইয়াছি, এমন সময়ে স্বপ্ন দেখিলাম), এক জন পুরুষ আমার সম্মুখে আসিল ; (তাহার) নয়ন ক্রোধে (কিংবা) অধরের রক্তিমায় (অর্থাৎ অধরের রক্তিমা প্রতিবিম্বিত হইয়া) কিংবা (অন্য কোন নায়িকা-কর্ত্তৃক নেত্র-চুম্বন হেতু অধর-রাগ সংক্রামিত হইয়া) অরুণ-বর্ণ হইয়াছে, (বুঝিতে পারিলাম না)।

১৩—১৪। "সে ভয়ে" ইত্যাদি। সেই (স্বপ্নাগত অদ্ভুত পুরুষের) ভয়ে আমার কেশ ও বস্ত্র অন্যত্র গেল অর্থাৎ দূরে পলায়ন করিল। (তখন হুলস্থূল কাণ্ড উপস্থিত হওয়ায়) আমার (নয়নের) কজ্জল কপালে ও (কপালের) সিন্দুর মুখে গেল। (শ্রীকৃষ্ণ) যথাক্রমে শ্রীরাধার নেত্র, ললাট ও অধরোষ্ঠ চুম্বন করায় তাঁহার ললাটে কজ্জল ও মুখে সিন্দুর সংলগ্ন হইলেও তিনি উহা গোপন করিয়া সখীকে অদ্ভুত স্বপ্নবৃত্তান্ত দ্বারা প্রবঞ্চিত করিতেছেন।

—

তথা রাগ।

না কহ না কহ[১] মিছা অপবাদ।
সহজে যৌবন তাহে কুল-মরিযাদ ॥
সখি-পরসঙ্গে নিশি জাগলুঁ হাম।
বিপরিত হোয়ে জানি গুরু-কুল ঠাম ॥

ঐছে বচন পুন না কহবি মোয়।
রভসহিঁ বচন সাঁচি জনি হোয় ॥৬॥২৪৭॥

ইতি দশমপল্লবঃ ॥

পাঠান্তর

১। 'না কহ না কহ' স্থলে 'না কহ না কহ সখি' ঘ।

টীকা

৫—৬। "ঐছে বচন" ইত্যাদি। ঐরূপ বাক্য আর আমাকে বলিবে না; রহস্য-ভাবে (কথিত) বচন যেন পাছে সত্য (বলিয়া বিবেচিত) না হয়! অর্থাৎ তুমি রহস্য করিয়া এইরূপ বলিতেছ বটে, কিন্তু কেহ হয় ত ইহাকেই সত্য বলিয়া মনে করিবে; সুতরাং এইরূপ (আশঙ্কা-জনক) কথা আর বলিও না।

অথ পুনশ্চ রসোদ্গারপ্রকারান্তরমাহ।

তত্র শ্রীগৌরচন্দ্রঃ।

বিভাস।

দেখ দেখ গৌর প্রেম-রস-ধাম।
পদ-নখে জীতল কতহুঁ শশী-কুল
লাখ লাখ মদযুত কাম ॥ধ্রু॥
চকিত বিলোকনে সব দিশ হেরই
ঝাঁপই চম্পক-অঙ্গ।
আপদ মস্তক পুলকহিঁ পূরিত
নিরুপম ভাব-তরঙ্গ ॥
খেনে মৃদু হাসি কহই সো পীরিতি
যৈছন হেম দশবান।
শ্যাম নাগর মোর, প্রাণ-মনোহর
কহইতে ঝরই নয়ান ॥
ভাবহিঁ বিবশ কহই বরজ-রস
অভিনয় তৈছে পরকাশ।
পরমানন্দ-সার মহাভাব-অবতার
ভণ রাধামোহন দাস ॥১॥২৪৮॥

টীকা

১২—১৫। "ভাবহিঁ বিবশ" ইত্যাদি। (শ্রীগৌরাঙ্গ) ভাব-ভরে অবশ-কলেবর হইয়া ব্রজ-লীলার রস (অন্তরঙ্গ) ভক্তদিগের নিকট বর্ণন করিতেছেন; (তাঁহারও) সেইরূপ অভিনয় প্রকাশ পাইতেছে; অর্থাৎ ব্রজ-লীলার ভাবে বিভাবিত হইয়া তিনিও অবিকল সেইরূপ অভিনয় করিতেছেন; (কেন না), রাধামোহন বলিতেছেন যে, তিনিই হ্লাদিনী শক্তি-রূপিণী পরানন্দময়ী শ্রীরাধার সার (বস্তু) স্বরূপ মহাভাবের অবতার অর্থাৎ মূর্ত্তিমান্ বিগ্রহ-ধারী পরম-পুরুষ। তুলনা করুন;—

"রাধা-কৃষ্ণপ্রণয়বিকৃতিহ্লাদিনী শক্তিরস্মা-
দেকাত্মানাবপি ভুবি পুরা দেহভেদং গতৌ তৌ।
চৈতন্যাখ্যং প্রকটমধুনা তদ্দ্বয়ং চৈক্যমাপ্তং
রাধা-ভাব-দ্যুতি-সুবলিতং নৌমি কৃষ্ণ-স্বরূপম্ ॥
শ্রীরাধায়াঃ প্রণয়-মহিমা কীদৃশো বানয়ৈবা-
স্বাদ্যো যেনাদ্ভুত-মধুরিমা কীদৃশো বা মদীয়ঃ।
সৌখ্যং চাস্যা মদনুভবতঃ কীদৃশং বেতি লোভাৎ
তদ্ভাবাঢ্যঃ সমজনি শচীগর্ভসিন্ধৌ হরীন্দুঃ ॥"
—শ্রীরূপ-গোস্বামীর কড়চোদ্ধৃত শ্লোক; চৈ-চঃ।

তদ্রসোচিত-নবদ্বীপ-নাগরীণাং উক্তিঃ।

বিভাষ।১

কি কহব রে সখি আজুক ভাব।
অযতনে মোহে হোয়ল বহু লাভ২ ॥
একলি আছিলুঁ হাম৩ বনাইতে বেশ।
মুকুরে নিরখি মুখ বান্ধলু৪ কেশ ॥
তৈখনে মীলল গোরা নটরাজ।
ধৈরজ ভাঙ্গল৫ কুলবতি লাজ ॥

দরশনে পুলকে পুরল তনু মোর৬।
বাসুদেব ঘোষ কহে করলহি কোর ॥

॥২॥২৪৯॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৩।৬৪ সংখ্যক পদ।

২। 'অযতনে' ইত্যাদি স্থলে 'আজু জতনে দেওল মুঝে লাভ' প-র।

৩। 'হাম' স্থলে 'আমি' প-র।

৪। 'মুখ বান্ধলু' স্থলে 'মুখ বান্ধল' ক, খ; 'তহি বান্ধল' প-র।

৫। 'ভাঙ্গল' স্থলে 'ভাগল' প-র।

৬। 'দরশনে' ইত্যাদি পংক্তি-দ্বয় স্থলে—
'দরশে পুরল তনু পুলকিত মোর।
বাসুদেব কহে গোরা নওল কিশোর।'—প-র।

অথ সখ্যুক্তিঃ।

পঠমঞ্জরী।১

পুছমো এ২ সখি পুছমো৩ তোয়।
কেলি-কলা সব কহবি মোয়৪ ॥
বেশ ভূষণ৫ তোর সব ছিল৬ পূর।
অলকা-তিলক মিটি গেলহি দূর ॥
কুসুম-কুল৭ সব ভেল৮ ভিন ভীন।
অধরহি লাগল দশনক চীন ॥
কোন অবুঝ৯ হেন কুচে নখ দেল।
হা হা শম্ভু ভগন ভৈগেল ॥
অলসহিঁ পূরল সকলহিঁ গা।
বসন লেই ঘন ঘন কর বা ॥
ভণয়ে বিদ্যাপতি শুন বরনারি।
সরবস১০ লেয়ল রসিক মুরারি ॥৩॥২৫০॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৩।৬৫ সংখ্যক পদ। 'পঠমঞ্জরী' শব্দ প-র পুথিতে নাই।

২। 'পুছমো এ' স্থলে 'পুছই রে' প-র।

৩। 'পুছমো' স্থলে 'পুছই' প-র।

৪। 'কেলি-কলা' ইত্যাদি স্থলে 'কেলি-কলা-রস কহবি মোয়' ক—গ; 'কেলি-কলা-রস কহবি সব মোয়' প-র।

৫। 'ভূষণ' স্থলে 'বসন' প-র।

৬। 'সব ছিল' স্থলে 'সব হিন' প-র।

৭। 'কুসুম-কুল' স্থলে 'কুন্তল কুসুম' প-র।

৮। 'সব ভেল' স্থলে 'ভেল' প-র।

৯। 'কোন অবুঝ' ইত্যাদি স্থলে 'কোন অবুধ বুকে নখ রেক' প-র।

১০। 'সরবস' স্থলে 'সব রস' ক, চ।

টীকা

৩—৪। "বেশ ভূষণ" ইত্যাদি। তোমার বেশ-ভূষা সব পরিপূর্ণ ছিল; (ঐ বেশ-ভূষা সহ) অলকা-তিলক-রচনা বিদূরিত হইয়াছে।

৭—৮। "কোন অবুঝ" ইত্যাদি। এই বাক্যের ধ্বনি এই যে, শম্ভু সযত্নে অর্চ্চনীয়—তাঁহার পক্ষে চন্দ্র-কলা ধারণই স্বাভাবিক; কিন্তু এ কোন্ অবিদগ্ধ ব্যক্তি তাঁহাকে সাজাইতে যাইয়া তাঁহাকে বিদীর্ণ করিয়া ফেলিয়া 'ভগ্ন শালগ্রামে দেবত্ব নাই'—এই জন-প্রবাদ অনুসারে শম্ভুর মাহাত্ম্যই বিনষ্ট করিয়া ফেলিয়াছে। তুলনা করুন;—

"স্বয়ম্ভূঃ শম্ভুরম্ভোজ-লোচনে ত্বৎ-পয়োধরঃ।
নখেন কস্য ধন্যস্য চন্দ্রচূড়ো ভবিষ্যতি ॥"
—রস-মঞ্জরী।

শ্রীরাগ।১

না কর না কর সখি মোহে অনুরোধে২।
কি করব হাম তাক পরবোধে৩ ॥
অলপ বয়েস হাম৪ কানু সে৫ তরুণা।
অতিহুঁ লাজ ডর অতি সে করুণা৬ ॥
লোভে নিঠুর হরি কয়লহিঁ কেলি৭।
কি কহব যামিনি যত দুখ দেলি৮ ॥

হঠ ভেলহু রস রহু অগেয়ান[৯]।
নিবি-বন্ধ তোড়ল[১০] কখন কে জান ॥
দেলহি আলিঙ্গন ভুজযুগ চাপি[১১]।
তৈখনে হৃদয় উঠল মঝু কাঁপি ॥
নয়নে বারি দরশায়লুঁ রোই[১২]।
তবহুঁ কানু উপশম নাহি হোই ॥
অধর নিরস মঝু[১৩] করলহি মন্দা।
রাহু গরাসি নিশি তেজল চন্দা[১৪] ॥
কুচযুগে দেয়ল নখ-পরহারে[১৫]।
কেসরি[১৬] জনু গজকুম্ভ বিদারে ॥
ভণয়ে বিদ্যাপতি রসবতি নারি[১৭]।
তুহুঁ সে সচেতনি লুবধ মুরারি[১৮] ॥

॥৪॥২৫১॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৩৬৭ সংখ্যক ও প-র-সা পুথির ১৮৮ সংখ্যক পদ। 'শ্রীরাগ' স্থলে 'সুহই' প-র।

২। 'মোহে অনুরোধে' স্থলে 'মোরে পরবোধ' প-র; 'মোহে অনুরোধ' প-র-সা।

৩। 'কি করব' ইত্যাদি পংক্তি প-র পুথিতে নাই; উহার স্থলে একটু খালি জায়গা আছে। 'জিব কি দেয়বি কানু অনুরোধ' প-র-সা।

৪। 'হাম' স্থলে 'মোর' প-র-সা, প-র।

৫। 'কানু সে' স্থলে 'সো কানু' প-র-সা, প-র।

৬। 'অতিহুঁ লাজ' ইত্যাদি স্থলে 'ন তহিঁ লাজ ডর ন তহিঁ করুণা' প-র; 'ন তিমু লাজ বড় নুতু করুণা' প-র-সা; 'অতিহুঁ সে লাজ ডর অতি যে করুণা' ক।

৭। 'কয়লহিঁ কেলি' স্থলে 'করতহি কেলি' প-র-সা; 'করলহিঁ কেলি' প-র; 'কয়লহিঁ কেল' খ। প-র পুথিতে 'লোভে নিঠুর হরি' ইত্যাদি পংক্তিদ্বয় 'দেয়লহি আলিঙ্গন' ইত্যাদি পংক্তি-দ্বয়ের পরে এবং 'দেয়লহি আলিঙ্গন' ইত্যাদি পংক্তি-দ্বয় 'অতিহুঁ লাজ ডর অতিহুঁ সে করুণা' পংক্তির পরে দৃষ্ট হয়।

৮। 'যত দুখ দেলি' স্থলে 'যত দুখে গেলি' প-র-সা, প-র; 'যত দুখ দেল' খ।

৯। 'হঠ ভেলহু' ইত্যাদি প-র স্থলে 'হঠ ভেল হরষ হরল গেয়ান' প-র-সা; 'হঠ ভেল রস হাম অল্প গেয়ান' ক; 'হঠ ভেল রস হাম হরল গেয়ান' খ—চ।

১০। 'নিবি-বন্ধ তোড়ল' স্থলে 'নিবি ভুগল তহি' প-র-সা; 'নিবি ফুয়ল তথি' প-র।

১১। 'দেলহি আলিঙ্গন' ইত্যাদি স্থলে 'দেলহি আলিঙ্গন ভুজ ভরি চাপি' ক; 'দেঅলি আলিঙ্গন ভুজযুগ চাপ' প-র-সা।

১২। 'নয়নে বারি' ইত্যাদি স্থলে 'কাতর পলকয়ে দরদন পোই' (?) প-র-সা; 'কাতর করি দরশাওলুঁ রোই' প-র।

১৩। 'মঝু' স্থলে 'মোর' প-র-সা, প-র।

১৪। 'রাহু গরাসি' ইত্যাদি স্থলে 'রাহু গরাসল সিতে জনু চন্দা' প-র।

১৫। 'পরহারে' স্থলে 'পরিহারে' ঘ, প-র-সা, প-র।

১৬। 'কেসরি' স্থলে 'কেশরি' ক, খ, চ।

১৭। 'ভণয়ে বিদ্যাপতি' ইত্যাদি স্থলে 'ভণহু বিদ্যাপতি শুন বর নারি' প-র-সা।

১৮। 'তুহুঁ সে' ইত্যাদি স্থলে 'তুহুঁ সে সুচেতনী চতুর কুমারী' প-র-সা; 'তুহু সে চেতনি ধনি চতুর মুরারি' প-র; 'তুহুঁ সে চেতনী লুবুধ মুরারি' ঘ।

টীকা

৭—৮। "হঠ ভেলহু রস" ইত্যাদি। সবলে সম্ভোগ-রস (নির্ব্বাহিত) হইল; (আমি) অজ্ঞান-ভাবে রহিলাম; (শ্রীকৃষ্ণ) কোন্ সময়ে আমার নীবি-গ্রন্থি উন্মুক্ত করিল, কে জানে? অর্থাৎ

রসাতিশয্যে আমার জ্ঞান বিলুপ্ত হওয়ায় আমি কিছুই জানিতে পারি নাই। তুলনা করুন ;—

"নীবিং প্রতি প্রণিহিতে তু করে প্রিয়েণ
সখ্যঃ শপামি যদি কিঞ্চিদপি স্মরামি ॥"

—কাব্য-প্রকাশ।

তথা রাগ।

হাম অতি ভীতি[১] রহল তনু গোই।
সো রস-সাগর থির নাহি[২] হোই ॥
রস নাহি হোয়ল কয়ল যে শাতি।
দমন-লতা[৩] জনু দংশল[৪] হাত ॥
পুন কত কাকুতি কয়ল অনুকূল।
তবহুঁ পাপ হিয় মঝু নাহি ভূল ॥
হামারি আছিল কত পুরুবক ভাগি।
ফেরি আওল হাম সো ফল লাগি ॥
বিদ্যাপতি কহ না করহ খেদ[৫]।
ঐছন হোয়ল পহিল সম্ভেদ ॥৫॥২৫২॥

পাঠান্তর

১। 'ভীতি' স্থলে 'ভীত' ক—গ।
২। 'থির নাহি' স্থলে 'থোর না' ঘ, চ।
৩। 'দমন-লতা' স্থলে 'মদন-লতা' ক।
৪। 'দংশল' স্থলে বিদ্যাপতির পদাবলীর সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ গুপ্ত মহাশয় 'দমসল' পাঠ গ্রহণ করিয়া, উহার অর্থ লিখিয়াছেন,—'ক্রুদ্ধ হইয়া দলিত করিল।' এই পাঠ সঙ্গত বলিয়া বোধ হইলেও কোন পুথিতে 'দমসল' পাঠ না থাকায় আমরা মূলে 'দংশল' পাঠ রাখিতেই বাধ্য হইলাম।
৫। 'খেদ' স্থলে 'ক্ষেদ' ঘ, চ।

পুনঃ সখীগণস্য উক্তিঃ।

বাঙ্গা ধানশী।

কহ কথি সাঙরি ঝাঙরি[১] দেহা।
কোন পুরুখ সঞে ন্যায়লি[২] নেহা ॥
অধর সুরঙ্গ জনু নিরস পঙার।
কোন লুটল[৩] তুয়া অমিয়া-ভাণ্ডার ॥
রঙ্গ পয়োধর অতি ভেল গোর।
মাজি ধয়ল জনু কনয়-কটোর ॥
না যাইহ সো পিয়া তহি এক গুণে[৪]।
ফেরি আয়লি তুহুঁ পুরুবক পুণে ॥
কবি বিদ্যাপতি ইহ রস জানে।
রাজা শিবসিংহ লছিমা পরমাণে ॥

॥৬॥২৫৩॥

পাঠান্তর

১। 'ঝাঙরি' স্থলে 'ঝামরি' ক—গ।
২। 'ন্যায়লি' স্থলে 'নয়লি' ক—গ।
৩। 'লুটল' স্থলে 'টুটল' ঘ।
৪। 'তহি এক গুণে' স্থলে 'তহ্নি এক গুণে' চ ; 'তহ্নি এক গুণে' ঘ।

টীকা

১—২। "কহ কথি" ইত্যাদি। (হে সখি!) তোমার দেহ কি প্রকারে অগ্নি-দগ্ধের ন্যায় শ্যাম-বর্ণ হইল? কোন্ পুরুষের সঙ্গে নবীন প্রেম করিয়াছ?

৭—৮। "না যাইহ" ইত্যাদি। সেই প্রণয়ীর নিকট যাইও না ; (কেন না), সেখানে (তুমি) একমাত্র (দয়ার) গুণে পূর্ব্বকালের পুণ্যফলে ফিরিয়া আসিয়াছ।

৯—১০। "কবি বিদ্যাপতি" ইত্যাদি। কবি বিদ্যাপতি এই সম্ভোগ-রস জানেন ; রাজা শিবসিংহ ও তাঁহার মহিষী লছিমা দেবী (এ বিষয়ে) প্রমাণ ; অর্থাৎ তাঁহারাও ইহা উত্তমরূপে জ্ঞাত আছেন।

ভূপালী।

নব কুচে নখ দেখি জিউ মোর কাঁপ[১]।
জনু নব-কমলে ভ্রমর করু ঝাঁপ[২] ॥

টূটল গীমক মোতিম হার।
রুধিরে ভরল কিয়ে সুরঙ্গ পঙার ॥
সুন্দর পয়োধরে নখ-খত[৩] ভারি।
কেসরি জনু গজ-কুম্ভ বিদারি ॥
পুন না যাইহ ধনি সো পিয়া ঠাম।
জীবন রহিলে পুরাইহ কাম ॥
ভণয়ে বিদ্যাপতি সুন্দরি আজ।
আনলে পুড়িলে পুন আনলে কাজ ॥

॥৭॥২৫৪॥

পাঠান্তর

১। 'কাঁপ' স্থলে 'কাঁপে' ক, খ।
২। 'ঝাঁপ' স্থলে 'ঝাঁপে' ক, খ; 'ঝাপ' চ।
৩। 'নখ-খত' স্থলে 'নখ-ক্ষত' ক—গ।

টীকা

৯—১০। "ভণয়ে বিদ্যাপতি" ইত্যাদি। বিদ্যাপতি কহিতেছেন,— হে সুন্দরি! আজ (যাহা কর্ত্তব্য, বলিতেছি, শ্রবণ কর;) আগুনে পুড়িলে (সেই পোড়ার জ্বালা নিবারণ জন্য) পুনর্ব্বার আগুনেরই প্রয়োজন হয়। (আগুনে সেঁকিলে পোড়ার জ্বালা অতি সহজে নিবারিত হয়।)

তথা রাগ।

ঐছন শুনইতে মুগধিনি রমণী।
সখিগণ-ইঙ্গিতে অবনত-বয়নী ॥
লাজে বচন নাহি করে পরকাশ।
সখিগণ কহতহিঁ[১] প্রিয়তর ভাষ ॥
কহইতে না কহসি রজনিক কাজ।
হামারি শপতি তোহে যদি কর লাজ ॥
পহিল সমাগম লাগি এত দুখ[২]।
পুন মীলনে[৩] কত পায়বি সুখ[৪] ॥
ঐছে বচন শুনি কহে মৃদু হাসি।
শিবরাম দাস ইহ রস পরকাশি ॥৮॥২৫৫॥

পাঠান্তর

১। 'সখিগণ কহতহিঁ' স্থলে 'সহচরিগণ কহে' ঘ; 'সখিগণ কহে তব' খ।
২। 'দুখ' স্থলে 'দুখ' ক—গ, চ।
৩। 'মীলনে' স্থলে 'মিলনে' ক—গ।
৪। 'সুখ' স্থলে 'সুখ' ক—গ, চ।

বালা ধানশী।

কি কহব রে সখি[১] আজুক বিচার।
সো সুপুরুখ মঝু কয়ল শিঙ্গার ॥
ধরি পহুঁ[২] হাসি আলিঙ্গন দেল।
মনমথ-অঙ্কুর কুসুমিত ভেল ॥
আঁচর পরশি পয়োধর হেরু।
জনম-পঙ্গু জনু[৩] ভেটল মেরু ॥
যব নিবি-বন্ধ খসায়ল কান।
আপন দিব তব যদি কিছু জান ॥
রতি-চিহ্নে জানলুঁ কঠিন মুরারি।
তোহারি পুণ্যে জীয়লুঁ[৪] হাম নারী ॥
কহ কবিরঞ্জন সহজ মধুরাই।
না কহ সুধামুখি গেও চতুরাই ॥৯॥২৫৬॥

ইতি মুগ্ধা-রসোদ্গারঃ।

পাঠান্তর

১। 'রে সখি' স্থলে 'এ সখি' ক; 'রে সখি' ঘ।
২। 'পহুঁ' স্থলে 'পুন' খ।
৩। 'জনু' স্থলে 'যেন' ক।
৪। 'জীয়লুঁ' স্থলে 'আওলুঁ' ক, গ, চ; 'জীবলুঁ' খ।

অথ শ্রীকৃষ্ণস্য রসোদ্গারো যথা।

রামকেলী।

প্রভাতে উঠিয়া বরজ-রাজ।
সকালে চলিলা ধেনু সমাজ ॥

সখাগণ আসি মিলল তাই।
আনন্দ বাঢ়ল ও মুখ চাই॥
গাবি দোহন করিয়া কান।
সুবলের সনে নিভৃতে যান॥
পুছত সুবল হেরিয়া মুখ।
কি ভেল আজুক রজনি-সুখ॥
কহত নাগর করি প্রকাশ।
ভণতহিঁ রস শেখর দাস॥১০॥২৫৭॥

গান্ধার।

সুবল মিতা হে, কি কব[১] সে সব রঙ্গ।
সে যে মুগধিনি হেরিয়া মুখানি[২]
বাঢ়ল রস-তরঙ্গ[৩]॥ধ্রু॥
কত না যতনে বচন বোলল
হাসি মিলাওল[৪] আধ।
সে যে কুল-বহু কহ[৫] লহু লহু
শুনিতে বাঢ়ই সাধ॥
গাঢ় আলিঙ্গনে চমকি উঠয়ে
আলসে শুতলি কোর[৬]।
জনু—পবনে আকুল নবীন কমল
ভ্রমর রহল আগোর[৭]॥১১॥২৫৮॥

পাঠান্তর

১। 'কব' স্থলে 'কহব' খ।
২। 'মুখানি' স্থলে 'মুখখানি' ঘ।
৩। 'রস-তরঙ্গ' স্থলে 'রসের তরঙ্গ' খ—চ।
৪। 'মিলাওল' স্থলে 'মিটায়ল' খ—চ।
৫। 'কহ' স্থলে 'কহই' ক, গ—চ।
৬। 'কোর' স্থলে 'কোরে' গ।
৭। 'আগোর' স্থলে 'আগোরে' গ।

বিভাষ।

হামে দরশাইতে কতহুঁ বেশ করু
হামে হেরইতে তনু ঝাঁপ[১]।
সুরত-শিঙ্গারে আজি ধনি আয়লি
পরশিতে থরহরি কাঁপ॥
শুন হে—কানুক ইহ অবধারি[২]।
সকল কাজ হাম বুঝলুঁ বুঝায়লুঁ
না বুঝলুঁ অন্তর নারী॥
অভিমত-কাম[৩] নাম পুন শুনইতে
রোখই গুণ[৪] দরশাই।
অরি সম[৫] গঞ্জয়ে মন পুন রঞ্জয়ে
আপন মনোরথ সাই॥
অন্তরে জীউ- অধিক করি মানয়ে
বাহিরে লাগয়ে উদাসে[৬]।
কহ কবি শেখর অনুভব জানলুঁ[৭]
বিদগধ কেলি-বিলাসে[৮]॥১২॥২৫৯॥

পাঠান্তর

১। 'তনু ঝাঁপ' স্থলে 'ঘন কাঁপ' ঘ।
২। 'শুন হে' ইত্যাদি প-স স্থলে 'শুন সখা হে, কানু কহই অবধারি' ক, খ।
৩। 'অভিমত' স্থলে 'অভিনব' ক—গ।
৪। 'গুণ' প-স স্থলে 'পুন' গ, চ।
৫। 'অরি সম' স্থলে 'অবিষম' ক।
৬। 'লাগয়ে উদাসে' স্থলে 'নাগয়ে দোষে' খ; 'নাগয়ে উদাসে' ক, ঘ, চ।
৭। 'অনুভব জানলুঁ' স্থলে 'সহজ বিষয়রত' খ—চ।
৮। 'কেলি-বিলাসে' স্থলে 'প্রেম-বিলাসে' খ—চ।

টীকা

১—৪। "হামে দরশাইতে" ইত্যাদি। ("প্রিয়েষু সৌভাগ্য-ফলা হি চারুতা" এই নীতি অনুসারে)

আমাকে দেখাইবার জন্য কত রকম বেশ ধারণ করে; (কিন্তু নবোঢ়ার স্বভাব-সুলভ অনির্ব্বহণ-শীলতা হেতু) আমাকে দেখিলেই অঙ্গ আচ্ছাদিত করে।

৫—৭। "শুন হে" ইত্যাদি। হে সখা! (তোমার) কৃষ্ণের (যাহা) নিশ্চিত ধারণা, (তাহা) শ্রবণ কর; আমি (শ্রীরাধার) সকল আচরণ বুঝিয়াছি এবং তোমাকে বুঝাইয়াছি—(কিন্তু) নায়িকার অন্তরের ভাব বুঝিতে পারিলাম না।

৮—১১। "অভিমত কাম" ইত্যাদি। কাম অর্থাৎ কাম-কেলি (তাহার) অভিপ্রেত (বটে;) কিন্তু (সেই কাম-কেলির) নাম শুনা মাত্র (নিজের সতীত্ব প্রভৃতি) গুণ দর্শাইয়া (আমার প্রতি) কোপ প্রকাশ করে; (সে) বৈরীর ন্যায় (আমাকে) ভৎর্সনা করে; আবার (একটু পরেই) নিজের অভীষ্ট (কার্য্য) অর্থাৎ বামতা-প্রকাশ সাধিত করিয়া, (আমার) মনোরঞ্জন করে।

১২—১৫। "অন্তরে জীউ" ইত্যাদি। (আমাকে মনে মনে) প্রাণের অধিক বলিয়া জ্ঞান করে; (কিন্তু) বাহিরে (আমার প্রতি) ঔদাস্য প্রকাশ করে। কবি শেখর কহিতেছেন,—জানিলাম, সুচতুর ব্যক্তির কেলি-বিলাসে (ইহাই) রসাস্বাদন-রীতি। তুলনা করুন;—

"দৃষ্ট্বা দৃষ্টিমধো দদাতি কুরুতে নালাপমাভাষিতা
শয্যায়াং পরিবৃত্য তিষ্ঠতি বলাদালিঙ্গিতা বেপতে।
নির্যান্তীষু সখীষু বাসভবনান্নির্গন্তুমেবেহতে
জাতা বামতয়ৈব সংপ্রতি মম প্রীত্যৈ নবোঢ়া প্রিয়া॥"
—সাহিত্য-দর্পণ; ৩য় পরিচ্ছেদ।

কৃষ্ণস্য প্রিয়সখ্যঃ ধনিষ্ঠাকুন্দলতাবৃন্দাদয়ঃ কাশ্চিৎ তত্রাগতাস্তৎসম্বোধনং কথয়তি।

ধানশী।১

করে কর ধরি যে কিছু কহল
বদন বিহসি থোর।
যৈছে হিম-কর মৃগ পরিহরি২
কুমুদ৩ কয়ল স্থির॥
রামা হে—শপতি করহুঁ তোর৪।
সোই গুণবতি- গুণ গণি গণি৫
না জানি কি গতি মোর॥ ধ্রু॥৬
গলিত বসন লুলিত৭ ভূষণ
ফুয়ল কবরি-ভার।
আহা উহু করি যে কিছু কহল
তাহা কি বিছুরি পার৮॥
নিভৃত কেতনে৯ হরল চেতনে১০
হৃদয়ে রহল বাধা১১।
ভণে বিদ্যাপতি ভালে সে উমতি
বিপতি পড়ল রাধা১২॥১৩॥২৬০॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৩।৭৪ সংখ্যক পদ। 'ধানশী' স্থলে 'তুড়ী' প-র।

২। 'পরিহরি' স্থলে 'পরিহর' খ, ঘ, চ।

৩। 'কুমুদ' স্থলে 'কুমুদে' প-র।

৪। 'রামা হে' ইত্যাদি স্থলে 'সখা, সপতি করিয়ে তোর' প-র।

৫। 'গণি গণি' স্থলে 'গুণি গুণি' ক; 'গুণি গণি' ঘ, চ।

৬। অতঃপর প-র পুথিতে নিম্ন-লিখিত অতিরিক্ত কলি দুইটি দৃষ্ট হয়; যথা,—

'অঙ্গ-ভঙ্গি করি রস পসারল
লাগল হৃদয়ে বাণ।
সে সব সঙরি মদন-দহন
সংশয় হইল প্রাণ॥
নব পয়োধর পরস দরসি
অধর-অমিয়া দেল।
দৃঢ় আলিঙ্গনে সব কলেবর
পুনহি অঙ্কুর ভেল॥'

৭। 'লুলিত' স্থলে 'লোলিত' চ; 'ললিত' ক, গ, ঘ, প-র।

৮। 'পার' স্থলে 'আর' প-র।

৯। 'নিভৃত কেতনে' স্থলে 'নিভৃত কেতন' ঘ; 'নিভৃত হামারি' চ।

১০। 'চেতনে' স্থলে 'চেতন' ঘ, চ।

১১। 'বাধা' স্থলে 'রাধা' গ।

১২। 'রাধা' স্থলে 'বাধা' গ।

টীকা

১২—১৫। "নিভৃত কেতনে" ইত্যাদি। নির্জ্জন কুঞ্জ-গৃহে (শ্রীরাধা বিলাস-বিভ্রম দ্বারা) আমার জ্ঞান হরণ করিল; (আমার) হৃদয়ে (কন্দর্পের) পীড়া রহিয়া গেল। বিদ্যাপতি কহিতেছেন,—সেই (প্রেমে) উন্মত্তা শ্রীরাধা (প্রেম করিয়া) বিপদে পতিত হইল। কবির এই উক্তির তাৎপর্য্য এই যে, বহু-বল্লভ নায়ক শ্রীকৃষ্ণকে কন্দর্প বড় কিছু করিয়া উঠিতে পারিবে না—কিন্তু প্রেমোন্মত্তা শ্রীরাধাকে বহু-বল্লভ নায়ক শ্রীকৃষ্ণে মন-প্রাণ সমর্পিত করিয়া নিশ্চিতই নানারূপ ক্লেশ সহ্য করিতে হইবে; অতএব শ্রীরাধার বিপদের তুলনায় শ্রীকৃষ্ণের হৃদয়-পীড়া গণ্য হইতে পারে না।

সুহই।

বেনন[১] সঞে যব বসন উতারলুঁ[২]
লাজে লাজায়লি গোরি।
করে কুচ ঝাঁপিতে বিহসি বয়ন ধনি
অঙ্গ কয়ল কত মোড়ি॥
নিবি-বন্ধ খসইতে করে কর ধরু ধনি
পুন বেকত কুচ জোরি[৩]।
দুয়[৪] সমাধানে বিকল ভেল শশি-মুখি
তব হাম কোরে আগোরি[৫]॥
এত কহি বিষাদ ভাবি রহুঁ মাধব
রাই-প্রেমে[৬] ভেল ভোর।
ভণয়ে বিদ্যাপতি গোবিন্দদাস তথি
পূরল ইহ রস ওর[৭]॥১৪॥২৬১॥

পাঠান্তর

১। 'বেনন' স্থলে 'বেনল' 'বেরল' গ—চ।

২। 'উতারলুঁ' স্থলে 'উতারল' ক।

৩। 'জোরি' স্থলে 'জোর' খ।

৪। 'দুয়' স্থলে 'দ্বয়' ক, খ, ঘ, চ।

৫। 'আগোরি' স্থলে 'আগোর' খ।

৬। 'রাই-প্রেমে' স্থলে 'রাইক প্রেমে' খ; রাই-প্রেমেতে' ক।

৭। 'ওর' স্থলে 'য়োর' ঘ; 'জোর' খ।

অথ শ্রীরাধায়াঃ স্নানচ্ছলেন অভিসার

ভাটিয়ারি।

সকালে সিনানে চলিলা গোরী।
সখিগণ সঞে আনন্দে[১] ভোরি॥
সুগন্ধি তৈল হলদি লইয়া।
কোন সখি আগে চলিল ধাইয়া॥
কেহ ত বসন ভূষণ নিলা।
রাইরে বেঢ়িয়া[২] সভে চলিলা॥
দূর সঞে হেরি নাগর-রাজ।
তুরিতে আওল ধেনু-সমাজ॥
রাই-রূপ হেরি বিভোর হইয়া।
দোহনের[৩] ছান্দ পড়ে আউলাঞা[৪]॥
কহয়ে শেখর রসিকরাজ।
ভুলল গোধন-দোহন কাজ॥১৫॥২৬২॥

পাঠান্তর

১। 'আনন্দে' স্থলে 'আনন্দ' ক।

২। 'বেঢ়িয়া' স্থলে 'বেড়িয়া' ক—গ।

৩। 'দোহনের' স্থলে 'দোহনির' চ।

৪। 'আউলাঞা' স্থলে 'এল্যাইয়া' খ, ঘ; 'আলুলাইয়া' চ।

শঙ্করাভরণ।

হেরইতে বিনদিনি ভূলল[১] রে।
গোধন-দোহন তেজল রে॥
চান্দ চকোর জনু[২] পাওল রে।
রাই[৩]-প্রেমভরে ভাসল রে॥
মুরুছি অবনিতলে পড়লহি রে।
অরুণিত লোচন ঢল ঢল[৪] রে॥
করে পহুঁ কোরে আগোরল রে।
অঙ্গে পুলক অতি পূরল রে॥
দুহুঁ মুখ সুন্দর শোহন[৫] রে।
গোবিন্দদাস মনমোহন রে ॥১৬॥২৬৩॥

পাঠান্তর

১। 'বিনদিনি ভূলল' স্থলে 'বিনদিনি ভুলল' চ; 'বিনোদিনী ভুলল' ক।
২। 'জনু' স্থলে 'যেন' ঘ।
৩। 'রাই' স্থলে 'রাইক' ক।
৪। 'লোচন ঢল ঢল' স্থলে 'লোচনে ঢল ঢল' ক; 'লোচন ঢর ঢর' ঘ।
৫। 'শোহন' স্থলে 'শোহ' খ।

ভাটিয়ারি।

তনু তনু মীলনে[১] উপজল প্রেম।
মরকত যৈছন বেঢ়ল হেম॥
কনক-লতায়ে জনু[২] তরুণ তমাল।
নব-জলধরে জনু বিজুরি রসাল॥
কমলে মধুপ যেন পাওল সঙ্গ।
দুহুঁ তনু পুলকিত প্রেম-তরঙ্গ॥
দুহুঁ অধরামৃত দুহুঁ করু পান।
গোবিন্দদাস দুহুঁক গুণ গান ॥১৭॥২৬৪॥

পাঠান্তর

১। 'মীলনে' স্থলে 'মিলনে' ক, গ।
২। 'জনু' স্থলে 'যেন' ঘ।

তথা রাগ।

বিপিনহিঁ কেলি কয়ল দুহুঁ মেলি।
জল মাহা পৈঠি কয়ল জলকেলি॥
নাহি উঠল দুহুঁ গোছল অঙ্গ।
দুহুঁ রূপ নিরখিতে[১] মুরুছে অনঙ্গ॥
অঙ্গে করল দুহুঁ নব নব বেশ।
কবরি বনায়ল বান্ধল কেশ॥
নিজ নিজ মন্দিরে কয়ল পয়ান।
গোবিন্দদাস দুহুঁক[২] গুণগান ॥১৮॥২৬৫॥

ইতি সংক্ষিপ্তসম্ভোগস্য গোদোহনে মিলনম্[৩]।
ইতি একাদশপল্লবঃ॥

পাঠান্তর

১। 'নিরখিতে' স্থলে 'হেরইতে' খ।
২। 'দুহুঁক' স্থলে 'দুহু' চ।
৩। ইহার পর ক, খ, ঘ, চ পুথিতে নিম্নলিখিত প্রক্ষিপ্ত শ্লোক দৃষ্ট হয়; যথা,—
'বাল্যে গোষ্ঠোৎসালি-দোহে চুম্বনে স্পর্শনে তথা।
বস্ত্রাপকর্ষণং (বস্ত্রাকর্ষণং ঘ) বর্ত্মরোধনে মিথসঙ্গমে॥'

ইতি পদকল্পতরু-গ্রন্থে প্রথম-শাখা সম্পূর্ণা।

শ্রীশ্রীপদকল্পতরু

(দ্বিতীয় শাখা)

অথ শ্রীগৌরচন্দ্রস্য সংকীর্ত্তনবর্ণনম্।

মঙ্গল

শ্রীবাস অঙ্গনে বিনদ বন্ধনে[1]
নাচত গৌরাঙ্গ রায়[2]।
মনুজ দৈবত পুরুষ যোষিত
সভাই দেখিবারে ধায় ॥
ভকত-মণ্ডল গাওত মঙ্গল
বাজত খোল করতাল।
মাঝে উনমত নিতাই নাচত
ভাইয়ার ভাবে মাতোয়াল[3] ॥
গরজে পুন পুন লম্ফ ঘন ঘন
মল্লবেশ ধরি নাচই।
অরুণ লোচনে প্রেম বরিখয়ে
অবনি-মণ্ডল সিঞ্চই ॥
ধরণি-মণ্ডল প্রেমে বাদল
করল অবধৌত চান্দ।
না জানে[4] নর নারি ভুবন দশ চারি
সভাই রূপ হেরি কান্দ ॥
শান্তিপুর-নাথ গরজে অবিরত
দেখিয়া প্রেমের বিকার।
ধরিয়া শ্রীচরণ করয়ে রোদন
পণ্ডিত শ্রীবাস উদার ॥
মুকুন্দ কুতুহলি কান্দয়ে ফুলি ফুলি
ধরিয়া গদাধর কোর।
নয়নে[5] বহে প্রেম ঠাকুর অভিরাম
সঘনে ভাইয়া ভাইয়া বোল ॥
না জানে[6] দিবানিশি প্রেমরসে ভাসি
সকল সহচর[7]-বৃন্দ।
বৃন্দাবনদাস প্রেম পরকাশ
নিতাই চরণারবিন্দ ॥১॥২৬৬ ॥

পাঠান্তর

১। 'বিনদ বন্ধনে' স্থলে 'বিনোদ বন্ধনে' ক, গ; 'বিনদ বন্ধানে' চ।
২। 'গৌরাঙ্গ রায়' স্থলে 'গৌর রায়' ক।
৩। 'মাতোয়াল' স্থলে 'মাতোয়ার' ক, খ, চ।
৪। 'না জানে' স্থলে 'না জানি' ক, খ।
৫। 'নয়নে' স্থলে 'নয়ানে' ঘ, চ।
৬। 'না জানে' স্থলে 'না জানি' ক, খ।
৭। 'সহচর' স্থলে 'সহচরি' চ।

রূপানুরাগ।

সুহই।১

লাখবান কাঞ্চন জিনি।
রসে ঢর ঢর গোরা অঙ্গের মু জাঙ নিছনি ॥

কি কাজ শরদ কোটী শশী।
জগত করিলে আলা[২] গোরা মুখের হাসি॥
দেখিয়া রঙ্গিমাধর-কাঁতি।
মল্য মল্য[৩] অনুরাগে এ বর যুবতি ॥
সুদশন শিখর-মুরতি।
মরমে ভরম জাগে পিরিতি-আরতি ॥
ভাঙু[৪] গঞ্জে মদন-ধানুকী[৫]।
কুলবতি উনমতি[৬] কৈলে দুটি আঁখি ॥
অলকা তিলক ভালে শোভে।
রঙ্গিণীর মনে রঙ্গ বাঢ়ে ওই[৭] লোভে ॥
চাঁচর চিকুর[৮] কবরী।
নানা ফুল সাজে তাহে হেরি হেরি মরি ॥
চন্দন-কেশর-মাখা তনু।
রঙ্গিণীর প্রাণ বাটি লেপিয়াছে[৯] জনু ॥
মদন-বিজই[১০] দোলে[১১] মালা।
ইথে কি[১২] পরাণে জিয়ে কামিনি অবলা[১৩]॥
রাঙ্গাপ্রান্ত পীত পট-বাস[১৪]।
পহিরণ নিতম্বিনি-রস-অভিলাস[১৫] ॥
অরুণ চরণে নখচান্দ[১৬]।
পামরি গোবিন্দদাসের চিত-বান্ধা
ফান্দ[১৭]॥২॥২৬৭ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৯৭ ও ৩৫৫ সংখ্যক এবং প-র পুথির ৫।১ সংখ্যক পদ। 'সুহই' স্থলে 'তুড়ী' প-র।

২। 'জগত করিলে আলা' স্থলে 'জগত করিলে আল' ক—চ; 'ভুবন করেছে আলা' প-র-সা।

৩। 'মল্য মল্য' স্থলে 'মনু মনু' ক; 'মল্যু মল্যু' ঘ।

৪। 'ভাঙু' স্থলে 'ভাঙ' ক—গ, চ।

৫। 'ধানুকী' স্থলে 'ধানকি' প-র-সা, প-র।

৬। 'উনমতি' স্থলে 'উনমত' প-র-সা।

৭। 'ওই' স্থলে 'ঐ' ক—গ, প-র।

৮। 'চিকুর' স্থলে 'চিকুরকি' ঘ। 'চাঁচর চিকুর' ইত্যাদি চারিটি পংক্তি প-র পুথিতে নাই।

৯। 'লেপিয়াছে' স্থলে 'লেখিয়াছে' খ।

১০। 'বিজই' স্থলে 'বীজই' চ।

১১। 'দোলে' স্থলে 'বন' প-র-সা।

১২। 'ইথে কি' স্থলে 'ইথে' ক।

১৩। 'ইথে কি' ইত্যাদি স্থলে 'ইহা হেরি জিয়ে কি কামিনী অবলা' প-র-সা।

১৪। 'রাঙ্গাপ্রান্ত' ইত্যাদি স্থলে 'অঙ্গে শোভে রাঙ্গা পট্টবাস' প-র।

১৫। 'পহিরণ' ইত্যাদি স্থলে 'পহিরণ নিতম্বিনি বর অভিলাষ' গ; 'পহিরণ নিতম্বির রস অভিলাষ' ঘ; 'পহিরণ নিতম্বিনীর রস অভিলাস' প-র।

১৬। 'নখচান্দ' স্থলে 'নখচান্দা' প-র।

১৭। 'পামরি' ইত্যাদি স্থলে 'পামরি গোবিন্দ দাসের চিত বান্ধা' প-র।

প-র-সা পুথিতে এই পদটি নিম্নলিখিত আকারে দৃষ্ট হয়; যথা,—

'ভাঙু গঞ্জে মদন ধানকি।
কুলবতি উনমতি কৈল দুটি আঁখি॥
কি কাজ শরদ কোটি শশী।
ভুবন করেছে আলা গোরা-মুখের হাসি॥
মদন বিজই বনমালা।
ইহা হেরি জিয়ে কি কামিনী অবলা॥
নিশি দিশি শশী ষোল কলা।
গোবিন্দ দাস চিতে মজিল অবলা॥'

টীকা

১৫—১৬। "চন্দন-কেশর" ইত্যাদি। শ্রীগৌরাঙ্গের তনু চন্দন ও কুঙ্কুমে চর্চ্চিত; (দেখিয়া বোধ হয়) যেন, তিনি বিলাসিনী রমণীদিগের (প্রেম-রাগ-রঞ্জিত) প্রাণ বাটিয়া অঙ্গে লেপন করিয়াছেন। প্রাচীন সংস্কৃত কবিগণ অনুরাগকে আরক্তিম বলিয়া বর্ণনা করিয়া গিয়াছেন; যথা,—"মালিন্যং ব্যোম্নি

পাপে যশসি ধবলতা বর্ণ্যতে হাসকীর্ত্ত্যোঃ, রক্তৌ চ ক্রোধরাগৌ—" সাহিত্য-দর্পণ ; ৭ম পরিচ্ছেদ। অনুরাগ আরক্তিম হইলে, অনুরক্ত প্রাণকেও সুতরাং আরক্তিম বলা যাইতে পারে। "রঙ্গিণীর প্রাণ" ইত্যাদি বাক্যের উৎপ্রেক্ষা অলঙ্কার দ্বারা শ্রীগৌরাঙ্গের চন্দন-কুঙ্কুমাক্ত দেহ দর্শনে রসবতী নায়িকাদিগের প্রেমোচ্ছ্বাস ও কন্দর্প-কর্ত্তৃক হৃদয়ের নিষ্পেষণ ব্যঞ্জিত হইতেছে। তুলনা করুন ;—

"তবেদং পশ্যন্ত্যাঃ প্রসরদনুরাগং বহিরিব
প্রিয়া-পাদালক্তচ্ছুরিতমরুণ-দ্যোতি হৃদয়ম্।"
—গীতগোবিন্দ ; ৮ম সর্গ।

১৯—২০। "রাঙ্গা প্রান্ত" ইত্যাদি। (শ্রীগৌরাঙ্গের) লাল পে'ড়ে জরদা-রঙ্গের রেশমী কাপড় পরিধান ; (উহা) সুন্দরী রমণীর বিলাস-বাসনাস্বরূপ (হইয়াছে) ; অর্থাৎ উহা দেখিয়া সুন্দরীর বিলাস-বাসনা উদ্দীপিত হইতেছে।

শ্রীকৃষ্ণস্য রূপম্।

বেলোয়ার।১

বিকচ সরোজ ভান মুখ-মণ্ডল
দিঠি-ভঙ্গিম নট খঞ্জন জোর।
কিয়ে মৃদু মাধুরি হাস উগারই
পী পী২ আনন্দে আঁখি পড়লহি ভোর৩ ॥
বরণি না হয়৪ রূপ বরণ চিকণিয়া৫।
কিয়ে ঘনপুঞ্জ কিয়ে কুবলয়দল
কিয়ে কাজর কিয়ে ইন্দ্রনিলমণিয়া৬ ॥ধ্রু॥
অঙ্গদ বলয়৭ হার মণি-কুণ্ডল
চরণে৮ নূপুর কটি কিঙ্কিনি-কলনা।
অভরণ-বরণ- কিরণে অঙ্গ ঢর ঢর৯
কালিন্দি-জলে যৈছে চান্দকি চলনা১০ ॥
কুঞ্চিত কেশ বেশ কুসুমাবলি১১
শির পর শোভে শিখি-চান্দকি ছান্দে১২।
অনন্ত দাস পহুঁ অপরূপ লাবণি১৩
সকল যুবতি-মন পড়ি গেও
ফান্দে১৪॥৩॥২৬৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৩২৮ সংখ্যক ও প-র পুথির ২।৩৫ সংখ্যক পদ।

২। 'পী পী' স্থলে 'পিবি' ক ; 'পি পি' প-র-সা।

৩। 'পড়লহি ভোর' স্থলে 'পড়ল বিভোর' প-র-সা, ঘ ; 'পঢ়ল বিভোর' চ।

৪। 'বরণি না হয়' স্থলে 'বরণি হয়' প-র।

৫। 'চিকণিয়া' স্থলে 'চিকনিঞা' ঘ।

৬। 'ইন্দ্রনিলমণিয়া' স্থলে 'ইন্দ্রনিলমনিঞা' ঘ।

৭। 'বলয়' স্থলে 'বলয়া' ক—চ, প-র-সা। 'বলয়া' পাঠে ছন্দঃ-পতন হয় বলিয়া প-র পুথির 'বলয়' পাঠ গৃহীত হইয়াছে।

৮। 'চরণে' স্থলে 'কলয়া' (কনয়া ?) প-র-সা।

৯। 'অভরণ-বরণ' ইত্যাদি স্থলে 'অভরণ-কিরণ বরণ কিয়ে ঢর ঢর' প-র ; 'অভরণ বরণ… .. ঝলকই' প-র-সা।

১০। 'কালিন্দি-জলে' ইত্যাদি স্থলে 'কালিন্দি-তীরে যৈছে চান্দে কিছু চলনা' প-র-সা ; 'কালিন্দি-জলে কিয়ে' ইত্যাদি প-র ; 'কালিন্দি-জলে যৈছে ছান্দকি চলনা' চ।

১১। 'বেশ কুসুমাবলি' স্থলে 'ভালে রঞ্জিত' প-র-সা ; 'কুসুমাবলি তছু পর' প-র। চতুর্থ শাখার ২৮ পল্লবের ৩৬ সংখ্যক পদের পাঠ,—'খচিত কুসুমাবলি' ক, খ, ঘ, চ।

১২। 'শির পর' ইত্যাদি স্থলে 'শোভে মদন শিখী চান্দকি ছান্দে' ক ; 'শির পর……চান্দে' ঘ ; 'শোভে শিখি চান্দকি ছান্দে' প-র ; 'মত্ত ময়ূর শিখি পুচ্ছকি ছান্দে' প-র-সা।

১৩। 'অপরূপ লাবণি' স্থলে 'জুবতিক লোচন' প-র-সা।

১৪। 'সকল যুবতি' ইত্যাদি স্থলে 'সকল যুবতি মন ফান্দে' প-র; 'চূড়া নিরখিতে পড়লহি ফান্দে' ঘ, প-র-সা। ৪র্থ শাখার ২৮ পল্লবের ৩৬ সংখ্যক পদের পাঠ,—'সকল যুবতি মন পড়লহি ফান্দে' ঘ।

শ্রীরাগ।১

ভালে সে চন্দন চান্দ　কামিনী-মোহন ফাঁদ
আন্ধারে করিয়া আছে২ আলা।
মেঘের উপর কিবা৩　সদাই উদয় করে
নিশি দিশি শশী ষোলকলা॥
সই—কিবা সেই নয়ান-চাহনি৪।
আঁখির৫ হিলোলে মোর পরাণ-পুতলী দোলে
দিতে চাহি৬ যৌবন নিছনি॥ ধ্রু॥
কিবা সে চূড়ার ঠাট　দশ-নখ-চান্দ-নাট
অপরূপ বাঁশী বাজাইতে।
হেরইতে সেই মুখ　মনে হয় যত সুখ
জিতে কি পারিয়ে পাসরিতে॥
কুল শীল যত ছিল　মনে লাগে সব গেল
দেখিয়া বারেক সেই রূপ।
গোবিন্দ দাসের চিতে　ঐছন লাগয়ে গো৭
নব অনুরাগের স্বরূপ॥৪॥২৬৯॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৪।১০০ সংখ্যক পদ। 'শ্রীরাগ' স্থলে 'সিন্ধুড়া' প-র।

২। 'আন্ধারে' ইত্যাদি স্থলে 'আন্ধারে করিয়াছে' ঘ, চ; 'আন্ধারেতে করিয়াছে' প-র।

৩। 'কিবা' স্থলে 'চান্দ' গ।

৪। 'চাহনি' স্থলে 'নাচনি' খ, ঘ।

৫। 'আঁখির' স্থলে 'হাসির' ক, গ, চ।

৬। 'চাহি' স্থলে 'চাই' ক; 'চাহ' ঘ; 'চাহে' চ; 'চাহো' প-র।

৭। 'লাগয়ে গো' স্থলে 'লাগয়ে' ঘ, চ; 'লাগয়ে ভিতে' প-র।

টীকা

১—৪। "ভালে সে" ইত্যাদি। '(শ্রীকৃষ্ণের) ললাটে সেই চন্দনের চন্দ্রাকার ফোটা কামিনীর চিত্ত-বিমোহনকারী ফান্দস্বরূপ; (উহা) অন্ধকারকে আলোকিত করিয়া রহিয়াছে; (দেখিয়া বোধ হয়) যেন, দিবানিশি (চন্দন-চন্দ্র-রূপ) সম্পূর্ণ-মণ্ডল চন্দ্র (শ্রীকৃষ্ণের সুশ্যাম দেহরূপ) মেঘের উপর সর্ব্বদা উদিত রহিয়াছে। গগনের চন্দ্র সর্ব্বদা পূর্ণ থাকে না এবং উহা মেঘের উপরে উদিত হয় না, বরং অনেক সময়ে মেঘের নীচেই পড়িয়া থাকে; কিন্তু শ্রীকৃষ্ণের ললাট-স্থিত চন্দন-চন্দ্র কি শুক্লপক্ষ, কি কৃষ্ণপক্ষ, সকল সময়েই পূর্ণ-মণ্ডলে বিরাজিত থাকিয়া মনের বিষাদ-রূপ অন্ধকারকে বিদূরিত করে। "ভালে সে" ইত্যাদি বাক্যের উৎপ্রেক্ষা-মূলক ব্যতিরেক অলঙ্কার দ্বারা কবি প্রাকৃত চন্দ্র হইতে শ্রীকৃষ্ণের চন্দন-চন্দ্রের শ্রেষ্ঠতা ব্যঞ্জিত করিয়াছেন।

৮—৯। 'কিবা সে" ইত্যাদি। (শ্রীকৃষ্ণের) সেই (ময়ূর-পুচ্ছের) চূড়ার কি অপূর্ব্ব শোভা! (তিনি) বংশী বাদন করিবার সময়ে (তাঁহার) করের দশটি নখ-রূপ চন্দ্রের নৃত্য কি অপূর্ব্ব! (বংশী-রন্ধ্র হইতে নখ-রাজির উত্থান ও পতনই এ স্থলে অতিশয়োক্তি অলঙ্কার দ্বারা দশটি চন্দ্রের নৃত্য বলিয়া বর্ণিত হইয়াছে)।

১৪—১৫। "গোবিন্দ দাসের" ইত্যাদি। (পদ-কর্ত্তা) গোবিন্দ দাসের মনে এইরূপ বিবেচনা হইতেছে যে, (পূর্ব্ব-বর্ণিত মদন-মোহন-রূপ-ধারী শ্রীকৃষ্ণ) নব অনুরাগের মূর্ত্তিমান্ বিগ্রহ অর্থাৎ মধুর হইতে মধুর নবানুরাগের সজীব প্রতিমূর্ত্তি।

অথ শ্রীরাধিকায়াঃ রূপাভিসারঃ।

শ্রীরাগ।১

কুঞ্চিত-কেশিনি[২] নিরুপম-বেশিনি[৩]
রস-আবেশিনি ভঙ্গিনি রে।
অধর সুরঙ্গিণি অঙ্গ তরঙ্গিণি[৪]
সঙ্গিনি নব নব রঙ্গিণি রে॥
সুন্দরী রাধে আওয়ে বনী[৫]।
ব্রজ-রমণীগণ-মুকুট-মণি॥ ধ্রু॥
কুঞ্জর-গামিনি মোতিম দামিনি[৬]
দামিনি চমক -নেহারিণি রে।
অভরণ-ধারিণি[৮] নব অভিসারিণি[৯]
শ্যামর-হৃদয়-বিহারিণি রে॥
নব অনুরাগিণি অখিল-সোহাগিনি
পঞ্চম রাগিণি মোহিনি[১০] রে।
রাস-বিলাসিনি[১১] হাস বিকাশিনি
গোবিন্দদাস চিত শোহিনি রে[১২]॥
॥৫॥২৭০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৭ সংখ্যক ও প-র পুথির ৫।৩ সংখ্যক পদ। 'শ্রীরাগ' স্থলে 'কল্যাণ' প-র।

২। 'কেশিনি' স্থলে 'কেশনী' প-র-সা।

৩। 'বেশিনি' স্থলে 'বেশনী' প-র-সা।

৪। 'অধর সুরঙ্গিণি' ইত্যাদি স্থলে 'অঙ্গ তরঙ্গিণি অধর সুরঙ্গিণি' ঘ, প-র-সা, প-র।

৫। 'আওয়ে বনী' স্থলে 'আওয়ে বনি' চ; 'আয়ে বনী' প-র-সা।

৬। 'মোতিম দামিনি' স্থলে 'মোতিম দশনি' গ।

৭। 'চমক' স্থলে 'চমকী' প-র।

৮। 'ধারিণি' স্থলে 'ভারিণি' খ; 'ভামিনী' প-র-সা।

৯। 'অভিসারিণি' স্থলে 'অনুরাগিণী' প-র।

১০। 'মোহিনি' স্থলে 'মোহনি' প-র-সা।

১১। 'বিলাসিনি' স্থলে 'বিহারিণি' খ, ঘ।

১২। 'গোবিন্দদাস' ইত্যাদি স্থলে 'গোবিন্দদাস চিতে সোহনি রে' প-র-সা; 'গোবিন্দদাস চিত মোহিনী রে' ঘ; 'গোবিন্দ চীত সোহিনী রে' চ।

টীকা

১—৪। "কুঞ্চিত-কেশিনি" ইত্যাদি। (শ্রীরাধা) কুঞ্চিত-কেশ-যুক্তা, উৎকৃষ্ট-বেশ-ধারিণী, রস-আবেশ-পূর্ণা, উৎকৃষ্ট ভঙ্গীবিশিষ্টা, সুরঙ্গিম-অধর-যুক্তা এবং তরঙ্গের ন্যায় (লীলা-চঞ্চল) গতি-বিশিষ্ট অঙ্গ-ধারিণী; নব নব বিলাসিনী (তাঁহার) সঙ্গিনী।

৫—৬। "সুন্দরী রাধে" ইত্যাদি। সুন্দরী শ্রীরাধা কুঞ্জ-কাননে আসিতেছেন; (তিনি) ব্রজাঙ্গনাগণের মুকুট-মণি অর্থাৎ শীল-সৌন্দর্য্যাদি গুণে নিখিল ব্রজাঙ্গনার মধ্যে শ্রেষ্ঠ।

১১—১২। "নব অনুরাগিণি" ইত্যাদি। (শ্রীরাধা) নবানুরাগবতী, সকলের নিকট সমাদৃতা এবং মোহ-কারিণী পঞ্চম-স্বর-প্রধান রাগিণীস্বরূপ। পঞ্চম স্বর অর্থাৎ 'পা' সুর প্রীতি ও আনন্দের উদ্দীপক বলিয়া, পঞ্চম-স্বর-প্রধান রাগিণীও প্রীতি ও আনন্দের উৎপাদক হইয়া থাকে; শ্রীরাধাকে কবি পঞ্চম-রাগিণী বলিয়া বর্ণিত করিয়া, তিনি জগতের প্রেমানন্দ-রূপিণী, ইহাই ব্যঞ্জনা দ্বারা বুঝাইয়াছেন।

ধানশী।১

করিবর রাজ- হংস জিনি গামিনি[২]
চললিহুঁ[৩] সঙ্কেত গেহা।
অমলা[৪] তড়িত- দণ্ড হেম-মঞ্জরি
জিনি অতি সুন্দর দেহা॥
জলধর তিমির চামর জিনি কুন্তল
অলকা ভৃঙ্গ শৈবালে।
ভাঙু-লতা ধনু ভ্রমর ভুজগিনি
জিনি আধ বিধুবর ভালে॥

নলিনি চকোর সফরি বর[৫] মধুকর
মৃগি[৬] খঞ্জন জিনি আঁখি।
নাসা তিলফুল গরুড়-চঞ্চু জিনি
গৃধিনী শ্রবণ বিশেখি[৭] ॥
কনক-মুকুর শশি কমল জিনিয়া মুখ
জিনি বিম্বু অধর পঙারে[৮]।
দশন মুকুতা জিনি[৯] কুন্দ করগ-বিজ[১০]
জিনি কম্বু[১১]কণ্ঠ আকারে ॥
বেল তালযুগ হেম-কলস গিরি[১২]
কটরি[১৩] জিনিয়া কুচ সাজা।
বাহু মৃণাল পাশ বল্লরি জিনি[১৪]
ডমরু সিংহ জিনি মাঝা ॥
লোম লতাবলি শৈবল কজ্জল
ত্রিবলি তরঙ্গিণি রঙ্গা[১৫]।
নাভি সরোবর সরোরুহ-দল জিনি
নিতম্ব জিনিয়া গজকুম্ভা ॥
উরুযুগ[১৬] কদলী করিবর-কর জিনি[১৭]
স্থল-পঙ্কজ পদ-পাণি।
নখ দাড়িম-বিজ ইন্দু-রতন জিনি[১৮]
পিকু জিনি অমিয়া বাণী[১৯] ॥
ভণয়ে বিদ্যাপতি অপরূপ মুরতি[২০]
রাধা-রূপ অপারা[২১]।
রাজা শিবসিংহ রূপনারায়ণ
একাদশ অবতারা[২২] ॥৬॥২৭১ ॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৫।১৪ সংখ্যক পদ।

২। 'হংস জিনি গামিনি' স্থলে 'হংস-গতি গামিনী' ক—চ, প-র। রাধামোহন ঠাকুর লিখিয়াছেন,—'রাজহংসগামিনীত্যেব পাঠঃ। প্রতিচরণে জিনি জিনীতি শব্দপ্রাচুর্য্যদর্শনাৎ।' ইহা দ্বারা 'হংস-গতি-গামিনি' পাঠও যে তাঁহার দৃষ্টিগোচর হইয়াছিল, ইহা বুঝা যায়।

৩। 'চললিহুঁ' স্থলে 'চললহি' প-র।

৪। 'অমলা' স্থলে 'অমল' ক, গ, চ, প-র। 'অমল' পাঠে ছন্দোভঙ্গ হয়।

৫। 'সফরি বর' স্থলে 'সফরি সর' ঘ, চ; 'সফরি সব' ক-গ।

৬। 'মৃগি' স্থলে 'মৃগ' প-র।

৭। 'বিশেখি' স্থলে 'বিসেখি' ঘ, প-র।

৮। 'পঙারে' স্থলে 'প্রবালে' ক-চ।

৯। 'জিনি' স্থলে 'পাতি' প-র।

১০। 'কুন্দ করগ-বিজ' স্থলে 'কুন্দকোরক জিতি' প-র।

১১। 'জিনি কম্বু' স্থলে 'কম্বু' প-র।

১২। 'বেল' ইত্যাদি স্থলে 'তাল বেল গজকুম্ভ কনয়া গিরি' প-র।

১৩। 'কটরি' স্থলে 'কটর' চ; 'কটোর' ঘ; 'কটোরি' প-র।

১৪। 'বল্লরি জিনি' স্থলে 'জিনি বল্লরি' প-র।

১৫। 'রঙ্গা' স্থলে 'অঙ্গা' প-র।

১৬। 'উরুযুগ' স্থলে 'উরুবর' ক, খ।

১৭। 'উরুযুগ' ইত্যাদি স্থলে 'উরুযুগ রাম কদলী জিনি সুন্দর' প-র।

১৮। 'জিনি' স্থলে 'খনি' প-র।

১৯। 'পিকু জিনি' ইত্যাদি স্থলে 'পিকু জিনি অমিয়া সে বাণী' খ; 'মধু অমিয়া জিনি বাণী' প-র।

২০। 'অপরূপ মুরতি' স্থলে 'শুনহ মধুর মতি' প-র।

২১। 'অপারা' স্থলে 'অপার' প-র।

২২। 'অবতারা' স্থলে 'অবতার' প-র।

কামোদ।

দেখ দেখ নব অভিসারিণি রাই।
চকিত বিলোকনে চাহই দশ দিশ
প্রেম-সিন্ধু অবগাই ॥

এক[১] সখি সঙ্গে চলু নব নাগরি
নাগর-সঙ্কেত-কুঞ্জ[২]।
মল্লিকা মালতি কুসুম বিথারিত
গুঞ্জিত তহিঁ অলিপুঞ্জ[৩] ॥
নিশবদ মণ্ডন অঙ্গ বিভূষণ
তৈছন নূপুর চরণে।
সিন্দুর চন্দন[৪] কজ্জল উজ্জ্বল
কৃত-অবগুণ্ঠন বসনে[৫] ॥ ৭॥২৭২॥

পাঠান্তর

১। 'এক' স্থলে 'এ' ঘ।
২। 'কুঞ্জ' স্থলে 'কুঞ্জে' ক, খ।
৩। 'গুঞ্জিত' ইত্যাদি স্থলে 'গুঞ্জতি তহিঁ অলি-পুঞ্জে' ক।
৪। 'চন্দন' স্থলে 'চরণে' ঘ।
৫। 'বসনে' স্থলে 'বয়ানে' ক, খ।

অতঃপর প-স গ্রন্থে নিম্নলিখিত অতিরিক্ত কলি দৃষ্ট হয়; যথা,—
'শিরিষ কুসুম পরশে যো পদতল
বরণিত হোত মৈলান।
সো অব কণ্টক কঙ্কর বাটহি
রাগহি করত পয়ান ॥
ইথে বুঝি প্রেম প্রবল নব বিধি হোই
সিরজই বিপরিত বন্ধ।
দাস রাধামোহন কিছু নাহি বুঝই
যাতে নাহি সো রসগন্ধ ॥'

দেখ দেখ অনুপম দুহুঁ মুখ-ইন্দু।
দুহুঁক দরশ-রসে[৩] ভাব-লহরি সঞে[৪]
উছলল প্রেমক সিন্ধু ॥ ধ্রু ॥
দুহুঁক আলোকনে দুহুঁ পুলকায়িত
লোচনে আনন্দ-লোর।
বিবরণ কাঁপ ঘাম ভেল গদ গদ
স্তবধ ভেল পুন ভোর ॥
ঐছন ভাব না হেরিয়ে ত্রিভুবনে
ঐছন নিরুপম লেহ।
দাস রাধামোহন চীতে নিচয় করু
একু[৫] পরাণ ভিন দেহ ॥৮॥ ২৭৩॥

পাঠান্তর

১। 'ও নব' স্থলে 'এ নব' চ।
২। 'মনোভব-রঙ্গ' স্থলে 'মদন তরঙ্গ' গ।
৩। 'দরশ-রসে' স্থলে 'দরশাবেশে' ক।
৪। 'ভাব-লহরি সঞে' প-স স্থলে 'ভোর লহরি সহে' গ; 'ভোর লহরি সঞে' ক, খ, ঘ; 'ভোর লহরি সহেঁ' চ।
৫। 'একু' স্থলে 'এক' ক।

টীকা

৫—৭। "দেখ দেখ" ইত্যাদি। উভয়ের মুখ-চন্দ্র (উভয়ে) দেখিতে দেখিতে উভয়ের দর্শনানন্দে (অষ্ট সাত্ত্বিক) ভাবরূপ তরঙ্গের সহিত প্রেম-রূপ সমুদ্র উচ্ছ্বসিত হইয়া উঠিল।

তথা রাগ।

নব অভিসারিণি কুঞ্জহি ভেটল
ও[১] নব নাগর সঙ্গ।
পন্থ-ঘটিত দুখ সবহু দূরে গেও
বাঢ়ল মনোভব-রঙ্গ[২] ॥

শ্রীরাগ।[১]

কিয়ে শুভ দরশনে উলসিত লোচনে
দুহুঁ দোহাঁ[২] হেরি মুখ-ছান্দে[৩]।
তৃষিত চাতক নব[৪] জলধরে মীলল
ভুখিল চকোর চারু চান্দে ॥

আধ নয়নে দুহুঁ[৫] রূপ নেহারই
চাহনি আনহিঁ ভাঁতি।
রসের আবেশে দুহুঁ অঙ্গ হেলাহেলি[৬]
বিছুরল প্রেম-সাঙ্গাতি[৭] ॥
শ্যাম সুখময়[৮] দেহ গোরি-পরশে সেহ[৯]
মিলায়ল যেন কাঁচা ননী[১০]।
রাই তনু ধরিতে নারে আউলাইল[১১] আনন্দভরে
শিরিষ কুসুম কমলিনী ॥
অতসি কুসুম সম শ্যাম সুনায়র
নায়রি চম্পক-গোরি[১২]।
নব জলধরে জনু চান্দ আগোরল
ঐছে রহল শ্যাম কোরি[১৩] ॥
বিগলিত কেশ- কুসুম শিখি-চন্দ্রক
বিগলিত নীল নিচোল।
দুহুঁক প্রেমরসে[১৪] ভাসল নিধুবন
উছলল[১৫] প্রেম-হিলোল[১৬]॥৯॥২৭৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৩০৭ সংখ্যক পদ। 'শ্রীরাগ' স্থলে 'সুহই' প-র-সা।

২। 'দোহাঁ' স্থলে 'দুহা' প-র-সা।

৩। 'ছান্দে' স্থলে 'চান্দে' প-র-সা।

৪। 'নব' স্থলে 'জৈছে' প-র-সা।

৫। 'দুহুঁ' স্থলে 'পহু' প-র-সা।

৬। 'হেলাহেলি' স্থলে 'হিলাহিলি' প-র-সা।

৭। 'বিছুরল' ইত্যাদি স্থলে 'শুধই সুধাময় মানি' প-র-সা।

৮। 'সুখময়' স্থলে 'সুকমল' প-র-সা।

৯। 'গোরি' ইত্যাদি স্থলে 'গোরি পরশ লেহ' প-র-সা।

১০। 'ননী' স্থলে 'লোনি' ঘ।

১১। 'আউলাইল' স্থলে 'এল্যাইল' ঘ।

১২। 'গোরি' স্থলে 'গোর' ক, চ।

১৩। 'কোরি' স্থলে 'কোর' ক, চ।

১৪। 'দুহুঁক' ইত্যাদি স্থলে 'রাই কানু রসে' প-র-সা।

১৫। 'উছলল' স্থলে 'অবিরত' খ, ঘ, চ।

১৬। 'উছলল' ইত্যাদি স্থলে 'গোবিন্দ দাস হিলোল' প-র-সা।

কেদার।[১]

পহিল সমাগম রাধা কান।
অতি রসে[২] মগন ভেল পাঁচবাণ ॥ ধ্রু॥
দুহুঁ মুখ দরশনে[৩] দুহুঁক বিলোকনে[৪]
আনন্দ-নীর নিঝাঁপই রে।
আরতি পরশতি[৫] কুচ-কনকাচল
গিরিবর-ধর-কর কাঁপই রে॥
গদ গদ ভাষে আলাপই দুহুঁ দুহুঁ
চুম্বনে নয়ন ঢুলায়ই রে[৬]।
দুহুঁ পরিরম্ভণে দুহুঁ পুলকায়িত[৭]
অঙ্গহি অঙ্গ হেলায়ই রে ॥
দুহুঁ রসে ভাসি দুহুঁ অবলম্বই
রঙ্গ-তরঙ্গিত অঙ্গ দুহুঁ রে[৮]।
নব নাগরি সঞে নাগর[৯] শেখর
ভুলল গোবিন্দদাস পহুঁ রে[১০] ॥
॥১০॥২৭৫॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১১।১০ সংখ্যক পদ। 'কেদার' স্থলে 'বড়ারি' প-র।

২। 'অতি রসে' স্থলে 'রতিরসে' প-র।

৩। 'দুহুঁ' ইত্যাদি স্থলে 'দরশনে দুহুঁ মুখ' প-র।

৪। 'বিলোকনে' স্থলে 'বিলোচনে' প-র।

৫। 'আরতি পরশতি' স্থলে 'আরতি পরশিতে' প-র।

৬। প-র পুথিতে 'গদ গদ ভাবে' ইত্যাদি পংক্তিদ্বয় 'দুহুঁ পরিরম্ভণে' ইত্যাদি পংক্তিদ্বয়ের পরে দৃষ্ট হয়।

৭। 'দুহুঁ পুলকান্বিত' স্থলে 'দুহুঁ তনু পুলকিত' প-র।

৮। 'রঙ্গ-তরঙ্গিত' ইত্যাদি স্থলে 'অঙ্গহি অঙ্গ তরঙ্গিত রে' প-র; 'রঙ্গ-তরঙ্গিত অঙ্গ দুহুঁ' ক—চ।

৯। 'নাগর' স্থলে 'নায়র' প-র।

১০। 'পহুঁ রে' স্থলে 'পহুঁ' ক—চ।

রাধামাধব বিহরই[১] বনে।
নিমগন দুহুঁ জন সুরত-রণে॥
দুহুঁ উঠি বৈঠি[২] কতয়ে করু কেলি।
বহুবিধ খেলন সহচরি মেলি॥
নিভৃত কুঞ্জ-গৃহে[৩] করত বিলাস।
হেরত দুহুঁ রূপ[৪] নরোত্তম দাস॥

॥১১॥২৭৬॥

ইতি দ্বিতীয়শাখায়াং প্রথম-পল্লবঃ।

পাঠান্তর

১। 'বিহরই' স্থলে 'বিজই' ঘ।

২। 'উঠি বৈঠি' স্থলে 'উঠে বৈঠে' গ; 'উঠি বৈঠ' ঘ।

৩। 'কুঞ্জগৃহে' স্থলে 'নিকুঞ্জগৃহে' ক—গ।

৪। 'দুহুঁ রূপ' স্থলে 'দুহুঁ মুখ' খ।

অথ রূপানুরাগ।

বাসকসজ্জাদি মিলন পর্য্যন্ত গীত।

তত্র শ্রীমদ্গৌরচন্দ্র।

ধানশী।[১]

মো মেনে মলুঁ মো মেনে মলুঁ[২]।
কি খেনে গৌরাঙ্গ দেখিয়া আলুঁ॥
সাত পাঁচ সখী যাইতে ঘাটে।
শচীর দুলাল দেখিলুঁ[৩] বাটে॥
হাসিয়া রঙ্গিয়া সঙ্গিয়া সঙ্গে[৪]।
কৈল ঠারাঠারি কি রস-রঙ্গে॥
থীর[৫] বিজুরি করিয়া একে।
সে নহে গৌরাঙ্গ[৬] অঙ্গের রেখে॥
আঁখির নাচনি ভাঙুর দোলা[৭]।
মোর হিয়া মাঝে করিছে খেলা॥
চান্দ ঝলমলি বদন ছান্দে।
দেখিয়া যুবতি ঝুরিয়া কান্দে॥
চাঁচর কেশে ফুলের ঝুঁটা[৮]।
যুবতি উমতি কুলের খোঁটা॥
তাহে তনুসুখ বসন পরে।
গোবিন্দদাস তেঞি সে ঝুরে॥১॥২৭৭॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৬।২৫ সংখ্যক পদ। 'ধানশী' স্থলে 'তুড়ী' প-র।

২। প-র পুথিতে এই পদের প্রথমে নিম্নলিখিত অতিরিক্ত কলি দৃষ্ট হয়; যথা,—

'ঢর ঢর কাঁচা কাঞ্চন জিনি।
কি ছার চাঁপার কলিকা গণি॥'

তৎপরেই 'থীর বিজুরি' ইত্যাদি পংক্তিদ্বয় সন্নিবেশিত হইয়াছে।

৩। 'দেখিলুঁ' স্থলে 'দেখি আইলুঁ' ক।

৪। 'হাসিয়া রঙ্গিয়া' ইত্যাদি পংক্তিদ্বয় প-র পুথিতে নাই।

৫। 'থীর' স্থলে 'থির' ক—গ, 'স্থির' প-র।

৬। 'গৌরাঙ্গ' স্থলে 'গোরা' প-র।

৭। 'আঁখির নাচনি' ইত্যাদি ছয়টি পংক্তি প-র পুথিতে নাই; উহার পরিবর্ত্তে নিম্নলিখিত পংক্তিদ্বয় আছে; যথা,—

'চাঁপার ফুলের লোটন দেখি।
কোন ধনি নিজ ধৈরজ রাখি॥'

৮। 'ঝুঁটা' স্থলে 'ঝুটা' ক, গ, চ।

টীকা

৫—৬। "হাসিয়া রঙ্গিয়া" ইত্যাদি। (সেই গৌরাঙ্গ) রসিক অনুচরের সঙ্গে হাসিয়া, কি যেন রস-বিলাসে ইঙ্গিতে কথোপকথন করিলেন।

৭—৮। "থীর বিজুরি" ইত্যাদি। স্থির বিদ্যুৎ-পুঞ্জকে একত্র করিয়া (রাখিলে ও) উহা গৌরাঙ্গের অঙ্গের রেখায় (কিছুই) হয় না অর্থাৎ বিদ্যুৎপুঞ্জ গৌরাঙ্গের অঙ্গ-কান্তির ক্ষীণ রেখাটির নিকটও আসিতে পারে না।

১৩—১৪। "চাঁচর কেশে" ইত্যাদি। (গৌরাঙ্গের) কুঞ্চিত কেশে ফুলের চূড়া; (উহা দেখিয়া) যুবতি উন্মত্তা (হইতেছে); কুলের নিন্দা (প্রচারিত হইতেছে)।

প্রভু শ্রীনিত্যানন্দচন্দ্রস্য।

ভাটিয়ারি।

নিতাই রঙ্গিয়া মোর নিতাই রঙ্গিয়া।
পুরুব-বিলাসি রঙ্গি সঙ্গের সঙ্গিয়া॥
চন্দনে চর্চ্চিত সব অঙ্গ উজোর[১]।
রূপ নিরখিতে জগজন-মন ভোর॥
কঞ্জ-নয়নে বহে সুরধুনি-ধারা।
নাহি জানে দিবানিশি প্রেমে মাতোয়ারা॥
আজানুলম্বিত-ভুজ করিবর-শুণ্ড।
কনক-খচিত দণ্ড দলন পাষণ্ড[২]॥
শিরপর পাগড়ি বান্ধে নটপটিয়া[৩]।
কটি আঁটি পরিপাটি পরে নিল[৪] ধটিয়া॥
দয়ার ঠাকুর নিতাই জগতে প্রকাশ।
শুনিয়া[৫] আনন্দে নাচে পরসাদ দাস॥

॥২॥২৭৮॥

পাঠান্তর

১। 'চন্দনে চর্চ্চিত' ইত্যাদি পংক্তি-দ্বয় খ, ঘ, পুথিতে 'কঞ্জ-নয়নে বহে' ইত্যাদি পংক্তি-দ্বয়ের পরে সন্নিবেশিত হইয়াছে।

২। 'দণ্ড দলন পাষণ্ড' স্থলে 'অবলম্বন দণ্ড' ক।

৩। 'নটপটিয়া স্থলে 'লটপটিয়া' গ।
'নিল' স্থলে 'নীল' ক, গ।
'শুনিয়া' স্থলে 'শুনিঞা' ঘ, চ।

টীকা

১—২। "নিতাই রঙ্গিয়া" ইত্যাদি। আমার নিতাই (বড়ই) রসিক,—(বড়ই) রসিক; (তাঁহার) সঙ্গের সঙ্গি-গণ (সকলেই) রসিক ও পূর্ব্ব-বিলাসী অর্থাৎ পূর্ব্বতন (ব্রজ-লীলার) বিলাসের সহচর।

কামোদ।[১]

ভালে সে চন্দন চান্দ   নাগরি-মোহন ফান্দ[২]
আধ টানিয়া চূড়া বান্ধে।
বিনোদ ময়ূরের পাখে[৩] জাতি কুল[৪] নাহি রাখে
মো পুন[৫] ঠেকিলুঁ ও না ফান্দে॥
সই কি আর কি আর বোল মোরে[৬]।
জাতি কুল শীল দিয়া   ও রূপ নিছনি লৈয়া
পরাণে বান্ধিয়া থোব তারে॥ধ্রু॥
দেখিয়া ও মুখ-ছান্দ[৭]   কান্দে পুণিমক[৮] চান্দ
লাজ ঘরে[৯] ভেজাঞা[১০] আগুনি।
নয়ান-কোণের বাণে   হিয়ার মাঝারে[১১] হানে
কিবা দুটি ভুরুর নাচনি[১২]॥
আই আই মলুঁ মলুঁ   কি রূপ দেখিয়া আইলুঁ
কালা-অঙ্গে পড়িছে বিজলি[১৩]।
স্বরূপে দঢ়াইলুঁ মনে   এ[১৪] রূপ যৌবন সনে
আপনা সাজাঞা দিব[১৫] ডালি॥

কি খেনে দেখিলুঁ তারে, না জানি কি হৈল মোরে
আট১৬প্রহর প্রাণ ঝুরে।
বলরাম দাস কহে ও রূপ দেখিয়া কোন১৭
পামরি রহিতে পারে ঘরে১৮
॥৩॥২৭৯॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৩।৩৪ ও ১৪।১০১ সংখ্যক পদ। 'কামোদ' স্থলে 'তুড়ী' প-র।

২। 'ভালে সে' ইত্যাদি স্থলে 'নাগরি মোহন ফান্দ কপালে চন্দন চান্দ' প-র—৩।৩৪।

৩। 'বিনোদ' ইত্যাদি স্থলে 'বিনোদ মউর পাথে' প-র—৩।৩৪।

৪। 'জাতি কুল' স্থলে 'লোকভয়' প-র—৩।৩৪।

৫। 'ঠেকিলুঁ' স্থলে 'ঠেকিলাম' প-র—৩।৩৪।

৬। 'সই কি আর' ইত্যাদি পংক্তিত্রয় প-র—১৪।১০১ সংখ্যক পদে নাই।

৭। 'ছান্দ' স্থলে 'চান্দ' ক, প-র। 'দেখিয়া ও মুখ ছান্দ' ইত্যাদি পংক্তিদ্বয় প-র ৩।৩৪ সংখ্যক পদে 'নয়ান-কোণের বাণে' ইত্যাদি পংক্তিদ্বয়ের পরে সন্নিবেশিত হইয়াছে।

৮। 'পুর্ণিমক' স্থলে 'পুনমিক ঘ, চ, প-র।

৯। 'লাজ ঘরে' স্থলে 'লাজদ্বারে' ক।

১০। 'ভেজাঞা' স্থলে 'ভেজাইয়া' ঘ, চ; 'ভেজাব' প-র ৩।৩৪।

১১। 'মাঝারে' স্থলে 'ভিতরে' প-র—৩।৩৪।

১২। 'নাচনি' স্থলে 'টালনি' প-র—৩।৩৪।

১৩। 'বিজলি' স্থলে 'বিজুলী' প-র; 'বিযুরি' চ; 'বিজুরি' ঘ।

১৪। 'এ রূপ' স্থলে 'ও রূপ' ঘ।

১৫। 'আপনা' ইত্যাদি স্থলে 'আপনা সাজাইয়া দিলু ডালি' ঘ, চ; 'আপনে সাজাঞা' ইত্যাদি প-র।

১৬। 'আট' স্থলে 'আঠ' ঘ, চ, প-র।

১৭। 'বলরাম দাস' ইত্যাদি স্থলে 'বলরাম দাস কহে ও রূপ দেখিয়া গো' ক, প-র—১৪।১০১। 'বলরাম দাস বলে ও রূপ দেখিয়া' প-র—৩।৩৪।

১৮। 'পামরি' ইত্যাদি স্থলে 'কেবা পাসরিয়া রহে ঘরে' প-র, ৩।৩৪; 'কোন বা পাসরি রহে ঘরে' প-র, ১৪।১০১। 'কোন পামরি রবে ঘরে' ক।

সুহই।

নব অনুরাগে ঘরে রহই না পারি।
গুরুজন-পথ ধনি করত নেহারি॥
গুরুজন পরিজন সভে নিন্দ গেল।
দেখি ধনি অতি উতকণ্ঠিত ভেল॥
বিছুরল আপনক বেশ বনান।
সখিগণ সঞে তব করল পয়ান॥
পুনমিক চান্দ জিনিয়া মুখ-জোতি।
ঝলমল করু তনু কতয়ে মণিমোতি
থলকমল-দল চরণ সঞ্চার১।
নব অনুরাগে কত আরতি বিথার২॥
আয়ল মদন-কুঞ্জ গৃহ মাঝ।
না হেরল তাহি৩ বরজ-যুবরাজ॥
বৈঠলি তহিঁ পুন ছোড়ি নিশ্বাস।
নাগর আনিতে চলু বলরাম দাস॥
॥ ৪ ॥ ২৮০ ॥

পাঠান্তর

১। 'সঞ্চার' স্থলে 'সঞ্চরে' গ।

২। 'বিথার' স্থলে 'বিথরে' গ।

৩। 'তাহি' স্থলে 'তাঁহি' চ।

অথ বাসকসজ্জা।

ধানশী।১

অপরূপ রাইক চরীত২।
নিভৃত নিকুঞ্জ মাঝে ধনি সাজয়ে
পুন পুন উঠয়ে চকীত৩ ॥ ধ্রু ॥

কিশলয়-শেজ বিছায়ই[৪] পুন পুন
জারত রতন-প্রদীপ।
তাম্বুল কপুর[৫] খপুরে পুন রাখয়ে
বাসিত বারি সমীপ ॥
মলয়জ চন্দন মৃগমদ কুঙ্কুম
লেই পুন তেজত তাই।
সচকিত-নয়নে নেহারই দশদিশ
কাতরে সখি-মুখ চাই ॥
কিঙ্কিণি কঙ্কণ মণিময় অভরণ
পহিরত তেজত তাই[৬]।
সখিগণ হেরি কতহু পরবোধয়ে
জ্ঞানদাস কহ ধাই ॥ ৫ ॥ ২৮১ ॥

পাঠান্তর

১। 'ধানশী' স্থলে 'বালা ধানসী' ঘ।
২। 'চরীত' স্থলে 'চরিত' ক—গ।
৩। 'চকীত' স্থলে 'চকিত' ক—গ।
৪। 'বিছায়ই' স্থলে 'বিছাওই' ঘ; 'বিছায়ল' গ; 'বিছায়লি' চ।
৫। 'কপুর' স্থলে 'কর্পুর' ক—ঘ।
৬। 'তাই' স্থলে 'রাই' ঘ।

তথা রাগ।

বন্ধুর লাগিয়া শেজ বিছায়লু
গাঁথিলু ফুলের মালা।
তাম্বুল সাজালুঁ[১] দীপ উজারলুঁ[২]
মন্দির হইল আলা ॥
সই পাছে এ সব হইবে আন।
সে হেন নাগর গুণের সাগর
কাহে না মিলল কান ॥ ধ্রু ॥
শাশুড়ি ননদে বঞ্চনা করিয়া
আইলুঁ গহন বনে।
বড় সাধ মনে এ রূপ যৌবনে
মিলব বন্ধুর সনে ॥
পথ পানে চাহি কত না রহিব
কত প্রবোধিব মনে।
রস-শিরোমণি আসিব এখনি
বড়ু চণ্ডীদাসে ভণে ॥৬॥২৮২ ॥

পাঠান্তর

১। 'সাজালুঁ' স্থলে 'সাজাইলুঁ' ঘ—চ।
২। 'উজারলুঁ' স্থলে 'উজাইলুঁ' গ।

কামোদ।

শুন শুন নাগর সব গুণ-আগর
তুহুঁ বর চতুর সুজান।
একলি সঙ্কেত- নিকেতনে সো ধনি
নয়ানে না হেরই আন ॥
তোঁহারি গমন-পথ পুন পুন হেরত
সো অবিচল কুল-বালা।
রতন-প্রদীপ বাসগৃহে সাজই
তুয়া লাগি গাঁথই মালা ॥
এত কহি সহচরি তুরিতে গমন করি
কুঞ্জে ভেল উপনীত।
ভণ যদুনন্দন ও নন্দ-নন্দন
গমনহি উনমত-চীত ॥৭॥২৮৩॥

কামোদ।

বাসক গেহ[১] গমন শুনি শ্যামর
দেয়ই বেণু-নিসান।
তিল মধু গমন বিলম্বহি সো ধনি
কলপ-কোটি অনুমান ॥
ধনি ধনি রাইক সোহাগ।
যো জগজীবন যুবতি-প্রাণধন
তাহারি পরাণ সম জাগ ॥ ধ্রু

তছু প্রেমে আকুল মৌলি-বকুলফুল
অভরণ পন্থহি ডারি।
চলল[২] সিন্ধুর-গতি নাহি জন সঙ্গতি
উপনিত ভেল যাঁহা নারি॥
দেখি ধনি নাগর আনন্দ-আগর[৩]
সফল দেহ করি মান।
জীবন যৌবন বাস-গেহ[৪] পুন
যো কিছু আপন বিতান॥
আনন্দ-সায়রে নিমগণ সখিগণ
হেরইতে দুহুঁক উল্লাস।
সো সুখ-সিন্ধু- বিন্দু পরশ নাগি
যাচে রাধামোহন দাস॥৮॥ ২৮৪॥

পাঠান্তর

১। 'বাসক গেহ' স্থলে 'বাস-গৃহে রাইক' ক।
২। 'চলল' স্থলে 'চললি' ঘ; 'চলন' ক—গ।
৩। 'আনন্দ-আগর' প-স স্থলে 'আনন্দ-সাগর' ক—চ। 'আনন্দ-সাগর' পাঠে পদ উহ্য না করিলে অর্থ হয় না।
৪। 'বাস-গেহ' প-স স্থলে 'বাস-গৃহে' ক—চ।

টীকা

১২—১৫। "দেখি ধনি" ইত্যাদি। নায়িকা নাগরকে দেখিয়া আনন্দে পরিপূর্ণা হইলেন, (নিজের) দেহকে কৃতার্থ মনে করিতে লাগিলেন এবং (নিজের) জীবন, যৌবন ও বাসক-নিকুঞ্জে যাহা কিছু নিজের ছিল, তাহা (প্রিয়তমকে) অর্পণ করিলেন।

কেদার বিহাগড়া।

শুন শুন নাগর রসিক সুজান।
তুয়া মুখ তিল আধ না দেখিলে হাম কত
কোটি কলপ করি মান॥
তুয়া নব অনুরাগে হাম আয়লুঁ আগে
পথ হেরি আকুল পরাণ।
তোহারি দরশে অব দুরে গেও[১] দুখ সব
সফল ভেল পাঁচ বাণ॥
হাম অতি দুখিত তাপিত তাহে পরবশ
তাহে গুরু-গঞ্জন বোল।
গৃহের মাঝারে[২] থাকি যেমন পঞ্জরে পাখী
সদা ভয়ে জিউ উতরোল॥
অনেক পুণ্যের ফলে তোমা বন্ধু পাইয়াছি
কত কত করিয়া কামনা।
হেন মনে অভিলাষি কহি এবে পরকাশি
তুয়া পায়ে নিছিয়ে আপনা॥৯।২৮৫॥

পাঠান্তর

১। 'গেও' স্থলে 'গেয়' ঘ।
২। 'মাঝারে' স্থলে 'ভিতরে' ক।

সুহই।

শুন শুন প্রাণপ্রিয়ে মোর নিবেদন।
তোমার অদ্ভুত গুণে সদা করে আকর্ষণে
তুমি মোর জীবনের জীবন॥
তোমার মধুর বাণী সুধাসিন্ধু-তরঙ্গিণী
মোর কর্ণ তাহে ডুবি থাকে।
তোমার গৌর[১] দেহ পরম সুগন্ধি সহ
উনমত[২] করিল আমাকে॥
সখাগণ সঙ্গে থাকি সুবল তাহার সাখী[৩]
তোমা বিনে আন নাহি ভায়।
বিরলে বসিয়ে যবে তোমারে দেখিয়ে তবে
কহ তুমি আমার[৪] উপায়॥১০॥২৮৬॥
এতদগীতদ্বয়ং শ্রীযদুনন্দনদাসঠক্কুরস্য বর্ণনম্।

পাঠান্তর

১। 'গৌর' স্থলে 'গোউর' ঘ।
২। 'উনমত' স্থলে 'উনমত্ত' ক—গ।

৩। 'সাখী' স্থলে 'সাখি' ঘ; 'সাক্ষি' চ।

৪। 'আমার' স্থলে 'মোর এ, গ, চ, 'মোরে এ' ক, খ।

৫। 'এতদ্গীতদ্বয়ং' ইত্যাদি পংক্তি চ পুঁথিতে নাই।

বিহাগড়া।

দুহুঁ[১] জন নিতি নিতি নব অনুরাগ।
দুহুঁ রূপ নিতি নিতি দুহুঁ হিয়ে জাগ ॥
দুহুঁ মুখ চুম্বই দুহুঁ করু কোর।
দুহুঁ পরিরম্ভণে দুহুঁ ভেল ভোর ॥
দুহুঁ দুহেঁ[২] যৈছন দারিদ-হেম।
নিতি নব আরতি নিতি নব প্রেম ॥
নিতি নিতি ঐছন করত বিলাস।
নিতি নিতি হেরই গোবিন্দ দাস ॥

॥১১॥২৮৭॥

ইতি দ্বিতীয়-পল্লবঃ।

পাঠান্তর

১। 'দুহুঁ' স্থলে 'দুই' ক, গ।

২। 'দুহেঁ' স্থলে 'দোহাঁ' ঘ, চ।

টীকা

১—২। "দুহুঁ জন" ইত্যাদি। (নায়ক ও নায়িকা) উভয়েরই নিত্য নিত্য নবীন অনুরাগ (প্রকাশিত হইতেছে); দুই জনের রূপই অনুক্ষণ দুই জনের হৃদয়ে জাগিতেছে।

৫—৬। "দুহুঁ দুহেঁ" ইত্যাদি। যেরূপ দরিদ্রের নিকট স্বর্ণ, (সেইরূপ শ্রীরাধা ও শ্রীকৃষ্ণ) উভয়ে উভয়ের নিকট (সুদুর্ল্লভ পদার্থ); তাঁহাদিগের উভয়ের নিত্য নবীন অনুরাগ,—নিত্য নবীন প্রেম! তুলনা করুন:;—

"সদানুভূতমপি যঃ কুর্য্যান্নবনবং প্রিয়ম্।
রাগো ভবন্নবনবঃ সোঽনুরাগ ইতীর্য্যতে ॥"

অথ রূপাভিসারপ্রকরণং গীয়তে।

তত্র শ্রীগৌরচন্দ্রঃ।

শ্রীরাগ।

মরি মরি না লো[১] নদিয়ার মাঝারে ও না রূপ।
কেবল মুরুতিময়[২] পিরিতির কূপ ॥ ধ্রু॥

বদন-মণ্ডল চান্দ ঝলমল
কনক-দরপণ নিন্দিতে।
কপল[৩] রঙ্গিম ভুরুর ভঙ্গিম
অতনু-সারঙ্গ খণ্ডিতে ॥
নয়ন যুগল প্রেমে ছল ছল
নাসা খগপতি নিন্দিতে।
চান্দ-মুখে হরি বোলে কান্দিতে কান্দিতে[৪] ॥
তেজি সুখময় শয়ন আসন
নাম-ডোর গলে শোভিতে।
সুগন্ধি চন্দন অঙ্গে[৫] লেপন
সংকীর্ত্তন-ধুলি ভূষিতে[৬] ॥
ভাবে গর গর না চিনে নিজ পর[৭]
পুলক-আবলি শোভিতে।
রা বলিয়া ধা বোল না পারে বলিতে ॥
বাজয়ে[৮] মাদল করহি করতাল
কলি-কলুষ-ভয় নাশিতে।
ভকত-গণ মেলি দেই করতালি
ফিরয়ে চৌদিগে নাচিতে ॥
চরণ-পল্লব ভকত-বল্লভ[৯]
কলপ-তরু প্রকাশিতে।
দীনহীন দাসের মন রহিল তাহাতে ॥১॥২৮৮॥

পাঠান্তর

১। 'না লো' স্থলে 'আলো' গ।

২। 'মুরুতিময়' স্থলে 'মুরতি নব' ক—গ।

৩। 'কপল' স্থলে 'কপোল' ক—গ।

৪। 'চান্দ-মুখে' ইত্যাদি পংক্তির পরে ঘ পুথিতে পুনরায় 'ধ্রু' চিহ্ন দৃষ্ট হয়।

৫। 'অঙ্গে' স্থলে 'জে অঙ্গে' ঘ।

৬। 'ভূষিতে' স্থলে 'ভোষিতে' ঘ, চ।

৭। 'না চিনে' ইত্যাদি স্থলে 'না চিহ্ন' ইত্যাদি চ; 'না চিহ্নে আপন পর' ক—গ।

৮। 'বাজয়ে' স্থলে 'বাজহি' ক—গ।

৯। 'ভকত-বল্লভ' স্থলে 'ভকত-বল্লব' ক, খ।

টীকা

১—২। "মরি মরি না লো" ইত্যাদি। সখি! নবদ্বীপের মাঝে ঐ (অতুলনীয়) রূপ দেখিয়া ঐ রূপের বালাই লইয়া) মরি না কেন? (ঐ রূপ) কেবল মূর্ত্তিমান্ নবানুরাগের সুগভীর আকর!

৫—৬। "বদন-মণ্ডল" ইত্যাদি। (তাঁহার) মুখমণ্ডল চন্দ্রের ন্যায় উজ্জ্বল; (উহা) কনক-দর্পণকে নিন্দা করার জন্য (প্রকাশিত হইয়াছে); তাঁহার কপোল আরক্তিম এবং ভুরুর ভঙ্গী কন্দর্পের ধনুকে তিরস্কৃত করার জন্য (শোভা পাইতেছে)। তুলনা করুন;—

'ভাঙ গঞ্জে মদন-ধানুকী।
কুলবতি উনমতি কৈলে দুটি আঁখি॥'
—প-ক-ত, ২৬৭ সংখ্যক পদ।

কামোদ।১

ভাল ভালিরে গৌরাঙ্গ নাচে যার সঙ্গে২ নিত্যানন্দ।
অবনী ভাসল৩ প্রেমে গায় রামানন্দ॥
কম্পিত অধরে পহুঁ৪ গদ গদ ভাষে।
চৌদিকে গোবিন্দ-ধনি৫ শুনি পহু হাসে॥
ভাবে গরগর অঙ্গ কত ধারা বয়।
পতিতের গলে ধরি রোদন করয়॥
আপনার ভক্তগণে ডাকয়ে আপনে।
গদাই মুকুন্দ ধরি কান্দে খেনে খেনে॥
গোবিন্দ মাধব বাসু হের৬ আইস বলি।
তোমা সভা লাগি কান্দে পরাণ পুতলি৭॥
॥২॥২৮৭॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৬।১৪ সংখ্যক পদ 'কামোদ' স্থলে 'ধানশ্রী' প-র।

২। 'যার সঙ্গে' স্থলে 'সঙ্গে' প-র।

৩। 'ভাসল' স্থলে 'ভাসায়' ক।

৪। 'পহুঁ' স্থলে 'পুন' ক, খ।

৫। 'ধনি' স্থলে 'ধ্বনি' ক, গ।

৬। 'বাসু হের' স্থলে 'বাসুদেব' ক, খ।

৭। 'পুতলি' স্থলে 'পুথলি' ঘ।

প-র পুথিতে 'কম্পিত অধরে' ইত্যাদি ৩ হইতে ১০ পংক্তিগুলির পরিবর্ত্তে নিম্নলিখিত পংক্তিগুলি দৃষ্ট হয়; যথা,—

'গোবিন্দ মাধব বাসু গায়েন মুকুন্দ।
চৌদিকে হরি হরি বলে ভক্ত-বৃন্দ॥
আর যত ভক্ত-বৃন্দ আনন্দে বিভোর।
বসু রামানন্দ তাহে লুবধ চকোর।'

কেবল রূপানুরাগ।

ধানশী।

গৌরাঙ্গ-লাবণ্য রূপে কি কহব এক মুখে
আর তাহে ফুলের কাঁচনি১।
ও চান্দ মুখের হাসি জিব২ না গো হেন বাসি
আর তাহে পিরিতি-চাহনি॥
সই৩ লো বিহি গঢ়ল৪ কত ছান্দে।
কেমন কেমন করে মন সব লাগে উচাটন
পরাণ-পুতলি৫ মোর কান্দে॥ ধ্রু॥
বিধিরে বলিব কি করিলে কুলের ঝি
আর তাহে নহি সতন্তরি৬।
গেল কুল লাজ ভয় পরাণ রহিবার নয়
মনের আনলে পুড়্যা মরি॥

কহিব কাহার আগে কহিলে পিরিতি ভাঙ্গে
চিত[৭] মোর ধৈরজ না বান্ধে।
নয়নানন্দের বাণী শুন শুন বিনোদিনি[৮]
ঠেকিলা গৌরাঙ্গ-প্রেম-ফান্দে ॥
॥৩॥২৯০॥

পাঠান্তর

১। 'কাঁচনি' স্থলে 'কাচনি' ক—গ।
২। 'জিব' স্থলে 'জীব' ক—গ।
৩। 'সই' স্থলে 'সোই' ঘ, চ।
৪। 'গঢ়ল' স্থলে 'গড়ল' ঘ, চ।
৫। 'পুতলি' স্থলে 'পুথলি' ঘ।
৬। 'সতন্তরি' স্থলে 'স্বতন্তরি' ক—খ।
৭। 'চিত' স্থলে 'চিতে' ঘ।
৮। 'বিনোদিনি' স্থলে 'ঠাকুরাণি' ক, চ।

মল্লার।

দেখ জীব অপরূপ গৌরাঙ্গচান্দের মুখ
নয়নে বহয়ে কত ধারা।
কুন্দ করবীর গাঁথিয়াছে থরে থর
গলে দোলে বিনোদিয়া মালা ॥
গৌরাঙ্গের গুণ শুনি পাষাণ হয়ে ত পানি
শুক কান্দে পিঞ্জর[১] ভিতরে।
কুলের কুলবতী হরিনামে পীরিতি
বিরলে বসিয়া গুণে[২] ঝুরে ॥৪॥২৯১॥

পাঠান্তর

১। 'পিঞ্জর' স্থলে 'পঞ্জর' চ।
২। 'গুণে' স্থলে 'গুণ' ঘ, চ।

শ্রীমত্যুক্তি।

তিরোথা ধানশী।

যত রূপ তত বেশ ভাবিতে পাঁজর শেষ
পাপ চিতে নিবারিতে নারি।
কিয়ে যশ অপযশ নাহি ভায় গৃহবাস[১]
তিল আধ পাসরিতে নারি ॥
মাথায় করি কুল ডালা ঘুচাব কুলের[২] জ্বালা
তবহুঁ পুরাব[৩] মন সাধে।
প্রসন্ন হইবে বিধি সাধিব মনের সিদ্ধি
যবে হবে কানু পরিবাদে ॥
কুল ছাড়ে কুলবতী সতী ছাড়ে নিজ পতি
সে যদি নয়ানের কোণে চায়।
স্বরূপে[৪] দঢ়াইলুঁ মন জাতি যৌবন ধন
নিছিয়া ফেলিব শ্যাম পায় ॥
মনে ত[৫] করিয়ে সাধ যদি হয় পরিবাদ
যৌবন সফল করি মানি।
জ্ঞানদাসে ত কয় এমতি যাহার হয়
ত্রিভুবন[৬] তাহার নিছনি ॥৫॥২৯২॥

পাঠান্তর

১। 'নাহি ভায়' ইত্যাদি স্থলে 'না ভায় গৃহের বাস' ঘ, চ।
২। 'কুলের' স্থলে 'গৃহের' ঘ, চ।
৩। 'পুরাব' স্থলে 'পুরব' ক—গ।
৪। 'স্বরূপে' স্থলে 'সরূপে' ঘ।
৫। 'মনে ত' স্থলে 'মনেতে' ক, গ।
৬। 'ত্রিভুবন' স্থলে 'ত্রিভুবনে' ঘ, চ।

তথা রাগ।[১]

বিনোদ শ্যামের রূপ[২] হেরি প্রাণ কান্দে
নাগরী-মোহন চূড়া বান্ধে কত ছান্দে ॥

দোস্থতি[৩] মুকুতার মালা কেশের সাজনি।
রতনে জড়িত মণি মাণিকের খিচনি[৪] ॥
মল্লিকা-কলিকা শোভে চূড়ার দুই পাশে[৫]।
ভুবন ভুলাইলে ময়ুর পাখের বিলাসে ॥
নবঘন জিনি অঙ্গ পীত পরিধান।
আগে পাছে কত মত্ত অলি করে গান ॥
মুকুরে নিরখে রূপ সুখের নাহি ওর।
আপনার রূপে নাগর আপনি বিভোর ॥
রহই ত্রিভঙ্গ হই[৬] হিলন কদম্ব।
দাস অনন্ত চিতে লাগি গেল[৭] ধন্ধ ॥৬॥২৯৩॥

পাঠান্তর

১। 'তথা রাগ' স্থলে 'শ্রীরাগ' গ, ঘ।
২। 'বিনোদ শ্যামের রূপ' স্থলে 'শ্যাম রূপ' ক—গ, চ।
৩। 'দোস্থতি' স্থলে 'দুসতি' ঘ; 'দুশতি' চ।
৪। 'খিচনি' স্থলে 'খেচনি' ক—গ।
৫। 'দুই পাশে' স্থলে 'চারু পাশে' ঘ; 'পাশে'

৬। 'ত্রিভঙ্গ হই' স্থলে 'ত্রিভঙ্গ' ঘ, চ।
৭। 'লাগি গেল' স্থলে 'লাগল' ঘ।

কামোদ।

জনম অবধি হৈতে দেখিনাই এমন রীতে
কিবা দিয়া নিরমিল বিধি।
মুরলি লইয়া করে কি মধুর গান করে
কালা নহে রসময় নিধি ॥
মনোহর বংশীবদন বনমালী।
ত্রিভঙ্গ ভঙ্গিমা[১] -ঠামে চূড়ার টালনি বামে
আর তাহে অলকা-আবলি ॥
বরণ চিকণ কালা তাহে শোভে বনমালা
পীতাম্বর পরিধান করি।
কিবা সে মুরতি খানি অপরূপ লাবণি
কালা নহে জগমন-হারি[২] ॥৭॥২৯৪ ॥

পাঠান্তর

১। 'ভঙ্গিমা' স্থলে 'হইয়া' ক।
২। 'জগ-মনহারি' স্থলে 'জগমনোহারী' ক, গ।

সুহই

কিশোর বয়েস মণি কাঞ্চন অভরণ[১]
ভালে চূড়া চিকণ বনান।
হেরইতে রূপ- সায়রে মন ডুবল
বহু-ভাগ্যে রহল পরাণ ॥
সখি হে—পেখলুঁ পন্থক মাঝ।
হাম নারি অবলা একলা যাইতে পথে[২]
বিছুরল সব নিজ কাজ ॥
নয়ান-সন্ধান- বাণে তনু জর জর
কাতর বিনি অবলম্বে।
বসন খসয়ে ঘন পুলকে পুরল তনু
পানি না পূরলুঁ কুম্ভে ॥
ঘর নহে ঘোর যেন জাগিতে স্বপন হেন
আরতি কহনে না যায়।
জ্ঞানদাস কহে মনে অনুমানিয়ে
বাস করব নিপ-ছায়[৩] ॥৮॥২৯৫

পাঠান্তর

১। 'কিশোর বয়েস' ইত্যাদি পংক্তি-চতুষ্টয় খ পুথিতে নাই।
২। 'যাইতে পথে' স্থলে 'পথে যাইতে' ক।
৩। 'নিপ-ছায়' স্থলে 'নৃপ ছয়' ঘ।

অথাভিসারিকা।

ধানশী।

হরি-অভিসারে চললি বর-সুন্দরি
শিতল বৃন্দাবন মাঝ।
গুরুয়া নিতম্ব-ভরে চলই না পারই
যৈছে চলয়ে হংস-রাজ ॥

একে সে অরুণ[১] ইন্দু মলয়জ বিন্দু বিন্দু
কস্তুরি-তিলক তার মাঝে।
পিঠে দোলে হেমঝাঁপা রঙ্গিয়া পাটের থোপা
নাসায় মুকুতা-রাজ সাজে[২] ॥
চৌদিকে রমণী সাজে[৩] ডম্ফ রবাব[৪] বাজে
সভে চলে মদন-তরঙ্গে।
যে দিগে পয়ান করে মদন পলায়[৫] ডরে
সৌরভে ভ্রমর যায় সঙ্গে ॥৯॥২৯৬॥

পাঠান্তর

১। 'অরুণ' স্থলে 'তরুণ' ক, চ।
২। 'সাজে' স্থলে 'রাজে' ঘ।
৩। 'সাজে' স্থলে 'শোভে' ক।
৪। 'রবাব' স্থলে 'রবাবক' ঘ।
৫। 'পলায়' স্থলে 'পালায়' ঘ।

শঙ্করাভরণ।

ধনি ধনি বনি অভিসারে।
সঙ্গিনি রঙ্গিণি প্রেম-তরঙ্গিণি
সাজলি শ্যাম-বিহারে ॥
চলইতে চরণের সঙ্গে চলু মধুকর
মকরন্দ পানকি লোভে।
সৌরভে উনমত ধরণি চুম্বয়ে কত
যাহাঁ যাহাঁ পদচিহ্ন শোভে ॥
কনক-লতা জিনি জিনি সৌদামিনি
বিধির অবধি-রূপ সাজে।
কিঙ্কিণি রণরণি বঙ্করাজ-ধনি
চলইতে সুমধুর বাজে ॥
হংসরাজ জিনি গমন সুলাবণি
অবলম্বন সখি-কান্ধে।
অনন্তদাসে ভণে মিললি নিকুঞ্জবনে
পুরাইতে শ্যাম-মন-সাধে ॥১০॥২৯৭॥

পঠমঞ্জরী।

আইস আইস সুবদনি রসময়ি[১] রাধা।
রশনে দুরে গেও মনসিজ-বাধা ॥
তুহুঁ মোর সরবস নয়ানের তারা।
তো বিনে সকল দিগ লাগে আন্ধিয়ারা ॥
করে ধরি রাই বৈসায়ল[২] বামে।
পীত-বাসে মোছই রাই-মুখ ঘামে ॥
পন্থকি দুখ পুছত বরকান।
আনন্দে মগন দুহুঁ[৪] কিছু নাহি[৫] জান ॥
অপরূপ রাধা-কানু-বিলাস।
দূরহিঁ নেহারত দ্বিজ হরিদাস ॥১১॥২৯৮॥

পাঠান্তর

১। 'রসময়ি' স্থলে 'রসময়ী' খ, চ।
২। 'রাই বৈসায়ল' স্থলে 'রাই লৈয়া বসাইল' ক—গ; 'রাই লঞা' ইত্যাদি চ।
৩। 'পন্থকি' ইত্যাদি স্থলে 'পন্থকি দুঃখ পুছত' ক, গ; 'পন্থকি দুখ পুছত' ঘ।
৪। 'দুহুঁ' স্থলে 'দোঁহে' খ।
৫। 'কিছু নাহি' স্থলে 'কিছুই না' ঘ।

ধানশী।[১]

দুহুঁ মুখ সুন্দর কি দিব তুলনা।
কানু মরকত মণি রাই কাঁচা সোনা[২] ॥
নব গোরোচনা গোরী কানু ইন্দীবর।
বিনোদিনী বিজুরি বিনোদ জলধর ॥
কনকের লতা[৩] যেন তমালে বেড়িল।
নবঘন মাঝে যেন বিজুরী পশিল ॥
রাই-কানু-রূপের নাহিক উপাম।
কুবলয় চান্দ মিলল এক ঠাম ॥
রসের আবেশে দুহুঁ হইলা বিভোর[৪]।
দাস অনন্ত পহুঁ না পাওল ওর ॥১২॥২৯৯॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১২।৭ ও ২৫।২১ সংখ্যক পদ। 'ধানশী' স্থলে 'পুরবি' প-র—২৫।২১।

২। অতঃপর প-র পুথিতে নিম্নলিখিত অতিরিক্ত কলিটি দৃষ্ট হয়; যথা,—

'চম্পক কিশোরি গোরি অঙ্গ উজোর।
অতসী কুসুম তাহে শ্যামল কিশোর॥'

'শ্যামল' প-র ২৫।২১ স্থলে 'শ্যাম' প-র ১২।৭।

৩। 'লতা' স্থলে 'তরু' ক, গ—চ। 'কনকের লতা' ইত্যাদি পংক্তি-চতুষ্টয় প-র পুথিতে নাই।

৪। 'রসের আবেশে' ইত্যাদি অন্তিম কলিটির পরিবর্ত্তে প-র পুথির পাঠ যথা;—

'রাই কানু বেড়িয়া যতেক ব্রজনারী।
অনন্ত দাসের মনে তাহে বলিহারি॥'

সুহই।১

নিধুবনে শ্যাম বিনোদিনী ভোর।
দুহুঁক রূপের নাহিক উপমা[২]
প্রেমের নাহিক ওর॥ ধ্রু[৩]॥
হিরণ-কিরণ আধ বরণ[৪]
আধ নীল-মণি-জোতি।
আধ উরে[৫] বন- মালা বিরাজিত[৬]
আধ গলে গজমোতি॥
আধ[৭] শ্রবণে মকর-কুণ্ডল
আধ[৮] রতন-ছবি।
আধ কপালে চান্দের উদয়
আধ কপালে রবি॥
আধ শিরে শোভে ময়ূর-শিখণ্ড[৯]
আধ শিরে[১০] দোলে বেণী।
কনক-কমল করে ঝলমল[১১]
ফণী উগারয়ে[১২] মণি॥
মন্দ পবন মলয় শীতল[১৩]
কুন্তল উড়য়ে বায়।
রসের পাথারে না জানে সাঁতারে
ডুবল শেখর রায়॥১৩॥৩০০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৫৪৮ সংখ্যক পদ। 'সুহই' স্থলে 'কেদার' প-র-সা।

২। 'দুহুঁক' ইত্যাদি স্থলে 'দুহুঁর' ইত্যাদি ক; 'বিধি অবিদিত রূপ মনোরম' প-র-সা।

৩। 'ধ্রু' ক—চ পুথিতে নাই।

৪। 'হিরণ-কিরণ' ইত্যাদি স্থলে 'আধ পহিরণ হিরণ-কিরণ' প-র-সা।

প-র-সা পুথিতে 'আধ পহিরণ' ইত্যাদি পংক্তি-চতুষ্টয় অন্তিম কলিটির পূর্ব্বে সন্নিবেশিত হইয়াছে।

৫। 'উরে' স্থলে 'গলে' ক, খ।

৬। 'আধ উরে' ইত্যাদি স্থলে 'আধ গলে দোলে মালা মনোহর' প-র-সা।

৭। 'আধ' স্থলে 'এক' প-র-সা।

৮। 'আধ' স্থলে 'এক' প-র-সা।

৯। 'শিখণ্ড' স্থলে 'মুকুট' প-র-সা।

১০। 'শিরে' স্থলে 'পিঠে' প-র-সা।

১১। 'কনক-কমল' ইত্যাদি স্থলে 'শিরিশ কুসুম ঝলমল করে' প-র-সা।

১২। 'উগারয়ে' স্থলে 'উগারল' প-র-সা। 'আধ শিরে শোভে' ইত্যাদি পংক্তি-চতুষ্টয় প-র-সা পুথিতে ধ্রুব-কলির পরেই সন্নিবেশিত হইয়াছে।

১৩। 'মন্দ পবন' ইত্যাদি পংক্তি-চতুষ্টয়ের পরিবর্ত্তে প-র-সা পুথির পাঠ যথা;—

'সৌরভে আকুল কুঞ্জ-ভবন
তরু দোলে মন্দ বায়।
নিকুঞ্জ মন্দিরে রসের সায়র
বাহিরে শেখর রায়॥'

সম্ভোগ।

কেদার।১

রতি-রসে মাতল অতিশয় নাহ।
অমিয়া-সরোবরে দুহুঁ[২] অবগাহ ॥
সহজে নিরঙ্কুশ নাগর-রাজ[৩]।
তাহে মনমথ-নৃপ-কৌতুক কাজ ॥
দৃঢ় পরিরম্ভণে ঘন সিতকার।
অনুখণ কিঙ্কিণি করয়ে ফুকার ॥
কর গহি রাখিও[৪] যুগ[৫] চকেবা।
দংশইতে[৬] সরসিজ বারব কেবা[৭] ॥
কহ হরিবল্লভ সহচরি-কূলে[৮]।
দেখই[৯] নিভৃতে উলাসহিঁ[১০] ফুলে ॥

॥১৪॥৩০১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৫০ সংখ্যক পদ।

২। 'দুহুঁ' স্থলে 'করি' প-র-সা।

৩। 'সহজে নিরঙ্কুশ' ইত্যাদি পংক্তিচতুষ্টয় প-র-সা পুথিতে নাই।

৪। 'রাখিও' স্থলে 'রাখত' প-র-সা।

৫। 'যুগ' স্থলে 'যুগ' ক—গ ; 'যুগল' প-র-সা।

৬। 'দংশইতে' স্থলে 'দংশই' প-র-সা।

৭। অতঃপর প-র-সা পুথির অতিরিক্ত পাঠ যথা ;—

'কতই হিল্লোল উঠই রঙ্গে।
তবহু কহয়ে আনন্দ তরঙ্গে ॥'

৮। 'কহ হরিবল্লভ' ইত্যাদি পংক্তিদ্বয়ের পরিবর্ত্তে প-র-সা পুথির পাঠ যথা ;—

'হরিবল্লভ সহচরীগণ মেলি।
দেখিয়া এ সব রস পড়ি গিও ভেলি ॥'

৯। 'দেখই' স্থলে 'হেরত' ঘ।

১০। 'উলাসহিঁ' স্থলে 'উল্লসহি' ঘ ; 'উলাসই' ক—গ।

টীকা

৩—৪। "সহজে নিরঙ্কুশ" ইত্যাদি। নায়ক-শিরোমণি শ্রীকৃষ্ণ স্বভাবতঃ উচ্ছৃঙ্খল,—তাহাতে (আবার) কন্দর্পরূপ নৃপতির কৌতুক সম্পাদন (অভীষ্ট) কর্ম্ম ; (সুতরাং সম্ভোগ-লীলার উদ্ভটতার সম্বন্ধে বলা বাহুল্য।)

৭—৮। "কর গহি" ইত্যাদি। (হে কৃষ্ণ!) স্তনরূপ চক্রবাক-যুগলকে কর দ্বারা গ্রহণ অর্থাৎ সংযমিত করিয়া রাখিও, (নতুবা সেই চক্রবাকদ্বয়) তোমার (বনমালার) সরোরুহ-চয়কে দংশন অর্থাৎ বিমর্দ্দন করিতে কে নিবারণ করিবে ? (ইহা সখী-স্থানীয় পদ-কর্ত্তার উক্তি)।

৯—১০। "কহ হরিবল্লভ" ইত্যাদি। হরি-বল্লভ কহিতেছেন যে, সখীগণ উল্লাসে প্রফুল্লিত হইয়া নির্জ্জনে (শ্রীরাধাকৃষ্ণের সম্ভোগ-লীলা) দেখিতেছেন। ("নিভৃত" শব্দের "সম্ভোগ" অর্থ গ্রহণ করিলে, উহাকে "দেখই" ক্রিয়ার কর্ম্ম-পদও করা যাইতে পারে)।

কেদার।

রতি-রস-ছরমে[১] শ্যাম হিয়ে শূতলি
শরদ-ইন্দু-মুখি বালা।
মরকত-মদনে[২] কোই জনু পূজল
দেই নব চম্পক-মালা[৩] ॥
শ্যাম-বয়ন পর বয়ন বিরাজই
উর পর কুচ-যুগ সাজে।
কনক-কুম্ভ জনু উলটি বৈসায়ল
মদন-মহোদধি মাঝে ॥
জোড়ল[৪] তনুমন ভুজে ভুজে বন্ধন
অধরহিঁ অধর মিশান।
বেঢ়ল মৃণালে হেম নিলমণি জনু
বান্ধুলি-[৫] যুগ একঠান ॥

ঘন সঞে দামিনি ঢুকুলে ঢুকুল জনু
ঢুহুঁ জন এক পটবাস।
চরণে বেঢ়ি[৬] চারু অরুণ সরোরুহ
মধুকর গোবিন্দদাস ॥১৫॥৩০২॥

পাঠান্তর

১। 'রতি-রস-ছরমে' স্থলে 'রতিরসে ছরমে' ঘ।

২। 'মদনে' স্থলে 'সদনে' চ।

৩। 'চম্পক-মালা' স্থলে 'কাঞ্চন-মালা' ক—গ, চ; 'কাঞ্চনমালা' পাঠে 'নব' বিশেষণের বিশেষ সার্থকতা থাকে না, সুতরাং 'চম্পক-মালা' পাঠই সুসঙ্গত।

৪। 'জোড়ল' স্থলে 'জোরল' ঘ; 'যোরল' চ।

৫। 'বান্ধুলি' স্থলে 'বান্ধলি' ক—গ, চ।

৬। 'বেঢ়ি' স্থলে 'বেড়িয়া' ক—গ।

টীকা

৯—১২। "জোড়ল তনু মন" ইত্যাদি। উভয়ের দেহ ও মন (যেন কি এক অনির্ব্বচনীয় শক্তির প্রভাবে) সম্মিলিত হইল অর্থাৎ এক হইয়া গেল। (উভয়ের) ভুজ-দ্বয় আশ্লিষ্ট ও অধরে অধর সম্মিলিত (দেখিয়া বোধ হয় যেন), স্বর্ণ ও নীলকান্ত-মণি মৃণালে বেষ্টিত ও (অধর-রূপ) বান্ধুলি পুষ্প-যুগল এক স্থানে (রহিয়াছে)।

১৩—১৬। "ঘন সঞে" ইত্যাদি। (শ্রীকৃষ্ণের পীত-বর্ণ) ঢুকুলের সহিত (শ্রীরাধার নীল-বর্ণ) ঢুকুল (সম্মিলিত হইয়া) যেন মেঘের সঙ্গে বিদ্যুৎ শোভা পাইতেছে; (পদ-তলরূপ) লোহিত সরোজ উভয়ের চরণ বেষ্টন করিয়া রহিয়াছে; গোবিন্দ দাস (সেই পদ্মের) মধু-লুব্ধ ভ্রমর।

তথা রাগ।

রতি-অবসানে বৈঠি বর-নাগরি
উদসল আপক দেহ[১]।
হেরইতে অবনত বদন কয়ল[২] পুন
কি করব না পায়ই থেহ[৩] ॥
প্রেম রাই-রূপ-ধারী[৪]।
ইঙ্গিতে নিজবেশ- করণে নিয়োজল
রতি-সুখ-কুঞ্জবিহারী ॥ধ্রু ॥
ঈষদবলোকনে মাধব হেরইতে
নয়নহিঁ আনন্দ-নীর।
জনু বর বিধু-মণি বিধু-কর দরশনে
তৈছন সকল শরীর ॥
অলক সঙারিতে পহিলহিঁ[৫] কাঁপই
বর-করে পরশিতে কন্ত[৬]।
কহ রাধামোহন বেশ কৈছে হোয়ব
চূড় চরণ পরিযন্ত ॥ ১৬ ॥৩০৩ ॥

ইতি সংকীর্ত্তনানুসারেণ রূপাভিসারাদি সর্ব্বকালোচিতগীতম্। ইতি তৃতীয়-পল্লবঃ।

পাঠান্তর

১। 'দেহ' স্থলে 'দেহা' ক—গ, চ।

২। 'বদন কয়ল' স্থলে 'বদন কমল' খ—চ।

৩। 'থেহ' স্থলে 'থেহা' ক—গ, চ।

৪। 'প্রেম রাই-রূপধারী' স্থলে 'রাই প্রেম রূপধারী' ক; 'প্রেম রাই-রূপ-ধারি' ঘ, চ।

৫। 'পহিলহিঁ' স্থলে 'পহিরহিঁ' ক।

৬। 'কন্ত' স্থলে 'কান্ত' ক, গ—চ।

টীকা

৫—৭। "প্রেম রাই-রূপ" ইত্যাদি। শ্রীরাধার রূপ-ধারী প্রেম অর্থাৎ মূর্ত্তিমতী প্রেম-রূপিণী শ্রীরাধা (তখন শ্রীকৃষ্ণের প্রেমানন্দ-বর্দ্ধনের জন্যই) রতিসুখে বিমোহিত শ্রীকৃষ্ণকে নিজের (বিস্রস্ত) বেশ-ভূষার

সংস্কারে (কৌশল-পূর্ণ) ইঙ্গিত দ্বারা নিয়োজিত করিলেন।

১২—১৫। "অলক সঞারিতে" ইত্যাদি। প্রিয়তম শ্রীকৃষ্ণ প্রথমে শ্রীরাধার চূর্ণ-কুন্তলগুলির সংস্কার করিতে (যাইয়া) পদ্ম-হস্তে তাঁহার (ললাট) স্পর্শ করিতে (সাত্ত্বিক ভাবের উদয় হেতু) কম্পিত-কলেবর হইতেছেন; পদ-কর্ত্তা রাধামোহন বলেন যে, (এ অবস্থায়) শ্রীরাধার চূড়া হইতে চরণ পর্য্যন্ত বেশ-রচনা কি প্রকারে সম্পন্ন হইবে ?

অথ বসন্তকালোচিত-বাসকসজ্জোৎ-কণ্ঠিতাদিপর্য্যায়ো গীয়তে।

আদৌ শ্রীগৌরচন্দ্রঃ।

সিন্ধুড়া অথবা বসন্তরাগ।

পদতলে ভকত- কলপতরু সঞ্চরু
সিঞ্চিত প্রেম-মরন্দ।
যাকর ছায় সুরাসুর নরবর
পরমানন্দ নিরদন্দ ॥
পেখলুঁ গৌরচন্দ্র নটরাজ।
জঙ্গম হেম- ধরাধর উয়ল[1]
কীয়ে নবদ্বিপ[2] মাঝ ॥ ধ্রু ॥
নয়ন[3] নিরদ জিনি কত মন্দাকিনি
ত্রিভুবন ভরল তরঙ্গে।
নিত্যানন্দ চন্দ্র রাম[4] দিনমণি
ভ্রমই প্রদক্ষিণ রঙ্গে ॥
যাকর চরণ সমাধয়ে শঙ্কর
চতুরানন করু আশে।
সো পহুঁ পণ্ডিত কোরে ধরি কান্দই
কি কহব গোবিন্দদাসে ॥১॥৩০৪॥

পাঠান্তর

১। 'উয়ল' স্থলে 'উয়ল' ক—গ, চ।

২। 'কীয়ে নবদ্বিপ' স্থলে 'কিয়ে নবদ্বীপ' ক—ঘ।

৩। 'নয়ন' স্থলে 'নব' ক।

৪। 'রাম' স্থলে 'অভিরাম' ক—গ।

তত্র শুক্লাভিসার।

ধানশী।[1]

কুন্দ-কুসুমে[2] ভরু[3] কবরিক ভার।
হৃদয়ে বিরাজিত মোতিম-হার ॥
চন্দন-চরচিত রুচির কপূর[4]।
অঙ্গহি অঙ্গ অনঙ্গ ভরিপুর ॥
চান্দনি রজনি উজোরলি[5] গোরি।
হরি-অভিসার-রভস-রসে ভোরি ॥ধ্রু॥
ধবল[6] বিভূষণ অম্বর বনই[7]।
ধবলিম কৌমুদি মিলি তনু[8] চলই ॥
হেরইতে পরিজন লোচন ভূল।
রঙ্গপুতলি কিয়ে[9] রস মহা[10] বুর ॥
পূরতি[11] মনরথ গতি অনিবার।
গুরুকুল-কণ্টক কি করয়ে[12] পার ॥
সুরত-শিঙ্গার-কিরিতি সম ভাস[13]।
মিললি নিকুঞ্জে কহ[14] গোবিন্দদাস ॥২॥৩০৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৪৫৬ সংখ্যক ও প-র পুথির ১৫।১৯ সংখ্যক পদ। এই পদটি প-ক-ত ৩য় শাখার ৮ম পল্লবে ৭ম পদরূপে পুনরায় উদ্ধৃত হইয়াছে। 'ধানশী' স্থলে 'ভূপালি' প-র।

২। 'কুসুমে' স্থলে 'কুসুম' প-র।

৩। 'ভরু' স্থলে 'ভরি' প-র-সা; 'করি' ঘ, চ; 'করু' প-র, ঘ, ৩।৮।৭; চ, ৩।৮।৭।

৪। 'কপূর' স্থলে 'কর্পূর' ঘ।

৫। 'উজোরলি' স্থলে 'উজোরল' ঘ, ৩।৮।৭।, চ; 'উজারল' গ; 'উজারলি' প-র-সা; 'উজাগর' প-র।

৬। 'ধবল' স্থলে 'ধবলি' ঘ, চ।

৭। 'বনই' স্থলে 'বলই' ক, গ—চ; 'ধরই' ক ৩।৮।৭।

৮। 'তমু' স্থলে 'তবু' প-র-সা।

৯। 'কিয়ে' স্থলে 'জমু' প-র-সা, চ, ৩।৮।৭; 'যেন' ক ৩।৮।৭।

১০। 'মহা' স্থলে 'মাহা' ক—চ; 'ময়' প-র-সা।

১১। 'পুরভি' স্থলে 'পুরতি' ঘ ৩।৮।৭, চ ৩।৮।৭; 'পুরবি' প-র-সা; 'পুনরতি' প-র।

১২। 'করয়ে' স্থলে 'করিতে' খ ৩।৮।৭।

১৩। 'সুরত-শিঙ্গার' ইত্যাদি স্থলে 'মুরতি শিঙ্গার কিরিতি সম ভাষ' ক, চ; 'মুরতি শিঙ্গার কিরিতিময় ভাস' ঘ; 'জুবতি শিঙ্গার কিরিতি রস ভাষ' প-র-সা; 'মুরতি শিঙ্গার পিরিতিময় ভাষ' চ, ৩।৮।৭।

১৪। 'নিকুঞ্জে কহ' স্থলে 'কুঞ্জক কহ' প-র-সা।

টীকা

৭—৮। "ধবল বিভূষণ" ইত্যাদি। (শ্রীরাধার) শ্বেত (মুক্তা ও পুষ্পের দ্বারা নির্ম্মিত) আভরণ ও বসন শোভা পাইতেছে; (তাঁহার) দেহ শ্বেত চন্দ্র-কিরণের সহিত (এক-বর্ণতা হেতু) মিশিয়া যাইয়া অগ্রসর হইতেছে। ধবল-বেশ-ধারিণী গৌরাঙ্গী শ্রীরাধা জোৎস্নার সহিত মিশিয়া যাওয়ায়, সহজে কেহ তাঁহাকে চিনিতে পারিবে না। এ স্থলে সদৃশ গুণের সহিত সদৃশ গুণের সম্মিলন হওয়ায়, 'সামান্য' নামক অলঙ্কার হইয়াছে; তুলনা করুন;—

"মল্লিকাচিত-ধম্মিল্লাশ্চারুচন্দন-চর্চ্চিতাঃ।
অবিভাব্যাঃ সুখং যান্তি চন্দ্রিকাস্বভিসারিকাঃ॥"
—সাহিত্যদর্পণ, ১০ম পরিচ্ছেদ।

৯—১০। "হেরইতে পরিজন" ইত্যাদি। (শ্রীরাধাকে) দেখিলে (তাঁহার) পরিজনদিগের লোচনও ভুলে অর্থাৎ তাঁহাকে শ্রীরাধা বলিয়া চিনিতে পারে না; (তাঁহাকে দেখিয়া বোধ হয়), রাং দ্বারা নির্ম্মিত পুত্তলিকা যেন পারদের মধ্যে নিমগ্ন (হইয়াছে)।

১১—১২। "পূরতি মনোরথ" ইত্যাদি। (শ্রীরাধার) মনোরথই (তাঁহার) অবারিত অভিসার-গমনকে সম্পূর্ণ করিতেছে; (এরূপ স্থলে) গুরু-জন ও কুলরূপ কণ্টকে কি করিতে পারে?

১৩—১৪। "সুরত-শিঙ্গার-কিরিতি" ইত্যাদি। গোবিন্দদাস কহিতেছেন,—সম্ভোগ-সজ্জার শ্বেত কীর্ত্তি-রাশির তুল্য কান্তি-বিশিষ্টা (শ্রীরাধা) নিকুঞ্জে উপনীতা হইলেন। "সুরত-শিঙ্গার" ইত্যাদি বাক্যের উপমা-অলঙ্কারের দ্বারা কবি বুঝাইতেছেন যে, এ ভাবে অভিসারে গমন করায়, শুক্লাভিসারিকাগণের শুভ্র যশোরাশি শ্রীরাধাকে আশ্রয় করিয়াছে।

—

তথা রাগ।

শূন্য কুঞ্জ হেরি রসবতি রাই।
নাগর-শেখর না মিলল আই॥
মধু-ঋতু রজনী চান্দ[১] উজোর।
কোকিল ভ্রমর ডাকে আনন্দে বিভোর॥
মলয় পবন বহে কুসুম-সুগন্ধ।
দ্বিজ-কুল-শবদ কতহুঁ পরবন্ধ॥
ঐছে সময়ে যব মীলব[২] কান।
দাস অনন্ত তোহারি গুণ গান॥৩॥ ৩০৬॥

পাঠান্তর

১। 'চান্দ' স্থলে 'চান্দনি' খ, ঘ।

২। 'মীলব' স্থলে 'মিলল' ক; 'মিলব' চ।

অথ বাসকসজ্জা।

তদুচিত-শ্রীগৌরচন্দ্র।

ধানশী।

কি লাগিয়া মোর　　　গৌর-সুন্দর
　　বসিয়া গৃহের মাঝে।
বসন আসন　　　রতন-ভূষণ
　　সাজয়ে অঙ্গের মাঝে ॥
আপন বপুর　　　ছাহ হেরিয়া
　　চমকি উঠয়ে মনে।
কি লাগি অবহুঁ　　　না মিলল পহুঁ
　　এত না বিলম্ব কেনে ॥
কহে নরহরি　　　মোর গৌরহরি
　　ভাবিয়া রাইয়ের দশা।
সজল নয়ানে　　　চাহে পথ পানে
　　কহে গদ গদ ভাষা ॥৪॥৩০৭॥

ধানশী।১

বাসিত বারি ক-　　　পূরিত তাম্বুল
　　কুসুমিত মদন-শয়ান।
উজোর[২] দীপ স-　　　মীপহি জারহ[৩]
　　বিরচহ[৪] চারু বিতান ॥
　　সখি হে কহই না যায়ে আনন্দ[৫]।
ঋতু-পতি-রাতি　　　অবহুঁ নব[৬] নাগর
　　মিলবহুঁ শ্যামর চন্দ ॥ধ্রু॥
কুসুমিত-মৌলি র-　　　সালক পরিমলে
　　ভ্রমর ভ্রমরি রহু ভোর।
মদন-মনোরথে　　　সগরিহ[৭] যামিনি
　　সুখে বঞ্চব[৮] হরি-কোর ॥
বিহি পায়ে লাগি　　　মাগি নিব এক বর[৯]
　　চেতন রহু মঝু দেহ।
গোবিন্দদাস　　　কহই হরি-পরশহি[১০]
　　সো পুন[১১] হোত[১২] সন্দেহ ॥৫॥৩০৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৪৮৩ সংখ্যক ও প-র পুথির ১৭।৩ সংখ্যক পদ।

২। 'উজোর' স্থলে 'উরজ' ঘ; 'উজর' চ।

৩। 'সমীপহি জারহ' স্থলে 'সমিপে উজারহ' প-র-সা; 'সমীপে উজারই' প-র।

৪। 'বিরচহ' স্থলে 'বিরচহু' প-র-সা।

৫। 'কহই না যায়ে আনন্দ' স্থলে 'কাহে নাহি হোয়ে আনন্দ' প-র-সা।

৬। 'অবহুঁ নব' স্থলে 'অবহুঁ নাহি' ক; 'অবহুঁ বর' প-র-সা; 'আজু নব' প-র।

৭। 'মদন-মনোরথে সগরিহ' স্থলে 'মনমথ-সাগরে সগরিহ' প-র-সা।

৮। 'বঞ্চব' স্থলে 'বঞ্চিব' প-র।

৯। 'বিহি পায়ে' ইত্যাদি স্থলে 'বিহি পায় এক বর মাগিয়ে' প-র-সা; 'বিহি পায়ে মাগিয়ে এহি এক বর' প-র।

১০। 'কহই' ইত্যাদি স্থলে 'কহ তাকর পরশহ' প-র-সা।

১১। 'পুন' স্থলে 'পুনি' প-র।

১২। 'হোত' স্থলে 'হোয়ত' প-র।

টীকা

১২—১৫। "বিহি পায়ে" ইত্যাদি। বিধাতার চরণে ধরিয়া এই একটি মাত্র বর মাগিয়া লইব—(যেন) আমার দেহে চৈতন্য: থাকে; গোবিন্দদাস কহিতেছেন,—হরির স্পর্শে কিন্তু উহাতে সন্দেহ আছে! তুলনা করুন;—

"তব স্পর্শে স্পর্শে মম হি পরিমূঢ়েন্দ্রিয়গণো
বিকারশ্চৈতন্যং ভ্রময়তি সমুন্মীলয়তি চ ॥"
—উত্তর-চরিত।

কামোদ।১

উজোর২ রাতি শেজ নব কিশলয়
বাসিত৩ তাম্বুল বারি।
এহি উপচারে আজু হরি ভেটব
ঐছন মরম হামারি॥
সজনী৪ কি ফল বেশ বনান৫।
কানু পরশ-মণি- পরশক বাধন৬
অভরণ সৌতিনি মান॥ধ্রু।
দুহুঁ কুণ্ডল দুহুঁ কঙ্কণ কিঙ্কিণি
দুহুঁ দুহুঁ নূপুর রাখি৮।
মৃগমদ সিন্দুর লোচনে কাজর
পদ-যাবক রতি-সাখি॥
সো তনু পরশে পুলক জনু বাধত৯
ইথে লাগি চমকে পরাণ।
গোবিন্দদাস কহই ধনি ধনি ধনি১০
কানু-মরম তুহুঁ জান॥৬॥৩০৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৪৮৯ সংখ্যক ও প-র পুথির ১৭।৪ সংখ্যক পদ। 'কামোদ' স্থলে 'কেদার' প-র-সা, প-র।

২। 'উজোর' স্থলে 'উজর' ঘ, চ, প-র-সা, প-র।

৩। 'বাসিত' স্থলে 'কুসুমিত' খ, ঘ, চ।

৪। 'সজনী' স্থলে 'সজনি' ক, গ; 'শুন সজনি' প-র; 'শুন সহচরি' প-র-সা।

৫। 'বনান' স্থলে 'বনানি' প-র।

৬। 'পরশক বাধন' স্থলে 'পরশক বারণ' গ; 'পরশক বাধত' প-র; 'পরশরস ধাধস' প-র-সা।

৭। 'সৌতিনি মান' স্থলে 'সোতিনি মান' ঘ; 'সৌতিনি মানি' প-র; 'সতিনী সমান' প-র-সা।

৮। 'দুহুঁ দুহুঁ' ইত্যাদি স্থলে 'দুহু' নূপুর পুন রাখি' প-র-সা।

৯। 'পুলক জনু বাধত' স্থলে 'পুলকে তনু বাধত' ক; 'পুলক তনু বাধত' গ; 'পুলক জনি বাধত' প-র; 'পুলক জনি বান্ধয়ে' প-র-সা।

১০। 'ধনি ধনি ধনি' স্থলে 'ধনি ধনি' গ।

টীকা

৫—৭। "সজনী" ইত্যাদি। হে সখি! বেশ-রচনায় কি প্রয়োজন? কৃষ্ণরূপ পরশ-মণির স্পর্শের বাধাদায়ক বেশ-ভূষাকে (প্রিয়-সম্মিলন-বিরোধিনী) সপত্নী বলিয়া মনে করি। তুলনা করুন;—

"বপুষি তব তনোতি রত্ন-ভূষাং
প্রভুরিতি ধন্যতমাসি কিং ব্রবীমি।
সখি তনুনয়নান্তরালভীরুঃ
কলয়তি মে ন বিভূষণানি কান্তঃ॥"
—রস-মঞ্জরী।

১২—১৫। "সো তনু" ইত্যাদি। (কেবল) যদি সেই (কৃষ্ণ)-তনুর স্পর্শ-বিষয়ে (আমার) রোমাঞ্চ (গাঢ়-আলিঙ্গনে) বাধা দেয়—এই জন্য (আমার) প্রাণ আশঙ্কিত হইতেছে; গোবিন্দদাস কহিতেছেন—হে ধন্যে! তুমি ধন্য ধন্য; কৃষ্ণের হৃদয়ের ভাব তুমিই জান; তুলনা করুন;—

"প্রত্যূহঃ পুলকাঙ্কুরেণ নিবিড়াশ্লেষে' ইত্যাদি।"
—গীতগোবিন্দ, ১২শ সর্গ।

কেদার।

অনুপম মন অভিলাষ।
সঙ্কেত-কুঞ্জহিঁ শেজ বিছায়ই
কানু মিলব প্রতিআশ॥ধ্রু॥
মৃগমদ চন্দন গন্ধ-সুলেপন
বিকসিত-চম্পক-দাম।
কর্পূর তাম্বুল সম্পুট ভরি রাখয়ে
পূরব মনরথ কাম॥

মঙ্গল-কলস পর   দেই নব পল্লব
রম্ভা শোভে তছু ঠাম।
রতন-প্রদীপ   সমীপহিঁ জারল
চামর-বিজন অনুপাম ॥
কত উপহার   কুঞ্জ মাহা করলহি
কানু মিলব প্রতিআশ।
ঘর বাহির কত   আয়ত যায়ত
কি কহব বলরাম দাস ॥৭॥৩১০ ॥

বিহাগড়া।

ধনি সহজে রাজার ঝি।
ঘরের বাহির   কখন না হয়
আমরা দেখিয়াছি ॥ধ্রু ॥
তাহাতে রজনি   কানন মাঝারে
করয়ে কমল-শেজ।
মিনতি করিয়া   প্রিয়-সখিগণে
কানুক উদ্দেশে[১] ভেজ ॥
সবহুঁ রজনি   নিন্দ যায়ে ধনি
রতন পালঙ্ক পরে।
সে যে কমলিনী   জাগয়ে যামিনী[২]
নিমিখ না দেই ডরে ॥
কর পদতল   ও থল-কমল
ননির পুতলি দেহ।
সে যে সুকুমারী   কান্দয়ে গুমরি
এত না সহিবে কেহ ॥
এ ঘর বাহির   করে কত বার
কপট-শঠের আশ।
এতহুঁ বিপদ   সহিতে না পারি
ধায় কানুরাম দাস ॥৮॥৩১১॥

পাঠান্তর

১। 'কানুক উদ্দেশে' স্থলে 'কানুর উদ্দেশে' ক; 'কানুক উদ্দিশ' ঘ।

২। 'যামিনী' স্থলে 'রজনি' ঘ।

অথোৎকণ্ঠিতা।[১]

তদুচিত শ্রীগৌরচন্দ্রঃ।

গান্ধার।

কি লাগি গৌর মোর।
নিজ-রসে ভেল ভোর ॥
অবনত করি মুখ।
ভাবয়ে পুরুব-দুখ ॥
বিহি নিকরুণ ভেল।
আধ নিশি বহি গেল ॥
জ্ঞানদাস কহে গোরা।
নিজ-রসে ভেল ভোরা ॥৯॥৩১২॥

পাঠান্তর

১। অতঃপর ক ও চ পুথিতে নিম্নলিখিত প্রক্ষিপ্ত শ্লোকটি দৃষ্ট হয়; যথা,—
'সা স্যাদুৎকণ্ঠিতা যস্যা বাসং নৈতি দ্রুতং প্রিয়ঃ।
তস্যানাগমনে হেতুং চিন্তয়ন্ত্যাঃ শুচা ভৃশম্ ॥'

সুহই।

মধু-ঋতু রজনি   উজোরল হিমকর
মলয়-সমীরণ মন্দ।
কানু-আশোয়াশে   চপল মনোভবে
মনহি বিথারল ধন্দ[১] ॥
সজনি পুন জনি সম্বাদহ কান।
কালিন্দি-কূলে   অবহুঁ বিরহানলে
তেজব দগধ পরাণ ॥

কিশলয়-দহন- শেজ অব সাজহ
আহুতি চন্দন-পঙ্কা।
দ্বিজ-কুল-নাদ- মন্ত্রে তনু জারব
দূরে যাউ প্রেম-কলঙ্কা॥
চীত-রতন মঝু কানু পাশে রহুঁ[২]
অবহুঁ না মীলল যোই।
গোবিন্দদাস কহই ধনি বিরমহ
আপহিঁ মীলব সোই॥১০॥৩১৩॥

পাঠান্তর

১। 'ধন্দ' স্থলে 'দ্বন্দ্ব' ক; 'ধন্ধ' খ।
২। 'রহু' স্থলে 'রহল' ক।

টীকা

৫—৭। "সজনি" ইত্যাদি। হে সখি! কৃষ্ণকে আর সংবাদ দিও না; (আমি) যমুনার কূলে এখনি বিরহ-রূপ অগ্নিতে দগ্ধ প্রাণ পরিত্যাগ করিব। "বিরহানলে দগধ" বাক্যের ধ্বনি দ্বারা কবি বুঝাই-তেছেন—যে প্রাণ বিরহানলে একবার দগ্ধ হইয়াছে, তাহাকে পুনর্ব্বার দগ্ধ করিলে আর অধিক ক্লেশ হইবে না—সুতরাং উহাকে সম্পূর্ণ ভস্মাবশেষ করিয়া আপৎ-শান্তি করাই সঙ্গত।

৮—১১। "কিশলয়-দহন" ইত্যাদি। (যদি বল, বিরহানলে যাহাকে সম্পূর্ণ ভস্মাবশেষ করিতে পারে নাই, তাহাকে এখন কিরূপে ভস্মীভূত করিবে?) এখন নব-পল্লব-রাজিরূপ অগ্নি-শয্যা সজ্জিত কর; (তাহাতে) চন্দন-রস (বহ্নি-বর্দ্ধক) আহুতি (প্রদত্ত হউক); বিহঙ্গ-কুলের (পক্ষান্তরে বেদজ্ঞ ব্রাহ্মণ-দিগের) নিনাদ (পক্ষান্তরে বেদ-ধ্বনি)-রূপ মন্ত্রের দ্বারা আমার দেহকে প্রজ্বলিত করিব—প্রেম-কলঙ্ক দূর হউক। "দূরে যাউ প্রেম কলঙ্কা" বাক্যের তাৎপর্য্য এই যে, মন্ত্রপূত যজ্ঞানলে দেহ আহুতি প্রদান করিলে যেরূপ সেই দেহ দ্বারা সম্পাদিত সর্ব্ব-বিধ পাপ বিদূরিত হয়, সেইরূপ বর্ণিত-ভাবে দেহ-ত্যাগ করিলে শ্রীরাধার প্রেম-জনিত কলঙ্ক বিদূরিত হইবে অর্থাৎ এক পক্ষে তিনি প্রেমের জন্য প্রাণ-ত্যাগ দ্বারা প্রেমের পরাকাষ্ঠা প্রদর্শিত করায়, তাঁহাকে আর কেহই অপ্রেমিকা বলিয়া নিন্দা করিতে পারিবে না; অপর পক্ষে যাহারা তাঁহাকে শ্রীকৃষ্ণানুরাগিণী বলিয়া কুৎসা করিত, তাহারা তাঁহার এই শোচনীয় পরি-ণাম দর্শনে দুঃখিত হইয়া তাঁহার দোষ বিস্মৃত হইবে।

শ্রীগান্ধার।১

ঋতু-পতি রাতি উজোরল চন্দ।
মলয়-সমীরণ কুসুম সুগন্ধ॥
যামিনি আধ অধিক বহি গেল।
যতহুঁ মনোরথ অনরথ[২] ভেল॥
এ সখি[৩] হরি সঞে কি করব দন্দ।
আপন মনহিঁ মনোভব মন্দ[৪]॥
সো মুখ হেরইতে না রহে মান।
তাকর বশ[৫] ভেল কঠিন পরাণ॥
যাকর বচনে নাহিক বিশোয়াশ[৬]।
তাহে কি সম্বাদব গোবিন্দদাস॥১১॥৩১৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৪৮৮ সংখ্যক পদ; কিন্তু উহাতে পদের প্রারম্ভে নিম্নলিখিত অতিরিক্ত কলি দৃষ্ট হয়; যথা,—

'ঐছন কামুক সো হেন রূপ গুণ।
চঞ্চল চরিত তা সনে দুন॥'

ইহার পরেই 'সখি হে হরি সঞে' ইত্যাদি কলিটি সন্নিবেশিত হইয়াছে।

২। 'মনোরথ অনরথ' স্থলে 'মনরথ আনরথ' প-র-সা।

৩। 'এ সখি' স্থলে 'সখি হে' প-র-সা।

৪। 'আপন মনহিঁ' ইত্যাদি স্থলে 'আপনে মনে মন ভরল মন্দ॥ধ্রু॥' প-র-সা

৫। 'বশ' স্থলে 'রসে' ক, গ; 'বস' ঘ, চ; 'রস' প-র-সা।

৬। 'নাহিক বিশোয়াশ' স্থলে 'নাহি বিশোয়াশ' ক—গ, চ; 'না করি আশোয়াস' প-র-সা।

তথা রাগ ।১

মাধব কি কহব ধনিক সন্তাপ২।
চীতহিঁ তোহারি এ দরশ দুরাপ৩॥
বিরহক বেদনে৪ সো বর-নারী।
নিরজনে বিরচই মুরতি তোহারি॥
দারুণ দৈব ততহিঁ নাহি গেল৫।
লিখইতে আন আন ভৈ গেল॥
লিখইতে বদন৬ বেকত ভেল চন্দ।
হেরি হেরি৭ সুন্দরি পড়লহি৮ ধন্দ॥
ভাঙু৯ ধনুয়া ভেল লোচন বাণ।
অঙ্গে১০ অনঙ্গ হেরি হরল গেয়ান॥
পুন কিয়ে১১ লিখব যতন করি তোয়১২।
ভীতক চীত-পুতলি ভেল সোয়১৩॥
গোবিন্দদাস কহই করি সেবা।
শুনইতে সো ভেল মরকত দেবা॥

॥১২॥৩১৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫০৫ সংখ্যক ও প-র পুথির ১৯।১৪ সংখ্যক পদ। 'তথা রাগ' স্থলে 'ধানশ্রী' প-র।

২। 'মাধব কি কহব' ইত্যাদি স্থলে 'কি কহব মাধব' ইত্যাদি প-র-সা। প-র-সা ও প-র পুথিতে 'মাধব কি কহব' ইত্যাদি কলিটি 'দারুণ দৈব' ইত্যাদি কলির পরে সন্নিবেশিত হইয়াছে।

৩। 'চীতহিঁ' ইত্যাদি স্থলে 'চীতহিঁ তোহারি দরশ দুরাপ' ক—গ, চ; 'চীতহু তুয়া দরশন দুরআপ' প-র-সা, প-র।

৪। 'বেদনে' স্থলে 'বেদন' প-র-সা, প-র।

৫। 'দৈব ততহিঁ' ইত্যাদি স্থলে 'দৈবত তহিঁ' ইত্যাদি ক—গ; 'দৈব ততহিঁ নাগ নেল' প-র-সা, প-র।

৬। 'লিখইতে বদন' স্থলে 'বদন লিখিতে' ঘ, চ।

৭। 'হেরি হেরি' স্থলে 'হেরি' প-র-সা।

৮। 'পড়লহি' স্থলে 'পড়লহু' প-র-সা।

৯। 'ভাঙু' স্থলে 'ভাঙ' ক—গ, চ।

১০। 'অঙ্গে' স্থলে 'অঙ্গ' প-র।

১১। 'কিয়ে' স্থলে 'কি' প-র।

১২। 'লিখব যতন' ইত্যাদি স্থলে 'নিরখব জতন করু তোয়' ঘ; 'লিখব জতন করু তোয়' চ; 'লিখব যতন করি তোই' প-র; 'লিখব জন করি তোয়ি' প-র-সা।

১৩। 'সোয়' স্থলে 'সোই' প-র; 'সোয়ি' প-র-সা।

অথ বিপ্রলব্ধা।

ভৈরবী ।১

হেম দরপণি গৌরাঙ্গ-লাবণি
ধুলায় ধুসর কাঁতি।
আসন বসন তেজিয়া রোদন
ব্রজ-বিলাসিনী ভাঁতি॥
হরি হরি বলি প্রাণনাথ করি
ধরণী ধরিয়া উঠে।
কোথা না যাইব কাহারে কহিব
পরাণ ফাটিয়া উঠে॥
সহচরগণে করিয়া রোদনে
কহয়ে বদন তুলি।
আমার পরাণ করয়ে যেমন
বেদন কাহারে বলি॥

নরহরি দাসে গদ গদ ভাষে
কহয়ে গৌরাঙ্গ মোর।
আন ছলে বুলে উদ্ধারে সকলে
সদা রাধা-প্রেমে ভোর ॥১৩॥৩১৬॥

পাঠান্তর

১। অতঃপর ক, গ ও চ পুথিতে নিম্নলিখিত প্রক্ষিপ্ত শ্লোকটি দৃষ্ট হয়; যথা,—
'যস্তা দূতীং স্বয়ং প্রেষ্য সময়ে নাগতঃ প্রিয়ঃ।
শোচন্তী তং বিনা দুঃস্থা বিপ্রলব্ধা তু সা স্মৃতা ॥'

৩১৬ সংখ্যক পদটি কেবল খ পুথিতে আছে; অন্য কোন পুথিতে নাই। ২য় শাখার ৪র্থ পল্লবে যে 'শুক্লাভিসার', 'বাসকসজ্জা' ও 'বিপ্রলব্ধা' বর্ণিত হইয়াছে, উহাদিগের প্রত্যেকটির পূর্ব্বেই 'গৌরচন্দ্র' আছে; সুতরাং ঐ পল্লবের শেষ অংশের বর্ণিত বিপ্রলব্ধার কোন গৌরচন্দ্র না থাকা সম্ভবপর বোধ হয় না; তজ্জন্যই খ পুথির 'হেম-দরপণি' ইত্যাদি পদটি মূলে গৃহীত হইল।

মালব১ রাগ।

কথিতসময়েঽপি হরিরহহ ন যযৌ বনম্।
মম বিফলমিদমমলমপি রূপং২ -যৌবনম্ ॥
যামি হে কমিহ শরণং সখী-জন-বচন-
বঞ্চিতা ॥ধ্রু॥
যদনুগমনায় নিশি গহনমপি শীলিতম্।
তেন মম হৃদয়মিদমসম-শর-কীলিতম্ ॥
মম মরণমেব বরমতিবিতথ-কেতনা।
কিমিহ৩ বিষহামি বিরহানলমচেতনা ॥
অহহ কলয়ামি বলয়াদি-মণি-ভূষণম্।
হরি-বিরহ-দহন-বহনেন বহুদূষণম্ ॥
মামহহ বিধুরয়তি মধুর-মধু-যামিনী।
কাপি হরিমনুভবতি কৃত-সুকৃত-কামিনী ॥
কুসুম-সুকুমার-তনুমতনু-শর-লীলয়া।
স্রগপি হৃদি হন্তি মামতিবিষম-শীলয়া ॥
অহমিহ নিবসামি নগণিত৪-বন-বেতসা।
স্মরতি মধুসূদনো মামপি ন চেতসা ॥
হরি-চরণ-শরণ-জয়দেব-কবি-ভারতী।
বসতু হৃদি যুবতিরিব কোমল-কলাবতী ॥
॥১৪॥৩১৭॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৯১৪ সংখ্যক পদ। 'মালব' স্থলে 'মালব গৌড়' প-র।
২। 'মপি রূপ' স্থলে 'রূপমপি' গ—চ, প-র।
৩। 'কিমিহ' স্থলে 'কিমিতি' ক, খ, ঘ, চ।
৪। 'নগণিত' স্থলে 'ন বিগণিত' ক—চ।

টীকা

জয়দেবের টীকা ও অনুবাদ সর্ব্বত্র সুলভ বলিয়া এ স্থলে উহা দেওয়া হইল না।

ধানশী।১

মাধব মনমথ ফিরত অহেরা২।
একলি নিকুঞ্জে ধনি ফুল-শরে জর জর
পন্থ নেহারত তেরা৩ ॥ধ্রু॥
উজোর৪ শশধর দীপ পজারল৫
অলিকুল ঘাঘর রোল।
হনইতে৬ হরিণি- নয়নি দরশায়ই৭
ওহি ওহি৮ পিকু বোল ॥
তুহুঁ অতি মন্থর গমন দুরন্তর
মধু৯-যামিনি অতি ছোটি।
সো ঘর বাহির করত নিরন্তর
নিমিখ১০ মানয়ে যুগ কোটি ॥

আশা-পাশ[১১]   লেই গলে বৈঠলি[১২]
প্রেম-কলপতরু-মূল[১৩]।
কিয়ে অমিয়া কিয়ে   ধরব গরল ফল[১৪]
গোবিন্দদাস কহ ফুর[১৫] ॥১৫॥৩১৮॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৭।১০ সংখ্যক পদ। 'ধানশী' স্থলে 'কেদার' প-র।

২। 'অহেরা' স্থলে 'আহেরা' খ, ঘ; 'মাধব মনমথ ফিরত অহেরা' ইত্যাদি ধ্রুব-কলিটি প-স ও প-র পুথিতে 'উজোর শশধর' ইত্যাদি কলিটির পরে সন্নিবেশিত হইয়াছে।

৩। 'নেহারত তেরা' স্থলে 'নেহারই তোরা' প-র-সা।

৪। 'উজোর' স্থলে 'উজর' ঘ, চ, প-র।

৫। 'পজারল' স্থলে 'জারল' ক, খ; 'পঝারল' ঘ।

৬। 'হনইতে' স্থলে 'হেরইতে' খ, ঘ, চ; 'শুনইতে' প-র।

৭। 'দরশায়ই' স্থলে 'দরশাওল' প-র।

৮। 'ওহি ওহি' স্থলে 'তুহি তুহি' ক, ঘ; 'ওঁহি ওঁহি' গ, চ; 'তুহি তুহি' প-র।

৯। 'মধু' স্থলে 'মধুর' ক।

১০। 'নিমিখ' স্থলে 'নিমিখে' ক—গ, চ।

১১। 'পাশ' স্থলে 'পাশে' ক, চ।

১২। 'লেই গলে বৈঠলি' স্থলে 'লেই গলে বৈঠল' ক; 'লেই গলে বান্ধল' খ; 'গলে লেই বৈঠল' গ, চ; 'লাই গলে বান্ধল' ঘ।

১৩। 'মূল' স্থলে 'ছায়' প-র।

১৪। 'কিয়ে অমিয়া' ইত্যাদি স্থলে 'না জানি কি অমিয়া গরল ফল পাবই' প-র, প-স।

১৫। 'কহ ফুর' স্থলে 'রস গায়' প-র, প-স।

টীকা

১—৩। "মাধব মনমথ" ইত্যাদি। হে শ্রীকৃষ্ণ! কন্দর্প অদৃশ্যভাবে শিকারে ফিরিতেছে; (তাহাতে) শ্রীরাধা (কন্দর্পের) পুষ্প-শর দ্বারা জর্জ্জরিত হইয়া, (মদন-দমন) তোমার পথ নিরীক্ষণ করিতেছে।

৪—৭। "উজোর শশধর" ইত্যাদি। (সেই ডালা-শিকারে) উজ্জ্বল চন্দ্রমা (শিকারীর মস্তক-স্থিত) প্রজ্বলিত দীপ; অলি-কুলের ধ্বনি (শিকারীর কর-স্থিত) ক্ষুদ্র ঘণ্টার নিনাদ; হরিণী-নয়নীকে (এক অর্থে মৃগ-নয়না শ্রীরাধা; অন্য অর্থে মৃগীকে) বধ করিবার উদ্দেশ্যে (মন্মথ-শিকারীর সহকারী) কোকিল (সঙ্কেত-চিহ্নস্বরূপ) 'ওই' 'ওই' শব্দ করিয়া (উহাকে) দেখাইয়া দিতেছে! (ডালা-শিকারী তাহার মস্তকস্থিত বংশাদি-নির্ম্মিত ডালায় প্রজ্বলিত দীপ রাখিয়া নিজে ঐ দীপের কোল-আন্ধারে অদৃশ্য থাকিয়া, দীপালোক ও ক্ষুদ্র ঘণ্টার মৃদু মধুর শব্দ দ্বারা মৃগ প্রভৃতি নিরীহ জন্তুকে আকৃষ্ট করিয়া নিকটে আনিয়া তীক্ষ্ণ অস্ত্রের আঘাতে বধ করিয়া থাকে। এ স্থলে কবি কন্দর্পের ডালা-শিকারের সকল অঙ্গগুলি প্রদর্শিত করায় 'সাঙ্গ-রূপক' অলঙ্কার হইয়াছে)।

১২—১৫। "আশা-পাশ" ইত্যাদি (শ্রীরাধা) প্রেমরূপ কল্প-তরুর মূলে আশারূপ ফাঁস গলায় লইয়া বসিয়াছে—(তাহাতে) অমৃত কিংবা গরল (এই উভয়ের মধ্যে কোন না কোন) ফল অবশ্যই ফলিবে—গোবিন্দ দাস স্পষ্ট করিয়া বলিতেছে।

বিহাগড়া।[১]

হরিণ-নয়ানি[২]   তেজি নিজ মন্দির
অবইতে[৩] সঙ্কেত ঠামা।
তৈখনে চান্দ   উদয় ভেল দারুণ[৪]
পশারল কিরণক দামা ॥
মাধব তোহে কি বোলব[৫] আন।
বিষম-কুসুম-শরে   পাঁজর জর জর
ধনি জনি তেজই[৬] পরাণ ॥

মোতিম-হার- ভার[৭] হিয়ে জারই
কর-কঙ্কণ ভেল ঝঙ্ক[৮]।
সহচরি-কোরে ভোরি[৯] তনু মোড়ই
লোরে ধরণি করু পঙ্ক ॥
কিশলয়-শয়নে থীর নাহি বান্ধই
চন্দন-পবনে[১০] মুরছাই।
গোবিন্দদাস কহই হরি[১১] অভিসর[১২]
যতি[১৩] খনে জীবই রাই ॥১৬॥৩১৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫০৮ সংখ্যক ও প-র পুথির ১৯।১৩ সংখ্যক পদ। 'বিহাগড়া' স্থলে 'গুজ্জরি' প-র।

২। 'হরিণ-নয়ানি' স্থলে 'হরিণীনয়ানী' প-র-সা।

৩। 'অবইতে' স্থলে 'অবইত' ক, ঘ, চ।

৪। 'উদয় ভেল দারুণ' স্থলে 'বেয়াধি নিদারুণ' প-র-সা, প-র; 'বেয়াধ নিদারুণ' গো-প।

৫। 'কি বোলব' স্থলে 'কিয়ে বোলব' প-র-সা।

৬। 'জনি তেজই' স্থলে 'জনি তেজ' প-র-সা; 'জনি তেজত' প-র।

৭। 'ভার' স্থলে 'তারে' প-র-সা।

৮। 'ঝঙ্ক' স্থলে 'বঙ্ক' ঘ।

৯। 'ভোরি' স্থলে 'ভোরে' ক, গ, চ।

১০। 'পবনে' স্থলে 'পরশে' প-র।

১১। 'কহই হরি' স্থলে 'কহএ হরি' প-র-সা; 'কহ হরি' প-র।

১২। 'অভিসর' স্থলে 'অভিসার' প-র-সা; 'অভিসারহ' প-র।

১৩। 'যতি খনে' স্থলে 'যদি খনে' ক; 'যতি খন' প-র।

টীকা

১—৪। "হরিণ-নয়ানি" ইত্যাদি। মৃগনয়না শ্রীরাধা নিজের মন্দির ছাড়িয়া, সঙ্কেত-স্থলে আসিতে (আরম্ভ করিলে) সেই সময়ে দারুণ চন্দ্র উদিত হইল (এবং) কিরণ-রাজি বিস্তার করিল; (সুতরাং লক্ষিত হওয়ার আশঙ্কায় শ্রীরাধা অগত্যা অভিসার হইতে নিবৃত্ত হইল।)

৫—৭। "মাধব" ইত্যাদি। হে শ্রীকৃষ্ণ! (শ্রীরাধার অবস্থা) তোমাকে আর কি বলিব? কন্দর্পের দারুণ পুষ্প-শরাঘাতে (তাহার) বক্ষ জর্জ্জরিত হইয়াছে; (দেখিও) যেন সুন্দরী প্রাণ-ত্যাগ না করে।

১২—১৫। "কিশলয়" ইত্যাদি। (শ্রীরাধা) নব পল্লবের শয্যায় শায়িতা হইয়াও স্থির থাকিতে পারিতেছে না (যাতনায় ছট্‌ফট্ করিতেছে); চন্দন-শীতল (তালবৃন্তের) পবনে মূর্চ্ছিত হইতেছে; (সখীস্থানীয়) গোবিন্দ দাস কহিতেছে,—হে কৃষ্ণ! যত ক্ষণ রাধা জীবিত থাকে, (সেই সময়ের মধ্যে) তুমি স্বয়ং অভিসারে গমন কর।

গুর্জ্জরী।[১]

ঋতু-পতি-রাতি বিরহ-জরে জাগরি
দোতি উপেখলি[২] রামা।
প্রিয়-সহচরি বলি মোহে[৩] পাঠায়লি[৪]
অতয়ে আয়লুঁ তুয়া ঠামা ॥
শুন মাধব কর জোড়ি কহল মো[৫] তোয়।
মনমথ-রঙ্গ- তরঙ্গিত লোচন[৬]-
নিমিখে[৭] না হেরবি মোয় ॥ধ্রু॥
দুর কর আলস[৮] আনহি[৯] লালস
চাতুরি-বচন-বিভঙ্গ।
বরু জীবন হাম তোহে নিরমঞ্ছব
তবহুঁ না সোঁপব অঙ্গ ॥
যাহে শির সোঁপি কোর পর শুতিয়ে[১০]
সো যদি করু[১১] বিপরীতে।
পিরিতিক রীত[১২] ঐছে[১৩] ভব মীটব
গোবিন্দদাস চিতে[১৪] ভীতে ॥১৭॥৩২০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৪২৮ সংখ্যক ও প-র পুথির ১৮।১৫ সংখ্যক পদ। 'গুর্জ্জরী' স্থলে 'পঠ-মঞ্জরী' প-র।

২। 'উপেখলি' স্থলে 'উপেখল' ঘ।

৩। 'মোহে' স্থলে 'মোরে' ক।

৪। 'পাঠায়লি' স্থলে 'পাঠাওলি' খ, গ; 'পাঠাওল' ঘ।

৫। 'কহল মো' স্থলে 'কহলম' ঘ, প-র; 'কহইছঙ' প-র-সা। 'শুন মাধব' ইত্যাদি স্থলে 'মাধব কর জোরে কহলম' প-র।

৬। 'মনমথ' ইত্যাদি স্থলে 'মনমথ রঙ্গে রঙ্গিত লোচনে' প-র-সা; 'মনমথ…লোচনে' খ, ঘ; 'মনমথ…লোচন' ক, গ।

৭। 'নিমিখে' স্থলে 'তুহুঁ' ক, গ; 'তুহে' চ; 'তোহে' প-র-সা; 'ও হেন' প-র।

৮। 'আলস' স্থলে 'লালস' ক; 'দুর' ইত্যাদি স্থলে 'দুরে' ইত্যাদি ক—গ, চ।

৯। 'আনহি' স্থলে 'অনত য়ে' প-র-সা; 'অনত যে' প-র।

১০। 'কোর পর' ইত্যাদি স্থলে 'কোরেই শুতয়ে' প-র-সা; 'কোর পরি শুতিয়ে' প-র।

১১। 'করু' স্থলে 'করে' প-র-সা।

১২। 'রীত' স্থলে 'পন্থে' প-র-সা।

১৩। 'ঐছে' স্থলে 'অবহু' প-র।

১৪। 'চিতে' স্থলে 'তব' প-র-সা।

টীকা

১—৪। "ঋতু-পতি" ইত্যাদি। বসন্ত-রজনী (সমাগত;) বিরহ-জ্বরে উজ্জাগরবতী শ্রীরাধা (জীবনে ঔদাসীন্য হেতু) দূতীকে উপেক্ষা করিয়াছে; সে আমাকে প্রিয়-সহচরী বলিয়া (আমার অনুরোধ অগ্রাহ্য করিতে না পারিয়া) আমাকে পাঠাইয়াছে; তাই তোমার নিকট আসিয়াছি।

৫—৭। "শুন মাধব" ইত্যাদি। হে মাধব! আমি করযোড়ে তোমাকে বলিতেছি, শ্রবণ কর; (আমাকে পরীক্ষা করার জন্য) মদন-রাগ-চঞ্চল নয়ন-কোণে আমার পানে চাহিও না।

৮—১১। "দুর কর" ইত্যাদি। তুমি (শ্রীরাধার নিকট গমনে) আলস্য ও অন্য লালসা ও (লালসা-জনিত) কপট বাক্যের পারিপাট্য ত্যাগ কর; আমি বরং তোমার হাতে প্রাণ উৎসর্গ করিব, কিন্তু তথাপি আমার অঙ্গ তোমাকে সমর্পণ করিব না।

১২—১৫। "যাহে শির" ইত্যাদি। যাহাকে মস্তক সমর্পণ করিয়া, ক্রোড়ে শয়ন করি, সে ব্যক্তি যদি বিপরীত অর্থাৎ অবিশ্বাসের কার্য্য করে, তাহা হইলে প্রণয়ের রীতি ঐ ভাবেই বিনষ্ট হইবে;—গোবিন্দ দাস (ইহা ভাবিয়াও) মনে ভয় পাইতেছে! তুলনা করুন;—

"দূত্যং তু কুর্ব্বতী সখ্যাঃ সখী রহসি সঙ্গতা।
কৃষ্ণেন প্রার্থ্যমানাপি স্যাৎ কদাপি ন সম্মতা॥

যথা—

দূত্যেনাস্মি সুহৃজ্জনস্য রহসি প্রাপ্তাস্মি তে সন্নিধিং
কিং কন্দর্পধনুর্ভয়ঙ্করমমুং ভ্রূগুচ্ছমুদ্যচ্ছসি।
প্রাণানর্পয়িতাস্মি সম্প্রতি বরং বৃন্দাটবীচন্দ্র তে
নত্বেতামসমাপিতপ্রিয়সখীকৃত্যানুবন্ধাং তনুম্॥"

—উজ্জ্বল-নীলমণি।

ধানশী।১

শুন শুন মাধব বিদগধ-রাজ।
ধনি যদি দেখবি না সহে২ বেয়াজ॥
নব কিশলয়-দলে শূতলি নারি৩।
বিষম-কুসুম-শর সহই না পারি॥
হিমকর চন্দন৪ পবন ভেল৫ আগি।
জীবন৬ ধরয়ে তুয়া দরশন লাগি॥
অনেক যতনে কহ৭ আখর-আধ।
না জানিয়ে অব কিয়ে ভেল পরমাদ॥

নরোত্তম দাস-পহুঁ[৮] নাগর কান।
রসিক-কলা-গুরু তুহুঁ[৯] সব জান ॥
॥১৮॥ ৩২১ ॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৯।১৫ সংখ্যক পদ।
২। 'সহে' স্থলে 'কর' প-র।
৩। 'শুতলি নারি' স্থলে 'শুতলি বরনারি' খ; 'শুতিয়াছে নারী' প-র।
৪। 'চন্দন' স্থলে 'চন্দ' প-র।
৫। 'ভেল' স্থলে 'বহে' খ।
৬। 'জীবন' স্থলে 'জীউ' প-র।
৭। 'কহ' স্থলে 'কহে' প-র।
৮। 'পহুঁ' স্থলে 'পহু' প-র।
৯। 'তুহুঁ' স্থলে 'উহ' প-র।

তথা রাগ।[১]

চলিলা নাগর[২]-রাজ ধনি দেখিবারে[৪]।
অথির চরণ-যুগ আরতি বিথারে[৫] ॥ধ্রু[৬] ॥
সোঙরিতে সো প্রেম অবশ ভেল অঙ্গ[৭]।
অন্তরে বাঢ়ল মদন-তরঙ্গ ॥
সুশীতল কুঞ্জবনে[৮] শুতিয়াছে রাধে।
ধনি মুখচান্দ হেরই পুন[৯] সাধে ॥
অধর কপোল আঁখি ভুরুযুগ মাঝ।
পুন পুন[১০] চুম্বই বিদগধ-রাজ ॥
অচেতন[১১] ছিলা[১২] রাই[১৩] সচেতন ভেল।
মদন[১৪]-জনিত দুখ[১৫] সব দূরে গেল ॥
নরোত্তম দাস-পহুঁ আনন্দে বিভোর[১৬]।
দুহুঁ রসে মাতল নাহি সুখ ওর ॥১৯॥৩২২॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৯।১৬ ও ৪২।২ সংখ্যক পদ।
২। 'নাগর' স্থলে 'রসিক' খ ও প-র ৪২।২।
৩। 'ধনি' স্থলে 'রাই' প-র ৪২।২।
৪। 'দেখিবারে' স্থলে 'ভেটিবারে' প-র ১৯।১৬।
৫। 'বিথারে' স্থলে 'অপারে' প-র ৪২।২।
৬। ক—চ পুথিতে 'ধ্রু ॥' চিহ্ন নাই
৭। 'সোঙরিতে' ইত্যাদি পংক্তিদ্বয় প-র ৪২।২ সংখ্যক পদে নাই।
৮। 'সুশীতল কুঞ্জবনে' স্থলে 'নব কিসলয় দলে' প-র ৪২।২।
৯। 'পুন' স্থলে 'পহুঁ' প-র ১৯।১৬; 'পিয়া' প-র ৪২।২।
১০। 'পুন পুন' স্থলে 'ঘন ঘন' প-র ৪২।২।
১১। 'অচেতন' স্থলে 'অচেতনে' ঘ।
১২। 'ছিলা' স্থলে 'ছিল' ক—গ। প-র পুথিতে নাই।
১৩। 'রাই' স্থলে 'রাই তব' প-র ৪২।২।
১৪। 'মদন' স্থলে 'বিরহ' প-র ৪২।২।
১৫। 'দুখ' স্থলে 'তাপ' প-র ১৯।১৬।
১৬। 'বিভোর' স্থলে 'ভোর' ঘ, চ।

ললিত।

দুহুঁ দোহাঁ দরশনে পুলকিত অঙ্গ।
দূরে গেও রজনিক বিরহ-তরঙ্গ ॥
যৈছে বিরহ-জরে লুঠল রাই।
তৈছন অমিয়া[১]-সাগরে অবগাই ॥
দুহু মুখ চুম্বই দুহুঁ মুখ হেরি।
আনন্দে দুহুঁ জন করু নানা কেলি
সুখময় যামিনি চাঁদ উজোর।
কুহরত[২] কোকিল আনন্দ বিভোর[৩]
বিকসিত সুকুসুম[৪] মলয় সমীর।
ঝলমল ঝলমল কুঞ্জ-কুটীর ॥

বিহরয়ে রাধামাধব রঙ্গে।
নরোত্তম দাস হেরি পুলকিত অঙ্গে ॥
॥২০ ॥ ৮২৩ ॥

পাঠান্তর

১। 'অমিয়া' স্থলে 'অমিঞা' ঘ, চ পুথি।

২। 'কুহরত' স্থলে 'কুহুকত' ঘ, চ পুথি।

৩। 'আনন্দ বিভোর' স্থলে 'আনন্দে ভোর' ঘ, চ পুথি।

৪। 'সুকুসুম' স্থলে 'কুসুম' ক—ঘ পুথি।

কেদার।[১]

সরস বসন্ত সুধাকর নিরমল
পরিমল বকুল রসাল।
রসের পসার পসারল রসবতি
গাহক[২] মদন গোপাল ॥
বৃন্দাবনে কেলি-কলা-নিধি কান।
হাস-বিলাস- মগন[৩] দিঠি মন্থর
হেরি মুরছয়ে[৪] পাঁচবাণ ॥ধ্রু॥
নব যুবরাজ পরশি তরল[৫] মণি
পূছই মূলকি[৬] বাত।
তরল-নয়ানি হাসি মুখ মোড়ই
ঠেলই[৭] হাতহিঁ হাত ॥
দুহুঁ রসে ভোর ওর নাহি পায়ই
রস চাখই মদন দালাল।
দাস অনন্ত কহ ইহ[৮] রস-কৌতুক
দ্বিজকুল[৯] কহে[১০] ভালি ভাল[১১] ॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২৫।২২ ও ৪২।৪১ সংখ্যক পদ। পদকল্পতরুর ২য় শাখার চতুর্থ পল্লবের পদ-সংখ্যা ২১—এরূপ গ্রন্থ-শেষে 'অনুবাদ প্রকরণে' লিখিত আছে। ক, গ, ঘ, চ পুথিতে ৩১৬ সংখ্যক 'হেম-দরপণি গৌরাঙ্গ-লাবণি' ইত্যাদি পদটি পরিত্যক্ত হওয়ায় চতুর্থ পল্লবের পদ-সংখ্যা ২১ মিলিতেছে; কিন্তু খ পুথির ঐ পদটি প্রক্ষিপ্ত নহে সিদ্ধান্ত করিয়া আমরা উহা মূলে সন্নিবেশিত করিয়াছি—সুতরাং আমাদিগকে এই পল্লবের একটি পদ প্রক্ষিপ্ত বলিয়া গণনা হইতে বাদ না দিলে পদ-সংখ্যা একটি বেশী হইয়া পড়ে। চতুর্থ পল্লবের কোন্ পদটি প্রক্ষিপ্ত বলিয়া গণ্য করা সঙ্গত, তৎসম্বন্ধে আমরা বিশেষ আলোচনা করিয়া, এই 'সরস বসন্ত' ইত্যাদি পদটির সহিত পূর্বাপর পদ-দ্বয়ের বিশেষ অর্থ-সঙ্গতি নাই এবং এই পদটি ৩য় শাখার ২৭ পল্লবে ৮৪ সংখ্যক পদরূপে সন্নিবেশিত হইয়াছে দেখিয়া, এ স্থলে ইহা প্রক্ষিপ্ত স্থির করিয়া গণনা হইতে বাদ দিয়াছি; কিন্তু সকল পুথিতেই পদটি দৃষ্ট হওয়ায় উহাকে মূলের মধ্যেই সন্নিবেশিত করিয়াছি।

২। 'গাহক' স্থলে 'রস গাহক' ঘ ও প-র।

৩। 'মগন' স্থলে 'গমন' ক, গ পুথি।

৪। 'মুরছয়ে' স্থলে 'মুরছিত' প-র ৪২।৪১।

৫। 'তরল' স্থলে 'তরুণি' খ, গ, ঘ; 'তরুণী' প-র।

৬। 'মূলকি' স্থলে 'মরমকি' প-র ৪২।৪১।

৭। 'ঠেলই' স্থলে 'বৈঠই' ক; 'ঠেলহি' খ, গ, প-র ৪২।৪১।

৮। 'কহ ইহ' স্থলে 'কহই' ক।

৯। 'দ্বিজকুল' স্থলে 'তরুকুল' ক, গ, ঘ, চ, প-র।

১০। 'কহে' স্থলে 'বলে' প-র।

১১। 'ভালি ভাল' স্থলে 'ভালে ভাল' প-র।

টীকা

৮—৯। "নব যুবরাজ" ইত্যাদি। নবীন ব্রজরাজ-কুমার শ্রীকৃষ্ণ (কৌশলে শ্রীরাধার অঙ্গ স্পর্শ করার উদ্দেশ্যে) শ্রীরাধার হারের মধ্যস্থিত উৎকৃষ্ট ও বৃহৎ মণিটি স্পর্শ করিয়া, উহার মূল্যের কথা জিজ্ঞাসা করিতেছেন; চঞ্চল-নয়না শ্রীরাধা (শ্রীকৃষ্ণের চাতুর্য্য বুঝিতে পারিয়া) হাসিয়া মুখ

ফিরাইতেছেন এবং নিজের হস্ত দ্বারা শ্রীকৃষ্ণের হস্ত ঠেলিয়া সরাইয়া দিতেছেন।

১২—১৫। "দুহুঁ রসে" ইত্যাদি। (শ্রীরাধা ও শ্রীকৃষ্ণ) উভয়ে রস অর্থাৎ প্রেমানন্দে বিভোর,—(তাঁহারা) আনন্দের সীমা পাইতেছেন না; ক্রেতা-বিক্রেতার মধ্যবর্ত্তী দালালস্বরূপ কন্দর্প রস চাখিতে-ছেন অর্থাৎ আস্বাদন করিয়া কাহার রস কি জাতীয় এবং কিরূপ উৎকৃষ্ট, তাহা স্থির করিতেছেন; অনন্ত দাস এই রস-রহস্য ব্যক্ত করিতেছেন;—বিহঙ্গকুল (অপর অর্থে সদস্যস্থানীয় ব্রাহ্মণগণ) 'ভাল ভাল' বলিয়া উহার সমর্থন করিতেছে!

ললিত।

কিশলয়-শয়নে শুতলি ধনি গোরি[১]।
নাগর-শেখর শুতল ধনি-কোরি[২] ॥
চন্দন-চরচিত দুহুঁ জন অঙ্গ।
দুহুঁ[৩] গলে ফুলহার লম্বিত জঙ্ঘ ॥
বদনে বদন দোহাঁর[৪] চরণে চরণ।
প্রিয়-নর্ম্ম-সখাগণে করয়ে সেবন ॥
পূরল দুহুঁ জন মন-অভিলাষ।
দুহুঁ গুণ গাওত নরোত্তম দাস ॥২১[৫] ॥৩২৪॥

ইতি চতুর্থ-পল্লবঃ।

পাঠান্তর

১। 'গোরি' স্থলে 'গোর' চ।

২। 'কোরি' স্থলে 'কোর' ঘ, চ।

৩। 'দুহুঁ গলে ফুলহার' স্থলে 'দুহুঁ জন গলে হার' গ।

৪। 'দোহাঁর' স্থলে 'দুহুঁ' ক, গ, চ।

৫। অতঃপর খ, ঘ ও চ পুথিতে নিম্নলিখিত হয়; যথা,—

'ইতি সংকীর্ত্তনানুসারে গানপর্য্যায়মতে অত্র বসন্তকালোচিত অভিসারিকাদিপর্য্যাং গীতম্।'

অথ হিমসময়োচিতাভিসারিকা-বাসক-সজ্জাদি-পর্য্যায়ো গীয়তে

তত্রাদৌ শ্রীগৌরচন্দ্রঃ।

ধানশী।১

বিমল হেম জিনি তনু অনুপাম রে
তাহে শোভে নানা ফুলদাম।
কদম্ব-কেশর[২] জিনি একটি পুলক রে
তার মাঝে বিন্দু বিন্দু ঘাম ॥
চলিতে না পারে গোরা- চান্দ[৩] গোসাঞি রে
বলিতে না পারে আধ বোল।
ভাবে অবশ[৪] হৈয়া হরি হরি বোলাইয়া
আচণ্ডালে ধরি দেই কোল ॥
গমন মন্থর-গতি জিনি ময়মত্ত[৫] হাতী[৬]
ভাবাবেশে ঢুলি ঢুলি[৭] যায়।
অরুণ বসন-ছবি জিনি প্রভাতের রবি[৮]
গোরা-অঙ্গে লহরী খেলায় ॥
এহেন সম্পদ কালে গোরা না ভজিলুঁ[৯] হেলে
তুয়া[১০] পদে না করিলুঁ আশ।
শ্রীকৃষ্ণচৈতন্য[১১] ঠাকুর শ্রীনিত্যানন্দ[১২]
গুণ গায়[১৩] বৃন্দাবন দাস ॥১॥ ৩২৫॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ৩০৯ সংখ্যক পদ।

২। 'কেশর' স্থলে 'কুসুম' প-র-সা।

৩। 'গোরা চান্দ' স্থলে 'মোর গৌর' প-র-সা।

৪। 'ভাবে অবশ' স্থলে 'সভারে সদয়' প-র-সা।

৫। 'ময়মত্ত' স্থলে 'মদমত্ত' ক।

৬। 'গমন মন্থর' ইত্যাদি স্থলে 'জিনি ময়মত্ত হাতী গমন মন্থর গতি' প-র-সা।

৭। 'ঢুলি ঢুলি' স্থলে 'ঢুলি চলি' খ, ঘ, চ, প-র-সা।

৮। 'অরুণ বসন' ইত্যাদি স্থলে 'ভাবের তরঙ্গ হেন কুন্দল কনয়া যেন' প-র-সা।

৯। 'ভজিলুঁ' স্থলে 'ভজিলাম' প-র-সা।

১০। 'তুয়া' স্থলে 'গোরা' প-র-সা।

১১। 'শ্রীকৃষ্ণচৈতন্য' স্থলে 'শ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্র' ক, খ, গ; 'চৈতন্য নিত্যানন্দ' প-র-সা।

১২। 'ঠাকুর' ইত্যাদি স্থলে 'অদ্বৈত আনন্দকন্দ' প-র-সা।

১৩। 'গায়' স্থলে 'গান' ক—গ।

ভূপালী।[১]

পৌখলি[২] রজনি পবন বহে[৩] মন্দ।
চৌদিশে হিম হিমকর করু বন্ধ[৪] ॥
মন্দিরে রহত সবহুঁ[৫] তনু কাঁপ[৬]।
জগজন শয়নে নয়ন[৭] রহুঁ[৮] ঝাঁপ[৯] ॥
এ সখি হেরি চমক[১০] মোহে লাই[১১]।
ঐছে সময়ে অভিসারল রাই[১২] ॥ধ্রু॥
পরিহরি তৈছন[১৩] সুখময় শেজ।
উচ-কুচ-কঞ্চুক ভরমহি[১৪] তেজ ॥
ধবলিম এক বসনে তনু গোই।
চললিহ কুঞ্জে লখই নাহি কোই[১৫] ॥
কোমল চরণ তুহিনে নাহি[১৬] দলই[১৭]।
কণ্টক বাটে কতিহুঁ নাহি টলই[১৮] ॥
গোবিন্দদাস কহ ইথে কি সন্দেহ।
কিয়ে বিঘিনি[১৯] যাহা নূতন নেহ[২০] ॥২॥৩২৬॥

পাঠান্তর

১। এটি প-র-সা পুথির ৪৪৭ সংখ্যক ও প-র পুথির ১৫।২৮ সংখ্যক পদ।

২। 'পৌখলি' স্থলে 'পৌখনী' ক—গ; 'পৌখনি' চ; 'পৌষ' প-র-সা।

৩। 'বহে' স্থলে 'বহু' প-র-সা।

৪। 'চৌদিশে' ইত্যাদি স্থলে 'চৌদিশে হিমকর হিম করু বন্ধ' ক; 'চৌদিগে হিম হিম করু ধন্দ' প-র-সা; 'চৌদিগে হিমকর হিমহি বন্ধ' প-র।

৫। 'রহত সবহুঁ' স্থলে 'রহতহু সব' প-র-সা; 'রহত সবহিঁ' প-র।

৬। 'কাঁপ' স্থলে 'কাঁপি' প-র-সা, প-র।

৭। 'শয়নে নয়ন' স্থলে 'শয়নে শয়ন' ক; 'নয়নে নয়ন' প-র।

৮। 'রহুঁ' স্থলে 'করু' ক—গ।

৯। 'ঝাঁপ' স্থলে 'ঝাঁপি' প-র-সা, প-র।

১০। 'হেরি চমক' স্থলে 'চমক' ঘ।

১১। 'লাই' স্থলে 'নাই' চ, প-র-সা।

১২। 'ঐছে সময়ে' ইত্যাদি স্থলে 'ঐছন সময় সাজবি ধর রাই' প-র-সা; 'ঐছে সময়ে অভিসারলি রাই' প-র।

১৩। 'তৈছন' স্থলে 'তৈখনে' প-র।

১৪। 'ভরমহি' স্থলে 'ভরমই' প-র-সা।

১৫। 'চললিহ' ইত্যাদি স্থলে 'চললি নিকুঞ্জে নখিল নহে কোই' প-র; 'চললি নিকুঞ্জে লখই না কোই' প-র-সা।

১৬। 'কোমল' ইত্যাদি স্থলে 'কমল চরণ তহি নহি' প-র-সা; 'কোমল চরণে কত তুহিন না' প-র।

১৭। 'দলই' স্থলে 'দলহ' প-র-সা।

১৮। 'কতিহুঁ নাহি টলই' স্থলে 'কতহুঁ' ইত্যাদি প-র; 'কণ্টক বাটে' ইত্যাদি পংক্তি প-র-সা পুথিতে নাই।

১৯। 'বিঘিনি' স্থলে 'বিঘিন' চ; 'বিঘন' ক—গ, প-র।

২০। 'নূতন নেহ' স্থলে 'নবীন সুলেহ' ক—গ, চ; 'নূতন নেহ' ঘ; 'নওলহি লেহ' প-র; 'কিয়ে বিঘিনি' ইত্যাদি পংক্তি প-র-সা পুথিতে নাই।

টীকা

১—২। "পৌখলি রজনি" ইত্যাদি। পৌষ

মাসের রাত্রি ; অল্প অল্প পবন বহিতেছে ; চতুর্দ্দিকে তুষারে চন্দ্রকে রুদ্ধ অর্থাৎ অদৃশ্য করিয়াছে।

৩—৪। "মন্দিরে রহত" ইত্যাদি। মন্দিরে থাকা সত্ত্বেও সকলের দেহ (শীতে) কাঁপিতেছে; জগজ্জন শয্যায় (শীতাধিক্য হেতু) নয়ন (শীত-বস্ত্র দ্বারা) আচ্ছাদন করিয়া রহিয়াছে।

৫—৬। "এ সখি" ইত্যাদি। হে সখি! দেখিয়া আমার বিস্ময় লাগিতেছে; এইরূপ (ক্লেশ-জনক) সময়ে শ্রীরাধা অভিসারে গমন করিল।

১১—১২। "কোমল চরণ" ইত্যাদি। শ্রীরাধার সুকুমার পদ-দ্বয় তুষারকে বিদলিত করে না (অর্থাৎ লঘুত্ব হেতু তুষারকে স্পর্শ করিয়াই চলিয়া যায়) এবং (বেদনায় ঔদাসীন্য হেতু) কণ্টকময় পথে কোন স্থলেই চরণ ভ্রষ্ট হয় না।

১৩—১৪। "গোবিন্দদাস" ইত্যাদি। পদকর্ত্তা গোবিন্দদাস বলেন,—শ্রীরাধার এই দুষ্কর অভিসারের সম্বন্ধে কি সন্দেহ আছে? যেখানে নবীন প্রেম, সেখানে কি বিঘ্ন থাকিতে পারে?

তুলনা করুন,—

"নব-অনুরাগিনি রাধা।
কছু নাহি মানয়ে বাধা॥
একলি কয়লি পয়ান।
পন্থ বিপথ নাহি মান॥"

—বিদ্যাপতি।

কেদার।

হিম-কর-কীরণ হিম[১] অনিবার।
দিশি দিশি হিম-গিরি-পবন বিথার॥
চলিলা রমণি ধনি আকুল চিত।
সঙ্কেত-কেলি-নিকুঞ্জে উপনীত॥
না দেখিয়া তহিঁ বর-নাগর কান।
কাতর অন্তর আকুল পরাণ॥
গুরুজন-নয়ন-পাশগণ[২] বারি।
আয়লুঁ কুলবতি-চরিত উঘারি॥
ইথে যদি না মিলল সো বর কান।
কহ সখি কৈছনে ধরব পরাণ॥
কহ কবিশেখর সুন্দরি রাই।
ধৈরজ ধর হাম আনব যাই॥ ৩॥৩২৭॥

পাঠান্তর

১। 'কীরণ হিম' স্থলে 'কিরণ হীম' চ; 'কিরণ হিম' ক—গ।

২। 'পাশগণ' স্থলে 'পাপগণ' ক; 'পাসগণ' ঘ; 'পাষগণ' চ।

টীকা

৭—৮। "গুরুজন-নয়ন" ইত্যাদি। গুরু জন-দিগের নয়নরূপ ফাঁদ নিবারণ করিয়া অর্থাৎ তাঁহা-দিগের দৃষ্টিরূপ ফাঁদে পতিত না হইয়া, কুলাঙ্গনার চরিত্র উদ্‌ঘাটিত অর্থাৎ কুলাঙ্গনার চরিত্রের নিয়ম-বন্ধন ছিন্ন করিয়া সঙ্কেত-নিকুঞ্জে আসিলাম।

অথ বাসকসজ্জা।

তদুচিত শ্রীগৌরচন্দ্রঃ॥

মঙ্গল রাগ।[১]

সুরধুনি-তীর[২] তরুণতর-তরুতল
তলপিত মালতি-মালে।
বৈঠি বিশদবর[৩] বাসিত কুঙ্কুমে
তিলক বনায়ত ভালে॥
হরি হরি না বুঝিয়ে গৌরাঙ্গ-বিলাস।
গোকুল-নায়ক বিহরই নবদ্বীপে
তরুণি-ভাব পরকাশ॥ ধ্রু॥
চমৎকৃত-চারু- চন্দ্রযুত চন্দন
চিত্রই চিত্রিত অঙ্গে।
নিজ বর-ভাব- বিভাকিত অন্তর
ঐছে ভকতগণ সঙ্গে॥

রাকা-রজনি　　রজনিকর-রমণক[৪]
　　রাতুল-পদনখ[৫]-ফান্দে।
রাধামোহন-　　দুষ্ট-দ্বিরেফ-চিত
　　দমন দাস করি বান্ধে ॥৪॥৩২৮॥

পাঠান্তর

১। এই পদটি খ পুথিতে নাই।

২। 'তীর' স্থলে 'তীরে' ক, গ।

৩। 'বিশদবর' স্থলে 'বিনোদ বর' ক, গ।

৪। 'রমণক' স্থলে 'রমণ' ক, গ।

৫। 'রাতুল' স্থলে 'করাওল' ক, গ। প্রাচীন পুথির 'তু' অক্ষরটি 'ও' অক্ষরের ন্যায়; সুতরাং 'রমণক রাতুল' শব্দ দুইটির মধ্যের ছেদ না থাকিলে উহা 'রমণ করাওল' পঠিত ও লিখিত হওয়া খুব স্বাভাবিক বটে।

১—৪। "সুরধুনি-তীর" ইত্যাদি। গঙ্গার তীরে কোন তরুণ তরু (যাহা নব-পল্লবোদ্গমে) অধিক তরুণ দেখাইতেছে, উহার তলে মালতী-পুষ্পের মাল্যে শয্যা রচনা করিয়া শ্রীগৌরাঙ্গ উজ্জ্বল ও সুগন্ধি কুঙ্কুম দ্বারা ললাটে তিলক রচনা করিতেছেন।

৮—১১। "চমৎকৃত-চারু" ইত্যাদি। (তিনি ভাবাবিষ্ট হইয়া হিমকালের নিতান্ত অনুপযোগী) আশ্চর্য্যজনক কর্পূরযুক্ত চন্দন দ্বারা নিজের চিত্রিত অঙ্গই পুনর্ব্বার চিত্রিত করিতেছেন।

১২—১৫। "রাকা-রজনি" ইত্যাদি। পূর্ণিমা-রজনীর শশাঙ্কের মোহনকারী শ্রীগৌরাঙ্গের আরক্তিম পদ-নখরূপ ফান্দে তিনি রাধামোহনের দুষ্ট চিত্ত-মধুকরকে দমন করিয়া, দাস করিয়া বান্ধিয়া রাখিয়াছেন।

স্পষ্টরূপেণ যথা

ভূপালী।

সুরধুনি-তিরে[১] নব ভাণ্ডির[২]-তলে।
বসিয়াছে গোরাচান্দ নিজগণ মেলে ॥
রজনি কৌমুদি আর হিম-ঋতু তায়।
হিম সহ পবন বহয়ে মৃদু কায়[৩] ॥
তাহি রচয়ে পহুঁ ললিত শয়ান[৪]।
হেরয়ে ঘন ঘন চকিত নয়ান[৫] ॥
আপন অঙ্গের ছায়া দেখিয়া উঠয়ে।
বাসক-সজ্জার ভাব জ্ঞানদাস কহে ॥৫॥৩২৯॥

পাঠান্তর

১। 'তিরে' স্থলে 'তীরে' ক—গ।

২। 'ভাণ্ডির' স্থলে 'ভাণ্ডীর' ক—ঘ।

৩। 'মৃদু কায়' স্থলে 'মিদু কায়' ঘ 'মৃদু বায়' ক—গ।

৪। 'শয়ান' স্থলে 'শয়নে' ক।

৫। 'নয়ান' স্থলে 'নয়নে' ক।

কামোদ।

নিকুঞ্জ-মন্দিরে　　শেজ বিছায়ই
　　সঘনে কাঁপয়ে দেহ।
নীল নিচোল　　সো তনু ঝাঁপল
　　পবনে না রহে সেহ ॥
　　সুকুমারি কত না সহিবে দুখ[১]।
মন্দিরে রচিত　　তুলি[২] পরিযঙ্ক
　　তেজিয়া সে সব সুখ[৩] ॥ধ্রু॥
কপট কামুক　　পিরিতি লাগিয়া
　　আয়ল সঙ্কেত গেহা[৪]।
কোন কলাবতি　　সঙ্গে[৫] বিলসয়ে
　　তেজিয়া এ হেন নেহা[৬] ॥

এ ঘর বাহির করিতে কতই
চমকিত হৈয়া চাহে।
ঘন বসি উঠে দেখি প্রাণ ফাটে
শিবরাম দাস কহে ॥৬॥৩৩০ ॥

পাঠান্তর

১। 'দুখ' স্থলে 'দুখ' ক—গ; চ।
২। 'তুলি' স্থলে 'তুলী' ক, খ।
৩। 'সুখ' স্থলে 'সুখ' ক—গ, চ।
৪। 'গেহা' স্থলে 'গেহ' ক।
৫। 'সঞে' স্থলে 'সঙ্গে' ক—গ; চ।
৬। 'নেহা' স্থলে 'নেহ' ক।

সুহিনী।

সে যে বৃষভানু-সুতা।
মরমে পাইয়া বেথা ॥
সজল নয়ান[১] হৈয়া।
রহে পথপানে চাঞা[২] ॥
ফুল[৩]-শেজ বিছাইয়া।
রহয়ে ধেয়ানি হৈয়া ॥
উজর চান্দনি রাতি।
মন্দিরে রতন-বাতি ॥
কহে সব ভেল আন।
কাহে না মিলল কান ॥
সকল বিফল হৈল।
আধ রজনি গেল[৪] ॥
শ্যাম-বন্ধুর পাশ।
চলু বড়ু চণ্ডীদাস ॥৭॥৩৩১॥

পাঠান্তর

১। 'নয়ান' স্থলে 'নয়ন' ক।
২। 'চাঞা' স্থলে 'চাহিয়া' ঘ, চ।
৩। 'ফুল' স্থলে 'ফুলের' ঘ, চ।
৪। 'গেল' স্থলে 'বহি গেল' খ।

ধানশী।[১]

পবনক পরশহিঁ বিচলিত পল্লব
শবদহিঁ সজল নয়ান।
সচকিতে সঘনে নয়নে ধনি নিরখয়ে
জানল আয়ল কান ॥
মাধব সমুঝল তুয়া চতুরাই।
তমালক কোরে আপন তনু ছাপসি
অব কৈছে রহবি ছাপাই ॥ধ্রু॥
পুনহি বিলম্বে ফিরয়ে সব কাননে
পুন অনুমানয়ে চীতে।
ভূলল পন্থ অন্ত নাহি পায়ল
না বুঝিয়ে নাগর-রীতে ॥
নূপুর-রণিত- কলিত নব মাধুরি
শুনইতে শ্রবণ উল্লাস।
আগুসরি রাই কাননে অবলোকই
কহতহি কানুরাম দাস ॥৮॥৩৩২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৪৭৬ সংখ্যক পদ; কিন্তু ভণিতা ও পাঠে অনেক পার্থক্য আছে; প-র-সা পুথির পাঠ যথা;—

ধানশী

পবন পরাগ চলিত নব পল্লব
পুন পুন হেরই বালা।
সচকিত নয়নে সঘনে ধনি নিরখয়ে
জানলু আয়ল কালা ॥
মাধব জানলু তুয়া চতুরাই।
তমালক রোখে আপন তনু ঝাপসি
রহলহি মুহ ছাপাই ॥ ধ্রু ॥

বিলম্ব হেরি　　　ফিরি সব কাননে
　　পুন অনুমানয়ে চিতে।
ভোরল পন্থ　　　অন্ত নাহি পায়ই
　　না বুঝল নাগর রীতে॥
নূপুর খপুর　　　রণিত বর মাধুরী
　　শুনইতে শ্রবণ উল্লাস।
আগুসরি সুন্দরী　　　কানু অবলোকই
　　গায়ই গোবিন্দ দাস॥

অথোৎকণ্ঠিতা।

তত্র শ্রীগৌরচন্দ্রঃ।

কেদার।[১]

দেখ দেখ পূর্ণতম অবতার।
যছু গুণ-গানে　　　গবাশন[২] গণ সঞে
　　গরবহি পাওল পার॥ ধ্রু॥
গোপীগণ-প্রাণ-　　　বল্লভ যো জন
　　সো শচিনন্দন হোই।
গোপী-গণ-গুণ-　　　গামে গৌর পুন[৩]
　　হোই রজনি বনি রোই[৪]॥
চৌদিশে চাঁদ-　　　চঁদনি চাহি[৫] চমকিত
　　চিতে অতি[৬] পাই তরাস।
কাঁপি কহয়ে কাহে　　　কানু নাহি মীলল
　　কী ফল কায়-বিলাস[৭]॥
কৃষ্ণ কৃষ্ণ কহি　　　করতহিঁ কীর্ত্তন
　　কান্তক কামন মর্ম্ম[৮]।
ভণ রাধামোহন　　　ভাবে ভোর পহুঁ
　　ভণ যুগ-পাবন ধর্ম্ম[৯]॥৯॥৩৩৩॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৮.৯ সংখ্যক পদ।

২। 'গবাশন' স্থলে 'গরাসল' ক, প-র।

৩। 'গোপী-গুণ' ইত্যাদি স্থলে 'গোপীগুণগাম গৌর পুন গাবই' ক, খ।

৪। 'হোই রজনি' ইত্যাদি প-স স্থলে 'রজনি উজাগরি রোই' ক, খ; 'হোই রজনি পুন রোই' ঘ; 'হোই রজনি বলি রোই' চ।

৫। 'চাহি' স্থলে 'নাহি' প-র।

৬। 'চিতে অতি' স্থলে 'অতিশয়' প-র।

৭। 'কায়-বিলাস' স্থলে 'বিফল বিলাস' প-র।

৮। 'কান্তক কামন মর্ম্ম' ইত্যাদি পংক্তি তিনটি প-র পুথিতে নাই; ঐ স্থলে ফাঁক আছে।

৯। 'ভণ যুগ' প-স স্থলে 'কলি-যুগ' ক—চ।

টীকা

৬—৭। "গোপী-গুণ" ইত্যাদি। "গোপী-গণানাং গুণগ্রামাৎ গৌরবর্ণো ভূত্বা রাত্রৌ বনি প্রস্তুত-বেশং কৃত্বা রোদনমুৎকণ্ঠয়া করোতি"—প-স টীকা; অর্থাৎ গোপীদিগের (নির্ম্মল) গুণ-গ্রামের প্রভাবে শচীনন্দন গৌর-বর্ণ হইয়া, সজ্জিত-বেশে রজনীতে রোদন করিতেছেন।

১২—১৫। "কৃষ্ণ কৃষ্ণ" ইত্যাদি। শ্রীগৌরাঙ্গ "কৃষ্ণ" "কৃষ্ণ" বলিয়া উচ্চৈঃস্বরে নাম-কীর্ত্তন করিতেছেন। তাঁহার অন্তরে প্রিয়তম শ্রীকৃষ্ণের কামনা (রহিয়াছে)। রাধামোহন বলিতেছেন যে, প্রভু শ্রীগৌরাঙ্গ ভাবে বিভোর হইলেও কলি-যুগে যাহা পতিত-উদ্ধার-কারী, সেই সংকীর্ত্তন-ধর্ম্ম জগদ্বাসীদিগকে উপদেশ করিতেছেন।

তথা রাগ।[১]

মন্দির তেজি　　　কানন মাহা পৈঠলুঁ
　　কানু মিলন-প্রতিআশে।
অভরণ বসন　　　অঙ্গে সব সাজল[২]
　　তাম্বুল কর্পুর বাসে॥
　　সজনী[৩] সো মুঝে বিপরিত ভেল।
কানু রহল দূরে　　　মনমথ আসি ফুরে[৪]
　　সো নাহি দরশন দেল॥ ধ্রু[৫]॥

ফুল-শরে জর জর সকল কলেবর
কাতরে মহি গড়ি যাই।
কোকিল-বোলে ডোলে ঘন জীবন
উঠি বসি রজনি গোঙাই॥
শীতল ভবন[৬] গরল সমান ভেল
'হিমাচল-বায়ু[৭] হুতাশ।
লোচনে নীর থীর নাহি বান্ধয়ে
কান্দয়ে কানুরাম দাস॥ ১০॥৩৩৪॥

পাঠান্তর

১। এই পদটি ক পুথিতে নাই।
২। 'সাজল' স্থলে 'সাজই' খ, গ, চ।
৩। 'সজনী' স্থলে 'সজনি' খ—ঘ।
৪। 'ফুরে' স্থলে 'ফুরে' খ, গ।
৫। খ, গ ও চ পুথিতে 'ধ্রু' চিহ্ন নাই।
৬। 'ভবন' স্থলে 'প্রবল' খ, গ।
৭। 'বায়ু' স্থলে 'বাউ' ঘ, চ।

ধানশী।১

রসের হাটেতে আইলাম সাজাইয়া পসার।
গাহক না আয়ল যৌবন ভেল ভার॥
বড় দুখ পাই সখি বড় দুখ পাই।
শ্যাম-অনুরাগে নিশি জাগিয়া পোহাই॥
বিষ লাগে হিমকর কিরণে পোড়ায়।
হিম-ঋতু-পবনে[২] মোর হিয়া চমকায়॥
দারুণ কোকিল মোর প্রাণ নিতে চায়।
কুহু কুহু করিয়া মধুর গীত গায়॥
ফুলশরে জর জর হিয়া চমকায়।
কানুরাম দাসের তনু ধূলায় লোটায়॥১১॥৩৩৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫১১ সংখ্যক পদ। প-র-সা পুথির পাঠ ও ভণিতায় অনেক পার্থক্য থাকায় উহা নিম্নে উদ্ধৃত হইল; যথা,—

ধানশী।

রসের হাটেতে বিকেরে আইলু গো
আইলু সাজাই পসার।
গাহাক নাহি নিল দুখ চিতে হৈল
যৌবন হইল ভার॥
বড় দুঃখ পাই সই বড় দুঃখ পাই।
শ্যাম-অনুরাগে নিশি জাগিয়া পোহাই॥
অরাজক হৈল দেশ মদন দুরাচার।
অন অবসরে লুটে দোহাই দিব কার॥
বসন্ত দুরন্ত তায় আনলে পোড়ায়।
চন্দ্র-মণ্ডল হেরি হিয়া চমকায়॥
মাতল ভ্রমরগণ রস মানে তায়।
লুকাইতে নাহি ঠাঞি শিখি দরশায়॥
দারুণ কোকিলা রে পরাণ লৈতে চায়।
কুহু কুহু করিয়া মধুর গীত গায়॥
তোলা বিকে সব গেল রহি গেল কাজ।
যৌবনের সঙ্গে দিলু জীবন বেয়াজ॥
ফুল-শরে জর জর হিয়া চমকায়।
গোবিন্দ দাসের তনু ধূলায় লোটায়॥

২। 'পবনে' স্থলে 'পরসে' চ।

টীকা

১—২। "রসের হাটেতে" ইত্যাদি। (সৌন্দর্য্য-রূপ পণ্য-দ্রব্যের) দোকান সাজাইয়া রসের অর্থাৎ প্রেমানন্দের হাটে আসিয়াছি; উহার গ্রাহক অর্থাৎ প্রিয়তম আসিল না; (সুতরাং) আমার যৌবন (বৃথা) ভারস্বরূপ হইল!

গান্ধার।১

তোহারি সঙ্কেত- কুঞ্জে কুসুমশর-
পুঞ্জে রহল একসরিয়া।
তনু-বন[২] বিরহ- দহনে ধনি দগধই
প্রাণ-হরিণ[৩] যায় জরিয়া॥

মাধব ধৈরজ গমন তোহারি।
ও[4] খণ লাখ কলপ করি মানই[5]
তলপ ভরয়ে[6] দিঠি[7]-বারি ॥ধ্রু॥
তোহারি সন্দেশ- আশে ধনি কুলবতি
খোয়ল কুল-তনু-কাঁতি।
নিকরুণ মদন বেদন নাহি জানই
হানই খরশর-পাঁতি ॥
পরাণ[8] প্রেম আশ-গুণে বান্ধল
ভাষ না নিকসই বদনে।
ভণে যদুনন্দন সো জনি টুটয়ে
অতয়ে চলহ সোই সদনে ॥১২॥৩৩৬॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৮।১৯ সংখ্যক পদ। 'গান্ধার' স্থলে 'শ্রীগান্ধার' প-র।
২। 'বন' স্থলে 'বর' প-র।
৩। 'হরিণ' স্থলে 'হরিণী' প-র।
৪। 'ও' স্থলে 'একু' প-র।
৫। 'মানই' স্থলে 'মানল' প-র।
৬। 'ভরয়ে' স্থলে 'ভরমে' প-র।
৭। 'দিঠি' স্থলে 'দিঠ' ক, গ; 'দিঠে' চ।
৮। 'পরাণ' স্থলে 'প্রাণহি' প-র।

টীকা

১—৪। "তোহারি সঙ্কেত" ইত্যাদি। (কুসুম-সমূহরূপ) কন্দর্পের পুষ্প-শর-রাশি-বিশিষ্ট তোমার সঙ্কেত-কুঞ্জে শ্রীরাধা একাকিনী রহিয়াছেন; তোমার বিরহরূপ অগ্নিতে তাঁহার তনুরূপ বন দগ্ধ করিতেছে; (সুতরাং) তাঁহার প্রাণরূপ হরিণ জ্বলিয়া মরার উপক্রম হইয়াছে।

৫—৭। "মাধব ধৈরজ" ইত্যাদি। হে শ্রীকৃষ্ণ! তোমার গমন অতি ধীর; শ্রীরাধা ক্ষণমাত্র কালকে লক্ষ কল্প মনে করেন; নেত্র-জলে তাঁহার শয্যা পূর্ণ হইতেছে।

১২—১৫। "পরাণ প্রেম" ইত্যাদি। প্রেম আশার প্রভাবে (অপর অর্থে—আশারূপ রজ্জুতে) তাঁহার প্রাণকে বান্ধিয়া রাখিয়াছে; (আমার মুখে) কথা বাহির হইতেছে না; (সখী-স্থানীয়) যদুনন্দন (সখীর অসমাপ্ত বাক্য পূরণ করিয়া) বলিতেছেন,—(দেখিও যেন) সেই আশার বন্ধন ছিন্ন হয় না; অতএব সেই কুঞ্জ-গৃহে চল।

কেদার।[1]

হিম-ঋতু যামিনি যামুন[2] তীর।
তরল[3]-লতা-কুল কুঞ্জ-কুটীর ॥
তহিঁ[4] তনু থির নহে তুহিন-সমীর[5]।
কৈছে বঞ্চব শুন শ্যাম-শরীর[6] ॥
ধনি তুহুঁ মাধব ধনি তুয়া নেহ।
ধনি ধনি সো ধনি পরিহর[7] গেহ[8] ॥
কুলবতি-গৌরব কঠিন[9] কপাট।
গুরুজন-নয়ন সকণ্টক[10] বাট ॥
কো জানে এতহুঁ[11] বিঘিনি অবগাই[12]।
ঐছন সময়ে মিলব তোহে[13] রাই[14] ॥
ইথে যো পূরব তুহুঁ[15] মনকাম[16]।
তাকর চরণে হামারি পরণাম ॥
গোবিন্দদাস তবহুঁ ধরি জাগ[17]।
তুহুঁ জনি তেজহ[18] নব অনুরাগ ॥১৩॥৩৩৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৪৬৩ ও প-র পুথির ১০।২১ সংখ্যক পদ। 'কেদার' স্থলে 'শ্রীরাগ' প-র।
২। 'যামুন' স্থলে 'যমুন' প-র-সা।
৩। 'তরল' স্থলে 'তরুণ' প-র-সা।
৪। 'তহিঁ' স্থলে 'তহি' ঘ, প-র-সা।
৫। 'তাহিঁ তনু' ইত্যাদি স্থলে 'তহি অতি বনহ গহিন সমীর' প-র-সা।

৬। 'কৈছে বঞ্চব' ইত্যাদি স্থলে 'ইথে কৈছে বঞ্চসি শ্যামশরীর' ক, প-র-সা; 'কৈছে তুহুঁ বঞ্চবি শুন শ্যামশরীর' গ।

৭। 'পরিহর গেহ' স্থলে 'পরিহরি গেহ' ক—গ; 'তেজল গেহ' প-র।

৮। প-র-সা পুথিতে এ স্থলে 'ঞ চিহ্ন আছে।

৯। 'কঠিন' স্থলে 'কপট' প-র-সা।

১০। 'গুরুজন' ইত্যাদি স্থলে 'দুরজন-নয়নহি সঙ্কট' প-র-সা; 'গুরুজন-নয়ন বিশঙ্কট' প-র।

১১। 'এতহুঁ' স্থলে 'এতনি' প-র।

১২। 'অবগাই' স্থলে 'অবগোই' প-র-সা 'অবগাহি' প-র।

১৩। 'মিলব তোহে' স্থলে 'মিলল ধনি' ক - চ 'মিলল' প-র-সা।

১৪। 'রাই' স্থলে 'রাহি' প-র।

১৫। 'ইথে যো' ইত্যাদি স্থলে 'ইথে যো পুরল' ইত্যাদি ক; 'ইথে যো পুরব তছু' গ, চ; 'ইথে যো পুরল মনমথ' ইত্যাদি প-র-সা; 'যো ইথে পুরল' ইত্যাদি প-র।

১৬। 'মনকাম' স্থলে 'কাম' প-র-সা।

১৭। 'তবহুঁ ধরি জাগ' স্থলে 'তবহুঁ হিয়ে জাগ' ক; 'কহত ধনী জাগ' প-র-সা; চিতে তব ধরি জাগ' প-র।

১৮। 'তুহুঁ জনি তেজহ' স্থলে 'কহে নাহি জিতল' প-র-সা; 'কাহে নাহি জিতল' প-র।

টীকা

৩—৪। "তহিঁ তনু" ইত্যাদি। তাহাতে তুষার-পবনে শরীর স্থির থাকিতেছে না; হে শ্যাম-কলেবর শ্রীকৃষ্ণ! তুমি শ্রবণ কর; (এ অবস্থায় শ্রীরাধা) কি প্রকারে কাল-যাপন করিবেন?

৫—৬। "ধনি তুহুঁ" ইত্যাদি। হে মাধব! তুমি ধন্য! তোমার প্রেমও ধন্য! সেই শ্রীরাধাও ধন্যা, যিনি (প্রেমের জন্য) গৃহ ছাড়িয়াছেন! অর্থাৎ শ্রীরাধার ন্যায় নায়িকাশ্রেষ্ঠা যাঁহার জন্য এরূপ দুর্গম সময়ে অভিসারিকা সাজিয়াছেন, তিনি ও তাঁহার প্রেম যে ধন্য, তাহাতে সন্দেহ কি আছে? যিনি প্রেমের জন্য এত ক্লেশ স্বীকার করিতে পারিয়াছেন, সেই শ্রীরাধাও যে ধন্যা, তাহাতেই বা কি সন্দেহ আছে? (ইহা দ্বারা শ্রীরাধার শ্রেষ্ঠতা ব্যঞ্জিত হইতেছে)।

৭—৮। "কুলবতি-গৌরব" ইত্যাদি। কুলাঙ্গনার কুলগৌরব দুর্ভেদ্য কপাটস্বরূপ; গুরুজনের দৃষ্টি কণ্টকাকীর্ণ পথস্বরূপ অর্থাৎ সুদৃঢ় কপাট কিংবা কণ্টকাকীর্ণ পথের বাধাকে শ্রীরাধা কিছু মাত্র গ্রাহ্য করেন না; কেবল কুল-গৌরব ও গুরু জনের দৃষ্টিই (উত্তম-স্বভাব হেতু) তাঁহার নিকট দুর্ভেদ্য কপাট ও কণ্টকাকীর্ণ পথস্বরূপ হইয়াছে!

৯—১০। "কো জানে" ইত্যাদি। (কিন্তু) কে জানে যে, এত সব বিঘ্ন অতিক্রম করিয়া, এরূপ (ক্লেশকর) সময়ে শ্রীরাধা তোমার সহিত সম্মিলিতা হইবেন অর্থাৎ তুমি যমুনা-তীর-কুঞ্জে আছ মনে করিয়া তথায় উপনীত হইবেন! (ইহা দ্বারা শ্রীরাধার প্রেমের পরাকাষ্ঠা ব্যঞ্জিত হইতেছে)।

১১—১২। "ইথে যো" ইত্যাদি। ইহাতে যে ব্যক্তি (দূতীর কার্য্য করিয়া) উভয়ের মনস্কামনা পূর্ণ করিবে, তাঁহার চরণে আমার প্রণাম; অর্থাৎ এ অবস্থায় যে দূতীর কার্য্য করিতে পারে, সে করুক; আমার উহা অসাধ্য বলিয়া আমি তাহাকে প্রণাম করিয়া বিদায় লইতেছি। "ইথে যো" ইত্যাদি বাক্যের ধ্বনি দ্বারা হিম-ঋতু-অভিসারের ক্লেশ ও সেই ক্লেশ উল্লাসের সহিত অগ্রাহ্য করায় শ্রীরাধার অনুরাগের পরাকাষ্ঠা ও শ্রীকৃষ্ণের অভিসার-গমনের কর্ত্তব্যতা সুন্দররূপে ব্যঞ্জিত হইয়াছে।

১৩—১৪। "গোবিন্দদাস তবহুঁ" ইত্যাদি। (সখী-স্থানীয়) গোবিন্দদাস (তোমার অভিসারের প্রতীক্ষায়) সেই অবধি জাগিয়া আছে; (দেখিও যেন), শ্রীরাধার নব অনুরাগ ত্যাগ করিও না!

বাল্লা ধানশী।১

সখী-মুখে শুনইতে সুনয়নি[২] দুখ[৩]।
কি করব[৪] কানু কছু না কহত মুখ[৫] ॥
নয়নক নীর বয়ন[৬] সঞে বারি।
চলইতে টলমল[৭] চলই না পারি ॥
ধাঁধসে মীলল[৮] সুন্দর শ্যাম।
সব দুখ দূরে গেল পূরল কাম[৯] ॥১৪॥৩৩৮॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৮।১০ সংখ্যক পদ।

২। 'সুনয়নি' স্থলে 'শুনয়লি' ক; 'ভরলহি' প-র

৩। 'দুখ' স্থলে 'দুখ' ক—গ; 'দুখে' প-র।

৪। 'করব' স্থলে 'কহব' ক—চ।

৫। 'মুখ' স্থলে 'মুখ' ক—গ; 'মুখে' প-র।

৬। 'বয়ন' স্থলে 'নয়ন' ক—চ।

৭। 'টলমল' স্থলে 'টলবল' প-র।

৮। 'মীলল' স্থলে 'চলল' ক।

৯। অতঃপর প-স গ্রন্থে ও প-র পুথিতে 'হেরইতে দুহুঁ জন দুহুঁ মুখ-ইন্দু' ইত্যাদি ৩৪০ সংখ্যক পদের পংক্তিগুলি দ্বারা এই ভণিতাহীন পদটি পূর্ণ করা হইয়াছে; খ, ঘ, চ পুথিতে 'হেরইতে দুহুঁ জন' ইত্যাদি ৩৪০ সংখ্যক পদের পূর্ব্বে 'পূর্ব্বপদ' শব্দ ও গ পুথিতে 'সখীমুখে শুনইতে ইত্যাদি পূর্ব্বপদ' লিখিত আছে; তদ্দ্বারা সঙ্কলয়িতা বৈষ্ণবদাস যে 'হেরইতে দুহুঁ জন' ইত্যাদি পংক্তি-গুলিকে 'সখী-মুখে শুনইতে' ইত্যাদি পদের শেষাংশ বলিয়া জানিতেন, কিন্তু 'হিম-ঋতু নিশি দিশি দিশি বহ বাত' ইত্যাদি গোবিন্দদাসের পদটিকে মাঝে সন্নিবেশিত করা আবশ্যক বিবেচনা করায় 'সখী-মুখে শুনইতে' ইত্যাদি যদুনন্দনের পদটিকে দ্বিখণ্ডিত করিয়া ৩৩৮ ও ৩৪০ সংখ্যক পদরূপে সন্নিবেশিত করিয়াছেন এবং ঐ দুইটি পদে মিলিয়া যে প্রকৃত পক্ষে একটি পদ হইবে এবং 'হেরইতে দুহুঁ জন' ইত্যাদি পংক্তিগুলির পূর্ব্বে 'সখী-মুখে শুনইতে' ইত্যাদি পংক্তিগুলি বসিবে, তাহা নিঃসন্দেহে প্রতীত হয়।

ভূপালী।১

হিম-ঋতু-নিশি দিশি দিশি বহ বাত[২]।
হিমকর শীকর-নিকর নিপাত ॥
মদন-জলধি-জলে তহিঁ দেই[৩] ঝাঁপ।
মিলল শ্যাম-তনু থরহরি কাঁপ ॥
সুন্দরি[৪] দুরে কর কপট[৫] শয়ান।
নীল নিচোলে নিচল ভেল[৬] কান[৭] ॥
ঝলমল মন্দির[৮] মণিময় বাতি[৯]।
সুখময় শেজ বিদীঘল[১০] রাতি ॥
তুহুঁ হেন নাগরি হরি হেন নাহ[১১]।
ধনি ধনি মনসিজ-রস নিরবাহ ॥
শুনইতে ঐছন সহচরি-বোল।
মধুরিম হাসি গোরি তনু মোড়[১২] ॥
হরি পরিপূরিত[১৩] মানস-কাম।
গোবিন্দ দাস গাওয়ে গুণগাম ॥১৫॥৩৩৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৪৭২ ও প-র পুথির ১৫।২৯ সংখ্যক পদ। 'ভূপালী' স্থলে 'শ্রীরাগ' প-র-সা।

২। 'হিম-ঋতু' ইত্যাদি স্থলে 'হিমরিতু নিশি নিশি দিশি দিশি বাত' ক, ঘ, চ; 'হিমরিতু নিসি দিসি বহতহি বাত' প-র; 'হিমঋতু নিশি দিশি বাত' প-র-সা।

৩ 'মদন-জলধি-জলে' ইত্যাদি স্থলে 'মদন-জলধি-তলে' ইত্যাদি ক; 'মদন-জলধি-জলে তাহি দেহ' ইত্যাদি প-র-সা।

৪। 'সুন্দরি' স্থলে 'এ সখি' প-র-সা, প-র।

৫। 'কপট' স্থলে 'কমট' প-র-সা।

৬। 'ভেল' স্থলে 'করু' প-র-সা, প-র।

৭। এখানে প-র-সা পুথিতে 'ঞ' চিহ্ন আছে।

৮। 'মন্দির' স্থলে 'মন্দিরে' প-র।

৯। 'বাতি' স্থলে 'কাতি' প-র-সা।

১০। 'বিদীঘল' স্থলে 'সুদীঘল' প-র; 'দীঘল' প-র-সা।

১১। 'তুহুঁ হেন নাগরি' ইত্যাদি পংক্তি-দ্বয় প-র-সা পুথিতে নাই।

১২। 'মোড়' স্থলে 'মোর' ঘ, চ।

১৩। 'হরি পরিপূরিত' স্থলে 'হরি হরি পূরল' প-র-সা।

টীকা

১—২। "হিম-ঋতু-নিশি" ইত্যাদি। শীত-কালের রজনী; চতুর্দ্দিকে (তুষার)-পবন বহিতেছে; (তাহাতে আবার) চন্দ্র হিম-শীতল কিরণ-রাজি বর্ষণ করিতেছেন।

৫—৬। "সুন্দরি ছুরে কর" ইত্যাদি। হে শ্রীরাধে! তুমি কপট-নিদ্রা পরিত্যাগ কর; (এই দেখ, কুঞ্জে প্রবেশ করিয়া) শ্রীকৃষ্ণ (তোমার) নীল ওড়না কর্ত্তৃক নিশ্চল-কলেবর হইলেন অর্থাৎ তুমি সর্ব্বাঙ্গ নীল ওড়না দ্বারা আচ্ছাদিত করিয়া থাকায়, শ্রীকৃষ্ণ তোমাকে না দেখিয়া স্তব্ধ হইয়াছেন!

১১—১২। "শুনইতে ঐছন" ইত্যাদি। শ্রীরাধা সখীর ঐরূপ বাক্য শুনিয়া সুমধুর ঈষৎ হাস্য করিয়া, (নিদ্রা-ত্যাগের ছলে) অঙ্গ মোড়ামুড়ি দিলেন; সুচতুরা শ্রীরাধা অঙ্গ মোড়ামুড়ি দিয়া পার্শ্ব-পরিবর্ত্তন করিয়া শ্রীকৃষ্ণকে শয্যায় স্থান করিয়া দিলেন, 'মধুরিম হাসি' ইত্যাদি বাক্যের দ্বারা ইহাই ব্যঞ্জিত হইতেছে। তুলনা করুন;—

"কাঞ্চ্যা গাঢ়তরাবনদ্ধবসনপ্রান্তা কিমর্থং পুন-
র্মুগ্ধাক্ষী স্বপিতীতি তৎপরিজনং স্বৈরং প্রিয়ে পৃচ্ছতি।
মাতঃ স্বপ্তুমপীহ বারয়তি মামিত্যাহিতক্রোধয়া
পর্য্যস্য স্বপনচ্ছলেন শয়নে দত্তোঽবকাশস্তয়া॥"

—অমরু-শতক।

তথা রাগ।[১]

হেরইতে দুহুঁ জন[২] দুহুঁ মুখ-ইন্দু।
উছলল দুহুঁ মন মনভব[৩]-সিন্ধু॥
দুহুঁ পরিরম্ভনে দুহুঁ তনু এক।
শ্যামর গোরি কিরণ রহ রেখ॥
দুহুঁ দুহুঁ জীবন মিলল[৪] একঠাম।
আনন্দ-সাগরে[৫] হরল গেয়ান॥
দুহুঁ প্রেমে পূরল দুহুঁ মনসাধ[৬]।
হেরি যদুনন্দন ভেল উনমাদ॥১৬॥৩৪০॥

ইতি সংকীর্ত্তনানুসারেণ হিমর্ত্তুসময়োচিত-পর্য্যায়ো গীতঃ।

ইতি পঞ্চম-পল্লবঃ।

পাঠান্তর

১। ৩৩৮ সংখ্যক পদের ৯ পাঠান্তর দ্রষ্টব্য। ঘ, চ পুথিতে "তথা রাগ" শব্দ নাই; তৎপরিবর্ত্তে "পূর্ব্বপদ" শব্দ আছে। গ পুথিতে "তথা রাগ" শব্দের পূর্ব্বে "সখী-মুখে শুনইতে ইত্যাদি পূর্ব্বপদ" পংক্তিটি দৃষ্ট হয়

২। 'সুখে' প-র।

৩। 'মনোভব' ক--গ।

৪। 'মিল' প-র।

৫। 'আনন্দ-সাগরে' স্থলে 'আনন্দরসে দুহুঁ' প-র

৬। 'দুহুঁ প্রেমে' ইত্যাদি স্থলে 'দুহুঁ দুহুঁ প্রেম পূরল দুহুঁ সাধ' ঘ, প-র।

বর্ষাকালোচিতাভিসারিকা-বাসক-সজ্জাদি-পর্য্যায়ো গীয়তে।

তত্রাদৌ শ্রীগৌরচন্দ্রঃ।

তুড়ী।

চীত-চোর গৌর মোর
প্রেমে মত্ত মগন ভোর
অকিঞ্চন জনে করই কোর
পতিত-অধম-বন্ধুয়া।
ভুবন-তারণ-কারণ নাম
জীব লাগিয়া তেজল ধাম
প্রকট হইলা নদিয়া নগরে
যৈছে শরদ-ইন্দুয়া॥
অসীম মহিমা কে করু ওর
যুবতি-জীবন করই চোর
বিধি নিরমিল কি দিয়া গৌর
বড়ই রসের সিন্ধুয়া।
দেখিতে দেখিতে লাগয়ে সুখ
হরল সকল মনের দুখ
বাসুঘোষ কহে কিবা সে রূপ
নিরখি চিত সানন্দুয়া ॥১॥৩৪১॥

অথ কৃষ্ণাভিসারঃ।

কামোদ। কানড়া।[১]

অম্বরে ডম্বর ভরু[২] নব মেহ।
বাহিরে তিমিরে[৩] না হেরি নিজ দেহ॥
অন্তরে উয়ল শ্যামর ইন্দু।
উছলল মনহিঁ মনোভব-সিন্ধু॥
অব জনি[৪] সজনী[৫] করহ বিচার।
শুভখন[৬] ভেল পহিল[৭] অভিসার॥
মৃগমদে তনু অনুলেপহ মোর।
তহিঁ পহিরায়হ[৮] নীল নিচোল॥
কী ফল[৯] উচ-কুচ[১০]-কঞ্চুক ভার।
দূর কর সৌতিনি মোতিম-হার[১১]॥
তুহুঁ সখি দেখহ দেহলি লাগি।
গুরুজন অবহুঁ ঘুমল কিয়ে জাগি॥
চলইতে দীগ-ভরম জনি[১২] হোয়[১৩]।
গোবিন্দদাস সঙ্গে চলু গোয়[১৪] ॥২॥৩৪২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৪৬৫ ও প-র পুথির ১৫।২ সংখ্যক পদ। 'কামোদ। কানড়া' স্থলে 'শ্রীগান্ধার' প-র।

২। 'ডম্বর ভরু' স্থলে 'অম্বর করু' প-র; 'সম্বরু করু' প-র-সা।

৩। 'বাহিরে তিমিরে' স্থলে 'বাহির তিমিরে' প-র।

৪। 'জানি' ক, খ, চ; 'ধনী' প-র-সা।

৫। 'সাজনি' প-র-সা, প-র; 'সজনি' ঘ, চ।

৬। 'শুভক্ষণে' প-র-সা।

৭। 'বাদল' ক; 'আজু' প-র।

৮। 'তহিঁ পহিরায়হ' স্থলে 'তহি পহিরায়হ' ক, গ, চ; 'তহি পহিরায়বি' প-র-সা।

৯। 'কী ফল' স্থলে 'বিফল' প-র-সা।

১০। 'উচ-কুচ' স্থলে 'উচ কুচে' প-র-সা।

১১। 'সৌতিনি মোতিম-হার' স্থলে 'মোতিম সোতিনি হার' ঘ, চ; 'মোতিম সোতিন হার' প-র-সা।

১২। 'জানি' খ।

১৩। 'হোই' প-র-সা।

১৪। 'গোই' প-র-সা।

টীকা

১—২। "অম্বরে ডম্বর" ইত্যাদি। আকাশে নব জলধর-পটল ব্যাপ্ত হইয়াছে; বাহিরে অন্ধকারে

নিজের দেহ দেখিতে পাই না। অর্থাৎ তিমিরাভিসারের ইহাই উপযুক্ত সময়।

৩—৪। "অন্তরে উয়ল" ইত্যাদি। (বাহিরে চন্দ্র নাই বটে), কিন্তু আমার অন্তরে কৃষ্ণ-চন্দ্র উদিত হইয়াছে; (তাই) অন্তরে মদন-মহোদধি উদ্বেলিত হইয়াছে; (সমুদ্র উদ্বেলিত হইলে যেরূপ প্রবল তরঙ্গাভিঘাতে সম্মুখস্থ পদার্থ-নিচয়কে ঠেলিয়া লইয়া যায়, সেইরূপ মদনার্ণবের তরঙ্গোচ্ছ্বাস শ্রীরাধাকেও বলপূর্ব্বক সঙ্কেত-কুঞ্জের অভিমুখে চালিত করিতেছে, ইহাই "অন্তরে উয়ল" ইত্যাদি বাক্য-স্থিত সাঙ্গ-রূপক অলঙ্কারের ধ্বনি বটে)।

৫—৬। "অব জনি" ইত্যাদি। হে সখি! এখন (অন্য কোন) বিতর্ক করিও না; প্রথম অভিসারের শুভক্ষণ উপস্থিত হইয়াছে।

৯—১০। "কী ফল" ইত্যাদি। উচ্চ কুচের ভারস্বরূপ কাঁচুলির কি প্রয়োজন? আমার এই সপত্নী (অর্থাৎ সপত্নীর ন্যায় প্রিয়ালিঙ্গনের বিঘ্ন-কারিণী) মুক্তা-মালা খুলিয়া লও।

১৩—১৪। "চলইতে দীগ" ইত্যাদি। যাইতে দিগ্‌ভ্রম না হয়, (সেই জন্য) গোবিন্দদাস (সুচতুর পরিচারকের ন্যায়) গুপ্ত-ভাবে সঙ্গে চলিল।

তথা রাগ।

মেঘ-যামিনি[১] অতি ঘন আন্ধিয়ার।
ঐছে সময়ে ধনি করু অভিসার॥
ঝলকত দামিনি দশদিশ আপি।
নীল বসনে ধনি সব তনু ঝাঁপি॥
দুই চারি সহচরি সঙ্গহি নেল।
নব অনুরাগ-ভরে চলি গেল॥
বরিখত ঝর ঝর খরতর[২] মেহ।
পাওল সুবদনি সঙ্কেত-গেহ॥
না হেরিয়া নাহ নিকুঞ্জক মাঝ।
জ্ঞানদাস চলু যাহাঁ নাগর-রাজ॥৩॥৩৪৩॥

পাঠান্তর

১। 'যামিনি' স্থলে 'দামিনি' খ।
২। 'অবিরত' খ, গ, চ।

ততো বাসকসজ্জা।

তথা রাগ।

গগনে গরজে ঘন নিশি আন্ধিয়ারী।
কুঞ্জহিঁ শেজ রচয়ে বর-নারী॥
মীলব নাগর-বর অভিলাষে।
অঙ্গহিঁ রচয়ে বিভূষণ বাসে॥
তাম্বুল কর্পূর গন্ধ অপার।
মলয়জ[১] চন্দন করু ফুল-হার॥
মনহিঁ মনোরথ কত[২] অনুমান।
চিন্তয়ে কাহে না মিলল কান॥৪॥৩৪৪॥

পাঠান্তর

১। 'মলয়জ' খ, গ, ঘ, চ।
২। 'কতী' ক, খ।

অথোৎকণ্ঠিতা।

তথা রাগ।

এ ঘোর রজনি মেঘ-গরজনি
কেমনে আয়ব[১] পিয়া।
শেজ বিছাইয়া রহিলুঁ[২] বসিয়া
পথ পানে নিরখিয়া॥
সই[৩] কি করব কহ মোরে।
এতহুঁ বিপদ তরিয়া আইলুঁ
নব অনুরাগ-ভরে॥
এহেন রজনি কেমনে গোঙাব[৪]
বন্ধুর দরশ বিনে।
বিফল হইল সব[৫] মনোরথ
প্রাণ করে উচাটনে॥

দহয়ে দামিনি ঘন-ঝনঝনি
পরাণ মাঝারে হানে।
জ্ঞানদাস কহে শুনহ সুন্দরি
মিলবি বন্ধুর সনে ॥৫॥৩৪৫॥

পাঠান্তর

১। 'আওব' খ—ঘ।
২। 'রহিনু' ক, গ, চ।
৩। 'সখি হে' খ; 'সোই' ঘ, চ।
৪। 'গোঙাব' ক, গ।
৫। 'সব' স্থলে 'মোর' ক, চ।

তথা রাগ।[১]

ভুজগে[২] ভরল পথ কুলিশ-পাত[৩] শত
আর কত বিঘিনি[৪] বিথার।
কুলবতি-গৌরব বাম চরণে ঠেলি[৫]
কুঞ্জে কয়লুঁ[৬] অভিসার॥
সজনি কী ফল[৭] পাপ পরাণ।
যামিনি আধ- অধিক বহি যাওত
অবহুঁ না মীলল কান ॥ধ্রু॥
যতয়ে মনোরথ[৮] সব ভেল অনরথ[৯]
কানু-পিরিতি[১০] অভিলাষে।
না জানিয়ে কোন কলাবতি বাঁন্ধল[১১]
ভাঙু-[১২]ভুজঙ্গিনি-পাশে॥
দারুণ ফুলশর কুঞ্জে বিথারল
মন্দিরে গুরুজন-গারি[১৩]।
গোবিন্দদাস কহয়ে দুহুঁ সংশয়[১৪]
নিরসব[১৫] রসিক মুরারি ॥৬॥৩৪৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৪৮৭ ও প-র পুথির ১৮১৬ সংখ্যক পদ। 'তথা রাগ' স্থলে 'গুর্জ্জরী' প-র সা, প-র।
২। 'ভুজগ' প-র-সা।
৩। 'কুলিশ-পাত' স্থলে 'কুলিশ পথে' ক।
৪। 'আর কত বিঘিনি' স্থলে 'কত কত বিঘ্ন' প-র-সা।
৫। 'কুলবতি-গৌরব' ইত্যাদি স্থলে 'বাম চরণ ঠেলি কুলবতি-গৌরব' প-র-সা।
৬। 'কয়ল' প-র-সা।
৭। 'ফল' স্থলে 'ভেল' ক, গ—চ, প-র-সা, প-র।
৮। 'যতয়ে মনোরথ' স্থলে 'যত ছিল মনোরথ' প-র; 'অতয়ে ছিল মনমত' প-র-সা।
৯। 'আনরথ' প-র-সা।
১০। 'পিরিতি' স্থলে 'সমাগম' প-র।
১১। 'না জানিয়ে' ইত্যাদি পংক্তি-দ্বয় প-র-সা পুথিতে লিপিকর-ভ্রমে পরিত্যক্ত হইয়াছে।
১২। 'ভাঙ' ক, গ।
১৩। 'গারি' স্থলে 'বৈরি' প-র।
১৪। 'গোবিন্দদাস' ইত্যাদি স্থলে 'গোবিন্দদাস কহ জীবইতে সংশয়'।
১৫। 'নিরসব' স্থলে 'নীরস' প-র।

ধানশী।[১]

নিভৃত-নিকুঞ্জ-গেহং গতয়া নিশি
রহসি নিলীয় বসন্তম্।
চকিত-বিলোকিত-সকল-দিশা রতি-
রভস-ভরেণ হসন্তম্॥
সখি হে কেশি-মথনমুদারম্।
রময় ময়া সহ মদন-মনোরথ-
ভাবিতয়া সবিকারম্॥ ধ্রু ॥
প্রথম-সমাগম-লজ্জিতয়া পটু-
চাটু-শতৈরনুকূলম্।
মৃদু-মধুর স্মিত-ভাষিতয়া শিথি-
লী-কৃত-জঘন-দুকূলম্॥

কিসলয়-শয়ন-নিবেশিতয়া চির-
মুরসি মমৈব শয়ানম্।
কৃত-পরিরম্ভণ-চুম্বনয়া পরি-
রভ্য কৃতাধর-পানম্॥
অলস-নিমীলিত-লোচনয়া পুল-
কাবলি-ললিত-কপোলম্।
শ্রম-জল সকল-কলেবরয়া বর-
মদন-মদাদতি লোলম্॥
কোকিল-কলরব-কূজিতয়া জিত-
মনসিজ-তন্ত্র-বিচারম্।
শ্লথ-কুসুমাকুল-কুন্তলয়া নখ-
লিখিত-ঘন-স্তন-ভারম্॥
চরণ-রণিত-মণি-নূপুরয়া পরি-
পূরিত-সুরত-বিতানম্।
মুখর-বিশৃঙ্খল-মেখলয়া সক-
চগ্রহ-চুম্বন-দানম্॥
রতি-রস-সময়-রসালসয়া দর-
মুকুলিত-নয়ন সরোজম্।
নিঃসহ-নিপতিত-তনু-লতয়া মধু-
সূদনমুদিত মনোজম্॥
শ্রীজয়দেব-ভণিতমিদমতিশয়-
মধুরিপু-নিধুবন-শীলম্।
সুখমুৎকণ্ঠিত-গোপ-বধূ-কথি-
তং বিতনোতু সলীলম্॥৭॥৩৪৭॥

পাঠান্তর

১। খ পুথিতে এ স্থলে এই পদটি দৃষ্ট হয়। ক, গ, ঘ, চ পুথিতে ইহা নাই, কিন্তু ইহার পরিবর্ত্তে 'কানুর লাগিয়া জাগি পোহাইলু' ইত্যাদি ৩৪৮ সংখ্যক পদের পর ঐ সকল পুথিতে 'কথিত-সময়েऽপি' ইত্যাদি পূর্ব্বোদ্ধৃত ৩১৭ সংখ্যক পদটি পুনরুদ্ধৃত ও গণিত হইয়াছে; 'নিভৃত-নিকুঞ্জ-গৃহং গতয়া' ইত্যাদি পদটি ইতিপূর্ব্বে আর উদ্ধৃত হয় নাই; সুতরাং ৬ষ্ঠ পল্লবের নির্দ্দিষ্ট পদ-সংখ্যার পূরণ জন্য আমরা খ পুথির পদ-নির্ব্বাচনই সমীচীন বিবেচনায় গ্রহণ করিলাম।

উৎকণ্ঠিতান্তে বিপ্রলব্ধা।

সুহই।

কানুর লাগিয়া জাগি পোহাইলুঁ
এ ঘোর আন্ধার রাতি।
এত দিনে সই নিচয়ে[১] জানিলুঁ
নিঠুর পুরুখ[২] জাতি॥
মেঘ দুর দুর[৩] দাদুরীর বোল[৪]
ঝিঁঝা ঝিনি ঝিনি বোলে।
ঘোর আন্ধিয়ারে বিজুরী ছটা
হিয়ার পুতলি দোলে॥
যতনে সাজালুঁ ফুলের শেজ
গন্ধে মোহ মোহ করে।
অঙ্গ ছটফটি সহনে না যায়
দারুণ বিরহ-জরে॥
মনের আগুনি মনে নিভাইতে
যেমন করয়ে প্রাণে।
কানুর এমন নিঠুর চরিত
এ দাস অনন্ত ভণে॥৮॥৩৪৮॥

পাঠান্তর

১। 'নিচয়ে' স্থলে 'নিশ্চয়' ক—গ, চ।
২। 'পুরুষ' ক—গ, চ।
৩। 'দুরুদুর' চ।
৪। 'দাদুরীর বোল' স্থলে 'দাদুরি বোল' ঘ, চ।

তত্র শ্রীকৃষ্ণস্যাগমনং যথা[১]।

ভৈরবী।[২]

গরজয়ে গগনে সঘনে[৩] ঘন ঘোর।
ঐছে সময়ে চলু নন্দকিশোর ॥
পন্থ বিপথ কিছু লখই না পারি।
দামিনি-চমকে চলয়ে অনুসারি ॥
পাওল সঙ্কেত-কুঞ্জক মাঝ।
জানল রাই আয়ল যুবরাজ ॥
কুঞ্জমন্দিরে ধনি দেওল কপাট।
কানু না জানল ঐছন নাট ॥
অন্তরে ভাবয়ে শ্যাম-শরীর।
আজু দুরদিনে ধনি না ভেল বাহীর[৪] ॥
আয়লুঁ বিফল ভেল মনসাধ।
আকুল নাগর করই[৫] বিষাদ ॥
রোই রোই পরশল দ্বারে কপাট।
কো ইহ মুন্দল[৬] কুঞ্জক বাট ॥
শুনি ধনি রাইক দরবে হৃদয়।
কহতহি কোন দ্বার মাহা রোয় ॥
তবহিঁ জানল বর[৭] নাগর কান।
অব ঘনশ্যাম কহয়ে পরমাণ ॥৯॥৩৪৯॥

পাঠান্তর

১। ইহার পূর্ব্বে ক, গ—চ পুথিতে 'অত্র কথিতসময়েঽপি হরিরহহ ন যযৌ বনং ইত্যাদি পদানি গেয়ানি ॥৮॥' এইরূপ প্রক্ষিপ্ত পংক্তি দৃষ্ট হয়; ৩৪৭ সংখ্যক পদের ১ পাঠান্তর দ্রষ্টব্য।

২। 'ভৈরবী' পাঠ ক, ঘ, চ পুথিতে নাই।

৩। 'সঘন' ক।

৪। 'বাহির' ক—গ, চ।

৫। 'করয়ে' ক, খ।

৬। 'মুদল' ক, গ; 'মূদল' খ।

৭। 'বর' স্থলে 'নব' ক।

টীকা

১—২। "গরজয়ে গগনে" ইত্যাদি। আকাশে মেঘসমূহ ঘন ঘন গভীর গর্জ্জন করিতেছে, এমন সময়ে নন্দ-নন্দন শ্রীকৃষ্ণ (অভিসারে) গমন করিলেন।

৫—৬। "পাওল সঙ্কেত" ইত্যাদি। শ্রীকৃষ্ণ সঙ্কেত-কুঞ্জের মাঝে উপনীত হইলেন; শ্রীরাধা জানিলেন যে, ব্রজ-রাজকুমার আসিয়াছেন।

৭—৮। "কুঞ্জ-মন্দিরে" ইত্যাদি। শ্রীরাধা (রহস্য করার উদ্দেশ্যে) কুঞ্জ-গৃহের কপাট বন্ধ করিলেন; শ্রীকৃষ্ণ ঐ রহস্য বুঝিতে পারিলেন না।

১৩—১৪। "রোই রোই" ইত্যাদি। (শ্রীকৃষ্ণ) রোদন করিতে করিতে কুঞ্জ-গৃহের দ্বারে কর-স্পর্শ অর্থাৎ আঘাত করিতে লাগিলেন (এবং বলিতে লাগিলেন)—"কে এই কুঞ্জ-গৃহের পথ রুদ্ধ করিল?"

শ্রীগান্ধার।[১]

কো ইহ পুন পুন[২] করত হুঙ্কার।
হরি হাম জানি না কর পরচার ॥
পরিহরি সো গিরি-কন্দর মাঝ।
মন্দিরে কাহে আওব[৩] মৃগ-রাজ ॥
সো নহ[৪] ধনি[৫] মধুসূদন হাম[৬]।
চলু কমলালয় মধুকরি ঠাম[৭] ॥
শ্যাম-মুরতি [৮]হাম তুহুঁ কি না জান।
তারা-পতি ভয়ে বুঝি অনুমান ॥
ঘরহুঁ[৯] রতন দীপ উজিয়ার।
কৈছনে পৈঠব ঘন আন্ধিয়ার ॥
রাধারমণ হাম কহি পরচার[১০]।
রাকা-রজনি নহ ঘন আন্ধিয়ার ॥
পরিচয়-পদ যবে[১১] সবে ভেল আন।
তবহিঁ পরাভব[১২] মানল কান ॥
তৈখনে উপজল[১৩] মনমথ সূর[১৪]।
অব ঘনশ্যাম মনোরথ পূর ॥১০॥৩৫০॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২৩।৯ সংখ্যক পদ। 'শ্রীগান্ধার' স্থলে 'ধানশ্রী' প-র।

২। 'পুন পুন' স্থলে 'পুন' ক।

৩। 'আওল' ক—গ।

৪। 'সো নহ' স্থলে 'এ ধনি সো নহ' প-র।

৫। 'ধনি' স্থলে 'এ ধনি' ঘ; 'হাম' প-র।

৬। 'হাম' স্থলে 'নাম' প-র।

৭। 'চলু কমলালয়' ইত্যাদি স্থলে 'চলু কমলালয় জাহা' ইত্যাদি ঘ; 'তনু বিনু গুণ কিয়ে কহে নিজ নাম' প-র।

৮। 'শ্যাম-মুরতি' স্থলে 'শ্যামসুমুরতি' গ।

৯। 'ঘরহুঁ' স্থলে 'ঘর মাহা' প-র।

১০। 'রাধারমণ হাম' ইত্যাদি পংক্তি-দ্বয় প-র পুথিতে নাই।

১১। 'যবে' স্থলে 'অব' প-র।

১২। 'তবহিঁ পরাভব' স্থলে 'হাসি পরাজয়' প-র।

১৩। 'উপজল' স্থলে 'জাগল' প-র।

১৪। 'সুর' স্থলে 'শূর' ক, গ।

টীকা

১—১৬। "কো ইহ" ইত্যাদি। এই পদে "বক্রোক্তি" অলঙ্কারের সাহায্যে পদকর্ত্তা শ্রীরাধা ও শ্রীকৃষ্ণের উক্তি-প্রত্যুক্তি বর্ণিত করিতেছেন। শ্রীরাধা প্রশ্ন করিতেছেন,—"কে এখানে বারংবার চীৎকার করিতেছে?" শ্রীকৃষ্ণের উত্তর—"আমি হরি।" শ্রীরাধা 'হরি' শব্দের 'সিংহ' অর্থ ধরিয়া বলিতেছেন,—"বুঝিলাম না, প্রকাশ করিয়া বল; পর্ব্বত-গুহা পরিত্যাগ করিয়া মৃগ-রাজ কেন মন্দিরে আসিবে?" শ্রীকৃষ্ণ—"তা নয়; সুন্দরি! আমি মধুসূদন।" শ্রীরাধা 'মধুসূদন' শব্দের 'ভ্রমর' অর্থ ধরিয়া বলিতেছেন,—"(ভ্রমর) পদ্ম-বনে ভ্রমরীর নিকট যাউক।" শ্রীকৃষ্ণ—"আমি শ্যাম-মূর্ত্তি, তুমি কি জান না?" শ্রীরাধা 'শ্যাম-মূর্ত্তি' শব্দের 'অন্ধকার' অর্থ ধরিয়া বলিতেছেন,—"অনুমান হইতেছে, চন্দ্রের ভয়ে বুঝি (অন্ধকার পলাইয়া আসিয়াছে!); গৃহেও ত উজ্জ্বল রত্ন-প্রদীপ রহিয়াছে,—ঘোর অন্ধকার কিরূপে এখানে প্রবেশ করিবে?" শ্রীকৃষ্ণ—"ও গো! আমি রাধারমণ—স্পষ্ট করিয়া বলিতেছি।" 'রাধা' শব্দে 'অনুরাধা' নক্ষত্রকে বুঝায়; অনুরাধা নক্ষত্রের আনন্দ-দায়ক বলিলে 'পূর্ণিমার চন্দ্র' বুঝা যায়; কেন না, পূর্ণিমার চন্দ্র ব্যতীত অন্য কোন তিথির চন্দ্রই সমস্ত রাত্রি ভরিয়া নক্ষত্র-রাজির সহিত গগনে বিরাজ করে না; শ্রীরাধা 'রাধারমণ' শব্দের অর্থ 'পূর্ণিমার চন্দ্র' ধরিয়া বলিতেছেন,—"(ইহা) পূর্ণিমা-রজনী নহে—ঘোর অন্ধকার; (তবে পূর্ণিমার চন্দ্র এখানে কেন আসিবে?)" পরিচয়ের বাক্য সকল যখন বৃথা হইল, তখন শ্রীকৃষ্ণ পরাভব স্বীকার করিলেন। পদ-কর্ত্তা সময়োচিত রসিকতা করিয়া বলিতেছেন,—(ঘোর অন্ধকার হইলে কি হইবে?) তখনি মন্মথরূপ (তীব্র-তাপকর) সূর্য্য উদিত হইল এবং ঘন-শ্যাম শ্রীকৃষ্ণের তথা ঘনশ্যাম-নামক পদ-কর্ত্তার মনোরথ পূর্ণ হইল।

বিহাগড়া।

করে ধরি রাই মন্দির মাহা আনল
দুহুঁ জন ভেল এক ঠাম।
আগমন-জনিত সকল দুখ কহতহিঁ
মধুর বচন অনুপাম॥
দুহুঁ জন মনোরথে ভোর।
দুহুঁক অধর-মধু দুহুঁ জন পীবই[১]
দুহুঁ দোঁহা কোরে আগোর॥ ধ্রু॥
কুসুম-শেজ মাহা বিলসই[২] দুহুঁ জন
পূরল সব অভিলাষ।
নিধুবন-সমরে দুহুঁ পরবেশল
কহ ঘনশ্যামর দাস॥ ১১॥ ৩৫১॥

ইতি বর্ষাকালোচিত-গীতম্।

ইতি ষষ্ঠ-পল্লবঃ।

পাঠান্তর

১। 'পিবই' ক—গ।

২। 'বিলসয়ে' গ—চ।

অথাষ্টনায়িকা-প্রকরণং সর্ব্বকালোচিতং গীয়তে।

অথাভিসারিকা বাসসজ্জাপ্যুৎকণ্ঠিতা তথা।
বিপ্রলব্ধা খণ্ডিতা চ কলহান্তরিতাপরা॥
প্রোষিত-প্রেয়সী প্রোক্তা তথা স্বাধীনভর্ত্তৃকা।
ইত্যষ্টৌ নায়িকা-ভেদা রসতন্ত্রে প্রকীর্ত্তিতাঃ॥
অভিসারিকা-প্রকরণং বহুবিধং তত্র গান-নির্ব্বাহার্থে এক-দিনস্থ লীলা-পর্য্যায়ো গীয়তে।

অথ অভিসারিকা।

তদুচিত-শ্রীগৌরচন্দ্রঃ।

কামোদ।[১]

ব্রজ অভিসারিণি- ভাব-বিভাবিত[২]
নবদিপ-চান্দ বিভোর।
অভিনয় তৈছন করত পুলকি-তনু[৩]
নয়নহি আনন্দ-লোর॥
দেখ দেখ প্রেমসিন্ধু-অবতার।
তহিঁ পুন নিমগন নাহি জানে রাতি দিন
বুঝি সো[৪] মহাভাব-সার॥ ধ্রু॥
নিশবদ মণ্ডন[৫] অঙ্গহি পহিরণ[৬]
গতি অতি ললিত সুধীর।
বৃন্দাবন-ভানে চকিত বিলোকনে
পাওল সুরধুনী-তীর॥
কেবল কৃষ্ণ- নাম গুণ-কীর্ত্তন
করতহিঁ পরম আনন্দে[৭]।
রাধামোহন দাস আশ রাখত জানি[৮]
সো প্রভু-চরণারবিন্দে॥১॥৩৫২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৪৪১ সংখ্যক পদ। ক—চ পুথিতে 'কামোদ' শব্দ নাই; পদামৃতসমুদ্র অনুসারে উহা মূলে গৃহীত হইল।

২। 'ভাব-বিভাবিত' প-স স্থলে 'ভাবে বিভাবিত' ক—গ, চ; 'ভাবে ভাবিত' ঘ; 'ভাবে বিভোরিণি' প-র-সা।

৩। 'পুলক তনু' প-র-সা।

৪। 'সে' প-র-সা।

৫। 'মণ্ডল' প-র-সা।

৬। 'পহিরণ' স্থলে 'পরিমল' প-র-সা।

৭। 'পরম আনন্দে' স্থলে 'পরমানন্দে' ঘ, চ।

৮। 'জনি' প-র-সা।

আদৌ সঙ্কেত।

তুড়ী।[১]

এক দিন বর নাগর-শেখর
কদম্বতরুর তলে।
বৃষভানু-সুতে[২] সখাগণ সাথে[৩]
যাইতে যমুনা-জলে॥
রসের শেখর নাগর চতুর
উপনীত সেই পথে।
. . শয়া বচনের ছলে
সঙ্কেত কয়ল তাথে[৪]॥
গোধন চালাঞা[৫] শিশুগণ লৈয়া[৬]
গমন করিলা[৭] ব্রজে।
নীর ভরি কুম্ভে সখীগণ সঙ্গে
রাই আইলা গৃহ মাঝে[৮]॥
কহে চণ্ডীদাসে বাসুলী-আদেশে
শুন ল রাজার ঝিয়ে।
তোমা অনুগত[৯] বন্ধুর সঙ্কেত
না ছাড়্য[১০] আপন হিয়ে॥২॥৩৫৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৪৪২ সংখ্যক পদ।

২। 'সুতে' স্থলে 'সুতা' প-র-সা।

৩। 'সাথে' স্থলে 'তাথে' প-র-সা।

৪। 'করল তাথে' স্থলে 'করল তাতে' ক; 'করল তাথেঁ' ঘ।

৫। 'চালাইয়া' ঘ, চ।

৬। 'লইয়া' ঘ, চ।

৭। 'করিল' ক—গ।

৮। 'গৃহের মাঝে' ঘ।

৯। 'অনুগত' স্থলে 'তনুগত' প-র-সা।

১০। 'ছাড়্য' স্থলে 'ছাড়' ক গ; 'ছাড়ো' প-র-সা।

টীকা

৭—৮। "শির পরশিয়া" ইত্যাদি। শ্রীকৃষ্ণ নিজের মস্তক স্পর্শ করিয়া, বাক্যের কৌশলে সেই সময়ে শ্রীরাধার উদ্দেশ্যে সঙ্কেত করিলেন। মস্তক স্পর্শ করায় মাথার দিব্য দেওয়া বুঝা যাইতেছে; মুখে কিছু না বলিয়া কেবল মস্তক স্পর্শ করিলে শ্রীরাধা তাহা লক্ষ্য না করিলেও করিতে পারেন, লক্ষ্য করিলেও উহা আকস্মিক মস্তক-স্পর্শ মনে করিতে পারেন,—তাহা হইলে উদ্দেশ্য সিদ্ধ হয় না,—এ জন্য শ্রীকৃষ্ণ কৌশল-পূর্ণ বাক্যে শ্রীরাধার দৃষ্টি আকর্ষণ করিয়া ভঙ্গী সহকারে নিজের মস্তক স্পর্শ করিয়া মাথার দিব্য দিয়া শ্রীরাধাকে অভিসারে গমনের প্রার্থনা জানাইলেন।

মঙ্গল রাগ।১

ঐছন সঙ্কেত ভাবিয়া রাই।
সব সখীগণ-বদন চাই ॥
আবেশে কহত মনের কথা।
কবহুঁ হরিষ বিষাদ বেথা২ ॥
সঙ্কেত করল নাগর-রায়।
কি করব সখি কহ উপায় ॥
গুরু দুরুজন বঞ্চনা করি।
কেমনে যাইব রহিতে নারি ॥
এতহুঁ ভাবিয়া চলিলা ধনি।
যতহুঁ বিঘিনি কিছু৩ না গণি ॥
সখীগণ মেলি সঙ্কেত-গেহে।
আওল তরণীরমণ৪ কহে ॥৩॥৩৫৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৪৪৩ সংখ্যক পদ।

২। 'বেথা' স্থলে 'ব্যথা' ক—গ।

৩। 'কিছু' স্থলে 'কছু' ঘ।

৪। 'তরণীরমণ' স্থলে 'তরুণিরমণ' ঘ, চ; 'তরুণীরমণ' ক—গ। পদকল্পতরুর পূর্ব্ববর্ত্তী সংস্করণগুলিতে—

'সখীগণ মেলি সঙ্কেত-গেহে।
আওল তরুণী রমণ কহে ॥'

এইরূপ পাঠ থাকায় 'তরুণী' শব্দের 'যুবতি' অর্থাৎ শ্রীরাধা অর্থ ও 'রমণ' পদ-কর্ত্তার নাম বলিয়া প্রতীত হয়। কিন্তু প-র-সা পুথিতে 'তরুণী রমণ' স্থলে 'তরণীরমণ' পাঠ আছে এবং 'তরণীরমণ' ভণিতা-যুক্ত আরও অনেকগুলি পদ নানা স্থলে উদ্ধৃত হইয়াছে; পক্ষান্তরে 'রমণ' ভণিতা-যুক্ত পদ পদকল্পতরু গ্রন্থে আর কুত্রাপি দৃষ্ট হয় না; সুতরাং এই পদের রচয়িতা যে 'তরণীরমণ', তাহাতে কোন সন্দেহ নাই। পদকল্পতরু গ্রন্থে 'তরণীরমণ' ভণিতাযুক্ত অন্য কোন পদ না থাকায় ও 'তরণীরমণ' নামটি কিছু বিচিত্র বলিয়াই লিপিকরগণের ভ্রম জন্মিয়াছে।

ভূপালী।১

চান্দ-বদনি ধনি চলু অভিসার।
নব নব রঙ্গিণি রসের পাথার॥
কপূর্র চন্দন অঙ্গে বিরাজ।
মালতি-মাল হিয়ে বনি[২] সাজ[৩]॥
চান্দনি রজনি কিরণ বন মাহ।
হাসিতে কুন্দ কুসুম গলি[৪] যাহ॥
মোতিম-হার করে কঙ্কণ সাজ।
ঐছনে[৫] আওল নিকুঞ্জক মাঝ॥
বৈঠলি হৃদয়ে আরতি বলবন্ত[৬]।
শ্যাম পাশে চলু দাস অনন্ত॥৪॥৩৫৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৪৫০ ও ৪৬৭ সংখ্যক পদ।

২। 'হিয়ে বনি' স্থলে 'হিয়া বনী' প-র-সা (৪৩০ সংখ্যক পদ)।

৩। 'মালতি-মাল' ইত্যাদি পংক্তি হইতে আরম্ভ করিয়া অবশিষ্ট পংক্তিগুলি প-র-সা পুথির ৪৬৭ সংখ্যক পদে নাই; তৎপরিবর্ত্তে নিম্ন-লিখিত পংক্তিগুলি আছে; যথা,—

'অভিরত কঙ্কণ কিঙ্কিণি বাজ॥
চরণনূপুর বাজত রণুঝুনু।
মদন বিজই বাম হাতে ফুলধনু॥
বৃন্দাবিপিন ভেটল শ্যাম রায়।
নব নব কোকিল পঞ্চম গায়॥
ধনীমুখ হেরি মুগধ ভেল কান।
করে ধরি কুঞ্জহি করল পয়ান॥
পুরল জতহি হৃদয় অভিলাষ।
দুরহি দুরে রহু গোবিন্দদাস॥'

৪। 'গলি' স্থলে 'গণি' প-র-সা (৪৩০ সংখ্যক পদ)।

৫। 'ঐছন' ক—গ, চ; 'ঐছে' প-র-সা (৪৩০ সংখ্যক পদ)।

৬। 'বৈঠলি হৃদয়ে' ইত্যাদি পংক্তি-দ্বয় প-র-সা ৪৩০ সংখ্যক পদে নাই।

টীকা

৫—৬। "চান্দনি রজনি" ইত্যাদি। রজনী জোৎস্নাময়ী; বনের মাঝে চন্দ্র-কিরণ (পতিত হইয়াছে); শ্রীরাধার হাস্যে কুন্দ-কুসুম গলিয়া যাইতেছে অর্থাৎ শ্রীরাধার হাস্য-কালে শুভ্র তরল দন্ত-কান্তি বিকীর্ণ হওয়ায়, বোধ হইতেছে যেন, তাঁহার দন্ত-রাজিরূপ কুন্দ-কুসুমগুলি বিগলিত হইয়াই তরল শুভ্র প্রবাহের সৃষ্টি করিয়াছে! "হাসিতে কুন্দকুসুম গলি যাহ" বাক্যের অতিশয়োক্তি-মূলক প্রতীয়মানা উৎপ্রেক্ষার ধ্বনি এই যে, জোৎস্নাময়ী রজনীতে শ্রীরাধা শ্বেত-বর্ণ বেশ-ভূষায় সজ্জিত হইয়া অভিসারে গমন করায় কেহই তাঁহাকে জোৎস্না হইতে বিভিন্ন বলিয়া লক্ষ্য করিতে পারিবে না, অথবা এখন আর কন্দর্প আমার কি করিবে, ইহা ভাবিয়া আশঙ্কার সময়েও প্রফুল্লতা হেতু শ্রীরাধার হাস্য-ছটা উদ্গত হইতেছে; উহা দ্বারা অধিক অলক্ষ্যতা সম্পাদিত হইবে বলিয়া শ্রীরাধা হাস্য-কৌমুদী ছড়াইতে ছড়াইতে যাইতেছেন!

তুলনা করুন;—

"চন্দ্রোদয়ে চন্দনমঙ্গকেষু
বিহস্য বিন্যস্য বিনির্গতায়াঃ।
মনো নিহন্তুং মদনোঽপি বাণান্
করেণ কৌন্দান্ বিভরাম্বভূব॥
—রসমঞ্জরী।

"বিহস্য স্মিত্বা; সম্যাগিদমলক্ষ্যতাসম্পাদকং জাতমিতি ধিয়েতি ভাবঃ। যদ্বা হাস্যস্যাপি সুধানিধি-দীধিতিসমতয়া অত্যন্তালক্ষ্যতাসম্পাদকং কর্ম্মৈতদিতি ধিয়েতি ভাবঃ। অথবা এতাবৎ সময়মনঙ্গো মামপীড়য়দিদানীং কিমনেন বিধেয়মিতি ধিয়েতি ভাবঃ।"—অনন্ত পণ্ডিত-কৃত 'ব্যঙ্গার্থকৌমুদী' নামক রসমঞ্জরী-টীকা।

অথ বাসকসজ্জা।

তদুচিত শ্রীমহাপ্রভুঃ।

সুহই।১

অরুণ নয়নে ধারা বহে।
অবনত মাথে গোরা রহে॥
ছায়া দেখি সচকিত২ মনে।
ভূমে গড়ি যায় খেনে খেনে৩॥
কমল৪-পল্লব বিছাইয়া।
রহে পহু ধেয়ান করিয়া৫॥
বিরলে বসিয়া একেশ্বরে৬।
বাসকসজ্জার ভাব করে॥
বাসুদেব ঘোষ তা দেখিয়া।
বোলে কিছু চরণে ধরিয়া॥৫॥৩৫৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৪৬৮ সংখ্যক ও প-র পুথির ১৭১১ সংখ্যক পদ। 'সুহই' স্থলে 'কেদার' প-র।

২। 'সচকিত' স্থলে 'চমকিত' ক, খ; 'ছায়া দেখি সচকিত' স্থলে 'কি ভাব পড়েছে' প-র।

৩। 'ক্ষেণে ক্ষেণে' প-র-সা; 'খনে খনে' প-র।

৪। 'কমল' স্থলে 'কোমল' প-র।

৫। 'রহে পহুঁ' ইত্যাদি স্থলে 'রহে গোরা ধেয়ান ধরিয়া' প-র।

৬। 'একাস্বরে' প-র-সা; 'একাসরে' প-র।

কল্যাণী।১

কুসুমাবলিভিরুপস্কুরু তল্পম্।
মাল্যঞ্চামর২-মণিসর-কল্পম্॥
প্রিয়সখি কেলি-পরিচ্ছদ-পুঞ্জম্।
উপকল্পয় সত্বরমধিকুঞ্জম্॥ ধ্রু॥
মণি-সম্পুটমুপনয় তাম্বূলম্।
শয়নাঞ্চলমপি পীত-দুকূলম্॥
বিদ্ধি৩ সমাগতমপ্রতিবন্ধম্৪।
মাধবমাশু সনাতন-সন্ধম্॥৬॥৩৫৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৪৬৯ ও প-র পুথির ১৭১৬ সংখ্যক পদ। 'কল্যাণী' স্থলে 'পঞ্চম' প-র।

২। 'মাল্যঞ্চামর' প-স, প-র-সা স্থলে 'মাল্যঞ্চামল' ক—চ, প-র।

৩। 'বিদ্ধি' স্থলে 'বন্দি' প-র-সা।

৪। 'সমাগতমপ্রতিবন্ধং' স্থলে 'সমাগতমৎ-প্রতিবন্ধং' প-র; 'সমাগতমঃপ্রিতিবন্ধং' ঘ; 'সমাগতমঃপ্রতিবন্ধং' চ, প-র-সা।

টীকা

১—২। "কুসুমাবলিভি"রিতি। কুসুমসমূহৈঃ তল্পং (শয্যাং) উপস্কুরু (সজ্জীকুরু) অমর-মণিসর-কল্পং (দেব-মণিহার-তুল্যং) মাল্যং চ (সজ্জীকুরু ইতি শেষঃ)।

৩—৪। "প্রিয়সখী"তি। হে প্রিয়সখি! কুঞ্জমধিকৃত্য কেলি-পরিচ্ছদ-পুঞ্জং (লীলোপকরণ-ভারং) সত্বরমুপকল্পয় (কুঞ্জান্তিকে স্থাপয়)।

৫—৬। "মণি-সম্পুট"মিতি। মণিনা রচিতং সম্পুটং (তাম্বূলাধারং) তাম্বূলং পীতদুকূলমপি শয়নাঞ্চলং (শয্যাপ্রান্তং শয্যৈকদেশং বা) উপনয় প্রাপয়।

৭—৮। "বিদ্ধি সমাগত"মিতি। সনাতনী সন্ধা প্রতিজ্ঞা যস্য তং সনাতনসন্ধং (স্থায়িপ্রতিজ্ঞং) অপ্রতিবন্ধং (প্রতিবন্ধরহিতং) মাধবং (শ্রীকৃষ্ণং) আশু (শীঘ্রং) সমাগতং বিদ্ধি (জানীহি)। পক্ষে সনাতননাম্না পদ-কর্ত্রা সন্ধঃ সন্ধিতং যস্য তম্।

অনুবাদ

১—২। কুসুমাবলী দ্বারা শয্যা ও দেব-মণিহার-তুল্য মাল্য সজ্জিত কর।

৩—৪। হে প্রিয়-সখি! কেলির উপকরণসমূহ সত্বর কুঞ্জের মধ্যে স্থাপিত কর।

৫—৬। মণি-রচিত তাম্বূলাধার, তাম্বূল ও পীত উত্তরীয়-বস্ত্র শয্যার প্রান্তে স্থাপিত কর।

৭—৮। সখি! মনে জানিও, সনাতন-সন্ধ (এক অর্থে—স্থির-প্রতিজ্ঞ; অন্য অর্থে সনাতন-নামক পদকর্ত্তার সহিত সন্ধি-কারী) অপ্রতিহত-গতি মাধব শীঘ্রই কুঞ্জে আসিতেছেন।

ধানশী।[১]

সাজল কুসুম- শেজ পুন সাজই
জারই জারল বাতি।
বাসিত খপুরে[২] কপুরে[৩] পুন বাসই
ভৈগেল মদন-ভরাঁতি॥
আজু রাই[৪] সাজলি বাসক-শেজ[৫]।
মনমথ[৬] লাখ মনোরথে[৭] ধাবই
অঙ্গে অনঙ্গ[৮] নাহি তেজ॥ ধ্রু॥
ঘন ঘন অভরণ অঙ্গে চঢ়ায়ই[৯]
খেনে খেনে তেজই তাই।
চকিত বিলোকনে চমকি ঘন উঠয়ে[১০]
হেরত[১১] নিজ-তনু-ছাই॥
কাতর বচনে সম্ভাষই সহচরি
কাহে বিলম্বায়ত কান।
গোবিন্দদাস ক- হই অব শূনিয়ে[১২]
সঙ্কেত-মুরলি-নিসান॥৭॥৩৫৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৪৭০ ও প-র পুথির ১৭।১ সংখ্যক পদ। 'ধানশী' স্থলে 'কামোদ' প-র-সা, প-র।

২। 'খপুরে' স্থলে 'কুসুম' প-র।

৩। 'কপুরে' স্থলে 'চন্দনে' প-র।

৪। 'রাই' স্থলে 'ধনী' প-র-সা, প-র।

৫। 'সাজলি বাসক-শেজ' স্থলে 'সাজল বাসই সেজ' ঘ; 'সাজই বাসক শেজ' প-র-সা।

৬। 'মনমথ' স্থলে 'মনোরথ' প-র-সা।

৭। 'মনোরথে' স্থলে 'মনোভবে' প-র-সা।

৮। 'অনঙ্গ' স্থলে 'অঙ্গ' প-র।

৯। 'চঢ়ায়ই' স্থলে 'চড়ায়ই' ক, গ, চ।

১০। 'চকিত বিলোকনে' ইত্যাদি প-র-সা স্থলে 'সচকিত নয়নে চমকি খেনে উঠই' প-স; 'সচকিত নয়নে চমকি ঘন উঠই' প-র; 'চকিত বিলোকনে চমকিত উঠই' ক—চ।

১১। 'হেরত' স্থলে 'হেরইতে' ক।

১২। 'শূনিয়ে' প-স স্থলে 'না শুনিয়ে' ক—চ, প-র-সা। পদামৃত-সমুদ্রে এই পদের পরেই 'ঘন ঘন নীপ সমীপহিঁ শূনিএ সঙ্কেত-মুরলি নিসান' ইত্যাদি গোবিন্দদাসের রচিত পদটি সন্নিবেশিত হইয়াছে; সুতরাং 'শূনিয়ে' পাঠই যে রাধামোহন ঠাকুরের সমাদৃত, তাহাতে সন্দেহ নাই; বস্তুতঃ শ্রীকৃষ্ণের সঙ্কেত-মুরলি-ধ্বনি শ্রুতিগোচর না হইলেও প্রিয়সখী-স্থানীয় সুচতুর পদ-কর্ত্তা মূর্খের ন্যায় সেই অপ্রিয় সত্যকথা বলিয়া সখী শ্রীরাধার উদ্বেগ-বৃদ্ধি না করিয়া স্নেহোচিত মিথ্যা কথা বলিয়াও শ্রীরাধাকে আনন্দিত করাই স্বাভাবিক বোধ হয়; সুতরাং পদামৃতসমুদ্র ও পদরত্নাকরের পাঠই সমীচীন বটে।

গুর্জ্জরী।[১]

পশ্যতি দিশি দিশি রহসি ভবন্তম্।
ত্বদধর[২]-মধুর-মধূনি পিবন্তম্॥
নাথ হরে সীদতি রাধা বাস-গৃহে॥ ধ্রু॥
ত্বদভিসরণ-রভসেন বলন্তী।
পততি পদানি কিয়ন্তি চলন্তী॥

বিহিত-বিশদ-বিস-কিশলয়-বলয়া।
জীবতি পরমিহ[৩] তব রতি-কলয়া ॥
মুহুরবলোকিত-মণ্ডন-লীলা।
মধুরিপুরহমিতি ভাবনশীলা ॥
ত্বরিতমুপৈতি ন কথমভিসারম্।
হরিরিতি বদতি সখীমনুবারম্ ॥
শ্লিষ্যতি চুম্বতি জলধরকল্পম্।
হরিরুপগত ইতি তিমিরমনল্পম্ ॥
ভবতি বিলম্বিনি বিগলিত-লজ্জা।
বিলপতি রোদিতি বাসকসজ্জা ॥
শ্রীজয়দেবকবেরিদমুদিতম্।
রসিকজনং তনুতামতি মুদিতম্ ॥৮॥৩৫৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৪৭৪ সংখ্যক ও প-র পুথির ১৭।৮ সংখ্যক পদ। 'গুর্জ্জরী' স্থলে 'পঞ্চম রাগ' প-র।

২। 'ত্বদধর' স্থলে 'তদধর' প-র।

৩। 'পরমিহ' স্থলে 'বরমিহ' প-র।

অথোৎকণ্ঠিতা।

তত্র শ্রীগৌরচন্দ্রঃ।

মল্লার।১

এ হেন সুন্দর বেশ কেনে বনাইলুঁ।
নিরুপম গোরা-রূপ দেখিতে নারিলুঁ[২] ॥
অকাজে রজনী যায় কিবা মোর হৈল।
নিশ্চয়ে জানিলুঁ মোরে[৩] বিধি বিড়ম্বিল
সুবাসিত গন্ধ আদি অগোর[৪] চন্দন।
গোরা[৫] বিনু কার অঙ্গে করিব লেপন ॥
কর্পূর তাম্বুল গুয়া[৬] দিব কার মুখে।
বাসুঘোষ কহে নিশি যায় বড় দুখে॥৯॥৩৬০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৪৭৯ সংখ্যক পদ।

২। 'নারিলুঁ' স্থলে 'না পাইলুঁ' ঘ; 'না পালুঁ' চ।

৩। 'মোরে' স্থলে 'আজি' প-র-সা।

৪। 'অগোর' স্থলে 'অগৌর' ঘ।

৫। 'গোরা' স্থলে 'গৌর' ক—গ।

৬। 'গুয়া' স্থলে 'গুবাক' প-র-সা।

কামোদ।১

কানুক সন্দেশে বেশ বনি আয়লুঁ
সঙ্কেত-কেলি-নিকুঞ্জ।
মাধবি-পরিমলে ভরি[২] তনু জারই[৩]
ফুকরই মধুকর-পুঞ্জ ॥
সজনি না মিলল দারুণ কান[৪]।
নীলজ চীত পিরিতি অনুরোধই[৫]
তে[৬] নাহি যাত পরাণ[৭] ॥ ধ্রু ॥
কানুক বচন- অমিয়া-রস সেচনে
বেচলুঁ তনু মন জাতি।
নিজ-কুল-দূষণ ভূষণ করি মানলুঁ[৮]
তেঞি ভেল ঐছন শাতি ॥
হিমকর-কিরণে গমন অবরোধল[৯]
কী ফল চলবহুঁ গেহ[১০]।
গোবিন্দদাস কহ যাই সতি জানহ
কানু কি তেজল নেহ[১১] ॥১০॥৩৬১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৪৮০ ও প-র পুথির ১৮।১০ সংখ্যক পদ।

২। 'ভরি' স্থলে 'ভোরি' গ।

৩। 'জারই' স্থলে 'সাজল' প-র-সা; 'জারল' প-র।

৪। 'সজনি না মিলল' ইত্যাদি স্থলে 'শুন সহচরি অবহুঁ না মীলল দারুণ কান' খ—চ; 'অবহু না মিলল দারুণ কান' ক; 'শুন সজনি অব মোহে না মিলল' ইত্যাদি প-র।

৫। 'অনুরোধই' স্থলে 'অনুরোধ' ক, গ।

৬। 'তে' স্থলে 'ইথে' ক—গ; 'তেই' প-র-সা।

'নীলজ চীত পিরিতি অনুরোধই তে নাহি' ইত্যাদি পাঠের 'ই' ও 'তে' অক্ষরের মাঝের ফাঁকটি হয় ত কোন লিপিকরের প্রমাদবশতঃ উঠিয়া যাওয়ায় এবং কোন লিপিকর 'ই' ও 'তে' অক্ষর মিলাইয়া 'ইতে' শব্দ কল্পনা করায় এবং 'ইতে' শব্দটিকে শুদ্ধ (?) করিয়া 'ইথে' লিখায় ক—গ পুথির অশুদ্ধ পাঠের উৎপত্তি হইয়াছে।

৭। 'তে নাহি' ইত্যাদি স্থলে 'তেঞি লাগি জারত পরাণ' প-র।

৮। 'মানলুঁ' স্থলে 'মানলোঁ' ঘ, চ।

৯। 'অবরোধল' স্থলে 'অব রোধল' প-র-সা; 'অনুরোধল' ঘ, চ, প-র।

১০। 'কী ফল' ইত্যাদি স্থলে 'মন্দিরে চলত সন্দেহ' ক; 'মন্দিরে চলিতে সন্দেহ' প-র-সা।

১১। 'নেহ' স্থলে 'নব লেহ' প-র; 'লেহ' ক—গ।

টীকা

১—৪। "কানুক সন্দেশে" ইত্যাদি। কানুর সংবাদ পাইয়া, বেশ-ভূষা করিয়া সঙ্কেত-কুঞ্জে আসিয়াছি; (কিন্তু) মাধবীর সুগন্ধ (চতুর্দ্দিক্) পরিপূর্ণ করিয়া, আমার দেহ দগ্ধ করিতেছে; (তাহাতে আবার) মধুকরসমূহ গুঞ্জন-শব্দ অর্থাৎ মরার উপর খাঁড়ার আঘাত করিতেছে।

৫—৭। "সজনি না মিলল" ইত্যাদি। হে সখি! নিঠুর শ্রীকৃষ্ণ এখনও আসিল না; আমার নির্লজ্জ হৃদয় তাহার প্রেমের প্রত্যাশা করিতেছে,—তাই আমার প্রাণ বহির্গত হইতেছে না।

১২—১৫। "হিমকর-কিরণে" ইত্যাদি। চন্দ্রের কিরণ শ্রীকৃষ্ণের আগমনে প্রতিবন্ধকতা ঘটাইয়াছে; (সুতরাং এথায় থাকিয়া) ফল কি? গৃহেই যাইব। রাধামোহন ঠাকুর পদামৃতসমুদ্রের টীকায় লিখিয়াছেন যে, "কী ফল চলবহুঁ গেহ" বাক্য দ্বারা শ্রীরাধার বিপ্রলব্ধা-ভাব বুঝা গেলেও পুনর্ব্বার শ্রীকৃষ্ণের নিকট দূতী-প্রেষণ দ্বারা তাঁহার উৎকণ্ঠিতা-ভাব অব্যাহত রহিয়াছে।

তথা রাগ।[১]

কতহুঁ প্রেম-ধন হিয় মাহা সাঁচি।
দুরজন-নয়ন-পহরি কত[২] বাঁচি॥
হাম রহু সঙ্কেতে[৩] অনত রহু কান[৪]।
একলি কুঞ্জে[৫] কুসুম-শর হান॥
এ সখি হৃদয়ে জ্বলত মঝু আগি।
কঠিন পরাণ রহত কথি লাগি॥ ধ্রু[৬]॥
যাকর লাগি[৭] মনহি মন গোই।
গঢ়ল মনোরথ[৮] না চঢ়ল সোই॥
কুলবতি-চরিত পিরিতি লাগি খোই।
হা হা হরি করি[৯] কাননে রোই॥
পন্থ নেহারি নয়ন লয়[১০] লাগি[১১]।
টুটত রজনি বাঢ়ত অনুরাগি[১২]॥
অবহুঁ না মীলল শ্যামর-কাঁতি।
গোবিন্দদাস পহুঁ[১৩] দীগ-ভরাঁতি[১৪]॥

॥১১॥৩৬২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৪৮১ ও প-র পুথির ১৮।৪ সংখ্যক পদ। 'তথা রাগ' স্থলে 'ধানশী' প-র-সা; 'শ্রীগান্ধার' প-র

২। 'কত' স্থলে 'কর' ক, গ।

৩। 'রহু সঙ্কেতে' স্থলে 'রহু সঙ্কেত' ক—গ; 'রহু আনত' প-র-সা; 'আওলুঁ' প-র।

৪। 'অনত রহু কান' স্থলে 'অনত বর কান' প-র; 'আনত রহু' ইত্যাদি ক—চ, প-র-সা।

৫। 'কুঞ্জে' স্থলে 'নিকুঞ্জে' ক—গ, প-র-সা, প-র।

৬। ক, গ, ঘ, চ পুথিতে 'ঞ্চ' নাই।

৭। 'যাকর লাগি' স্থলে 'যাহে লাগি কতহিঁ' প-র।

৮। 'মনোরথ' স্থলে 'মনমথ' গ।

৯। 'হা হা হরি করি' স্থলে 'হা হরি অবহুঁ সে' প-র।

১০। 'লয়' স্থলে 'লগ' প-র।

১১। 'লাগ' প-র।

১২। 'অনুরাগ' প-র।

১৩। 'পহুঁ' স্থলে 'কহ' ক, গ, প-র-সা, প-র।

১৪। 'দীগ-ভরাঁতি' স্থলে 'দীগভরাতি' ঘ, চ; 'দীঘল রাতি' প-র-সা।

টীকা

১—৪। "কতহুঁ" ইত্যাদি। কত প্রেম-ধন হৃদয়ে সঞ্চিত করিয়া, দুর্জ্জনের নেত্র-রূপ প্রহরীকে কত বঞ্চনা করিয়া আমি সঙ্কেত-কুঞ্জে রহিয়াছি; (কিন্তু) শ্রীকৃষ্ণ অন্যত্র রহিয়াছেন; কুঞ্জে আমাকে একাকিনী (অর্থাৎ সহায়-হীনা) দেখিয়া পুষ্প-শর অর্থাৎ কন্দর্প আঘাত করিতেছে অথবা পুষ্পময় শর আঘাত করিতেছে। 'পুষ্প-শর' শব্দের অর্থ 'কন্দর্প' ধরিলে 'হান' ক্রিয়ার কর্ম্মপদ উহ্য করিতে হইবে; আর 'পুষ্প-শর' শব্দের অর্থ 'পুষ্পময় শর' ধরিলে 'হান' ক্রিয়ার কর্ত্তৃপদ উহ্য করিতে হইবে,—সুতরাং এ স্থলে 'পদ-চ্যুতি' অলঙ্কার হইয়াছে। অন্যত্র এরূপ পদ-চ্যুতি দূষণীয় হইলেও, এ স্থলে উহা দ্বারা শ্রীরাধার উৎকণ্ঠার আতিশয্য ও তজ্জনিত অন্য-মনস্কতা সুন্দর ব্যঞ্জিত হইয়াছে। তুলনা করুন,—

"ঐছন হেরইতে গোরি।
হঠ সঞে পৈঠল মন মাহা মোরি॥
তবহিঁ কুসুমশর জোরি।
ছুটল বাণ ফুটল হিয়ে মোরি॥"
—প-ক-ত, ৮৫ সংখ্যক পদ।

৭—৮। "যাকর লাগি" ইত্যাদি। যাঁহার জন্য মনে মনে গোপন করিয়া (অপূর্ব্ব) মনোরথ (এক অর্থে অভিলাষ, অন্য অর্থে মনোরথ-রূপ মনের দ্বারা নির্ম্মিত রথ) গঠন করিয়াছিলাম, তিনি (সেই মনোরথে) আরোহণ করিলেন না। তুলনা করুন;—

"স্ফুরদুরসিজ-ভার-ভঙ্গুরাঙ্গী
কিসলয়-কোমল-কান্তিনা পদেন।
অথ কথয় কথং সহেত গন্তুং
যদি ন নিশাসু মনোরথো রথঃ স্যাৎ॥"
—রসমঞ্জরী।

১১—১২। "পন্থ নেহারি" ইত্যাদি। (শ্রীকৃষ্ণের) আগমন-পথ চাহিয়া চাহিয়া (আমার) নয়নে লীনতা অর্থাৎ নিশ্চলতা লাগিয়াছে অর্থাৎ এখন আর আমি নয়নকে অন্য কোন পদার্থের উপর স্থাপিত করিতে পারিতেছি না; রজনী (ক্রমে) ক্ষীণ হইতেছে; (কিন্তু) আমার অনুরাগ অর্থাৎ অনুরাগ-জনিত উৎকণ্ঠা (ক্রমে) বাড়িতেছে।

১৩—১৪। "অবহুঁ না" ইত্যাদি। শ্যাম-কান্তি শ্রীকৃষ্ণ এখনও সমাগত হইলেন না; (পদ-কর্ত্তা বলিতেছেন)—গোবিন্দদাসের প্রভুর নিবিড়ান্ধকার বনে দিগ্‌ভ্রম হইয়াছে। তুলনা করুন;—

"তৎ কিং কামপি কামিনীমভিসৃতঃ
কিংবা কলা-কেলিভি-
র্বদ্ধো বন্ধুভিরন্ধকারিণি বনা-
ভ্যর্ণে কিমুদ্‌ভ্রাম্যতি।"
—গীতগোবিন্দ, ৭ম সর্গ।

—

পাহিড়া।১

বন্ধুরে লইয়া কোরে রজনি গোঙাব সই
সাধে নিরমিলুঁ আশা-ঘর২।
কোন কুমতিনি মোর এ ঘর ভাঙ্গিয়া নিল
আমারে পেলিয়া দিগান্তর৩॥

বন্ধুর সঙ্কেতে আসি[৪] এ বেশ বনাইলুঁ[৫] গো
সকল বিফল ভেল মোয়।
না জানি বন্ধুরে মোর কেবা লৈয়া গেল গো
এ বাদ সাধিল জানি কোয়॥
গগন উপরে চান্দ- কিরণ উজোর[৬] গো
কোকিল কোকিলা ডাকে মাতি।
এমন রজনি আমি কেমনে পোহাব গো
পরাণ না হয় তার সাথি॥
কর্পূর তাম্বুল গুয়া খপুর পূরিল সই
পিয়া বিনে কার মুখে দিব।
এ নব[৭] মালতী-মালা বৃথাই গাঁথিলুঁ গো
কেমনে রজনি গোঙাইব॥
এ পাপ পরাণ মোর বাহির না হয় গো
এখন আছয়ে কার আশে।
ধৈরজ ধরহ ধনি ধাইয়া চলিলুঁ গো
কহি ধায় নরোত্তম দাসে॥১২॥৩৬৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৪৮২ সংখ্যক পদ।

২। 'আশা-ঘর' স্থলে 'আশঘর' চ।

৩। 'পেলিয়া দিগান্তর' স্থলে 'ফেলিয়া দিগন্তর' ক—গ; 'ফেলিয়া দিগান্তর' চ; 'পেলিয়া দিগন্তর' প-র-সা।

৪। 'আসি' স্থলে 'আমি' ক, খ।

৫। 'বনাইলুঁ' স্থলে 'বনামু' ক।

৬। 'উজোর' স্থলে 'উজর' খ, গ, প-র-সা।

৭। 'এ নব' স্থলে 'এমন' ক।

কেদার।[১]

কিমু চন্দ্রাবলিরনয়গভীরা।
অরুণদমুং রতি-বীরমধীরা॥
অতিচিরমজনি রজনিরতিকালী।
সঙ্গমবিন্দত[২] নহি বনমালী॥ ধ্রু[৩]॥
কিমিহ জনে ধৃত-পঙ্ক-বিপাকে।
বিস্মৃতিরস্য বভূব বরাকে[৪]॥
কিমুত সনাতন-তনুরলঘিষ্ঠম্।
রণমারভত সুরারিভিরিষ্টম্॥১৩॥৩৬৪॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৮।৭ সংখ্যক পদ।

২। 'সঙ্গমবিন্দত' স্থলে 'সঙ্গমবিন্দতি' ক, খ; 'সঙ্গমবিন্দিত' প-র।

৩। ক, গ—চ পুথিতে 'ধ্রু' চিহ্ন নাই।

৪। এখানে ঘ, চ পুথিতে 'ধ্রু' চিহ্ন আছে।

টীকা

১—২। "কিমু" ইত্যাদি। অনয়েন (দুর্ণয়েন) গভীরা (দুরবগাহা) অধীরা (চঞ্চলা) চন্দ্রাবলিঃ (তন্নাম্নী রাধাপ্রতিদ্বন্দ্বিনী) অমুং রতিবীরং শ্রীকৃষ্ণং অরুণৎ কিমু (রুধিতবতী কিং) সম্ভোগসুখ-লিপ্সয়েতি ভাবঃ।

৩—৪। "অতিচির"মিত্যাদি। অতিচিরং (বহুকালং ব্যাপ্য) রজনিঃ (নিশা) অতিকালী (অতিকৃষ্ণা) অজনি (জাতাভূৎ) বনমালী (শ্রীকৃষ্ণঃ) মদীয়ং সঙ্গং (সম্মিলনং) নহি অবিন্দত (ন প্রাপ্তবান্) গাঢ়ান্ধকারে পথ-ভ্রান্ত্যেতি ভাবঃ।

৫—৬। "কিমিহ জনে" ইত্যাদি। ইহ (অত্র) ধৃতঃ (স্বীকৃতঃ) পঙ্কস্য (অখ্যাতি-জনিতস্য কলঙ্কস্য) বিপাকঃ (পরিণামঃ) যেন তস্মিন্ বরাকে (তুচ্ছে) জনে (ময়ীতি শেষঃ) অস্য কৃষ্ণস্য বিস্মৃতিঃ (বিস্মরণং) বভূব কিম্?

৭—৮। "কিমুত" ইত্যাদি। উত (অথবা) সনাতন-তনুঃ (শ্রীকৃষ্ণঃ) সুরারিভিঃ (দৈত্যৈঃ) ইষ্টং (বাঞ্ছিতং দেবানামিতি ভাবঃ) অলঘিষ্ঠং (সুদীর্ঘং) রণং (যুদ্ধং) আরভত কিং (আরব্ধবান্ কিমু)?

অনুবাদ

১—২। গভীর-দুর্ণয়-বিশিষ্টা চঞ্চলা

চন্দ্রাবলি সেই রতি-বীর কৃষ্ণকে আবদ্ধ করিয়াছে কি ?

৩—৪। অনেক ক্ষণ যাবৎ রজনী ঘোর-কৃষ্ণা হইয়াছে ; বনমালী আমার সঙ্গ লাভ করিলেন না।

৫—৬। কলঙ্ক-কালিম-গ্রস্তা এই দুর্ভাগিনীকে কি তিনি বিস্মৃত হইলেন ?

৭—৮। সনাতন-মূর্ত্তি শ্রীকৃষ্ণ কি দেবারিগণের সহিত সুদীর্ঘ যুদ্ধ আরব্ধ করিয়াছেন ?

তাৎপর্য্য

কবি এই ক্ষুদ্র পদটির রচনায় অপূর্ব্ব কবিত্ব প্রদর্শন করিয়াছেন; উত্তমা নায়িকা শ্রীরাধার মনে প্রিয়তমের প্রতি প্রথমে স্ত্রী-জাতি-সুলভ সন্দেহ ও ঈর্ষা-ভাব উদিত হইলেও, তিনি তাঁহার প্রিয়তমের উপর কোন দোষারোপ না করিয়া, চন্দ্রাবলিকেই দোষী স্থির করিতেছেন এবং তাঁহার প্রিয়তমের অতুলনীয় প্রেমের কথা স্মরণ হওয়ায় তাঁহার সেই সন্দেহ ও ঈর্ষা তখনই অপনীত হইতেছে তার পর মনে হইতেছে যে, অনেক ক্ষণ যাবৎ রজনী গাঢ়ান্ধকারা হইয়াছে—সুতরাং বোধ হয়, অন্ধকারে পথ দেখিতে না পাইয়াই প্রিয়তম আমার সহিত সম্মিলিত হইতে পারেন নাই ; পরক্ষণেই ভাবিতেছেন, চতুরশিরোমণির পক্ষে পথ-ভ্রান্তি কি সম্ভবপর ? বোধ হয়, ইহা আমারই কলঙ্কের অনিবার্য্য ফল যে, তিনিও আমাকে অধম বলিয়া বিস্মৃত হইয়াছেন ; কিন্তু শ্রীকৃষ্ণের ন্যায় পতিত-পাবন প্রেমিক-শিরোমণির পক্ষে কি এরূপ বিস্মৃতি সম্ভবপর হইতে পারে ? তাই নায়িকা-শিরোমণি শ্রীরাধা পূর্ব্বোক্ত সকল সন্দেহ পরিত্যাগ করিয়া, অবশেষে ইহাই আশঙ্কা করিতেছেন যে, বোধ হয়, জগৎ-পালক শ্রীকৃষ্ণ জগতের রক্ষার জন্যই দৈত্যগণের সহিত অবশ্য-কর্ত্তব্য যুদ্ধে ব্যাপৃত হইয়াছেন এবং সে জন্যই ইচ্ছা সত্ত্বেও কুঞ্জে আসিতে পারেন নাই।

এই পদটি গীতগোবিন্দের নিম্নলিখিত শ্লোকের ছায়া অবলম্বনে রচিত বলিয়া বোধ হয়,—

"তৎ কিং কামপি কামিনীমভিসৃতঃ
কিংবা কলা-কেলিভি-
র্বদ্ধো বন্ধুভিরন্ধকারিণি বনা-
ভ্যর্ণে কিমুদ্‌ভ্রাম্যতি।
কান্তঃ ক্লান্ত-মনা মনাগপি পথি
প্রস্থাতুমেবাক্ষমঃ
সঙ্কেতীকৃত-মঞ্জু-বঞ্জুল-লতা-
কুঞ্জেঽপি যন্নাগতঃ ॥"
—গীতগোবিন্দ, ৭ম সর্গ

অথ বিপ্রলব্ধা

তত্র শ্রীগৌরচন্দ্রঃ।

কেদার।[১]

আজু রজনি হাম কৈছে বঞ্চব রে[২]
মোহে বিমুখ নট-রাজ।
নব অনুরাগে আশ নাহি পূরল[৩]
বিফল[৪] ভেল সব কাজ ॥
সজনি কাহে বনায়লুঁ বেশ।
আধ পলকে কত যুগ বহি যাওত
ভাবিতে পাঁজর ভেল শেষ[৫] ॥ ধ্রু ॥
গুরুজন-গৌরব দূরহিঁ ডারলুঁ
গৌর-প্রেমরস লাগি।
দুল্লভ[৬] প্রেম মোহে বিহি বঞ্চল
মঝু ভালে দেয়ল আগি[৭] ॥
প্রেম-রতন-ফল জগ ভরি[৮] বিথারল
হাম তাহে ভেল[৯] নৈরাশ।
নব অনুরাগ-[১০] ভরমে হাম ভুলল[১১]
বাসুঘোষ না পূরল আশ ॥১৪॥৩৬৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৪৯৩ ও প-র পুথির ১৮।১ সংখ্যক পদ।

২। 'আজু রজনি' ইত্যাদি স্থলে 'আজুক রজনি কৈছে হাম বঞ্চব' প-র।

৩। 'নব অনুরাগে' ইত্যাদি স্থলে 'নব অনুরাগ অধিক নাহি পূরল' প-র।

৪। 'বিফল' স্থলে 'বিকল' প-র-সা।

৫। 'ভাবিতে' ইত্যাদি স্থলে 'পথ হেরি পাঁজর শেষ ॥ ধ্রু ॥' প-র।

৬। 'দুল্লভ' স্থলে 'দুর্ল্লভ' ক—গ, চ, প-র-সা; 'দুলহ' প-র।

৭। 'মঝু ভালে' ইত্যাদি স্থলে 'দেওল মঝু মুখে আগি' প-র।

৮। 'জগ ভরি' স্থলে 'জগতে' প-র।

৯। 'ভেল' স্থলে 'পড়ল' প-র।

১০। 'অনুরাগ' স্থলে 'অনুরাগে' প-র-সা।

১১। 'ভূলল' স্থলে 'ভুলল' ক—গ, চ; 'ভুললুঁ' প-র

ধানশী।১

পন্থ নেহারি　　বারি ঝরু লোচনে
অধর নিরস২ ঘন শ্বাস।
করতলে বদন৩　　সঘনে৪ অবলম্বই
গুণি গুণি জিবন৫ নৈরাশ ॥
মাধব কাহে আশোয়াসলি রামা।
সগরিহুঁ৬ যামিনি　　জাগি পোহায়ল৭
কামিনি সঙ্কেত ঠামা ॥ ধ্রু ॥
হরি হরি বোলি　　ধরণি ধরি উঠই৮
বোলত৯ গদ গদ ভাখ।
নীল গগন হেরি　　তোহারি ভরম-ভরে
বিহি সঞে মাগয়ে পাখ ॥
কি করব চন্দ্র　　চন্দন-ঘন-লেপন১০
কিশলয় কুসুম-শয়ান১১।
আন বেয়াধি　　আন পয়ে ঔখদ১২
গোবিন্দদাস নাহি মান ॥১৫॥৩৬৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫০২ ও প-র পুথির ১৯।৯ সংখ্যক পদ। 'ধানশী' স্থলে 'কেদার' প-র; 'বিভাষ' প-র-সা।

২। 'নিরস' স্থলে 'নীরস' ক, গ, প-র-সা।

৩। 'বদন' স্থলে 'বয়ন' প-র।

৪। 'সঘনে' স্থলে 'সঘন' প-র।

৫। 'জিবন' স্থলে 'জীবন' ক—গ, চ।

৬। 'সগরিহুঁ' স্থলে 'সগরিহু' প-র; 'সগরিহ' ক—গ, চ; 'সবহুঁ' প-র-সা।

৭। 'পোহায়ল' স্থলে 'পোহায়ই' প-র-সা, প-র।

৮। 'উঠই' স্থলে 'উঠত' খ, ঘ; 'রোয়ই' প-র-সা।

৯। 'বোলত' স্থলে 'রোধল' প-র-সা; 'রোঁধল' প-র।

১০। 'কি করব' ইত্যাদি পংক্তি-চতুষ্টয়ের পরিবর্ত্তে প-র পুথির পাঠ যথা,—

'লাখ আশোয়াসে　　লখই নাহি পারই
রহত কি নাহি নিশ্বাস।
তোহারি নাম গুণে　　তনু পুলকাম্বিত
পরিখত গোবিন্দদাস ॥'

১১। 'কুসুম-শয়ান' স্থলে 'ধরণি শয়ান' খ, ঘ, চ, প-র-সা।

১২। 'আন বেয়াধি' ইত্যাদি স্থলে 'আনহ বেয়াধি আন ভেল ঔষধি' প-র-সা।

টীকা

১২—১৫। "কি করব" ইত্যাদি। চন্দ্রকিরণ, চন্দন-লেপন ও নব-পল্লব-কুসুম-শয্যা (শ্রীরাধার

বিরহ-তাপে) কি (কার্য্য) করিবে ? ব্যাধি অন্ত, ঔষধ অন্ত (পড়িতেছে) ; গোবিন্দদাস (সখীগণের) এইরূপ পরিচর্য্যা উপযুক্ত বলিয়া মনে করে না অর্থাৎ ইহাতে শ্রীরাধার বিরহ-তাপ নিবারিত না হইয়া বর্দ্ধিত হওয়াই স্বাভাবিক বটে। তুলনা করুন ;—

"কন্দর্প-জ্বর-সংজ্বরাতুর-তনো-
রাশ্চর্য্যমস্যাশ্চিরং
চেতশ্চন্দন-চন্দ্রমাঃ-কুমুদিনী-
চিন্তাসু সংতাম্যতি ।"
—গীতগোবিন্দ, ৪র্থ সর্গ।

বিহাগড়া।১

তেজ সখি কানু-আগমন-আশ ।
যামিনী শেষ ভেল সবহুঁ[২] নৈরাশ ॥
তাম্বুল চন্দন গন্ধ উপহার।
দূরহিঁ ডারহ যামুন পার ॥
কিশলয় শেজ মণি-মানিক[৩] মাল।
জল মাহা ডারহ সবহুঁ জঞ্জাল ॥
অব কি করব সখি কহ না উপায়।
কানু বিনু জিউ কাহে নাহি বাহিরায় ॥
ধিক ধিক রে বিহি[৪] তোহারি বিধান।
এহেন রজনি মোহে বঞ্চল কান ॥
শুনইতে ঐছন রাইক ভাষ।
দ্রুত[৫] চলি আওল বলরাম দাস ॥
॥১৬॥৩৬৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৪৯৭ সংখ্যক পদ।
২। 'সবহুঁ' স্থলে 'অবহুঁ' চ।
৩। 'মণি-মানিক' স্থলে 'মণি মোতিক' ক।
৪। 'বিহি' স্থলে 'বিধি' ক—গ।
৫। 'দ্রুত' স্থলে 'দূত' ঘ ; 'দুত' চ।

ললিত।১

শুন শুন মাধব নিরদয়-দেহ।
ধিক রহুঁ ঐছন তোহারি সুনেহ[২] ॥
কাহে কহলি তুহুঁ সঙ্কেত-বাত।
যামিনি বঞ্চলি আনহি সাথ ॥
কপট নেহ[৩] করি রাইক পাশ।
আন রমণি সঞে[৪] করহ বিলাস ॥
কো কহে রসিক শেখর বর-কান।
তুহুঁ সম মুরুখ জগতে নাহি আন ॥
মাণিক তেজি[৫] কাচে[৬] অভিলাষ।
সুধা-সিন্ধু[৭] তেজি খারে পিয়াস[৮] ॥
ক্ষীর-সিন্ধু[৯] তেজি[১০] কূপে বিলাস।
ছিয়ে ছিয়ে তোহারি রভসময় ভাষ ॥
বিদ্যাপতি কবি চম্পতি ভাণ।
রাই না হেরব তোহারি বয়ান॥১৭॥৩৬৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫০৮ সংখ্যক পদ।
২। 'সুনেহ' স্থলে 'সুলেহ' ক—গ, চ, প-র-সা।
৩। 'নেহ' স্থলে 'লেহ' ক—গ, চ, প-র-সা।
৪। 'সঞে' স্থলে 'সহে' প-র-সা।
৫। 'তেজি' স্থলে 'তেজি তুয়া' প-র-সা।
৬। 'কাচে' স্থলে 'কাঁচে' খ, ঘ, চ।
৭। 'সুধা-সিন্ধু' স্থলে 'সুধাকূপ' খ—ঘ, প-র-সা।
৮। 'সুধা-সিন্ধু তেজি' ইত্যাদি পংক্তিদ্বয় চ পুথিতে নাই।
৯। 'ক্ষীর-সিন্ধু' স্থলে 'সুধাসিন্ধু' প-র-সা।
১০। 'তেজি' স্থলে 'তেজিয়া' প-র-সা।

টীকা

১১—১২। "ক্ষীর-সিন্ধু" ইত্যাদি। ক্ষীর-সমুদ্রের পবিত্র ও অমৃততুল্য জল পরিত্যাগ করিয়া—যাহা

অন্ত্যজ জাতির স্পর্শমাত্রে অপবিত্র হয় এবং যাহা নিতান্ত বিস্বাদ,—এরূপ কূপের জলে তোমার প্রীতি; অর্থাৎ তুমি প্রেমিকা-শিরোমণি শ্রীরাধাকে পরিত্যাগ করিয়া কামুকী নারীর প্রতি আসক্ত হইয়াছ; (শ্রীরাধার নিকট সেই সকল) প্রেমোচ্ছ্বাসময় (অলীক) বাক্য বলিতে কি তোমার লজ্জা হয় নাই ?

তথা রাগ।

উতর না পাই যাই সখি কুঞ্জহি
রাই-নিয়ড়ে উপনীত।
তোহারি সম্বাদ কহিতে ভেল গদ গদ
হেরি চমকি ভেল ভীত[১] ॥
সুন্দরি কানু মিলন ভেল ভঙ্গ[২]।
নিশি-পতি-কাঁতি মলিন অব হেরিয়ে
টুটল সব পরবন্ধ ॥ধ্রু॥
এত শুনি রাই পাই মন-দুখচয়[৩]
চললিহ[৪] অব নিজ গেহ।
রজনি উজাগর নাহ পন্থ পর
মীলল ঝামর[৫]-দেহ ॥
দূর সঞে নাগর রাই-বদন হেরি
চমকি হেরি ভেল ভীত।
গোবিন্দদাস ভণ ও[৬] নন্দ-নন্দন
ইহ কিয়ে পিরিতিক রীত ॥১৮॥৩৬৯॥

পাঠান্তর

১। 'হেরি চমকি' ইত্যাদি স্থলে 'হেরি চমকিত ভেল চিত' ক।

২। যদিও সকল পুথিতেই 'ভঙ্গ' পাঠ আছে, কিন্তু উহার সহিত 'পরবন্ধ' শব্দের মিত্রাক্ষরতা ঘটে না; এরূপ হীন-মিলনের দৃষ্টান্ত পদাবলী-সাহিত্যে অল্পই দৃষ্ট হয়; 'ভঙ্গ' স্থলে 'ধন্দ' শুদ্ধ পাঠ হইবে কি ?

৩। 'দুখচয়' স্থলে 'দুখচয়' ঘ, চ।

৪। 'চললিহ' স্থলে 'চললিহুঁ' ঘ।

৫। 'ঝামর' স্থলে 'ঝাঁমর' ঘ, চ।

৬। 'ও' স্থলে 'ওহে' ক—গ; 'য়ো' চ।

টীকা

১—৪। "উতর না পাই" ইত্যাদি। শ্রীকৃষ্ণের কোন সাড়া না পাইয়া, সখী শ্রীরাধার কুঞ্জে যাইয়া, তাঁহার নিকট উপস্থিত হইল। "তোমার সংবাদ"—এই কথাটুকু বলিতেই সখীর বাক্য জড়াইয়া আসিল;—(সখী আর কিছু বলিতে না পারিলেও) শ্রীরাধা (তাহার অবস্থা) দেখিয়া (সংবাদ ভাল নহে বুঝিয়া) চমকিত ও ভীত হইলেন।

অথ খণ্ডিতা।

তদুচিত-শ্রীগৌরচন্দ্র।

বিভাষ বা তুড়ী।[১]

আজি কেনে গোরাচাঁদের বিরস বয়ান।
কি ভাব পড়্যাছে[২] মনে সজল নয়ান ॥
মুখচান্দ সুখাঞাছে[৩] কিসের কারণে[৪]।
অরুণ অধর কেন হৈয়াছে মলিনে ॥
আলসে অবশ অঙ্গ[৫] ধরণে না যায়।
ঢুলিয়া ঢুলিয়া[৬] পড়ে বাঢ়াইতে পায় ॥
বাসুঘোষ বলে গোরা কোথা না আছিল।
কিবা রস আশোয়াসে নিশি পোহাইল[৭] ॥
॥১৯॥৩৭০॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৩।১ সংখ্যক পদ। 'বিভাষ বা তুড়ী' স্থলে 'দাক্ষিণাত্য শ্রীরাগ' প-র।

২। 'পড়্যাছে' স্থলে 'পড়েছে' ক, গ; 'উঠেছে' প-র।

৩। 'সুখাঞাছে' স্থলে 'সুখাইয়াছে' ঘ, চ।

৪। 'মুখচান্দ সুখাঞাছে' ইত্যাদি পংক্তি-দ্বয়ের স্থলে প-র পুথির পাঠ যথা,—

'কত সুধা বরিখয়ে ও চান্দ-বদনে।
সে মুখ সুখাইয়াছে কিসের কারণে॥'

৫। 'অঙ্গ' স্থলে 'গা' প-র।

৬। 'ঢুলিয়া ঢুলিয়া' স্থলে 'ঢলিয়া ঢলিয়া' প-র।

৭। 'কিবা রস' ইত্যাদি স্থলে 'কিবা রস আশে নিশি জাগি পোহাইল॥' গ।

গান্ধার।১

শুন মাধব কোন কলাবতি সোই।
প্রেম-হেম গহি আপন রঙ্গ দেই[২]
এহেন সাজায়লি তোই[৩] ॥ধ্রু॥
নয়নক অঞ্জন অধরে ভেল রঞ্জিত
নয়নহিঁ[৪] তাম্বূল-দাগ[৫]।
সিন্দুর-বিন্দু চন্দন-ইন্দু ঝাঁপল
উর পর যাবক-রাগ[৬]॥
মদন-সোণার ভোরি রূপ-লালসে
তাহে দেয়ল[৭] নখ-রেহ।
কোন গোঙারি তোহে অব পরশব
হেরি তুয়া ঝামর দেহ॥
অব রস[৮]-লালস কিয়ে দরশায়সি
নীলজ দেহ মৈলান[৯]।
গোবিন্দদাস কহ আপন পরশ দেহ
হেম ধরউ[১০] নিজ বান॥২০॥৬৭১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫১৬ ও ৫৮২ সংখ্যক পদ।

২। 'রঙ্গ দেই' স্থলে 'অঙ্গ দেহি' প-র-সা ৫১৬; 'অঙ্গ দেই' প-র-সা ৫৮২।

৩। 'সাজায়লি তোই' স্থলে 'সাজায়ল তোয়' ঘ; 'সাজায়লি তোয়' ক, গ, চ, প-র-সা।

৪। 'নয়নহিঁ' স্থলে 'বয়নহি' খ।

৫। 'তাম্বুল-দাগ' স্থলে 'অধরকি রাগ' প-র-সা ৫৮২। 'নয়নক অঞ্জন' ইত্যাদি পংক্তি-চতুষ্টয় প-র-সা ৫৮২ সংখ্যক পদে সর্ব্বাগ্রে সন্নিবেশিত হইয়াছে।

৬। 'রাগ' স্থলে 'দাগ' প-র-সা ৫৮২।

৭। 'দেয়ল' স্থলে 'দেয়লী' প-র-সা ৫১৬।

৮। 'রস-লালস' স্থলে 'সব লালস' প-র-সা ৫১৬।

৯। 'দেহ মৈলান' স্থলে 'লোহ মৈলান' ক; 'লেহ মৈলান' গ, ঘ, চ, প-র-সা ৫৮২; 'লেহে মৈলান' প-র-সা ৫১৬।

১০। 'ধরউ' স্থলে 'ধরব' ক, গ।

টীকা

১—৩। "শুন মাধব" ইত্যাদি। হে শ্রীকৃষ্ণ! সে কোন্ শিল্প-কুশলা নায়িকা, যে তোমার প্রেম-রূপ স্বর্ণ গ্রহণ অর্থাৎ অপহরণ করিয়া, তোমাকে নিজের রং দিয়া এ ভাবে সাজাইয়াছে?

৪—৭। "নয়নক অঞ্জন" ইত্যাদি। (তুমি সেই নায়িকার নয়ন চুম্বন করায়) নয়নের অঞ্জন তোমার অধর রঞ্জিত করিয়াছে; (সেইরূপ সেই নায়িকা তোমার নয়ন চুম্বন করায়) তোমার নয়নে (সেই নায়িকার) তাম্বূল-রাগ লগ্ন হইয়াছে; (চুম্বন-কালে উভয়ের ললাট সংলগ্ন হওয়ায়) তাহার সিন্দুর-বিন্দু তোমার চন্দন-বিন্দুরূপ চন্দ্রকে আচ্ছাদিত করিয়াছে এবং (তাহার পদ-যুগল বক্ষে ধারণ করায়) তাহার চরণের অলক্তক-রাগ তোমার বক্ষে সংক্রমিত হইয়াছে।

৮—১১। "মদন-সোণার" ইত্যাদি। স্বর্ণকার যেরূপ এক ধাতু-খণ্ডের সহিত অপর ধাতু-খণ্ড মিশ্রিত করিয়া গলাইয়া উভয়কে এক করিয়া ফেলে, কন্দর্পও সেইরূপ নায়ক ও নায়িকার চিত্ত দুইটিকে সম্ভোগ-রসে বিগলিত করিয়া এক করিয়া ফেলে বলিয়া শ্রীরাধা মদনকে স্বর্ণকার কল্পনা করিয়া বলিতেছেন যে, মদন-স্বর্ণকার মদন-মোহন তোমার রূপ-লালসায়

মুগ্ধ হইয়া, তোমার বক্ষকে আরও সুসজ্জিত করার উদ্দেশ্যে তাহাতে সেই নায়িকার (নানাবিধ সুন্দর আকৃতি-বিশিষ্ট) নখ-রেখা অর্পণ করিয়াছে; এখন কোন্ বুদ্ধিহীনা নারী তোমার (লৌহবৎ) মলিন দেহ দেখিয়া, তোমাকে স্পর্শ করিবে ?

১২—১৫। "অব রস" ইত্যাদি। হে নির্লজ্জ ম্লান-দেহ শ্রীকৃষ্ণ! এখন কি রস-লালসা দেখাইতেছ ? গোবিন্দদাস কহিতেছেন যে, (হে শ্রীরাধে!) তুমি (শ্রীকৃষ্ণকে) তোমার স্পর্শ (অপর অর্থে স্পর্শরূপ স্পর্শ-মণি) দাও,—(লৌহে পরিণত) স্বর্ণ নিজের শোভা ধারণ করুক !

বিভাষ।

হৃদয়ান্তরমধিশয়িতম্।
রময় জনং নিজ-দয়িতম্॥
কিং ফলমপরাধিকয়া।
সম্প্রতি তব রাধিকয়া॥
মাধব পরিহর পটিম-তরঙ্গম্।
বেত্তি ন কা তব রঙ্গম্॥ধ্রু॥
আঘূর্ণতি তব নয়নম্।
যাহি ঘটীং ভজ শয়নম্॥
অনুলেপং রচয়ালম্।
নশ্যতু নখ-পদ-জালম্॥
ত্বামিহ বিহসতি বালা।
মুখর-সখীনাং মালা॥
দেব সনাতন বন্দে।
ন কুরু বিলম্বমলিন্দে॥২১॥৩৭২॥

টীকা

১—২। "হৃদয়ান্তর"মিতি। হৃদয়ান্তরমধিশয়িতং (হৃদয়মধ্যে বিরাজিতং) নিজ-দয়িতং (নিজপ্রিয়ং) জনং রময় (সন্তোষয়)।

৩—৪। "কি"মিতি। সম্প্রতি (ইদানীং) অপরাধিকয়া (অপরাধবত্যা ত্বদপ্রীতিজনকাসুন্দরতাদি-দোষ-শালিন্যেতি ভাবঃ) রাধিকয়া (ময়া) তব কিং ফলং (নাস্তি কিমপি প্রয়োজনমিত্যর্থঃ)।

৫—৬। "মাধবে"তি। শ্রীরাধায়াঃ প্রসাদনার্থং শ্রীকৃষ্ণং কিমপি লপমানং দৃষ্ট্বা পুনরাহ। হে মাধব! পটিম-তরঙ্গং (কৌশল-পরিপাটীং প্রবঞ্চনা-চাতুর্য্যমিতি ভাবঃ) পরিহর (পরিত্যজ); যতঃ কা রমণী তব রঙ্গং (বিলাস- রহস্যং) ন বেত্তি (জানাতি)? ত্বয়া প্রবঞ্চিতাঃ সর্ব্বা এব ব্রজসুন্দর্য্যঃ সম্প্রতি বিদিত-রহস্যা জাতা তস্মাত্বচ্চাতুর্য্যং ন পুনঃ সেৎস্যতীতি ভাবঃ।

৭—৮। "আঘূর্ণতী"তি। তব নয়নং (নেত্রং) আঘূর্ণতি (বলতে উজ্জাগরজনিতালস্যেনেতি ভাবঃ) যাহি (গচ্ছ প্রিয়া-নিকেতনমিতি শেষঃ) ঘটীং (ঘটিকা-পরিমিতং কালং) শয়নং (তল্পং নিদ্রামিতি ভাবঃ) ভজ (সেবয়) দিবা-নিদ্রয়া রাত্রিজাগরাবসাদং বিদূরয়েতি ভাবঃ।

৯—১০। "অনুলেপ"মিতি। অলং (প্রাচুর্য্যেণ) অনুলেপং কুঙ্কুম-মৃগমদাদ্যনুলেপনং রচয় (নিধেহি)। নখ-পদ-জালং (নখ-ক্ষত-নিচয়ং প্রিয়তময়া প্রদত্তমিতি ভাবঃ) নশ্যতু (অদৃশ্যং ভবতু); নখ-পদেষু দৃশ্যমানেষু কো দোষ ইত্যাহ।

১১—১২। "ত্বা"মিতি। বালা (যৌবনবতী) মুখর-সখীনাং (বাচাল-সহচরীণাং) মালা (শ্রেণী) ইহ (অত্র মৎসমক্ষমিতি ভাবঃ) ত্বাং বিহসতি (উপহসতি) গাত্রেষ্বন্যাঙ্গনোপভোগাঙ্কং ধৃত্বা মদন্তিকমাগত্য কপট-চাটু-শত-প্রথনাদিতি ভাবঃ। ভগ্নেঽপি প্রণয়ে নাহং ত্বন্নিন্দাবচন-শ্রবণে সমর্থেতি ব্যঙ্গার্থঃ।

১৩—১৪। "দেবে"তি। হে সনাতন (চিরন্তন) দেব (দেবনশীল ক্রীড়াকুশল) শ্রীকৃষ্ণ! (ত্বাং অহং) বন্দে (দূরাদেব নৌমি) ত্বং অলিন্দে (মদগৃহপুরোভাগে) বিলম্বং (কালাতিপাতং) ন কুরু বিলম্বে বহ্বনর্থ-সংপাত-সৌলভ্যাদিতি ভাবঃ।

অনুবাদ

১—১৪। হৃদয়মধ্যে বিরাজিত নিজের প্রিয়তমার সন্তোষ-সাধন কর; এখন অপরাধিনী রাধিকার

দ্বারা তোমার কি প্রয়োজন আছে? হে মাধব! প্রবঞ্চনা-পারিপাট্য পরিত্যাগ কর; তোমার বিলাস-রহস্য কোন্ রমণীর অবিদিত আছে? তোমার নয়ন ঘূর্ণিত হইতেছে; যাও,—ঘটিকা-পরিমিত কাল নিদ্রা সেবন কর; উত্তম-রূপে অনুলেপন রচনা কর,—নখ-ক্ষতগুলি অদৃশ্য হউক; এখানে তোমাকে যুবতী ও মুখরা সখী-শ্রেণী উপহাস করিতেছে। হে সনাতন দেব! তোমাকে প্রণাম করি,—তুমি আর আমার গৃহের বারান্দায় বিলম্ব করিও না।

তাৎপর্য্য

"হৃদয়-মধ্যে বিরাজিত" বাক্যের ধ্বনি এই যে, সেই নায়িকা তোমার হৃদয় সম্পূর্ণ অধিকার করিয়া রহিয়াছে,—সেখানে অন্যে প্রবেশ করে, এরূপ স্থান নাই; অতএব তাহার সন্তোষ-বিধানে তোমার সর্ব্বদা নিযুক্ত থাকা কর্ত্তব্য। "অপরাধিনী রাধিকা" শব্দের ধ্বনি এই যে, প্রিয়তমের অপ্রীতিজনক অসুন্দরতা ইত্যাদি দোষবত্তা হেতু রাধা শ্রীকৃষ্ণের নিকট নিজকে অপরাধিনী মনে করিতেছেন,—নতুবা শ্রীকৃষ্ণ অন্য নায়িকায় অনুরক্ত হইবেন কেন? "উত্তম-রূপে অনুলেপন রচনা কর",—ইত্যাদি বাক্যের ধ্বনি এই যে, শ্রীকৃষ্ণ শ্রীরাধার প্রতি প্রণয়-ভাব পরিত্যাগ করিলেও শ্রীরাধা প্রিয়তমের নিন্দা সহ্য করিতে পারিতেছেন না। কয়েকটি মাত্র বাক্য ও শব্দের ধ্বনি আংশিক ভাবে ব্যাখ্যাত হইল; এই অপূর্ব্ব পদটির প্রায় প্রত্যেক চরণেই বিচিত্র ধ্বনি রহিয়াছে এবং তদ্দ্বারা শ্রীকৃষ্ণের অপ্রেমিক ব্যবহার সত্ত্বেও তাঁহার প্রতি শ্রীরাধার অতুলনীয় অনুরাগ ও তাঁহার তাদৃশ অবস্থা-দর্শনে সকরুণ মনোবেদনা ব্যঞ্জিত হইতেছে।

ভৈরবী।[১]

থীর[২] নয়নে ধনি তুয়া পথ হেরইতে
কুসুম-পরাগ তহিঁ লাগি।
নয়নক আরকত বাঢ়ল অতিশয়
তাহে পুন যামিনি জাগি॥
মানিনি মিছই বাঢ়ায়সি[৩] মান।
কুঙ্কুম নখ-পদ গৈরিক অলকত
রোখে করসি সোই ভান॥
তুয়া আগে পুন পুন করিয়ে নিবেদন
ইহ সব মীছহিঁ[৪] মান।
নহ ত পরীখন করতহিঁ তুয়া আগে
সাঁচ কি মিছ ইহ[৫] জান॥
তুয়া বিনে শয়নে সপনে নাহি হেরিয়ে
তুয়া অনুগত[৬] হাম কান।
রাধামোহন-পহুঁ তুয়া পায়ে নিবেদয়ে
ইথে নাহি জানহ আন॥২২॥৩৭৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫১৮ সংখ্যক পদ।
২। 'থীর' স্থলে 'থির' ক—গ, প-র-সা।
৩। 'মিছই বাঢ়ায়সি' স্থলে 'মিছুই বাঢ়ায়লি' প-র-সা।
৪। 'মীছহিঁ' স্থলে 'মিছই' ক—গ, প-র-সা; 'মীছই' চ।
৫। 'মিছ ইহ' স্থলে 'মিছই' ক, প-র-সা।
৬। 'অনুগত' স্থলে 'অনুচর' প-র-সা।

টীকা

১—৪। "থীর নয়নে" ইত্যাদি। হে সুন্দরি! নিশ্চল-নেত্রে তোমার আগমন-পথ নিরীক্ষণ করার সময়ে, তাহাতে পুষ্প-পরাগ পতিত হইয়াছে (অর্থাৎ নয়নে পুষ্প-পরাগ পতিত হওয়ায়ই আমার নেত্র আরক্তিম হইয়াছে,—নিশা-জাগরণে নহে)।

৫—৭। "মানিনি" ইত্যাদি। ও গো মানশীলে!

তুমি মিছামিছি মান বাড়াইতেছ ; তুমি ক্রোধবশতঃ কুঙ্কুমকে নখ-ক্ষত ও গৈরিককে অলক্তক বলিয়া জ্ঞান করিতেছ।

সুহই।[১]

মাধব কাহে কান্দায়সি হামে।
চলি যাহ সো ধনি ঠামে॥
তোহারি হৃদয়ে অধিদেবী।
তাকর চরণ[২] যাহ সেবি॥
যো যাবক তুয়া অঙ্গ।
ততহিঁ করহ পুন রঙ্গ॥
সোই পূরব তুয়া কাম।
কী ফল মুগধিনি ঠাম॥
এত কহুঁ[৩] গদ-গদ ভাষ।
ভণ রাধামোহন দাস ॥ ২৩ ॥ ৩৭৪ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫১৯ সংখ্যক পদ।
২। 'তাকর চরণ' স্থলে 'তাক চরণে' প-র-সা।
৩। 'কহুঁ' স্থলে 'কহ' ক, গ, চ, প-র-সা।

ধানশী।[১]

সুন্দরি কাহে কহসি কটুবাণী।
তোহারি চরণ ধরি শপতি করিয়ে কহি
তুহুঁ বিনে আন নাহি জানি॥[২] ধ্রু॥
তুয়া আশোয়াসে জাগি নিশি বঞ্চলুঁ
তাহে ভেল অরুণ নয়ান।
মৃগমদ-বিন্দু অধরে কৈছে লাগল
তাহে ভেল মলিন বয়ান॥
তোহে বিমুখ দেখি ঝুরয়ে[৩] যুগল আঁখি
বিদরয়ে পরাণ হামার[৪]।
তুহুঁ যদি অভিমানে মোহে উপেখবি
হাম কাহাঁ যায়ব আর॥
হামারি মরম তুহুঁ ভাল রিতে জানসি
তব কাহে কহ বিপরীত।
ঐছন বচনে দ্বিগুণ ধনি রোখয়ে
জ্ঞানদাস চিতে ভীত ॥ ২৪ ॥ ৩৭৫ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫২০ সংখ্যক পদ।
২। ক—চ পুথিতে 'ধ্রু' চিহ্ন নাই।
৩। 'ঝুরয়ে' স্থলে 'ঝড়য়ে' ক, খ ; 'ঝরয়ে' ঘ।
৪। 'হামার' স্থলে 'আমার' ক—চ।

গান্ধার।[১]

আদরে বাদর[২] করি[৩] কত বরিখসি
বচন-অমিয়া-রস ধারা।
ও রস-সাগরে[৪] ডুবি মরত জনু[৫]
পুণ-ফলে পায়লুঁ পারা॥
মাধব বুঝলুঁ তোহে অবগাহি[৬]।
নাগরি লাখ ভরল তুয়া অন্তর
কো পরবেশব তাহি[৭]॥ ধ্রু॥
কী ফল ইঙ্গিত- নয়ন-তরঙ্গিত-
সঙ্গিত মনমথ[৮] ফান্দে।
তুহুঁ নাগর গুরু[৯] মোহে পড়ায়লি[১০]
কপট-প্রেমময় বান্ধে[১১]॥
দূর কর লালস রসিক[১২]-শিরোমণি
ব্রজ-রমণীগণ-দেবা।
গোবিন্দ দাস কতহুঁ[১৩] গুণ গায়ত[১৪]
তুয়া[১৫] চরণে মঝু সেবা ॥ ২৫ ॥ ৩৭৬ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫২১ সংখ্যক ও প-র পুথির ২১।১২ সংখ্যক পদ। 'গান্ধার' স্থলে 'শ্রীরাগ' প-র।

২। 'আদরে বাদর' স্থলে 'আদরে বাদ' ঘ ; 'আদরে বাদর' প-র।

৩। 'করি' স্থলে 'করিয়া' ঘ।

৪। 'ও রস-সাগরে' স্থলে 'যে রসসাগরে' ক, গ; 'য়ো রসসাগরে' চ; 'ও রসসায়রে' প-র।

৫। 'জনু' স্থলে 'পুন' প-র।

৬। 'অবগাহি' স্থলে 'অবগাই' ক—চ।

৭। 'তাঁহি' স্থলে 'তাই' ক—চ।

৮। 'মনমথ' স্থলে 'মনোরথ' ক, প-র-সা।

৯। 'নাগর গুরু' স্থলে 'কলা গুরু' প-র-সা।

১০। 'পড়ায়লি' স্থলে 'পঢ়ায়লি' ক, খ, ঘ, চ; 'পাঠাওলি' প-র।

১১। 'বান্ধে' স্থলে 'ধান্দে' প-র।

১২। 'রসিক' স্থলে 'চতুর' প-র।

১৩। 'কতহুঁ' স্থলে 'কতয়ে' প-র।

১৪। 'গায়ত' স্থলে 'গাওব' ক; 'গাওত' খ—ঘ।

১৫। 'তুয়া' স্থলে 'হরি' খ—চ; 'তোহারি' প-র।

টীকা

১—৪। "আদরে বাদর" ইত্যাদি। আদরে বাদল সৃষ্টি করিয়া বাক্য-রূপ অমৃত-রসের ধারা কত বর্ষণ করিতেছ? তোমার ঐ রসের সাগরে ডুবিয়া মরিতে যেন পুণ্য-ফলে উদ্ধার পাইয়াছি।

৫—৭। "মাধব বুঝলুঁ" ইত্যাদি। হে মাধব! তোমার চরিত্র উত্তমরূপে পর্য্যালোচনা করিয়া দেখিলাম যে, তোমার হৃদয় লক্ষ লক্ষ নাগরীতে পূর্ণ রহিয়াছে,—তাহাতে কে প্রবেশ করিতে পারিবে?

৮—১১। "কী ফল" ইত্যাদি। (তোমার) ইঙ্গিত-যুক্ত নয়নের সঞ্চালন দ্বারা সূচিত কন্দর্পের ফান্দে (পতিত হইয়া) কি ফল? চতুর-শিরোমণি তুমি (পুর্ব্বেই) আমাকে কপট-প্রেমের বন্ধনে পাতিত করিয়াছ।

১২—১৫। "দূর কর" ইত্যাদি। হে রসিক-শিরোমণি ব্রজ-নাগরী-গণবিলাসী শ্রীকৃষ্ণ! (আমার সঙ্গে বিলাসের) লালসা পরিত্যাগ কর; (সখী-স্থানীয়) গোবিন্দদাস (তোমার পক্ষ হইয়া) তোমার কত গুণ-গান করিতেছে; (করুক না কেন), তোমার চরণে আমার প্রণাম অর্থাৎ তুমি এখন প্রস্থান কর।

ধানশী।১

এতহুঁ[২] বচন কহ[৩] মানিনি রাই।
কাতরে কানু মানায়ই তাই॥
বাহু পাকড়ি কত সাধই কান।
ঝটকত কর কঙ্কণ ঝনঝান॥
সমুখে কহয়ে কত কাতর বাণী।
বিমুখ ভেল তব কছু নাহি মানি॥
পড়ইতে চরণে চলই করি রোখ।
বাহু পসারি মানায়ত দোখ॥
চরণ হেলি[৪] ঠেলি চললহি গোরী।
রোই নাগর চলু লোরে বিভোরি॥
রোখে আয়ল ধনি আপনক বাস।
নাগর চলি গেও হইয়া নৈরাশ॥
কহে যদুনন্দন দাসক[৫] দাস।
গৌরদাস তহিঁ করু আশোয়াস॥২৬॥৩৭৭॥

এতৎ সর্ব্বকালোচিতগীতম্।

ইতি সপ্তম-পল্লবঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫২২ ও ৫৯৫ সংখ্যক পদ।

২। 'এতহুঁ' স্থলে 'বহুত' প-র-সা ৫৯৫।

৩। 'কহ' স্থলে 'কহি' প-র-সা।

৪। 'চরণ হেলি' স্থলে 'চরণে হেরি' ক; 'চরণ হেরি' গ।

৫। 'দাসক' স্থলে 'দাসকি' প-র-সা।

অথ খণ্ডিতা।

ধীরামধ্যা-স্বভাবেন যথা।*

তত্র শ্রীগৌরচন্দ্র।

ভৈরবী।১

পশ্য শচীসুতমনুপমরূপম্।
খণ্ডিতামৃত-রস-নিরুপম-কূপম্২ ॥
কৃষ্ণরাগ-কৃত-মানস-তাপম্।
লীলা-প্রকটিত-রুদ্রপ্রতাপম্ ॥
প্রকলিত-পুরুষোত্তম-সুবিষাদম্।
কমলাকর-কমলাঞ্চিত-পাদম্ ॥
রোহিত-বদন-তিরোহিত-ভাষম্।
রাধামোহন-কৃত-চরণাশম্ ॥১॥৩৭৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫২৩ সংখ্যক পদ।

২। 'খণ্ডিতামৃত-রস-নিরুপম-কূপং' স্থলে 'খণ্ডিতামৃত-গর্ব্ব-প্রকোপং'। রাধামোহন ঠাকুর কর্ত্তৃক পদামৃত-সমুদ্রের টীকায় উভয় পাঠই ব্যাখ্যাত হইয়াছে, সুতরাং উহাদিগের প্রামাণিকতা সম্বন্ধে সন্দেহ করার কারণ নাই; নতুবা উভয় পাঠই ছন্দোভঙ্গ-দূষিত বলিয়া সন্দেহ হইতে পারিত। 'খণ্ডিতামৃত' ইত্যাদি বাক্যে যে শ্লেষ রহিয়াছে, তাহা অন্যথা রক্ষিত হয় না বলিয়াই বোধ হয়, রাধামোহন ঠাকুর 'মাত্রা-চতুষ্পদী' ছন্দের প্রত্যেক চরণের চারিটি চতুর্ম্মাত্রিক গণে বিভাজ্য ১৬ মাত্রার পরিবর্ত্তে 'খণ্ডিতামৃত' ইত্যাদি চরণে ১৭ মাত্রার ব্যবহার করিতে বাধ্য হইয়াছেন।

টীকা

রাধামোহন ঠাকুরের স্বকৃত টীকা যথা,—"ততঃ খণ্ডিতারসাত্মকং শ্রীগৌরচন্দ্রং 'পশ্য শচীসুত'মিত্যাদিনা স্মরতি। অনুপমরূপং শ্রীশচীসুতং পশ্য; কীদৃশম্—খণ্ডিতং অমৃতরসস্য নিরুপমকূপং যেন; পক্ষে—খণ্ডিতায়া মানামৃতরসস্য নিরুপমকূপং; যদি কেনচিৎ মানরসস্যামৃতত্বং ন মন্যতে,—তন্ন; রসশাস্ত্রে সর্ব্বরসস্যানন্দময়ত্বস্য বর্ণিতত্বাৎ আপাততো যদি দৃষ্টব্যবহারাৎ ন মন্যতে, তত্রোচ্যতে অমৃতং বিষ ইতি বৈদ্যক-শাস্ত্রে ধৃতত্বাৎ। 'খণ্ডিতামৃত-গর্ব্ব-প্রকোপ'মিতি পাঠে খণ্ডিতোঽমৃতগর্ব্বস্য প্রকোপো যেন; পক্ষে খণ্ডিতায়া ইব অমৃতরূপো গর্ব্ব-প্রকোপো ব্যভিচারিভাবো যস্য। কৃষ্ণস্য রাগেণ অনুরাগেণ সাধকাভিমানেন তৎপ্রাপ্ত্যৈ কৃতমনস্তাপম্; পক্ষে কৃষ্ণবিষয়কক্রোধেন। লীলয়া প্রকটিত শ্রীরুদ্রপণ্ডিতনাম্নঃ শ্রীগজ-পতের্ব্বা প্রতাপো যেন; পক্ষে লীলয়া প্রকটিতঃ শ্রীশিবস্য প্রতাপ ইব প্রতাপো যেন। 'রুদ্রপ্রতাপ' ইত্যত্র 'প্রহ্রে বে'তি পিঙ্গল মুনিলক্ষণ-স্মরণাৎ 'প্র'বর্ণপরতয়া 'দ্র'বর্ণস্যাকারস্য লঘুত্বম্। প্রকলিতেতি। প্রকৃষ্টেন দূরীকৃতঃ শ্রীনবদ্বীপ-বাসিশ্রীপুরুষোত্তমনাম্নঃ সুবিষাদো যেন; পক্ষে প্রকলিতঃ প্রাপ্তঃ শ্রীপুরুষোত্তমাৎ শ্রীকৃষ্ণাৎ তস্য ধৃষ্ট-নায়করূপত্বাৎ সুবিষাদো যেন। পিপ্পলগ্রামি-শ্রীকমলাকরনাম্না কমলপুষ্পেনাঞ্চিতৌ পূজিতৌ পাদৌ; যদ্বা কমলাকরেণ ব্রহ্মণা যদ্বা লক্ষ্ম্যাঃ কর-কমলেন অঞ্চিতপদম্। পক্ষে কমলা নাম্নী কাচিৎ। 'রোহিতে'তি। উভয়পক্ষেঽপি অর্থাৎ ভাবে রক্তবর্ণ-বদনে তিরোহিতা ভাষা বাক্ যস্য। রাধামোহনেন নাম্না কৃতা চরণাশা যস্য; পক্ষান্তরে যদ্যপি স্বয়ং রাধামোহনস্তথাপি তত্র মানভঙ্গার্থং কৃত-তচ্চরণাশং শ্রীরাধাভাবস্বীকারাদিতি ভাবঃ; যদ্বা রাধায়াঃ সকাশাৎ মোহনং যস্য।"

* অতঃপর ক, গ ও চ পুথিতে নিম্ন-লিখিত প্রক্ষিপ্ত শ্লোক দৃষ্ট হয়; যথা,—

"ধীরা তু বক্তি বক্রোক্ত্যা সোৎপ্রাসং সাগসং প্রিয়ম্।

যথা—

স্বামিন্ বুক্তমিদং তবাঞ্জনলবালক্তদ্রবৈঃ সর্ব্বতঃ
সংক্রান্তৈস্ত্বর্দ্ধতনীললোহিততনোর্যচ্চন্দ্ররেখাধৃতিঃ।
একং কিন্ত্ববলোচয়াম্যনুচিতং হংহো পশূনাং পতে
দেহার্দ্ধে দয়িতাং বহন্ বহুমতামত্রাসি যন্নাগতঃ॥"

অনুবাদ

১—৮। অনুপম-রূপ-বিশিষ্ট খণ্ডিতা-মৃত-রসকূপ শচী-সুতকে দেখ; ইনি কৃষ্ণ-রাগ-জনিত-মানস-তাপ-যুক্ত ও লীলা হেতু প্রকটিত-রুদ্র-প্রতাপ; ইনি প্রকলিত-পুরুষো-ত্তম-বিষাদ ও কমলাকরাঙ্কিতপাদ; ইনি লোহিত-বদন, তিরোহিত-বচন ও রাধামোহন-বাঞ্ছিত-চরণ।

তাৎপর্য্য

রাধামোহন ঠাকুর তাঁহার এই পদের শ্লিষ্ট বাক্যদ্বারা শ্রীগৌরাঙ্গ ও খণ্ডিতা-রসোচিত শ্রীকৃষ্ণকে যুগপৎ বর্ণিত করিয়াছেন; 'খণ্ডিতামৃত-রস-কূপ' শব্দের শ্রীগৌরাঙ্গ-পক্ষে অর্থ—খণ্ডিত (পরাজিত) হইয়াছে অমৃত-রসের কূপ যৎকর্ত্তৃক (বহু-ব্রীহি); শ্রীকৃষ্ণপক্ষে অর্থ—খণ্ডিতার ('খণ্ডিতা' নায়িকা শ্রীরাধার) মানরূপ অমৃত-রসের কূপ (ষষ্ঠী তৎ-পু); 'কৃষ্ণরাগ-জনিত-মানস-তাপ-যুক্ত' শব্দের শ্রীগৌরাঙ্গ-পক্ষে অর্থ—শ্রীকৃষ্ণের (প্রতি) রাগ (অনুরাগ) দ্বারা জনিত হইয়াছে মানস-তাপ যাঁহার; শ্রীকৃষ্ণ-পক্ষে অর্থ—(শ্রীরাধার) কৃষ্ণ-বিষয়ক রাগ (ক্রোধ)—এই-রূপ বাক্য করিয়া মধ্যপদ-লোপী সমাস দ্বারা 'কৃষ্ণ-রাগ' পদ সিদ্ধ হইয়াছে; সেই কৃষ্ণ-রাগ দ্বারা জনিত হইয়াছে মানস-তাপ যাঁর; 'প্রকটিত-রুদ্র-প্রতাপ' শব্দের শ্রীগৌরাঙ্গ-পক্ষে অর্থ—প্রকাশিত হইয়াছে রুদ্র পণ্ডিত নামক ব্যক্তির প্রতাপ অথবা রুদ্র গজ-পতি নামক শ্রীক্ষেত্রাধিপতির প্রতাপ যৎকর্ত্তৃক; শ্রীকৃষ্ণ-পক্ষে অর্থ—প্রকাশিত হইয়াছে রুদ্রের (শিবের) প্রতাপের ন্যায় প্রতাপ যৎকর্ত্তৃক; 'প্রকলিত-পুরুষোত্তম-বিষাদ' শব্দের শ্রীগৌরাঙ্গ পক্ষে অর্থ—প্রকলিত (ধাতুর অনেকার্থ হেতু এ স্থলে—বিদূরিত) হইয়াছে (নবদ্বীপবাসী) পুরুষোত্তম নামক ভক্তের বিষাদ যৎকর্ত্তৃক; শ্রীকৃষ্ণ-পক্ষে অর্থ—প্রকলিত (লব্ধ) হইয়াছে পুরুষোত্তম (শ্রীকৃষ্ণ) হইতে (শ্রীকৃষ্ণের ধৃষ্ট-নায়কত্ব হেতু) বিষাদ যৎকর্ত্তৃক; 'কমলাকরাঙ্কিত-পাদ' শব্দের শ্রীগৌরাঙ্গ-পক্ষে অর্থ—(পিপ্লাই) কমলাকর (অন্যতম পার্ষদ) কর্ত্তৃক কমল দ্বারা অঙ্কিত (পুজিত) হইয়াছে পাদ যাঁর; অথবা কমলা অর্থাৎ লক্ষ্মীনাম্নী পত্নীর কর-কমল দ্বারা পূজিত পাদ যাঁর; শ্রীকৃষ্ণ-পক্ষে অর্থ—কমলাকর (কমল-যোনি ব্রহ্মা) কর্ত্তৃক অথবা কমলার (লক্ষ্মীর) কর-কমল দ্বারা পূজিত পদ যাঁর। 'লোহিত-বদন' শব্দের অর্থ উভয় পক্ষেই মনস্তাপ হেতু আরক্ত-বদন-যুক্ত; 'তিরোহিত-বচন' শব্দের অর্থ উভয় পক্ষেই বিষাদ হেতু অন্তর্হিত-বচন-বিশিষ্ট; 'রাধামোহন-বাঞ্ছিত-চরণ' শব্দের শ্রীগৌরাঙ্গ-পক্ষের অর্থ—রাধামোহন নামক পদকর্ত্তা দ্বারা বাঞ্ছিত চরণ যাঁর; শ্রীকৃষ্ণ-পক্ষে—যিনি রাধামোহন (শ্রীকৃষ্ণ), তিনিই (মান-ভঞ্জন হেতু) বাঞ্ছিত-চরণ—এইরূপ বাক্য দ্বারা কর্ম্মধারয় সমাস। বাঞ্ছিত হইয়াছে (শ্রীরাধার) চরণ যৎকর্ত্তৃক, এইরূপ বহুব্রীহি সমাস দ্বারা 'বাঞ্ছিত-চরণ' পদটি সিদ্ধ হইয়াছে। রাধার নিকট হইতে মোহন (সুরত) যাঁর—এইরূপ ব্যুৎ-পত্তিও এ স্থলে সঙ্গত হইতেছে।

অথ খণ্ডিতা-রসোচিত-শ্রীকৃষ্ণস্য চরণারবিন্দ-বন্দনম্।

শ্রীরাগ।১

ধ্বজ-বজ্রাঙ্কুশ-পঙ্কজ-কলিতম্।
ব্রজ-বনিতা-কুচ-কুঙ্কুম-ললিতম্২ ॥
বন্দে গিরি-বর-ধর-পদ-কমলম্।
কমলা-কর-কমলাঞ্চিতমমলম্৩ ॥ ধ্রু ॥
মঞ্জুল-মণি-নূপুর-রমণীয়ম্।
অচপল-কুল-রমণী-কমনীয়ম্ ॥
অতিলোহিতমতিরোহিত-ভাসম্।
মধু-মধুপীকৃত-গোবিন্দদাসম্ ॥২॥৩৭৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৪ ও ৫২৪ সংখ্যক পদ।

২। প-র-সা পুথিতে 'ব্রজ-বনিতা' ইত্যাদি পংক্তিটি 'বন্দে গিরিবর' ইত্যাদি পংক্তির পরে লিখিত হইয়াছে এবং 'ললিতং' স্থলে 'দলিতং' পাঠ আছে।

৩। 'কমলাঞ্চিতমমলং' স্থলে 'কমলাঞ্চিতচরণং' প-র-সা।

টীকা

এই পদটির রাধামোহন ঠাকুর-কৃত টীকা যথা ;—"ততঃ খণ্ডিতোচিতরূপং ধ্বজবজ্রেত্যাদিনা দর্শয়তি। অস্য পক্ষান্তরব্যাখ্যা ব্যক্তাস্তি ; প্রত্যুতোপস্থিত-রসভাব-ব্যঙ্গার্থো লিখ্যতে। হে গিরিবরধর ! তে পদকমলং দূরাদেব বন্দে; অত্রা-বহিত্থানিমিত্ত-গৌরব-স্বীকারাৎ ভট্টারকপাদাঃ সমাদিশন্তীতিবৎ পদশব্দেন 'ত্ব'মভিধীয়তে; "তস্মান্নন্দাত্মজোঽয়স্তে নারায়ণসমো গুণৈ"রিতি গর্গোক্ত্যা লক্ষিত-দেব-গুণস্য সংপ্রতি গোবর্দ্ধনধারণেন প্রত্যক্ষীভূত-তদ্‌গুণস্য তব দেবত্বং ব্যক্তমতো মানুষীণামস্মাকং দূরাদেব বন্দনং যুক্তমিতি। অন্য-নায়িকা-বক্ষোজ-গিরিধারিত্বমিতি চ গিরিবরধরশব্দেন ব্যজ্যতে। কীদৃশঃ ?—তস্যা ভূষণকৃতধ্বজাদি-সদৃশৈশ্চিহ্নিতঃ। মুক্তৈর্জ্জনৈর্ব্রজ্যতেঽসাবিতি ব্রজো বৈকুণ্ঠঃ পুজাদিত্বাদ্‌যং ; তত্রস্থিতনায়িকানাং গূঢ়ব্যঙ্গপক্ষে ঘোষস্থত্বৎসদৃশদেব্যাঃ কুচকুঙ্কুমৈর্ললিতং শোভিতম্। কমলেতি। কমলা লক্ষ্মীঃ গূঢ়পক্ষে কমলানাম্নী কাচিৎ যূথেশ্বরী; গূঢ়পক্ষে নাস্তি মলযুক্তো যস্মাৎ। গূঢ়পক্ষে নায়িকা-পরিবর্ত্তনূপুরৈ রমণীয়ম্। গূঢ়পক্ষে অচপলকুল-রমণীভিঃ কমনীয়া কান্তির্যস্য ; এতেন তস্যা অপ্যতিচঞ্চলত্বমাক্ষিপ্তম্। অতিলোহিতং তদঙ্ঘ্রি্যাবকৈরিত্যর্থঃ ; অতএবাতিরোহিতভাসং অলুপ্তকান্তিম্। গোবিন্দো ভবানেব অস্য রাত্রৌ দাসো যস্যা সা গোবিন্দদাসা অপ্রধানত্বাদীপ্‌প্রত্যয়াভাবঃ ; অতএব স্বদেহ-কমলস্য মধুনা মধুপীকৃতা গোবিন্দদাসা যেন ত্বয়া তথাভূতং পরস্পরবশীভূতত্বং ব্যঞ্জিতম্।"

অনুবাদ

ধ্বজ-বজ্রাঙ্কুশ-পঙ্কজ-চিহ্নযুক্ত, ব্রজ-বনিতার কুচ-কুঙ্কুম-শোভিত, কমলা-কর-কমলাঞ্চিত গিরিধরের অমল পদ-কমলে প্রণাম করি ; উহা মঞ্জুল মণি-মঞ্জীরে রমণীয় ও অচপল কুল-রমণীগণের কমনীয় ; উহা সুলোহিত, অবিলুপ্ত-কান্তি-যুক্ত ও মধু-মধুপী-কৃত-গোবিন্দদাস বটে।

তাৎপর্য্য

এই পদের শব্দাবলীর প্রসিদ্ধ অর্থ সুস্পষ্ট বলিয়া টীকাকার রাধামোহন ঠাকুর-কর্ত্তৃক ব্যাখ্যাত হয় নাই,—তিনি খণ্ডিতার বিদ্রূপাত্মক উক্তি-পক্ষের গূঢ়ার্থের যে ব্যাখ্যা করিয়াছেন, নিম্নে তাহার মর্ম্ম প্রদত্ত হইল। খণ্ডিতা নায়িকা শ্রীরাধা শ্রীকৃষ্ণকে বিদ্রূপ করিয়া বুঝাইতেছেন,—হে গিরিধর ! তুমি যে সামান্য মানুষ নও—দেবতা, তাহা গর্গ মুনির বাক্যেই জানা গিয়াছিল; তৎপরে গোবর্দ্ধন-গিরি ধারণ করিয়া তাহার প্রত্যক্ষ প্রমাণ প্রদর্শন করিয়াছ; এখন আবার বাঞ্ছিতা নায়িকার কুচগিরি-ধারণ দ্বারা নূতন মাহাত্ম্য প্রচার করিতেছ; তোমার ন্যায় দেবতার সঙ্গে মানবী আমাদিগের ঘনিষ্ঠতা কি সম্ভবপর ? তাই দূর হইতেই তোমার পদ-কমলে প্রণাম করি ! তোমার পদ-কমল পূর্ব্বে ব্রজ অর্থাৎ বৈকুণ্ঠস্থিত নায়িকাদিগের কুচ-কুঙ্কুমে শোভিত হইত, এখন ব্রজ অর্থাৎ গোষ্ঠবাসিনী তোমার উপযুক্ত দেবীর কুচ-কুঙ্কুমে শোভিত হইয়াছে; পূর্ব্বে ঐ সুবিমল পদযুগ লক্ষ্মীর কর-কমল দ্বারা অর্চ্চিত হইত ; এখন ঐ মলপূর্ণ পদযুগ কমলা নাম্নী যূথেশ্বরী কর্ত্তৃক কমল অর্থাৎ জল দ্বারা পূজিত হইতেছে, অর্থাৎ কমলা জল দ্বারা প্রক্ষালন করিয়াও উহার মল বিদূরিত করিতে পারে না; তোমার প্রিয়তমার

মণি-নূপুর বদল হইয়া তোমার পদের শোভা বর্দ্ধিত হইয়াছে এবং উহা কুলাঙ্গনাদিগের বাঞ্ছিত হইয়া তাহাদিগের চপলতার পরাকাষ্ঠা প্রকাশ করিতেছে; উহা তোমার প্রিয়তমার পদালক্তক-যুক্ত হইয়া লোহিত-বর্ণ ও স্থির শোভা ধারণ করিয়াছে এবং তুমি দাস-রূপে মধু দান করিয়া তোমার স্বত্বাধি-কারিণী সেই নায়িকাটিকেও তোমার চরণ-কমলের ভ্রমরী করিয়া তুলিয়াছ! বলিহারি তোমাদিগের পরস্পর বাধ্যতা!

ললিত।[১]

দেখ সখি হোর[২] কিয়ে নাগর-রাজ।
বিপরিত বেশ বিভূষণ হেরিয়ে
কোন কয়ল ইহ কাজ॥ ধ্রু[৩]॥
ঢুলি ঢুলি চলত খলত পুন উঠত[৪]
আয়ত ইহ মঝু কান্ত।
স্থল-পঙ্কজ-দল নয়ন-যুগল-বর
যামিনি জাগি নিতান্ত॥
মুখ-বিধু-রাজ মলিন অব হেরিয়ে
অরুণ-কিরণ-ভয় লাগি।
অলক-নিকর-উড়ু ভাল-গগন পর
নিশি-অবসান ভয় ভাগি॥
বান্ধুলি-অধরে হেরি জনু নীলিম
কাজর করি অনুমান।
অপরুপ দশন[৫] কাঁতি জনু দরপণ
সো অব রঙ্গিম ভান॥
উর পর নখ-পদ তনু তনু নিরমদ
অনুখন অলসে বিভোর।
যাবক-রাগ- দাগ কিয়ে শোভন
ঘন ঘন ভুজ-যুগ মোড়[৬]॥
শ্যামর অঙ্গে নীল[৭] অম্বর কিয়ে
জলদে জলদ মিলি গেল।
দূরহি দীগ- বসন জনু হেরিয়ে
ঐছন মরমহিঁ ভেল॥
টলমল চরণ- যুগল মণি-মঞ্জির
ঝনর ঝনর ঝন[৮] বাজে।
কহ বলরাম- দাস ইহ বিপরিত
হেরত নাগর-রাজে॥ ৩॥৩৮০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫২৫ সংখ্যক পদ।
২। 'হোর' স্থলে 'হোরো' ঘ, চ।
৩। ক—চ পুথিতে 'ধ্রু' চিহ্ন নাই।
৪। 'উঠত' স্থলে 'উঠত' ক—গ, চ, প-র-সা।
৫। 'দশন' স্থলে 'দরশন' ক—গ, প-র-সা।
৬। 'মোড়' স্থলে 'মোর' খ, ঘ, চ।
৭। 'নীল' স্থলে 'নীলিম' খ, গ।
৮। 'ঝনর ঝনর ঝন' স্থলে 'ঝনর ঝনর ঘন' ক; 'ঝনর ঝনন ঝন' খ, গ; 'ঝনর ঝনন রন' ঘ; 'ঝনর ঝনন রনু' প-র-সা।

টীকা

৮—১১। "মুখ-বিধু-রাজ" ইত্যাদি। বস্তুতঃ রজনী-জাগরণ ও আশঙ্কা হেতু শ্রীকৃষ্ণের মুখ-চন্দ্র মলিন হইলেও, শ্রীরাধা বিদ্রূপ করিয়া বলিতেছেন যে, তোমার মুখ-চন্দ্র এখন অরুণ-কিরণের ভয় হেতু মলিন দেখিতেছি; তোমার ললাট-রূপ গগনে অলক-নিকররূপ অর্থাৎ অলকস্থিত শ্বেত পুষ্প-রাজিরূপ নক্ষত্রগণ নিশা-অবসানের ভয়ে পলায়ন করিয়াছে!

১২—১৫। "বান্ধুলি-অধরে" ইত্যাদি। তোমার বান্ধুলি-পুষ্পের ন্যায় আরক্তিম অধরে নীলাভ চিহ্ন দেখিয়া যেন কাজল বলিয়া অনুমান করিতেছি; তোমার দশন-পংক্তি অতি অপূর্ব্ব, দর্পণের ন্যায় কান্তি-বিশিষ্ট; এখন উহা (তাম্বুল-রাগে) আরক্তিম হইয়াছে।

২০—২৩। "শ্যামর অঙ্গে" ইত্যাদি। তোমার শ্যামল অঙ্গে (সম্ভুক্তা নায়িকার) নীল বসনখানা কি চমৎকার দেখাইতেছে,—(যেন) জলদের সঙ্গে জলদ মিশিয়া গিয়াছে; দূর হইতে তোমাকে যেন দিগম্বর অর্থাৎ উলঙ্গ দেখিতেছি, এইরূপ মনে হইতেছে।

ধানশী।১

শ্যামর-তনু কিয়ে তিমির২ বিরাজ।
সিন্দুর-চিহ্ন কিয়ে অরকত৩ সাজ॥
তরল তার কিয়ে টুটল৪ হার।
নখ-পদ কিয়ে নব শশিক সঞ্চার॥
ঐছে দোষাকর হেরইতে৫ কান।
প্রাতর পহিল রজনি ভেল ভান৬ ॥৪॥৩৮১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৮৪ সংখ্যক পদ।

২। 'তিমির' স্থলে 'জলদ' খ ৬১১ সংখ্যক পদ।

৩। 'অরকত' স্থলে 'অলকত' খ; 'আরকত' প-র।

৪। 'টুটল' স্থলে 'চটুল' ক, গ ৩৮১ পদ।

৫। 'হেরইতে' স্থলে 'হেরিয়ে' ঘ, চ।

৬। এই পদের ভণিতা সহ অবশিষ্ট পংক্তিগুলি এ স্থলে সন্নিবেশিত করিলে, পরবর্তী পদগুলির সহিত সামঞ্জস্য রক্ষিত হয় না বলিয়া, বৈষ্ণবদাস কেবল প্রথম তিনটি কলি উদ্ধৃত করিয়াছেন; এই বিচিত্র পদটি দ্বিতীয় শাখার অন্তিম পল্লবে ৬১১ সংখ্যক পদে সম্পূর্ণ উদ্ধৃত হইয়াছে।

টীকা

১—২। "শ্যামর-তনু" ইত্যাদি। এ কি শ্যামাঙ্গ শ্রীকৃষ্ণ, কিংবা (প্রদোষের) অন্ধকার বিরাজ করিতেছে? এ কি (শ্রীকৃষ্ণের অঙ্গে সংলগ্ন প্রতিপক্ষ-নায়িকার) সিন্দুরের দাগ, কিংবা (প্রদোষের) আরক্তিমতা শোভা পাইতেছে?

৩—৪। "তরল তার" ইত্যাদি। ইহা কি (শ্রীকৃষ্ণের) ছিন্ন হার অর্থাৎ ছিন্ন হারের বিস্রস্ত পুষ্প অথবা মুক্তা-চয় কিংবা সঞ্চরণ-শীল অর্থাৎ সুদূর-বিক্ষিপ্ত নক্ষত্ররাজি? ইহা কি (শ্রীকৃষ্ণের অঙ্গে প্রতিপক্ষ-নায়িকার প্রদত্ত) নখ-ক্ষত কিংবা (অমাবস্যার পরে) নবীন চন্দ্র-কলার উদয় হইয়াছে?

৫—৬। "ঐছে দোষাকর" ইত্যাদি। "দোষাকর" শব্দটি শ্লিষ্ট; ইহার এক অর্থ—দোষের আকর (দোষ + আকর) ও অপর অর্থ—দোষা (রজনী) করে যে (দোষা—কৃ+ট),—অর্থাৎ নিশাকর, চন্দ্র; সুতরাং "ঐছে দোষাকর" ইত্যাদি বাক্যের অর্থ এই যে, শ্রীকৃষ্ণকে ঐরূপ দোষের আকর (পক্ষান্তরে চন্দ্র-স্বরূপ) দেখিয়া, প্রাতঃকালকে আমার প্রদোষ বলিয়া অনুমান হইল।

রামকেলি।১

উমত ঝুমত　　ঢরত চরত
চরণ ধরত২ থোর।
মধুর৩ মুরতি　　পূজল যুবতি
সোণ কুসুম৪ জোর॥
সখি শ্যাম নাগর দেখ।
রজনি-জাগরে৫　　অরুণ৬ লোচন
হৃদয়ে নখর৭-রেখ ॥ ধ্রু ॥
কটি-অম্ভরণ৮　　নীল বসন৯
আনতহি আন১০ বেশ।
বকুল-মাল　　ভ্রমরি-জাল
সৌরভে ভুলল১১ দেশ॥
অধর অরুণ১২　　অমিয়া১৩-ঝরণ
রসবতী রস লেল১৪।
নয়ন-কমলে　　মধু পিবইতে
ভ্রমর বরণ১৫ ভেল॥

কিঙ্কিণি-জাল অতি রসাল
বিরমি বিরমি[১৬] বাজে[১৭]।
নরহরি পহুঁ গিরত গিরত
রাই-অঙ্গন[১৮] মাঝে[১৯] ॥৫॥৩৮২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫২৬ ও প-র পুথির ২০।২৩ সংখ্যক পদ। 'রামকেলি' স্থলে 'ধানশী' প-র-সা ; 'বিভাস' প-র।

২। 'চরণ ধরত' স্থলে 'চরণ চরত' ক ; 'ধরণি ধরত' প-র-সা।

৩। 'মধুর' স্থলে 'মদন' প-র।

৪। 'সোণ কুসুম' স্থলে 'শোণ কুসুম' ক, গ ; 'সোনার কমলে' প-র।

৫। 'রজনি-জাগরে' স্থলে 'নিশি জাগরণে' প-র-সা ; 'রজনি জাগরি' প-র।

৬। 'অরুণ' স্থলে 'লোহিত' প-র।

৭। 'নখর' স্থলে 'নখের' প-র-সা।

৮। 'কটি-অভরণ' স্থলে 'কটিতে ভূষণ' প-র ; 'কটি অভরণ' ইত্যাদি স্থলে 'নীল বসন কটিতে ভূষণ' প-র।

৯। 'নীল বসন' ইত্যাদি কলিটি প-র পুথিতে 'ভ্রমর বরণ ভেল॥' পংক্তির পরে সন্নিবেশিত হইয়াছে।

১০। 'আনতহিঁ আন' স্থলে 'আন তহিঁ আন' ক—গ ; 'আনহিঁ আনহিঁ' প-র।

১১। 'ভুলল' স্থলে 'ভরল' প-র।

১২। 'অধর অরুণ' স্থলে 'অরুণ অধরে' প-র।

১৩। 'ঝরণ' স্থলে 'ঝরয়ে' প-র।

১৪। 'লেল' স্থলে 'নেল' ক—গ।

১৫। 'বরণ' স্থলে 'বদন' প-র-সা।

১৬। 'বিরমি বিরমি' স্থলে 'বিমরি বিমরি' ক ; 'বিরিমি বিরিমি' প-র।

১৭। 'বাজে' স্থলে 'বাজ' প-র।

১৮। 'রাই-অঙ্গন' স্থলে 'রাইক আঙ্গন' প-র।

১৯। 'মাঝে' স্থলে 'মাঝ' প-র।

টীকা

১—৪। 'উমত ঝুমত" ইত্যাদি। (শ্রীকৃষ্ণ) অস্থির-ভাবে ঝিমাইতেছেন এবং টলিয়া টলিয়া অল্প অল্প চরণ নিক্ষেপ করিতেছেন ; (তাঁহার জাগরারুণ নেত্র-দ্বয় দেখিয়া বোধ হয় যেন) সেই যুবতী তাঁহাকে আরক্তিম পুষ্প-যুগল দ্বারা পূজা করিয়াছে।

১২—১৫। "অধর অরুণ" ইত্যাদি। (শ্রীকৃষ্ণের) অরুণ-বর্ণ অধর অমৃতের নির্ঝরস্বরূপ ; রসবতী নায়িকা (উহার) রস গ্রহণ করিয়াছে ; (সেই নায়িকার) নয়নরূপ কমলে মধু-পান অর্থাৎ চুম্বন করায় (অধরে নয়নের কাজল লগ্ন হওয়ায়) উহা ভ্রমর-বর্ণ হইয়াছে

বিভাষ।[১]

ডগমগ অরুণ উজাগরে[২] লোচন
উরে নখ পরতিত[৩] রেখা।
রতি-রণে রমণি পরাভব মানই
দেয়ল রতি-জয়-লেখা ॥
মাধব অব কি কহব তুয়া আগে।
না জানিয়ে রতি-রস ও সুখ-সম্পদ
কি ফল তুয়া অনুরাগে ॥ ধ্রু ॥
রতি-রসে অলস[৪] অবশ দিঠি মন্থর
নিরবধি নিন্দক[৫] সেবা।
কোন[৬] কলাবতি করি কত আরতি
পূজল মনমথ[৭] দেবা ॥
বচন রচন করি কিয়ে[৮] পরবোধসি
নিরবধি অন্তরে সোই।
গোবিন্দদাস কহ পরশ ভুল নহ[৯]
পরশনে রস নাহি হোই ॥৬॥৩৮৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫২৭ ও প-র পুথির ২০।১৪ সংখ্যক পদ। 'বিভাষ' স্থলে 'ধানশ্রী' প-র।

২। 'উজাগরে' স্থলে 'উজাগর' ক—গ।

৩। 'পরতিত' স্থলে 'পরতেক' প-র।

৪। 'রতি-রসে অলস' স্থলে 'রতিরস অলসে' প-র।

৫। 'নিন্দক' স্থলে 'নিন্দহ' প-র।

৬। 'কোন' স্থলে 'কোঙন' প-র।

৭। 'মনমথ' স্থলে 'মনোরথ' ক।

৮। 'কিয়ে' স্থলে 'কত' প-র।

৯। 'পরশ-ভুল নহ' স্থলে 'পরশ ভুল নহ' ক—গ; 'পরশন না করহ' প-র; 'পরশ ভুল নহ' প-র-সা।

টীকা

৮—১১। "রতি-রসে" ইত্যাদি। তোমার নেত্র রতি-রসে অলস, অবশ ও মন্থর-গতি হইয়াছে এবং সতত নিদ্রার সেবা করিতেছে; না জানি, কোন্ রতি-কলা-কুশলা নায়িকা কত ভক্তি করিয়া মন্মথ-দেবকে পূজা করিয়াছিল! অর্থাৎ সেই মন্মথ-পূজার ফলেই সে তোমার ন্যায় কামুক নাগরকে লাভ করিয়াছে।

১২—১৫। "বচন রচন" ইত্যাদি। তুমি (চাটু) বাক্য রচনা করিয়া আমাকে কি প্রবোধ দিতেছ? তোমার হৃদয়ে সেই নায়িকা সর্ব্বদা বিরাজ করিতেছে। (সখী-স্থানীয়) গোবিন্দদাস কহিতেছেন,—তুমি (শ্রীরাধার) স্পর্শের যোগ্য নও; (এইরূপ) স্পর্শে আনন্দ হয় না।

ধানশী।[১]

গগনহিঁ এক চান্দ নাহি দোসর
ধরু তাহে[২] নীলিম চীন[৩]।
অরুণ উদয়ে পুন লাজে মলিন-তনু
বেকত না হোয়ত দীন[৪]॥

মাধব অপরূপ তোহারি বিলাস।
তুয়া উর-অম্বরে চান্দ-ঘটা অব[৫]
দিনহিঁ হোত[৬] পরকাশ॥ ধ্রু॥
বিহিক শকতি জিতি কোন[৭] কলাবতি
অরুণ ঘটায়ল তায়।
তছু সেবন বিনু প্রাতরে তোহে পুন
অনত গমন না যুয়ায়॥
জানলুঁ অতয়ে কয়লি[৮] হাম বহু পুণ
তাহে[৯] তুহুঁ অবহুঁ না যাব[১০]।
কহ ঘনশ্যাম- দাস নহে[১১] কৈছনে
ঐছন দরশন পাব॥৭॥৩৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫২৮ ও প-র পুথির ২০।১৬ সংখ্যক পদ।

২। 'ধরু তাহে' স্থলে 'ধরু যাহে' ক; 'তাহে ধরু' প-র-সা; 'ধর তাহে' প-র।

৩। 'চীন' স্থলে 'চিন' ক—গ, প-র-সা; 'চিহ্ন' প-র।

৪। 'দীন' স্থলে 'দিন' ক—গ, প-র-সা।

৫। 'ঘটা অব' স্থলে 'ঘটায়ল' ক, খ, প-র-সা; 'ঘটায়ব' চ; 'ঘটা অরু' প-র।

৬। 'হোত' স্থলে 'হোয়ত' প-র-সা।

৭। 'কোন' স্থলে 'কঙন' প-র।

৮। 'কয়লি' স্থলে 'কয়ল' প-র।

৯। 'তাহে' স্থলে 'যব' প-র।

১০। 'অবহুঁ না যাব' স্থলে 'অব নাহি আব' ক, খ; 'অবহি না যাব' প-র-সা।

১১। 'নহে' স্থলে 'হাম' ক—চ।

টীকা

১—৪। "গগনহিঁ এক" ইত্যাদি। আকাশে একটি মাত্র চন্দ্র, দ্বিতীয় নাই; সে কৃষ্ণ-বর্ণ কলঙ্কের চিহ্ন ধারণ করে এবং সূর্য্যের উদয়ে লজ্জায় মলিন-কান্তি হইয়া দিবসে ব্যক্ত হয় না।

৫—৭। "মাধব অপরূপ" ইত্যাদি। হে মাধব! তোমার লীলা বিচিত্র! তোমার (সুনীল) বক্ষঃস্থল-রূপ আকাশে এখন (নখ-ক্ষতরূপ) চন্দ্রের ঘটা দেখিতেছি,—উহা দিবা-ভাগেই প্রকাশিত হইতেছে!

৮—১১। "বিহিক শকতি" ইত্যাদি। বিধাতার শক্তিকে অতিক্রম করিয়া, কোন্ কলা-কুশলা নায়িকা তোমার হৃদয়াকাশে (নখ-চন্দ্র-কলার সহিত অলক্তক-চিহ্নরূপ) সূর্য্য উদিত করাইল? এইরূপ কলা-কুশলা নায়িকার সেবা পরিত্যাগ করিয়া প্রাতে অন্যত্র গমন তোমার উপযুক্ত হইতেছে না।

১২—১৫। "জানলুঁ অতয়ে" ইত্যাদি। অতএব জানিতে পারিলাম যে, আমি বহু পুণ্য করিয়াছি,—তাই তুমি এখনও (আমাকে পরিত্যাগ করিয়া) যাইতেছ না। ঘনশ্যামদাস কহিতেছেন,—নতুবা কি প্রকারে ঐরূপ (শ্রীকৃষ্ণের) দর্শন পাইবে?

ললিত।[১]

ভাল ভেল[২] মাধব সিদ্ধি ভেল কাজ।
অব হাম বুঝলুঁ[৩] বিদগধ-রাজ[৪] ॥
নয়নক[৫] কাজর অধরহিঁ[৬] শোভা।
বান্ধি রহল অলি অতি মনলোভা[৭] ॥
আজু ঝামর[৮] অতি শ্যামর অঙ্গ।
যতনে গুপত[৯] রহু যামিনি-রঙ্গ ॥
খেণে খেণে নয়ন মুদসি[১০] আধ-তারা।
কহইতে বচন রচন[১১] আধহারা ॥
যাবক আধক[১২] উর পর লাগ।
অনুখণ সো ধনি করু অনুরাগ ॥
সুরঙ্গ সিন্দুর-বিন্দু ললিত কপালে[১৩]।
ধরল প্রবাল জনু তরুণ তমালে ॥
ভাবে পুলকিত তনু রহল সমাধি।
জ্ঞানদাস কহে উপজল আধি[১৪] ॥৮॥৩৮৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫২৯ ও প-র পুথির ২০।২১ সংখ্যক পদ। 'ললিত' স্থলে 'বিভাস' প-র; 'যথা' প-র-সা।

২। 'ভেল' স্থলে 'হৈল' ক—চ, প-র।

৩। 'বুঝলুঁ' স্থলে 'সমুঝলুঁ' প-র।

৪। প-র ব্যতীত অন্যান্য পুথিতে '॥' চিহ্ন নাই।

৫ 'নয়নক' স্থলে 'নয়নকি' ক, গ।

৬ 'অধরহিঁ' স্থলে 'কি মধুর' প-র।

৭ 'মনলোভা' স্থলে 'মধুলোভা' প-র।

৮ 'ঝামর' স্থলে 'শ্যামর' প-র।

৯ 'গুপত' স্থলে 'গোপত' ক—চ, প-র-সা।

১০ 'মুদসি' স্থলে 'মুন্দসি' প-র।

১১ 'রচন' স্থলে 'বচন' ক, প-র।

১২ 'আধক' স্থলে 'ধকধক' প-র।

১৩ 'কপালে' স্থলে 'কপোলে' প-র।

১৪ 'আধি' স্থলে 'আগি' ক, খ, ঘ, চ, প-র-সা।

ধানশী।[১]

শুন শুন সুন্দরি কর অবধান।
বিনি অপরাধে কহসি কাহে[২] আন ॥
পূজলুঁ পশু-পতি যামিনি জাগি।
গমন-বিলম্বন[৩] ভেল তথি[৪] লাগি ॥
লাগল মৃগমদ কুঙ্কুম-দাগ।
উচারিতে[৫] মন্ত্র অধরে নাহি রাগ ॥
রজনি উজাগরি লোচন ভোর।
তথি লাগি তুহুঁ[৬] মুখে বোলসি চোর ॥
নব কবিশেখর কি কহব তোয়।
শপথি করহ তবে[৭] পরতিত[৮] হোয় ॥৯॥৩৮৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৩০ ও প-র পুথির ২০।৬ সংখ্যক পদ। 'ধানশী' স্থলে 'তিরোথা ধানশ্রী' প-র।

২। 'কহসি কাহে' স্থলে 'কহসি কেনে' ক, গ, চ, প-র-সা; 'না বোলবি' প-র।

৩। 'গমন-বিলম্বন' স্থলে 'গমন বিলম্ব' ক, গ, চ; 'গমন বিলম্ব মোর' প-র-সা।

৪। 'তথি' স্থলে 'তছু' প-র।

৫। 'উচারিতে' স্থলে 'উচ্চারিতে' ক, গ।

৬। 'তুহু' স্থলে 'ধনি' প-র।

৭। 'করহ তবে' স্থলে 'করিবে যদি' প-র।

৮। 'পরতিত' স্থলে 'পরতি না' প-র-সা; 'প্রতীত না' প-র।

ধানশী।১

এ ধনি মানিনি করহ সঞ্জাত।
তুয়া কুচ হেম-ঘট হার ভুজঙ্গিনি
তাক উপরে ধরি হাত ॥ধ্রু॥
তোহে ছাড়ি হাম যদি পরশব[২] কোয়।
তুয়া হার-নাগিনি কাটব[৩] মোয় ॥
হামারি বচনে যদি নহ পরতীত।
বুঝিয়া করহ শাতি যে হয় উচীত[৪] ॥
ভুজ-পাশে বান্ধি জঘন পর তাড়ি।
পয়োধর-পাথর হিয়ে দেহ ভারি ॥
উরু-কারাগারে[৫] বান্ধি রাখ দিন রাতি।
বিদ্যাপতি কহ উচিত ইহ শাতি ॥১০॥৩৮৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৩১ সংখ্যক পদ।

২। 'পরশব' স্থলে 'পরশ করোঁ' ঘ, চ; 'পরশ করি' খ, প-র-সা।

৩। 'কাটব' স্থলে 'কাটিবে' ঘ, চ।

৪। 'উচীত' স্থলে 'উচিত' ক—গ, চ, প-র-সা।

৫। 'উরু-কারাগারে' স্থলে 'উর-কারাগারে' খ, ঘ, প-র-সা।

টীকা

১—৩। "এ ধনি" ইত্যাদি। প্রাচীন কালে অপরাধী ব্যক্তিগণ বিষধর সর্প-যুক্ত ঘটের মধ্যে হস্ত প্রবিষ্ট করাইয়া দিলেও যদি দৈবাৎ সর্পে দংশন না করিত, তাহা হইলে 'ধর্ম্মো রক্ষতি ধার্ম্মিকং'—এই নীতি অনুসারে তাহাদিগকে নিরপরাধজ্ঞানে অব্যাহতি দেওয়া হইত; শ্রীকৃষ্ণ এই সর্প-পরীক্ষা দ্বারা নিজের নির্দ্দোষিতা প্রমাণিত করার জন্য রসিকতার সহিত বলিতেছেন,—হে মানিনি শ্রীরাধে! তুমি (অমূলক সন্দেহ-জনিত) মানে ক্ষমা দেও; তোমার স্তন সুবর্ণঘট ও তোমার বক্ষোবিলম্বিত হার ভুজঙ্গিনী-স্বরূপ—(এই দেখ) আমি উহার উপর (নির্ভয়ে) হস্ত অর্পণ করিতেছি।

ভৈরবী।১

যাং সেবিতবানসি[২] জাগরো।
শ্যামজয়ত[৩] সা নিশি নাগরো ॥
কপটমিদং তব বিন্দতি[৪] হরে।
নাবসরং পুনরালিনিকরে ॥
মা কুরু শপথং গোকুল-পতে।
বেত্তি চিরং কা চরিতং ন তে ॥ধ্রু॥
মুক্ত-সনাতন-সৌহৃদ-ভরে।
ন পুনরহং ত্বয়ি রসমাহরে ॥১১॥৩৮৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৩২ ও প-র পুথির ২০।২৫ সংখ্যক পদ।

২। 'সেবিতবানসি' স্থলে 'সেবিতবান্নিশি' ক, খ, ঘ; 'সেবিত মানশি' চ; 'সেবিতবানিসি' প-র।

৩। 'শ্যামজয়ত' স্থলে 'শ্যামজয়ৎ' ক, খ, প-র।

৪। 'বিন্দতি' স্থলে 'বন্দিত' প-র।

টীকা

১—৮। "যাং সেবিতবান্" ইতি। জাগরো (জাগরণপরায়ণঃ) সন্ যাং সেবিতবান্ অসি সেবন-

মকার্ষীরিতি ভাবঃ সা নাগরী (চতুরনায়িকা) নিশি (রজন্যাং) ত্বাং অজয়ত (পরাজিতবতী রতি-যুদ্ধে ইতি শেষঃ)। হে হরে (কৃষ্ণ)! তব ইদং কপটং (ছদ্ম, অলীকচাটুশতমিতি ভাবঃ) আলি-নিকরে (সখী-সমূহে মদীয়ে ইতি যাবৎ) অবসরং (অবকাশং প্রত্যয়মিতি ভাবঃ) ন পুনঃ বিন্দতি (ন লভতে)। শ্রীকৃষ্ণমপ্রত্যয়নিরাসার্থং শপথং কুর্ব্বাণং দৃষ্ট্বা পুনরাহ। হে গোকুলপতে! শপথং মা কুরু; চিরং ব্যাপ্য তব চরিতং কা ন বেত্তি; গোকুলপতেশ্চরিতং গোকুলে ন কস্যাপ্যগোচরং ভবিতুমর্হতীতি ভাবঃ। মুক্তঃ (ত্যক্তঃ) সনাতনঃ (নিত্যঃ) সৌহৃদ-ভরঃ (সদ্ভাবানুবন্ধঃ) যেন তাদৃশে ত্যক্তসদ্ভাবানুবন্ধে ত্বয়ি অহং পুনরপি রসং (অনুরাগং) ন আহরে (ন যোজয়ামি)।

অনুবাদ

১—৮। জাগরণপরায়ণ হইয়া যাহাকে সেবন করিয়াছিলে,—সেই সুচতুরা নায়িকা (প্রীতির প্রতিদানস্বরূপ) তোমাকে রজনীতে (রতি-যুদ্ধে) পরাজিত করিয়াছে। হে কৃষ্ণ! তোমার এই প্রবঞ্চনা-বাক্য আমার সখীগণের বিশ্বাস উৎপাদন করিতে পারিতেছে না। হে গোকুল-পতি! তুমি শপথ করিও না; (এই গোকুলে) কোন্ নায়িকা বহু কাল হইতে তোমার চরিত্র অবগত নহে? যে চিরন্তন সৌহৃদ্য পরিত্যাগ করিয়াছে, তাহার সহিত আমি পুনরায় প্রীতি স্থাপন করিতে ইচ্ছা করি না।

বিভাষ।১

তুহুঁ না পরশ যদি মোয়।
পিরিতি কৈছে তব হোয়॥
ইথে লাগি শরণ তোহারি।
মানহ পরশ হামারি॥
যদি[২] জানসি মঝু দোখ।
মোহে হেরি সম্বর[৩] রোখ॥
এ তুয়া চরণ ধরি হাম।
কহি পদ-যুগ ধরু শ্যাম॥
তাহে না টুটল মান।
মানিনি[৪] উপেখি চলু কান[৫]॥
কুঞ্জ-অঙ্গনে কুঞ্জ-রাজ।
কাঁপি পড়ল ক্ষিতি মাঝ॥
ফেরি নেহারত রাই।
মরি মরি করত কান্নাই॥
ভুজগে কাটল তনু-ওর[৬]।
কপটহি মুরুছল ভোর॥
বজর পড়ল শুনি বোলে।
ধাই ধনি ধরি[৭] করু কোলে॥
উঠল নাগর-বর শূর।
মান-গরব ভেল চূর॥
মন্ত্র-শিরোমণি ব্রজচাঁদ।
সোই পড়ল পুন ফাঁদ॥
ধনি-মুখ মোছল বাসে।
চুম্বন কয়ল বহু আশে॥
নিরসল[৮] হেরি বিহান।
সব রস করু সমাধান॥
কো সমুঝব দুহুঁ-নেহ।
দুহুঁ-তনু না বান্ধয়ে[৯] থেহ॥
কবি-শেখর রস গায়।
দুহুঁ জন প্রেম সহায়॥১২॥৩৮৯॥

ইত্যাদি মিলনম্।
ইতি অষ্টম-পল্লবঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৩৩ ও ৫৩৪ সংখ্যক পদ।

২। 'যদি' স্থলে 'যব' ঘ।

৩। 'সম্বর' স্থলে 'সম্বরু' প-র-সা।

৪। 'মানিনি' স্থলে 'মানি' ঘ।

৫। প-র-সা পুথিতে অতঃপর নিম্নলিখিত ভণিতা দৃষ্ট হয়; যথা,—

'মানিনী মানে ভৈ ভোর।
গোবিন্দদাস কহে ওর॥'

প-র-সা পুথিতে এই পদের অবশিষ্ট পংক্তিগুলি স্বতন্ত্র পদ (৫৩৪ সংখ্যক পদ)-রূপে গণিত হইয়াছে।

৬। 'ওর' স্থলে 'মোর' প-র-সা।

৭। 'ধাই ধনি ধরি' স্থলে 'রাই ধনি বন্ধু' ক; 'ধাই ধনি ধরু' ঘ; 'ধাই ধনী' প-র-সা।

৮। 'নিরসল' স্থলে 'নিরসন' প-র-সা।

৯। 'না বান্ধয়ে' স্থলে 'বান্ধয়ে' ক।

টীকা

৭—৮। "এ তুয়া" ইত্যাদি। এই (আমি) তোমার চরণে ধরিতেছি—(ইহা) বলিয়া শ্রীকৃষ্ণ (শ্রীরাধার) পদযুগ ধারণ করিলেন। সাম, ভেদ ও দান—এই ত্রিবিধ উপায়ে মানিনী নায়িকার মান-ভঙ্গ না হইলে, রস-শাস্ত্রে অগত্যা প্রণতি-ক্রিয়া, উপেক্ষা ও রসান্তর অর্থাৎ কৌশলে প্রিয়তমের সম্বন্ধে অমঙ্গলাশঙ্কা উৎপাদনের বিধান আছে; এ স্থলে শ্রীকৃষ্ণের সামাদি উপায় ব্যর্থ হওয়ায় তিনি ক্রমে প্রণতি, উপেক্ষা ও রসান্তর—এই ত্রিবিধ উপায়ই অবলম্বন করিতেছেন। তুলনা করুন;—

"সাম ভেদোঽথ দানং চ নত্যুপেক্ষে রসান্তরম্।
তদ্‌ভঙ্গায় পতিঃ কুর্য্যাৎ ষড়ুপায়ানিতি ক্রমাৎ॥"
—সাহিত্য-দর্পণ, ৩য় পরিচ্ছেদ।

"যথোত্তরং বলীয়াংস ইত্যুপায়াঃ প্রসাদনে।
আগ্নাত্রয়ো ঘনং কার্য্যা বিদগ্ধৈঃ পশ্চিমাঃ কচিৎ॥"
—শৃঙ্গার-তিলক।

৯—১০। "তাহে না" ইত্যাদি। পদ-ধারণেও শ্রীরাধার মানভঙ্গ হইল না; (সুতরাং 'প্রণতির' পরবর্ত্তী 'উপেক্ষা' উপায় অবলম্বন করিয়া) শ্রীকৃষ্ণ মানিনী শ্রীরাধাকে উপেক্ষা করিয়া অর্থাৎ তাঁহার প্রতি কৃত্রিম ঔদাসীন্য প্রদর্শন করিয়া চলিতে লাগিলেন।

১১—২০। "কুঞ্জ-অঙ্গনে" ইত্যাদি। (শ্রীরাধা শ্রীকৃষ্ণের সেই উপেক্ষা দেখিয়াও মান পরিত্যাগ না করায় এখন 'রসান্তর' নামক শেষ উপায়টি অবলম্বন করিয়া) কুঞ্জবিহারী হরি কুঞ্জের আঙ্গিনায় কাঁপিয়া ভূতলে পতিত হইলেন; (পতন-শব্দ শুনিয়া) শ্রীরাধা মুখ ফিরাইয়া দেখেন,—শ্রীকৃষ্ণ 'মরিলাম মরিলাম, ভুজঙ্গে আমার দেহ-প্রান্তে দংশন করিল'—এইরূপ বলিতেছেন; শ্রীকৃষ্ণ কপট-মূর্চ্ছা অবলম্বন করিলেন; শ্রীরাধা উহা শুনিয়া বলিলেন,—(এ কি) বজ্র পড়িল! তিনি বেগে ধাবিত হইয়া শ্রীকৃষ্ণকে ক্রোড়ে তুলিয়া লইলেন; (তখন ধীরে ধীরে) বীরবর নাগর-শিরোমণি উঠিয়া বসিলেন; (প্রিয়তমকে সুস্থ হইতে দেখিয়া সেই আনন্দে) শ্রীরাধার মান-গর্ব্ব চূর্ণ হইল। তুলনা করুন;—

"পাণৌ পঙ্কমুখেন দুষ্ট-কৃমিণা দষ্টোঽস্মি রোষাদিতি
ব্যাজাৎ কুণিতলোচনং ব্রজপতৌ ব্যাভুজ্য বক্ত্রং স্থিতে।
সদ্যঃ প্রোজ্‌ঝিতরোষবৃত্তিরসকৃৎ কিং বৃত্তমিত্যাকুলা
জল্পন্তী স্মিতবন্ধুরাস্যমমুনা গান্ধর্ব্বিকা চুম্বিতা॥"
—উজ্জ্বল-নীলমণি, মান-প্রকরণ।

পুনশ্চ খণ্ডিতা ধীরা মধ্যা যথা।

তত্র শ্রীগৌরচন্দ্রঃ।

বিভাষ।১

কি লাগি আমার গৌর রায়।
আবেশে শ্রীবাস-মন্দিরে যায়॥
কিবা ভাবে গোরা জাগিল নিশি।
কি লাগি মলিন বদন-শশী॥
আলসে আউলাঞা২ পড়িছে গা।
চলিতে না চলে কমল-পা॥

গৌর বরণ ঝামর ভেল।
নিশি-শেষে কেবা এ[৩] দুখ দেল॥
কহয়ে রসিক ভকতগণ।
রাধার ভাবে বিভাবিত[৪] মন॥
পরসাদে কহে আমার গোরা।
কাহারে কি কহে প্রলাপ পারা॥১॥৩৯০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৩৫ সংখ্যক পদ।

২। 'আউলাঞা' স্থলে 'এল্যায়া' ঘ; 'আলুয়্যা' প-র-সা; 'আউলাইয়া' ক, খ।

৩। 'এ' স্থলে 'এত' ক।

৪। 'ভাবে বিভাবিত' স্থলে 'ভাবেতে ভাবিত' প-র-সা

ললিত।১

আরে মোর আরে মোর সোণার বন্ধুর।
অধরে কাজর দেখি[২] কপালে সিন্দুর॥
বদন-কমলে কিবা তাম্বূল শোভিত।
পায়ের নখের ঘায়ে[৩] হিয়ায় বিন্ধিত[৪]॥
না আইস না আইস বন্ধু আঙ্গিনার কাছে।
তোমারে দেখিলে মোর ধরম যাবে পাছে॥
শুনিয়া পরের মুখে নহি[৫] পরতীত।
এবে সে দেখিলাম[৬] তোমার এই সব রীত[৭]॥
সাধিলা মনের কাজ[৮] কি আর বিচার।
দূরে রহ[৯] দূরে রহ[১০] প্রণতি আমার॥
চণ্ডীদাস বোলে ইহা বলিলা কেমনে।
চোর ধরিলেহ[১১] এত না কহে বচনে॥২॥৩৯১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৩৬ সংখ্যক পদ।

২। 'দেখি' স্থলে 'দিল' ক—চ। 'দিল' ক্রিয়ার কর্ত্তৃ-পদ না থাকায় এবং 'দিল' পাঠ স্বীকার করিলে 'বদন-কমলে কিবা তাম্বুল শোভিত।' ইত্যাদি পরবর্ত্তী চরণ-দ্বয়ে 'প্রক্রম-ভঙ্গ' দোষ ঘটে বলিয়া 'দেখি' পাঠই সমীচীন বোধ হয়।

৩। 'ঘায়ে' স্থলে 'দাগ' প-র-সা।

৪। 'বিন্ধিত' স্থলে 'বিদিত' ক, গ, চ, প-র-সা। 'বিদিত' পাঠে কোন অর্থ হয় না; 'বিন্ধিত' পাঠে সুন্দর অর্থ হয় এবং উহা প্রাচীনতম খ, ঘ পুথিতে দৃষ্ট হয়; সুতরাং উহাই সমীচীন পাঠ বটে।

৫। 'নহি' স্থলে 'নহে' ক—গ, চ, প-র-সা।

৬। 'দেখিলাম' স্থলে 'দেখিল' ক; 'দেখিলাঙ' গ, চ।

৭। 'এই সব রীত' স্থলে 'সব বিপরীত' প-র-সা।

৮। 'কাজ' স্থলে 'সাধ' ক।

৯। 'রহু' প-র-সা।

১০। 'রহু' প-র-সা।

১১। 'ধরিলেহ' স্থলে 'ধরিলেও' ক, গ, চ, প-র-সা।

রামকেলি।১

শুন শুন সুনয়নি আমার যে রীত।
কহিলে প্রতীত নহে জগতে বিদিত॥
তুমি না মানিবে তাহা আমি ভালে[২] জানি
এতেক[৩] না কহ ধনি অসঙ্গত বাণী॥
সঙ্গত[৪] হইলে ভাল শুনি পাই সুখ[৫]।
অসঙ্গত[৬] হইলে পাইয়ে বড় দুখ[৭]॥
মিছা কথায় যত পাপ[৮] জানহ আপুনি[৯]
জানিয়া না মানে যেই সেই ত[১০] পাপিনী॥
পরে পরিবাদ[১১] দিলে ধরমে[১২] সবে কেনে।
তাহার এমত বাদ হইবে তখনে॥
চণ্ডীদাস বোলে যেবা মিছা কথা কবে[১৩]।
সেই সে ঠেকিবে পাপে তোমার কি[১৪] যাবে॥
॥৩॥৩৯২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৩৭ সংখ্যক পদ।

২। 'ভালে' স্থলে 'ভাল' ক, গ, প-র-সা।

৩। 'এতেক' স্থলে 'এতেকে' ঘ, চ।

৪। 'সঙ্গত' স্থলে 'সঙ্গতি' ক।

৫। 'সুখ' স্থলে 'সুখ' ঘ।

৬। 'অসঙ্গত' স্থলে 'অসঙ্গতি' ক।

৭। 'দুখ' স্থলে 'দুখ' ঘ।

৮। 'পাপ' স্থলে 'দোষ' প-র-সা।

৯। 'আপুনি' স্থলে 'আপনি' ক—গ, প-র-সা।

১০। 'সেই ত' স্থলে 'সেই সে' প-র-সা।

১১। 'পরিবাদ' স্থলে 'পরবাদ' খ—চ।

১২। 'ধরমে' স্থলে 'ধরম' চ।

১৩। 'যেবা মিছা কথা কবে' স্থলে 'যদি মিছা বল্যা থাকে' ঘ, চ।

১৪। 'কি' স্থলে 'কিবা' প-র-সা।

বিভাষ।১

হেদে হে নিলজ২ বন্ধু লাজ নাহি বাসো৩।
বিহানে পরের বাড়ী কোন লাজে আইসো৪ ॥
বুক মাঝে দেখি তোমার কঙ্কণের দাগ।
কোন কলাবতী৫ আজি পাইয়াছিল লাগ ॥
নখ-পদ বিরাজিত রুধিরে পূরিত।
আহা মরি কিবা শোভা করিলে ভূষিত৬ ॥
কপালে সিন্দুর-রেখা অধরে৭ কাজল।
সে ধনী-বিরহে৮ তোমার আঁখি ছল-ছল ॥
দ্বিজ চণ্ডীদাসে কহে শুন বিনোদিনি।
না ছুইহ ইহার আমি সব রঙ্গ জানি৯ ॥৪॥৩৯৩

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৩৮ সংখ্যক পদ।

২। 'নিলজ' স্থলে 'নিলাজ' ক, গ।

৩। 'বাসো' স্থলে 'বাস' ক—গ।

৪। 'আইসো' স্থলে 'আস' ক—গ; 'আসো' প-র-সা।

৫। 'কলাবতী' স্থলে 'কুলবতি' ঘ, চ।

৬। 'করিলে ভূষিত' স্থলে 'কৈলে বিভূষিত' ঘ।

৭। 'অধরে' স্থলে 'নয়ানে' খ—চ, প-র-সা।

৮। 'বিরহে' স্থলে 'বিহনে' ক।

৯। 'না ছুইহ' ইত্যাদি স্থলে 'না ছুইহ তুমি ইহার সব রঙ্গ জানি ॥' ক—চ।

ধানশী।১

না কর না কর ধনি এত অপমান।
তরুণী হইয়া কেনে একে দেখ আন ॥
বংশী পরশি আমি শপতি২ করিয়ে।
তোমা বিনে দিবা নিশি কিছু না জানিয়ে ॥
ফাগু-বিন্দু দেখিয়া সিন্দুর-বিন্দু কহ।
কণ্টকে কঙ্কণ-দাগ মিছাই ভাবহ৩ ॥
এত কহি বিনোদ নাগর চলিতে চায় ঘর৪।
চণ্ডীদাস কহে রাই কাঁপে থর-থর৫ ॥৫॥৩৯৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৩৯ সংখ্যক পদ।

২। 'শপতি' স্থলে 'শপথ' ক—গ, প-র-সা।

৩। 'মিছাই ভাবহ' স্থলে 'মিছুই লেখহ' প-র-সা।

৪। 'চলিতে চায় ঘর' স্থলে 'চলি যায় ঘরে' ঘ, চ।

৫। 'থর-থর' স্থলে 'থর থরে' ঘ, চ।

সুহই।১

ছল করি বাণি কতয়ে পরলাপসি
তোহারি বচন পরমাণ।
চারি পহর রাতি জাগিয়া পোহায়লুঁ
আয়লি রাতি-বিহান ॥

মাধব আজি বড় দেয়লি দুখ।
আগে ইহ আরতি না বুঝিয়া অব তোহে
হেরি[৩] পায়লুঁ বড় সুখ ॥ধ্রু॥
ভালহি সিন্দুর কাজরে পূরল
বদনহি দশনক রেখ।
হেরইতে তোহে লাজ মোহে হোয়ত[৪]
যাবক-রাগ পরতেক ॥
কমলিনি পাই সরস-রসে[৫] ভুললি
না বুঝলি মালতি-গন্ধ।
কহই গোপাল- দাস নাহি সমুঝলি
কী[৬] ফুলে কিয়ে[৭] মকরন্দ ॥৬॥৩৯৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৪০ সংখ্যক পদ।

২। 'পহর' স্থলে 'প্রহর' ক—গ, চ, প-র-সা।

৩। 'হেরি' স্থলে 'হরি' ঘ।

৪। 'হোয়ত' স্থলে 'লাগত' প-র-সা।

৫। 'সরস-রসে' স্থলে 'সব রস সে' ক; 'সব সরসে' প-র-সা।

৬। 'কী' স্থলে 'কি' ক—ঘ, প-র-সা।

৭। 'ফুলে কিয়ে' স্থলে 'কুলে কহে' প-র-সা।

টীকা

৫—৭। "মাধব আজি" ইত্যাদি। হে মাধব! আজ বড় দুঃখ দিয়াছ; আগে তোমার এই আসক্তি বুঝিতে না পারিয়া (ঐ দুঃখ পাইয়াছি); এখন তোমাকে (অন্য নায়িকার সম্ভোগের চিহ্ন অঙ্গে ধারণপূর্ব্বক এথায় উপস্থিত) দেখিয়া (তুমি তোমার প্রিয়তমার সহিত সুখে রজনী যাপন করিয়াছ জানিয়া) নিতান্ত সুখী হইলাম। (বিদ্রূপোক্তি)।

তথা রাগ।১

অন্তরে রাইক গোপন মান।
ইঙ্গিত-বচনহিঁ[২] সমুঝল কান ॥
কত ছল-বচনহিঁ সাধল তায়।
তাকর শ্রবণহিঁ কছু নাহি ভায় ॥
খেণে খেণে[৩] বাঢ়ল কোপ-তরঙ্গ।
কহইতে বচনহিঁ[৪] বচন-বিভঙ্গ ॥
বুঝল নাগর সো পরকার।
বিনতি-বচন নাহি শুনব আর ॥
চরণ-যুগল ধরি ভাঙ্গিয়ে মান।
ঐছন মনহিঁ বিচারল কান ॥
তব ধনি মানিনি পরিহরি গেল।
কহ মোহন অব বিপরিত ভেল ॥৭॥৩৯৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৪১ সংখ্যক পদ।

২। 'ইঙ্গিত-বচনহিঁ' স্থলে 'ইঙ্গিতে বচনহিঁ' ক—গ।

৩। 'খেণে খেণে' স্থলে 'ক্ষণে ক্ষণে' ক—গ, প-র-সা; 'ক্ষেণে ক্ষেণে' ঘ।

৪। 'বচনহিঁ' স্থলে 'বদনহিঁ' ক, খ।

তথা রাগ।১

মন মাহা কোপ বেকত নাহি ভেল।
ঐছন মানিনি ঘর মাহা গেল ॥
গুণি গুণি[২] মাধব চলু নিজ-বাস।
দ্বন্দ্ব পড়ল অব না পূরল আশ ॥
মনহিঁ বিচারয়ে রসময় কান।
কৈছনে আজুক টুটব মান ॥
নিরজনে বৈঠিয়া রহল[৩] মুরারি।
তেজল গোঠক[৪] গমন বিহারি ॥
সুবল সখা সঞে যুগতি দঢ়াই।
যোই মনোরথ পূরব তাই ॥
কি কহব মোহন ও পরসঙ্গ[৫]।
কত কত চাতুরি রভস-তরঙ্গ[৬] ॥৮॥৩৯৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৪২ সংখ্যক পদ।

২। 'গুণি গুণি' স্থলে 'গণি গণি' প-র-সা।

৩। 'রহল' স্থলে 'রসিক' প-র-সা।

৪। 'গোঠক' স্থলে 'গোকুল' গ—চ, প-র-সা।

৫। 'পরসঙ্গ' স্থলে 'সব রঙ্গ' খ, ঘ।

৬। 'রভস-তরঙ্গ' স্থলে 'ভরল তরঙ্গ' প-র-সা।

তত্রান্তরে মিলনম্‌।

কামোদ।[১]

গোরখ জাগাই শিঙ্গাধ্বনি করতহি[২]
জটিলা ভীখ আনি দেই[৩]।
মৌনি যোগেশ্বর মাথ হিলায়ত
তবহি[৪] ভীখ নাহি লেই[৫] ॥
জটিলা কহত তব কা[৬] তুহুঁ মাগত[৭]
যোগী কহত বুঝাই।
তেরে বধু হাত ভীখ হাম লেয়ব
তুরিতহি দেহ পাঠাই ॥
পতি-বরতা বিনু[৮] ভিখ যব লেয়ব[৯]
যোগি-বরত হোয়ে নাশ।
তাকর বচন শুনিতে তনু পুলকিত[১০]
ধাই কহল বধু পাশ ॥
দ্বারে যোগিবর পরম মনোহর
জানি বুঝলুঁ অনুমানে।
বহুত যতন করি রতন-থারি ভরি[১১]
ভীখ দেহ তছু ঠামে ॥
শুনি ধনি রাই আই করি উঠল
যোগি নিয়ড়ে হাম যাব।
জটিলা কহত যোগি নহ আন-মত
দরশনে হোয়ব লাভ ॥
গোধুম-চূর্ণ পূর্ণ থারি পর[১২]
কনক-কটোরি ভরি[১৩] ঘিউ।
কর যোড়ি[১৪] রাই লেহ করি ফুকরই
তাহে হেরি থর-হরি জিউ ॥
যোগী কহত[১৫] ভীখ নাহি[১৬] লেয়ব
মুখ-বচন[১৭] এক চাই।
নন্দ-নন্দন পর যো অভিমান সো[১৮]
মাফ করহ হাম[১৯] যাই ॥
শুনি ধনি[২০] রাই চীরে[২১] মুখ ঝাঁপল
ভেখধারি নটরাজ।
গোবিন্দদাস কহ নটবর-শেখর
সাধি চলত মনকাজ ॥৯॥৩৯৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৪৩ সংখ্যক পদ।

২। 'করতহি' স্থলে 'শুনইতে' ক, গ; 'কহতহি' প-র-সা।

৩। 'দেই' স্থলে 'দেল' ক, প-র-সা।

৪। 'তবহি' স্থলে 'বুঝল' ক।

৫। 'লেই' স্থলে 'নেল' ক, প-র-সা।

৬। 'কা' স্থলে 'কাহা' ক—গ, প-র-সা।

৭। 'তুহুঁ মাঙ্গত' স্থলে 'তুহুঁ মাগত' ক—গ, চ; 'তোম মাঙ্গত' প-র-সা।

৮। 'বিনু' স্থলে 'বিনে' ঘ, প-র-সা।

৯। 'যব লেয়ব' স্থলে 'লেঙ যব' চ; 'লেউ যব' গ।

১০। 'তাকর বচন' ইত্যাদি স্থলে 'তাক বচন শুনি তে তনু পুলকিত' গ, চ।

১১। 'থারি ভরি' স্থলে 'থারি পুরি' প-র-সা।

১২। 'পূর্ণ থারি পর' স্থলে 'পূর্ণ করি থারহি' ঘ।

১৩। 'কটোরি ভরি' স্থলে 'কটোরহি' ঘ, চ।

১৪। 'যোড়ি' স্থলে 'যোড়ে' ক—গ, প-র-সা।

১৫। 'কহত' স্থলে 'কহত হাম' ক—গ, চ, প-র-সা।

১৬। 'নাহি' স্থলে 'না' চ।

১৭। 'মুখ-বচন' স্থলে 'তুয়া মুখ-বচন' ক, খ; 'মুখক বচন' গ; 'মুখক বচন' চ।

১৮। 'অভিমান সো' স্থলে 'অভিমানসি' খ, প-র-সা; 'অভিমানল' ঘ, চ।

১৯। 'হাম' স্থলে 'ঘর' ক, প-র-সা।

২০। 'শুনি ধনি' স্থলে 'শুনইতে' প-র-সা।

২১। 'চীরে' স্থলে 'চিনি' প-র-সা।

টীকা

১—৪। "গোরথ জাগাই" ইত্যাদি। (যোগি-বেশধারী শ্রীকৃষ্ণ) গোরক্ষক-গণকে জাগাইয়া শিঙ্গার ধ্বনি করা মাত্র (দ্বারে ভিক্ষুক আসিয়াছে জানিয়া) জটিলা ভিক্ষা আনিয়া দিল; যোগী মৌনী অর্থাৎ মৌন-ব্রতাবলম্বী বলিয়া, মাথা নাড়িলেন,—তখন ভিক্ষা লইলেন না।

১৭—২০। "শুনি ধনি" ইত্যাদি। শ্রীরাধা শুনিয়া (লজ্জা হেতু) 'আই!' 'আমি যোগীর কাছে যাইব!' বলিয়া উঠিলেন; জটিলা বলিলেন,—যোগী অন্যের মত নহে; (তাঁহার) দর্শনে (পুণ্য) লাভ হইবে।

ধানশী।[১]

জটিলা শাশ ফুকরি তহিঁ বোলত
বহুরি বেরি কাহে থাড়ি।
ললিতা কহত অমঙ্গল শূনল[২]
সতি পতি-ভয় অব[৩] গাঢ়ি॥
শুনি কহে জটিলা ঘটিল কি[৪] অকুশল[৫]
ঘর সঞে বাহির হোয়।
বহুরিক পাণি পাণি ধরি হেরই
কিয়ে অকুশল কহ মোয়॥
যোগেশ্বর ফেরি বহুরি-[৬] পাণি ধরি
কুশল করব বনদেব[৭]।
এহ[৮] এক অঙ্ক বঙ্ক নিশঙ্কহু[৯]
বনহিঁ[১০] পশু-পতি সেব॥
পূজক মন্ত্র তন্ত্র[১১] বহু আছয়ে
সো ইহ কছু নাহি জান।
জটিলা কহ আন দেব কাহাঁ[১২] পাওব
তুহুঁ বিজ কর ইথে[১৩] দান॥
এত কহি দুহুঁক মন্দিরে পরবেশল
দুহুঁ জন ভেল এক ঠাম।
মনমথ মন্ত্র পঢ়াওল দুহুঁ জনে
পূরল দুহুঁ মনকাম॥
পুন দুহুঁ জন মন্দির সঞে নিকসল
জটিলা সনে কহে[১৪] ভাখি।
যব ইহ গৌরি- আরাধনে যাওব
বিধবা জন ঘরে রাখি॥
এত কহি সবহুঁ চলল নিজ মন্দিরে
যোগি-চরণে পরণাম।
বিদ্যাপতি কহ নটবর-শেখর
সাধি[১৫] চলল মনকাম॥১০॥৩৯৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৪৪ সংখ্যক পদ।

২। 'শূনল' স্থলে 'শুনলুঁ' ক—গ; 'শুনত' প-র-সা।

৩। 'অব' স্থলে 'অতি' ক।

৪। 'কি' স্থলে 'কিয়ে' গ—চ, প-র-সা।

৫। 'অকুশল' স্থলে 'অমঙ্গল' প-র-সা।

৬। 'বহুরি' স্থলে 'বহুরিক' ক—গ।

৭। 'বনদেব' স্থলে 'বলদেব' প-র-সা।

৮। 'এহ' স্থলে 'ইহ' ক—গ।

৯। 'নিশঙ্কহু' স্থলে 'বিশঙ্কউ' ক; 'নিশঙ্কউ' খ—চ।

১০। ‘বনহি’ স্থলে ‘বনহুঁ’ ক—চ; ‘উ বনহি’ প-র-সা।

১১। ‘পূজক মন্ত্র তন্ত্র’ স্থলে ‘পূজনক মন্ত্র তন্ত্র’ গ; ‘পূজাক তন্ত্র মন্ত্র’ প-র-সা।

১২। ‘কাহাঁ’ স্থলে ‘কাহে’ ক।

১৩। ‘ইথে’ স্থলে ‘ইহ’ ক—গ, চ, প-র-সা।

১৪। ‘কহে’ স্থলে ‘কহি’ ক।

১৫। ‘সাধি’ স্থলে ‘সারি’ প-র-সা।

টীকা

১—৪। “জটিলা শাশ” ইত্যাদি। শ্রীরাধার শাশুড়ী জটিলা তখন ডাকিয়া বলিতেছেন,—“বউ, তুমি এতক্ষণ কি জন্য রহিয়াছ?” ললিতা বলিতেছেন,—“(পতির) অমঙ্গল শুনিয়াছে,—সতীর পতির জন্য এখন বড়ই আশঙ্কা (হইতেছে)”।

৫—৮। “শুনি কহে” ইত্যাদি। জটিলা বলেন,—“কি অমঙ্গল ঘটিল?” (তিনি) ঘর হইতে বাহির হইলেন; (যোগীকে বলিলেন)—“বধূর হাতখানা হাতে ধরিয়া দেখিয়া, কি অমঙ্গল, আমাকে বলুন।”

৯—১২। “যোগেশ্বর’ ইত্যাদি। যোগীশ্বর পুনরায় বধূর হাত ধরিয়া (কর-রেখা দৃষ্টি করিয়া) বলিলেন,—“(ভয় নাই), বনদেব মঙ্গল করিবেন। এই একটা রেখা নিতান্তই বক্র অর্থাৎ বিরুদ্ধ; (বধূ) বনে পশু-পতির (প্রসিদ্ধ অর্থে মহাদেবের; গূঢ় অর্থে গোপালক শ্রীকৃষ্ণের) সেবা (এক অর্থে—পূজা; গূঢ় অর্থে—মনোরঞ্জন) করুন।

১৩—১৬। “পূজক” ইত্যাদি। যোগীশ্বর জটিলাকে শুনাইয়া স্বগত-ভাবে বলিতে লাগিলেন,—“পূজার ত অনেক তন্ত্র-মন্ত্র আছে,—এ ত সে সব কিছুই জানে না!” জটিলা শুনিয়া বলিলেন,—“অন্য গুরু কোথায় পাইব,—আপনিই ইহাকে বীজ-মন্ত্র দান করুন।”

১৭—২০। “এত কহি” ইত্যাদি। ইহা বলিয়া জটিলা উভয়কে (নির্জ্জন) মন্দিরে প্রবেশ করাইলেন; উভয়ে সম্মিলিত হইলেন। কন্দর্প উভয়কে মন্ত্র পড়াইলেন অর্থাৎ কন্দর্পের বাঞ্ছিত সম্ভোগ-কেলির জন্য প্রণোদিত করিলেন; উভয়ে মনোবাঞ্ছা পূর্ণ করিলেন।

পঠমঞ্জরী।১

সবহুঁ আপন ভবনে গেল।
সুবদনি-চিতে চমক ভেল॥
নাসা পরশি রহল ধন্দ।
ইষত হাসয়ে বয়ন-চন্দ॥
সখি হে অপরুপ বর কান।
কাহাঁ গেও[২] মঝু সে হেন[৩] মান॥
যে[৪] কিছু কয়ল রসিক-রাজ।
কহিতে অবহুঁ বাসিয়ে লাজ॥
বিদ্যাপতি কহে ঐছন কান।
দাস গোবিন্দ ও[৫] রস ভাণ॥১১॥৪০।

ইতি নবম-পল্লবঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৪৫ সংখ্যক পদ।

২। ‘গেও’ স্থলে ‘গেয়ো’ চ।

৩। ‘সে হেন’ স্থলে ‘সো হন’ প-র-সা।

৪। ‘যে’ স্থলে ‘সো’ ক—গ।

৫। ‘ও’ স্থলে ‘এ’ ক, খ।

পুনশ্চ খণ্ডিতা। প্রকারান্তরং যথা।

শ্রীগৌরচন্দ্র।

বিভাষ।১

সহজে গৌর প্রেমে গর-গর
ফিরাওল[২] যুগল আঁখি।
দামিনী সহিতে সুন্দর জলদে
অরুণ-কিরণ দেখি॥

উঠিল ভাবের তরঙ্গের[৩] রঙ্গ
সম্বরি না পারি চিতে।
কহে কি লাগিয়া কেবা[৪] সাজাইয়া
কেন কৈল হেন রীতে॥
এ রাধামোহন কহে বৃষভানু-
সুতা-রসে পহুঁ[৫] ভোর।
হেন ছলে বুলে উদ্ধারে সকলে
কিছু না হইল মোর ॥১॥৪০১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৪৬ সংখ্যক পদ।

২। 'ফিরাঞা' স্থলে 'ফিরাইয়া' ঘ, চ, প-র-সা।

৩। 'তরঙ্গের' স্থলে 'তরঙ্গে' ঘ।

৪। 'কেবা' স্থলে 'কিবা' ক।

৫। 'পহুঁ' স্থলে 'ভেল' ক, চ।

টীকা

১—৪। "সহজে গৌর" ইত্যাদি। গৌরাঙ্গ স্বভাবতঃই প্রেমে বিহ্বল; তিনি চক্ষু ফিরাইয়া বিদ্যুৎ-সম্বলিত সুন্দর মেঘে অরুণের কিরণ দেখিলেন।

৫—৮। "উঠিল" ইত্যাদি। গৌরাঙ্গের চিত্তে (খণ্ডিতা-রসোচিত) ভাবের তরঙ্গ-উচ্ছ্বাস উদিত হইল, তিনি তাহা সম্বরণ করিতে পারিলেন না;—তিনি বলিতে লাগিলেন,—"কে (নায়িকা) কি জন্য (আমার প্রাণনাথকে) সাজাইয়া এরূপ করিয়াছে?" (শ্রীগৌরাঙ্গ শ্যামল জলধরকে শ্রীকৃষ্ণ, তড়িৎকে তাঁহার পীত ধড়া ও তৎসংলগ্ন অরুণ-কিরণকে প্রতি-পক্ষ-নায়িকার সম্ভোগ-জনিত সিন্দুর ও আল্‌তার দাগ মনে করিয়া, অভিমানী হইয়া ঐরূপ বাক্য বলিতেছেন)।

তথা রাগ।১

মধু-ঋতু রজনি[২] উজাগরি নাগরি
নাগর মিলনক আশে।
সো সব আনত আন-মত হোয়ল
ভৈগেল তবহি নৈরাশে॥
অপরুপ প্রেমক রীত।
নিজ মন্দিরে ধনি গমন করল পুন
নাহ পন্থে উপনীত॥ ধ্রু॥
হেরল নাহ- বদন যব সুবদনি
নাগর সচকিত ভেল।
ধনি কহে শুন বর- নাগর-শেখর
আজু রজনি কাহাঁ গেল॥
সুন্দর সিন্দুর- বিন্দু ভাল পর
কিয়ে অপরুপ ভেল[৩] শোভা।
অধর সুরঙ্গ রঙ্গ অব হেরিয়ে
তছু পর মৃগমদ-আভা॥
উরে যাবক হেরি দুখিত হৃদয়ে মরি[৪]
কোন রমণি অছু কেল।
রাধামোহন দাস কিয়ে বোলব
পিরিতি-দন্দ অব ভেল ॥২॥৪০২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৪৭ সংখ্যক পদ।

২। 'রজনি' স্থলে 'যামিনী' ক—গ।

৩। 'অপরুপ ভেল' স্থলে 'ভেল অপরুপ' ক—গ, প-র-সা।

৪। 'হৃদয়ে মরি' স্থলে 'হৃদয় মোরি' খ, ঘ, চ।

কেদার।১

ভাল হৈল আরে[২] বন্ধু আইলা সকালে।
প্রভাতে দেখিলুঁ[৩] মুখ দিন যাবে ভালে॥
বন্ধু তোমার বলিহারি যাই।
ফিরিয়া দাঁড়াও তোমার[৪] চাঁদ-মুখ চাই॥ ধ্রু[৫]॥

আই আই পড়িছে[৬] রূপ কাজরের শোভা।
ভালে সে সিন্দুর তোমার মুনির মনলোভা॥ ·
খর-নখ-দশনে[৭] অঙ্গ জর-জর ।
ভালে সে[৮] কঙ্কণ-দাগ হিয়ার উপর ॥
নীল পাটের শাড়ি কোঁচার[৯] বলনি।
রমণী-রমণ হৈয়া বঞ্চিলা রজনি ॥
সুরঙ্গ যাবক রঙ্গ উরে ভাল সাজে।
এখন কহ মনের কথা আইলা কিবা কাজে[১০] ॥
চারি পানে[১১] চাহে নাগর আঁচলে[১২] মুখ মোছে।
চণ্ডীদাসের লাজ ধুইলে না[১৩] ঘুচে ॥৩॥৪০৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৪৮ ও প-র পুথির ২০।১৮ সংখ্যক পদ। 'কেদার' স্থলে 'ললিত' প-র-সা; 'বিভাষ' প-র।

২। 'আরে' স্থলে 'অহে' প-র।

৩। 'দেখিলুঁ' স্থলে 'দেখিল' ক; 'দেখিলাঙ' চ; 'দেখিলাম' প-র-সা; 'দেখিলে' প-র।

৪। 'দাঁড়াও তোমার' স্থলে 'ডাঁড়াও তোমার' ঘ, চ; 'দাঁড়াও হে একবার' প-র-সা।

৫। ক, ঘ, চ পুথিতে 'ধ্রু' চিহ্ন নাই।

৬। 'পড়িছে' স্থলে 'পড়্যাছে' প-র।

৭। 'দশনে' স্থলে 'দংশনে' ক; 'দশন' ঘ, চ; 'দরশনে' প-র-সা।

৮। 'ভালে সে' স্থলে 'ভালে' চ।

৯। 'কোঁচার' স্থলে 'তোমার' প-র-সা।

১০। 'এখন কহ' ইত্যাদি পংক্তি স্থলে 'অধর দংশন রাগ বদনহিঁ রাজে॥' প-র।

১১। 'পানে' স্থলে 'পাসে' প-র-সা।

১২। 'আঁচলে' স্থলে 'আঁচরে' গ, প-র-সা।

১৩। 'না' স্থলে 'সে' প-র-সা।

রামকেলি।১

কলধৌত-কান্তি-কলেবর গোরি[২]।
কান্তক কত দুখ না জানসি থোরি ॥
কৈতব না কহ এ তুয়া কান।
কোপে করসি তুহুঁ কত মত ভান ॥
কুসুমিত-কাননে জাগলু তুয়া লাগি।
কেবল করণ উচিত হিয়ে লাগি ॥
কুসুমক হার কয়লুঁ কত রাধে।
কণ্ঠে করসি যদি পূরয়ে সাধে ॥
কপট না কর ইথে কোপিনি থোর[৩]।
কাতর অন্তর না করহ মোর[৪] ॥
কামিনি কুকরম কতয়ে হামারি।
কহ রাধামোহন পহুঁকর হারি[৫] ॥৪॥৪০৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৪৯ সংখ্যক পদ।

২। 'গোরি' স্থলে 'গৌরী' ক, গ।

৩। 'থোর' স্থলে 'থোরি' ক, গ, চ, প-র-সা।

৪। 'মোর' স্থলে 'মোরি' ক, গ, চ, প-র-সা।

৫। 'পহুঁকর হারি' স্থলে 'পহুঁক বলিহারি' ক, প-র-সা; 'পহুক বহারি' চ।

টীকা

৫—৬। "কুসুমিত কাননে" ইত্যাদি। রাধামোহন ঠাকুর স্বকৃত টীকায় লিখিয়াছেন,—"এখন কহ মনের কথা ইত্যস্য প্রত্যুত্তরং 'কেবল করণ উচিত হিয়ে লাগি' ইত্যাদিনা কৃতম্।" অর্থাৎ পূর্ব্বপদে শ্রীরাধা শ্রীকৃষ্ণকে "এখন কহ মনের কথা আইলা কিবা কাজে" জিজ্ঞাসা করায়, তিনি উহার প্রত্যুত্তরে বলিতেছেন যে,—আমি কুসুমিত-কাননে তোমার জন্য রজনী জাগরণ করিয়াছি; (উহার প্রতিদানে আমাকে) কেবল হৃদয়ে লগ্ন করা তোমার উচিত বটে। "হিয়ে লাগি" শব্দ-দ্বয়ের অর্থ "হৃদিলগ্নতা", রাধামোহন ঠাকুরের কৃত পরবর্ত্তী পদের টীকায় লিখিত হইয়াছে; যথা,—"পূর্ব্বগীতে হৃদি-

লগ্নতা-কুসুম-হার-গ্রহণপ্রার্থনাং কুর্ব্বন্তং শ্রীকৃষ্ণং প্রতি আকুল ইত্যাদিনা তদ্বারয়তি।"

১১—১২। "কামিনি কুকরম" ইত্যাদি। হে সুন্দরি! আমার (না জানি) কত পাপ আছে! (নতুবা তুমি আমার প্রতি এরূপ সন্দেহযুক্ত হইবে কেন?) রাধামোহন কহিতেছেন,—(এ স্থলে) প্রভুরই পরাজয় (হইল)।

বিভাষ।১

আকুল চিকুর২ চূড়োপরি৩ চন্দ্রক
ভালহিঁ সিন্দুর দহনা।
চন্দন-চান্দ মাহা৪ মৃগমদ লাগল৫
তাহে৬ বেকত তিন নয়না॥
মাধব অব তুহুঁ শঙ্কর দেবা।
জাগর-পুণ-ফলে প্রাতরে৭ ভেটলুঁ
দুরহি৮ দূরে রহু সেবা॥ ধ্রু॥
চন্দন-রেণু- ধূসর৯ ভেল সব তনু
সোই ভসম-সম ভেল১০।
তোহারি বিলোকনে মঝু মনে মনসিজ১১
মনরথ১২ সঞে জরি গেল১৩॥
তবহুঁ১৪ বসন ধর কাঁহে দিগম্বর১৫
শঙ্কর নিয়ম উপেখি।
গোবিন্দদাস কহই পর-অম্বর১৬
গণইতে১৭ লেখি না লেখি॥৫॥৪০৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৮০ ও প-র পুথির ২০১৮ সংখ্যক পদ। 'বিভাষ' স্থলে 'ধানসী' প-র-সা; 'তোড়ি' প-র।

২। 'চিকুর' স্থলে 'অলক' প-র।

৩। 'চূড়োপরি' স্থলে 'চূড়ে পরি' ঘ; 'চূড়ে পর' প-র-সা; 'চূড়ে শিখি' প-র।

৪। 'চান্দ মাহা' স্থলে 'চন্দ্রমাহা' ক; 'চান্দ মাঝে' প-র-সা।

৫। 'মৃগমদ লাগল' স্থলে 'লাগল মৃগমদ' ক, প-র।

৬। 'তাহে' স্থলে 'তেঞি' প-র।

৭। 'প্রাতরে' স্থলে 'প্রাতহি' প-র।

৮। 'দুরহি' স্থলে 'দুরহুঁ' প-র।

৯। 'ধূসর' স্থলে 'ভূষণ' প-র।

১০। 'ভেল' স্থলে 'ভেলা' প-র-সা।

১১। 'মনে মনসিজ' স্থলে 'মন মনমথ' প-র; 'মন মনরথ' প-র-সা।

১২। 'মনরথ' স্থলে 'মনোরথ' ক—ঘ, প-র; 'মনমথ' প-র-সা।

১৩। 'গেল' স্থলে 'গেলা' প-র-সা।

১৪। 'তবহুঁ' স্থলে 'অবহুঁ' প-র-সা, প-র।

১৫। 'দিগম্বর' স্থলে 'দিগাম্বর' ঘ, প-র-সা, প-র।

১৬। 'কহই পর-অম্বর' স্থলে 'কহই অন্যাম্বর' গ; 'কহ কাহে পরাম্বর' প-র-সা।

১৭। 'গণইতে' স্থলে 'গলইতে' ক।

টীকা

১—৪। পূর্ব্বপদে শ্রীকৃষ্ণ কৌশলপূর্ণ বাক্যে শ্রীরাধার আলিঙ্গন প্রার্থনা করায়, কৃষ্ণৈকপরায়ণা শ্রীরাধা তাঁহাকে আলিঙ্গন করিতে পারেন না,—ইহা প্রমাণিত করার জন্য শ্রীরাধাও কৌশলে শ্রীকৃষ্ণের শঙ্করত্ব প্রতিপাদন করিয়া বলিতেছেন,—"আকুল চিকুর" ইত্যাদি। তোমার কেশ-পাশ আলুলায়িত, (সুতরাং জটাবৎ প্রতীয়মান;) চূড়ার উপরে ময়ূর-পুচ্ছ (সর্প-ফণাকৃতি); ললাটে সিন্দূর অগ্নিস্বরূপ; ললাটের শ্বেত-চন্দন-ফোঁটার মধ্যে কৃষ্ণ-বর্ণ মৃগমদ-বিন্দু লগ্ন হইয়াছে,—তাহাতে তৃতীয় নয়ন প্রকাশিত হইল।

৫—৭। "মাধব অব" ইত্যাদি। হে কৃষ্ণ! এখন তুমি শঙ্কর হইয়াছ; আমার রাত্রি-জাগরণের পুণ্য-ফলে প্রাতেই (শঙ্কর-রূপী) তোমার দর্শন হইল; (ক্ষুদ্র মানবী আমার) দূর হইতে দূরে থাকিয়া প্রণতি রহিল

৮—১১। "চন্দন-রেণু" ইত্যাদি। চন্দন-রেণু দ্বারা তোমার সকল অঙ্গ ধূসর-বর্ণ হইয়াছে; উহাই ভস্মের ন্যায় (প্রতীয়মান) হইল; তোমার দৃষ্টি-পাতে আমার হৃদয়ের বাসনা কন্দর্পের সহিত দগ্ধ হইয়া গেল।

১২—১৫। "তবহুঁ বসন" ইত্যাদি। তথাপি অর্থাৎ সর্ব্বপ্রকারে তুমি শঙ্কর তুল্য হইলেও দিগম্বর অর্থাৎ নগ্ন শঙ্কর তুমি কি জন্য নিয়ম লঙ্ঘন করিয়া বসন পরিধান করিয়াছ? গোবিন্দদাস (সময়োচিত রসিকতা সহকারে) বলিতেছেন,—পরের বসন গণনার মধ্যে ধরাও যায়, নাও ধরা যায়। (অর্থাৎ শ্রীকৃষ্ণ ভ্রমবশতঃ প্রাতে প্রতিপক্ষ-নায়িকার সুনীল বসন পরিধান করিয়া আসিয়াছেন, তাঁহার শ্যাম অঙ্গে সেই বসন প্রায় অদৃশ্যের মত হইয়া তাঁহাকে নগ্নবৎই দেখাইতেছে; তথাপি যদি উহাকে বসন বলিয়া ধরা যায়, তাহা হইলেও পরের বসনে পরের কোন ন্যায্য স্বত্ব না থাকায় শ্রীকৃষ্ণকে দিগম্বরই বলা যাইতে পারে।)

সুহই।১

সহজই গোরি রোখে তিন লোচন
কেশরি জিনি মাঝ২ খীণ।
হৃদয় পাষাণ বচনে অনুমানিয়ে
শৈল-সুতাকর৩ চীন॥
সুন্দরি অব৪ তুহুঁ চণ্ডি-বিভঙ্গ।
যব হাম শঙ্কর তুয়া নিজ কিঙ্কর
মোহে দেয়বি৫ আধ অঙ্গ॥ধ্রু॥
কালিয় কুটিল ভাঙু-যুগ-ভঙ্গিম৬
সম্বরু তাকর দম্ভ।
পশুপতি-দোখে রোখ নাহি সমুঝিয়ে
হাম নহ শুম্ভ নিশুম্ভ॥
দহন৭ মনোভবে তোহি৮ জিয়ায়বি
ইষত-হাস বর দানে।
তুয়া পরসাদে বাদ সব খণ্ডয়ে৯
গোবিন্দদাস পরমাণে॥৬॥৪০৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৮১ ও প-র পুথির ২০।৯ সংখ্যক পদ। 'সুহই' স্থলে 'কামোদ কিম্বা সুহই' ক, গ, চ; 'তোড়ি' প-র।

২। 'জিনি মাঝ' স্থলে 'জিনিয়া মাঝ' ক—গ; 'মাঝহি' প-র।

৩। 'শৈল-সুতাকর' স্থলে 'শৈলসুতা করি' ক, গ, প-র-সা।

৪। 'অব' স্থলে 'আজু' খ, গ।

৫। 'মোহে দেখবি' ক, প-র-সা, প-র।

৬। 'ভাঙু-যুগ-ভঙ্গিম' স্থলে 'ভাঙ ভুজঙ্গম' ক—গ, চ, প-র-সা; 'ভাঙু ভুজঙ্গম' ঘ।

৭। 'দহন' স্থলে 'মদন' চ।

৮। 'তোহি' স্থলে 'তুহুঁ' ক—গ, চ, প-র-সা; 'মোহে' প-র।

৯। 'খণ্ডয়ে' স্থলে 'খণ্ডব' প-র।

টীকা

১—৪। "সহজই গোরি" ইত্যাদি। শ্রীকৃষ্ণ তর্কস্থলে শঙ্করত্ব স্বীকার করিয়া লইয়া, কৌশলে শ্রীরাধার গৌরীত্ব প্রতিপাদন করিয়া প্রত্যুত্তরে বলিতেছেন,—তুমি স্বভাবতঃই গৌর-বর্ণা (অর্থাৎ গৌরী), ক্রোধে (তোমার) তিন চক্ষু হইয়াছে; অর্থাৎ সাধারণ লোকে দুইটি চক্ষু দ্বারা যাহা দেখিতে পায় না, এরূপ অনেক বস্তুও তুমি এখন রাগের বশে দেখিতেছ; গৌরী ক্ষীণ-মধ্য কেশরীকে পরাজিত (অর্থাৎ পদানত) করিয়াছিলেন; তোমারও ক্ষীণ কটি কেশরীকে (অর্থাৎ কেশরীর ক্ষীণ কটিকে) কৃশতায় পরাজিত করিয়াছে; তোমার হৃদয় যে পাষাণ, তাহা তোমার (নিষ্ঠুর) বাক্যেই অনুমান হইতেছে;—(এ সমস্তই) পাষাণ-নন্দিনীর চিহ্ন বটে।

৫—৭। "সুন্দরি অব" ইত্যাদি। হে সুন্দরি! এখন তুমি চণ্ডীর (এক অর্থে—গৌরীর, অন্য অর্থে কোপন-স্বভাব নায়িকার) প্রকৃতি ধারণ করিয়াছ; যখন আমি শঙ্কর তোমার নিজ দাস,—(তখন) গৌরীর ন্যায় আমাকে তোমার অর্দ্ধ অঙ্গ প্রদান করিতে হইবে!

৮—১১। "কালিয় কুটিল" ইত্যাদি। (তুমি কুটিল কৃষ্ণের উপর ক্রুদ্ধ হইয়াছ; এই দেখ), তোমার ভ্রূ-যুগলের ভঙ্গী কেমন কৃষ্ণ ও কুটিল,—তুমি তাহার দর্প চূর্ণ কর অর্থাৎ তোমার কুটিল কৃষ্ণ ভ্রূ-যুগলের বক্রতা দূর করাইয়া আমার প্রতি সরল-ভাবে দৃষ্টি-পাত কর। পশু-পতির (এক অর্থে মহাদেবের,—অন্য অর্থে গো-পালকের,—ব্যঙ্গার্থ দ্বারা—নির্ব্বোধের) দোষে (গৌরী তোমার) ক্রোধ সঙ্গত বোধ করি না,—আমি ত শুম্ভ নিশুম্ভ নহি!

১২—১৫। "দহন মনোভবে" ইত্যাদি। দগ্ধ কন্দর্পকে ঈষৎ হাস্যরূপ বর প্রদান করিয়া তুমিই পুনর্জ্জীবিত করিবে; তোমার প্রসন্নতায় সকল বিপৎ বিদূরিত হয়,—(এ সম্বন্ধে) গোবিন্দদাসই প্রমাণ। (গোবিন্দদাস পূর্ব্বে শাক্ত ছিলেন, তিনি প্রৌঢ় বয়সে কুল-দেবতা ভগবতীর স্বপ্নাদেশে বৈষ্ণব-মন্ত্রে দীক্ষিত হইয়া দারুণ রোগ হইতে অব্যাহতি লাভ করেন; ইহাই কি এ স্থলে ইঙ্গিতে বুঝাইতেছেন?)

ভূপালী।[১]

রজনি গোঙায়লি রতি-সুখ[২] সাধে।
বিহানে তেজলি তাহে কোন অপরাধে॥
সোই চণ্ডি তুহুঁ শঙ্কর দেব।
তনু-আধ দেয়ব[৩] তাহে যাই সেব॥ ধ্রু[৪]।
কি কহব যে সব কয়লি তুহুঁ কাজ।
লাজ পায়বি অব রঙ্গিণি-সমাজ॥
ভাগল সহচরি না বোলই কোই।
পালটি চলল[৫] মুখে আঁচর গোই॥
বসন হেরি অঙ্গে ভাঙ্গল দ্বন্দ্ব[৬]।
পুন কি কহব তোহে কৈতব ছন্দ॥
গোবিন্দদাস চললি আগুসারি।
আয়ল মন্দিরে কোই লখই না পারি॥

॥৭॥৪০৭॥

ইতি উত্তর প্রত্যুত্তরপ্রকরণং দশম-পল্লবঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৫০ সংখ্যক পদ। 'ভূপালী' স্থলে 'যথা' প-র-সা।

২। 'রতি-সুখ' স্থলে 'অতি সুখ' প-র-সা।

৩। 'দেয়ব' স্থলে 'দেই' ক—গ।

৪। খ, ঘ ছাড়া অন্যান্য পুথিতে 'ধ্রু' চিহ্ন নাই।

৫। 'চলল' স্থলে 'চল' ক।

৬। 'দ্বন্দ্ব' স্থলে 'ছন্দবন্দ' প-র-সা।

টীকা

৫—৬। "কি কহব" ইত্যাদি। তুমি যে সকল কার্য্য করিয়াছ, কি বলিব? (বলিলে) এখন আমার সুরসিকা সহচরীদিগের নিকট লজ্জা পাইবে।

৭—৮। "ভাগল সহচরি" ইত্যাদি। সহচরীরা পৃষ্ঠ-ভঙ্গ দিল; কেহই কিছু বলিতেছে না; (তোমার অবস্থা দেখিয়া হাস্যোদয় হওয়ায়) তাহারা অঞ্চল দ্বারা মুখ ঢাকিয়া (হাস্য গোপন করিয়া) ফিরিয়া চলিল।

৯—১০। "বসন হেরি" ইত্যাদি। (তুমি যতই বল না কেন), তোমার দেহে (প্রতিপক্ষ-নায়িকার) বসন দেখিয়া, (প্রত্যক্ষ প্রমাণ অখণ্ডনীয় বলিয়া) আমার সন্দেহ-ভঞ্জন হইয়াছে। আবার তোমাকে (মন রাখার জন্য) কি কপট কথা বলিব?

১১—১২। "গোবিন্দদাস" ইত্যাদি। (সখী-স্থানীয়) গোবিন্দদাস (অগত্যা) অগ্রসর হইয়া (শ্রীকৃষ্ণের পথ প্রদর্শন করিয়া) চলিলেন; (শ্রীকৃষ্ণ) নিজের মন্দিরে গমন করিলেন,—কেহই তাঁহাকে দেখিতে পাইল না; (এ অবস্থায় অন্যে তাঁহাকে দেখিতে

পাইলে, নিশ্চিতই অপ্রতিভ হইতে হইবে বলিয়া তিনি গুপ্তভাবে গৃহে প্রবেশ করিলেন)।

—

অথ অধীরা মধ্যাস্বভাবেন যথা।

খণ্ডিতা।

তত্র শ্রীগৌরচন্দ্র।

সুহই।[১]

আরে মোর আরে মোর গৌরাঙ্গ রায়।
পুরুব প্রেমভরে মৃদু চলি যায়॥
অরুণ নয়ন মুখ বিরস হইয়া।
কোপে কহয়ে পহুঁ গদ-গদ হিয়া॥
জানলুঁ[২] তোহারে তোর কপট পিরীতি।
যা সঞে বঞ্চিলা নিশি তাহাঁ কর নতি॥
এত কহি গৌরাঙ্গের গর-গর মন।
ভাবের তরঙ্গে যেন নিশি-জাগরণ॥
কহে নরহরি রাধার ভাবে[৩] হৈল হেন।
পাই আশোয়াস বঞ্চিত হৈল যেন॥

॥১॥৪০৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৫১ সংখ্যক পদ।

২। 'জানলুঁ' স্থলে 'জানিলুঁ' ঘ।

৩। 'রাধার ভাবে' স্থলে 'রাধাভাবে' ক—গ, প-র-সা।

টীকা

৯—১০। "কহে নরহরি" ইত্যাদি। পদ-কর্তা নরহরি বলিতেছেন যে, খণ্ডিতা শ্রীরাধার ভাবে বিভাবিত হওয়ায়, শ্রীগৌরাঙ্গের এ অবস্থা ঘটিয়াছে; যে হেতু তিনি (শ্রীকৃষ্ণাগমনের) আশ্বাস পাইয়া (তাঁহার দর্শনে) বঞ্চিত হইয়াছেন।

তথা রাগ।[১]

যামিনি জাগি　　অলস দিঠি-পঙ্কজে[২]
কামিনি-অধরক রাগ।
বান্ধুলি-অরুণ　　অধরে ভেল[৩] কাজর
ভাল পরি[৪] অলতক-[৫]দাগ॥
মাধব দূর কর কপট সুনেহ[৬]।
হাতক কঙ্কণ　　কিয়ে দরপণে হেরি[৭]
চল তুহুঁ তাকর গেহ[৮]॥ধ্রু॥
সো স্মর-সমর[৯]-　　সুধীর কলাবতি
রতি-রণে বিমুখ[১০] না ভেল।
নখর কৃপাণে　　হানি উর অন্তর[১১]
প্রেম-রতন হরি নেল॥
প্রেম-ধন-হীন[১২]　　পুরুষে অব[১৩] কো ধনি
জানি করব বিশোয়াস।
গুণ বিনু হার　　সাখি এক তুয়া হিয়ে[১৪]
দোসর গোবিন্দদাস॥২॥৪০৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৮৩ ও প-র পুথির ২০।১৩ সংখ্যক পদ। 'তথা রাগ' স্থলে 'শ্রীরাগ' প-র।

২। 'দিঠি-পঙ্কজে' স্থলে 'দিঠি কুঞ্চিত' প-র।

৩। 'অধরে ভেল' স্থলে 'অধর ভরি' প-র-সা; 'অধরে ভরু' প-র।

৪। 'ভাল পরি' স্থলে 'ভালোপরি' ক—গ; 'ভালেহি' প-র-সা; 'উর পর' প-র।

৫। 'অলতক' স্থলে 'অলকত' খ, গ।

৬। 'সুনেহ' স্থলে 'সুলেহ' ক—খ, চ; 'সীলেহ' প-র-সা; 'সিনেহ' প-র।

৭। 'কিয়ে দরপণে হেরি' স্থলে 'দরপণে হেরিয়ে' প-র-সা; 'দরপণে কি হেরব' প-র।

৮। 'চল তুহুঁ' ইত্যাদি স্থলে 'চলহ পালটি তছু গেহ' প-র।

৯। 'স্মর-সমর' স্থলে 'সব সম্বন্ধ' প-র-সা।

১০। 'বিমুখ' স্থলে 'বিমুখী' প-র-সা।

১১। 'উর অন্তর' স্থলে 'উরু অম্বরে' প-র-সা।

১২। 'প্রেম-ধন-হীন' স্থলে 'প্রেমধনবিহীন' ক—গ; 'প্রেমরতনহিন' ঘ।

১৩। 'পুরুষে অব' স্থলে 'পুরুখবর' প-র-সা।

১৪। 'গুণ বিনু' ইত্যাদি স্থলে 'বিনি গুণে হার সাখি তুয়া হৃদি মাহা' প-র।

টীকা

৫—৭। "মাধব" ইত্যাদি। হে মাধব! তুমি কপট অনুরাগ পরিত্যাগ কর অর্থাৎ কৃত্রিম অনুরাগ প্রকাশ করিও না; হাতের কঙ্কণ কি দর্পণ দ্বারা দেখিতে হয়? (তুমি যে অপর নায়িকায় আসক্ত, তাহা প্রত্যক্ষ করা হইয়াছে; সুতরাং) তুমি সেই নায়িকার গৃহে যাও।

১২—১৫। "প্রেম-ধন-হীন" ইত্যাদি। (তোমার ন্যায়) প্রেম-ধনশূন্য নায়ককে এখন জানিয়া শুনিয়া কোন্ নায়িকা বিশ্বাস করিবে? (যদি বল, আমি যে বিশ্বাস-ঘাতক, তাহার কি প্রমাণ আছে?) তোমার বক্ষঃস্থিত বিনা সূতার (আরক্তিম নখ-ক্ষত-সমূহের) হারই উহার একটি সাক্ষী,—গোবিন্দদাস অপর সাক্ষী।

ললিত।১

কোপহৃদয়ে মঝু-২ অঙ্গ না হেরসি
ভাল ভাঁতি আঁখি পসারি।
খল-জন-বচনহিঁ কছু নাহি শুনসি
সাঁচহুঁ বচন হামারি॥
মানিনি যব কোপ করি৩ অন্তরায়।
গুণ অবগুণ ভাল মন্দ বিচারণ৪
তবহি বুঝন৫ ভাল যায়॥ধ্রু॥
ঐছন ভাঁতি নিজ৬ নয়ন-কোণে পুন৭
হেরসি হামারি নয়ান৮।
হামারি হৃদয় হৃদয়ে অবধারিয়৯
নখ-পদ অছু অনুমান॥
ইথে যদি দোষ- লেশ তুহুঁ পায়বি
তবহুঁ১০ করবি১১ অপমান।
রাধামোহন-পহুঁ কহ নহ আন-মত
যথি তুহুঁ একই পরাণ॥৩॥৪১০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৫২ সংখ্যক পদ।

২। 'মঝু' স্থলে 'মোর' ঘ।

৩। 'করি' স্থলে 'করবি' ক—গ।

৪। 'বিচারণ' স্থলে 'বিচারল' ক।

৫। 'বুঝন' স্থলে 'বুঝলু' ক; 'বুঝল' প-র-সা।

৬। 'নিজ' প-স স্থলে 'পুন' ক—চ।

৭। 'পুন' স্থলে 'নিজ' ক—চ; 'পুন' প-র-সা।

৮। 'নয়ান' প-স স্থলে 'বয়ান' ক—চ, প-র-সা।

৯। 'হামারি হৃদয় হৃদয়ে অবধারিয়' প-স স্থলে 'হামারি হৃদয়ে হৃদয় অবধারিয়ে' ক—গ।

১০। 'তবহুঁ' স্থলে 'তবহি' ক—গ, চ, প-র-সা।

১১। 'করবি' স্থলে 'করহি' ক; 'করহ' প-র-সা।

টীকা

১—১৫। রাধামোহন ঠাকুরের স্বকৃত টীকা; যথা,—"পুনরতিশয়ং সান্ত্বনয়ং 'কোপ হৃদয়ে মঝু অঙ্গ না হেরসি' ইত্যাদিনা তৎপ্রত্যুত্তরং করোতি। হে মানিনি! যদা কোপং ত্যক্ত্বা জনো বিচারং করোতি, তদা ভদ্রাভদ্রং বিবেক্তুং শক্নোতি। নিজসখীখল-বচনাৎ কোপবতী সতী মদঙ্গানি ন পশ্যসি তথা নিবেদনানি ন বিচারয়সি, অতঃ 'ঐছন ভাঁতি' কোপং ত্যক্ত্বা নিজনয়নকোণেন মম নয়নং পশ্যসি তথা তেন নয়নেন 'হামারি হৃদয়' মদ্বক্ষো দৃষ্ট্বা হৃদয়ে স্বমনসি অবধানং কৃত্বা বিচারং কৃত্বা নখপদং নখচিহ্নং কিং 'অছু' কুঙ্কুমচিহ্নং বা অনুমানং কুরু। 'ইথে' অত্র যদি মম দোষলেশং পশ্যসি তদাবমানং কর্ত্তব্যং উভয়-

নয়নেন দর্শনে সতি মানভঞ্জনং ভবিষ্যতীতি ভাবঃ। পক্ষে 'হামারি হৃদয় হৃদয়ে অবধারিয়' ইত্যনেন অধুনা ত্বয়ানুগ্রহং কৃত্বা নিজহৃদি মম হৃদয়াবধারণে কৃতে যদ্যেবং দোষং পশ্যসি তদাবমানং কর্ত্তব্যম্। পক্ষে চ 'নয়নকোণে হেরসি' ইত্যত্র পুনঃ শব্দেন এতাদৃশং মাং পুনর্দৃষ্ট্বা 'তবহুঁ করবি অপমান' অপগতং মানং কর্ত্তব্যং নিজজনস্য দোষাপবারণং কর্ত্তব্যমিতি তৃতীয়-পক্ষার্থঞ্চ বোধয়তি। অত্র সর্ব্বত্র হেতুঃ 'তুহুঁ হাম একই পরাণ' ইতি।"

অর্থাৎ শ্রীকৃষ্ণ শ্রীরাধার পূর্ব্বোক্ত 'যামিনি জাগি' ইত্যাদি উক্তির প্রত্যুত্তরে পুনরায় সানুনয়ে বলিতেছেন,—হে মানিনি! যখন লোকে ক্রোধ পরিত্যাগ করিয়া বিচার করে, তখন গুণ কিংবা দোষ, ভাল কিংবা মন্দ ভালরূপে বুঝা যায়। অতএব তুমি ঐ প্রকার কোপ পরিত্যাগ করিয়া নিজের নয়নপ্রান্তে ভাল করিয়া আমার নয়ন ও বক্ষ নিরীক্ষণ কর এবং নিজের হৃদয়ে অবধানপূর্ব্বক ইহা নখ-ক্ষত, কি কুঙ্কুম-চিহ্ন, উহা বিচার কর; যদি তাহাতে আমার কিছু-মাত্র দোষ পাও, তাহা হইলে আমাকে অপমান করিও। শ্রীকৃষ্ণের মনের ভাব এই যে, প্রেয়সী যদি একবার ভাল করিয়া আমার রূপ নিরীক্ষণ করেন, তাহা হইলে আর তাঁহার চিত্তে মান তিষ্ঠিতে পারিবে না। পক্ষান্তরে, 'অবধারিয়' শব্দের পদচ্ছেদ (অব+ধারিয়) করিলে এইরূপ অর্থ হইবে—যদি তুমি এখন অনুগ্রহ করিয়া নিজের হৃদয়ে আমার হৃদয় ধারণ করিয়া আমার দোষ দেখিতে পাও, তাহা হইলে আমাকে অপমান করিও। (বলা বাহুল্য যে, এরূপ আলিঙ্গন করিলে সাত্ত্বিক ভাবের উদয় হেতু মান তৎক্ষণাৎ বিনষ্ট হইবে); তৃতীয় প্রকার অর্থ এই যে, পূর্ব্বোক্ত প্রকারে আমাকে নিরীক্ষণাদি করিলেও যদি আমার দোষ দেখিতে পাও, তাহা হইলেও (তোমার চিত্তকে) অপগত হইয়াছে মান যাহা হইতে—এইরূপ ব্যুৎপত্তি দ্বারা অপমান অর্থাৎ মান-রহিত করিবে; কেন না, নিজের যে জন, তাহার দোষ সংগোপন করা কর্ত্তব্য। রাধামোহনের প্রভু শ্রীকৃষ্ণ বলিতেছেন,—যেখানে দুই জন অভিন্ন-হৃদয়, সেখানে (আচরণ) অন্যরূপ সম্ভবপর নহে।

সুহই।[১]

চল চল মাধব করহ পয়ান[২]।
জাগিয়া[৩] সকল নিশি আইলা[৪] বিহান[৫] ॥
হাম বনচারি রহিয়ে[৬] একসরিয়া।
না করহ চাতুরালি তুহুঁ শতঘরিয়া[৭] ॥
মিছই শপথি না করিহ[৮] মোর আগে[৯]।
কেমনে মিটায়বি ইহ রতি-দাগে ॥
যাহ চলি চঞ্চল না কর জঞ্জাল[১০]।
দগধ পরাণ[১১] দগধ কত বার[১২] ॥
বিমুখ ভেল ধনি না কহই আর[১৩]।
দাস অনন্ত অব কি কহিতে[১৪] পার ॥৪॥৪১১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৫৩ ও প-র পুথির ২০।১৫ সংখ্যক পদ। 'সুহই' স্থলে 'ধানশ্রী' প-র।

২। 'করহ পয়ান' স্থলে 'তোহে পরণাম' প-র।

৩। 'জাগিয়া' স্থলে 'গোঙাই' প-র।

৪। 'আইলা' স্থলে 'আওলি' প-র।

৫। অতঃপর প-র পুথিতে নিম্নলিখিত পংক্তি-দ্বয় দৃষ্ট হয়; যথা,—

'প্রতি অঙ্গে রতি-চিহ্ন আঁখি ঢুলু ঢুলু।
খসল কেশ বেশ মালতীর ফুল ॥'

৬। 'রহিয়ে' স্থলে 'বঞ্চি' ক; 'রহি' খ, গ; 'রহই' চ, প-র-সা; 'বঞ্চব' প-র।

৭। 'না করহ' ইত্যাদি স্থলে 'না কর চাতুরি চলহ শতঘরিয়া' ক—গ।

৮। 'করিহ' স্থলে 'কর' ক—গ, প-র-সা।

৯। 'মিছই শপথি' ইত্যাদি পংক্তিদ্বয় প-র পুথিতে নাই।

১০। 'যাহ চলি' ইত্যাদি পংক্তির পরিবর্ত্তে 'পুন পুন মাধব কি বলিব আর।' প-র।

১১। 'পরাণ' স্থলে 'শরীর' প-র।

১২। 'বার' স্থলে 'আর' ক, গ।

১৩। 'বিমুখ ভেল ধনি' ইত্যাদি ভণিতার পরিবর্ত্তে প-র পুথির পাঠ যথা,—

'চল চল মাধব চল নিজ বাস।
অতয়ে নিবেদল গোবিন্দদাস॥'

১৪। 'কহিতে' স্থলে 'করিতে' প-র-সা।

মানসী।[১]

মানিনি কর যোড়ে[২] কহি[৩] পুন তোয়।
বিনি অপরাধে বাদ দেই ভামিনি
কাহে উপেখসি মোয়॥ ধ্রু॥
তুয়া লাগি সব নিশি জাগিয়া পোহাইলুঁ
একলি নিকুঞ্জক মাহ।
তোহারি বিয়োগে হাম বন মাহা লূঠলুঁ
তুহুঁ রতি-চিহ্ন কহ তাহ॥
গোকুল-মণ্ডলে কতয়ে কলাবতি
হাম নাহি পালটি নিহারি[৪]।
নিশি দিশি তুয়া গুণ ভাবিয়ে এক-মন
কি কহব কহই না পারি॥
কোপে কমল-মুখি কছু নাহি শূনসি
তুয়া নিজ কিঙ্কর হাম।
বংশীবদন অব কত[৫] সমুঝায়ব
কোপিনি কামিনি ঠাম॥৫॥৪১২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৫৪ সংখ্যক পদ।

২। 'কর যোড়ে' স্থলে 'কর জোড়ি' ঘ।

৩। 'কহি' স্থলে 'কহ' ঘ, চ, প-র-সা।

৪। 'নিহারি' স্থলে 'নেহারি' ক—চ।

৫। 'কত' স্থলে 'কতয়ে' ক—ঘ, প-র-সা।

পঠমঞ্জরী।[১]

দূর কর মাধব কপট সোহাগ।
হাম সমুঝল সব তুয়া অনুরাগ॥
ভাল ভেল অব সে[২] মিটল সব দ্বন্দ্ব।
ভাল নহে কবহুঁ[৩] আশ-পরিবন্ধ॥
তুহুঁ গুণ-সাগর সেহ[৪] গুণ জান।
গুণে গুণে বান্ধল মদন পাঁচবাণ॥
তুরিত চলহ তাহাঁ না কর বিয়াজ[৫]।
ভ্রমর কি তেজই নলিনি-সমাজ॥
কৈতবিনি হামরা কৈতব নাহি তায়।
তোহারি বিলম্ব অব নাহিক যুয়ায়[৬]॥
বিমুখি[৭] ভেল ধনি গদ গদ ভাষ।
বিনতি না শূনল[৮] বলরামদাস॥৬॥৪১৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৫৫ সংখ্যক পদ।

২। 'অব সে' স্থলে 'অলপে' ক, গ।

৩। 'নহে কবহুঁ' স্থলে 'নহি করহি' প-র-সা।

৪। 'সেহ' স্থলে 'সো' ক; 'সেহি' চ।

৫। 'বিয়াজ' স্থলে 'বেয়াজ' ক—চ।

৬। 'যুয়ায়' স্থলে 'জুয়ায়' ক—ঘ, প-র-সা।

৭। 'বিমুখি' স্থলে 'বিমুখ' ক, চ।

৮। 'শূনল' স্থলে 'শুনয়ে' ক—গ; 'শুনই' ঘ; 'শুন' প-র-সা।

তথা রাগ।[১]

অন্তরে জানিয়া নিজ অপরাধ।
কর যোড়ে মাধব মাগে[২] পরসাদ॥
নয়নে গলয়ে লোর গদ গদ বাণী।
রাইক চরণে পসারল পাণি[৩]॥
চরণ-যুগল ধরি করু পরিহার।
রোই রোই বচন কহই নাহি পার॥
মানিনি না হেরই নাহ-বয়ান।
পদ-তলে লুঠয়ে নাগর কান॥

চরণ ঠেলি চলি⁸ যায়ত রাই।
বলরাম দাস কানু-মুখ চাই ॥৭॥৪১৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৫৬ সংখ্যক পদ।

২। 'মাগে' স্থলে 'মাগয়ে' ঘ, চ; 'মাঙ্গে' প-র-সা।

৩। 'পাণি' স্থলে 'দুহুঁ পাণি' ক—গ।

৪। 'চলি' স্থলে 'জনি' ক—গ, প-র-সা।

ভৈরবী।১

রজনি-জনিত-গুরু-জাগর-রাগ-ক-
ষায়িতমলস-নিমেষম্।
বহতি নয়নমনুরাগমিব স্ফুট-
মুদিত-রসাভিনিবেশম্ ॥
হরি হরি যাহি মাধব যাহি কেশব
মা বদ কৈতব-বাদম্।
তামনুসর সরসীরুহ-লোচন
যা তব হরতি বিষাদম্ ॥ধ্রু॥
কজ্জল-মলিন-বিলোচন-চুম্বন-
বিরচিত-নীলিম-রূপম্।
দশন-বসনমরুণন্তব কৃষ্ণ ত-
নোতি তনোরনুরূপম্ ॥
বপুরনুহরতি তব স্মর-সঙ্গর-
খর-নখর-ক্ষত-রেখম্।
মরকত-শকল-কলিত-কলধৌত-লি-
পেরিব রতি-জয়-লেখম্ ॥
চরণ-কমল-গলদলক্ত-²সিক্তমি-
দন্তব হৃদয়মুদারম্।
দর্শয়তীব বহির্মদন-দ্রুম-
নব-কিশলয়-পরিবারম্ ॥
দশন-পদং ভবদধরগতং মম
জনয়তি চেতসি খেদম্।
কথয়তি কথমধুনাপি ময়া সহ
তব বপোরেতদভেদম্ ॥
বহিরিব মলিনতরং তব কৃষ্ণ ম-
নোঽপি ভবিষ্যতি নূনম্।
কথমথ বঞ্চয়সে জনমনুগত-
মসম-শরজ্বরদূনম্ ॥
ভ্রমতি ভবানবলাকবলায় ব-
নেষু কিমত্র বিচিত্রম্।
প্রথয়তি পূতনিকৈব বধূ-বধ-
নির্দ্দয়-বালচরিত্রম্ ॥
শ্রীজয়দেব-ভণিত-রতি-বঞ্চিত-
খণ্ডিত-যুবতি-বিলাপম্।
শৃণুত সুধামধুরং বিবুধা বিবু-
ধালয়তোঽপি দুরাপম্ ॥৮॥৪১৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৫৭ ও প-র পুথির ২০।২৬ সংখ্যক পদ। 'ভৈরবী' স্থলে 'বিভাষ' প-র।

২। মুদ্রিত ও অমুদ্রিত সকল গ্রন্থে 'গলদলক্তক' পাঠ থাকিলেও উক্ত পাঠ ছন্দোভঙ্গ-দোষ-দুষ্ট বলিয়া 'গলদলক্ত' পাঠই সমীচীন বটে।

টীকা

জয়দেবের গীতগোবিন্দের টীকা ও অনুবাদ সর্ব্বত্র সুলভ বলিয়া এ স্থলে দেওয়া হইল না।

ধানশী।১

ধিক রহু মাধব তোহারি সোহাগ।
ধিক রহু যো ধনি তোহে অনুরাগ ॥
চলহ কপট শঠ না কর বেয়াজ।
কৈতব বচনে অবহুঁ কিয়ে কাজ ॥
সহজই অনলে দগধ ভেল অঙ্গ।
কাহে দেহ আহুতি-বচন-বিভঙ্গ ॥

সো ধনি কামিনি গুণবতি নারী।
হাম নিরগুণ রতি-রভসে গোঙারি ॥
সোই পুরব তুয়া হিয়-অভিলাষ।
বঞ্চলি ইহ নিশি যো ধনি পাশ ॥
পুন পুন কাহে ধরসি মঝু পায়।
তুহুঁ বহু-বল্লভ তোহে না যুয়ায় ॥
সিন্দুর কাজর ভালহিঁ তোর[২]।
ছল করি চরণে লাগায়সি মোর ॥
কহইতে রোখে অবশ ভেল অঙ্গ।
কহ বলরাম ইহ প্রেম-তরঙ্গ ॥৯॥৪১৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৫৮ সংখ্যক পদ।
২। 'তোর' স্থলে 'ভোর' চ।

সখ্যুক্তি।

গান্ধার।১

সুন্দরি অব তুহুঁ তেজসি কান।
সুখময় কেলি- নিকুঞ্জে যব পৈঠবি[২]
তব কাহাঁ রাখবি মান ॥ ধ্রু[৩] ॥
ইহ নাগর-বর[৪] রসিক-কলা-গুরু
চরণ পাকড়ি গড়ি যায়।
লঘুতর দোখহিঁ রোখ বাঢ়ায়সি
চরণহিঁ ঠেলসি তায় ॥
প্রেম-লছিমি হিয় ছোড়ল বুঝি অব
মান-অলখি[৫] পরবেশ।
গুণ বিছুরাই দোখ সব ঘোষই
আরতি ছোড়ায়ল[৬] দেশ ॥
ইহ অলখী[৭] যব তোহে ছোড়ি[৮] যাওব
তব গুণ-গণ সোঙরাব।
রোই পুন হামারি বাহু ধরি সাধবি
তব কোই নিয়ড়[৯] না যাব ॥
সহচরি এতহুঁ বচন নাহি শুনয়ে
কোপে ভরল সব অঙ্গ।
কহ বলরাম চমক মোহে লাগল
সখিক বচন ভেল ভঙ্গ ॥১০॥৪১৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৫৯ সংখ্যক পদ।
২। 'পৈঠবি' স্থলে 'বৈঠবি' ক, ঘ, চ, প-র-সা।
৩। ক, গ ও চ পুথিতে 'ধ্রু' চিহ্ন নাই।
৪। 'বর' স্থলে 'বরু' ঘ, চ।
৫। 'অলখি' স্থলে 'আলিখ' ঘ; 'অলিখ' প-র-সা।
৬। 'ছোড়ায়ল' স্থলে 'ছোড়ল' ক।
৭। 'অলখী' স্থলে 'আলিখ' ঘ; 'অলখি' প-র-সা।
৮। 'ছোড়ি' স্থলে 'ছাড়ি' প-র-সা।
৯। 'নিয়ড়' স্থলে 'নিয়ড়ে' ক--গ।

টীকা

৮—১১। "প্রেম-লছিমি" ইত্যাদি। প্রেম-রূপ লক্ষ্মী তোমার হৃদয় পরিত্যাগ করিল জানিয়া, সেখানে মান-রূপ অলক্ষ্মী প্রবেশ করিয়াছে; (সেই মান-অলক্ষ্মী) তোমাকে (শ্রীকৃষ্ণের) গুণ-সমূহ বিস্মৃত করাইয়া তাঁহার দোষসমূহ ঘোষিত করিতেছে এবং অনুরাগকে দেশ-ছাড়া করিয়াছে।

কৌ রাগিণী।১

কানুক মিনতি না মান।
মন্দিরে[২] করত পয়ান ॥
কতহুঁ করত অনুরোধ।
কছু[৩] না মানয়ে পরবোধ ॥
সহচরি কতহুঁ বুঝাই।
তাহে বিমুখি[৪] ভেল রাই ॥
রোখে চলয়ে নিজ বাস।
কি করব[৫] মোহন দাস ॥১১॥৪১৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৬০ সংখ্যক পদ। 'কৌ রাগিণী' স্থলে 'কৌ রাগ' খ; 'কৌ' ঘ।

২। 'মন্দিরে' স্থলে 'মন্দির' খ, ঘ।

৩। 'কছু' স্থলে 'কিছু' ক, গ, প-র-সা।

৪। 'বিমুখি' স্থলে 'বিমুখী' খ, ঘ; 'বিমুখ' ক, চ, প-র-সা।

৫। 'করব' স্থলে 'কহব' ক, চ, প-র-সা।

অত্রান্তরে দুর্জ্জয়-মানঃ।

তস্য মিলনম্।

তিরোথা ধানশী।১

কত রূপে মিনতি করল বর-নাহ২।
গলে পীতাম্বর ঠাড়হিঁ কর যোড়ি
তব ধনি পালটি না চাহ॥ ধ্রু৩॥
তবহুঁ৪ রসিক-রাজে সিরজিয়া মন মাঝে
গদগদ কহে আধ বাত।
পাঁচ-বদন অহি৫ মঝু পদে৬ দংশল
জরজর ভেল সব গাত॥
এত কহি নাগর কাঁপই৭ থর থর৮
মুরছি পড়ল সোই ঠাম।
কি ভেল কি ভেল বলি রাই ধাই চলি
কোরে কয়ল ঘনশ্যাম॥
শিতল৯ সলিল লেই নয়নে বয়নে দেই
নীল-বসনে করু বায়।
চেতন পাইয়া হরি উঠল অঙ্গ মোড়ি১০
উদ্ধব দাস গুণ গায়॥১২॥৪১৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৬১ সংখ্যক পদ।

২। 'বর-নাহ' স্থলে 'যুব নাহ' প-র-সা।

৩। ক—চ পুথিতে 'ধ্রু' চিহ্ন নাই।

৪। 'তবহুঁ' স্থলে 'তবহিঁ' প-র-সা।

৫। 'অহি' স্থলে 'য়হি' প-র-সা।

৬। 'পদে' স্থলে 'মুখ' ক; 'মন' খ—চ।

৭। 'কাঁপই' স্থলে 'কাঁপিয়া' ঘ।

৮। 'থর থর' স্থলে 'থর হরি' প-র-সা।

৯। 'শিতল' স্থলে 'শীতল' ক—ঘ।

১০। 'মোড়ি' স্থলে 'মোরি' খ, ঘ, চ।

টীকা

৪—১৫ পংক্তিগুলিতে ৩৮৯ সংখ্যক পদের ১১—২০ পংক্তির অনুযায়ী "রসান্তর" দ্বারা মান-ভঞ্জন বর্ণিত হইয়াছে; বিস্তৃত টীকা ৩৮৯ সংখ্যক পদে দ্রষ্টব্য।

তথা রাগ।১

দূরে গেও মানিনি-মান।
রাইক কোরে মগন২ ভেল কান॥
অরুণ উদয় ভেল দেখি অতি ভীত।
নাগর-নাগরি৩ চমকিত চীত॥
শ্যাম-করে ধরি ধনি কহে মৃদু বোল।
নিজ গৃহে চল অব নহ উতরোল॥
দেব-আরাধনে আয়ব হাম।
পুন দরশন হোয়ব সোই ঠাম॥
রসিক-শেখর তুহুঁ বিদগধ কান।
হাম অবলা গুণ-হিন৪ মতি বাম৫॥
কঠিন৬ বচন হাম যে কহলু তোয়।
ইথে কিছু অপরাধ না লহবি৭ মোয়॥
এত কহি দুহুঁ জন চলু নিজ গেহ।
মন্দিরে আয়ল৮ লখই না কেহ॥
ঐছন রসময় দুহুঁক চরীত৯।
উদ্ধব দাস হেরি হরষিত-চীত১০॥

॥১৩॥৪২০॥

ইতি একাদশ-পল্লবঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৬২ সংখ্যক পদ।

২। 'মগন' স্থলে 'গমন' ঘ।

৩। 'নাগর-নাগরি' স্থলে 'নাগরি নাগর' খ, ঘ।

৪। 'গুণ-হিন' স্থলে 'গুণহীন' ক—গ।

৫। 'মতি বাম' স্থলে 'মতিমান' প-র-সা।

৬। 'কঠিন' স্থলে 'নিঠুর' প-র-সা।

৭। 'লহবি' স্থলে 'লইবে' ঘ; 'লইবি' চ।

৮। 'আয়ল' স্থলে 'আওল' ক—গ, চ, প-র-সা।

৯। 'চরীত' স্থলে 'চরিত' ক—গ, চ, প-র-সা।

১০। 'চীত' স্থলে 'চিত' ক—গ, চ, প-র-সা।

অথ ধীরাধীরা মধ্যা খণ্ডিতা যথা।*

তত্র শ্রীগৌরচন্দ্রঃ। প্রকারান্তরং যথা।

গান্ধার।১

গোরা পহুঁ বিরলে বসিয়া।
অবনত বদন করিয়া॥
ভাবাবেশে ঢুলু ঢুলু আঁখি।
রজনি জাগিল হেন সাখি॥
বিরস-বদনে কহে বাণী।
আশা দিয়া বঞ্চিল[২] রজনী॥
কান্দিয়া কহয়ে গোরা রায়।
এ[৩] দুখ সহনে নাহি[৪] যায়॥
কাতরে কহয়ে[৫] সবিষাদ।
নরহরি মাগে পরসাদ॥ ১॥ ৪২১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৬৩ সংখ্যক পদ।

২। 'বঞ্চিল' স্থলে 'বঞ্চিলা' প-র-সা।

৩। 'এ' স্থলে 'ইহ' প-র-সা।

৪। 'নাহি' স্থলে 'না' প-র-সা।

৫। 'কহয়ে' স্থলে 'করে' ক, চ; 'করয়ে' খ, গ।

ভৈরবী।১

পশ্য শচী-সুতমনুপমরূপম্।
খণ্ডিতামৃত-রস-নিরুপম-কূপম্॥
কৃষ্ণরাগ-কৃত-মানস-তাপম্।
লীলা-প্রকটিত-রুদ্রপ্রতাপম্॥
প্রকলিত-পুরুষোত্তম-সুবিষাদম্।
কমলাকর-কমলাঞ্চিত-পাদম্॥
রোহিত-বদন-তিরোহিত ভাষম্।
রাধামোহন-কৃত-চরণাশম্॥২॥৪২২॥

১। এই পদটি ৩৭৮ সংখ্যক পদরূপে ইতিপূর্ব্বে উদ্ধৃত হইয়াছে; সুতরাং পাঠান্তর, টীকা, অনুবাদ প্রভৃতি ৩৭৮ সংখ্যক পদে দ্রষ্টব্য।

বিভাষ।১

নখ-পদ হৃদয়ে তোহারি।
অন্তর জলত[২] হামারি॥
অধরহিঁ কাজর তোর[৩]।
বদন মলিন ভেল মোর॥
হাম উজাগরি রাতি।
তুয়া দিঠি অরুণিম কাঁতি॥
কাহে মিনতি করু কান।
তুহুঁ[৪] হাম একই পরাণ॥ ধ্রু[৫]॥
হামারি রোদন-অভিলাষ।
তুহুঁ কহ[৬] গদগদ ভাষ॥
সবে[৭] নহ[৮] তনু তনু সঙ্গ[৯]।
হাম গোরি তুহুঁ শ্যাম-অঙ্গ॥
অতয়ে[১০] চলহ নিজ বাস।
কহতহিঁ গোবিন্দ দাস॥ ৩॥ ৪২৩॥

* অতঃপর ক, গ ও চ পুথিতে নিম্নলিখিত শ্লোকার্দ্ধ দৃষ্ট হয়; যথা,—
'ধীরাধীরা তু বক্রোক্ত্যা সবাষ্পং বদতি প্রিয়ম্।'

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৬৮ ও প-র পুথির ২০।১২ সংখ্যক পদ। 'বিভাষ' স্থলে 'সুহই' প-র। 'বিভাষ' শব্দের পরে খ, ঘ পুথিতে 'পঞ্চ তাল' শব্দ-দ্বয় দৃষ্ট হয়।

২। 'জলত' স্থলে 'জ্বলত' ক, গ।

৩। 'অধরহিঁ কাজর তোর' স্থলে 'অধরহিঁ কাজর জোর' প-র-সা; 'অধরে কাজর হেরি তোর' প-র। প-র পুথিতে 'অধরহিঁ কাজর' ইত্যাদি পংক্তিদ্বয় 'তুয়া দিঠি অরুণিম কাঁতি' পংক্তির পরে সন্নিবেশিত হইয়াছে।

৪। 'তুহুঁ' স্থলে 'তোহে' ঘ।

৫। প-র ব্যতীত অন্যান্য পুথিতে 'ধ্রু' চিহ্ন নাই।

৬। 'তুহুঁ কহ' স্থলে 'তুহুঁক' ক—গ; 'তুহুঁ ভেলি' প-র।

৭। 'সবে' স্থলে 'সভে' প-র-সা; 'অব' প-র।

৮। 'নহ' স্থলে 'নাহি' প-র।

৯। 'সবে নহ' ইত্যাদি পংক্তিটি প-র-সা পুথিতে 'হাম গোরি' ইত্যাদি পংক্তির পরে সন্নি-বেশিত হইয়াছে।

১০। 'অতয়ে' স্থলে 'অতএ' ঘ।

টীকা

১—১৪। ধ্রুব-কলিটির পোষকতায় অন্যান্য কলি উপন্যস্ত হইয়াছে বলিয়া প্রথমে ধ্রুব-কলিটি ব্যাখ্যাত হইতেছে,—"কাহে মিনতি" ইত্যাদি। শ্রীরাধা শ্রীকৃষ্ণকে বলিতেছেন,—তুমি কি জন্য আমার নিকট মিনতি করিতেছ,—তুমি ও আমি এক-প্রাণ; (অভিন্ন-হৃদয় ব্যক্তির নিকট মিনতি আবশ্যক হয় কি? যদি বল, আমরা যে এক-প্রাণ, তাহার প্রমাণ কি? তাই বলিতেছেন) "নখ-পদ" ইত্যাদি। তোমার হৃদয়ে নখ-ক্ষত রহিয়াছে,—কিন্তু আমার হৃদয় জ্বলিতেছে। "অধরহিঁ" ইত্যাদি—তোমার অধরে কাজল লাগিয়াছে,—কিন্তু আমার বদন মলিন হইয়াছে; (কেবল যে তোমার দেহ-স্থিত নখ-ক্ষত ও কজ্জল আমার জ্বালা ও মলিনতা উৎপাদিত করিয়াছে, তাহা নহে), "হাম উজাগরি" ইত্যাদি—আমি রজনী উজাগর করিয়াছি,—কিন্তু তোমার চক্ষু অরুণ-বর্ণ হইয়াছে। "হামারি" ইত্যাদি,—আমার রোদনেচ্ছা হইয়াছে,—কিন্তু তোমার স্বর কাঁদ-কাঁদ হইয়াছে; সুতরাং ইহা দ্বারা নিঃসন্দেহে প্রমাণিত হইতেছে যে, আমরা দুই জন অভিন্ন-প্রাণ; নতুবা একজনের দেহস্থিত কারণ দ্বারা অন্য জনের দেহে সেই কারণের নিয়মিত ফল উৎপন্ন হইবে কেন? "সবে নহ" ইত্যাদি। উভয়ের প্রাণ এক; কেবল তনুর সঙ্গে তনুর মিল নাই,—আমি গৌরাঙ্গী,—তুমি শ্যামাঙ্গ; (সুতরাং দেহের মিলন কিরূপে হইবে?) গোবিন্দদাস বলিতেছেন,—অতএব এখন নিজ-গৃহে গমন কর। "কার্য্যকারণয়োভিন্ন-দেশতায়ামসঙ্গতিঃ," এই সাহিত্যদর্পণোক্ত লক্ষণ অনুসারে এ স্থলে কার্য্য ও কারণের ভিন্ন ভিন্ন স্থানে অবস্থিতি হেতু "অসঙ্গতি" অলঙ্কার হইয়াছে।

গোবিন্দদাসের এই সুবিখ্যাত পদে জয়দেবের নিম্নলিখিত পদাংশের ছায়া দৃষ্ট হয়; যথা,—

"দশন-পদং ভবদধর-গতং মম
জনয়তি চেতসি খেদম্।
কথয়তি কথমধুনাপি ময়া সহ
তব বপুরেতদভেদম্॥"
—গীতগোবিন্দ, ৮ম সর্গ।

তথা রাগ। কন্দর্প তাল।১

কাহাঁ নখ-চিহ্ন চিহ্নলি তুহুঁ২ সুন্দরি
এহ নব৩ কুঙ্কুম-রেহ।
কাজর-ভরমে মরমে কিয়ে৪ গঞ্জসি
ঘন মৃগমদ-পদ৫ এহ॥

ভামিনি[৬] মঝু মনে লাগল ধন্দ।
অপরুপ রোখে দোখ করি মানসি[৭]
দিনহিঁ তরুণি[৮] দিঠি মন্দ ॥ ধ্রু ॥
গৈরিক হেরি বৈরি সম মানসি[৯]
উর পর যাবক-ভানে।
ফাগুক বিন্দু ইন্দু-মুখি নিন্দসি
সিন্দুর করি অনুমানে ॥
তোহারি সম্বাদে জাগি সব যামিনি[১০]
অরুণিম ভেল নয়ান[১১]।
তুহুঁ পুন পালটি মোহে পরিবাদসি
গোবিন্দ দাস পরমাণ[১২] ॥৪॥৪২৪ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৬৯ ও প র পুথির ২০।১১ সংখ্যক পদ। 'তথা রাগ' ইত্যাদি স্থলে 'তথা রাগ' প-র-সা; 'সুহই' প-র।

২। 'চিহ্নলি তুহুঁ' স্থলে 'হৃদয়ে চিনলি' প-র-সা; 'চিহ্নহ তুহুঁ' প-র।

৩। 'এহ নব' স্থলে 'ইহ নব' ক, গ, প-র-সা; 'ইহ ঘন' প-র।

৪। 'কিয়ে' স্থলে 'কাহে' প-র।

৫। 'ঘন মৃগমদ-পদ' স্থলে 'ঘন মৃগমদ-রস' ক, গ; 'ঘন মৃগমদোপ' প-র-সা; 'মৃগমদ-পদ পুন' প-র।

৬। 'ভামিনি' স্থলে 'সুন্দরি' প-র-সা, প-র।

৭। 'দোখ করি মানসি' স্থলে 'দোখ করি গঞ্জসি' চ; 'দোখে বিনু গঞ্জসি' প-র-সা; 'দোখ বিনু গঞ্জসি' প-র।

৮। 'তরুণি' স্থলে 'তরুণ' প-র-সা।

৯। 'মানসি' স্থলে 'মানিয়ে' প-র-সা।

১০। 'সব যামিনি' স্থলে 'নিশি বঞ্চলু' প-র-সা।

১১। 'নয়ান' স্থলে 'নয়ানে' প-র-সা।

১২। 'পরমাণ' স্থলে 'পরমাণে' প-র-সা।

টীকা

১—৯। "কাহাঁ নখ-চিহ্ন" ইত্যাদি পংক্তিগুলিতে নিম্নলিখিত শ্লোকের ভাব গৃহীত হইয়াছে; যথা,—

"নখাঙ্কা ন শ্যামে ! ঘনঘুসৃণরেখাততিরিয়ং
ন লাক্ষান্তঃক্রূঢ়ে পরিচিনু গিরের্গৈরিকমিদম্।
ধিয়ং ধৎসে চিত্রং বত মৃগমদেহপ্যঞ্জনতয়া
তরুণ্যাস্তে দৃষ্টিঃ কিমিব বিপরীতস্থিতিরভূৎ ॥"
—উজ্জ্বল-নীলমণি, নায়ক-ভেদ।

ধানশী ।১

জানলুঁ রে[২] হরি তোহারি[৩] সোহাগ
যাকর দেহলি রজনি গোঙায়লি[৪]
তাহিং[৫] করহ[৬] অনুরাগ ॥ ধ্রু ॥
রতি-রণ-পণ্ডিত[৭] বেশ অখণ্ডিত[৮]
ঘন ঘন মোড়সি[৯] অঙ্গ।
তে[১০] অনুমানিয়ে বেকত[১১] উজাগরি[১২]
বিঘটিত[১৩] ভামিনি-সঙ্গ[১৪] ॥
মতি অনুরূপ গতি এহ বচন সতি
আজু দেখলু পরতেক।
যো পরবঞ্চক[১৫] বিহি তাহে বঞ্চউ[১৬]
দুরজন দেখি না দেখ ॥
তুহুঁ রস-সাগর[১৭] বিদগধ নাগর[১৮]
হাম মুগধিনি[১৯] কুল-নারী।
গোবিন্দ দাস কহই তুয়া[২০] হরি সঞে[২১]
অনুনয়[২২] বুঝই না পারি ॥ ৫॥৪২৫ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৭০ ও প-র পুথির ২০।৭ সংখ্যক পদ। 'ধানশী' স্থলে 'রামকেলি' প-র-সা; 'বিভাষ' প-র।

২। 'রে' স্থলে 'এ' ক, গ, চ।

৩। 'তোহারি' স্থলে 'আপন' প-র-সা, প-র।

৪। 'গোঙায়লি' স্থলে 'পোহায়লি' ঘ, প-র-সা, প-র।

৫। 'তাহি' স্থলে 'তাহে' প-র-সা।

৬। 'করহ' স্থলে 'করত' খ, চ।

৭। 'রণ-পণ্ডিত' স্থলে 'রসে পণ্ডিত' প-র-সা।

৮। 'অখণ্ডিত' স্থলে 'বিখণ্ডিত' প-র।

৯। 'মোড়সি' স্থলে 'মোড়হ' প-র-সা।

১০। 'তে' স্থলে 'তেঞি' প-র-সা, প-র।

১১। 'বেকত' স্থলে 'নকত' প-র।

১২। 'উজাগরি' স্থলে 'উজাগরে' প-র-সা।

১৩। 'বিঘটিত' স্থলে 'বিঘটন' ক—চ।

১৪। 'ভামিনি' স্থলে 'ভাবিনী' প-র।

১৫। 'যো পরবঞ্চক' স্থলে 'যো পর বঞ্চয়ে' প-র-সা; 'যো যাহে বঞ্চই' প-র।

১৬। 'তাহে বঞ্চউ' স্থলে 'তারে বঞ্চউ' ক, গ; 'তারে বঞ্চয়ে' প-র-সা।

১৭। 'রস-সাগর' স্থলে 'বর নাগর' প-র-সা; 'সুপুরুখবর' প-র।

১৮। 'নাগর' স্থলে 'শেখর' প-র।

১৯। 'মুগধিনি' স্থলে 'মুগধা' ক, গ; 'মুগধি' চ, প-র; 'মুগধ' প-র-সা।

২০। 'তুয়া' স্থলে 'অব' ক, গ; 'তুহুঁ' প-র-সা।

২১। 'হরি সঞে' স্থলে 'অনুনয়' প-র।

২২। 'অনুনয়' স্থলে 'হরি সঞে' প-র।

টীকা

৪—৭। "রতি-রণ-পণ্ডিত" ইত্যাদি। তুমি রতি-যুদ্ধে কুশল,—(তথাপি তোমার) বেশ-ভূষা অবিলুপ্ত রহিয়াছে এবং তুমি ঘন ঘন অঙ্গ মোড়ামুড়ি দিতেছ,—ইহা হইতে তোমার নিশি-জাগরণ ও নায়িকা-সম্ভোগের বিফলত্ব সুস্পষ্ট অনুমিত হইতেছে।

৮—১১। "মতি অনুরূপ" ইত্যাদি। যাহার যেরূপ মতি, তাহার তদনুযায়ী গতি হয়—এই প্রবাদ-বাক্য অতীব সত্য,—আজ তাহা প্রত্যক্ষ দেখিলাম; যে অপরকে বঞ্চনা করে, বিধাতা তাহাকে বঞ্চনা করেন অর্থাৎ তাহাকে তাহার বাঞ্ছিত ফল ভোগ করিতে দেন না,—দুর্জ্জন ব্যক্তি ইহা দেখিয়াও দেখে না অর্থাৎ বিধাতার এই বিধানের উদ্দেশ্য বুঝিতে পারে না।

তথা রাগ। দশকুশী।[১]

রাইক চরিত বুঝিয়া[২] বরনাগর
মন মাহা কয়ল উপায়।
চরণ পাকড়ি নিজ দোখ মানাইয়ে
তব কিয়ে ধনি-রোখ যায়॥
হরি হরি অপরাধ কিছুই না জান।
যাহে লাগি শয়নে সপনে নাহি হেরিয়ে
সোই করত অবমান॥ ধ্রু[৩]॥
এত কহি রাইক চরণ ধরি বোলত
ক্ষেম ধনি মঝু অপরাধ।
ঐছন দোষ কবহুঁ হাম না করব[৪]
প্রেমে না কর[৫] ধনি বাদ॥
তবহুঁ সুধা-মুখি এতহুঁ নাহি শুনি[৬]
চরণ হেলি চলি যায়[৭]।
ভণ ঘনশ্যাম শ্যাম রোই চলতহিঁ[৮]
করবহিঁ কোন উপায়॥ ৬॥৪২৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৭১ সংখ্যক পদ। 'তথা রাগ। দশকুশী' স্থলে 'তথা রাগ' ঘ, প-র-সা।

২। 'বুঝিয়া' স্থলে 'বুঝি' ক, গ, চ, প-র-সা।

৩। ক—ঘ পুথিতে 'ধ্রু' চিহ্ন নাই।

৪। 'হাম না করব' স্থলে 'না করব' ঘ।

৫। 'কর' স্থলে 'করু' ক, গ, ঘ, চ, প-র-সা।

৬। 'এতহুঁ নাহি শুনি' স্থলে 'এতেহুঁ নাহি সুখি' ঘ; 'এতহুঁ নাহি সুখি' চ; 'এতহুঁ নাহিক শুনি' প-র-সা; 'এতহুঁ নাহিক শুন' খ।

৭। 'চরণ হেলি চলি যায়' স্থলে 'চরণ হেলি ঠেলি যায়' ক, গ, ঘ, চ; 'চরণে ঠেলিয়া দিল তায়' খ।

৮। 'রোই চলতহিঁ' স্থলে 'তুহু উপেখলি' প-র-সা।

তথা রাগ।[১]

করে কর যোড়ি মিনতি করু তো সঞে
চরণ-কমলে প্রণিপাত।
কোপে কমল-মুখি নয়নে না হেরসি
অভিমানে অবনত মাথ॥
সুন্দরি ইথে কি মনোরথ পুর।
যাচিত রতন তেজি পুন মাঙ্গন[২]
সো মীলন অতি দুর॥ ধ্রু॥
কোকিল-নাদ শ্রবণে যব শুনবি
তব কাহাঁ রাখবি মান।
কোটি কুসুম-শর হিয়া পর বরিখব
তব কৈছে ধরবি পরাণ॥
মঝু এত বচনে তোহার নাহি[৩] আরতি
হীত কহিতে কহ আন।
দারুণ দখিণ- পবন যব পরশব[৪]
তবহিঁ মিটব দুরভান॥
গুণ-গণ ছোড়ি দোষ এক সঙরসি[৫]
নিকটহিঁ কোই না যাব।
দারুণ নয়নে আরতি তব বাঢ়ব[৬]
অব ঘনশ্যাম দুখ লাভ॥৭॥৪২৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৭২ ও ৬১৫ সংখ্যক পদ।

২। 'মাঙ্গন' স্থলে 'মঙ্গল' ক—চ। 'মঙ্গল' পাঠে ভাল অর্থ হয় না, কিন্তু 'মাঙ্গন' পাঠে সুন্দর সুতরাং প-র-সা পুথি অনুসারে 'মাঙ্গন' পাঠই গৃহীত হইল।

৩। 'তোহার নাহি' স্থলে 'নাহিক তুয়া' প-র-সা।

৪। 'পরশব' স্থলে 'বরিখব' প-র-সা।

৫। 'সঙরসি' স্থলে 'সোঙরসি' ক—চ। 'সোঙরসি' পাঠ গ্রহণ করিলেও ছন্দের অনুরোধে 'সো' অক্ষরটির লঘু উচ্চারণ করা আবশ্যক; সুতরাং প-র-সা পুথির 'সঙরসি' পাঠই সমীচীন বটে।

৬। 'বাঢ়ব' স্থলে 'বাঢ়ল' ক; 'বাড়ব' প-র-সা।

টীকা

৫—৭। "সুন্দরি" ইত্যাদি। হে সুন্দরি! ইহা দ্বারা অর্থাৎ আপনা হইতে উপস্থিত শ্রীকৃষ্ণকে প্রত্যাখ্যান করিয়া তোমার কি মনোবাঞ্ছা পূর্ণ হইল? যাচিত অর্থাৎ অন্যে যাহা যাজ্ঞা করিয়া দিতে চাহিতেছে, সেইরূপ রত্নকে (আগে) পরিত্যাগ করিয়া (পরে) পুনরায় তাহার জন্য যাজ্ঞা করিলেও তাহার প্রাপ্তি সুদূর-পরাহত। "মাঙ্গন" পাঠের পরিবর্ত্তে "মঙ্গল" পাঠ ধরিলে অর্থ এইরূপ হইবে যে, যাচিত রত্নরূপ মঙ্গলকে পরিত্যাগ করিলে, পুনরায় সেই মঙ্গল-প্রাপ্তি সুদূর-পরাহত।

১৬—১৯। "গুণ-গণ" ইত্যাদি। শ্রীকৃষ্ণের গুণ-সমূহ পরিত্যাগ করিয়া কেবল তাঁহার একমাত্র দোষ মনে চিন্তা করিতেছ দেখিয়া তোমার নিকটে কেহই যাইবে না; (প্রিয়তমের গুণ-সমূহের প্রতি দৃষ্টি না করিয়া তাঁহার সামান্য একটি দোষের প্রতি তীব্র দৃষ্টিপাত হেতু) তোমার নিষ্ঠুর নয়নে (অন্যায় কার্য্যের স্বাভাবিক পরিণাম-বশতঃ) সে সময়ে (প্রিয়তমের দর্শন জন্য) অনুরাগ বৃদ্ধি পাইবে; এখন (অযথা) ঘনশ্যাম শ্রীকৃষ্ণের তথা সখী-স্থানীয় পদ-কর্ত্তা ঘনশ্যামের দুঃখপ্রাপ্তি ঘটিতেছে।

ধানশী ।১

সখিগণ মেলি বহু ভরছন কেল[২] ।
মানিনি শুনি কিছু উতর না দেল ॥
কোপে কহয়ে শুন নাগর কান ।
এতহুঁ করায়সি কাহে অপমান ॥
কাঁহে তুহুঁ পুন পুন দগধসি[৩] মোয় ।
যাহ চলি তুহুঁ[৪] যাঁহা নিবসয়ে সোয়[৫] ॥
॥৮॥৪২৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৭৩ সংখ্যক পদ। 'ধানশী' স্থলে 'ললীত' ঘ।

২। 'সখিগণ মেলি' ইত্যাদি স্থলে 'সখীগণ মেলি বহু বচন কেল' ক, প-র-সা; 'এতহুঁ কহল সব সহচরী মেল' খ, গ।

৩। 'দগধসি' স্থলে 'দগধহ' খ, ঘ, চ; 'দগধয়' প-র-সা।

৪। 'যাহ চলি তুহুঁ' স্থলে 'চলি যাহ অব' ঘ।

৫। অতঃপর প-র-সা পুথিতে নিম্নলিখিত ভণিতা দৃষ্ট হয়; যথা,—

'অতয়ে চলহ তুহুঁ যাহা নিজ বাস।
ঝুকি কহত বেরি গোবিন্দদাস॥'

সুহই।

মাধব কাঁহে কান্দায়সি হামে।
চলি যাহ সো ধনি ঠামে ॥
তোহারি হৃদয়ে অধিদেবী।
তাকর চরণ যাই সেবি ॥
যো যাবক তুয়া অঙ্গ।
ততহিঁ করহ পুন রঙ্গ ॥
সোই পুরব তুয়া কাম।
কি ফল মুগধিনি ঠাম ॥
এত কহ গদ গদ ভাষ।
ভণ রাধামোহন দাস ॥ ৯ ॥ ৪২৯ ॥

পাঠান্তর ৩৭৪ সংখ্যক পদে দ্রষ্টব্য।

ধানশী ।১

রাইক হৃদয়- ভাব বুঝি মাধব
পদতলে ধরণি লোটাই।
দুই করে দুই পদ ধরি রহু মাধব
তবহুঁ[২] বিমুখি[৩] ভেল রাই ॥
পুনহি[৪] মিনতি[৫] করু কান।
হাম তুয়া অনুগত তুহুঁ ভালে জানত
কাহে দগধ মঝু প্রাণ ॥ ধ্রু ॥
তুহুঁ যদি সুন্দরি[৬] মঝু মুখ না হেরবি[৭]
হাম যায়ব[৮] কোন ঠাম।
তুয়া বিনু জীবন কোন কাজে রাখব
তেজব আপন[৯] পরাণ ॥
এতহুঁ মিনতি[১০] কানু যব করলহিঁ[১১]
তব নাহি[১২] হেরল বয়ান।
গোবিন্দ দাস মিছই আশোয়াসল[১৩]
রোই চলল তব কান[১৪] ॥১০॥৪৩০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬১৯ ও প-র পুথির ২১।১৪ সংখ্যক পদ। 'ধানশী' স্থলে 'শ্রীরাগ' প-র।

২। 'তবহুঁ' স্থলে 'তবহিঁ' ক—গ, চ, প-র-সা।

৩। 'বিমুখি' স্থলে 'বিমুখ' ক—গ, চ, প-র-সা।

৪। 'পুনহি' স্থলে 'কাহে' প-র।

৫। 'মিনতি' স্থলে 'বিনতি' খ।

৬। 'সুন্দরি' স্থলে 'হামারি' প-র।

৭। 'মঝু মুখ না হেরবি' স্থলে 'মুখ নাহি হেরবি' প-র।

৮। 'যায়ব' স্থলে 'রহব' প-র।

৯। 'আপন' স্থলে 'পাপ' প-র।

১০। 'এতহুঁ মিনতি' স্থলে 'এতেক বিনয়' প-র।

১১। 'কানু যব করলহিঁ' স্থলে 'করলহি মাধব' প-র-সা, প-র।

১২। 'তুব নাহিঁ' স্থলে 'তবহুঁ না' প-র-সা, প-র।

১৩। 'আশোয়াসল' স্থলে 'আশোয়াসই' প-র-সা, প-র।

১৪। 'রোই চলল তব কান' স্থলে 'রোই চলত বরকান' ক, গ; 'রোই চলল বরকান' খ; 'বিমুখ চলত বরকান' প-র; 'রোই রোই চলু কান' প-র-সা।

তিরোথা ধানশী।১

রাই-অনাদর২ হেরি রসিকবর
অভিমানে করল পয়ান।
নয়নক লোরে৩ পথ লখই না পারই
পিত-বাসে৪ মুছই৫ বয়ান॥
হরি হরি নিজ অপরাধ নাহি জান।
সো হেন প্রেম গহি কথি লাগি নিরসল৬
কাহে কয়ল মুঝে মান॥ ধ্রু৭॥
মোহে৮ উপেখি রাই কৈছে জীয়ব৯
সো১০ দুখ করি অনুমান।
রসবতি-হৃদয় বিরহ-জরে জারব১১
ইথে১২ লাগি বিদরে পরাণ॥
রাইক সম্বাদ১৩ সুধা-রস-সিঞ্চনে১৪
তনু তিরপিত করু মোর।
গোবিন্দ দাস যব যতনে মিলায়ব১৫
তব যশ গাওব তোর॥১১॥৪৩১॥
ইত্যাদি খণ্ডিতা-পর্য্যায়ঃ।

ইতি দ্বাদশ-পল্লবঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬২০ ও প-র পুথির ২১।১৫ সংখ্যক পদ। 'তিরোথা ধানশী' স্থলে 'ধানশ্রী' প-র।

২। 'রাই-অনাদর' স্থলে 'রাইক অনাদর' প-র-সা।

৩। 'লোরে' স্থলে 'জলে' প-র।

৪। 'পিত-বাসে' স্থলে 'পীতবাসে' ক—ঘ, প-র-সা, প-র।

৫। 'মুছই' স্থলে 'মোছই' ক—চ।

৬। 'সো হেন … … … নিরসল' স্থলে 'ঐছন প্রেম কিসের লাগি ভাঙ্গল' প-র-সা।

৭। ক—চ পুথিতে 'ধ্রু' চিহ্ন নাই।

৮। 'মোহে' স্থলে 'মোরে' ক; 'হামে' প-র-সা।

৯। 'জীয়ব' স্থলে 'জীয়বি' প-র-সা।

১০। 'সো' স্থলে 'এ' প-র।

১১। 'জারব' স্থলে 'জরজর' ঘ। প-র পুথিতে 'রসবতি-হৃদয়' ইত্যাদি পংক্তিদ্বয় 'মোহে উপেখি' ইত্যাদি পংক্তিদ্বয়ের পূর্ব্বে সন্নিবেশিত হইয়াছে।

১২। 'ইথে' স্থলে 'তথি' প-র-সা।

১৩। 'রাইক সম্বাদ' স্থলে 'রাই সম্বাদ' ক, ঘ, গ, প-র-সা, প-র।

১৪। 'সিঞ্চনে' স্থলে 'বরিখনে' প-র।

১৫। 'গোবিন্দ দাস' ইত্যাদি পংক্তি-দ্বয়ের স্থলে,—

'নাগর করুণা শুনিতে হিয়া কাতর
গোবিন্দ দাস মন ভোর।'—প-র-সা।
'নাগর করুণা শুনিয়া হিয়া কাতর
গোবিন্দ দাস চলু ভোর।'—প-র

অথ কলহান্তরিতা।

নিরস্তো মন্যুনা কান্তো নমন্নপি যয়া পুরঃ।
সানুতাপযুতা দীনা কলহান্তরিতা ভবেৎ ॥

তদুচিত শ্রীগৌরচন্দ্রঃ।

তুড়ী।১

মান-বিরহ-ভাবে২ পহুঁ ভেল ভোর।
ও রাঙ্গা নয়নে বহে তপতহিঁ৩ লোর ॥
আরে মোর আরে মোর গৌরাঙ্গ-চাঁদ।
অখিল জীবের মনলোচন-ফাঁদ ॥ ধ্রু ॥
প্রেম-জলে ডুবু ডুবু লোচন-তারা।
প্রলাপ সন্তাপ ভাব আদি৪ ভোরা ॥
হাসিয়া কহয়ে পুন৫ ধিক মোর বুদ্ধি।
অভিমানে উপেখলুঁ কানু৬ গুণ-নিধি ॥
হইল৭ মনের দুখ কি বলিব কায়৮।
মঝু মন জীবন৯ কৈছে জুড়ায় ॥
এইরূপে উদ্ধারিলা সব নর নারী১০।
এ রাধামোহন কহে কিছু নহিল হামারি১১ ॥
॥১॥৪৩২ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬২২ ও প-র পুথির ২১।১ সংখ্যক পদ। 'তুড়ী' স্থলে 'বিভাষ' প-র।

২। 'ভাবে' স্থলে 'ভরে' ক।

৩। 'তপতহিঁ' স্থলে 'উতপত' প-র।

৪। 'আদি' স্থলে 'আদি রসে' প-র-সা ; 'আদি ভেল' প-র।

৫। 'হাসিয়া কহয়ে পুন' স্থলে 'কান্দিয়া কহে পুন' ক ; 'কহই গদগদ' প-র।

৬। 'উপেখলুঁ কানু' স্থলে 'না ভজিলু শ্যাম' প-র।

৭। 'হইল' স্থলে 'যে হৈল' ক।

৮। 'হইল ... কায়' স্থলে 'কাহারে কহিব দুখ কেবা পাতিয়ায়' প-র।

৯। 'জীবন' স্থলে 'লোচন' প-র।

১০। 'এইরূপে ... ... নারী' স্থলে 'হেনরূপে তারিল সকল সংসার।'—প-র।

১১। 'এ রাধামোহন ... ... হামারি' স্থলে 'নরোত্তম দাস কহে কি হবে আমার' প-র।

টীকা

৭—৮। "হাসিয়া কহয়ে" ইত্যাদি। শ্রীগৌরাঙ্গ নিজের কার্য্য-দর্শনে বিদ্রূপাত্মক হাস্য করিয়া বলিতেছেন,—আমার বুদ্ধিকে ধিক্! আমি কানু গুণ-নিধিকে পাইয়াও অভিমানে উপেক্ষা করিলাম।

সুহই।১

আকুল২ প্রেমে৩ পহিলে৪ নাহি হেরলুঁ
সো৫ বহু-বল্লভ কান।
আদর-সাধে৬ বাদ করি তা সঞে৭
অহনিশি জলত পরাণ ॥
সজনী তোহে কহি৮ মরমক দাহ।
কানুক দোখে যো ধনি রোখই৯
সো১০ তাপিনি জগ মাহ ॥ ধ্রু ॥
যো হাম মান বহুত করি মানলুঁ
কানুক মিনতি উপেখি।
সো অব মনসিজ- শরে ভেল জরজর
তাকর দরশ না দেখি ॥
ধৈরজ লাজ মান সঞে ভাগল১১
জীবন রহত সন্দেহ১২।
গোবিন্দ দাস কহই সতি ভামিনি১৩
ঐছন কানুক নেহ ॥ ২ ॥ ৪৩৩ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬১৩ ও প-র পুথির ২২।২ সংখ্যক পদ।

২। 'আকুল' স্থলে 'আকুল' ক। প্রাচীন পুথির 'ক' অক্ষরের সহিত 'ক' ও 'কু' অক্ষরের সাদৃশ্য

থাকায় 'আন্ধল' শব্দ অনভিজ্ঞ লিপিকর কর্ত্তৃক 'আকুল' শব্দে রূপান্তরিত হইয়াছে।

৩। 'প্রেমে' স্থলে 'প্রেম' ক, খ, ঘ, চ, প-র-সা, প-র।

৪। 'পহিলে' স্থলে 'পহিল' প-র-সা, প-র।

৫। 'সো' স্থলে 'জো' গ, চ।

৬। 'আদর-সাধে' স্থলে 'আদরে সাধি' প-র-সা।

৭। 'সঞে' স্থলে 'সহ' ক—গ, চ; 'সহে' প-র-সা।

৮। 'কহি' স্থলে 'কহ' ক, গ; 'কহোঁ' প-র।

৯। 'যো ধনি রোখই' স্থলে 'রোখই যো ধনি' প-র-সা।

১০। 'সো' স্থলে 'সোই' প-র-সা।

১১। 'ভাগল' স্থলে 'ভাঙ্গল' প-র।

১২। 'জীবন রহত সন্দেহ' স্থলে 'জীবনে রহই সন্দেহা' প-র-সা।

১৩। 'কহই সতি ভামিনি' স্থলে 'কহই ধনি ভামিনি' খ, ঘ; 'ইহ সতি ভাবিনি' প-র-সা।

টীকা

১—৪। "আন্ধল" ইত্যাদি। প্রেমে অন্ধ আমি প্রথমে দেখি নাই যে, শ্রীকৃষ্ণ বহু-বল্লভ; (শ্রীকৃষ্ণের নিকট হইতে) আদর পাইবার আশায় তাঁহার সহিত কলহ করিয়া দিবানিশি প্রাণ দগ্ধ হইতেছে।

৫—৭। "সজনী" ইত্যাদি। হে সখি! তোমাকে আমার অন্তর্দ্দাহ অর্থাৎ অন্তর্দাহ-জনক প্রাণের কথাটি বলিতেছি,—শ্রীকৃষ্ণের দোষ দেখিয়া যে নায়িকা রুষ্ট হয়, জগতে তাহার ন্যায় সন্তপ্তা আর আই।

৮—১১। "যো হাম" ইত্যাদি। যে আমি শ্রীকৃষ্ণের মিনতি অগ্রাহ্য করিয়া মানকে অধিক বলিয়া বিবেচনা করিয়াছিলাম, সেই আমি এখন কন্দর্পের শরে জর্জ্জরিত হইয়াছি,—(কিন্তু) শ্রীকৃষ্ণের দর্শনমাত্রও পাইতেছি না।

১২—১৫। "ধৈরজ" ইত্যাদি। আমার ধৈর্য্য ও লজ্জা মানের সঙ্গে পলায়ন করিয়াছে,—জীবন থাকিবে কি না, তাহাতেই সন্দেহ উপস্থিত হইয়াছে; গোবিন্দ দাস বলিতেছেন,—হে সুন্দরি! সত্যই বলিয়াছ; শ্রীকৃষ্ণের প্রেম ঐরূপই বটে।

তথা রাগ।[১]

কুলবতি কোই নয়নে জনি হেরই
হেরত পুন জনি[২] কান।
কানু হেরি[৩] জনি প্রেম বাঢ়ায়ই
প্রেম করই জনি মান ॥
সজনি অতয়ে মানিয়ে নিজ দোখ[৪]
মান-দগধ জিউ[৫] অব নাহি নিকসয়ে[৬]
কানু সঞে কি করব রোখ[৭] ॥
যো মঝু চরণ- পরশ-রস-লালসে
লাখ মিনতি মুঝে কেল।
তাকর দরশন বিনে তনু জর জর
পরশ[৮] পরশ-সম ভেল ॥
সহচরি মোহে লাখ সমুঝায়ল[৯]
তাহে না রোপলুঁ[১০] কাণ।
গোবিন্দ দাস সরস-বচনামৃতে[১১]
পুন বাহুড়ায়ব কান ॥ ৩ ॥৪৩৪ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬২৪ ও প-র পুথির ২২১৩ সংখ্যক পদ। 'তথা রাগ' স্থলে 'ধানশী' প-র।

২। 'হেরত পুন জনি' স্থলে 'পুন জনি হেরই' প-র-সা।

৩। 'হেরি' স্থলে 'হেরিয়ে' প-র-সা।

৪। 'দোখ' স্থলে 'দোষ' ক, গ।

৫। 'জিউ' স্থলে 'জীউ' ক—গ।

৬। 'অব নাহি নিকসয়ে' স্থলে 'অবহু না নিকসই' প-র-সা।

৭। 'রোখ' স্থলে 'রোষ' ক, গ।

৮। 'পরশ' স্থলে 'দরশ' প-র-সা।

৯। 'সমুঝায়ল' স্থলে 'সমুঝায়লি' প-র-সা।

১০। 'রোপলুঁ' স্থলে 'হেরলু পুন' প-র-সা।

১১। 'সরস-বচনামৃতে' স্থলে 'কহই ধনি বিরমহ' প-র-সা।

টীকা

১—৪। "কুলবতি" ইত্যাদি। কোন কুলাঙ্গনাই যেন (পর-পুরুষকে) নয়নে দেখে না; যদিও দেখে—কৃষ্ণকে যেন দেখে না; (যদি দৈবাৎ কৃষ্ণকে দেখে) তাহা হইলেও যেন (তাঁহার সহিত) প্রেম বাড়ায় না; (যদি মনকে বশে রাখিতে না পারায়) প্রেমও করে, তাহা হইলেও যেন মান করে না। পদ-কর্ত্তা এই অতুলনীয় পদাংশে কুলাঙ্গনার পর-পুরুষে আসক্তির অকথনীয় উদ্বেগ, নিখিল-নায়ক-শ্রেষ্ঠ মদন-মোহন শ্রীকৃষ্ণের অপরিসীম মোহিনী শক্তি ও তাঁহার প্রেমের একান্ত দুনিবারতা এবং কৃষ্ণ-বিরহের প্রাণান্তকর যাতনা অতি অপূর্ব্বরূপে ব্যক্ত করিয়াছেন। "পূর্ব্বং পূর্ব্বং প্রতি বিশেষণত্বেন পরং পরম্। স্থাপ্যতেঽপোহ্যতে বা চেৎ স্যাত্তদেকাবলী দ্বিধা॥" এই সাহিত্য-দর্পণোক্ত লক্ষণ অনুসারে এ স্থলে 'একাবলী' অলঙ্কার ঘটিয়াছে।

৫—৭। "সজনি অতয়ে" ইত্যাদি। হে সখি! অতএব আমি নিজের দোষ স্বীকার করিতেছি অর্থাৎ আমি কুলাঙ্গনা হইয়া যেমন তেমন পর-পুরুষ নহে, ভুবন-মোহন শ্রীকৃষ্ণকে দেখিয়াছি, দেখিয়া তাঁহার সহিত প্রেম করিয়াছি এবং প্রেম করিয়া মানও করিয়াছি; আমার মান-সন্তপ্ত প্রাণ এখনও বাহির হইতেছে না; কৃষ্ণের সঙ্গে কি কোপ করিব? শ্রীরাধার এই উক্তির তাৎপর্য্য এই যে, প্রথম হইতে শেষ পর্য্যন্ত অবিবেচনার কার্য্য করিয়া, তিনি নিজেই সকল দোষে দোষী হইয়াছেন এবং শ্রীকৃষ্ণের বিরহানলে দগ্ধ হইতেছেন; এখন প্রাণ বাহির হইলেই তিনি শান্তি লাভ করিবেন।

শ্রীরাগ।[১]

শুনইতে কানু　　মুরলি-রব-মাধুরি
　　শ্রবণে নিবারলুঁ[২] তোর।
হেরইতে রূপ　　নয়ন-যুগ ঝাঁপলু
　　তব মোহে রোখলি ভোর॥
　　সুন্দরি তৈখনে কহলম[৩] তোয়।
ভরমহি তা সঞে　　লেহ বাঢ়ায়বি[৪]
　　জনম গোঙায়বি রোয়॥ ধ্রু[৫]॥
বিনু গুণ পরখি　　পরক রূপ-লালসে
　　কাঁহে সোঁপলি নিজ দেহা।
দিনে দিনে খোয়সি[৬]　　ইহ[৭] রূপ লাবণি
　　জিবইতে ভেল সন্দেহা॥
যো তুহুঁ হৃদয়ে　　প্রেম-তরু রোপলি
　　শ্যাম-জলদ-রস আশে।
সো অব নয়ন-　　নীর দেই সীচহ[৮]
　　কহতহিঁ গোবিন্দ দাসে॥ ৪॥৪৩৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬২৫ ও প-র পুথির ২২১৪ সংখ্যক পদ। 'শ্রীরাগ' স্থলে 'সুহই' প-র।

২। 'নিবারলুঁ' স্থলে 'নিবারলোঁ' ঘ।

৩। 'কহলম' স্থলে 'কহলমো' ক; 'কহলমু' গ; 'কহল মো' চ।

৪। 'বাঢ়ায়বি' স্থলে 'বাঢ়ায়লি' ক, প-র-সা।

৫। ক, খ পুথিতে 'ধ্রু' চিহ্ন নাই।

৬। 'খোয়সি' স্থলে 'খোয়বি' ক; 'খোয়ায়বি' প-র-সা।

৭। 'ইহ' স্থলে 'হেন' প-র।

৮। 'নীর দেই সীচহ' স্থলে 'নীর ঘন সিঞ্চহ' ক; 'নীর দেই সিঞ্চহ' গ, প-র-সা; 'নীরে ঘন সিঞ্চহ' প-র।

টীকা

১২—১৫। "যো তুহুঁ" ইত্যাদি। শ্যাম-জলদের—(একার্থে কৃষ্ণবর্ণ জলধরের, অন্যার্থে

জলদ-শ্যাম শ্রীকৃষ্ণের) রসের (একার্থে জলের, অন্যার্থে অনুরাগের) আশায় তুমি হৃদয়ে যে প্রেমরূপ তরু রোপিত করিয়াছ,—তাহা অনুরাগ-রূপ রসের অভাবে মৃতপ্রায় হওয়ায়) গোবিন্দ দাস বলিতেছেন, —এখন উহা তোমার নয়নের নীর দ্বারা সেচন কর। এই উক্তির তাৎপর্য্য এই যে, জলসেক দ্বারা মৃত-প্রায় তরু যেমন সজীব ও পরিপুষ্ট হইয়া নূতন পত্র ও পুষ্প-রাজিতে সুশোভিত হয়, সেইরূপ বিরহে প্রণয়িযুগলের শোকাশ্রুর সাহায্যে প্রেমও বর্দ্ধিত হইয়া থাকে। এই স্থলে রূপক-মূলক কাব্য-লিঙ্গ অলঙ্কার ঘটিয়াছে।

সুহই।[১]

চরণে লাগি হরি হার পিন্ধায়ল
যতনে গাঁথি নিজ হাথ[২]।
সো নাহি পহিরলুঁ দূরহিঁ ডারলুঁ
মানিনি অবনত মাথ[৩]॥
সজনি কাহে মোহে[৪] দুরমতি[৫] ভেল।
দগধ[৬] মান মঝু[৭] বিদগধ মাধব
রোখে বিমুখ ভৈ গেল॥ ধ্রু[৮]॥
গিরি-ধর নাহ বাহু ধরি সাধল
হাম নাহি পালটি নেহারি[৯]।
হাতক লছিমি চরণ পর[১০] ডারলুঁ
অব কি করব পরকারি[১১]॥
সো বহু-বল্লভ সহজই দুল্লভ
দরশ লাগি মন[১২] ঝুর।
গোবিন্দদাস যব যতনে[১৩] মিলায়ব
তবহিঁ মনোরথ পূর॥৫॥ ৪৩৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬২৬ ও প-র পুথির ২২।১৮ সংখ্যক পদ। 'সুহই' স্থলে 'ধানসী' প-র-সা।

২। 'হাথ' স্থলে 'হাত' ক, গ, প-র-সা; 'হাথে' প-র।

৩। 'মাথ' স্থলে 'মাথে' প-র।

৪। 'কাহে মোহে' স্থলে 'কাহে মঝু' খ, ঘ, চ; 'বিহি মোরে' প-র।

৫। 'দুরমতি' স্থলে 'বিপরিত' প-র, প-র-সা।

৬। 'দগধ' স্থলে 'দগধি' খ—চ, প-র-সা।

৭। 'মঝু' স্থলে 'মুঝে' প-র-সা।

৮। ক—চ পুথিতে 'ধ্রু' চিহ্ন নাই।

৯। 'নেহারি' স্থলে 'নিহার' প-র-সা।

১০। 'চরণ পর' স্থলে 'চরণ পয়ে' ক, খ, ঘ, চ; 'চরণ পর' প-র-সা; 'চরণে জনু' প-র।

১১। 'পরকারি' স্থলে 'পরকার' প-র-সা।

১২। 'দরশ লাগি মন' স্থলে 'পুন দরশন লাগি' প-র।

১৩। 'যতনে' স্থলে 'আনি' প-র-সা, প-র

ধানশী।[১]

কহলম খল-জন দোখল কান[২]।
তুহুঁ অবিচারে বাঢ়ায়লি মান॥
রোখে বিমুখ[৩] যব চলু বরনাহ।
অব কাতর দিঠে মঝু[৪] মুখ চাহ॥
সুন্দরি তোহে[৫] সমুঝায়ব কোই।
অব রহ নিরজনে বন[৬] মাহা রোই॥ ধ্রু[৭]॥
সহচরি লাখ বচন করি ভঙ্গ।
হৃদয়ে ধরলি তুহুঁ মান-ভুজঙ্গ॥
কোন কুমতি দরশায়লি এহ।
জানলুঁ গরলে ভরল তুয়া দেহ॥
মদন-কুমন্ত্রে[৮] অথির[৯] ভেল সোই।
চললহি[১০] দংশি লখই[১১] নাহি কোই॥
ইথে বিনু নাগ-দমন-রসপান।
গোবিন্দদাস মণি-মন্ত্র না জান॥৬॥৪৩৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬২৭ ও প-র পুথির ২২।৮ সংখ্যক পদ।

২। 'কহলম ... কান' স্থলে 'কমল মথন জন দেখিল কান' ক; 'কহলমু খলজন দোখলি কান' গ।

৩। 'বিমুখ' স্থলে 'বিমুখি' খ, ঘ।

৪। 'মঝু' স্থলে 'সখি' প-র-সা।

৫। 'সুন্দরি তোহে' স্থলে 'সুন্দরি তুহুঁ' ক; 'মানিনি তোহে' প-র।

৬। 'বন' স্থলে 'মন' ক।

৭। প-র পুথি ছাড়া অন্যান্য পুথিতে 'ধ্রু' চিহ্ন নাই।

৮। 'কুমন্ত্রে' স্থলে 'কুমতি' খ; 'কুমন্ত্রি' ঘ, চ।

৯। 'অথির' স্থলে 'অধর' ক—চ।

১০। 'চললহি' স্থলে 'চললিহ' খ, গ, চ; 'চললিহুঁ' ঘ।

১১। 'লখই' স্থলে 'নখিল' প-র।

টীকা

১—২। "কহলম" ইত্যাদি। (আমি তোমাকে) কহিলাম,—খল ব্যক্তিগণ শ্রীকৃষ্ণের প্রতি দোষারোপ করিয়াছে; (অতএব তাহা বিশ্বাসযোগ্য নহে); কিন্তু তুমি অবিচারে অর্থাৎ কোন বিচার না করিয়া মান বাড়াইলে।

৭—৮। "সহচরি" ইত্যাদি। সখীর লক্ষ কথা অগ্রাহ্য করিয়া তুমি মান-রূপ সর্পকে হৃদয়ে ধারণ করিলে।

১১—১২। "মদন-কুমন্ত্রে" ইত্যাদি। সেই মানরূপ সর্প কন্দর্পের অনিষ্টজনক মন্ত্রে অস্থির হইল এবং তোমাকে দংশন করিয়া পলায়ন করিল,—কেহই উহাকে লক্ষ্য করিতে পারিতেছে না অর্থাৎ মদনের উত্তেজনায় তোমার মান স্থির থাকিতে না পারিয়া তোমাকে অনুতাপ-বিষে জর্জ্জরিত করিয়া সকলের অজ্ঞাতসারে অন্তর্হিত হইল।

১৩—১৪। "ইথে বিনু" ইত্যাদি। নাগ-দমনের অর্থাৎ কালিয়-দমনকারী শ্রীকৃষ্ণের (অধরামৃত) রসের পান ব্যতীত, পক্ষান্তরে সর্প-বিষ-হারক মহৌষধির রস-পান ব্যতীত গোবিন্দদাস ইহাতে (সর্প-বিষ-নাশক) মণি কিংবা মন্ত্র জানে না। 'নাগ-দমন-রসপান' বাক্যে শ্লেষ অলঙ্কার রহিয়াছে।

শ্রীগান্ধার।[১]

কি কহসি[২] মোহে নিদান।
কহইতে দহই পরাণ॥
তেজলুঁ গুরু-কুল-সঙ্গ।
পূরল[৩] দু কুল[৪] কলঙ্ক॥
বিহি মোহে দারুণ ভেল[৫]।
কানু নিঠুর ভই গেল॥
হাম অবলা মতি বাম[৬]।
না গণলুঁ[৭] ইহ পরিণাম[৮]॥
কি করব ইহ অনুযোগ[৯]।
আপন করমক দোখ[১০]॥
কবি বিদ্যাপতি ভাণ[১১]।
তুরিতে মিলায়ব কান॥ ৭॥ ৪৩৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬২৮ ও প-র পুথির ২২।৩০ সংখ্যক পদ। 'শ্রীগান্ধার' স্থলে 'যথা' প-র-সা; 'সুহই' প-র।

২। 'কহসি' স্থলে 'পুছসি' প-র।

৩। 'পূরল' স্থলে 'পূরলুঁ' ঘ।

৪। 'দু কুল' স্থলে 'দোকুল' প-র-সা 'দুকুলে' প-র।

৫। 'বিহি মোহে' ইত্যাদি পংক্তিদ্বয় প-র পুথিতে নাই

৬। 'বাম' স্থলে 'বামা' প-র-সা।

৭। 'গণলুঁ' স্থলে 'গুণলুঁ' প-র-সা।

৮। 'ইহ পরিণাম' স্থলে 'ইহ পরিণামা' প-র-সা; 'পরিণামা' প-র।

৯। 'কি করব' ইত্যাদি স্থলে 'কি কহব' ইত্যাদি ঘ; 'কাহে করসি অনুযোগে' প-র।

১০। 'দোখ' স্থলে 'ভোগে' প-র। অতঃপর প-র পুথিতে নিম্নলিখিত পংক্তি-দ্বয় দৃষ্ট হয়; যথা,—

'বহু কি পুছসি সখি আর।
উছলল সিন্ধু অপার॥'

১১। 'কবি বিদ্যাপতি' ইত্যাদি পংক্তিদ্বয়ের পরিবর্ত্তে প-র পুথির পাঠ যথা,—

'বিদ্যাপতি কবি ভান।
মান রহুক পুন যাউক পরাণ॥'

টীকা

১—২। "কি কহসি" ইত্যাদি। (সখি!) আমাকে (বিরহানলের) পরিণাম কি বলিতেছ? (আমার বর্ত্তমান অবস্থার কথা) বলিতে হৃদয় দগ্ধ হয়।

৯—১০। "কি করব" ইত্যাদি। (নিজকে নিজে) কি অনুযোগ করিব? ইহা আমার অদৃষ্টের দোষ।

ধানশী।১

কৈছে চরণে কর- পল্লব ঠেললি
মীললি২ মান-ভুজঙ্গে।
কবলে কবলে জিউ জরি যব যায়ব
তবহিঁ দেখব ইহ রঙ্গে॥
মাগো কিয়ে ইহ জীদ্দ৩ অপার।
কো অছু বীর ধীর মহাবল
পঙরি উতারব৪ পার॥ ধ্রু॥
আপনক মান বহুত করি মানলি৫
তাক মান করি ভঙ্গ।
সে৬ ঢুলহ নাহ উপেখি তুহুঁ অব৭
বঞ্চবি কাহুঁক সঙ্গ॥
সখিগণ-বচন অলপ করি মানলি
চাহসি কাহে মঝু মুখ৮।
ভণ ঘনশ্যাম শ্যাম তুহুঁ উপেখলি
দেয়লি বহুতর দুখ৯॥ ৮॥ ৪৩৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬২৯ সংখ্যক পদ। ঘনশ্যাম দাসের এই পদটির প্রথম দুইটি কলির সহিত বৃন্দাবন দাসের ৪৬৮ সংখ্যক পদের প্রথম দুইটি কলি অভিন্ন; বৃন্দাবন দাসের ৪৬৮ সংখ্যক পদটি প-র পুথির ২২।১৩ সংখ্যক পদ বটে; সুতরাং এই পদের প্রথম দুই কলির পাঠান্তর স্থলে প-র পুথির পাঠ উদ্ধৃত হইল। 'ধানশী' স্থলে 'কামদ' প-র-সা।

২। 'মীললি' স্থলে 'মিললি' ক ৪৬৮; গ, প-র-সা, প-র; 'মানিনি' ক।

৩। 'জীদ্দ' স্থলে 'জিন্দ' ক; 'জিদ' গ; 'জিধ' প-র-সা; 'জীদ্ধ' প-র।

৪। 'পঙরি উতারব' স্থলে 'পউরি উতারয়ে' ক; 'পঙরি উতরয়ে' খ—চ; 'পউরি উতারল' ক ৪৬৮।

৫। 'মানলি' স্থলে 'মানসি' ক।

৬। 'সে' স্থলে 'সো' ক, গ।

৭। 'সে ঢুলহ' ইত্যাদি পংক্তি স্থলে 'ঐছন ঢুলহ নাহ উপেখি তুহুঁ' প-র-সা।

৮। 'মুখ' স্থলে 'মুখ' ক—গ।

৯। 'দুখ' স্থলে 'দুখ' ক—গ।

টীকা

১—৪। "কৈছে চরণে" ইত্যাদি। তুমি তোমার চরণ দ্বারা শ্রীকৃষ্ণের কর-পল্লব ঠেলিয়া দিলে এবং মানরূপ ভুজঙ্গের সহিত সম্মিলিত হইলে; (ঐ মান-ভুজঙ্গের) গ্রাসে গ্রাসে অর্থাৎ দংশনে দংশনে যখন তোমার প্রাণ জ্বলিয়া যাইবে, তখন ইহার মজা দেখিতে পাইবে।

৫—৭। "মা গো" ইত্যাদি। মা গো মা! এ কি অসীম জেদ্! কে এরূপ বীর, ধীর, মহাবলবান্ ব্যক্তি আছেন, যিনি নিজে সেই (সমুদ্রবৎ) অপার জেদ্ উত্তীর্ণ হইয়া, ইহাকে পারে উত্তারিত করিবেন।

তথা রাগ।১

তিল এক২ শয়নে সপনে যো মঝু বিনে
চমকি চমকি করু৩ কোর।
ঘন ঘন চুম্বনে গাঢ় আলিঙ্গনে৪
নিঝরে ঝরয়ে বহু লোর৫ ॥
সজনী সো যদি করু নিঠুরাই৬।
না জানিয়ে কো বিধি৭ নিধি দেই লেয়ল
সো সুখ৮ করি৯ বিছুরাই ॥ ধ্রু ॥
তুহুঁ কাহে বিরস১০ বচনে মোহে মারসি
ডারসি শোককি কূপে।
মুরছিত জনে ঘা- তন নহে সমুচিত১১
জগজনে কহব১২ বিরূপে ॥
ভাঙ্গল১৩ মান. সবহুঁ জন-গঞ্জন১৪
পিরিতি পিরিতি ৫ করি বাধা১৬।
রসিক সুনাহ১৭ আপনে সুখ পায়ব
এ বড়ি মরমে মঝু১৯ সাধা ॥
সো মুখ-চান্দ হৃদয়ে ধরি পৈঠব
কালিন্দি-বিষ-হ্রদ-নীরে।
পামরি গোবিন্দ- দাস মরি যায়ব
সাজি আনল তছু তীরে ॥ ৯ ॥ ৪৪০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬৩০ ও প-র পুথির ২২।২১ সংখ্যক পদ। 'তথা রাগ' স্থলে 'সুহই' প-র-সা; 'ধানশ্রী' প-র।

২। 'তিল এক' স্থলে 'তিলে এক' খ; 'তিল আধ' প-র-সা।

৩। 'চমকি চমকি করু' স্থলে 'চমকি মোহে কর' প-র।

৪। 'ঘন ঘন' ইত্যাদি পংক্তি স্থলে 'গাঢ় আলিঙ্গনে ঘন ঘন চুম্বই' প-র।

৫। 'নিঝরে ঝরয়ে বহু লোর' স্থলে 'নিঝুরে নয়নে ঝুরে লোর' প-র-সা, 'নিঝর নয়ানে ঝরে লোর' প-র।

৬। 'করু নিঠুরাই' স্থলে 'করলি রাই' প-র-সা।

৭। 'কো বিধি' স্থলে 'কোন বিহি' প-র-সা।

৮। 'সুখ' স্থলে 'দুখ' প-র-সা; "মুঝে' প-র।

৯। 'করি' স্থলে 'কর' প-র।

১০। 'বিরস' স্থলে 'নিরসি' প-র-সা; 'নিরস' প-র।

১১। 'মুরছিত' ইত্যাদি স্থলে 'মুরছিত জনকে ঘাত নহে সমুচিত' ক; 'মুরছিত জনেরে' ইত্যাদি প-র।

১২। 'জগজনে কহব' স্থলে 'জগ ভরি ঘোষব' প-র।

১৩। 'ভাঙ্গল' স্থলে 'ভাগল' খ; 'মাঙ্গল' প-র-সা।

১৪। 'সবহুঁ জন-গঞ্জন' স্থলে 'আন জনগঞ্জন' ক—গ, চ।

১৫। 'পিরিতি পিরিতি' স্থলে 'পিরীতি পিরীতে' খ; 'পিরিতী পিরিতী' প-র-সা।

১৬। 'বাধা' স্থলে 'রাধা' প-র-সা।

১৭। 'সুনাহ' স্থলে 'সো নাহ' প-র-সা।

১৮। 'আপনে' স্থলে 'আপন' প-র-সা, প-র।

১৯। 'মঝু' স্থলে 'মোর' প-র-সা।

টীকা

১২—১৫। "ভাঙ্গল মান" ইত্যাদি। (এখন) মান ভাঙ্গিল; সকল লোক-গঞ্জনাও ভাঙ্গিল; 'পিরিতি' 'পিরিতি' বলিয়া যে বাধা অর্থাৎ প্রাণ-ত্যাগের প্রতিবন্ধক ছিল, তাহাও ভাঙ্গিল; আমার রসিকশ্রেষ্ঠ প্রিয়তম নিজে (তাঁহার বাঞ্ছিত প্রণয়িনীর সহিত নির্ব্বিবাদে প্রেম করিয়া) সুখ পাইবে—ইহা আমার মনে বড়ই সাধ ছিল; (সেই সাধ এখন পূর্ণ হইবে)।

—

গান্ধার।[১]

কি কহলি কঠিনি[২] কালি-দহে[৩] পৈঠবি
শুনইতে কাঁপই দেহা।
ঐছন[৪] বচন কানু যব শুনব[৫]
জিবনে না[৬] বান্ধব থেহা ॥
তাহে তুহুঁ[৭] বিদগধ নারী।
অনুচিত[৮] মানে দেহ[৯] যদি তেজবি
মরমহি বিরহ বিথারি[১০] ॥ ধ্রু[১১] ॥
কানুক চীত[১২] রীত[১৩] হাম জানত
কবহুঁ নহত নিঠুরাই[১৪]।
তুহুঁ যদি তাহে[১৫] লাখ গারি দেয়সি[১৬]
তবহুঁ রহত পথ[১৭] চাই ॥
ঐছন বোল না বোলবি সুন্দরি[১৮]
কাহে পরমাদসি এহ।
গোবিন্দদাসক[১৯] শপতি তোহে শত শত[২০]
যদি উদবেগ বাঢ়াহ ॥১০॥৪৪১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬৩১ ও ৬৯৯ সংখ্যক পদ। 'গান্ধার' স্থলে 'যথা' প-র-সা।

২। 'কঠিনি' স্থলে 'কঠিন' খ।

৩। 'কালি দহে' স্থলে 'কালিয়া হ্রদে' প-র-সা।

৪। 'ঐছন' স্থলে 'দারুণ' প-র-সা ৬৯৯।

৫। 'কানু যব শুনব' স্থলে 'শুনি যব নাগর' প-র-সা ৬৯৯।

৬। 'জিবনে না' স্থলে 'কৈছনে' প-র-সা ৬৯৯।

৭। 'তাহে তুহুঁ' স্থলে 'সুন্দরি তাহে তুহুঁ' প-র-সা ৬৯৯।

৮। 'অনুচিত' স্থলে 'দারুণ' প-র-সা ৬৯৯।

৯। 'দেহ' স্থলে 'প্রাণ' প-র-সা ৬৯৯।

১০। 'মরমহি বিরহ বিথারি' স্থলে 'মন মাহা বিরহ বিথারি।' প-র-সা ৬৩১; 'সবহু মরব সহচারি' প-র-সা ৬৯৯।

১১। প-র-সা পুথি ছাড়া অন্য পুথিতে 'ধ্রু' চিহ্ন নাই।

১২। 'চীত' স্থলে 'রীত' প-র-সা ৬৩১।

১৩। 'রীত' স্থলে 'চরিত' প-র-সা ৬৩১।

১৪। 'কবহুঁ' ইত্যাদি স্থলে 'তোহে কভু নহ নিঠুরাই' প-র-সা ৬৩১; 'তোহে নহত নিঠুরাই' প-র-সা ৬৯৯।

১৫। 'তাহে' স্থলে 'তাক' ক—গ, চ, প-র-সা ৬৩১।

১৬। 'তুহুঁ যদি' ইত্যাদি পংক্তি স্থলে 'দারুণ মদন-দহনে দহি যায়ত' প-র-সা ৬৯৯।

১৭। 'পথ' স্থলে 'মুখ' ক, খ, প-র-সা ৬৩১।

১৮। 'ঐছন বোল' ইত্যাদি পংক্তি স্থলে 'তুয়া বিনু কানু আন নাহি জানত' প-র-সা ৬৯৯।

১৯। 'গোবিন্দদাসক' স্থলে 'গোবিন্দ দাস কহ' ক—গ, চ, প-র-সা ৬৩১।

২০। 'গোবিন্দ দাসক' ইত্যাদি পংক্তিদ্বয় স্থলে
'রাসানন্দ বন্ধু যব মিলায়ব
সরস সুমতি জহি দেহ ॥'—প-র-সা ৬৯৯।
পদকল্পতরু গ্রন্থে 'রাসানন্দ' ভণিতাযুক্ত কোন পদ উদ্ধৃত হয় নাই; কিন্তু পদরসসার পুথিতে এই পদটি ব্যতীত রাসানন্দের কয়েকটি পদ সন্নিবেশিত হইয়াছে। এক পদরসসার গ্রন্থেই এই পদটি এক স্থানে গোবিন্দদাস ও অপর স্থলে রাসানন্দের নামে উদ্ধৃত হওয়ায় এবং ক—চ পুথিগুলিতে গোবিন্দ দাসের ভণিতা থাকায়, এই পদটি যে গোবিন্দদাসের রচিত, তাহাতে কোন সন্দেহ নাই।

পঠমঞ্জরী।[১]

হাম মরইতে তুহুঁ মরইতে চাহ।
অনুখন মঝু হিয়া তুষ-দহ[২] দাহ ॥
এ সখি কীয়ে[৩] করব পরকার।
সোঙরিতে নিকসয়ে জিবন[৪] হামার ॥

হামার বচন-দঢ়-কণ্টকে জারি[৫]।
বিদগধ নাহ গেও মুঝে ছাড়ি॥
মুঞি অতি পাপিনি কলহে[৬] বিরাজ।
জানি মোহে তেজল নাগর-রাজ॥
দারুণ প্রাণ রহ কণ্ঠহি[৭] লাগি।
বুঝলুঁ এহ মঝু করম[৮] অভাগি॥
গৌরদাস কহ না কর সন্দেহ।
তুয়া প্রেমে মীলব রসময়-দেহ॥১১॥৪৪২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬৩২ সংখ্যক পদ।

২। 'তুষ-দহ' স্থলে 'তুষানলে' প-র-সা।

৩। 'কীয়ে' স্থলে 'কিয়ে' ক—ঘ, প-র-সা।

৪। 'জিবন' স্থলে 'জীবন' ক—গ, চ।

৫। 'কণ্টকে জারি' স্থলে

প-র-সা।

৬। 'কলহে' স্থলে 'কলহি' ক।

৭। 'কণ্ঠহি' স্থলে 'কণ্ঠকি' ঘ।

৮। 'করম' স্থলে 'মরম' ক।

ধানশী॥১

সো বহু-বল্লভ সহজহি[২] ভোর।
কৈছনে বেদন জানব[৩] মোর॥
চলইতে চাহি তাহাঁ[৪] আদর ভঙ্গ।
সহই না পারিয়ে বিরহ-তরঙ্গ॥
সখি হে কাহে উপেখলুঁ কান।
না জানিয়ে দগধি চলব মোহে[৫] মান॥
সখিগণ গণইতে তুহুঁ সে সেয়ানী[৬]।
তোহে কি শিখায়ব চতুরিম বাণী॥
মঝু এত আরতি সো জনি[৭] জান[৮]।
ইথে লাগি তুয়া পায়ে সোঁপলু পরাণ॥
অব বিরচহ তুহুঁ[৯] সো পরবন্ধ।
কামুক যৈছে হোয়ে নিরবন্ধ[১০]॥
জিবইতে মোহে মিলব যব কান।
গোবিন্দদাস তব তুয়া[১১] গুণ[১২] গান॥
॥১২॥৪৪৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬৩৩ ও প-র পুথির ২২।৯ সংখ্যক পদ।

২। 'সহজহি' স্থলে 'সহজই' ক, গ, ঘ, চ, প-র-সা।

৩। 'বেদন জানব' স্থলে 'জানব বেদন' প-র; 'জানবি বেদনা' প-র-সা।

৪। 'চাহি তাহাঁ' স্থলে 'চাহি তাহা' ক, চ; 'চাহো যদি' প-র।

৫। 'চলব মোহে' স্থলে 'চলল মোহে' প-র-সা; 'চলব মুঝে' প-র।

৬। 'সখিগণ' ইত্যাদি পংক্তিদ্বয় প-র-সা পুথিতে নাই এবং প-র পুথিতে ভণিতার কলিটির পূর্ব্বে সন্নিবেশিত হইয়াছে।

৭। 'জনি' স্থলে 'যদি' প-র-সা।

৮। 'মঝু এত আরতি' ইত্যাদি পংক্তিদ্বয় প-র পুথিতে 'কামুক যৈছে' ইত্যাদি পংক্তির পরে সন্নিবেশিত হইয়াছে।

৯। 'তুহুঁ' স্থলে 'সখি' প-র।

১০। 'কামুক যৈছে' ইত্যাদি স্থলে 'কানু যৈছে হোয়ে নিরবন্ধ' প-র-সা; 'হরি যৈছে হোয়ে মোহে নিরবন্ধ' প-র। প-র পুথিতে 'সখিগণ গণইতে' ইত্যাদি (ভণিতার পূর্ব্বের) কলিটির পূর্ব্বে নিম্নলিখিত অতিরিক্ত পংক্তিদ্বয় দৃষ্ট হয়; যথা,—

'সহজই চাতুর গোপ কানাই।
অবসর বুঝি করবি চাতুরাই॥'

১১। 'তব তুয়া' স্থলে 'তোহারি' প-র-সা, প-র।

১২। 'গুণ' স্থলে 'যশ' খ—চ।

টীকা

৩—৪। "চলইতে চাহি" ইত্যাদি। (শ্রীকৃষ্ণের নিকট) যাইতে ইচ্ছা করি,—(কিন্তু) তাহাতে

গৌরব-হানি ঘটে ; (অথচ) বিরহের উচ্ছ্বাস সহ্য করিতে পারিতেছি না।

৯—১০। "মধু এত" ইত্যাদি। আমার এইরূপ আর্ত্তি অর্থাৎ উৎকণ্ঠা যেন সে জানিতে না পারে,—এই জন্য আমি (সুচতুরা) তোমার পায় আমার প্রাণ সমর্পণ করিলাম।

কামোদ।[১]

রাইক বিনয়- বচন শুনি সো সখি[২]
চললিহ শ্যামক[৩] আগে।
দূরহিঁ তাক[৪] বদন হেরি মাধব[৫]
মানল আপন সোহাগে॥
অপরুপ প্রেমকি রীত[৬]।
আদর বিনহিঁ সোই বহু-বল্লভ
দোতি[৭] নিয়ড়ে উপনীত॥ ধ্রু[৮]॥
দোতি[৯] কহত দুহুঁ[১০] কৈছন পীরিতি[১১]
রীত বুঝই নাহি পারি।
সো যদি মান- ভরমে তোহে রোখল[১২]
তুহুঁ কাহে আয়লি ছাড়ি[১৩]॥
আপনক দোষ জানসি[১৪] যদি মন মাহা
কাহে বাঢ়ায়লি বাত।
গোবিন্দদাস তোহারি লাগি মাধব
আপে চলহ মধু সাথ॥১৩॥৪৪৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬৩৪ ও প-র পুথির ২১।৮৫ ও ২২।১০ সংখ্যক পদ। 'কামোদ' স্থলে 'বথা' প-র-সা ; 'ধানশ্রী' প-র।

২। 'বিনয়-বচন শুনি সো সখি' স্থলে 'মান বিরহ জানি সহচরি' প-র; 'বিনয়-বচন শুনি সহচরি' প-র-সা।

৩। 'চললিহ শ্যামক' স্থলে 'চললহি নাগর' প-র-সা ; 'চললহি কানুক' প-র ২২।১০।

৪। 'তাক' স্থলে 'তাকর' প-র।

৫। 'মাধব' স্থলে 'শ্যামরু' প-র-সা ; 'নাগর' প-র।

৬। 'অপরুপ প্রেমকি রীত' ইত্যাদি পংক্তি-ত্রয় প-র-সা পুথিতে নাই,—কিন্তু তৎপরিবর্ত্তে নিম্নলিখিত কলিগুলি দৃষ্ট হয় ; যথা,—

'চটপটি ধুলি ঝাড়ি তব বৈঠত হেরি
দূতি আন পথে গেল।
দূতি দূতি বলি বহুত ফুকারল
শুনি দূতি উতর না দেল॥
পুনহি বোলায়ত কান।
দূতি কহত হামে কোন বোলায়ত
নাগর কহতহি হাম॥ ধ্রু॥
ঞিহা কাহে বৈঠলি মোহে বোলায়লি
তুরিতে কহত তুহু মোয়।
শ্যামা সখী মোহে তহি বোলায়ত
পিছু আসি মিলব তোয়॥
ক্ষণে রহু রহু বলি পন্থ আগোরল
কাতরে রহু মুখ চাই।
আজুক বাত তুহুঁ কিয়ে জানসি
মোহে উপেখল রাই॥'

৭। 'দোতি' স্থলে 'দূতি' ক, গ ; 'তাক' খ, প-র।

৮। প-র পুথি ব্যতীত অন্যান্য পুথিতে 'ধ্রু' চিহ্ন নাই।

৯। 'দোতি' স্থলে 'দূতি' ক—গ, প-র-সা ; 'সোই' প-র।

১০। 'দুহুঁ' স্থলে 'তুহুঁ' ক, গ—চ, প-র-সা।

১১। 'পীরিতি' স্থলে 'পিরিতি' ক—গ, প-র-সা, প-র।

১২। 'রোখল' স্থলে 'তেজল' প-র-সা।

১৩। 'তুহুঁ কাহে' ইত্যাদি স্থলে 'তুহুঁ আওলি কাহে ছোড়ি' প-র।

১৪। 'জানসি' স্থলে 'না জানসি' গ।

ধানশী ।১

দূতিক বচন শুনি নাগর-রাজ ।
অন্তরে পাওল বহুতর লাজ ॥
ইঙ্গিতে বূঝল সো আশোয়াস ।
মন মাহা হোয়ল২ বহুত উল্লাস ॥
তবহিঁ সফল করি জীবন মান ।
তাকর সঞে হরি করল পয়ান৩ ॥
পন্থহি কত কত ভাবে বিভোর ।
ঐছনে পায়ল কুঞ্জক৪ ওর ॥
দুর সঞে নাগরি নাগর হেরি ।
বৈঠলি তহিঁ পুন আনন ফেরি ॥
গদ গদ নাগর যুড়ি৫ দুই পাণি ।
কহইতে বদনে না নিকসয়ে বাণী ॥
গোবিন্দ-দাস কহই পুন মান৬ ।
দেখি ভীত অতি নাগর কান ॥১৪॥৪৪৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬৩৫ সংখ্যক পদ। 'ধানশী' স্থলে 'যথা' প-র-সা।

২। 'হোয়ল' স্থলে 'হোয়ত' প-র-সা।

৩। অতঃপর প-র-সা পুথিতে নিম্নলিখিত পংক্তিদ্বয় দৃষ্ট হয়; যথা,—

'নাসিকার ঘ্রাণ লই চরণ বাড়ায়।
চন্দ্রবদনী ধনী মিলয়ে আমায় ॥'

৪। 'কুঞ্জক' স্থলে 'কুঞ্জকি' ঘ।

৫। 'যুড়ি' স্থলে 'যোড়ি' চ।

৬। 'গোবিন্দ দাস কহই' ইত্যাদি ভণিতার কলিটি ক—চ পুথিতে নাই,—প-র-সা পুথি হইতে গৃহীত হইল।

টীকা

১৩—১৪। "গোবিন্দ দাস" ইত্যাদি। গোবিন্দ-দাস বলিতেছেন যে, (শ্রীকৃষ্ণকে নিকটে দেখিয়া শ্রীরাধার) পুনরায় মান হইল; নাগর শ্রীকৃষ্ণ (সেই মান) দেখিয়া অত্যন্ত আশঙ্কিত হইলেন।

—

সুহই ।১

চাহ মুখ তুলি রাই চাহ মুখ তুলি ।
পরশিতে চাহি তুয়া২ চরণের ধূলি৩ ॥
অভিমান দূরে৪ করি চাহ একবার ।
দূরে যাউ সব মোর৫ হিয়ার আন্ধার ॥
পীত পিন্ধন মোর তুয়া অভিলাষে৬ ।
পরাণ চমকে যদি ছাড়হ নিশ্বাসে ॥
লেহ লেহ লেহ রাই সাধের মুরলি ।
নয়ান-নাচনে নাচে হিয়ার পুতলি ॥
তুয়া মুখ নিরখিতে আঁখি ভেল ভোর ।
নয়ন-অঞ্চল তুয়া পর-চিত-চোর ॥
রূপে গুণে যৌবনে ভুবনে আগলি ।
বিহি নিরমিল তোহে পিরিতি-পুতলি ॥
এত ধনে ধনী যেই সে কেনে কৃপণ ।
জ্ঞানদাস কহে কেবা জানিবে মরম ॥
॥১৫॥৪৪৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬৩৬ সংখ্যক পদ। 'সুহই' স্থলে 'ধানশী' প-র-সা।

২। 'তুয়া' স্থলে 'তোমার' খ, ঘ, প-র-সা।

৩। পদকল্পতরু গ্রন্থের ৫১৩ সংখ্যক 'চাহ মুখ তুলি রাই চাহ মুখ তুলি' ইত্যাদি পদটির প্রথম পংক্তি এই পদের প্রথম পংক্তির সহিত অভিন্ন হইলেও, এই পদের ২—৪ পংক্তিগুলির সহিত ঐ পদের ২—৪ পংক্তিগুলির ঐক্য নাই; কিন্তু প-র-সা পুথির ২—৪ পংক্তির সহিত ঐক্য আছে; সুতরাং আমরা ৪৪৬ সংখ্যক পদটিকে ৫১৩ সংখ্যক পদের রূপান্তর বলিয়াই বিবেচনা করি; এরূপ মনে করার আর একটি প্রধান কারণ এই যে, ক, গ ও চ পুথিতে পদটির প্রথম চারি চরণ উদ্ধৃত করিয়া 'ইত্যাদি গীতং' বলিয়া শেষ করা হইয়াছে; খ ও ঘ পুথিতে 'ইত্যাদি গীতং' লিখিত না হইলেও পদটি যে অসম্পূর্ণ রহিয়াছে, তাহা সহজেই প্রতীত হয়; 'ইত্যাদি' বলিয়া শেষ

করিলে সম্পূর্ণ পদটি স্থানান্তরে উদ্ধৃত হইয়াছে, বুঝা যায় ; ৫১৩ সংখ্যক পদের প্রথম পংক্তির সহিত এই পদের প্রথম পংক্তির ও ঐ পদের ৬ষ্ঠ পংক্তির সহিত এই পদের ২য়ৎপংক্তির সম্পূর্ণ ঐক্য দৃষ্ট হয়, তদ্ভিন্ন আর কোন পদের সহিত ইহার ঐক্য দেখা যায় না ; সুতরাং ইহাকে ৫১৩ সংখ্যক পদের রূপান্তর ব্যতীত স্বতন্ত্র পদ মনে করা যাইতে পারে না।

৪। 'দূরে' স্থলে 'দূর' প-র-সা।

৫। 'যাউ সব মোর' স্থলে 'যাউক মোর সব' য ; 'যাউক মোর' প-র-সা।

৬। 'পীত পিন্ধন' ইত্যাদি অবশিষ্ট কলিগুলি ৫১৩ সংখ্যক পদ হইতে উদ্ধৃত করা হইল ; কেবল পুনরুক্তির ভয়ে ঐ পদের ষষ্ঠ পংক্তি 'পর-শিতে চাহি' ইত্যাদি স্থলে প-র-সা পুথি অনুসারে 'নয়ান নাচনে' ইত্যাদি পংক্তিটি সন্নিবেশিত করা গেল। 'পীত পিন্ধন' ইত্যাদি অংশের পাঠান্তর ৫১৩ সংখ্যক পদে দ্রষ্টব্য।

দেশ বরাড়ী।১

অষ্টতাল।

বদসি যদি কিঞ্চিদপি দন্ত-রুচি-কৌমুদী
হরতি দর-তিমিরমতিঘোরম্।
স্ফুরদধর-সীধবে তব বদন-চন্দ্রমা
রোচয়তি লোচন-চকোরম্॥
প্রিয়ে চারু-শীলে মুঞ্চ ময়ি মানমনিদানম্।
সপদি মদনানলো দহতি মম মানসং
দেহি মুখ-কমল-মধু-পানম্॥ ধ্রু॥
সত্যমেবাসি যদি সুদতি ময়ি কোপিনী
দেহি খর-নখর২-শর-ঘাতম্।
ঘটয় ভুজ-বন্ধনং জনয় রদ-খণ্ডনং
যেন বা ভবতি সুখ-জাতম্॥
ত্বমসি মম ভূষণং ত্বমসি মম জীবনং
ত্বমসি মম ভব-জলধি-রত্নম্।
ভবতু ভবতীহ ময়ি সততমনুরোধিনী
তত্র মম হৃদয়মতিযত্নম্॥
নীল-নলিনাভমপি তন্বি তব লোচনং
ধারয়তি কোকনদ-রূপম্।
কুসুম-শর-বাণ- ভাবেন যদি রঞ্জয়সি
কৃষ্ণমিদমেতদনুরূপম্॥
স্ফুরতু কুচ-কুম্ভয়ো- রুপরি মণি-মঞ্জরী
রঞ্জয়তু তব হৃদয়-দেশম্।
রসতু রসনাপি তব ঘন-জঘন-মণ্ডলে
ঘোষয়তু মন্মথ-নিদেশম্॥
স্থল-কমল-গঞ্জনং মম হৃদয়-রঞ্জনং
জনিত-রতি-রঙ্গ-পরভাগম্।
ভণ মসৃণ-বাণি কর- বাণি চরণদ্বয়ং
সরস-লসদলক্তক-রাগম্॥
স্মর-গরল-খণ্ডনং মম শিরসি মণ্ডনং
দেহি পদ-পল্লবমুদারম্।
জ্বলতি ময়ি দারুণো মদন-কদনারুণো৩
হরতু তদুপাহিত-বিকারম্॥
ইতি চটুল-চাটু-পটু চারু মুরবৈরিণো
রাধিকামধি-বচন-জাতম্।
জয়তি পদ্মাবতী- রমণ-জয়দেব-কবি-
ভারতী-ভণিতমতিশাতম্ ॥১৬॥৪৪৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৯৪ ও প-র পুথির ২১৫২ সংখ্যক পদ। 'দেশ বরাড়ী' স্থলে 'ধানশ্রী' প-র।

২। 'নখর' স্থলে 'নয়ন' প-র-সা। গীত-গোবিন্দের বঙ্গ-দেশীয় সকল সংস্করণেই 'দেহি খর-নয়নী-শর-ঘাতং' পাঠ আছে ; কিন্তু বোম্বাই নির্ণয়-সাগর যন্ত্রের সংস্করণের মূলে, 'রসিকপ্রিয়া' ও 'রস-

মঞ্জরী' টীকায় সর্ব্বত্রই 'খর-নখর-শর-ঘাতং' পাঠ দৃষ্ট হয়; এমন কি, তাহাতে 'খর-নয়ন-শর-ঘাতং' বলিয়া কোন পাঠান্তরেরও উল্লেখ দেখা যায় না। পদামৃত-সমুদ্রের টীকায় রাধামোহন ঠাকুর কর্ত্তৃক 'খর-নখর-শর' পাঠ গৃহীত ও ব্যাখ্যাত হইয়াছে,—তবে তিনি 'খর-নয়ন-শর' পাঠান্তরেরও উল্লেখ করিয়াছেন। পদকল্পতরুর ক, খ, ঘ, চ পুথিগুলিতে 'খর-নখর-শর' পাঠই দৃষ্ট হয়। উভয় পাঠের অর্থ-বিচার করিলে 'খর-নখর-শরঘাতং' পাঠই সমীচীন বোধ হয়; কেন না, প্রথমতঃ কবিগণ নয়ন-কটাক্ষকে শর-রূপে বর্ণিত করেন—নয়নকে নহে; দ্বিতীয়তঃ ক্লেশ-জনক নয়ন-শরের আঘাত অর্থাৎ কুটিল কটাক্ষ বিরহ-কাতর নায়কের বাঞ্ছনীয় হইতে পারে না। 'খর-নখর-শর-ঘাতং' পাঠের সম্বন্ধে সেই আপত্তি করা যাইতে পারে না; কারণ, যেখানে নায়ক রসিকতা করিয়া নিজের অপরাধের দণ্ডস্বরূপ সম্ভোগের উপকরণ নায়িকার ভুজ-পাশে বন্ধন, দশন দ্বারা খণ্ডন ও সেইরূপ অন্যান্য বাঞ্ছিত শাস্তির জন্য প্রার্থনা জানাইতেছেন, সেখানে নখর-শরাঘাত নিতান্তই প্রাসঙ্গিক; এমন কি, উহার উল্লেখ না থাকিলে বর্ণনার অঙ্গহানি হইত। যদি বলেন, নয়ন-শরাঘাত সম্ভোগের অঙ্গীয় হইলে দোষ কি? ইহার উত্তরে বক্তব্য এই যে, সম্ভোগকালে নায়িকাগণের কুটিল কটাক্ষ কিংবা হর্ষোৎফুল্ল বিস্ফারিত দৃষ্টি—ইহার কোন্‌টি স্বাভাবিক ও নায়কদিগের প্রীতিকর, সুরসিক ব্যক্তিগণ তাহার বিচার করিবেন। 'খর-নখর-শর' পাঠে চমৎকার অনুপ্রাসও ঘটিতেছে।

৩। 'কদনারুণো' স্থলে 'কদনানলো' ক, খ।

টীকা

জয়দেবের গীতগোবিন্দ সর্ব্বত্র সুলভ বলিয়া এই পদের টীকা ও অনুবাদ দেওয়া হইল না।

বালা ধানশী।[১]

নিজ অপরাধ মানি যব মাধব
কোরে আগোরত[২] ধাব।
সরস-বিরসময়ি ইঙ্গিতে রসবতি
অসমতি সমতি বুঝাব॥
দেখ সখি রাই কি করয়ে নৈরাশে।
মান-জলদ সঞে নিকসয়ে মুখ-শশি
কামুক দীঘ[৩] নিশাসে॥ ধ্রু[৪]॥
কনয়াচল-রুচ উচ কুচ-চুচুক[৫]
সরসহি পরশতি[৬] নাহ।
মানক শেষ- লেশ-রস-সূচক
আধ-মুদিত-দিঠি চাহ॥
অধর[৭]-সুধা-রস পিবইতে যব ধনি
বঙ্কিম করু মুখ আধা।
জগদানন্দ ভণ তবহি সফল করু
হরি মন-মনসিজ-বাধা[৮] ॥১৭॥৪৪৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬৩৭ সংখ্যক পদ। 'বালা ধানশী' স্থলে 'যথা' প-র-সা।

২। 'আগোরত' স্থলে 'আগোরল' খ।

৩। 'দীঘ' স্থলে 'দীঘল' ক।

৪। ক, গ—চ পুথিতে 'ধ্রু' চিহ্ন নাই।

৫। 'চুচুক' স্থলে 'চুচক' চ; 'চুঁচক' ঘ।

৬। 'পরশতি' স্থলে 'পরশিতে' ক; 'সরসতি' প-র-সা।

৭। 'অধর' স্থলে 'অধরে' প-র-সা।

৮। 'বাধা' স্থলে 'সাধা' প-র-সা।

টীকা

১—৪। "নিজ অপরাধ" ইত্যাদি। যখন মাধব নিজের দোষ স্বীকার করিয়া, ধাইয়া যাইয়া শ্রীরাধাকে ক্রোড়ে ধারণ করিতেছেন,—তখন রসবতী শ্রীরাধা (যুগপৎ) আনন্দময় ও বিষাদময় ইঙ্গিত দ্বারা (যুগপৎ) সম্মতি ও অসম্মতি প্রকাশ করিতেছেন।

৫—৭। "দেখ সখি" ইত্যাদি। হে সখি! শ্রীরাধা নৈরাশ্য অর্থাৎ সুখ-দুঃখের প্রতি ঔদাসীন্য হেতু কিরূপ আচরণ করেন, তাহা দেখ; শ্রীকৃষ্ণের দীর্ঘ-নিশ্বাস-বায়ুর দ্বারা বিদূরিত শ্রীরাধার মান-রূপ জলদ হইতে তাঁহার মুখ-চন্দ্র নির্গত হইল অর্থাৎ শ্রীকৃষ্ণের কাতরতাব্যঞ্জক দীর্ঘনিশ্বাস দর্শনে শ্রীরাধার মান বিদূরিত হওয়ায়, তাঁহার বিমলিন মুখ-চন্দ্র উজ্জ্বল কান্তি ধারণ করিল।

৮—১১। "কনয়াচল-কুচ" ইত্যাদি। স্বর্ণ-গিরির ন্যায় কান্তি-বিশিষ্ট উচ্চ কুচের অগ্রভাগে কান্ত রস-ভরে স্পর্শ করা মাত্র শ্রীরাধা কণামাত্র অবশিষ্ট মানের সমুচিত ভাব-সূচক অর্দ্ধ-মুদ্রিত-নেত্রে শ্রীকৃষ্ণের দিকে দৃষ্টি করিলেন। (মান-জনিত বিষাদ হৃদয় হইতে সম্পূর্ণরূপে বিদূরিত না হওয়ায়, শ্রীকৃষ্ণের সম্ভোগোপক্রমেও শ্রীরাধা হর্ষোৎফুল্ল দৃষ্টি-পাত করিতে না পারিয়া, অর্দ্ধ-বিকসিত-নেত্রে দৃষ্টি করিলেন)।

১২—১৫। "অধর-সুধা-রস" ইত্যাদি। শ্রীকৃষ্ণ অধরামৃত পান করিতে যখন শ্রীরাধা (কিঞ্চিৎ অনিচ্ছা হেতু) নিজের মুখ কিঞ্চিৎ বক্র করিলেন,—জগদানন্দ বলিতেছেন—শ্রীকৃষ্ণ তখনই নিজের মনের কন্দর্প-পীড়া সফল করিলেন অর্থাৎ প্রিয়তমার অধর-পান দ্বারা সকল পীড়ার শান্তি করিলেন। তুলনা করুন,—

"কামিনামধরস্বাদঃ সুরতাদতিরিচ্যতে।"
—মল্লিনাথ-ধৃত।

"বিদগ্ধানাং মিথো লীলাবিলাসেন যথা সুখম্।
ন তথা সম্প্রয়োগেন স্যাদেবং রসিকা বিদুঃ॥"
—উজ্জ্বল-নীলমণি।

শ্রীরাগ।[১]

অনুনয় করি হরি পাণি পসারই
রাইক চরণক আগে।
নিজ মুখে আপন[২] কহই দোষ শত
মানই করম অভাগে॥

দেখ রাধামাধব-প্রীত।
দুহুঁ করু[৩] নিজ নিজ গুণহিঁ বাঢ়ায়ত
দুহুঁ জন নিজ নিজ রীত॥ ধ্রু॥
সুমুখি কহয়ে কাহে মোহে বিড়ম্বহ[৪]
হাম তুয়া মুগধিনি নারী।
তুঁহু সে রসিক-বর বিদগধ নাগর
নাগরি-জন-মনহারী॥
কহইতে এতহুঁ নয়ন লোরে ঝাঁপল
কানু কয়ল ধনি কোর।
ভাঙ্গল মান হেরি রাধামোহন
আনন্দে পুন ভেল[৫] ভোর॥১৮॥৪৪৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬৩৮ সংখ্যক পদ। 'শ্রীরাগ' স্থলে 'যথা' প-র-সা।

২। 'আপন' স্থলে 'আপনক' ক, গ; 'আপনাকে' খ, ঘ।

৩। 'দুহুঁকরু' স্থলে 'দুহুঁ করু' ক।

৪। 'বিড়ম্বহ' স্থলে 'বিড়ম্বসি' খ।

৫। 'আনন্দে পুন ভেল' স্থলে 'আনন্দেহ পুন' প-র-সা।

টীকা

৫—৭। "দেখ" ইত্যাদি। হে সখি! শ্রীরাধা ও শ্রীকৃষ্ণের প্রেম দেখ; তাঁহারা উভয়ে নিজ নিজ গুণসমূহ দ্বারা নিজ নিজ আচরণকে বর্দ্ধিত করিতে-ছেন অর্থাৎ নিজ নিজ আচরণের শ্রেষ্ঠতা সম্পাদন করিতেছেন।

১৪—১৫। "ভাঙ্গল" ইত্যাদি। শ্রীরাধার মান বিদূরিত হইল; রাধামোহন (এক অর্থে—শ্রীকৃষ্ণ, অপর অর্থে—পদ-কর্ত্তা) উহা দেখিয়া পুনরায় আনন্দে মত্ত হইলেন।

ধানশী।১

দেখ২ রাধা মাধব ধারি৩।

রতি-রণ মান- বিরামক৪ যৈছন৫

চরবণ তপত কুশারি ॥

হরি মুখ হেরইতে সুমুখি অবাঞ্চই৬

চাহনি কুটিলহি ভাতি।

গদ গদ বচন অসূয়া কছু সূচন

ততহি মনোমথে৭ মাতি ॥

নখ-শর-ঘাত তৈছে সুখাবহ

চুম্বন কছু পরসাদ।

রস্তণ শূন৮ পুলক কচুঁক-বর৯

ভেদই রস-মরিযাদ ॥

ও সুখ-সিন্ধু মগন ভেল মাধব

কামিনি কছু কছু বূর১০।

ভণ রাধামোহন সঁভোগ সঁকীরণ১১

দুহুঁক মনোরথ পূর ॥১৭॥৪৫০॥

এতদ্গীতং সর্ব্বকালোচিতম্।

ইতি ত্রয়োদশ-পল্লবঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬৩৯ সংখ্যক পদ।

২। 'দেখ' স্থলে 'দেখ দেখ' ক, চ, প-র-সা।

৩। 'ধারি' স্থলে 'ধারী' ক—গ।

৪। 'বিরামক' স্থলে 'বিরমক' ঘ, চ, প-র-সা।

৫। 'যৈছন' স্থলে 'ঐছন' প-র-সা।

৬। 'অবাঞ্চই' স্থলে 'অবাঞ্ছই' ক—গ; 'অবাঞ্চহি' প-র-সা।

৭। 'মনোমথে' স্থলে 'মনোরথে' ক, খ; 'মনমথে' গ, চ, প-র-সা।

৮। 'রস্তণ শূন' স্থলে 'রস্তণ শূল' ক।

৯। 'কচুঁক-বর' স্থলে 'কুচকবর' ক; 'কচুক বর' খ, গ; 'কচুকবর' চ।

১০। 'বূর' স্থলে 'ঝুর' ক।

১১। 'সঁভোগ সঁকীরণ' স্থলে 'সম্ভোগ সঙ্কীরণ' ক—গ, প-র-সা; 'সঁম্ভোগ সঁকীরণ' চ।

পিঙ্গলকৃত প্রাকৃত ছন্দঃশাস্ত্রে উক্ত হইয়াছে যে,—

'জই দীহো বি অবণ্ণো
লহু জীহা পঢ়ই হোই সো বি লহু।
বণ্ণো বি তুরিঅ পঢ়িও
দোতিণ্ণি বি এক জাণেহু ॥'

অর্থাৎ যদি গুরু বর্ণকেও জিহ্বা লঘুরূপে পাঠ করে, তাহা হইলে সেই গুরু বর্ণ লঘু বলিয়াই গণ্য হইবে; সেইরূপ দ্রুত-পঠিত দুইটি, কি তিনটি বর্ণও একটি বর্ণ বলিয়াই গণ্য হইবে। অনুস্বার-যুক্ত বর্ণকে ছন্দঃশাস্ত্রে সাধারণতঃ গুরু বলিয়াই ধরা হয়; তদনুসারে 'সংভোগ' ও 'সংকীরণ' শব্দদ্বয়ের 'সং' অক্ষরটি গুরু-বর্ণ গণ্য করিলে, এ স্থলে ছন্দোভঙ্গ ঘটে বলিয়া 'সং' অক্ষরটিকে দীর্ঘ উচ্চারণ না করিয়া প্রাকৃত ভাষার নিয়ম অনুসারে চন্দ্রবিন্দুসংযুক্ত স-কারের ন্যায় উচ্চারণ করিতে হইবে। ঘ পুথিতে 'সঁভোগ সঁকীরণ' ও অন্যান্য পুথিতে 'সম্ভোগ সঙ্কীরণ' লিখিত হওয়ায়, অন্যান্য বহুতর স্থলের ন্যায় এই স্থলেও ঘ পুথির পাঠের সমীচীনতা প্রমাণিত হইতেছে।

টীকা

১—৩। "দেখ রাধা" ইত্যাদি। রাধামোহন ঠাকুর স্বকৃত টীকায় লিখিয়াছেন,—"গবাক্ষ-দ্বারা দৃষ্টবতীং কাচিৎ ধারি ধারণাং কৃত্বা পশ্যেত্যাদিকং কাঞ্চিৎ বক্তি।" সুতরাং ইহার অর্থ হইতেছে—হে সখি! তুমি ধারণা করিয়া দেখ; মান অবসানের রতি-যুদ্ধ—যেরূপ তপ্ত ইক্ষুর চর্ব্বণ; অর্থাৎ তপ্ত ইক্ষু চর্ব্বণ করিলে যেরূপ মিষ্টতার সঙ্গে সঙ্গে উষ্ণতার অনুভব হেতু ইক্ষু-সেবীর সম্পূর্ণ তৃপ্তিজনক হয় না, সেইরূপ মানান্তে সম্ভোগে পূর্ব্বতন দুঃখ-স্মৃতি দ্বারা আলিঙ্গনাদি-জনিত আনন্দ সঙ্কীর্ণ অর্থাৎ মিশ্রিত হওয়ায় এই সঙ্কীর্ণ-সম্ভোগ তপ্তেক্ষু চর্ব্বণের ন্যায় প্রণয়ী-দিগের সম্যক্ তৃপ্তিজনক হয় না।

৪—৭। "হরি মুখ" ইত্যাদি। শ্রীকৃষ্ণ শ্রীরাধার মুখ নিরীক্ষণ করিতে সুন্দরী মুখ বক্র এবং বক্রভাবে দৃষ্টিপাত করিতেছেন; শ্রীরাধার গদ্‌গদ বচন—তাঁহার কিঞ্চিৎ অসূয়া-ভাব প্রকাশ করিতেছে; (আবার) পরক্ষণেই তিনি মন্মথের প্রভাবে মত্ত হইতেছেন। তুলনা করুন,—

"বক্ত্রং কিঞ্চিদবাঞ্চিতং বিবৃণুতে নাতিপ্রসাদোদয়ং
দৃষ্টির্ভ্রূলতটা ব্যনক্তি শনকৈরীর্ষ্যাবশেষচ্ছটাম্।"

—উজ্জ্বল-নীলমণি, সম্ভোগ-প্রকরণ।

৮—১১। "নখ-শর-ঘাত" ইত্যাদি। (শ্রীকৃষ্ণ প্রথমেই আলিঙ্গন করিতে সাহস না পাইয়া, প্রথমে শ্রীরাধার অঙ্গে নখাঘাত করায়) শ্রীরাধার নিকট তীক্ষ্ণ নখ-শরের আঘাত সেইরূপ অর্থাৎ শ্রীরাধার কাম-ভাবের অনুরূপ সুখজনক হইতেছে; চুম্বন কিঞ্চিৎ প্রসন্নতা জন্মাইতেছে, আলিঙ্গনশূন্য অর্থাৎ আলিঙ্গন ব্যতীত উদ্ভূত রোমাঞ্চরূপ শ্রেষ্ঠ অর্থাৎ অযত্নসিদ্ধ ও নখ-শরাঘাতসহিষ্ণু কঞ্চুক (বর্ম্ম) শ্রীরাধার সঙ্কীর্ণ রসের সীমা অর্থাৎ অবসান প্রকাশ করিতেছে। তুলনা করুন,—

"ইত্থং নিশম্য তরুণী কুচকুম্ভ-সীম্নি
রোমাঞ্চ-কঞ্চুকমুদঞ্চিতমাততান॥"

—রস-মঞ্জরী।

পুনশ্চ কলহান্তরিতা

তদুচিত-শ্রীগৌরচন্দ্রঃ।

পঠমঞ্জরী।১

মঝু মনে লাগল শেল।
গৌর বিমুখ ভৈ গেল॥
জনম বিফল মোর২ ভেল।
দারুণ বিহি দুখ দেল॥
কাহে কহব ইহ দুখ৩।
কহইতে বিদরয়ে বুক৪॥
আর না হেরব গোরা-মুখ৫।
তবে৬ জীবনে কিয়ে সুখ৭॥
বাসুদেব ঘোষ রস গান।
গোরা বিনে না রহে পরাণ॥১॥৪৫১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬৪০ ও প-র পুথির ২২।১ সংখ্যক পদ। 'পঠমঞ্জরী' স্থলে 'সুহই' প-র।

২। 'মোর' স্থলে 'মঝু' প-র।

৩। 'ইহ দুখ' স্থলে 'ইহ দুখ' খ; 'এহ দুখ' ক, গ, প-র-সা; 'কাহে কহব ইহ দুখ' স্থলে 'হাম কাহে কহবহিঁ দুখ' প-র।

৪। 'বুক' স্থলে 'বুক' ক—গ, প-র-সা, প-র।

৫। 'মুখ' স্থলে 'মুখ' ক—গ, চ, প-র-সা, প-র।

৬। 'তবে' স্থলে 'তব' ক, গ, চ, প-র; 'তবহি' প-র-সা।

৭। 'কিয়ে সুখ' স্থলে 'কিয়ে সুখ' ক—গ, চ, প-র-সা; 'কিবা সুখ' প-র।

ধানশী।১

চরণ-নখ রমণি-রঞ্জন-ছান্দ।
ধরণি লোটায়ল গোকুল-চান্দ॥
ঢরকি ঢরকি পড়ু লোচন-লোর২।
কত রূপে মিনতি কয়ল পহুঁ মোর॥
লাগল কুদিন কয়ল হাম মান৩।
অবহুঁ না নিকসয়ে৪ কঠিন পরাণ॥ ধ্রু৫॥
রোখ-তিমির এত বৈরি কি৬ জান।
রতনক ভৈগেল গৈরিক ভান॥
নারি-জনমে হাম না করলুঁ ভাগি।
মরণ শরণ ভেল মানক৭ লাগি॥
বিদ্যাপতি কহ শুন ধনি৮ রাই।
রোয়সি কাহে কহ ভালে৯ সমুঝাই॥
॥২॥৪৫২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬৪১ ও প-র পুথির ২২।২৮ সংখ্যক পদ। 'ধানশী' স্থলে 'বড়ারি' প-র।

২। 'লোচন-লোর' স্থলে 'লোচনে লোর' প-র।

৩। 'লাগল ... ... মান' স্থলে 'লাগল কুদিন হামে কয়লহুঁ মান' প-র।

৪। 'অবহুঁ না নিকসয়ে' স্থলে 'অব নাহি নিকসই' প-র।

৫। প-র পুথি ছাড়া অন্যান্য পুথিতে 'ধ্রু' চিহ্ন নাই।

৬। 'এত বৈরি কি' স্থলে 'অতি বৈরি না' প-র।

৭। 'মানক' স্থলে 'মানকি' প-র।

৮। 'ধনি' স্থলে 'বর' প-র।

৯। 'ভালে' স্থলে 'ভাল' প-র।

টীকা

১—২। "চরণ" ইত্যাদি। 'চরণ' ইত্যাদি পংক্তিটি ক—চ পুথিগুলিতে নিফাঁক ভাবে লিখিত হইয়াছে; সুতরাং উহা 'চরণ-নখ রমণি-রঞ্জন-ছান্দ', 'চরণ-নখর-মণি-রঞ্জন-ছান্দ' কিংবা 'চরণ-নখর মণি-রঞ্জন-ছান্দ' নানা রকমেই পঠিত হইতে পারে। বিদ্যাপতির পদাবলীর সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ গুপ্ত মহাশয় ঐ পংক্তির দ্বিবিধ অর্থ প্রদর্শন করিয়াছেন; তাঁহার মতে 'চরণ' শব্দ দ্বারা শ্রীরাধার চরণ লক্ষ্য করিলে শ্রীরাধা বক্ত্রী বলিয়া উহার অর্থ হইবে—আমার "চরণ-নখর-মণির শোভাবর্দ্ধন স্বরূপ"। আর 'চরণ' শব্দে শ্রীকৃষ্ণের চরণ লক্ষ্য করিলে, অর্থ হইবে—"যাঁহার চরণ-নখর মণি-রঞ্জন তুল্য"। বোধ হয়, এইরূপ অর্থে 'রঞ্জন' শব্দের বিশেষ সার্থকতা দেখা যায় না বলিয়াই শ্রীযুক্ত নগেন্দ্র বাবু প্রথমোক্ত অর্থই সমীচীন বলিয়া গ্রহণ করিয়াছেন। আমরা কিন্তু ঐরূপ অর্থের একটি গুরুতর অসঙ্গতি লক্ষ্য করিয়াছি। শ্রীরাধার স্বচ্ছ পদ-নখ-মণি-দর্পণে 'শ্রীকৃষ্ণের শিখি-পুচ্ছ, পীত ধড়া প্রভৃতির ছায়া পতিত হইয়া পদ-নখ-রাজিতে বিচিত্র বর্ণাবলীর সৃষ্টি করিয়াছে,—এইরূপ কষ্ট-কল্পিত অর্থ কবিত্ব-পূর্ণ হইতে পারে, কিন্তু প্রেমিকা-শিরোমণি যে শ্রীরাধা প্রিয়তমকে প্রত্যাখ্যান করিয়া তিলে তিলে অনুতাপের তুষানলে দগ্ধ হইতেছেন, তাঁহার পক্ষে পদানত প্রিয়তমের প্রতিবিম্ব দ্বারা সুরঞ্জিত নিজের পদ-নখের শোভা লক্ষ্য করা ও পরে আক্ষেপোক্তিরূপে সেই কথা সখীর নিকট বলা কি নিতান্ত অস্বাভাবিক ও অসঙ্গত নহে? নগেন্দ্র বাবুর প্রতিপাদিত শেষোক্ত অর্থ সম্বন্ধে ইহাও বক্তব্য যে, 'চরণ-নখর মণি-রঞ্জন তুল্য' বাক্যে 'মণি' শব্দের প্রতিপাদ্য কি? এবং উহার 'রঞ্জন'ই বা কীদৃশ?—এইরূপ নানা সমস্যা উদিত হয়; কয়েকটি শব্দ উহ্য করিয়া দ্বিতীয় পাঠের অর্থ 'যাঁহার পদ-নখ-মণি আমার মনোরঞ্জন-কারক শোভা-বিশিষ্ট' করা গেলেও ঐ উক্তি মানাবস্থার পক্ষে অপ্রযোজ্য বলিয়া মানাবস্থার ঘটনা-বর্ণনায় সুসঙ্গত হয় না। সুতরাং আমরা এরূপ অর্থও সমীচীন বলিয়া গ্রহণ করিতে পারি না। আমাদিগের উদ্ভাবিত পদচ্ছেদ গ্রহণ করিলে এইরূপ অর্থ হইবে যে, অনুতপ্তা শ্রীরাধা বলিতেছেন,—যাঁহার পদ-নখ রমণীর মনোমোহন কান্তি-বিশিষ্ট অর্থাৎ যাঁহার পদ-নখের কান্তি দেখিয়া ব্রজ-রমণীগণ বিমোহিত, সেই গোকুল-চন্দ্র আমার পদ-প্রান্তে ভূতলে লোটাইলেন,—হতভাগিনী আমি তাঁহাকে ধরিয়া তোলা দূরে থাকুক, তাঁহার পানে ফিরিয়াও তাকাইলাম না। ছন্দের অনুরোধে 'রমণী' শব্দের ন্যায় দীর্ঘ-ঈকারান্ত শব্দের হ্রস্ব-ইকারান্ত প্রয়োগ প্রায় প্রত্যেক পদেই দেখা যায়, এই পদেও কয়েকটি আছে; সুতরাং দৃষ্টান্ত প্রদর্শন অনাবশ্যক। বিদ্যাপতির এই পংক্তিদ্বয়ের ছায়া লইয়াই গোবিন্দদাস লিখিয়াছেন,—

"যাকর চরণ- নখর-রুচি হেরইতে
মুরুছিত কত কোটি কাম।
সো মঝু পদ-তলে ধরণি লোটায়ল
পালটি না হেরলুঁ হাম॥"

অনুতপ্তা নায়িকার উক্তিতে কন্দর্প অপেক্ষা ব্রজ-রমণীদিগের উল্লেখই অধিক সঙ্গত ও স্বাভাবিক; সুতরাং গোবিন্দদাসের 'মুরুছিত কত কোটি কাম' অপেক্ষা বিদ্যাপতির 'রমণি-রঞ্জন-ছান্দ' যে অনেক শ্রেষ্ঠ, তাহা বলা বাহুল্য।

৭—৮-।' "রোখ-তিমির" ইত্যাদি। রোষ-রূপ অন্ধকার এত শক্ত, ইহা কি জানি? রত্নকে গেরি-মাটি বলিয়া ধারণা হইল!

১১—১২। "বিদ্যাপতি" ইত্যাদি। বিদ্যাপতি কহিতেছেন,—হে সুন্দরি শ্রীরাধে! তুমি কেন (নৈরাশ্য হেতু) রোদন করিতেছ? (শ্রীকৃষ্ণকে সখীর দ্বারা) ভাল করিয়া বুঝাইয়া বল; (তাহা হইলেই শ্রীকৃষ্ণ প্রসন্ন হইয়া তোমার নিকটে আগমন করিবেন)।

সুহই।১

যাকর চরণ- নখর-রুচি হেরইতে
মুরুছিত২ কত কোটি কাম।
সো মঝু পদ-তলে ধরণি৩ লোটায়ল
পালটি না হেরলুঁ হাম॥
সজনি কি পুছসি হামারি অভাগি৪।
ব্রজ-কুল-নন্দন চান্দ উপেখলুঁ
দারুণ মানকি লাগি॥ ধ্রু॥
কাতর দীঠে৫ মীঠ৬ বচনামৃতে
কত রূপে সাধল নাহ।
সো হাম শ্রবণ- সীম নাহি আনলুঁ৭
অব হিয়ে তুষ-দহ৮ দাহ॥
সে হেন রসিক পিয়া কাহাঁ রহু কাহা করু৯
সোঙরি সোঙরি মন ঝূর১০।
গোবিন্দদাস কহ শুন বর-নাগরি১১
সো পহুঁ তোহারি অদূর১২॥৩॥৪৫৩॥

১। ইহা প-র-সা পুথির ৬৪২ ও প-র পুথির ১২১৭ সংখ্যক পদ।

২। 'মুরুছিত' স্থলে 'মুরুছয়ে' ক, গ, চ; 'মুরুছই' প-র।

৩। 'ধরণি' স্থলে 'ধুলি' ঘ, চ।

৪। 'সজনি কি পুছসি' ইত্যাদি ধ্রুব-কলিটি প-র পুথিতে এই পদের সর্ব্বাগ্রে সন্নিবেশিত হইয়াছে।

৫। 'দীঠে' স্থলে 'দিঠে' ক—গ; 'দিঠি' প-র-সা; 'দিঠ' প-র।

৬। 'মীঠ' স্থলে 'মিঠ' ক—গ, প-র; 'মিঠি' প-র-সা।

৭। 'সো ... ... আনলুঁ' স্থলে 'সো হাম বচন শ্রবণে নাহি শুনলুঁ' প-র-সা; 'সো হাম শ্রবণ সীমে নাহি শুনলুঁ' প-র।

৮। 'অব হিয়ে তুষ-দহ' স্থলে 'অব হিয়া তুষ-দহ' ক—গ, চ; 'অব হিয়া তুষানলে' প-র-সা; 'অব হিয়া দহনকি' প-র।

৯। 'সে হেন ... ... করু' স্থলে 'সো হেন' ইত্যাদি ক, খ; 'কৈসে হৃদয় ধরো কাহা জাও কাহা করো' প-র-সা; 'কৈসে হৃদয় করি কাহা সে রহল হরি' প-র।

১০। 'সোঙরি' ইত্যাদি স্থলে 'পুন দরশনে মন ঝুর' প-র-সা; 'দরশন লাগি মন ঝুর' প-র।

১১। 'গোবিন্দদাস ... ... নাগরি' স্থলে 'গোবিন্দদাস যব আনি মিলায়ব' প-র-সা; 'গোবিন্দদাস যব মোহে মিলাওব' প-র।

১২। 'সো পহুঁ' ইত্যাদি স্থলে 'তবহি মনোরথ পুর' প-র-সা, প-র।

বালা ধানশী ।১

এ্রকে তুহুঁ নাগরি সব[২] গুণে আগরি
বৈঠসি চতুরি-সমাজ ।
আপনক বাত আপনাহি[৩] সমুঝসি
হঠে নঠ[৪] কৈলি[৫] সব কাজ ॥
মানিনি[৬] নাহক[৭] কি করসি রোখ ।
নিকটে আনি বাত দুই পুছিয়ে[৮]
বুঝিয়ে গুণ কিয়ে দোখ[৯] ॥ ধ্রু ॥
অপরাধ জানি গারি দশ[১০] দেয়বি[১১]
পিরিতি ভাঙ্গবি কাহে[১২] লাগি ।
পীরিতি ভাঙ্গিতে যো উপদেশল
তাকর মুখে দেই আগি ॥
যো তুয়া চরণ পরশি মহি লুঠল[১৩]
নিজ গৌরব করি দূর ।
অব কাহে তাক চরিত কহি ঝুরসি[১৪]
গোবিন্দদাস কহ ফুর[১৫] ॥৪॥৪৫৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬৪৩ ও প-র পুথির ২২।২৯ সংখ্যক পদ। 'বালা ধানশী' স্থলে 'ধানশ্রী' প-র ।

২। 'সব' স্থলে 'নব' ক ।

৩। 'আপনাহি' স্থলে 'আপ নহি' ক, খ; 'আপ নাহি' গ, প-র-সা; 'আপে নাহি' প-র ।

৪। 'নঠ' স্থলে 'নট' ক, গ ।

৫। 'কৈলি' স্থলে 'কয়লি' ঘ; 'কলি' চ ।

৬। 'মানিনি' স্থলে 'সুন্দরি' প-র ।

৭। 'নাহক' স্থলে 'নাহকে' প-র ।

৮। 'নিকটে আনি' ইত্যাদি স্থলে 'নিকটে আনি বাত দুই পুছিয়ে বুঝি' খ ।

৯। 'বুঝিয়ে গুণ' ইত্যাদি স্থলে 'বুঝিয়ে গুণ' ইত্যাদি ক, গ, প-র-সা; 'জানবি কিয়ে গুণ দোখ' প-র ।

১০। 'দশ' স্থলে 'দোষ' খ; ঘ পুথিতে 'দোস' লিখিয়া, ও-কার কাটিয়া 'দস' করা হইয়াছে ।

১১। 'দেয়বি' স্থলে 'দেওব' খ; 'দেয়ব' চ ।

১২। 'ভাঙ্গবি কাহে' স্থলে 'ভাঙ্গসি কথি' প-র ।

১৩। 'লুঠল' স্থলে 'লুঠল' ক, গ, প-র-সা। 'যো তুয়া চরণে' ইত্যাদি ভণিতার কলিটি প-র পুথিতে নাই ।

১৪। 'ঝুরসি' স্থলে 'ঝুরসি' ক—গ, প-র-সা ।

১৫। 'ফুর' স্থলে 'ফুর' ক—গ, প-র-সা ।

সুহই ।১

সো মুখ-চান্দ[২] নয়নে[৩] নাহি হেরলুঁ
নয়ন-দহন ভেল চন্দ ।
সোই মধুর বোল[৪] শ্রবণে না শুনলুঁ
মধুকর-ধনি ভেল দন্দ[৫] ॥
সজনি কাহে বাঢ়ায়লুঁ মান ।
প্রেম-ভঙ্গ-ভয়ে অব জিউ কাতর[৬]
তুহুঁ পরবোধবি[৭] কান ॥ধ্রু॥
সো কর-কিশলয় পরশ[৮] উপেখলুঁ
অব কিশলয়ে তনু ফোর[৯] ।
নব নব নেহ- সুধা-রস নিরসলুঁ[১০]
গরলে ভরল তনু মোর ॥
সো কর-বিরচিত হার উপেখলুঁ[১১]
হার ভুজঙ্গম ভেল ।
গোবিন্দদাস কহ সো অতি দুরগহ
যো ঐছন[১২] মতি দেল ॥৫॥৪৫৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬৪৪ ও প-র পুথির ২২।১৯ সংখ্যক পদ। 'সুহই' স্থলে 'কামোদ' প-র ।

২। 'মুখ-চান্দ' স্থলে 'মুখচন্দ' প-র ।

৩। 'নয়নে' স্থলে 'নয়ানে' ক—গ, চ, প-র-সা। প-র ।

৪। 'সোই মধুর বোল' স্থলে 'সুমধুর বচন' প-র-সা; 'সো মধুর বোল' প-র।

৫। 'মধুকর-ধনি ভেল দন্দ' স্থলে 'মধুকর-ধ্বনি ভেল দ্বন্দ্ব' ক—গ, প-র-সা; 'মধুকর মোহে ভেল দন্দ' প-র।

৬। 'কাতর' স্থলে 'কাপয়ে' প-র-সা, প-র।

৭। 'পরবোধবি' স্থলে 'পরবোধসি' খ।

৮। 'পরশ' স্থলে 'পরম' চ।

৯। 'ফোর' প-র-সা স্থলে 'ভোর' ক—চ 'অব কিশলয়ে তনু ফোর' হইতে 'সো কর-বিরচিত হার উপেখলুঁ' পর্য্যন্ত পংক্তি-চতুষ্টয় প-র পুথিতে নাই।

১০। 'নিরসলুঁ' স্থলে 'নিরসল' ক, গ, ঘ, প-র-সা।

১১। 'উপেখলুঁ' স্থলে 'নাহি পহিরলুঁ' প-র-সা।

১২। 'যো ঐছন' স্থলে 'যৈছন এহ' প-র-সা।

টীকা

১—২। "সো মুখ-চান্দ" ইত্যাদি। (আমি প্রিয়তমের) সেই মুখরূপ চন্দ্রকে (মানকালে) নয়নে দেখি নাই,—(সেই আক্রোশ হেতু) চন্দ্র আমার নয়ন-সন্তাপকর হইয়াছে। এ স্থলে রূপক ও অতিশয়োক্তি দ্বারা অনুপ্রাণিত উৎপ্রেক্ষা অলঙ্কার হইয়াছে।

৩—৪। "সোই মধুর" ইত্যাদি। (আমি প্রিয়তমের) সেই মধুর বাক্য কর্ণে শুনি নাই,—(সেই অপরাধ হেতু) ভ্রমর-গুঞ্জন আমার বিরোধী অর্থাৎ সন্তাপ-দায়ক হইয়াছে। অতিশয়োক্তিমূলক উৎপ্রেক্ষা।

৮—৯। "সো কর-কিশলয়" ইত্যাদি। (আমি প্রিয়তমের) সেই কর-পল্লবের স্পর্শ উপেক্ষা করিয়াছি,—(তাই) এখন (অঙ্গ-তাপ-শান্তির জন্য শয্যার উপরে আস্তৃত) পল্লব-রাজি আমার দেহকে বিদ্ধ করিল। রূপক ও অতিশয়োক্তি দ্বারা অনুপ্রাণিত উৎপ্রেক্ষা।

১০—১১। "নব নব নেহ" ইত্যাদি। (আমি প্রিয়তমের) নিত্য নূতন প্রেম-রূপ অমৃত-রসকে নিরস্ত অর্থাৎ দূরীকৃত করিয়াছি,—(সেই অপরাধের শাস্তিস্বরূপ) আমার দেহকে গরলে অর্থাৎ অনুতাপ-বিষে পূর্ণ করিল। রূপকাতিশয়োক্তি-মূলক উৎপ্রেক্ষা।

১২—১৫। "সো কর-বিরচিত" ইত্যাদি। (আমি প্রিয়তমের) সেই শ্রীকর-বিরচিত পুষ্প-হারকে অগ্রাহ্য করিয়াছিলাম,—(সেই আক্রোশে) আমার কণ্ঠস্থিত হার ভুজঙ্গম হইয়াছে,—অর্থাৎ কণ্ঠ-লম্বিত ভুজঙ্গের ন্যায় আমার অশান্তি উৎপাদন করিতেছে গোবিন্দদাস বলিতেছেন,—যে তোমাকে ঐরূপ বুদ্ধি দিয়াছিল, সে অতি দুর্গ্রহ (এক অর্থে দুষ্ট-আগ্রহ-বিশিষ্ট; অপর অর্থে—কুগ্রহ)। "সো কর" ইত্যাদি পংক্তি-দ্বয়ে "বিষম" অলঙ্কার ও "গোবিন্দদাস কহ" ইত্যাদি পংক্তিদ্বয়ে 'শ্লেষ' অলঙ্কার ঘটিয়াছে

ভূপালী।১

শুন শুন মানিনি না কহব তোয়।
অনুচিত মানে গোঙায়বি রোয় ॥
তব২ নাহি শুনলি সহচরি-বোল।
ফেরি রহলি মুখ ঝাঁপি নিচোল ॥
রোই রোই মাধব সাধল তোয়।
কাহে কাতর দিঠে চাহসি মোয় ॥
অব হাম যাইয়া কি কহব তায়।
যাচিত রতন ত্যাগ না যুয়ায় ॥
সো বিনু অব কোই৩ পূরব আশ।
কি কহব অব ঘনশ্যামর দাস ॥৬॥৪৫৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬৪৫ সংখ্যক পদ।
২। 'তব' স্থলে 'অব' ক।
৩। 'কোই' স্থলে 'কেহ' খ।

ধানশী ।১

শুন শুন এ সখি নিবেদন[২] তোয় ।
মরমক বেদন জানসি মোয় ॥
বৈঠয়ে নাহ চতুরগণ মাঝ ।
ঐছে কহবি যৈছে না হোয় লাজ ॥
সখিগণ মাঝে চতুরি তোহে জানি ।
আদর রাখি মিলায়বি আনি ॥
অব বিরচহ তুহুঁ সো পরবন্ধ ।
কানুক যৈছে হোয়ে নিরবন্ধ ॥
জীবন রহিতে নাহ যদি পাব ।
গোবিন্দদাস তব তুয়া যশ গাব ॥ ৭॥৪৫৭॥

পাঠান্তর

১। ইহা প্-র-সা পুথির ৬৪৬ সংখ্যক পদ ।
২। 'নিবেদন' স্থলে 'নিবেদল' খ ; নিবেদিয়ে' প-র-সা ।

তথা রাগ ।১

শুনইতে ঐছন রাইক বাণী ।
নাহ[২] নিকটে সখী করল পয়ানি ॥
দুর সঞে সো সখি নাগর হেরি ।
তোড়ই কুসুম নেহারই ফেরি ॥
হেরইতে নাগর আয়ল তাহিঁ[৩] ।
কি করহ এ সখি আয়লি কাহিঁ[৪] ॥
হামারি বচন কছু কর অবধান ।
তুহুঁ যদি কহসি সে[৫] মানিনি ঠাম ॥
শুনি কহে সো সখি নাগর পাশ ।
বিদ্যাপতি কহ পূরব আশ ॥৮॥৪৫৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬৪৭ সংখ্যক পদ ।
২। 'নাহ' স্থলে 'নাগর' খ, ঘ ।
৩। 'তাহিঁ' স্থলে 'তাঁহি' খ, গ ; 'তাঁই' চ, প-র-সা ।
৪। 'কাহিঁ' স্থলে 'কাঁহি' খ, গ ; 'কাই' প-র-সা ।
৫। 'কহসি সে' স্থলে 'কহসি' ক, প-র-সা ।

শ্রীগান্ধার ।১

শুন বহু-বল্লভ কান ।
ভালে তুহুঁ[২] রসিক[৩] সুজান ॥
পামর[৪] পিরিতি উপেখি[৫] ।
আয়লুঁ[৬] কুলবতি দেখি ॥
তোহারি রসিক-পন[৭] জানি ।
কহইতে আওলুঁ বাণী ॥
দেখি তুয়া এ সব কাজ[৮] ।
হাসব[৯] যুবতি-সমাজ ॥
যো পদ পরশক আশে[১০] ।
করসি কতহুঁ[১১] অভিলাষে ॥
সো পদ-পঙ্কজ ছোড়ি ।
কৈছে[১২] রহলি মুখ মোড়ি ॥
কোন শিখায়লি নীতে[১৩] ।
ধিক ধিক তোহারি পিরীতে ॥
ছিয়ে ছিয়ে বিদগধি রাধে[১৪] ।
যাক হৃদয়ে এত[১] সাধে ॥
গোবিন্দদাস মতি মন্দ ।
হেরইতে ভৈগেল[১৬] ধন্দ ॥৯॥৪৫৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬৪৮ ও ৬৭৫ এবং প-র পুথির ২২।২৪ সংখ্যক পদ । 'শ্রীগান্ধার' স্থলে 'গান্ধার' প-র-সা ; 'সুহই' প-র ।
২। 'তুহুঁ' স্থলে তোঁহে' খ, ঘ ।
৩। 'রসিক' স্থলে 'চতুর' প-র ।

৪। 'পামর' স্থলে 'পামরী' ক—গ, প-র-সা; 'পামরি' ঘ, চ।

৫। 'পামর পিরিতি উপেখি' ইত্যাদি পংক্তি-দ্বয় প-র পুথিতে 'কহইতে আওলুঁ বাণী ॥' পংক্তি-টির পরে সন্নিবেশিত হইয়াছে।

৬। 'আয়লুঁ' স্থলে 'আয়লি', 'আয়ল' প-র-সা।

৭। 'পন' স্থলে 'পনা' প-র-সা।

৮। 'দেখি তুয়া' ইত্যাদি স্থলে 'শুনইতে ঐছন কাজ' প-র-সা, প-র। 'দেখি তুয়া' ইত্যাদি পংক্তিদ্বয় প-র পুথিতে 'কৈছে রহল মুখ মোড়ি ॥' পংক্তির পরে সন্নিবেশিত হইয়াছে।

৯। 'হাসব' স্থলে 'হাস' ক; 'হাসে' খ।

১০। 'পদ পরশক আশে' স্থলে 'পদপঙ্কজ আশে' প-র। 'যো পদ পরশক আশে' ইত্যাদি পংক্তি-চতুষ্টয় প-র পুথিতে 'ধিক ধিক তোহারি পিরীতে' পংক্তির পরে সন্নিবেশিত হইয়াছে।

১১। 'করসি কতহুঁ' স্থলে 'করসি কতই' খ; 'করলি কতেক' প-র-সা; 'কত না করলি' প-র।

১২। 'কৈছে' স্থলে 'কাহে' প-র।

১৩। 'শিখায়লি নীতে' স্থলে 'শিখায়ল নীতে' ঘ; 'শিখায়ব রীতে' প-র-সা। 'কোন শিখাইব নীতে' ইত্যাদি পংক্তি-দ্বয় প-র পুথিতে 'আয়লুঁ কুল-বতি দেখি ॥' পংক্তির পরে সন্নিবেশিত হইয়াছে।

১৪। 'ছিয়ে ছিয়ে বিদগধি রাধে' স্থলে 'ধিক ধিক বৈদগধি রাধে' প-র-সা। 'ছিয়ে ছিয়ে' ইত্যাদি পংক্তিদ্বয় প-র পুথিতে নাই।

১৫। 'এত' স্থলে 'যত' ক।

১৬। 'হেরইতে ভৈগেল' স্থলে 'হেরইতে লাগল' প-র-সা; 'শুনইতে লাগয়ে' প-র।

টীকা

১—২। "শুন" ইত্যাদি। হে বহু-নায়িকার বল্লভ শ্রীকৃষ্ণ! তুমি বিলক্ষণ রসিক ও সজ্জন বটে! (বিদ্রূপোক্তি)।

৩—৪। "পামর" ইত্যাদি। (যে) পামর অর্থাৎ মূর্খ, (সেই) প্রণয়কে উপেক্ষা করে; (শ্রীরাধার প্রেম উপেক্ষা করিয়া তুমিও মূর্খতা প্রকাশ করিয়াছ)। আমার সখীকে কুলবতী দেখিয়া অর্থাৎ তুমি তাহার সহিত প্রেম করিয়া তাহাকে পরিত্যাগ করায়, তাহার এ কুল, ও কুল—দুই কুলই গিয়াছে দেখিয়া তোমার নিকট আসিলাম। 'পামরী' পাঠ ছন্দোভঙ্গদোষ-দুষ্ট; 'পামরি' পাঠেও পূর্ব্ববৎ অর্থ হইবে; তুলনা করুন,—

"পামরি গোবিন্দদাসের চিত-বান্ধা ফান্দ"

—প-ক-ত, ২৬৭ সংখ্যক পদ।

'পামরি গোবিন্দ দাস মরি যায়ব'

—ঐ, ৪৪০ সংখ্যক পদ।

১৩—১৪। "কোন শিখায়লি" ইত্যাদি। তুমি ইহা কোন্ আচরণ শিক্ষা দিলে? তোমার (কপট) প্রেমকে ধিক্।

১৫—১৬। "ছিয়ে ছিয়ে" ইত্যাদি। ছি! ছি! রাধা (না কি) বিদগ্ধা অর্থাৎ সুরসিকা—যাহার হৃদয়ে এরূপ সাধ! (অর্থাৎ তোমার ন্যায় অরসিকের সহিত যাহার প্রেম করার সাধ, সেই শ্রীরাধাকেও রসিকা বলা যাইতে পারে না)।

শ্রীরাগ।[১]

দোতি-বচন শুনি রসিক-শিরোমণি
আয়ল তাকর সাথ।
দুর সঞে হেরিয়া[২] সো[৩] বর-নাগরি[৪]
অবনত করি রহু মাথ ॥
কর যোড়ি সাধয়ে কান।
হাম তুয়া কিঙ্কর পড়িয়ে চরণ-তল
তেজ ধনি দারুণ[৫] মান ॥ধ্রু॥
এত কাহি নাগর অন্তর গর গর
ঢরকি ঢরকি পড়ু লোর।
হেরি সুধা-মুখি আকুল ভেল অতি
সো মুখ হেরি বিভোর ॥

ছল ছল নয়ন শ্যাম-কর-কিশলয়
ধরি কহে গদ গদ ভাষ।
জলদে গোপন বিধু যৈছে উদয় ভেল
কহ যদুনন্দন দাস ॥১০॥৪৬০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬৪৯ সংখ্যক পদ।
২। 'হেরিয়া' স্থলে 'হেরিঞা' খ; 'হেরি' ক, গ, চ, প-র-সা।
৩। 'সো' স্থলে 'সোই' ক—গ, চ, প-র-সা।
৪। 'বর-নাগরি' স্থলে 'বর-মানিনী' খ; 'বর-মানিনি' ঘ।
৫। 'দারুণ' স্থলে 'নিদারুণ' ক।

ধানশী।১

রাই হেরল২ যব সো মুখ-ইন্দু।
উছলল মন মাহা আনন্দ-সিন্ধু॥
ভাঙ্গল৩ মান রোদনহিঁ ভোর।
কানু কমল-করে মোছই লোর॥
মান-জনিত দুখ সব দূর গেল।
দুহুঁ মুখ দরশনে আনন্দ ভেল॥
ললিতা বিশাখা আদি যত সখিগণ।
আনন্দে মগন ভেল দেখি দুই জন॥
নিকুঞ্জের মাঝে দোহাঁর৪ কেলি-বিলাস।
দূরহিঁ দূরে রহু নরোত্তম দাস॥১১॥৪৬১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬৫০ সংখ্যক পদ।
২। 'হেরল' স্থলে 'হেরত' ঘ, চ।
৩। 'ভাঙ্গল' স্থলে 'ভাঁগল' খ।
৪। 'দোহাঁর' স্থলে 'দুহুঁ' ক, গ, চ, প-র-সা।

তথা রাগ।১

রাই-কানু বিলসই২ নিকুঞ্জ-ভবনে।
নয়ানে নয়ানে দোহাঁর৩ বয়নে বয়নে৪॥
দুখ সঞে সুখ ভেল দুহুঁ অতি ভোর।
হের দেখ এ সখি রাই শ্যাম-কোর॥
দোহ দোহ অধরে কয়ল মধুপান৫।
চান্দ চকোরে যেন মিলায়ল আন॥
ভুজে ভুজে মীলল পরাণে পরাণ।
গোবিন্দদাস নিগূঢ় রস পান॥১২॥৪৬২॥

ইতি চতুর্দ্দশ-পল্লবঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬৫১ সংখ্যক পদ।
২। 'বিলসই' স্থলে 'বিলসয়ে' প-র-সা।
৩। 'দোহাঁর' স্থলে 'দুহুঁ' ক, গ, চ, প-র-সা।
৪। 'বয়নে বয়নে' স্থলে 'বদনে বদনে' খ, ঘ; 'বয়ানে বয়ানে' ক, গ, চ।
৫। 'দোহ দোহ' ইত্যাদি পংক্তি-চতুষ্টয় ক—চ পুথিতে নাই; প-র-সা পুথি হইতে গৃহীত হইয়াছে।

কলহান্তরিতা প্রকারান্তরং যথা।

তদুচিত-শ্রীগৌরচন্দ্রঃ।

সুহই।১

মোহে বিহি বিপরীত ভেল।
অভিমানে মোহে উপেখি পহুঁ গেল॥
কি করিব কহ না উপায়।
কেমনে পাইব সেই মোর গোরা রায়॥
কি করিতে কি না জানি হৈল।
পরাণ-পুতলি গোরা মোরে২ ছাড়ি গেল॥
কে জানে যে এমন হইবে।
আঁচলে বান্ধিতে ধন সায়রে৩ পড়িবে॥

চৈতন্যদাসের সেই৪ হৈল।
পাইয়া গৌরাঙ্গচান্দ না ভজি তেজিল॥
॥১॥৪৬৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬৫২ সংখ্যক পদ।

২। 'মোরে' স্থলে 'মোহে' খ, ঘ; 'মোর' চ।

'সায়রে' স্থলে 'সাগরে' গ।

৪। 'সেই' স্থলে 'সেই সে' প-র-সা।

কৌ রাগিণী।১

একতাল ধরা।

সীদতি সখি মম হৃদয়মধীরম্।
যদভজমিহ নহি গোকুল-বীরম্॥
নার্কর্ণয়মপি২ সুহৃদুপদেশম্।
মাধব-চাটু-পটলমপি লেশম্॥
নালোকয়মর্পিতমুরু-হারম্।
প্রণমন্তঞ্চ দয়িতমনুবারম্॥
হন্ত সনাতন-গুণমভিযান্তম্।
কিমধারয়মহমুরসি৩ ন কান্তম্॥২॥৪৬৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬৫৩ সংখ্যক পদ।

২। 'মপি' স্থলে 'মতি'।

৩। 'কিমধারয়মহমুরসি' স্থলে 'কিমু ধারয়মহমুরসি' খ, ঘ, চ, প-র-সা।

টীকা

১—৮। "সীদতি" ইত্যাদি। হে সখি! যৎ (যস্মাৎ) ইহ (অত্র নিকুঞ্জে) গোকুলবীরং (গোকুল-রক্ষকং শ্রীকৃষ্ণং) নহি অভজং তস্মাদ্ধেতোঃ মম হৃদয়ং অধীরং (উৎকণ্ঠিতং) সৎ সীদতি (বিমুহ্যতি)। অহং সুহৃদামপি (সখীনামপি) উপদেশং (হিতবচনং) তথা মাধবস্য চাটু-পটলং (প্রিয়োক্তি-সমূহং) লেশং যথা স্যাৎ তথাপি নাকর্ণয়ং (নাশৃণবম্)। অহং অর্পিতং (শ্রীকৃষ্ণেণ প্রদত্তং) উরু-হারং (বিশাল-স্রজং) অনুবারং (বারংবারং) প্রণমন্তং (মচ্চরণ-পতিতং) দয়িতঞ্চ (প্রিয়মপি) ন আলোকয়ং (নাপশ্যম্)। হন্ত খেদে সনাতনা নিত্যাঃ গুণা যস্য পক্ষে সনাতনেন কবিনা গীতাঃ গুণা যস্য তং অভিযান্তং (অভিসরন্তং) কান্তং (প্রিয়ং) অহং উরসি (বক্ষসি) কিং ন অধারয়ং কথং ন ধৃতবতীত্যহো মে মূর্খতেতি ভাবঃ।

অনুবাদ

১—৮। সখি! আমি যে এই নিকুঞ্জে গোকুল-পালক শ্রীকৃষ্ণকে ভজন করি নাই, তজ্জন্য আমার উৎকণ্ঠিত হৃদয় অবসন্ন হইতেছে। আমি সুহৃদ্গণেরও উপদেশ এবং শ্রীকৃষ্ণের চাটু-বচন-সমূহের লেশমাত্রও শ্রবণ করি নাই। আমি শ্রীকৃষ্ণের অর্পিত বিশাল হার এবং বারংবার চরণপতিত শ্রীকৃষ্ণের প্রতিও দৃষ্টিপাত করি নাই। হায়! আমি কি জন্য সনাতন-গুণবিশিষ্ট (পক্ষান্তরে সনাতন-কর্তৃক কীর্ত্তিত-গুণযুক্ত) অভিসারে সমাগত প্রিয়তমকে বক্ষে ধারণ করিলাম না!

শ্রীরাগ।১

পরবশ দেহ থেহ নাহি বান্ধে।
নীলজ২ জীউ নেহ লাগি কান্দে॥
শঠ সঞে হঠ না করয়ে কেহ আন৩
মান রহুক পুন যাউক পরাণ॥
এ সখি ছিয়ে ছিয়ে কহইতে লাজ।
শুনি উপহাসব যুবতি-৪সমাজ॥ ধ্রু॥

পর জন[6] কীয়ে পিরিতি-অনুরোধ।
দুরজন[7] কীয়ে সুজন পরবোধ॥
কুলবতি-বল্লভ নাগর কান।
গোবিন্দদাস ইহ রস পরমাণ[8] ॥৩॥৪৬৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬৫৪ ও প-র পুথির ২২।৫ সংখ্যক পদ।

২। 'নীলজ' স্থলে 'নিলজ' ক—গ, প-র-সা, প-র।

৩। 'না করয়ে কেহ আন' স্থলে 'নাহি করবহিঁ আন' প-র।

৪। 'যুবতি' স্থলে 'রমণী' প-র-সা।

৫। ক—চ পুথিতে 'ধ্রু' চিহ্ন নাই।

৬। 'পর জন' স্থলে 'পরিজন' প-র-সা।

৭। 'দুরজন' স্থলে 'পুরজন' ক।

৮। 'পরমাণ' স্থলে 'পরিমান' প-র-সা 'গান' প-র

টীকা

১—২। "পরবশ" ইত্যাদি। আমার এই পরবশ অর্থাৎ শ্রীকৃষ্ণের প্রেমাধীন দেহ ধৈর্য্য ধারণ করিতে পারিতেছে না; আমার নির্ল্লজ্জ প্রাণ (এখনও সেই শ্রীকৃষ্ণের) প্রেমের জন্যই কান্দিতেছে।

৩—৪। "শঠ" ইত্যাদি। শঠ অর্থাৎ প্রবঞ্চকের সহিত ক্রোধ করিয়া কেহ তাহা অন্যথা করে না অর্থাৎ কেহই সেই ক্রোধ পরিত্যাগ করিয়া প্রবঞ্চকের সহিত পুনরায় মিত্রতা স্থাপন করিতে ইচ্ছা করে না; (আমিই বা কেন তাহা করিব?) সুতরাং আমার অভিমান (পক্ষান্তরে সম্মান) থাকুক, প্রাণই বরং যাউক।

৭—৮। "পর জন" ইত্যাদি। পরপুরুষের প্রেমের অনুরোধ কি? দুর্জ্জনকে সুজনে কি প্রবোধ দিতে পারে?

১০। "কুলবতি" ইত্যাদি। শ্রীকৃষ্ণ "পরপুরুষ", সুতরাং প্রেমের মর্য্যাদা জানেন না—শ্রীরাধার এই উক্তির উত্তরে সখী-স্থানীয় গোবিন্দদাস বলিতেছেন যে, শ্রীকৃষ্ণ পর-পুরুষ অর্থাৎ শ্রেষ্ঠ পুরুষ সত্য, নতুবা তিনি কুলবতীদিগের বল্লভ হইবেন কিরূপে? গোবিন্দদাসই এই রহস্যের প্রমাণ অর্থাৎ তিনিও এই সকল ব্রজকুলাঙ্গনাদিগের ন্যায় সেই পরপুরুষকেই প্রিয়তম জ্ঞান করিয়া সর্ব্বস্ব অর্পণ করিয়াছেন; সুতরাং এই রহস্যের মর্ম্মজ্ঞ বটে।

ধানশী।[1]

পরিহরি সো গুণ[2]-রতন-নিধান।
যতনহি যো[3] হাম রাখলুঁ মান॥
সো অব গেল[4] অনল সম হোয়।
দগধই নিরস দারু হিয়া[5] মোয়॥
এ সখি যতহুঁ মিনতি পহুঁ কেল।
সো সব অব তহিঁ[6] আহুতি ভেল॥ ধ্রু[7]
মুখরিত পিকু-কুল যাজক[8] তায়।
তহিঁ মলয়ানিল রচয়ে[9] সহায়[10]॥
জানলুঁ দৈব বিমুখ যাহে হোয়।
তাকর তাপ না মীটই কোয়॥
ভরমহুঁ মঝু মনে নাহি এত ভান।
রোখি চলব কিয়ে নাগর কান॥
শুনইতে ঐছন রাইক ভাষ।
জর জর ভেল ঘনশ্যামর দাস ॥৪॥৪৬৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬৫৫ ও ৬৭২ এবং প-র পুথির ২২।১২ সংখ্যক পদ। 'ধানশী' স্থলে 'বড়ারি' প-র।

২। 'গুণ' স্থলে 'গিরি' ঘ, চ; 'হরি' প-র।

৩। 'যতনহি যো' স্থলে 'যতনেহি যো' ক, খ; 'যতনহি যো' প-র।

৪। 'গেল' স্থলে 'কাল' ক; 'কান' 'কাল' প-র-সা।

৫। 'দারু হিয়া' স্থলে 'দারু হিয়ে' প-র-সা, প-র; 'দারুণ হিয়া' ক—গ।

৬। 'তহিঁ' স্থলে 'মোহে' প-র।

৭। প-র-সা পুথি ছাড়া অন্যান্য পুথিতে 'ঞ' চিহ্ন নাই।

৮। 'যাজক' স্থলে 'জাচক' প-র-সা।

৯। 'রচয়ে' স্থলে 'চলত' ও 'রচয়ে' প-র-সা।

১০। 'সহায়' স্থলে 'স্বহায়' ঘ, চ।

টীকা

১—৪। "পরিহরি" ইত্যাদি। সেই গুণরূপ রত্নের অথবা শ্রেষ্ঠ গুণের আকর শ্রীকৃষ্ণকে পরিত্যাগ করিয়া আমি যত্নপূর্ব্বক যে মানকে রক্ষা করিয়াছিলাম, সেই মান এখন অগ্নিতুল্য হইয়া গেল; (সে) আমার রসহীন (এক অর্থে আনন্দ-হীন, অন্য অর্থে শুষ্ক) কাষ্ঠ-তুল্য হৃদয়কে দগ্ধ করিতেছে।

৫—৬। "এ সখি" ইত্যাদি। হে সখি! আমার প্রভু শ্রীকৃষ্ণ যে সকল মিনতি করিয়াছিলেন, এখন সেই সব সেই অগ্নিতে (ঘৃতাদির) আহুতি হইল অর্থাৎ প্রাণনাথের সেই সকল কাতর প্রার্থনা স্মরণ হওয়ায় আমার অনুতাপানল আরও বর্দ্ধিত হইতেছে।

৭—৮। "মুখরিত" ইত্যাদি। সেই আহুতি-কার্য্যে মুখর কোকিলগণ যাজক হইল অর্থাৎ যাজ্ঞিকগণের উচ্চারিত মন্ত্র যেরূপ হোমাগ্নিকে উদ্বোধিত করে, কোকিলগণের কূজনও সেইরূপ আমার অনুতাপানলকে উদ্বোধিত করিল; মলয়ানিল তাহাতে সাহায্যকারী হইল অর্থাৎ মলয়ানিল স্পর্শে আমার অনুতাপানল অধিক প্রজ্বলিত হইয়া উঠিল।

তথা রাগ।১

যুবতি-নিকর মাঝে২ যাকর বাস
অনুখন নব নব যছু অভিলাষ॥
ঐছন জন তুয়া পরশক লাগি।
বিপিনে গোঙায়ল যামিনি জাগি॥
তবহুঁ প্রাতে৩ নিজ গৌরব ছোড়ি।
তোহারি সমীপে৪ করহিঁ৫ কর যোড়ি॥
আওল যব নব-নাগর কান।
তৈখনে ভেল তোহেঁ দারুণ মান॥
অনুনয়-বচন না শূনলি৬ জানি৭।
চরণে৮ পসারল সো নিজ পাণি॥
লোচন-কোণে তবহিঁ৯ নাহি হেরি।
বৈঠলি তহিঁ১০ পুন আনন ফেরি॥
অবনত মুখ যব চলু নিজ বাস।
কি কহব১১ কহ১২ ঘনশ্যামর দাস॥৫॥৪৬৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬৫৬ ও প-র পুথির ২২।১৪ সংখ্যক পদ।

২। 'মাঝে' স্থলে 'মাহা' ঘ।

৩। 'তবহুঁ প্রাতে' স্থলে 'তবহি প্রীতে' প-র-সা।

৪। 'সমীপে' স্থলে 'নিয়ড়ে' ক; 'সমুখে' প-র-সা।

৫। 'করহিঁ' স্থলে 'আওল' ক।

৬। 'শূনলি' স্থলে 'শুনবি' ক, প-র-সা; 'শুণবি' প-র।

৭। 'জানি' স্থলে 'মানি' খ।

৮। 'চরণে' স্থলে 'যতনে' প-র।

৯। 'লোচন' ইত্যাদি স্থলে 'লোচনক ওরে তবহু' প-র-সা।

১০। 'তহিঁ' স্থলে 'তুহুঁ' প-র-সা।

১১। 'কহব' স্থলে 'করব' প-র-সা।

১২। 'কহ' স্থলে 'অব' ক, গ, প-র-সা।

তথা রাগ।১

কৈছে চরণে কর- পল্লব ঠেললি
মীললি মান-ভুজঙ্গে।
কবলে কবলে জিউ জরি যব যায়ব
তবহিঁ দেখব ইহ রঙ্গে॥
মা গো কিয়ে ইহ জীদ্দ অপার।
কো অছু বীর ধীর মহাবল
পাণ্ডরি উতারব পার ॥ধ্রু॥
শ্যামর[২] ঝামর মলিন নলিন-মুখ[৩]
ঝর ঝর[৪] নয়নক নীর[৫]।
পীতাম্বর গলে পদহি লোটায়ল
হিয়া কৈছে বান্ধলি থীর[৬] ॥
সাধি সাধি ছরমি ঘরমি মহাবীকল
ঘন ঘন দীঘ নিশাস।
মনমথ-দাহ- দহনে[৭] মন ধসি গেও
রোখে চলল নিজ বাস ॥
অবিরোধি[৮] প্রেম- পন্থ তুহুঁ রোধলি[৯]
দোষ-লেশ নাহি নাহ।
বৃন্দাবন কহ[১০] নিষেধ না মানলি[১১]
হামারি ওরে[১২] নাহি চাহ ॥৬॥৪৬৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬৫৭ ও ৬৮৩ এবং প-র পুথির ২২।১৩ সংখ্যক পদ। এই পদের প্রথম দুইটি কলির সহিত ঘনশ্যাম দাসের ৪৩৯ সংখ্যক পদের প্রথম দুইটি কলি অভিন্ন ; এই দুইটি কলির পাঠান্তর ৪৩৯ সংখ্যক পদে দ্রষ্টব্য।

২। 'শ্যামর' স্থলে 'শ্যামের' প-র-সা।

৩। 'মলিন' ইত্যাদি স্থলে 'নলিন মলিন মুখ' খ; 'মলিন মুখমণ্ডল' প-র-সা।

৪। 'ঝর ঝর' স্থলে 'ঝরই' ক।

৫। 'নীর' স্থলে 'নোর' প-র-সা।

৬। 'থীর' স্থলে 'থোর' প-র-সা।

৭। 'মনমথ' ইত্যাদি স্থলে 'হেরইতে দারু দহন' খ; 'হেরইতে দারুণ দহনে' পাঠান্তর গ, চ, প-র; 'হেরইতে দাব দহন' ঘ।

৮। 'অবিরোধি' স্থলে 'অবিরোধে' খ, ঘ, চ, প-র; 'অভিরথ' প-র-সা।

৯। 'রোধলি' স্থলে 'রোন্ধলি' প-র।

১০। 'বৃন্দাবন কহ' স্থলে 'গোবিন্দ দাস মনে' প-র-সা।

১১। 'মানলি' স্থলে 'মানই' প-র-সা।

১২। 'ওরে' স্থলে 'ওর' প-র; 'উরে' প-র-সা; 'জোরে' ক, গ; 'য়োরে' চ। 'জোরে' পাঠ এখানে অর্থ-শূন্য; কিরূপে 'জোরে' পাঠের উৎপত্তি হইয়াছে, চ পুথি হইতে তাহার ইঙ্গিত পাওয়া যায়; 'ও' অক্ষরটির পরিবর্তে 'য়ো' লিখিত হওয়ায়, 'য়ো' অক্ষরের বিন্দুটি কোন প্রকারে লুপ্ত হইয়া 'যোর' পাঠ হইয়াছিল; তাহাই পরে কোন পণ্ডিত-ম্মন্য লিপিকর কর্তৃক সংশোধিত (?) হইয়া 'জোর' পাঠে পরিণত হইয়াছে।

শ্রীগান্ধার।১

রোখে দোখলুঁ[২] পিয়া বিনি অপরাধে।
না জানিয়ে এত কি পড়ব পরমাদে ॥
রজনি প্রভাতে[৩] পুরুব পরকাশ।
যামিনি জাগি আয়ল মঝু পাশ ॥
শিতল[৪] ঢুলহ[৫] কর দেয়ল পায়।
মানে মুগধি হাম[৬] উপেখলুঁ তায় ॥
কত রূপে বচন কহল সব[৭] মীঠ।
বদন ঝাঁপি[৮] হাম দেয়লুঁ পীঠ ॥
পালটি হেরি হেরি পহুঁ[৯] মোর গেল।
গোবিন্দদাস কহ মরমক শেল ॥৭॥৪৬৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬৫৮ সংখ্যক পদ।

২। 'দোখলুঁ' স্থলে 'দোখলি' গ-র-সা।

৩। 'রজনি প্রভাতে' স্থলে 'রজনীক শেষ' প-র-সা।

৪। 'শিতল' স্থলে 'শীতল' ক—গ।

৫। 'তুলহ' স্থলে 'পুনহ' প-র-সা।

৬। 'হাম' স্থলে 'মুখ' ক।

৭। 'সব' স্থলে 'বহু' প-র-সা।

৮। 'ঝাঁপি' স্থলে 'মোড়ি' প-র-সা।

৯। 'পহুঁ' স্থলে 'পিয়া' প-র-সা।

শ্রীগান্ধার।১

হরি যব হরিখে বরিখে[২] রস-বাদর
সাদরে পুছয়ে[৩] বাত।
নিরখি বদন তোরি আকুল সো হরি
নিজ শিরে ধরু[৪] তুয়া হাত[৫] ॥
মানিনি কীয়ে কঠিন তুয়া মান।
ছলে বলে[৬] দিঠি-জলে তোহে কত সাধল
পালটি না হেরলি কান ॥ধ্রু॥
যছু[৭] গুণে গুণিগণ ঝুরয়ে[৮] রাতি দিন
তুয়া গুণে উনমত সোই।
বিনি অপরাধে তাহে উপেখলি
জনম গোঙায়বি রোই ॥
তাকর বচন শ্রবণে নাহি শুনলি[৯]
রোখে[১০] চলল যব নাহ।
অব কাতর দিঠে মঝু মুখ হেরসি
পাই মনোভব-দাহ ॥
বিহি তোহে বাম মান-ধনে বঞ্চল
নাহ বিমুখ ভৈগেল।
গোবিন্দদাস কহই চিতে মানই
ইহ বড় দারুণ শেল ॥৮॥৪৭০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬৫৯ সংখ্যক ও প-র পুথির ২২।২০ সংখ্যক পদ। 'শ্রীগান্ধার' স্থলে 'গান্ধার' প-র-সা; 'শ্রী' প-র।

২। 'বরিখে' স্থলে 'বরিখ' প-র।

৩। 'পুছয়ে' স্থলে 'পুছয়ে' ক—গ, প-র-সা; 'পুছইতে' প-র।

৪। 'ধরু' স্থলে 'ধরই' প-র।

৫। 'হাত' স্থলে 'মাথ' প-র।

৬। 'ছলে বলে' স্থলে 'ছলবল' প-র।

৭। 'যছু' প-র স্থলে 'তছু' ক—চ, প-র-সা।

৮। 'ঝুরয়ে' স্থলে 'ঝুরত' প-র।

৯। 'শুনলি' স্থলে 'শুনলি' ক—গ, প-র-সা, প-র।

১০। 'রোখে' স্থলে 'রোখি' ক—গ, প-র-সা, প-র।

সুহই।১

সখি নাহি বোলহ আর।
হাম ফল পায়লুঁ তার ॥
সহজই মতি গতি বাম।
তৈছন ইহ পরিণাম ॥
যৈছে গরবে হিয়া পূর।
সো অব হোয়ল চুর ॥
অবহুঁ না রহত[২] পরাণ।
সমুচিত কয়লহিঁ মান ॥
যৈছে রহয়ে[৩] মঝু[৪] দেহ।
সোই করহ অব থেহ ॥
তুহুঁ যদি না পুরবি আশ।
কি কহব[৫] বলরাম দাস ॥৯॥৪৭১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬৬০ সংখ্যক পদ।

২। 'রহত' স্থলে 'রহ' ক, গ, প-র-সা।

৩। 'রহয়ে' স্থলে 'রহত' ক; 'রহএ' গ।

৪। 'মঝু' স্থলে 'ইহ' প-র-সা।

৫। 'কহব' স্থলে 'করব' ঘ।

কামোদ ।[১]

সুন্দরি কত সমুঝায়ব তোয় ।
পায়লি রতন যতন করি তেজলি
অব পুন সাধসি মোয় ॥ধ্রু[২] ॥
কত কত গোপ- সুনাগরি পরিহরি
যব তুয়া মন্দিরে কান ।
তব তুহুঁ[৩] মান পরম ধন পায়লি
না হেরলি কমল-বয়ান[৪] ॥
বিনি অপরাধে উপেখলি মাধব
না বুঝলি আপন কাজ ।
না জানিয়ে কোন কলাবতি-মন্দিরে
অব রহু নাগর-রাজ ॥
যাহে[৫] বিনু পল এক রহই না পারই[৬]
তাহে কি এমন বেবহার[৭] ।
গোবিন্দদাস কহ অব ধনি সমুঝলি
পুন হেন[৮] না করবি আর ॥১০॥৪৭২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬৬১ ও প-র পুথির ২২।৬ সংখ্যক পদ। 'কামোদ' স্থলে 'শ্রীরাগ' প-র।

২। ক—চ পুথিতে 'ধ্রু' নাই।

৩। 'তব তুহুঁ' স্থলে 'তবহুঁ' ক—চ।

৪। 'কমল-বয়ান' স্থলে 'কমল-নয়ান' প-র-সা।

৫। 'যাহে' স্থলে 'যা' প-র।

৬। 'পারই' স্থলে 'পারহ' প-র-সা।

৭। 'এমন বেবহার' স্থলে 'হেন ব্যবহার' ক, গ, প-র-সা।

৮। 'হেন' স্থলে 'মান' প-র।

তিরোথা ধানশী ।[১]

হরি বড় গরবি গোপ[২] মাঝে বসই ।
ঐছে কহবি[৩] যৈছে বৈরি না হসই ॥
পরিচয় করবি[৪] সময় ভাল চাই ।
আজু বুঝব হাম[৫] তুয়া চতুরাই ॥
পুছইতে কুশল উলটায়বি[৬] পাণি ।
বচন[৭] না বান্ধবি[৮] শুনহ সেয়ানি ॥
হরি যদি ফেরি[৯] পুছয়ে ধনি তোয়[১০] ।
ইঙ্গিতে বেদন জানায়বি মোয় ॥
ইহ রস বিদ্যাপতি কবি ভাণ[১১] ।
মান রহুক পুন যাউক[১২] পরাণ ॥১১॥৪৭৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬৬২।৭০৪ ও প-র পুথির ২২।৩১ সংখ্যক পদ। 'তিরোথা ধানশী' স্থলে 'তিরথা' প-র-সা; 'ধানশী' প-র।

২। 'গোপ' স্থলে 'গোপী' প-র।

৩। 'ঐছে কহবি' স্থলে 'ঐছে করবি' ক, গ, চ, প-র-সা; 'সোই করবি' প-র।

৪। 'করবি' স্থলে 'লেয়বি' প-র-সা ৬৬২; 'দেয়বি' প-র।

৫। 'হাম' স্থলে 'সখি' খ, ঘ; 'দূতি' প-র-সা ৬৬২।

৬। 'উলটায়বি' স্থলে 'উলটি যব' প-র-সা ৬৬২।

৭। 'বচন' প-র স্থলে 'বচনে' ক—চ, প-র-সা।

৮। 'বান্ধবি' স্থলে 'বোলবি' প-র।

৯। 'ফেরি' স্থলে 'হেরি' প-র।

১০। 'হরি ··· ··· তোয়' স্থলে 'হরি যদি কুশল পুছয়ে তোয়' প-র-সা ৬৬২।

১১। 'ইহ রস' ইত্যাদি স্থলে 'কবি বিদ্যাপতি কহতহি ভান' প-র-সা ৬৬২; 'ইথে যদি জানহ বিদ্যাপতি আন' প-র।

১২। 'যাউক' স্থলে 'জাকু' খ, ঘ।

টীকা

১—২। "হরি" ইত্যাদি। শ্রীকৃষ্ণ বড়ই গর্ব্বিত; (তিনি) গোপ-সমূহের মধ্যে অবস্থান

করেন; তুমি এ ভাবে নিজের বক্তব্য প্রকাশ করিবে, যেন (আমার দুঃখের কথা শুনিয়া) আমার শত্রু-পক্ষ হাস্য না করে।

৫—৬। "পুছইতে" ইত্যাদি। শ্রীকৃষ্ণ মঙ্গল জিজ্ঞাসা করিলে (উদাসীনতা প্রকাশ জন্য) হাত উন্টাইবে এবং হে সুচতুরে! তুমি শুনিয়া রাখ, (শ্রীকৃষ্ণের সহিত) কথা যুড়িবে না।

৭—৮। "হরি" ইত্যাদি। শ্রীকৃষ্ণ যদি (আগ্রহ হেতু) পুনরায় তোমাকে (আমার কুশল) জিজ্ঞাসা করেন,—(তাহা হইলে) আমার দুঃখের কথা তাঁহাকে (স্পষ্টভাবে না বলিয়া) কৌশল-পূর্ণ বাক্য দ্বারা আভাসে জানাইবে।

ভূপালী।[১]

টুটল রাইক মান।
হেরি সখি কয়ল পয়ান॥
যাহাঁ বহু-বল্লভ কান।
তুরিতে মিলল সোই ঠাম॥
রাইক সহচরি গেল।
নাগর হরষিত ভেল॥
গদ গদ কহ বর-কান।
রাই কি তেজল মান॥
পুন কিয়ে মীলব[২] মোয়।
ঐছে সফল দিন হোয়॥
সো মুখে সুধাময় বাত।
শুনি কি জুড়ায়ব গাত॥
বঙ্কিম লোচন হেরি।
মোহে জিয়ায়ব ফেরি॥
তুহুঁ সখি করহ সহায়[৩]।
তব হাম মীলব তায়॥
যবহুঁ কয়ল ধনি মান।
তব ধরি আকুল পরাণ॥
শুনি সখি কহে মৃদু বোল।
অব তুহুঁ নহ উতরোল॥
তুরিতে চলহ মঝু সাথ।
বংশী মানাওব তাথ॥১২॥৪৭৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬৬৩ সংখ্যক পদ।
২। 'মীলব' স্থলে 'মিলব' ক—গ, প-র-সা।
৩। 'সহায়' স্থলে 'স্বহায়' ঘ।

তথা রাগ।[১]

সখীর[২] বচনে অথির[৩] কান।
বুঝল সুন্দরী[৪] তেজল মান॥
অরুণ নয়ানে ঝরয়ে[৫] লোর।
গদ গদ স্বরে[৬] বচন বোল॥
কেমনে সুন্দরী[৭] মিলব মোয়।
অনুকূল[৮] যদি বিধাতা[৯] হোয়[১০]॥
এত কহি হরি সখীর সঙ্গে[১১]।
মিললি রাইয়ে আনন্দ রঙ্গে[১২]॥
হেরি বিধু-মুখী[১৩] বিমুখী[১৪] ভেল[১৫]।
কানুরে সো সখী[১৬] ইঙ্গিত কেল॥
চরণ-কমলে পড়ল কান[১৭]।
সখীর[১৮] বচনে তেজল মান॥
ধনী[১৯]-মুখ শশী[২০] হরি[২১] চকোর।
হেরিতে দুহুঁক গলয়ে লোর[২২]॥
হৃদয় উপরে ধরল রাই[২৩]।
প্রেমদাস তব জীবন পাই॥১৩॥৪৭৫॥

ইতি ত্রিধা কলহান্তরিতা।
ইতি পঞ্চদশ-পল্লবঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬৬৪ ও প-র পুথির ২২।৩৪ সংখ্যক পদ। 'তথা রাগ' স্থলে "সিন্ধুড়া' প-র।

২। 'সখীর' স্থলে 'সখির' ঘ, চ। এই পদটির ছন্দ মাত্রা-বৃত্ত নহে, ইহা একাদশাক্ষরী বাঙ্গালা একাবলি ছন্দ; ইহাতে গুরু ও লঘু অক্ষরের মাত্রা-গত পার্থক্য রক্ষিত হয় নাই; সুতরাং 'সখির', 'সুন্দরি', 'অনুকুল' ইত্যাদি বর্ণ-বিন্যাস-প্রণালী অনাবশ্যক ও অসঙ্গত।

৩। 'বচনে অথির' স্থলে 'বচন শুনিয়া' প-র।

৪। 'সুন্দরী' স্থলে 'সুন্দরি' ঘ, চ।

৫। 'ঝরয়ে' স্থলে 'ঝুরয়ে' প-র-সা।

৬। 'স্বরে' স্থলে 'সরে' ঘ, চ।

৭। 'সুন্দরী' স্থলে 'সুন্দরি' ঘ, চ।

৮। 'অনুকূল' স্থলে 'অনুকুল' ঘ, চ, প-র।

৯। 'বিধাতা' স্থলে 'তবহু' প-র-সা।

১০। 'অনুকূল' ইত্যাদি পংক্তি স্থলে 'ইথে অনু-কুল উচিত তোয়' প-র।

১১। 'সখীর সঙ্গে' স্থলে 'সখির সঙ্গে' ঘ, চ; 'সখীর সনে' প-র।

১২। 'মিললি' ইত্যাদি প-র-সা স্থলে 'মিলল রাই আনন্দ রঙ্গে' ক—চ; 'রাই মিললি নিকুঞ্জ-বনে' প-র।

১৩। 'বিধু-মুখী' স্থলে 'বিধুমুখি' ঘ, চ।

১৪। 'বিমুখী' স্থলে 'বিমুখি' ঘ, চ।

১৫। 'হেরি' ইত্যাদি পংক্তি-দ্বয় প-র-সা ও প-র পুথিতে নাই।

১৬। 'সখী' স্থলে 'সখি' ঘ, চ।

১৭। 'চরণ-কমলে' ইত্যাদি পংক্তি-দ্বয় প-র-সা ও প-র পুথিতে নাই।

১৮। 'সখীর' স্থলে 'সখির' ঘ, চ।

১৯। 'ধনী' স্থলে 'ধনি' ঘ, চ।

২০। 'মুখ শশী' স্থলে 'শশিমুখি' চ; 'মুখ চান্দ' প-র-সা।

২১। 'হরি' স্থলে 'হেরি' ক।

২২। 'হেরিতে' ইত্যাদি পংক্তি স্থলে 'পিয়ই পিয়ই আনন্দে ভোর' প-র-সা; 'পিবই পিবই আনন্দে ভোর' প-র।

২৩। 'হৃদয় উপরে' ইত্যাদি পংক্তি স্থলে 'অমিয়া-সাগরে ভাসল রাই' প-র।

টীকা

৭—৮। "এত কহি" ইত্যাদি। এইরূপ (অর্থাৎ 'কেমনে সুন্দরী মিলব মোয়' ইত্যাদি) বলিয়া শ্রীকৃষ্ণ সখীর সঙ্গে আনন্দ-উল্লাসে যাইয়া শ্রীরাধার সহিত সম্মিলিত হইলেন।

১৩—১৪। "ধনী-মুখ" ইত্যাদি। শ্রীরাধার মুখ চন্দ্র-স্বরূপ ও শ্রীকৃষ্ণ চকোর-স্বরূপ; (উভয়ে উভ-য়কে নিনিমেষ-নয়নে) নিরীক্ষণ করিতে উভয়ের অশ্রু-জল বিগলিত হইতে লাগিল।

অথ মানপ্রকরণম্।

তত্র সহেতুমানঃ।

নায়কাঙ্গে ভোগচিহ্নে দৃষ্টে সতি[১] দুর্জ্জয়-মানঃ[২]।

তদুচিত-শ্রীগৌরচন্দ্রঃ।

সুহই।[৩]

বরণ কাঞ্চন দশবান।
অরুণ বসন পরিধান॥
অবনত মাথে গোরা রহে[৪]।
অরুণ নয়ানে ধারা বহে॥
খেনে শিরে[৫] করতল[৬] রাখি।
খেনে ক্ষিতিতলে[৭] নখে[৮] লিখি॥
কান্দিয়া আকুল গোরা রায়।
সোণার অঙ্গ ধূলায় লোটায়॥
বাসুদেব ঘোষে গুণ গায়।
নিশি দিশি[৯] আন নাহি ভায়॥১॥৪৭৬॥

পাঠান্তর

১। 'দৃষ্টে সতি' স্থলে 'দৃষ্টে সতি যো মানঃ স এব' ঘ; 'দৃষ্টে সতি স এব' চ।

২। অতঃপর ঘ পুথিতে 'অথ তত্র দুর্জ্জয়মানং' পাঠ আছে।

৩। 'বরণ কাঞ্চন' ইত্যাদি পদটি প-র-সা পুথির ৭০০ সংখ্যক পদ।

৪। 'অবনত মাথে গোরা রহে' ইত্যাদি অবশিষ্ট চারিটি কলির পরিবর্ত্তে প-র-সা পুথির পাঠ যথা,—

'নয়ন কমল সমতুল।
ধারা বহে তাহার দো কুল॥
সোই জেন মুকুতার ঝুরি।
খসি পড়ে উপরি উপরি॥
ধরণি লোটায় কলেবর।
হেমগিরি ধুলায় ধুসর॥
বাসুদেব ঘোষ তহি ভাণ।
গোরা বিনু না রহে পরাণ॥'

৫। 'শিরে' স্থলে 'শির' ক, গ, চ।
৬। 'করতল' স্থলে 'করতলে' চ।
৭। 'ক্ষিতিতলে' স্থলে 'করতল' ক।
৮। 'নখে' স্থলে 'নখ' চ।
৯। 'নিশি দিশি' স্থলে 'দিবা নিশি' খ, ঘ।

ধানশী।[১]

মদন-কুঞ্জ পর বৈঠল মোহন
বৃন্দাসখি[২]-মুখ চাই।
যোড়ি যুগল-কর মিনতি করত কত[৩]
তুরিতে মিলায়বি রাই॥
হাম পর রোখি বিমুখ[৪] ভৈ[৫] সুন্দরি
যবহুঁ[৬] চললি[৭] নিজ গেহা।
মদন-হুতাশনে মঝু মন জারল
জিবনে[৮] না বান্ধই থেহা॥
তুহুঁ অতি চতুরি- শিরোমণি নাগরি[৯]
তোহে কি শিখায়ব বাণী।
তুহুঁ বিনে হামারি মরম নাহি জানত
কৈছে মিলায়বি আনি॥
চন্দন চান্দ পবন ভেল রিপু-সম[১০]
বৃন্দাবন বন ভেল।
মউর কোকিল কত[১১] ঝঙ্কার দেয়ত[১২]
মঝু মনে মনমথ[১৩]-শেল॥
ছল ছল নয়ন[১৪] বয়ন ভরি রোয়ত
চরণ পাকড়ি গড়ি যায়[১৫]।
হা হা সো ধনি[১৬] হামে না হেরব[১৭]
সিংহভূপতি রস গায়[১৮] ॥২॥৪৭৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৭৩৮ ও প-র পুথির ২১।৭৫ সংখ্যক পদ। 'ধানশী' স্থলে 'সুহই' প-র।
২। 'বৃন্দাসখি' স্থলে 'বৃন্দাদেবি' প-র।
৩। 'কত' স্থলে 'হরি' প-র।
৪। 'বিমুখ' স্থলে 'বিমুখী' প-র-সা।
৫। 'ভৈ' স্থলে 'ভেল' প-র।
৬। 'যবহুঁ' স্থলে 'জবে' প-র-সা; 'অবহু' প-র।
৭। 'চললি' স্থলে 'চলল' ক—গ, প-র-সা।
৮। 'জিবনে' স্থলে 'জীবনে' ক, গ, চ, প-র-সা, প-র; 'জীবন' খ; 'জিবন' ঘ।
৯। 'তুহুঁ অতি' ইত্যাদি পংক্তি-চতুষ্টয় খ পুথিতে নাই এবং প-র পুথিতে 'মঝু মনে মনমথ শেল' পংক্তির পরে সন্নিবেশিত হইয়াছে।
১০। 'চন্দন চান্দ' ইত্যাদি পংক্তিচতুষ্টয় প-র পুথিতে 'জিবনে না বান্ধই থেহা' পংক্তির পরে সন্নিবেশিত হইয়াছে।
১১। 'কত' স্থলে 'যত' প-র।
১২। 'দেয়ত' স্থলে 'দেওত' ক—গ; 'কর-তহি' প-র।
১৩। 'মনমথ' স্থলে 'লাগল' প-র-সা; 'লাগই' প-র।
১৪। 'নয়ন' স্থলে 'নয়ান' ক—গ, প-র-সা; 'নয়নে' প-র।

১৫। 'গড়ি যায়' স্থলে 'পড়ু তায়' প-র-সা; 'পড়ু পায়' প-র।

১৬। 'সো ধনি' স্থলে 'করি ধনি' প-র-সা, প-র।

১৭। 'হামে না হেরব' স্থলে 'হাম নাহি হেরব' খ; 'হাম না হেরব' ঘ, চ; 'হাম দ্বিজ হোয়ত' প-র-সা; 'হাম সে জো হোয়ব' প-র।

১৮। 'সিংহ ভূপতি রস গায়' স্থলে 'ভূপতি পাকড়ি পায়' প-র-সা; 'ভূপতি করবহিঁ তায়' প-র।

টীকা

১৩—১৬। "চন্দন" ইত্যাদি। (শ্রীরাধার বিরহে) চন্দন, চন্দ্র ও (মলয়ের) পবন শত্রুতুল্য হইল,—বৃন্দাবন অরণ্য হইল; ময়ূর, কোকিল (প্রভৃতি পক্ষিগণ) কত ঝঙ্কার দিতেছে,—আমার হৃদয়ে (সেই ঝঙ্কার) কন্দর্পের শেল (অস্ত্র) তুল্য (প্রতীত হইতেছে)।

১৭—২০। "ছল ছল" ইত্যাদি। শ্রীকৃষ্ণ অশ্রু-জলপূর্ণ-নয়নে (অশ্রু-জলে) বদন পূর্ণ করিয়া, শ্রীরাধার চরণ ধারণ করিয়া (ভূমি-তলে) গড়াগড়ি দিতে লাগিলেন,—(এবং বলিতে লাগিলেন),—'হায়! হায়! সেই (আমার প্রিয়তমা) শ্রীরাধা আমাকে (চাহিয়া) দেখিবে না!' সিংহ ভূপতি (এই) রস গান করিতেছেন।

শ্রীগান্ধার।১

মাধব নিপট কঠিন মন২ তোর।
হাত হাত৩ হাম বাত শিখায়লুঁ৪
বাত না রাখলি৫ মোর॥
সো বর নাগরি সহজেই সুন্দরি৬
কোমল অন্তর বামা৭।
বহুত৮৯যতন করি তোহে মিলায়লুঁ
কাহে উপেখলি রামা৯॥
তুহুঁ অতি লম্পট কয়লহি বিপরিত১০
প্রেমক রীত না১১ জানি।
হাতক লছিমি১২ চরণ পয়ে১৩ ডারলি
কৈছে মিলায়ব আনি॥
বাসর জাগি আগি সম উপজল
রজনি গোঙায়ল১৪ জাগি।
তোহারি বচনে১৫ হাম এক বেরি১৬ যায়ব
মীলব১৭ তুয়া গতি ভাগি১৮॥
মোহন-মানস বুঝি দুতি আওল১৯
মীলল রাইক পাশ।
ভূপতিনাথ২০ দেখি২১ অতি কৌতুক
অন্তরে উপজল হাস॥৩॥৪৭৮॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২১।৭৬ সংখ্যক পদ। 'শ্রীগান্ধার' স্থলে 'সিন্ধুড়া' প-র।

২। 'মন' স্থলে 'তনু' গ, ঘ, চ।

৩। 'হাত হাত' স্থলে 'হাথ হাথ' খ, ঘ।

৪। 'হাত ... শিখায়লুঁ' স্থলে 'পদে পদে হাম তোহে শিখায়লুঁ' প-র।

৫। 'রাখলি' স্থলে 'মানলি' প-র।

৬। 'সো বর নাগরি' ইত্যাদি কলি প-র পুথিতে নাই।

৭। 'বামা' স্থলে 'রামা' ক।

৮। 'বহুত' স্থলে 'কতহুঁ' খ।

৯। 'রামা' স্থলে 'বামা' ক।

১০। 'কয়লহি বিপরিত' স্থলে 'কপট লৌহ সম' প-র।

১১। 'না' স্থলে 'নাহি' ঘ।

১২। 'লছিমি' স্থলে 'লখিমি' প-র।

১৩। 'পয়ে' স্থলে 'পরে' গ; 'পয়' প-র।

১৪। 'গোঙায়ল' স্থলে 'পোহায়ল' প-র।

১৫। 'বচনে' স্থলে 'মিনতি' প-র।

১৬। 'এক বেরি' স্থলে 'বেরি একু' প-র।

১৭। 'মৌলব' স্থলে 'মিলন' গ, প-র।

১৮। 'তুয়া গতি ভাগি' স্থলে 'অব তুয়া ভাগি' প-র।

১৯। 'মোহন-মানস' ইত্যাদি পংক্তি স্থলে 'নাগর সমাধি চলল চতুর দূতি' প-র।

২০। 'ভূপতিনাথ' স্থলে 'চম্পতিনাথ' প-র।

২১। 'দেখি' স্থলে 'হেরি' প-র।

ধানশী।[১]

মদন-কুঞ্জ তেজি চললি চতুর দূতি[২]
পবনক গতি সম গেল[৩]।
ক্ষিতি[৪] নখে লেখি দেখি মুখ ঝাঁপল[৫]
রাই উতর নাহি দেল ॥
চতুরি দূতি তব[৬] মনহি বিচারল[৭]
কহত ললিতা সঞে বাত।
কাহে বিমুখ[৮] ভই বৈঠলি দুবরি[৯]
কি ভেল আজুক বাত ॥
হেরি ললিতা সখি মৃদু মৃদু বোলত[১০]
হামারি করম মতি ভেলি।
নাগর কিশোর কুঞ্জে নিশি বঞ্চল
চন্দ্রাবলি সঞে[১১] কেলি ॥
হাসি হাসি নিয়ড়ে[১২] যাই দূতি বৈঠল[১৩]
কহতহি[১৪] মধুরিম বাণী।
ইহ লঘু দোখে[১৫] রোখ যব মানসি[১৬]
কো কহে[১৭] তোহে সিয়ানী[১৮] ॥
উঠ উঠ সুন্দরি মান দূর করি[১৯]
বাহু পসারি[২০] করু কোর।
ফটকি হাত বাত নাহি শুনল[২১]
কোপে ভরল তনু জোর ॥
রাইক নিঠুর বচন শুনি সহচরি
কোপে ভরল[২২] সব গাত।
ভূপতিনাথ রোখে তব বোলত[২৩]
যবহুঁ ফটকল হাত[২৪] ॥৪॥৪৭৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৭৩৯ ও প-র পুথির ২১।৭৭ সংখ্যক পদ। 'ধানশী' স্থলে 'সিন্ধুড়া' প-র।

২। 'চললি চতুর দূতি' স্থলে 'তুরিতে চলল দূতী' গ; 'চলল চতুরি দোতি' ঘ; 'তুরিতে চলল দূতি' চ; 'চললি চতুরি দূতি' পাঠান্তর—চ।

৩। 'পবনক' ইত্যাদি স্থলে 'বকুল-কুঞ্জে চলি' প-র; 'রঙ্গন কুঞ্জে চলি' প-র-সা। প্রাচীন পুথিতে 'কু' অক্ষরটি অনেক সময়েই 'ঙ্গ'অক্ষরের ন্যায় ও 'ব' অক্ষর 'র' অক্ষরের ন্যায় পুটলি-সংযুক্ত লিখিত হইত; তাহা হইতেই 'বকুল' শব্দটি 'রঙ্গন' শব্দে পরিবর্ত্তিত হইয়াছে, বোধ হয়।

৪। 'ক্ষিতি' স্থলে 'খিতি' ঘ পুথি।

৫। 'ক্ষিতি নখে' ইত্যাদি পংক্তি স্থলে প-র পুথির পাঠ যথা,—

'খেতি নখে লেখি দেখি আচরে মুখ ঝাঁপল'

৬। 'চতুরি দূতি তব' স্থলে 'চতুরি দোতি তব' চ; 'তবহি চতুর দূতি' প-র পুথি।

৭। 'চতুরি দূতি তব' ইত্যাদি আটটি পংক্তি প-র-সা পুথিতে নাই।

৮। 'বিমুখ' স্থলে 'বিমনা' প-র পুথি।

৯। 'দুবরি' স্থলে 'দুলহিনি' প-র পুথি।

১০। 'হেরি ললিতা সখি' ইত্যাদি পংক্তিচতুষ্টয়ের স্থলে প-র পুথির পাঠ যথা,—

'ললিতা কহে হরি রাই উপেখল
করম বাম মুঝে ভেল।
কেসর কুঞ্জ মাহা রজনি বঞ্চি হরি
চন্দ্রাবলী সুখ দেল ॥'

১১। 'সঞে' স্থলে 'সহ' ঘ পুথি।

১২। 'নিয়ড়ে' স্থলে 'যাই' প-র-সা পুথি।

১৩। 'যাই দূতি বৈঠল' স্থলে 'পাশে বৈঠল' প-র-সা; 'রাই পাশে বসি দূতি' প-র পুথি।

১৪। 'কহতহি' স্থলে 'দূতী কহে' প-র-সা; 'বোলত' প-র পুথি।

১৫। 'ইহ লঘু দোখে' স্থলে 'ইহা লঘু দোখে'

চ; 'লঘুতর দোষে' প-র-সা; 'এক লঘু দোষ' প-র পুথি।

১৬। 'রোখ যব মানসি' স্থলে 'রোথ জনমায়সি' খ; 'রোষ যব মানবি' প-র পুথি।

১৭। 'কহে' স্থলে 'কহু' প-র পুথি।

১৮। 'সিয়ানী' স্থলে 'সেয়ানি' প-র-সা পুথি।

১৯। 'দূর করি' স্থলে 'দূরে কর' প-র পুথি।

২০। 'পসারি' স্থলে 'পাকড়ি' প-র-সা পুথি।

২১। 'শুনল' স্থলে 'বোলত' প-র-সা; 'বোলই' প-র পুথি।

২২। 'কোপে ভরল' স্থলে 'কম্পিত ভেল' প-র পুথি।

২৩। 'রোখে তব বোলত' স্থলে 'কাতি সম বোলত' প-র-সা; 'কাঁথ সম হোয়ল' প-র পুথি।

২৪। 'যবহুঁ' ইত্যাদি স্থলে 'জোরে ফটকি কাড় হাত' প-র-সা; 'যবহি ফটকি গেয়ো হাথ' প-র পুথি।

শ্রীরাগ।[১]

অখিল-লোচন-তম- তাপ-বিমোচন[২]
উদয়তি আনন্দ-কন্দে।
এক নলিন[৩] মুখ মলিন করয়ে যদি[৪]
ইথে লাগি নিন্দহ[৫] চন্দে॥
সুন্দরি বুঝল[৬] তুয়া প্রতিভাতি।
গুণগণ তেজি দোষ এক ঘোষসি[৭]
অন্তর অহিরিণি[৮] জাতি॥ ধ্রু[৯]॥
সকল জীব-জন[১০]- জীব সমীরণ[১১]
মন্দ সুগন্ধ সুশীতে।
দীপক জোতি পরশে যদি নাশয়ে[১২]
ইথে[১৩] লাগি নিন্দ[১৪] মারুতে[১৫]॥
থাবর[১৬] জঙ্গম কীট পতঙ্গম
সুখদ যো[১৭] সকল শরীরে।
কাগজ[১৮] পত্র পরশে যব নাশয়ে[১৯]
ইথে লাগি নিন্দহ নীরে॥
খেনে খেনে সকল কুসুম-মন তোষয়ে[২০]
নিশি রহু কমলিনি সঙ্গে।
চম্পক এক যদপি নাহি চুম্বই[২১]
ইথে লাগি নিন্দহ[২২] ভৃঙ্গে॥
পাঁচ পঞ্চগুণ দশগুণ চৌগুণ[২৩]
আট দিগুণ সখি মাঝে।
চম্পাতিপতি[২৪] অতি আকুল তো বিনু[২৫]
বিষাদ না পায়সি লাজে[২৬]॥৫॥৪৮০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪০ ও প-র পুথির ২।১৭৮ সংখ্যক পদ।

২। 'অখিল-লোচন-' ইত্যাদি পংক্তি স্থলে 'সকল জিবন জন খিন মন তোষই' প-র-সা; 'অখিল-লোচন' ইত্যাদি কলিটি প-র-সা পুথিতে 'এক অবগুণ লাগি' ইত্যাদি প্রক্ষিপ্ত কলির পরে সন্নিবেশিত হইয়াছে।

৩। 'নলিন' স্থলে 'নলিনি' গ, চ পুথি।

৪। 'করয়ে যদি' স্থলে 'করয়ে জানি' ক; 'করয়ে জনি' গ; 'করত জবে' প-র-সা।

৫। 'নিন্দহ' স্থলে 'নিন্দসি' প-র-সা, প-র পুথি।

৬। 'বুঝল' স্থলে 'বুঝল' ক—গ, প-র; 'বুঝিলাম' প-র-সা পুথি।

৭। 'গুণগণ তেজি' ইত্যাদি পংক্তি স্থলে 'এক অবগুণ লাগি বহুগুণ তেজলি' প-র-সা পুথি।

৮। 'অন্তর অহিরিণি' স্থলে 'অন্তে আহিরিণী' ক, গ; 'অন্তরে আহিরিণি' খ; 'অন্তে আহেরিণি' চ; 'অন্তরে আভিরিণী' প-র পুথি।

৯। অতঃপর প-র-সা ও প-র পুথিতে নিম্নলিখিত প্রক্ষিপ্ত কলি দৃষ্ট হয়; যথা,—

'এক অবগুণ লাগি বহু গুণ ছোড়বি
কৈছে গুণবতি নামা।
আস্থল-দোষে বাহু জব কাটবি
কৈছে গুণবতি রামা॥'—প-র-সা পুথি।

'অঙ্গুলিক দোষে বাহু যদি কাটবি
তবে কি সম্ভাসবি বামা।
এক অপগুণ লাগি বহু গুণ তেজবি
তবে কৈছে গুণবতি রামা॥"—প-র পুথি।

১০। 'জন' স্থলে 'গণ' প-র পুথি।

১১। 'জীব সমীরণ' স্থলে 'পবন জীবন' প-র-সা; 'জীবন সমীরণ' প-র পুথি। 'সকল জীব-জন'-ইত্যাদি কলি প-র-সা পুথিতে 'ইথে লাগি নিন্দহ নীরে' পংক্তির পরে সন্নিবেশিত হইয়াছে।

১২। 'যদি নাশয়ে' স্থলে 'জব নাশই' প-র-সা পুথি।

১৩। 'ইথে' স্থলে 'ইন্ধে' গ পুথি। প্রাচীন পুথির 'হু' অক্ষর ও 'ন্ধ' অক্ষর দেখিতে প্রায় এক প্রকার বলিয়া, বোধ হয় কোন পুথির 'ইহে' পাঠই 'ইন্ধে' পাঠে পরিণত হইয়াছে।

১৪। 'নিন্দ' স্থলে 'নীন্দ' ঘ; 'নিন্দসি' প-র-সা, প-র পুথি।

১৫। 'মারুতে' স্থলে 'মরুতে' ঘ, চ।

১৬। 'থাবর' স্থলে 'স্থাবর' ক—চ, প-র পুথি।

১৭। 'সুখদ যো' স্থলে 'সুখ দেই' প-র; 'সদয়ত' প-র-সা পুথি।

১৮। 'কাগজ' স্থলে 'কাগদ' চ।

১৯। 'যব নাশয়ে' স্থলে 'যদি নাশই' প-র পুথি।

২০। 'কুসুম' ইত্যাদি স্থলে 'কুসুমহ তোষই' প-র-সা পুথি।

২১। 'চম্পক এক' ইত্যাদি পংক্তি স্থলে 'এক চম্পক ভরমে জদি চুম্বই' প-র-সা; 'চম্পক দাম ভরমে যদি না পরসে' প-র পুথি।

২২। 'নিন্দহ' স্থলে 'নিন্দসি' প-র-সা, প-র পুথি।

২৩। 'দশগুণ চৌগুণ' স্থলে 'চৌগুণ দশগুণ' প-র-সা পুথি।

২৪। 'চম্পতিপতি অতি' স্থলে 'ভূপতিনাথ' প-র-সা পুথি।

২৫। 'আকুল তো বিনু' স্থলে 'আপে জব জারব' প-র-সা; 'তুহুঁ বিনু আকুল' প-র পুথি।

২৬। 'বিষাদ' ইত্যাদি স্থলে 'ইথে তুহুঁ না বাসসি' প-র-সা; 'ইথে কিনা পাওসি' প-র পুথি।

টীকা

১—৪। "অখিল" ইত্যাদি। নিখিল-নয়নের অন্ধকার ও (গ্রীষ্ম-জনিত) সন্তাপের বিনাশকারী আনন্দের নিদান চন্দ্র উদিত হইলে একমাত্র পদ্ম যদি মুখ মলিন করে—সেই জন্য চন্দ্রকে (অবিচারে) নিন্দা করিতেছ। (বস্তুতঃ বহু গুণ দ্বারা একমাত্র দোষ বিনষ্ট হয়।) তুলনা করুন;—

"একো হি দোষো গুণ-সন্নিপাতে
নিমজ্জতীন্দোঃ কিরণেষ্বিবাঙ্কঃ॥"
—কুমার-সম্ভব।

৫—৭। "সুন্দরি" ইত্যাদি। হে সুন্দরি! তোমার বিবেচনা বুঝিলাম; (তুমি) গুণ-সমূহ ত্যাগ করিয়া একমাত্র দোষ ঘোষণা করিতেছ,—(কেন না) তুমি অন্তরে (নির্ব্বুদ্ধি) গোয়ালিনী জাতি।

১৬—১৯। "থেনে থেনে" ইত্যাদি। (ভ্রমর) অনুক্ষণ (কর্ত্তব্যের অনুরোধে মধু-পান দ্বারা) সকল প্রকার পুষ্পের মনোরঞ্জন করে, (কিন্তু) নিশাকালে (প্রিয়তমা) পদ্মিনীর সঙ্গে অবস্থান করে; অর্থাৎ পদ্মিনী-কোষে আবদ্ধ হইয়া থাকে; যদিও একমাত্র চম্পক পুষ্পকে সে চুম্বন করে না,—তুমি এ জন্য ভ্রমরকে নিন্দা করিতেছ। (ভ্রমরগণ চম্পক-পুষ্পে মধু পান করে না, এরূপ কবি-প্রসিদ্ধি বটে। ভ্রমর ও পুষ্পের বর্ণনা দ্বারা নায়ক ও নায়িকার ব্যবহারের প্রতীতি হওয়ায় ও মধু-পান-কার্য্যটির উল্লেখ না করিয়া, উহার প্রতি 'মনোরঞ্জন' ও 'চুম্বন' এই নায়ক-ধর্ম্মের আরোপ করায় এ স্থলে অতিশয়োক্তি-মূলক সমাসোক্তি অলঙ্কার ঘটিয়াছে।)

২০—২৩। "পাঁচ পঞ্চগুণ" ইত্যাদি। পঞ্চগুণ পাঁচ ৫×৫=২৫; উহার দশগুণ ২৫×১০=২৫০; উহার চতুর্গুণ—২৫০×৪=১০০০; উহার দ্বিগুণ আট অর্থাৎ ষোলগুণ ১০০০×১৬=১৬০০০ ষোল হাজার সখীদিগের মধ্যে অবস্থিত চম্পতি নামক পদ-

কর্ত্তার পতি শ্রীকৃষ্ণ তোমাকে বিনা অত্যন্ত আকুল হইতেছেন—(ইহাতে) তুমি লজ্জায় বিষাদ প্রাপ্ত হইতেছ না, (ইহা হইতে আশ্চর্য্যের বিষয় কি আছে ?)। শ্রীকৃষ্ণ যোল হাজার সখীদিগের মধ্যে অবস্থান করিয়া, বিবিধ কুসুমে ভ্রমরের ন্যায় তাঁহাদিগের মনোরঞ্জন ও মুখ-চুম্বন করিয়াও প্রিয়তমা পদ্মিনীর ন্যায় পদ্মিনী-জাতীয়া তোমার সহিত নিশা-যাপন না করিয়া থাকিতে পারেন না—সুতরাং অন্যান্য কুসুমসদৃশ সহস্র সহস্র সখীগণ থাকা সত্ত্বেও পদ্মিনীবৎ তুমিই যে তাঁহার প্রিয়তমা, তাহাতে সন্দেহ নাই,—সুতরাং পদ্মিনীর ন্যায় প্রিয়তমকে মধু-দানে তোমারও আবদ্ধ করিয়া রাখা কর্ত্তব্য,—তুমি তাহা না করায়, তোমার লজ্জায় মরিয়া যাওয়া উচিত, ইহাই 'খেনে খেনে' ইত্যাদি ও 'পাঁচ পঞ্চগুণ' ইত্যাদি বাক্যের 'ব্যঙ্গ্যার্থ।

কামোদ।১

সখি হে কাহে কহসি২ কটুভাষা।
ঐছন৩ বহু গুণ　　একদোষে নাশই৪
　　এক গুণ৫ বহুদোষ নাশা ॥ধ্রু॥
কি করব জপ তপ　　দান ব্রত নৈষ্ঠিক৬
　　যদি করুণা নহি৭ দীনে।
সুন্দর কুল শিল　　ধন জন যৌবন৮
　　কি করব৯ লোচন-হীনে ॥
গরল-সহোদর　　গুরু-পত্নী-হর১০
　　রাহু-বমন১১ তনু কারা।
বিরহ১২-হুতাশন　　বারিজ-নাশন
　　এক গুণ১৩ শশি উজিয়ারা ॥
পরভৃত-হীত১৪　　যতন নাহি নিজসুতে১৫
　　কাক-উচ্ছিষ্ট রস পানী।
সো সব অবগুণ১৬　　সগুণ১৭ এক পিক১৮
　　বোলত মধুরিম বাণী ॥
কামুক পীরিতি　　কি কহব১৯ রে সখি
　　সব গুণ মূল অমূলে।
বংশী পরশি২০　　শপথি করে২১ শত শত
　　তবহিঁ প্রতিত২২ নাহি বোলে ॥
বর-পরিরম্ভন　　চুম্বন আলিঙ্গন২৩
　　সঙ্কেত করি বিশোয়াসে২৪।
আন রমণি সঞে　　সো২৫ নিশি২৬ বঞ্চল
　　মোহে করল২৭ নৈরাশে ॥
সুন্দর সিন্দুর　　নয়নক অঞ্জন২৮
　　সঞ্চরু দশ নখ২৯-রেখা।
কুঙ্কুম চন্দন৩০　　অঙ্গে বিলেপন
　　প্রাত সময়ে দিল দেখা ॥
দশগুণ৩১ অধিক　　অনলে তনু দাহিল৩২
　　রতিচিহ্ন দেখি প্রতি অঙ্গে।
চম্পতি পৈড়　　কপূর৩৩ যব না মিলব৩৪
　　তব মীলব৩৫ হরি সঙ্গে ॥৬॥৪৮১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৭৪১ ও প-র পুথির ২১৭৯ সংখ্যক পদ। 'কামোদ' স্থলে 'ধানসী' প-র-সা ; 'শ্রীগান্ধার' প-র পুথি।

২। 'কাহে কহসি' স্থলে 'বুঝিয়ে কহবি' প-র-সা ; 'বুঝি কহবি' প-র পুথি।

৩। 'ঐছন' স্থলে 'যৈছন' খ, ঘ, চ পুথি।

৪। 'ঐছন বহু গুণ' ইত্যাদি পংক্তি স্থলে 'এক অপগুণ লাগি বহুগুণ তেজসি' প-র-সা পুথি।

৫। 'গুণ' স্থলে 'গুণে' ঘ, চ, প-র-সা, প-র পুথি।

৬। 'নৈষ্ঠিক' স্থলে 'নষ্টিক' প-র-সা পুথি। 'কি করব' ইত্যাদি কলি প-র-সা পুথিতে 'এক গুণ শশি উজিয়ারা' পংক্তির পরে সন্নিবেশিত হইয়াছে।

৭। 'নহি' স্থলে 'নাহি' ক—চ, প-র পুথি।

৮। 'সুন্দর' ইত্যাদি পংক্তি স্থলে 'সুন্দরি কুলশীল জীবন যৌবন' প-র-সা, প-র পুথি।

৯। 'কি করব' স্থলে 'যদি হয়ে' খ, ঘ পুথি।

১০। 'শুক্র-পন্থী-হর' স্থলে 'শুক্রপতনি হয়ে' প-র-সা পুথি।

১১। 'বমন' স্থলে 'বসন' গ ; 'বমনি' প-র-সা ; 'বরণ' প-র পুথি।

১২। 'বিরহ' স্থলে 'বিরুহ' প-র-সা পুথি।

১৩। 'এক গুণ' স্থলে 'শীলগুণে' ক ; 'শিলগুণে' চ ; 'সতগুণে' প-র-সা ; 'শীতগুণে' প-র পুথি।

১৪। 'পরসুত-হীত' প-র স্থলে 'পরসুতে অহিত' ক—চ।

১৫। 'পরসুত-হীত' ইত্যাদি পংক্তি স্থলে 'পরসুত হোয়ত জন করু নিজ সুত' প-র সা পুথি। সম্ভবতঃ 'পরসুত হোয় তজন করু নিজ সুত' এইরূপ পাঠ হইতেই প-র-সা পুথির অর্থশূন্য পাঠের উৎপত্তি হইয়াছে।

১৬। 'অবগুণ' স্থলে 'অপগুণ' গ—চ, প-র-সা, প-র পুথি।

১৭। 'সগুণ' স্থলে 'চাতক' প-র-সা পুথি।

১৮। 'সগুণ' ইত্যাদি স্থলে 'ঢাকয়ে এক গুণে' প-র পুথি।

১৯। 'কি কহব' স্থলে 'জানিলাম' প-র-সা।

২০। 'পরশি' স্থলে 'পরশ করি' প-র-সা।

২১। 'করে' স্থলে 'করু' প-র-সা পুথি।

২২। 'তবহিঁ প্রতিত' স্থলে 'তব পরতিত' ঘ ; 'তবহিঁ প্রতিতি' প-র-সা পুথি।

২৩। 'বর-পরিরম্ভন' ইত্যাদি পংক্তি স্থলে 'ঘন ঘন চুম্বনে দৃঢ় পরিরম্ভণে' প-র পুথি।

২৪। 'সঙ্কেত' ইত্যাদি স্থলে 'সঙ্কেত করি আশোয়াসে' প-র-সা ; 'সঙ্কেত করে আশোয়াসে' প-র পুথি।

২৫। 'সো' স্থলে 'জব' প-র-সা পুথি।

২৬। 'আন রমণি' ইত্যাদি পংক্তিদ্বয় প-র পুথিতে ভ্রমবশতঃ পরিত্যক্ত হইয়াছে।

২৭। 'মোহে করল' স্থলে 'তব হাম ভৈগেল' প-র-সা পুথি।

২৮। 'সুন্দর সিন্দুর' ইত্যাদি কলির পরিবর্ত্তে প-র-সা পুথির পাঠ যথা,—

'অধরে তাম্বুলরেখ নয়নে কাজর দাগ
বিচিত্র দহন নখরেখা।
কুঙ্কুম সব ভূষিত বসন বিচলিত
প্রভাত সময়ে দিল দেখা॥'

২৯। 'দশ নখ' স্থলে 'দশনক' গ পুথি।

৩০। 'চন্দন' স্থলে 'ভূষণ' খ, গ, ঘ, চ পুথি।

৩১। 'দশগুণ' স্থলে 'আনল' প-র-সা, প-র পুথি।

৩২। 'দশ গুণ' ইত্যাদি পংক্তি স্থলে 'আনল অধিক তনু জারল রে সখি' প-র-সা ; 'আনল অধিক রোখে তনু জারল' প-র পুথি।

৩৩। 'পৈড় কপুর' স্থলে 'পৈড়ক পুর' ঘ ; 'পৈড়ক পুর' চ ; 'কপুর পৈঢ়' প-র পুথি।

৩৪। 'চম্পতি পৈড়' ইত্যাদি পংক্তিদ্বয় স্থলে প-র-সা পুথির পাঠ যথা,—

'ভূপতি গৌড়েশ্বর লছিমা জব মিলব
মিলবহু রে হরি সঙ্গে॥

৩৫। 'তব মীলব' স্থলে 'তবহুঁ মিলব' ক—গ, প-র পুথি।

টীকা

১—৩। "সখি হে" ইত্যাদি। (পূর্ব্বপদে সখী বহু গুণের মধ্যে একমাত্র দোষ বিলীন হওয়ার কতকগুলি দৃষ্টান্ত প্রদর্শিত করায় শ্রীরাধা উহার প্রতিবাদ করিয়া বলিতেছেন) হে সখি! তুমি কি জন্য (অবিচারে আমার প্রতি) কটু বাক্য প্রয়োগ করিতেছ? (যেরূপ) একটি (শ্রেষ্ঠ) গুণ বহু দোষ নষ্ট করে, ঐরূপ একটি (গুরুতর) দোষেও বহু গুণ নষ্ট করিয়া থাকে। তুলনা করুন,—

"একো হি দোষো গুণ-সন্নিপাতে,
নিমজ্জতীন্দোরিতি যো বভাষে।
নুনং ন দৃষ্টং কবিনা হি তেন
দারিদ্র্য-দোষো গুণরাশিনাশী॥"—উদ্ভট শ্লোক।

৪—৭। "কি করব" ইত্যাদি। (শ্রীরাধা তাঁহার উক্তির পোষকতায় দৃষ্টান্ত প্রদর্শন করিয়া বলিতেছেন),—যদি কোন ব্যক্তির দীন জনের প্রতি দয়া না থাকে, তাহা হইলে তাহার জপ, তপ, দান, ব্রত, নিষ্ঠা ইত্যাদি বহু গুণ থাকিলেই কি হইবে? অর্থাৎ দীন-জনে দয়া না থাকিলে এই সমস্ত গুণই বিফল।

৮—১১। "গরল" ইত্যাদি। (চন্দ্র সাগর-গর্ভে একত্র অবস্থান হেতু) কাল-কূটের সহোদর,—গুরু-পত্নীগামী,—(চণ্ডাল-জাতীয়) রাহুর (মুখোদ্গীর্ণ বলিয়া) বমন তুল্য,—(কলঙ্ক-চিহ্ন-যুক্ত বলিয়া) কৃষ্ণ-দেহ,—বিরহ-কালে (সন্তাপদায়ক বলিয়া) অগ্নি তুল্য,—(পুষ্প-প্রধান) পদ্মের (মুদ্রণ হেতু) শোভা-বিনাশক; (কিন্তু এই সমস্ত দোষ থাকা সত্ত্বেও চন্দ্রের) এক মাত্র (শ্রেষ্ঠ) গুণ—চন্দ্র উজ্জ্বল; অর্থাৎ চন্দ্রের উজ্জ্বলতা-গুণে পূর্ব্বোক্ত সকল দোষ নষ্ট হইয়াছে। শ্রীরাধা বৈধর্ম্ম্য-গুণ-বিশিষ্ট দৃষ্টান্ত দ্বারা বুঝাইতেছেন যে, চন্দ্রের যেমন একমাত্র উজ্জ্বলতা-গুণে অন্যান্য দোষগুলি বিনষ্ট হইয়াছে,—শ্রীকৃষ্ণের দোষসমূহ নষ্ট করার উপযুক্ত সেরূপ কোন শ্রেষ্ঠ গুণ নাই।

১২—১৫। "পরভৃত-হীত" ইত্যাদি। পরের অর্থাৎ কাকের সন্তানের (পরিপালন হেতু) হিতকারী, নিজ সুতে (রক্ষণে ঔদাসীন্য হেতু) অযত্নকারী,—(শিশু-কালে) কাকের উচ্ছিষ্ট অন্নপানে পুষ্ট-দেহ—(কোকিলের) এই সকল দোষ; উহার একমাত্র গুণ যে, সে মধুর ভাষা বলে। এ স্থলেও ৮—১১ পংক্তির ন্যায় বৈধর্ম্ম্য-বিশিষ্ট দৃষ্টান্তের দ্বারা শ্রীকৃষ্ণের বহু-দোষনাশক শ্রেষ্ঠ গুণের অভাব বুঝিতে হইবে।

১৬—১৯। "কানুক" ইত্যাদি। হে সখি! শ্রীকৃষ্ণের প্রেমের কথা কি বলিব? উহার মূলে অমূলে অর্থাৎ আগা-গোড়ায় সমস্তই গুণ! (বিদ্রূপোক্তি হেতু বিপরীত লক্ষণা দ্বারা 'গুণ' শব্দে দোষই বুঝাইতেছে)। সে (তাহার প্রিয়তম) বাঁশীটিকে স্পর্শ করিয়া শত শত দিব্য করে, তথাপি সত্য কথা বলে না। শ্রীরাধার এই উক্তির তাৎপর্য্য এই যে, সত্য হইতে শ্রেষ্ঠতর ধর্ম্ম আর নাই; যে ব্যক্তি এরূপ ভয়ানক অসত্যবাদী, তাহার সম্বন্ধে কি বলা যাইতে পারে!

২৮—৩১। "দশগুণ" ইত্যাদি। শ্রীকৃষ্ণের শরীরে (অপর নায়িকার সম্ভোগ-সূচক) রতি-চিহ্ন দৃষ্টি করিয়া, তাঁহার রজনীতে অনাগমন-জনিত ক্রোধ হইতে দশগুণ ক্রোধানলে আমার তনু দগ্ধ করিল। সখী-স্থানীয় চম্পতি বলিতেছেন,—ডাব নারিকেল ও কর্পূর যখন মিলিবে না, তখন হরির সঙ্গে সম্মিলিত হইব। ডাবের জল কর্পূর-সংযোগে বিষতুল্য হইয়া থাকে—এরূপ প্রবাদ আছে, রাধামোহন ঠাকুর পদামৃত-সমুদ্রের টীকায় লিখিয়াছেন। 'পৈড় কপূর' ইত্যাদি বাক্যের ধ্বনি এই যে, প্রবঞ্চক ও বিশ্বাস-ঘাতকের সহিত প্রেম করা অপেক্ষা বিষ-ভক্ষণে আত্মহত্যার মহাপাপও বাঞ্ছনীয়।

কামোদ।[১]

রাইক নিঠুর বচন[২] শুনি সহচরি
মোলল কানুক পাশ[৩]।
পন্থক[৪] শ্রম ভরে বচন কহে গদ গদ[৫]
খরতর বহই[৬] নিশাস[৭] ॥
মাধব দুর্জ্জয় মানিনি মানি[৮]।
বিপরিত চরিত হেরি ভেল চমকিত
না ফুরয়ে[৯] এহ আধ[১০] বাণী[১১] ॥ ধ্রু[১২]
"কা" বোল বোলইতে শুনই না পারই[১৩]
শ্রবণ মুদয়ে[১৪] দুই পাণি।
জৈমিনি জৈমিনি পুন পুন ফুকরই[১৫]
বজর[১৬] শবদ সম মানি ॥
তুয়া গুণ নাম শ্রবণে নাহি শুনয়ে[১৭]
তুয়া রূপ[১৮] রিপু-সম জানি।
তুয়া নিজ জন সঞে সম্ভাষ না করয়ে[১৯]
কৈছে মিলায়ব আনি ॥

নীল বসন বর[২০] নীল চুড়ি কর[২১]
পোঁতিক[২২] মাল উতারি।
করি-রদ[২৩]-চুড়ি কর মোতি-মাল বর[২৪]
পহিরণ[২৫] অরুণিম শাড়ী[২৬] ॥
অসিত চিত্র[২৭] কর[২৮] উর[২৯] পর আছিল
মিটায়ল চন্দন লাগাই[৩০]।
মৃগমদ-তীলক[৩১] ধোই দৃগঞ্চল[৩২]
কুচ-মুখ চন্দনে ছাপাই[৩৩] ॥
চারু চিবুক[৩৪] পর এক তিল আছিল
নিন্দি মধুপ-সুত শ্যামা।
তৃণ অগ্রে করি মলয়জে রঞ্জল[৩৫]
সবহুঁ ছাপায়লি রামা[৩৬] ॥
জলধর হেরি চন্দ্রাতপে ঝাঁপল[৩৭]
শ্যামরি সখি নাহি পাশ।
তমাল তরুগণে[৩৮] চূণে[৩৯] লেপায়ল
শিখি পিকু দূরে নিবাস[৪০] ॥
তুয়া গুণ বোলত[৪১] এক[৪২] শুক পণ্ডিত
শুনি তহিঁ[৪৩] উঠি রোষাই।
পঞ্জর ঝটকি ফটকি কর পটকিতে[৪৪]
ধাই ধরল হাম যাই ॥
মধুকর ডরে ধনি চম্পক-তরুতলে[৪৫]
লোচনে জল ভরিপূর।
শ্যাম[৪৬] চিকুর হেরি মুকুর করে পটকল[৪৭]
টুটি ভৈগেল[৪৮] শতচুর ॥
মেরু-সম মান[৪৯] কোপ সুমেরু-সম[৫০]
দেখি ভেল[৫১] রেনু সমান।
চম্পতিপতি অব[৫২] রাই মানাইতে[৫৩]
আপ[৫৪] সিধারহ কান ॥৭॥৪৮২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৭৪৩ ও প-র পুথির ২১।৮০ সংখ্যক পদ। 'কামোদ' স্থলে 'তিরোথা ধানশ্রী' প-র পুথি।

২। 'বচন' স্থলে 'বাণী' প-র-সা, প-র পুথি।

৩। 'মীলল কামুক পাশ' স্থলে 'মীলল কামুক পাশে' ঘ; 'মিলল কামুক পাশ' ক, গ, প-র-সা; 'মিলল মাধব পাশ' প-র পুথি।

৪। 'পন্থক' স্থলে 'পথ' প-র-সা পুথি।

৫। 'বচন কহে গদ গদ' স্থলে 'বচন না নিস্বরে' প-র-সা পুথি।

৬। 'থরতর বহই' স্থলে 'গদ গদ বহত' প-র-সা পুথি।

৭। 'নিশাস' স্থলে 'নিশাসে' খ, ঘ পুথি।

৮। 'মানি' স্থলে 'জানি' ক; 'মান' প-র পুথি।

৯। 'না ফুরয়ে' স্থলে 'না স্ফুরে' প-র-সা।

১০। 'এহ আধ' স্থলে 'এক আধ' ক; 'অধরক' প-র-সা পুথি।

১১। 'না ফুরয়ে' ইত্যাদি পংক্তি স্থলে 'আধ না স্ফুরয়ে বয়ান' প-র পুথি।

১২। ঘ, চ ও প-র-সা পুথি ছাড়া অন্য পুথিতে 'ঞ' নাই।

১৩। 'শুনই' ইত্যাদি স্থলে 'শুনইতে না পারই' ক; 'পুন নাহি শুনল' প-র-সা; 'উতর না দেওই' প-র পুথি।

১৪। 'মুদয়ে' স্থলে 'মুন্দয়ে' ঘ পুথি।

১৫। 'পুন পুন ফুকরই' স্থলে 'সঘনে ফুকারই' প-র-সা; 'সোঙরি সে পুন পুন' প-র।

১৬। 'বজর' স্থলে 'বজ্র' গ—চ পুথি।

১৭। 'শূনয়ে' স্থলে 'শুনয়ে' ক—গ, প-র-সা, প-র পুথি।

১৮। 'রুপ' স্থলে 'রূপ' ক—গ, চ, প-র-সা, প-র পুথি।

১৯। 'না করয়ে' স্থলে 'করয়ে নাহি' খ, ঘ; 'না কহই' প-র-সা পুথি।

২০। 'বর' শব্দ প-র-সা পুথিতে নাই।

২১। 'নীল চুড়ি কর' স্থলে 'কাচক চুড়ি কর' ক, গ; 'কুচকি কাচলি কালো' প-র-সা; 'তেজি কাচলি পর' প-র পুথি।

২২। 'পোঁতিক' স্থলে 'পৌতিক' ক, গ, চ; 'পুতিক' প-র-সা; 'পোতিক' প-র পুথি।

২৩। 'করি-রদ' স্থলে 'করিবর' খ, ঘ, চ।

২৪। 'করি-রদ' ইত্যাদি পংক্তি স্থলে 'করমদি ছোড়ি সতেশ্বরি পহিরণ' প-র-সা; 'মরকত ছোড়ি মোতি সারি পহিরল' প-র পুথি।

২৫। 'পহিরণ' স্থলে 'পহিরল' চ পুথি।

২৬। 'শাড়ী' স্থলে 'সারি' ঘ পুথি। 'পহিরণ' ইত্যাদি পংক্তি স্থলে 'মোহন উজ্জ্বল শাড়ী' প-র-সা; 'উজ্জ্বল মনোহর শাড়ী' প-র পুথি।

২৭। 'চিত্র' স্থলে 'পত্র' প-র-সা; 'তিল' প-র পুথি।

২৮। 'কর' স্থলে 'এক' প-র পুথি।

২৯। 'উর' স্থলে 'উরু' খ, ঘ পুথি।

৩০। 'মিটায়লঁ' ইত্যাদি স্থলে 'মলয়জ তাহে চড়াই' প-র-সা; 'মলয়জ তাহে লাগাই' প-র পুথি।

৩১। 'তীলক' স্থলে 'তিলক' ক—ঘ পুথি।

৩২। 'মৃগমদ তীলক' ইত্যাদি পংক্তি স্থলে 'নয়নক অঞ্জন নীরসে ধোয়ায়ল' প-র-সা; 'নয়নক কাজর জল দেই ধোয়ল' প-র।

৩৩। 'কুচ-মুখ' ইত্যাদি স্থলে 'কুচমুখ চন্দনে ছাজাই' ক; 'কুচকে মলয়ে ছাপাই' প-র-সা; 'কুচ-মুখ মলয়ে ছাপাই' প-র পুথি।

৩৪। 'চিবুক' স্থলে 'চিকুর' ঘ পুথি।

৩৫। 'মলয়জে রঞ্জল' স্থলে 'মলয়জ বঞ্চল' ক, গ, চ; 'মলয়জে রঞ্জন' প-র-সা, প-র পুথি।

৩৬। 'সবহুঁ' ইত্যাদি স্থলে 'তাহে ছাপায়লি' প-র-সা পুথি।

৩৭। 'চন্দ্রাতপে ঝাঁপল' স্থলে 'চন্দ্রাতপ ঝাঁপল' ক, গ, চ; 'চান্দয়া থাটায়ল' প-র-সা; 'চন্দ্রাতপ টানাওল' প-র পুথি।

৩৮। 'তমাল তরুগণে' স্থলে 'তরুণ তমাল' প-র-সা পুথি।

৩৯। 'চুণে' স্থলে 'চুণেতে' প-র-সা পুথি।

৪০। 'শিখি পিকু' ইত্যাদি স্থলে 'শুক পিক দূরেতে নৈরাস' প-র-সা।

৪১। 'বোলত' স্থলে 'নাম' প-র-সা পুথি।

৪২। 'এক' স্থলে 'পড়ল' প-র-সা; 'কহল' প-র পুথি।

৪৩। 'তহিঁ' স্থলে 'ধনি' প-র পুথি।

৪৪। 'পঞ্জর ঝটকি' ইত্যাদি পংক্তি স্থলে 'পঞ্জর ঝপটি ফটকি পর ফকটেতে' প-র-সা; 'পিঞ্জর ঝটকি ফটকি কর পটকত' প-র।

৪৫। 'মধুকর' ইত্যাদি কলি প-র পুথিতে 'শিখি পিকু দূরে নিবাস' পংক্তির পরে সন্নিবেশিত হইয়াছে।

৪৬। 'শ্রাম' স্থলে 'নীল' প-র-সা; 'শ্রামর' প-র পুথি।

৪৭। 'হেরি মুকুর' ইত্যাদি স্থলে 'মকুর পর হেরইতে' প-র-সা; 'হেরি মুকুরহিঁ পটকল' প-র।

৪৮। 'টুটি ভৈগেল' স্থলে 'তোড়ি করল' প-র-সা; 'টুটি ভৈ গেও' প-র পুথি।

৪৯। 'মেরু-সম মান' স্থলে 'সুমেরু সমান' প-র পুথি।

৫০। 'কোপ' ইত্যাদি স্থলে 'সাগরসম কোপ' প-র-সা; 'কোপ দেখি সাধসে' প-র পুথি।

৫১। 'দেখি ভেল' স্থলে 'হাম ভেল' প-র-সা; 'ভৈ গেলু' প-র পুথি।

৫২। 'চম্পতিপতি অব' স্থলে 'ভূপতিনাথ কহ' প-র-সা; 'চম্পতিনাথ কহে' প-র পুথি।

৫৩। 'রাই মানাইতে' স্থলে 'রাই মানাওব' ঘ, চ; 'রাই মিলব যবে' প-র পুথি।

৫৪। 'আপ' স্থলে 'আপে' প-র পুথি।

তথা রাগ।১

বর-নাগর সাজই২ নাগরি বেশা।
মুকুট৩ উতারি　　সীঁথি সোঙারল৪
বেণী বিরচিত৫ কেশা॥

চন্দন ধোই সিন্দুর ভালে রঞ্জই[৬]
লোচনে অঞ্জন-অঙ্কা।
কুণ্ডল খোলি[৭] কর্ণ-ফুল পহিরল
ভরি তনু কেশর-পঙ্কা[৮] ॥
বেসর খচিত[৯] শতেশ্বরি[১০] পহিরল
চূড়ি কনক কর-কঞ্জে[১১]।
চরণ-কমল পাশে[১২] যাবক রঞ্জল[১৩]
তা পর মঞ্জির গঞ্জে[১৪] ॥
কাঁচুলি মাঝে[১৫] কদম্ব-কুসুম ভরি
আরম্ভল কুচ-আভা[১৬]।
অরুণাম্বর বর[১৭] শাটী পহিরল[১৮]
বক্র বিলোকন-শোভা[১৯] ॥
ধরি পরিবাদিনি শ্যাম-সুমীলনে[২০]
শুভ অনুকূল পয়ানে[২১]।
পহিলহিঁ[২২] বাম চরণ তুলি মোহন[২৩]
স্ত্রিয়া-গতি-লচ্ছন ভানে[২৪] ॥
ঐছন চরিতে মিলল যাহাঁ সুন্দরি[২৫]
দূরহিঁ[২৬] একলি ঠাড়ি[২৭]।
করে ধরি[২৮] যন্ত্র তন্ত্র সঙারত[২৯]
কো ইহ লখই না পারি[৩০] ॥
রাইক নিকটে[৩১] বাজাওত সুন্দরি[৩২]
শুনইতে ভৈগেল[৩৩] সাধা।
এ নবযৌবনি নবিন বিদেশিনি[৩৪]
আও ফুকারই রাধা[৩৫] ॥
শুনইতে শ্যাম হরখি[৩৬] চিতে আওল[৩৭]
উঠি ধনি আদর কেল।
বাহু পাকড়ি নিজ আসনে বৈসায়ল[৩৮]
কত কত হরষিত ভেল[৩৯] ॥
তাহিঁ বাজাওত বীণা সুমাধুরি[৪০]
রিঝি দেয়ল মণি-মাল[৪১]।
ঐছে বাজাওত হামারি যন্ত্রিয়া[৪২]
মোহন যন্ত্র রসাল[৪৩] ॥

সুর অপসরি[৪৪] কিয়ে নাগ-কুমারি তুহুঁ[৪৫]
স্বরূপে কহবি সখি মোয়[৪৬]।
আজুক দিবস সফল করি মানলুঁ[৪৭]
দুর্লভ দরশন তোয়[৪৮] ॥
নাম গাম কহ কুল-অবলম্বন[৪৯]
ব্রজে আগমন কিয়ে[৫০] কাজা।
সুখময়ি নাম মথুরা পুর যদুকুল[৫১]
গুণি-জনে পীড়ই[৫২] রাজা ॥
ধনি কহে তুয়া গুণে রিঝি পরসন্ন ভেল[৫৩]
মাগহ মানস যোয়।
মনরথ-কর্ম্ম[৫৪] যাচলি যদি সুন্দরি
মান-রতন দেহ মোয় ॥
হাসি মুখ মোড়ি[৫৫] পীঠ দেই[৫৬] বৈঠল
কানু কয়ল ধনি[৫৭] কোর।
টুটল[৫৮] মান বাঢ়ল যত[৫৯] কৌতুক
ভূপতি কো করু ওর[৬০] ॥৮॥৪৮৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৭৪৪ ও প-র পুথির ২১।৮১ সংখ্যক পদ।

২। 'সাজই' স্থলে 'সাজল' প-র-সা, প-র।

৩। 'মুকুট' স্থলে 'মুকুর' প-র-সা পুথি।

৪। 'সীথি সোঙারল' স্থলে 'শিখি সিমন্তিনী' প-র-সা; 'সঙরি সিমন্তিনি' প-র পুথি।

৫। 'বিরচিত' স্থলে 'বিরাজিত' প-র-সা; 'সুকুঞ্চিত' প-র পুথি।

৬। 'চন্দন ধোই' ইত্যাদি পংক্তি স্থলে 'চন্দন ধোই সিন্দুর পহিরল' প-র-সা; 'সিন্দুরবিন্দু ভালে তহি শোভন' প-র পুথি। 'চন্দন ধোই' ইত্যাদি কলি প-র পুথিতে 'ভরি তনু কেশর-পঙ্কা' পংক্তির পরে সন্নিবেশিত হইয়াছে।

৭। 'খোলি' স্থলে 'তেজি' প-র-সা পুথি।

৮। 'ভরি তনু' ইত্যাদি স্থলে 'তাহে অতি কৌরব বঙ্কা' প-র-সা পুথি।

৯। 'বেসর খচিত' স্থলে 'বেসরি খণ্ডি' প-র-সা; 'বেসর খণ্ডী' প-র পুথি।

১০। 'শতেশ্বরি' স্থলে 'শতেশ্বরী' ক—গ; 'মোতিবর' প-র পুথি।

১১। 'চুড়ি কনক' ইত্যাদি স্থলে 'কনক চোড়ি' ইত্যাদি প-র; 'শিখিপুচ্ছ তেজই বঙ্কে' প-র-সা।

১২। 'চরণ-কমল পাশে' স্থলে 'পদতলে অরুণ' প-র পুথি।

১৩। 'যাবক রঞ্জল' স্থলে 'যাবক রঞ্জন' গ; 'যাবক রঞ্জিত' প-র-সা; 'মনোহর যাবক' প-র।

১৪। 'তা পর' ইত্যাদি স্থলে 'তা পর নূপুর' ইত্যাদি প-র-সা; 'জব মন পুরল খঞ্জে' প-র পুথি।

১৫। 'কাঁচুলি মাঝে' স্থলে 'কাঁচুলি মধ্যে' খ, ঘ; 'কাচলি মাঝে' প-র-সা।

১৬। 'আরম্ভল কুচ-আভা' স্থলে 'আরম্ভন কুচ আভা' ঘ, চ; 'আরম্ভ উচ কুচ আভা' প-র-সা।

১৭। 'অরুণাম্বর বর' স্থলে 'অরুণ বরণ' প-র-সা পুথি।

১৮। 'শাটী পহিরল' স্থলে 'সাড়ি পহিরল' ঘ, চ; 'সাড়ী পহিরণ' প-র-সা; 'সাড়ী মনোহর' প-র।

১৯। 'বক্র বিলোকন-শোভা' স্থলে 'বিলখন তাহে অতি শোভা' প-র-সা পুথি।

২০। 'শ্যাম-সুমীলনে' স্থলে 'শ্বাস সমীরণ' প-র-সা; 'শ্যাম সিমন্তিনি' প-র পুথি।

২১। 'শুভ অনুকূল পয়ানে' স্থলে 'শুভখনে করল পয়ান' প-র-সা, প-র পুথি।

২২। 'পহিলহিঁ' স্থলে 'প্রথমহি' প-র-সা পুথি।

২৩। 'মোহন' স্থলে 'মোহিনি' প-র-সা; 'যাওত' প-র পুথি।

২৪। 'স্ত্রিয়া-গতি-লচ্ছন ভানে' স্থলে 'স্ত্রী গতি মন্থর জান' প-র-সা; 'স্ত্রিয়া লচ্ছন ভালে জান' প-র পুথি।

২৫। 'ঐছন চরিতে' ইত্যাদি পংক্তি-চতুষ্টয় প-র-সা ও প-র পুথিতে নাই।

২৬। 'দূরহি' স্থলে 'পুরহি' ক পুথি।

২৭। 'ঠাড়ি' স্থলে 'ঠারি' ক—গ; 'থারি' ঘ পুথি।

২৮। 'ধরি' স্থলে 'করি' ক পুথি।

২৯। 'সঞারত' স্থলে 'সোঙারত' ক—গ, চ।

৩০। 'কো ইহ' ইত্যাদি স্থলে 'কোই লখই নাহি পারি' খ, ঘ পুথি।

৩১। 'রাইক নিকটে' স্থলে 'রাইক দ্বারে আসি' প-র-সা; 'রাই নিকেতনে' প-র।

৩২। 'বাজাওত সুন্দরি' স্থলে 'নিকটে বাজাওত' প-র পুথি।

৩৩। 'ভৈগেল' স্থলে 'উপজল' প-র পুথি।

৩৪। 'এ নবযৌবনি' ইত্যাদি স্থলে 'নব নব জোবনী তুরিতহি আয়ল' প-র-সা; 'এ রমণী পরি-বাদিনি ধারিণী' প-র পুথি।

৩৫। 'আও ফুকারই রাধা' স্থলে 'তোহে বোলায়ত রাধা' প-র-সা; 'বলি আগে বোলায়ত রাধা' প-র পুথি।

৩৬। 'হরখি' স্থলে 'হরষ' প-র-সা পুথি।

৩৭। 'আওল' স্থলে 'আওলি' ক, খ, ঘ।

৩৮। 'বৈসায়ল' স্থলে 'বসাওল' প-র পুথি।

৩৯। 'কত কত' ইত্যাদি স্থলে 'কহ কহ' ইত্যাদি খ; 'তহি অতি আদর ভেল' প-র-সা; 'গন্ধ চন্দন আনি দেল' প-র পুথি।

৪০। 'তাহি বাজাওত' ইত্যাদি স্থলে 'তহি বাজাওত' ইত্যাদি ক—গ; 'সুললিত তান শুনায়ল মাধব' প-র পুথি। 'তাহি বাজাওত' ইত্যাদি পংক্তি-চতুষ্টয় প-র-সা পুথিতে নাই।

৪১। 'রিঝি দেয়ল' ইত্যাদি স্থলে 'খিঝি দেয়ল' ইত্যাদি ঘ, চ; 'ধনি রিঝি দিল মণিমালা' প-র।

৪২। 'যন্ত্রিয়া' স্থলে 'প্রাণপিয়া' প-র পুথি।

৪৩। 'যন্ত্র রসাল' স্থলে 'তান রসালা' প-র।

৪৪। 'অপসরি' স্থলে 'অপছরি' ঘ, চ পুথি।

৪৫। 'সুর অপসরি' ইত্যাদি স্থলে 'কিয়ে দেব-নারী কিয়ে নাগকুমারী' প-র-সা; 'সুরপুর অপসরী কিয়ে নাগকুমারী' প-র পুথি।

৪৬। 'কহবি সখি মোয়' স্থলে 'কহবি তুহুঁ মোয়' ক, প-র-সা; 'কহবি মোয়' গ; 'কহবি সখি মোহে' খ, ঘ; 'কহ না সখি মোহে' প-র।

৪৭। 'মানলুঁ' স্থলে 'মানিয়ে' ঘ পুথি। 'আজুক দিবস' ইত্যাদি স্থলে 'আজু সফল দিন শুভ গতি শুভক্ষণ' প-র।

৪৮। 'তোয়' স্থলে 'তোহে' খ, ঘ, প-র পুথি।

৪৯। 'কুল-অবলম্বন' স্থলে 'কুল আলম্বন' গ; 'নিজ কুলপরিচয়' প-র পুথি। 'নাম গাম কহ' ইত্যাদি আটটি পংক্তি প-র-সা পুথিতে নাই; তৎ-পরিবর্ত্তে নিম্নলিখিত প্রক্ষিপ্ত কলিটি আছে; যথা,—

'কৈছন গায়ত মোহে শুনায়বি
মোহনি তাল বিশালা।
তৈখনে গায়ল শ্যাম সুনাগর
বুঝি দেয়ল মণিমালা ॥'

'সুনাগর' স্থলে 'সুমাধুরী' পাঠান্তর—প-র-সা পুথি।

৫০। 'কিয়ে' স্থলে 'কোন' প-র পুথি।

৫১। 'সুখময়ি' ইত্যাদি স্থলে 'সুখময়ি নাম গ্রাম মথুরাপুর' প-র পুথি।

৫২। 'পীড়ই' স্থলে 'পীড়ল' প-র পুথি।

৫৩। 'ধনি কহে' ইত্যাদি পংক্তিচতুষ্টয়ের পরি-বর্ত্তে প-র পুথির পাঠ যথা,—

'এত শুনি সুবদনি আনন্দে কহলহি
মাগহ যো অভিলাষ।
তনু মন বচনে দান যদি দেওবি
মানধনে পূরল আশ ॥'

৫৪। 'মনরথ-কর্ম্ম' স্থলে 'মনোরথ কর্ম্ম' ক, খ; 'মনোরথ কাম' গ পুথি।

৫৫। 'হাসি মুখ মোড়ি' স্থলে 'হাসি হাসি মুখ মুড়ি' প-র-সা পুথি।

৫৬। 'দেই' স্থলে 'করি' প-র-সা পুথি।

৫৭। 'কয়ল ধনি' স্থলে 'তব করলহি' প-র-সা; 'কয়ল তব' প-র পুথি।

৫৮। 'টুটল' স্থলে 'ভাঙ্গল' প-র পুথি।

৫৯। 'যত' স্থলে 'বহু' প-র পুথি।

৬০। 'ভূপতি' ইত্যাদি স্থলে 'ভূপতি কি কহব ওর' প-র-সা; 'চম্পতি নাথ ভেল ভোর' প-র পুথি।

টীকা

৪০—৪১। "নাম গাম" ইত্যাদি। (শ্রীরাধার প্রশ্ন) তোমার নাম, গ্রাম অর্থাৎ বাস-স্থল, বংশ-পরিচয় বল; ব্রজে কি কার্য্যে আগমন হইয়াছে?

৪২—৪৩। "সুখময়ি" ইত্যাদি। (বিদেশিনী-বেশ-ধারী শ্রীকৃষ্ণের উত্তর) আমার নাম সুখময়ী; মথুরা নগর এবং যদু কুল; (সেখানে) রাজা গুণি-জনকে উৎপীড়ন করে, (সে জন্যই মথুরা পরিত্যাগ করিয়া ব্রজে আসিয়াছি)।

৪৪—৪৫। "ধনি কহে" ইত্যাদি। শ্রীরাধা বলিলেন,—তোমার গুণে আমার হৃদয় প্রসন্ন হইল, তোমার যাহা অভিপ্রেত, তাহাই প্রার্থনা কর।

৪৬—৪৭। "মনরথ-কর্ম্ম" ইত্যাদি। (বিদে-শিনী-বেশ-ধারী শ্রীকৃষ্ণ বলিলেন)—হে সুন্দরি! তুমি আমাকে অভীষ্ট কার্য্য প্রার্থনা করার জন্য যদি যাচ্ঞা করিলে, (তবে) আমাকে তোমার মানরূপ রত্ন (অপর অর্থে—মানের রত্ন অর্থাৎ শ্রেষ্ঠ, দুর্জ্জয় মান; 'জাতৌ জাতৌ তু যৎ শ্রেষ্ঠং তদ্রত্নমিহ কথ্যতে') আমাকে দান কর।

৪৮—৫১। "হাসি" ইত্যাদি। শ্রীরাধা শ্রীকৃষ্ণের চতুরতা-দর্শনে (ঈষৎ) হাস্য করিয়া, (হাস্য গোপন ও বিলয়োন্মুখ মানের কিঞ্চিৎ অবশেষ প্রদর্শন উদ্দেশ্যে) মুখ ফিরাইয়া শ্রীকৃষ্ণের দিকে পিঠ দিয়া বসিলেন; শ্রীকৃষ্ণ (ভাব বুঝিয়া) সুন্দরীকে আলিঙ্গন-পাশে আবদ্ধ করিলেন; মান ভাঙ্গিল; যেরূপ কৌতুক বাড়িল,—ভূপতি (বর্ণন করিয়া) তাহার কি শেষ করিবে?

ভূপালী।

অপরূপ রাধামাধব-রঙ্গ।
দুর্জ্জয় মানিনি[১]-মান ভেল ভঙ্গ ॥

চুম্বই মাধব রাই-বয়ান।
হেরই[2] মুখ-শশি[3] সজল নয়ান॥
সখিগণ[4] আনন্দে নিমগন ভেল।
দুহুঁ জন মন মাহা মনসিজ গেল॥
দুহুঁ জন আকুল দুহুঁ করু কোর।
দুহুঁ দরশনে বিদ্যাপতি ভোর॥৯॥৪৮৪॥

ইতি ষোড়শ-পল্লবঃ।

পাঠান্তর

১। 'মানিনি' স্থলে 'মানিনী' ক—গ।
২। 'হেরই' স্থলে 'হেরইতে' ঘ পুথি।
৩। 'মুখ-শশি' স্থলে 'মুখ শশী' ক—গ পুথি।
৪। 'সখিগণ' স্থলে 'সখীগণ' ক—গ পুথি।

টীকা

৫—৬। "সখিগণ" ইত্যাদি। সখী-সমূহ আনন্দে নিমগ্ন হইল; (তখন) শ্রীরাধা ও শ্রীকৃষ্ণ—উভয়ের মনোমধ্যে কন্দর্প প্রবেশ করিল অর্থাৎ উভয়েই কাম-শরে অস্থির হইলেন।

পুনশ্চ মানঃ। প্রকারান্তরম্।

তত্র শ্রীগৌরচন্দ্রঃ।

সুহই।

গোরা পহুঁ বিরলে বসিয়া।
অবনত বদন করিয়া॥
পদ-নখে খিতি[1] পর লেখি।
নয়ন-লোরে নাহি দেখি॥
মানে মলিন মুখচান্দ।
হেরি সহচর-মন কান্দ॥
কাহে না কহ কছু বাত।
প্রেমদাস শিরে[2] হাত॥১॥৪৮৫

পাঠান্তর

১। 'খিতি' স্থলে 'ক্ষিতি' ক—গ, চ পুথি।

২। 'শিরে' স্থলে 'শিরে দেই' ক—গ পুথি। এই পদের প্রথম ও দ্বিতীয় চরণ ছাড়া অবশিষ্ট চরণ-গুলি মাত্রাবৃত্ত ও প্রত্যেক চরণ দ্বাদশ-মাত্রাত্মক; প্রথম চরণ দুইটি অক্ষর-বৃত্ত, দশ-অক্ষরী পয়ার ছন্দ। 'শিরে দেই' পাঠ গ্রহণ করিলে ঐ চরণের 'প্রেমদাস' ও 'দেই' শব্দের 'প্রে', 'দা' ও 'দে' গুরু অক্ষরগুলির লঘু উচ্চারণ না করিলে ছন্দোভঙ্গ ঘটে; সুতরাং ঘ ও চ পুথির পাঠই সমীচীন বটে।

পঠমঞ্জরী।

মানে মলিন বদন-চান্দ।
হেরি সহচরি[1]-হৃদয় কান্দ॥
অবনত করি আপন শীর[2]।
সঘনে নয়নে ঝরয়ে[3] নীর॥
খিতি-তল[4] নখে লিখই রাই।
থার নয়নে রহই[5] চাই॥
সখিগণে[6] কছু না কহে বাত।
অরুণ বসন খসয়ে গাত॥
ফুয়ল কবরি না বান্ধে তায়।
কাতরে শেখর দাঁড়াঞা[7] চায়॥২॥৪৮৬॥

পাঠান্তর

১। 'সহচরি' স্থলে 'সহচরী' ক—গ পুথি।
২। 'শীর' স্থলে 'শির' ক—গ পুথি।
৩। 'ঝরয়ে' স্থলে 'বহয়ে' ক পুথি।
৪। 'খিতি-তল' স্থলে 'ক্ষিতিতলে' ক—গ পুথি।
৫। 'রহই' স্থলে 'রহয়ে' ক, ঘ পুথি।
৬। 'সখিগণে' স্থলে 'সখীগণে' ক—গ পুথি।
৭। 'দাঁড়াঞা' স্থলে 'দাড়াইয়া' ঘ; 'ডাঁড়াঞা' চ পুথি।

দ্রষ্টব্য—এই পদটির প্রত্যেক চরণ ত্রিমাত্রিক চারিটি গণে বিভাজ্য দ্বাদশ-মাত্রাত্মক ; সুতরাং ছন্দের অনুরোধে 'সহচরি', 'শীর' ইত্যাদি শব্দ প্রযুক্ত হইয়াছে।

—

কৌ রাগিণী।

সকালে অমনি বৃন্দা ঠাকুরাণী[১]
আইল ললিতা-বাস।
কহিলা সকলি কানুর বিকলি[২]
মধুর বিনয় ভাষ ॥
শুনিয়া ললিতা মনে পাই[৩] বেথা
দুজনে চলিলা ধাই।
সজল নয়ানে মলিন বয়ানে
যেখানে বসিয়া[৪] রাই ॥
ললিতা যাইয়া তারে[৫] উঠাইয়া
করিলা[৬] আপন কোরে।
আপন বসন- অঞ্চলে তখন
মোছয়ে নয়ন[৭]-লোরে ॥
তুহুঁ রসবতী[৮] জগতে খেয়াতি
রূপে গুণে নাহি সীমা।
সে বহু-বল্লভ আনের দুর্ল্লভ[৯]
জানিয়া না দেহ[১০] ক্ষেমা[১১] ॥
শত গুণ যার এক দোষ তার
ছাড়িতে উচিত নয়।
সে তোর কারণে কান্দয়ে কাননে
এ কবিশেখর কয় ॥ ৩ ॥ ৪৮৭ ॥

পাঠান্তর

১। 'ঠাকুরাণী' স্থলে 'ঠাকুরাণি' ঘ, চ পুথি। ইহা অক্ষর-বৃত্ত লঘুত্রিপদী ; ইহাতে লঘু ও গুরু-বর্ণের মাত্রাগত পার্থক্য নাই ; সুতরাং ঘ ও চ পুথির বর্ণ-বিন্যাস সমীচীন নহে।

২। 'বিকলি' স্থলে 'বিকুলি' খ, ঘ পুথি।

৩। 'পাই' স্থলে 'পাইয়া' ক—গ পুথি।

৪। 'বসিয়া' স্থলে 'শুতিয়া' ক, খ পুথি।

৫। 'তারে' স্থলে 'ধরি' ক, খ পুথি।

৬। 'করিলা' স্থলে 'করিল' ক, খ পুথি।

৭। 'নয়ন' স্থলে 'নয়ান' ঘ, চ পুথি।

৮। 'রসবতী' স্থলে 'রসবতি' ঘ, চ পুথি।

৯। 'দুর্ল্লভ' স্থলে 'দুল্লভ' ঘ, চ পুথি।

১০। 'দেহ' স্থলে 'কর' ক, খ পুথি।

১১। 'ক্ষেমা' স্থলে 'ক্ষমা' ক—গ পুথি।

টীকা

১৭—১৮। "শত গুণ" ইত্যাদি। যে শ্রীকৃষ্ণের শত-প্রকার গুণ আছে, তাঁহার একটি দোষ (থাকিলেও) তাঁহাকে ত্যাগ করা সঙ্গত নহে। তুলনা করুন,—

"অনন্ত-রত্ন-প্রভবস্য তস্য
হিমং ন সৌভাগ্যবিলোপি জাতম্।
একো হি দোষো গুণসন্নিপাতে
নিমজ্জতীন্দোঃ কিরণেষ্বিবাঙ্কঃ ॥"

— কুমার-সম্ভবম্।

বৃন্দোক্তিঃ।

জয়জয়ন্তী।[১]

বিরহে ব্যাকুল বকুল-তরু-তলে
পেখলুঁ নন্দকুমার।
নীল নীরজ- নয়ন নাহক[২]
ঝরই[৩] নীর অপার ॥
পেখি[৪] মলয়জ- পঙ্ক মৃগ-মদ
তামরস ঘন-সার[৫]।
(নিজ) পাণি-পল্লবে মুদি[৬] লোচন
ধরণি পড়ু অসঁভার[৭] ॥

বহই মন্দ সু-　　　　গন্ধ[৮] শীতল
　　মন্দ মলয় সমীর।
(জনু) প্রলয়-কালক　　　　প্রবল পাবক
　　দহই দিগুণ[৯] শরীর ॥
অধিক বেপথু　　　　টুটি পড়ু খিতি[১০]
　　মসৃণ[১১]-মুকুতা-মাল।
অনিল[১২]-ভরে জনু[১৩]　　　　তমাল তরুবর
　　মুঞ্চ সুমনস-জাল[১৪] ॥
মান-মতি[১৫] তেজি　　　　চলহ সুন্দরি
　　(যাহাঁ) রসিক-রায় রসাল।
সুখদ শ্রুতি অতি　　　　সরস[১৬] দণ্ডক
　　কবি ভূপতি কণ্ঠহার[১৭] ॥৪॥৪৮৮॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২১৬৩ সংখ্যক পদ। 'জয়জয়ন্তী' স্থলে 'ধানশ্রী' প-র পুথি।

২। 'নয়ন নাহক' স্থলে 'নয়নসোঁ সখি' প-র পুথি।

৩। 'ঝরই' স্থলে 'চরই' প-র পুথি।

৪। 'পেখি' স্থলে 'লেখি' ক; 'লেপি' খ; 'দেখি' চ পুথি।

৫। 'তামরস ঘন-সার' স্থলে 'তাম রস ঘনসার' ঘ; 'তামর সঘনসার' চ পুথি।

৬। 'মুদি' স্থলে 'মুদল' ক।

৭। 'অসঁভার' স্থলে 'অসম্ভার' ক, চ; 'অসভার' প-র পুথি।

৮। 'সুগন্ধ' স্থলে 'সুগন্ধি' ক—গ পুথি।

৯। 'দিগুণ' স্থলে 'দ্বিগুণ' ক—গ পুথি।

১০। 'খিতি' স্থলে 'ক্ষিতি' ক—গ, চ পুথি।

১১। 'মসৃণ' স্থলে 'মঞ্জুল' প-র পুথি।

১২। 'অনিল' স্থলে 'আনল' ঘ, চ পুথি।

১৩। 'জনু' স্থলে 'জেন' ঘ; 'যৈছে' প-র পুথি।

১৪। 'মুঞ্চ' ইত্যাদি স্থলে 'মুঞ্চতি কলজাল' গ পুথি।

১৫। 'মান-মতি' স্থলে 'মান মনে' ঘ, চ, প-র।

১৬। 'সরস' স্থলে 'সবদ' প-র পুথি।

১৭। 'কবি' ইত্যাদি স্থলে 'সুকবি কণ্ঠক হার' প-র পুথি।

টীকা

৫—৮। "পেখি" ইত্যাদি। (শ্রীকৃষ্ণ) চন্দন-রস, কস্তূরী, পদ্ম ও কর্পূর (প্রভৃতি দেহ-সন্তাপ-নাশক বস্তু) দেখিয়া (সন্তাপাতিশয্য হেতু) নিজের কর-পল্লব দ্বারা নয়ন মুদ্রিত করিয়া, অবশাঙ্গ হইয়া ভূতলে পতিত হইতেছেন। 'ঘনসারশ্চন্দ্রসংজ্ঞঃ সিতাভ্রো হিমবালুকা' ইতি অমরকোষ।

১৩—১৬। "অধিক" ইত্যাদি। অধিক কম্প (হেতু) শ্রীকৃষ্ণের মসৃণ মুক্তামালা ছিন্ন হইয়া ভূতলে পতিত হইতেছে; (দেখিয়া বোধ হইতেছে), যেন বায়ু-ভরে শ্রেষ্ঠ অর্থাৎ তরুণ ও সুদৃশ্য তমাল-তরু (শ্বেত) পুষ্পাবলি মোচন করিতেছে।

শ্রীগান্ধার।[১]

সুন্দরি আর কত সাধসি মান।
তোহারি অবধি করি　নিশি দিশি ঝুরি ঝুরি
　　কানু ভেল বহুত নিদান ॥ ধ্রু ॥
কি রসে ভুলায়লি[২]　　　　ও নব নাগর[৩]
　　নিরবধি তোহারি ধেয়ান।
রাধা নাম　　　　কহই যব পন্থিক
　　শুনইতে আকুল কান[৪] ॥
পুরুখ বধের[৫] হেতু　　　　তুহুঁ অভিমানলি[৬]
　　কোন শিখায়ল রীতে[৭]।
লেহ-বিচ্ছেদ পুন　　　　সহই না পারিয়ে[৮]
　　গোবিন্দদাস কহ নীতে[৯] ॥৫॥৪৮৯॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২১১৯ ও ২১৮২ সংখ্যক পদ। 'শ্রীগান্ধার' স্থলে 'শ্রী' প-র।

২। 'ভুলায়লি' স্থলে 'ভুলাওলি' প-র।

৩। 'ও নব নাগর' স্থলে 'এ নব নাগর' প-র ২১।১৯; 'এ বর নাগরি' প-র ২১।৮২।

৪। অতঃপর প-র পুথিতে নিম্নলিখিত অতিরিক্ত কলিটি দৃষ্ট হয়; যথা,—

'যো হরি হরি করি তরিয়ে দুখার্ণব
গোমুত পদ অভিলাষে।
সো হরি সততই তুয়া পদ ভাবই
দারুণ মদন তরাসে॥'

'দুখার্ণব' স্থলে 'ভবার্ণব' প-র ২১।৮২।

৫। 'পুরুখ বধের' স্থলে 'সুপুরুখ বধ' প-র ২১।১৯।

৬। 'তুহুঁ অভিমানলি' স্থলে 'তুহুঁ অভিমানিনী' খ; 'তোহারি মনোরথ' প-র।

৭। 'রীতে' স্থলে 'রীতি' ঘ, প-র পুথি।

৮। 'পারিয়ে' স্থলে 'পারই' প-র পুথি।

৯। 'নীতে' স্থলে 'নীতি' ঘ, প-র পুথি।

শ্রীরাগ।[১]

যে জন[২] তুয়া সঞে অঙ্গ সঙ্গহি
শয়নে সপনহি[৩] ভোর[৪]।
চমকি উঠি ঘন কাঁপি মুরুছল
আধ নাম লেই তোর[৫]॥
মানিনি সো কি হিয়া নাহি[৬] জাগ।
কতহুঁ[৭] সকরুণে তোহে[৮] বোধলি[৯]
অবহুঁ[১০] ঐছে বিরাগ॥ ধ্রু॥
সে[১১] তনু সুন্দর ধূলি-ধূসর
সে[১২] মুখ নিরসল ভেল।
সে[১৩] দুহুঁ লোচনে নীর[১৪] নিকসই
এ দুখ কোনহি দেল॥
হরিকি রিতি-নতি[১৫] বিরহে জীবতি
তেজি[১৬] ওদন[১৭] পান।
তুহুঁ সে সুন্দরি ভেলি দুবরি
এ বড়ি সংশয় মান॥
দেহ তেজবি তাহে উপেখবি[১৮]
তেজবি ও নব লেহ[১৯]।
মধত[২০] উনমত অতয়ে না মানত[২১]
দাস গোবিন্দ থেহ॥ ৬॥ ৪৯০॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২১।২০ সংখ্যক পদ। 'শ্রীরাগ' স্থলে 'কামোদ' খ পুথি।

২। 'যে জন' স্থলে 'তেজল' ক, গ পুথি।

৩। 'সপনহি' স্থলে 'স্বপনেহি' ক—গ, চ।

৪। 'ভোর' স্থলে 'ভোরি' ঘ; 'হেরি' প-র পুথি।

৫। 'তোর' স্থলে 'তোরি' ঘ, প-র পুথি।

৬। 'সো কি হিয়া নাহি' স্থলে 'সো জন তুয়া হিয়ে' প-র পুথি।

৭। 'কতহুঁ' স্থলে 'করতহুঁ' প-র পুথি।

৮। 'তোহে' স্থলে 'তাহে' খ, প-র পুথি।

৯। 'বোধলি' স্থলে 'পরবোধলি' গ পুথি।

১০। 'অবহুঁ' স্থলে 'অবহিঁ' প-র পুথি।

১১। 'সে' স্থলে 'সো' ক—গ পুথি।

১২। 'সে' স্থলে 'সো' ক—গ পুথি।

১৩। 'সে' স্থলে 'সো' ক—গ পুথি।

১৪। 'নীর' স্থলে 'সলিল' প-র।

১৫। 'হরিকি রিতি-নতি' স্থলে 'হরিক রীতি নহি' ক; 'হরিক রীতি নীতি' গ; 'হরি কিয়ে অতি' প-র।

১৬। 'তেজি' স্থলে 'যতনে' প-র।

১৭। 'ওদন' স্থলে 'ও বদন' খ।

১৮। 'তাহে উপেখবি' স্থলে 'তাহে পেখবি' ক; 'কাহে উপেখবি' প-র।

১৯। 'তেজবি' ইত্যাদি স্থলে 'কাহে করলি সিনেহ' প-র।

২০। 'মধত' স্থলে 'মাধব' ক, খ; 'মানে' প-র।

২১। 'মানত' স্থলে 'পাওত' প-র।

টীকা

১২—১৫। "হরিকি" ইত্যাদি। শ্রীকৃষ্ণের (এই) রীতি-নীতি অর্থাৎ স্বভাব (যে), বিরহ-সময়ে অন্ন-জল পরিত্যাগ করিয়া বাঁচিয়া থাকে; হে সুন্দরি! তুমি কিন্তু (নিতান্তই) দুর্ব্বল হইয়াছ; ইহা বড়ই সঙ্কট মনে করিতেছি।

১৬—১৯। "দেহ" ইত্যাদি। (যদি বল, বাঁচিয়া ফল কি? তাহা নহে;) দেহ পরিত্যাগ করিবে,—(সেই সঙ্গে) সেই শ্রীকৃষ্ণকেও উপেক্ষা অর্থাৎ পরিত্যাগ করিবে এবং (সেই সঙ্গে) সেই (অকৃতার্থ) নবীন প্রেমকেও পরিত্যাগ করিবে। (শুধু দেহত্যাগে ক্ষতি ছিল না—কিন্তু যে স্থলে দেহত্যাগের সঙ্গে সঙ্গে শ্রীকৃষ্ণকে ও তাঁহার সহিত অকৃতার্থ নবীন প্রেমকেও পরিত্যাগ করিতে হইবে, সে স্থলে জীবনে উপেক্ষা সঙ্গত নহে, ইহাই ভাবার্থ)। মধ্যস্থ অর্থাৎ শ্রীরাধা-কৃষ্ণের প্রেমের ঘটক কন্দর্প উন্মত্ত অর্থাৎ কাণ্ডাকাণ্ড-জ্ঞান-হীন, অতএব (তাহার মধ্যস্থতার পরিণাম কি হইবে, তাহা ভাবিয়া) গোবিন্দদাস স্থির হইতে পারিতেছেন না। তুলনা করুন,—

"না খোজলুঁ দূতি না খোজলুঁ আন।
দুহুঁক মিলনে মধ্যত পাঁচ-বাণ ॥"
—প-ক-ত, ৫৭৬ সংখ্যক পদ।

সুহই।১

ঘোর তিমির অতি ঘন কাজর জিতি
নিবসই বিপিনে একান্ত।
পিক-কুল-বোলে২ সমাধি সমাপই
চমকি নেহারই পন্থ ॥
মানিনি ইথে কিয়ে নাহি অবধান।
নিমিখ বিমুখে৩ যছু জীবন সংশয়
কী ফল৪ তা সঞে মান ॥ ধ্রু৫ ॥
যাক শয়ন পুন শিরিষ-কুসুম-সম৬
অতি সুখময় পরিযঙ্ক।
সো বিরহানলে লুঠই মহীতলে৭
লোরে ততহিঁ৮ করু পঙ্ক ॥
পেখলুঁ সো পুন তোহারি পরশ বিনু
পানি-বিহিন৯ জনু মীন।
কহ ঘনশ্যাম- দাস নাহি জগ মাহা
ঐছন১০ প্রেমক চীন১১ ॥৭॥৪৯১॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২১।৩৫ সংখ্যক পদ।

২। 'বোলে' স্থলে 'বোলত' গ; 'বোল' ঘ, চ পুথি।

৩। 'বিমুখে' স্থলে 'বিমুখ' ক—চ পুথি।

৪। 'কী ফল' স্থলে 'কি ভেল' ক—গ পুথি।

৫। ঘ পুথি ছাড়া অন্যান্য পুথিতে 'ধ্রু' নাই।

৬। 'সম' স্থলে 'জনু' প-র পুথি।

৭। 'মহীতলে' স্থলে 'ভূতলে' প-র পুথি।

৮। 'লোরে ততহিঁ' স্থলে 'লোরহিঁ মহি' প-র পুথি।

৯। 'পানি-বিহিন' স্থলে 'পানি বিহন' ঘ, প-র।

১০। 'ঐছন' স্থলে 'যৈছন' ক—গ, চ।

১১। 'প্রেমক চীন' স্থলে 'প্রেম কঠিন' ক, গ, প-র পুথি; 'প্রেম কঠীন' চ পুথি। প্রাচীন পুথির 'চ' ও 'ঠ' অক্ষর দেখিতে প্রায় একই প্রকার। উহা হইতেই এই পাঠ-বিভ্রাটের উৎপত্তি হইয়াছে।

টীকা

১—৪। "ঘোর" ইত্যাদি। নিবিড় কজ্জল হইতেও অধিক কৃষ্ণবর্ণ অত্যন্ত নিবিড় অন্ধকার; (তাহাতে) শ্রীকৃষ্ণ নির্জ্জনে বিপিনে অবস্থান করিতেছেন; তিনি কোকিল-কুলের কূজন-শব্দে তোমার ধ্যান সমাপন করিয়া, সচকিত-ভাবে তোমার পথ নিরীক্ষণ করিতেছেন।

১২—১৫। "পেখলুঁ" ইত্যাদি। দেখিলাম, সেই শ্রীকৃষ্ণ তোমার স্পর্শ বিনা অর্থাৎ তোমার স্পর্শ না পাইয়া জলহীন মীনের ন্যায় হইয়াছেন; ঘনশ্যাম দাস বলিতেছেন,—জগতের মাঝে এরূপ প্রেমের চিহ্ন অর্থাৎ দৃষ্টান্ত আর নাই।

ধানশী।[১]

নয়ানের নীর নিঝরে ঝরয়ে
চাঁদ নিরখয়ে তায়।
তোহারি বদন সোঙরি তখন
মুরুছিত গড়ি যায়[২] ॥
রামা হে[৩] তেজহ কঠিন মান।
পুরুখ-বিরহ দুঃসহ কঠিন[৪]
এবার রাখহ প্রাণ ॥ ধ্রু ॥
কুসুম-লতা ধরি আলিঙ্গয়ে[৫]
তুয়া কলেবর ভানে।
পরশে বিরস ভৈগেল মাধব
মুরুছে[৬] মদন-বাণে ॥
শিরিষ-কুসুমে শেজ বিছাওই[৭]
কাম[৮]-শরে অগেয়ান।
গরল-অধিক চন্দন-লেপন
তেজিতে চাহে পরাণ ॥৮॥৪৯২॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২১৩৮ সংখ্যক পদ।

২। 'মুরুছিত গড়ি যায়' স্থলে 'মুরছি ধরণী যায়' প-র।

৩। 'রামা হে' স্থলে 'রামা' প-র।

৪। 'কঠিন' স্থলে 'বিষম' খ, ঘ; 'দারুণ' প-র পুথি।

৫। 'কুসুম-লতা' ইত্যাদি স্থলে 'কুসুমলতা ধরি আলিঙ্গয়ে হরি' ক—চ পুথি। এই পদটি অক্ষর-বৃত্ত লঘু-ত্রিপদী ছন্দে রচিত; সুতরাং ক—চ পুথির পাঠে ছন্দোভঙ্গ ঘটে। প-র পুথি অনুসারে যে পাঠ গৃহীত হইল, তাহাতেও একটি অক্ষরের অভাব দৃষ্ট হয়। বোধ হয়, 'কুসুম-লতা' স্থলে 'কুসুম-লতায়' পাঠ ছিল; লিপিকর-ভ্রমে 'য়' অক্ষরটি পরিত্যক্ত হইয়াছে।

৬। 'মুরুছে' স্থলে 'মুরুছি' প-র।

৭। 'বিছাওই' স্থলে 'বিছাইয়া' ক—গ, চ; 'বিছাওলুঁ' প-র পুথি।

৮। 'কাম' স্থলে 'মদন' প-র।

কামোদ।[১]

দিবস তিল আধ রাখবি যৌবন
রহই[২] দিবস সব যাব[৩]।
ভাল মন্দ দুই সঙ্গে চলি যায়ব
পর উপকার সে লাভ ॥
সুন্দরি হরি-বধে তুহুঁ ভেলি ভাগি।
রাতি দিবস সোই আন নাহি ভাবই
কাল বিরহ তুয়া লাগি ॥ ধ্রু[৪] ॥
বিরহ-সিন্ধু মাহা ডুবইতে আছয়ে
তুয়া কুচ-কুম্ভ লখি[৫] দেই।
তুহুঁ ধনি গুণবতি উধার গোকুল-পতি
ত্রিভুবন[৬] ভরি যশ লেই ॥
লাখ লাখ নাগরি যো কানু হেরই
সো শুভদিন করি মান।
তুয়া অভিমান লাগি সোই আকুল
কবি বিদ্যাপতি ভাণ ॥৯॥৪৯৩॥

পাঠান্তর

১। ইহা প-র পুঁথির ২১৪৯ সংখ্যক পদ। 'কামোদ' স্থলে 'শ্রীরাগ' প-র।

২। 'রহই' স্থলে 'বহই' ক—গ, ঘ। বিদ্যাপতির পদাবলীর যতগুলি সংস্করণ আমরা দেখিয়াছি, সর্ব্বত্রই 'বহই' পাঠ গৃহীত হইয়াছে; 'বহই' পাঠ

ধরিলে 'দিবস তিল আধ' ইত্যাদি বাক্যের অর্থ হইবে যে—(জীবনের মধ্যে) দিবস কি তিলার্দ্ধ অর্থাৎ অতি সামান্ত কাল যৌবন রাখিতে পারিবে, (অবশিষ্ট) সমস্ত দিবস অর্থাৎ সময় বহিয়া যাইবে। বস্তুতঃ পদকর্ত্তার বাক্যের উদ্দেশ্য ইহাই বোধ হয় যে, জীবনের অতি অল্প সময় যৌবন থাকিবে,—তাহা বাদে বাকি দিন সব রহিয়া যাইবে অর্থাৎ পড়িয়া থাকিবে (তখন যৌবনের সদ্ব্যবহার না করার জন্য অনুতাপ হইবে)। যৌবনাবশিষ্ট দিনগুলি বহিয়া গেলে আক্ষেপের কোন কারণ দেখা যায় না; সুতরাং 'রহই' পাঠই সমীচীন বটে।

৩। 'রহই দিবস' ইত্যাদি পংক্তি প-র পুথিতে নাই; উহার স্থলে ফাঁক রাখা হইয়াছে।

৪। প-র পুথিতে 'ইত্যাদি' শব্দ দ্বারা এই স্থলেই পদটি শেষ করা হইয়াছে।

৫। 'লখি' স্থলে 'নখ' ক; 'লখ' চ পুথি।

৬। 'ত্রিভুবন' স্থলে 'ত্রিভুবনে' ঘ পুথি।

টীকা

৮—১১। "বিরহ-সিন্ধু" ইত্যাদি। (শ্রীকৃষ্ণ) তোমার বিরহরূপ সাগরের মাঝে ডুবিতে চলিয়াছেন; গুণবতী ও ধন্যা তুমি তোমার কুচ-কুম্ভ (অবলম্বনের) লক্ষ্য প্রদান করিয়া গোকুলপতিকে উদ্ধার কর এবং ত্রিভুবন ভরিয়া যশ গ্রহণ কর। 'লখি' শব্দের অর্থ 'লক্ষ্য করিয়া' স্বীকার করিলে, এইরূপ অর্থ হইবে যে,—'শ্রীকৃষ্ণ বিরহ-সিন্ধুর মাঝারে ডুবিতে যাইতেছেন,—ইহা লক্ষ্য করিয়া তুমি তোমার কুচ-কুম্ভ প্রদান-পূর্ব্বক তাঁহাকে উদ্ধার কর' ইত্যাদি।

শ্রীমত্যুক্তিঃ।

ধানশী।[১]

সখি হে[২] না বোল বচন আন।
ভালে ভালে[৩] হাম অলপে চিহ্নলুঁ[৪]
ঐছন[৫] কুটিল কান॥ ধ্রু[৬]॥
কাঠ কঠিন কয়ল[৭] মোদক
উপরে মাখিয়া[৮] গুড়[৯]।
কনয়া[১০]-কলস বিখে পূরাইয়া
উপরে[১১] দুধক পূর॥
কানু সে সুজন হাম দুরজন
তাকর[১২] বচনে[১৩] যাই।
হৃদয় মুখেতে[১৪] এক সমতুল
কুটিকে[১৫] গুটিক পাই॥
যে ফুলে তেজসি[১৬] সে ফুলে পূজসি[১৭]
সে ফুলে ধরসি বাণ।
কানুক[১৮] বচন ঐছন চরিত
কবি বিদ্যাপতি ভাণ॥১০॥৪৯৪॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২১।৫৬ সংখ্যক পদ।

২। 'সখি হে' স্থলে 'সখি' প-র পুথি।

৩। 'ভালে ভালে' স্থলে 'ভালে ভেল' ক।

৪। 'চিহ্নলুঁ' স্থলে 'চিহ্নিলুঁ' ঘ, চ; 'চিনিলুঁ' প-র পুথি।

৫। 'ঐছন' স্থলে 'যৈছন' ক—চ; 'য়েছন' প-র।

৬। অতঃপর প-র পুথিতে নিম্নলিখিত অতিরিক্ত কলিটি দৃষ্ট হয়; যথা,—

'কানুক বচন শুনিতে শোহন
কহিতে নাহিক ওর।
মধুর মাখন জৈছন পাখন
ঐছন কানুক বোল॥'

৭। 'কয়ল' স্থলে 'কনয়' খ।

৮। 'মাখিয়া' স্থলে 'মাখল' প-র।

৯। 'গুড়' স্থলে 'গুড়' ক—গ, প-র।

১০। 'কনয়া' স্থলে 'কনক' প-র।

১১। 'উপরে' স্থলে 'তা পর' প-র।

১২। 'তাকর' স্থলে 'তাহার' ক—গ, চ; 'তাহা' ঘ।

১৩। 'বচনে' স্থলে 'চরণে' প-র।

১৪। 'হৃদয় মুখেতে' স্থলে 'হৃদয়ে মুখে' প-র।

১৫। 'কুটিকে' স্থলে 'কোটিকে' ক—গ; 'কোটিক' প-র।

১৬। 'ফুলে তেজসি' স্থলে 'ফুল তেজসি' চ; 'ফুলে বাগসি' প-র।

১৭। 'যে ফুলে তেজসি' ইত্যাদি পংক্তি-চতুষ্টয়ের পরিবর্ত্তে ক পুঁথিতে ও তদনুযায়ী বটতলার মুদ্রিত পুস্তকে নিম্নলিখিত পংক্তিগুলি দৃষ্ট হয়; যথা,—

'দোষ নাহি মানে গুণ না বিচারে
সহজে চপল কান।
ফটিক যোগেশ্বরে যে ফুলে পূজয়ে
সে ফুলে ধরয়ে বাণ॥
যাহার হৃদয়ে যেমন স্বরূপ
তাহা ছাপি নাহি রয়।
এ সব চাতুরী বুঝিতে না পারি
কবি বিদ্যাপতি কয়॥'

১৮। 'কানুক' স্থলে 'কানুর' ক—গ, চ।

টীকা

৪—৭। "কাঠ" ইত্যাদি। (যেন কেহ) উপরে গুড় মাখিয়া কাঠ দ্বারা কঠিন মোদক প্রস্তুত করিল; (কিম্বা) স্বর্ণ-কলস বিষে পূর্ণ করিয়া, উহার মুখে দুধের একটি স্তর দিল! (শ্রীকৃষ্ণও ঠিক এই পয়োমুখ বিষ-কুম্ভ কিম্বা গুড়-মাখা কাষ্ঠ-মোদকের তুল্য)।

৮—১১। "কানু" ইত্যাদি। (প্রবঞ্চক) শ্রীকৃষ্ণ সজ্জন; (আর) তাহার বাক্যে (বিশ্বাস করিয়া) যাইয়া (প্রবঞ্চিত হইয়া) আমি দুর্জ্জন হইয়াছি! (বিদ্রূপোক্তি)। হৃদয়ে এবং মুখে এক সমান—কোটি সংখ্যক লোকের মধ্যে জনেক পাওয়া যায়।

১২—১৫। "যে ফুলে" ইত্যাদি। যে ফুলটি ত্যাগ করিতেছ, সেই ফুলটির দ্বারাই পূজা করিতেছ, (আবার) সেই ফুলকেই বাণরূপে ধারণ করিতেছ,—(ইহা যেরূপ পরস্পর-বিরুদ্ধ কার্য্য হেতু অসঙ্গত), কবি বিদ্যাপতি বলিতেছেন—শ্রীকৃষ্ণের বাক্য ও আচরণ ঐরূপ (বিরুদ্ধ ও অসঙ্গত)।

তিরোথা ধানশী।১

সজনী না কর২ কানু-পরসঙ্গ৩।
পানি না সেঁচহ দগধল অঙ্গ৪॥ ধ্রু৫॥
ভালে হাম কলাবতি ভালে৬ তুহুঁ দূতি।
ভালে মনমথ ভালে কানুক পিরীতি॥
ভাল জন-বচন কয়লুঁ যত বাম৭।
সো ফল ভুঁজইতে৮ ইহ৯ পরিণাম॥
পহিলহি কি কহব আরতি-রাশি।
সুকপট প্রেমে সব পরিজনে হাসি১০॥
ভাল১১ ভেল অলপে কয়ল সমাধান।
পুরুবক পুণ-ফলে রহল১২ পরাণ॥
চন্দন-তরু অব১৩ বিখ-তরু ভেল১৪।
যতয়ে১৫ মনোরথ সব দূরে গেল॥
মরম না জানি কয়লু১৬ অনুরাগ।
জ্ঞানদাস কহ গুরুয়া অভাগ॥১১॥৪৯৫॥

পাঠান্তর

১। ইহা প-র পুঁথির ২১।৩৯ সংখ্যক পদ। 'তিরোথা ধানশী' স্থলে 'ধানশী' প-র।

২। 'সজনী না কর' স্থলে 'সজনি না কর' ক—গ, চ; 'না কর সজনি' প-র।

৩। 'কানু-পরসঙ্গ' স্থলে 'কানুর সঙ্গ' চ।

৪। 'দগধল অঙ্গ' স্থলে 'দগধ অনঙ্গ' প-র।

৫। ক—চ পুঁথিতে ধ্রু নাই।

৬। 'ভালে' স্থলে 'ভেলি' প-র।

৭। 'যত বাম' স্থলে 'হাম আন' ক।

৮। 'ভুঁজইতে' স্থলে 'ভুঞ্জইতে' ক—চ; 'ভুজইতে' প-র।

৯। 'ইহ' স্থলে 'এহ' প-র।

১০। 'সুকপট' ইত্যাদি স্থলে 'পিশুনক প্রেম পরিজন হাসি' প-র।

১১। 'ভাল' স্থলে 'ভালে' প-র।

১২। 'রহল' স্থলে 'পায়নু' ক।

১৩। 'অব' স্থলে 'বলি' ক—চ।

১৪। 'ভেল' স্থলে 'মেল' পাঠান্তর—চ।

১৫। 'যতয়ে' স্থলে 'অতয়ে' ক, চ।

১৬। 'কয়লু' স্থলে 'কয়ল' প-র।

টীকা

৩—৪। "ভালে হাম" ইত্যাদি। 'ভালে' শব্দ প্রশংসাবাচক হইলেও এ স্থলে বিপরীত লক্ষণা দ্বারা নিন্দাবাচক অর্থ বুঝাইতেছে; সুতরাং 'ভালে হাম' ইত্যাদি পংক্তি-দ্বয়ের অর্থ এই যে—শ্রীকৃষ্ণের ন্যায় অপ্রেমিক ও প্রবঞ্চকের সহিত প্রণয় করায় আমার কলা-কৌশলকে ধিক্; ঐরূপ অযোগ্য নায়কের সহিত আমার প্রেম-সঙ্ঘটনের সহায়তা করায় তোমাকে ধিক্; যে কন্দর্প এইরূপ অযোগ্য প্রেমের প্রণোদক, তাহাকে ধিক্ এবং শ্রীকৃষ্ণের (কপট) প্রেমকেও ধিক্।

বরাড়ী।১

পহিলহি চাঁদ করে দিল২ আনি।
ঝাঁপল শৈল-শিখরে এক পাণি॥
অব বিপরিত৩ ভেল সে সব৪ কাল।
বাসি কুসুমে কিয়ে গাঁথই৫ মাল॥
না বোলহ সজনী৬ না বোলহ৭ আন।
কী ফল আছয়ে ভেটব কান॥ ধ্রু॥
অন্তর বাহির সম নহ রীত৮।
পানি তৈল নহ গাঢ় পিরীত৯॥
হিয়া সম কুলিশ বচন মধু-ধার।
বিষ-ঘট উপরে দুধ উপহার॥
চাতুর বেচহ গাহক ঠাম।
গোপত প্রেম-সুখ ইহ১০ পরিণাম॥
তুহুঁ কিয়ে শঠি নিকপটে কহ মোয়১১।
জ্ঞানদাস কহ১২ সমুচিত হোয়॥১২॥৪৯৬॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২১।৪০ সংখ্যক পদ।

২। 'করে দিল' স্থলে 'কলা দিলে' প-র।

৩। 'বিপরিত' স্থলে 'বিপরীত' ক—গ, প-র।

৪। 'সে সব' স্থলে 'সব' ক—ঘ।

৫। 'গাঁথই' স্থলে 'গাঁথয়ে' খ, ঘ, প-র।

৬। 'সজনী' স্থলে 'সজনি' ক—গ, চ, প-র।

৭। 'বোলহ' স্থলে 'বোল' ক—গ।

৮। 'রীত' স্থলে 'রীতি' প-র।

৯। 'পিরীত' স্থলে 'পিরিতি' প-র।

১০। 'ইহ' স্থলে 'এহ' ঘ, প-র।

১১। 'তুহুঁ কিয়ে' ইত্যাদি স্থলে 'তুহুঁ কিয়ে সাঠনি কপটে কহ মোয়' ঘ; 'তুহুঁ কিয়ে সঠেনি কপটে কহ মোয়' চ; 'তুহুঁ কিয়ে শঠ নিকপটে' ইত্যাদি গ; 'তুহুঁ কিনা জানহ কি বলিব তোয়' প-র।

১২। 'কহ' স্থলে 'কহে' প-র পুথি।

টীকা

১১—১২। "চাতুরি" ইত্যাদি। (হে সখি!) তুমি গ্রাহকের নিকট চাতুরী বিক্রয় কর অর্থাৎ যে তোমার চাতুরী-পূর্ণ বাক্য (প্রকৃত) বলিয়া গ্রহণ করিতে চাহে, তাহার নিকট উহা (বিক্রেয় পণ্য দ্রব্যের ন্যায়) বিস্তার কর; (আমি তোমার চাতুরী বুঝিতে পারিয়াছি,—সুতরাং আমার নিকট আর তাহা বিকাইবে না) গুপ্ত-প্রেম-সুখের ইহাই পরিণাম বটে।

গান্ধার।

কাঞ্চন কুসুম-জোতি১ পরকাশ।
রতন ফলিবে বলি বাঢ়ায়লুঁ আশ॥

তাকর মূলে দিলুঁ দূধক[2] ধার।
ফলে কিছু না হেরিয়ে ঝনঝনি[3] সার ॥
জাতি গোয়ালিনি হাম মতি-হীন[4]।
কুজনক পীরিতি মরণ-অধীন[5] ॥
হা হা বিহি মোহে[6] এত দুখ দেল।
লাভক লাগি মূল ডুবি গেল ॥
কবি বিদ্যাপতি ইহ অনুমান।
কুকুরক লাঙ্গুড়[7] নহত সমান ॥১৩॥৪৯৭॥

পাঠান্তর

১। 'কুসুম-জোতি' স্থলে 'জ্যোতি কুসুম' ক—গ পুথি।

২। 'দূধক' স্থলে 'ধূপক' চ পুথি।

৩। 'ঝনঝনি' স্থলে 'ঝলমলি' খ পুথি।

৪। 'মতি-হীন' স্থলে 'অতি হীন' খ, ঘ, চ পুথি; 'মতিহীনা' গ পুথি।

৫। 'অধীন' স্থলে 'অধীনা' গ পুথি।

৬। 'মোহে' স্থলে 'মোরে' ক—গ, চ।

৭। 'লাঙ্গুড়' স্থলে 'লাঙ্গুল' ক—গ পুথি।

টীকা

১—৪। "কাঞ্চন" ইত্যাদি। স্বর্ণবৎ পুষ্পের জ্যোতি প্রকাশ পাইল ; (তাহা দেখিয়া) রত্ন ফলিবে বলিয়া আশা বাড়াইলাম ; তাহার মূলে দুগ্ধের ধারা সেচন করিলাম, কিন্তু ফল কিছুই দেখিতেছি না, (শুধু অন্তঃসারশূন্য ফলের মধ্যস্থিত পক্ব বীজসমূহের) ঝনঝনি শব্দ সার হইল। অতসী নামক ক্ষুদ্রকায় পুষ্প-তরুর পুষ্প উজ্জ্বল স্বর্ণ-বর্ণ, কিন্তু ফল অখাদ্য ও অন্তঃসার-রহিত ; উহা পরিপক্ক হইলে তরুকে স্পর্শ করা মাত্র ঝন্ ঝন্ শব্দ করে। তুলনা করুন,—

"সুবর্ণসদৃশং পুষ্পং ফলে রত্নং ভবিষ্যতি।
আশয়া সেবিতো বৃক্ষঃ পশ্চাত্ত্ব ঝনঝনায়তে ॥"
——উদ্ভট শ্লোক।

৫—৬। "জাতি" ইত্যাদি। আমি জাতিতে গোয়ালিনী ও বুদ্ধি-হীন, (সুতরাং বুঝিতে পারি নাই যে), দুর্জ্জনের প্রেম মৃত্যুর অধীন অর্থাৎ দুর্জ্জনের সহিত প্রেম করিলে মৃত্যুকে ডাকিয়া আনিয়া উহার শরণ লইতে হয়।

৯—১০। "কবি" ইত্যাদি। কবি বিদ্যাপতি ইহা অনুমান করিতেছেন যে, কুকুরের লাঙ্গুল (শত চেষ্টা করিলেও) সোজা হয় না অর্থাৎ দুর্জ্জন শত সদ্ব্যবহারেও সরল আচরণ করে না।

কেদার।[1]

সজনি তুহুঁ সে[2] কহসি মঝু[3] হিত
হীত অহীত সবহুঁ হাম বুঝিয়ে
আনে[4] হোয়ত[5] বিপরীত ॥ ধ্রু[6] ॥
লঘু উপকার করয়ে যব সুজনক[7]
মানয়ে শৈল সমান।
অচল হীত করয়ে মুরুখ[8] জনে[9]
মানয়ে সরিষ প্রমাণ ॥
কানুক রীত ভীত মঝু চীতহিঁ[10]
না জানি কি হয়ে[11] পরিণাম[12]।
ঐছন পিরিতিক[13] বশ নাহি হোয়ত
যৈছন কীর সমান[14] ॥
কি কহব রে সখি কহি কহি দেখলুঁ[15]
অতয়ে চাহি সমাধান[16]।
যাকর যো গুণ কবহুঁ না যাওত
জ্ঞানদাস পরমাণ[17] ॥১৪॥৪৯৮॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২১।৮৯ সংখ্যক পদ।

২। 'তুহুঁ সে' স্থলে 'তুহুঁ' প-র পুথি।

৩। 'মঝু' স্থলে 'সব' খ, ঘ, চ, প-র।

৪। 'আনে' স্থলে 'আন' খ পুথি।

৫। 'হোয়ত' স্থলে 'না হোয়' প-র পুথি।

৬। প-র পুথি ছাড়া অন্যান্য পুথিতে 'ধ্রু' নাই।

৭। 'যব সুজনক' স্থলে 'সব সুজনক' ঘ; 'যদি বুধ জন' প-র পুথি।

৮। 'মুরুখ' স্থলে 'মূরুখ' ক, গ পুথি।

৯। 'জনে' স্থলে 'জন' প-র পুথি।

১০। 'চীতহিঁ' স্থলে 'চিতহিঁ' ক—গ পুথি।

১১। 'হয়ে' স্থলে 'হোয়ে' প-র পুথি।

১২। 'পরিণাম' স্থলে 'পরিণামে' ক, খ, ঘ, চ।

১৩। 'ঐছন পিরিতিক' স্থলে 'কতেক পিরিতি কর' প-র পুথি।

১৪। 'সমান' স্থলে 'সমানে' ক, খ, ঘ ও চ পুথি।

১৫। 'কহি কহি দেখলুঁ' স্থলে 'আপন করম ফল' প-র পুথি।

১৬। 'সমাধান' স্থলে 'সমাধানে' প-র পুথি।

১৭। 'জ্ঞানদাস পরমাণ' স্থলে 'ঐছে আছয়ে পরমাণে' প-র পুথি। অতঃপর প-র পুথিতে নিম্নলিখিত অতিরিক্ত কলিটি দৃষ্ট হয়; যথা,—

'রাইক হৃদয় ভাব বুঝি সো সখি
কানুকে ইঙ্গিত কেল।
যাই ধরল পদ ধনিক কোপ গেও
প্রেম আনন্দ বহু ভেল ॥'

টীকা

১—৩। "সজনি" ইত্যাদি। হে সখি! কেবল তুমিই আমার পক্ষে হিত-বাক্য বলিতেছ; যাহা হিত ও যাহা অহিত, সকলই আমি বুঝিতেছি, কিন্তু অন্যের (অর্থাৎ শ্রীকৃষ্ণের) পক্ষে উহা বিপরীত হইতেছে অর্থাৎ সে হিতকে অহিত ও অহিতকে হিত বলিয়া মনে করে।

৪—৭। "লঘু" ইত্যাদি। (কেহ) যখন সজ্জনের অল্প মাত্র উপকার করেন, (তখন তিনি উহা) পর্ব্বত তুল্য বৃহৎ বলিয়া মনে করেন; (কেহ যখন) মূর্খ ব্যক্তির (কোন) স্থায়ী উপকারও করেন, (তখন সে উহাকে) সর্ষপ-তুল্য ক্ষুদ্র মনে করে। (শ্রীকৃষ্ণও এইরূপ মূর্খ বটে)।

৮—১১। "কানুক" ইত্যাদি। শ্রীকৃষ্ণের আচরণে আমার চিত্তে ভয় হইতেছে, ইহার পরিণাম কি হইবে—জানি না; (শ্রীকৃষ্ণ) এইরূপ প্রণয়েরও বশ হইতেছে না,—(সে) যেন (শিকল-কাটা) টিয়া পাখীর তুল্য!

ঐছন মানে বিমুখ ভৈ রাই।
করে ধরি দোতি[১] মানায়ই তাই ॥
রোখে চলই যব করে কর বারি।
চরণে পড়ল তব বাহু পসারি ॥
তবহুঁ মলিন-মুখি[২] সুমুখি[৩] না ভেল।
হোই নৈরাশ তব সখি চলি গেল ॥
একলি বন মাহা যাঁহা বর কান।
আওল সখি তাহাঁ বিরস বয়ান ॥
কি কহব মাধব মানিনি[৪]-মান।
জ্ঞানদাস তাহাঁ কি কহিতে জান ॥১৫॥৪৯৯॥

পাঠান্তর

১। 'দোতি' স্থলে 'দোতী' ক—গ পুথি।

২। 'মলিন-মুখি' স্থলে 'মলিনমুখী' ক—গ পুথি।

৩। 'সুমুখি' স্থলে 'সুমুখী' ক—গ পুথি।

৪। 'মানিনি' স্থলে 'মানিনী' ক—গ পুথি।

তথা রাগ।[১]

মাধব রাধা সাধিন[২] ভেল।
যতনহি কত[৩] পর- কার[৪] বুঝায়লুঁ
তভু ধনি উতর না দেল[৫] ॥ধ্রু॥

তোহারি[৬] কেশ কুসুম তৃণ তাম্বুল
ধরলহুঁ[৭] রাইক আগে।
কোপে কমল-মুখি পালটি না হেরল[৮]
বৈঠলি বিমুখ-বিরাগে[৯] ॥
তোহারি নাম শুনয়ে যব সুন্দরি
শ্রবণে মুদয়ে[১০] দুই পাণি।
তোহারি পিরিতি যো নব নব মানই[১১]
সো অব না শুনয়ে[১২] বাণী ॥
হেন বুঝি কুলিশ- সার তছু অন্তর[১৩]
কৈছে মিটায়ব মান[১৪]।
কহ বিদ্যাপতি বচন অব সমুচিত[১৫]
আপে সিধারহ[১৬] কান ॥১৬॥৫০০॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২১।২৮ সংখ্যক পদ। এই পদটি পদকল্পতরু গ্রন্থে ৫৩৪ সংখ্যক পদরূপে পুনরায় উদ্ধৃত হইয়াছে।

২। 'মাধব রাধা সাধিন' স্থলে 'মাধব রাধা স্বাধীনা' ক—গ; 'শুন মাধব রাধা স্বাধীনা' ক—গ; ৫৩৪ পদ; 'মাধব রাধা সাধিনা' ঘ, চ, ৫৩৪ পদ।

৩। 'যতনহি কত' ৫৩৪ সংখ্যক পদ স্থলে 'বহুত যতন' ক—গ ৫০০ সংখ্যক পদ; 'কতহু যতন' প-র পুথি।

৪। 'পরকার' স্থলে 'পরকারে' গ, প-র পুথি।

৫। 'তভু ধনি উতর না দেল' স্থলে 'তভু সে সমতি নাহি দেল' ক; 'তভো সে সমতি না দেল' খ, ঘ, চ পুথি; 'তবু ধনি উতর না দেল' প-র।

৬। 'তোহারি' স্থলে 'তোহারি এ' খ ৫০০ সং পদ। 'তোহারি কেশ' ইত্যাদি পংক্তি-চতুষ্টয় ক—চ পুথিতে ৫৩৪ সংখ্যক পদে 'সো অব না শুনয়ে বাণী ॥' পংক্তির পরে সন্নিবেশিত হইয়াছে।

৭। 'ধরলহুঁ' স্থলে 'ধরলহি' ক, খ, ঘ; 'ধরলমু' গ; 'ধরলমো' ক, চ পুথি; 'ধয়লহুঁ' প-র পুথি। 'ধরলহুঁ' খ—চ পুথি ৫৩৪ সং পদ।

৮। 'হেরল' স্থলে 'হেরই' ক, চ, ৫৩৪ সং পদ প-র পুথি।

৯। ক—চ পুথিতে যদিও এ স্থলেই 'ইত্যাদি গীতং গেয়ং' লিখিয়া পদটি শেষ করা হইয়াছে,—কিন্তু ইতঃপূর্ব্বে এই পদটি আর উদ্ধৃত না হওয়ায়, আমরা ৫৩৪ সংখ্যক পদ হইতে ইহার অবশিষ্ট অংশ গ্রহণ করিয়া এ স্থলে সন্নিবেশিত করিলাম।

১০। 'মুদয়ে' স্থলে 'মুদিত' প-র পুথি।

১১। 'তোহারি পিরিতি যো' ইত্যাদি পংক্তি স্থলে 'যো তুয়া পিরিতি কিরিতি করি মানই' প-র পুথি।

১২। 'শুনয়ে' স্থলে 'পুছয়ে' প-র পুথি।

১৩। 'হেন বুঝি কুলিশ' ইত্যাদি পংক্তি স্থলে 'কুলিশসার জিনি তাকর অন্তর' প-র পুথি।

১৪। 'কৈছে মিটায়ব মান' স্থলে 'কৈছে মিলায়ব আন' প-র পুথি।

১৫। 'কহ বিদ্যাপতি' ইত্যাদি পংক্তি স্থলে 'গোবিন্দ দাস কহ রাই বুঝাইতে' প-র পুথি।

১৬। 'সিধারহ' স্থলে 'সিধারসি' ক; 'সিধারব' খ।

টীকা

৪—৭। "তোহারি" ইত্যাদি। তোমার প্রেরিত কেশ—(প্রায়শ্চিত্ত-সূচক মুণ্ডনের চিহ্ন), কুসুম—(অর্চ্চনার চিহ্ন), তৃণ (দীনতা-সূচক দন্তে তৃণ-ধারণের চিহ্ন) ও তাম্বুল—(মৈত্রী স্থাপনের চিহ্ন) শ্রীরাধার সম্মুখে স্থাপন করিলাম; কিন্তু পদ্মমুখী শ্রীরাধা ক্রোধ হেতু (ঐ সকল উপঢৌকনের পানে) ফিরিয়াও তাকাইল না—বিরাগ অর্থাৎ বিদ্বেষ হেতু মুখ ফিরাইয়া বসিল। ক্রোধ হেতু শ্রীরাধার মুখের আরক্তিমতা 'কমলমুখী' শব্দ দ্বারা কবি ব্যঞ্জিত করিয়াছেন।

কেদার।

না মিলল সুন্দরি শুনি ভৈ খীন;
রোয়ত মাধব অব নিশি দীন[১] ॥

দোতিক কর ধরি করু পরিহার।
কহইতে নয়নে গলয়ে জল-ধার ॥
বাউর সম কত করু পরলাপ।
শতগুণধিক[২] মনে মনসিজ-তাপ ॥
"রা" "রা" "ধা" ধরি আখর এক।
গদগদ কণ্ঠ না হয়ে[৩] পরতেক ॥
মানিনি[৪]-মান মানায়ব হাম।
কহি এত ধাবয়ে মানিনি[৫] ঠাম ॥
পুন ফেরি আওত সহচরি[৬] সাথ।
ঐছে গতাগতি নাহিক সোয়াথ ॥
কত পরবোধি কয়ল সখি[৭] থীর[৮]।
জ্ঞানদাস হেরি ভেল অথীর[৯] ॥১৭॥৫০১॥

পাঠান্তর

১। 'দীন' স্থলে 'দিন' ক—গ, চ পুথি।

২। 'শতগুণধিক' চ স্থলে 'শতগুণাধিক' ক—গ; 'শত গুণ অধিক' ঘ পুথি। 'শতগুণাধিক' কিম্বা 'শতগুণ অধিক' উভয় পাঠেই ছন্দঃপতন হয়; সুতরাং চ পুথির পাঠই সমীচীন।

৩। 'হয়ে' স্থলে 'হয়' ক—গ।

৪। 'মানিনি' স্থলে 'মানিনী' ক—গ।

৫। 'মানিনি' স্থলে 'মানিনী' ক—গ।

৬। 'সহচরি' স্থলে 'সহচরী' ক—গ।

৭। 'সখি' স্থলে 'সখী' ক—গ।

৮। 'থীর' স্থলে 'থির' ক—গ।

৯। 'অথীর' স্থলে 'অথির' ক—গ।

টীকা

৭—৮। "রা" "রা" ইত্যাদি। (শ্রীকৃষ্ণ সাত্বিকভাব-জনিত স্বর-ভঙ্গ হেতু 'রাধা' নামটি এক সঙ্গে উচ্চারণ করিতে না পারিয়া) "রা" "রা" (এবং তৎপরে) "ধা"—একটি অক্ষর (বদনে) ধারণ করিতেছেন; (তাঁহার) কণ্ঠ গদ্গদ অর্থাৎ গদগদ শব্দবিশিষ্ট; সুতরাং (বিবক্ষিত শব্দ) প্রত্যক্ষ অর্থাৎ শ্রবণ-গোচর হইতেছে না।

দূত্যুক্তিঃ।

কামোদ করুণা।[১]

গগনক চাঁদ হাথ[২] ধরি দেয়লুঁ
কত সমুঝায়লুঁ নীত।
যত কিছু কহল সবহুঁ ঐছন ভেল
চীত-পুতলি-সম রীত ॥
মাধব বোধ না মানই রাই।
বুঝইতে[৩] বুঝ[৪] অবুঝ করি মানই[৫]
কতয়ে বুঝায়ব তাই ॥ ধ্রু ॥
তোহারি মধুর গুণ কত পরথাপলুঁ
সবহুঁ আন[৬] করি মানে।
যৈছন তুহিন বরিখে রজনীকর[৭]
কমলিনি না সহে পরাণে ॥
যতনহিঁ বাহু[৮] চরণ ধরি সাধলুঁ[৯]
রোখে চলল সখি পাশ।
সরস বিরস কিয়ে তাকর সহচরি
সো না বুঝল জ্ঞানদাস ॥১৮॥৫০২॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২১।৬৫ সংখ্যক পদ। 'কামোদ করুণা' স্থলে 'কামোদ' গ; 'শ্রীগান্ধার' প-র পুথি।

২। 'হাথ' স্থলে 'হাত' ক, গ, চ; 'হাথে' প-র পুথি।

৩। 'বুঝইতে' স্থলে 'বুঝাইতে' ক—গ।

৪। 'বুঝ' প-র স্থলে 'অবুঝ' ক—চ পুথি।

৫। 'মানই' স্থলে 'মানয়ে' খ, ঘ, প-র পুথি।

৬। 'আন' স্থলে 'কঠিন' প-র পুথি।

৭। 'রজনীকর' স্থলে 'রজনী পর' প-র পুথি।

৮। 'বাহু' স্থলে 'বহু' ক।

৯। 'যতনহিঁ বাহু' ইত্যাদি পংক্তিচতুষ্টয় প-র পুথিতে নাই।

নিজোক্তিঃ।

গান্ধার।১

সজনি না বুঝিয়ে এ মঝু ভাগ২ ।
আকুল চিত মঝু৩ তাহিঁ সজাগ ॥ ধ্রু৪ ॥
বচনহিঁ৫ নিজ করি না বোলয়ে রাই।
মুঞি জীবন বিনু না বোলহুঁ৬ তাই॥
মঝু পরসঙ্গে সে না দেই কান।
তা৭ বিনু মঝু মুখ৮ না ফুরয়ে আন॥
সমাধান চাহি না হয়ে৯ সমাধান।
তে১০ অতিরেক১১ হানয়ে১২ পাচ-বাণ॥
শেখর কহয়ে১৩ প্রিয় মন কর থার।
সহজই১৪ নায়রি১৫-ভাব গভীর॥১৯॥৫০৩॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৩১।৬৬ সংখ্যক পদ। 'গান্ধার' স্থলে 'ধানশ্রী' প-র পুথি।

২। 'সজনি না' ইত্যাদি স্থলে 'সজনী না বুঝ এ মঝু ভাগ' ঘ; 'সজনি না বুঝই এ মঝু ভাগ' চ; 'সজনি না বুঝি কমন স্বভাব' প-র পুথি।

৩। 'আকুল চিত মঝু' স্থলে 'মঝু মন আকুল' প-র পুথি।

৪। প-র পুথি ছাড়া অন্যান্য পুথিতে 'ধ্রু' নাই।

৫। 'বচনহিঁ' স্থলে 'বচনেহ' প-র পুথি।

৬। 'বোলহুঁ' স্থলে 'বোলহ' ক—গ পুথি; 'বোলঙ' প-র পুথি।

৭। 'তা' স্থলে 'তাহা' ক—গ, প-র পুথি।

৮। 'মুখ' স্থলে 'মুখে' প-র পুথি।

৯। 'হয়ে' স্থলে 'হয়' ক—গ; 'হোয়ে' প-র পুথি।

১০। 'তে' স্থলে 'তেঞি' প-র পুথি।

১১। 'অতিরেক' স্থলে 'অতিরেকে' ক পুথি।

১২। 'হানয়ে' স্থলে 'হানল' প-র পুথি।

১৩। 'শেখর কহয়ে' স্থলে 'শেখর কহ' প-র।

১৪। 'সহজই' স্থলে 'সহজেই' ক—গ পুথি; 'সহজাই' প-র পুথি।

১৫। 'নায়রি' স্থলে 'নায়রী' ক—গ; 'নাগরী' প-র পুথি।

টীকা

১—২। "সজনি" ইত্যাদি। হে সখি! আমার উৎকণ্ঠিত চিত্ত তাহাতে অর্থাৎ সেই শ্রীরাধার চিন্তায় সজাগ অর্থাৎ অবহিত হইয়া রহিয়াছে—ইহা আমার (কিরূপ) ভাগ্য অর্থাৎ সৌভাগ্য, কি দুর্ভাগ্য, বুঝিতে পারি না!

৩—৪। "বচনহি" ইত্যাদি। শ্রীরাধা বাক্যেও (আমাকে) নিজ অর্থাৎ আপনার জন বলিয়া বলে না; (কিন্তু) আমি তাহাকে (আমার) প্রাণ ব্যতীত (কিছু) বলি না।

৫—৬। "মঝু" ইত্যাদি। সে আমার প্রসঙ্গ উপস্থিত হইলে (ঔদাসীন্য হেতু) তাহাতে কর্ণপাত করে না; আমার মুখে কিন্তু সে ভিন্ন অর্থাৎ তাহার প্রসঙ্গ ব্যতীত অন্য কোন কথা ফোটে না।

৭—৮। "সমাধান" ইত্যাদি। আমি আমার উৎকণ্ঠিত হৃদয়ের সংযম ইচ্ছা করি, (কিন্তু) সে সংযত হয় না; অতএব পঞ্চবাণ কন্দর্প (আরও) অতিরিক্তরূপে আমাকে শরাঘাত করে। যেরূপ স্রোতস্বিনীর রুদ্ধ প্রবাহ রোধমুক্ত হইলে পূর্ব্বাপেক্ষা প্রবল বেগে গন্তব্য পথে প্রধাবিত হয়, সেইরূপ কোন উদ্দাম মনোবৃত্তিকে সংযমিত করার চেষ্টা বিফল হইলে, প্রতিক্রিয়ার স্বধর্ম্মবশতঃ উহা পূর্ব্বাপেক্ষা অধিক বেগশালী হইয়া থাকে, সুতরাং শ্রীকৃষ্ণের উৎকণ্ঠা-দমনের বিফল প্রয়াস যে উৎকণ্ঠা-বর্দ্ধক হইয়া কন্দর্প-পীড়ার সহায়তা করিবে—ইহা নিতান্ত স্বাভাবিক বটে। পদ-কর্ত্তা এই দুই পংক্তিতে গভীর মানব-চরিত্র-জ্ঞানের পরিচয় দিয়াছেন।

৯—১০। "শেখর" ইত্যাদি। পদকর্ত্তা শেখর বলিতেছেন,—হে প্রিয়! শ্রীকৃষ্ণ! তুমি মন স্থির কর; নায়িকার হৃদয়ের ভাব স্বভাবতঃই গভীর

অর্থাৎ সহজেই উহার গতি লক্ষ্য করা যায় না; (সুতরাং নায়িকার আপাত-ঔদাসীন্য দেখিয়া তাহার প্রেমাভাব অনুমান করা সঙ্গত নহে)।

ভাটিয়ারি।[১]

সহচরি-বচনহিঁ[২] বিদগধ নাগর
আকুল অথির-পরাণ।
তুরিতহি গমন করল যাহাঁ[৩] মানিনি
ঢল ঢল[৪] সজল-নয়ান ॥
কহ সখি কৈছে মিটায়ব মান।
মোহে[৫] পরিবাদ করয়ে যত রঙ্গিণি
হাম যৈছে[৬] তুহুঁ[৭] পরমাণ ॥ধ্রু॥
তাহে[৮] বিনু নিশি দিশি আন[৯] নাহি হেরিয়ে[১০]
ও[১১] মুখ সতত ধেয়ান।
ও[১২] মধু[১৩] বোল শ্রবণে মঝু[১৪] লাগি রহুঁ
সো[১৫] গুণ অহনিশি[১৬] গান ॥
এত কহি মাধব মিলল রাই পাশে
ঠাড়ি[১৭] রহল তহিঁ যাই।
অবনত-বয়নে রহল যব[১৮] মানিনি[১৯]
জ্ঞানদাস মুখ চাই ॥২০॥৫০৪॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২১।৬৭ সংখ্যক পদ। 'ভাটিয়ারি' স্থলে 'ভূপালি' প-র পুথি।

২। 'সহচরি-বচনহিঁ' স্থলে 'সখীর বচন শুনি' প-র পুথি।

৩। 'যাহাঁ' স্থলে 'ধনি পাশহিঁ' প-র পুথি।

৪। 'ঢল ঢল' স্থলে 'ঢর ঢর' প-র পুথি।

৫। 'মোহে' স্থলে 'হাসে' খ, ঘ, প-র পুথি।

৬। 'যৈছে' স্থলে 'ঐছে' খ পুথি।

৭। 'তুহুঁ' স্থলে 'উহ' ক—চ পুথি।

৮। 'তাহে' স্থলে 'তাহা' প-র পুথি।

৯। 'আন' স্থলে 'মনে' প-র পুথি।

১০। 'হেরিয়ে' স্থলে 'ভাওই' প-র পুথি।

১১। 'ও' স্থলে 'সো' প-র পুথি।

১২। 'ও' স্থলে 'যো' গ, চ পুথি।

১৩। 'মধু' স্থলে 'মধুর' ক, গ পুথি।

১৪। 'শ্রবণে মঝু' স্থলে 'শ্রবণ মঝু' ঘ; 'শ্রবণে' প-র পুথি।

১৫। 'সো' স্থলে 'তছু' প-র পুথি।

১৬। 'অহনিশি' স্থলে 'নিশিদিন' খ; 'নিশি-দিশি' গ; 'করি হাস' প-র পুথি।

১৭। 'ঠাড়ি' স্থলে 'থাড়ি' খ, ঘ, প-র পুথি।

১৮। 'যব' স্থলে 'বর' গ পুথি।

১৯। 'অবনত-বয়নে' ইত্যাদি পংক্তি স্থলে 'ধনি দেখি মানিনি নাগর কাতর' প-র পুথি।

ততঃ শ্রীকৃষ্ণস্য পরিহারঃ।

ভাটিয়ারি।[১]

রামা হে[২] ক্ষেম অপরাধ মোর।
মদন-বেদন না যায় সহন
শরণ লইনু তোর ॥ধ্রু॥
ও চাঁদ-মুখের মধুর হাসনি[৩]
সদাই মরমে জাগে।
মুখ তুলি যদি ফিরিয়া না চাহ[৪]
আমার শপথি[৫] লাগে ॥
তোমার অঙ্গের পরশে আমার
চিরজীবী[৬] হউ তনু।
জপ তপ তুহুঁ সকলি আমার
করের মোহন বেণু ॥
দেহ-গেহ-সার সকলি আমার
তুমি সে নয়ানের তারা[৭]।
আধ তিল[৮] আমি তোমা না দেখিলে
সব বাসি আন্ধিয়ারা ॥

এত পরিহার[9] করিয়ে তোমারে[10]
মনে না ভাবিহ আন[11] ।
কবজ[12] লিখিয়া লেহ যে আমার
দাস করি অভিমান ॥
জ্ঞানদাস কহে[13] শুনহ সুন্দরি[14]
এ কোন ভাব-যুগতি[15] ।
কানু সে কাতর সদয় হইয়া[16]
কেন না কর প্রতীতি[17] ॥২১॥৫০৫॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২১।৪২ সংখ্যক পদ। 'ভাটিয়ারি' স্থলে 'ধানশ্রী' প-র পুথি।

২। 'রামা হে' স্থলে 'রামা' প-র পুথি।

৩। 'হাসনি' স্থলে 'হাসি' খ, ঘ, প-র পুথি।

৪। 'চাহ' স্থলে 'চাও' প-র পুথি।

৫। 'শপথি' স্থলে 'শপতি' ঘ, চ পুথি।

৬। 'চিরজীবী হউ তনু' ইত্যাদি চারিটি পংক্তি প-র পুথিতে নাই।

৭। 'তুমি সে নয়ানের তারা' স্থলে 'আর নয়ানের তারা' প-র পুথি।

৮। 'আধ তিল' স্থলে 'তিল আধ' প-র পুথি।

৯। 'পরিহার' স্থলে 'পরিহারে' প-র পুথি।

১০। 'করিয়ে তোমারে' স্থলে 'করিয়ে তোমার' ক, খ ; 'কহিয়ে তোমারে' প-র পুথি।

১১। 'মনে না ভাবিহ আন' স্থলে 'মনে না ভাবহ আন' খ ; 'যদি মনে রাখ মান' প-র পুথি।

১২। 'কবজ' স্থলে 'করজ' ক, গ পুথি।

১৩। 'কহে' স্থলে 'বলে' প-র পুথি।

১৪। 'শুনহ সুন্দরি' স্থলে 'শুন বিনোদিনি' প-র পুথি।

১৫। 'এ কোন' ইত্যাদি স্থলে 'করহ একী যুগতি' প-র পুথি।

১৬। 'কানু সে' ইত্যাদি পংক্তি স্থলে 'কানুরে কাতর দেখিয়া সুন্দরি' প-র।

১৭। 'কেন না কর প্রতীতি' স্থলে 'কেন না করহ প্রীতি' ক, খ ; 'কেন না কর পিরিতি' ঘ, প-র পুথি।

টীকা

৯—১১। "এত পরিহার" ইত্যাদি। তোমার নিকটে এত অনুনয় করিতেছি, তুমি ইহা অন্যথা অর্থাৎ কৃত্রিম মনে ভাবিও না ; (যদি তোমার মনে বিশ্বাস না হয়) আমার ক্রয়-পত্র লিখিয়া লও ; (অদ্যাবধি আমার) দাস অর্থাৎ তোমার সেবক বলিয়া অভিমান অর্থাৎ পরিচয় হউক।

বরাড়ী ।[1]

শুন শুন মাধব না বোলহ আর ।
কী ফল আছয়ে এত পরিহার ॥ ধ্রু[2] ॥
পাওলুঁ তুয়া সঞে প্রেমক মূল ।
খোয়লুঁ সরবস নিরমল[3] কূল[4] ॥
পুন কিয়ে আছয়ে তুয়া অভিলাষ ।
দূরে কর কৈতব ভ্রমর-তিয়াষ[5] ॥
অলপে বুঝলুঁ হাম তুয়াক[6] পিরীত[7] ।
নামহি যৈছে[8] অন্তরে সোই[9] রীত ॥
কাহে দেয়সি তুহুঁ আপন দীব[10] ।
আছয়ে জীবন সেহ[11] কিয়ে নীব[12] ॥
জ্ঞানদাস কহ কর অবধান ।
তুয়া নিজ-জনে কাহে এত অপমান ॥
॥২২॥৫০৬॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২১।৪৩ সংখ্যক পদ।

২। ক—চ পুথিতে 'ধ্রু' নাই।

৩। 'নিরমল' স্থলে 'নিরমূল' গ, চ পুথি।

৪। 'কূল' স্থলে 'কুল' ক—গ, প-র।

৫। 'ভ্রমর-তিয়াষ' চ স্থলে 'ভ্রমর তিয়াস' প-র ; 'ভ্রম তিআস' ঘ ; 'ভ্রমরতি আশ' ক—গ পুথি।

প্রাচীন পুথিতে অনেক স্থলেই শব্দসমূহের মধ্যে ফাঁক দেওয়া হয় নাই,—তাহা হইতেই এই শ্রেণীর পাঠ-বিভ্রাটের উৎপত্তি হইয়াছে।

৬। 'তুয়াক' স্থলে 'তুহাঁকে' ক; 'তুহাঁক' গ পুথি।

৭। 'পিরীত' স্থলে 'চরিত' ক পুথি।

৮। 'যৈছে' স্থলে 'কানু' প-র পুথি।

৯। 'সোই' স্থলে 'তৈছে' প-র পুথি।

১০। 'দীব' স্থলে 'দিব' ক—গ পুথি।

১১। 'সেহ' স্থলে 'স্নেহ' ক; 'সো' প-র পুথি।

১২। 'নীব' স্থলে 'নিব' ক—গ পুথি।

টীকা

৩—৪। "পাওলুঁ" ইত্যাদি। তোমার সঙ্গে প্রেমের মূল্য অর্থাৎ তোমার সহিত প্রেম করার (উচিত) প্রতিফল পাইলাম; আমার নির্ম্মল অর্থাৎ কলঙ্কহীন কুল সম্পূর্ণ খোয়াইলাম।

৫—৬। "পুন" ইত্যাদি। (ইহার পরে) তোমার আর কি অভিলাষ আছে? হে ভ্রমর-তৃষ্ণ শ্রীকৃষ্ণ! তুমি কপটতা পরিত্যাগ কর। "ভ্রমর-তিয়াষ" বিশেষণের দ্বারা পুষ্প হইতে পুষ্পান্তর-গামী ভ্রমরের ন্যায় অস্থিরানুরাগ বুঝা যায়।

৭—৮। "অলপে" ইত্যাদি। আমি অল্পেই তোমার প্রেম বুঝিতে পারিয়াছি; তোমার নামটি যেমন,—অন্তরও সেই প্রকার অর্থাৎ তুমি নামেও কৃষ্ণ, অন্তরেও কৃষ্ণ অর্থাৎ কপটময়।

৯—১০। "কাহে" ইত্যাদি। (শ্রীকৃষ্ণ এ সময়ে নিজের অকপটতা প্রমাণিত করার জন্য নিজের দিব্য করায় শ্রীরাধা তীব্র বিদ্রূপ সহকারে বলিতেছেন) তুমি কি জন্য নিজের দিব্য দিতেছ? (আমার) জীবন (অবশিষ্ট) আছে,—তাহাও কি লইতে চাহ?

সুহই।[১]

অনুনয় করইতে[২]　　অবগতি না কর
　　না বুঝিয়ে অন্তর তোর।
কুটিল নেহারি　　গারি যব[৩] দেয়বি
　　তবহিঁ ইন্দ্র-পদ মোর॥
　　মানিনি অব কি করব[৪] দুরদীনে[৫]।
মনমথ-গরল　　গুরুয়া হিয়ে বাঢ়ল
　　তোহারি[৬] পরশ-রস বীনে[৭] ॥ধ্রু॥
অনুগত জানি　　পাণি পসারিয়ে[৮]
　　বিপদে বুঝিয়ে উপকার[৯]।
তব হাম[১০] জনম　　সফল করি মানিয়ে
　　জগতে রহয়ে যশভার[১১]॥
সময় জানি অব[১২]　　কোপ নিবারহ
　　বেরি এক[১৩] কর অবধানে।
জ্ঞানদাস কহ　　নিজ-জন জানিয়া[১৪]
　　অতয়ে করবি[১৫] সমাধানে ॥২৩॥৫০৭॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২১।৪৪ সংখ্যক পদ।

২। 'করইতে' স্থলে 'বোলইতে' প-র পুথি।

৩। 'যব' স্থলে 'যত' পাঠান্তর—গ পুথি।

৪। 'করব' স্থলে 'কহব' প-র পুথি।

৫। 'দুরদীনে' স্থলে 'দুরদিনে' ক, ঘ পুথি।

৬। 'তোহারি' স্থলে 'তুয়া' প-র পুথি।

৭। 'পরশ-রস বীনে' স্থলে 'পরশরস বিনে' ক—গ, চ; 'পদপরসন বীনে' প-র পুথি।

৮। 'পসারিয়ে' স্থলে 'পসারয়ে' ক, চ পুথি।

৯। 'উপকার' স্থলে 'উপকারে' প-র পুথি।

১০। 'তব হাম' স্থলে 'তাকর' প-র পুথি।

১১। 'যশভার' স্থলে 'যশোভার' ক, গ পুথি; 'রসভারে' প-র পুথি।

১২। 'অব' স্থলে 'অব' ঘ; 'যব' চ; 'সব' প-র।

১৩। 'এক' স্থলে 'একু' ঘ, প-র পুথি।

১৪। 'জানিয়া' স্থলে 'জানিয়ে' প-র পুথি।

১৫। 'করবি' স্থলে 'করিয়ে' ক ; 'করসি' প-র পুথি।

তথা রাগ।১

চান্দ-বদনি২ তুহুঁ রামা।
কাহে ভেলি অতি৩ বামা॥
হাম চকোর তুয়া আশে।
পিবইতে করু অভিলাষে॥
তুহুঁ ধনি ভেলি বিপরীতে।
ছুরে গেল বিহি-বরণীতে॥
অনুগত-কিঙ্কর-দোখে।
তুহুঁ নাহি সমুঝসি৪ রোখে॥
যবহুঁ৫ উপেখবি মোহে।
মঝু বধ লাগব তোহে॥
জগ ভরি অপযশ৬ গাব।
গোবিন্দদাস মরি যাব॥২৪॥৫০৮॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২১৫০ সংখ্যক পদ।

২। 'চান্দ-বদনি' স্থলে 'চান্দবদনী' ক—গ পুথি।

৩। 'অতি' স্থলে 'মতি' ঘ পুথি।

৪। 'তুহুঁ নাহি সমুঝসি' স্থলে 'তোহে না সমুঝিয়ে' প-র পুথি।

৫। 'যবহুঁ' স্থলে 'যব ধনি' প-র পুথি।

৬। 'অপযশ' স্থলে 'অবযশ' খ ; 'তুয়া যশ' প-র পুথি।

শ্রীরাগ।১

ছুরজন বচন শ্রবণে তুহুঁ ধারলি
কোপহি রোখলি২ মোয়।
তুয়া বিনে৩ শয়নে সপনে৪ নাহি জানিয়ে
স্বরূপে কহল সব৫ তোয়॥
মানিনি মোহে চাহি কর অবধান।
দারুণ শপথি৬ করিয়ে তুয়া গোচরে
যাহে তুহুঁ পরতিত৭ মান॥ ধ্রু॥
কুচ-যুগ কনক মহেশ সম জানিয়ে৮
তা পর ধরি হাম৯ পাণি।
নহে জানি১০ ধরম- ঘটহি১১ করি পরিখহ
উচিত কহিয়ে এই১২ বাণী॥
মনমথ-অনল অন্তর মাহা জলতহি
তুহুঁ জনু কাঞ্চন-গোরি।
আনলে হেম সাহসে১৩ উঠায়ব
সাঁচি জানব তব মোরি১৪॥
তোহারি লোমাবলি কাল-ভুজঙ্গিনি
হার তরঙ্গিণি জানি।
গোবিন্দদাস ভণি পরশ করহ১৫ ফণি
নহে জনি১৬ ডুবহ১৭ পানি॥২৫॥৫০৯॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২১৫১ সংখ্যক পদ।

২। 'রোখলি' স্থলে 'রাখলি' প-র।

৩। 'বিনে' স্থলে 'বিনু' প-র।

৪। 'সপনে' স্থলে 'স্বপনে' ক—গ ; 'আন' প-র পুথি।

৫। 'সব' স্থলে 'হাম' প-র পুথি।

৬। 'শপথি' স্থলে 'শপতি' ঘ, চ পুথি।

৭। 'পরতিত' স্থলে 'পরতীত' ক—গ, প-র পুথি।

৮। 'সম জানিয়ে' স্থলে 'জানি হাম' প-র পুথি।

৯। 'তা পর ধরি হাম' স্থলে 'তথি পর দেওব' প-র পুথি।

১০। 'জানি' স্থলে 'জনি' প-র পুথি।

১১। 'ঘটহি' স্থলে 'ঘটন' গ ; 'ঘটহুঁ' ঘ, চ পুথি।

১২। 'উচিত কহিয়ে এই' স্থলে 'সে উচিত কহ ধনি' প-র পুথি।

১৩। 'সাহসে' স্থলে 'সাহসে হাম' প-র পুথি।

১৪। 'সাঁচি জানব তব' স্থলে 'তবহুঁ জানবি সাঁচি' ঘ; 'তবহিঁ জানবি সাচি' প-র পুথি।

১৫। 'করহ' স্থলে 'করই' প-র পুথি।

১৬। 'জনি' স্থলে 'জানি' ক—গ, ঘ পুথি।

১৭। 'ডূবহ' স্থলে 'ডুবহুঁ' গ; 'ডুবহ' ঘ, চ; 'বুড়ই' প-র পুথি।

টীকা

১২—১৫। "মনমথ" ইত্যাদি। (প্রাচীন কালে জলন্ত অনলের মধ্য হইতে হাত না পুড়িয়া স্বর্ণ-খণ্ড উঠাইতে পারিলে অপরাধীর নির্দ্দোষিতা প্রমাণিত হইত; শ্রীকৃষ্ণ রসিকতা করিয়া বলিতেছেন যে), আমার হৃদয়ে কাম-বহ্নি জলিতেছে,—তুমি কাঞ্চন-গৌরী; (অতএব) সাহসপূর্ব্বক অনলের উপর স্বর্ণকে উত্থাপিত করিব অর্থাৎ তোমাকে আমার হৃদয়ের উপরে রাখিব, তখন আমার সাধুতা জানিতে পারিবে।

১৬—১৯। "তোহারি" ইত্যাদি। তোমার (নাভির উর্দ্ধে বিরাজিত) রোম-রাজি কৃষ্ণ-বর্ণ ভুজঙ্গিনী ও (কুচ-শোভী) মুক্তা-হার তরঙ্গিণী বলিয়া জানি; (অর্থাৎ যদি পূর্ব্বোক্ত শিব-স্পর্শ, ধর্ম্ম-ঘট কিম্বা অগ্নি-পরীক্ষায় তোমার প্রত্যয় না হয়,—তাহা হইলে রোম-রাজিরূপ) ভুজঙ্গিনী কিম্বা (কুচ-শোভী মুক্তা-হাররূপ) গঙ্গা স্পর্শ করিয়াও নির্দ্দোষিতার পরীক্ষা দিতে প্রস্তুত আছি। পদকর্ত্তা গোবিন্দদাস বলিতেছেন—(হে শ্রীকৃষ্ণ!) তুমি ভুজঙ্গিনীকে স্পর্শ কর,—নতুবা পাছে (গঙ্গাজলে পরীক্ষা দিতে যাইয়া) জলে ডুবিয়া যাও!

ধানশী।১

পীন কঠিন কুচ কনয় কটোর২।
বঙ্কিম নয়নে চিত হর লিয়ো৩ মোর॥
পরিহর সুন্দরি দারুণ মান৪।
আকুল ভ্রমরে করাহ মধুপান৫॥ ধ্রু৬॥
এ ধনি সুন্দরি করে ধরি তোর৭।
হঠ নাহি৮ করহ মহত৯ রাখ মোর॥
পুন পুন কতয়ে১০ বুঝাব বারে বার।
মদন-বেদন হাম সহই না পার॥
ভণহুঁ১১ বিদ্যাপতি তুহুঁ সব জান।
আশা-ভঙ্গ১২-দুখ মরণ সমান॥২৬॥৫১০॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২১।১০০ সংখ্যক পদ। 'ধানশী' স্থলে 'তিরোথা ধানশী' প-র পুথি।

২। 'পীন কঠিন' ইত্যাদি স্থলে 'পীন কনয়া কুচ কঠিন কঠোর' ক, চ; 'পীন কঠিন তন কনয়া কঠোর' প-র পুথি।

৩। 'হর লিয়ো' স্থলে 'হরি নিল' ক—চ পুথি।

৪। 'পরিহর সুন্দরি' ইত্যাদি স্থলে 'পরিহর মানিনি পরিহর মান' প-র পুথি।

৫। 'ভ্রমরে করাহ মধুপান' স্থলে 'ভ্রমর করব মধুপান' ক; 'মধুকরে দেহ' প-র পুথি।

৬। ক—চ পুথিতে 'ধ্রু' নাই।

৭। 'এ ধনি সুন্দরি' ইত্যাদি ছয়টি পংক্তি প-র পুথিতে নাই,—উহার পরিবর্ত্তে নিম্নলিখিত পাঠ আছে; যথা,—

'এ সখি মধুমুখি কর মধু দান।
মধু বিন্দু মাধব তেজয়ে পরাণ॥'

৮। 'নাহি' স্থলে 'না' ঘ পুথি।

৯। 'মহত' স্থলে 'এ মহত' ঘ পুথি।

১০। 'কতয়ে' স্থলে 'কত যে' ক, খ; 'কত এ' গ পুথি।

১১। 'ভণহুঁ' স্থলে 'ভণহ' ক, গ, চ পুথি।

১২। 'ভঙ্গ' স্থলে 'ভঙ্গল' ঘ পুথি।

শ্রীরাগ।

কি লাগি বদন ঝাঁপসি সুন্দরি[১]
চেতন হরল[২] মোর।
পুরুখ-বধের ভাব না[৩] করহ
এ বড়ি সাহস তোর॥
মানিনি আকুল হৃদয় মোর।
মদন-বেদন সহিতে না পারি
শরণ লইলুঁ তোর॥ ধ্রু॥
কিয়ে[৪] গিরিবর কনয়া-কটোর
তা দেখি লাগয়ে ধন্দ।
হিয়ার উপরে শম্ভু পূজিত
বেঢ়িয়া[৫] বালক-চন্দ॥
এ কর-কমলে পরশিতে চাহি
বিহি নহে যদি বামা।
তোহারি চরণে শরণ লইলুঁ
সদয় হইবে রামা॥
চঞ্চল দেখিয়া আকুল[৬] হইলুঁ
ব্যাকুল[৭] হইল চিত[৮]।
কহে বিদ্যাপতি শুনহ যুবতি
কানুর করহ হিত[৯]॥২৭॥৫১১॥

পাঠান্তর

১। 'কি লাগি' ইত্যাদি স্থলে 'কি লাগি সুন্দরি বদন ঝাঁপসি' খ—ঘ পুথি।

২। 'চেতন হরল' স্থলে 'হরল চেতন' ক পুথি।

৩। 'ভাব না' স্থলে 'ভাবনা' ক, খ পুথি।

৪। 'কিয়ে' স্থলে 'কিবা' খ, ঘ পুথি।

৫। 'বেঢ়িয়া' স্থলে 'বেড়িয়া' ক—গ পুথি।

৬। 'আকুল' স্থলে 'ব্যাকুল' খ, ঘ পুথি।

৭। 'ব্যাকুল' স্থলে 'আকুল' খ, ঘ পুথি।

৮। 'চিত' স্থলে 'চীত' ঘ পুথি।

৯। 'হিত' স্থলে 'হীত' ঘ পুথি।

টীকা

৮—১১। "কিয়ে" ইত্যাদি। (ইহা) কি গিরি-শ্রেষ্ঠ (কিম্বা) স্বর্ণের বাটি—তাহা দেখিয়া ধাঁধাঁ লাগিতেছে; (অথবা বোধ হইতেছে যেন) তোমার হৃদয়ের উপরে (কুচরূপ) শম্ভু পূজিত হইয়াছেন (এবং) তাঁহাকে (নখ-ক্ষত-রাজিরূপ) বাল-চন্দ্রসমূহ বেষ্টন করিয়া রহিয়াছে।

সুহই।

কত কত অনুনয় করু বর-নাহ।
ও ধনি মানিনি পালটি না চাহ॥
বহুবিধ বাণি বিলাসয়ে[১] কান।
শুনইতে শতগুণ বাঢ়য়ে মান॥
গদ গদ নাগর হেরি ভেল ভীত।
বচন না নিকসয়ে[২] চমকিত চীত॥
পরশিতে চরণ সাহস নাহি হোয়।
কর যুড়ি ঠাঢ়ি[৩] বদন পুন জোয়॥
বিদ্যাপতি কহে শুন বর-কান।
কি করবি তুহুঁ অব দুর্জ্জয় মান॥২৮॥৫১২॥

পাঠান্তর

১। 'বিলাসয়ে' স্থলে 'বিলাপয়ে' ক—গ, চ পুথি।

২। 'নিকসয়ে' স্থলে 'নিঃসরে' গ, চ পুথি।

৩। 'কর যুড়ি ঠাঢ়ি' স্থলে 'কর যোড়ি ঠাঢ়ি' ক, গ, চ; 'কর যুড়ি থাড়ি' খ, ঘ পুথি।

পুনঃ শ্রীকৃষ্ণস্য দৈন্যোক্তিঃ।

শ্রীরাগ।[১]

চাহ মুখ তুলি রাই চাহ মুখ তুলি।
নয়ান-নাচনে নাচে[২] হিয়ার পুতলী[৩]॥
পীত পিন্ধন মোর তুয়া অভিলাষে।
পরাণ চমকে যদি ছাড়হ নিশ্বাসে[৪]॥

লেহ লেহ লেহ রাই[৫] সাধের মুরলী।
পরশিতে চাহি[৬] তোমার চরণের ধূলি[৭] ॥
তুয়া রূপ[৮] নিরখিতে আঁখি ভেল ভোর।
নয়ন-অঞ্জন[৯] তুয়া পর-চিত-চোর ॥
রূপে গুণে যৌবনে[১০] ভুবনে আগলি[১১]।
বিহি নিরমিল তুহে[১২] পিরিতি-পুতলী ॥
এত ধনে ধনী যেই[১৩] সে কেনে কৃপণ।
জ্ঞানদাস কহে কেবা জানে কার মন[১৪] ॥
॥২৯॥৫১৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬৩৬ ও প-র পুথির ২১।৫৬ সংখ্যক পদ। (পদকল্পতরুর ৪৪৬ সংখ্যক পদের ৩ সংখ্যক পাঠান্তর দ্রষ্টব্য।)

২। 'নয়ান-নাচনে নাচে' স্থলে 'নয়ান না চলে নাচে' ক—ঘ, প-র পুথি। 'নয়ান-নাচনে' ইত্যাদি পংক্তিটি প-র-সা পুথিতে 'লেহ লেহ লেহ রাই সাধের মুরলী' পংক্তিটির পরে সন্নিবেশিত হইয়াছে।

৩। অতঃপর প-র-সা পুথিতে নিম্নলিখিত পংক্তিদ্বয় দৃষ্ট হয়; যথা,—

'ও চান্দের সুধা দানে জগত জুড়ায়।
সে চান্দের কোণে কেনে আমারে পোড়ায় ॥'

উদ্ধৃত পংক্তিদ্বয় ইহার অব্যবহিত পরবর্ত্তী জ্ঞানদাসের 'হাসিয়া নেহার রাই' ইত্যাদি পদটিতে কিঞ্চিৎ রূপান্তরিতভাবে দৃষ্ট হয়; সুতরাং এ স্থলে ইহা প্রক্ষিপ্ত বলিয়াই বিবেচনা হয়।

৪। 'পরাণ চমকে' ইত্যাদি পংক্তিটি প-র-সা পুথিতে ভুলে পরিত্যক্ত হইয়াছে।

অতঃপর প-র পুথিতে নিম্নলিখিত অতিরিক্ত পংক্তিদ্বয় দৃষ্ট হয়; যথা,—

'রাই কত পরধসি মোরে আর।
তুয়া আরাধন মোর বিদিত সংসার ॥'

৫। 'লেহ লেহ লেহ রাই' স্থলে 'লহ লহ লহ রাই' প-র; 'লেহ লেহ এই মোর সাধের মুরলী' প-র-সা।

৬। 'চাহি' স্থলে 'সাধ' প-র পুথি।

৭। 'তোমার চরণের ধূলি' স্থলে 'তুয়া পায়ের অঙ্গুলি' প-র পুথি। 'পরশিতে চাহি' ইত্যাদি পংক্তির স্থলে 'নয়ান না চলে নাচে হিয়ার পুতলী ॥' প-র-সা পুথি। 'তুয়ারূপ নিরখিতে' ইত্যাদি বাকি পংক্তি ছয়টি প-র-সা পুথিতে নাই।

৮। 'রূপ' স্থলে 'মুখ' ক পুথি।

৯। 'অঞ্জন' স্থলে 'অঞ্চল' খ; 'খঞ্জন' প-র।

১০। 'যৌবনে' স্থলে 'যৌবনেতে' প-র পুথি।

১১। 'আগলি' স্থলে 'আগুলি' ক—চ পুথি।

১২। 'তুহে' স্থলে 'তোহে' খ; 'তুয়া' ক, ঘ; 'তোমা' প-র পুথি।

১৩। 'যেই' স্থলে 'যে' ঘ, প-র পুথি।

১৪। 'জানে কার মন' প-র স্থলে 'জানিবে কারণ' খ, ঘ; 'জানিবে মরম' ক, চ পুথি। প-র পুথি ব্যতীত অন্যান্য পুথির পাঠে অর্থের কোন বৈচিত্র্য নাই, অধিকন্তু হীন-মিলন-দোষ ঘটিয়াছে; সুতরাং প-র পুথির পাঠই সমীচীন বোধ হয়।

তথা রাগ।[১]

হাসিয়া নেহার রাই হাসিয়া নেহার।
অনুগত জনারে[২] পরাণে কেনে মার ॥
যে চান্দের সুধা-দানে জগত জুড়াও[৩]।
সে চান্দ-বদনে[৪] কেনে[৫] আমারে পোড়াও ॥
অবনীর ধূলি তুয়া[৬] চরণ-পরশে[৭]।
সোণা শতবান হৈয়া[৮] কাহে নাহি তোষে[৯] ॥
সে চরণ[১০]-ধূলি পরশিতে করি সাধ।
জ্ঞানদাস কহে যদি করে পরসাদ ॥৩০॥৫১৪॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২১।৫৭ সংখ্যক পদ। 'তথা রাগ' স্থলে 'পঞ্চম' প-রা পুথি।

২। 'জনারে' স্থলে 'জনেরে' ক, চ, প-র।

৩। 'জুড়াও' স্থলে 'জুড়ায়' প-র পুথি। 'যে চান্দের' ইত্যাদি পংক্তিদ্বয় প-র-সা পুথিতে যেরূপ রূপান্তরিতভাবে 'চাহে মুখ তুলি' ইত্যাদি ৫১৩ সংখ্যক পদে সন্নিবেশিত হইয়াছে, তাহা উক্ত পদের ৩ সংখ্যক পাঠান্তরে দ্রষ্টব্য।

৪। 'সে চান্দ-বদনে' স্থলে 'হেন চান্দ মুখে' প-র পুথি।

৫। 'কেনে' স্থলে 'কেন' ক পুথি।

৬। 'তুয়া' স্থলে 'যদি' প-র পুথি।

৭। 'চরণ-পরশে' স্থলে 'চরণে পরশে' খ, ঘ পুথি।

৮। 'হৈয়া' স্থলে 'হইয়া' ঘ ; 'হঞা' চ পুথি।

৯। 'কাহে নাহি তোষে' এই চরণাংশ হইতে আরম্ভ করিয়া 'জ্ঞানদাস কহে যদি করে পরসাদ' পর্য্যন্ত পদাংশ প-র পুথিতে নাই,—তৎস্থলে ফাঁক রাখা হইয়াছে।

১০। 'চরণ' স্থলে 'চরণের' খ পুথি।

তিরোথা ধানশী।[১]

সখি হে[২] উলটি নেহারহ নাহ।
চান্দ-অমিয়া বিনু চকোর না জীবয়ে[৩]
জানি করহ নিরবাহ॥ ধ্রু[৪]॥
কতয়ে কলাবতি পশুপতি-পদযুগ
সেবই যাকর আশে।
সো বহু-বল্লভ[৫] তোহারি পরশ[৬] বিনু
দগধল[৭] মদন-হুতাশে॥
শ্যাম-সুধাকর নিকটহি রোয়ত[৮]
কুরু চিত-কুমুদ[৯] বিকাস[১০]।
অঞ্চল অন্তর মান-তিমির রহু
লোচন পড়ল উপাস[১১]॥
সো সুখ-সম্পদ তুহুঁ বিনু সুন্দরি
হাসি হাসি আপন[১২] বোলাই।
জ্ঞানদাস কহ অলপ ভাগি নহ
দূতিক পরশ না[১৩] পাই॥ ৩১॥৫১৫॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১১।৪৫ সংখ্যক পদ। 'তিরোথা ধানশী' স্থলে 'ধানশ্রী' প-র পুথি।

২। 'সখি হে' স্থলে 'সুন্দরি' ক, চ পুথি।

৩। 'জীবয়ে' স্থলে 'জীবই' প-র পুথি।

৪। ক—চ পুথিতে 'ধ্রু' নাই।

৫। 'বহু-বল্লভ' স্থলে 'জগবল্লভ' প-র পুথি।

৬। 'পরশ' স্থলে 'পিরিতি' প-র পুথি।

৭। 'দগধল' স্থলে 'দগধই' প-র পুথি।

ততঃ সখ্যুক্তিঃ।

তিরোথা ধানশী।

সুন্দরি আর কিয়ে সাধসি মান।
চরণে লাগিয়ে তোহে সাধয়ে কান॥*

ইত্যাদি গীতং গেয়ম্।

* 'সুন্দরি আর কিয়ে সাধসি মান।' ইত্যাদি পদটির প্রথম দুইটি পংক্তি ব্যতীত অবশিষ্ট অংশ কোন পুথিতেই লিখিত হয় নাই ; ইহাকে গণনা করিলে ১৭শ পল্লবের পদ-সংখ্যা একটি বেশি হইয়া পড়ে। এই নূতন পদটি গণনা করিয়া ইতঃপূর্ব্বে উদ্ধৃত ৫১৩ সংখ্যক পদটিকে গণনা হইতে বাদ দিয়া ১৭শ পল্লবের পদ-সংখ্যা পূরণ করা সঙ্কলয়িতা বৈষ্ণবদাসের অভিপ্রেত ছিল কি না, তাহা তাঁহার স্বহস্তলিখিত পুথি আবিষ্কৃত না হইলে বলা যায় না। এই পদের বাকি অংশ আমরা অন্য কোন গ্রন্থ হইতে খুঁজিয়া বাহির করিতে না পারায় এ স্থলে মুদ্রিত করিতে পারিলাম না।

৮। 'নিকটহি রোয়ত' স্থলে 'নিকটে আওল' প-র পুথি।

৯। 'কুমুদ' স্থলে 'কুসুম' ক পুথি।

১০। 'বিকাস' স্থলে 'বিকাশে' প-র পুথি।

১১। 'উপাস' স্থলে 'উপাসে' প-র পুথি।

১২। 'আপন' স্থলে 'আপনে' খ, ঘ, চ; 'আপনা' প-র পুথি।

১৩। 'পরশ না' স্থলে 'পরশন' চ, প-র পুথি।

টীকা

৮—১১। "শ্যাম" ইত্যাদি। শ্যামরূপ সুধাকর তোমার নিকটে ক্রন্দন করিতেছেন, (সেই কৃষ্ণচন্দ্রের প্রেমাশ্রু, বাক্য, দৃষ্টি ও হাস্যরূপ সুধার সেচন দ্বারা) তুমি তোমার চিত্তরূপ কুমুদ-পুষ্পকে বিকসিত কর। তোমার (মুখাবরণ-কারী) অঞ্চলের ভিতরে মান-জনিত (মুখ-মলিনতারূপ) অন্ধকার রহিয়াছে; (তোমার মুখ-চন্দ্র দেখিতে না পাইয়া) শ্রীকৃষ্ণের লোচন উপবাসে পতিত হইল।

১২—১৫। "সো সুখ-সম্পদ" ইত্যাদি। হে সুন্দরি! তোমা বিনা সেই সকল (পূর্ব্বানুভূত) সুখোপকরণগুলি (শ্রীকৃষ্ণ) নিজে (আত্মাবমাননা-জনিত নিজের অবস্থার প্রতি উপহাস হেতু) হাসিয়া হাসিয়া (সখীর দ্বারা) কহাইতেছেন; (এ অবস্থায় আশাভঙ্গ হেতু তোমার প্রতি শ্রীকৃষ্ণের ঔদাসীন্য ও সহানুভূতি-কারিণী দূতীর প্রতি তাঁহার আসক্তি হওয়া স্বাভাবিক হইলেও) জ্ঞানদাস বলিতেছেন,—(ইহা) তোমার অল্প ভাগ্য নহে যে, (শ্রীকৃষ্ণ) দূতীর স্পর্শ পায় নাই অর্থাৎ দূতী (কর্ত্তব্য-পরায়ণা বলিয়া) ঐরূপ সুযোগ সত্ত্বেও শ্রীকৃষ্ণকে আত্মসাৎ করে নাই, ইহা তোমার বহু ভাগ্য বলিতে হইবে। উত্তমা দূতী প্রাণান্তেও বিশ্বাস-ঘাতিনী হন না। তুলনা করুন;—

"দূত্যং তু কুর্ব্বতী সখ্যাঃ সখী রহসি সঙ্গতা।
কৃষ্ণেন.প্রার্থ্যমানাপি স্যাৎ কদাপি ন সম্মতা॥"
—উজ্জ্বল-নীলমণি।

গান্ধার।১

রামা হে২ কি আর বোলসি আন।
তোহারি চরণ- শরণ৩ সো হরি
অবহুঁ না মিটে মান৪ ॥ ধ্রু৫ ॥
গোবর্দ্ধন গিরি বাম করে ধরি
যে কৈল গোকুল পার।
বিরহে সে৬ ক্ষীণ৭ করের কঙ্কণ
মানয়ে৮ গুরুয়া ভার ॥
কালি৯ দমন করল যে জন
চরণ-যুগল-বরে১০।
এবে সে ভুজঙ্গ- ভরমে ভুলল
হৃদয়ে না ধরে হারে ॥
সহজে চাতক না ছাড়য়ে ব্রত
না বৈসে১১ নদীর তীরে১২।
নব জলধর বরিখন বিন্দু১৩
না পিয়ে তাহার১৪ নীরে১৫ ॥
যদি দৈব-দোষে অধিক পিয়াসে
পিয়য়ে হেরিয়া১৬ থোর।
তবহুঁ তাহারি১৭ নাম সোঙরিয়া১৮
গলে১৯ শতগুণ২০ লোর ॥৩২॥৫১৬॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২১।৪৬ সংখ্যক পদ। 'গান্ধার' স্থলে 'শ্রীরাগ' প-র পুথি।

২। 'রামা হে' স্থলে 'রামা' প-র পুথি।

৩। 'চরণ-শরণ' স্থলে 'চরণে শরণ' ক—গ পুথি।

৪। 'অবহুঁ না মিটে মান' স্থলে 'তবহুঁ না মিটে মান' গ, চ; 'আর কি সাধসি মান' ঘ, প-র।

৫। ক—চ পুথিতে 'ধ্রু' নাই।

৬। 'বিরহে সে' স্থলে 'বিরহেতে' প-র পুথি।

৭। 'ক্ষীণ' স্থলে 'খিন' ঘ, চ পুথি।

৮। 'মানয়ে' স্থলে 'লাগয়ে' প-র পুথি।

৯। 'কালি' স্থলে 'কালী' ক, গ; 'কালিয়া' খ পুথি।

১০। 'করল যে জন চরণ-যুগল-বরে' এই পদাংশ প-র পুথিতে লিপিকর-ভ্রমে পরিত্যক্ত হইয়াছে।

১১। 'না বৈসে' স্থলে 'বৈসয়ে' প-র পুথি।

১২। 'তীরে' স্থলে 'তীর' ঘ পুথি।

১৩। 'বরিখন বিন্দু' স্থলে 'সলিল বিহনে' প-র।

১৪। 'তাহার' স্থলে 'নদীর' প-র পুথি।

১৫। 'নীরে' স্থলে 'নীর' ঘ পুথি।

১৬। 'পিয়য়ে হেরিয়া' স্থলে 'পিবই চাহই' প-র পুথি।

১৭। 'তাহারি' স্থলে 'তোহারি' প-র পুথি।

১৮। 'সোঙরিয়া' স্থলে 'স্মঙরিয়া' চ পুথি।

১৯। 'গলে' স্থলে 'গল' খ পুথি।

২০। 'গলে শত গুণ' স্থলে 'চৌগুণ গলয়ে' প-র পুথি।

কামোদ।[১]

কত কত ভুবনে আছয়ে বর-নাগরি[২]
কে না করয়ে অভিলাষে।
যো পুরুখ[৩]-রতন যতনে নাহি পাইয়ে
সো তুয়া দাসক[৪] আশে॥
সখি হে[৫] কহ কৈছে সাধবি মান[৬]।
রসময় রসিক- মুকুট বর নাগর
চরণহি[৭] সাধয়ে কান॥ ধ্রু[৮]॥
কি তোর[৯] কঠিন মন বুঝই না পারিয়ে
গুরুতর[১০] কৌশল মোর।
লাখ লখিমি[১১] যছু[১২] চরণে লোটায়ই
তাহে এত বিরকতি তোর॥
জীবন যৌবন সফল না মানসি
কানু হেন বিদগধ নাহ।
জ্ঞানদাস কহ[১৩] কথিহুঁ[১৪] না শুনিয়ে
পিরিতিক ইহ নিরবাহ॥৩৩॥৫১৭॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২১।৪৭ সংখ্যক পদ।

২। 'বর-নাগরি' স্থলে 'কত নাগরী' ক, গ; 'কত নাগরি' চ পুথি।

৩। 'পুরুখ' স্থলে 'পুরুষ' ক, খ, চ, প-র পুথি।

৪। 'দাসক' স্থলে 'দাস করু' খ, ঘ পুথি।

৫। 'সখি হে' স্থলে 'সুন্দরি' ক, গ, চ পুথি।

৬। 'মান' স্থলে 'মানে' প-র পুথি।

৭। 'চরণহি' স্থলে 'চরণেহি' ক, গ, চ পুথি।

৮। 'রসময় রসিক'- ইত্যাদি পংক্তিদ্বয়ের স্থলে প-র পুথির পাঠ যথা,—

'রসময় লোচন- লোর না বঞ্চহ
অনুভব সহসি পরাণে॥'

ঘ ছাড়া অন্যান্য পুথিতে 'ধ্রু' নাই।

৯। 'তোর' স্থলে 'তুয়া' প-র পুথি।

১০। 'গুরুতর' স্থলে 'এ বড়' প-র পুথি।

১১। 'লখিমি' স্থলে 'লছিমী' ক, গ; 'লখিমী' প-র পুথি।

১২। 'যছু' স্থলে 'যৈছে' ক, গ পুথি।

১৩। 'কহ' স্থলে 'কহে' ক—গ, প-র পুথি।

১৪। 'কথিহুঁ' স্থলে 'কতিহুঁ' ক—গ; 'কথিহোঁ' চ পুথি।

বরাড়ী।[১]

চলইতে চাহি চরণ নাহি ধাবয়ে
রহিতে নাহিক প্রতিআশ[২]।
আশ নৈরাশ কছুহু[৩] নাহি সমুঝিয়ে[৪]
অন্তরে উপজে তরাস[৫]॥
সজনি বচন না বোলসি আধা।
তুহুঁ রসবতি উহ রসিক-শিরোমণি
হঠে রস না করহ বাধা॥ ধ্রু॥

প্রেম-রতন জনু কনয়া[৬]-কলস পুন
ভাগ্যে যে হয়ে[৭] নিরমাণ।
মোতিম-হার বার শত টুটয়ে
গাঁথিয়ে পুন অনুপাম ॥
হর[৮]-কোপানলে মদন দহন ভেল
তুয়া উরে যুগল মহেশ।
পরিহর মান কানু-মুখ হেরহ[৯]
জ্ঞান কহয়ে[১০] সবিশেষ ॥৩৪॥৫১৮ ॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২১।৪৮ সংখ্যক পদ।

২। 'প্রতিআশ' স্থলে 'প্রিতিআশ' খ, ঘ; 'প্রীতিআশ' গ, চ; 'প্রতিআশে' প-র পুথি।

৩। 'কছুহ' স্থলে 'কছু' খ; 'কছুহুঁ' ঘ; 'একুই' প-র পুথি।

৪। 'সমুঝিয়ে' স্থলে 'বুঝিয়ে' প-র পুথি।

৫। 'তরাস' স্থলে 'তরাসে' প-র পুথি।

৬। 'কনয়া'- স্থলে 'কনক' প-র পুথি।

৭। 'ভাগ্যে যে হয়ে' স্থলে 'ভাগ্যে যো হোয়' ক—গ; 'ভাগিলে সে হয়' প-র পুথি।

৮। 'হর'- স্থলে 'হরক' ক পুথি।

৯। 'কানু-মুখ হেরহ' স্থলে 'কানুপথ চিন্তহ' প-র পুথি।

১০। 'কহয়ে' স্থলে 'কহল' প-র পুথি।

টীকা

১—৪। "চলইতে" ইত্যাদি। (তুমি আমাদিগের অনুরোধে কর্ণ-পাত করিতেছ না—সুতরাং এখানে থাকিয়া কোন ফল নাই ভাবিয়া) চলিয়া যাইতে ইচ্ছা করি, (কিন্তু তোমার প্রতি মমতাবশতঃ) চরণ অগ্রসর হয় না (অথচ) থাকিতেও প্রত্যাশা অর্থাৎ ভরসা হয় না; আশা কিম্বা নৈরাশ্য (ইহার কোন্‌টি অবলম্বন করিব), কিছুই বুঝিতে পারি না; (সুতরাং স্নেহ-জনিত আশঙ্কা হেতু) হৃদয়ে ত্রাস উৎপন্ন হয়।

৮—১১। "প্রেম-রতন" ইত্যাদি। উৎকৃষ্ট প্রেম স্বর্ণ-ঘট তুল্য; (উহা একবার ভাঙ্গিলে) বহু ভাগ্যে পুনর্ব্বার (ঠিক পূর্ব্বের মত) নির্ম্মিত হইতে পারে; (কিন্তু) মুক্তার মালা শত বার ছিন্ন হইলেও পুনর্ব্বার উৎকৃষ্টরূপে গাঁথা যায়। এ স্থলে 'প্রেম-রতন' শব্দের অর্থ প্রেম-রূপ রত্ন নহে—প্রেমের মধ্যে রত্ন অর্থাৎ শ্রেষ্ঠ। "জাতৌ জাতৌ তু যৎ শ্রেষ্ঠং তদ্রত্নমিহ কথ্যতে" ইতি কোষঃ।

১২—১৫। "হর-কোপানলে" ইত্যাদি। (একমাত্র) শম্ভুর কোপানলে কন্দর্প দগ্ধ হইয়াছিল; তোমার বক্ষে যুগ্ম শম্ভু (অর্থাৎ স্তন-দ্বয়) বিরাজিত আছে; (সুতরাং যুগল শম্ভুর প্রভাবে তোমার হৃদয়ের কাম যে সম্পূর্ণরূপে বিনষ্ট হইয়াছে, ইহাতে আর কি সন্দেহ থাকিতে পারে? কাম না থাকিলে কাম অর্থাৎ কামনা থাকিতে পারে না এবং মানেরও কোন কারণ থাকে না); সুতরাং জ্ঞানদাস বিশেষ করিয়া কহিতেছেন, মান পরিত্যাগ করিয়া শ্রীকৃষ্ণের মুখের পানে চাহ (অর্থাৎ তোমার অসঙ্গত মানে শ্রীকৃষ্ণের কিরূপ অবস্থা হইয়াছে—নিজে প্রত্যক্ষ করিয়া নিষ্কাম-ভাবে উহার উচিত প্রতিকার কর)।

ভূপালী।[১]

তোহারি কোর পর যো হরি তোর।
তুয়া নাম লেই যবহুঁ ভেল ভোর ॥
কতিহুঁ গেলি[২] বলি মুরুছল সেহ।
তুহুঁ পুন ভোরি না বান্ধলি[৩] থেহ ॥
এ ধনি বিছুরলি[৪] সো দিন তোই।
কৈছে রহলি এত মানিনি হোই ॥ ধ্রু ॥
তোহে না হেরি তিল যুগ ছিল যাক।
সো বিরহানলে পড়ল বিপাক ॥
ফুল পর তুয়া সঞে শূতয়ে যেহ[৫]।
তুয়া আগে ধূলি লোটায়ই সেহ[৬] ॥

অঙ্গে না সহ[৭] ফুল মালতি-দাগ।
বিন্ধয়ে[৮] মদন-বাণ তহিঁ লাখ[৯] ॥
কবহুঁ নাহ তুয়া দুখ না জান।
গোবিন্দদাস কহ[১০] তেজহ মান ॥৩৫॥৫১৯॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২১।৩৭ সংখ্যক পদ। 'ভূপালী' স্থলে 'ধানশ্রী' প-র।

২। 'গেলি' স্থলে 'গেল' প-র।

৩। 'বান্ধলি' স্থলে 'বান্ধহ' ক—গ, চ, প-র।

৪। 'বিছুরলি' স্থলে 'বিছুরল' প-র।

৫। 'শূতয়ে যেহ' স্থলে 'শুতল যে' প-র।

৬। 'তুয়া আগে' ইত্যাদি পংক্তি স্থলে 'একলি ভূমে লোটাওল সে' প-র।

৭। 'না সহ' স্থলে 'রহল' প-র।

৮। 'বিন্ধয়ে' স্থলে 'বিন্ধই' প-র।

৯। 'তহিঁ লাখ' স্থলে 'তহি লাখে লাখ' ক—গ; 'তহিঁ লাখ লাখ' চ।

১০। 'কহ' স্থলে 'কহে' প-র।

টীকা

১—৬। "তোহারি" ইত্যাদি। তোমারই ক্রোড়ের উপর তোমার যে শ্রীকৃষ্ণ তোমার নাম উচ্চারণ করিয়া যখন অধীর হইলেন (এবং প্রেম-বৈচিত্ত্য হেতু) তুমি (না জানি) কোথায় গিয়াছ বলিয়া মূর্চ্ছিত হইলেন, তুমিও অধীরা হইয়া ধৈর্য্য-ধারণ করিতে পারিলে না—হে সুন্দরি! তুমি সেই দিন অর্থাৎ সেই দিনের ঘটনা বিস্মৃত হইলে! তুমি কিরূপে এরূপ মানিনী হইয়া রহিলে?

নাটিকা।১

মানিনি হাম কহিয়ে তুয়া লাগি।
নাহ নিকটে পাই যো[২] জন বঞ্চয়ে
তাকর বড়ই অভাগি ॥ ধ্রু ॥
দিনকর-বন্ধু কমল সভে জানয়ে[৩]
জল তহিঁ জীবন হোয়।
পঙ্ক-বিহিন তনু[৪] ভানু শুখায়ত
জলহি পচায়ত[৫] সোয় ॥
নাহ সমীপে সুখদ যত বৈভব
অনুকূল হোয়ত যোই[৬]।
তাকর[৭] বিরহে সকল সুখ-সম্পদ
খেনে খেনে[৮] দগধই সোই[৯] ॥
তুহুঁ ধনি গুণবতি বুঝি করহ রিতি
পরিজন ঐছন ভাষ[১০]।
শুনইতে রাই হৃদয় ভেল গদগদ
অনুমতি কয়ল[১১] প্রকাশ ॥৩৬॥৫২০॥

পাঠান্তর.

১। ইহা প-র পুথির ২১।৮৮ সংখ্যক পদ। 'নাটিকা' স্থলে 'নাটিকা রাগিণী' ক, গ, চ; 'নটিকা' গ; 'শ্রীরাগ' প-র।

২। 'যো' স্থলে 'যে' প-র।

৩। 'সভে জানয়ে' স্থলে 'সভে জানিয়ে' খ; 'সব জানয়ে' প-র।

৪। 'পঙ্ক-বিহিন তনু' স্থলে 'পঙ্ক-বিহিন জনু' প-র।

৫। 'পচায়ত' স্থলে 'পাঠাওত' প-র।

৬। 'যোই' স্থলে 'যোয়' ঘ, চ, প-র।

৭। 'তাকর' স্থলে 'তাক' প-র।

৮। 'খেনে খেনে' স্থলে 'ক্ষেণে ক্ষেণে' ক।

৯। 'সোই' স্থলে 'সোয়' ঘ, চ, প-র।

১০। 'পরিজন ঐছন ভাষ' স্থলে 'ঐছন বলরাম ভাষ' প-র।

১১। 'কয়ল' স্থলে 'করল' ক—গ, প-র।

টীকা

৪—৭। "দিনকর" ইত্যাদি। সকলেই জানে, পদ্ম দিবাকরের প্রণয়-ভাজন,—তাহাতে (আবার) জল (সেই পদ্মের) প্রাণ-স্বরূপ; পঙ্ক-বিহীন অর্থাৎ

মূল হইতে বিচ্ছিন্ন (পদ্মের) তনু সূর্য্য শুষ্ক করিয়া থাকে (এবং) জল উহাকে পচাইয়া থাকে।

৮—১১। "নাহ" ইত্যাদি। (পূর্ব্ব-কলির বর্ণিত দৃষ্টান্ত দ্বারা প্রমাণিত হইতেছে), নাথের নিকটে যে সকল সম্পদের সামগ্রী হিত-জনক হইয়া থাকে,— সেই নাথের বিরহে সেই সকল সামগ্রীই অনুক্ষণ দগ্ধ করিয়া থাকে। (পঙ্কই পদ্মের মূল অবলম্বন; পঙ্ক হইতে বিচ্ছিন্ন পদ্মকে উহার বন্ধু সূর্য্য কিম্বা জীবন-স্বরূপ সলিল, কেহই রক্ষা করিতে পারে না; রক্ষা করা দূরে থাকুক, বরং তদবস্থ পদ্মকে সূর্য্য শুষ্ক করিয়া থাকে এবং সলিল পচাইয়া থাকে)।

বরাড়ী।[১]

তুহুঁ যদি মাধব চাহসি নেহ।
মদন সাখি করি খত লেখি দেহ॥
ছোড়বি কেলি-কদম্ব-বিলাস[২]।
দূরে করবি নিজ গুরুজন-আশ॥
মো[৩] বিনে সপনে না হেরবি আন।
হামারি[৪] বচনে[৫] করবি জল পান॥
রজনি দিবস গুণ গায়বি মোর।
আন যুবতি কোই না করবি কোর॥
ঐছন কবজ[৬] ধরব যব হাত।
তবহি তুয়া সঞে[৭] মরমক বাত॥
ভণহ বিদ্যাপতি শুন বর-কান।
মান রহুক পুন যাউক পরাণ॥৩৭॥৫২১॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২১।৫৪ সংখ্যক পদ।

২। 'কেলি-কদম্ব-বিলাস' স্থলে 'কেলি কদম্বক বাস' প-র।

৩। 'মো' স্থলে 'হাম' প-র।

৪। 'হামারি' স্থলে 'হামার' ক, খ।

৫। 'বচনে' স্থলে 'বচনে সে' প-র।

৬। 'কবজ' স্থলে 'করজ' ক, গ।

৭। 'তুয়া সঞে' স্থলে 'তোহারি সনে' খ, ঘ; 'তুয়া সনে' প-র।

কামোদ।[১]

সুন্দরি[২] বেরি এক কর অবধান।
ক্ষেম[৩] অপরাধ প্রেম- বাদ করবি যব[৪]
তব কৈছে ধরব পরাণ॥ ধ্রু[৫]॥
লিখি লহ[৬] কবজ[৭] দাস করি সুন্দরি[৮]
জীবন যৌবনে[৯] বহু ভাগি[১০]।
তুয়া গুণ-রতন শ্রবণে মণি-কুণ্ডল
এবে[১১] ভেল ত্রিভঙ্গ[১২] বৈরাগী॥
পীতাম্বর গলে করি কর-যুগলে[১৩]
মিনতি করিয়ে[১৪] তুয়া আগে।
হাম ঐছে[১৫] লাখ লাখ শ্যাম লুঠত[১৬]
তুয়া ধনি[১৭] চরণ-সোহাগে॥
মনসিজ-করে ধনু[১৮] হেরি কাতর তনু
বিছুরলু ধন-জন-মায়া।
তছু ভয় লাগি শরণ[১৯] হাম লেয়লু[২০]
দেহ পদ-পঙ্কজ[২১]-ছায়া॥
ঐছন মিনতি কয়ল যব নাগর[২২]
ধনি-লোচন জল পূর।
হেরইতে বদন রোদন করু দুহুঁ জন
অব ঘনশ্যাম মন পূর॥ ৩৮॥ ৫২২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬৯৩ ও প-র পুথির ২১।৫৩ সংখ্যক পদ। 'কামোদ' স্থলে 'ধানশ্রী' প-র।

২। 'সুন্দরি' স্থলে 'বিনদিনি' প-র।

৩। 'ক্ষেম' স্থলে 'ক্ষমা কর' প-র-সা।

৪। 'প্রেম-বাদ করবি যব' স্থলে 'বাদ করবি যব' প-র-সা।

৫। অতঃপর প-র-সা পুথিতে নিম্ন-লিখিত অতিরিক্ত কলিটি দৃষ্ট হয়; যথা,—

'অধর বান্ধলি দল দশন মুকুতা ফল
ধ্যায়ে বিরঞ্চি গুণ গানে।
তুয়া মুখ মধুর মধুর বাণি শুনইতে
মুরলি পরাভব তানে॥'

প-র পুথিতেও এ স্থলে একটি অতিরিক্ত কলি দৃষ্ট হয়, উহার ৩য় ও ৪র্থ পংক্তি প-র-সা পুথির পাঠের সহিত অভিন্ন, কিন্তু ১ম ও ২য় পংক্তি স্বতন্ত্র; যথা,—

'অরুণ বিম্বুফল অধর বান্ধলি দল
মুখরুচি শশধর ভানে।'

৬। 'লিখি লহ' স্থলে 'লেখি লেহ' ক, খ; 'লেখি লহ' গ, প-র; 'লিখি লেহ' ঘ, চ, প-র-সা।

৭। 'কবজ' স্থলে 'করজ' ক, গ।

৮। 'লিখি লহ' ইত্যাদি পংক্তি স্থলে 'লিখি লেহ সুন্দরি দাস করি কবজ' প-র-সা।

৯। 'জীবন যৌবনে' স্থলে 'জীবনে যৌবনে' ঘ, চ, প-র।

১০। 'জীবন যৌবনে' ইত্যাদি পংক্তি স্থলে 'জীবনে যৌবনে রহু জাগি' প-র-সা।

১১। 'এবে' স্থলে 'ইবে' প-র।

১২। 'ত্রিভঙ্গ' স্থলে 'ভঙ্গ' খ। ঘ পুথিতে 'ভঙ্গ' শব্দ লিখিয়া পরে ছত্রের নীচে 'ত্রি' অক্ষরটি বসাইয়া দেওয়া হইয়াছে; সুতরাং ঘ পুথির আদর্শ পুথিতে খ পুথির ন্যায় 'ভঙ্গ' পাঠ থাকা ও ঘ পুথিতে তাহা সংশোধিত হওয়া বুঝা যায়।

১৩। 'করি কর-যুগলে' স্থলে 'কর জোড়ে পদ ধরি' প-র-সা; 'করি করযুগলে ধরি' প-র পুথি।

১৪। 'করিয়ে' স্থলে 'করহুঁ' ক, গ—চ।

১৫। 'ঐছে' স্থলে 'বৈছে' ক, গ।

১৬। 'লুঠত' স্থলে 'লুটত' ক—গ; 'লুঠত' চ; 'লোটায়ত' প-র-সা, প-র।

১৭। 'তুয়া ধনি' স্থলে 'তুয়া ধুলি' ক; 'এ তুয়া' খ, ঘ।

১৮। 'ধনু' স্থলে 'বেণু' প-র-সা।

১৯। 'শরণ' স্থলে 'স্মরণ' প-র-সা।

২০। 'লেয়লু' স্থলে 'পৈঠলু' প-র-সা, প-র।

২১। 'পঙ্কজ' স্থলে 'পল্লব' প-র-সা, প-র।

২২। 'ঐছন মিনতি' ইত্যাদি কলিটি প-র-সা পুথিতে নাই। প-র পুথিতে উহার পরিবর্ত্তে নিম্ন-লিখিত কলিটি দৃষ্ট হয়; যথা,—

'তোহারি মুখের বাণী এ তিমির-যামিনী
দূরে গেল বৈধগধি রঙ্গ।
নরহরি দাস বলে যদি বিধি অনুকূল
মিলাওব হিমকর সঙ্গ॥'

সম্ভোগ সংকীর্ণ।

ভূপালী।[১]

রাই যব হেরল হরি-মুখ-ওর।
তৈখনে ছল-ছল লোচন জোর॥
যব পহুঁ[২] কহলহি লহু লহু বাত।
তবহুঁ কয়ল ধনি অবনত মাথ॥
যব হরি ধয়লহি অঞ্চল-পাশ।
তৈখনে ঢর ঢর তনু পরকাশ॥
যব পহুঁ পরশল কঞ্চুক-সঙ্গ।
তৈখনে পুলকে পুরল সব অঙ্গ॥
পুরল মনোরথ মদন উদেশ[৩]।
কহ কবিশেখর পিরিতি বিশেষ॥৩৯॥৫২৩॥

পাঠান্তর

১। 'ভূপালী' স্থলে 'যথা রাগ' ঘ।

২। 'যব পহুঁ' স্থলে 'যবহুঁ' ক, চ।

৩। 'উদেশ' স্থলে 'উপদেশ' ক।

সুহিনী।

দূরে গেল মানিনি-মান।
অমিয়া[১]-সরোবরে ডুবল কান॥
মাগয়ে তব পরিরম্ভ।
প্রেম-ভরে সুবদনি-তনু জনু স্তম্ভ॥
নাগর মধুরিম ভাষ।
সুন্দরি গদগদ দীঘ নিশাস॥
কোরে আগোরল নাহ।
করু[২] সঙ্কীরণ-রস নিরবাহ॥
লহু লহু চুম্ব[৩] বয়ান।
সরস বিরস হৃদি সজল নয়ান॥
সাহসে উরে কর দেল।
মনহিঁ মনোভব তব নাহি ভেল[৪]॥
তোড়ল যব নিবি-বন্ধ।
হরি-সুখে তবহিঁ মনোভব মন্দ॥
তব কছু নাহক সূখ[৫]।
ভণ বিদ্যাপতি সূখ[৬] কি দূখ[৭]॥৪০॥৫২৪॥

ইতি সপ্তদশ-পল্লবঃ।

পাঠান্তর

১। 'অমিয়া' স্থলে 'অমিঞা' ঘ।
২। 'করু' স্থলে 'কো' ঘ, চ।
৩। 'চুম্ব' স্থলে 'চুম্বই' ক—গ; 'চুম্বে' ঘ।
৪। 'ভেল' স্থলে 'গেল' ক।
৫। 'সূখ' স্থলে 'সুখ' ক—গ, চ।
৬। 'সূখ' স্থলে 'সুখ' ক—গ, চ।
৭। 'দূখ' স্থলে 'দুখ' ক—গ, চ।

টীকা

১১—১২। "সাহসে" ইত্যাদি। (শ্রীকৃষ্ণ) সাহস পাইয়া (শ্রীরাধার) বক্ষে কর অর্পিত করিলেন; তথাপি (শ্রীরাধার) মনে কন্দর্পের উদয় হইল না।

১৩—১৪। "তোড়ল" ইত্যাদি। (শ্রীকৃষ্ণ রসাতিরেক-বশতঃ) যখন (শ্রীরাধার) কটির বসন-গ্রন্থি উন্মোচিত করিলেন, তখন শ্রীকৃষ্ণের আনন্দে অর্থাৎ শ্রীকৃষ্ণের আনন্দের সংক্রামকতা হেতু (শ্রীরাধার) চিত্তে কন্দর্পের অল্প সঞ্চার হইল।

১৫—১৬। "তব" ইত্যাদি। তখন অর্থাৎ শ্রীরাধার আনন্দ-দর্শনে নাথ শ্রীকৃষ্ণের কিঞ্চিৎ আনন্দ হইল। বিদ্যাপতি কহিতেছেন,—ইহা সুখ কি দুঃখ? (মানান্তে সম্ভোগে নায়ক-নায়িকার চিত্তে পূর্ব্বতন বিষাদের স্মৃতি হেতু বিষাদ-মিশ্র আনন্দ অনুভূত হইয়া থাকে, ইহা প্রত্যক্ষ-সিদ্ধ ও রস-শাস্ত্রের সিদ্ধান্ত বলিয়া কবির প্রশ্ন সঙ্গত হইতেছে)।

অথ মানঃ প্রকারান্তরম্।

তদুচিত-শ্রীগৌরচন্দ্রঃ।

সুহই।

কৃষ্ণ কৃষ্ণ বলি গোরা কাঁদে ঘনে ঘনে।
কত সুরধুনী বহে অরুণ নয়ানে॥
সুগন্ধি চন্দন গোরা নাহি মাখে গায়।
ধূলায় ধূসর তনু ভূমে[১] গড়ি যায়॥
মানে মলিন মুখ কিছুই না ভায়।
রজনী দিবস গোরা জাগিয়া গোঙায়॥
ক্ষেণে[২] চমকিত অঙ্গ ধরণে[৩] না যায়।
মান[৪]-ভাব গোরাচাঁদের বাসু ঘোষ গায়॥
॥১॥৫২৫॥

পাঠান্তর

১। 'ভূমে' স্থলে 'ভোমে' ঘ।
২। 'ক্ষেণে' স্থলে 'ক্ষণে' ক—গ, চ।
৩। 'ধরণে' স্থলে 'ধরণ' ক—গ।
৪। 'মান' স্থলে 'নানা' ক।

সখী-বচনেন মানো যথা ।

সুহই ।

প্রিয়-সখি নিকটে যাই কহে[১] দ্রুত-গতি
শুন ধনি চতুরিণি রাধে ।
চন্দ্রাবলি সঞে কানু রজনি আজু
কামে পুরায়ল সাধে ॥
ঐছন শুনইতে বাত ।
অরুণিত লোচন গরগর অন্তর
রোখে পুরল সব গাত ॥ ধ্রু[২] ॥
আপনক কামে কামি যেই কামিনী
রসিক-মরম নাহি জান ।
সো মঝু বিদগধ নাহক বলে ছলে
কত না কয়ল অপমান ॥
চঞ্চল মনহি থীর নাহি হোয়ত
কামে লুবধ-চিত কান ।
ঐছন নাহক বদন[৩] না হেরব
উদ্ধব দাস পরমাণ ॥২॥৫২৬॥

পাঠান্তর

১। 'যাই কহে' স্থলে 'যাই' খ।
২। ঘ, চ পুঁথিতে 'ধ্রু' নাই।
৩। 'বদন' স্থলে 'বয়ন' ঘ।

শ্রীরাগ।

দুয় সঞে নয়নে নয়নে নাহি হেরবি
নিয়ড়ে রহবি শির লাই ।
পরশিতে নিরসি করহি কর বারবি
যতনে রোখ নিরমাই ॥
সুন্দরি অতয়ে শিখায়ব তোয় ।
বিনহি মানে ধনি সো বহু-বল্লভ
কবহুঁ আপন বশ হোয় ॥
পুছইতে গোরি চমকি মুখ মোড়বি
হসইতে[১] জনি তুহুঁ হাস ।
করইতে মিনতি শুনই নাহি শূনবি[২]
কহবি আনহি আন[৩] ভাষ ॥
পড়ইতে চরণে বারি দিঠি-পঙ্কজে
পূজবি সো মুখ-চন্দ ।
গোবিন্দদাস কহ যাক হৃদয়ে রহ
তাহে কি এতহু[৪] পরবন্ধ ॥৩॥৫২৭॥

পাঠান্তর

১। 'হসইতে' স্থলে 'হাসয়ে' খ, ঘ, চ।
২। 'শূনবি' স্থলে 'শুনবি' ক—গ।
৩। 'আনহি আন' স্থলে 'আনহি' ক।
৪। 'তাহে কি এতহু' স্থলে 'তাহে সে এত' ক; 'তাহে কি এত' চ।

সিন্ধুড়া।

অবনত-বয়নি ধরণি নখে লেখি ।
যে[১] কহে শ্যামনাম তাহে না[২] পেখি ॥
অরুণ বসন পরি বিগলিত কেশ ।
আভরণ তেজল ঝাঁপল বেশ ॥
নীরস[৩] অরুণ কমল-বর-বয়নী ।
নয়ন[৪]-লোরে বহি যায়ত ধরণী ॥
ঐছন সময়ে আওল বনদেবী ।
কহয়ে চলহ ধনি ভানুক সেবি ॥
অবনত বয়নে উতর[৫] নাহি দেল ।
বিদ্যাপতি কহে সো চলি গেল ॥৪॥৫২৮॥

পাঠান্তর

১। 'যে' স্থলে 'যো' ক—গ।
২। 'না' স্থলে 'নাহি' খ, ঘ।
৩। 'নীরস' স্থলে 'নিরস' ক—গ।
৪। 'নয়ন' স্থলে 'নয়নক' খ, ঘ।
৫। 'উতর' স্থলে 'উত্তর' ক—ঘ।

কামোদ।

মাধব অপরূপ পেখলু রামা।
মানিনি মানে অবনি পর লেখই
নয়নে না হেরই শ্যামা ॥
শুনইতে বিদগধ নাগর-শেখর
আকুল গদগদ বোল।
কি করব দৈবে রজনি হাম বঞ্চলু[১]
তবহি হৃদয়[২] মঝু দোল ॥
হামারি শপতি তোহে শুন শুন সহচরি
তুরিতে গমন করু তাই।
বহুত যতন করি তাহে মানায়বি
যৈছে সদয় হোয়ে রাই ॥
শপতি-বচনে সোই কছু নাহি বোলল
আওল মানিনি পাশ।
হেরইতে রাই বিমুখ ভই বৈঠল
কহতহিঁ গোবিন্দদাস ॥৫॥৫২৯॥

পাঠান্তর

১। 'বঞ্চলু' স্থলে 'বঞ্চল' ক—ঘ।
২। 'হৃদয়' স্থলে 'হৃদয়ে' ক।

গান্ধার।[১]

তোহারি বিরহ- বেদনে[২] বাউর
সুন্দর মাধব[৩] মোর।
খেনে অচেতন খেনে সচেতন
খেনে নাম ধরু[৪] তোর ॥
রামা হে[৫] তু[৬] বড়ি কঠিন দেহ[৭]।
গুণ অপগুণ না বুঝি তেজলি[৮]
জগত-দুলহ নেহ[৯] ॥ ধ্রু[১০] ॥
তোহারি কাহিনি কহিতে জাগই[১১]
শুতই[১২] দেখই তোয়[১৩]।
কি[১৪] ঘর বাহিরে[১৫] ধৈরজ না ধরে[১৬]
পথ নিরখয়ে রোয়[১৭] ॥
কত পরবোধি[১৮] না মানে রহসি[১৯]
না করে ভোজন-পান।
কাঠ-মুরতি[২০] ঐছন[২১] আছয়ে
কবি[২২] বিদ্যাপতি ভাণ ॥৬॥৫৩০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৫০ সংখ্যক ও প-র পুথির ২১৬২ সংখ্যক পদ। 'গান্ধার' স্থলে 'ধানশ্রী' প-র।
২। 'বেদনে' স্থলে 'বেদন' প-র।
৩। 'মাধব' স্থলে 'নাগর' প-র-সা।
৪। 'ধরু' স্থলে 'করি' খ; 'লয়ে' প-র-সা।
৫। 'রামা হে' স্থলে 'রামা' প-র-সা ও প-র।
৬। 'তু' স্থলে 'তো' ক—চ, প-র।
৭। 'দেহ' স্থলে 'দেহা' প-র-সা।
৮। 'তেজলি' স্থলে 'তেজসি' প-র-সা।
৯। 'নেহ' স্থলে 'লেহ' ক—গ, চ, প-র; 'লেহা' প-র-সা।
১০। প-র পুথি ছাড়া অন্যান্য পুথিতে 'ধ্রু' নাই।
১১। 'জাগই' স্থলে 'জাগয়ে' প-র।
১২। 'শুতই' স্থলে 'শুনই' ক; 'শুতিয়া' প-র।
১৩। 'তোয়' স্থলে 'তোর' ক, গ; 'তোই' খ, ঘ, প-র-সা।
১৪। 'কি' স্থলে 'এ' ক; 'না' খ—চ, প-র-সা।
১৫। 'বাহিরে' স্থলে 'বাহির' ঘ, প-র।
১৬। 'ধরে' স্থলে 'রহ' প-র-সা; 'রহে' প-র।
১৭। 'রোয়' স্থলে 'তোর' ক, গ; 'তোই' খ, ঘ। 'পথ নিরখয়ে রোয়' স্থলে 'পন্থ নেহারই রোই' প-র-সা।
১৮। 'পরবোধি' স্থলে 'পরবোধে' প-র; 'পরবোধহ' প-র-সা।
১৯। 'না মানে রহসি' স্থলে 'বোধ না মানই' প-র-সা; 'বোধ না মানয়ে' প-র-সা।

২০। 'কাঠ-মুরতি' স্থলে 'কাচক যুবতি' প-র-সা।

২১। 'ঐছন' স্থলে 'জৈছন' প-র-সা

২২। 'কবি' স্থলে 'সুকবি' প-র-সা।

জয়জয়ন্তী।[১]

তুঁ[২] বিনু সুখময় শেজ[৩] তেজল
নিন্দ[৪] চন্দন চন্দ।
শুতল ভূতল[৫] ফুয়ল কুন্তল
কাম-চামর-বন্ধ॥
তেজ[৬] দারুণ মান মানিনি
নাহ গাহক তোরি।
তুহুঁ[৭] সে মরকত- মুরতি মানহ[৮]
কাঁচ[৯]-কাঞ্চন-গোরি॥
নীল-উতপল- দাম-শামর[১০]
ধাম ঝামর দেহ।
কুসুম-শর যব[১১] বরিখে ঝর ঝর
নয়ন শাঙন মেহ॥
বিরহ-মোচন এ তুয়া লোচন-
কোণে হেরবি কান।
রায় চম্পতি বচন মানহ
দাস গোবিন্দ ভাণ॥৭॥৫৩১॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২১।১৮ ও ২১।৮৯ সংখ্যক পদ। 'জয়জয়ন্তী' স্থলে 'ধানশ্রী' প-র।

২। 'তুঁ' স্থলে 'তো' ক—চ, প-র পুথি। ইহা বিষম-মাত্রিক ত্রিপদী-ছন্দ; ইহার প্রত্যেক অর্দ্ধ-কলিতে নিম্ন-লিখিতরূপ মাত্রাবিভাগ অবলম্বিত হইয়াছে। যথা,—

৩+ ৪ ৩+ ৪
৩+ ৪+ ৩

সুতরাং 'তু বিনু' স্থলে 'তো বিনু' পাঠে ছন্দোভঙ্গ ঘটে বলিয়া, পূর্ব্ববর্ত্তী পদের 'রামা হে তু বড়ি কঠিন দেহ' প্রয়োগ অনুসারে 'তু বিনু' পাঠ গৃহীত হইয়াছে। বলা বাহুল্য যে, হিন্দী ও মৈথিল ভাষায় 'তুমি' ও 'তুই' অর্থে 'তু' শব্দই প্রযুক্ত হইয়া থাকে।

৩। 'শেজ' স্থলে 'শয়ন' ক—চ।

৪। 'নিন্দ' স্থলে 'নিন্দই' ক—গ, প-র ২১।১৮।

৫। 'ভূতল' স্থলে 'ভূতলে' ক—চ।

৬। 'তেজ' স্থলে 'তেজহ' ক—চ, প-র। 'তেজহ' পাট ছন্দোভঙ্গ-দোষ-দুষ্ট বলিয়া সমর্থনযোগ্য নহে।

৭। 'তুহুঁ সে' স্থলে 'তুহে সে' ক—গ পুথি।

৮। 'মানহ' স্থলে 'মানই' ক—চ; 'মানিয়ে' প-র ২১।৮৯।

৯। 'কাঁচ' স্থলে 'কাঁচা' ক, গ, চ; 'কাচ' প-র ২১।১৮; 'কাচা' প-র ২১।৮৯।

১০। 'শামর' স্থলে 'সম্বর' প-র ২১।১৮।

১১। 'যব' স্থলে 'খর' প-র।

টীকা

৫—৮। "তেজ" ইত্যাদি। হে মানিনি! দারুণ মান পরিত্যাগ কর; (কেন না) নাথ শ্রীকৃষ্ণ তোমার গ্রাহক অর্থাৎ তোমার সঙ্গমাভিলাষী হইয়া আছেন। হে অদগ্ধ-স্বর্ণ-গৌরাঙ্গি! তুমিই কেবল (সেই শ্রীকৃষ্ণকে) মরকত-মূর্ত্তি অর্থাৎ মরকতের ন্যায় নীরস ও কঠিন বলিয়া মনে করিতেছ; (তোমার এ ধারণা সম্পূর্ণ অমূলক)। সখী 'কাঁচ-কাঞ্চন-গোরি' সম্বোধন-পদের ধ্বনি দ্বারা বুঝাইতেছেন যে, শ্রীরাধা অদগ্ধ স্বর্ণের ন্যায় কান্তিযুক্ত বলিয়াই উহার ন্যায় কঠিন। রাধামোহন ঠাকুর পদামৃত-সমুদ্রের টীকায় লিখিয়াছেন,—"স তু নায়কস্তব গ্রাহকস্বৎপরঃ। ত্বন্তু তং মরকতমূর্ত্তিং তদ্বৎ কঠিনং মন্যসে। হে অপক্ক-কাঞ্চন-গৌরি ইতি সম্বোধনেন কাঞ্চনস্য তাত্রূপ্যাভাবাৎ ব্যতিরেকতঃ কাঠিন্যং ধ্বনিতম্।"

কামোদ ।১

সো বর² শঠগুণ- গুরু-বর³ গুরুতর
অছু⁴ গুণ জলনিধি-সার ।
হাম অবলা অতি⁵ তাহে দুখিত-মতি
কৈছনে পাইয়ে⁶ পার ॥
সজনী আর কত কর পরলাপ ।
সো মুঝে যৈছন কয়লহিঁ অপমান
সো বড় হৃদয়ক তাপ ॥ ধ্রু⁷ ॥
যো বর-নারি সার করি লেওল
সো পদ সেবউ আনন্দে ।
তাকর লাগি জাগি নিশি⁸ রোয়উ
পীবউ সো মকরন্দে ॥
তাহে লাগি অন্ন পানি সব তেজউ
জপ করু তাকর নাম ।
চম্পতি-পতিকর সোই যুবতি বর
গাওত⁹ পুন তছু গাম ॥৮॥৫৩২॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২১।৬৪ সংখ্যক পদ। 'কামোদ' স্থলে 'শ্রীরাগ' প-র।

২। 'সো বর' স্থলে 'সো সব' প-র।

৩। 'গুরু-বর' স্থলে 'গুরুজন' প-র।

৪। 'অছু' স্থলে 'যছু' ক।

৫। 'অতি' স্থলে 'জাতি' ক, চ।

৬। 'পাইয়ে' স্থলে 'পাওব' ক, গ; 'পায়য়ে' চ।

৭। প-র পুথি ছাড়া অন্যান্য পুথিতে 'ধ্রু' নাই।

৮। 'নিশি' স্থলে 'দিন' ক—চ।

৯। 'গাওত' ইত্যাদি স্থলে 'গায়ত গুণ তছু গাম' ক; 'গাওত পুন তছু নাম' প-র।

টীকা

১—৪। "সো" ইত্যাদি। সেই শ্রীকৃষ্ণ শ্রেষ্ঠ শঠগুণ-সম্পন্ন ব্যক্তিদিগের শ্রেষ্ঠ গুরু,—উহার পরিষ্ঠ গুণ সমুদ্রের সার অর্থাৎ সাগরোদ্ভূত অমূল্য রত্নরাজির তুল্য; আমি একে অতি অবলা, তাহাতে দুঃখিত-চিত্তা, কিরূপে (শ্রীকৃষ্ণের অপার গুণ-সমুদ্রে নিমগ্ন হইয়া) উত্তীর্ণ হইতে পারিব? (বিদ্রূপোক্তি)।

ধানশী।

তব চঞ্চল-মতিরয়মঘহন্তা ।
অহমুত্তম-ধৃতি-দিগ্ধ-দিগন্তা ॥
দূতি বিদূরয় কোমল-কথনম্ ।
পুনরভিধাস্যে নহি মধু-মথনম্ ॥ধ্রু॥
শঠ-চরিতোঽয়ং তব বনমালী ।
মৃদু-হৃদয়াহং নিজ-কুলপালী ॥
তব হরিরেষ নিরঙ্কুশ-নর্ম্মা ।
অহমনুবন্ধ¹-সনাতন-ধর্ম্মা ॥৯॥৫৩৩॥

পাঠান্তর

১। 'অহমনুবন্ধ' স্থলে 'অহমনুবন্ধ' গ।

টীকা

১—৮। "তব" ইতি। তব অয়ং অঘহন্তা অঘাসুরনাশকঃ শ্রীকৃষ্ণঃ চঞ্চলমতিরস্থিরচিত্তঃ। অহং উত্তময়া প্রকৃষ্টেন ধৃত্যা ধৈর্য্যেণ দিগ্ধঃ লিপ্তঃ দিগন্তো যয়া সা উত্তম-ধৈর্য্যশীলেতি কীর্ত্তিপূরিত-দিগ্মণ্ডলেতি ভাবঃ। হে দূতি! ত্বং কোমলকথনং চাটুভাষিণং অর্থাৎ মৃষা বদন্তং শ্রীকৃষ্ণং বিদূরয় মদন্তিকাৎ দূরং প্রেষয়। অহং মধুনামক-দৈত্যঘাতিনং শ্রীকৃষ্ণং পুনর্ভূয়ঃ নাভিধাস্যে ন সম্ভাষয়িষ্যে। তব অয়ং বনমালী শঠচরিতঃ ধৃষ্ট-স্বভাবঃ অহং মৃদু-হৃদয়া কোমলচিত্তা নিজকুলপালী স্বকুলরীতেঃ পালয়িত্রী চ। তব এষ হরিঃ নিরঙ্কুশ-নর্ম্মা উদ্দাম-ক্রীড়াপরায়ণঃ অহং অনুবন্ধঃ অবলম্বিতঃ সনাতনঃ ধর্ম্মো যয়া সা সনাতনধর্ম্মাশ্রিতেতি ভাবঃ। চঞ্চলেন ধীরায়াঃ কঠোরচিত্তেন কোমলহৃদয়ায়াঃ বিধিনিষেধা-তীতেন ধর্ম্মাচরণপরায়ণায়াঃ স্বভাববিরোধাৎ কুত্রাপি

মৈত্রী ন চিরং তিষ্ঠতি প্রত্যুত বলবৎক্লেশায় ভবতী-ত্যতো ন তব প্রভুনা কিমপি মে প্রয়োজনমিতি তাৎপর্য্যম্।

অনুবাদ

১—৮। তোমার (প্রভু) এই অঘাসুর-বিনাশী (শ্রীকৃষ্ণ) চঞ্চল-স্বভাব; আমার উত্তম ধৈর্য্য-গুণের (খ্যাতি) দ্বারা দিঙ্মণ্ডল পূর্ণ হইয়াছে। হে দূতি! তুমি চাটুকার মধুসূদনকে দূর করিয়া দেও; আমি আর তাহার সহিত বাক্য-প্রয়োগ করিব না। তোমার এই বনমালী শঠ-চরিত্র; আমি কোমল-হৃদয়া ও কুল-রীতিপরায়ণা। তোমার এই হরি উচ্ছৃঙ্খল-কেলি-নিরত; আমি সনাতন-ধর্ম্মাচরণ-পরায়ণা।

তাৎপর্য্য

চঞ্চলের সহিত ধৈর্য্য-শালিনীর,—কঠোরের সহিত কোমল-হৃদয়ার,—উচ্ছৃঙ্খলের সহিত ধর্ম্ম-পরায়ণার মৈত্রী বিরুদ্ধ স্বভাব-হেতু কখনও অধিক কাল স্থায়ী হয় না এবং নিতান্ত ক্লেশের কারণ হইয়া থাকে; সুতরাং শ্রীকৃষ্ণের সহিত আমি আর কোন সম্বন্ধ রাখিতে ইচ্ছা করি না—ইহাই শ্রীরাধার উক্তির তাৎপর্য্য বটে।

তিরোথা ধানশী।

মাধব রাধা সাধীন ভেল।
যতনহি কত পর- কার বুঝায়লুঁ
তভু ধনি উতর না দেল॥
তোহারি কেশ কুসুম তৃণ তাম্বুল
ধরলহুঁ রাইক আগে।
কোপে কমল-মুখি পালটি না হেরল
বৈঠলি বিমুখ বিরাগে॥
তোহারি নাম শুনয়ে যব সুন্দরি
শ্রবণে মুদয়ে দুই পাণি।
তোহারি পিরিতি যো নব নব মানই
সো অব না শুনয়ে

হেন বুঝি কুলিশ- সার তছু অন্তর
কৈছে মিটায়ব মান।
কহ বিদ্যাপতি বচন অব সমুচিত
আপে সিধারহ কান॥১০॥৫৩৪॥

পাঠান্তর

৫০০ সংখ্যক পদে দ্রষ্টব্য।

টীকা

৫০০ সংখ্যক পদে দ্রষ্টব্য।

বালা[১] ধানশী।১

শুনি[২] সখি-বচন মনহি অনুমান।
নাগরি-বেশ বনাওল কান॥
আগু পদ বাম বাম গতি চাহনি
বাম[৩] কুণ্ডল[৪] অনুপামা।
বাম ভুজে বসন ঢুলায়ত[৫] ঘন ঘন
যৈছন পেখলুঁ শ্যামা॥
পট-অম্বর পরি অভিনব নাগরি
ঐছনে কয়ল পয়ান।
চারু সিথা পরি[৬] কাম-সিন্দুর পরি
লখই না পারই আন[৭]॥
এমন চতুরবর কবহুঁ না পেখলুঁ
এ মহি-মণ্ডল মাঝে।
মণিময় কঙ্কণ দুহু ভুজে সাজন[৮]
শঙ্খ শোভয়ে তছু মাঝে॥
পদতল[৯] অরুণ- কিরণ মণি পেখলু
তেঞি হোয়ত অনুমান।
জ্ঞানদাস কহে রাইক মন্দিরে
নাগর কয়ল পয়ান॥ ১১ ॥ ৫৩৫ ॥

পাঠান্তর

১। 'বালা ধানশী' স্থলে 'তথা রাগ' খ-পুথি।
২। 'শুনি' স্থলে 'শুন' খ পুথি।

৩। 'বাম' স্থলে 'বামে' ক, গ—চ পুথি।

৪। 'কুণ্ডল' স্থলে 'কুন্তল' ক, গ, চ পুথি।

৫। 'ঢ়লায়ত' স্থলে 'উড়ায়ত' খ।

৬। 'সিথা পরি' স্থলে 'সিথোপরি' ক।

৭। 'আন' স্থলে 'কান' খ; পাঠান্তর—গ, ঘ পুথি।

৮। 'সাজন' স্থলে 'সাজল' ক, খ পুথি।

৯। 'পদতল' স্থলে 'পদতলে' ক—গ, চ।

কামোদ।[১]

কানু উপেখি　　　রাই মহি লেখই[২]
　মানিনি অবনত-মাথ।
নিরুপম নারি-　　　বেশ ধরি সো হরি
　আওল সহচরি সাথ॥
　সজনি[৩] কী ফল[৪] মানিনি-মানে।
টীট[৫] কানাই　　　কতয়ে[৬] ভঙ্গি জানত
　কো করু কত অবধানে॥ ধ্রু[৭]॥
শ্যামরি হেরি　　　সখিক রাই পূছত[৮]
　সো কহ[৯] ব্রজ-নব-রামা।
তুয়া সখি হোত[১০]　　যতনে চলি আওল[১১]
　কোরে করহ ইহ শ্যামা॥
করইতে[১২] কোরে　　পরশ সঞে[১৩] জানল
　কানুক কপট বিলাস।
নাসা পরশি　　　হাসি দিঠি কুঞ্চিত
　হেরত[১৪] গোবিন্দদাস॥১২॥৫৩৬॥

ইতি অষ্টাদশ-পল্লবঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৭৪ ও প-র পুথির ২১।৩০ সংখ্যক পদ। 'কামোদ' স্থলে 'বড়ারি' প-র।

২। 'লেখই' স্থলে 'লিখই' ক, গ; 'লীখই' চ; 'লিখত' প-র-সা ও প-র।

৩। 'সজনি' স্থলে 'শুন সজনি' ক—চ পুথি।

৪। 'কী ফল' স্থলে 'কি ফল' ক—গ, প-র-সা; 'ধিক রহু' প-র।

৫। 'টীট' স্থলে 'টাট' ক; 'টিট' প-র-সা।

৬। 'কতয়ে' স্থলে 'কত' ক; 'কতহু' প-র-সা; 'কতহি' প-র।

৭। ক—চ পুথিতে 'ধ্রু' নাই।

৮। 'শ্যামরি' ইত্যাদি পংক্তি স্থলে 'শ্যামা হেরি রাই সখীগণে পুছত' প-র-সা; 'শ্যামরি হেরি রাই সখি পুছত' প-র।

৯। 'সো কহ' স্থলে 'সো কহে' প-র; 'কো ইহ' প-র-সা।

১০। 'হোত' স্থলে 'হোয়ত' ক, খ, প-র-সা।

১১। 'আওল' স্থলে 'আওত' ক, চ; 'আয়ত' প-র-সা।

১২। 'করইতে' স্থলে 'করতহি' প-র।

১৩। 'পরশ সঞে' স্থলে 'পরশে ধনি' ক, চ, প-র-সা; 'পরশে সতি' প-র।

১৪। 'হেরত' স্থলে 'হেরই' প-র; 'কহতহি' প-র-সা।

অথ মানঃ প্রকারান্তরং যথা।

পুনর্দূত্যুক্তিঃ।

গান্ধার।[১]

তুয়া বিনে কান　　　আন নাহি জানত
　ফুল-শরে জরজর দেহ।
তুহুঁ বিমুখ[২] মান　　আন নাহি জানসি
　অপরূপ তোহারি সুনেহ[৩]॥
　সুন্দরি দূরে কর বচন-বিভঙ্গ।
তোহারি বিরহ-জরে　　ছিরি[৪] গিরিবর-ধর
　ধরই না পারই অঙ্গ॥ ধ্রু॥

কি কহব তোহে অতি তোহারি চরণে নতি[৫]
কহইতে কথন[৬] না ফুর।
এতহুঁ বিপতি যব[৭] শুনইতে তুহুঁ অব[৮]
চাতুরি না করহ দূর[৯] ॥
হেরইতে রীত ভীত মঝু চীতহিঁ
কঠিন হৃদয় হেন জানি।
কহ ঘনশ্যাম দাস তুয়া পাশহিঁ[১০]
অতয়ে সে ঐছন বাণী ॥ ১॥৫৩৭॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২১।৩৪ সংখ্যক পদ।

২। 'বিনু' স্থলে 'বিনে' ক।

৩। 'সুনেহ' স্থলে 'সুলেহ' ক—গ; 'সিনেহ' প-র।

৪। 'ছিরি' স্থলে 'সো' প-র।

৫। 'নতি' স্থলে 'রতি' খ।

৬। 'কথন' স্থলে 'কহন' প-র।

৭। 'বিপতি যব' স্থলে 'পরাভব' প-র।

৮। 'অব' স্থলে 'অব' প-র।

৯। 'চাতুরি' ইত্যাদি স্থলে 'অবহি না চাতুরি দূর' প-র।

১০। 'পাশহিঁ' স্থলে 'দাসহিঁ' ক, গ, প-র-সা।

বিহাগড়া।১

প্রেম-আগুনি মনহিঁ গুণি গুণি
এ দিন যামিনি জাগি।
মদন-পঞ্জর-২ কুঞ্জে রোয়ই
তোহারি রস-কণ[৩] লাগি ॥
কি ফল মানিনি মান মানসি
কানু জানসি তোরি।
তুহুঁ সে জলধর- অঙ্গে[৪] শোভিত
বৈছন দামিনি গোরি[৫] ॥
নওল কিশলয়- বলয় মলয়জ[৬]-
পঙ্ক পঙ্কজ-পাত।
শয়নে ছটফট[৭] লুটই মহিতলে
তো বিনু দহ দহ[৮] গাত ॥
জানহ পুন পুন[৯] সো পিয়া পরিখন
সোই পুঞ্জে[১০] পাঁচ-বাণ।
প্রাত আদিত ও রস-গাহক[১১]
দাস গোবিন্দ ভাণ ॥২॥৫৩৮॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২১।৭১ সংখ্যক পদ। 'বিহাগড়া' স্থলে 'কেদার' প-র।

২। 'পঞ্জর'- স্থলে 'কুঞ্জর' ক—গ; 'পঞ্জরে' প-র।

৩। 'রস-কণ' স্থলে 'রসক' ক; 'পরশক' প-র।

৪। 'অঙ্গে' স্থলে 'অঙ্গ' খ, ঘ।

৫। 'বৈছন' ইত্যাদি স্থলে 'জলদ দামিনি• গোরি ॥ধ্রু॥' প-র।

৬। 'বলয় মলয়জ' স্থলে 'মলয় বলয়জ' প-র।

৭। 'শয়নে ছটফট' স্থলে 'শয়নে ছটপট' চ; 'শয়ন ছটফটি' প-র।

৮। 'দহ দহ' স্থলে 'দহই' ক, গ।

৯। 'জানহ পুন পুন' স্থলে 'জানি জানি পুন' প-র।

১০। 'সোই পুঞ্জে' স্থলে 'সোই পুজে' ক—গ; 'সো পিয়া পুছে' প-র।

১১। 'প্রাত আদিত' ইত্যাদি স্থলে 'ও রস-গাহক প্রাত-আদিত' খ; 'রায় চম্পতি ও রস-গাহক' ক, গ, চ পুথি।

টীকা

১—৪। "প্রেম-আগুনি" ইত্যাদি। (শ্রীকৃষ্ণ) প্রেমাগ্নিকে মনে গণিয়া গণিয়া অর্থাৎ অগ্নির ন্যায় অন্তর্দাহক প্রেমের কথা ভাবিয়া ভাবিয়া, এ সকল

দিবস ও রজনী জাগিয়া জাগিয়া কন্দর্পের পঞ্জর অর্থাৎ কয়েদ-খানা স্বরূপ নিকুঞ্জ-ভবনে (থাকিয়া) তোমার প্রেম-বিন্দুর জন্য রোদন করিতেছেন। "মদন-পঞ্জর" শব্দের ধ্বনি দ্বারা কবি বুঝাইতেছেন যে, পিঞ্জরের পক্ষীর ন্যায় শ্রীকৃষ্ণ পূর্ব্বতন সম্ভোগ-সুখের স্মৃতি-উদ্দীপক কুঞ্জ-গৃহ পরিত্যাগ করিয়া যাইতে পারিতেছেন না,—সুতরাং কুঞ্জাধি-দেবতা কন্দর্পের কৃপা-পাত্র হইয়া পড়িয়াছেন।

সুহই।

শুন শুন গুণবতি রাই।
তো বিনু আকুল মাধাই[১] ॥
কিশলয়-শয়ন উপেখি।
ভূমি উপর নখ[২] লেখি ॥
তেজ ধনি অসময় মান।
কানুক তুহুঁ সে নিদান ॥
তুয়া মুখ হৃদি অবগাই।
বিলপয়ে অবধি না পাই ॥
যো[৩] জগ-জীবন জান।
তাকর জলত পরাণ ॥
ভূপতি কি কহব তোয়।
তোহে সে পুরুখ-বধ হোয় ॥৩॥৫৩৯॥

পাঠান্তর

১। 'মাধাই' স্থলে 'কানাই' ক।

২। 'উপর নখ' স্থলে 'উপরে নখে' গ, চ পুথি।

৩। 'যো' স্থলে 'সো' ক—গ পুথি।

তথা রাগ।[১]

শুন শুন সুন্দরি রাধে।
কানু সঞে প্রেম করসি কাহে বাদে[২] ॥
অনুখন যো জন তুয়া গুণে ভোর।
তুহুঁ কৈছে তেজবি তাকর কোর ॥
নিশি দিশি বয়নে না বোলই[৩] আন।
আন জন বচনে না পাতয়ে কান ॥
তুয়া লাগি[৪] তেজল গুরুজন-আশ।
কাহে লাগি তুহুঁ তাহে ভেলি[৫] উদাস ॥
ঐছন সুপুরুখ[৬] কথিহুঁ[৭] না[৮] দেখি।
আপন দিব তোহে হরি না উপেখি ॥
এ সব বচনে যদি রাখহ[১০] মান।
না জানিয়ে কৈছে কঠিন তুয়া প্রাণ[১১] ॥
জ্ঞানদাস কহ[১২] হিত উপদেশ।
ঐছন নায়কে না কর আবেশ ॥৪॥৫৪০॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২১৩১ সংখ্যক পদ। 'তথা রাগ' স্থলে 'সুহই সিন্ধুড়া' প-র।

২। 'বাদে' স্থলে 'বাধে' ক, গ, চ।

৩। 'বোলই' স্থলে 'বোলয়ে' প-র পুথি।

৪। 'লাগি' স্থলে 'বোলে' প-র।

৫। 'তুহুঁ তাহে ভেলি' স্থলে 'তুহুঁ তারে ভেলি' ক, গ; 'হেলে ধনি করসি' প-র।

৬। 'সুপুরুখ' স্থলে 'পুরুখ' ক—গ, চ।

৭। 'কথিহুঁ' স্থলে 'কতিহুঁ' ক—গ; 'কতিহোঁ' চ।

৮। 'না' স্থলে 'নাহি' ক—গ, চ, প-র।

৯। 'আপন' ইত্যাদি স্থলে 'আপন দীব তোহে' ইত্যাদি ঘ, চ; 'আপন দিব যো হরিক উপেখি' প-র।

১০। 'রাখহ' স্থলে 'না তেজহ' খ।

১১। 'না জানিয়ে' ইত্যাদি স্থলে 'না জানিয়ে কোনে আরাধলি কান' প-র।

১২। 'কহ' স্থলে 'কহে' চ, প-র।

শ্রীমত্যুক্তিঃ।

সুহিনী।

না কহ রে সখি উহার কথা।
দ্বিগুণ১ হৃদয়ে না দেহ ব্যথা॥
যৈছন চতুর শঠের পহুঁ।
তৈছন তাহার দূতী২ সে তুহুঁ॥
নিকুঞ্জে হৃদয়ে ধরল যে৩।
তাহারে না কহ সেবউ সে৪॥
সোই কলাবতী নিবসে যাহাঁ।
ত্বরিতে গমন করহ তাহাঁ॥
এমতি তাহারে সাধহ যাই।
যে সুখ পাওবি অবধি নাই॥
পুন না আসিহ আমার পাশ।
শুনিয়া চলল রসিকদাস॥৫॥৫৪১॥

পাঠান্তর

১। 'দ্বিগুণ' স্থলে 'দিগুণ' ঘ, চ পুথি।
২। 'দূতী' স্থলে 'দোতি' ঘ; 'দূতি' চ পুথি।
৩। 'ধরল যে' স্থলে 'ধরিল যে' ক, খ পুথি।
৪। 'না কহ সেবউ সে' স্থলে 'নাহক তাহারে সেবও সে' ঘ, চ।

তথা রাগ।১

রাইক ঐছন অকরুণ২ ভাষ।
শুনি সখি আওল৩ কামুক পাশ॥
কহই না পারই৪ সকল সম্বাদ।
গদগদ কহইতে করই বিষাদ৫॥
নাগর শুনিয়া অছু বাণী।
কহ সখি কি করয়ে কমল-নয়ানী৬॥৬॥৫৪২॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২১।২৭ সংখ্যক পদ। 'তথা রাগ' স্থলে 'গান্ধার' প-র।
২। 'অকরুণ' শব্দটি প-র পুথিতে নাই।
৩। 'আওল' স্থলে 'ধাওল' প-র।
৪। 'কহই না পারই' স্থলে 'কহইতে ঐছন' ক; 'কহইতে' ঘ, প-র।
৫। 'গদগদ কহইতে' ইত্যাদি পংক্তি স্থলে 'ধনি যৈছে মন মাহা করল বিষাদ' প-র পুথি। অতঃপর ক—চ পুথিতে 'নাগর শুনিয়া' ইত্যাদির স্থলে 'ইত্যাদি গীতং' ও প-র পুথিতে 'ইত্যাদি গীতং' স্থলে 'নাগর শুনিয়া' ইত্যাদি পংক্তিদ্বয় দৃষ্ট হয়।
৬। অতঃপর প-র পুথিতে দুইটি পংক্তির স্থান ফাঁক রাখা হইয়াছে। এই পদটি পদকল্পতরু গ্রন্থে আর কোথায়ও উদ্ধৃত হয় নাই, সুতরাং অবশিষ্টাংশ না পাওয়ায় মুদ্রিত করিতে পারা গেল না।

ধানশী।১

মাধব বোধ না মানয়ে রাই।
নিভৃত নিকুঞ্জ- গৃহে ধনি নিবসই২
ত্বরিতে গমন করু তাই॥ ধ্রু৩॥
এত শুনি নাগর৪ নাগরি-বেশ ধরি
সখি সঞে চলু বনমালী৫।
যোই নিকুঞ্জে৬ আছয়ে বর-মানিনি৭
তাহাঁ যাই উপনিত ভেলি৮॥৭॥৫৪৩॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২১।৩২ সংখ্যক পদ। 'ধানশী' স্থলে 'শ্রীগান্ধার' প-র পুথি।
২। 'নিভৃত নিকুঞ্জ' ইত্যাদি পংক্তি স্থলে 'নিভৃত নিকুঞ্জে আছয়ে সব সখি মেলি' প-র।
৩। ক—চ পুথিতে 'ধ্রু' নাই।
৪। 'নাগর' স্থলে 'মাধব' প-র।
৫। 'চলু বনমালী' স্থলে 'গমন কএল' প-র।
৬। 'নিকুঞ্জে' স্থলে 'নিকুঞ্জ মাঝে' প-র।
৭। 'বর-মানিনি' স্থলে 'সুন্দরি' প-র।

৮। 'ভেলি' স্থলে 'ভেল' প-র। ক—চ পুথিতে এখানেই পদটি সমাপ্ত করা হইয়াছে; কিন্তু প-র পুথিতে অতঃপর ভণিতা সহ নিম্নলিখিত দুইটি কলি দৃষ্ট হয়; যথা,—

'নাগরি-বেশ দেখি হরষিত সখিগণ
কহ সভে বলিহারি যাই।
কোপে সুধামুখি চরণে লিখয়ে মহী
পীছে রহল তহিঁ যাই ॥
কাতর নয়নে নেহারই নাগর
সখি পদে অবনত কেল।
বংশী কহয়ে ইবে ধীর রহু মাধব
সব জন অনুমতি ভেল ॥'

এই কলি দুইটি পরিত্যাগ না করিলে পরবর্ত্তী নাগরী-বেশ-ধারণের পদটি অসমঞ্জস হইয়া পড়ে বলিয়াই, বোধ হয়, বৈষ্ণবদাস উহা পরিত্যাগ করিয়াছেন; সুতরাং আমরাও উহা মূলে সন্নিবেশিত না করিয়া পাঠান্তর স্থলে মুদ্রিত করিলাম।

মঙ্গল।[১]

পাটাম্বর[২] পরি অভিনব নাগরি
ঐছন[৩] কয়ল পয়ান।
শির[৪] পর সিথি করি কাম-সিন্দুর পরি
লখই না পারই আন ॥
দেখ সখি অদভুত রঙ্গ।
রসিক-শিরোমণি রমণি-বেশ ধরি
আওত দোতিক[৫] সঙ্গ ॥ ধ্রু ॥
আগু পদ বাম বাম গতি ধাবই[৬]
মোহিনি চাহনি[৭] বামা।
ভানুসুতা পাশে[৮] উপনিত ভেলহিঁ
শ্যামা পেখল রামা[৯] ॥
মণিময় কঙ্কণ দুই ভুজে শোভই
শঙ্খ শোহই[১০] তছু[১১] মাঝ।
এহেন চাতুরি[১২] কবহুঁ না[১৩] পেখলুঁ
এ মহি-মণ্ডল মাঝ ॥
অরুণ-কিরণ শ্যামা পদতলে পেখলুঁ
তেঞি করিয়ে[১৪] অনুমান।
বংশীবদন কহ রাইক নিকটহি[১৫]
ঐছন[১৬] করল পয়ান ॥৮॥৫৪৪॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২১।২৯ সংখ্যক পদ। 'মঙ্গল' স্থলে 'ধানশী' প-র।

২। 'পাটাম্বর' স্থলে 'পটাম্বর' ক, গ, চ; 'পট্টাম্বর' প-র।

৩। 'ঐছন' স্থলে 'বৈছন' খ, ঘ; 'য়ৈছন' প-র।

৪। 'শির' স্থলে 'শিরে' প-র।

৫। 'দোতিক' স্থলে 'দূতিক' প-র পুথি।

৬। 'আগু পদ' ইত্যাদি পংক্তি স্থলে 'আগে আগে পদ বামাগতি মোহিনি' প-র।

৭। 'মোহিনি চাহনি' স্থলে 'চাহনি মোহিনি' প-র পুথি।

৮। 'পাশে' স্থলে 'তটে' প-র পুথি।

৯। 'শ্যামা পেখল রামা' প-র স্থলে 'শ্যামই পেখল রামা' ক, গ; 'শ্যামা উপেখল রামা' খ, ঘ, চ পুথি।

১০। 'শোহই' স্থলে 'শোভই' ক, গ, চ, প-র।

১১। 'তছু' স্থলে 'দুহুঁ' প-র পুথি।

১২। 'চাতুরি' স্থলে 'চাতুরীপন' ক, গ, চ; 'চাতুরি পুন' খ, ঘ।

১৩। 'কবহুঁ না' স্থলে 'কভু নাহি' প-র।

১৪। 'তেঞি করিয়ে' স্থলে 'দেখি কয়ল' প-র।

১৫। 'বংশীবদন কহ' ইত্যাদি স্থলে 'বংশীবদন কহই রাই নিকটহি' ক, গ; 'বংশীবদন কহই

রাই নীকটে' ঘ, চ ; 'গোবিন্দদাস কতই ধনি পাশহি' প-র পুথি।

১৬। 'ঐছন' স্থলে 'নাগর' প-র পুথি।

ধানশী।

নাগরি-বেশ হেরি হরষিত সহচরি
করে ধরি আদর কেল।
কোপে কমল-মুখি চরণে লিখয়ে[১] সখী
তাক সমুখ লই[২] গেল ॥
সুন্দরি হেরহ ইহ[৩] নব রামা।
মাথুর[৪] নগরক ইহ নব-রঙ্গিণি
তোহে মিলব ইহ শ্যামা ॥
ঐছন বচন শুনি বিমল-বয়নি ধনি
বাহু পসারি করু কোর।
পরশহি[৫] জানল রসিক-শিরোমণি
কো কহ[৬] কৌতুক ওর[৭] ॥
টুটল মান আন মনে বৈঠল
সহচরি মুখ হেরি হাস।
অমল কমল-মুখ হেরইতে বংশীক[৮]
পুরল মরম অভিলাষ ॥৯॥৫৪৫॥

পাঠান্তর

১। 'লিখয়ে' স্থলে 'ঠেলয়ে' ক ; 'লিখিয়ে' খ ; 'লেখয়ে' গ পুথি।

২। 'সমুখ লই' স্থলে 'সমুখে লই' ক—গ ; 'সমুখ লেই' ঘ, চ।

৩। 'ইহ' স্থলে 'এ' ক পুথি।

৪। 'মাথুর' স্থলে 'মথুরা' খ, ঘ।

৫। 'পরশহি' স্থলে 'পরশেহি' ক পুথি।

৬। 'কহ' স্থলে 'কহু' ক, গ ; 'কহুঁ' চ।

৭। 'ওর' স্থলে 'মোর' ঘ।

৮। 'বংশীক' স্থলে 'রসিককো' ক।

বরাড়ী।

সুমুখী[১]-চরণে চিকণ কালার
বরণ কেন বা দেখি।
সখীর বচনে ঈষত হাসিয়া
নেহারে কমল-মুখী ॥
কনক-মুকুর জিনিয়া চরণ
মুখানি রসের কূপ।
তাহার মাঝারে পশিয়া পেখলুঁ[২]
পরাণ-নাথের রূপ ॥
আপনা আপনি[৩] বয়ান হেরিয়া
ধরিতে না পারে হিয়া।
এ রস[৪] পাসরি[৫] রসিক নাগর
কেমতে[৬] আছয়ে জীয়া ॥
কহিতে কহিতে রসের আবেশে
নাগরী নাগর ভেল।
বংশী কহয়ে বুঝিয়া বিশাখা
নাগরী আনিয়া দেল ॥১০॥৫৪৬॥

পাঠান্তর

১। 'সুমুখী' স্থলে 'সুমুখি' ঘ, চ।

২। 'পেখলুঁ' স্থলে 'দেখিনু' খ, ঘ।

৩। 'আপনি' স্থলে 'আপুনি' চ।

৪। 'এ রস' স্থলে 'ও রস' খ।

৫। 'পাসরি' স্থলে 'পরসি' চ।

৬। 'কেমতে' স্থলে 'কেমনে' ঘ।

টীকা

১৩—১৬। "কহিতে" ইত্যাদি। (পূর্ব্বোক্ত বাক্য) বলিতে বলিতে নায়িকা-শিরোমণি শ্রীরাধা নায়ক (শ্রীকৃষ্ণ) হইলেন অর্থাৎ শ্রীকৃষ্ণের চিন্তায় তন্ময়তাবশতঃ নিজকে শ্রীকৃষ্ণ জ্ঞান করিতে লাগিলেন। পদকর্ত্তা বংশী বলিতেছেন,—(মর্ম্মজ্ঞা সখী) বিশাখা (শ্রীরাধার মনের ভাব) বুঝিতে পারিয়া নাগরী অর্থাৎ নাগরী-বেশ-ধারী শ্রীকৃষ্ণকে আনিয়া দিলেন।

তথা রাগ ।[১]

মুখ যব মাজল রসিক মুরারি ।
সুন্দরি রহলি করহি কর বারি ॥
প্রেম সবহুঁ গুণ তুহুঁ[২] করি নেল ।
মূদল[৩] নয়ন যুগল কর দেল ॥
করে কর বারিতে উপজল হাস ।
তুহুঁ পুলকায়িত[৪] গদগদ ভাষ ॥
গুরুয়া কোপ তিরোহিত ভেল[৫] ।
নাগর তবহুঁ কোর পর নেল ॥১১॥৫৪৭॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২১৬৯ সংখ্যক পদ। 'তথা রাগ' স্থলে 'ধানশ্রী' প-র।

২। 'তুহুঁ' স্থলে 'হরি' প-র।

৩। 'মূদল' স্থলে 'মুদল' ক—গ, ঘ; 'মুদল' প-র।

৪। 'পুলকায়িত' স্থলে 'পুলকাইত' খ, ঘ; 'পুলকহত' প-র।

৫। 'গুরুয়া কোপ ইত্যাদি পংক্তিদ্বয়ের পরিবর্ত্তে প-র পুথির পাঠ যথা,—

'গুরুয়া কোপ যব হৃদি মাহা জানি।
মানিনি-চরণে পসারল পাণি॥'

টীকা

১—৪। "মুখ" ইত্যাদি। (শ্রীরাধা কৃষ্ণ-তন্ময়তা হেতু জগৎ কৃষ্ণময় দেখিতেছেন,, এমন সময়ে) নাগরী-বেশ-ধারী রসিক-শিরোমণি শ্রীকৃষ্ণ যখন শ্রীরাধার মুখ-মার্জ্জন অর্থাৎ করতল দ্বারা বদন স্পর্শ করিলেন, (তখন মানাবশেষ এবং স্ত্রী-সুলভ লজ্জা হেতু) শ্রীরাধা (নিজের) হস্ত দ্বারা (শ্রীকৃষ্ণের) হস্তকে অবরোধ করিয়া অবস্থিতি করিলেন। প্রেমহেতু উভয়ে (উভয়ের) সকল (আচরণ) গুণ করিয়া লইলেন; (শ্রীকৃষ্ণ) শ্রীরাধার (রসানুভবের আতিশয্যে) মুদ্রিত নেত্রে (কৌতুক করার জন্ম) যুগল কর অর্পণ করিলেন।

তেতা বর্ষা-সময়োচিত-বাসকসজ্জায়াং
শ্রীকৃষ্ণস্য বিলম্বিতাম্মানঃ।

ভূপালী।

তুহুঁ রহ গরবিনি বাসক গেহ ।
সো ভিগি আওল শাঙন মেহ ॥
তুহুঁ শূতলি[১] সুখময় পরিযঙ্ক ।
সো তরি আওল পাঁতর পঙ্ক[২] ॥
এ ধনি দূর কর অসময়-মান ।
পুণ-ফলে মীলল[৩] রসময় কান ॥
ঝলকত[৪] দামিনি যামিনি ঘোর[৫] ।
কামিনি কি তেজই কান্তুক কোর ॥
ঘন ঘন-গরজন অম্বর মাহ ।
বরজত কোনে এ হেন বর-নাহ ॥
এতহুঁ কহত যব গতি মতি বাম ।
না জানিয়ে কোই আরাধলি[৬] কাম ॥
গোবিন্দদাস দেখব[৭] তব সাঁচ ।
কাকর অজনে কো পুন নাচ ॥১২॥৫৪৮॥

পাঠান্তর

১। 'শূতলি' স্থলে 'শুতলি' খ, গ, চ।

২। 'পঙ্ক' স্থলে 'পহু' ক, গ।

৩। 'মীলল' স্থলে 'মিলল' ক—গ; 'মীলব' চ পুথি।

৪। 'ঝলকত' স্থলে 'ঝলকল' ক পুথি।

৫। 'ঘোর' স্থলে 'খোর' গ, চ।

৬। 'আরাধলি' স্থলে 'আরাধল' ক; 'আরাধবি' গ পুথি।

৭। 'দেখব' স্থলে 'দেখত' ক পুথি।

টীকা

৯—১০। "ঘন" ইত্যাদি। আকাশের মাঝে ঘন-ঘন মেঘ-গর্জ্জন (হইতেছে); (এরূপ সময়ে) কে (নায়িকা) শ্রেষ্ঠ নাথকে বর্জ্জন করিতে পারে?

১১—১২। "এতহুঁ" ইত্যাদি। এত (কথা) কহিলেও যখন (তোমার) কার্য্য ও বুদ্ধি বিপরীত (দেখিতেছি), (তখন বিবেচনা হয়) না জানি, কে (সৌভাগ্যবতী নায়িকা) কন্দর্পকে আরাধনা করিয়াছে অর্থাৎ কন্দর্পকে আরাধনা দ্বারা পরিতুষ্ট করায় কন্দর্প তাঁহাকে শ্রীকৃষ্ণের প্রেমলাভরূপ সর্ব্বোৎকৃষ্ট বর প্রদান করিয়াছেন এবং সেই বর সফল হইবে বলিয়াই তোমার প্রতি শ্রীকৃষ্ণের বিরাগজনক তোমার এই দুর্জ্জয় মান উপস্থিত হইয়াছে।

১৩—১৪। "গোবিন্দদাস" ইত্যাদি। (সেই সৌভাগ্যবতী নায়িকার সাধনা যখন সফল হইবে), গোবিন্দদাস তখন সত্য দেখিতে পাইবেন—কাহার আঙ্গিনায় কে নাচে! অর্থাৎ এখন যেরূপ শ্রীকৃষ্ণ তোমার আঙ্গিনায় আসিয়া তোমার মানভঞ্জনের জন্য নৃত্যের ন্যায় নানা অঙ্গ-ভঙ্গী সহকারে উঠা-বসা করিতেছেন, তখন তাঁহার আঙ্গিনায় যাইয়া তোমায় সখীবৃন্দকেও শ্রীকৃষ্ণের মনোরঞ্জনের জন্য সেইরূপ করিতে হইবে।

কেদার।

শুন শুন গুণবতি রাধে।
পরিচয় পরিহর কোন্ অপরাধে॥
গগনে উগয়ে[১] কত তারা।
চাঁদ আনহি অবতারা॥
আন কি কহবি[২] বিশেখি।
লাখ লখিমি-চয় লেখি না লেখি॥
শুনি ধনি-মন-হৃদি ঝুর।
তবহিঁ মনহিঁ মন পূর॥
বিদ্যাপতি কহে মীলন ভেল।
শুনইতে ধন্দ সবহিঁ[৩] ভৈ গেল॥১৩॥৫৪৯॥

ইতি ঊনবিংশতি-পল্লবঃ।

পাঠান্তর

১। 'উগয়ে' স্থলে 'উঠয়ে' খ; 'উদয়' গ; 'উদয়ে' ঘ পুথি।

২। 'আন কি কহবি' স্থলে 'আপনকি কহব' ক; 'আন কি কহব' গ, চ।

৩। 'সবহি' স্থলে 'অবহুঁ' ঘ; 'অবহিঁ' চ।

টীকা

১—২। "শুন শুন" ইত্যাদি। হে গুণবতি শ্রীরাধে! তুমি (মন দিয়া) আমার কথা শ্রবণ কর; তুমি (শ্রীকৃষ্ণের) কি অপরাধ হেতু (তাঁহার সহিত) আলাপ (পর্য্যন্ত) পরিত্যাগ করিতেছ?

৩—৪। "গগনে" ইত্যাদি। গগনে কত কত নক্ষত্র উদিত হয়, (কিন্তু) চন্দ্র অন্য অবতার অর্থাৎ গগনে লক্ষ লক্ষ নক্ষত্র উদিত হইয়াও রজনীর অন্ধকার বিদূরিত করিতে পারে না, কিন্তু একমাত্র চন্দ্র গগনে অবতীর্ণ হইলে নিখিল অন্ধকার বিনষ্ট হয়; সুতরাং চন্দ্রের অবতরণ স্বতন্ত্র, সন্দেহ নাই।

৫—৬। "আন" ইত্যাদি। অন্য আর কি বিশেষ করিয়া বলিব? (শ্রীকৃষ্ণের প্রেম-গর্ব্বিতা আমরা) লক্ষ লক্ষ লক্ষ্মীদিগকে গণ্য করিয়াও করিও না। (ব্রজাঙ্গনাগণ বেদ-বিধি উল্লঙ্ঘন পূর্ব্বক ঐকান্তিক অনুরাগে ব্রজেন্দ্র-নন্দন শ্রীকৃষ্ণকে ভজন করিয়া প্রেমের যে পরাকাষ্ঠা লাভ করিয়াছেন, তাহা বৈকুণ্ঠ-বাসিনী বিষ্ণু-প্রিয়া লক্ষ্মীরও দুর্লভ বটে; সুতরাং সখীর এই গর্ব্বোক্তি অমূলক নহে)।

৭—৮। "শুনি" ইত্যাদি। (সখীর পূর্ব্বোক্ত সারগর্ভ বাক্য) শুনিয়া শ্রীরাধার মন-প্রাণ কান্দিতে লাগিল; তখন (শ্রীকৃষ্ণের) মনে মন-স্কামনা পূর্ণ হইল।

৯—১০। "বিদ্যাপতি" ইত্যাদি। বিদ্যাপতি বলিতেছেন,—(শ্রীরাধাকৃষ্ণের) মিলন হইল; (এই বিবরণ) শুনিয়া সকলেই (বিস্ময়ে) স্তব্ধ হইয়া গেল।

পুনশ্চ মানঃ ।

ধানশী।

এ সখি মঝু বোলে কর অবধান ।
রাই দরশ[১] বিনে না রহে পরাণ ॥
তুহুঁ অতি চতুরিণি কি কহব হাম ।
ঐছে করহ যৈছে[২] সিধি[৩] হয়ে কাম ॥
বহুত যতন করি বুঝায়বি তায় ।
নহে পরবোধবি ধরি তছু[৪] পায় ॥
ইথে যদি তুয়া বোল না শুনই[৫] রাই ।
ইহ কেশ তৃণ দিয়া পড়বি লোটাই ॥
সো রঙ্গিণি যদি তেজই মান ।
নিচয়ে জানিহ[৬] তুয়া অনুগত[৭] কান ॥
বংশীবদনে কহ পূরব আশ ।
চলল দোতি তব রাইক পাশ ॥১॥৫৫০॥

পাঠান্তর

১। 'দরশ' স্থলে 'দরশন' গ, চ।
২। 'যৈছে' স্থলে 'যাতে' ক পুথি।
৩। 'সিধি' স্থলে 'সিদ্ধি' ক, গ।
৪। 'তছু' স্থলে 'তার' ঘ।
৫। 'শুনই' স্থলে 'শুনয়ে' খ, ঘ।
৬। 'জানিহ' স্থলে 'জানিব' ক; 'জানিবি' গ; 'জানিয়' চ।
৭। 'অনুগত' স্থলে 'অনুচর' খ, ঘ পুথি।

টীকা

৯—১০। "সো" ইত্যাদি। যদি (তোমার যত্নে) সেই বিলাসিনী শ্রীরাধা মান পরিত্যাগ করে, তবে নিশ্চিত জানিও, শ্রীকৃষ্ণ তোমার অনুগত হইবে।

কামোদ।

কানু প্রবোধ করি আয়ল সহচরি
মীলল[১] রাইক পাশ।
কহতহিঁ চাতুরি- বচন সুমাধুরি
তাহে মিশাইয়া হাস ॥
মানিনি অবনত বদনহি লীখত[২]
ইহ মহি-মণ্ডল মাঝ।
ইতি উতি সহচরি রহে নিশবদ করি
সবহুঁ বিছুরল[৩] কাজ ॥
দোতি কহয়ে ধনি কাহে ভেলি[৪] মানিনি
তোহারি সে নাগর-রাজ।
বিষম-কুসুম-শরে সো ভেল জর জর
লুঠই[৫] নিকুঞ্জক মাঝ ॥
অনেক যতন করি মোহে পাঠায়ল হরি
জিউ রাখে তুয়া আশোয়াসে[৬]।
বংশীবদন কহ হামারি বচন রাখ
মীলহ কানুক পাশে ॥২॥৫৫১॥

পাঠান্তর

১। 'মীলল' স্থলে 'মিলল' ক—গ, চ পুথি।
২। 'লীখত' স্থলে 'লিখত' ক—গ।
৩। 'বিছুরল' স্থলে 'বিছুরল' ক—গ, চ।
৪। 'ভেলি' স্থলে 'ভেল' ক পুথি।
৫। 'লুঠই' স্থলে 'লুটই' ক—গ।
৬। 'জিউ রাখে' ইত্যাদি স্থলে 'জীউ রাখয়ে তুয়া আশে' ক।

শ্রীরাগ।

মানিনি ছুর[১] কর দারুণ মানে[২]।
তুয়া বিনে মোহন চীত-পুতলি সম
তেজল ভোজন-পানে ॥

কোমল অমল শেজ কুসুম-দল
তুয়া বিনু তেজল শয়নে[৩]।
গন্ধ-চতুঃসম অঙ্গ-বিলেপন[৪]
তেজল তাম্বুল বয়নে[৫] ॥
কত কত যুবতি- যূথ-শত সেবই
তাহে যে বোধ না মানে।
সো তুয়া লাগি অব সতত উত্তাপিত[৬]
মুন্দি[৭] রহত দুই নয়ানে ॥
এ ধনি রমণি- শিরোমণি মানিনি
কিয়ে তুয়া মানক[৮] কাঁতি।
রায় বসন্ত কত তোঁহে[৯] বুঝায়ব
নাহ দেখিলুঁ এক ভাতি ॥৩॥৫৫২॥[১০]

পাঠান্তর

১। 'দুর' স্থলে 'দূর' ক—গ, চ।

২। 'দারুণ মানে' স্থলে 'মানে' ক, খ।

৩। 'শয়নে' স্থলে 'শয়ানে' ক, গ।

৪। 'অঙ্গ-বিলেপন' স্থলে 'অঙ্গে বিলেপন' ক, খ।

৫। 'বয়নে' স্থলে 'বয়ানে' ক, গ পুথি।

৬। 'সো তুয়া' ইত্যাদি পংক্তির স্থলে 'সো তুয়া লাগি অবশ উত্তাপিত' খ; 'সো তুয়া লাগি অবশ উতাপত্তি' চ।

৭। 'মুন্দি' স্থলে 'মুদি' ক—গ; 'মুন্দি' চ।

৮। 'মানক' স্থলে 'মাণিক' ক পুথি।

৯। 'কত তোঁহে' স্থলে 'তোহে কতয়ে' ঘ।

১০। অতঃপর খ পুথিতে 'কামিনি কানু কহল কত মোয়' ইত্যাদি ৫৭৪ সংখ্যক পদটি সন্নিবেশিত হইয়াছে।

টীকা

১২—১৫। "এ ধনি" ইত্যাদি। হে ধন্তে রমণী-শিরোমণি মানিনি শ্রীরাধে! তোমার মানের (ইহা) কিরূপ ভঙ্গী? রায় বসন্ত তোমাকে কত বুঝাইবে; তোমার নাথ (শ্রীকৃষ্ণকে) এক-ভাবেই দেখিলাম অর্থাৎ অস্থিরপ্রকৃতি তোমার মানসিক ভাবের নানারূপ পরিবর্ত্তন হইলেও ধীর-স্বভাব শ্রীকৃষ্ণের ভাবের কোন পরিবর্ত্তন দেখিলাম না অর্থাৎ তিনি তোমার প্রতি পূর্ব্ববৎ অনুরক্ত রহিয়াছেন। তুলনা করুন,—

"উদেতি সবিতা তাম্রস্তাম্র এবাস্তমেতি চ।
সম্পত্তৌ চ বিপত্তৌ চ মহতামেকরূপতা ॥"
—কাব্যপ্রকাশ-ধৃত প্রাচীন শ্লোক।

তথা রাগ।[১]

পদুমিনি পুন পরবোধহু[২] তোয়।
পীতাম্বর পদ- পঙ্কজ পরিহরি
পামরি[৩] পাঁতরে রোয় ॥ ধ্রু ॥
পুছইতে পহিলে পাণি পালটায়সি[৪]
পরিজন পর করি মান।
পিয়-পরিবাদ পরশি[৫] পরিহারসি,
পূরে পাহুন[৬] পাঁচবাণ ॥
পিরিতিক পাঁতি পাঠে[৭] পরিহাসসি
পহুঁ-পরণতি নাহি মান।
পাহুন-পুতলি[৮] পরখি পয়ে পেখলুঁ[৯]
পর-পীড়ন নাহি জান ॥
পুরুষোত্তমক প্রেম-পরিরম্ভন
পুণবতি পাবই[১০] কোই।
প্রাণ-পিয়ারি[১১] পদবি পরিপালহ[১২]
গোবিন্দদাস কহ তোই ॥৪॥৫৫৩॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২১।১৭ সংখ্যক পদ। 'তথা রাগ' স্থলে 'ধানশীরাগেণ গীয়তে। দশকোশী তাল যথা।' ঘ; 'বড়ারি' প-র।

২। 'পরবোধহু' স্থলে 'পরবোধহুঁ' ক—গ, চ; 'পরবোধউ' প-র।

৩। 'পামরি' স্থলে 'কামিনি' ক পুথি। ইহা অনুপ্রাসের পদ; 'পামরি' পাঠ ব্যতীত অনুপ্রাস ও তাৎপর্য্য রক্ষিত হয় না।

৪। 'পালটায়সি' প-র স্থলে 'উলটায়সি' ক—চ। উভয় শব্দ একার্থক হইলেও অনুপ্রাস-রক্ষার জন্য 'পালটায়সি' পাঠই সমীচীন।

৫। 'পরিবাদ পরশি' স্থলে 'পরিবাদে পরশি' খ; 'পরিবাদে পরসি' প-র।

৬। 'পাহুন' স্থলে 'পাইনু' ক; 'পাওল' প-র।

৭। 'পাঠে' স্থলে 'পাটে' খ; 'পঠত' প-র।

৮। সকল পুথিতে 'পাহুন পুতলি' পাঠ থাকিলেও উহার কোন সদর্থ বোধ-গম্য হইল না। 'পাহন-পুতলি' পাঠ ধরিলে 'পাহন' শব্দের 'পাষাণ' অর্থ ধরিয়া একরূপ অর্থ করা যাইতে পারে। আমরা সেই অর্থ টীকায় দেখাইয়াছি, কিন্তু উপযুক্ত প্রমাণ অভাবে মূলের পাঠ-পরিবর্ত্তন করি নাই।

৯। 'পেখনু' স্থলে 'পেখল' খ, ঘ; 'পেখলো' প-র।

১০। 'পাবই' স্থলে 'পাওই' ক।

১১। 'পিয়ারি' স্থলে 'পেয়ারি' ঘ, চ।

১২। 'পরিপালহ' স্থলে 'পরিপাহল' ক, গ; 'পরিপালই' চ, প-র।

টীকা

১—৩। "পদুমিনি" ইত্যাদি। হে পদ্মিনি শ্রীরাধে! তোমাকে পুনরায় প্রবোধ দিতেছি; পীতাম্বর শ্রীকৃষ্ণের পাদ-পদ্ম পরিত্যাগ করিয়া পামরী নায়িকা প্রান্তরে রোদন করে অর্থাৎ যে অধমা নায়িকা (লক্ষ্মীর চির-বাঞ্ছিত) শ্রীকৃষ্ণের পাদ-পদ্ম পরিত্যাগ করে, তাহার অরণ্যে রোদন ঘটিয়া থাকে।

৪—৭। "পুছইতে" ইত্যাদি। (মানের কারণ) জিজ্ঞাসা করিলে, প্রথমে হস্ত উল্টাইতেছ অর্থাৎ ঔদাসীন্য প্রকাশ করিয়া সখীদিগের প্রশ্নের উত্তর দিতেছ না; (সুতরাং) পরিজনবর্গকে পর বলিয়া মনে করিতেছ; প্রিয়তমের কলঙ্ক-কাহিনী স্পর্শ করিয়া অর্থাৎ উহা কর্ণ-গোচর হওয়া মাত্র উহার সত্যতা অনুসন্ধান না করিয়া তাঁহাকে পরিত্যাগ করিতেছ; পঞ্চবাণ কন্দর্প পূর্ণ প্রবাসী হইতেছে অর্থাৎ তুমি তোমার আচরণে কন্দর্পকে সম্পূর্ণ দেশান্তরিত করিতেছ।

৮—১১। "পিরিতিক" ইত্যাদি। প্রেমের পত্র পাঠ করিয়াই উহাকে উপহাস করিতেছ; প্রাণ-নাথের প্রণতি গ্রাহ্য করিতেছ না; (তুমি প্রস্তর-মূর্ত্তির ন্যায় নিশ্চল-ভাবে রহিয়াছ;) প্রস্তর-মূর্ত্তিকে পরীক্ষা করিয়া দেখিয়াছি—(সে) পর-পীড়ন জানে না; (তুমি প্রস্তর-মূর্ত্তিবৎ হইয়াও কেন প্রিয়তমকে জ্বালাতন করিতেছ?)।

১২—১৫। "পুরুষোত্তমক" ইত্যাদি। কোন (অনির্ব্বচনীয়) পুণ্যবতী নায়িকাই পুরুষ-শ্রেষ্ঠ শ্রীকৃষ্ণের প্রেমালিঙ্গন প্রাপ্ত হয়; গোবিন্দদাস তোমাকে বলিতেছেন,—তুমি শ্রীকৃষ্ণের 'প্রাণ-প্রিয়া' এই পদবী রক্ষা কর অর্থাৎ শ্রীকৃষ্ণের 'প্রাণ-প্রিয়া' বলিয়া তোমার যে সুখ্যাতি আছে, তাহা নষ্ট করিও না।

ধানশী।

না বোল না বোল কানুর বোল
ও কথা নাহিক মানি।
বিষম কপট তাহার প্রেম
ভালে ভালে[১] হাম জানি॥
নিকুঞ্জ-কাননে সঙ্কেত করিয়া
তাহাঁ জাগাইল[২] মোরে।
আন ধনি সনে সে নিশি বঞ্চিয়া
বিহানে মিলল দূরে॥
সিন্দূর কাজর সব অঙ্গ পর[৩]
কপটে মিনতি কেল।
ছল করি শির- সিন্দূর কাজর
আমার[৪] চরণে দেল॥

শতগুণ হিয়া আনল জ্বালিল[৫]
চলিয়া আইলুঁ বাস।
এ হেন শঠের বদন না হের[৬]
কহয়ে অনন্তদাস ॥৫॥৫৫৪॥

পাঠান্তর

১। 'ভালে ভালে' স্থলে 'ভাল ভাল' খ।
২। 'জাগাইল' স্থলে 'জাগাইলে' ঘ।
৩। 'অঙ্গ পর' স্থলে 'অঙ্গে পর' ঘ, চ।
৪। 'আমার' স্থলে 'আমারো' চ।
৫। 'আনল জ্বালিল' স্থলে 'আনলে জ্বালল' ক; 'আনল জলিল' ঘ; 'আনল জালিল' চ।
৬। 'হের' স্থলে 'হেরি' ক।

তিরোথা।

দোতিক বচন না শূনল রাই।
আপন মনহি বিচারল তাই ॥
কামুক তৃণ কেশ ধরু তছু আগে।
তবহুঁ[১] সুধামুখি নহ অনুরাগে ॥
কত কত বিনতি[২] করিয়া কহ বাণী।
মানিনি-চরণে পসারল পাণি ॥
সুন্দরি দুর কর অসময় মান।
ইহ সুখ-সময়ে মিলহ বর-কান ॥
তেজিয়া নাগর ও সুখ-পুঞ্জে;
তুয়া লাগি লুঠই[৩] কেলি-নিকুঞ্জে ॥
ক্ষেম[৪] অপরাধ চলহ সোই ঠাম।
ইহ সুখ জানি সময় অনুপাম[৫] ॥৬॥৫৫৫॥

পাঠান্তর

১। 'তবহুঁ' স্থলে 'তবহিঁ' ক—গ পুথি।
২। 'বিনতি' স্থলে 'মিনতি' ক, গ পুথি।
৩। 'লুঠই' স্থলে 'লুঠয়ে' খ, ঘ পুথি।
৪। 'ক্ষেম' স্থলে 'ক্ষম' ক—গ; 'খেম' চ।
৫। 'অনুপাম' স্থলে 'অনুমান' ক।

কল্যাণী অথবা বরাড়ী।

তাল-ত্রয়েণ।

বিরচিত-চাটু-বচন-রচনং চরণে রচিত-
প্রণিপাতম্।
সম্প্রতি মঞ্জুল-বঞ্জুল-সীমনি কেলি-শয়ন-
মনুযাতম্[১] ॥
মুগ্ধে মধু-মথনমনুগতমনুসর রাধিকে ॥ ধ্রু ॥
ঘন-জঘন-স্তন-ভার-ভরে দর-মন্থর-চরণ-বিহারম্
মুখরিত-মণি-মঞ্জীরমুপৈহি বিধেহি
মরাল-নিকারম্[২] ॥
শৃণু রমণীয়তরং তরুণী-জন-মোহন-
মধুরিপু-রাবম্।
কুসুম-শরাসন-শাসন-বন্দিনি পিক-নিকরে
ভজ ভাবম্ ॥
অনিল-তরল-কিশলয়-নিকরেণ করেণ লতা-
নিকুরম্বম্।
প্রেরণমিব করভোরু করোতি গতিং প্রতি-
মুঞ্চ বিলম্বম্ ॥
স্ফুরিতমনঙ্গ-তরঙ্গ-বশাদিব[৩] সূচিত-হরি-
পরিরম্ভম্।
পৃচ্ছ মনোহর-হার-বিমল-জল-ধারমমুং
কুচ-কুম্ভম্ ॥
অধিগতমখিল-সখীভিরিদং তব বপুরপি রতি-
রণ-সজ্জম্।
চণ্ডি রণিত-রসনা-রব-[৪]ডিণ্ডিমমভিসর
সরসমলজ্জম্ ॥
স্মর-শর-সুভগ-নখেন করেণ সখীমবলম্ব্য[৫]
সলীলম্।
চল বলয়-কণিতৈরববোধয় হরিমপি নিজ-
গতি-শীলম্ ॥

শ্রীজয়দেব-ভণিত মধরীকৃত-হারমুদাসিত-

বামম্৬ ।

হরি-বিনিহিত-মনসামধিতিষ্ঠতু কণ্ঠ-তটী-

মবিরামম্ ॥৭॥৫৫৬॥

পাঠান্তর

১। 'শয়নমনুযাতম্' স্থলে 'শয়নমুপযাতং' ক, গ।

২। 'নিকারম্' স্থলে 'বিকারং' ক, খ, ঘ, চ।

৩। 'বশাদিব' স্থলে 'রসাদিব' ক, গ, ঘ।

৪। 'রব' স্থলে 'বর' ক—গ।

৫। 'করেণ সখীমবলম্ব্য' স্থলে 'সখীমবলম্ব্য করেণ' ঘ, চ পুথি।

৬। 'বামম্' স্থলে 'রামং' ক—গ, ঘ।

টীকা ও অনুবাদ

গীতগোবিন্দ সর্বত্র সুলভ বলিয়া টীকা ও অনুবাদ দেওয়া হইল না।

সুরট।১

সরস সুখময়　　　　সময় যামিনি

কানু কেলি-নিকুঞ্জ।

তো বিনু কিশলয়-　　　　শয়নে রোয়ত

যৈছে মধুকর গুঞ্জ॥

রোখ পরিহরি　　　　চলহ সুন্দরি

যাই২ হেরহ কান।

সময় কামদে　　　　কো৩ কলাবতি

কান্ত পর করু মান॥

তোহারি মূরতি-　　　　জোতি দশ দিশ

হেরি আকুল হোই।

সোই-গুণমণি　　　　রূপ৪ গুণি গুণি

গুমরি যামিনি রোই॥

এহেন দোতিক　　　　বচন শুনইতে

মান ভেল অবসান।

সবহুঁ সহচরি　　　　বদন নিরখই

তবহিঁ বেশ বনান॥৮॥৫৫৭॥

পাঠান্তর

১। 'সুরট' স্থলে 'সুরট্ট' ঘ, চ।

২। 'যাই' স্থলে 'যাহ' ক।

৩। 'কো' স্থলে 'কোন' খ, চ।

৪। 'রূপ' স্থলে 'এরূপ' ঘ, চ।

ভূপালী।

কতহুঁ যতন করি সাধল দোতি।

যৈছনে ধনি-চিত দরবিত হোতি॥

যোই নিকুঞ্জে বিষাদই১ কান।

তহিঁ ধনি ভামিনি কয়ল পয়ান॥

পদ দুই চারি চলই পুন থারি।

ধৈরজ চীত২ ধরই৩ নাহি পারি॥

মানিনি গর গর অন্তর থোর।

ঐছন৪ পাওল কুঞ্জকি ওর॥

যতনহি কানু-সমুখ নাহি গেল৫।

যৈছন পুরুব মুগধি৬ সম ভেল॥

সহচরিগণ তব করই বিষাদ।

কো বিহি ঘটায়ল ইহ পরমাদ॥

কত কত দোতি করই পরিহার।

প্রেমদাস কছু কহই না পার॥৯॥৫৫৮॥

পাঠান্তর

১। 'বিষাদই' স্থলে 'বিষাদয়ে' ঘ, চ।

২। 'চীত' স্থলে 'চিতহিঁ' খ।

৩। 'ধরই' স্থলে 'ধরহি' ক, গ।

৪। 'ঐছন' স্থলে 'ঐছনে' খ।

৫। 'কানু-সমুখ নাহি গেল' স্থলে 'কানুক

সমুখে না গেল' ক, গ; 'কানুক সমুখ না গেল' চ পুথি।

৬। 'পুরুব মুগধি' স্থলে 'পুরুখমুগধী' ক; 'পুরবমুগধী' গ।

টীকা

৯—১০। "যতনহি" ইত্যাদি। (সখীদিগের) যত্নেও (শ্রীরাধা) শ্রীকৃষ্ণের সম্মুখে যাইলেন না; যেমন পূর্ব্বে (ছিলেন), সেইরূপ (লজ্জাবতী) মুগ্ধা নায়িকার স্থায় হইলেন।

কানড়া কামোদ।[১]

মঞ্জুতর-কুঞ্জ-তল-কেলি-সদনে।
প্রবিশ রাধে মাধব-সমীপমিহ
বিলস রতি-রভস-হসিত-বদনে[২] ॥
নব-ভবদশোক-দল-শয়ন-সারে।
প্রবিশ রাধে মাধব-সমীপমিহ
বিলস কুচ-কলস-তরল-হারে ॥
কুসুম-চয়-রচিত-শুচি-বাস-গেহে[৩]।
প্রবিশ রাধে মাধব-সমীপমিহ
বিলস কুসুম-সুকুমার-দেহে ॥
চল-মলয়-বন-পবন-সুরভি-শীতে।
প্রবিশ রাধে মাধব-সমীপমিহ
বিলস রতি[৪]-বলিত-ললিত-গীতে ॥
বিতত-বহু-বল্লি-নব-পল্লব-ঘনে।
প্রবিশ রাধে মাধব-সমীপমিহ
বিলস চিরমলস-[৫]পীন-জঘনে ॥
মধু-মুদিত-মধুপ-কুল-কলিত-রাবে।
প্রবিশ রাধে মাধব-সমীপমিহ
বিলস মদন-রস-সরস[৬]-ভাবে ॥
মধুরতর-পিক-নিকর নিনদ-মুখরে।
প্রবিশ রাধে মাধব-সমীপমিহ
বিলস দশন-রুচি রুচির-শিখরে ॥
বিহিত-পদ্মাবতী-সুখ-সমাজে।
কুরু মুরারে মঙ্গল-শতানি
ভণতি জয়দেব-কবিরাজ-
রাজে ॥১০॥৫৫৯॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২১।৭২ সংখ্যক পদ। 'কানড়া কামোদ' স্থলে 'মল্লার' প-র পুথি।

২। প-র পুথিতে 'ইত্যাদি' শব্দ দ্বারা এই স্থলেই পদটি শেষ করিয়াছেন।

৩। 'গেহে' স্থলে 'গৃহে' ঘ।

৪। 'রতি' স্থলে 'রস' গ, ঘ, চ।

৫। 'চিরমলস' স্থলে 'রুচিরতর' চ।

৬। 'সরস' স্থলে 'রভস' খ, চ।

টীকা ও অনুবাদ

গীতগোবিন্দ সর্ব্বত্র সুলভ বলিয়া টীকা ও অনুবাদ দেওয়া হইল না।

কামোদ।

সহচরি-বচনে সমতি ভেলি মানিনি
নাহ নিকটে তব গেল।
মনরথ[১] কতহুঁ মনহি পরিপূরল
মনমথে[২] জর জর ভেল[৩] ॥
সুবদনি কুঞ্জে মিলল বরকান।
দারিদ ধন জনু খোই পুন পায়ল
নাগর ঐছন মান ॥ ধ্রু[৪] ॥
কত কত ভাব বিথারল অঙ্গহি
লোচন ছল ছল পানি।
কানুক বদন হেরি ধনি আকুল
কহতহিঁ গদ গদ বাণী ॥১১॥৫৬০॥

পাঠান্তর

১। 'মনরথ' স্থলে 'মনমথ' ক—গ।

২। 'মনমথে' স্থলে 'মনমথ' ক, গ, চ।

৩। এই স্থলে গ, ঘ, চ পুথিতে 'ধ্রু' চিহ্ন আছে।

৪। চ পুথিতে 'ধ্রু' নাই।

মাধব তোহে পিরিতি করু কোই।
সুকপট কঠিন হৃদয় তুয়া পুন পুন
কত পরবোধব তোই[১] ॥ ধ্রু ॥
আন সঙ্কেত আন সঞে মীলন
আন কহিতে কহ আনে[২]।
ঐছন চাতুরি শঠপন পুন পুন
মানিনি সহজে পরাণে[৩] ॥
হামারি মরম তুহুঁ ভালে ভাল জানসি
হাম নহ কামিনি নারী।
কাম-কলঙ্কিনি যব কহ দুরজনে
সো দুখ সহই না পারি ॥
প্রেম-অধিন হাম নিরমল প্রেমহি
মো সঞে করহ বিলাস।
কামিনি ঠাম হেরি পুন তেজব
প্রেমদাস অভিলাষ ॥১২॥৫৬১॥

পাঠান্তর

১। 'তোই' স্থলে 'তোয়' খ, ঘ।

২। 'আনে' স্থলে 'আন' খ, ঘ পুথি।

৩। 'মানিনি সহজে পরাণে' স্থলে 'মানিনি সহয়ে পরাণ' গ; 'কামিনী সহয়ে পরাণে' খ, ঘ; 'কামিনি সহজে পরাণ' চ পুথি। 'সহয়ে পরাণ' কিংবা 'সহয়ে পরাণে' পাঠে ভাল অর্থ হয় না; আমাদিগের বোধ হয়, 'সহজে' শব্দের 'জে' অক্ষরটি প্রাচীন কোন পুথিতে 'যে' লিখিত হওয়ায় তাহা হইতেই 'সহয়ে পরাণ' পাঠের উদ্ভব হইয়াছে।

টীকা

৪—৭। "আন" ইত্যাদি। (তোমার) অন্যের সহিত সঙ্কেত,—অন্যের সহিত মিলন (হয়) অর্থাৎ এক জনের সহিত সঙ্কেত করিয়া, তুমি আর একজনের সহিত মিলিত হও; অন্য কহিলে অন্য কহ অর্থাৎ (সঙ্গত) এক কথা বলিতে (অসঙ্গত) অন্য কথা বল; (তোমার) পুনঃ পুনঃ এরূপ চতুরতা এবং শঠতা; (সুতরাং) স্বভাবতই (আমার) হৃদয় মানযুক্ত হয়।

তুড়ী।

বিদলিত-সরসিজ-দল-চয়-শয়নে।
বারিত-সকল-সখী-জন-নয়নে ॥
বলতি[১] মনো মম সত্বররচনে।
পূরয় কামমিমং শশি-বদনে ॥ ধ্রু ॥
অভিনব-বিস-কিশলয়-চয়-বলয়ে।
মলয়জ-রস-পরিসেচিত-নিলয়ে ॥
সুখয়তু রুদ্রগজাধিপ-চিত্তম্।
রামানন্দ-রায়-কবি-ভণিতম্ ॥১৩॥৫৬২॥

পাঠান্তর

১। 'বলতি' স্থলে 'বলিত' ঘ পুথি।

টীকা

১—৮। "বিদলিতে"ত্যাদি। ব্যাখ্যাসৌকর্য্যার্থমাদৌ ধ্রুবপদং ব্যাখ্যায়তে। হে শশিবদনে চন্দ্রমুখি প্রিয়ে! ত্বং মমেমং কামমভিলাষং পূরয়। কিং তদিত্যাহ—মম মনঃ বিদলিতানাং অঙ্গসঙ্গেন বিমর্দ্দিতানাং সরসিজানাং পদ্মানাং দলচয়ৈঃ নির্ম্মিতং যৎ শয়নং শয়নীয়ং তত্র বলতি স্পৃহয়তি। পুনঃ কীদৃশে?—বারিতানি সকলসখীজনানাং নয়নানি যস্মাৎ তস্মিন্ রহসি স্থিতত্বাৎ সখীজনানামপ্যদৃষ্টে তস্মাৎ স্বচ্ছন্দ-ক্রীড়ারতসানুকূলে ইতি ভাবঃ। পুনঃ কীদৃশে?—সত্বরং রচনং যস্যেতি তাদৃশে সমুদ্রিক্ত-রসয়োর্নোঃ শয্যাদি-রচনা-কাল-হানেরক্ষমত্বাৎ। কুত্র তৎ? অভিনব-বিস-কিসলয়-চয়ানাং প্রত্যগ্রপদ্ম-পল্লবসমূহানাং বলয়ং মণ্ডলং যস্মিন্ তাদৃশে মলয়জ-রসেন চন্দনদ্রবেণ পরিসেচিতং যৎ

নিলয়ং কুঞ্জগৃহং তস্মিন্। রামানন্দ-রায়-কবি-রচিতং ইদং গীতং রুদ্রগজাধিপচিত্তং সুখয়তু।

অনুবাদ

১—৮। আমার চিত্ত (তোমার অঙ্গ-সঙ্গ হেতু) বিদলিত সরসিজ-দলসমূহে নির্ম্মিত ও নিখিল সখী জনের নয়নান্তরিত সত্বর-রচিত পুষ্প-শয্যার জন্য স্পৃহাযুক্ত হইয়াছে; হে শশিবদনে! তুমি আমার এই অভিলাষ পূর্ণ কর। কুঞ্জগৃহ চন্দন-রস-সিক্ত ও নবীন পদ্মপল্লবসমূহে পরিব্যাপ্ত হইয়াছে। রামানন্দ রায় কবির রচিত এই গীত (প্রতাপ)-রুদ্র গজপতির চিত্তে সুখ দান করুক।

রামানন্দ রায়ের এই পদটি তাঁহার রচিত 'জগন্নাথ-বল্লভ' নামক নাটকের ১ম অঙ্কে পূর্ব্বরাগ অবস্থায় সখীর প্রতি শ্রীরাধার উক্তিরূপে সন্নিবেশিত হইয়াছে,—সুতরাং সেখানে উহার অর্থ স্বতন্ত্র বুঝিতে হইবে। এ স্থলে ইহা শ্রীকৃষ্ণের উক্তি-রূপে সন্নিবেশিত হওয়ায় তদনুসারে ইহার টীকা ও অনুবাদ করা হইয়াছে।

কেদার।

কতহুঁ মিনতি করু কান।
মানিনি তেজল মান॥
ছল ছল লোচন-লোর।
কানু কয়ল ধনি কোর॥
বুঝল[১] হিয় অভিলাষ।
নিধুবন রচই বিলাস॥
চুম্বন করইতে কান।
বঙ্কিম ইষত বয়ান॥
কঞ্চুকে যব কর দেল।
মুকুল হৃদয় জনু[২] ভেল॥
নিবি পরশিতে কর কাঁপ।
নিরস কমলে অলি ঝাঁপ॥
ঐছে না পূরয়ে আশ।
নাগর গদ গদ ভাষ॥
ধনিক কষায়িত চীত[৩]।
সরস করয়ে প্রকটীত[৪]॥
পেশল মনহি অনঙ্গ।
জ্ঞান কহই ইহ সঙ্গ[৫]॥১৪॥৫৬৩॥

পাঠান্তর

১। 'বুঝল' স্থলে 'বুজল' ক—গ।
২। 'হৃদয় জনু' স্থলে 'হৃদয়ে তব' ক, গ, চ।
৩। 'চীত' স্থলে 'চিত' ক—গ পুথি।
৪। 'প্রকটীত' স্থলে 'প্রকটিত' ক—গ, চ।
৫। 'সঙ্গ' স্থলে 'রঙ্গ' ক—গ পুথি।

তথা রাগ।

গলে গলে লাগল হিয়ে হিয়ে এক।
বয়ানে বয়ান রহু[১] আরতি অনেক॥
মনে রহু মনসিজ শূতল শেজে।
নাহি পরকাশল থোরিহুঁ[২] লাজে॥
মণিময় দীপ উজোরল গেহ।
সুকুসুম-শেজহি ঝলমল দেহ॥
কোকিল কুহকত[৩] ভ্রমর ঝঙ্কার।
শারি শূক[৪] কত কপোত ফুকার॥
মলয়-পবন বহ মন্দ[৫] সুগন্ধ।
দ্বিজ-কুল-শবদ[৬] গীত-অনুবন্ধ॥
সুখময় মন্দির কালিন্দি-তীর।
শূতল দুহুঁ জন কুঞ্জ-কুটীর॥
সখিগণ হেরই ঝরকহিঁ ঝাঁকি[৭]।
আরতি অধিক তিপিত নহ[৮] আঁখি॥
কোই কোই সেবই শেজক পাশ।
জ্ঞানদাস কহ পূরল আশ॥১৫॥৫৬৪॥

ইত্যাদি সং[illegible]।

পাঠান্তর

১। 'রহু' স্থলে 'ভুহুঁ' ঘ; 'ভুই' চ।

২। 'খোরিহু' স্থলে 'খোরহি' ক, গ, চ।

৩। 'কুহকত' স্থলে 'কুহরত' ক—গ।

৪। 'শারি শূক' স্থলে 'শারী শুক' ক—গ; 'শারি শুক' চ।

৫। 'মন্দ' স্থলে 'গন্ধ' ক—গ, চ।

৬। 'শবদ' স্থলে 'সরদ' চ।

৭। 'ঝাঁকি' স্থলে 'ঝাঁপি' ক, গ, চ।

৮। 'তিপিত নহ' ঘ স্থলে 'তিরপিত আঁখি' ক—গ; 'তিরপিত নহ' খ; 'ত্রিপ্তি নহ' চ পুথি। ক, গ পুথির পাঠ বিরুদ্ধার্থক; খ ও চ পুথির পাঠ ছন্দোভঙ্গ-দোষ-দুষ্ট; কেবল ঘ পুথির পাঠই নির্দ্দোষ বটে।

টীকা

১৩—১৪। "সখিগণ" ইত্যাদি। সখীগণ গবাক্ষে চকিত দৃষ্টি-পাত করিয়া দেখিতেছেন; (তাঁহাদিগের) অতিশয় আগ্রহ; (সুতরাং) নয়ন (দেখিয়া) তৃপ্ত হইতেছে না।

অথ মানঃ প্রকারান্তরম্।

ভাটিয়ারি।

তরু পর রৈয়া শুক ফুক্কারিয়া
কহয়ে আপন স্বরে[১]।
কানুরে লইয়া চলিল ধাইয়া
পদ্মা সহচরী[২] ঘরে॥
শুকের বচন শুনি বিনোদিনী
অরুণ যুগল আঁখি।
অবনত-মুখে মন্দলিত[৩] স্বরে
কহে গদগদ ভাখি॥
পদ্মার সখীর সঙ্গতি সুন্দর
শ্যাম মধুকর-রাজ।
যৈছে রসবতী তৈছনে রসিক
মোর সনে নাহি কাজ॥
কাম-কলা-রসে কয়ল সরসে
জানয়ে কামের রীত।
কামুকী[৪] বুঝিয়া কামুক নাগর
তা সঞে কয়ল প্রীত॥
তুহুঁ যাই সখি এ সব বচন
কহবি কামুক পাশ।
শুনিতে তুরিতে নাহ নিয়ড়ে
চললি উদ্ধব দাস॥১৬॥২৬৫॥

পাঠান্তর

১। 'স্বরে' স্থলে 'সরে' ঘ, চ।

২। 'সহচরী' স্থলে 'সহচরি' ঘ, চ।

৩। 'মন্দলিত' স্থলে 'মুকুলিত' ক, ঘ, চ।

৪। 'কামুকী' স্থলে 'কামিনী' গ, ঘ, চ।

ধানশী।

সহচর লৈয়া যেখানে[১] বসিয়া
আছয়ে নাগর-রাজ।
দূতী দ্রুত-গতি যাইয়া নয়ন-
ইঙ্গিতে কহল কাজ॥
চতুর নাগর ধরি তার কর
নিরজনে চলি যাই[২]।
কি লাগি বিরস বদন তোহারি
বিবরি কহ বুঝাই॥
সখী কহে শুনি শুকের শবদ
আন সঞে তুয়া কাম।
সহজে মানিনী ভৈগেল দ্বিগুণি[৩]
না শুনে তোহারি নাম॥

এত শুনি হরি ব্যাজ পরিহরি
মিলল রাইক পাশ।
হেরি ভয়ে[৪] ভীত মানিনী-চরিত
কহয়ে[৫] উদ্ধবদাস ॥১৭॥৫৬৬॥

পাঠান্তর

১। 'যেখানে' স্থলে 'সেখানে' চ।
২। 'যাই' স্থলে 'যায়' খ; 'জায়ী' চ।
৩। 'ভৈগেল দ্বিগুণি' স্থলে 'ভৈগেও দ্বিগুণী' খ; 'ভৈগেল দিগুনি' ঘ।
৪। 'ভয়ে' স্থলে 'ভেল' ক, গ।
৫। 'কহয়ে' স্থলে 'ভণিত' খ, ঘ।

সুহই।

সুন্দরি দুরে[১] কর বিপরিত[২] রোষ।
বনচর পাখি- বচন শুনি মানিনি
না বিচারি গুণ কিয়ে দোষ ॥
যো যৈছে পাখিক[৩] পাঠ পঢ়ায়ত
তৈছন[৪] কহতহিঁ ভাখি।
কাহা সোই কাহা মুঞি কাহা বিলসন ভই
এ তুয়া সহচরি সাখী ॥
তুহুঁ যব মোহে ছোড়ি[৫] সুখ পাওবি
হাম নাহি ছোড়ব তোয়।
তুয়া পদ-নখ-মণি- হার হৃদয়ে ধরি
দিশি দিশি ফীরব[৬] রোয় ॥
এত শুনি মানিনি ঐছে কাতর বাণি
আকুল থেহ না পায়।
অভিমান পরিহরি বৈঠলি সুন্দরি
আধ নয়ানে মুখ চায় ॥
নাহ রসিকবর কোরে আগোরল
দুহুঁক নয়নে ঝরু বারি।
দুহুঁ করে দুহুঁক নয়ন-লোর মোছই[৭]
উদ্ধব দাস বলিহারি ॥১৮॥৫৬৭॥

ইতি শুক-মুখাৎ শ্রবণম্।

পাঠান্তর

১। 'দুরে' স্থলে 'দূরে' ক—গ।
২। 'বিপরিত' স্থলে 'বিপরীত' ক—গ।
৩। 'পাখিক' স্থলে 'পাখীক' ক, গ; ' খ পুথি।
৪। 'তৈছন' স্থলে 'তৈছনে' ক।
৫। 'ছোড়ি' স্থলে 'ছাড়ি' ঘ।
৬। 'ফীরব' স্থলে 'ফিরব' ক—গ।
৭। 'মোছই' স্থলে 'মুছই' ক—গ।

তেতা বংশী-ধ্বনি-শ্রবণেন যথা।

সিন্ধুড়া।

যমুনা সমীপ নীপ-তরু হেলন
শ্যামর মুরলিক রন্ধে।
রাধা চন্দ্রা- বলিত বিমল-মুখি[১]
গাওয়ে গীত পরবন্ধে ॥
শুনি ধনি রাই রোখে ভেল গর গর
থর থর কম্পিত অঙ্গ।
চন্দ্রাবলি বলি বংশী বাজাওত[২]
বিলসয়ে[৩] তাকর সঙ্গ ॥
এত কহি মানে[৪] মলিন ভেল বিধু-মুখ
ঢর ঢর অরুণ নয়ান।
কহতহি চপল- চরিত সঞে পীরিতি
আজু হোয়ল সমাধান ॥

রাইক নিরস বচন শুনি এক সখি
মন মাহা দুখ-চয় পাই।
কামুক নিয়ড়ে কহিতে সব বিবরণ
উদ্ধব সঞেং চলি যাই ॥১৭॥৫৬৮॥

পাঠান্তর

১। 'রাধা' ইত্যাদি পংক্তির স্থলে 'রাধা চন্দ্রাবলীত বিমলমুখী' ক, খ; 'রাধা চন্দ্রাবলী বিমলমুখী' গ।

২। 'বাজাওত' স্থলে 'বাজাওলি' খ; 'বাজাওল' গ, চ; 'বাজায়লি' ঘ।

৩। 'বিলসয়ে' স্থলে 'বিলসও' ক; 'বিলসঙ' গ; 'বিলসউ' চ।

৪। 'মানে' স্থলে 'মানিনী' ক।

৫। 'সঞে' স্থলে 'সঙ্গে' ক, গ, ঘ, চ।

টীকা

১—৪। "যমুনা" ইত্যাদি। যমুনার নিকটে কদম্ব-তরুতে ঠেস দিয়া শ্রীকৃষ্ণ মুরলীর রন্ধ্রে "রাধা চন্দ্রাবলিত বিমলমুখি" এই বাক্যটি গীত-প্রবন্ধে গান করিতেছেন। "রাধা চন্দ্রাবলিত" ইত্যাদি বাক্যের কৃষ্ণাভিপ্রেত অর্থ এই যে,—"রাধা চন্দ্রাবলিতঃ অর্থাৎ চন্দ্রসমূহ অপেক্ষা বিমলবদনা।" সংস্কৃতের অপভ্রংশ বলিয়া বিসর্গসন্ধি না হইয়া বিসর্গের লোপ ও 'মুখি' শব্দ দীর্ঘ ঈকারান্ত না হইয়া হ্রস্ব ইকারান্ত হইয়াছে। অথবা রাধা চন্দ্র-(সমূহের) দ্বারা আবলিত অর্থাৎ পরিবেষ্টিত এবং বিমল-বদনা। তুলনা করুন,—

"চন্দ্রস্তব মুখবিম্বং
চন্দ্রা নখরাশি কুণ্ডলে চন্দ্রৌ।
নবচন্দ্রস্ত ললাটং
সত্যং চন্দ্রাবলী ত্বমসি ॥"

—বিদগ্ধ-মাধব, ৪র্থ অঙ্ক।

৫—৬। "শুনি" ইত্যাদি। ("চন্দ্রাবলিত বিমলমুখি" বাক্যের প্রকৃত তাৎপর্য্য বুঝিতে না পারিয়া) শ্রীরাধা সেই বংশী-ধ্বনি শুনিয়া ক্রোধে অস্থির হইলেন এবং তাঁহার অঙ্গ থরথর করিয়া কাঁপিতে লাগিল। "রাধা চন্দ্রাবলিত" ইত্যাদি বাক্য-স্খলনের বর্ণনা বোধ হয়, বিদগ্ধমাধব নাটকের নিম্নোদ্ধৃত অংশের ছায়া অবলম্বনে রচিত হইয়াছে; যথা,—

"কৃষ্ণঃ। প্রিয়ে! পশ্যামূনি সুগন্ধীনামগ্রেসরাণি কেসরাণি যৈরহং সদ্যঃ সুবাসিতোঽস্মি।

রাধিকা। (সনর্মস্মিতম্) ণুণং চন্দাঅলীপরিমলেণ বাসিদোসি তুমম্।

কৃষ্ণঃ। প্রিয়ে! পরিহাসিকাস্বপি তে বচাংসি ন কদাচিদপি ব্যভিচরন্তি। যদদ্য মদঙ্গতশ্চন্দ্রাবলী-সৌরভ্যমুদঞ্চতি।

রাধিকা। (সের্ষ্যং পরাবৃত্য) ললিদে! কিং মুদ্ধিদকর্ণাসি।

কৃষ্ণঃ। (স্মিত্বা) প্রিয়ে! কথমক্ষরসাম্যাদক্ষমাসি যদহং কর্পূরাবলীং বর্ণয়ামি।"

—বিদগ্ধমাধব; ৪র্থ অঙ্ক।

সুহিনী।

শুন শুন নীলজ[১] কান।
কৈছন মুরুলিক[২] গান ॥
চন্দ্রাবলি বলি গীত।
এ কিয়ে চপল চরীত[৩] ॥
শুনি ধনি কয়লহি মান।
কি[৪] করবি অব সমাধান ॥
শুনি হরি সচকিত[৫] ভেল।
সো সখি সঞে চলি গেল ॥
নাগর হেরইতে রাই।
অধিক রোখ নিরমাই ॥
সমুখে যুড়িয়া দুই হাত।
নাগর কহে মৃদু বাত ॥
হাম করু তুয়া গুণ গান।
না বুঝি করসি তুহুঁ মান ॥

কাহে ভেলি অরুণ-নয়ান ।
উদ্ধব দাস গুণ গান ॥২০॥৫৬৯॥

পাঠান্তর

১। 'নীলজ' স্থলে 'নিলজ' ক—গ।

২। 'মুরুলিক' স্থলে 'মুরলীক' ক, গ ; 'মুরলী' খ ; 'মুরলির' ঘ।

৩। 'চরীত' স্থলে 'চরিত' ক—গ।

৪। 'কি' স্থলে 'কে' ক।

৫। 'সচকিত' স্থলে 'চমকিত' ক।

টীকা

১৩—১৪। "হাম" ইত্যাদি। আমি তোমার গুণ গান করিলাম, তুমি (আমার কথার তাৎপর্য্য) না বুঝিয়া মান করিতেছ। শ্রীকৃষ্ণের কথার তাৎপর্য্য পূর্ব্বপদের টীকায় দ্রষ্টব্য।

কেদার।

কর যোড়ি কানু কয়ল কত কাকুতি
শ্রবণে সরল ভৈ রাধা।
বিমুখ বদন পুন ফেরি নেহারই
মুদিত উদিত দিঠি আধা ॥
নাগর চতুর বুঝিয়া তছু অন্তর
ধাই২ কয়ল ধনি কোর।
হেরইতে দুহুঁক বদন দুহুঁ ঢর ঢর
দুহুঁক গলয়ে দিঠি লোর ॥
ধৈরজ ধরি দুহুঁ দুহুঁ মুখ চুম্বই
গদ গদ মধুরিম ভাষ।
চামর বীজন করত সখীগণ
হেরত উদ্ধব দাস ॥২১॥৫৭০॥

পাঠান্তর

১। 'ভৈ' স্থলে 'ভই' চ।

২। 'ধাই' স্থলে 'ঘাই' ক।

অথ বাক্য-স্খলনং যথা।

তিরোথা।

দেখ রাই কানু সখি সনে
দুহুঁ বসিয়াছে নিরজনে।
রস-পরসঙ্গ কহিতে কহিতে
খলিত ভেল বচনে ॥
কহে তুয়া মুখ বলি যাই
কত চন্দ্রাবলি নিছাই।
শ্যাম-বদনে১ শুনিতে বচনে
কোপে ভরল রাই ॥
কহে কি কহলি কহ২ ফেরি
উহ নাম শুনি পুন বেরি।
মো সঞে কপট পিরিতি তোহারি৩
মরম৪ বুঝলুঁ তোরি ॥
কহি রাই উঠয়ে রোষাই৫
ধনি মুখ ফেরি চলি যাই।
তব শ্যাম নাগর ক্ষেম ক্ষেম কহি
বাহু ধরল ধাই ॥
কত সাধয়ে মধুর ভাখি
ভই৬ সজল যুগল আঁখি।
কহ শুনিতে হামারি জুড়াক শ্রবণ
অমিয়া বচন মাখি ॥
তুয়া চন্দ্র-নিচয় মুখ
হেরি হোয়ত বহু সুখ।
তুহুঁ উলটি বুঝিয়া রোখে ভরলি
পাওলি বহুত দুখ ॥
ধনি বুঝিয়া বচন-ছন্দ
তব লাজে ভৈ গেল ধন্দ।
পুন৭ ধৈরজ ধরিয়া অবনত-মুখে
কহয়ে মধুর মন্দ ॥

তব সরমে ভরমে ভোর
শ্যাম রাই কয়ল কোর।
হেরি উদ্ধবদাস হৃদয়-৮আনন্দ
যৈছন চাঁদ চকোর ॥২২॥৫৭১॥
ইতি বাক্যস্খলন-মানঃ।

পাঠান্তর

১। 'শ্যাম' স্থলে 'শ্যামর' গ; 'ঘনশ্যাম' ক, খ, চ। ঘ পুথিতে 'শ্যাম' লিখিয়া পরে পত্রের কিনারায় 'ঘন' শব্দটি যোগ করা হইয়াছে। 'ঘনশ্যাম' পাঠ গ্রহণ করিলে ছন্দের অনুরোধে 'ঘন' শব্দের পর যতি দিয়া উহাকে পৃথক্ করিতে হইবে।

২। 'কহ' স্থলে 'কটু' ক।

৩। 'মো সঞে' ইত্যাদি পংক্তি স্থলে 'মো সঞে কপট তোহারি মরম' খ।

৪। 'মরম' স্থলে 'পিরিতি' খ।

৫। 'কহি রাই' ইত্যাদি পংক্তিটি ক পুথি ও তদনুযায়ী বটতলার মুদ্রিত পুস্তকে নাই।

৬। 'ভই' স্থলে 'ভয়ি' ঘ।

৭। 'পুন' স্থলে 'তব' ক—গ, চ।

৮। 'হৃদয়' শব্দ খ ও চ পুথিতে নাই।

টীকা

৫—৮। "কহে" ইত্যাদি। শ্রীকৃষ্ণ কহিলেন,—'তোমার মুখের বলিহারি যাই! (উহার নিকট) কত চন্দ্রাবলি অর্থাৎ চন্দ্র-শ্রেণীকে নিছিয়া ফেলি!' শ্যামের মুখে ঐ বাক্য শুনিবা মাত্র (শ্রীকৃষ্ণ শ্রীরাধার প্রতিদ্বন্দ্বিনী চন্দ্রাবলি-নাম্নী নায়িকার সহিত তাঁহার তুলনা করিতেছেন ভাবিয়া) শ্রীরাধা ক্রোধ-পরিপূর্ণা হইলেন।

১৩—১৬। "কহি" ইত্যাদি। ('কি কহলি কহ ফেরি' ইত্যাদি বাক্য) বলিয়া শ্রীরাধা ক্রোধ করিয়া উঠিয়া দাঁড়াইলেন এবং মুখ ফিরাইয়া (শ্রীকৃষ্ণের নিকট হইতে) চলিয়া যাইতে লাগিলেন; তখন নাগর-রাজ "ক্ষমা কর, ক্ষমা কর" বলিয়া, ধাইয়া যাইয়া (শ্রীরাধার) বাহু ধরিলেন।

২১—২৪। "তুয়া" ইত্যাদি। তোমার চন্দ্রাবলি অর্থাৎ চন্দ্র-নিচয়স্বরূপ বদন দেখিয়া নিতান্ত আনন্দ হয়—(আমি ইহাই বলিয়াছি); তুমি (আমার কথার অর্থ) বিপরীত বুঝিয়া ক্রোধ-পরিপূর্ণা হইলে এবং (অকারণে) নিতান্ত দুঃখ পাইলে।

অথ স্বপ্নদৃষ্টমানো যথা।

বিভাষ।

আপন মন্দিরে শুতিয়া সুন্দরী
দেখই ঘুমের ঘোরে।
কানু আন সঞে রভস করই
করিয়া আপন কোরে॥
আন রমণী বিহরে রজনী
হামারি[১] নাগর-কোর।
দেখিতে দেখিতে পাইয়া চেতন
মান ভরমে ভোর॥
অলসে অবশ বয়ন নয়ন
অরুণ কমল জোর।
কোপে ভরল সব কলেবর
কহই বচন থোর॥
এ কি[২] বিপরীত চপল চরিত
হামারি সমুখে সঙ্গ।
গৌরচরণ[৩] সঙ্গতি মোহন
হেরই এ সব রঙ্গ ॥২৩॥৫৭২॥

পাঠান্তর

১। 'হামারি' স্থলে 'আমার' ক।

২। 'এ কি' স্থলে 'ইকি' খ, ঘ, চ।

৩। 'গৌরচরণ' স্থলে 'গৌরীচরণ' ক, গ।

গান্ধার।

প্রাত[১] সহচরি সঙ্গহিঁ[২] বৈঠলি
মানিনি মন মাহা ভাবই।
শ্যাম-মুখ যহিঁ পেখি পুন নাহি
সোই দেশ হাম যাবই ॥
রভস পুন শুনি শ্যাম গুণমণি
মনহিঁ মনহিঁ বিচারই।
পাঁজি করে লই একলি নাগর
গণকি-[৩]রূপ ধরি ধাবই ॥
রাই তহিঁ হেরি পুছই বেরি বেরি
দেশ ইহ কোন সো হই[৪]।
সোই কহে পুন কানু বিহর ন[৫]
ভুবনে হেন নাহি হোয়ই[৬] ॥
বাণি ইহ শুনি রোখে পুন ধনি
পাঁজি তছু লেই ডারই।
শ্যাম নিরখই রোখ প্রকটই
অঙ্গ-বসন উঘাড়ই[৭] ॥
রাই চমকিনি হাসি মুচকিনি
দেই দেশিনি নাশই[৮]।
রায় রঘুপতি বল্লভ সঙ্গতি
বৃন্দাবন দাস ভাষই ॥২৪॥৫৭৩॥

ইতি স্বপ্ন-দৃষ্ট-মানঃ।

পাঠান্তর

১। 'প্রাত' স্থলে 'প্রাতে' খ, ঘ।
২। 'সঙ্গহি' স্থলে 'সঙ্গতি' ক, গ, চ।
৩। 'গণকি'- স্থলে 'গণ কি' চ।
৪। 'কোন সো হই' স্থলে 'কোন শোহই' খ।
৫। 'বিহর ন' স্থলে 'বিহরণ' ক, খ।
৬। 'হোয়ই' স্থলে 'হোই' গ।
৭। 'উঘাড়ই' স্থলে 'উঘারই' ক—গ, চ।
৮। 'দেই দেশিনি নাশই' স্থলে 'সোই দেশক নাশই' ক; 'দেই দেশিনি নাসই' খ; 'দেই দেশিনি না সহি' চ।

টীকা

৫—৮। "রভস" ইত্যাদি। (শ্রীরাধার) আবেগ (সখীর মুখে) শুনিয়া গুণধাম শ্যাম মনে মনে (কি প্রকারে শ্রীরাধার মান-ভঙ্গ হইবে) বিচার করিতেছেন; (মনে পরামর্শ স্থির করিয়া) নাগর একাকী পঞ্জিকা হাতে লইয়া গণকীর রূপ ধরিয়া, ধাবিত হইলেন।

৯—১২। "রাই" ইত্যাদি। শ্রীরাধা সেখানে (গণকীকে) দেখিয়া পুনঃ পুনঃ জিজ্ঞাসা করিতে লাগিলেন—(শ্যামের মুখ যেখানে দেখিতে পাওয়া যায় না), পৃথিবীতে সেই দেশ কোন্‌টি হয়? সে অর্থাৎ গণকী-রূপী শ্রীকৃষ্ণ বলিলেন,—কৃষ্ণ বিচরণ করেন না, এরূপ দেশ ভূমণ্ডলে নাই।

১৩—১৬। "বাণি" ইত্যাদি। (গণকীর) ঐ বাক্য শুনিয়া শ্রীরাধা ক্রোধে উহাঁর পঞ্জিকা লইয়া দূরে নিক্ষেপ করিলেন; (গণকী-রূপী) শ্রীকৃষ্ণ তাহা দেখিয়া (কৃত্রিম) কোপ প্রকাশ করিয়া (শ্রীরাধার) অঙ্গের বসন খুলিয়া ফেলিলেন।

১৭—১৮। "রাই" ইত্যাদি। শ্রীরাধা (গণকীর ঐরূপ ধৃষ্টতা দর্শনে) চমকিত হইয়া (গণকী ছদ্মবেশী শ্রীকৃষ্ণ ব্যতীত কেহ নহেন বুঝিতে পারিয়া) ঈষৎ হাস্য করিয়া দেশিনীকে (দেয়াশিনীকে) অর্থাৎ গণকীকে নষ্ট করিয়া দিলেন অর্থাৎ (গণকী কর্ত্তৃক অঙ্গ-বসন উদ্‌ঘাটনের প্রতিশোধস্বরূপ গণকীর অঙ্গ-বসন উদ্‌ঘাটিত করিয়া) গণকীর ছদ্মবেশ ঘুচাইয়া দিলেন।

পুনশ্চ প্রকারান্তরম্ ।

দূত্যুক্তিঃ ।

শ্রীরাগ ।[১]

কামিনি কানু কহল কত মোয় ।
কোমল কেলি- কুতূহলে[২] কমলিনি
কোনে[৩] কঠিন করু তোয় ॥ ধ্রু[৪] ॥
কালিন্দি-কূল কদম্বক কানন
কুসুমিত কুঞ্জ-কুটীর ।
কাম-কলহ করি কপটে[৫] কলাবতি
কামুক করহ অথীর[৬] ॥
করষিতে কান্ত[৭] কবরি কুচ-কঞ্চুক
করসি শয়ন কর বারি ।
কুটিল কটাখ- কুসুম-শরে কোপিনি
কিয়ে কিয়ে না কর হামারি ॥
করইতে কোরে কাঁপি করু কাকলি
কোকিল-কূজিত-ভাষে ।
কালি কুঞ্জবনে কৈতবে কি কহল
কহত না[৮] গোবিন্দ দাসে ॥২৫॥৫৭৪॥

ইতি বিংশতি-পল্লবঃ ।

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২১।১৬ সংখ্যক পদ। 'শ্রীরাগ' শব্দ ক—চ পুথিতে নাই।

২। 'কুতূহলে' স্থলে 'কুতূহল' ক—চ পুথি।

৩। 'কোনে' স্থলে 'কোন' প-র।

৪। ক—চ পুথিতে 'ধ্রু' নাই।

৫। 'কপটে' স্থলে 'কপট' প-র।

৬। 'কামুক করহ অথীর' স্থলে 'কো জানে করব' প-র।

৭। 'কান্ত' স্থলে 'কন্ত' প-র।

৮। 'না' স্থলে 'হি' প-র।

টীকা

১—৩। "কামিনি" ইত্যাদি। হে সুন্দরি! শ্রীকৃষ্ণ আমার নিকট (তোমার সম্বন্ধে) কত কথা কহিলেন; কোমল-স্বভাবা পদ্মিনী-নায়িকা তোমাকে কোন্ ব্যক্তি কেলি-কৌতূহল হেতু অর্থাৎ রঙ্গ দেখার জন্য (শ্রীকৃষ্ণের সম্বন্ধে মিথ্যা পরিবাদ রটনা করিয়া) কঠিন অর্থাৎ কঠোর-ভাবাপন্না করিয়াছে।

১২—১৫। "করইতে" ইত্যাদি। (শ্রীকৃষ্ণ) তোমাকে ক্রোড়ে (ধারণ) করিলে, তুমি কম্পিত-দেহে কোকিল-কূজন-শব্দে কল-নাদ করিলে; গত কল্য কুঞ্জ-বনে (নিন্দুক ব্যক্তি) কপট-ভাবে কি কহিল, (তোমার সখী-স্থানীয়) গোবিন্দ দাসকে কেন বল না?

পুনশ্চ মানঃ প্রকারান্তরং যথা ।

পূর্ব্বোক্তঃ শ্রীগৌরচন্দ্রঃ ।

দূত্যুক্তিঃ ।

সুহই ।[১]

শুনহ রাজার[২] ঝী[৩] ।
লোকে না বলিবে কী[৪] ॥
মিছুই[৫] করলি[৬] মান ।
তো বিনু আকুল[৭] কান ॥
আনত সঙ্কেত করি ।
তাহা জাগাইলে হরি ॥
উলটি করসি মান ।
বড়ু চণ্ডীদাস[৮] গান[৯] ॥১॥৫৭৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৭২৫ ও প-র পুথির ২১।২৫ সংখ্যক পদ।

২। 'রাজার' স্থলে 'রায়ান' খ, ঘ।

৩। 'ঝী' স্থলে 'ঝি' ক—গ, প-র-সা, প-র।

৪। 'কী' স্থলে 'কি' ক—গ, প-র-সা।

৫। 'মিছই' স্থলে 'মিছাই' ঘ, প-র।

৬। 'করলি' স্থলে 'করসি' ক, গ, চ, প-র-সা, প-র।

৭। 'আকুল' স্থলে 'জাগল' ক—চ, প-র-সা।

৮। 'চণ্ডীদাস' স্থলে 'চণ্ডীদাসে' প-র-সা, প-র।

৯। 'গান' স্থলে 'ভান' প-র-সা।

ভৈরবী।[১]

পহিলহিঁ[২] রাগ নয়ন-[৩]ভঙ্গ ভেল।
অনুদিন বাঢ়ল অবধি না গেল॥
না সো রমণ না হাম রমণী।
দুহুঁ মন মনভব[৪] পেশল জনি॥
এ সখি সো[৫] সব প্রেম-কাহিনী।
কানু ঠামে[৬] কহবি বিছুরহ[৭] জানি॥ধ্রু॥
না খোজলুঁ দূতি[৮] না খোজনু আন
দুহুঁক মিলনে মধ্যত[৯] পাঁচ-বাণ॥
অব সো[১০] বিরাগে তুহুঁ ভেলি দূতি[১১]
সুপুরুখ-প্রেমক[১২] ঐছন রীতি॥
বর্দ্ধন-রুদ্র-নরাধিপ-মান[১৩]।
রামানন্দ রায় কবি ভাণ॥২॥৫৭৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৭২৬ ও প-র পুথির ১৪।৯৪ সংখ্যক পদ। 'ভৈরবী' স্থলে 'তিরোথা ধানশ্রী' প-র।

২। 'পহিলহিঁ' স্থলে 'পহিলহি' ক—গ, প-র-সা, প-র।

৩। 'নয়ন' স্থলে 'নয়ান' প-র।

৪। 'মনভব' স্থলে 'মনোভব' ক—গ, ঘ, প-র।

৫। 'সো' স্থলে 'সে' ক; 'এ' প-র।

৬। 'ঠামে' স্থলে 'ঠাম' ক।

৭। 'বিছুরহ' স্থলে 'বিছুরল' ক; 'বিছরহ' খ, গ, প-র-সা, প-র।

৮। 'দূতি' স্থলে 'দোতী' ক—গ; 'দোতি' চ; 'দূতী' প-র।

৯। 'মধ্যত' স্থলে 'মধ্যেত' প-র।

১০। 'সো' স্থলে 'সোই' ক—গ।

১১। 'দূতি' স্থলে 'দোতী' ক—গ; 'দোতি' চ।

১২। 'প্রেমক' স্থলে 'প্রেমকি' প-স (মুদ্রিত গ্রন্থ)।

১৩। 'বর্দ্ধন' ইত্যাদি পংক্তি-দ্বয় প-র পুথিতে নাই।

টীকা

১—১২। রামানন্দ রায়-কৃত এই সুপ্রসিদ্ধ পদটির ব্যাখ্যা রাধামোহন ঠাকুর নিম্নলিখিতরূপ লিখিয়াছেন; যথা—"পহিলহি রাগ নয়নভঙ্গ ভেল আদৌ পূর্ব্বরাগো নয়নভঙ্গ্যা জাতঃ স এবানুদিনং বর্দ্ধিষ্ণুঃ সীমাং ন প্রাপ্তঃ। না সো রমণ না হাম রমণী স পতির্নাহং তৎপত্নী তথাপি আবয়োর্ম্মনঃ কন্দর্পেণ পিষ্টং অভেদং কৃতমিত্যহং জানে অতো হে সখি তৎ সর্ব্বং প্রেমকৃত্যং শ্রীকৃষ্ণায় কথয়িষ্যসীতি বিছুরহ জানি বিস্মৃতা মাভূঃ যতত্বং তদ্বিস্মরণশীলস্য তস্যানুগতা দূতী অতো বিস্মরণং সাহজিকমিতি বক্রোক্তি-জনিতমিতি ভাবঃ। মধ্যত পাঁচবাণ মধ্যস্থঃ কন্দর্পঃ অব সো বিরাগ ইত্যনেন বক্রোক্তির্ম্মানশ্চ স্পষ্টঃ। অত্রাবহিত্থা কিঞ্চিন্মানবিরামাদেব বোধ্যা। বর্দ্ধনঃ বর্দ্ধিষ্ণুঃ রুদ্রগুণেন নরাধিপস্তেব মান ইতি গীতকর্ত্রা-নুমিতম্। পক্ষে শ্রীপ্রতাপরুদ্রমহারাজেন বর্দ্ধিত-মানঃ কবির্ভণতি।"

অর্থাৎ প্রথমে নয়ন-ভঙ্গী দ্বারা পূর্ব্বরাগ জন্মিল। সেই রাগ দিন দিন বর্দ্ধিত হইয়া সীমা প্রাপ্ত হইল না। তিনি পতি নহেন, আমিও তাঁহার পত্নী নহি; তথাপি বুঝিলাম, কন্দর্প-আমাদিগের উভয়ের মন পেষণ অর্থাৎ পেষণ দ্বারা অভেদত্ব সম্পাদন করিয়া-

ছেন। অতএব হে সখি! তুমি সেই সকল প্রেমের বৃত্তান্ত শ্রীকৃষ্ণকে বলিবে; দেখিও, যেন বিস্মৃত হইও না; কেন না, তুমি সেই বিস্মরণ-শীল শ্রীকৃষ্ণের অনুগতা দূতী; সুতরাং বিস্মৃতি তোমার পক্ষে স্বাভাবিক বটে (ব্যঙ্গোক্তি)।

মধ্যত পাঁচবাণ—মধ্যস্থ কন্দর্প। "অব সো বিরাগে" ইত্যাদি বাক্য দ্বারা ব্যঙ্গোক্তি ও মান প্রকাশ পাইয়াছে। শ্রীরাধার এই অবহিত্থা অর্থাৎ দূতীর নিকট ভাব-সংগোপন দ্বারা তাঁহার মানের কিঞ্চিৎ বিরাম বুঝা যাইতেছে; "বর্দ্ধন-রুদ্র" ইত্যাদি পংক্তির দুইটি অর্থ; প্রথম অর্থ—গীতকর্ত্তা অনুমান করিতেছেন যে, রুদ্র-গুণের দ্বারা নরাধিপের মানের ন্যায় শ্রীরাধার মান বর্দ্ধন অর্থাৎ বর্দ্ধিষ্ণু হইয়াছে; দ্বিতীয় অর্থ—প্রতাপরুদ্র মহারাজ কর্ত্তৃক বর্দ্ধিত-মান কবি বলিতেছেন।

রাধামোহন ঠাকুরের প্রতিপাদিত অর্থই এই পদের প্রকৃত তাৎপর্য্য কি না, সে সম্বন্ধে সন্দেহ আছে। "শ্রীরায় রামানন্দ" নামক গ্রন্থের পঞ্চম পরিচ্ছেদে পণ্ডিতপ্রবর শ্রীযুক্ত রসিকমোহন বিদ্যা-ভূষণ মহাশয় কবি-কর্ণপূর-কৃত শ্রীচৈতন্যচন্দ্রোদয় নাটক ও কবিরাজ গোস্বামীর শ্রীচৈতন্যচরিতামৃত হইতে কতিপয় শ্লোক উদ্ধৃত করিয়া সার-গর্ভ বিচার দ্বারা সিদ্ধান্ত করিয়াছেন যে, এই পদটি শ্রীকৃষ্ণের প্রতি শ্রীরাধার মান-জনিত অনুযোগ-সূচক নহে,—ইহা শ্রীরাধা ও শ্রীকৃষ্ণের সর্ব্বোত্তম প্রেম-জনিত "পরৈক্য" অর্থাৎ পরম অভিন্নতার সূচক। বস্তুতঃ এই পদের প্রকৃত তাৎপর্য্য যাহাই পদ-কর্ত্তার অভিপ্রেত হউক না কেন, পদামৃতসমুদ্র ও তদনুযায়ী পদকল্পতরু গ্রন্থে এই পদটি মানিনী নায়িকার উক্তিরূপে সন্নিবেশিত হওয়ায়, ইহার অন্য অর্থ করা যায় না। তবে তিনি "দুহুঁ মন সনসিজ পেশল জনি" স্থলে "দুহু মন মনসিজ পেশল জানি" পাঠ ধরিয়া 'জানি' শব্দের অর্থ যে "ইত্যহং জানে" লিখিয়া-ছেন,—উহা আমাদিগের দৃষ্ট পুথি দ্বারা সমর্থিত হয় না; সকল পুথিতেই "জনি" পাঠ আছে, উহার অর্থ "যেন"; উভয়ের মন কন্দর্পের প্রভাবে অভিন্ন হইয়া গিয়াছে বলিয়া শ্রীরাধা উৎপ্রেক্ষা করিতে-ছেন—যেন কন্দর্প উভয়ের মন একত্র পেষণ করিয়া ভেদ-চিহ্ন রহিত করিয়া ফেলিয়াছেন। কবি কর্ণপূরও 'না সো রমণ' ইত্যাদি পংক্তিদ্বয়ের মর্ম্মানুবাদ করিতে যাইয়া, "জনি" পাঠের "ইব" অর্থাৎ যেন অর্থ ধরিয়াই লিখিয়াছেন,—

"নাসৌ রমণো নাহং
রমণীতি ভিদাবয়োরাস্তে।
প্রেমরসেনোভয়মন
ইব মদনো নিষ্পিপেষ বলাৎ॥"

"না খোজলুঁ দূতি" ইত্যাদি পংক্তিচতুষ্টয়ের দুইটি শব্দের অর্থ ব্যতীত রাধামোহন ঠাকুর বিস্তৃত ব্যাখ্যা করেন নাই, ঐ পংক্তিগুলির অর্থ এই যে, (প্রেমোদয়-কালে) দূতীকে খুঁজি নাই, কিংবা অন্য কাহাকেও খুঁজি নাই, অর্থাৎ তখন দূতী কিংবা অন্য কাহারও কোন সাহায্যের আবশ্যক হয় নাই; আমাদিগের দুই জনের মিলনে কন্দর্পই শুধু মধ্যস্থ অর্থাৎ মধ্যবর্ত্তী সঙ্ঘটক ছিলেন। এখন সেই বিরাগে তুমি দূতী হইয়াছ! সজ্জনের প্রেমের কি এইরূপ রীতি?

কবি কর্ণপূরকৃত পূর্ব্বোক্ত পদের মর্ম্মানুবাদ নিম্নোদ্ধৃত শ্লোকেও শ্রীরাধার উক্তির শেষ-ভাগে অনুযোগের ভাবই স্পষ্ট লক্ষিত হয়; যথা,—

"অহং কান্তা কান্তস্ত্বমিতি ন তদানীং মতিরভূৎ
মনোবৃত্তির্লুপ্তা ত্বমহমিতি নৌ ধীরপি হতা।
ভবান্ ভর্ত্তা ভার্য্যাহমিতি যদিদানীং ব্যবসিতি-
স্তথাপি প্রাণানাং স্থিতিরিতি বিচিত্রং কিমপরম্॥"

"বর্দ্ধন-রুদ্র" ইত্যাদি বাক্যের অর্থ—বর্দ্ধন (বর্দ্ধিষ্ণু) রুদ্র-নরাধিপ কর্ত্তৃক মান (সম্মান) যাঁহার (বহু-ব্রীহি); পক্ষান্তরে পদচ্ছেদ করিয়া রুদ্র-গুণের দ্বারা অর্থাৎ ক্রোধ-ভাব দ্বারা নরাধিপের মানের ন্যায় (শ্রীরাধার) অভিমান বর্দ্ধন অর্থাৎ বর্দ্ধিষ্ণু হইয়াছে।

ধানশী ।১

হৃদয়ক মান গোপসি তুহুঁ থোরি[২] ।
বুঝলম[৩] খল-জন-বচনহি ভোরি[৪] ॥
কী ফল[৫] মানিনি মান বাঢ়াহ ।
তাকর দরশ পরশ অবগাহ ॥ ধ্রু[৬] ॥
বিচারিতে[৭] দোষ-লেশ নাহি তাই ।
গুণগণ ঐছন কাহাঁ[৮] নাহি পাই ॥
গোবিন্দদাস-বচন হিয় লাই[৯] ।
অভিসর[১০] ইথে জনি[১১] কর বড়ুয়াই[১২] ॥
॥৩॥৫৭৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৭২৭ ও প-র পুথির ২১।২১ সংখ্যক পদ।

২। 'থোরি' স্থলে 'থোর' প-র।

৩। 'বুঝলম' স্থলে 'বুঝলমো' ক—গ, চ।

৪। 'বচনহি ভোরি' স্থলে 'বচনে বিভোরি' ক, খ; 'বচনহি ভোর' প-র।

৫। 'কী ফল' স্থলে 'বিফল' ক; 'কি ফল' খ, গ।

৬। ক—চ ও প-র-সা পুথিতে 'ধ্রু' নাই।

৭। 'বিচারিতে' স্থলে 'বিচারিলে' প-র।

৮। 'কাহাঁ' স্থলে 'কাহু' খ, প-র-সা; 'কাহুঁ' ঘ, চ।

৯। 'হিয় লাই' স্থলে 'হিয়ে নাই' ক—গ; 'হিয়া নাই' প-র।

১০। 'অভিসর' স্থলে 'অভিসরু' ক।

১১। 'জনি' স্থলে 'যদি' ক—গ, প-র-সা; 'জানি' ঘ, চ।

১২। 'বড়ুয়াই' স্থলে 'বড়ুআই' চ।

টীকা

১—২। "হৃদয়ক" ইত্যাদি। তুমি হৃদয়ের মান-ভাব কিঞ্চিৎ গোপন করিতেছ; বুঝিলাম, তুমি (প্রেমিক-প্রেমিকাদিগের বিরোধ সঙ্ঘটনা-কারী) খল লোকের কথায় বিমুগ্ধ হইয়াছ।

৭—৮। "গোবিন্দদাস" ইত্যাদি। (অনুগত সখী-স্থানীয়) গোবিন্দ দাসের বাক্য হৃদয়ে ধারণ করিয়া, তুমি (শ্রীকৃষ্ণের কুঞ্জে) অভিসার কর,—ইহাতে বড়াই অর্থাৎ গৌরব করিও না; অর্থাৎ *অভিসারে গমন করিলে তোমার লঘুতা হইবে,* এরূপ মনে করিও না।

বরাড়ী ।১

ঘুচাও ঘুচাও[২] আরে সখি[৩] ও সব[৪] জঞ্জাল ।
তোমার কানুরে[৫] মোর শতেক[৬] নমস্কার ॥
অমল কুলেতে[৭] কালী যেমত[৮] দিয়াছি গো
তেমতি পাইলুঁ[৯] পুরস্কার ॥ধ্রু॥
গুরু-ভয় তেয়াগিলুঁ লাজে তিলাঞ্জলি দিলুঁ
তেজিলুঁ গৃহের সুখ-সাধ[১০] ।
সখি দোষ দিব কারে, এতেকে না পাইলুঁ[১১] তারে
বিধাতা সাধিলে তাহে[১২] বাদ ॥
যত্ন করি রুপিলাম অন্তরে প্রেমের বীজ[১৩],
নিরবধি সিঁচি[১৪] আঁখি-জলে ।
কেমন বিধাতা সে এমতি করিল গো
অমিয়া-বিরিখে[১৫] বিষ ফলে ॥
বংশীবদন[১৬] দাস ছাড়ি নিদারুণ আশ[১৭]
তেজহ দারুণ অভিমান ।
তোমা বিনে সেই কানু ক্ষেণে ক্ষেণে ক্ষীণ তনু
দাবানলে দহে যেন প্রাণ ॥৪॥৫৭৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৭২৮ ও প-র পুথির ২১।৮৪ সংখ্যক পদ।

২। 'ঘুচাও ঘুচাও' স্থলে 'ঘুচাহ ঘুচাহ' প-র।

৩। 'সখি' স্থলে 'সই' প-র।

৪। 'ও সব' স্থলে 'ও রস' ক; 'এ সব' খ, প-র-সা; 'য়ো সব' চ।

৫। 'কানুরে' স্থলে 'বন্ধুরে' প-র।

৬। 'মোর শতেক' স্থলে 'শতেক' খ, প-র; 'মোর শত' প-র-সা।

৭। 'কুলেতে' স্থলে 'কুলেত' খ।

৮। 'যেমত' স্থলে 'যেমন' প-র; 'জেমতি' প-র-সা।

৯। 'পাইনু' স্থলে 'পাইলাম' প-র।

১০। 'সুখ-সাধ' স্থলে 'সব সাধ' প-র-সা।

১১। 'পাইলুঁ' স্থলে 'পাইনু' ক; 'পাইলাম' খ, ঘ; 'পালুঁ' প-র।

১২। 'তাহে' স্থলে 'মোরে' প-র।

১৩। 'যত্ন করি' ইত্যাদি পংক্তি স্থলে 'যতন করিয়া হৃদে রুপিলু প্রেমের বীজ' প-র।

১৪। 'সিঁচি' স্থলে 'সিঞ্চি' প-র-সা; 'সেচি' প-র।

১৫। 'অমিয়া-বিরিখে' স্থলে 'অমৃত বরিখ' ক; 'অমিয়া বরিখে' গ; 'অমিঞা বিরিখে' ঘ।

১৬। 'বংশীবদন' স্থলে 'কহে বংশীবদন' ঘ, প-র-সা।

১৭। 'বংশীবদন' ইত্যাদি পংক্তিদ্বয়ের পরিবর্তে প-র পুথির পাঠ যথা,—

'সাধি কহে বংশীদাস ছাড় নিদারুণ ভাব
তেজ ধনি পাপ অভিমান।'

নাটিকা।১

সুন্দরি আর কত মান বাঢ়ায়সি ভোর।
সো নব নাগর কাতর-অন্তর
সঘনে নয়নে বহে২ লোর॥
তুয়া বিনু কুসুম- শয়নে ঘন কাঁপই৩
ঘন ঘন বহত নিশ্বাস।
তোহারি পরশ বিনু ঘামই সব তনু
খরতর বিরহ৪-হুতাশ॥
তুয়া বিনু আন মনহি নাহি জানত
তুয়া গুণগণ করু গান।
তোহারি পরশ লাগি ধাবই অনুখণ
লোরহি করত সিনান॥৫॥৫৭৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৭২৯ সংখ্যক পদ। 'নাটিকা' স্থলে 'নাটী' খ; 'নাটি' ঘ, চ।

২। 'বহে' স্থলে 'ঝরু' খ, ঘ।

৩। প-র-সা পুথিতে 'তুয়া বিনু কুসুম' ইত্যাদি পংক্তিচতুষ্টয় 'তুয়া বিনু আন' ইত্যাদি কলির পরে সন্নিবেশিত হইয়াছে।

৪। 'বিরহ' স্থলে 'বংত' প-র-সা।

জয়জয়ন্তী।১

প্রাণ-পিয়া২-দুখ শুনিঞা৩ শশি-মুখি
পুছই গদ-গদ বোল।
অমল কুবলয়- নয়ন-যুগলহি
গলয়ে ঝর-ঝর৪ লোর॥
বেশ-বিসাহন৫ সবহু বিছুরল
চললি পরিহরি মান।
তেজল কুল-ভয় নাহি গৌরব
মনহি জাগল কান॥
পীন পয়োধর জঘন গুরুতর
ভারে গতি অতি মন্দ।
আরতি অন্তর পন্থ দুরতর৬
বিহিক বিরচন৭ নিন্দ॥
গঢ়ল৮ মনরথে৯ চঢ়ল সুন্দরি
বিঘিনি১০ বিপদ না মান।
মিলল ভামিনি কুঞ্জ-ধামিনি
দাস গোবিন্দ ভাণ॥৬॥৫৮০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৭৩০ ও প-র পুথির ২১।৯২ সংখ্যক পদ। 'জয়জয়ন্তী' স্থলে 'ভূপালী' প-র; 'কামোদ' প-র ২১।৯২।

২। 'পিয়া' স্থলে 'প্রিয়' ক—চ, প-র-সা।

৩। 'শুনিঞা' স্থলে 'শুনি' ক—চ, প-র-সা, প-র।

৪। 'গলয়ে ঝর-ঝর' স্থলে 'নিঝরে ঝরকত' প-র ২১।৯২।

৫। 'বিসাহন' স্থলে 'বেশায়ল' ক—ঘ; 'বেসায়ল' চ; 'বেসাওল' প-র ২১।৯২।

৬। 'দুরতর' স্থলে 'দুরন্তর' প-র।

৭। 'বিরচন' স্থলে 'বিবেচন' প-র-সা ও প-র ২১।৯২।

৮। 'গঢ়ল' স্থলে 'গহন' প-র ২১।৯২।

৯। 'মনরথে' স্থলে 'মনোরথে' ক—চ; 'মনরথ' প-র।

১০। 'বিঘিনি' স্থলে 'বিঘিন' খ, প-র-সা।

টীকা

৫—৮। "বেশ" ইত্যাদি। (শ্রীরাধা) বেশের বিসাধন অর্থাৎ প্রসাধন সমস্ত বিস্মৃত হইলেন এবং মান পরিত্যাগ করিয়া চলিলেন। (তিনি) কুলের (কলঙ্কের) ভয় ত্যাগ করিলেন; (এখন আর) গৌরব নাই, (কেন না) মনে শ্রীকৃষ্ণ জাগিয়াছেন অর্থাৎ শ্রীকৃষ্ণের চিন্তা মনে উদিত হইয়াছে। "বেশায়ল" পাঠ গ্রহণ করিলে, উহার অর্থ করিতে হইবে—(শ্রীরাধা) বেশ রচনা করিলেন; "বেশ-রচনা করা" অর্থে "বেশ" ধাতুর প্রয়োগ দৃষ্ট হয় না। "পসাহন" শব্দের অর্থেই এ স্থলে অনুপ্রাসের অনুরোধে "বিসাহন" শব্দটি প্রযুক্ত হইয়াছে বলিয়া বিবেচনা হয়। চ পুথির "বেসায়ল" পাঠ গ্রহণ করিলে উহাকে "পসাহ" কিংবা "বিসাহ" (বেসাহ) ধাতু অতীত কালের পদ "বিসাহল" বা "বেসাহল" শব্দের অপভ্রংশ বুঝিতে হইবে। ঐরূপ অর্থ করিলে "সবহু বিছুরল" বাক্যের অর্থ এইরূপ করিতে হইবে যে, শ্রীরাধা পূর্ব্বের ঘটনা সমস্ত বিস্মৃত হইলেন।

১৩—১৬। "গঢ়ল" ইত্যাদি। সুন্দরী শ্রীরাধা গঠিত অর্থাৎ কল্পিত মনোরথ অর্থাৎ অভিলাষে (অপর অর্থে মনোরূপ রথে) আরোহণ করিলেন,—বিঘ্ন, বিপদ্ কিছুই গ্রাহ্য করিলেন না; গোবিন্দদাস বলিতেছেন—(এই ভাবে) সুন্দরী কুঞ্জ-গৃহে (শ্রীকৃষ্ণের সহিত) সম্মিলিত হইলেন। তুলনা করুন,—

"স্ফুরদুরসিজভারভঙ্গুরাঙ্গী
কিসলয়কোমলকান্তিনা পদেন।
অথ কথয় কথং সহেত গন্তুং
যদি ন নিশাসু মনোরথঃ রথঃ স্যাৎ ॥"
—রসমঞ্জরী।

সুহই।১

মানিনি মীলল কুঞ্জক মাঝ।
আনন্দে২ নিমগন নাগর-রাজ ॥
আগুসরি বিনয় করউ৩ কত ছন্দ।
কতবিধ সেবন যাহে নিরবন্ধ৪ ॥
তবহুঁ বিমুখি৫ ভেল মানিনি রাই।
কত পরকারে বুঝায়ল৬ তাই ॥
সো৭ কিছু বচন করহ অবধান।
রাধামোহন-পহুঁ যো করু গান ॥৭॥৫৮১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৭৩১ সংখ্যক পদ।

২। 'আনন্দে' স্থলে 'আনন্দ' প-র-সা।

৩। 'করউ' স্থলে 'করহুঁ' ক—গ।

৪। 'নিরবন্ধ' স্থলে 'নিরদন্দ' খ, ঘ।

৫। 'তবহুঁ বিমুখি' স্থলে 'তবহুঁ বিমুখ' ক, গ, প-র-সা, 'তবহি বিমুখী' খ; 'তবহি বিমুখি' ঘ।

৬। 'বুঝায়ল' স্থলে 'বুঝাওত' খ, ঘ।

৭। 'সো' স্থলে 'কো' ক, গ।

টীকা

৩—৪। "আগুসরি" ইত্যাদি। (শ্রীকৃষ্ণ) অগ্রসর হইয়া নানাপ্রকার বিনয়-প্রকাশ ও যাহাতে আগ্রহ (প্রকাশ পায়), সেইরূপ নানাপ্রকার পরিচর্য্যা করিতে লাগিলেন।

৭—৮। "সো" ইত্যাদি। পদকর্ত্তা রাধামোহনের প্রভু শ্রীকৃষ্ণ যাহা গান করিলেন, সেই বাক্য কিঞ্চিৎ অবধান কর।

শ্রীরাগ।[১]

বদন না কর মলিন ছান্দ[২]।
বাদে জিয়ায়সি[৩] পুণিম চান্দ[৪] ॥
অধর বান্ধুলি মধুর হাস।
নিরস না কর দীঘ[৫] নিশাস ॥
রাই হে অব[৬] তেজহ মান।
চরণে লাগিয়া[৭] সাধয়ে কান ॥ ধ্রু[৮] ॥
চঞ্চল নয়ন খঞ্জন জোর।
ভাঙু[৯]-ভুজঙ্গম রহু[১০] অগোর[১১] ॥
কী ফল মোহে[১২] এতহুঁ রোষ।
জগতে[১৩] বিদিত দাসক দোষ ॥
বচন-অমিয়া যে জন জিয়ে[১৪]।
মান-কুলিশ দেখাও[১৫] কিয়ে ॥
গোবিন্দদাস চিতে এই হাস[১৬]।
এ জন[১৭] করয়ে মান[১৮] অভিলাষ ॥৮॥৫৮২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩২ ও প-র পুথির ২১।৯৭ সংখ্যক পদ।

২। 'ছান্দ' স্থলে 'ছান্দে' প-র-সা।

৩। 'জিয়ায়সি' স্থলে 'কি আওয়ে' ক, গ; 'জিয়াওসি' খ, প-র-সা; 'আওয়ে জনি' প-র।

৪। 'পুণিম চান্দ' স্থলে 'পুণিমক চান্দ' ক—গ; 'পুনমিক চান্দ' প-র; 'পুনিমা চান্দে' প-র-সা।

৫। 'দীঘ' স্থলে 'দিঘ' ঘ।

৬। 'রাই হে অব' স্থলে 'অব তুহু' প-র-সা; 'সুন্দরি' প-র।

৭। 'লাগিয়া' স্থলে 'লাগি তোহে' ক—চ, প-র-সা। 'লাগি তোহে' পাঠ ছন্দোভঙ্গ-দোষ-দুষ্ট।

৮। ঘ পুথি ছাড়া অন্যান্য পুথিতে 'ধ্রু' নাই।

৯। 'ভাঙু' স্থলে 'ভাঙ্গ' ক, গ; 'ভাঙ' চ।

১০। 'রহু' স্থলে 'রহল' খ।

১১। 'অগোর' স্থলে 'আগোর' ক—চ, প-র-সা। পাঠ-বিচার ৬৭ সংখ্যক পদের ৮ সংখ্যক পাঠান্তরে দ্রষ্টব্য।

১২। 'কী ফল মোহে' স্থলে 'কি ফল মোহে' ক—গ, প-র-সা; 'মোহে কি ফল' প-র।

১৩। 'জগতে' স্থলে 'জগত' প-র।

১৪। 'বচন-অমিয়া' ইত্যাদি প-র স্থলে 'বচন অমিঞা বিনু যে নাহি জিয়ে' খ; 'বচন-অমিয়া বিনু যে নাহি জিয়ে' ক, ঘ, চ।

১৫। 'দেখাও' প-র স্থলে 'দরশায়সি' ক—চ, প-র-সা। 'দরশায়সি' পাঠ ছন্দোভঙ্গ-দোষ-দুষ্ট।

১৬। 'হাস' স্থলে 'আশ' প-র-সা। 'গোবিন্দদাস চিতে' ইত্যাদি পংক্তি স্থলে 'গোবিন্দদাসে উপজে হাস' প-র।

১৭। 'এ জন' স্থলে 'যে জন' প-র।

১৮। 'মান' স্থলে 'আন' প-র।

টীকা

১—২। "বদন" ইত্যাদি। রাধামোহন ঠাকুর ইহার অর্থ লিখিয়াছেন,—"বদন না কর মলিন ছান্দ" ইত্যাদিনা শ্রীকৃষ্ণস্তামনুনয়তি। বাদে জিয়ায়সি ইতি ময়া সহ মানবিবাদেন স্বমুখস্ত কিঞ্চিন্মালিন্ত-করণেন কিং পূর্ণচন্দ্রং জিয়ায়সি বর্দ্ধয়সি।" অর্থাৎ শ্রীকৃষ্ণ শ্রীরাধাকে অনুনয় করিয়া বলিতেছেন,—তোমার বদনের শোভা মলিন করিও না; (কেন না) তুমি আমার সহিত মানজনিত কলহে তোমার বদন কিঞ্চিৎ মলিন করায়, তুমি পূর্ণিমার চন্দ্রকে

(তোমার মুখের সহিত সৌন্দর্য্যের বিবাদে) জয়-যুক্ত করিতেছ।

৭—৮। "চঞ্চল" ইত্যাদি। তোমার চঞ্চল নয়ন খঞ্জন-যুগলস্বরূপ; তোমার (কুটিল) ভ্রূরূপ ভুজঙ্গ উহাদিগকে আগলাইয়া রহিয়াছে অর্থাৎ তোমার নেত্র-দ্বয় খঞ্জন-যুগলের ন্যায় চঞ্চল ও নৃত্যশীল হইলেও (মানজনিত) কুটিল-ভ্রূ-রূপ ভুজঙ্গমের প্রভাবে উহারা স্বাভাবিক লীলা প্রকাশিত করিতে পারিতেছে না।

১১—১২। "বচন" ইত্যাদি। তোমার বাক্য-সুধায় যে ব্যক্তি জীবিত হয় অর্থাৎ বাক্য-সুধা ব্যতীত যে প্রাণে বাঁচে না, তাহাকে কি জন্য মান-বজ্র প্রদর্শিত করিতেছ?

১৩—১৪। "গোবিন্দদাস" ইত্যাদি। গোবিন্দ-দাসের চিত্তে (শ্রীকৃষ্ণের পূর্ব্বোক্ত বাক্যে) এই জন্য হাস্য উদিত হইতেছে যে,—এই জন অর্থাৎ শ্রীকৃষ্ণ (প্রেম-লীলার বৈচিত্র্যের জন্য) মান অভি-লাষ করেন; (সুতরাং তাঁহার 'মান-কুলিশ দেখাও কিয়ে' ইত্যাদি বাক্য শ্রীরাধার মনস্তুষ্টির জন্য চাটু-বাক্য ব্যতীত কিছু নহে)।

তথা রাগ।১

বহুখন পদতলে যব রহুঁ কান।
সখিগণ কহইতে ভাঙ্গল মান॥
দুহুঁ জন গদ-গদ লোচন২-লোর।
কানু জানি তব কয়লহি কোর॥
কত কত প্রেম কয়ল পুন নাহ।
বর৩ সঙ্কীরণ-রস-নিরবাহ॥
রাধামোহন-পহুঁ৪ গুপত৫ যো কারি৬।
সো সুখ কো জন কহইতে পারি॥৭॥৫৮৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৩ সংখ্যক পদ। 'তথা রাগ' স্থলে 'ধানশী' খ।

২। 'লোচন' স্থলে 'লোচনে' প-র-সা।

৩। 'বর' স্থলে 'ভই' ক—গ।

৪। 'পহুঁ' স্থলে 'তহু' প-র-সা।

৫। 'গুপত' স্থলে 'গোপত' ক, গ।

৬। 'যো কারি' স্থলে 'যো কারী' ক—গ; 'জো কারি' ঘ, চ।

টীকা

৭—৮। "রাধামোহন" ইত্যাদি। রাধা-মোহনের প্রভু শ্রীকৃষ্ণ গুপ্ত-ভাবে যাহা করিলেন, সেই (সম্ভোগ-লীলার) সুখ কোন্ ব্যক্তি বলিতে পারে?

ধানশী।১

দুহুঁ মুখ দরশনে২ দুহুঁ ভেল ভোর।
দুহুঁক নয়নে বহে আনন্দ-লোর॥
দুহুঁ তনু পুলকিত গদ গদ ভাষ।
ইষদবলোকনে লহু লহু হাস॥
অপরূপ রাধামাধব-রঙ্গ৩।
মান-বিরামে ভেল এক সঙ্গ॥
ললিতা বিশাখা আদি যত সখীগণ।
আনন্দে মগন ভেল দেখি দুহুঁ জন৪॥
নিকুঞ্জের মাঝে৫ দুহুঁ৬ কেলি-বিলাস।
দূরহি নেহারত৭ নরোত্তম দাস৮॥১০॥৫৮৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৪ ও প-র পুথির ৪২।২১ সংখ্যক পদ।

২। 'দরশনে' স্থলে 'হেরইতে' প-র।

৩। 'অপরূপ' ইত্যাদি পংক্তিদ্বয় প-র পুথিতে নাই।

৪। 'আনন্দে মগন' ইত্যাদি পংক্তি স্থলে 'আনন্দিত ভেল সবে দেখি দুই জন' প-র।

অতঃপর প-র পুথিতে নিম্নলিখিত পংক্তিদ্বয় দৃষ্ট হয়; যথা,—

'সারি শুক দুহুঁক রূপ সখিকে শুনায়।
শুনি হাসি সখিগণ উল্লসিত কায়॥'

৫। 'নিকুঞ্জের মাঝে' স্থলে 'নিকুঞ্জমন্দিরে' প-র।

৬। 'দুহুঁ' স্থলে 'দোহার' খ, প-র-সা।

৭। 'দুরহি নেহারত' স্থলে 'দুরহি দুরে রহু' ক, গ; 'দূরে রহু হেরত' প-র-সা; 'দূরেহু দুরে রহু' প-র।

৮। 'নরোত্তম দাস' স্থলে 'গোবিন্দ দাস' প-র

টীকা

৩—৪। "কুসুম" ইত্যাদি। পুষ্প-রচিত শয্যার উপর শ্রীরাধা ও শ্রীকৃষ্ণ (বিরাজিত রহিয়াছেন); কন্দর্প (নিজের কর্ত্তব্য) জানিয়া উভয়ের মন নিষ্পেষিত করিলেন অর্থাৎ বোধ হয় যেন, নিষ্পেষণ দ্বারা উভয়ের চিত্তের অভিন্নত্ব সম্পাদিত করিলেন। তুলনার জন্ম ৫৭৬ সংখ্যক পদের—"না সো রমণ না হাম রমণী। দুহুঁ মন মনভব পেশল জনি॥" পংক্তিদ্বয় ও উহার টীকা দ্রষ্টব্য

তথা রাগ।১

নিমগন দুহুঁ জন রতি-রণ-রঙ্গে।
থির২ দামিনি নব জলধর সঙ্গে॥
কুসুম-শেজ পর রাধা কান।
দুহু মন মনসিজ পেশল৩ জান॥
ঘন ঘন চুম্বই চকিত৪ নয়ান।
কুচ-যুগ পর খরতর নখ হান॥
কুঞ্জহি দুহুঁ জন নিধুবন৫-কেলি।
জ্ঞানদাস চিতে আনন্দ ভেলি॥১১॥৫৮৫॥

এতানি গীতানি রাত্রৌ গেয়ানি।
ইতি ষড়্‌বিধো মানঃ সহেতুঃ সম্পূর্ণঃ।
ইতি একবিংশ-পল্লবঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৭৩৫ সংখ্যক পদ।

২। 'থির' স্থলে 'স্থির' প-র-সা।

৩। 'মনসিজ পেশল' স্থলে 'পেশল মনসিজ' ক, গ, চ, প-র-সা।

৪। 'চকিত' স্থলে 'চমকি' চ।

৫। 'নিধুবন' শব্দ ক, খ ও গ পুথিতে লিপিকর-ভ্রমে পরিত্যক্ত হইয়াছে। 'নিধুবন' স্থলে 'রতি-রণ' চ; 'করতহি' প-র-সা।

অথ নির্হেতু-মানঃ।

তত্র কারণাভাসঃ প্রতিবিম্ব-দৃষ্টে যথা।

তদুচিত-শ্রীমহাপ্রভুঃ।

বরাড়ী।১

অপরূপ গৌরাঙ্গের লীলা।
সুরধুনী-সিনানে চলিলা॥
রাধিকার ভাব হৈল মনে।
ঘন চাহে কাল জল পানে॥
নিজ প্রতিবিম্ব দেখি২ জলে।
কোপিত৩-অন্তরে কিছু বলে॥
ঢীট নাগর শ্যাম রায়।
আন জন সহিতে৪ খেলায়॥
কোপ করি চলে নিজ বাসে।
কহে কিছু হরিরাম দাসে॥১॥৫৮৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৭৭০ সংখ্যক পদ। খ পুথিতে 'বরাড়ী' স্থলে 'বরাড়ী। একতাল' পাঠ আছে।

২। 'দেখি' স্থলে 'হেরি' প-র-সা।
৩। 'কোপিত' স্থলে 'কুপিত' প-র-সা।
৪। 'সহিতে' স্থলে 'সহিত' ক—খ, প-র-সা।

ভূপালী।১

রসবতি যাই[২] রসিক-বর ঠাম।
শ্যাম-তনু-মুকুরে হেরই অনুপাম ॥
নিজ প্রতিবিম্ব শ্যাম-অঙ্গে হেরি।
রোখি[৩] কহত ধনি আনন ফেরি ॥
নাগর এত কিয়ে চঞ্চল ভেলি।
হামারি সমুখে করু আন সঞে কেলি ॥
এত কহি রাই করল তহিঁ[৪] মান।
আন ঠামে চললি উপেখিয়া কান ॥
সহচরিগণ তব[৫] কতয়ে বুঝায়।
উদ্ধব দাস মিনতি করু পায় ॥২॥৫৮৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৭৭১ সংখ্যক পদ।
২। 'যাই' স্থলে 'রাই' ক।
৩। 'রোখি' স্থলে 'রোখে' ক, গ, প-র-সা।
৪। 'তহিঁ' স্থলে 'তব' প-র-সা।
৫। 'তব' স্থলে 'তবে' ক—গ, চ।

শ্রীরাগ।১

সুন্দরি[২] জানলু তুয়া দুরভান[৩]।
হরি-উর[৪]-মুকুরে হেরি নিজ ছাহ রি[৫]
তাহে সৌতিনি করি মান[৬] ॥ধ্রু॥
কানন-কুঞ্জে[৭] কুসুম-শরে জর জর
পন্থ নেহারই[৮] তোরি[৯]।
ভাগে[১০] মিলল পুন কাহে[১১] কমল-মুখি
রোখে চললি মুখ মোড়ি[১২] ॥
কত কত মুগধিনি[১৩] ঐছে[১৪] ভেল বঞ্চিত[১৫]
হরি পুন তাহে না লাগি[১৬]।
তুহুঁ পুণবতি তোহে[১৭] ওহি মানাওত[১৮]
কি কহব তোহারি সোহাগি[১৯] ॥
তো[২০] বিনু শূতল শীতল ভূতলে
দুরতর[২১] বিরহ-হুতাশে[২২]।
তুয়া কর-সরস[২৩]- পরশে রিঝাওহ
তোহে কহ[২৪] গোবিন্দ দাসে ॥৩॥৫৮৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৭৬১ ও ৭৭২ সংখ্যক এবং প-র পুথির ২১।৯৬ সংখ্যক পদ।

২। 'সুন্দরি' স্থলে 'শুন সুন্দরি' প-র-সা।

৩। 'দুরভান' স্থলে 'দূর ভান' গ। প-র-সা পুথির ৭৬১ সংখ্যক পদে ও সা-প, ১৮৪ সংখ্যক গোবিন্দদাসের পদাবলী পুথিতে এই কলিটি 'কানন-কুঞ্জে' ইত্যাদি কলির পরে সন্নিবেশিত হইয়াছে।

৪। 'উর' স্থলে 'নিজ' ক।

৫। 'নিজ ছাহ রি' সা-প, ১৮৪ সংখ্যক পুথি স্থলে 'নিজ ছাহকি' ক—চ; 'তুহুঁ নিজ ছাহ' প-র; 'ছাহরি' (পাঠান্তর—প-র-সা)।

৬। 'তাহে সৌতিনি করি মান' স্থলে 'কাহে (পাঠান্তর—কিয়ে) করলি তুহুঁ মান' প-র-সা; 'কিয়ে করলি' ইত্যাদি প-র।

৭। 'কুঞ্জে' স্থলে 'কুঞ্জ' ক, খ।

৮। 'পন্থ নেহারই' স্থলে 'বয়ান হেরি পুন' ক, চ; 'কানু হেরত পথ' প-র-সা, প-র।

৯। 'তোরি' স্থলে 'তোর' প-র-সা।

১০। 'ভাগে' স্থলে 'ভাগ্যে' ক—চ।

১১। 'কাহে' স্থলে 'তোহে' ক।

১২। 'মুখ মোরি' স্থলে 'অতি ভোর' প-র-সা।

১৩। 'মুগধিনি' স্থলে 'মুগধী' ক—গ; 'মুগধি' চ।

১৪। 'ঐছে' স্থলে 'বৈছে' ক, গ, চ।

১৫। 'কত কত' ইত্যাদি কলিটি প-র-সা পুথিতে নাই।

১৬। 'না লাগি' স্থলে 'না লাগ' খ; 'লাগ' প-র।

১৭। 'তুহুঁ পুণবতি তোহে' স্থলে 'তুহুঁ ধনি গুণবতি' প-র।

১৮। 'ওহি মানাওত' স্থলে 'যোহি মানাওত' ক—গ; 'যো মানাওত' চ; 'তহি মানাওত' প-র-সা; 'তোহে মুগধ ভেল' প-র।

১৯। 'সোহাগি' স্থলে 'সোহাগ' খ, প-র।

২০। 'তো' স্থলে 'তুয়া' প-র।

২১। 'দুরতর' স্থলে 'দুরতর' গ; 'দুস্তর' (পাঠান্তর—'দুতর') প-র-সা। 'দারুণ' সা-প, ১৮৪ সংখ্যক পুথি।

২২। 'হুতাশে' স্থলে 'হুতাশ' ঘ, চ।

২৩। 'তুয়া কর' ইত্যাদি পংক্তি স্থলে 'তুয়া কর পরশ সরস বিনি ঝায়ত' ক, চ। 'তুয়া কর পরশে সরসে বিনি বুঝায়ত' খ। 'তুয়া কর পরশ সরস বুঝায়ত' গ। 'তুয়া কর পরশে সরসে বিনি ঝায়হ' ঘ। 'তুয়া কর সরস পরশে তনু শীতল' প-র-সা। 'তুয়া কর পরশ সরসে রিঝাওহ' প-র। 'তুয়া কর পরশে সরসে বিনি ঝায়ই' সা-প, ১৮৪ সংখ্যক পুথি।

২৪। 'তোহে কহ' স্থলে 'কহতহিঁ' প-র-সা; 'কি কহব' প-র।

টীকা

১—৩। "সুন্দরি" ইত্যাদি। হে সুন্দরি শ্রীরাধে! তোমার ভ্রম-জ্ঞান বুঝিতে পারিয়াছি; শ্রীকৃষ্ণের (মরকত-দর্পণ-তুল্য) বক্ষঃস্থলরূপ দর্পণে তুমি নিজের ছায়া দেখিয়া তাহাকে সপত্নী অর্থাৎ কৃষ্ণপ্রিয়া অপর নায়িকা বলিয়া মনে করিতেছ।

৮—১১। "কত কত" ইত্যাদি। কত কত মুগ্ধা অর্থাৎ মানানভিজ্ঞা সরল-স্বভাবা নায়িকা ঐরূপ (শ্রীকৃষ্ণের প্রেমে) বঞ্চিত হইল; শ্রীকৃষ্ণ কিন্তু তাহাদিগের সহিত লগ্ন অর্থাৎ প্রেমাসক্ত হইলেন না; তুমি পুণ্যবতী, (তাই) সেই শ্রীকৃষ্ণ স্বয়ং তোমাকে (মান-ভঞ্জনার্থ) প্রবোধ দিতেছেন; তোমার সৌভাগ্য কি বলিব? অর্থাৎ যাহারা মান কিরূপ, জানে না, এরূপ মুগ্ধা ও প্রেমের জন্য লালায়িতা শত শত নায়িকার প্রেম তুচ্ছ করিয়া শ্রীকৃষ্ণ স্বয়ং তোমার মান-ভঞ্জনের জন্য এত সাধ্য-সাধনা করিতেছেন, ইহা অপেক্ষা তোমার অধিক সৌভাগ্য আর কি হইতে পারে?

১২—১৫। "তো বিনু" ইত্যাদি। (শ্রীকৃষ্ণ) তোমার বিরহে অর্থাৎ তোমার বিরহ-জনিত অঙ্গ-তাপ নিবারণ জন্য শীতল ভূমিতলে শয়ন করিয়াছেন, (কিন্তু) বিরহ-বহ্নি দুস্তর অর্থাৎ তাঁহার বিরহ-সন্তাপ অন্য কিছুতেই নিবারণীয় নহে; তুমি তোমার হস্তের রসপূর্ণ স্পর্শ দ্বারা শ্রীকৃষ্ণকে হৃষ্ট কর, গোবিন্দদাস তোমাকে ইহা বলিতেছেন।

ধানশী।[১]

যাহাঁ সখিগণ সব রাই বুঝায়ত
তুরিতে আওল তাহাঁ কান।
হেরইতে[২] কমল- বয়নি ধনি মানিনি
অবনত করল[৩] বয়ান॥
হেরইতে নাগর গদ-গদ অন্তর
মন মাহা ভেল বহু ভীতে[৪]।
গলে পীতাম্বর চরণ-যুগল ধর[৫]
কহতহি গদ-গদ চীতে[৬]॥
সুন্দরি মিছাই করহ মুঝে মান।
নিরহেতু হেতু জানি তুহুঁ রোখলি
প্রতিবিম্ব হেরি কহ আন॥ ধ্রু॥
তুয়া বিনে নয়নে আন নাহি হেরিয়ে
না কহিয়ে আন সঞে বাত।
তোহারি সখিনি বিনে বাত না পুছিয়ে
না বসিয়ে কাহুঁক সাথ॥

তব তুহুঁ কাহে মান মুঝে করতহি
না বুঝিয়ে তুয়া মন-কাজে[৭]।
উদ্ধবদাস মিনতি করি কহতহি
হেরহ নাগর-রাজে[৮] ॥৪॥৫৮৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৭৭৩ সংখ্যক পদ।
২। 'হেরইতে' স্থলে 'হেরই' খ।
৩। 'করল' স্থলে 'কমল' প-র-সা।
৪। 'ভীতে' স্থলে 'ভীত' ক, খ।
৫। 'ধর' স্থলে 'ধরু' খ।
৬। 'চীতে' স্থলে 'চিতে' ক, গ; 'চীত' ক, খ পুথি।
৭। 'কাজে' স্থলে 'কাজ' খ, প-র-সা।
৮। 'রাজে' স্থলে 'রাজ' খ, প-র-সা।

তথা রাগ।১

নিজ প্রতিবিম্ব রাই যব শূনল
অবনত করু মুখ লাজে।
নিরহেতু হেতু জানি হাম রোখলুঁ
তেজলুঁ নাগর-রাজে ॥
এত কহি রাই চীরে মুখ ঝাঁপল
বয়নে না নিকসয়ে বাণী।
রসিক-শিরোমণি কোরে আগোরল
রাইক অন্তর জানি ॥
অপরূপ প্রেমক রীত[২]।
সবহুঁ সখীগণ চীত-পুতলি যেন[৩]
হেরত দুহুঁক চরীত[৪] ॥ ধ্রু ॥
পুন সভে হাসি মন্দির সঞে নিকসল
দুহুঁ জন ভেল এক ঠাম।
মদন-মহোদধি-[৫] নিমগন দুহুঁ জন
উদ্ধব দাস গুণ গান ॥৫॥৫৯০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৭৭৪ সংখ্যক পদ।
২। 'রীত' স্থলে 'রীতি' প-র-সা।
৩। 'যেন' স্থলে 'সম' প-র-সা।
৪। 'চরীত' স্থলে 'চরিত' ক—গ, চ; 'চারিত' প-র-সা।
৫। 'মহোদধি' স্থলে 'পয়োনিধি' খ, ঘ।

পুনশ্চ।

সুহই।১

নিকুঞ্জ-মন্দিরে রাই প্রবেশিলা রঙ্গে।
আপনার বরণ দেখয়ে[২] শ্যাম-অঙ্গে ॥
আন রমণী কহি[৩] নিবারই[৪] দীঠ।
ফিরিয়া চলিলা ধনী শ্যাম করি পীঠ ॥
আকুল গোকুলচাঁদ পসারিয়া বাহু।
শরদের চাঁদ যেন গরাসয়ে রাহু ॥
দরশে বিরস কেন কিয়ে অপরাধ।
চান্দ বিনে চকোর না জিয়ে তিল আধ ॥
বলরাম দাস কহে শুন বিনোদিনি।
শ্যাম-অঙ্গ কত কোটি দরপণ জিনি ॥৬॥৫৯১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৭৭৫ সংখ্যক পদ।
২। 'আপনার বরণ' ইত্যাদি স্থলে 'আপন বরণ দেখে শ্যামক অঙ্গে' ক, গ; 'আপন বরণ রাই দেখে শ্যাম-অঙ্গে' খ, ঘ।
৩। 'কহি' স্থলে 'বলি' প-র-সা।
৪। 'নিবারই' স্থলে 'নিবারয়ে' ঘ; 'নিবারল' প-র-সা।

টীকা

১—৪। "নিকুঞ্জ" ইত্যাদি। শ্রীরাধা সানন্দে নিকুঞ্জ-গৃহে প্রবেশ করিলেন, (প্রবেশ করিয়া) শ্রীকৃষ্ণের (মণি-দর্পণ তুল্য) অঙ্গে নিজের বর্ণ

অর্থাৎ স্বর্ণবৎ কান্তি দেখিতে পাইলেন। (উহা যে তাঁহার নিজের অঙ্গের প্রতিবিম্ব, তাহা লক্ষ্য না করিয়া) অন্য রমণী (এ কে শ্রীকৃষ্ণের অঙ্গে সংলগ্ন হইয়া আছে), ইহা বলিয়া দৃষ্টি ফিরাইয়া শ্রীকৃষ্ণের দিকে পাছ দিয়া শ্রীরাধা ফিরিয়া চলিলেন।

তিরোথা সিন্ধুড়া।১

মরকত-দরপণ শ্যাম-হৃদয় মাহা
আপন মুরুতি দেখি রাই।
গুরুয়া কোপ২ অধর ঘন কাঁপই
অরুণ নয়ান ভৈ যাই॥
দেখ দেখ৩ কানুক রঙ্গ।
আনহি৪ রমণি হৃদয়ে করি৫ বঞ্চই
ঐছন না দেখিয়ে৬ ঢঙ্গ॥ ধ্রু॥
এত অনুমানি বিমুখ ভৈ বৈঠলি৭
কানু সে পড়লহিঁ৮ ধন্দ।
কাহে কমল-মুখি মোহে উপেখসি
তুহুঁ হাম নহ কিছু দন্দ॥
কত পরকারে মিনতি করু মাধব
তব ধনি উতর না দেল।
দর দর হৃদয় নয়ন-যুগ৯ ছল-ছল
মনমথে জর-জর ভেল॥
চরণ-কমল করে পরশি মাথে ধরু
সরস পরশ১০ অভিলাষ।
তুয়া বিনু রাতি দিবস নাহি জানত
কহতহিঁ প্রেমক দাস॥৭॥৫৯২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৭৭৬ ও প-র পুথির ২১।৯৪ সংখ্যক পদ। 'তিরোথা সিন্ধুড়া' স্থলে 'ধানশ্রী' প-র।

২। 'কোপ' স্থলে 'কোপে' ক, গ, প-র-সা, প-র।

৩। 'দেখ' স্থলে 'সখি' প-র।

৪। 'আনহি' স্থলে 'আন' খ, ঘ।

৫। 'হৃদয়ে করি' স্থলে 'হৃদয় করি' খ, ঘ; 'হৃদয় পরি' প-র।

৬। 'দেখিয়ে' স্থলে 'দেখি' প-র।

৭। 'বৈঠলি' স্থলে 'বৈঠই' ক, গ।

৮। 'পড়লহিঁ' স্থলে 'পড়লহুঁ' ক—গ, চ; 'পড়লই' প-র-সা।

৯। 'নয়ন-যুগ' স্থলে 'নয়নজল' প-র।

১০। 'সরস পরশ' স্থলে 'তোহারি পরশ' প-র।

সুহই।১

শুন ধনি কহি তুয়া কাণে।
জনি করু৩ অরুণ নয়ানে॥
হরি-হিয়৪ অধিক উজোর৫।
জনু মণিময় ত মুকুর৬॥
কানু কোরে নহ৭ আন নারী।
প্রতিবিম্ব ভেল৮ তোহারি॥
ইথে যদি তুহুঁ করু৯ আনে।
সবহুঁ হসব১০ তুয়া মানে॥
ঐছন কতিহুঁ না দেখি।
অবিচারে নাহ উপেখি॥
দোষ দেখি দূষহ১১ তাই।
গোবিন্দদাস বলি১২ যাই॥৮॥৫৯৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৭৬০।৭৭৭ ও প-র পুথির ২১।৯৫ সংখ্যক পদ।

২। 'ধনি কহি' স্থলে 'ধনি কহ' ক—গ, প-র-সা; 'ধনি কহো' চ; 'সখি কহোঁ' প-র।

৩। 'করু' স্থলে 'কুরু' ঘ, চ; 'কর' প-র।

৪। 'হিয়' স্থলে 'হিয়া' প-র-সা।

৫। 'উজোর' স্থলে 'উজোরে' ক, খ, ঘ, চ, প-র।

৬। 'জনু মণিময়' ইত্যাদি স্থলে 'জনি মণিময় সে মুকুরে' খ; 'জনু মণিময়রকত মুকুরে' প-র; 'জনু মণিময় ত মুকুরে' ঘ, চ।

৭। 'নহ' স্থলে 'নহে' ক, গ, প-র-সা।

৮। 'ভেল' স্থলে 'হোয়েত' প-র-সা; 'ভেলি' (পাঠান্তর—প-র-সা)।

৯। 'কর' স্থলে 'করি' প-র-সা।

১০। 'হসব' স্থলে 'হাসব' প-র-সা, প-র।

১১। 'দুষহ' স্থলে 'দোষবি' প-র-সা; 'দোষহ' প-র।

১২। 'বলি' স্থলে 'বলিহারি' প-র-সা।

তথা রাগ।১

এ ধনি এ ধনি বচন শুন।
মাধব মিলয়ে২ বহুত পুণ৩॥
এত পরিহার করয়ে যে।
তাহারে সুন্দরি বঞ্চয়ে কে॥
দোষ নাহি কছু৪ নয়ানে চাহ।
আপন সরস পরশ দেহ৫॥
হাসিয়া সুন্দরী চাহল৬ ফিরি৭।
ও কর৮ কমল ধয়ল হরি॥
দুহুঁক পূরল মনের৯ আশ।
বিজন বিজই১০ চৈতন্যদাস॥৯॥৫৯৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৭৭৮ ও প-র পুথির ২১।১০১ সংখ্যক পদ। 'তথা রাগ' স্থলে 'তুড়ী' খ; 'ধানশ্রী' প-র।

২। 'মিলয়ে' স্থলে 'মিলনে' প-র।

৩। 'পুণ' স্থলে 'গুণ' প-র।

৪। 'নাহি কছু' স্থলে 'পরিহরি' প-র।

৫। অতঃপর প-র পুথিতে নিম্নলিখিত অতিরিক্ত কলিটি দৃষ্ট হয়; যথা,—

'হেন মান কভু দেখিয়ে নাই।
মিছা অভিমান তেজহ রাই॥'

৬। 'চাহল' স্থলে 'দেখহ' প-র।

৭। 'ফিরি' স্থলে 'ফেরি' চ, প-র-সা।

৮। 'ও কর' স্থলে 'এ কর' চ; 'চরণ' প-র।

৯। 'মনের' স্থলে 'মনক' প-র।

১০। 'বিজন বিজই' স্থলে 'বীজন বীজই' খ, প-র; 'বিজই বিজন' চ; 'বিজই বিজই' প-র-সা।

পুনশ্চ অন্য প্রকার।

কেদার।১

বড় অপরূপ পেখলুঁ২ হাম।
কি লাগিয়া দুহুঁ৩ কয়ল মান॥
বিবরি কহিবে সজনি হে।
এ কথা শুনিলে আউলায় দে৪॥
এত অদভুত কোথা না শুনি।
নাগরী উপরে নাগর মানি॥
এহো৫ অপরূপ কোথা৬ না দেখি।
হেন প্রেম দুহুঁ শেখর সাখী॥১০॥৫৯৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৭৭৯ সংখ্যক পদ।

২। 'পেখলুঁ' স্থলে 'আজি পেখলুঁ' ক—গ; 'দেখলুঁ' চ, প-র-সা।

৩। 'দুহুঁ' স্থলে 'তুহুঁ' ক—গ।

৪। 'আউলায়' স্থলে 'আলুয়ায়' প-র-সা।

৫। 'এহো' স্থলে 'এহ' ক।

৬। 'কোথা' স্থলে 'কোথায়' ক।

কেদার।১

এ সখি অদভুত প্রেম-তরঙ্গ।
দুহুঁ অদরশে দুহুঁ অতি সে২ বিয়াকুল
দরশনে ঐছন রঙ্গ॥ধ্রু০॥

মরকত-কনক- মুকুর[৪] জিনি দুহুঁ তনু
দুহুঁ ছাহ হেরি দুহুঁ অঙ্গে।
দুহুঁ জন দেখি হৃদয়ে দ্বিধা[৫] উপজল
দুহুঁ বৈঠল মুখ বঙ্কে[৬] ॥
কিয়ে দুহুঁ মনহিঁ রোখ অতি বাঢ়ল
দোহেঁ চলু তেজইতে প্রাণে।
নিবিড় কুঞ্জে দোহে[৭] দৈবে মিলায়ল
কোরে কয়ল আন ভানে ॥
কোরহি পরশে মদন দুহুঁ উপজল
গেলহিঁ দুর দুরভান।
কত কত চুম্বন কতহি[৮] আলিঙ্গন
প্রেমদাস রস গান ॥১১॥৫৯৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৭৮০ সংখ্যক পদ। এই পদটি ঘ পুথি ছাড়া পদকল্পতরুর অন্যান্য পুথিতে নাই; এই পদটি গণনা না করিলে ২২শ পল্লবের নির্দ্দিষ্ট পদ-সংখ্যা পূর্ণ হয় না; সুতরাং এই পদটি যে ক—গ ও চ পুথিতে লিপিকরদিগের ভ্রমে পরিত্যক্ত হইয়াছে, তাহাতে সন্দেহ নাই। প-র-সা পুথিতে পদকল্পতরু গ্রন্থের ২২শ, ২৩শ ও ২৪শ পল্লবের পদগুলি সমস্তই অবিকল সেই ক্রম অনুসারে সন্নিবেশিত হইয়াছে, সুতরাং প-র-সা পুথিতে এই স্থলে এই পদটি প্রাপ্ত হওয়ায়, তদ্দ্বারাও ঘ পুথির এই পদটি যে প্রক্ষিপ্ত নহে, তাহা প্রমাণিত হইতেছে।

২। 'অতি সে' স্থলে 'ঐছে' প-র-সা।

৩। ঘ পুথিতে 'জ' নাই।

৪। 'মুকুর' স্থলে 'মকুর' ঘ।

৫। 'দ্বিধা' স্থলে 'দুহুঁ' ঘ পুথি। 'দুহুঁ' পাঠে কোন অর্থ হয় না; প-র-সা পুথির সাহায্য না পাইলে 'দুহুঁ' এই অশুদ্ধ পাঠটি সংশোধিত করার উপায় ছিল না।

৬। 'মুখ বঙ্কে' স্থলে 'দুহুঁ রঙ্গে' প-র-সা।

৭। 'দোহে' স্থলে 'দোহ' প-র-সা।

৮। 'কতহি' স্থলে 'কতহু' ঘ।

টীকা

৪—৭। "মরকত" ইত্যাদি। শ্রীকৃষ্ণ ও শ্রীরাধার দেহ যথাক্রমে মরকত ও স্বর্ণের দ্বারা নির্ম্মিত দর্পণের পরাজয়কারী; (সুতরাং) দুই জনের দেহে দুই জনে পরস্পরের ছায়া (প্রতিবিম্বিত) দেখিলেন; দেখিয়া দুই জনের হৃদয়েই (প্রতিবিম্বিত পুরুষ ও নারী অপর পুরুষ ও নারী বলিয়া) সন্দেহ জন্মিল; (সুতরাং ঈর্ষাবশতঃ) দুই জন মুখ বাঁকা করিয়া অর্থাৎ মুখ ফিরাইয়া বসিলেন।

৮—১১। "কিয়ে" ইত্যাদি। দুই জনের চিত্তেই কি এক ক্রোধ নিতান্ত বর্দ্ধিত হইল;—উভয়েই প্রাণ ত্যাগ করিতে চলিলেন; (কিন্তু) গহন কুঞ্জের মাঝে দৈব উভয়কে সম্মিলিত করিল অর্থাৎ অন্য-মনস্ক ভাবে যাইতে যাইতে একজনের অঙ্গে অন্য জনের অঙ্গ লগ্ন হইল; (তখন) অন্য ভাবে অর্থাৎ পরস্পরের সুপরিচিত অমৃতময় অঙ্গ-স্পর্শে পরস্পরকে চিনিতে পারিয়া, (উভয়ে উভয়কে) ক্রোড়ে ধারণ করিলেন।

পুনশ্চ দিনান্তরে

নট রাগ।১

রাধা মাধব সহচরি সাথ।
কত কত উপজয়ে রসময় বাত ॥
না জানিয়ে প্রেম-কলহ কিয়ে ভেল।
নিজ প্রতিবিম্ব-ভানে দুহুঁ গেল ॥
চীত-পুতলি সম সহচরি থারি।
কি কহব বচন কহই নাহি[২] পারি ॥
দুহুঁ জন ভেল অকারণ মান।
এক দিশে সুন্দরি আর দিশে কান ॥

বন মাহা দুহুঁ পরবেশল যাই।
এক তরুর মুলে[৩] বৈঠলি রাই॥
একলি রোয়ত অবনত শীর[৪]।
ঝর ঝর নয়নে গলয়ে ঘন নীর॥
ভ্রমি ভ্রমি মাধব আওল তাই[৫]।
হেরল[৬] তরু-মুলে[৭] রোয়ত রাই॥
কানুক নয়নে ঝরয়ে তব লোর।
ধিরে ধিরে[৮] যাই রাই করু কোর॥
কহ গোপিকান্ত[৯] দাস কিয়ে ভেলি[১০]।
অদভুত দুহুঁক প্রেম-রস-কেলি[১১]॥

॥১২॥৫৯৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৭৮১ সংখ্যক পদ।
২। 'নাহি' স্থলে 'না' ক, গ—চ, প-র-সা।
৩। 'মুলে' স্থলে 'মূলে' ক—গ, চ।
৪। 'শীর' স্থলে 'শির' ক—গ, প-র-সা।
৫। 'তাই' স্থলে 'তাহি' ক, গ।
৬। 'হেরল' স্থলে 'হেরত' ক।
৭। 'মুলে' স্থলে 'মূলে' ক—গ, চ।
৮। 'ধিরে ধিরে' স্থলে 'ধীরে ধীরে' ক—গ, প-র-সা।
৯। 'গোপিকান্ত' স্থলে 'গোপীকান্ত' ক—গ, প-র-সা।
১০। 'ভেলি' স্থলে 'ভেল' ঘ।
১১। 'কেলি' স্থলে 'কেল' ঘ।

বিহাগড়া।[১]

ঢূঁড়য়ে[২] সবহুঁ[৩] সখীগণ মেলি।
যাহাঁ দুহুঁ রোয়ত তাহি সভে[৪] গেলি॥
হেরল দুহুঁ জন রহু এক ঠাম।
রোয়ত সুন্দরি কোরহি শ্যাম॥
কহ গদ-গদ তব নাগর কান।
কাহে তুহুঁ রোয়সি কাহে করু[৫] মান॥
মোছই বদন[৬] আপন পিতবাসে[৭]।
দূরহি সহচরিগণ হেরি হাসে॥
সখিগণ মুখ যব হেরল রাই।
লাজহি অবনত কানু-মুখ চাই॥
উঠি[৮] চলল দুহুঁ সখিগণ[৯] দেখি।
তুরিতহিঁ[১০] মীলল দুহুঁ পরতেকি॥
লাজহি দুহুঁ কছু না কহয়ে ভাষ।
কহ গোপিকান্ত[১১] পুরল মন আশ॥

॥১৩॥৫৯৮॥

ততঃ সম্ভোগ-পদানি গেয়ানি।

ইতি দ্বাবিংশতি-পল্লবঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৭৮২ সংখ্যক পদ।
২। 'ঢূঁড়য়ে' স্থলে 'ঢূড়য়ে' ক, গ, প-র-সা; 'ঢূঁড়য়ে' খ; 'ঢূড়য়ে' ঘ, চ।
৩। 'সবহুঁ' স্থলে 'সকল' ক—গ, চ, প-র-সা।
৪। 'তাহি সভে' স্থলে 'তাহাঁ চলি' ক, গ, চ, প-র-সা।
৫। 'করু' স্থলে 'কর' ক, গ, চ।
৬। 'বদন' স্থলে 'অঙ্গ' প-র-সা।
৭। 'পিতবাসে' স্থলে 'পীতবাসে' ক—গ, চ।
৮। 'উঠি' স্থলে 'উঠি' ক—গ, চ, প-র-সা।
৯। 'সখি-গণ' স্থলে 'সখী মুখ' ক, গ; 'সখি মুখ' চ।
১০। 'তুরিতহিঁ' স্থলে 'তুরিতহুঁ' ক—গ, প-র-সা।
১১। 'গোপিকান্ত' স্থলে 'গোপীকান্ত' ক—গ, প-র-সা।

অথ অকারণ-মানঃ।

অহেরিব গতিঃ প্রেম্নঃ স্বভাবকুটিলা ভবেৎ।*
ততো হেতোরহেতোশ্চ যূনোর্মান উদঞ্চতি॥
সহেতুঃ ষড়্বিধো মানো নির্হেতুর্দ্বিবিধো মতঃ।
কারণাভাসতশ্চাপি পুনশ্চাকারণাত্ততঃ॥ ইতি।

ভূপালী।১

রসবতি রাধা রসময় কান।
কো জানে কাহে কয়ল দুহুঁ২ মান॥
দুহুঁ অতি রোখে বিমুখ ভই৩ বৈঠ।
দুহুঁ চললী যমুনা-জলে পৈঠ৪॥
কি কহব রে সখি কহইতে হাস।
কিয়ে কিয়ে অদভুত দুহুঁক বিলাস॥ধ্রু৫॥
লোচন-লোরে ভোরি৬ দুহুঁ পন্থ।
পাওল তিমির নিকুঞ্জক অন্ত॥
দুহুঁ দুহাঁ৭ পুছইতে দুহু মতি বাম।
দুহুঁ সে কহল৮ নিজ সহচরি-নাম॥
ভরমে কহত দুহুঁ৯ মরমক বোল।
সহচরি বলি দুহে১০ দুহুঁ করু কোর॥
যব দুহুঁ মেলি আলিঙ্গন দেল।
গোবিন্দ দাস কহ তব১১ কিয়ে ভেল॥

॥১॥৫৯৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৭৮৩ ও প-র পুথির ২১।১০৩ সংখ্যক পদ। 'ভূপালী' স্থলে 'তিরোতা ভূপালী' ক, গ; 'বড়ারি' প-র।

২। 'দুহু' স্থলে 'তুহুঁ' খ; 'দোহে' প-র-সা।

৩। 'ভই' স্থলে 'হই' ক; 'ভৈ' খ।

৪। 'দুহুঁ চললী' ইত্যাদি পংক্তি স্থলে 'দুহুঁ দুহুঁ বৃন্দাবন মাহা পৈঠ' ক, গ; 'দুহুঁ জন বৃন্দাবন মাহা পৈঠ' প-র-সা; 'দুহুঁ চলল যমুনাবন পৈঠ' প-র।

৫। প-র পুথি ব্যতীত অন্যান্য পুথিতে 'ধ্রু' নাই।

৬। 'লোরে ভোরি' স্থলে 'লোর ভোরি' খ, ঘ।

৭। 'দুহাঁ' স্থলে 'দোহাঁ' খ—ঘ; 'দুহুঁ' প-র।

৮। 'দুহুঁ সে কহল' স্থলে 'দুহুঁ কহলি' ক; 'দুহুঁ কহল' চ, প-র-সা; 'দুহুঁ কয়ল' প-র।

৯। 'কহত দুহুঁ' স্থলে 'কহত' গ।

১০। 'বলি দুহে' স্থলে 'বোধে দুহুঁ' ক—চ; 'জানি দুহে' প-র-সা।

১১। 'কহ তব' স্থলে 'কহত' ক।

টীকা

৯—১২। "দুহুঁ দুহাঁ" ইত্যাদি। দুই জন দুই জনকে (তুমি কে হে?—এই প্রশ্ন) জিজ্ঞাসা করিলে, দুই জনেরই বিপরীত ধারণা হইল অর্থাৎ তাঁহারা প্রশ্নের স্বরে পরস্পরকে শ্রীরাধা ও শ্রীকৃষ্ণ বলিয়া বুঝিতে পারিলেন না; (প্রশ্নের উত্তরের অপেক্ষা না করিয়াই) উভয়ে নিজ সহচরীর নাম বলিলেন অর্থাৎ শ্রীকৃষ্ণ নিজের সহচরীর নাম লইয়া জিজ্ঞাসা করিলেন—"অমুক না কি?" শ্রীরাধাও নিজের সহচরীর নাম লইয়া জিজ্ঞাসা করিলেন—"অমুক না কি?" তাঁহারা (উত্তরের অপেক্ষা না করিয়া) ভ্রমে অর্থাৎ পরস্পরকে (পরস্পরের প্রিয়-সখী বিবেচনা করিয়া) প্রাণের কথা বলিতে লাগিলেন এবং (প্রিয়-সখী মনে করিয়া) আলিঙ্গন করিলেন। (ভ্রমের মধ্যে অনেক কথা প্রকাশ করার ইহা একটি সুন্দর উদাহরণ।)

---

* 'অহেরিব' ইত্যাদি শ্লোক-দ্বয়ের অর্থ এই যে—সর্পের ন্যায় প্রেমের গতি স্বভাবতঃ কুটিল; অতএব কারণ হইতে এবং অকারণেও নায়ক-নায়িকার মান উদ্ভূত হয়। সকারণ মান—ষড়্বিধ; অকারণ মান কারণাভাস-জনিত ও অকারণ-জনিত—এই দুইটি ভেদ হেতু দ্বিবিধ।

সুহই।[১]

লাজ-সায়রে দুহুঁ নিমগন ভেল।
হেরইতে সবহুঁ সখী[২] চলি গেল॥
নিবিড় তিমিরে দুহুঁ লুকায়ল যাই[৩]।
নিয়ড়ে সখীগণ হেরত[৪] তাই॥
যাহাঁ যাহাঁ লুকায়ত রাধা শ্যাম।
কত কোটি[৫] চাঁদ উদয় সোই ঠাম॥
কৈছে লুকায়ব[৬] লাজে ভেল ভীত।
সখিগণ হেরত দুহুঁক চরীত[৭]॥
যব দুহুঁ নিয়ড়ে সখীগণ গেল।
বদন-চাঁদ তব অবনত কেল॥
হাসি হাসি সহচরি দুহুঁক[৮] আগোর[৯]।
লেয়ল নিভৃত নিকুঞ্জক ওর[১০]॥
কত কত কৌতুক কেলি-বিলাস।
মোহন নিরখই সহচরি পাস[১১]॥২॥৬০০॥

ইত্যনন্তরং সম্ভোগ-পদানি গেয়ানি।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৭৮৪ সংখ্যক পদ।
২। 'সবহুঁ সখী' স্থলে 'সব সখীগণ' প-র-সা।
৩। 'লুকায়ল যাই' স্থলে 'লুকায়ে না জাই' প-র-সা।
৪। 'হেরত' স্থলে 'হেরয়ে' খ; 'হেরল' ঘ।
৫। 'কত কোটি' স্থলে 'কত কত' ক, খ।
৬। 'লুকায়ব' স্থলে 'লুকায়ল' ক, ঘ, চ; 'লুকায়' প-র-সা।
৭। 'চরীত' স্থলে 'চরিত' ক—গ, চ, প-র-সা।
৮। 'দুহুঁক' স্থলে 'দুহুঁ' ক, গ।
৯। 'আগোর' স্থলে 'আগোরে' প-র-সা।
১০। 'ওর' স্থলে 'ওরে' প-র-সা।
১১। 'পাস' স্থলে 'হাস' ক, খ।

পুনশ্চ।

কামোদ।[১]

রাধা মাধব রতনহি মন্দিরে
নিবসই[২] শয়নক সুখে[৩]।
রসে রসে দারুণ দন্দ উপজায়ল
কান্ত চলল তহি[৪] রোখে॥
নাগর-[৫] অঞ্চল করে ধরি নাগরি[৬]
হাসি মিনতি করু[৭] আধা[৮]।
নাগর-হৃদয়ে[৯] পাঁচ-শরে হানল[১০]
উরজ দরশি মন বাধা[১১]॥
দেখ সখি ঝূঠক[১২] মান[১৩]।
কারণ কছুহুঁ বুঝই নাহি পারিয়ে
তব কাহে রোখল কান॥ ধ্রু॥
রোখ সমাপি পুন রহসি পসারল[১৪]
তাহি মধ্যত[১৫] পাঁচ-বাণ।
অবসর[১৬] জানি মানবতি রাধা
বিদ্যাপতি ইহ ভাণ॥৩॥৬০১॥

ইতি মিথ্যামানঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৭৮৫ ও প-র পুথির ২১।৯৯ সংখ্যক পদ। 'কামোদ' স্থলে 'ধানশ্রী' প-র।
২। 'নিবসই' স্থলে 'বিলসই' প-র।
৩। 'শয়নক সুখে' স্থলে 'শয়ন সুখে' ক; 'শয়নক সুখে' খ, গ, প-র; 'দুহুঁ অতি সুখে' প-র-সা।
৪। 'চলল তহি' স্থলে 'চলতহি' ক।
৫। 'নাগর' স্থলে 'নায়র' প-র।
৬। 'নাগরি' স্থলে 'নায়রি' প-র।
৭। 'করু' স্থলে 'কর' ক।
৮। 'আধা' স্থলে 'সাধা' খ, চ; 'বাধা' প-র।
৯। 'নাগর-হৃদয়ে' স্থলে 'নাগর-হৃদয়' খ, ঘ; 'নায়র-হৃদয়ে' প-র।

১০। 'পাঁচ-শরে হানল' স্থলে 'হানল পঞ্চশর' প-র।

১১। 'বাধা' স্থলে 'রাধা' প-র-সা। 'উরজ দরশি মন বাধা' স্থলে 'কুচ দরশায়ল আধা' প-র।

১২। 'ঝূঠক' স্থলে 'ঝূঠক' ক, খ, চ; 'ঝুটক' গ, প-র-সা।

১৩। 'দেখ সখি' ইত্যাদি কলিটি প-র পুথিতে নাই।

১৪। 'রোখ সমাপি' ইত্যাদি পংক্তি স্থলে 'রোখ সমাপি রসহি পসারল' প-র।

১৫। 'তাহিঁ মধ্যত' স্থলে 'তাহি মধত' ক—গ, প-র-সা; 'তহি জাগল' প-র।

১৬। 'অবসর' স্থলে 'অপসর' খ, ঘ, চ, প-র-সা।

টীকা

১২—১৫। "রোখ" ইত্যাদি। (শ্রীকৃষ্ণ শ্রীরাধার বিলাস-বিভ্রম-পূর্ণ অনুনয়ে) কোপ দূর করিয়া, নির্জ্জন-নিকুঞ্জে তখন পঞ্চবাণ কন্দর্পকে মধ্যস্থ প্রেরণ করিলেন অর্থাৎ কন্দর্পের সাহায্যে শ্রীরাধাকে বশীভূত করার জন্য উদ্যোগী হইলেন; শ্রীরাধা (তখন) অবসর অর্থাৎ মান-ভাব প্রকাশ করার উপযুক্ত সময় বুঝিয়া মানিনী হইলেন,—বিদ্যাপতি ইহা বর্ণনা করিতেছেন।

পুনশ্চ।

কেদার।[১]

ইহ মধু-যামিনি মাহ।

কাহে লাগি মান-　　দহনে তনু দহি দহি

দুহুঁ মুখ দুহুঁ নাহি চাহ॥ ধ্রু॥

উহ সুপুরুখ-বর　　বিদগধ-শেখর

এ[২] অবিচল-কুল-বালা।

বিহি ও[৩] না জানল　　মদন ঘটায়ল

জনু জলধরে বিদুমালা[৪]॥

চাঁদ-উদয়ে কিয়ে　　কুমুদিনি মুদিত[৫]

চাঁদনি-বিমুখ চকোর।

ঐছন যামিনি　　কথিহুঁ[৬] না পেখিয়ে

কিয়ে বিহি-মতি অতি ভোর॥

দুহুঁ তনু-পরশে　　ক্ষণিক পরশ-রস[৭]

জনু জলধরে বিদুমালা[৮]।

ঐছন কামিনি　　ও[৯] সুপরুখ-বর[১০]

দুহুঁক দুলহ নব বালা[১১]॥

সহচরি-বচন[১২]　　শুনিয়া দুহুঁ হরষিত

দুহুঁ মুখ হেরি দুহুঁ হাস।

দুহুঁক অনুভব[১৩]　　পুরল[১৪] মনোরথ

গোবিন্দদাস পরকাশ॥৪॥৬০২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৭৮৬ সংখ্যক পদ। 'কেদার' স্থলে 'কামোদ' খ।

২। 'এ' স্থলে 'ও' খ, ঘ।

৩। 'ও' স্থলে 'যো' ক, গ; 'য়ো' চ, প-র-সা।

৪। 'বিদুমালা' স্থলে 'বিধুমালা' ক, গ, চ, প-র-সা।

'পদামৃতসমুদ্র' গ্রন্থে 'উহ সুপুরুখ-বর' ইত্যাদি কলিটি নাই। রাধামোহন ঠাকুর১২—১৩ পংক্তির সম্বন্ধে তাঁহার টীকায় লিখিয়াছেন,—'দুহুঁ তনু পরশ ক্ষণিক পরসরস জলধরে জনু বিদুমালা' ইত্যত্র 'ক্ষণিক' এব পাঠো 'খেনেক' ইতি এবং 'বিদুমালা' এব পাঠঃ। অন্যার্থঃ বিদ্যুন্মালা নতু বিধুমালা ইতি পাঠঃ দৃষ্টান্ত-বিরোধাৎ।' ইহা দ্বারা উক্ত কলিটি প্রক্ষিপ্ত বলিয়াই বোধ হয়; কেন না, রাধামোহন ঠাকুর ১২—১৫ পংক্তিগুলির যে পাঠ গ্রহণ করিয়াছেন, তাহাতে ৪—৭ পংক্তির 'উহ সুপুরুখ-বর' ও 'জনু জলধরে বিদুমালা' বাক্যদ্বয় পুনরুক্ত হইয়া পড়ে। সে যাহা হউক, আমাদিগের সকলগুলি পুথিতেই ৪—৭ পংক্তিগুলি দৃষ্ট হওয়ায় আমরা ঐগুলি পরিত্যাগ করা সঙ্গত বোধ করিলাম না।

৫। 'মুদিত' স্থলে 'মুদিত' ক—গ, চ, প-র-সা।

৬। 'কথিহুঁ' স্থলে 'কতিহুঁ' গ, চ, প-র-সা।

৭। 'দুহুঁ তনু' ইত্যাদি প-স স্থলে—

'দুহুঁ তনু পরশ ক্ষণেক পরশ নহি' ক।

'দুহুঁ তনু পরশ খেনেক পরশ নহি' ঘ, চ।

'দুহুঁ তনু পরশ খেনেক পরশ-রসহি' খ।

'দুহুঁ তনু পরশে ক্ষেণেক পরশই' প-র-সা।

'দুহুঁ তনু পরশ ক্ষণেক পরশ নাহি' গ।

৮। 'জনু জলধরে বিদ্যুমালা' প-স স্থলে 'জলধরে দামিনিমালা' ক—চ; 'জনু জলধরে দামিনিমালা' গ।

৯। 'ও' স্থলে 'সো' ক—গ; 'য়ো' চ; 'জো' প-র-সা।

১০। 'ঐছন কামিনি' ইত্যাদি পংক্তিদ্বয় প-স গ্রন্থে 'দুহুঁ তনু পরশ' ইত্যাদি পংক্তিদ্বয়ের পূর্ব্বে সন্নিবেশিত হইয়াছে।

১১। 'নব বালা' স্থলে 'নবমালা' প-র-সা।

১২। 'সহচরি-বচন' স্থলে 'নব কৈশোর' খ।

১৩। 'অনুভব' স্থলে 'অমুভব' ক—গ, চ, প-র-সা।

১৪। 'পূরল' স্থলে 'পূরল' ক—গ, চ।

টীকা

৪—৭। "উহ" ইত্যাদি। তিনি রসিক-শিরোমণি সুপুরুষ-শ্রেষ্ঠ, ইনি অবিচলিতা কুল-বালা; (স্বয়ং) সৃষ্টি-কর্ত্তাও জানিতে পারিলেন না, (কেমন করিয়া) কন্দর্প জলদে বিদ্যুন্মালার ন্যায় ইহাঁদিগের (মিলন) সঙ্ঘটিত করিলেন।

৮—১১। "চাঁদ" ইত্যাদি। (এখন উভয়ের প্রণয়-কলহে বোধ হইতেছে) চন্দ্রের উদয়ে কি কুমুদিনী মুদ্রিত হইল? চকোর কি জ্যোৎস্নার প্রতি বিমুখ হইল? (যাহাতে কুমুদিনী মুদ্রিত হয়, চকোর জ্যোৎস্নায় বিমুখ হয়) এইরূপ রজনী কোথায়ও দেখিতে পাই না; বিধাতার বুদ্ধি কি অতিশয় ভ্রান্ত হইল? (যেহেতু তিনি বর্ণিত-রূপ বিপরীত কার্য্য সঙ্ঘটিত করিলেন।)

১২—১৫। "দুহুঁ" ইত্যাদি। উভয়ের তনু-স্পর্শে ক্ষণস্থায়ী স্পর্শানন্দ (উদ্ভূত হইল); যেন জলধরে (ক্ষণ-প্রভা) বিদ্যুন্মালা (প্রকাশিত হইল), বিলাসিনী (শ্রীরাধা) ও পুরুষ-শ্রেষ্ঠ (শ্রীকৃষ্ণ) ঐপ্রকার। নব বালা (এক অর্থে নবীনা কিশোরী; অপর অর্থে নবীন কিশোর) উভয়েরই উভয়ের দুর্ল্লভ। (সংস্কৃত 'বালক' শব্দ হইতে অপভ্রংশ 'বালঅ', 'বালা' শব্দ জাত হইয়াছে, হিন্দী ভাষায় 'বালক' ও 'নবযুবক' অর্থে 'বালা' শব্দের প্রয়োগ আছে; সুতরাং 'নবীন কিশোর' অর্থে 'নব বালা' প্রয়োগ অশুদ্ধ নহে। 'কিশোর' অর্থে 'বালা' শব্দের প্রয়োগ পরিশিষ্টে 'পদাবলিশব্দ-কোষে' দ্রষ্টব্য)।

পুনশ্চ।

তথা রাগ।১

কিসের লাগিয়া রাই হইলা মানিনী।
ভাগ্যে মিলয়ে হেন২ মধুর যামিনী॥
ভাগ্যে মিলয়ে হেন৩ রসময় কান্ত।
তোহে বিমুখ বিহি৪ বুঝল নিতান্ত॥
অকারণ মানে খোয়লি৫ নিজ দেহ।
ঐছে কুমতি দরশায়ল কেহ॥
ঐছন সহচরি শুনইতে বাত।
সুবদনি হাসি ধুনায়ত৬ মাথ॥
কো মানিনি কাহে সাধসি এহ।
কিয়ে পরলাপসি না বুঝিয়ে থেহ॥
নাগর কহ সখি কি কহসি বাণী।
কাহে তুহুঁ ইহ৭ মানিনি অনুমানি॥
শুনি সহচরি সব হাসি উতরোল।
সো সখি অবনত কছু নাহি বোল॥
বিলসই৮ দুহুঁ তব বিবিধ বিলাস।
দুরহি নেহারই বল্লভ দাস॥৫॥৬০৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৭৮৭ সংখ্যক পদ।

২। 'মিলয়ে হেন' স্থলে 'মিলল যাহে' ক।

৩। 'হেন' স্থলে 'ইহ' খ, ঘ।

৪। 'বিহি' স্থলে 'বিধি' ক–গ।

৫। 'খোয়লি' স্থলে 'খোয়বি' ক—গ, চ, প-র-সা।

৬। 'ধুনায়ত' স্থলে 'ঢুলায়ত' ক, গ, চ, প-র-সা।

৭। 'ইহ' স্থলে 'ইহা' ক; 'এহ' গ।

৮। 'বিলসই' স্থলে 'বিলসয়ে' খ, ঘ, প-র-সা।

টীকা

৯—১২। "কো" ইত্যাদি। (সখীকে অপ্রতিভ করার উদ্দেশ্যে বিগত-মানা শ্রীরাধা সখীর কথার উত্তরে বলিতেছেন)—"কে মানিনী? কেন এই সাধ্য-সাধনা করিতেছ? তুমি প্রলাপ বকিতেছ না কি? কিছুই বুঝিতে পারি না!" (শ্রীকৃষ্ণও তখন শ্রীরাধার বাক্যে সায় দিয়া বলিলেন—) "সখি! তুমি কি কথা বলিতেছ? তুমি কিসে ইহাঁকে মানিনী বলিয়া অনুমান করিলে?"

১৩—১৪। "শুনি" ইত্যাদি। (শ্রীরাধা ও শ্রীকৃষ্ণের পূর্বোক্ত বাক্য) শুনিয়া অন্যান্য সহচরীরা উচ্চৈঃস্বরে হাসিয়া উঠিলেন; সেই (উপদেশ-দায়িনী) সখী (লজ্জায়) অবনত-বদন হইলেন—কিছুই বলিতে পারিলেন না।

দিনান্তরে

কেদার।[১]

দেখ রাধা-মাধব-রঙ্গ।

তনু তনু দুহুঁ জন . নিবিড় আলিঙ্গন

আরতি রভস-তরঙ্গ॥ ধ্রু॥

কিয়ে অনুভাব[২] কলহ দুহেঁ[৩] উপজল

সুন্দরি মানিনি ভেল।

ঐছন প্রেম- আরতি বিছুরাইয়া

কো বিহি ইহ[৪] দুখ দেল॥

মানিনি বদন ফেরি তহিঁ[৫] আওল

যাহাঁ নিজ সখিনি সমাজ।

অঙ্গহি অঙ্গ- সঙ্গ-সুখ-ভঙ্গহি

জয়-জয় নাগর-রাজ॥

রাইক বদন মলিন[৬] হেরি সহচরি

সচকিত-লোচন হোই।

কহ বিপরীত রীত কাহে হেরিয়ে

ইহ সুখ ভাঙ্গল কোই॥

অবনত-আনন করি ধনি বৈঠল

তব সখি বুঝল মান।

কহ যদুনাথ- দাস তহিঁ কর যোড়ি

সমুখহিঁ[৭] আওল কান॥৬॥৬০৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৭৮৮ সংখ্যক পদ।

২। 'অনুভাব' স্থলে 'অনুতাপ' খ।

৩। 'দুহেঁ' স্থলে 'দুহুঁ' ক—গ, প-র-সা; 'দোহে' ঘ।

৪। 'ইহ' স্থলে 'এত' ক—গ, প-র-সা; 'এহ' চ।

৫। 'ফেরি তহিঁ' স্থলে 'ফেরহিঁ' ক, গ, চ, প-র-সা।

৬। 'বদন মলিন' স্থলে 'মলিন বদন' খ, ঘ।

৭। 'সমুখহিঁ' স্থলে 'সমুখই' ক—গ, চ, প-র-সা।

সখী-উক্তি।

সুহই।[১]

কোরে রহিতে যো মানয়ে দূর[২]।
সো অব কৈছন ভিন ভিন ঝুর[৩] ॥
না ঝুঝিয়ে দারুণ প্রেম-তরঙ্গ।
করইতে[৪] আন আন ভেল রঙ্গ ॥
সুন্দরি ঐছন সো করু মান।
পর-বেদন হিয়ে যো নাহি জান ॥ ধ্রু[৫] ॥
তুয়া লাগি যো হরি করত ধেয়ান।
সো সুখে[৬] তুহুঁ ধনি ভেলি[৭] অগেয়ান ॥
ধরণি[৮]-বিলম্বিত বিরস-বয়ান[৯]।
কাহে বাঢ়াহ[১০] অকারণ মান ॥
শ্যাম-কলেবর ধূলিক সাত[১১]।
মলিন বদন ভেল[১২] দুবর গাত[১৩] ॥
কমল-নয়ানে নীর ঘন[১৪] গলই।
তোহার অরুণ[১৫] দিঠি নিঝরহিঁ[১৬] ঝরই ॥
সো[১৭] তনু ছট-ফট মদনকি[১৮] বাণে।
তোহারি মরম-দুখ মরমহি জানে ॥
করুণ-নয়নি বৈঠহ[১৯] পিয়া পাশ।
চরণে লাগি কহ গোবিন্দদাস ॥৭॥৬০৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৭৮৯ ও প-র পুথির ২১।১০২ সংখ্যক পদ।

২। 'কোরে রহিতে' ইত্যাদি প-র-সা পংক্তি স্থলে—

'কোরে রহিতে তুহুঁ মানহ দূর' ক, গ।
'কোরে রহি মানে অতি দূর' খ, চ।
'কোরে রহি মান অতি দূর' ঘ।
'কোরে রহু মানত দূর' প-র।

৩। 'সো অব' ইত্যাদি প-র-সা পংক্তি স্থলে 'ভিন ভিন অব তুহুঁ ঝুর' ক—চ; 'ক্ষণে ক্ষণে অব তুহুঁ ঝুর' প-র। এই পদের প্রথম দুই পংক্তির পাঠে বিশেষ গোলযোগ দেখা যায়; একটি পদের সকলগুলি কলি মাত্রা-চতুষ্পদী ছন্দে রচিত অর্থাৎ চতুর্মাত্রিক চারিটি গণে বিভাজ্য ষোড়শ-মাত্রা-বিশিষ্ট চরণ-পূর্ণ হইয়া প্রথম কলিটি যে দ্বাদশ-মাত্রাত্মক চরণবিশিষ্ট হইবে, ইহা তাদৃশ সম্ভবপর বোধ হয় না; সুতরাং খ—চ ও প-র পুথির দ্বাদশ-মাত্রাত্মক পাঠ সমীচীন বোধ হয় না। ক, গ পুথিতে প্রথম চরণ ষোড়শ-মাত্রাত্মক ও দ্বিতীয় চরণ দ্বাদশ-মাত্রাত্মক দৃষ্ট হয়; ইহা একান্তই অসম্ভব; সুতরাং প-র-সা পুথির পাঠই নির্দোষ বিবেচনায় মূলে গৃহীত হইয়াছে।

৪। 'করইতে' স্থলে 'কহইতে' প-র-সা।

৫। প-র পুথি ছাড়া অন্যান্য পুথিতে 'ধ্রু' নাই

৬। 'সুখে' স্থলে 'দুখে' ক, গ, চ, প-র-সা, প-র।

৭। 'ভেলি' স্থলে 'ভেল' ক—চ, প-র-সা।

৮। 'ধরণি' স্থলে 'ধ্বনি' প-র-সা।

৯। 'ধরণি-বিলম্বিত' ইত্যাদি কলিটি প-র পুথিতে নাই; উহার পরিবর্তে 'মলিন বদন ভেল দুবর গাত॥' পংক্তির পরে নিম্নলিখিত কলিটি দৃষ্ট হয়; যথা,—

'সো মুখ নীরস না কহু আন।
ধরণি লম্বিত তুহুঁ বিরস বয়ান॥'

১০। 'বাঢ়াহ' স্থলে 'বাঢ়ায়সি' ক, গ; 'বাঢ়াও' চ, প-র-সা।

১১। 'সাত' স্থলে 'সাথ' ক—গ, চ, প-র-সা; 'সাঁথ' প-র।

১২। 'বদন ভেল' স্থলে 'বসন তুয়া' প-র।

১৩। 'দুবর গাত' স্থলে 'দুবরি গাত' ক, গ, প-র-সা; 'দুবর গাত' খ; 'দুর অবগাত' প-র।

১৪। 'ঘন' স্থলে 'ঘন ঘন' ক, গ।

১৫। 'অরুণ' স্থলে 'কমল' ক, গ।

১৬। 'নিঝরহিঁ' স্থলে 'নিঝরই' ক, গ, প-র-সা।

১৭। 'সো' স্থলে 'ইহ' খ, ঘ, চ।

১৮। 'মদনকি' স্থলে 'মদনহি' ক—গ, ঘ, প-র।

১৯। 'করুণ-নয়নি বৈঠহ' স্থলে 'অরুণ-নয়নী বৈঠল' ক; 'করুণ-নয়ানি চলহ' প-র।

টীকা

১—২। "কোরে" ইত্যাদি। যে ক্রোড়ে থাকিতে দূর মনে করে, সে এখন কিরূপে ভিন্ন ভিন্ন থাকিয়া শোক প্রকাশ করে?

৭—৮। "তুয়া" ইত্যাদি। তোমার জন্ম শ্রীকৃষ্ণ যে ধ্যান করিতেছেন, সেই আনন্দেই তুমি অজ্ঞান হইলে? অর্থাৎ তুমি যে শ্রীকৃষ্ণের প্রিয়তমা, সেই আনন্দে তুমি অজ্ঞান হইয়া, সেই শ্রীকৃষ্ণের দারুণ ক্লেশের দিকে দৃষ্টিপাত করিতেছ না।

১৫—১৮। "সো" ইত্যাদি। (এক দিকে) সেই শ্রীকৃষ্ণের (সুকোমল) অঙ্গ কন্দর্পের (দারুণ) বাণে ছট্-ফট্ করিতেছে; (এ দিকে) তোমার (যাহা) প্রাণের দুঃখ, (তাহা) প্রাণেই জানে। (সুতরাং এই কলহে কোন পক্ষেরই মঙ্গল না থাকায় ইহা সর্ব্বথা বর্জ্জনীয়, সন্দেহ নাই)।

শ্রীকৃষ্ণস্যোক্তিঃ।

তুড়ী।১

রূপে গুণে যৌবনে ভুবনে[২] অনুপাম।
স্বপনে জপন মোর তোহারি ও নাম॥
শুন বিনোদিনি ধনি রসময়ি[৩] রাধা।
কবহুঁ করহ জনি ইহ[৪] রস-বাধা॥ ধ্রু॥
অঙ্গুল-আগ[৫] পরশ যব পাই।
সুখের সায়রে রহি ওর না যাই[৬]॥
লোচন-ইঙ্গিত[৭] করু[৮] মোহে[৯] দান।
জ্ঞানদাস কহ অকারণ মান[১০] ॥৮॥৬০৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুঁথির ৭৯০ ও প-র পুঁথির ২১।৯৮ সংখ্যক পদ।

২। 'ভুবনে' স্থলে 'ভুবন' ক, খ, ঘ, চ।

৩। 'ধনি রসময়ি' স্থলে 'রসময়ি ধনি' ক, গ, প-র-সা; 'রসময়ি আলো' প-র।

৪। 'ইহ' স্থলে 'এনা' প-র।

৫। 'অঙ্গুল-আগ' স্থলে 'অঙ্গুল-আগে' ঘ; 'আঙ্গুল-আগ' ক, প-র-সা; 'অঙ্গুলের আগে' প-র।

৬। 'সুখের সায়রে' ইত্যাদি পংক্তি স্থলে 'সুখের সায়রে তবে তনু অবগাই' প-র।

৭। 'ইঙ্গিত' স্থলে 'ইঙ্গিতে' প-র।

৮। 'করু' স্থলে 'কর' খ, প-র।

৯। 'মোহে' স্থলে 'কত' প-র।

১০। 'জ্ঞানদাস' ইত্যাদি স্থলে 'জ্ঞানদাস কহে রাই কানুক পরাণ' প-র।

ধানশী।১

হাসি হাসি সহচরি　　যবহুঁ জানাওল
　ইহ তুয়া নিরহেতু মান।
তব ধনি লাজে　　অধিক মুখ অবনত
　বুঝল রসিক বর-কান॥
সখিগণ-ইঙ্গিতে　　রসিক-মুকুটমণি
　কোরে আগোরল রাই।
আনন্দে দুহুঁ জন　　পুন ভেল নিমগন
　কৌতুক ওর না পাই॥
　ইহ অদভুত দুহুঁ দন্দ।
ঐছন কথিহুঁ[২] না　　হেরিয়ে ত্রিভুবনে
　শুনইতে লাগয়ে ধন্দ॥ ধ্রু॥
দুহুঁ দুহুঁ সরস　　পরশ পুন বাঢ়ল
　দুহুঁ দুহুঁ[৩] অধিক উল্লাস।
নিকটহি চামর[৪]　　করে করি[৫] হেরত
　তহিঁ রাধামোহন দাস ॥৯॥৬০৭॥

ইতি অকারণ-মানঃ সম্পূর্ণঃ।

ইতি ত্রয়োবিংশতি-পল্লবঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৭৯১ সংখ্যক পদ।

২। 'কথিহুঁ' স্থলে 'কতিহুঁ' ক, গ, ঘ, প-র-সা।

৩। 'দুহুঁ দুহুঁ' স্থলে 'দুহে দুহা' প-র-সা।

৪। 'চামর' স্থলে 'সখীগণ' প-র সা।

৫। 'করি' স্থলে 'ধরি' প-র-সা।

সঙ্কীর্ণ-সম্ভোগস্য রসোদ্গারঃ।

কামোদ।১

মান-দহনে মোর তনু ভেল জরজর
শূতলুঁ মন্দির মাঝ।
কানু নিয়ড়ে আসি চরণ সম্বাহই
ঐছন বিদগধ-রাজ২ ॥
সো কর কিশলয়- পরশে তনু আকুল
সখি বলি করিলুঁ সম্ভাষ।
বাহু৪ পসারি আলিঙ্গি মুখ চুম্বই
পুন মুখ হেরি লহু হাস ॥
সজনি কি কহব তাকর কাজ।
যে ছিল৫ মনোরথ কয়লহুঁ৬ অভিমত
কহইতে নাহি রহে৭ লাজ ॥ধ্রু॥
ঐছে রসিক সঞে যো ধনি রোখয়ে
কৈছন তাকর চীত।
হাম পুন তা সঞে কবহুঁ না রোখব
দলপতি৮ কহ বিপরীত৯ ॥১॥৬০৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৭৯২ সংখ্যক পদ।

২। 'বিদগধ-রাজ' স্থলে 'বিদগধ কাজ' ঘ।

৩। 'আকুল' স্থলে 'পূরল' প-র-সা।

৪। 'বাহু' স্থলে 'রাই' ক।

৫। 'যে ছিল' স্থলে 'জোহন' প-র-সা।

৬। 'কয়লহুঁ' 'স্থলে' 'কয়লহি' ক, গ, প-র-সা; 'কয়লহিঁ' চ।

৭। 'রহে' স্থলে 'রহুঁ' খ।

৮। 'দলপতি' স্থলে 'বিদ্যাপতি' গ।

৯। 'বিপরীত' স্থলে 'সমুচিত' ক।

সুহই।১

শুন সাঙ্গাতিনি নাগর চৌয়ানপনা২।
বিনহি সাধনে ভাঙ্গিলে কানাই
মানিনীর মান-পনা ॥ধ্রু॥
মুখের শিঙ্গার করিতে আছিনু
মুকুর লইয়া মুঠে।
টীট কানাই অঙ্গ নিরখয়ে
দাড়াঞা আমার পিঠে ॥
চিকণ কালিয়া আধেক দেখিলুঁ
আধ মুকুরের পাশে।
গিম মোড়া দিয়া৩ ফিরিয়া চাহিতে
চুম্ব দিয়া দিয়া৪ হাসে ॥২॥৬০৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৭৯৩ সংখ্যক পদ।

২। 'চৌয়ানপনা' স্থলে 'চৌয়নপনা' ক; 'চৌনপনা' চ।

৩। 'গিম মোড়া দিয়া' স্থলে 'গীম মোড়িয়া' খ।

৪। 'চুম্ব দিয়া দিয়া' স্থলে 'মুখে চুম্ব দিয়া' প-র-সা।

তথা রাগ।১

সজনী কি কহব কৌতুক ওর।
অলখিতে হাত হাত২ মোর সুরবস
মান-রতন গেও৩ চোর ॥ধ্রু॥

অবনত-বয়নে যবহুঁ হাম বৈঠলুঁ
বিগলিত কুন্তল-ভার।
উরু অম্বর করি সূত চরণে ধরি
গাঁথিয়ে মোতিম-হার॥
লহু লহু পদ করি নূপুর পরিহরি
কৈছে আওল সেই ঢীট।
শীর শপথি দেই সখিগণে নিষেধই
লুকি রহল মঝু পীঠ॥
মৃগমদ চন্দনে মন চঞ্চল ভেল
হেরইতে বঙ্কিম গীম।
চিবুক চিকুর[৪] ধরি মুখ[৫] সমুখে করি
চুম্বয়ে বয়নক সীম॥
ঘন ঘন চুম্বন[৬] দৃঢ় পরিরম্ভণ[৭]
কয়লহি হিয়ে হিয়ে লাগি।
কবিশেখর কহ মদন শূতি রহু
চমকি উঠয়ে জনু জাগি॥৩॥৬১০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৭৯৪ সংখ্যক পদ।

২। 'হাত হাত' স্থলে 'হাথ হাথ' খ, ঘ।

৩। 'গেও' স্থলে 'গেয়ো' চ।

৪। 'চিকুর' স্থলে 'চিকুরে' ক, গ, প-র-সা।

৫। 'মুখ' স্থলে 'মুখ' ক—গ, প-র-সা।

৬। 'চুম্বন' স্থলে 'চুম্বনে' প-র-সা।

৭। 'পরিরম্ভণ' স্থলে 'পরিরম্ভণে' প-র-সা।

ধানশী।[১]

শ্যামর-তনু কিয়ে তিমির বিরাজ।
সিন্দুর-চিহ্ন কিয়ে অলকত সাজ॥
তরল তার কিয়ে টূটল হার।
নখ-পদ কিয়ে নব শশিক সঞ্চার॥
ঐছে দোষাকর হেরইতে কান।
প্রাতরে পহিল রজনি ভেল ভান॥
পুন অনুমানি[২] হাম ভেল[৩] ভোর।
ঢীট কানাঞি কয়ল মোহে[৪] কোর॥
তবহুঁ যতন করি করইতে মান।
হাস-কুমুদে[৫] তহিঁ সব[৬] করু[৭] আন॥
মানিনি-মান-গরব ভেল চুর।
নাগর আপন মনোরথ পূর[৮]॥
তবহুঁ না জানল দিন কিয়ে রাতি[৯]।
গোবিন্দদাস কহ সমুচিত শাতি॥৪॥৬১১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৮৪ ও ৭৯৫ এবং প-র পুথির ২০।২৭ সংখ্যক পদ।

এই পদের ১—৬ পংক্তিগুলির পাঠান্তর ৩৮১ সংখ্যক পদে দ্রষ্টব্য।

২। 'অনুমানি' স্থলে 'অনুমানিতে' ক, গ, প-র-সা।

৩। 'ভেল' স্থলে 'রহু' প-র-সা।

৪। 'মোহে' স্থলে 'মুঝে' প-র।

৫। 'হাস-কুমুদে' স্থলে 'হাসকুসুমে' প-র-সা।

৬। 'তহিঁ সব' স্থলে 'সবহু' প-র-সা, প-র।

৭। 'করু' স্থলে 'করি' প-র-সা।

৮। 'পূর' স্থলে 'ভোর' প-র-সা।

৯। 'তবহুঁ না জানল' ইত্যাদি ক পংক্তি স্থলে 'তবহি যো জানল সো দিন রাতি' খ, প-র; 'তবহিঁ সে জানল সো দিন রাতি' গ, ঘ, চ; 'তব কি বিচারব' ইত্যাদি পাঠান্তর প-র-সা।

টীকা

১—৬ পংক্তিগুলির টীকা ৩৮১ সংখ্যক পদে দ্রষ্টব্য।

৭—৮। "পুন" ইত্যাদি। আমি পুনরায় অনুমান করিয়া অর্থাৎ ইনি প্রভাতে সমাগত, অন্য-নায়িকার রতি-চিহ্ন-ধারী শ্রীকৃষ্ণ বটে, সন্ধ্যা-কাল নহে, এইরূপ বিবেচনা করিয়া, (মান-বশতঃ) অচেতন হইলাম; (তখন) ধৃষ্ট নায়ক শ্রীকৃষ্ণ আমাকে (বিবশা পাইয়া) ক্রোড়ে ধারণ করিলেন।

৯—১০। "তবহুঁ" ইত্যাদি। তথাপি অর্থাৎ শ্রীকৃষ্ণের ক্রোড়গতা হইয়াও আমি মান করিতে যত্ন করিতে লাগিলাম অর্থাৎ শ্রীকৃষ্ণের চুম্বনাদি-কার্য্যে বাধা জন্মাইয়া মান-ভাব প্রকাশ করিতে লাগিলাম, (কিন্তু চতুরচূড়ামণি শ্রীকৃষ্ণ) তাঁহার হাস্য-রূপ কুমুদ দ্বারা তখন (আমার) সমস্ত (প্রয়াস) অন্যথা করিয়া দিলেন অর্থাৎ তাঁহার অমৃতময় মনোমোহন হাস্য দর্শনে আমার আর প্রতিকূল আচরণ করিবার শক্তি রহিল না; (সুতরাং হাস্য-কুমুদের প্রভাব হেতু আমার প্রভাতাগত শ্রীকৃষ্ণের অনুমানও নিরাকৃত হইল)।

১১—১৪। "মানিনি" ইত্যাদি। মানিনী আমার মানের গর্ব্ব চূর্ণ হইল; নায়ক শ্রীকৃষ্ণ নিজের মনোভিলাষ পূর্ণ করিলেন; তথাপি জানিতে পারিলাম না যে, ইহা দিবা কিংবা রাত্রি অর্থাৎ সম্ভোগ-রসে অচেতনা হওয়ায় উহা দিবা, কি রাত্রি, আমার বোধ-গম্য হইল না; গোবিন্দদাস বলিতে-ছেন—(শ্রীকৃষ্ণের প্রতি মান করার দুঃসাহস পোষণ-কারিণী) তোমার ইহাই উপযুক্ত শাস্তি বটে।

ভূপালী।১

আছিলুঁ হাম অতি মানিনি হোই।
ভাঙ্গল নাগর নাগরি হোই ॥
কি কহব রে সখি আজুক রঙ্গ।
কানু আয়ল তহিঁ দোতিক সঙ্গ ॥ধ্রু॥
বেণি বনাইয়া চাঁচর কেশে[২]।
নাগর-শেখর নাগরি-বেশে[৩] ॥
পহিরলি হার উরজ[৪] করি উরে[৫]।
চরণহি নেয়ল[৬] রতন-নুপুরে ॥
পহিলহিঁ চলইতে বামপদঘাত।
নাচত রতিপতি ফুলধনু হাত ॥
হেরি হাম সচকিতে[৭] আদর কেল।
অবনত হেরি কোর পর নেল ॥
সো তনু সরস পরশ যব ভেল।
মানক গরব রসাতল গেল ॥
নাসা পরশি রহলুঁ হাম ধন্দ।
বিদ্যাপতি কহে ভাঙ্গল দন্দ ॥৫॥৬১২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৭৯৬ সংখ্যক পদ।
২। 'কেশে' স্থলে 'কেশ' ক—গ।
৩। 'বেশে' স্থলে 'বেশ' ক—গ।
৪। 'উরজ' স্থলে 'উজর' খ।
৫। 'উরজ করি উরে' স্থলে 'কচুলি ওরে' প-র-সা।
৬। 'নেয়ল' স্থলে 'লেওলি' ঘ।
৭। 'সচকিতে' স্থলে 'সচকিত' ক, প-র-সা; 'চমকিতে' খ।

টীকা

৭—৮। "পহিরলি" ইত্যাদি। বক্ষঃস্থলে কুচ নির্ম্মাণ করিয়া (তাহার উপর) হার পরিধান করিল (এবং) চরণে রত্ন-নূপুর ধারণ করিল।

৯—১০। "পহিলহিঁ" ইত্যাদি। (নারীর অনুকরণে) চলিতে প্রথমে বাম পদ নিক্ষেপ করিল; (উহার মনোমোহন সৌন্দর্য্য দর্শনে বোধ হইল যেন) কন্দর্প পুষ্প-ধনু হাতে লইয়া নৃত্য করিতেছেন অর্থাৎ ঐ ভুবনমোহিনী নারীর সাহায্যে তাঁহার বিশ্ব-জয় সহজ-সাধ্য হইবে বলিয়া কন্দর্প হর্ষে নৃত্য করিতেছেন।

ভূপালী।১

বড়ই চতুর মোর কান।
সাধন বিনহি ভাঙ্গল মঝু মান ॥
যোগি-বেশ ধরি আওল আজ।
কো ইহ সমঝুব অপরূপ কাজ ॥

শাশ-বচনে হাম ভিখ লেই গেল।
মঝু মুখ হেরইতে[২] গদ গদ ভেল ॥
কহ তব মান-রতন দেহ মোয়।
সমুঝলুঁ[৩] তব হাম সুকপট সোয় ॥
যে কিছু কয়ল তব কহইতে লাজ।
কোই না জানল নাগর-রাজ ॥
বিদ্যাপতি কহ সুন্দরি রাই।
কিয়ে তুহুঁ সমুঝবি সো চতুরাই ॥৬॥৬১৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৭৯৭ সংখ্যক পদ।
২। 'হেরইতে' স্থলে 'হেরই' চ।
৩। 'সমুঝলুঁ' স্থলে 'সমুঝল' ক, প-র-সা।

তত্র মিলনম্।

শঙ্করাভরণ বা ধানশী।[১]

চললি নিতম্বিনি যমুনা সিনানে।
সঙ্গিনি রঙ্গিণি গজ-গতি-ভানে ॥
তৈল হলদি কোই আমলকি নেল।
সুবরণ ঘট লেই কোই চলি গেল ॥
জানি নাগরবর চলু ধীরে ধীরে।
আগুসরি আওল কালিন্দি-তীরে ॥
একলি কানু খেলই জল মাহি[২]।
সহচরি সনে ধনি[৩] মীলল তাহি[৪] ॥
আন জন কোই নাহি তব[৫] সাথ।
নাগর হেরি ধুনায়ত[৬] মাথ ॥
কাহুক জল দেই কাহুক পঙ্ক।
কাহুক চুম্বই ধাই[৭] নিশঙ্ক ॥
হেরি সব সহচরি চমকিত ভেল।
ঝটিতহিঁ ধাই রাই লেই গেল ॥
কণ্ঠ-মগন জলে দুহুঁ এক ঠাম।
পূরল দুহুঁক মনোরথ কাম ॥
কহ কবিশেখর সহচরি পাশ।
হোর দেখ রাধা কানু বিলাস ॥৭॥৬১৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৭৯৮ সংখ্যক পদ। 'শঙ্করাভরণ বা ধানশী' স্থলে 'শঙ্করাভরণ' র।
২। 'মাহি' স্থলে 'মাহ' খ, চ।
৩। 'সনে ধনি' স্থলে 'মেলি ধনি' ক—গ, চ।
৪। 'তাহি' স্থলে 'তাহ' খ, চ।
৫। 'তব' স্থলে 'অব' খ।
৬। 'ধুনায়ত' স্থলে 'ঢুলায়ত' ক, গ।
৭। 'ধাই' স্থলে 'হোই' প-র-সা।

তথা রাগ।[১]

তুরিতহি সুন্দরি কানুক পরিহরি
আওল সহচরি মাঝ।
লাজহি বদন- কমল নাহি তোলয়ে
দূরহি হেরয়ে রসরাজ ॥
সহচরি নিয়ড়ে মিলল পুন মাধব
হেরি সভে সচকিত[২] ভেল।
কাহুকে চুম্বই কাঁচুলি ফারই
কাহুকে আলিঙ্গন কেল ॥
কত কত ভাতি বিলসি পুন[৩] মাধব
তুরিতে চলল[৪] নিজ গেহ।
সিনান সমাপি তীরে উঠি সুবদনি
মোছল আপন দেহ ॥
নিজ নিজ মন্দিরে আওল সখিগণ
কত কত কৌতুক রঙ্গে।
চরণ পাখালই শেখর সহচরি
আপন গণ লেই সঙ্গে ॥৮॥৬১৫॥

ইতি সংকীর্ণ-সম্ভোগস্য রসোদ্গারঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৭৯৯ সংখ্যক পদ।
২। 'সচকিত' স্থলে 'চমকিত' ক।

৩। 'পুন' স্থলে 'তহু' ক।

৪। 'তুরিতে চলল' স্থলে 'তুরিতহি চলুঁ' প-র-সা।

অথ প্রার্থনা।১

জয় জয় মোর২ গৌরাঙ্গ সুন্দর
জয় নিত্যানন্দ রায়।
জয় সীতানাথ গৌর-ভকত-৩
গণ৪ দেহ পদ-ছায়॥
জয় জয় মোর আচার্য্য ঠাকুর
অগতি-পতিত-গতি।
করুণা করিয়া স্বচরণে রাখ
এ মোর পাপিষ্ঠ মতি॥
তোমার চরণ৫ ভরসা কেবল
না দেখি আর উপায়।
মোর দুষ্ট মনে রাখ শ্রীচরণে
এই মাগোঁ৬ তুয়া ঠায়॥
মনে মনোরথ যে৭ কিছু আমার
সকল জানহ তুমি।
পূর সব আশ করি পরকাশ
কি আর কহিব আমি॥৯॥৬১৬॥

ইতি চতুর্বিংশতি-পল্লবঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮০০ সংখ্যক পদ।

২। 'জয় জয় মোর' স্থলে 'জয় রে জয় রে মোর' ক, গ; 'জয় রে জয় রে' প-র-সা। ক ও গ পুথির পাঠে ছন্দোভঙ্গ ঘটে।

৩। 'গৌর-ভকত' স্থলে 'গৌর-ভকতগণ' ক—গ। ক—গ পুথির পাঠে ছন্দোভঙ্গ ঘটে।

৪। 'গণ' স্থলে 'সভে' ক—গ।

৫। 'চরণ' স্থলে 'চরণে' ক।

৬। 'মাগোঁ' স্থলে 'মাগো' ক, গ, চ; 'মাঙ্গো' প-র-সা।

৭। 'যে' স্থলে 'যো' চ।

ইতি পদ-কল্পতরু-গ্রন্থে দ্বিতীয়-শাখা সম্পূর্ণা

শ্রীশ্রীপদকল্পতরু

অর্থাৎ

পদকর্ত্তা বৈষ্ণবদাসের সঙ্কলিত সার্দ্ধশতাধিক বৈষ্ণব পদকর্ত্তৃ-
গণের তিন সহস্রের অধিক পদাবলি এবং সম্পাদকের
সংগৃহীত ও পরিশিষ্টে মুদ্রিত প্রায় এক সহস্র
পদাবলি, শব্দকোষ, পদসূচী, ভূমিকা
ইত্যাদি-সম্বলিত পদসংগ্রহ।

দ্বিতীয় খণ্ড

(তৃতীয় শাখা)

শ্রীসতীশচন্দ্র রায় এম্ এ সম্পাদিত

কলিকাতা
২৪৩।১ অপার সারকুলার রোড, বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ মন্দির হইতে
শ্রীরামকমল সিংহ কর্ত্তৃক
প্রকাশিত।

১৩২৫

মূল্য—
- সাধারণ পক্ষে— ১৸০
- শাখা-সভার সদস্য পক্ষে— ১৷৴০
- পরিষদের সদস্য পক্ষে— ১।০

বিষয়-সূচী

তৃতীয় শাখা

প্রথম পল্লব

(স্বয়ংদৌত্য)

দ্বিতীয় পল্লব

(স্বয়ংদৌত্য)

তৃতীয় পল্লব

(স্বয়ংদৌত্য)

চতুর্থ পল্লব

(স্বয়ংদৌত্য-সম্ভোগ)

পঞ্চম পল্লব

(রসালস)

ষষ্ঠ পল্লব

(রসোদ্গার)

দ্বাদশ পল্লব

(অভিসারানুরাগ)

ত্রয়োদশ পল্লব

(অভিসারোৎকণ্ঠা)

চতুর্দ্দশ পল্লব

(রূপোল্লাস)

পঞ্চদশ পল্লব

(সর্ব্বকালোচিত নিত্য-রাস)

ষোড়শ পল্লব

(রাস-রসোদ্গার)

সপ্তদশ পল্লব

(শ্রীঅদ্বৈতাদির জন্ম-লীলা)

অষ্টাদশ পল্লব

(শ্রীকৃষ্ণের জন্ম-লীলা)

ঊনবিংশ পল্লব

(কৌমারোচিত বাৎসল্য)

বিংশ পল্লব

(প্রকারান্তর বাৎসল্য-রস)

একবিংশ পল্লব

(সখ্য রস গোষ্ঠলীলা)

দ্বাবিংশ পল্লব

(প্রকারান্তর সখ্য-বাৎসল্য)

ত্রয়োবিংশ পল্লব

(গোবর্দ্ধন-লীলা)

চতুর্ব্বিংশ পল্লব

(শরৎকালীয় মহারাস)

ষড়্‌বিংশ পল্লব

(নৌকা-বিলাস)

সপ্তবিংশ পল্লব

(বসন্ত-লীলা)

শ্রীশ্রীপদকল্পতরু

(তৃতীয় শাখা)

শ্রীগৌরচন্দ্র

কামোদ।[1]

কলিযুগ-মত্ত-মতঙ্গজ-মরদনে[2]
কুমতি-করিণি দুর[3] গেল।
পামর দুরগত নাম-মোতি[4] শত-
দাম কণ্ঠ ভরি দেল॥
অপরূপ গৌর বিরাজ।
শ্রীনবদ্বীপ-নগর-গিরি-কন্দরে
উয়ল কেশরি-রাজ॥ ধ্রু॥
সংকীর্ত্তন-রণ[5] হুঙ্কৃতি শুনইতে
দুরিত দীপি-গণ[6] ভাগি[7]।
ভয়ে আকুল অণিমাদি মৃগীকুল
পুণবত[8] গরব তেয়াগি॥
ত্যাগ যাগ যম তিরিথি বরত সম[9]
শশ[10] জম্বুকি জরি যাতি।
বলরাম দাস কহ অতয়ে সে জগ মাহ
হরি-ধনি[11] শবদ খেয়াতি॥১॥৬১৭॥

পাঠান্তর

বিশেষ দ্রষ্টব্য—আমরা গ পুথির ৩য় ও ৪র্থ শাখা প্রাপ্ত হই নাই ; সুতরাং অতঃপর গ পুথির পাঠান্তর উদ্ধৃত করা যায় নাই।

১। ইহা প-র-সা পুথির ১০৯১ সংখ্যক পদ। ২। 'মতঙ্গজ-মরদনে' স্থলে 'মতঙ্গ যম বদনে' ক, 'মতঙ্গজমবদনে' প-র-সা। ৩। 'দূর' ক, চ। ৪। 'মোতিম' ক। ৫। 'বন' ক, ঘ, চ ; 'বনহু' খ। ৬। 'দ্বীপগণ' ক, খ, চ, প-র-সা। ৭। 'ভাগ' ক। ৮। 'পুমবত' ক ; 'পুমরত' খ, ঘ, চ ; 'পথরত' প-র-সা। ৯। 'তেয়াগ' ক। ১০। 'সম' চ ; 'শশি' ক। ১১। 'হরি' ক, চ, (পাঠান্তর—'ধনি')।

টীকা

১–২। "কলিযুগ" ইত্যাদি। কলিযুগরূপ (মদ)-মত্ত মাতঙ্গের মর্দ্দন অর্থাৎ বিনাশ হেতু (তদাশ্রিত) কুবুদ্ধিরূপ হস্তিনী দূরে পলায়ন করিল। (স্ত্রী-জাতি অবধ্য বলিয়া পরিত্যক্ত হইল, ইহাও ব্যঞ্জিত হইতেছে)।

৩—৪। "পামর" ইত্যাদি। (শ্রীগৌরাঙ্গ) নাম-রূপ (অমূল্য গজদন্ত-জাত) মুক্তাসমূহের মালা অধম ও দরিদ্র ব্যক্তিদিগকে কণ্ঠ ভরিয়া দিলেন।

৫—৭। "অপরূপ" ইত্যাদি। অপূর্ব্ব শ্রীগৌরাঙ্গ বিরাজ করিতেছেন। (বোধ হইতেছে যেন) শ্রীনবদ্বীপ নগরের পর্ব্বত-গুহায় অর্থাৎ পর্ব্বত-চূড়ার ন্যায় সমুচ্চ মন্দিরের গর্ভে সিংহ-শ্রেষ্ঠ উদিত হইয়াছেন।

৮—১১। "সংকীর্ত্তন" ইত্যাদি। সংকীর্ত্তনরূপ যুদ্ধের হুঙ্কার শুনিয়া পাপরূপ (হিংস্র প্রাণী) নেকড়ে বাঘ সকল (সিংহের ভয়ে) পলায়ন করিল। (যোগৈশ্বর্য্য) অণিমা প্রভৃতি (নিরীহ প্রাণিস্বরূপ)

মৃগীসমূহ ভয়ে আকুল (হইল); পুণ্যবান্ ব্যক্তি (পুণ্য-কার্য্য-জনিত) গর্ব্ব পরিত্যাগ করিল।

১২—১৫। "ত্যাগ" ইত্যাদি। দান, যজ্ঞ, সংযম, তীর্থ ও ব্রতস্বরূপ (ক্ষুদ্র প্রাণী) শশক ও শৃগাল (সকল) জ্বালাতন হইল। (পদকর্ত্তা) বলরাম দাস কহিতেছেন,—এই জন্যই ত জগতের মধ্যে (শ্রীগৌরাঙ্গের উদয়ে) হরিধ্বনি শব্দ (এক অর্থে – 'হরি' 'হরি' শব্দ, অপর অর্থে 'সিংহ' 'সিংহ' শব্দ) প্রচারিত হইয়াছে। ('হরি' শব্দের 'কৃষ্ণ' ও 'সিংহ' উভয় অর্থই প্রসিদ্ধ বটে; এই পদে বলরাম দাস শ্রীগৌরাঙ্গ-লীলার সহিত সিংহ-লীলার সাদৃশ্য প্রদর্শিত করিয়াছেন)। তুলনা করুন,—

"হরিঃ পুরটসুন্দরদ্যুতিঃ কদম্বসন্দীপিতঃ।
সদা হৃদয়কন্দরে স্ফুরতু বঃ শচীনন্দনঃ॥"

—বিদগ্ধমাধব নাটক।

শ্রীরাগ।১

নিতাই গুণমণি মোর নিতাই গুণমণি।
আনিয়া২ প্রেমের বন্যা ভাসাইলে৩ অবনী॥
প্রেমের বন্যা লইয়া নিতাই৪
আইলা গৌড়দেশে।
ডুবিল ভকত সব দীন-হীন ভাসে॥
দীন-হীন পতিত পামর নাহি বাছে।
ব্রহ্মার দুর্ল্লভ প্রেম সভাকারে যাচে॥
আবদ্ধ করুণা-সিন্ধু কাটিয়া মুহান৫।
ঘরে ঘরে বুলে প্রেম-অমিয়ার বান॥
লোচন বোলে আমার নিতাই যেবা
নাহি মানে।
আনল জ্বালি দিয়ে তার মাঝ
মুখখানে৬ ॥২॥৬১৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১০৯২ সংখ্যক পদ। ২। 'অমিয়া' চ। ৩। 'ভাসাইয়া' ক; 'ভাষাইল' প-র-সা। ৪। 'নিতাই আইলা' স্থলে 'আইলা নিতাই' ক, খ। ৫। 'জুহান' প-র-সা। ৬। 'আনল জ্বালি' ইত্যাদি স্থলে 'আনল জ্বালিয়া দি' ইত্যাদি ঘ; 'আনল জ্বালিয়ে তার মুখ মাঝ খানে' প-র-সা।

টীকা

৭—৮। "আবদ্ধ" ইত্যাদি। (শ্রীভগবানের) করুণারূপ সমুদ্র আবদ্ধ অর্থাৎ নিরুদ্ধ (ছিল); (নিতাই) উহার মুহান অর্থাৎ জল-নির্গমের প্রণালী কাটিয়া (দিলেন)। (তখন) প্রেম-রূপ অমৃতের বন্যা ঘরে ঘরে বেড়াইতে লাগিল অর্থাৎ সমস্ত দেশ প্লাবিত করিয়া ফেলিল।

অথ সম্ভোগরসস্য স্বয়ংদৌত্যং*
তদ্ভাবযুক্তঃ শ্রীগৌরচন্দ্রঃ।

কামোদ।১

দেখ দেখ২ গৌরচন্দ্র বর-রঙ্গী।
কামিনি-কাম মনহিঁ মন সঞ্চরু
তৈছন ললিত ত্রিভঙ্গী॥ ধ্রু॥
স্মিত-যুত বয়ন কমল অতি সুন্দর
শোভা বরণি না হোয়।
কত কত চাঁদ মলিন ভেল রূপ৩ হেরি
কোটি মদন পুন রোয়॥

* 'স্বয়ংদৌত্য'—'স্বয়ং দূত' বা 'স্বয়ং দূতী' শব্দের উত্তর ভাবার্থে 'ষ্ণ' প্রত্যয় দ্বারা 'স্বয়ংদৌত্য' শব্দটি সিদ্ধ হইয়াছে। শ্রীরূপ গোস্বামী "উজ্জ্বল-নীল-মণি" গ্রন্থে লিখিয়াছেন,—"অত্যোৎসুক্য-ত্রুটদ্‌ব্রীড়া যা চ রাগাতিমোহিতা। স্বয়মেবাভিযুঙ্‌ক্তে সা স্বয়ংদূতী ততঃ স্মৃতা॥" অর্থাৎ যে নায়িকা অত্যন্ত ঔৎসুক্য হেতু বিগতলজ্জা ও অনুরাগে বিমোহিতা হইয়া নিজে নায়কের নিকট মনের ভাব ইঙ্গিতে প্রকাশ করে, তাহাকে 'স্বয়ংদূতী' বলা হয়।

চামরি-চামর লাজে সুকুঞ্চিত
কুঞ্চিত কেশক বন্ধ।
পন্থহিঁ পন্থ চলত অতি মন্থর
মদগজ-দমনক[৪] ছন্দ॥
আন উপদেশে কহত[৫] করি চাতুরি
মধুর মধুর পরিহাস।
নিজ অভিযোগ করত পুরুব মত
ভণ রাধামোহন দাস॥৩।৬১৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১০৯৩ সংখ্যক পদ। ২। 'দেখ দেখ' স্থলে 'দেখ' ক, চ, প-র-সা। ৩। 'রূপ' ক, চ, প-র-সা। 'রূপ' পাঠে ছন্দঃপতন অনিবার্য্য। ৪। 'গমনক' ক, চ; 'দশনকি' প-র-সা। ৫। 'বোলত' ক, খ, ঘ, চ।

টীকা

১—৩। "দেখ দেখ" ইত্যাদি। রাধামোহন ঠাকুর স্বকৃত "দেখ দেখ" ইত্যাদি পংক্তিত্রয়ের অর্থ লিখিয়াছেন—"কামিন্যাঃ শ্রীরাধায়াঃ কামস্য কামক্রীড়াদিকারণরূপস্য প্রেমস্তস্যা মনস্যেব সঞ্চরণাৎ তদ্ভাবাক্রান্তস্য স্বস্য মনসি সুতরাং সঞ্চরণাৎ তদ্রূপং ললিতভাববিশিষ্টভঙ্গিযুক্তং পশ্য পশ্য। তথাহি—
'বিন্যাসভঙ্গিরঙ্গানাং ভ্রূবিলাসমনোহরা।
সুকুমারা ভবেদ্‌যত্র ললিতং তদুদীরিতম্‌॥'
পক্ষে শ্রীনবদ্বীপকামিনীনাং সর্ব্বাসাং মনসি মনসি প্রতিমনসি কামসঞ্চারকং ললিতং সুন্দরং বিশিষ্টং ভঙ্গি যস্য তং পশ্য।" অর্থাৎ (এক অর্থে) শ্রীগৌরাঙ্গকে দেখ; (তাঁহার) চিত্তে কামিনীর অর্থাৎ শ্রীরাধার কাম, কি না—কাম-ক্রীড়ার মূলীভূত প্রেম সঞ্চরণ করিতেছে; (তজ্জন্য) তাঁহারও সেইরূপ সুললিত অঙ্গভঙ্গী হইয়াছে। (শ্রীগৌরাঙ্গ শ্রীরাধার ভাবে বিভাবিত বলিয়া, তাঁহার পক্ষে শ্রীরাধার প্রেমভাব ও সুললিত অঙ্গভঙ্গী সুসঙ্গত হইয়াছে)। (অপর অর্থে) শ্রীগৌরাঙ্গের সুন্দর রূপ দর্শনে নবদ্বীপ-নাগরীদিগের সকলের মনেই কামভাব সঞ্চারিত হইতেছে।

৪—৭। "স্মিতযুত" ইত্যাদি। "হাস্যযুক্ত বদন-কমল" বাক্য দ্বারা পদকর্ত্তা বুঝাইতেছেন যে, শ্রীগৌরাঙ্গের মুখ-পদ্ম সাধারণ পদ্মের ন্যায় রজনীতে মুদিত ও ম্লান-কান্তি না হইয়া দিবারাত্র সমভাবে বিকসিত থাকে; সুতরাং শ্রীগৌরাঙ্গের মুখপদ্মরূপ অসাধারণ পদ্ম-দর্শনে চন্দ্র লজ্জা কিংবা ভয় হেতু মলিন হইতেছে; (অদ্ভুত নবীন কামদর্শনে) কোটি কোটি কাম রোদন করিতেছে।

১২—১৫। "আন উপদেশে" ইত্যাদি। রাধামোহন ঠাকুর "আন উপদেশে" ইত্যাদি পংক্তিগুলির অর্থ লিখিয়াছেন—"অন্যব্যপদেশেন চাতুর্য্যেণ শব্দোত্থার্থ-বাগ্‌ভঙ্গ্যাদিনা পরিহাসং বিতনোতি। অতঃ পূর্ব্বাবতারোচিত-বাচিকাঙ্গিক চাক্ষুষাদি-জনিতাভিযোগং করোতি।" অর্থাৎ শ্রীগৌরাঙ্গ অন্য ছলে কৌশল করিয়া, মধুর পরিহাস ব্যক্ত করিতেছেন; (অতএব) রাধামোহন বলিতেছেন যে, শ্রীগৌরাঙ্গ পূর্ব্ববৎ অর্থাৎ শ্রীকৃষ্ণাবতারের ন্যায় নিজ অভিযোগ কি না—বাক্য, অঙ্গভঙ্গী, নয়নভঙ্গী ইত্যাদি দ্বারা প্রণয়েঙ্গিত ব্যক্ত করিতেছেন।

বেলোয়ার।১

অতি অনুরাগ[২] ভরল মন উৎসুক
টুটল ধৈরজ লাজ।
তনু অনুলেপন সঙ্গক পরিজন
তেজল যত কিছু সাজ॥
দেখ রাই চলত অতি[৩] মন্দ।
নিজ অভিযোগ করত অতি নিশ্চয়
বুঝিয়ে[৪] কাজক[৫] বন্ধ॥
মুখ জিত[৬] শরদ-সুধাকর তনু-রুচি-
কবলিত-কাঞ্চন-দণ্ড।
নয়ন তিখন শর ফুলশর-মদহর
ভাঙু মদন-ধনু-খণ্ড॥

ঐছন ভাতি ভাবিনি ভালে ভেটল
মনমথ-মনমথ পাশে।
অনুভব লাগি গুপতহি[৭] সখি চলু
কহ রাধামোহন দাসে ॥৪॥৬২০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১০৯৪ সংখ্যক পদ। ২। 'অনুরাগে' প-র-সা। ৩। 'গতি' চ। ৪। 'বুঝিয়া' ক, প-র-সা; 'বুঝিয়ে' খ। ৫। 'কাজকি' প-র সা। ৬। 'জিতি' প-র-সা। ৭। 'গোপতহি' প-র-সা।

টীকা

-৭। "দেখ" ইত্যাদি কোনও সখী অপর সখীকে সম্বোধন করিয়া বলিতেছেন) দেখ, রাধা অতিশয় ধীরগমনে চলিতেছে; (সে) নিজে অভিযোগ অর্থাৎ বাক্য ও অঙ্গভঙ্গী দ্বারা কৌশলে প্রণয়েঙ্গিত প্রকাশ করিতেছে; (অতএব) অতি নিশ্চিতভাবে (তদ্দ্বারা তাহার স্বয়ংদৌত্যরূপ) কার্য্যের অনুবন্ধ বুঝিতে পারিতেছি।

৮—১১। "মুখ" ইত্যাদি। (শ্রীরাধার) মুখ—জিত হইয়াছে শরতের সুধাকর যৎকর্তৃক অর্থাৎ শারদচন্দ্রবিজয়ী; (তাঁহার) দেহ-কান্তি—কবলিত হইয়াছে কাঞ্চনদণ্ড যৎকর্তৃক অর্থাৎ স্বর্ণ-যষ্টির শোভাহারিণী; (তাঁহার) নয়ন অর্থাৎ নয়নের কটাক্ষ পুষ্পশরের গর্ব্ব-হারক তীক্ষ্ণ শরস্বরূপ; (তাঁহার) ভ্রূ কন্দর্পের (ত্রিভুবনবিজয়ী) ধনুর একাংশ কিংবা কন্দর্পধনুকের (গর্ব্বের) খণ্ডন-কারী। "ফুলশর-মদহর" বিশেষণের দ্বারা পদকর্ত্তা বুঝাইতেছেন যে, কন্দর্প পুষ্পময় শর দ্বারা ত্রিভুবন জয় করিয়া, মনে মনে যে বিজয়-গর্ব্ব অনুভব করিতেন, শ্রীরাধার নীলোৎপলবৎ নয়নের সুতীক্ষ্ণ অপাঙ্গ-দৃষ্টি দ্বারা সেই গর্ব্ব নিরাকৃত হইয়াছে।

ধানশী।[১]

মুরলী[২]-মিলিত অধর নব পল্লব
গায়ত[৩] কত কত রাগ।
কুলবতি হোই মন্দির ছোড়ি আয়লু
সহই[৪] না পারি বিরাগ ॥
মাধব তোহে কি শিখায়ব গান।
গৌরি আলাপি শ্যাম নট[৫] সঞ্চরু
তব[৬] তুহুঁ বিদগধ জান ॥ ধ্রু ॥
মুরলি ছোড়ি অছু মধুর আলাপবি
তেসর জন জনি জান[৭]।
কণ্ঠহি কণ্ঠ মেলি অব সমুঝিয়ে[৮]
যতি খণে[৯] হোত সুঠান[১০]
নিরজন[১১] জানি হৃদয়ে অবধারবি[১২]
ঐছন গুণবতি-ভাস[১৩]।
গুণিজন-লাজ যৈছে নাহি হোয়ত
কহতহি[১৪] গোবিন্দ দাস ॥৫॥৬২১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৯।২৩৭ সংখ্যক ও প-র পুথির ২৩৩ সংখ্যক পদ। ২। 'মুরুলী' চ। ৩। 'গাওত' খ, প-র-সা। ৪। 'কহই' খ। ৫। 'নঠ' প-র সা। ৬। 'জব' প-র-সা। ৭। 'তেসর' ইত্যাদি স্থলে 'সো ('তে' ২৩৭ পদ, প-র-সা) সব নাহিক জান' প-র-সা। 'তে সব জন নাহি আন' ক; 'তে সব জন নীজ জান' চ। ৮। 'সমুঝয়ে' চ; 'সমুঝহ' প-র-সা। ৯। 'যতি খণে' স্থলে 'তৈখনে' প-র-সা; 'যত খনে' প-র। ১০। 'সুঠাম' ক, খ, চ, প-র। ১১। 'নিজ জন' প-র-সা। ১২। 'অবধারবি' প-র-সা। ১৩। 'ভাস' (প-স) স্থলে 'ভাষ' ক, খ, ঘ, চ, প-র-সা। ১৪। 'গায়ত' প-র-সা।

টীকা

১—৪। "মুরলী" ইত্যাদি। (শ্রীরাধা শ্লিষ্ট ও ইঙ্গিতপূর্ণ বাক্যে শ্রীকৃষ্ণকে কহিতেছেন) মুরলী-

সংযুক্ত (তোমার) নব পল্লবরূপ অধর কত কত রাগ (এক অর্থে—মল্লার মালবাদি রাগ, অন্য অর্থে—অনুরাগ) গাহিতেছে অর্থাৎ প্রকাশ করিতেছে; কুলবতী হইয়া, (আমি) মন্দির ছাড়িয়া আসিয়াছি; (কেন না) বিরাগ (এক অর্থে—রাগ-রাগিণীর ব্যতিক্রম, অন্য অর্থে—ঔদাসীন্য) সহিতে পারি না।

৫—৭। "মাধব" ইত্যাদি। হে মাধব! তোমাকে কি গান শিখাইব? গৌরী (রাগিণী) আলাপ করিয়া (তৎপরে) শ্যাম ও নট (রাগিণীর) সঞ্চার অর্থাৎ বিস্তার করিবে; তবে জানিব, তুমি অভিজ্ঞ বটে। (অপর অর্থে) হে মাধব! তোমাকে রস-রীতি কি শিখাইব? হে নট অর্থাৎ নটবর শ্যাম! (তুমি) গৌরী অর্থাৎ গৌরাঙ্গী (আমার সহিত) (রস)-আলাপ করিয়া সঞ্চার অর্থাৎ আনন্দের বিস্তার করিবে; তবে তোমাকে রসিক বলিয়া জানিব।

৮—১১। "মুরলি" ইত্যাদি। মুরলী পরিত্যাগ করিয়া এইরূপ সুমধুর আলাপ (এক অর্থে—রাগালাপ, অন্য অর্থে—রসালাপ) করিবে, যেন তৃতীয় ব্যক্তি জানিতে না পারে! (সেইরূপ করিলে) কণ্ঠে কণ্ঠ মিলাইয়া দেখিব, যতক্ষণে সুন্দর হয়! (এক অর্থে—তোমার সুরের সহিত আমার সুর মিলাইয়া যত ক্ষণ না সুন্দররূপে রাগালাপ অভ্যস্ত হয়, তত ক্ষণ চেষ্টা করিব। অন্য অর্থে—গলায় গলায় লাগিয়া দেখিব, যত ক্ষণ পর্য্যন্ত সুখোদয় না হয়।)

১২—১৩। "নিরজন" ইত্যাদি। রাধামোহন ঠাকুর 'ঐছন গুণবতিভাস' পাঠ গ্রহণ করিয়া, অর্থ লিখিয়াছেন,—'এতাদৃশগুণবতীভাসঃ কান্তিরূপাঃ অস্মান্' অর্থাৎ এতাদৃশ গুণবতী আমাদিগের (গৌরবে বহুবচন) কান্তিসমূহ বক্ষে ধারণ করিবে। আমাদিগের বোধ হয়, পদকর্ত্তা 'বাক্য' ও 'কান্তি' উভয় অর্থ প্রকাশ করার জন্যই শ্লিষ্ট 'ভাস' শব্দের প্রয়োগ করিয়াছেন।

গান্ধার।[১]

রাগ তাল[২] দুহুঁ হৃদয়ে ধয়লি তুহুঁ
জানলু বচনক রীতে।
গ্রাম তিন স্বর বহুবিধ পরকার
জানসি কত কত নীতে॥
গুণবতি অতয়ে নিবেদিয়ে তোয়।
মধুর আলাপ শিখায়বি নিরজনে
নিজ জন জানিয়া[৩] মোয়॥ ধ্রু॥
মুরলি ছোড়ি হাম নিকটহি বৈঠব
শীখব[৪] সুমধুর গান।
গৌরি শ্যাম নট তব নহ দুরঘট
হোয়ব মিলন-সন্ধান॥
মুখহিঁ মুখহিঁ[৫] যব তুহুঁ শিখায়বি
হৃদয়ে ধরব তব[৬] হাম।
ভণ রাধামোহন বচন-রচন পুন
ভালে সে জানয়ে শ্যাম॥৬॥৬২২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১০৯৫ সংখ্যক পদ। ২। 'তান' প-র-সা। ৩। 'জন জানিয়া' স্থলে 'জনে জানিয়ে' প-র-সা। ৪। 'শিখব' ক, খ, প-র-সা; 'সীখব' ঘ। ৫। 'মুখহিঁ মুখহি' স্থলে 'মুখহিঁ মুখ' ক, খ; 'শুখহি শুখহিঁ' প-র-সা। ৬। 'তব' ক, খ পুথিতে নাই।

টীকা

১—৪। "রাগ" ইত্যাদি। (শ্রীরাধার প্রতি শ্রীকৃষ্ণের শ্লিষ্ট প্রত্যুত্তর) তুমি রাগ (এক অর্থে—রাগ-রাগিণী, অন্য অর্থে—অনুরাগ) ও তাল (এক অর্থে—সঙ্গীতের কাল-পরিমাণজ্ঞাপক রূপক প্রভৃতি তাল, অন্য অর্থে—তাল-ফল-যুগলস্বরূপ স্তনদ্বয়) হৃদয়ে ধারণ করিয়াছ—(তোমার) কথার ভাবে জানিলাম; তুমি (সঙ্গীতের) তিন গ্রাম, বহুবিধ স্বর এবং কত প্রকার স্বর-রীতি (অন্য অর্থে—মৎ-

কর্ত্তৃক সম্ভোগের উপযোগী ও মুরলী-গীতির নিবারক বহুবিধ বিলাস) জ্ঞাত আছ।

৫—৭। "গুণবতি" ইত্যাদি। হে সঙ্গীত-কুশলে! (অপর অর্থে—হে বিলাস-নিপুণে!) তাই তোমার নিকট নিবেদন করিতেছি; আমাকে আপনার জন জানিয়া নির্জ্জনে সুমধুর আলাপ (এক অর্থে—রাগালাপ, অপর অর্থে—রসালাপ) শিখাইবে!

৮—১১। "মুরলি" ইত্যাদি। আমি মুরলী পরিত্যাগ করিয়া, (তোমার) নিকটে বসিব;—(তোমার নিকট) সুমধুর গান শিক্ষা করিব; গৌরী, শ্যাম, নট (প্রভৃতি রাগিণী) তোমার পক্ষে দুর্ঘট অর্থাৎ দুঃসাধ্য নহে। (অপর অর্থে) হে গৌরি! নট অর্থাৎ নটবর শ্যাম তোমার পক্ষে দুষ্প্রাপ্য নহে। (এই প্রকারে) মিলন-সন্ধান অর্থাৎ (এক অর্থে) বহু রাগ-রাগিণীর সম্মেলন-সংসাধন, (অপর অর্থে) সঙ্গম-সিদ্ধি হইবে।

১২—১৫। "মুখহিঁ" ইত্যাদি। তুমি যখন মুখে মুখে শিখাইবে, তখন (তোমার সঙ্গীত-উপদেশ) হৃদয়ে ধারণ করিব; (অন্য অর্থে) তুমি যখন আমার মুখে মুখ দিয়া (মুখচুম্বন) শিখাইবে, তখন (তাহার প্রতিদানে) আমি তোমাকে বক্ষে ধারণ করিব। রাধামোহন বলিতেছেন, শ্যাম বাক্য-রচন ভাল্রূপে জানেন।

বরাড়ী।১

মনমথ-মকর ডরহিঁ ডর-কাতর
মঝু মানস-ঝষ কাঁপ২।
তুয়া হিয়ে৩ হার-তটিনি৪-তট কুচ-ঘট৫
উছলি পড়ল দেই৬ ঝাঁপ৭॥
সুন্দরি সম্বরু কুটিল কটাখ।
কলসিক মীন৮ বড়সি কিয়ে৯ ডারসি
এ অতি কঠিন১০ বিপাক॥ধ্রু১১॥
পুন দেই ঝাঁপ১২ পড়ল যব১৩ আকুল
নাভি-সরোবর মাহ।
তাহিঁ রোমাবলি-ভুজগি১৪-সঙ্গ ভয়ে
ত্রিবলি-বেণি অবগাহ॥
তাহি ফিরত কত কতহুঁ১৫ মনোরথ১৬
দৈবকি১৭ গতি নাহি জান।
কিঙ্কিণি জালে পড়ত ভেল১৮ সংশয়
গোবিন্দ দাস রস গান॥৭॥৬২৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮২ সংখ্যক ও প-র পুথির ২৪।৩ সংখ্যক পদ। 'বরাড়ী' স্থলে 'কামোদ' প-র। ২। 'কাঁপি' প-র-সা। ৩। 'হিয়া' প-র-সা। ৪। 'তটনি' খ। ৫। 'ঘটে' খ, ঘ। ৬। 'তহি' প-র-সা; 'তহিঁ' প-র। ৭। 'ঝাঁপি' প-র-সা। ৮। 'মীনে' প-র। ৯। 'অব' প-র-সা, প-র। ১০। 'এ অতি কঠিন' স্থলে 'এ তুয়া কোন' প-র-সা; 'ইহ অতি কঠিন' প-র। ১১। ক, খ ও প-র পুথিতে 'ধ্রু' নাই। ১২। 'ঝাঁপি' প-র-সা। ১৩। 'অব' প-র। ১৪। 'ভুজঙ্গ' প-র-সা। ১৫। 'কত কতহুঁ' স্থলে 'কতহুঁ কত' ঘ; 'কত শতহিঁ' প-র। ১৬। 'মনমথ' খ, ঘ। ১৭। 'দৈবক' ক, চ, প-র-সা, প-র। ১৮। 'পড়ত ভেল' স্থলে 'পড়ল ভেল' ঘ, চ; 'পড়ল সব' প-র-সা; 'পড়ল যব' প-র।

টীকা

১—৪। "মনমথ" ইত্যাদি। (শ্রীকৃষ্ণ চাটু-বাক্যে শ্রীরাধাকে বলিতেছেন), আমার চিত্তরূপ মীন মন্মথের (বাহন-রূপ) মকরের ভয়ে ভয়াতুর হইয়া কাঁপিতেছিল; তোমার বক্ষের (মুক্তা)-হাররূপ তরঙ্গিণীর তীরে (তোমার) কুচরূপ কলসী দেখিয়া উল্লসিত হইয়া (জীবন রক্ষার জন্য) ঝাঁপ দিয়া (উহার মধ্যে) পড়িল।

৫—৭। "সুন্দরি" ইত্যাদি। হে সুন্দরি! (তুমি) কুটিল কটাক্ষ সম্বরণ কর;—কলসীর

(মধ্য-স্থিত) মীনের উপর (বঙ্কিম কটাক্ষরূপ) বড়শী নিক্ষেপ করিতেছ,—ইহা অতি দারুণ কর্ম্মফল অর্থাৎ দুরদৃষ্ট বটে ।

৮—১১। "পুন" ইত্যাদি। (কটাক্ষরূপ বড়শীর ভয়ে) অস্থির হইয়া (আমার চিত্তরূপ মীন) পুনরায় যখন (তোমার) নাভি-রূপ সরোবরের মধ্যে পতিত হইল, (তখন) সেখানে (তোমার) রোমাবলী-রূপ কাল-ভুজঙ্গীর সঙ্গ-ভয়ে ত্রিবলী-রূপ (সঙ্কীর্ণ) জল-প্রণালীর মধ্যে নিমগ্ন হইল।

১২—১৫। "তাহি" ইত্যাদি। সেখানে বিচরণ করিতে করিতে (তাহার) কতই (সুখ)-বাসনা (হইতে লাগিল); (কিন্তু) দৈবের (বিচিত্র) গতি (কেহ) জানিতে পারে না; (সেই জন্য সে তোমার) কিঙ্কণীজালে (এক অর্থে—কিঙ্কিণী-সমূহে, অন্য অর্থে—কটিভূষণ কিঙ্কিণীরূপ মৎস্য ধরার 'জাল' নামক যন্ত্রে) পতিত হওয়া মাত্র (জীবন)-সংশয় হইল। গোবিন্দদাস (এই) রহস্য গান করিতেছেন।

প্রক্ষিপ্ত পদ।

শ্রীরাগ।১

মদন-কিরাত-কুসুম-শর দারুণ২
বৃন্দাবন-বন মাঝ।
তেহিঁ৩ আকুল হরি তোহারি শরণ৪ করি
পরিহরি পৌরুষ লাজ॥
সুন্দরি৫ তুয়া দিঠি অথির সন্ধান
মনমথ মারিতে৬ জোড়ি নয়ন-শর
হানল হামারি পরাণ॥ধ্রু॥
দুহুঁ৭ শরে জর জর জীবন অন্তর
কীয়ে করব নাহি জান।
নিজ যশ চাই৮ রাই অব৯ দেয়বি
অধর সুধারস-পান১০॥
মণিময়-হার-তরঙ্গিণি-তীরহি
কুচ-কনকাচল-ছায়।
ঐছে তপত জনে১১ গোপতে রাখবি তব১২
গোবিন্দ দাস যশ১৩ গায়॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮১।২৬৭ সংখ্যক ও প-র পুথির ২৪।৪ সংখ্যক পদ। এই পদটি পদকল্পতরু গ্রন্থে অন্যত্র উদ্ধৃত না হইলেও এ স্থলে ইহা প্রক্ষিপ্ত বলিয়াই বোধ হয়; কারণ, এই পদটি গণনা করিলে তৃতীয় শাখার ১ম পল্লবের পদসংখ্যা ১০টি স্থলে ১১টি হইয়া পড়ে। প্রাচীনতর খ, ঘ ও চ পুথিতে এই পদটি নাই; কিন্তু পদামৃতসমুদ্র ও পদ-রত্নাকর গ্রন্থে এই পদটি স্বয়ংদৌত্য-পদাবলির অন্তর্গত করা হইয়াছে এবং এই পদটি পদকল্পতরু গ্রন্থে অন্যত্র দৃষ্ট হয় না—এই জন্য প্রক্ষিপ্ত হইলেও মূলে মুদ্রিত হইল। ২। 'কুসুম-শর দারুণ' স্থলে 'কুসুম-শরে জর জর' ক। ৩। 'তেহিঁ' ক। ৪। 'স্মরণ' প-র-সা। ৫। 'এ ধনি' প-র। ৬। 'মারত' প-র-সা। ৭। 'তুহুঁ' প-র-সা। ৮। 'যশ চাই' স্থলে 'জন চাহি' প-র-সা। ৯। 'মোহে' প-র। ১০। 'দান' প-র। ১১। 'জন' প-র-সা, প-র। ১২। 'রাখবি তব' স্থলে 'রাখ বরু' প-র-সা; 'রাখু বরু' প-র। ১৩। 'গুণ' ক; 'রস' (পাঠান্তর — প-র-সা)।

টীকা

১-৪। "মদন" ইত্যাদি। বৃন্দাবন-বিপিনের মধ্যে মদনরূপ ব্যাধের কুসুমময় শর (প্রচুর ও সুলভ বলিয়া) নিতান্ত দারুণ; তাই (কুসুম-শরের ভয়ে) অস্থির শ্রীকৃষ্ণ পুরুষোচিত ভাব ও লজ্জা পরিত্যাগ করিয়া, (বৃন্দাবনেশ্বরী) তোমারই শরণ লইয়াছেন।

৫—৭। "সুন্দরি" ইত্যাদি। (কিন্তু হিতে বিপরীত হইল); হে সুন্দরি! তোমার (চঞ্চল) নয়নের দৃষ্টি অর্থাৎ কটাক্ষ-বাণ অস্থির-লক্ষ্য বটে; (তাই তুমি) মন্মথকে মারিবার জন্য দৃষ্টি-শর যোজনা করিয়া

(অস্থির-লক্ষ্যতা হেতু) আমার হৃদয়ে বাণাঘাত করিলে!

৮—১১। "তহুঁ" ইত্যাদি। (মন্মথের পুষ্প-শর ও তোমার দৃষ্টি-শর) উভয় শরে (আমার হৃদয় ও প্রাণ জর্জ্জরিত; কি করিব বুঝিতে পারি না; (আশ্রিত জনকে অকারণে বধ করিলে অখ্যাতি হয় বলিয়া) এখন নিজের যশের দিকে চাহিয়া, (আমাকে বাঁচাইবার জন্য) অধরামৃতের পান দান করিবে।

১২—১৫। "মণিময়" ইত্যাদি। (দাহ-পীড়িত জনের শৈত্য-সেবন সমুচিত বলিয়া) তোমার মণি-হার-রূপ তরঙ্গিণীর তীরে, তোমার কনক-গিরিরূপ কুচ-যুগলের ছায়াতে এইরূপ দাহার্ত্ত জনকে গুপ্তভাবে রাখিবে; তাহা হইলে পদকর্ত্তা গোবিন্দদাস তোমার যশ গাহিবে।

তথা রাগ।১

কনক-লতা২ কিয়ে বিকশল৩ পঙ্কমিনি
কিয়ে মহি বিজুরি উজোর।
কুঞ্জ-কুটিরে কিয়ে উয়ল৪ হিমকর
হেরইতে আয়লুঁ৫ ভোর॥
সুন্দরি তোহারি চরিত বিপরীতে।
কাজর-গরলহি ভরল নয়ন-শর
হানলি অন্তর চীতে॥ ধ্রু৬॥
তব অগেয়ানে৭ কয়লি তুহুঁ ঐছন
অব সুপুরুখ বধ জান।
উচ কুচ-চুম্বক৮ সরস পরশ দেই
উদঘাটহ দিঠি-বাণ॥
আশা-পাশ৯ হাসি দরশায়সি১০
কতি খণে রাখবি পরাণ১১।
বিঘটল১২ সময় পালটি নাহি আয়ত
গোবিন্দদাস পরমাণ১৩॥৮॥৬২৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৪ সংখ্যক ও প-র পুথির ২৪১৫ সংখ্যক পদ। ২। 'কনকলতায়' প-র-সা; 'কলকলতায়ে' প-র। ৩। 'বিকসিল' চ। ৪। 'কিয়ে উয়ল' স্থলে 'উয়ল কিয়ে' প-র। ৫। 'ভৈ গেনু' ক; 'ভৈ গেল' প-র-সা। ৬। ক, ঘ, চ পুথিতে 'ধ্রু' নাই। ৭। 'অগেয়ান' ক। ৮। 'পাথর' ক; 'কঞ্চুক' খ, ঘ, চ। ৯। 'পাশে' প-র-সা। ১০। 'হাসি দরশায়সি' স্থলে 'হাস দরশায়ই' ঘ, চ, প-র-সা। ১১। 'কতি খণে' ইত্যাদি স্থলে 'কতি খণে বধবি পরাণ' খ, ঘ, চ; 'কতি খণে ধরবি পরাণ' ক। ১২। 'বিঘটন' ক, খ, চ, প-র-সা। ১৩। 'রস গান' প-র।

টীকা

১—৪। "কনক-লতা" ইত্যাদি। স্বর্ণ-লতিকায় (ইহা) কি বিকশিত পদ্ম? কিংবা মহী-তলে দীপ্তিময় বিদ্যুৎ? কিংবা কুঞ্জ-গৃহে চন্দ্র উদিত হইয়াছে? (আমি) মুগ্ধ হইয়া দেখিতে আসিলাম।

৫—৭। "সুন্দরি" ইত্যাদি। হে সুন্দরি! তোমার চরিত্র বিপরীত! (তুমি) কজ্জলরূপ বিষে পরিপূর্ণ (তোমার) নয়ন-(কটাক্ষ)রূপ শর (আমার) হৃদয় ও প্রাণে আঘাত করিলে!

৮—১১। "তব" ইত্যাদি। তখন তুমি অজ্ঞানে অর্থাৎ না বুঝিয়া ঐরূপ (কার্য্য) করিলে, (কিন্তু) এখন (উহার ফলে) সুপুরুষের বধ জানিতে পারিতেছ; (উহার প্রতিকার জন্য) তোমার উন্নত কুচ-রূপ চুম্বক পাথরের সুখকর স্পর্শ দান করিয়া (আমার বক্ষঃ-প্রবিষ্ট) দৃষ্টি-বাণ উদ্‌ঘাটন কর। (চুম্বক লৌহকে আকর্ষণ করিয়া থাকে; সুতরাং স্তন-রূপ চুম্বকের স্পর্শে বক্ষঃ-প্রবিষ্ট দৃষ্টি-রূপ বাণ নির্গত করা শ্রীকৃষ্ণের জীবন-রক্ষার একমাত্র সদুপায় বটে। এ স্থলে রূপকমূলক কাব্যলিঙ্গ অলঙ্কারের দ্বারা শ্রীকৃষ্ণের সম্ভোগানুকূল প্রিয়ালিঙ্গন-লালসা ব্যঞ্জিত হইতেছে)।

১২—১৫। "আশা-পাশ" ইত্যাদি। (তুমি) ঈষৎ হাস্য করিয়া, (দৃষ্টি-শরে জর্জ্জরিত আমাকে) আশা-রূপ ফাঁদ দেখাইতেছ; (কিন্তু কেবল আশায় জীবন-রক্ষা হয় না; তাই বল) কতক্ষণে (আমার) জীবন রক্ষা করিবে? বিঘটল অর্থাৎ বিনষ্ট সময় ফিরিয়া আসে না অর্থাৎ সুযোগ এক-বার নষ্ট হইলে আর ফিরিয়া পাওয়া যায় না,—গোবিন্দদাস (ইহার) প্রমাণ অর্থাৎ গোবিন্দদাস ইহার সত্যতা উত্তমরূপে জানেন।

কেদার।১

গিরিবর-কুঞ্জে চললি দুহুঁ নিরজনে
উজ্জ্বল-সমরক লাগি।
নিজ অভিযোগ-বচনক কৌশলে
মনহিঁ মনোভব জাগি॥
সজনি আজু পরম রস ভেল।
অভিনব রাগ২ তুরঙ্গ-মনোরথে
দুহুঁক ঘটন পুন৩ ভেল॥ ধ্রু॥
অণ্ডজগণ পুন ভেল রণ-বাদক
কোকিলগণ সর-শৃঙ্গ।
ভেরি-তূরি-কুল বাজাওত শিখিগণ৪
বির-পন৫ গাওত ভৃঙ্গ॥
ভাঙু কামান কটাখ তিখিন৬ শর
অদভুত পুলক কচুক৭।
অশ্রু শেল৮ ভেল ঘাম পরশুকুল৯
স্বর-ভেদ মদন-বন্ধুক॥
ঐছন সাজ মদন-রণ-পণ্ডিত
যুঝব১০ যুগল কিশোর।
ভণ রাধামোহন দরশন কিয়ে উহ১১
লীলা হোয়ব মোর॥৯॥৬২৫॥

পাঠান্তর

ইহা প-র-সা পুথির ১০৯৬ সংখ্যক পদ। ২। 'অভিনব রাগ' স্থলে 'অতি অনুরাগ' ক। ৩। 'অব' ক, খ। ৪। 'শিখিগণ' স্থলে 'সখী-গণ' ক, প-র-সা। ৫। 'বীরপন' ক, খ, প-র-সা। ৬। 'তিখন' ক, খ। ৭। 'কঞ্চুক' ক, খ; 'কচুক' চ। ৮। 'শ্রেণী' ক; 'শ্রণী' প-র-সা। ৯। 'পর মুকুল' ক; 'পরশু কুল' খ, চ। ১০। 'জুঝব' চ; 'যুঝব' ক। ১১। 'তুহুঁ' প-র-সা।

টীকা

১—৪। "গিরিবর" ইত্যাদি। (শ্রীরাধা ও শ্রীকৃষ্ণ) উভয়ে নির্জ্জন গোবর্দ্ধন পর্ব্বতের কুঞ্জে সুরত-যুদ্ধের জন্য গমন করিলেন; (তাঁহাদিগের) হৃদয়ে নিজ নিজ প্রণয়েঙ্গিত-সূচক বাক্যের কৌশলে মদন উদ্দীপিত হইল।

৫—৭। "সজনি" ইত্যাদি। হে সখি! আজ অপূর্ব্ব আনন্দ হইল! নব অনুরাগ ও (বেগাতি-শয্য হেতু) তুরঙ্গমরূপ মনোরথ দ্বারা পুনরায় (শ্রীরাধা ও শ্রীকৃষ্ণ) উভয়ের (মিলন) সঙ্ঘটন হইল।

৮—১১। "অণ্ডজ" ইত্যাদি। (নিকুঞ্জ-স্থিত) পক্ষিগণ (সুরত-যুদ্ধের) রণ বাদক হইল অর্থাৎ উহারা কলনাদ দ্বারা শ্রীরাধাকৃষ্ণের কাম-ভাব অধিকতর উদ্দীপিত করিয়া সুরত-যুদ্ধের সাহায্যকারী হইল; (সেইরূপ) কোকিলগণ স্বর-শৃঙ্গ স্বরূপ হইল; ময়ূরগণ (তীব্র কেকা-নাদে) তুরী-ভেরী বাজাইল; ভৃঙ্গগণ (গুঞ্জন-শব্দে) উভয়ের বীরত্ব গান করিতে লাগিল।

১২—১৫। "ভাঙু" ইত্যাদি। (উভয়ের সুরত-যুদ্ধে) ভ্রূ ধনু স্বরূপ, কটাক্ষ তীক্ষ্ণ শরস্বরূপ, রোমাঞ্চ অদ্ভুত বর্ম্মস্বরূপ, অশ্রু-(ধারা) শেল-অস্ত্র-স্বরূপ, ঘর্ম্ম (বিন্দুসমূহ) পরশু-স্বরূপ ও (রসাতিশয্যে) স্বর-ভেদ অর্থাৎ ভগ্ন কণ্ঠ-স্বর কন্দর্পের বন্দুক স্বরূপ হইল।

১৬—১৯। "ঐছন" ইত্যাদি। মদন-যুদ্ধে পারদর্শী কিশোর ও কিশোরী উভয়ে ঐরূপ সাজে

যুদ্ধ করিবে ; (সখী-স্থানীয়) রাধামোহন কহিতেছেন—ঐ লীলা আমার দর্শন হইবে কি ?

তথা রাগ ।১

সখি অনুমানে জানিয়ে২ কাজ ।
জয় জয় কিঙ্কিনি দুহুঁ নূপুর-মণি
কঙ্কণ রণ-রব৩ বাজ ॥ ধ্রু ॥
নিবিড় আলিঙ্গন ভুজে ভুজে বন্ধন
প্রতি অঙ্গ জনু ভট বীর ।
কীয়ে পরস্পর করু পরিরম্ভন
জানিয়া সমর সুধীর ॥
কঙ্কণ বলয়া সঘন সম বোলত
চুম্বন যুগ যুগ থোর ।
বুঝলুঁ৪ মদন পরাভব পায়ল৫
জীতল যুগল-কিশোর ॥
সৌরভে মাতি ভ্রমরকুল ধায়ত৬
ছোড়ল কুসুম-বিলাস ।
নিজ অভিযোগ হোয়ত পুন ঐছন
কহ রাধামোহন দাস ॥১০॥৬২৬॥

এতদ্গীতং সম্ভোগ-রাত্রোপযুক্তম্ ।
ইতি প্রথম-পল্লবঃ ।

পাঠান্তর

১ । ইহা প-র-সা পুথির ১০৯৭ সংখ্যক পদ । ২ । 'জানিয়ে' প-স স্থলে 'বুঝল' ক, খ, ঘ, চ, প-র-সা । ৩ । 'রণ-রব' স্থলে 'রব রব' খ । ৪ । 'বুঝল' ক, চ, প র-সা । ৫ । 'পাওল' ক ; 'মানল' খ, ঘ । ৬ । 'ধায়ল' প-র-সা ।

টীকা

১—১৫ । "সখি" ইত্যাদি । রাধামোহন ঠাকুর তাঁহার এই স্বরচিত পদের ব্যাখ্যা করিতে যাইয়া লিখিয়াছেন—"ততো নিকুঞ্জ বাহে পূর্ব্বগীতোক্ত 'সখি অনুমানে জানিয়ে কাজ' ইত্যাদিনা শৃঙ্গারস্ত যুদ্ধরূপেণ কৌশলং জনান্তিকং বর্ণয়তি সর্ব্বাঙ্গানি সেনাগণানি । পরস্পরং যুদ্ধনৈপুণ্যাদিকং দৃষ্ট্বা আলিঙ্গনং কুর্ব্বন্তাবিব তৌ । সুগমত্বাৎ রহস্যত্বাচ্চান্যেষামর্থো ন কৃতঃ ।" অর্থাৎ নিকুঞ্জের বাহিরে থাকিয়া কোনও সখী অপর সখীর নিকট শ্রীরাধাকৃষ্ণের রতি-রণের বর্ণনা করিতে যাইয়া শ্রীরাধাকৃষ্ণের সমস্ত অঙ্গগুলিকে সৈন্যগণরূপে বর্ণিত করিতেছেন । উহারা যেন পরস্পরের যুদ্ধনৈপুণ্য দেখিয়া আনন্দে পরস্পরকে আলিঙ্গন করিয়া রহিয়াছে । সুবোধ্য ও গোপনীয় বলিয়া অন্যান্য বাক্যের ব্যাখ্যা করা হইল না ।

অত্র রাধামাধব বৈঠলি ইত্যাদি পদং গেয়ম্ ।
অথ স্বয়ংদৌত্যং দিবায়াং যথা ।
তদুচিত-দিবাভিসারঃ ।
তদুচিত-শ্রীগৌরচন্দ্রঃ ।

সারঙ্গ ।১

লাখবান হেম চম্পক জিনি গোরা তনু-
লাবণি অবনি উজোর ।
চন্দন-চরচিত মালতি-মণ্ডিত
হেরইতে আঁখি ভেল ভোর ॥
মাঝ দিনহিঁ আজু গোর কিশোর ।
বসনহিঁ ঝাঁপি নিজ আপদং মস্তক
যায়ত সুরধুনি-ওর৩ ॥ ধ্রু ॥
বাম নয়নে৪ ঘন চাহত দশ দিশ
বাম পদ আগু সঞ্চার ।
বাম ভুজহি কাহে বসন আগোরই৫
গজ-গতি চলু অনিবার ॥
গদ গদ শবদে করত হরিকীর্ত্তন
অনুমানি মুখ-শশি ছান্দে ।
রাধামোহন দাস না বুঝয়ে৬ ও৭ রস
নিজদোষ ভাবিয়া কান্দে ॥১॥৬২৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১০৯৮ সংখ্যক পদ। ২। 'আপাদ' ঘ, চ, প-র-সা। ৩। 'য়োর' ঘ, চ; 'জোর' ক। 'য়োর' পাঠের 'য়'কারের বিন্দুটি লিপিকর-প্রমাদে পরিত্যক্ত হইয়া 'যোর' এবং পরে 'যোর'ই 'জোর' পাঠে পরিণত হইয়াছে। ৪। 'নয়ন' ঘ, চ। ৫। 'আগোরহিঁ' চ, প-র-সা। ৬। 'বুঝিয়ে' ঘ; 'বুঝিয়ে' চ। ৭। 'য়ো' চ; 'যো' প র-সা।

টীকা

৫—৭। "মাঝ" ইত্যাদি। আজ মধ্যাহ্নেই শ্রীগৌরাঙ্গ বসন দ্বারা নিজের চরণ হইতে মস্তক পর্য্যন্ত আবৃত করিয়া গঙ্গার তীরে যাইতেছেন। (দিবাভিসারিকা শ্রীরাধার ভাবে বিভাবিত হইয়া শ্রীগৌরাঙ্গ শ্রীরাধার অভিসারাভিনয় প্রদর্শিত করিতেছেন)।

বরাড়ী।১

দেব-আরাধন-ছলে২ চলু গোরী৩।
সঙ্গহি সম-বয় নবিন কিশোরী॥
চন্দন কুঙ্কুম আর ফুল-মাল।
লেয়ল বহু উপচার রসাল॥
চলু বর-নাগরি সঙ্গব মাহ।
সচকিত নয়নে দীগ৪ দশ চাহ॥
ঐছন সময়ে নিবিড় বন মাঝ।
মীলল৬ একলে বিদগধ-রাজ॥
হেরি সুবদনি অতি হরষিত ভেলি।
কহ কবিশেখর দুহুঁ জন কেলি॥২॥৬২৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১০৯৯ সংখ্যক পদ। ২। 'আরাধন ছলে' স্থলে 'আরাধনে' ক, খ, প-র-সা। ৩। 'গৌরি' চ। ৪। 'দিগ' ক, প-র-সা। ৫। 'সময়' প-র-সা। ৬। 'মিলল' ক, প-র-সা।

ধানশী।১

কাননে কুসুম তোড়সি কাহে২ গোরি।
কুসুমহিঁ৩ নিরমিত সব তনু৪ তোরি॥ধ্রু॥
আনন হেম-সরোরুহ-ভাস।
সৌরভে শ্যাম-ভ্রমর মিলু পাশ॥
নয়নযুগল নিল৫ উতপল জোর।
সহজে শোহায়ল৬ শ্রবণক ওর॥
অপরুপ৭ তিল-ফুল সুললিত নাস৮।
পরিমলে জিতল৯ অমর-তরু-বাস॥
বান্ধুলি-মিলিত অধর যাহাঁ হাস১০।
মুকুলিত কুন্দ-কুমুদ১১ পরকাশ॥
সব তনু ফুটল চম্পক-গোর১২।
পাণিক তল থল-কমল উজোর১৩॥
গোবিন্দদাস অতয়ে অনুমান।
পূজহ পশুপতি নিজ তনু দান॥৩॥৬২৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮০ সংখ্যক ও প-র পুথির ২৪।২ সংখ্যক পদ। ২। 'তোড়সি কাহে' স্থলে 'কাহে তোড়সি' প-র-সা। ৩। 'কুসুমহু' প-র-সা; 'কুসুমিত' প-র। ৪। 'নিরমিত সব তনু' স্থলে 'সব তনু নিরমিত' ক, প-র-সা, প-র। ৫। 'নীল' ক, চ, প-র-সা। ৬। 'সহজে শোহায়ল' স্থলে 'সহজ শোহায়ন' ঘ; 'সহজ শোহায়ল' চ; 'সহজে সোহায়লু' প-র-সা। ৭। 'অপরূপ' ক, চ। ৮। 'অপরুপ তিল-ফুল' ইত্যাদি স্থলে 'সুললিত কিংশুক কোরক নাস' প র-সা। প্রাচীন কবিগণ শুক-চঞ্চুর সহিত নাসিকাকে উপমিত করিয়াছেন; কিংশুকের সহিত শুক-মুখের উপমাও বিরল নহে; যথা,—"কিং

কিংশুকৈঃ শুকমুখচ্ছবিভির্ন দগ্ধং, কিং কর্ণিকার-কুসুমৈর্ন হৃতং মনোজ্ঞৈঃ।"—ঋতুসংহার। সুতরাং কিংশুক-কোরকের সহিত নাসিকার উপমা অভিনব হইলেও অসমীচীন নহে। ৯। 'জীতল' ঘ; 'জিনল' প-র-সা। ১০। 'বান্ধুলি-মিলিত' ইত্যাদি স্থলে 'বান্ধলি অধর মিলিত' ইত্যাদি ঘ; 'বান্ধুলি অধর মিলত যত হাস' প-র-সা; 'বান্ধুলি বন্ধু অধরে মধু হাস' প-র। ১১। 'মুকুলিত কুন্দ' ইত্যাদি স্থলে 'দশনহি কুন্দ কুসুম পরকাশ' ক; 'দশনহি কুন্দ কুমুদ পরকাশ' ক, প-র। ১২। 'সব তনু' ইত্যাদি স্থলে 'সব তনু ফুটল' ইত্যাদি চ; 'সব তনু ফুটল চম্পকদল গোর' ঘ; 'সব তনু ফুট চম্পক সম গোরা' ক; 'সব তনু ফুটল চম্পক গোরি' প-র-সা। ১৩। 'উজোরি' প-র-সা।

টীকা

১—১৪। "কাননে" ইত্যাদি। (শ্রীকৃষ্ণকে দেখিয়া শ্রীরাধা ভাব-সঙ্গোপন জন্য ছল করিয়া ফুল তুলিতে প্রবৃত্ত হইলে, শ্রীকৃষ্ণ তাঁহাকে রসিকতা করিয়া বলিতেছেন) হে গৌরাঙ্গি! তুমি কি জন্য কাননে কুসুম চয়ন করিতেছ? তোমার সকল অঙ্গই কুসুম দ্বারা নির্ম্মিত বটে! (তোমার) বদন স্বর্ণ-পদ্মের কান্তিযুক্ত; (উহার) সৌরভে শ্যাম ভ্রমর (এক অর্থে—কৃষ্ণবর্ণ ভ্রমর; অন্য অর্থে শ্রীকৃষ্ণ-রূপ ভ্রমর) পার্শ্বে আসিয়া মিলিত হইয়াছে! (তোমার) নয়নদ্বয় নীল উৎপল-যুগলস্বরূপ; (উহা) স্বাভাবিক সৌন্দর্য্যে (নীলোৎপল-কর্ণভূষণের ন্যায়) তোমার কর্ণের প্রান্ত শোভিত করিল। (তোমার) সুগঠিত নাসা অলৌকিক তিল-ফুল স্বরূপ; (উহার) সৌরভে পারিজাত-তরুর সুগন্ধকে পরাজিত করিল। (শ্রীরাধার নিশ্বাস-বায়ু পারিজাত পুষ্প হইতেও অধিক সুরভি,—এতদ্দ্বারা ইহাই ব্যঞ্জিত হইতেছে।) (তোমার) বান্ধুলি-পুষ্প-সংযুক্ত (আরক্তিম) অধর যেখানে হাসিতেছে, (সেখানেই) মুকুলিত কুন্দ ও কুমুদ পুষ্প প্রস্ফুটিত হইয়া উঠিতেছে! (তোমার) সকল অঙ্গ প্রস্ফুটিত চম্পকের ন্যায় সুগৌর; কর-তল স্থল-পদ্মের ন্যায় উজ্জ্বল। অতএব (সখী-স্থানীয়) গোবিন্দদাস অনুমান দ্বারা স্থির করিতে-ছেন—(পুষ্পময়ী তোমার অন্য পুষ্প আহরণ নিষ্প্রয়োজন!) তুমি (পুষ্পময়) নিজ দেহ দান করিয়া পশুপতিকে (এক অর্থে—শিবকে, অন্য অর্থে—ব্রজের গো-রক্ষক কৃষ্ণকে) পূজা কর।

ভূপালী।১

পতি অতি দুরমতি কুলবতি নারী।
স্বামি-বরত পুন[২] ছোড়ি[৩] না পারি॥
তেঁ[৪] রূপ যৌবন একু নহ উন[৫]।
বিদগধ নাহ না হোয় বিনি পূণ[৬]॥
এ হরি অতয়ে দেখায়বি[৭] পন্থ।
পূজব পশুপতি গোরি একন্ত[৮] ॥ধ্রু॥
সহজে বধূ-জন গতি মতি-হীন[৯]।
ঘর সঞে বাহির পন্থ না চীন[১০]॥
না মিলল কোই বনহিঁ বন আন।
অনুসরি[১১] মুরলি আয়লুঁ এহি[১২] ঠাম॥
আয়লুঁ দূর পুরব নিজ সাধে[১৩]।
একলি বোলি[১৪] করহ জনি বাধে[১৫]॥
তুহুঁ যৈছে গোরি[১৬] আরাধলি কান[১৭]।
গোবিন্দ দাস তাহে[১৮] পরমাণ ॥৪॥৬৩০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯৩।২০৯ সংখ্যক ও প-র পুথির ২৩১২ সংখ্যক পদ। 'বড়ারি' প-র। ২। 'হাম' প-র-সা। ৩। 'লেই' প-র-সা। ৪। 'তে' ক, খ, ঘ, চ, প-র-সা। ৫। 'একু নহ উন' স্থলে 'এক নহে উন' ক, খ, চ, প-র-সা। ৬। 'হোয় বিনি পুণ' স্থলে 'হোয়ে বিপুন' ক; 'হোয়ে বিনি পুন' প-র, প-র-সা ১৯৩; 'হোয়ত পুন' প-র-সা ২০৯; 'হোয়ে নিপুন' ঘ; 'হোয়ে

নিপুন' চ। ৭। 'দেখায়সি' প-র-সা। ৮। 'একান্ত' ক, খ, ঘ, চ, প-র-সা। ৯। 'গতি-মতি-হীন' স্থলে 'মতি অতি হীন' প-র-সা, প-র। ১০। 'পন্থ না চীন' স্থলে 'পন্থ না চিন' ক, খ, প-র-সা। 'পথ নাহি চিহ্ন' প-র। ১১। 'আগুসরি' প-র-সা। ১২। 'তুয়া' প-র। ১৩। 'নিজ সাধে' স্থলে 'মন সাধে' প-র-সা; 'নিজ সাধ' প-র। ১৪। 'বলি' ক; 'জানি' প-র। ১৫। 'বাদ' প-র। ১৬। 'গৌরি' ঘ। ১৭। 'ভান' প-র-সা। ১৮। 'তোহে' খ। 'তাহে আছে' প-র-সা।

টীকা

১—২। "পতি" ইত্যাদি। (শ্রীরাধা শ্রীকৃষ্ণের রসিকতার উত্তরে ইঙ্গিতপূর্ণ বাক্যে কহিতেছেন)—আমার স্বামী অতিশয় অল্পবুদ্ধি; আমি কুলবতী নারী,—(তাই, পাতিব্রত্য ত্যাগ করিতে পারি না। (ব্যঞ্জনাগম্য অর্থ) আমার পতি অর্থাৎ পালন-কর্ত্তা (প্রিয়তম নহে) নিতান্ত অসদ্বুদ্ধি; আমি কুলাঙ্গনা; (সুতরাং) পতিকুলের ও পিতৃকুলের ভয়ে আমাকে (বাহ্যিক) পাতিব্রত্য প্রকাশ করিতে হইতেছে।

৩—৪। "তেঁ রূপ যৌবন" ইত্যাদি। তাহাতে আবার (আমার) রূপ কিংবা যৌবন একটিও কম নহে! (কিন্তু তাহা হইলে কি হইবে?) রসিক স্বামী বিনা পুণ্যে হয় না। (ব্যঞ্জনা-গম্য অর্থ) আমার ন্যায় সুন্দরী ও যুবতি নায়িকা অরসিক স্বামীতে সন্তুষ্ট থাকিতে পারে না; সুতরাং রূপ-যৌবনসম্পন্ন সুরসিক নায়ক পাইলে যে তাহার প্রতি অনুরক্ত হইবে, তাহাতে সন্দেহ কি আছে?

৫—৬। "এ হরি" ইত্যাদি। হে হরি! অত-এব তুমি আমাকে পথ দেখাইয়া দিবে; আমি একান্তে অর্থাৎ নির্জ্জনে পশুপতি মহাদেব ও গৌরী পার্ব্বতীকে (স্বামীর সুবুদ্ধি ও রূপগুণ বৃদ্ধির জন্য) অর্চ্চনা করিব। (ব্যঞ্জনা-গম্য অর্থ) হে আমার লজ্জা ধর্ম্মাদির সহিত চিত্তের অপহারক! তাই তুমি আমাকে (অভিসার-যোগ্য স্থলের) পথ দেখাইয়া দিবে; গৌরাঙ্গী আমি (ব্রজের) পশুপালক তোমাকে নির্জ্জনে ভজনা করিব।

৭—১০। "সহজে" ইত্যাদি। বধূজনেরা স্বভাবতঃ গতি-বুদ্ধি-হীন হইয়া থাকে; (তাহারা) ঘর হইতে বাহিরে (যাতায়াত করার) পথ চিনে না; (তাহাতে আবার) বনে বনে (ঘুরিয়া) অন্য লোকের দেখা পাইলাম না; (কেবল) তোমার বংশীধ্বনির অনুসরণ করিয়া এই স্থানে আসিলাম। (ব্যঞ্জনাগম্য অর্থ) এই বনভূমিতে লোকের গতায়াত নাই; তোমার বংশী নীরব হইলে উহার শব্দ শুনিয়া যদি কাহারও এখানে আসার আশঙ্কা থাকিত, তাহাও আর থাকিবে না; আমি তোমার বংশীরবে মোহিত ও আকৃষ্ট হইয়া তোমার নিকট আসিয়াছি; সুতরাং তুমি আমার সম্বন্ধে যাহা ইচ্ছা, তাহাই করিতে পার।

১১—১২। "আয়লুঁ" ইত্যাদি। (পূর্ব্বোক্ত বাক্য দ্বারা মনের গূঢ় ভাব যদি প্রকাশ না পাইয়া থাকে, এই আশঙ্কায় অনুরাগ ও উৎকণ্ঠার আতিশয্যে বিগতলজ্জা শ্রীরাধা অধিকতর স্পষ্ট ইঙ্গিত করিয়া বলিতেছেন)—নিজের মনোবাসনা পূর্ণ করিব বলিয়া অনেক দূরে আসিয়াছি; আমি একাকিনী বলিয়া দেখিও যেন, (আমার ইচ্ছায়) বাধা না জন্মাও! (ব্যঞ্জনা-গম্য অর্থ—সেবার জন্য সুদূরাগতা অনুরাগবতী নায়িকাকে নির্জ্জনে পাইয়া যে তাহার বাসনা পূর্ণ না করে, তাহার ন্যায় অরসিক ও জড়বুদ্ধি পুরুষ নায়িকার প্রণয়ভাজন হইতে পারে না।)

১৩—১৪। "তুহুঁ" ইত্যাদি। (সখীস্থানীয় গোবিন্দদাস এই স্বয়ংদৌত্যের অবসানে শ্রীরাধা-কৃষ্ণের গুহ্য সম্ভোগ-লীলা ইঙ্গিতে বর্ণনা করিতে যাইয়া শ্রীরাধাকে রসিকতা সহকারে বলিতেছেন)—হে গৌরি! তুমি যেরূপে শ্রীকৃষ্ণের সেবা করিলে, সে বিষয়ে গোবিন্দদাসই প্রমাণ অর্থাৎ সাক্ষী বটে! পদকর্ত্তার এই উক্তির তাৎপর্য্য বোধ হয় এই যে, যে স্থলে নায়ক-নায়িকা অনিয়ন্ত্রিতভাবে সম্ভোগ-

কেলিতে প্রবৃত্ত হয়, সে স্থলে উহাতে পূজা বা পরিচর্য্যার ভাব অপেক্ষা প্রতিদ্বন্দ্বিতা বা কলহের ভাবই সমধিক দৃষ্ট হইয়া থাকে; সুতরাং উহাকে সেবা না বলিয়া তাহার বিপরীতই বলা সঙ্গত। তুলনা করুন—"কলহরূপং সুরতমাচক্ষতে" ইত্যাদি—বাৎস্যায়ন-কাম-সূত্র।

"দোর্ভ্যাং সংযমিতঃ পয়োধরভরেণাপীড়িতঃ পাণিজৈ-
রাবিদ্ধো দশনৈঃ ক্ষতাধরপুটঃ শ্রোণীতটেনাহতঃ।
হস্তেনানমিতঃ কচেঽধরসুধাপানেন সম্মোহিতঃ
কান্তঃ কামপি তৃপ্তিমাপ তদহো কামস্য বামা গতিঃ॥"
—গীতগোবিন্দ, ১২শ সর্গ।

অথ বর্ত্ম-রোধনম্।

বরাড়ী।১

ন কুরু কদর্থনমত্র সরণ্যাং২।
মামবলোক্য সতীমশরণ্যাং॥
চঞ্চল মুঞ্চ পটাঞ্চলভাগং।
করবাণ্যধুনা ভাস্কর-যাগং॥ ধ্রু৩॥
ন রচয় গোকুল-বীর বিলম্বং।
বিদধে৪ বিধুমুখ বিনতি-কদম্বং॥
রহসি বিভেমি বিলোল-দৃগন্তং।
বীক্ষ্য সনাতন দেব ভবন্তং॥৭॥৬৩১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১০০ সংখ্যক পদ। ২। 'শরণ্যাং' ক, খ, ঘ। ৩। ক, চ ও প-র-সা পুথিতে 'ধ্রু' চিহ্ন নাই। ৪। 'বিবিদয়ে' প-র-সা।

টীকা

১—৩। "নে"তি। অশরণ্যাং (অসহায়াং) সতীং (পতিব্রতাং) মাং অত্র (অস্মিন্) সরণ্যাং (বর্ত্মনি) অবলোক্য (দৃষ্ট্বা) কদর্থনং (কুৎসনং লাঞ্ছনামিতি ভাবঃ) ন কুরু। একাকিন্যাঃ কুলাঙ্গনায়াঃ দূরাধ্বগমনং যদ্যপি অভিসারাদ্যাশঙ্কাং জনয়তি তথাপ্যসহায়ায়া মম গরিষ্ঠপ্রয়োজনানুরোধাৎ পথগমনং নান্যথা শঙ্কনীয়মিত্যর্থঃ।

৩—৪। "চঞ্চলে"তি। হে চঞ্চল! শ্রীকৃষ্ণ! মম পটাঞ্চল-ভাগং (পট্টবসনপ্রান্তং) মুঞ্চ (ত্যজ)। অহং অধুনা (ইদানীং) ভাস্কর-যাগং (সূর্য্যপূজনং) করবাণি। সূর্য্যপূজনার্থং সূর্য্যমন্দিরং গমিষ্যামীতি ভাবঃ।

৫—৬। "নে"তি। হে গোকুলবীর! (প্রবীরত্বাৎ গোকুলৈক-রক্ষক!) বিলম্বং (মম সূর্য্যপূজায়াং কালহানিং) ন রচয় (জনয়)। হে বিধুমুখ (চন্দ্রবদন) অহং তুভ্যং বিনতিকদম্বং (প্রণামসমূহং) বিদধে।

৭—৮। "রহসী"তি। হে সনাতন দেব! ভবন্তং রহসি (নিভৃতে) বিলোলদৃগন্তং (চঞ্চলাপাঙ্গং) বীক্ষ্য (দৃষ্ট্বা) বিভেমি (ভীতাস্মি) নির্ব্বিকারস্য ভগবতঃ কিমপি কারণং হিত্বা বিকার-ভাবঃ ন শুভাবহ ইত্যর্থঃ।

অনুবাদ

১—২। অসহায়া পতিব্রতা আমাকে এখানে পথে দেখিয়া কুৎসা করিও না।

৩—৪। হে চঞ্চল! আমার পট্টবসনপ্রান্ত পরিত্যাগ কর; আমি এখন সূর্য্য-পূজা করিব।

৫—৬। হে গোকুলবীর! আমার কালহানি করিও না; হে চন্দ্রবদন! তোমাকে আমি শত শত প্রণাম করিতেছি।

৭—৮। হে সনাতন দেব! তোমাকে নির্জ্জনে বিলোল-কটাক্ষ-যুক্ত দেখিয়া আমার ভয় পাইতেছে।

তাৎপর্য্য

প্রথম দুই পংক্তির ভাবার্থ এই যে, যদিও একাকিনী কোন যুবতিকে দূর পথে গমন করিতে দেখিলে, তাহার চরিত্র সংবন্ধে মনে আশঙ্কা জন্মিতে পারে, কিন্তু বিশেষ প্রয়োজনে সহায়হীনা সতী নারীও পথগমন করিয়া থাকেন; সুতরাং কেবল একাকী পথ গমন করা হইতেই অসচ্চরিত্রের অনুমান সঙ্গত

নহে। ৭।৮ পংক্তির ভাবার্থ এই যে, যিনি সনাতন দেবতা অর্থাৎ নির্ব্বিকারাত্মক ভগবান্, তিনি জগজ্জনের মঙ্গলার্থে কোন সময়ে স্বেচ্ছায় বিকার-ভাব অবলম্বন করিলেও তাঁহার পক্ষে জন-শূন্য স্থলে নিষ্প্রয়োজনে বিলোল কটাক্ষ প্রভৃতি অনুভাব দ্বারা বিকার-ভাব প্রকাশ করা অতি আশ্চর্য্যজনক বটে,—সুতরাং না জানি, অকস্মাৎ জগতের কি এক বিভ্রাট উপস্থিত হইল, ইহা মনে করিয়া দর্শকের মনে ভয়ের সঞ্চার হওয়া স্বাভাবিক। 'ন কুরু কদর্থনং' ইত্যাদি বাক্যগুলির সরল অর্থ ছাড়া সুধীজনবোধ্য অপর গূঢ় ব্যঙ্গার্থ আছে; সেই ব্যঙ্গার্থের ইঙ্গিতে শ্রীরাধা শ্রীকৃষ্ণকে স্বেচ্ছানুরূপ কার্য্য করিতেই প্রোৎসাহিত করিতেছেন।

সৌরাষ্ট্রী ;১

পুলকমুপৈতি ভয়াম্মম গাত্রং।
হসসি তথাপি মদাদতিমাত্রং ॥
বারয় তূর্ণমিমং[২] সখি কৃষ্ণং।
অনুচিত-কর্ম্মণি নির্ম্মিত-তৃষ্ণং ধ্রু[৩] ॥
জানে ভবতীমেব বিপক্ষাং।
মা পনীতা যদ্বনকক্ষাং[৪] ॥
অদ্য সনাতনমতিসুখহেতুং।
ন পরিহরিষ্যে বিধি-কৃত-সেতুং ॥৬॥৬৩২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১০১ সংখ্যক পদ। ২। 'তূর্ণমিয়ং' ঘ। ৩। ক, চ ও প-র-সা পুথিতে 'ধ্রু' নাই। ৪। 'যদ্বনকক্ষাং' খ; 'যদুকুলকক্ষাং' ক, চ, প-র-সা।

টীকা

১—২। "পুলক"মিতি। "রহসি বিভেমী"ত্যাদি শ্রীরাধাবাক্যং শ্রুত্বা স্ময়মানং শ্রীকৃষ্ণং প্রতি শ্রীরাধা পুনরাহ 'পুলকমুপৈতী'ত্যাদি। ভয়াৎ (অনিষ্টাশঙ্কা) মম গাত্রং পুলকং (রোমাঞ্চং) উপৈতি (প্রাপ্নোতি) (রাগাতিরেকাৎ জাতরোমাঞ্চীত্যপি ব্যজ্যতে)। তথাপি ত্বং মদাৎ (রূপযৌবনয়োর্গর্ব্বাৎ) অতিমাত্রং হসসি।

৩—৪। "বারয়ে"তি। হে সখি! ত্বং অনুচিতকর্ম্মণি (পরাঙ্গনাধর্ষণরূপে অধর্ম্মকার্য্যে) নির্ম্মিততৃষ্ণং (সঞ্জাতস্পৃহং) ইমং পুরোবর্ত্তিনং কৃষ্ণং তূর্ণং (শীঘ্রং) বারয় যথায়ং কিমপি বিসদৃশং নাচরতীতি ভাবঃ।

৫—৬। "জানে" ইতি। সখীং কিমপ্যুত্তরমকুর্ব্বতীং প্রমুদিতাঞ্চ দৃষ্ট্বা শ্রীরাধা তাং গর্হয়ন্তী বদতি 'জানে' ইত্যাদি। ভবতীমেব (ত্বামেব) মম বিপক্ষাং (বৈরিণীং) জানে (অবগচ্ছামি) যৎ (যস্মাৎ, ত্বং মাং বনকক্ষাং (বিপিনপ্রদেশং) উপনীতা (প্রাপিতা) অসীতি শেষঃ।

৭—৮। "অদ্যে"তি। অদ্য সনাতনং (চিরন্তনং) অতিসুখহেতুং (অত্যন্তসুখকারণং) বিধিকৃতসেতুং (বিধাতৃকৃতনিয়মং প্রাণাত্যয়েঽপি সতীত্বং রক্ষণীয়মিতি সনাতনধর্ম্মবিধানং ইতি ভাবঃ) ন পরিহরিষ্যে (ন ত্যক্ষ্যামি) ক্ষণিকসুখলবলোভেনেতি শেষঃ।

অনুবাদ

১—২। হে কৃষ্ণ! আমার গাত্রে ভয়ে রোমোদ্গম হইতেছে,—তথাপি তুমি গর্ব্ব হেতু অতিশয় হাস্য করিতেছ।

৩—৪। হে সখি! তুমি অনুচিত কার্য্যে জাততৃষ্ণ এই কৃষ্ণকে সত্বর নিবারণ কর।

৫—৬। তোমাকেই আমার শত্রু বলিয়া জানিতেছি; যেহেতু তুমিই আমাকে এই বনভূমিতে আনিয়াছ!

৭—৮। অদ্য আমি প্রভূত সুখের নিদান বিধাতৃকৃত সনাতন নিয়ম পরিত্যাগ করিব না।

তাৎপর্য্য

৭।৮ পংক্তির সরল ভাবার্থ এই যে, স্ত্রী জাতির সতীত্ব রক্ষা বিধাতার কৃত সনাতন নিয়ম বটে, ক্ষণিক

সুখলাভের প্রত্যাশায় অশেষ সুখের নিদান সতীত্ব-ধর্ম্ম পরিত্যাগ করা নিতান্ত মূঢ়তার কার্য্য। পূর্ব্ব-পদের ন্যায় এই পদের "পুলকমুপৈতি" ইত্যাদি বাক্যেরও গূঢ় ব্যঙ্গার্থ আছে; ঐ ব্যঙ্গার্থের ইঙ্গিতে শ্রীরাধা শ্রীকৃষ্ণকে যথেচ্ছ কার্য্যে প্রোৎসাহিত করিতেছেন।

ধানশী।১

সুন্দরি কাহে কহসি হেন বাণি।
মোহে পরশবি অব নিজজন২ জানি॥
সব ছোড়ি আয়লু তোহারি লাগিয়া।
পূরহ আশ অধর-সুধা দিয়া॥
এত কহি চুম্বয়ে চিবুক৩ ধরিয়া।
ঠমকি৪ ঝাঁপয়ে মুখ পটাঞ্চল দিয়া॥
করে ধরি গিরিধর আয়ল৫ নিকুঞ্জে।
রচিত কুসুম-শেজ মধুকর গুঞ্জে॥
বৈঠল দুহুঁ জন পূরল মন আশ।
নিরখয়ে দুহুঁ রূপ জগন্নাথ দাস৬ ॥৭॥৬৩৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১০২ সংখ্যক পদ। ২। 'নিরজন' প-র-সা। ৩। 'চিকুর' ঘ। ৪। 'চমকি' প-র-সা। ৫। 'আওল' খ, ঘ। ৬। 'যদুনাথ দাস' ক, চ, প-র-সা।

সারঙ্গ।

অপরুব১ দিনহি কুঞ্জ-মণি-মণ্ডপে
শিতল২ পবন বহ মন্দ।
দ্বিজ-কুল-নাদ সুবাদন বৈছন৩
মনমথ-যন্ত্রক ছন্দ॥
জয়৪ রাধামাধব মেলি।
দুহুঁক প্রেম-লব৫ কো করু অনুভব
যবহুঁ সুরত-রস-কেলি॥ধ্রু॥

তহিঁ পুন অতিশয় নাগরি আগরি৬
অতয়ে সে নিমিলিত-আঁখি।
আনন্দ-সিন্ধু-নিবেশহিঁ৭ মোহিত
দেয়ই প্রতিঅঙ্গ সাখি॥
তহিঁ অতি সুশিতল৮ আনন্দ-নিরঝর
পুলক ভরল সব অঙ্গ।
চীত-পুতলি জনু কাঁপয়ে ঘন ঘন
অদভুত পুন সর-ভঙ্গ॥
অনধিন৯ দেহ-দণ্ড পরি শোভিত
মুকুতা সম স্বেদ-বিন্দু।
বিগলিত অঙ্গ রাগ মণি-ভূষণ
কঞ্চুক অরু১০ নিবি-বন্ধ॥
যাকর পরিমলে মাতল থাবর
তাহে কিয়ে জঙ্গম লেখি১১।
রাধামোহন-পহু-চিতে নিতি জাগই
জনু উহ পাথর-রেখি১২॥৮॥৬৩৪॥

ইত্যনন্তরং সম্ভোগ-পদং যথাসম্ভবং গেয়ম্।
ইত্যাদি স্বয়ং-দৌত্যম্।
ইতি দ্বিতীয়-পল্লবঃ।

পাঠান্তর

১। 'অপরুব' প-স স্থলে 'অপরূপ' ঘ, 'অপ-রূপ' ক, খ, চ। ২। 'শীতল' ক। ৩। 'তৈছন' ক, ঘ, চ। ৪। 'জয় জয়' ক, চ। ৫। 'প্রেম নব' ক, ঘ, চ। ৬। 'নাগরি আগরি' স্থলে 'নাগর আগরি' ক, ঘ; 'নাগর আগর' চ। ৭। 'নিরে সহি' ক, ঘ। ৮। 'তহিঁ অতি সুশিতল' স্থলে 'তহি অতি মিলিত' খ। ৯। 'অনধিন' প-স স্থলে 'অনধি' ঘ, চ, 'অনধী' খ। ১০। 'আধ' ক, খ; 'আর' ঘ, চ। ১১। 'লেখ' খ। ১২। 'রেখ'।

টীকা

১—৪। "অপরুব" - ইত্যাদি। দিবাভাগে অপূর্ব্ব কুঞ্জের মণিগৃহে শীতল পবন মন্দ মন্দ

বহিতেছে; পক্ষিগণের শব্দ যেন মন্মথের যন্ত্রের সুবাদ্যের ন্যায়।

৫—৭। "জয়" ইত্যাদি। শ্রীরাধামাধবের মিলনের জয় হউক; যখন (উভয়ের) সুরত রস-কেলি (নির্ব্বাহিত হয়), তখন উভয়ের প্রেমানন্দের কণামাত্রও কে অনুভব করিতে পারে?

৮—১১। "তহিঁ" ইত্যাদি। তাহাতে আবার (উভয়ের মধ্যে) নায়িকা অতিশয় রসে পরিপূর্ণা; তাই তিনি নিমীলিতনয়না; (যেন) তিনি আনন্দ-রূপ সমুদ্রের রসাস্বাদনে বিমোহিত হইয়াছেন—(তাঁহার) প্রত্যেক অঙ্গ ইহা সাক্ষ্য দিতেছে!

১২—১৫। "তহিঁ" ইত্যাদি। তাহাতে অতি সুশীতল আনন্দ-জল অর্থাৎ সাত্বিক-ভাব-জনিত ঘর্ম্মজল ঝরিতেছে; সকল অঙ্গ পুলকে পরিপূর্ণ হইয়াছে; (বোধ হইতেছে) যেন চিত্র-লিখিত প্রতিমূর্ত্তি; সকল অঙ্গ ঘন ঘন কম্পিত হইতেছে এবং অদ্ভুত স্বর-ভঙ্গ (প্রকাশ পাইতেছে)।

১৬—১৯। "অনধিন" ইত্যাদি। (রসাতিশয্যে) অনায়ত্ত দেহ-যষ্টির উপরে মুক্তার ন্যায় স্বেদ-কণা শোভিত হইয়াছে; অঙ্গ-রাগ, মণি-আভরণ, কাঁচুলী ও কটি-বসন-গ্রন্থি স্খলিত হইয়াছে।

২০—২৩। "থাকর" ইত্যাদি। যেই সম্ভোগের পরিমলে অর্থাৎ সম্ভোগ-বিমর্দ্দ-জনিত সৌরভে (গিরি, তরু প্রভৃতি) স্থিতিশীল পদার্থ পর্য্যন্ত (আনন্দে) উন্মত্ত হইয়াছে, তাহাতে পশু-পক্ষী প্রভৃতি গতিশীল প্রাণীদিগকে কি লিখিব? অর্থাৎ গতিশীল প্রাণীদিগের কথা কি বলিব? পদকর্ত্তা রাধামোহনের প্রভু শ্রীকৃষ্ণের চিত্তে উহা প্রস্তরে (অঙ্কিত) রেখার ন্যায় নিত্য জাগরিত রহিয়াছে।

পুনশ্চ প্রকারান্তরং।

তদ্ভুচিত-শ্রীগৌরচন্দ্রঃ।

ধানশী।[১]

ভাব ভরে গরগর চিত[২]।
খেণে উঠে খেণে বৈসে না পায় সম্বিত[৩]॥
অতি[৪] রসে নাহি বান্ধে থেহ।
সোঙরি সোঙরি কান্দে পুরুব সুনেহ[৫]॥
নাচে পহু গোরা নট-রাজ।
কি লাগি গোকুল-পতি সংকীর্ত্তন মাঝ॥ধ্রু[৬]॥
নিজ পর কিছুই না জানে।
দীন হীন উত্তম অধম নাহি মানে[৭]॥
প্রিয়-গদাধর-কর[৮] ধরি।
মরম-কথাটি কহে ফুকরি ফুকরি॥
ডগমগ আনন্দ-হিলোলে[৯]।
লোলিয়া লোলিয়া[১০] পড়ে পণ্ডিতের[১১] কোলে॥
গোরা-রসে সব রসময়[১২]।
না দরবে[১৩] বলরাম পাষাণ-হৃদয়॥১॥৬৩৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১১২ ও প-র পুথির ২১।৬১ সংখ্যক পদ। এই পদটি পদকল্পতরুর তৃতীয় শাখার ১১শ পল্লবে ৯০৯ সংখ্যক পদরূপে পুনরুক্ত হইয়াছে। ২। 'চীত' ঘ, চ। ৩। 'পায় সম্বিত' স্থলে 'পান সম্বিত' ক, চ; 'পায় সম্বীত' ঘ। ৪। 'হরি' ক, খ, ঘ, চ (৬৩৫ সংখ্যক পদ)। ৫। 'সুলেহ' ক, খ, চ, প-র-সা; 'সিনেহ' প-র। ৬। প-র-সা ছাড়া অন্যান্য পুথিতে 'ধ্রু' নাই। ৭। 'নিজ পর' ইত্যাদি পংক্তিদ্বয় ক, খ, ঘ, চ পুথির ৬৩৫ সংখ্যক পদে ও প-র-সা পুথিতে নাই। ৯০৯ সংখ্যক পদে 'দীনহীন উত্তম অধম' ইত্যাদি স্থলে ক প্রভৃতি পুথিতে 'উত্তম অধম' ইত্যাদি পাঠ আছে। ৮। 'করে' চ। ৯। 'আনন্দ-হিলোলে' স্থলে 'প্রেম-হিলোলে' ক, খ, ঘ, চ পুথি, ৯০৯ সংখ্যক পদ। ১০। 'লোলিয়া লোলিয়া' স্থলে 'ঢুলিয়া ঢুলিয়া' খ ৯০৯ পদ; 'ঢলিয়া ঢলিয়া' প-র। ১১। 'ভকতের' ক, খ, ঘ, চ পুথি (৯০৯ সংখ্যক সংখ্যক পদ), প-র। ১২। 'গোরা' ইত্যাদি স্থলে 'এ রসে জগত রসময়' ক, খ, ঘ, চ পুথি (৯০৯ সংখ্যক পদ), 'ও

রসে জগত রসময়' প-র। ১৩। 'বিদরে' ঘ, চ; 'দরপে' প-র-সা।

শ্রীনিত্যানন্দচন্দ্রস্য

কামোদ।

খঞ্জন[১] -গঞ্জন লোচন রঞ্জন
গতি অতি ললিত সুঠান।
চলত খলত পুন পুন উঠি গরজত
চাহনি বঙ্ক নয়ান॥
গৌর গৌর বলি ঘন দেই করতালি
কঞ্জ-নয়নে বহে লোর।
প্রেমেত[২] অবশ হৈয়া পতিতেরে নিরখিয়া
আইস আইস বলি দেই কোর॥
হুহুঙ্কার ঘন ঘন মালসাট পুন পুন
কত কত ভাব বিথার।
কদম্ব-কেশর জনু পুলকে পূরল তনু
ভাইয়ার ভাবে যেন মাতোয়ার॥
আগম-নিগম-পর বেদ-বিধি-অগোচর
তাহা কৈল পতিতেরে দান।
কহে আত্মারাম দাসে না পাইলুঁ[৩] কৃপা-লেশে
রহি গেলু পাষাণ সমান॥২॥৬৩৬॥

পাঠান্তর

১। 'অঞ্জনগঞ্জন' ক। ২। 'প্রেমেতে' ক, চ। ৩। 'পাইয়া' ক, চ।

তথা সম্ভোগস্য স্বয়ংদৌত্যং প্রকারান্তরং যথা।

ধানশী।[১]

ধরি নাপিতানী-বেশ মহলেতে পরবেশ
যেখানে বসিয়া আছে[২] রাই।
হাতে দেই[৩] দরপণী খোলে নখরঞ্জনী
রোলে বৈস দেই কামাই॥
বসিলা যে রসবতী নারী।
খুলিল কনক বাটী আনিল বিমল ঘটী[৪]
ঢালিল সুবাসিত বারি॥ ধ্রু[৫]॥
করে নখ-রঞ্জনী চাঁছয়ে নখের কণি
শোভিত করল যেন চাঁদে[৬]।
নাপিতানী একে শ্যামা সুনীর অধিক ঝামা[৭]
বুলাইছে মনের আনন্দে॥
ঘসিয়া ঘসিয়া পায় আলতা লাগায় তায়
নিরখি নিরখি অবিরাম।
রচয়ে বিচিত্র করি চরণ হৃদয়ে ধরি
তলে লেখে আপনার নাম॥
নাপিতানী বলে ধনি দেখহ চরণখানি[৮]
ভাল মন্দ করহ বিচার।
দেখি সুবদনী কহে কি নাম লেখিলা ওহে[৯]
পরিচয় দেহ আপনার॥
নাপিতানী কহে ধনি শ্যাম নাম ধরি আমি
বসতি এ[১০] তোমার নগরে।
দ্বিজ চণ্ডীদাসে কয় এহ নাপিতানী নয়
কামাইলা[১১] যাহ নিজ ঘরে॥৩॥৬৩৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১১৪ সংখ্যক পদ। ২। 'দিয়া' ক, খ, ঘ, চ; 'দেয়' দৌঃ পুথি। ৩। 'দিয়া' ক, খ, ঘ, চ। ৪। 'আনিল বিমল ঘটী' স্থলে 'আনিয়া' ইত্যাদি ক, খ, ঘ, চ; 'আনিল কনক ঘটী' দৌঃ পুথি। ৫। ক, খ পুথিতে 'ধ্রু' নাই। ৬। 'যেন চাঁদে' স্থলে 'নখচাঁদে' দৌঃ পুথি। অতঃপর দৌঃ পুথিতে নিম্নলিখিত অতিরিক্ত পাঠ দৃষ্ট হয়; যথা,—
'অলসে উলস পায় ঘুম লাগে আধো গায়
হাত দেয় নাপিতানীর কান্ধে॥'
৭। 'নাপিতানী' ইত্যাদি স্থলে 'নাপিতানী একে শ্যামা সুনীর পুতলী ঝামা' ক, খ, চ।

'নাপিতানী' ইত্যাদি পংক্তি ছয়টির পরিবর্ত্তে দোঃ পুথির পাঠ ; যথা,—

'নাপিতানী বলে শ্যামা   ননির সমান রামা
  যোগাবে মনের আকুতে।
ঘসিতে ঘসিতে পায়   আলতা লাগাএ তায়
  রচএ যে মনোহর রীতে ॥
রচএ বিচিত্র করি   চরণ উপরে ধরি
  তলে লিখে নাম আপনার।'

৮। 'নাপিতানী বলে ধনি' ইত্যাদি পংক্তি চারিটি প-র-সা পুথিতে নাই। ৯। 'দেখি সুবদনী কহে' ইত্যাদি পংক্তি ছয়টির পরিবর্ত্তে দোঃ পুথির পাঠ ; যথা,—

'শুনি নাপিতানী-বাণী   দেখিএ চরণখানি
  হেটে দেখে শ্যামের নাম।
বুঝিয়া আপন মনে   চাহে নাপিতানী পানে
  বলে কহ আপনার নাম ॥
শ্যামা নাম কহে তারে   জগত মোহিবার তরে
  ফিরি আমি নগরে নগরে।
*চণ্ডীদাসে কহে   নাপিতানী নহে
  কামাইলে যায় আপনার ঘরে ॥'

১০। 'যে' ক, খ, প-র সা। ১১। 'কামাইলে' খ।

টীকা

৮—১১। "করে" ইত্যাদি। (নাপিতানী) করে নখরঞ্জনী অর্থাৎ নরুন্ (ধরিয়া) নখের কোণা চাঁছিতেছে ; (উহাকে) চন্দ্রের ন্যায় শোভাযুক্ত করিল। নাপিতানী একে যুবতী, (তাহাতে আবার) মনের উল্লাসে নবনীত অপেক্ষা অধিক (কোমল-ভাবে) ঝামা ঘর্ষণ করিতেছে। (এ স্থলে 'শ্যামা' শব্দের 'শ্যাম-বর্ণা' অর্থ সুসঙ্গত নহে। দোঃ পুথির পাঠে 'শ্যামা' নাপিতানীর নাম বলিয়া উক্ত হইয়াছে ; কিন্তু মুদ্রিত পাঠে সেইরূপ অর্থও সংলগ্ন হয় না ; সুতরাং অগত্যা 'শ্যামা' শব্দের অর্থ 'যুবতী' করা হইয়াছে। তুলনা করুন—"তন্বী শ্যামা শিখরি দশনা পক্কবিম্বাধরোষ্ঠী"—মেঘদূত)

সুহিনী।১

নাপিতানী কহে শুন গো২ সই৩।
অনাথী জনের৪ বেতন কই৫ ॥
কহ তুমি যাই রাইয়ের কাছে।
বেতন লাগি সে বসিয়া আছে ॥
যদি কহে তবে নিকটে যাই।
যে ধন দেন তা সাক্ষাতে পাই ॥
শুনি সখী কহে রাইয়ের৬ কাছে।
নাপিতানী বসি আছয়ে নাছে ॥
রাই কহে তবে আনহ তায়।
কতেক বেতন আমারে৭ চায় ॥
সখী যাই তবে ডাকয়ে আইস।
আসিয়া রাইয়ের নিকটে বৈস ॥
আসি নাপিতানী কহয়ে তায়।
বেতন কেন না দেহ আমায় ॥
রাই কহে কিবা হইবে তোর।
সে কহে বেতনে৮ নাহিক ওর ॥
হাসিয়া কহয়ে সুন্দরী রাই।
হেন নাপিতানী দেখিয়ে৯ নাই ॥
এমতে ধন১০ যে কর্যাছ কত।
সে কহে ভুবনে আছয়ে যত ॥
এক ধন আছে তোমার ঠাঞি।
সে ধন পাইলে ঘরকে যাই ॥
হৃদয়ে কনক-কলস আছে।
মণিময় হার তাহার কাছে ॥
তাহার পরশ-রতন দেহ।
দরিদ্র-জনারে কিনিয়া লেহ ॥
হাসিয়া কহয়ে সুন্দরী গোরী।
ভালে১১ নাপিতানী পরাণ-চোরী১২ ॥
পরশ-রতন পাইবা বনে।
এখন১৩ চলহ নিজ ভবনে ॥

চণ্ডীদাসে কহে না কর লাজ।
নাপিতানী নহে রসিক-রাজ ॥৪॥৬৩৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১১৫ সংখ্যক পদ। ২। 'লো' দোঃ পুথি। ৩। 'সোই' ঘ। ৪। 'লোকের' কঁ, খ, প-র-সা। ৫। 'কোই' ঘ। ৬। 'রাইক' ক। ৭। 'আমায়' ক, খ; 'আমার' প-র-সা। ৮। 'বেতন' ক, খ, প-র-সা। ৯। 'দেখি যে' ক; 'দেখিএ' প-র-সা। ১০। 'ধনে' ক। ১১। 'ভাল' ক, প-র-সা। ১২। 'পরাণচুরি' প-র-সা। ১৩। 'এখনে' ক; 'এখনি' ঘ। দোঃ পুথিতে সম্পূর্ণ পদটির নিম্নলিখিত রূপান্তর দৃষ্ট হয়, যথা,—

'নাপিতানী বলে শুন লো সই।
অনাথিনি লোকের সাক্ষাতে পাই ॥
দূতী যাই কহে রাইয়ের কাছে।
বেতন লাগিয়া নাপিতানী আইছে ॥
কহিল বোলই আনহ তাএ।
কতেক বেতন নাপিতানী চাএ ॥
ক্ষেবলি (?) বলিয়া ডাকএ আইস।
রাই বলে অই ছলিচাএ বৈস ॥
বসিল দুখিনী নাপিতানী শ্যামা।
কহএ বেতন দেহএ বামা ॥
কতেক বেতন হইবে তোর।
আমার বেতনের নাহিক ওর ॥
হাসিয়া কহই সুন্দরী রাই।
এমন দুখিনী দেখিএ নাই ॥
এত ধন তুমি করিয়াছ কত।
ভুবন ভরিয়া আছএ যত ॥
এক ধন আছে তোমার ঠাই।
সে ধন পাইলে ঘরেতে যাই ॥
দয়া করি দেহ দরিদ্রে ধন।
চাহিলে না দেএ কৃপীন জন ॥
কুচযুগ-গিরি মোর মনহিত।
ইহা দিয়া মোরে করহ হিত ॥
আর যে বেতন না হএ মোর।
পরশ-রতন পাইএ যে তোর ॥
হাসিয়া বোলএ রসবতি গোরি।
ভালে সে নাপিতানি পরাণচুরি ॥
চণ্ডীদাসে কহে না কর লাজ।
নাপিতানী কহে (?) রসিকরাজ ॥'

টীকা

১৫—১৬। "রাই কহে" ইত্যাদি। রাই কহিলেন—'তোর (বেতন) কত হইবে?' সেই (নাপিতানী) কহিল—'(আমার) বেতনে সীমা নাই!'

১৯—২০। "এমতে ধন" ইত্যাদি। (শ্রীরাধা বলিলেন)—এই প্রকারে অর্থাৎ সামান্য কার্য্যের প্রতিদানে অসীম ধন লইয়া, কত ধন সঞ্চিত করিয়াছ? সেই নাপিতানী কহিল, ভুবনে যত আছে অর্থাৎ ভুবনে যত ধন আছে, সকলই আমি সঞ্চিত করিয়াছি। (কপট নাপিতানীর পরিহাস-উক্তি সত্য বলিয়া প্রমাণিত করার উদ্দেশ্যেই পদ-কর্ত্তা কৌশলে এই বাক্য সন্নিবেশিত করিয়াছেন)।

২৫—২৬। "তাহার" ইত্যাদি। তাহার অর্থাৎ সেই কুচরূপ সুবর্ণ-কলসের স্পর্শ-রত্ন (এক অর্থে—পরশ পাথর, অন্য অর্থে উৎকৃষ্ট স্পর্শ) আমাকে দান কর; ('জাতৌ জাতৌ তু যৎ শ্রেষ্ঠং তদ্রত্নমিহ কথ্যতে।') দরিদ্র জনকে (স্পর্শ-রত্ন-দান-রূপ অপরিশোধ্য মূল্য দ্বারা) ক্রয় করিয়া লও।

২৯—৩০। "পরশ-রতন" ইত্যাদি। (শ্রীরাধা ছদ্ম-বেশিনী নাপিতানীর কৌশলময় বাক্যের কৌশলময় উত্তর দিতে যাইয়া বলিতেছেন)—বনে স্পর্শ-রত্ন পাইবে, এখন নিজ-গৃহে যাও। 'বনে স্পর্শ-রত্ন পাইবে' এই শ্লিষ্ট বাক্যের একটি অর্থ এই যে, পরশ পাথর গৃহে থাকে না; উহা কদাচিৎ কোন সৌভাগ্যবান্ ব্যক্তি বনেই প্রাপ্ত হইয়া থাকে; সুতরাং পরশ পাথর কামনা করিলে তাহার

জন্ত বনে যাইয়া অনুসন্ধান করিও। অপর গূঢ় অর্থ এই যে, শ্রেষ্ঠ স্পর্শ অর্থাৎ আলিঙ্গন বনে (সঙ্কেত-কুঞ্জে) পাইবে। উভয় অর্থেই অস্থানে বৃথা বাক্চাতুরে কালহরণ না করিয়া, স্পর্শ-রত্ন লাভের উদ্দেশ্যে গৃহে যাইয়া বনগমনের উদ্যোগ করাই একান্ত কর্তব্য—ইহা বুঝা যাইতেছে।

তথা রাগ।১

এক দিন মনে রভস-কাজ।
মাল্যানী২ হইলা রসিক-রাজ॥
ফুল-মালা গাঁথি ঝুলাই৩ হাতে।
কে নিবে কে নিবে৪ ফুকরে পথে॥
তুরিতে আইলা ভানুর বাড়ী।
রাই কহে কত লইবে কড়ি॥
মাল্যানী লইয়া৫ নিভৃতে বসি।
মালা মূল৬ করে ঈষত হাসি॥
মাল্যানী কহয়ে সাজাই৭ আগে।
পাছে দিবা কড়ি যতেক লাগে॥
এত কহি মালা পরায়৮ গলে।
বদন চুম্বন করয়ে৯ ছলে॥
বুঝিয়া নাগরী ধরিলা করে।
এত টীটপনা আসিয়া ঘরে॥
নাগর কহয়ে নহি যে১০ পর।
চণ্ডীদাস কহে কি কর ডর॥১॥৬৩৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১১৬ সংখ্যক পদ। ২। 'মাল্যানি' প-র-সা। ৩। 'ঝুলায়ে' ক; 'ঝুলাইয়া' ঘ, চ। ৪। 'কে নিবে কে নিবে' স্থলে 'কে নিবি কে নিবি' প-র-সা। ৫। 'লইয়া' স্থলে 'হইয়া' প্র-র-সা। ৬। 'মুল' ঘ। ৭। 'সাজাইয়া' খ; 'সাজাইয়ে' ক, ঘ, চ। ৮। 'পরায়ে' ক, খ, ঘ, চ। ৯। 'করেন' ক। ১০। 'নহি যে' স্থলে 'নহিয়ে' ক, খ, ঘ, চ।

বালা ধানশী।১

গোকুল নগরে ইন্দ্র-পূজা করে
দেখি আইল যত নারী।
নগর ভিতরে মহা কলরব২
নাগর হইলা৩ পসারী॥
দোকান দাকান৪ মেলিলা৫ তখন
দেখিয়া গাহকীগণ।
কহয়ে পসারে৬ বহু দ্রব্য৭ আছে
যে চাহে নিতে যে ধন৮॥
মুকুতা প্রবাল মণিময় মাল৯
পোতিক মাণিক যত১০।
বহু দিন মনে১১ আনিল১২ যতনে
তোমাদের অভিমত১৩॥
খণ্ডিকা পুতিয়া মুকুতা ঝুলাঞা১৪
কহে গাহকিনী আগে১৫।
শুনি গাহকিনী আসিয়া১৬ আপনি
দোকান নিকটে লাগে॥
সুমধুর বাণী বলে সে দোকানী
কিসের লইবে ছড়া।
মুকুতা-মাল লইবা ভাল১৭
কড়ি যে লাগিবে বাড়া১৮॥
শুনি নারীগণ বোলয়ে বচন
গাহকী নহিয়ে১৯ মোরা।
কিবা ভাগ্যে২০ মেনে২১ দেখ্যাছ২২ জনমে
এমন ধন যে তোরা॥
যুবতী রসাল নিল এক মাল
দিল এক সখী-গলে২৩।
পরিমাণ হৈল২৪ আনন্দ বাড়িল২৫
কতেক লইবে বলে॥

আর এক জনে সাধ করি[২৬] মনে
লইল সোণার সুঁচ।
লই চলি[২৭] যায় বেতন[২৮] না দেয়
পসারী ধরিল কুচ ॥
ফিরাফিরি[২৯] করে কুচ নাহি ছাড়ে[৩০]
কহে মূল্য দেহ মোর[৩১]।
সঘন[৩২] বদন করয়ে চুম্বন
এমতি[৩৩] কাজ সে তোর ॥
কাড়াকাড়ি ঘন না মানে বচন[৩৪]
অরাজক হৈল পারা।
যাহার বন[৩৫] কাটে সেই জন
রক্ষক হইব[৩৬] কারা ॥
রজকী[৩৭] সঙ্গতি চণ্ডীদাস গীতি
রচিল আনন্দ বটে।
দোকান-দাকান[৩৮] হৈল সমাধান
সকল গেল যে লুটে ।৬॥৬৪০।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১১৭ সংখ্যক পদ। ২। 'মহা কলরব' স্থলে 'কলরব করে' দৌঃ পুথি। ৩। 'নাগর হইলা' স্থলে 'আনন্দে বসিলা' দৌঃ পুথি। ৪। 'দোকান-দাকান' স্থলে 'দোকানি দোকান' দৌঃ পুথি। ৫। 'মেলিয়া' ক, খ; 'মিলিলা' প-র-সা, দৌঃ পুথি। ৬। 'পসারী' ক। 'কহয়ে পসারে' স্থলে 'আমার দোকানে' দৌঃ পুথি। ৭। 'দিব্য' ঘ, চ। ৮। 'যে চাহে' ইত্যাদি স্থলে 'যে নিতে চাহ যে ধন' ক; 'যেবা চাহ যেবা ধন' দৌঃ পুথি। ৯। 'পুতিকার' দৌঃ পুথি। ১০। 'পোতিক' ইত্যাদি স্থলে 'আর যেবা চাই যত' দৌঃ পুথি। ১১। 'বহু দিন মনে' স্থলে 'বহুদূর হনে' দৌঃ পুথি। ১২। 'আইনাছি' দৌঃ পুথি। ১৩। 'তোমাদের অভিমত' স্থলে 'তোমা সভার যেই মত' দৌঃ পুথি। ১৪ 'খস্তিকা পুতিয়া' ইত্যাদি স্থলে 'খড়ুকা' ইত্যাদি প-র-সা; 'খস্তিকা পুতিয়া মতি' ইত্যাদি দৌঃ পুথি। ১৫। 'কহে গাহকিনী আগে' স্থলে 'কহয়ে গাহকী আগে' ক, খ, ঘ, চ; 'কহই গ্রাহকি আগে' দৌঃ পুথি। ১৬। 'আইসে' দৌঃ পুথি। ১৭। 'মুকুতা-মাল' ইত্যাদি স্থলে 'মুকুতার মালা লইবা তোমরা' দৌঃ পুথি। ১৮। 'বাড়া' ক, চ, প-র-সা, দৌঃ পুথি। ১৯। 'নহি যে' দৌঃ পুথি। ২০। 'ভাগ্য' ক। ২১। 'বেনে' দৌঃ পুথি। ২২। 'দেখিছ' ক, চ; 'দেখেছ' খ, ঘ, প-র-সা; 'দেখিয়াছ' দৌঃ পুথি। ২৩। 'দিল এক' ইত্যাদি স্থলে 'দিল যে সখীর গলে' দৌঃ পুথি। ২৪। 'হৈলে' দৌঃ পুথি। ২৫। 'বাড়িল' খ, প-র-সা; 'বাড়িলে' দৌঃ পুথি। ২৬। 'সাধ করি' স্থলে 'ধার করি' দৌঃ পুথি। ২৭। 'লই চলি' স্থলে 'লইয়া' দৌঃ পুথি। ২৮। 'মূল্য' দৌঃ পুথি। ২৯। 'ফেরাফিরি' ক। ৩০। 'কুচ' ইত্যাদি স্থলে 'কুচে ধরি বোলে' দৌঃ পুথি। ৩১। 'কহে মূল্য' ইত্যাদি স্থলে 'বেতন দেই যে মোর' দৌঃ পুথি। ৩২। 'সঘনে' প-র-সা; 'ঘন যে' দৌঃ পুথি। ৩৩। 'এমনি' দৌঃ পুথি। ৩৪। 'কাড়ি' ইত্যাদি স্থলে 'কাঢ়াকাঢ়ি' ইত্যাদি ক, খ; 'ডাকা-ডাকি করে বচন না সরে' দৌঃ পুথি। ৩৫। 'যে বন' ক; 'এ বন' খ। ৩৬। 'রক্ষক হইব' স্থলে 'রক্ষক হইবে' ক; 'রক্ষা যে করিব' দৌঃ পুথি। ৩৭। 'বাশুলি' দৌঃ পুথি। ৩৮। 'দোকানি দোকান' দৌঃ পুথি।

টীকা

২১—২৪। "শুনি" ইত্যাদি। (ছদ্মবেশী পসারীর বাক্য) শুনিয়া নারীগণ বলিল—'আমরা গ্রাহকী নহি'; (তাহাতে অসন্তুষ্ট হইয়া পসারী পরিহাস করিয়া বলিল)—না জানি কোন্ ভাগ্যে তোমরা জন্মের মধ্যে এরূপ ধন দেখিতে পাইয়াছ ! (তাই অনর্থক গোলযোগ করিতেছ।) যুবতীরা স্বভাবতঃ অলঙ্কার-প্রিয়, তাহাতে এইরূপ পরিহাস-বাক্য কে সহ্য করিতে পারে ?

সুতরাং ছদ্মবেশী পসারীর কৌশল সফল হইল এবং 'যুবতী রসাল নিল এক মাল দিল এক সখী-গলে।" ইত্যাদি।

৩১—৩২। "লই" ইত্যাদি। 'লই চলি যায়' ইত্যাদি বাক্যের তাৎপর্য্য এই যে, সুঁচ-গৃহিত্রী ছদ্ম-বেশী শ্রীকৃষ্ণকে চিনিতে পারিয়া, তাঁহার সহিত রসের ঝগড়া বাঁধাইবার জন্য বিস্মৃতির ছল করিয়া সুঁচের মূল্য না দিয়াই চলিয়া যাইতেছিল। অথবা এরূপ অর্থও হইতে পারে যে, যেরূপ সচরাচর ঘটিয়া থাকে, সুঁচগৃহিত্রী আনন্দবিহ্বল হইয়া বিস্মৃতিবশতঃ কিংবা সুঁচটি সখীকে দেখাইয়া পছন্দ করাইবার জন্যই মূল্য না দিয়া চলিয়া যাইতেছিল। 'ফিরাফিরি করে' ইত্যাদি পরবর্ত্তী বাক্যগুলি দেখিলে প্রথমোক্ত অর্থই সমীচীন বলিয়া বোধ হয়।

সিন্ধুড়া[১]

দেয়াসিনী[২] বেশে মহলে প্রবেশে[৩]
রাধিকা[৪] দেখিবার তরে।
সুরক্ত[৫] চন্দন কপালে লেপন
কুণ্ডল কাণেতে পরে॥
নাগর সাজি[৬] বাম করে ধরে[৭]।
পিন্ধিয়া বিভূতি[৮] সাজিল মূরতি[৯]
রুদ্রাক্ষ জপয়ে করে॥ধ্রু॥[১০]
কহে জয় দেবী ব্রজপুর সেবি
গোকুল-রক্ষক নিতি।
গোপ গোয়ালিনী সুভগ-দাইনী[১১]
পূজ দেবী[১২] ভগবতী[১৩]॥
আশীর্ব্বাদ শুনি গোপের রমণী[১৪]
আইলা[১৫] দেয়াসিনী কাছে।
জিজ্ঞাসা করয়ে যত মনে লয়ে[১৬]
বলে গোপ ভাল আছে[১৭]॥
সভাকার জয় শত্রু হবে[১৮] ক্ষয়
মনে ভয় না ভাবিবে।
তোমাদের পতি সুন্দর সুমতি[১৯]
সভাকার ভাল হবে[২০]॥
সঙ্গেতে কুটিলা আসিয়া জটিলা
পড়য়ে চরণ ধরি।
আমার বধূর পতির মঙ্গল
বর দেহ কৃপা করি[২১]॥
শুনি দেয়াসিনী হরষিত বাণী
জটিলা সমুখে কয়।
বর যে লইবে ভালই হইবে
নিকটে আনিতে হয়[২২]॥
জটিলা[২৩] যাইয়া আনিল ধরিয়া[২৪]
আপন বধূর হাতে।
বসিলা হরিষে দেয়াসিনী পাশে
ঘুচাঞা বসন মাথে[২৫]॥
দেখি[২৬] দেয়াসিনী বোলে শুভবাণী
সব সুলক্ষণ-যুতা[২৭]।
গন্ধর্ব্ব-পাবনী জগদানন্দিনী[২৮]
রাধা নাম ভানুসুতা॥
ধরি ধনী-হাতে মনের আকুতে[২৯]
নিরখে বদন তার।
দেখিতে দেখিতে আনন্দিত চিতে
মদন করিল কার[৩০]॥
সাজিটি খুলিয়া[৩১] ফুলটি তুলিয়া[৩২]
বান্ধেন নাগরীর[৩৩] চুলে।
আনন্দে থাকিবে সকলি[৩৪] পাইবে[৩৫]
কলঙ্ক নহিবে কুলে॥
শুনিয়া সুন্দরী[৩৬] কহে ধীরি ধীরি[৩৭]
এ কথা কহবি মোয়[৩৮]।
আমার হৃদয়ে বেথাটি ঘুচয়ে[৩৯]
তবে সে জানিয়ে তোয়॥

একটি শপতি রাখহ যুবতি
দেখিতে বাসিয়ে ভয়[৪০]।
প্রাণ-পতি[৪১] সনে বান্ধ্যাছ পরাণে[৪২]
ইহাই দেবতা কয়[৪৩] ॥
হাসিয়া নাগরী চাহে ফিরি ফিরি
দেয়াসিনী ঘর কোথা।
আমার[৪৪] ঘর হয়ে যে নগর
কহিব বিরল[৪৫] কথা ॥
সঙ্কেত বুঝিয়া[৪৬] নয়ান ফিরাইয়া[৪৭]
তাক করে এক দিঠে[৪৮]।
নিরখি বদন চিহ্নিল তখন
শ্যাম নাগর ঢীটে ॥
ধীরি ধীরি[৪৯] করি বসন সম্বরি
মন্দিরে চলিলা লাজে।
চণ্ডীদাসে কয় সুবুদ্ধি যে হয়
বেকত না করে কাজে[৫০] ॥৬॥৬৪১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১১৮ সংখ্যক পদ। ২। 'দেয়াশিনী' ক; 'দিয়াসিনি' খ। ৩। 'দেয়াসিনী' ইত্যাদি স্থলে 'ধরি দেয়াসিনি-বেশ মহলে করে পরবেশ' দোঃ পুথি। ৪। 'রাধিকার' দোঃ পুথি। ৫। 'রাঙ্গা যে' দোঃ পুথি। ৬। 'সাজী' ক। ৭। 'নাগর' ইত্যাদি স্থলে 'সাজী ধরি বাম করে' দোঃ পুথি। ৮। 'পিন্ধিয়া বিভূতি' স্থলে 'পিন্ধি রাঙ্গা ধুতি' দোঃ পুথি। ৯। 'সাজিল মূরতি' স্থলে 'সাজল মূরতি' ক, চ; 'সাজিল যুবতি' দোঃ পুথি। ১০। ক, ঘ, চ ও দোঃ পুথিতে 'এ' নাই। ১১। 'সুভগদায়িনী' ক; 'শুভদাইনি' দোঃ পুথি। ১২। 'পুজ' দোঃ পুথি। ১৩। 'কহে জয় দেবী' ইত্যাদি কলিটির পরিবর্ত্তে দোঃ পুথির পাঠ যথা—

'জয় জয় গোকুলরক্ষক দেবতী।
গোপগোপিনি শুভদাইনি
পুজ পুজ ভগবতী ॥'

১৪। 'গোপিনী' দোঃ পুথি। ১৫। 'বসিলা' দোঃ পুথি। ১৬। 'হয়ে' খ, ঘ। ১৭। 'বলে গোপ' ইত্যাদি স্থলে 'গোপেরা কেমন আছে' দোঃ পুথি। ১৮। 'হয়ে' ঘ, চ। ১৯। 'সুন্দর মতি' ক, ঘ, চ; 'সুন্দরহ মতি' প-র-সা; 'সুন্দর যেমতি' দোঃ পুথি। ২০। 'সভাকার' ইত্যাদি স্থলে 'সভার ভাল যে হবে' দোঃ পুথি। ২১। 'সঙ্কেতে কুটিলা' ইত্যাদি পংক্তি চারিটি দোঃ পুথিতে নাই। ২২। 'শুনি দেয়াসিনী' ইত্যাদি পংক্তি চারিটির পরিবর্ত্তে দোঃ পুথির পাঠ যথা,—

'আমার বধূর বোলহ সুধীর
দেবতা কি সব কয়।
বর যে লইবে ভাল যে হইবে
নিকটে আসিতে হয় ॥"

২৩। 'আপনে' দোঃ পুথি। ২৪। 'ধরিল' প-র-সা। ২৫। 'বসিলা হরিষে' ইত্যাদি পংক্তিদ্বয়ের পরিবর্ত্তে দোঃ পুথির পাঠ যথা,—

'আসিয়া বসিলা দেয়াসিনি দেখিলা
বসন ঘুচিয়া মাথে ॥"

২৬। 'আনন্দে' দোঃ পুথি। ২৭। 'সব সুলক্ষণযুতা' স্থলে 'সুলক্ষণ দেখি মাথে' দোঃ পুথি। ২৮। 'জগতানন্দিনী' ঘ, চ, প-র-সা; 'জগততারিণী' দোঃ পুথি। কোন লিপিকর 'জগদানন্দিনী' শব্দের 'গ' অক্ষরটি ভুলে 'স' লিখায় 'জসদানন্দিনী' ও উহাই কোন পণ্ডিতম্মন্য লিপিকর-কর্ত্তৃক সংশোধিত (?) হইয়া বটতলার মুদ্রিত গ্রন্থ ও তদনুযায়ী অধিকাংশ চণ্ডীদাসের মুদ্রিত পদাবলীতে হাস্যজনক 'যশোদানন্দিনী' পাঠের উৎপত্তি করিয়াছে। কোন কোন টীকাকার 'যশোদার আনন্দিনী অর্থাৎ আনন্দদায়িনী' এইরূপ অর্থ করিয়া 'যশোদানন্দিনী' পাঠের অর্থ-সঙ্গতি রক্ষা করার চেষ্টা করিয়াছেন; কিন্তু যিনি জগতের আনন্দদায়িনী, তাঁহাকে যশোদার আনন্দদায়িনী বলিয়া বর্ণিত করার কোনই সার্থকতা দেখা যায় না; সুতরাং 'যশোদানন্দিনী' পাঠ ভ্রমমূলক বলিয়াই বিবেচনাহয়।

২৯। 'মনের আকুতে' স্থলে 'মনেরানন্দেতে' প-র-সা। 'ধরি ধনী হাতে' ইত্যাদি স্থলে 'মনের অঙ্গেরত (?) দিয়াসিনি কৌতুকে' দৌঃ পুথি। ৩০। 'মদন' ইত্যাদি স্থলে 'মদন কেবল বিকার' দৌঃ পুথি। ৩১। 'ধরিয়া' দৌঃ পুথি। ৩২। 'পাড়িয়া' দৌঃ পুথি। ৩৩। 'নাগরী' ক, খ, দৌঃ পুথি। ৩৪। 'সকল' প-র-সা। ৩৫। 'সকলি পাইবে' স্থলে 'কুশল হইবে' দৌঃ পুথি। ৩৬। 'কামিনী' দৌঃ পুথি। ৩৭। 'কহে' ইত্যাদি স্থলে 'বলে মধুর বাণী' দৌঃ পুথি। ৩৮। 'এ কথা' ইত্যাদি স্থলে 'এমতি হইবে মোয়' দৌঃ পুথি। ৩৯। 'আমার হৃদয়ে' ইত্যাদি স্থলে 'আমার হৃদয় বেথাটি ঘুচিবে' দৌঃ পুথি। ৪০। 'দেখিতে বাসিয়ে ভয়' স্থলে 'কহিতে বাসিয়ে ভয়' ক, দৌঃ পুথি; 'দেখিতে বাসহ ভয়' খ, ঘ, চ, প-র-সা। ৪১। 'পরপতি' ক, দৌঃ পুথি। শ্রীরাধা 'পর-পতির' সহিত প্রণয়-বন্ধন করিয়াছেন, এইরূপ কথা বলিয়া তাঁহাকে অপ্রতিভ করা চতুর-শিরোমণি শ্রীকৃষ্ণের পক্ষে সম্ভবপর বোধ হয় না; সুতরাং 'প্রাণপতি সনে' ইত্যাদি শ্লেষপূর্ণ পাঠই সমীচীন। ৪২। 'বান্ধিয়াছ পরাণে' স্থলে 'বেঁধেছ পরাণে' ক; 'বান্ধিয়াছ মনে' খ, ঘ, চ, প-র-সা। ৪৩। 'ইহাই দেবতা কয়' স্থলে 'স্বরূপে কহিবি মোয়' দৌঃ পুথি। ৪৪। 'আমাদের' দৌঃ পুথি। ৪৫। 'বিরলে' দৌঃ পুথি। ৪৬। 'করিয়া' প-র-সা; 'আনিয়া' দৌঃ পুথি। ৪৭। 'ফিরিয়া' ক। ৪৮। 'তাক হেরে' ইত্যাদি স্থলে 'তাকে হেরে এক দিঠে' দৌঃ পুথি। ৪৯। 'ধির ধির' দৌঃ পুথি। ৫০। 'বেকত' ইত্যাদি স্থলে 'বেকত করয়ে কাজে' ক; 'বেকত না করে লোকের মাঝে' দৌঃ পুথি।

টীকা

১৮—৫১। "একটি শপতি" ইত্যাদি। হে যুবতি! তুমি আমার একটি শপথ (অর্থাৎ সত্য কথা বলিবার জন্ত দিব্য) পালন কর; তুমি প্রাণ-পতির সহিত প্রাণ বাঁধিয়াছ, অর্থাৎ প্রেম-বন্ধনে বাঁধা পড়িয়াছ,—ইহাই আমার দেবতা কহিতেছেন। ('প্রাণ-পতি' শব্দটি শ্লিষ্ট, ইহার সরল অর্থ—প্রাণনাথ বা স্বামী; কিন্তু ইহার গূঢ় অর্থ হৃদয়েশ্বর" অর্থাৎ যিনি কেবল পালনকর্ত্তা বলিয়া পতি নহেন, কিন্তু প্রিয়তম বলিয়া জীবন ও মৃত্যুর মালিক। 'আর্য্যা সপ্তশতী' প্রভৃতি কোন কোন ব্যঞ্জনা-প্রধান কাব্যে পরকীয়া-নায়িকার বর্ণন-প্রসঙ্গে 'পতি' শব্দটি পরকীয়ার প্রেমসম্বন্ধ-হীন স্বামী ও 'প্রিয়' শব্দটি প্রেমাস্পদকে বুঝাইতে প্রায় সর্ব্বদা প্রযুক্ত হইয়াছে।)

সিন্দুড়া।১

নাগর আপনি হৈলা বণিকিনী২
কৌতুক করিব৩ মনে।
চুয়া যে চন্দন আমলকী বর্ত্তন৪
যতন করিয়া আনে॥
কেশর যাবক কস্তুরী দ্রাবক৫
আনিল বেণার জড়৬।
সোন্ধা সুকুকুম কর্পূর চন্দন
আনিল মুথা৭ শিকড়৮॥
থালিতে৯ করিয়া আনিল ভরিয়া৯
উপরে বসন১০ দিয়া।
মিছামিছি১১ করি ফিরে বাড়া বাড়ী
ভানুর দুয়ার দিয়া১২॥
চুবক১৩ লইবে১৪ ফুকরি১৫ কহয়ে
আইল দাসী১৬ যে তবে।
মোদের১৭ মহলে আসি দেহ১৮ বলে
অনেক নিতে যে১৯ হবে॥
থালিতে ধরিয়া২০ আইলা লইয়া২১
যেখানে নাগরী বসি।
চুয়া সুচন্দন২২ করহ রচন
বেণ্যানী মনেতে খুসি

চন্দন চুবক লইবে কতেক
জানিতে চাহিয়ে আমি।
সকলি লইব[২৩] বেতন সে দিব[২৪]
যতেক আনহ[২৫] তুমি ॥
আমলকী হাতে দিল যে[২৬] মাথে
ঘসিতে লাগিল কেশ।
ঘসিতে ঘসিতে শ্রম যে হইল
নাগরী পাইল ক্লেশ ॥
সুমধুর[২৭] বাণী কহে সে বেণ্যানী[২৮]
চুয়া মাখিবার তরে।
চুল যে ছাড়িয়া[২৯] হাত নামাইয়া
মাথায়[৩০] হৃদয়[৩১] পরে ॥
পরশে নাগরী হইলা আগরি[৩২]
পড়িয়া বেণ্যানী কোরে।
নিন্দ যে আইল অতি সুখ হৈল[৩৩]
সব শ্রম গেল দূরে ॥
বেণ্যানী বলে গেল সে বেলে
যাইতে চাহিয়ে ঘরে।
উঠিলা নাগরী বসন সম্বরি
কহে কি লাগিবে মোরে[৩৪] ॥
বট আনিবারে কহিল সখীরে
শুনিয়া[৩৫] নাগর-রাজে।
কহে না লইব আর ধন নিব[৩৬]
না কহি তোমার[৩৭] লাজে ॥
কহ না কেনে কি আছে[৩৮] মনে
শুনিতে চাহিয়ে আমি।
থাকিলে পাইবে নতুবা[৩৯] যাইবে
থির হৈয়া কহ তুমি[৪০] ॥
বেণ্যানী কহয়ে হিয়ার ভিতরে[৪১]
বড় ধন আছে সেহ।
কৃপা যে করিয়া বাস উঘারিয়া
সে ধন আমারে দেহ ॥

তখন নাগরী বুঝিল চাতুরী
হাসিয়া[৪২] আপন মনে।
গন্ধের বেতন হইল এমন[৪৩]
জীবন যৌবন টানে ॥
কর সমাধান বুঝিলাম কান[৪৪]
আর না বলিহ মোরে।
এতেক গুণে মারহ প্রাণে
কেবা শিখাইল তোরে ॥
পরের নারী আশ যে করি
মরয়ে[৪৫] আপন মনে।
কোথা বা হৈয়াছে কেবা বা পাইয়াছে
না দেখিয়ে কোন স্থানে[৪৬] ॥
চণ্ডীদাসে কয় কত ঠাঞি হয়
যাহাতে যাহাতে বনে।
যৌবন-ধনে কিবা বা মানে
সোঁপয়ে[৪৭] সে প্রাণে প্রাণে[৪৮] ॥৮॥৬৪২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১১৯ সংখ্যক পদ। ২। 'হৈলা বণিকিনী' স্থলে 'হইলা ব্যাঙ্গানি' দৌঃ পুথি। ৩। 'করিবার' দৌঃ পুথি। ৪। 'উদ্বর্ত্তন' দৌঃ পুথি। ৫। 'শৌরব' দৌঃ পুথি। ৬। 'বেণার জড়' স্থলে 'বোনাজ জড়' দৌঃ পুথি। ৭। 'মথুয়া' প-র-সা। ৮। 'সোন্ধা' ইত্যাদি পংক্তিদ্বয় স্থলে—
'সোন্ধা যে শুনি কৃষ্ণের বাথানি
আনিল মেথির ফল।' দৌঃ পুথি।
৯। 'ঢালিয়া' প-র-সা। ১০। 'চির (চীর ?) যে' দৌঃ পুথি। ১১। 'মিছামিছা' দৌঃ পুথি। ১২। 'ভাদুর দুয়ার দিয়া' স্থলে 'ভাদুর দুয়ারে গিয়া' ক, খ, ঘ, চ। ১৩। 'চুয়া যে' দৌঃ পুথি। ১৪। 'লইয়ে' ক। ১৫। 'ডাকিয়া' দৌঃ পুথি। ১৬। 'সখী' দৌঃ পুথি। ১৭। 'আমার' দৌঃ পুথি। ১৮। 'আসি দেহ' স্থলে 'দেহ আনি' দৌঃ পুথি। ১৯। 'নিতে যে' স্থলে 'লইতে'

প-র-সা, দৌঃ পুথি। ২০। 'লইয়া' দৌঃ পুথি। ২১। 'চলিয়া' দৌঃ পুথি। ২২। 'চুয়া সুচন্দন' স্থলে 'চুয়া যে চন্দন' দৌঃ পুথি। ২৩। 'লইবে' দৌঃ পুথি। ২৪। 'সে দিব' স্থলে 'যে দিবে' দৌঃ পুথি। ২৫। 'চাহিবে' দৌঃ পুথি। ২৬। 'যে' স্থলে 'দিল যে সে' ক; 'খানিক দিল' দৌঃ পুথি। ২৭। 'মধুর' খ, ঘ, চ; 'মধুরস' প-র-সা। ২৮। অতঃপর দৌঃ পুথিতে 'চুয়া মাখিবার তরে' পংক্তিটির পূর্ব্বে নিম্নলিখিত অতিরিক্ত পংক্তিগুলি দৃষ্ট হয়, যথা—

'ঘসিতে জানিএ আমি ভালে।
যদি মোরে বল আমলকি ঘসিয়া
খানিক মাখিএ চুলে॥
ডাকিলা আপনি বসিলা বাস্থানি'

২৯। 'ঝাড়িয়া' দৌঃ পুথি। ৩০। 'মাথায়' ক। ৩১। 'হৃদয়ে' প-র-সা; 'কুচের' দৌঃ পুথি। ৩২। 'পাগলি' দৌঃ পুথি; 'পাগরি' প্রঃ পুথি। ৩৩। 'অতি' ইত্যাদি স্থলে 'সুখ যে পাইল' দৌঃ, প্রঃ পুথি। ৩৪। 'বয়ে' দৌঃ পুথি। ৩৫। 'হাসিলা' দৌঃ পুথি। ৩৬। 'কহে' ইত্যাদির স্থলে দৌঃ পুথির পাঠ যথা,—

'ইহা যে লাগএ আর যে চাহিএ'

৩৭। 'তোমারে' ঘ, দৌঃ পুথি। ৩৮। 'কি আছে' স্থলে 'যে থাকে' দৌঃ পুথি। ৩৯। 'নহিলে' প-র-সা। ৪০। 'কহ না' ইত্যাদি পংক্তি চারিটির স্থলে দৌঃ পুথি ও প্রঃ পুথির পাঠ যথা,—

'কহ না কেনে কি আছে মনে
শুনিতে চাহিয়ে তারে।
হিয়ার বসনে রাখ্যাছ জে ধনে
সে ধন দেহ জে মোরে॥'

৪১। 'বেণ্যানী কহয়ে' ইত্যাদি পংক্তি চারিটি দৌঃ পুথি ও প্রঃ পুথিতে নাই। ৪২। 'হাসিলা' দৌঃ ও প্রঃ পুথি। ৪৩। 'গন্ধের বেতন' ইত্যাদি স্থলে 'আমলকি বেতন চাহে যেবা ধন' দৌঃ ও প্রঃ পুথি। ৪৪। 'কারণ' প-র-সা। 'কর সমাধান' ইত্যাদি পংক্তি চারিটির স্থলে—

'কর সমাধান বুঝিয়া জেন
বেকত হএ পাছে ঘরে।
য়েতেক ধনে চাহে জে পরাণে
ধন্দ জে লাগএ মোরে॥'—দৌঃ পুথি।

৪৫। 'মারহ' খ; 'মরএ' দৌঃ পুথি। ৪৬। 'কোথা' ইত্যাদি পংক্তি দুইটির পরিবর্ত্তে—

'কে কোথা পাইছে কেবা দেখিয়াছে
হইয়াছে কোন বা স্থানে।'—দৌঃ পুথি।

৪৭। 'সোঁপে' ক, চ। ৪৮। 'চণ্ডীদাসে কয়' ইত্যাদি কলিটির স্থলে—

'চণ্ডীদাসে কএ কত ঠাঞি হয়ে
জাহার জেমন মোনে।
যৌবন ছার কে করে বিচার
সপএ আপন প্রাণে॥'—দৌঃ পুথি।

টীকা

৫৭—৬০। "কর সমাধান" ইত্যাদি। হে কৃষ্ণ! (তোমার চাতুরী) বুঝিয়াছি; (এখন) ক্ষান্ত কর; আমাকে আর (ঐরূপ কথা) বলিও না; তুমি এই সকল গুণে (নায়িকাগণকে তোমার অনুরাগিণী করিয়া) প্রাণে মার; (এইরূপ মোহিনী বিদ্যা) তোমাকে কে শিক্ষা দিল?

৬১—৬৪। "পরের নারী" ইত্যাদি। (কামুক পুরুষ) পরের রমণীর আশা করিয়া (আশা-পূর্ণ না হওয়ায়) নিজের মনে (ভাবিয়া) মরে; (এই-রূপ দুরাকাঙ্ক্ষার সফলতা) কোথায় হইয়াছে? কোন্ ব্যক্তি পাইয়াছে? কোন স্থানেই (এরূপ) দেখি নাই।

৬৫—৬৮। "চণ্ডীদাসে" ইত্যাদি। (শ্রীরাধার পূর্ব্বোক্ত বাক্যের উত্তরে) চণ্ডীদাস বলিতেছেন—(হইবে না কেন?) যাহার সহিত যাহার মিল হয়, (এরূপ) কত স্থানে হইতেছে; যৌবন-ধন দ্বারা কিংবা সম্মান দ্বারা কি প্রয়োজন? সে (প্রেমাস্পদের) হৃদয়ের উদ্দেশ্যে (নিজের) হৃদয়কে অর্পণ করে।

দোঃ পুথির 'যৌবন ছার' ইত্যাদি পাঠের অর্থও প্রায় এইরূপ; তবে উহার অন্বয় আরও সুস্পষ্ট।

বরাড়ী।১

বাদিয়ার বেশ ধরি বেড়ায় সে২ বাড়ী বাড়ী
আইলেন৩ ভানুর মহলে।
খুলি হাঁড়ির ঢাকুনি৪ বাহির করে সাপিনী৫
লইয়া এক করিলেন গলে৬ ॥
বিষহরা বলি দেই কর৭।
শুনিয়া যতেক বালা দেখিতে আইলা খেলা
খেলাইছে মাক৮ পুরন্দর ॥ ধ্রু ॥
সাপিনীরে দেয় থোব৯ সাপিনার বাড়ে কোপ১০
দণ্ড করি উঠে ধরি ফণা১১।
অঙ্গুলী মুড়িয়া যায় নাগিনী১২ ফিরিয়া চায়
ছোয়ে যাই১৩ বাদিয়ার দাপনা ॥
খেলা দেখি গোপীগণ বড় আনন্দিত মন
কহে তুমি থাক কোন স্থানে।
থাকি বনের ভিতরে, নাগ-দমন বোলে১৪ মোরে
মোর নাম জানে সব জনে১৫ ॥
বস্ত্র১৬ মাগিবার তরে, আইলুঁ১৭ তোমাদের১৮ ঘরে
বস্ত্র১৯ দেহ আনিয়া আপনি।
ছিড়া বস্ত্র২০ নাহি লব ভাল একখানি পাব২১
দেখি দেহ২২ শ্রীঅঙ্গের খানি২৩ ॥
বটের ভিখারি হও বহুমূল্য নিতে২৪ চাও
নহিলে শোভিত২৫ নহে বটে২৬।
বনে থাক সাপ ধর তেনা পরিধান কর
সদাই বেড়াও নদীতটে ॥
বাস্তা২৭ কহে ধীরে ধীরে, তোমার বস্ত্র২৮ নিব শিরে
মনে মোর হবে বড় সুখ।
তোমার সঙ্গ করিতে অভিলাষ হয় চিতে
তুমি যদি না বাসহ দুখ২৯ ॥
চুপ কর্যা থাক বাস্তা যা পাও তা লও সাধ্যা৩০
ভরমে ভরমে যাহ৩১ ঘরে৩২।
চুরি দারি নাহি করি ভিখ৩৩ মাগি পেট ভরি
আমি ভয় করিব কাহারে ॥
তোমা লৈয়া করি ক্রীড়া, তুমি কেন মান৩৪ পীড়া৩৫
সুখী কর এ দুখিয়া জনে।
দ্বিজ চণ্ডীদাসে কয়৩৬ বাদিয়া যে এই নয়৩৭
বুঝিয়া দেখহ৩৮ আপন মনে ॥৯॥৬৪৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১২০ সংখ্যক পদ। ২। 'জে' দোঃ পুথি। ৩। 'আইলা এ' দোঃ পুথি, প-র-সা। ৪। 'খুলি হাঁড়ির ঢাকুনি' স্থলে 'খুলি হাঁড়ি ঢাকুনি' ক; 'খোলে হাঁড়ি আপনি' দোঃ পুথি। ৫। 'সে সাপিনী' ক, খ, চ। ৬। 'লইয়া' ইত্যাদি স্থলে 'তুলিয়া লইল এক গলে' ক, প-র-সা। ৭। 'দেই কর' স্থলে 'দেহ বর' দোঃ পুথি। ৮। 'মোনে' দোঃ পুথি। ৯। 'থাপা' দোঃ পুথি। ১০। 'সাপিনীর বাড়ে কোপ' স্থলে 'সাপিনী বাঢ়ায় কোপ' ক; 'সাপিনীর বাড়ে কোপ' চ; 'নাগিনি হয় বড় কোপা' দোঃ পুথি। ১১। 'দণ্ড' ইত্যাদি স্থলে 'উঠে দণ্ড ধরিয়া যে ফণা' দোঃ পুথি; চণ্ডীদাসের মুদ্রিত সংস্করণসমূহে লিপিকরপ্রমাদ হেতু 'দণ্ড' স্থলে 'দন্ত' পাঠ সৃষ্ট হইয়াছে। (সাঃ পঃ পত্রিকার ২০শ ভাগের ১১২ পৃষ্ঠায় পাঠ-বিচার দ্রষ্টব্য) ১২। 'সাপিনি' দোঃ পুথি। ১৩। 'ছোয়ে যাই' স্থলে 'ছোঃ দেয়' দোঃ পুথি। ১৪। 'বোলে মোরে' স্থলে 'বোলে' ক, খ। ১৫। 'সর্ব্ব জনে' দোঃ পুথি। ১৬। 'বসন' ক, খ, ঘ, চ, প-র-সা। ১৭। 'আইলাম' প-র-সা; 'আসিলাম' দোঃ পুথি। ১৮। 'তোর' দোঃ পুথি। ১৯। 'বস্ত' প-র-সা। ২০। 'বস্ত' প-র-সা। ২১। 'ভাল' ইত্যাদি স্থলে 'ভাল হইলে লইয়া জাব' দোঃ পুথি।

২২। 'দেয়' ক। ২৩। 'দেখি দেহ' ইত্যাদি স্থলে 'দেহ তোমার অঙ্গের এক খানি' দোঃ পুথি। ২৪। 'নিতে' স্থলে 'বস্ত্র' দোঃ পুথি। ২৫। 'শোভিতে' খ, ঘ, চ, প-র-সা। ২৬। 'নহিলে' ইত্যাদি স্থলে 'নহিলে শোভিত চায় বটে' ক; 'নহিলে শোভিতে চায় বটে' খ, ঘ, চ, প-র-সা। দোঃ পুথির পাঠ ব্যতীত কোন পাঠেই অর্থবোধ হয় না; সুতরাং ঐ পুথি অধিক প্রাচীন না হইলেও অগত্যা সেই পুথির পাঠই মূলে গৃহীত হইল। ২৭। 'বাদিয়া' প-র-সা। ২৮। 'বস্ত্র' প-র-সা। ২৯। 'বান্ধা কহে' ইত্যাদি কলিটির পরিবর্ত্তে দোঃ পুথির পাঠ যথা ;—

'তোমার বস্ত্র শিরে করি আনন্দিত হবো বড়ি
বহুত বাসিএ মনে সুখ।
আপনার হাতে ধরি বস্ত্র বান্ধো শিরোপরি
মনে কিছু না ভাবিহ দুখ॥'

৩০। 'সুধ্যা' দোঃ পুথি। ৩১। 'যাও' ক, দোঃ পুথি। ৩২। 'ভরমে' ইত্যাদি স্থলে 'ভরমেতে যাহ নিজ ঘরে' প-র-সা। ৩৩। 'ভিক্ষা' ক, দোঃ পুথি; 'ভিক' প-র-সা। ৩৪। 'পাও' প-র-সা। ৩৫। 'তুমি কেন' ইত্যাদি স্থলে 'মনে কেন দেও পীড়া' দোঃ পুথি। ৩৬। 'কহে' দোঃ পুথি। ৩৭। 'নহে' দোঃ পুথি। ৩৮। 'বুঝিয়া দেখহ' স্থলে 'বুঝি কাজ কর' দোঃ পুথি।

টীকা

১৪—১৫। "থাকি" ইত্যাদি। (বাদিয়ার বেশধারী শ্রীকৃষ্ণ সখীদিগের প্রশ্নের উত্তরে শ্লেষপূর্ণ ভাষায় কহিতেছেন) আমি বনের ভিতর থাকি; (এক অর্থে—সাপ ধরিতে বনে বনে বিচরণ করি; অপর অর্থে—বন-প্রিয় বলিয়া বনে অর্থাৎ বৃন্দাবনে বাস করি) আমাকে লোকে নাগ-দমন বলে; (এক অর্থে—'নাগ-দমন' বলিয়া ডাকে; অপর অর্থে কালিয়-নাগের দমনকারী বলিয়া ঘোষণা করে); আমার নাম সকলেই জানে; (এক অর্থে—আমি সকলের বাড়ীতেই সাপ খেলাইতে যাই বলিয়া আমাকে সকলেই চিনে; অপর অর্থে—আমি জগদীশ্বর বলিয়া, আমার 'হরি', 'কৃষ্ণ' প্রভৃতি নাম সকলেরই সুবিদিত আছে।)

২০—২১। "বটের ভিখারি" ইত্যাদি। (বাদিয়ার বেশধারী কৃষ্ণ সখীর নিজ পরিধেয় বস্ত্রখানা প্রার্থনা করায়, উহা তাহার নিতান্ত ধৃষ্টতা বলিয়া সখী তাহাকে তিরস্কার করিয়া বলিতেছেন) তুমি কড়ার ভিখারী বটে; (কিন্তু) বহু-মূল্য বস্ত্র লইতে চাহিতেছ; (তাহা) না হইলে কি কড়িতে (কর্ত্তায় ৭মী) শোভা পাইত না অর্থাৎ কড়ি তোমার পক্ষে মানাইত না? 'নহিলে শোভিতে চায় বটে' পাঠ গ্রহণ করিলে কোন সদর্থ হয় না; তবে 'চায়' শব্দটির স্থলে 'চায়া', 'চাইয়া' পাঠ কল্পনা করিলে, উহার অর্থ এইরূপ হইত যে—তাহা না হইলে তুমি কড়ি চাহিয়া শোভা পাইতা অর্থাৎ কড়ি চাহিলে তোমার শোভা পাইত।

২৮—২৯। "চুপ কর্য়া" ইত্যাদি। (বাদিয়ার ধৃষ্টতাপূর্ণ বাক্যের উত্তরে সখী তিরস্কার করিয়া বলিতেছেন) বাদিয়া! চুপ করিয়া থাক; (ছেঁড়া বস্ত্র প্রভৃতি) যাহা পাও, তাহাই খোসামুদী করিয়া লও (এবং) মানে মানে গৃহে যাও।

৩০—৩১। "চুরি দারি" ইত্যাদি। (বাদিয়া সখীর তিরস্কারের উত্তরে বলিতেছে) আমি চুরি-দারি করি না; ভিক্ষা মাগিয়া উদর পূর্ণ করি; (তবে) আমি কাহাকে ভয় করিব? অর্থাৎ কি জন্ত উচিত কথা বলিতে ক্ষান্ত হইব?

ভাটিয়ারি।১

গোকুল নগরে প্রতি ঘরে ঘরে২
বেড়াই৩ চিকিছা৪ করি।
যে রোগ যাহার দেখি এক বার৫
ভাল যে করিতে পারি॥

শিরে শির-শূল পিরিতির জ্বর[৬]
হৈয়া থাকে যে রোগীর[৭]।
বচন না চলে আঁখি নাহি মেলে[৮]
তাহারে পিয়াই নীর[৯] ॥
এ কথা শুনিয়া বাহির হইয়া
কহে এক সখী ধাই।
আমাদের ঘরে রোগী আছে জ্বরে
দেখ একবার যাই ॥
এই বাড়ী হৈতে আসিছি ত্বরিতে
কহে হেথা থাক বসি।
সাজ সাজিতে চলিলা নিভৃতে
মনের হরিষে ভাসি[১০] ॥
আপন বসন ঘুচাঞা তখন
লেপয়ে[১১] কেশর মাটী।
তকল্লবি[১২] ছান্দে বসন পিন্ধে
সঙ্গে চলয়ে[১৩] হাটি ॥
মনোহর ঝুলি কান্ধে।
তাহার ভিতর শিকড়-নিকর
যতন করিয়া বান্ধে ॥ ধ্রু ॥
ঘুচাইয়া লাজে চিকিছক-সাজে[১৪]
বসিলা রোগীর[১৫] কাছে।
ঘুচাঞা বসন নিরখে বদন
রোগ যে ইহার আছে ॥
বাম হাথে ধরি অঙ্গুলি মুড়ি[১৬]
দেখে ধাতু কিবা বয়।
পিরিতি-বিষে জার‍্যাছে ইহারে[১৭]
পরাণ রহে না রয়[১৮] ॥
হাসিয়া[১৯] নাগরী উঠে[২০] অঙ্গ মুড়ি
ভাল যে কহিলা বটে।
বল কি খাইলে হইব সবলে
বেয়াধি কেমনে ছুটে ॥
ঔষধ হয় মনে করি ভয়
এখনি খাওয়াইয়া যাইতাম[২১]।
ভাল যে হইত জ্বর যে যাইত
যদি সে সময় পাইতাম ॥
তখন নাগরী বুঝিলা চাতুরী
টীট নাগর-রাজ।
বাশুলী নিকটে চণ্ডীদাস রটে
এমন[২২] কাহার কাজ ॥১০॥৬৪৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১২১ সংখ্যক পদ। ২। 'ফিরি' দোঃ পুথি। ৩। 'বেড়ায়ে' খ, ঘ; 'বেড়ায়' চ। ৪। 'চিকিৎসা' ক, ঘ, দোঃ পুথি। ৫। 'যে রোগ' ইত্যাদি স্থলে 'জার জে কথায় বেদনা সারএ' দোঃ পুথি। ৬। 'শিরে' ইত্যাদি স্থলে 'সিরঃশুল জ্বর পিরিতি রসের' দোঃ পুথি। ৭। 'যে রোগীর' স্থলে 'যেবা নর' দোঃ পুথি। ৮। 'বচন' ইত্যাদি স্থলে 'আঁখি নাহি মেলে অন্তর যে জলে' দোঃ পুথি। ৯। অতঃপর দোঃ পুথিতে নিম্নলিখিত অতিরিক্ত কলিগুলি দৃষ্ট হয়; যথা,—

'কেবল একান্ত ধন্বন্তরি।
নাহি জানে বিধি এমন মহৌষধি
পিয়াইলে জায় জরি ॥
এই জনে তথা শুনিলে এ কথা
কহিলে রাইর কাছে।
ঔষধি খাও ভাল জে হও
বট দিহ তাহে পাছে ॥
পরের মুখে শুনিয়া সুখে
হরষিত হৈল মন।
তুমি জে জাইয়া আনহ ধাইয়া
দেখিব কেমন জন ॥'

১০। 'এ কথা শুনিয়া' ইত্যাদি আটটি পংক্তির

পরিবর্ত্তে দোঃ পুথিতে নিম্নলিখিত পংক্তিগুলি দৃষ্ট হয় ; যথা,—

'বাহির হইয়া বোলএ চাহিয়া
কেমনে গেলা রে ভাই।
আমাদের ঘরে রুগি আছে জরে
দেখ একবার জাই॥
শুনিয়া নাগরে ভাসিলা সাগরে
আপনার মনে খুসি।
এই বাড়ি হৈতে আসিএ তুরিতে
এইখানে রহ বসি॥
সাজ ক্ষে সাজিতে চলিলা তুরিতে
বেজার হইবে মনে।
চণ্ডীদাসে কহে ধাতুজ্ঞান হএ
তবে সে চিকিৎসা জানে॥'

দোঃ পুথিতে 'আপন বসন' ইত্যাদি অবশিষ্ট অংশ স্বতন্ত্র পদরূপে লিখিত হইয়াছে ; কিন্তু রচনা দর্শনে উহা 'গোকুল নগরে' ইত্যাদি পদের শেষাংশ বলিয়াই প্রতীত হয়। ১১। 'লেপিলা' দোঃ পুথি। ১২। 'তকল্লকি' ক ; 'তগলগতি' দোঃ পুথি। ১৩। 'চলিলা' দোঃ পুথি। ১৪। 'চিকিছক-সাজে' স্থলে 'চিকিচ্ছার কাজে' ক। ১৫। 'নাগরির' দোঃ পুথি। ১৬। 'অঙ্গুলি মুড়ি' স্থলে 'অঙ্গুলিতে জুড়ি' প-র-সা। ১৭। 'পিরিতি-বিষে' ইত্যাদি স্থলে 'পিরিতি বিষেরে জারিছে ইহারে' প-র-সা। ১৮। 'পরাণ' ইত্যাদি স্থলে 'পরাণ রহে কি না রয়' ক ; 'পরাণ রয় কি না রয়' প-র-সা। ১৯। 'শুনিয়া' দোঃ পুথি। ২০। 'উঠি' ক, খ ; 'রহে' প-র-সা। ২১। 'যাত্যাম' ক, খ। ২২। 'নহিলে' দোঃ পুথি।

টীকা

১৭—২০। "আপন বসন" ইত্যাদি। তখন নিজের বসন খুলিয়া (অঙ্গে) কুঙ্কুম-সংযুক্ত গেরি মাটী লেপন করে ; আড়ম্বরপূর্ণ ভঙ্গীতে বসন পরিধান করে (এবং) হাটিয়া (আহ্বান-কারিণীর) সঙ্গে চলে। ('তকল্লবি' শব্দটি আরবী 'তকল্লুফ' শব্দ হইতে গৃহীত ; উহা মুসলমানী বাঙ্গালায় অদ্যাপি ব্যবহৃত হইয়া থাকে)।

তথা রাগ।১

রসিক নাগর সাজি বাজিকর
সঙ্গেত সুবল সখা।
ঢোলক বাজাইয়া দড়ি দড়া লৈঞা
ভানুপুরে দিলা দেখা॥
ধুলা মাখি গায় ঝুপুপ২ ঝুলায়
নটপটি পাগ শিরে।
সুবল সখার কান্ধে দিয়া ভার
নামাইলা ধীরে ধীরে॥
কুহক লাগাইয়া ঝুলি যে খুলিয়া
মুকুতা বাহির করে।
উগারে বদনে বহুমূল্য ধনে
রাখে সব থরে থরে॥
পেটে গুয়া দিয়া বাঁশেতে চড়িয়া
ঘুরয়ে কতেক পাকে।
দড়া বান্ধি তায়৩ হাঁটি হাঁটি৪ যায়
সুতা উগারয়ে নাকে॥
দেখিতে যতনে সব গোপীগণে
সঙ্গে রসবতী রাই।
আমার মহলে আইস আইস বলে
সভাই দেখিতে চাই॥
শুনি বাজিকর চলে তার ঘর
লইয়া সকল সাজে৫।
শিরে পদ দিয়া পড়ে উলটিয়া
রাইয়ের আঙ্গিনা মাঝে৬॥
কতেক কুহক দেখায় কৌতুক
শিরে হাঁটি হাঁটি৭ চলে।
ধনী হাসি মন বিচিত্র বসন
বাজিকর-শিরে ফেলে॥

বসন না লয় আর ধন চায়
কহে সুবদনী-পাশে।
হিয়ার মাঝে৮ হেম-ঘট আছে
দিয়া পূর অভিলাষে ॥
শুনিয়া নাগরী বুঝিলা চাতুরী
চমকিত হৈলা মনে।
হেন বাজিকর না দেখিয়ে আর
কত টীটপনা জানে ॥
যমুনার কূলে সুরতরু-মূলে
সকল সাধিবা তথা।
এ উদ্ধব সাথে চলিলা তুরিতে
বুঝিয়া সঙ্কেত-কথা ॥১॥৬০৫॥

ইতি তৃতীয়-পল্লবঃ।

এতানি গীতানি সর্ব্বকালোচিতানি।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১২২ সংখ্যক পদ
২। 'ঝলুপ' খ। ৩। 'দড়ী' ক। ৪। 'হাটি হাটি' ঘ। ৫। 'সাজ' খ। ৬। 'মাঝ' খ। ৭। 'হাটি হাটি' ঘ। ৮। 'মাঝারে' ক।

পুনশ্চ প্রকারান্তরং। দিনান্তে শ্রীকৃষ্ণে চ সঙ্কেতঃ। এবং স্বয়ংদৌত্যং যথা।

ইমনকল্যাণ।১

মঝু মুখ-বিমল-কমল-বর-পরিমলে২
জানলুঁ তুহুঁ অতি৩ ভোর।
স্বামিক নিয়ড়ে কতহুঁ কর কলরব
না জানি কৈছে দিল৪ তোর ॥
দূরে রহু৫ শ্যাম ভ্রমর-বর-রায়।
স্বামিক সেবন করইতে ঐছন
জানি করহ অন্তরায় ॥ ধ্রু ॥

এতহুঁ তিয়াসে হোত৬ যব আকুল
কী৭ ফল মন্দিরে গুঞ্জ৮।
তাহিঁ চলহ যাহাঁ কুসুম বিথারল
মঞ্জুল মাধবি-কুঞ্জ৯ ॥
এতহুঁ সঙ্কেত কয়ল যব কামিনি
কানু চলল১০ সোই ঠাম।
গোপ-গোঙার ভ্রমর বলি খোজত
গোবিন্দ দাস রস গান১১ ॥১॥৬৪৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯৪।১১২৩ সংখ্যক পদ। 'ইমন কল্যাণ' স্থলে 'কল্যাণী' খ, প-র-সা। ২। 'মুখ-বিমল' ইত্যাদি স্থলে 'মুখ-কমল-বিমল-রস-পরিমলে' ক, খ, ঘ, চ। ৩। 'নিখি' প-র-সা। ৪। 'দিন' খ, চ, প-র-সা। ৫। 'রহ' ক। ৬। 'হোয়ত' প-র-সা। ৭। 'কি' ক। ৮। 'গুঞ্জে' খ। ৯। 'কুঞ্জে' খ। ১০। 'চলত' প-র-সা। ১১। 'রস গান' স্থলে 'পরমাণ' খ।

টীকা।

১—৭। "মঝু" ইত্যাদি। রাধামোহন ঠাকুর লিখিয়াছেন,—'অথ শ্রীমতী বাটীনিকটে ভ্রমরধ্বনিনা কৃতসঙ্কেতং শ্রীকৃষ্ণং প্রতি মঝু মুখ-বিমল-কমল-বর-পরিমল ইত্যাদিকং সঙ্কেতমাহ'। অর্থাৎ একদা শ্রীকৃষ্ণ শ্রীরাধার বাটীর নিকটে যাইয়া ভ্রমরের ন্যায় গুঞ্জন-শব্দ করিয়া সঙ্কেত জানাইলে শ্রীরাধা 'মঝু মুখ' ইত্যাদি বাক্যে ঐ সঙ্কেতের প্রত্যুত্তরে সঙ্কেত করিয়াছিলেন। 'মঝু মুখ' ইত্যাদি পংক্তিগুলির ব্যাখ্যা করিতে ধ্রুব-পংক্তিগুলির ব্যাখ্যা আগে করা সুবিধাজনক। শ্রীরাধা কৃষ্ণ-ভ্রমরচ্ছলে শ্রীকৃষ্ণকে সম্বোধন করিয়া বলিতেছেন,—'হে শ্যাম ভ্রমর-রাজ! তুমি দূরে থাক; স্বামীর সেবা করিবার কালে এই-রূপ প্রতিবন্ধকতা করিও না। আমি জানিয়াছি যে, আমার মুখরূপ বিমল কমল-বরের সৌরভে তুমি নিতান্ত মোহিত; (তাই বলিয়া) স্বামীর নিকটে

কত কলধ্বনি করিতেছ ? না জানি তোমার দিল অর্থাৎ প্রাণের বাসনা কিরূপ ! (শ্রীকৃষ্ণ সঙ্কেত-সূচক ভ্রমর-গুঞ্জন করার সময়ে শ্রীরাধার পতি জাগরিত থাকায়, শ্রীকৃষ্ণকে কৌশলে সতর্ক করার উদ্দেশ্যে শ্রীরাধা এই সঙ্কেত করিতেছেন)।

৮—১১। "এতহুঁ" ইত্যাদি। যদি এতই তৃষ্ণায় অর্থাৎ মধুপানের পিপাসায় অস্থির হইয়া থাক, (তাহা হইলে) মন্দিরে গুঞ্জন করিয়া ফল কি ? সেই স্থলে যাও—যেখানে সুন্দর মাধবী-লতার কুঞ্জ কুসুম-রাশি বিস্তার করিয়াছে ! (এই বাক্যের ধ্বনি এই যে, তুমি নির্জ্জন মাধবীকুঞ্জে অভিসারে গমন কর, আমিও সত্বরেই সুযোগ-মতে তথায় যাইতেছি !)

১২—১৫। "এতহু" ইত্যাদি। নায়িকা (শ্রীরাধা) যখন এই সঙ্কেত করিলেন, তখন শ্রীকৃষ্ণ সেই স্থলে অর্থাৎ মাধবী-কুঞ্জে চলিলেন ; (শ্রীরাধার এই সঙ্কেত-বাক্যের তাৎপর্য্য বুঝিতে না পারিয়া, প্রকৃত পক্ষেই একটি ভ্রমর শ্রীরাধার মুখ-কমলের পরিমল দ্বারা আকৃষ্ট হইয়া গৃহে আসিয়া গুঞ্জন করিতেছে, মনে করিয়া ভ্রমর তাড়াইবার জন্য) মূর্খ গোপ ভ্রমর (কোথায় গেল) বলিয়া খুঁজিতে লাগিল। গোবিন্দ-দাস এই রস গান করিতেছেন। ('যেই গোপ, সেই গোঙার, এইরূপ কর্ম্মধারয় সমাস দ্বারা 'গোপ-গোঙার' শব্দটি নিষ্পন্ন হইয়াছে। 'গোঙার' শব্দের ব্যুৎপত্তিগত অর্থ 'গ্রামবাসী' ; 'নাগরিক' বা 'নাগর' লোকের তুলনায় 'গ্রাম্য' বা 'গোঙার' লোক প্রায়শঃ নির্ব্বোধ হয় বলিয়া 'গোঙার' শব্দের 'মূর্খ' অর্থ আসিয়াছে। আধুনিক বাঙ্গালায় 'গোঙার' হইতে জাত 'গোঁয়ার' শব্দটি 'একগুঁয়ে' অর্থেই ব্যবহৃত হয়।) গোবিন্দদাসের এই পদটি "উদ্ধবসন্দেশ" কাব্যের নিম্নলিখিত শ্লোকের মর্ম্মানুবাদ ; যথা,—

"মদ্বক্ত্রাম্ভোরুহ-পরিমলোন্মত্ত সেবানুবন্ধে
পত্যুঃ কৃষ্ণভ্রমর কুরুষে কিন্তরামন্তরায়ম্।
তৃষ্ণাভিত্থং যদি কলরত ব্যগ্রচিত্তস্তদাগ্রে
পুষ্পৈঃ পাণ্ডুচ্ছবিমবিরলৈর্ষাহি পুন্নাগকুঞ্জম্ ।"

"পাণ্ডুচ্ছবিমিতি অস্যাং চন্দ্রিকাবহুলায়াং রজন্যাং তস্য জনৈর্দুর্লক্ষ্যত্বম্। অবিরলৈর্নিবিড়ৈরিতি দুষ্প্র-বেশত্বম্। সুরভিত্বাৎ শৃঙ্গারোপযোগিত্বং চ।"
—বিশ্বনাথ চক্রবর্ত্তি-কৃত আনন্দচন্দ্রিকা টীকা।

কেদার।১

গুরুজন পরিজন সব নিঁদ২ গেল৩।
তৈখনে সবহুঁ সখীগণ মেল৪ ॥
চান্দনি রজনি হেরি ভেল ভীত।
বেশ বনাওল তাহিঁ উচিত ॥
গোপতে চলল ধনি কোই না জান।
হেরই দশ দিশ চকিত-নয়ান ॥
হিমকর-কিরণহি ভেল বিথার।
মেলি চললি কোই লখই না পার ॥
কালিন্দি-কূলে যাহাঁ মাধবি-কুঞ্জ।
কুসুম বিথারল অলিকুল গুঞ্জ ॥
তাহিঁ মিললি ধনি মাধব পাশ।
বৈঠল দুহুঁ জন পূরল আশ ॥২॥৬৪৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১২৪ সংখ্যক পদ। ২। 'নিন্দ' ঘ, চ। ৩। 'গেলি' খ ; 'গেলী' ঘ। ৪। 'মেলি' খ ; 'মেলী' ঘ।

টীকা

৩—৪। "চান্দনি" ইত্যাদি। (সখীগণ) জ্যোৎস্নাময়ী রজনী দেখিয়া, (জ্যোৎস্না রাত্রে কিরূপে অভিসার করিবে, সেই চিন্তায়) আশঙ্কিত হইল (এবং মনে সদুপায় স্থির করিয়া) জ্যোৎস্নার উপযুক্ত (শুভ্র) বেশ প্রস্তুত করিল।

৭—৮। "হিমকর" ইত্যাদি। চন্দ্রের জ্যোৎস্না (দশ দিকে) বিস্তারিত হইল ; (শ্রীরাধা ও সখীগণ) সেই জ্যোৎস্নার সহিত মিশিয়া চলিলেন,—কেহই

(তাঁহাদিগকে) লক্ষ্য করিতে পারিল না। তুলনা করুন,—

"মল্লিকাচিতধম্মিল্লাশ্চারুচন্দনচর্চ্চিতাঃ।
অবিভাব্যাঃ সুখং যান্তি চন্দ্রিকাস্বভিসারিকাঃ॥"
—সাহিত্যদর্পণ, ১০ম পরিচ্ছেদ।

তথা রাগ।১

দেখ রাধামাধব-মেলি।
মুরুতি মদন-রস-কেলি॥
ও নব জলধর-অঙ্গ।
ইহ থির-বিজুরি-তরঙ্গ॥
ও বর-মরকত ঠান।
ইহ কাঞ্চন দশবান॥
ও মত্ত মধুকর-রাজ।
ইহ নব পদুমিনি সাজ॥
ও নব তরুণ-তমাল।
ইহ হেম-যূথি রসাল॥
ও মুখ চান্দ উজোর।
ইহ দিঠি লুবধ চকোর২॥
অরুণ নিয়ড়ে পুণ৩ চন্দ।
গোবিন্দ দাস রহুঁ৪ ধন্দ॥৩॥৬৪৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৩৪৫ সংখ্যক পদ। ২। 'ও মুখ' ইত্যাদি শ্লোকটি ক, খ, ঘ, চ পুথিতে নাই। ৩। 'পুন' ক, খ, ঘ, চ; 'পুন্ন' প-র-সা। ৪। 'পহু' প-র-সা।

টীকা

১—২। "দেখ" ইত্যাদি। (হে সখি!) শ্রীরাধা ও শ্রীকৃষ্ণের সম্মিলন দর্শন কর; (উহা) মূর্ত্তিমান্ কাম-কেলিস্বরূপ।

৫—৬। "ও বর" ইত্যাদি। উনি (অর্থাৎ শ্রীকৃষ্ণ) উৎকৃষ্ট মরকতের শোভা-বিশিষ্ট; ইনি (অর্থাৎ শ্রীরাধা) দশবান অর্থাৎ উপর্য্যুপরি দশ বার দাহ দ্বারা বিশুদ্ধ সুবর্ণস্বরূপ।

১৩—১৪। "অরুণ" ইত্যাদি। (পূর্ব্ব পূর্ব্ব শ্লোকের বর্ণিত নব-জলধরের নিকট বিদ্যুৎ-ছটার, মরকত-মণির নিকট নির্ম্মল স্বর্ণের, মধুকরের নিকট পদ্মিনীর, তরুণ তমালের নিকট স্বর্ণ-যূথি-লতার ও চন্দ্রের নিকট সুধা-লুব্ধ চকোরের অবস্থান অসম্ভব নহে, কিন্তু) অরুণের নিকটে পূর্ণচন্দ্র অর্থাৎ শ্রীরাধার সূর্য্যরূপ সিন্দূরবিন্দুর নিকটে শ্রীকৃষ্ণের চন্দ্ররূপ শ্বেত-চন্দন-বিন্দুর অবস্থান দেখিয়া গোবিন্দ-দাস স্তব্ধ হইয়া রহিলেন।

মল্লার।১

ভুলে ভুলে রে দোহাঁর রূপে নয়ন ভুলে।
কনক-লতিকা রাই তমালের২ কোলে॥
বীজই বনে বনে ভ্রমই দুহুঁ।
দোহাঁর৩ কান্ধে শোভে দোহাঁর৪ বাহু॥
দীপ সমীপে যেন ইন্দ্রনীল-মণি।
জলদে জড়ায়ল যেন সৌদামিনী॥
কষিতে কষিল নহে কুন্দন৫ হেম।
তুলনা দিবারে নাহি৬ দোহাঁকার৭ প্রেম॥
বদনে বদন দিতে মদন জাগে।
আলিঙ্গন দিয়া শ্যাম কিবা ধন মাগে॥
চান্দ উপরে চান্দ পিয়ে রস-সুধা।
গোবিন্দ দাস কহে না ভাঙ্গিল ক্ষুধা॥৪॥৬৪৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১২৫ সংখ্যক পদ। ২। 'তমাল' ক, ঘ। ৩-৪। 'দুহাঁর' ক। ৫। 'কুন্দল' প-র-সা। ৬। 'দিবারে নাহি' স্থলে 'দিবার নাহি' ক, চ; 'দিবারে নাই' খ, ঘ। ৭। 'দুহাঁকার' ক; 'দোহাঁর' খ, ঘ; 'রাধাকানুর' প-র-সা।

টীকা

৭—৮। "কষিতে" ইত্যাদি। (শ্রীরাধা-কৃষ্ণের প্রেমের সহিত তুলনা দিবার জন্য) বিশুদ্ধ স্বর্ণ কষ্ করিতে (যাইয়া) কষ্ করার যোগ্য হইল না; উভয়ের প্রেমের তুলনা দিবার (উপযুক্ত বস্তু) নাই

শ্রীরাগ।

আজি বড় শোভা রে মধুর বৃন্দাবনে।
রাই কানু বসিলা রতন সিংহাসনে॥
হেম-নিরমিত বেদী মাণিকের গাঁথনী।
তার মাঝে রাই কানু চৌদিগে গোপিনী॥
একেক তরুর মূলে একেক অবলা।
মেঘে বেঢ়ল যেন বিজুরীক মালা॥
নব গোরোচনা গোরা কানু ইন্দীবর।
বিনোদিনী বিজুরী বিনোদ জলধর॥
কাঁচ বেড়া[১] কাঞ্চনে কাঞ্চন বেড়া[২] কাঁচে।
রাই কানু দুহুঁ তনু একই হইয়াছে[৩]॥
রস-ভরে দুহুঁ জন হইলা বিভোর।
দাস অনন্তে কহে না পাইলুঁ ওর॥৫॥৬৫০॥

পাঠান্তর

১-২। 'বেঢ়া' ঘ। ৩। 'একই হইয়াছে' স্থলে 'এক হৈয়া আছে' ক।

তথা রাগ।[১]

কন্দর্প তাল।

রাই-অঙ্গ-ছটায়[২] উদিত ভেল দশ দিশ
শ্যাম ভেল গৌর-আকার।
গৌর ভেল সখীগণ গৌর নিকুঞ্জ বন
রাই রূপে চৌদিগে পাথার॥
গৌর ভেল শুক সারী গৌর ভ্রমর ভ্রমরী
গৌর পাখা ডাকে ডালে ডালে।
গৌর কোকিলগণ গৌর ভেল বৃন্দাবন
গৌর তরু গৌর ফল-ফুলে॥
গৌর যমুনা-জল গৌর ভেল জলচর
গৌর সারস চক্রবাক।
গৌর আকাশ দেখি গৌর চান্দ তার সাথী
গৌর তারা বেড়ি লাখে লাখ॥
গৌর অবনী হৈল গৌরময় সব ভেল
রাই রূপে চৌদিগ ঝাঁপিত[৩]।
নরোত্তম দাস কয় অপরূপ রূপ নয়
দুহুঁ তনু একই মিলিত॥৬॥৬৫১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১২৬ সংখ্যক পদ। ২। 'ছটায়ে' চ। ৩। 'রোপিত' প-র-সা।

টীকা

১—২। "রাই-অঙ্গ" ইত্যাদি। পদকর্তা নরোত্তম দাস "রাই-অঙ্গ-ছটায়" ইত্যাদি বাক্যের ইঙ্গিত দ্বারা বুঝাইয়াছেন যে, শ্রীরাধার ভাব-কান্তি-সমন্বিত হইয়া শ্রীকৃষ্ণ অতঃপর যে শ্রীগৌরাঙ্গ-রূপে প্রাদুর্ভূত হইবেন, এখানে তাহারই পূর্ব্বাভাস সূচিত হইয়াছে। তুলনা করুন,—

"রাধা-ভাব-দ্যুতি-সুবলিতং নৌমি কৃষ্ণস্বরূপম্।"
—শ্রীরূপগোস্বামীর কড়চা।

করুণ সুহিনী।[১]

মলয়জ-মিলিত যমুনা-জল শীতল[২]
বংশীবট নিরমাণ।
নিকটহি নীপ কদম্ব-তরু কুসুমিত
কোকিলা ভ্রমরা[৩] করু গান॥

তার তলে তিরিভঙ্গ[৪] তরুণ-তমাল-তনু[৫]
বামে রসবতি[৬] রাই।
একে নব জলধর কোরে[৭] বিজুরি থির
কাঞ্চনে রতন[৮] মিশাই ॥
দুহুঁ[৯] তনু এক মন নিবিড় আলিঙ্গন
দুহুঁ[১০] জন[১১] একই পরাণ।
বসু রামানন্দ ভণে তুলনা না হয়ে[১২] মনে[১৩]
রূপের নিছনি পাঁচ-বাণ ॥৭॥৬৫২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৩২৩।১১২৭ সংখ্যক ও প-র পুথির ৪২।৪৫ সংখ্যক পদ। 'করুণ সুহিনী' শব্দ-দ্বয় প-র পুথিতে নাই। ২। 'সুশীতল' খ, ঘ, চ, প-র; 'কুলতট' প-র-সা। ৩। 'কোকিলা ভ্রমরা' স্থলে 'কোকিলা ভ্রমর' ক; 'কোকিল ভ্রমর' ঘ; 'ভ্রমরা ভ্রমরি' প-র। ৪। 'তার' ইত্যাদি স্থলে 'তরুতলে ত্রিভঙ্গিম' প-র-সা। ৫। 'যেন' প-র-সা। ৬। 'রসবতী' ক। ৭। 'বামে' প-র-সা। ৮। 'কাঞ্চনে রতন' স্থলে 'কাঞ্চন বরণে' প-র-সা। ৯-১০। 'দোহ' প-র-সা। ১১। 'তনু' প-র। ১২। 'না হয়ে' স্থলে 'নহিল' প-র। ১৩। 'বেনে' প-র-সা (১১২৭ পদ)। 'তুলনা' ইত্যাদি স্থলে 'হেন লয় মোর মনে' প-র-সা (৩২৩ পদ)।

টীকা

৯—১২। "দুহুঁ" ইত্যাদি। দুইটি দেহ, (কিন্তু) মন অর্থাৎ ইচ্ছা এক; গাঢ় আলিঙ্গনে (আবদ্ধ) উভয়ের একই হৃদয়; বসু রামানন্দ কহিতেছেন—উভয়ের তুলনা মনে (উদিত) হয় না; (ভুবন-মোহন) পঞ্চ-বাণ অর্থাৎ কন্দর্প (উভয়ের) রূপের নিকট তুচ্ছ।

বিহাগড়া।১

রাই-কানু-পিরিতির বালাই লৈয়া মরি।
ক্ষণে করে আলিঙ্গন ক্ষণে মুখ-চুম্বন
ক্ষণে রাখে হিয়ার উপরি ॥
আউলায়্যা[২] চাঁচর কেশ করে বহুবিধ বেশ
সিন্দুর চন্দন দেই ভালে।
মুখচাঁদে দেখি ঘাম আকুল হইয়া শ্যাম
মোছায়ই বসন-অঞ্চলে ॥
দাসীগণ-করে[৩] হৈতে চামর লইয়া হাতে
আপনে করয়ে মৃদু বায়।
দেখি রাই-মুখ-শশী সুধা ঝরে রাশি রাশি
হেরি নাগর অনিমিখে চায় ॥
ঐছন আরতি দেখি রাইয়ের সজল আঁখি
বাহু পসারিয়া করে কোরে।
দুহুঁ হিয়ায় দুহুঁ রাখি দুহুঁ চুম্বে মুখ-শশী
দুহুঁ-প্রেমে দুহুঁ ভেল ভোরে ॥
নিকুঞ্জ-মন্দির মাঝে শুতল কুসুম-শেযে
দোহেঁ দোঁহা বান্ধি ভুজ-পাশে।
আর যত সখীগণ সভে করে নিরীক্ষণ
দূরে রহুঁ নরোত্তম দাসে ॥৮॥৬৫৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১২৮ সংখ্যক পদ। ২। 'আলুয়া' ক; 'আলুয়্যা' খ, চ, প-র-সা; 'আবাঞা' ঘ। ৩। 'কর' ক, খ, প-র-সা।

সুহিনী।১

অধরে অধর দুহুঁ ধরি।
শুতিয়াছে কিশোর[২] কিশোরী ॥
ভুজে ভুজে দোঁহে দোঁহা বান্ধি।
পবন পশিতে নাহি সান্ধি[৩] ॥
চিকুরে চিকুরে[৪] এক করি।
শুতিয়াছে তাহারি উপরি ॥

রাই-কুচ হিয়ার মাঝারে।
পশিয়াছে শ্যাম-কলেবরে ॥
হিয়ার মাঝারে রৈল পশি[৪]।
নীল-হেমগিরি[৫] মাঝে শশী ॥
বলয়া কিঙ্কিণী তাহে[৬] লাগে।
দুহুঁ তনু এক অনুরাগে[৭] ॥
চরণে চরণে একাকারে[৮]।
কেবা তাহা ছাড়াবারে পারে[৯] ॥
এক তনু ধরি যদি টানে।
দুহুঁ[১০] তনু চলে[১১] তার সনে[১২] ॥
শ্রীরূপমঞ্জরী দেখি হাসে[১৩]।
শ্রীগুণমঞ্জরী তার পাশে ॥
অপরূপ দুহুঁক বিলাসে।
এ যদুনন্দন রসে ভাসে ॥ ৯॥৬৫৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫০২।১১২৯ সংখ্যক ও প-র পুথির ৩৯।৪২ সংখ্যক পদ। ২। 'কিশোরা' প-র, প-র-সা। ৩। 'সন্ধি' ক। অতঃপর প-র পুথিতে 'রাই-কুচ' ইত্যাদি শ্লোক, তৎপরে 'বলয়া কিঙ্কিণী' ইত্যাদি শ্লোক ও তৎপরে 'চরণে চরণে' ইত্যাদি শ্লোক দৃষ্ট হয়। ৪। 'হিয়ার মাঝারে' ইত্যাদি স্থলে 'বসন ভূষণ পড়ে খসি' প-র-সা। ৫। 'নীল-হেমগিরি' স্থলে 'হেম নীলগিরি' প-র-সা (১১২৯ সং পদ)। ৬। 'বলয়া' ইত্যাদি স্থলে 'কুঙ্কুম চন্দন দুহুঁ' প-র। ৭। 'দুহুঁ' ইত্যাদি স্থলে 'দুটি তনু একু' ইত্যাদি প-র। ৮। 'এক করি' প-র। ৯। 'পারে' স্থলে 'পারি' প-র। 'কেবা' ইত্যাদি স্থলে 'রূপ কেহ নারে লখিবারে' প-র-সা। ১০। 'দুটী' প-র-সা.; 'আর' প-র। ১১। 'আইসে' প-র। ১২। অতঃপর প-র পুথিতে নিম্নলিখিত শ্লোক দৃষ্ট হয়; যথা,—'অব কৈছে করবি বাহিরি। ইহা কহি হাসে সহচরী ॥' ১৩। 'শ্রীরূপমঞ্জরী' ইত্যাদি পংক্তি চারিটির পরিবর্ত্তে প-র পুথিতে নিম্নলিখিত পংক্তি দুইটি দৃষ্ট হয়; যথা,—'শ্রীরূপমঞ্জরী বসি পাশে। এ যদুনন্দন রসে ভাসে ॥'

টীকা

৯—১০। "হিয়ার" ইত্যাদি। (শ্রীরাধার স্তন গাঢ় আলিঙ্গন হেতু শ্রীকৃষ্ণের) হৃদয়ের মধ্যে প্রবিষ্ট হইয়া রহিল; (তাঁহাতে বোধ হইল, যেন) নীলকান্ত-মণি ও সুবর্ণের পর্ব্বতের মধ্যদেশে (শ্রীরাধার স্তন-রূপ) চন্দ্র-মণ্ডল (বিরাজিত রহিয়াছে!)

কেদার।[১]

দেখ না দুখানি অঙ্গ জড়া।
নিকুঞ্জের মাঝে[২]   তমালের গাছে[৩]
কনক-লতায় বেড়া ॥ ধ্রু ॥
আধ কপালে[৪]   চন্দনের[৫] চাঁদ
আধ কপালে[৬] ভানু।
আধ নয়ানে[৭]   কাজরের[৮] রেখা
আধ নয়ানে ইন্দ্রধনু ॥১০॥৬৫৫॥

ইতি চতুর্থ-পল্লবঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৩০ সংখ্যক পদ। 'কেদার বিহাগড়া' ক, চ, প-র-সা। ২। 'মাঝ' প-র-সা। ৩। 'গাছ' প-র-সা। ৪। 'কপালে শোভে' ক, খ, ঘ, চ। ৫। 'চন্দন' ক। ৬। 'কপালে শোভে' ক, খ, ঘ, চ। ৭। 'নয়ানে শোভে' ক, খ, ঘ, চ। ৮। 'কাজর' ক, প-র-সা।

টীকা

পদকল্পতরুর শেষে "অনুবাদ-প্রকরণে" বৈষ্ণবদাস পল্লব-সমূহের বর্ণনীয় বিষয়ের সংক্ষেপে উল্লেখ করিতে যাইয়া লিখিয়াছেন,—

"একাদশ পদ তৃতীয়ে চতুর্থে সে দশ।
স্বয়ংদূতী সম্পন্ন সম্ভোগাখ্যান রস ॥"

"সম্পন্ন" শব্দটির সহিত আকার ও অর্থ-গত কিঞ্চিৎ সাদৃশ্য হেতুই বোধ হয়, লিপিকরগণ প্রায় সর্ব্বত্রই "সম্পন্ন-সম্ভোগ' শব্দ-দ্বয়ের পরিবর্ত্তে ভ্রমবশতঃ "সম্পূর্ণ সম্ভোগ" লিখিয়াছেন; উদ্ধৃত শ্লোকেও সকলগুলি পুথিতেই "সম্পূর্ণ সম্ভোগ" পাঠ দেখা যায়। অদ্বিতীয় বৈষ্ণব রস-শাস্ত্রকার শ্রীরূপ গোস্বামী তাঁহার সুপ্রসিদ্ধ "উজ্জ্বল-নীল-মণি" গ্রন্থের "সম্ভোগ" প্রকরণে লিখিয়াছেন,—

"দর্শনালিঙ্গনাদীনামানুকূল্যান্নিষেবয়া।
যুনোরুল্লাসমারোহন্ ভাবঃ সম্ভোগ ঈর্য্যতে॥
মনীষিভিরয়ং মুখ্যো গৌণশ্চেতি দ্বিধোদিতঃ।

তত্র মুখ্যঃ।

মুখ্যো জাগ্রদবস্থায়াং সম্ভোগঃ স চতুর্ব্বিধঃ।
তান্ পূর্ব্বরাগতো মানাৎ প্রবাসদ্বয়তঃ ক্রমাৎ।
জাতান্ সংক্ষিপ্ত-সংকীর্ণ-সম্পন্নর্দ্ধিমতো বিদুঃ॥"

অর্থাৎ নায়ক-নায়িকার সম্মিলনাত্মক সম্ভোগ মুখ্য ও গৌণ-ভেদে দ্বিবিধ। জাগ্রদবস্থায় যে মুখ্য সম্ভোগ হয়, তাহা আবার চতুর্ব্বিধ; উহা যথাক্রমে পূর্ব্বরাগ, মান, অদূর প্রবাস ও সুদূর প্রবাসের পরে সঙ্ঘটিত হইয়া থাকে এবং উহাদিগকে যথাক্রমে সংক্ষিপ্ত, সংকীর্ণ, সম্পন্ন ও ঋদ্ধিমান্ কিংবা সমৃদ্ধিমান্ সম্ভোগ বলা হয়। স্বয়ং-দৌত্যের যে লক্ষণ ৩য় শাখার ২ পৃষ্ঠার পাদ-টীকায় উদ্ধৃত হইয়াছে, তাহার আলোচনা করিলে বুঝা যাইবে যে, নায়ক-নায়িকা পরস্পরের অদর্শনে অতিশয় উৎকণ্ঠিত না হইলে স্বাভাবিক লজ্জাসঙ্কোচ পরিত্যাগ করিয়া স্বয়ং-দৌত্যে প্রবৃত্ত হয় না। সুতরাং স্বয়ং দৌত্যের স্থলে যে অদূর-প্রবাস-জনিত বিরহ বর্ত্তমান রহিয়াছে, ইহা অবশ্যই স্বীকার করিতে হইবে; সুতরাং স্বয়ং দৌত্যের অন্তে সঙ্ঘটিত নায়ক-নায়িকার সম্ভোগকে রস-শাস্ত্রানুসারে 'সম্পন্ন সম্ভোগ' বলিয়া গণ্য করাই সমীচীন হইয়াছে।

অথ রসালস।

তদুচিত-শ্রীগৌরচন্দ্র।

বিভাষ।১

শুতিয়াছে গোরাচাঁদ[২] শয়ন-মন্দিরে।
বিচিত্র পালঙ্ক[৩] শেজ অতি মনোহরে॥
আলসে[৪] অবশ-তনু গোরা নটরায়।
কি কহব অঙ্গ-শোভা[৫] কহনে না যায়॥
মেঘের বিজুরী কিবা ছানিয়া যতনে।
কত রস দিয়া বিধি কৈল নিরমাণে॥
অতি মনোহর শেজ বিচিত্র বালিশে।
বাসুদেব ঘোষে দেখে[৬] মনের হরিষে॥১॥৬৫৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৩১ সংখ্যক পদ। ২। 'শুতিয়াছে গোরাচাঁদ' স্থলে 'শুতিয়া আছেন গৌর' ঘ, চ। ৩। 'পালঙ্ক' প-র-সা। ৪। 'আবেশে' ক, চ; 'অলসে' ঘ। ৫। 'কি কহব অঙ্গ-শোভা' স্থলে 'কি কব অঙ্গের শোভা' প-র-সা। ৬। 'কয়' প-র-সা।

ভৈরবী।১

অকরুণ পুন বাল অরুণ
উদিত মুদিত কুমুদ-বদন
চমকি চুম্বি চঞ্চরি পদ্ম-
মিনিক[২] সদন সাজে।
কি জানি সজনি রজনি ভোর[৩]
ঘুঘু[৪] ঘন ঘোষে ঘোর[৫]
গত[৬] যামিনি জিত-দামিনি
কামিনি-কুল লাজে॥
কুহকত[৭] হত-শোক কোক
জাগব অব সবহুঁ লোক

শুক-শারিক-পিক[৮] -কাকলি
নিধুবন ভরু[৯] ওয়াজে[১০]।
গলিত[১১] ললিত বসন সাজ
মণিযুত বেণি-ফণি বিরাজ
উচ-কোরক-কুচ-চোরক[১২]
কুচ-জোরক[১৩] মাঝে ॥
তড়িত-জড়িত জলদ ভাতি
দুহে[১৪] সুখে শুতি[১৫] রহল মাতি
জিনি ভাদর রস-বাদর
পরমাদর শেজে।
বরজ-কুলজ জলজ-নয়নি[১৬]
ঘুমল বিমল-কমল-বয়নি
কৃত-নালিশ ভুজ বালিশ
আলিস নাহি[১৭] তেজে ॥
টুটল কিয়ে ঘুণ ধনুগুণ
কিয়ে রতি-রণে ভেল তুণ শুন[১৮]
সমর মাঝ[১৯] পড়ল লাজ
রতি-পতি ভয়[২০] ভাজে।
বিপতি পড়ল যুবতি-বৃন্দ
গুরুগণ-গতি কহই[২১] মন্দ
জগদানন্দ সরস[২২]-বিরস
রসবতি রসরাজে ॥ ২॥৬৫৭ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৩২ সংখ্যক ও প-র পুথির ৩৭।৫২ সংখ্যক পদ। ২। 'পদমিনিক' প-র-সা। ৩। 'থোর' ক, খ, ঘ, প-র-সা; 'ঘোর' চ। ৪। 'ঘুঘু' ক, চ, প-র-সা। ৫। 'ঘোষে ঘোর' স্থলে 'ঘোষয়ে ঘোর' ক ; 'ঘোষে থোর' চ ; 'গতহু ঘোর' প-র-সা। ৬। 'গতো' প-র-সা। ৭। 'কুহরত' ক, খ ; 'কুকরত' প-র। ৮। 'পিক' ক, খ, প-র-সা। ৯। 'ভরি' প-র-সা, প-র। ১০। 'ওআজে' ঘ। ১১। 'কলিত' খ, ঘ, চ, প-র-সা। ১২। 'উচ-কোরক' ইত্যাদি স্থলে 'উচ চোরক কুচ জোরক' প-র। ১৩। 'কুচ কোরক' প-র। ১৪। 'দোহে' ক, খ, ঘ, চ, প-র-সা। ১৫। 'সুখে শুতি' স্থলে 'সুখে' ক ; 'শুতি সুখে' প-র-সা। ১৬। 'বরজ-কুলজ' ইত্যাদি পংক্তি চারিটি খ ও প-র-সা পুথিতে নাই। ১৭। 'নাহি জে' প-র-সা। ১৮। 'কিয়ে রতি-রণে' ইত্যাদি স্থলে 'রতিরণে পুন ভই তুণ শুন' প-র। ১৯। 'মাঝে' খ। ২০। 'ভয়ে' খ, চ। ২১। 'গুরু-গণ' ইত্যাদি স্থলে 'গুরুজনগণ কহব' প-র। ২২। 'হরস' প-র।

টীকা

১—৪। "অকরুণ" ইত্যাদি। নিঠুর নবীন অর্থাৎ প্রভাতকালীন সূর্য্য উদিত (হইয়াছে); কুমুদের মুদ্রিত অর্থাৎ সঙ্কুচিত বদন (প্রেম-জ্ঞাপন জন্য) চমকিতভাবে চুম্বন করিয়া, (মধু-লুব্ধ) ভ্রমর পদ্মিনীর আলয়ে অর্থাৎ পদ্ম বনে বিরাজ করিতেছে। 'চমকি' শব্দের ধ্বনি দ্বারা পদ্মিনীর নিকট যাওয়ার জন্য ভ্রমরের চঞ্চলতা ব্যঞ্জিত হইতেছে। অথবা মুদ্রিত হওয়ার কালে কুমুদ যদি ভ্রমরকে আটকাইয়া ফেলে, সেই আশঙ্কায় ভ্রমর তাড়াতাড়ি প্রস্থান করিতেছে,—ইহাও বুঝা যাইতে পারে।

৫—৮। "কি জানি" ইত্যাদি। হে সখি! রজনী ভোর (হইয়াছে) জানিয়া কি ঘুঘু-পক্ষী ঘন ঘন গম্ভীর ধ্বনি করিতেছে? যামিনী গত হইয়াছে; জিত-দামিনী অর্থাৎ অঙ্গ-কান্তি দ্বারা বিদ্যুজ্জয়িনী (অভিসারিকা) রমণীগণ (লক্ষিত হওয়ার আশঙ্কায়) লজ্জিত হইতেছে।

৯—১২। "কুহকত" ইত্যাদি। (চক্রবাক-মিথুন বিধাতৃকৃত নিয়মানুসারে রজনীতে পরস্পর হইতে বিযুক্ত থাকিয়া সূর্য্যোদয়ে পুনরায় সম্মিলিত হয় বলিয়া) বিগতশোক অর্থাৎ শোক-অবসানে প্রফুল্ল চক্রবাক ডাকিতেছে; এখন সকল লোকই জাগিবে; শুক, শারিকা ও কোকিলের কলধ্বনি

দ্বারা নিধুবন আওয়াজ অর্থাৎ নিনাদে পরিপূর্ণ হইতেছে।

১৩—১৬। "গলিত" ইত্যাদি। (শ্রীরাধা ও শ্রীকৃষ্ণের) সুন্দর বসন অঙ্গ হইতে ভ্রষ্ট হইয়া (শয্যায়) শোভা পাইতেছে; (শ্রীরাধার) মণি-যুক্ত বেণীরূপ ফণী উন্নত (কমলের) কোরকের কান্তি-অপহরণ-কারী কুচ-যুগলের মধ্যস্থলে বিরাজিত হইতেছে। 'মণিযুত' ইত্যাদি বাক্যের তাৎপর্য্য এই যে, শ্রীরাধার মণিগ্রথিত উন্মুক্ত কৃষ্ণ-বেণী তাঁহার স্তনদ্বয়ের মধ্যে পতিত হওয়ায় বোধ হইতেছে যেন, মণিধারী একটি কৃষ্ণ-সর্প কমল-কোরক-দ্বয়ের মধ্যে শোভা পাইতেছে। পদ্মবন সর্পের প্রিয় বাস-স্থল বলিয়া প্রসিদ্ধ বটে। তুলনা করুন,—

"উর পর সামরি বেণী।
কমল-কোষ-পর কারি নগেনী॥
—বিদ্যাপতি।

১৭—২০। "বরজ" ইত্যাদি। ব্রজ-কুলজাতা জলজ-নয়না অর্থাৎ নীলোৎপল-নেত্রা পদ্মমুখী (শ্রীরাধা) ঘুমাইয়াছেন; (তাঁহার) কৃত-নালিশ (কৃত হইয়াছে নালিশ যৎকর্ত্তৃক) অর্থাৎ অভিযোগকারী ভুজ বালিশ ও আলস্য অর্থাৎ রতি-বিমর্দ্দ-জনিত অবসাদ পরিত্যাগ করিতেছে না। ('কৃত-নালিশ' শব্দের দ্বারা ইহা ব্যঞ্জিত হইতেছে যে, শ্রীরাধার ভুজ বালিশের উপর প্রসারিত হইয়া, অবসাদ হেতু আলিঙ্গনের অসামর্থ্য প্রকাশ করিয়া শ্রীকৃষ্ণের নির্দ্দয় সম্ভোগের প্রতি দোষারোপ করিতেছে।)

২১—২৪। "টুটল" ইত্যাদি। ঘুণ (কীট) কি (কন্দর্পের) ধনুর্গুণকে ছিন্ন করিয়াছে? কিংবা রতি-যুদ্ধে (কন্দর্পের) তূণ শূন্য হইয়াছে? (সুরতরূপ) যুদ্ধের মধ্যে রতি-পতি অর্থাৎ কন্দর্প কিংবা সুরতের অধিষ্ঠাতৃ-দেবতা (নিরস্ত্র হওয়ায়) লজ্জায় পড়িল এবং (পরাজিত হওয়ার) ভয়ে পলায়ন করিল।

২৫—২৮। "বিপতি" ইত্যাদি। (অভি-সারিকা) যুবতী-সমূহ বিপদে পতিত হইল অর্থাৎ যাইবে, কি থাকিবে, স্থির করিতে না পারিয়া ফাঁফরে পড়িল; (তাহারা) গুরু-জনের গমনা-গমন সম্বন্ধে চুপে চুপে বলাবলি করিতে লাগিল কিংবা গুরুজনের মন্দ চরিত্র সম্বন্ধে বলাবলি করিতে লাগিল। জগদানন্দ (বলিতেছেন) রসবতী শ্রীরাধা ও রসরাজ শ্রীকৃষ্ণ সরস-বিরস অর্থাৎ সানন্দের অবস্থায় নিরানন্দ হইলেন।

সারীশুকোক্তি যথা।

বিভাষ।১

রাই জাগ রাই জাগ শারী শুক২ বলে।
কত নিদ্রা যাও কালামাণিকের কোলে॥
রজনী প্রভাত হৈল৩ বলিয়ে তোমারে।
অরুণ-কিরণ দেখি৪ প্রাণ কাঁপে ডরে॥
শারী বোলে শুন শুক গগনে উড়ি ডাক।
নব-জলধর আনি অরুণেরে৫ ঢাক॥
শুক বলে শুন শারি আমরা পশু পাখী৬।
জাগাইলে না জাগে রাই ধরম৭ কর সাখী॥
বংশীবদনে বলে৮ চাঁদ গেল নিজ ঠাঞি।
অরুণ-কিরণ হবে উঠি ঘরে যাই॥৩॥৬৫৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৩১ সংখ্যক পদ। ২। 'শুক শারী' ক, খ। ৩। 'হইল' ঘ। ৪। 'হেরি' ক, খ। ৫। 'রাই কানু' প-র-সা। ৬। 'পশু-পাখী' স্থলে 'পোষা-পাখী' প-র-সা। ৭। 'ধর্ম্ম' প-র-সা। ৮। 'বংশীবদনে বলে' স্থলে 'বিদ্যাপতি কহে' ক, খ, ঘ, চ।

বঙ্গীয় বৈষ্ণব কবিদিগের সঙ্কলিত বিদ্যাপতির পদাবলির ভাষা যে কারণেই হউক, অল্লাধিক পরি-মাণে বঙ্গীকৃত হইয়া থাকিলেও প্রায় কোন স্থলেই এরূপ খাঁটি বাঙ্গালায় রূপান্তরিত দেখা যায় না। বিদ্যাপতি যে খাঁটি বাঙ্গালায় পদ রচনা করিয়াছেন, তাহারও কোন প্রমাণ নাই; সেরূপ করিলে অন্ততঃ

বঙ্গদেশে তাঁহার সেই বাঙ্গালা পদগুলি অধিক পরিমাণে পাওয়া যাইবার কথা ছিল; কিন্তু এরূপ পদ দুই চারিটির অধিক পাওয়া যায় নাই। সুতরাং প-র-সা পুথির প্রমাণ অনুসারে এই খাঁটি বাঙ্গালা পদটি বংশীবদনের রচিত বলিয়া গ্রহণ করাই সঙ্গত বিবেচনা হয়। পদ-রস-সার পুথির সঙ্কলয়িতা নিমানন্দ দাস এই পদটির ভাষা-দর্শনে শুধু অনুমানের উপর নির্ভর করিয়া, ইহা বিদ্যাপতির রচনা নহে বলিয়া স্থির করিয়াছেন, এরূপ বোধ হয় না; কেন না, আমরা পদ-রস-সার পুথিতে বিদ্যাপতির ভণিতা-যুক্ত নিম্নলিখিত নূতন খাঁটি বাঙ্গালা পদটিও পাইয়াছি; যথা,—

"ধিক্ ধিক্ নিঠুর কালিয়া
শুনবি বচন মোর।
দেহের গঠন মনের মরম
এবে সে জানিলাম তোর॥
সে রাধা বিহনে শয়নে সপনে
বদনে না ছিল আন।
যাহার চরিত্র পদাবলি করি
বাঁশীতে করিছ গান॥"—ইত্যাদি

প-র-সা, ১০১৩ সংখ্যক পদ।

সুতরাং পদকল্পতরুর ক, খ প্রভৃতি পুথিগুলির "বিদ্যাপতি কহে" স্থলে নিমানন্দ দাস যে "বংশীবদনে বলে" পাঠ গ্রহণ করিয়াছেন, উহার মূল অবশ্যই কোন প্রাচীন হস্তলিখিত পুথি ছিল, এরূপ অনুমান করাই সঙ্গত বোধ হয়।

তোমার পীত-বাস আমারে দাও[৩] পরি।
উভ করি বান্ধ চূড়া আউলায়্যা[৪] কবরী॥
তোমার গলের[৫] বনমালা দাও[৬] মোর গলে।
মোর প্রিয় সখা কৈয়[৭] সুধাইলে[৮] গোকুলে॥
বসু রামানন্দ ভণে এমন পিরিতি।
ব্যাঘ্র-হরিণে যেন[৯] তোমার বসতি॥৪॥৮৫৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৩৪ সংখ্যক পদ। ২। 'রজনি' ঘ। ৩। 'দেহ' ক, খ, প-র-সা। ৪। 'এলাঞা' ক; 'এল্যায়া' খ; 'এল্যাইয়া' ঘ, চ; 'আউলাই' প-র-সা। ৫। 'গলার' ক, প-র-সা। ৬। 'দেও' ক, খ, প-র-সা। ৭। 'কইয়' ক; 'বৈল' প-র-সা। ৮। 'সোধাইলে' ঘ, চ। ৯। 'যেন রাই' ক, খ, চ, প-র-সা।

টীকা

১০। "মোর" ইত্যাদি। গোকুলে কেহ (এটি কে?) জিজ্ঞাসা করিলে, বলিও—(এটি) আমার প্রিয় সখা।

১১—১২। "বসু" ইত্যাদি। বসু রামানন্দ বলেন—এরূপ প্রেমে (হে শ্রীরাধে!) ব্যাঘ্র ও হরিণ যেরূপ এক স্থলে বসতি করে—(গুরু জনের সহিত) তোমার বসতিও সেইরূপ! 'ব্যাঘ্র-হরিণে' শব্দটি ক্রিয়া-বিশেষণ; ইহা 'অহি-নকুল' ইত্যাদি শব্দের ন্যায় দ্বন্দ্ব-সমাস দ্বারা নিষ্পন্ন হইয়াছে।

তথা রাগ।১

প্রাণনাথ কি আজু হইল।
কেমনে যাইব ঘরে নিশি[২] পোহাইল॥
মৃগমদ চন্দন বেশ গেল দূর।
নয়ানের কাজর গেল সিঁথার সিন্দূর॥
যতনে পরাহ মোরে নিজু অভরণ।
সঙ্গে লৈয়া চল মোরে বঙ্কিম-লোচন॥

তথা রাগ।১

নিজ নিজ মন্দির[২] যাইতে পুন পুন
দুহুঁ দুহুঁ বদন[৩] নেহারি।
অন্তরে উয়ল প্রেম-পয়োনিধি
নয়নে গলয়ে ঘন বারি॥
মাধব হামারি বিদায় পায়ে তোয়[৪]।
তোহারি প্রেম সঞে পুন চলি আয়ব
অব দরশন নাহি মোয়[৫]॥ ধ্রু॥

কাতর নয়নে নেহারিতে দুহুঁ দুহুঁ[৬]
উথলল প্রেম-তরঙ্গ।
মুরুছল রাই মুরুছি পড়ু মাধব
কবে হবে তাকর[৭] সঙ্গ॥
ললিতা সুমুখি সুমুখি করি ফুকরত
রাইক কোরে আগোর।
সহচরি কানু কানু করি ফুকরত[৮]
ঢরকত লোচন[৯] -লোর॥
কতি গেও[১০] অরুণ- কিরণ-ভয় দারুণ
কতি-গেও[১১] লোকক ভীত।
মাধব ঘোষ অবহু[১২] নাহি সমুঝল
উদভট মুগধ চরীত[১৩]॥৫॥৬৬০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৩৫।১৫৩৪ সংখ্যক পদ। ২। 'মন্দিরে' চ, প-র-সা। ৩। 'দুহুঁ দুহুঁা বদন' স্থলে 'দুহুঁ মুখচান্দ' ক; 'দোহেঁ দোহাঁর বদন' খ। ৪। 'তোর' ক। ৫। 'মোর' ক। ৬। 'দোহেঁ দোহাঁ' খ, ঘ, চ; 'দুহু দোহা' প-র-সা। ৭। 'সো রস' প-র-সা। ৮। 'ফুক-রই' প-র-সা। ৯। 'লোচনে' প-র-সা। ১০-১১। 'গিও' প-র-সা। ১২। 'এতহুঁ' ক, খ, ঘ, চ। ১৩। 'চরিত' ক, খ, চ, প-র-সা।

টীকা

৫—৭। "মাধব" ইত্যাদি। (শ্রীরাধা কহি-লেন) হে মাধব! তোমার চরণে আমার বিদায় (চাহিতেছি); তোমার প্রেম হইতেই অর্থাৎ তোমার প্রেমের আকর্ষণেই (আমি) পুনরায় (তোমার চরণের নিকট) চলিয়া আসিব; এখন (তোমার চরণের) দর্শন আমার ভাগ্যে নাই।

১১—১৫। "ললিতা" ইত্যাদি। (শ্রীরাধা ও শ্রীকৃষ্ণ উভয়ে মূর্চ্ছিত হইলেও) ললিতা শ্রীরাধাকে ক্রোড়ে জড়াইয়া ধরিয়া 'সুন্দরি! সুন্দরি!' বলিয়া ডাকিতে লাগিলেন; (সেইরূপ) শ্রীকৃষ্ণের সঙ্গে সমাগতা দূতী 'কানু! কানু!' বলিয়া ডাকিতে লাগিলেন; তাঁহাদিগের নয়নের অশ্রু-জল ধারা বহিয়া যাইতে লাগিল।

তথা রাগ।[১]

কতহুঁ যতনে দুহুঁ নিজ নিজ মন্দিরে
বিমনহি করত পয়ান।
দুহুঁক নয়ন গল প্রেম-বিচ্ছেদ-জল
দারুণ দৈব বিহান॥
দেখ রাধামাধব-প্রেম।
ঐছন ঘটন[২] কতিহুঁ নাহি[৩] হেরিয়ে
যৈছন লাখবান হেম॥ ধ্রু[৪]॥
পদ আধ চলত খলত পুন ফীরত[৫]
কাতরে নেহারই মুখ।
একই পরাণ দেহ পুন ভিন ভিন
অতয়ে সে মানয়ে[৬] দুখ॥
তিল এক বিরহ কলপ করি মানই
গায়ই দুহুঁ পরসঙ্গ।
ভণ রাধামোহন ঐছে গান গুণ
যতনহ সো রস-ভঙ্গ॥৬॥৬৬১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৩৬ সংখ্যক পদ। ২। 'বিঘটন' প-র-সা। ৩। 'না' ক, খ, প-র-সা। ৪। ক, খ, ঘ, চ পুথিতে 'ধ্রু' নাই। ৫। 'গিরত' ক, খ; 'ফিরত' প-র-সা। ৬। 'মানিয়ে' খ।

টীকা

১২—১৫। "তিল" ইত্যাদি। এক তিলের পরিমাণ বিরহকে কল্প অর্থাৎ যুগ-পরিমিত বলিয়া মনে করিতেছেন; উভয়ে (উভয়ের) প্রসঙ্গ অর্থাৎ কাহিনী কীর্ত্তন করিতেছেন; রাধামোহন কহেন—এরূপ গুণ-কীর্ত্তনে (সখীদিগের) যত্নেই সেই রসের ভঙ্গ হইল।

বিভাষ ।১

নিজ নিজ মন্দিরে করল পয়ান ।
শয়ন কয়ল২ পুন কোই না জান ॥
অকপট প্রেমক৩ বন্ধ ।
দুরজন-সকল-নয়ন৪ করু অন্ধ ॥
প্রাতর-উচিত৫ করণ করু রাই ।
তেজল বিপরিত৬ বসন তনু লাই৭ ॥ ৭॥৬৬২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৩৭ সংখ্যক পদ। ২। 'করল' ক। ৩। 'প্রেমকি' প-র-সা। ৪। 'দুর-জন-' ইত্যাদি স্থলে 'দুরুজন' ইত্যাদি ক, চ; 'দুর-জন-নয়ন-সকল' প-র-সা। ৫। 'প্রাতর-উদিত' ক; 'প্রাত-উচিত' খ। ৬। 'বিপরীত' ক, খ। ৭। 'নাই' ক, চ।

ক পুথি ও তদনুযায়ী বটতলার মুদ্রিত গ্রন্থে 'নিজ মন্দিরে ধনি' ইত্যাদি পরবর্ত্তী পদটি এই পদের শেষাংশ-রূপে লিখিত হইয়াছে; উহা সঙ্গত বলিয়া বোধ হয় না; কারণ, পদ দুইটির বর্ণনীয় বিষয়ের মধ্যে পার্থক্য আছে; বিশেষতঃ 'নিজ মন্দিরে ধনি' ইত্যাদি পংক্তিগুলিকে স্বতন্ত্র পদ গণ্য না করিলে এই পল্লবের নির্দ্দিষ্ট পদসংখ্যা হইতে একটি পদ কম পড়ে।

টীকা

৩—৪। "অকপট" ইত্যাদি। অকৃত্রিম প্রেমের বন্ধন (এই প্রকার) যে, (উহা) দুর্জ্জন-সমূহের নয়ন অন্ধ করিয়া রাখে অর্থাৎ অনুরাগের আতিশয্যে নায়ক ও নায়িকা প্রেমান্ধ হইয়া দুর্জ্জনগণ যে তাঁহাদিগের গতিবিধি লক্ষ্য করিতেছে, তাহা অণুমাত্রও গ্রাহ্য করে না। (বস্তুতঃ নায়ক ও নায়িকা প্রেমান্ধ হইলেও, তাহাতে যখন তাঁহাদিগের অন্ধ-তমসাবৃত রজনীতেও অভিসারে গমনাগমনের কোন ব্যাঘাত জন্মে না এবং যখন দুর্জ্জনেরা চক্ষু সত্ত্বেও তাঁহাদিগের গমনাগমনের কোন ব্যাঘাত জন্মাইতে পারে না, তখন প্রেমিক-যুগলকে অন্ধ না বলিয়া দুর্জ্জনগণকে প্রেমের শক্তি দ্বারা অন্ধ বলিয়া বর্ণিত করিয়া পদকর্ত্তা ঐকান্তিক প্রেমের অচিন্তনীয় মহিমাই ব্যক্ত করিয়াছেন)।

৫—৬। "প্রাতর-" ইত্যাদি। (তখন) শ্রীরাধা প্রাতঃকালের উচিত কার্য্য সম্পন্ন করিলেন (এবং) অঙ্গে (নিজের) বস্ত্র ধারণ করিয়া, (রজনীতে সম্ভোগ-অন্তে শ্রীকৃষ্ণের সাহিত পরিধেয় বস্ত্রের পরি-বর্ত্তন হওয়ায়) বিপরীত অর্থাৎ পরিবর্ত্তিত (পীত-বর্ণ) বস্ত্র পরিত্যাগ করিলেন। 'বসন তনু লাই' বাক্যের ধ্বনি দ্বারা পদ-কর্ত্তা ইহাও বুঝাইতেছেন যে, ঐ পীত বসন শ্রীরাধার অঙ্গকান্তির সহিত মিশিয়া যাওয়ায় এতক্ষণ শ্রীরাধার অঙ্গে ঐ বসনের অস্তিত্ব বুঝা যায় নাই; এখন তিনি নিজের প্রিয় সুনীল বসন ধারণ করায় বসনের অস্তিত্ব পরিস্ফুট হইল। ঐ বাক্য দ্বারা ইহাও ব্যঞ্জিত হইতেছে যে, শ্রীরাধা পীত বসনের পরিত্যাগ দ্বারা নারীজাতির প্রধান ভূষণ লজ্জাকে রক্ষা করিয়া ও সুনীল-বসনের ধারণ দ্বারা অপূর্ব্ব কৃষ্ণ-প্রীতির পরিচয় দিয়া, তাঁহার ন্যায় উত্তমা নায়িকার উপযুক্ত প্রভাত-কৃত্যই সম্পন্ন করিলেন।

ধানশী ।১

নিজ মন্দিরে ধনি বৈঠলি সখি মেলি২ ।
কহতহি পিয়া-গুণ রজনিক কেলি ॥
ভাবে অবশ ধনি পুলকিত অঙ্গ ।
গদ-গদ কহে কত বচন-বিভঙ্গ ॥
নয়নে বহয়ে জল কাঁপয়ে৩ শরীর ।
ঘামে ভিগল সব অরুণিম চীর ॥
কত কত ভাব৪ বিথারল রাই ।
কহিতে না পারে ধনি প্রেম অবগাই ॥
ধৈরজ ধরি ধনি কহয়ে বিলাস ।
প্রেম-অনুরূপ কহই কানু দাস ॥ ॥৮॥৬৬৩॥

ইতি পঞ্চম-পল্লবঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৩৮ সংখ্যক পদ। 'ধানশী' স্থলে 'যথা' প-র-সা। ২। 'নিজ মন্দিরে ধনি' ইত্যাদি পংক্তিটিতে দুইটি মাত্রার আধিক্য লক্ষিত হয়; 'নিজ' শব্দটি পরিত্যাগ করিলে সহজেই এই মাত্রাধিক্য নিবারিত হইতে পারে; কিন্তু সকলগুলি পুথিতেই 'নিজ মন্দিরে' ইত্যাদি পাঠ থাকায় আমরা অগত্যা যথাদৃষ্ট পাঠই গ্রহণ করিতে বাধ্য হইয়াছি। ৩। 'কাঁপে' চ। ৪। 'ভাবে' খ, ঘ।

টীকা

৫—৬। "নয়নে" ইত্যাদি। (শ্রীরাধার) নয়নে (সাত্ত্বিক-ভাবের বিকাশ হেতু) জলধারা বহিতেছে, শরীর কম্পিত হইতেছে (এবং) ঘর্ম্ম-জলে লোহিতাভ বসন সিক্ত হইল। (শ্রীরাধার নীলাভ বসন ঘর্ম্ম-জলার্দ্র হইয়া অঙ্গের সহিত মিশিয়া যাওয়ায় তাঁহার তপ্ত-কাঞ্চন-বর্ণের প্রভাবে লোহিতাভ প্রতীত হইতেছে—বুঝিতে হইবে)।

অথ রসোদ্গারঃ।

তদুচিত-পূর্ব্বাপর-কীর্ত্তনানুসারেণ শ্রীমদ্গৌরচন্দ্রঃ।

বিভাষ।[১]

মহাভুজ[২] নাচত চৈতন্য রায়।
কে জানে কত কত ভাব শত শত
সোণার বরণ গোরা-গায়[৩] ॥ ধ্রু ॥
প্রেমে ঢর ঢর অঙ্গ নিরমল
পুলক-অঙ্কুর-শোভা[৪]।
আর কি কহব অশেষ অনুভব[৫]
হেরইতে জগ-মন-লোভা ॥
শুনিয়া[৬] নিজ-গুণ নাম-কীর্ত্তন[৭]
বিভোর নটন-বিভঙ্গ[৮]।
নদিয়া-পুর-লোক[৯] পাসরিল দুখ শোক
ভাসল[১০] প্রেম-তরঙ্গ[১১] ॥
রতন বিতরণ প্রেম-রস বরিখণ[১২]
অখিল ভুবন সিঞ্চিত[১৩]।
চৈতন্যদাস গানে[১৪] অতুল প্রেম-দানে[১৫]
মুঞি সে[১৬] হইলুঁ বঞ্চিত ॥১॥৬৬৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৩৯ সংখ্যক ও প-র পুথির ১৩।২৭ সংখ্যক পদ। ২। 'মহাপ্রভু' প-র-সা। ৩। 'গোরা-গায়' স্থলে 'গায়' প-র। ৪। 'অঙ্কুর' স্থলে 'অঙ্গের' প-র। ৫। 'অশেষ অনুভব' স্থলে 'অশেষানুভাব' প-র-সা; 'বিশেষ অনুভব' প-র। ৬। 'শুনি' ক। ৭। 'সংকীর্ত্তন' প-র। ৮। 'বিভোর' ইত্যাদি স্থলে 'লুটত বিভোর অঙ্গে' প-র। ৯। 'নদিয়া-পুর-লোক' স্থলে 'নদিয়ার সব লোক' প-র। ১০। 'ডুবল' প-র। ১১। 'ভাসল' ইত্যাদি স্থলে 'ভাসল প্রেম-তরঙ্গে' প-র। ১২। 'রতন' ইত্যাদি স্থলে প-র পুথির পাঠ যথা,—'করুণা নিরখনে অমিয়া বরিখনে'। ১৩। 'সঞ্চিত' প-র-সা। ১৪। 'বাসুদেব ঘোষ' প-র। ১৫। 'অতুল' ইত্যাদি স্থানে 'আওল প্রেমদানে' ক; 'আতুল' ইত্যাদি চ; 'তুলনা নাহিক আনে' প-র। ১৬। 'মুঞি সে' স্থলে 'মুঞি মাত্র' প-র।

তথা রাগ।[১]

অবতার ভাল গৌরাঙ্গ অবতার কৈলা[২] ভাল।
জগাই মাধাই নাচে বড় ঠাকুরাল ॥
চাঁদ নাচে সুরুজ নাচে আর নাচে তারা।
পাতালের বাসুকি নাচে বলে[৩] গোরা গোরা[৪] ॥
নাচয়ে ভকতগণ হইয়া বিভোরা।
নাচে অকিঞ্চন যত প্রেমে মাতোয়ারা ॥

জড় অন্ধ আতুর[৫] উদ্ধারে পতিত।
বাসু ঘোষে কহে মুঞিং হইলুঁ বঞ্চিত॥২॥৬৬৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৪০ সংখ্যক পদ। ২। 'কৈল' ক। ৩। 'বলি' ক; 'বোলে' চ। ৪। 'গোরা গোরা' স্থলে 'গোরা' খ। ৫। 'অতুর' ঘ, চ; 'অতুরাদি' প-র-সা।

ধানশী।১

কহ কহ সুন্দরি রজনি-বিলাস।
কৈছনে নাহ পুরল তুয়া আশ[২]॥
কতহুঁ যতনে নিতি করি অনুমান।
নাগর নাগরি করু[৩] নিরমাণ॥
অখিল ভুবন মাহা তুহুঁ বর-নারি।
আজুক রজনি কিয়ে কয়ল মুরারি[৪]॥
পিয়াক পিরিতি হাম কহই[৫] না পার[৬]।
লাখ বদন[৭] বিহি না দিল হামার[৮]॥
আপনক গজ-মোতি-হার উতারি[৯]।
যতনে পরায়ল[১০] কণ্ঠে হামারি॥
করে ধরি পিয়া বৈসায়ল নিজ কোর[১১]।
সুগন্ধি চন্দন অঙ্গে লেপল[১২] মোর॥
ফুয়ল কবরি বান্ধয়ে অনুপাম।
তাহে বেঢ়ি[১৩] দেয়ল[১৪] চম্পক-দাম॥
মধুর মধুর দিঠে হেরই কান।
আনন্দ-জলে পরিপুরল নয়ান[৫]॥
ভণয়ে বিদ্যাপতি ভাব-তরঙ্গ[১৬]।
এবে কহি শুন সখি সো পরসঙ্গ[১৭]॥৩॥৬৬৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৪১ সংখ্যক ও প-র পুথির ১৩।৪৪ সংখ্যক পদ। 'ধানশী' স্থলে 'বিভাষ' প-র। ২। 'কৈছনে' ইত্যাদি পংক্তির স্থলে 'কৈছে পুরলি তুহুঁ নাহক আশ' খ, ঘ, প-র-সা। 'পিয়াক পিরিতি হাম কহই না পার' ইত্যাদি উত্তর দর্শনে 'কৈছনে নাহ পুরল' ইত্যাদি প্রশ্নই সুসঙ্গত হয়; সুতরাং ক, চ ও প-র পুথির পাঠই শুদ্ধ বলিয়া গৃহীত হইয়াছে। ৩। 'কয়ল' ক, খ, ঘ, চ। ৪। 'আজুক' ইত্যাদি স্থলে 'সুপুরুখ নাহ তোহে মিলল মুরারি' ক, (পাঠান্তর—চ)। 'কতহুঁ যতনে' ইত্যাদি পংক্তিচতুষ্টয় প-র পুথিতে নাই। ক পুথিতে অতঃপর 'শ্রীরাধিকার উক্তি যথা' লিখিয়া 'পিয়াক পিরিতি' ইত্যাদি বাকি অংশটিকে একটি স্বতন্ত্র পদ-রূপে সন্নিবেশিত করা হইয়াছে; কিন্তু পদামৃত-সমুদ্রের টীকায় রাধামোহন ঠাকুর লিখিয়াছেন,—"পুনস্তদ্রসকথনাবহিত্থামবলম্ব্য 'অখিল ভুবন মাহা তুহুঁ বর নারি' ইত্যাদি চরণত্রয়েণ পুনঃ পৃচ্ছতি ততঃ শ্রীমতী 'পিয়াক পিরিতি হাম কহই না পারি' ইত্যাদিনা প্রত্যুত্তরং করোতি।" ইহা দ্বারা ও ক পুথি ছাড়া অন্যান্য পুথির প্রমাণানুসারে 'পিয়াক পিরিতি' ইত্যাদি পংক্তিগুলি এই পদটিরই শেষাংশ বলিয়া জানা যাইতেছে। ৫। 'কহিতে' ক, খ। ৬। 'পারি' প-র। ৭। 'বয়ন' প-র-সা, প-র। ৮। 'হামারি' প-র; 'আমার' ঘ, চ। ৯। 'আপনক' ইত্যাদি স্থলে প-র-সা ও প-র পুথির পাঠ যথা,—'আপন মালতী মালা হিয়াসে উতারি।' ১০। 'পড়াওল' ক, খ, প-র। ১১। 'বৈসায়ল' ইত্যাদি স্থলে 'মোর বসায়ল কোর' প-র-সা। ১২। 'লেপই' প-র-সা। ১৩। 'বেড়ি' ক। ১৪। 'বেঢ়ি দেয়ল' স্থলে 'বেড়ায়ল' প-র-সা, প-র। ১৫। 'আনন্দজলে' ইত্যাদি স্থলে প-র-সা ও প-র পুথির পাঠ যথা,—'দেখিতে দেখিতে মানে সপন সমান'। ১৬। 'ভাব-তরঙ্গ' স্থলে 'ইহ রস সঙ্গ' প-র। ১৭। 'এবে কহি' ইত্যাদি স্থলে প-স ও প-র পুথির পাঠ যথা,—'ভুলল ধনি কহইতে নিশি রঙ্গ'।

গান্ধার।১

চিরুণি করে ধরি কেশ-বেশ করি
সিঁথায়ে দেই[২] সিন্দূর।
নাস-বেশ করি বসন পরাই[৩]
পায়ে ধরি পরায়ে নূপুর॥
'সই[৪] পিয়া-গুণ কহনে না যায়[৫]।
দরিদ্র[৬] হেম যেন তিলেক না ছোড়ই[৭]
রভসে রজনি গোঙায়॥ ধ্রু
সে[৮] মোর শ্রমজল আঁচরে মোছই
দেই বসনক বায়[৯]।
চিবুক করে ধরি সঘনে নিরখই[১০]
মুখ ভরি[১১] তাম্বূল খাওয়ায়॥
বৃন্দাবন ভরি রসের বাদর[১২]
দিন রজনী[১৩] নাহি জান।
কৃপণ ধন সম তিলেক না ছোড়ই
কবি শেখর[১৪] পরমাণ।৪॥৬৬৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৩২ সংখ্যক ও প-র পুথির ১৩।৪৬ সংখ্যক পদ 'গান্ধার' স্থলে 'শ্রীগান্ধার' প-র। ২। 'সিঁথায়ে দেই' স্থলে 'সিথায়ে দেয়' প-র। ৩। 'পরাইয়া' প-র-সা। ৪। 'সোই' ক, খ, ঘ, চ। ৫। 'কহনে না যায়' স্থলে 'কহনে যায়' খ। 'সই পিয়া-গুণ' ইত্যাদি ধ্রুব-কলিটি প-র পুথিতে নাই। ৬। 'দারিদ্র' খ, চ, প-র-সা। ৭। 'ছাড়ই' ক; 'তেজই' প-র-সা। ৮। 'সো' ক, খ, ঘ, চ। ৯। অতঃপর প-র পুথিতে 'চিবুক করে ধরি' ইত্যাদি পংক্তি ছয়টির পরিবর্ত্তে পাঠ যথা,—

'মৃণাল চম্পক- দাম সম তনু
হিয়া বিনু শেজে না শোয়ায়॥
চিবুক করে ধরি মুখ নিরখিতে
যে কিছু কহয়ে মধুর।
নিরস বয়ান হেরি দিব্য দেই বন্ধু
মুখ ভরি খাওয়ায়ে তাম্বুল॥'

ইহার পরে কিছু স্থান ভণিতার জন্য ফাঁক রাখা হইয়াছে। ১০। 'চিবুক' ইত্যাদি স্থলে প-র-সা পুথির পাঠ যথা,—

'অধর নিরস হেরি দিব্য দেই বেরি বেরি'

১১। 'মুখ ভরি' স্থলে 'মুখে তুলি' প-র-সা। ১২। 'বাদর' স্থলে 'বাদর করি' প-র-সা। ১৩। 'দিন রজনী' স্থলে 'দীন রজনি' ঘ। ১৪। 'কবি-শেখর' স্থলে 'রায় শেখর' প-র-সা।

কৌ রাগিণী।১

না পুছ না পুছ সখি পিয়াক পিরিত[২]।
পরাণ নিছনি দিলে না হয় উচিত[৩]॥
হিয়ার উপর হৈতে শেজে না ছোয়ায়[৪]।
বুকে বুকে মুখে মুখে রজনি গোঙায়॥
নিঁদের আলসে[৫] যদি পাশ মোড়া দিয়ে।
কি ভেল[৬] কি ভেল[৭] বলি চমকি উঠয়ে॥
হিয়ায় হিয়ায় এক বয়ানে বয়ানে[৮]।
নাসিকা নাসিকায়[৯] এক নয়ানে নয়ানে[১০]॥
ইথে যদি মুঞি তেজি দীঘ নিশাস[১১]।
আকুল হইয়া পিয়া উঠয়ে তরাস॥
এমতি বঞ্চয়ে নিশি দোহেঁ[১২] এক মেলি।
জ্ঞানদাস কহে ঐছে নিতি নিতি কেলি॥৫॥৬৬৮

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৪৩ সংখ্যক পদ। ২। 'পিরীত' ক, খ, চ; 'পিরিতি' প-র-সা। ৩। 'উচিতি' প-র-সা। ৪। 'শোয়ায়' ক; 'ছুয়ায়' খ। ৫। 'আলিসে' ঘ, চ; 'অলসে' প-র-সা। ৬-৭। 'হৈল' প-র-সা। ৮। 'বয়ান' ক, চ, প-র-সা। ৯। 'নাসিকা' প-র-সা। ১০। 'নয়ান' ক, চ, প-র-সা। ১১। 'তেজি

দীঘ নিশাস' স্থলে 'তেজিয়ে দীরঘ নিশাস' ক। 'ইথে যদি' ইত্যাদি পংক্তিদ্বয় প-র-সা পুথিতে নাই। ১২। 'ছুহুঁ' ক; 'দুহু' প-র-সা।

টীকা

৩—৪। "হিয়ার" ইত্যাদি। (আমাকে) বুকের উপর হইতে (নামাইয়া) শয্যায় স্পর্শ করায় না; (আমার) বুকে (নিজের) বুক,— (আমার) মুখে (নিজের) মুখ (রাখিয়া) রজনী যাপন করে। (নিদ্রিত হইলে সেই সময়টুকু ছাড়াছাড়ি হইবে বলিয়া জাগিয়া রজনী যাপন করে, ইহাই এই বাক্যের তাৎপর্য্য বটে)। তুলনা করুন,—

"কোরে আগোরি　　　রাখই হিয়া পর
পালঙ্কে পাশ না পাই।
ও সুখ-সাগরে　　　মদন-রস-ভরে
জাগিয়া রজনি গোঙাই॥"

-নরোত্তম দাস; ৬৬৯ সংখ্যক পদ।

"উর বিনু শেজ পরশ নাহি পাই।
চীবহি বিনু তাম্বুল নাহি খাই।"

—কবিরঞ্জন; ৬৮০ সংখ্যক পদ

ধানশী।[১]

সজনি[২] বড়ই বিদগধ[৩] কান।
কহিল নহে সে　　　প্রেম-আরতি[৪]
কষিল হেম দশবান॥ ধ্রু॥
সমুখে রাখিয়া[৫] মুখ　　　আঁচরে মোছই[৬]
অলকা তিলকা বনাই[৭]।
মদন-রসভরে　　　বদন হেরি হেরি
অধরে অধর লাগাই[৮]॥
কোরে আগোরি[৯]　　　রাখই হিয়া পর
পালঙ্কে[১০] পাশ না পাই[১১]।
ও সুখ-সাগরে　　　মদন-রসভরে[১২]
জাগিয়া রজনি গোঙাই॥

কেবল রসময়　　　মধুর মুরতি
পিরিতিময় প্রতি অঙ্গ।
নরোত্তম দাস কহ[১৩]　　　যাহার অনুভব
সে জানে ও রসরঙ্গ[১৫]॥ ৬॥ ৬৬৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৪৪ সংখ্যক ও প-র পুথির ১৩৪৮ সংখ্যক পদ। 'ধানশী' স্থলে 'সুহই' প-র। ২। 'সই গো' প-র। ৩। 'বিনদিয়া' প-র। ।'কাহিনী' প-র-সা। ৫। 'রাখি' প-র। ৬। 'মোছায়ই' খ। ৭। 'বনায়ে' প-র-সা; 'বনায়' প-র। ৮। 'লাগয়ে' প-র-সা; 'লাগায়' প-র। ৯। 'আগোরই' প-র-সা; 'আগরিয়া' প-র। ১০। 'পলকে' প-র-সা। ১১। 'পালঙ্কে' ইত্যাদি স্থলে 'শয়ন পাশ নাহি পায়' প-র। ১২। 'ও সুখ-সাগরে' ইত্যাদি স্থলে 'মদন-রসভরে ও সুখ-সাগরে' প-র-সা; 'নবীন প্রেমভরে ও রস-সাগরে' প-র। ১৩। 'পোহাই' প-র-সা; 'পোহায়' প-র। ১৪। 'নরোত্তম' ইত্যাদি স্থলে 'কহই নরোত্তম' প-র; 'নরোত্তম' প-র-সা। ১৫। 'সে জানে' ইত্যাদি স্থলে 'সেই সে বুঝয়ে ইহ রঙ্গ' প-র।

সিন্ধুড়া।[১]

এমন পিরিতি কভু দেখি নাহি শুনি[২]।
নিমিখে মানয়ে যুগ কোরে দূর মানি॥
সমুখে রাখিয়া করে বসনের বা[৩]।
মুখ ফিরাইলে[৪] তার ভয়ে কাঁপে গা[৫]॥
একতনু হৈয়া মোরা রজনী গোঙাই।
সুখের সাগরে ডুবি অবধি না পাই॥
রজনী প্রভাত হৈলে কাতর হিয়ায়।
দেহ ছাড়ি যেন মোর প্রাণ চলি যায়॥
সে কথা কহিতে সই[৬] বিদরে পরাণ।
চণ্ডীদাস কহে ধনি সব পরমাণ॥৭॥৬৭০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৪৫ সংখ্যক পদ। ২। 'দেখি' ইত্যাদি স্থলে 'নাহি দেখি শুনি' খ, প-র-সা। ৩। 'বাও' প-র-সা। ৪। 'ফিরাইতে' খ। ৫। 'গাও' প-র-সা। ৬। 'সোই' খ, চ।

কৌরাগিণী।১

আমি যাই যাই বলি২ বলে তিন বোল৩।
কত না চুম্বন দেই কত দেই কোল ॥
পদ-আধ যায় পিয়া চাহে পালটিয়া৪।
বয়ান নিরখে কত কাতর হইয়া ॥
করে কর ধরি পিয়া শপথি দেই৫ মোরে৬।
পুন দরশন লাগি কত চাটু বোলে৭ ॥
নিগূঢ় পিরিতি পিয়ার আরতি বহু৮।
চণ্ডীদাস কহে হিয়ার মাঝারে রহু৯ ॥৮॥৬৭১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৪৬ সংখ্যক ও প-র পুথির ১৩৪৫ সংখ্যক পদ। 'কৌ রাগিণী' স্থলে 'পঠমঞ্জরী' প-র। ২। 'পিয়া' প-র-সা। ৩। 'আমি যাই' ইত্যাদি স্থলে 'যাই যাই বলি পিয়া বলে তিন বোল' প-র। ৪। 'পদ আধ' ইত্যাদি পংক্তিদ্বয় প-র পুথিতে 'পুন দরশন লাগি' ইত্যাদি পংক্তির পরে সন্নিবেশিত হইয়াছে ৫। 'করে কর' ইত্যাদি স্থলে 'করে ধরি পিয়া সপতি দেই' প-র। ৬। 'মোর' খ, ঘ। ৭। 'কত চাটু বোলে' স্থলে 'পুন দেই কোরে' প-র। ৮। 'বহুক' খ, ঘ। 'নিগূঢ়' ইত্যাদি স্থলে 'নিগুঢ়হি পিয়া মোরে আরতি করে বহু' প-র। ৯। 'চণ্ডীদাস কহে' ইত্যাদি স্থলে 'চণ্ডীদাস কহে পিয়ার পিরিতি হিয়ায় রহু' প-র।

পিয়া-গুণ যে কহিলুঁ সেই ভাল আর কব না।*
গুণ কহিলে কি জানি হয় তেঞি কহিয়ে না ॥

ইত্যাদি সম্পন্ন-সম্ভোগস্থ রসোদগারঃ।†

এতদ্গীতং সর্ব্ব-কালোচিতং।

পুনশ্চ প্রকারান্তরেণ যথা।

অথ রসোদ্গারানুরাগঃ।

শ্রীগৌরচন্দ্রঃ।

বিভাষ।১

পরশ-মণির সনে কি দিব তুলনা রে২
পরশ ছোয়াইলে হয় সোণা।
আমার গৌরাঙ্গের গুণে নাচিয়া গাইয়া রে
রতন হইল কত জনা৪ ॥
শচীর নন্দন বনমালী৫।
এ তিন ভুবনে যার তুলনা দিবার নাই
গোরা মোর পরাণ-পুতলী ॥ধ্রু॥
গৌরাঙ্গ-চাঁদের ছাঁদে ও চাঁদ কলঙ্কী রে৬
এমন করিতে নারে আলো৭।
অকলঙ্ক পূর্ণ-চাঁদ৮ উদয় নদিয়া-পুরে
মনের আন্ধার দূরে গেলো ॥৯
এ১০ গুণে সুরভি সুর- তরু সম নহে রে
মাগিলে সে পায় কোন১১ জন।
না মাগিতে১২ অখিল ভুবন ভরি জনে জনে
যাচিয়া দেওল১৩ প্রেম-ধন ॥

---

*'পিয়া-গুণ' ইত্যাদি পংক্তিদ্বয় প-র-সা পুথিতে নাই; এই পদটির অবশিষ্ট অংশ কোন পুথিতেই উদ্ধৃত হয় নাই; সুতরাং আমরা এ স্থলে উহা সন্নিবেশিত করিতে পারিলাম না।

† ক, খ প্রভৃতি সকল পুথিতেই 'সম্পন্ন' স্থলে 'সম্পূর্ণ' অশুদ্ধ পাঠ আছে। ৬৫৫ সংখ্যক পদের টীকা দ্রষ্টব্য।

গোরাচাঁদের তুলনা গোরাচাঁদ গোসাঞি রে
বিচার করিয়া দেখ সভে।
পরমানন্দের মনে এ বড় আকুতি রে
গৌরাঙ্গের দয়া হবে কবে[১৪] ॥ ৯॥৬৭২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৪৭ সংখ্যক ও প-র পুথির ২২।২৭ সংখ্যক পদ। ২। 'কি দিব' ইত্যাদি স্থলে 'তুলনা কি দিয়ে রে' প-র-সা। ৩। 'ঠেকিলে' প-র। ৪। 'পরশ-মণির সনে' ইত্যাদি কলিটির পূর্ব্বে প-র পুথিতে নিম্নলিখিত অতিরিক্ত কলি দৃষ্ট হয়; যথা—

'কেমনে পাসরিব গৌরাঙ্গচান্দের লীলা।
আমার গৌরাঙ্গ-গুণে পশু পাখী আদি কান্দে
গলিয়া গলিয়া পড়ে শিলা ॥'

৫। 'শচীর নন্দন' ইত্যাদি ধুয়ার কলিটি প-র পুথিতে নাই। ৬। 'ও চাঁদ কলঙ্কী রে' স্থলে 'চান্দ কলঙ্কিত ভেল' প-র। 'গৌরাঙ্গ চাঁদের ছান্দে' ইত্যাদি পংক্তি-চতুষ্টয় প-র পুথিতে "যাচিয়া দেওল প্রেমধন" পংক্তির পরে সন্নিবেশিত হইয়াছে। ৭। 'আর' ক; 'আল' চ। ৮। 'কলানিধি' প-র। ৯। 'গেল' ক, খ, চ, প-র-সা, প-র। ১০। 'সে' প-র। 'সে গুণে সুরভি' ইত্যাদি পংক্তি চারিটি প-র পুথিতে 'পরশ-মণির সনে' ইত্যাদি কলিটির পরে সন্নিবেশিত হইয়াছে। ১১। 'কোনো' প-র। ১২। 'না মাগিতে'. স্থলে 'অযাচিত' প-র। ১৩। 'যাচিয়া দেওল' স্থলে 'আপনে দিলেন' প-র। ১৪। 'গোরাচাঁদের তুলনা' ইত্যাদি পংক্তি চারিটির পরিবর্ত্তে প-র পুথির পাঠ যথা;—

'গৌরাঙ্গ-চান্দের ভাই তুলনা দিবার নাই
হৃদয়ে ভাবিয়া সব দেখ।
নয়নানন্দের মনে অধিক আনন্দ রে
গোরা-গুণ বিচারিয়া লেখ ॥'

টীকা

১—৪। "পরশ-মণির" ইত্যাদি। পদ-কর্ত্তা বলিতেছেন,—স্পর্শ মণির সহিত শ্রীগৌরাঙ্গের কি তুলনা দিব? স্পর্শ-মণি (অন্য কোন ধাতু পদার্থে) স্পর্শ করাইলে (উহা) স্বর্ণ হয়; (কিন্তু) আমার শ্রীগৌরাঙ্গের (অদ্ভুত) শক্তির প্রভাবে নাচিয়া গাহিয়া কত (শত) ব্যক্তি রত্ন হইল। (প্রথমে ত পরশ-পাথর পাওয়াই দুর্ঘট; তার পরে উহা ধাতু দ্রব্যে স্পর্শ করান আবশ্যক; তাহা হইলে ঐ ধাতু-দ্রব্য স্বর্ণে পরিণত হয়, কিন্তু শ্রীগৌরাঙ্গের নামের বাতাসেই মানুষ রত্ন হইয়া যায়; সুতরাং এ স্থলে পরশ-পাথর অপেক্ষা শ্রীগৌরাঙ্গের উৎকর্ষ বর্ণিত হওয়ায় "ব্যতিরেক" অলঙ্কার হইয়াছে।)

৮—১১। "গৌরাঙ্গচাঁদের" ইত্যাদি। শ্রীগৌরাঙ্গ-রূপ চন্দ্রের শোভায় (আকাশের) সেই চন্দ্র কলঙ্ক-যুক্ত (হইয়াছে); উহা এরূপ আলো করিতে পারে না; (কেন না, শ্রীগৌরাঙ্গের আবির্ভাবে) নবদ্বীপ নগরে কলঙ্ক-বিহীন পূর্ণচন্দ্র সমুদিত হইয়াছে; (উহার প্রভাবে) দর্শকের মনের অন্ধকার বিদূরিত হইল। (আকাশের চন্দ্র কলঙ্ক-যুক্ত এবং হ্রাস-বৃদ্ধির অধীন; উহা মেঘ ইত্যাদির প্রতিবন্ধকতা না থাকিলে বাহ্য অন্ধকারমাত্র দূর করিতে পারে; কিন্তু অকলঙ্ক পূর্ণচন্দ্র-স্বরূপ শ্রীগৌরাঙ্গ তাঁহার আবির্ভাব দ্বারা দর্শকের মানসিক অন্ধকার পর্য্যন্ত বিদূরিত করিয়াছেন; সুতরাং এ স্থলেও "ব্যতিরেক" অলঙ্কার বুঝিতে হইবে।)

১২—১৫। "এ গুণে" ইত্যাদি। এই গুণের তুলনায় সুগন্ধি সুর-তরু পারিজাত (শ্রীগৌরাঙ্গের) তুল্য নহে; কোন (পুণ্যবান) ব্যক্তি (স্বর্গে যাইয়া সেই কল্পতরু পারিজাতের নিকট) শুধু প্রার্থনা করিলেই (ধন ইত্যাদি) প্রাপ্ত হন; (কিন্তু) শ্রীগৌরাঙ্গ কেহ প্রার্থনা না করিলেও (অপূর্ব্ব দয়া-গুণ হেতু) সমস্ত জগৎ ভরিয়া (উত্তম অধম না বাছিয়া) সকল ব্যক্তিকে (নিজে) যাচ্ঞা করিয়া

প্রেমরূপ অমূল্য রত্ন বিতরণ করিয়াছেন। (এ স্থলেও "ব্যতিরেক" অলঙ্কার হইয়াছে।)

১৬—১৭। "গোরাচাঁদের" ইত্যাদি। শ্রীগৌরাঙ্গের তুলনা কেবল শ্রীগৌরাঙ্গ—এই বাক্য দ্বারা শ্রীগৌরাঙ্গের দ্বিতীয় তুলনা-স্থল নাই, ইহা প্রতিপাদিত হওয়ায় "অনন্বয়" অলঙ্কার হইয়াছে।

"উপমানোপমেয়ত্বমেকস্যৈব ত্বনন্বয়ঃ॥"

—সাহিত্যদর্পণ, ১০ম পরিচ্ছেদ।

আদৌ সখ্যুক্তিঃ।

বরাড়ী।১

চলিতে না পার ২রসের ভরে।
আলস৩ নয়ান৪ অলপ৫ ঝরে৬॥
ঘন ঘন তুমি বাহিরে যাও।
আন ছলে কত কথা বুঝাও৭॥
না জানিয়ে কিবা অন্তরে৮ সুখে।
আঁচরে কাঞ্চন ঝলক৯ মুখে॥
মরমে পিরিতি বেকত অঙ্গে১০।
তিলেক সোয়াথ না দেয় অনঙ্গে১১॥
কালা১২ বরণ১৩ দেখি চমকি চাও।
ভাবে বেয়াকুল১৪ ওর না পাও॥
কপোলে পুলক বেকত দেখি।
প্রেম কলেবর ততহিঁ১৫ সাখী॥
জ্ঞানদাস রস১৬ ভাবিয়া১৭ গায়।
রসের বেভার লুকা১৮ না যায়॥১০॥৬৭৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুঁথির ১১৪৮ সংখ্যক ও প-র পুঁথির ১৩১৪ সংখ্যক পদ। ২। 'পারে' ক, খ। ৩। 'আলসে' প-র-সা, প-র। ৪। 'নয়ন' চ। ৫। 'অলস' ক। ৬। 'ঝোরে' প-র-সা, প-র। ৭। 'আন ছলে কত কথা বুঝাও' ইত্যাদি দুইটি পংক্তি ঘ, চ পুঁথিতে নাই। ৮। 'অন্তর' ক, প-র-সা। ৯। 'ঝলকে' ক, খ, প-র-সা। ১০। 'অঙ্গ' ক, খ, প-র-সা। ১১। 'অনঙ্গ' ক, খ, প-র-সা। ১২। 'কালার' ক, খ, প-র-সা। ১৩। 'বদন' ক। ১৪। 'ভাবে বেয়াকুল' স্থলে 'ভাবের আকুল' প-র। ১৫। 'তাহার' প-র-সা; 'সদত' প-র। ১৬। 'রস' শব্দটি ঘ, চ পুঁথিতে নাই। ১৭। 'রস ভাবিয়া' স্থলে 'অনুভবিয়া' প-র। ১৮। 'বুঝা' খ; 'ছাপা' প-র।

টীকা

৫—৬। "না জানিয়ে" ইত্যাদি। জানি না (তোমার) অন্তরে কি সুখ (রহিয়াছে!) অঞ্চলে স্বর্ণ (বাঁধা আছে), (স্বর্ণ-ধারীর) মুখে (উহার) দীপ্তি (দেখা যায়!); অর্থাৎ কেহ যদি আঁচলের গাঁঠিতে স্বর্ণ লুকাইয়া রাখে, তাহা হইলেও উহার মুখের প্রফুল্লতাই সেই গুপ্ত ধনের কথা ব্যক্ত করিয়া দেয়; এ স্থলেও তোমার মুখের প্রফুল্লতাই তোমার অন্তরের গুপ্ত প্রেম প্রকাশ করিয়া দিতেছে! তুলনা করুন,—

"আঁচরে কাঞ্চন ঝলকে দেখি।
প্রেম কলেবর দিয়াছে সাখী॥"

—বিদ্যাপতি; প-ক-ত—২২৬ সংখ্যক পদ।

"এ তুয়া হাস মরম পরকাশই
প্রতি-অঙ্গ-ভঙ্গিম সাখী।
গাঁঠিক হেম বদন মাহা ঝলকই
এত দিনে পেখলুঁ আঁখি॥"

—গোবিন্দদাস; প-ক-ত; ২২৭ সংখ্যক পদ।

সুহই।১

সুন্দরি বুঝিলুঁ২ তোমার ভাব।
প্রেম-রতন গোপতে৩ পাইয়া
ভাঁড়িলে কি হবে লাভ॥ ধ্রু৪॥

আন ছলে কহ আনের কথা
বেকত পিরিতি-রঙ্গ[৫]।
রসের বিলাসে অঙ্গ ঢল ঢল[৬]
রঞ্জিত প্রেম-তরঙ্গ[৭] ॥
ভাবের ভরে[৮] চলিতে না পার[৯]
বচন হইলা হারা[১০]।
কানুর সনে নিকুঞ্জ-বনে
রঙ্গেত[১১] হৈয়াছ[১২] ভোরা ॥
পুছিলে না কহ মনের মরম[১৩]
এবে ভেল বিপরীত।
বলরাম কহে কি আর বলিবে
ভাবেতে মজিল চীত[১৪] ॥১১॥৬৭৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৪৯ সংখ্যক ও প-র পুথির ১৩১৫ সংখ্যক পদ। 'সুহই' স্থলে 'শ্রীরাগ' প-র। ২। 'বুঝিল' ক। ৩। 'গুপত' প-র। ৪। ক, খ, ঘ, চ পুথিতে 'ধ্রু' নাই। ৫। 'ভঙ্গ' প-র। ৬। 'ঢলঢল' স্থলে 'ঢরঢর' প-র। ৭। 'প্রেম-তরঙ্গ' স্থলে 'রস-তরঙ্গ' প-র। ৮। 'ভরেতে' ক, প-র। ৯। 'পারে' প-র। ১০। 'বচন হইলা হারা' স্থলে 'চরণ হইল হারা' ক, প-র-সা। ১১। 'রঙ্গেতে' ক, প র। ১২। 'হৈয়াছে' ক, প-র। ১৩। 'পুছিলে' ইত্যাদি স্থলে 'পুছিলে মনের মরম না কহ' প-র-সা, প-র। ১৪। 'চিত' ক, প-র-সা, প-র।

শ্রীরাগ।১

কি পুছহ[২] সখি প্রেমের[৩] কথা।
কহিতে না জানি কহিয়ে এথা[৪] ॥
পিয়ার পিরিতি কি না জান[৫] তুমি।
এত দিনে তাহে ঠেকিনু আমি ॥
যত যত শ্যাম বঁধুর গুণ।
সোঙরি পাঁজরে বিন্ধল ঘুণ ॥
দিবস রজনি কিছু না জানি।
মনে পড়ে চাঁদ-বদন খানি ॥
চণ্ডীদাস কহে রসের সার[৬]।
পিয়ার পিরিতি অনঙ্গ পাথার ॥১২॥৬৭৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৫০ সংখ্যক পদ। ২। 'পুছ' ক, প-র-সা। ৩। 'ভাবের' প-র-সা। ৪। 'কহিয়ে এথা' স্থলে 'কি হয়ে এথা' খ, চ; 'কি হয় কথা' প-র-সা। ৫। 'কি না' স্থলে 'কি' প-র-সা। ৬। 'চণ্ডীদাস কহে' ইত্যাদি পংক্তিদ্বয় ক, খ, ঘ ও চ পুথিতে নাই।

সিন্ধুড়া।১

সই[২] নিরবধি কত পড়ে মনে।
শ্যাম বন্ধু[৩] বিনু না রহে মোর[৪] তনু
সোয়াস্ত নাহিক[৫] রাতি দিনে ॥ধ্রু॥
ধরিয়া আমার করে বৈসায়[৬] আপন কোরে
পুন দেই সিথায়ে[৭] সিন্দুর।
তাম্বুল সাজাঞা[৮] বোলে খাও খাও কত বোলে
কত গুণ কহিব বন্ধুর ॥
ঝাড়িয়া বান্ধয়ে চুল বেড়িয়া[৯] মালতী ফুল
বসন পরাই[১০] আমা দেখে।
দেখিয়া আমার মুখ না জানি কি পায় সুখ
রসের আবেশে করে বুকে ॥
হিয়ার উপরে ধরি কাঁপে পহু থরহরি
মুখে মুখ দিয়া ঘন কান্দে।
বিহি পোহাইলে[১১] রাতি
মোরে[১২] ছাড়ি যাবা[১৩] কতি
ধরণী[১৪] ধীর[১৫] নাহি বান্ধে ॥১৩॥৬৭৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৫১ সংখ্যক ও প-র পুথির ১৩৪৭ সংখ্যক পদ। 'সিন্দুড়া' স্থলে 'সুহই' প-র। ২। 'সোই' ঘ, চ। ৩। 'শ্যাম বন্ধু' স্থলে 'সে শ্যাম বন্ধুয়া' প-র। ৪। 'আমার' প-র। ৫। 'নাহি' প-র-সা। ৬। 'বসায়' প-র-সা। ৭। 'দেই সিথায়ে' স্থলে 'দেয় সিথায়ে' প-র-সা। ৮। 'সাজাই' প-র-সা। ৯। 'বেড়িয়া' ক, প-র-সা। ১০। 'পরায়' খ, ঘ; 'পরাঞা' প-র। ১১। 'পোহায়ল' প-র-সা। ১২। 'আমা' প-র-সা। ১৩। 'যাবে' প-র। ১৪। 'এত বলি' প-র। ১৫। 'স্থির' ক, প-র।

তথা রাগ।১

মরম কহিলুঁ মো পুন২ ঠেকিলুঁ
সে জনার৩ পিরিতি-ফান্দে ।
রাতি দিন চিতে ভাবিতে ভাবিতে
তারে সে পরাণ কান্দে৪ ॥
বুকে বুকে মুখে চৌখে লাগিয়া থাকে৫
তমু মোরে সতত হারায়৬ ।
ও৭ বুক চিরিয়া হিয়ার মাঝারে
আমারে রাখিতে চায়৮ ॥
হার নহোঁ৯ পিয়া গলায় পরয়ে
চন্দন নহোঁ১০ মাখে গায়১১ ।
অনেক যতনে রতন পাইয়া
থুইতে সোয়াস্ত না পায়১২ ॥
কপূ'র তাম্বুল আপনি সাজিয়া১৩
মোর মুখ ভরি দেয় ।
হাসিয়া হাসিয়া চিবুক ধরিয়া
মুখে মুখ দেই১৪ লেয় ॥
সাজাঞা কাচাঞা১৫ বসন পরাঞা১৬
আবেশে লইয়া কোরে১৭ ।
দীপ লৈয়া হাতে মুখ নিরখিতে১৮
তিতিল নয়ান লোরে১৯ ॥
চরণে ধরিয়া যাবক রচই২০
আউলায়্যা২১ বান্ধয়ে কেশ ।
বলরাম চিতে ভাবিতে ভাবিতে
পাঁজর হইল শেষ ॥১৪॥৬৭৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৫২ সংখ্যক ও প-র পুথির ১৩৫২ সংখ্যক পদ। 'তথা রাগ' স্থলে 'সুহই' প-র। ২। 'পুন' স্থলে 'পুনি' খ, প-র-সা। ৩।'সে জনার' স্থলে 'সে শ্যাম' প-র-সা। ৪। এ স্থলে প-র পুথিতে 'ঞ' চিহ্ন আছে। 'মরম কহিলুঁ' ইত্যাদি পংক্তি চারিটি প-র পুথিতে 'আমারে রাখিতে চায়' পংক্তির পরে সন্নিবেশিত হইয়াছে। ৫। 'চৌখে লাগিয়া থাকে' স্থলে 'চোখে লাগি থাকে' ক; 'চোখে লাগিয়া থাকি' খ; 'চোখে লাগিয়া রহি' প-র-সা। 'বুকে বুকে' ইত্যাদি পংক্তির পরিবর্ত্তে প-র পুথির পাঠ যথা,—'বুকে বুকে মুখে চখ্যে লাগিয়া থাকিয়ে গো'। ৬। 'তমু' ইত্যাদি স্থলে 'তমু পিয়া সদাই হারায়' প-র। ৭। 'এ' খ, প-র-সা। ৮। 'আমারে রাখিতে চায়' স্থলে 'সদাই রাখিতে চায়' ক; 'আমারে থুইতে চায়' প-র। ৯-১০। 'নহে' ক; 'ন হঙ' প-র-সা; 'নাহি' প-র। ১১। 'মাখো' ক। ১২। 'থুইতে' ইত্যাদি স্থলে 'থুইতে ঠাঞি না পায়' ক; 'থুইতে স্বস্ত নাহি পায়' প-র-সা। 'অনেক যতনে' ইত্যাদি পংক্তিদ্বয়ের পরিবর্ত্তে প-র পুথির পাঠ যথা,—

'অতি অভিলাষে মতি বেয়াকুল
থুইতে থল না পায়।'

১৩। 'সাজাইয়া' ক, খ; 'চিবাইয়া' প-র-সা। 'কর্পূর তাম্বুল' ইত্যাদি পংক্তি-চতুষ্টয় প-র পুথিতে

নাই। ১৪। 'দিয়া' ক, প-র-সা। ১৫। 'সাজাঞা কাচাঞা' স্থলে 'সাজাইয়া কাচায়া' চ; 'সাজায়া কাছায়া' প-র-সা। ১৬। 'পরায়া' প-র-সা। ১৭। 'আবেশে' ইত্যাদি স্থলে 'আদরে বসায় কোরে' প-র। ১৮। 'মুখ নিরখিতে' স্থলে 'মুখানি দেখিতে' প-র। ১৯। 'নীরে' প-র-সা, প-র। ২০। 'রচয়ে' প-র-সা। ২১। 'আলাঞা' ক; 'আউলায়া' খ; 'এলাঞা' ঘ; 'এলাইয়া' চ; 'আলুই' প-র-সা; 'খসাঞা' প-র। 'চরণে ধরিয়া' ইত্যাদি পংক্তিদ্বয়ের পরিবর্ত্তে প-র পুথির পাঠ যথা,—

'মুখানি মোছাঞা পরায়ে সিন্দুর
খসাঞা বান্ধয়ে কেশ।'

টীকা

৯—১২। "হার" ইত্যাদি। (আমি) হার নহি, (তথাপি) প্রিয়তম (আমাকে যেন) গলায় পরিধান করে; (অর্থাৎ আমার ভুজ-লতাদ্বয় তাঁহার কণ্ঠে সংলগ্ন করাইয়া রাখে); আমি চন্দন নহি, (তথাপি) সে আমাকে (যেন) গায় মাখে; (অর্থাৎ সুদৃঢ় আলিঙ্গনে আমার অঙ্গের সহিত অঙ্গ মিশাইয়া রহে); (যেন দরিদ্র) বহু চেষ্টায় রত্ন পাইয়া উহাকে কোন স্থানে রাখিয়া শান্তি পাইতেছে না। তুলনা করুন,—

"সই কি না সে বন্ধুর প্রেম।
আঁখি পালটিতে নহে পরতীত
যেন দরিদ্রের হেম॥"

—জ্ঞানদাস; প-ক-ত; ৬৭৮ সংখ্যক পদ।

শ্রীরাগ।[১]

সই[২] কি না সে বন্ধুর[৩] প্রেম।
আঁখি পালটিতে নহে পরতীত[৪]
যেন দরিদ্রের[৫] হেম॥ ধ্রু[৬]॥
হিয়ায় হিয়ায় লাগিব লাগিয়া[৭]
চন্দন না মাখে[৮] অঙ্গে।
গায়ের ছায়া বায়ের দোসর[৯]
সদাই ফিরয়ে সঙ্গে[১০]॥
তিলে কত বেরি[১১] মুখানি হেরয়ে[১২]
আঁচরে মোছায়ে[১৩] ঘাম।
কোরে থাকিতে কত[১৪] দূর হেন মানয়ে[১৫]
তেঞি সদাই লয়ে নাম[১৬]॥
জাগিতে ঘুমাইতে[১৭] আন নাহি চিতে
রসের পসার[১৮] কাছে।
জ্ঞানদাস কহে এমন পিরিতি
আর কি জগতে আছে॥১৫॥৬৭৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৫৩ সংখ্যক ও প-র পুথির ১৩৫৯ সংখ্যক পদ। 'শ্রীরাগ' স্থলে 'তুড়ী' প-র। ২। 'সোই' ঘ, চ। ৩। 'কানুর' প-র-সা। ৪। 'নহে পরতীত' স্থলে 'নহে পরতীতে' ক; 'নহে পরতিত' ঘ, চ; 'নাহি পরতীত' প-র। ৫। 'দারিদ্রের' ক, খ, প-র। ৬। ক, খ, ঘ, চ ও প-র পুথিতে 'ধ্রু' নাই। প-র পুথিতে 'তিলে কত বেরি' ইত্যাদি পংক্তি চারিটি এই পদের প্রথমে সন্নিবেশিত হইয়াছে। ৭। 'লাগিব লাগিয়া' স্থলে 'লাগিয়া বলিয়া' প-র। ৮। 'চন্দন না মাখে' স্থলে 'চন্দন মাখয়ে' প-র-সা, 'চন্দন না পরে' প-র। ৯। 'বায়ের দোসর' স্থলে 'রাইয়ের দোসর' ক, খ; 'রায়ের দোসর' ঘ। ১০। 'সদাই' ইত্যাদি স্থলে 'রাতি দিন থাকে সঙ্গে' প-র-সা, প-র। ১১। 'বার' প-র-সা। ১২। 'মুখানি হেরয়ে' স্থলে 'মুখ নেহারয়ে' ক; 'মুখ নিরখয়ে' প-র-সা; 'মুখে নিরখিয়া' প-র। ১৩। 'মুছই' প-র; 'মোছয়ে' ক। ১৪। 'থাকিতে কত' স্থলে 'থাকি কত' প-র-সা; 'থাকিতে' চ। ১৫। 'দূর হেন মানয়ে' স্থলে 'দূরে হেন মানয়ে' ক; 'দূর হেন মানে' চ, প-র-সা;

'দূরে হেন বাসয়ে' প-র। ১৬। 'সদাই' ইত্যাদি স্থলে 'সদাই লই নাম' ক; 'সদাই লইয়ে নাম' খ, ঘ; 'সদা লয় নাম' প-র-সা; 'সদাই করি নাম' প-র। ১৭। 'ঘুমাত্যে' প-র। ১৮। 'পসরা' ক।

টীকা

৪—৭। "হিয়ায়" ইত্যাদি। (আলিঙ্গন-কালে) বক্ষে বক্ষে সংলগ্ন হইবে বলিয়া, (প্রিয়তম) অঙ্গে চন্দন মাখে না; (অর্থাৎ বক্ষে চন্দন মাখিলে আলিঙ্গন-কালে চন্দন মধ্যে থাকায় বক্ষের সহিত বক্ষ সংলগ্ন হইবে না মনে করিয়া বক্ষে চন্দনানুলেপন ধারণ করে না)। সে (আমার) গায়ের ছায়া ও (গায়ের) বাতাসের সহচর অর্থাৎ সাথী হইয়া সর্ব্বদা আমার সঙ্গে ভ্রমণ করে। তুলনা করুন,—

"ছায়ায় ছায়ায় লাগিব লাগিয়া
ফিরয়ে কতেক পাকে।
আমার অঙ্গের বাতাস যে দিগে
সে মুখে সে দিন থাকে।"

—রায়শেখর; প-ক-ত; ৬৭৯ সংখ্যক পদ।

তথা রাগ।১

সই২ পিরিতি পিয়া সে৩ জানে।
যে দেখি যে শুনি চিতে অনুমানি
নিছনি দিয়ে পরাণে ॥ধ্রু॥
মো৪ যদি সিনাও আগিলা৫ ঘাটে৬
পিছিলা ঘাটে সে নায়৭।
মোর অঙ্গের৮ জল পরশ লাগিয়া
বাহু পসারিয়া রয়৯ ॥
বসনে বসন লাগিবে১০ লাগিয়া১১
একই রজকে১২ দেয়।
মোর নামের আধ-১৩ আখর পাইলে
হরিষ হইয়া লেয়১৪ ॥
ছায়ায় ছায়ায় লাগিব লাগিয়া১৫
ফিরয়ে কতেক পাকে।
আমার১৬ অঙ্গের বাতাস যে দিগে১৭
সে মুখে সে দিন থাকে১৮ ॥
মনের আকুতি বেকত করিতে
কত না১৯ সন্ধান জানে।
পায়ের সেবক রায় শেখর
কিছু বুঝে অনুমানে২০ ॥১৬॥৬৭৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৫৪ সংখ্যক ও প-র পুথির ১৩।৬১ সংখ্যক পদ। 'তথা রাগ' স্থলে 'সুহই' প-র। ২। 'সোই' ঘ, চ। ৩। 'পিরিতি পিয়া সে' স্থলে 'পিয়া সে পিরিতি' প-র-সা, প-র। ৪। 'মু' প-র-সা। ৫। 'আগের' প-র। ৬। 'ঘাটেতে' প-র। ৭। 'পিছিলা' ইত্যাদি স্থলে 'পিছে ঘাটে পিয়া নায়' প-র। ৮। 'অঙ্গ' প-র। ৯। 'বাহু' ইত্যাদি স্থলে 'পাথারে সাতার বায়' প-র-সা; 'বাহু পসারিয়া ধায়' প-র। ১০। 'লাগিব' প-র-সা, প-র। ১১। 'বলিয়া' প-র। ১২। 'একই রজকে' স্থলে 'এক রজকেরে' প-র। ১৩। 'নামের আধ' স্থলে 'নাম আধা' প-র। ১৪। 'নেয়' প-র-সা, প-র। ১৫। 'লাগিব লাগিয়া' স্থলে 'লাগিবে লাগিয়া' ক, চ; 'লাগিবার লাগি' প-র। ১৬। 'আমার' স্থলে 'এ মোর' প-র। ১৭। 'যে দিগে' স্থলে 'লাগিয়া' প-র। ১৮। 'সে মুখে' ইত্যাদি স্থলে 'সে দিগে সে দিন থাকে' খ, প-র-সা; 'সে দিন সে সুখে থাকে' প-র। ১৯। 'কত না' স্থলে 'কতেক' প-র। ২০। 'পায়ের সেবক' ইত্যাদি পংক্তিদ্বয় প-র পুথিতে নাই; উহার জন্ত একটু জায়গা খালি রাখা হইয়াছে।

টীকা

১২—১৫। "ছায়ায়" ইত্যাদি। (আমার) ছায়া ও (তাহার) ছায়া সংলগ্ন হইবে বলিয়া, (সে) কত প্রকার চেষ্টায় ঘুরে; (অর্থাৎ আমার

অঙ্গ-স্পর্শ ত দূরের কথা, আমার ছায়ার সহিত তাহার ছায়া মিশ্রিত হইলেও সে আনন্দে অধীর হয় এবং সেই জন্য ছায়ার সহিত ছায়া মিশাইতে নানা কৌশল অবলম্বন করে); আমার অঙ্গসংলগ্ন বায়ু যে দিক্ হইতে প্রবাহিত হয়, সে সেই দিবস সেই বায়ুর দিকে মুখ করিয়া থাকে; (অর্থাৎ আমার অঙ্গ-সংলগ্ন বায়ুর স্পর্শেও সে কিয়ৎ পরিমাণে আমার আলিঙ্গনের সুখ অনুভব করে বলিয়া সেই বায়ুকে সাদরে আলিঙ্গন করে)। তুলনা করুন,—

"আলিঙ্গ্যন্তে গুণবতি ময়া তে তুষারাদ্রিবা তাঃ
পূর্ব্বং স্পৃষ্টং যদি কিল ভবেদঙ্গমেভিস্তবেতি।"
—মেঘদূত।

"বহু মনুতে ননু তে তনুসঙ্গত-পবন-চলিতমপি রেণুং।"
—গীতগোবিন্দ।

তিরোথা ধানশী।১

কি পুছসি রে সখি কানুক নেহ২।
এক জিউ বিহি সে গঢ়ল৩ ভিন দেহ৪॥
কহিল যে কাহিনি৬ পুছে৭ কত বেরি।
না জানি কি পায়ই৮ মধু মুখ হেরি॥
বিনি মধু দরশ পরশে৯ নাহি জীব।
মো বিনু পিয়াসে পানি নাহি পীব॥
উর বিনু শেজ পরশ নাহি পাই১০।
চীবহি১১ বিনু তাম্বুল নাহি খাই॥
ঘুমক১২ আলসে যদি পালটিয়ে১৩ পাশ।
মান ভয়ে মাধব১৪ উঠয়ে তরাস॥
আন সঞে কাহিনি না সহে পরাণ।
আন সম্ভাষণে হরয়ে১৬ গেয়ান॥
কহে কবিরঞ্জন শুন বর-নারি।
তোহারি পরশ-রসে১৭ লুবধ মুরারি॥
১৭॥৬৮০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৫৫ সংখ্যক ও প-র পুথির ১৩৪৯ সংখ্যক পদ। ২। 'লেহ' ক, চ, প-র-সা; 'নেহা' প-র। ৩। 'গড়ল' প-র-সা। ৪। 'দেহা' প-র। ৫। 'কহিলে' ক, চ। ৬। 'যে কাহিনি' স্থলে 'কাহিনি রে' প-র। ৭। 'পুছয়ে' প-র-সা; 'পুছই' প-র। ৮। 'না জানি' ইত্যাদি স্থলে 'না জানি কত সুখ পায়' প-র-সা; 'কত সুখ পাওই' প-র। ৯। 'বিনি মধু' ইত্যাদি স্থলে 'মধু বিনে দরশে পরশে' ক, খ, চ; 'মো বিনে দরশে পরশে' ঘ; 'বিনি মধু দরশনে পরশে' প-র। ১০। 'উর বিনু' ইত্যাদি স্থলে 'উরহি বিনু সখি শেজ না পাই' প-র। 'উর বিনু' ইত্যাদি পংক্তি-দ্বয় প-র পুথিতে 'মানভয়ে মাধব উঠয়ে তরাস' পংক্তির পরে সন্নিবেশিত হইয়াছে। ১১। 'চিবহি' ক, প-র-সা; 'চীরহি' চ। ১২। 'ঘুমের' ক, খ, চ, প-র-সা; 'ঘুমে' ঘ। ১৩। 'পালটি হও' প-র। ১৪। 'নাগর' প-র-সা। ১৫। 'সবে' প-র-সা। ১৬। 'আন' ইত্যাদি স্থলে 'আন সম্ভাষে না হরয়ে' ক। ১৭। 'পরশ-রসে' স্থলে 'প্রেমধনে' প-র।

টীকা

১১—১২। "আন" ইত্যাদি। (আমার) অন্যের সহিত কথোপকথন (তাঁহার) প্রাণে সহ্য হয় না; (আমি) অন্যকে সম্ভাষণ করিলে (তাঁহার) জ্ঞান বিলুপ্ত হয়। শ্রীরাধা ও শ্রীকৃষ্ণের পরস্পরের নিকট দুর্ল্লভতা হেতু অন্য কার্য্যে ব্যয়িত তিলমাত্র সময়ও তাঁহারা অসহনীয় জ্ঞান করেন,—ইহাই 'আন সঞে' ইত্যাদি শ্লোকের ভাবার্থ বটে; অন্যথা নায়ক-শিরোমণি শ্রীকৃষ্ণের কার্য্যে অধম-নায়কোচিত সন্দেহ-জনিত ঈর্ষার বর্ণনা রসাভাসের পরিপোষক হইয়া পড়ে শ্রীরূপ গোস্বামী উজ্জ্বলনীলমণি গ্রন্থে শ্রীকৃষ্ণের সহিত ব্রজ-সুন্দরীদিগের প্রেম-লীলার শ্রেষ্ঠতা প্রমাণিত করিতে যাইয়া ভরত মুনির নিম্ন-লিখিত বাক্য উদ্ধৃত করিয়াছেন; যথা,—

"বহু বার্য্যতে যতঃ খলু
যত্র প্রচ্ছন্নকামুকত্বঞ্চ।
যা চ মিথো দুর্ল্লভতা
সা মন্মথস্য পরমা রতিঃ।"

সুহই।[১]

অবলা কি জানি গুণ ধরে[২]।
রসিক-মুকুট-মণি নাগর হইয়া গো
এত না আদর কেনে করে ॥ধ্রু॥
মোর অঙ্গ-সঙ্গ আশে[৩] লালসা পাইয়া[৪] বৈসে[৫]
রসে পহুঁ বোলে[৬] জিলুঁ জিলুঁ।
নিজ[৭] অনুগত জনে[৮] গণিয়া রাখিহ মনে
এ তনু তোমারে[১০] দিলুঁ দিলুঁ ॥
আউলাঞা কবরী-ভার[১১] বেশ করে বারে বার[১২]
বসন পরায় কুতূহলে[১৩]।
বসাঞা[১৪] আপন উরে নূপুর পরায় মোরে
চরণ পরশে কর-তলে[১৫] ॥
বঁধুয়া বলয়ে ধনি কালিয়া-কস্তুরী খানি
ও রাঙ্গা চরণ-তলে[১৬] মাখি।
সখীর সমাজে তোর ঘোষণা রহুক মোর
নিগূঢ় মরম তার[১৭] সাখী ॥
বিদগধ শ্যাম-রায় বসনে করয়ে বায়
আপনে যোগায় গুয়া-পাণ।
গোবিন্দদাসের বাণী শুন রাধা বিনোদিনি[১৮]
তেঞি তুমি শ্যামের পরাণ ॥১৮॥৬৮১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৫৬ সংখ্যক ও প-র পুথির ১৩৫৮ সংখ্যক পদ। 'সুহই' স্থলে 'বিভাষ' প-র। ২। 'অবলা' ইত্যাদি স্থলে 'সই অবলা কি গুণ জানি ধরে' প-র। ৩। 'রসে' খ, প-র। ৪। 'হইয়া' প-র-সা। ৫। 'লালসা' ইত্যাদি স্থলে 'আনন্দসাগরে ভাসে' প-র। ৬। 'রসে পহুঁ বোলে' স্থলে 'বঁধুয়া বলে' ক, প-র-সা; 'হরিষে বোলয়ে' প-র। ৭। 'বুঝি' প-র। ৮। 'নিজ' ইত্যাদি স্থলে 'সখীর মাঝারে তোরে' ঘ। ৯। 'গণিয়া' ইত্যাদি স্থলে 'গণিয়া রাখিবে মনে' ক; 'গণিয়া লইহ মনে' খ; 'গণিয়া রাখিয় মনে' চ; 'গণিয়া লইবা মোরে' ঘ; 'ভাবিয়া লইহু মনে' প-র। ১০। 'এ তনু তোমারে' স্থলে 'বন্ধুরে আপনা' প-র। ১১। 'আউলাঞা' ইত্যাদি স্থলে 'আবাঞা কুন্তলভার' প-র। ১২। 'বার বার' প-র। ১৩। 'কত বার' প-র। ১৪। 'বসাইয়া' প-র-সা। ১৫। 'কর-তলে' স্থলে 'শতবার' প-র। ১৬। 'চরণ-তলে' স্থলে 'চরণে ভাল' খ, ঘ। ১৭। 'চরম তার' স্থলে 'প্রেমের এই' প-র। ১৮। 'বিনদিনি' ঘ; 'ঠাকুরাণি' প-র।

টীকা

১২—১৫। "বঁধুয়া" ইত্যাদি। বন্ধু বলেন—সুন্দরি! কালো কস্তুরীখানা (ধ্বনিগম্য অর্থে—আমার কৃষ্ণ অঙ্গখানা) (তোমার) ঐ আরক্তিম চরণের তলে ঘর্ষণ করিতে চাহি! তোমার সখী-বর্গের মধ্যে (তোমার সেবক বলিয়া) আমার খ্যাতি থাকুক; (আমার) গভীর মনোবাসনাই আমার উক্তির প্রমাণ।

ধানশী।[১]

রাতি দিনে[২] চৌখে চৌখে[৩] বসিয়া সদাই দেখে
ঘন ঘন মুখখানি মাজে।
উলটি পালটি চায় সোয়াস্ত নাহিক পায়[৪]
কত বা[৫] আরতি হিয়ার মাঝে ॥
সই ও দুখ লাগিয়া আছে মনে[৬]।
যারে বিদগধ-রায় বলিয়া জগতে[৭] গায়
মোর আগে কিছুই না জানে ॥ধ্রু॥

জ্বালিয়া উজ্জ্বল বাতি জাগিয়া পোহায়[৮] রাতি
নিঁদ নাহি যায় পিয়া ঘুমে[৯] ।
ঘন ঘন করে কোলে খেণে করে উতরোলে[১০]
তিলে শতবার মুখ চুমে ॥
খেণে বুকে খেণে পিঠে খেণে রাখে দিঠে দিঠে
হিয়া হৈতে শেজে না ছোয়ায়[১১] ।
দরিদ্রের[১২] ধন হেন রাখিতে[১৩] না পায় স্থান[১৪]
অঙ্গে অঙ্গে সদাই ফিরায় ॥
ধরিয়া দুখানি হাতে কখন ধরয়ে[১৫] মাথে
খেণে ধরে[১৬] হিয়ার উপরে ।
খেণে পুলকিত হয় খেণে আঁখি মুদি রয়
বলরাম কি কহিতে পারে ॥১৯॥৬৮২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৫৭ সংখ্যক ও প-র পুথির ১৩৫৪ সংখ্যক পদ। 'ধানশী' স্থলে 'কামোদ করুণ' প-র। ২। 'রাত্যে দিনে' প-র। ৩। 'চোখ্যে চোখ্যে' চ; 'চখ্যে চখ্যে' প-র। ৪। 'সোয়াত' ইত্যাদি স্থলে 'তভো স্বাস্ত নাহি পায়' প-র। ৫। 'না' প-র-সা। ৬। 'সই' ইত্যাদি স্থলে 'সোই ও মুখ লাগিয়াছে মনে' চ; 'সই অপরূপ লাগিয়াছে মনে' প-র। ৭। 'জগত' প-র-সা। ৮। 'জাগিয়া পোহায়' স্থলে 'জাগি পোহাইল' ক, খ, ঘ, চ। ৯। 'নিঁদ' ইত্যাদি স্থলে 'ভাত না খায় নিন্দ না যায় ঘুমে' প-র। ১০। 'খেণে' ইত্যাদি স্থলে 'প্রাণধন কত বলে' প-র। ১১। 'শোয়ায়' ক। ১২। 'দারিদ্রের' ঘ, চ। ১৩। 'থুইতে' প-র। ১৪। 'থান' প-র। ১৫। 'কখন ধরয়ে' স্থলে 'দুই কর লয়' প-র। ১৬। 'রাখে' প-র।

তুড়ী।[১]

নয়ানে নয়ানে থাকে রাতি দিনে[২]
দেখিতে দেখিতে ধান্দে[৩] ।
চিবুক ধরিয়া মুখানি তুলিয়া
দেখিয়া দেখিয়া কান্দে ॥
সই কি ছার পরাণ ধরি ।
কি তার আরতি কিবা সে পিরিতি
জীতে কি পাসরিতে পারি ॥ধ্রু[৪] ॥
নিশ্বাস ছাড়িতে গুণে পরমাদে[৫]
কাতর হইয়া পুছে ।
বালাই লইয়া মো মরোঁ[৬] বলিয়া[৭]
আপনা দিয়া কত[৮] নিছে ॥
না জানি কি সুখে দাড়াঞা[৯] সমুখে
যোড় হাতে কিবা মাগে ।
যে করয়ে চিতে কে যাবে প্রতীতে[১০]
বলরাম চিতে[১১] জাগে ॥২০॥৬৮৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৫৪ ও প-র পুথির ১৩৫৫ সংখ্যক পদ। ২। 'রাত্যে দিনে' প-র। ৩। 'দেখিতে' ইত্যাদি স্থলে 'আঁখি পালটিতে সাধে' প-র। ৪। ক, খ, ঘ, চ পুথিতে 'ধ্রু' নাই। ৫। 'পরমাদ' ঘ, চ, প-র। ৬। 'মো মর' ক; 'মু মরোঁ' ঘ। ৭। 'বালাই' ইত্যাদি স্থলে 'তোমার বালাই লঞা মরি যাই' প-র। ৮। 'আপনা' ইত্যাদি স্থলে 'বলিয়া আপনা' প-র। ৯। 'দাণ্ডাইয়া' খ; 'দাণ্ডাঞা' প-র; 'দাড়াইয়া' প-র-সা। ১০। 'যে করয়ে' ইত্যাদি স্থলে 'তখন যে করে চিত, কে যাইবে পরতিত' প-র। ১১। 'বলরাম দাসের চিতে' প-র।

বিভাষ।[১]

কিবা সে কহিব[২] বঁধুর পিরিতি
তুলনা দিব যে[৩] কিসে ।
সমুখে রাখিয়া মুখ নিরখয়ে[৪]
পরাণ অধিক বাসে ॥

আপনার[৬] হাতে পান সাজাইয়া
মোর মুখ ভরি[৭] দেয়।
মোর মুখে[৮] দিয়া আদর করিয়া
মুখে মুখ দিয়া[৯] নেয় ॥
মরোঁ মরোঁ[১০] সই[১১] বঁধুর বালাই লৈয়া।
না জানি কেমনে আছয়ে এখনে[১২]
মোরে কাছে না দেখিয়া ॥ধ্রু[১৩]॥
করতলে ঘন বদন মাজই
বসন করয়ে[১৪] দূর।
পরশিতে অঙ্গ সকলি সোঁপিলুঁ
ধৈরজ পাওল[১৫] চূর[১৬] ॥
মরম বান্ধল নানা সুখ দিয়া
বচন ঠেলিতে[১৭] নারি।
যখন[১৮] যেমতি[১৯] করে অনুমতি
তখন[২০] তেমতি করি ॥
তোর সঞে সখি কথাটি কহিতে
সোয়াস্ত ন পাও[২১] হিয়া।
বলরাম কহে মরি যাই হেন[২২]
পিরিতি[২৩] বালাই লৈয়া ॥২১॥৬৮৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৫৯ সংখ্যক ও প-র পুথির ১৩৫৬ সংখ্যক পদ। ২। 'কিবা' ইত্যাদি স্থলে 'কি জানি কহিতে' প-র। ৩। 'বা' প-র। ৪। 'নিরখিয়া' ক। ৫। এ স্থলে ঘ, চ পুথিতে 'ধ্রু' চিহ্ন আছে। ৬। 'আপন' খ, ঘ, চ। ৭। 'মুখ ভরি' স্থলে 'মুখে তুলি' প-র। ৮। 'হাথে' খ, প-র। ৯। 'মুখে মুখ দিয়া' স্থলে 'নিজ মুখ তুলি' প-র। ১০। 'মরো মরো' ক; 'মোরু মোরু' খ। ১১। 'সই' শব্দ প-র পুথিতে নাই। ১২। 'আছয়ে এখনে' স্থলে 'আছয়ে বন্ধুয়া' ঘ; 'আছয়ে তখন' চ; 'আছে এতক্ষণে' প-র-সা। ১৩। 'না জানি' ইত্যাদি স্থলে 'না জানি কি করিছে পরাণ বন্ধুয়া' প-র। ক, খ, প-র-সা ও প-র পুথিতে 'ধ্রু' নাই; ঘ, চ পুথিতে পুনরায় 'ধ্রু' চিহ্ন আছে। ১৪। 'করই' প-র-সা। ১৫। 'হইল' প-র। ১৬। 'বুর' প-র-সা। ১৭। 'পেলিতে' প-র। ১৮। 'যখনে' ক, খ। ১৯। 'যেমন' প-র। ২০। 'তখনে' ক, খ; 'তখনি' প-র। ২১। 'পাএ' খ। ২২। 'মরি' ইত্যাদি স্থলে 'মরিয়া যাই' প-র। ২৩। 'পিরিতির' খ, প-র-সা, প-র।

টীকা

২০—২৩। "তোর" ইত্যাদি। হে সখি! তোর সঙ্গে (দুই একটি) কথা বলিতে যাইয়াও প্রাণে শান্তি পাইতেছি না; অর্থাৎ আমার প্রাণ সর্ব্বদা প্রিয়তমের চিন্তায় এরূপ বিভোর হইয়া আছে যে, উহাকে ক্ষণকালের জন্য বলপূর্ব্বক অন্য কোন প্রীতিকর কর্ত্তব্য কার্য্যে নিয়োজিত করিলেও যেন সে অস্থির হইয়া পড়ে! পদ-কর্ত্তা বলরাম বলিতেছেন,—(শ্রীরাধার) এই প্রকার (অপূর্ব্ব) প্রেমের বালাই লইয়া মরিতে ইচ্ছা হয়! 'তোর সঞে সখি' ইত্যাদি বাক্য দ্বারা শ্রীরাধার যে একান্ত তন্ময়তা ও সর্ব্ব-কর্ম্ম-পরিত্যাগ সূচিত হইয়াছে, প্রেমিক ও ভক্তের তাহাই পরম বাঞ্ছনীয়,—পদকর্ত্তা বলরাম ইহাই ইঙ্গিতে বুঝাইয়াছেন। তুলনা করুন,—

"সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ।
অহং ত্বাং সর্ব্বপাপেভ্যো মোক্ষয়িষ্যামি মা শুচঃ॥"
—গীতায় শ্রীভগবদ্বাক্য।

সিন্ধুড়া।১

নিজ পরসঙ্গ স্বপনে না করে
আনে না পাতয়ে কাণ।
দিঠে দিঠে রহে নিমিখ না বহে[২]
নিরখে মধু বয়ান ॥

কি না[৩] সে বন্ধুর পিরিতি কিরিতি[৪]
কহিতে কহিব কী[৫] ।
সে সব চরিতে কত উঠে চিতে
পরাণ নিছনি দী[৭] ॥
খেণে খেণে তনু[৮] পুলকে আকুল
তিলেক না ছাড়ে সঙ্গ ।
হাসির মিশালে রসের আলাপ
অমিয়া সিনায় অঙ্গ ॥
এত করি মোরে কোরে আগোরয়ে[৯]
রঞ্জয়ে বেশ বিশেষ ।
জ্ঞানদাস কহে ধনি ধনি সেহ
যাহে এ পিরিতি-লেশ ॥২২॥৬৮৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৬০ সংখ্যক পদ। ২। 'রহে' ক, খ, ঘ, চ। ৩। 'কি না সে' স্থলে 'সই কি না সে' ক, খ; 'সোই কি না সে' ঘ, চ; 'কিবা সে' প-র-সা। ৪। 'পিরিতিকি রীতি' ক, খ। ৫। 'কি' ক, খ, ঘ, প-র-সা। ৬। 'সো' ক, খ। ৭। 'দি' ক, খ, ঘ, প-র-সা। ৮। 'তবু' প-র-সা। ৯। 'আগোরয়' ক।

টীকা

১—৪। "নিজ" ইত্যাদি। (প্রিয়তম) স্বপ্নেও নিজের সম্বন্ধে কোন কথা বলেন না; অন্যের কথায়ও কাণ দেন না; তিনি (সর্ব্বদা) আমার পানে তাকাইয়া থাকেন; (তাঁহার) (নেত্রে) পলক চলে না; (শুধু) আমার মুখ নিরীক্ষণ করেন।

ভাটিয়ারি ।[১]

কত নাস-বেশ[২] করি পরায়[৩] পাটের শাড়ী
সাধে সাধে সমুখে হাটায় ।
দেখিয়া হাটন মোর হইয়া আনন্দে ভোর
দুই বাহু পসারিয়া ধায়[৪] ॥
সই তেঞি[৫] সে হিয়ার মাঝে জাগে ।
কত কুলবতী যারে হেরিয়া ঝুরিয়া মরে[৬]
সেহ[৭] যোড় হাথে[৮] মোর আগে ॥ধ্রু॥
অতিরসে গরগরি কাঁপে পহু থরহরি
আরতি করিয়া কোলে[৯] করে ।
ঘন ঘন চুম্বনে নিবিড়[১০] আলিঙ্গনে
ডুবাইল রসের সাগরে ॥
চন্দন মাখায়[১১] গায় দেয়[১২] বসনের বায়
নিজ করে তাম্বুল খাওয়ায় ।
বিনি কাজে কত পুছে কত না মুখানি মোছে
হেন বাসে[১৩] দেখিতে হারায় ॥
তুমি মোর ধন প্রাণ[১৪] তোমা বিনে নাহি আন
কহে পিয়া গদগদ ভাষে ।
যতেক পিরিতি তার জগতে কি আছে আর
কি বলিবে[১৫] বলরাম দাসে ॥২৩॥৬৮৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৬১ সংখ্যক ও প-র পুথির ১৩৫৩ সংখ্যক পদ। 'ভাটিয়ারি' স্থলে 'সুহই' প-র। ২। 'কত নাস-বেশ' স্থলে 'কত না বেশ' ঘ; 'নাসবেশ' ক, খ, প-র-সা। ৩। 'পরায়ে' খ, প-র-সা। ৪। 'যায়' প-র। ৫। 'তেহ' প-র-সা; 'বন্ধু' প-র। ৬। 'হেরিয়া' ইত্যাদি স্থলে 'ধেয়ানে ভাবিয়া মোরে' প-র। ৭। 'সেই' ক, খ, ঘ, চ। ৮। 'হাতে' ক, খ, প-র-সা। ৯। 'কোরে' প-র-সা। ১০। 'ঘন ঘন' প-র। ১১। 'লাগায়' প-র-সা; 'মাখাইয়া' প-র। ১২। 'দেই' প-র। ১৩। 'বা সে' ঘ। ১৪। 'প্রাণ-ধন' ক; 'জাতিপ্রাণ' প-র। ১৫। 'কি বলিবে' স্থলে 'গুণ গায়' প-র।

ধানশী ।১

শিশুকাল হৈতে বন্ধুর সহিতে
পরাণে পরাণে নেহা২ ।
না জানি কি লাগি৩ কো বিহি গঢ়ল৪
ভিন ভিন করি দেহা৫ ॥
সই কিবা সে পিরিতি তার ।
আলস করিয়া নারি৬ পাসরিতে৭
কি দিয়া শোধিব৮ ধার ॥ধ্রু॥
আমার অঙ্গের বরণ লাগিয়া
পীত বাস পরে শ্যাম ।
প্রাণের অধিক করের মুরলী৯
লইতে আমার নাম ॥
আমার অঙ্গের বরণ সৌরভ
যখন যে দিগে পায় ।
বাহু পসারিয়া বাউল হইয়া১০
তখন১১ সে দিগে ধায় ॥
লাখ১২ কামিনী১৩ ভাবে রাতি দিনি১৪
যে পদ সেবিতে চায়১৫ ।
জ্ঞানদাস কহে১৬ আহীর-নাগরী১৭
পিরিতে বান্ধিলা১৮ তায়১৯ ॥২৪॥৬৮৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৬২ সংখ্যক ও প-র পুথির ১৪১৩ সংখ্যক পদ। 'ধানশী' স্থলে 'সুহই সিন্ধুড়া' প-র। ২। 'লেহা' ক, চ, প-র-সা। ৩। 'কি লাগি' স্থলে 'কি খেনে' প-র। ৪। 'কো বিহি গঢ়ল' স্থলে 'বিধাতা কেমনে' প-র। 'না জানি' ইত্যাদি স্থলে 'না জানি কো বিহি, কি লাগি গঢ়ল' প-র-সা। ৫। 'করি দেহা' স্থলে 'কৈল দেহা' প-র-সা, প-র। ৬। 'নারে' ক, চ। ৭। 'পাশ দিতে' ক, চ। ৮। 'সুধিব' ক। ৯। 'প্রাণের' ইত্যাদি স্থলে 'পরাণ পুতলি, অধিক মুরলী' প-র। প-র পুথিতে 'পরাণ পুতলি' ইত্যাদি পংক্তিদ্বয় 'আমার অঙ্গের' ইত্যাদি পংক্তিদ্বয়ের পূর্ব্বে সন্নিবেশিত হইয়াছে। ১০। 'বাউল হইয়া' স্থলে 'বাউর হইয়া' প-র সা; 'বাহু পসারিয়া' ইত্যাদি স্থলে 'বাউর হইয়া, বাহু পসারিয়া' প-র-সা। ১১। 'সে দিনে' প-র-সা। ১২। 'লাখ যে' প-র-সা। ১৩। 'লখিমী' প-র। ১৪। 'দিনে' খ। 'ভাবে রাতি দিনে' বাক্যটি প-র পুথিতে নাই। ১৫। 'যে পদ' ইত্যাদি স্থলে 'ভাবিয়া না পায় যাবে' প-র-সা, প-র। ১৬। 'জ্ঞানদাস কহে' স্থলে 'কহে চণ্ডীদাসে' প-র; 'কবিশেখরে কহে' সা-প, ২০১ সংখ্যক পুথি। এতদ্ভিন্ন এই পুথিতে সামান্ত সামান্ত অনেক পাঠ-ভেদ আছে, তাহা এ স্থলে বাহুল্য-ভয়ে উদ্ধৃত হইল না। ১৭। 'আহীর' স্থলে 'আভির' প-র। ১৮। 'বান্ধল' ক, চ; 'বান্ধিল' প-র-সা। ১৯। 'তারে' প-র।

সিন্ধুড়া ।১

পিয়ার কথা কি পুছসি রে সখি২
পরাণ নিছনি৩ দিয়ে ।
গইড়ের৪ কুটাগাছি শিরে ঠেকাইয়া
আলাই বালাই তার নিয়ে৫ ॥ধ্রু॥
হাত দিয়া দিয়া মুখানি মোছাঞা৬
দীপ নিয়া নিয়া৭ চায় ।
কতেক যতনে পাইয়া রতনে
থুইতে ঠাঞি না৮ পায় ॥
কত না আদরে রসের বাদরে
নিমগন কৈল মোরে ।
তিলে না দেখিলে নিমিখ তেজিলে
ভাসয়ে নয়ান-লোরে ॥
সে হেন নাগর রসের সাগর
গুণের নাহিক সীমা ।
দাস গোবিন্দে৯ কহল আনন্দে১০
তুমি সে জান মহিমা১১ ॥২৫॥৬৮৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৬৩ সংখ্যক পদ। ২। 'পিয়ার' ইত্যাদি স্থলে ক, খ, ঘ, চ পুথির পাঠ যথা—'এমন পিয়ার কথা কি পুছসি রে সখি।' ৩। 'নিছিয়া' খ, ঘ। ৪। 'গড়্যের' ক; 'গড়্যার' প-র-সা। ৫। 'আলাই' ইত্যাদি পাঠ সকলগুলি পুথিতে দৃষ্ট হইলেও উহা ছন্দোভঙ্গ-দোষ-দুষ্ট বলিয়া সম্ভবতঃ 'আলাই বালাই নিয়ে' শুদ্ধ পাঠ হইবে। ৬। 'মুছাইয়া' প-র-সা। ৭। 'লৈয়া লৈয়া' প-র-সা। ৮। 'নাহি' খ। ৯। 'গোবিন্দ' প-র-সা। ১০। 'আনন্দ' প-র-সা। ১১। গোবিন্দদাসের এই পদটির প্রথম দুইটি শ্লোকের সহিত বিদ্যাপতির 'এমন পিয়ার কথা কি পুছসি রে সখি' ইত্যাদি পদের প্রথম দুইটি শ্লোক অভিন্ন; বিদ্যাপতির উক্ত পদটি পদকল্পতরুর চতুর্থ শাখার সপ্তবিংশ পল্লবে উদ্ধৃত হইয়াছে।

তথা রাগ।[১]

যবে দেখা দেখি হয়[২] হেন তার মনে লয়[৩]
নয়ানে নয়ানে মোরে পিয়ে।
পিরিতি আরতি দেখি হেন মনে লয় সখি
আমি তারে চাহিলে সে জিয়ে॥
আহা মরি মরি মুঞি কি কব[৪] আরতি।
কি দিয়া শোধিব[৫] শ্যাম বঁধুর পিরিতি॥ধ্রু॥
রসিয়া[৬] নাগর যে নিতুই দুয়ারে সে
বিনা কাজে কত আইসে যায়।
জ্ঞানদাস তবে কয় তোমার চিতে[৭] যেবা লয়
তাহা বা কহিবা তুমি কায়॥২৬॥৬৮৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৬৪ সংখ্যক পদ। ২। 'হয়ে' ক, খ, চ। ৩। 'লয়ে' ক, খ, চ। ৪। 'কয়ব' ক। ৫। 'সুধিব' ক, ঘ, চ। ৬। 'রসিক' ক। ৭। 'চরিত' ক।

গান্ধার।[১]

কাহারে কহিব কানুর পিরিতি
তুমি সে বেদনী সই।
সে রস-ধাধসে ধস-ধস হিয়া
তেঞি সে তোমারে কই॥
ও নব নাগর রসের সাগর
আগর[৩] সকল গুণে।
সে সব চরিতি আদর পিরিতি[৪]
ঝুরিয়া[৫] মরিব[৬] মেনে[৭]॥
পিরিতি-বোলে কত না ছলে[৯] সে
কি না সে আকুতি সাধে।
মান মাশিয়া মধুর ভাষিয়া[১০]
হাসিয়া মরম বাঁধে[১১]॥
সে মোরে[১২] কোলেতে করিয়া ভরিয়া[১৩]
বদনে বদন দিয়া।
মধুর চুম্বিয়া বিধু বিড়ম্বিয়া
পরাণ লইল পিয়া॥
কাঁচুয়া[১৪] ফাঁড়িয়া সে রস লুটিয়া
ভুলিয়া[১৫] মধুপ জনু।
কমল-কোরক ভরমে[১৬] কি কৈল[১৭]
গুণেত ঘুণিত[১৮] তনু॥
ও দিঠি-চাতুরী মুখের[১৯] মাধুরী
লহরী কত বা[২০] আর।
এ সুখ[২১] শুনিতে ঝুরি না মরয়ে[২২]
দাস গোবিন্দ ছার॥২৭॥৬৯০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৬৫ ও ১৪১৯ সংখ্যক পদ। এই পদটি তৃতীয় শাখার একাদশ পল্লবে ৯:৮ সংখ্যক পদরূপে পুনরায় উদ্ধৃত হইয়াছে; উহাতে পাঠের কিঞ্চিৎ ব্যতিক্রম দৃষ্ট হয়। ২। 'সে রস' স্থলে 'রসের' ক, খ, ঘ, চ (৯৩৮ সংখ্যক পদ); 'সে সভ' প-র-সা (১৪১৯ সংখ্যক পদ)।

৩। 'আগোর' ক (৬৯০ সংখ্যক পদ)। ৪। 'সে সব' ইত্যাদি পংক্তি স্থলে 'সে রস পিরিতি আদর আরতি' ক, চ (৯৩৮ সংখ্যক পদ); 'সে সব পিরিতি আদর আরতি' খ, ঘ (৯৩৮ সংখ্যক পদ)। ৫। 'বুঝিয়ে' প-র-সা (১১৬৫ সংখ্যক পদ)। ৬। 'মরিয়ে' ক, চ (৬৯০ সংখ্যক পদ)। ৭। 'মনে' ক (৬৯০ সংখ্যক পদ), প-র-সা (১১৬৫ সংখ্যক পদ)। ৮। 'বোল' ক, খ, ঘ, চ (৯৩৮ সংখ্যক পদ)। ৯। 'ছল' ক, চ, (৯৩৮ সংখ্যক পদ)। ১০। 'ভাখিয়া' ক (৯৩৮ সংখ্যক পদ)। ১১। 'পিরিতি-বোলে' ইত্যাদি পংক্তি চারিটি ৬৯০ সংখ্যক পদে কোন পুথিতেই নাই; কিন্তু ৯৩৮ সংখ্যক পদে সকল পুথিতেই দৃষ্ট হয়। ১২। 'মোর' ক। ১৩। 'ভাবিয়া' ক, চ (৬৯০ সংখ্যক পদ)। ১৪। 'কাঁচুলী' ক (৯৩৮ সংখ্যক পদ)। ১৫। 'তুলিয়া' ঘ, চ; 'অলিমা' ক (৯৩৮ সংখ্যক পদ)। ১৬। 'ভরম' খ (৯৩৮ সংখ্যক পদ)। ১৭। 'হৈল' ক (৯৩৮ সংখ্যক পদ)। ১৮। 'গুণেত ঘুণিত' স্থলে 'গুণিতে ঘুণিত' ক, খ; 'গুণেতে ঘুণিত' প-র-সা। ১৯। 'রসের' প-র-সা (৯৩৮ সংখ্যক পদ)। ২০। 'কত বা' স্থলে 'বহয়ে' ক, খ, ঘ, চ (৯৩৮ সংখ্যক পদ) 'বহিয়া' প-র-সা (১৪১৯ সংখ্যক পদ)। ২১। 'এ সুখ' স্থলে 'সে রস' প-র-সা (১৪১৯ সংখ্যক পদ)। ২২। 'ঝুরি না মরয়ে' স্থলে 'ঝুরিলা মরয়ে' প-র-সা; (১১৬৫ সংখ্যক পদ); 'ঝুরিয়া মরুক' ক, খ, ঘ, চ; (৯৩৮ সংখ্যক পদ); প-র-সা (১৪১৯ সংখ্যক পদ)।

টীকা

৯—১২। "পিরিতি"- ইত্যাদি। সেই প্রিয়তম প্রেমপূর্ণ বাক্যে কত প্রকার কৌশলে (তাঁহার) কোন্ অভিলাষ না সিদ্ধ করেন? (তিনি) মধুর সম্ভাষণ করিয়া, (আমার) মান বিদূরিত করিয়া, হাস্তের মোহিনী শক্তি দ্বারা কিংবা অবলীলাক্রমে (আমার) প্রাণকে (প্রেমের বন্ধনে) আবদ্ধ করেন।

১৩—১৬। "সে মোরে" ইত্যাদি। সেই প্রিয়তম আমাকে ক্রোড়ে বসাইয়া, নিজের ক্রোড় পূর্ণ করিয়া অর্থাৎ আমাকে নিজের বাহু-পাশে দৃঢ়রূপে জড়াইয়া ধরিয়া, আমার মুখে নিজের মুখ অর্পণ করিয়া, চন্দ্রকে অনুকরণ করিয়া মধুর চুম্বন দিয়া, (ঐ সকল কার্য্য দ্বারা) আমার প্রাণ (ভুলাইয়া) লইয়াছেন। (সংস্কৃতে 'বিড়ম্ব' ধাতুর প্রসিদ্ধ অর্থ 'অনুকরণ করা'; যথা,—'পুণ্ডরীকাত-পত্রস্তং বিকসৎকাশচামরঃ। ঋতুর্বিড়ম্বয়ামাস ন পুনঃ প্রাপ তচ্ছ্রিয়ম্।"—রঘুবংশ ৪।১৭; "বিড়ম্ব্যমানা নবকন্দলৈস্তে বিবাহ-ধূমারুণ লোচন-শ্রীঃ।"—রঘুবংশ, ১৩।২৯; সুতরাং 'মধুর চুম্বিয়া' ইত্যাদি বাক্যের তাৎপর্য্য এইরূপ হইতে পারে যে, চকোর যেমন চন্দ্রের সুধা পান করে, সেইরূপ আমার অধর-সুধা পান করিয়া। অথবা যদি 'বিড়ম্বিয়া' শব্দের আধুনিক 'ক্লেশ দিয়া' অর্থ ধরা যায়, তাহা হইলে উক্ত বাক্যের তাৎপর্য্য এইরূপ হইবে যে, 'চন্দ্র ইহার নিকট কি ছার! এইরূপ আমার বদনের প্রশংসা দ্বারা চন্দ্রকে ক্লিষ্ট করিয়া, মধুর চুম্বন দিয়া' ইত্যাদি। প্রথমোক্ত অর্থই পদ-কর্ত্তার অভিপ্রেত বলিয়া বোধ হয়।)

১৭—২০। "কাঁচুয়া" ইত্যাদি। সেই প্রিয়তম (সম্ভোগোৎকণ্ঠার আতিশয্য হেতু) আমার কাঁচুলি ছিন্ন করিয়া, (কমল-কোরকবৎ স্তনযুগলের) রস (এক অর্থে—মধু; অপর অর্থে—সুখ) লুণ্ঠন অর্থাৎ বলপূর্ব্বক আত্মসাৎ করিয়া মধু-পান-লুব্ধ ভ্রমরের ন্যায় (অপর অর্থে—মত্তপের ন্যায়) মত্ত হইয়া (আমার স্তন-যুগলকে) কমল-কোরক মনে করিয়া যাহা আচরণ করিলেন, (তাহা কি বলিব?) তাঁহার গুণে আমার দেহ ঘুণ-বিদ্ধ অর্থাৎ ঘুণ-বিদ্ধ বাঁশ ইত্যাদির ন্যায় জর্জ্জরিত হইয়াছে। ('ঘুণিত' শব্দ তনুর পক্ষে অপ্রযোজ্য বলিয়া এ স্থলে লক্ষণা দ্বারা উহার অর্থ 'জর্জ্জরিত' বুঝিতে হইবে। 'অত্যন্ত জর্জ্জরিত' বুঝাইবার উদ্দেশ্যেই 'ঘুণিত' শব্দের প্রয়োগ করায়, এখানে উক্ত বাক্যার্থ-রূপ বস্তু দ্বারা 'ঘুণ-বিদ্ধ বংশাদির ন্যায় শ্রীরাধার তনু, শ্রীকৃষ্ণের গুণে

জর্জ্জরিত হইয়াছে'—এই উপমা অলঙ্কার ব্যঞ্জিত হইয়া, উত্তম-কাব্যত্বের প্রযোজক হইয়াছে। ইহা লক্ষণা-মূলক 'অত্যন্ত-তিরস্কৃত-বাচ্য' ব্যঙ্গ্যের সুন্দর উদাহরণ। 'ঘূর্ণিত' পাঠ গ্রহণ করিলে, কিংবা 'ঘুণিত' শব্দটিকেই 'ঘূর্ণিত' শব্দের অপভ্রংশজাত কল্পনা করিলে, উহার 'ঘূর্ণিত' অর্থাৎ 'অস্থির' অর্থ করিলেও করা যাইতে পারে; কিন্তু তাহাতে অর্থের কোন গুরুত্ব থাকে না। তুলনা করুন,—

"যত রূপ তত বেশ ভাবিতে পাঁজর শেষ"

—জ্ঞানদাস; প-ক-ত; ২৯২ সংখ্যক পদ।

ধানশী।১

হাসিয়া হাসিয়া মুখ নিরখয়ে২
মধুর কথাটি কয়।
ছায়ার সহিতে. ছায়া মিশাইতে
পথের নিকটে রয়॥
আলো সই সে জন মানুষ নয়।
তাহার সঙ্গে যে৩ পিরিতি করয়ে
কি জানি কি তার হয়॥ ধ্রু৪॥
সহজে রসের আকর৫ সে৬ যে
ভাবের অঙ্কুর তায়।
বাতাসে বসন উড়িতে আপন
অঙ্গে ঠেকাইয়া যায়॥
চমক৭ চলনি ও গীম-দোলনি
রমণী-মানস-চোর।
জ্ঞানদাস কহে সে৮ পিয়া-পিরিতি
মরমে পশিল তোর॥২৮॥৬৯১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৬৬ সংখ্যক পদ। ২। 'নিরখিয়া' প-র-সা। ৩। 'সঙ্গে সে' প-র-সা। ৪। ক, খ ও প-র-সা পুথিতে 'ধ্রু' নাই। ৫। 'আকার' চ, প-র-সা। ৬। 'সেই' খ। ৭। 'ঠমক' খ। ৮। 'সো' ক, খ, চ।

পঠমঞ্জরী।১

একলা যাইতে যমুনা২-ঘাটে।
পদ-চিহ্ন মোর দেখিয়া৩ বাটে॥
প্রতি পদ-চিহ্ন চুম্বয়ে কান।
তা দেখি আকুল বিকল প্রাণ॥
লোকে৪ দেখিলে কি বলিবে৫ মোরে।
নাসা পরশিয়া রহিলুঁ দূরে॥
হাসি হাসি পিয়া মিলল৬ পাশ।
তা দেখি কাঁপয়ে গোবিন্দ দাস॥২৯॥৬৯২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৬৭ সংখ্যক ও প-র পুথির ১৪।২ সংখ্যক পদ। 'পঠমঞ্জরী' স্থলে 'ধানশ্রী' প-র। ২। 'যমুনার' ক। ৩। 'দেখিল' প-র। ৪। 'লোক' ক; 'লোকেতে' প-র। ৫। 'বলিব' প-র। ৬। 'মিলিল' প-র-সা।

তথা রাগ।১

সিনান দোপর২ সময়ে৩ জানি।
তপ্ত৪ পথে পিয়া ঢালয়ে পানি॥
কি কহিব সখি পিয়ার কথা।
কহিতে হৃদয়ে লাগয়ে বেথা॥ ধ্রু৫॥
তাম্বুল ভখিয়া৬ দাঁড়াই৭ পথে।
হেন বেলে পিয়া৮ পাতয়ে হাথে৯॥
লাজে হাম যদি মন্দিরে যাই।
পদ-চিহ্ন তলে লুঠয়ে১০ তাই॥
আমার অঙ্গের সৌরভ পাইলে।
ঘুরি ঘুরি জনু ভ্রমরা বুলে॥
গোবিন্দদাসের জীবন হেন।
পিরিতি বিষম মানহ কেন॥৩০॥৬৯৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৬৮ সংখ্যক পদ। ২। 'দোপোর' খ। ৩। 'সময়' খ, চ। ৪।

'তপত' ক, খ, ঘ, চ। ৫। প-র-সা পুথিতে 'ধ্রু' নাই। ৬। 'ভরিয়া' চ; 'ভখি যদি' প-র-সা। ৭। 'দাঁড়াইয়ে' ঘ; 'দাঁড়াইয়া' চ। ৮। 'হেন' ইত্যাদি স্থলে 'অলখিতে আসি' প-র-সা। ৯। 'হাতে' ক, চ, প-র-সা। ১০। 'লুটয়ে' ক; 'লুটাই' প-র-সা।

গুণ কহিলে কি জানি হয়।
কহিতে কহিতে অথির তনু
ধৈরজ নাহিক রয়॥ ইত্যাদি*

পুনশ্চ প্রকারান্তরং।

অথ স্বপ্নরসোদ্গারঃ।

শ্রীগৌরচন্দ্রঃ।

বিভাষ।১

করিব কি মুঞি করিব কি।
গোপত২ গৌরাঙ্গের প্রেমে ঠেকিয়াছি॥ ধ্রু৩॥
দীঘল দীঘল৪ চাঁচর কেশ রসাল দুটি আঁখি।
রূপে গুণে প্রেমে৫ তনু মাখা যেন দেখি॥
আচম্বিতে আসিয়া ধরল৬ মোর বুক৭।
স্বপনে দেখিলুঁ হাম গোরাচাঁদের মুখ॥
বাপের কুলের৮ মুই কুলের ঝিয়ারী।
শ্বশুর-কুলের মুঞি কুলের বৌহারী৯॥
পতিব্রতা মুঞি সে১০ আছিলুঁ পতির১১ কোলে।
সকল ভাসিয়া১২ গেল গোরা-প্রেম-জলে১৩॥
কহয়ে নয়নানন্দ বুঝিলাম ইহা১৪।
কোন পরকারে এখন নিবারিবা হিয়া॥৩১॥৬৯৪॥

---

* 'গুণ কহিলে কি জানি হয়' ইত্যাদি পদটির বাকি অংশ কোন পুথিতেই উদ্ধৃত হয় নাই; সুতরাং তাহা এ স্থলে মুদ্রিত করা গেল না।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৬৯ সংখ্যক ও প-র পুথির ১৩।৩৯ সংখ্যক পদ। ২। 'গুপত' প-র-সা। 'গোপত' ইত্যাদি পংক্তির স্থলে প-র পুথির পাঠ যথা—'গৌরাঙ্গচান্দের ভাবে পড়িয়াছি॥' ৩। ক, খ, ঘ, চ পুথিতে 'ধ্রু' নাই। ৪। 'দিঘল দিঘল' ঘ, চ; 'দীঘল দীঘল' ইত্যাদি পংক্তিদ্বয় প-র পুথিতে নাই। ৫। 'প্রেম' ঘ। ৬। 'ধরিল' ক। ৭। 'আচম্বিতে' ইত্যাদি পংক্তিদ্বয় প-র পুথিতে ভণিতার পূর্ব্বে সন্নিবেশিত হইয়াছে। ৮। 'কুলে' প-র। ৯। 'বোহারি' চ; 'বহুয়ারি' প-র। ১০। 'যে' প-র-সা। ১১। 'পতি' প-র-সা। ১২। 'ভাঙ্গিয়া' ক, খ, প-র-সা। ১৩। 'গোরা-প্রেম-জলে' স্থলে 'গো প্রেমজলে' ঘ; 'নয়নের জলে' প-র। ১৪। 'কহ নয়নানন্দ' ইত্যাদি ভণিতার পংক্তিদ্বয় প-র পুথিতে নাই; উহার জন্য একটু ফাঁক আছে।

বিভাষ।১

নবঘন-কিরণ-বরণ নব নাগর
মন্দিরে আওল মোর।
লোল নয়ন-কোণে মদন জাগায়ল২
মৃদু মৃদু হাসি বিভোর॥
সজনি কি কহব রজনি-আনন্দ।
স্বপন-বিলোকন৩ কিয়ে ভেল দরশন
মঝু মনে লাগল ধন্দ॥ ধ্রু৪॥
উর পর কমল-৫ পাণি৬ অবলম্বনে৭
দূরে করল আনোআন।
নিবিহক বন্ধ-৮ বিমোচন নাগর
কি করল কিছুই না জান॥
তৈখনে মদন কুসুম-শর৯ হানল
জর-জর জীবন মোর।
গোবিন্দ দাস কহ গৌরি-আরাধন
বিফল কি যাইবে তোর১০॥৩২॥৬৯৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৭০ সংখ্যক ও প-র পুথির ১৩৪১ সংখ্যক পদ। 'বিভাষ' স্থলে 'করুণা' প-র। ২। 'জাগাওল' ক; 'লাজাওল' প-র। ৩। 'সপন বিলোকনে' ঘ, চ, প-র। ৪। ঘ, চ পুথিতে 'ঞ' নাই। ৫। 'পাণি' প-র। ৬। 'কয়ল' প-র। ৭। 'অবলম্বন' প-র। ৮। 'নিবি নিবন্ধ' প-র। ৯। 'শরে' প-র। ১০। 'তোমার' ঘ।

টীকা

৫—৭। "সজনি" ইত্যাদি। হে সখি! রজনীর আনন্দ কি কহিব? (তবে) উহা স্বপ্ন-দর্শন কিংবা (সাক্ষাৎ) দর্শন হইল—(সে বিষয়ে) আমার মনে ধাঁধা লাগিল!

৮—১১। "উর" ইত্যাদি। (কিন্তু সেই সন্দেহ অধিক ক্ষণ রহিল না;) নাগর (আমার) বক্ষের উপর (তাঁহার) পদ্ম-হস্ত অর্পণ করিয়া অন্য-ভাব অর্থাৎ ইহা স্বপ্ন-দর্শন, কি সশরীরে মিলন—সেই সন্দেহ বিদূরিত করিলেন; নাগর কটির বসন গ্রন্থির বিমোচন (এবং অন্যান্য কার্য্য) কি করিলেন, (আমি) কিছুই টের পাইলাম না অর্থাৎ রসাতিশয্যে আমি অচেতন হইয়া পড়িলাম। (ইহা দ্বারা শ্রীরাধার প্রগল্‌ভা-নায়িকা-ভাব ব্যক্ত হইতেছে; যথা—"স্মরান্ধা গাঢ়তারুণ্যা সমস্তরতকোবিদা। ভাবোন্নতা দরব্রীড়া প্রগল্‌ভাক্রান্তনায়কা॥" ইতি সাহিত্য-দর্পণ)।

তথা রাগ।১

পরাণ-বন্ধুকে২ স্বপনে দেখিলুঁ
বসিয়া শিয়র৩ পাশে।
নাসার বেশর পরশ করিয়া
ঈষত মধুর৪ হাসে॥
পিয়ল ৫বরণ বসন খানিতে
মুখানি আমার মোছে৬।
শিথান হইতে মাথাটি বাহুতে৭
রাখিয়া শুতল কাছে৮॥
মুখে মুখ দিয়া সমান৯ হইয়া
বন্ধুয়া করল কোরে১০।
চরণ উপরে চরণ পসারি১১
পরাণ পাইলুঁ বোলে॥
অঙ্গ-পরিমল সুগন্ধি চন্দন
কুঙ্কুম কস্তুরী পারা।
পরশ করিতে রস উপজিল
জাগিয়া১২ হইলুঁ হারা১৩॥
কপোত পাখীরে১৪ চকিতে১৫ বাঁটুল
বাজিলে যেমন১৬ হয়।
চণ্ডীদাস১৭ কহে এমতি হইলে
আর কি১৮ পরাণ রয়১৯॥৩৩॥৬৯৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১০৫৮ সংখ্যক ও প-র পুথির ১৩৪১ সংখ্যক পদ। ২। 'বন্ধুরে' প-র-সা। ৩। 'সিউর' প-র-সা। ৪। 'ঈষত মধুর' স্থলে 'ঈষদ ঈষদ' প-র-সা; 'ইসত ইসত' প-র। ৫। 'পিঙ্গল' প-র-সা। চণ্ডীদাসের মুদ্রিত সংস্করণ-গুলিতে অশুদ্ধ 'পিঙ্গল' পাঠই গৃহীত হইয়াছে। শ্রীকৃষ্ণের বসন পিঙ্গল-বর্ণ নহে; উহা পীত-বর্ণ। সংস্কৃত 'পীত' শব্দের অপভ্রংশ হইতে 'পিয়ল' শব্দটি উৎপন্ন হইয়াছে। ৬। 'মুছে' প-র-সা। ৭। 'শিথান' ইত্যাদি স্থলে প-র-সা পুথির পাঠ যথা—'বালিস উপরে মাথাটি থুইয়া'। ৮। 'রাখিয়া' ইত্যাদি স্থলে 'শুতল আমার কাছে' প-র-সা। ৯। 'সমুখ' প-র-সা। ১০। 'বন্ধুয়া' ইত্যাদি স্থলে 'আমারে লইল কোলে' প-র-সা। ১১। 'চরণ পসারি' স্থলে 'পসারি চরণ' ক, খ, প-র-সা। ১২। 'জাগিতে' প-র-সা। ১৩। এ স্থলে প-র-সা পুথিতে 'ঞ' চিহ্ন আছে। ১৪। 'পক্ষেরে' প-র। ১৫। 'চক্ষেতে' প-র। ১৬। 'সেমত' প-র। ১৭। 'যদুনাথ' প-র। পদরত্নাকর গ্রন্থের সঙ্কলয়িতা কমলাকান্ত এই প্রসিদ্ধ পদটি যদুনাথ দাসের রচিত বলিয়া বিশেষ-রূপে জানিয়া শুনিয়াই ভণিতায় তাঁহার

নাম দিয়াছেন কিংবা অসতর্ক লিপিকর কর্তৃক ভুলে যদুনাথের নাম লিখিত হইয়াছে, তাহা বুঝা যায় না। আমরা প্রাচীনতর পুথিগুলির প্রমাণ অনুসারে ইহা চণ্ডীদাসের রচিত বলিয়াই বিবেচনা করি। ১৮। 'আর কি' স্থলে 'তবে কি' প-র। ১৯। 'কপোত পাখীরে' ইত্যাদি পংক্তি চারিটির পরিবর্তে প-র-সা পুথিতে নিম্নলিখিত পাঠ দৃষ্ট হয়; যথা,—

"চণ্ডীদাসে বোলে শুন বিনোদিনি
তোরে কি বলিব আর।
মুঞি অভাগিনী জনম-দুখিনী
পুন কি দেখিব আর॥"

ধানশী।[১]

বন্ধুর সঙ্কেতে আজ যাইতে নারিলুঁ গো
পাপ ননদিনী হেল বাধা।
দুখেতে[২] আপন ঘরে শুতিয়া রহিলুঁ গো
নিহি পূরাইল মন-সাধা॥
সজনি সে[৩] সুখ কি কহিব অনেক।
পিয়া আসি যেন মোরে নিকুঞ্জ-কানন ঘরে
স্বপনে হইল[৪] পরতেক॥
বুকে বুকে মুখে মুখে নিবিড় মদন-সুখে
কত না আরতি সে না কথা।
ননদী-জনিত দুখ জাগরণে যত ছিল
ঘুমাইলে গেল সব বেথা[৫]॥
কত না যতন করি বেশ বনাইল[৬] গো
এ রাস-বিলাস[৭] কৈল কত।
এক মুখে তোহে হাম তাহা কি কহিব গো
রভস কৌতুক যত যত॥
হেন কালে নিঁদ টুটি জাগিয়া বসিলুঁ[৮] গো
স্বপন নারিলুঁ বুঝিবারে।
সেই হইতে প্রাণ মোর আনছান[৯] করে গো
বিন্দু পরবোধে বারে বারে॥৩৪॥৬৯৭॥

ইত্যাদি স্বপ্ন-রসোদ্গারঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৭১ সংখ্যক পদ। ২। 'দুখিতে' ঘ, চ। ৩। 'সো' ক। ৪। 'হইনু' ক। ৫। 'গেল সব বেথা' স্থলে 'গেলি সব বেথা' খ, প-র-সা। ৬। 'বনাইনুঁ' খ। ৭। সকলগুলি পুথিতেই 'রাস-বিলাস' পাঠ আছে। ৮। 'বসিলাম' প-র-সা। ৯। 'আনচান' ক।

পুনশ্চ দিনান্তে প্রকারান্তরং যথা সখ্যুক্তিঃ।

তথা রাগ।[১]

হেদে লো তোমারে ভাল না দেখিয়ে আজি।
কালা-মাণিকের বাতাসে এ[২] বুঝি
মজিল গোকুল-রাজি॥ ধ্রু[৩]॥
ভাবে ভরল সকল অঙ্গ
মুখে ত না সরে[৪] রা।
আবেশে অবশ অথির চরণ
ধরণে না যায় পা॥
ঢর ঢর রাঙ্গা[৫] নয়ন-যুগল
সঘনে নিশ্বাস ছাড়ো[৬]।
পীন পয়োধর বসনে ঝাঁপিয়া[৭]
অঙ্গ সদা কেনে মোড়ো[৮]॥
পুছিলে[৯] মনের মরম না কহ
মাথা তুলি নাহি চাও।
যদুনাথ কহে এ দোষ বড়ই
সঙ্গের সঙ্গী ভাঁড়াও[১০]॥৩৫॥৬৯৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৭২ সংখ্যক পদ। ২। 'সে' ক। ৩। ক, খ, চ পুথিতে 'ধ্রু' নাই। ৪। 'মুখে ত না সরে' স্থলে 'মুখে না নিস্বরে' প-র-সা। ৫। 'রাতা' প-র-সা। ৬। 'ছাড়' ক।

৭। 'বসনে ঝাঁপিয়া' স্থলে 'ঝাপিয়া ঝাপহ' প-র-সা। ৮। 'মোড়' ক। ৯। 'পহিলে' প-র-সা। ১০। 'ভাড়াও' ক, খ, ঘ, প-র-সা।

পঠমঞ্জরী।১

শুন শুন আরে সখি আজুক রঙ্গ।
রজনি গোঙায়লু২ সুপুরুখ সঙ্গ॥
মদন-মনোহর সুন্দর বেশ।
মন্দিরে মোর কয়ল পরবেশ॥
পাণি পাণি গহি বসাওল পাশ।
শশি কুমুদিনি জনু উপজল হাস॥
কাঁচুলি ফাঁড়ি৩ কুচ-কুম্ভ বিদার।
নিবি-বন্ধ ফুগইতে টুটল হার॥
করে কর জোরি আলিঙ্গন দেল।
হৃদয়ক দারিদ তৈখনে গেল॥৩৬॥৬৯৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৭৩ সংখ্যক পদ। ২। 'গোঙায়ল' ক, প-র-সা। ৩। 'ফারি' ঘ, চ।

তথা রাগ।১

যব কানু আওল মন্দির মাঝে।
আঁচরে বদন ঝাঁপায়লু২ লাজে॥
করে কর বারি ফুয়ল চির৩ মোর।
পিয়া বড় ঢিঠ৪ কর রাখল আগোর॥
কি কহব রে সখি কানুক নেহা৫।
ও সুখে মুগধ মুগধ মঝু দেহা॥ধ্রু॥
প্রেম পরশ-রস কয়ল অপার।
কত পরথাপল পিরিতি-পসার॥
চুম্বনে চুয়ল৬ অধরক দাগ।
কি কহব সে সব সময় সোহাগ॥
নিবিড়-আলিঙ্গনে বিগলিত স্বেদ।
লুবধ মনোভব নহ৭ পরিচ্ছেদ৮।
উপজল৯ আরতি কহন না যায়।
জ্ঞানদাস কহ সাম কে১০ পায়॥৩৭॥৭০০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৭৪ সংখ্যক পদ। ২। 'ঝাঁপাওলু' ক, খ; 'ঝাপায়ল' প-র-সা। ৩। 'চীর' ক। ৪। 'ঢীট' খ, চ, প-র-সা; 'ঢীট' ক। ৫। 'লেহা' ক, চ, প-র-সা। ৬। 'চুম্বল' ক, প-র-সা। ৭। 'নহো' প-র-সা। ৮। 'পরিছেদ' খ। ৯। 'উপজিল' ক, চ, প-র-সা। ১০। 'সীম কো' চ; 'সিমক' প-র-সা।

শ্রীরাগ।১

রূপ২ হেরি লোচন তিরপিত ভেল।
গুণ শুনি শ্রবণ সফল ভৈ গেল॥
মনক মনোরথ মনমথ দেল।
চন্দন-চাঁদে৩ চীত হরি নেল৪॥
এ সখি এ সখি আজুক রঙ্গ।
শুধই সুধায় সিঁচিত৫ ভেল অঙ্গ॥
আরতি গুরুয়া পিরিতি নহ থোর৬।
লাখ মুখে কহিতে না পাইয়ে৭ ওর॥
পরশে অবশ তনু বেশ নিরঝম্প৮।
ঘামল সব তনু উপজল কম্প॥
সরস সম্ভাষণ৯ হাস পরিপাটী।
তাম্বুল অধরে অধরে লেই১০ বাঁটি॥
করে কত ভাতি কয়ল কত রঙ্গ।
জ্ঞান কহে দুহুঁ-তনু আধ-আধ অঙ্গ॥
॥৩৮॥৭০১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৭৫ সংখ্যক পদ। ২। 'রূপ' ক, খ, চ, প-র-সা। 'রূপ' পাঠে

ছন্দোভঙ্গ ঘটে; সুতরাং ঘ পুথির 'রূপ' পাঠই সমীচীন। ছন্দের অনুরোধে দীর্ঘ স্বরের পরিবর্ত্তে লঘু স্বরের প্রয়োগ পদাবলি-সাহিত্যে অনেক দেখা যায়। ৩। 'চন্দনে চান্দে' ঘ; 'চন্দন চন্দ' চ। ৪। 'চীত হরি নেল' স্থলে 'চিত রহি গেল' ক, চ, প-র-সা। ৫। 'সুধায়ে সিঁচত' চ; 'সুধায়ে শিচত' ঘ; 'সুধায় সচত' প-র-সা। ৬। 'ঘোর' প-র-সা। ৭। 'পারিয়ে' ক, চ; 'পায়ল' প-র-সা। ৮। 'নিকুঝম্প' ক। ৯। 'সন্তাযে' ঘ; 'সন্তাষ নহে' প-র-সা। ১০। 'লই' ক, চ।

বথা রাগ ।১

পহিলহি পিরিতি নাহি পরকাশ।
দোতি শুতায়ল উনহিক পাশ ॥
ননদিনি নিঁদহি আপন ঘরে ভোর।
তৈখনে লেই গেও রসবতি চোর ॥
কি কহব রে সখি কেলি-বিলাস।
মদনমণিমন্দিরে কয়লু নিবাস ॥
পহিলহি নিবিড় আলিঙ্গন দেল।
দুহুঁ তনু পুলকিত দিগুণ ভৈ গেল ॥
প্রেম কয়ল কত বিদগধ-রাজ।
দশনে দশনে দুহুঁ ঘন ঘন বাজ ॥
দুহুঁ তনু লাগল ভালহি ভাল।
চন্দনে লাগল সিন্দুর-জাল ॥
বেশ বসন দুহুঁ আনহি ভেল।
জ্ঞানদাস কহ পুন কিয়ে কেল২ ॥

॥৩৯॥৩০২॥

পাঠান্তর

১। এই পদটি ঘ পুথি ছাড়া অন্যান্য পুথিতে নাই; অন্যান্য পুথিতে 'সজনি কি কহব রাইক সোহাগি' ইত্যাদি ৭১৬ সংখ্যক পদের পরে প্রকারান্তর রসোদ্গারের গৌরচন্দ্র স্বরূপ যে—'আরে মোর গৌর কিশোর। ইত্যাদি' লিখিত হইয়াছে, উহাকেই একটি পদ গণনা করিয়া ষষ্ঠ পল্লবের পদ-সংখ্যা পূরণ করিয়াছেন। ঘ পুথির উদ্ধৃত এই পদটি পদকল্পতরু-গ্রন্থের অন্য কোনও স্থলে দৃষ্ট হয় না; কিন্তু 'আরে মোর গৌরকিশোর' পদটি ৩য় শাখার ১৬শ পল্লবের প্রথমে সকল পুথিতেই উদ্ধৃত হইয়াছে; উহা ছাড়িয়া দিলে ১৬শ পল্লবের নির্দ্দিষ্ট পদসংখ্যার পূরণ হয় না; এরূপ অবস্থায় পূর্ব্বোক্ত 'আরে মোর' ইত্যাদি পংক্তিটিকে একটি স্বতন্ত্র পদ ধরিয়া ষষ্ঠ পল্লবের পদসংখ্যা পূরণ না করিয়া 'পহিলহি পিরিতি' ইত্যাদি অভিনব পদ দ্বারা ষষ্ঠ পল্লবের সংখ্যা পূরণ করাই সঙ্গত ও বৈষ্ণবদাসের অভিপ্রেত বলিয়া বোধ হয়। 'আরে মোর গৌর কিশোর' ইত্যাদি পদটি ৬ষ্ঠ পল্লবে সম্পূর্ণ উদ্ধৃত না হইয়া, ১৬শ পল্লবে উহা সম্পূর্ণ উদ্ধৃত হওয়াও আমাদিগের উক্ত অনুমানের পোষকতা করিতেছে। ২। ঘ পুথিতে 'কেল' স্থলে 'ভেল' পাঠ আছে; উহাতে হীন-মিলন দোষ ঘটে বলিয়া অন্য একখানা প্রাচীন হস্তলিখিত পুথির 'কেল' পাঠই সমীচীন বলিয়া গ্রহণ করা হইয়াছে।

টীকা

৩—৪। "ননদিনি" ইত্যাদি। ননদী নিজের ঘরে নিদ্রায় ভোর ছিল, সেই সময়ে রসিকা (দূতী) চোর অর্থাৎ প্রচ্ছন্ন-কামুক শ্রীকৃষ্ণকে (আমার শয্যায়) লইয়া গেল।

৯—১০। "প্রেম" ইত্যাদি। রসিক-শিরোমণি (শ্রীকৃষ্ণ) কত (প্রকারে) প্রেম-কেলি করিলেন! (দংশনের প্রতিদ্বন্দ্বিতায়) উভয়ের দন্তে দন্তে ঘন ঘন বাজিতে লাগিল অর্থাৎ এক জনের দন্তের সহিত অন্য জনের দন্তের সংঘর্ষণে শব্দ উৎপন্ন হইতে লাগিল। তুলনা করুন,—

"তস্মিন্নিতরোঽপি জিহ্বয়াস্যা দশনান্ ঘট্টয়েৎ তালু জিহ্বাং চেতি জিহ্বাযুদ্ধম্।"
"এতেন বলাদ্বদনরদনগ্রহণং দানং চ ব্যাখ্যাতম্।"
—বাৎস্যায়ন-কৃত কামসূত্র।

রসোদ্গারানুরাগঃ । প্রকারান্তরং ।

তত্র গৌরচন্দ্রঃ ।

সুহই ।১

কহ না উপায় সখি কহ না উপায় ।
নিরবধি হৃদয়ে জাগয়ে গোরা রায় ॥
পাসরা না যায় গোরাচাঁদের পিরিতি ।
কি করিব[২] বিধি সে করিল কুলবতী ॥
কিবা সে মধুর বাণী অমিয়ার ধারা ।
কিবা সে মোহন[৩] রূপ সতী-মন-চোরা ॥
যদু কহে কি কহিব গোরা-গুণ যত ।
বিকাইলুঁ[৪] গোরা-প্রেমে এ জনমের মত ॥
॥৪০॥৭০৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৭৬ সংখ্যক পদ। ২। 'কহিব' খ। ৩। 'মধুর' প-র-সা। ৪। 'বিকাইলাম' প-র-সা।

সখ্যুক্তিঃ ।

ধানশী ।১

ঘন-রসময় তনু অন্তর গহীন[২] ।
নিমগণ কতহুঁ রমণি-মন-মীন ॥
শ্রবণে[৩] মকর গিমে[৪] কম্বু বিরাজ ।
হিয় মাহা লখিমি মিলিত মণি-রাজ[৫] ॥
এ সখি শ্যাম-সিন্ধু করি চোর[৬] ।
কৈছে ধয়লি[৭] কুচ-কনয়-কটোর[৮] ॥ধ্রু॥
যছু মুখ চাঁদ সুধাময় হাস ।
গরলহি[৯] ভরল নয়ন-পরকাশ ॥
অধর পঙার[১০] দশন মণিমোতি ।
রোচন-তিলক মৈনাকক জোতি ॥
সুরতরু-কুসুম-সুগন্ধ নিবাস[১১] ।
চূড়া জলদ পিঞ্ছ ধনু-ভাস ॥
গতি গজরাজ চরণ অরবিন্দ ।
নখমণি-নীছনি[১২] দাস গোবিন্দ ॥৪১॥৭০৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৭৭ সংখ্যক ও প-র পুথির ১০১৭ সংখ্যক পদ। 'ধানশী' স্থলে 'সুহই' প-র। ২। 'গহিন' ঘ। ৩। 'শ্রবণ' ক, খ, চ, প-র-সা, প-র। ৪। 'গীম' ক, খ, চ, প-র-সা; 'গিম' প-র। ৫। 'ফণিরাজ' ক। 'শ্রবণে মকর' ইত্যাদি কলিটির পরিবর্ত্তে সা-প ১৮৪ সংখ্যক পুথির পাঠ যথা,—

'মকর হিলোলন শ্রবণক সীম ।
হিয় মাহা লখিমি কম্বুবর গীম ॥'

৬। প-র ও সা-প ২০১ সংখ্যক পুথিতে 'এ সখি' ইত্যাদি পংক্তিদ্বয় এই পদের প্রথমে সন্নিবেশিত হইয়াছে। ৭। 'ধয়ল' খ। ৮। 'কুচ-কনয়-কটোর' স্থলে 'কুচ কয়ল কঠোর' প-র-সা। ৯। 'গরলহু' ঘ, চ। ১০। 'পোঁওার' খ; 'পোয়ার' সা-প ২০১ সংখ্যক পুথি। ১১। 'বিলাস' প-র। ১২। 'নিছনি' ক, খ, চ, প-র-সা, প-র।

টীকা

১—১৪। সখী রসিকতা করিয়া শ্রীরাধাকে বলিতেছেন—"ঘন-রসময় তনু" ইত্যাদি। বোধ-সৌকর্য্যার্থে আগে "এ সখি" ইত্যাদি ধ্রুব-কলিটির ব্যাখ্যা করা যাইতেছে,—হে সখি! তুমি শ্যাম-সিন্ধুকে (এক অর্থে শ্যাম-রূপ সিন্ধুকে; অপর অর্থে শ্যামলতা, দুবিগাহতা প্রভৃতি গুণ হেতু সিন্ধু তুল্য শ্রীকৃষ্ণকে) চুরি করিয়া কি প্রকারে (তোমার) কুচ-রূপ স্বর্ণ-কটোরায় ধারণ করিলে? (শ্রীরাধা যে অন্যান্য ব্রজাঙ্গনাদিগের প্রভাব হইতে শ্রীকৃষ্ণকে সম্পূর্ণ বিচ্ছিন্ন করিয়া, তাঁহাকে নিজের হৃদয়-সংলগ্ন করিয়া রাখিয়াছেন,—উহাই অতিশয়োক্তি-অলঙ্কারের সাহায্যে সখী সোণার কটোরায় সমুদ্রকে ভরিয়া

রাধা বলিয়া বর্ণিত করায়—এ স্থলে অতিশয়োক্তি-মূলক বিষম অলঙ্কার হইয়াছে। তুলনা করুন,—

"বিপুলেন সাগরশয়স্য কুক্ষিণা
ভুবনানি যস্য পপিরে যুগক্ষয়ে।
মদবিভ্রমাসকলয়া পপে পুনঃ
স পুরস্ত্রিয়ৈকতময়ৈকয়া দৃশা ॥"
—মাঘ, সাহিত্যদর্পণ-ধৃত।

অন্যান্য কলিগুলিতে মালা-রূপক অলঙ্কারের সাহায্যে সখী শ্রীকৃষ্ণের সমুদ্রস্বরূপতা প্রমাণিত করিতেছেন। "ঘন-রসময়" ইত্যাদি। শ্রীকৃষ্ণের দেহ ঘন-রসময় (কৃষ্ণ-পক্ষে—ঘনীভূত রসের দ্বারা গঠিত অর্থাৎ আনন্দময়-বিগ্রহ ; সমুদ্র-পক্ষে—মেঘ-জাত জলের দ্বারা পরিপূর্ণ); (তাঁহার) অন্তর (কৃষ্ণ-পক্ষে—হৃদয়; সমুদ্র-পক্ষে—গর্ভ) গহীন (কৃষ্ণ-পক্ষে—গভীর অর্থাৎ দুর্বিগাহ; সমুদ্র-পক্ষে—গভীর অর্থাৎ অগাধ); (উহাতে) কতই নারী-হৃদয়-রূপ মৎস্য নিমগ্ন হইয়া রহিয়াছে। (কোমল, স্নিগ্ধ ও 'বুক ফাটে ত মুখ ফোটে না' প্রবাদ হেতু বাক্য-শূন্য বলিয়া নারীর চিত্ত-বৃত্তিগুলির সম্বন্ধে মৎস্য-কল্পনা সমীচীন হইয়াছে)। "শ্রবণে মকর" ইত্যাদি। (সমুদ্রে যেমন, সেইরূপ) শ্রীকৃষ্ণের কর্ণে অর্থাৎ কর্ণের কুণ্ডলে মকর, গ্রীবায় শঙ্খ অর্থাৎ শঙ্খের ন্যায় রেখাত্রয় ও হৃদয়ে লক্ষ্মীর সহিত সংযুক্ত মণিশ্রেষ্ঠ (কৌস্তভ) বিরাজ করিতেছে। "মুখ" ইত্যাদি। (যাঁহার) মুখ চন্দ্র ও হাস্য সুধাময় অর্থাৎ অমৃত-স্বরূপ (তাদাত্ম্যে "ময়ট্" প্রত্যয়) এবং (যাঁহার) নয়নের প্রকাশ অর্থাৎ দীপ্তি গরল দ্বারা পরিপূর্ণ। "অধর" ইত্যাদি। (যাঁহার) অধর প্রবাল, দন্ত মুক্তা-মণি এবং গোরোচনা-তিলক (সমুদ্রগর্ভ-স্থিত) মৈনাকের কান্তিবিশিষ্ট। "সুরতরু" ইত্যাদি। (যাঁহার) বাস-স্থল (শ্রী-অঙ্গের সৌরভে) পারিজাত কুসুমের সুগন্ধবিশিষ্ট; (যাঁহার) চূড়ারূপে গ্রথিত কেশ-রাজি জলধর ও (উহার) ময়ূর-পুচ্ছ (ইন্দ্র-) ধনুকের কান্তিযুক্ত। "গতি" ইত্যাদি। (যাঁহার) গতি ঐরাবত-গতি-তুল্য, চরণ কমলস্বরূপ,—গোবিন্দদাস সেই শ্রীকৃষ্ণের নখ-মণির নিছনি হইতেছেন। (লক্ষ্মী, মণিশ্রেষ্ঠ কৌস্তভ, চন্দ্র, অমৃত, বিষ, ঐরাবত ও পারিজাত তরু সমুদ্র-মন্থনে উদ্ভূত ও মৈনাক পর্ব্বত ইন্দ্রের ভয়ে সমুদ্রের গর্ভে বিলীন বলিয়া পৌরাণিক আখ্যায়িকা আছে।)

তথা রাগ।[১]

কুটিল কটাখ-বিশিখ ঘন বরিখনে
দুর করু[২] বিবিধ তরঙ্গ।
নিজ তনু ঔষধি সরস পরশ-দধি-
লেশে থকিত করু[৩] অঙ্গ ॥
সুন্দরি[৪] পীতাম্বরি তুহুঁ ভেলি[৫]।
একলি[৬] হিলোলি[৭] শ্যাম-রস-সায়র[৮]
সবহুঁ সার হরি লেলি[৯] ॥ ধ্রু ॥
দুর-অবগাহ[১০] অন্তর মাহা মন্থর[১১]
মদন-কমঠ অবগাহি[১২]।
উচ-কুচ-মন্দর হার-ভুজগ-বর
মেলি মথন নিরবাহি[১৩] ॥
অধর সুধা পিয়-প্রেম লছমি হিয়[১৪]
বাহিরে নখ-পদ চন্দ।
প্রতি-তনু ভাব[১৫] রতন পরিপূরল[১৬]
গোবিন্দদাস রহু ধন্দ ॥৪২॥৭০৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৭৮ ও প-র পুথির ১৩১৮ সংখ্যক পদ। ২। 'দুর করু' স্থলে 'দূরে করি' ক, প-র-সা; 'দুর কর' খ, সা-প ২০১ সংখ্যক পুথি। ৩। 'করি' ক, সা-প ২০১ সংখ্যক পুথি। ৪। 'সুন্দরি ধনি' ক, খ, ঘ, চ, প-র-সা; 'এ ধনি' প-র; সা-প ১৮৪ সংখ্যক পুথির 'সুন্দরি' অথবা প-র পুথির 'এ ধনি' পাঠই সমীচীন; 'সুন্দরি ধনি' পাঠে ছন্দোভঙ্গ ঘটে। ৫। 'ভেলি' (সা-প ২০১, ১৮৪ সংখ্যক পুথি) স্থলে 'ভেল' ক, খ, ঘ,

চ, প-র-সা, প-র। ৬। 'একলি' (সা-প ২০১ সংখ্যক পুথি) স্থলে 'এক' ক, খ, ঘ, চ, প-র-সা, প-র। ৭। 'হিলোলি' (সা-প ১৮৪ সংখ্যক পুথি) স্থলে 'হিলোলে' ক, খ ইত্যাদি পুথি। ৮। 'সায়রে' ক; 'সাগরে' খ। ৯। 'লেলি' (সা-প ২০১।১৮৪ সংখ্যক পুথি) স্থলে 'লেল' ক, খ ইত্যাদি পুথি। ১০। 'দুর অবগাহি' প-র। ১১। 'মহা মন্তর' খ; 'মাহা মন্থন' সা-প ১৮৪ সংখ্যক পুথি। ১২। 'অবগাহ' ক, খ, ঘ, চ, প-র-সা, প-র। ১৩। 'নিরবাহ' ক, খ ইত্যাদি পুথি। ১৪। 'লখিমি হিয়' সা-প ২০১ সংখ্যক পুথি; 'লখিমা হয়' প-র। ১৫। 'প্রতিতনু ভাব' স্থলে 'প্রীতি অনুভাব' ক; 'প্রতি অঙ্গ ভাব' প-র, সা-প ২০১।১৮৪ সংখ্যক পুথি। ১৬। 'পরিপূরিত' প-র, সা-প ১৮৪ সংখ্যক পুথি; 'মণি পূরল' সা-প ২০১ সংখ্যক পুথি।

টীকা

১—১৫। পুরাকালে দেব ও অসুরগণ পরস্পর বিবাদ হেতু সমুদ্র-মন্থনে অকৃতকার্য্য হইলে, শ্রীকৃষ্ণ কৈটভী অর্থাৎ মোহিনীর রূপ ধারণ করিয়া সুকৌশলে সেই কার্য্যের নির্ব্বাহ করেন। এ স্থলে শ্রীরাধা বিপরীত সম্ভোগান্তে ভ্রম ও ব্যস্ততাবশতঃ শ্রীকৃষ্ণের পীত বাস পরিধান করিয়া সখীদিগের নিকট উপস্থিত হইলে কোনও সখী রসিকতা করিয়া পীতাম্বরধারিণী শ্রীরাধাকে পুরাণোক্ত মোহিনীরূপে প্রতিপাদিত করিয়া তৎকর্ত্তৃক কৃষ্ণ-রস-সাগরের মন্থন-লীলা বর্ণিত করিয়াছেন। বোধ-সৌকর্য্যের জন্য আগে 'সুন্দরি' ইত্যাদি ধ্রুব-কলিটির ব্যাখ্যা করা যাইতেছে। হে সুন্দরি! তুমি পীতাম্বরী (এক অর্থে—পীতবসন-ধারিণী; অন্য অর্থে—শ্রীকৃষ্ণ-রূপিণী) হইয়াছ! (তাই) তুমি একাকিনী হইলেও শ্যাম-রস-সাগর (এক অর্থে—শ্রীকৃষ্ণের প্রেমরূপ সাগর; অন্য অর্থে—শ্যামল-জলপূর্ণ সমুদ্র) আন্দোলিত করিয়া (উহার) সকল সার পদার্থ হরণ করিয়া লইয়াছ। (শ্রীরাধা কি প্রকারে সমুদ্র-মন্থন করিলেন, তাহা দেখাইবার জন্য বলিতেছেন—"কুটিল" ইত্যাদি। শ্রীকৃষ্ণ পূর্ব্ব অবতারে সেতু বন্ধনকালে তীক্ষ্ণ বাণ-বর্ষণে সাগরের তরঙ্গ নিবারিত ও সাগরকে নিশ্চল করিয়াছিলেন) তুমিও ঘন ঘন কুটিল কটাক্ষ-রূপ বাণ বর্ষণ দ্বারা (শ্যাম-রস-সাগরের) নানা প্রকার তরঙ্গ অর্থাৎ চাঞ্চল্য বিদূরিত করিয়াছ এবং তোমার নিজ দেহরূপ মহৌষধির রসযুক্ত স্পর্শ-রূপ দধি-বিন্দু দ্বারা (উহার) দেহ স্তম্ভিত করিয়াছ। (দুগ্ধকে স্তম্ভিত করার পক্ষে দধিবিন্দুই মহৌষধি বটে; শ্রীকৃষ্ণ ক্ষীরোদগর্ভে বাস-কালে নিশ্চিতই দধিবিন্দু-রূপ তাঁহার অঙ্গ-স্পর্শের মাহাত্ম্যে ক্ষীরোদ-সাগরের জল স্তম্ভিত করিয়াছিলেন; শ্রীরাধাও তাঁহার অঙ্গ-স্পর্শ-সুখের আতিশয্য দ্বারা শ্যাম-রস-সাগরের নিশ্চলতা সম্পাদন করায় তাঁহার কৃষ্ণরূপতা প্রমাণিত হইতেছে)। "দুর-অবগাহ" ইত্যাদি। (শ্যাম-রস সাগরের) দুরবগাহ (কৃষ্ণ-পক্ষে—দুর্ব্বোধ্য; সাগর-পক্ষে—দুর্গম) অন্তরের মধ্যে (কৃষ্ণ-পক্ষে—হৃদয়ের মধ্যে; সাগর-পক্ষে—গর্ভের মধ্যে) স্থির-গতি অর্থাৎ অবিচলিত মদন রূপ কূর্ম্ম অবগাহন করিয়াছে; (উহা) তোমার কুচ-রূপ মন্দর পর্ব্বত ও হার-রূপ সর্প-রাজ অনন্তের সহিত মিলিত হইয়া মন্থন-কার্য্য নির্ব্বাহ করিয়াছে। "অধর" ইত্যাদি। তোমার অধর (সমুদ্র-মন্থনোদ্ভূত) সুধা; প্রিয়তমের প্রেমই তোমার হৃদয়-স্থিত (সমুদ্র মন্থনোদ্ভূত) লক্ষ্মী; (হৃদয়ের) বাহিরে (প্রিয়তমের প্রদত্ত) নখ-চিহ্নই (সমুদ্র-মন্থনোদ্ভূত) চন্দ্র; তোমার প্রতিঅঙ্গ (সমুদ্র-মন্থনোদ্ভূত রত্ন-রাজিস্বরূপ) পুলক, কম্প প্রভৃতি ভাব-রূপ রত্নাবলি পরিপূর্ণ করিয়াছে; (সখী-স্থানীয়) গোবিন্দদাস (এই অপূর্ব্ব লীলা-দর্শনে) স্তব্ধ হইয়া রহিলেন।

রাধামোহন ঠাকুর এই পদটির এই সংক্ষিপ্ত ব্যাখ্যা লিখিয়াছেন,—"কুটিল কটাখ ইত্যাদিনা হৃদয়-রসোদ্ঘাটনার্থং পৃচ্ছতি। পূর্ব্বং বস্ত্রব্যত্যয়ং স্মরন্তী হে পীতাম্বরি ইত্যাহঃ। পক্ষে নারায়ণ-রূপাসি। কুটিল কটাখ ইত্যত্র নিবিড় শরবর্ষেণ তরঙ্গদূরীকরণং পুরাণান্তরলিখিতকল্পভেদকৃতেন সাম্যম্। তথা

নিজ তনু ইত্যাগুপি পুরাণান্তরমতং। অন্তর মাহা অন্তরমধ্যে মন্থরঃ অতিস্থিরঃ মন্দরৈরচালাঃ মদন এব কমঠঃ।"

বিভাষ।১

যো গিরি-গোচর- বিপিনহি[২] সঞ্চরু[৩]
কৃশ-কটি কর[৪] অবগাহ।
চন্দ্রক চারু শটা[৫]-পরিমণ্ডিত
অরুণ-কুটিল দিঠি[৬] চাহ॥
সুন্দরি ভালে তুহুঁ হরিণি-নয়ানি[৭]।
সো চঞ্চল হরি হিয়া-পিঞ্জর[৮] ভরি
কৈছনে ধয়লি সেয়ানি[৯]॥ ধ্রু[১০]॥
কত বর-দন্তি[১১] করহি কর বারত[১২]
দশনহি গণ্ড[১৩] বিদারি।
বল কয়ে[১৪] খরতর নখর-শিখর[১৫] সঞে[১৬]
মোতিম বনহি বিথারি॥
অধর-সুধা দেই পুনহি জিয়ায়ই[১৭]
পুন নিরমদ করি তেজ।
গোবিন্দদাস ভণ তাক শয়ন[১৮] পুন
অহনিশি কিশলয় শেজ॥৪৩॥৭০৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৭৯ ও প-র পুথির ১৩১৯ সংখ্যক পদ। 'বিভাষ' স্থলে 'শ্রীরাগ' প র। ২। 'বিপিনহু' প-র-সা। ৩। 'সঞ্চর' সা-প ১৮৪ সংখ্যক পুথি। ৪। 'কঙ্ক' ক। ৫। 'শটা' (সা-প ১৮৩ সংখ্যক পুথি) স্থলে 'শঠা' ক, খ প্রভৃতি পুথি। ৬। 'দিঠে' প-র-সা। ৭। 'হরিণ নয়ানী' সা-প ১৮৩ সংখ্যক পুথি; 'হরিণ নয়ানি' সা-প ২০১ সংখ্যক পুথি। ৮। 'পঞ্জর' প-র-সা, প-র। ৯। 'সয়ানী' সা-প ১৮৩ সংখ্যক পুথি; 'শয়ানি' সা-প ১৮৪ সংখ্যক পুথি। ১০। ক, ঘ, চ পুথিতে 'ধ্রু' চিহ্ন নাই। ১১। 'দন্তী' ক, খ, প-র-সা, প-র। ১২। 'বারই' সা-প ১৮৩।২০১ সং পুথি। ১৩। 'খণ্ড' প-র-সা। ১৪। 'বল কয়ে' স্থলে 'বল করে' প-র; 'বল কএ' সা-প ১৮৪ সং পুথি। ১৫। 'নিকর' ক; 'সিখর' প-র। ১৬। 'ধরি' সা-প ১৮৩।২০১ সং পুথি। ১৭। 'জিয়ায়ত' প-র-সা। ১৮। 'সঘন' সা-প ২০১ সং পুথি।

টীকা

১—৭। "যো গিরি-গোচর-" ইত্যাদি। (সখী পুনরায় শ্রীরাধাকে রসিকতার সহিত বলিতেছেন) কৃশ-কটি-বিশিষ্ট যে (প্রাণী) পর্ব্বত, গোচারণ-ভূমি ও কাননে (শিকার) অনুসন্ধান করিয়া সঞ্চরণ করে,—চন্দ্রক-চারু (কৃষ্ণ-পক্ষে - চন্দ্রক দ্বারা চারু; সিংহ পক্ষে—চন্দ্রকের স্থায় চারু; চন্দ্রক--ময়ূরপুচ্ছের চন্দ্রাকৃতি চিহ্ন) শটা দ্বারা (কৃষ্ণ-পক্ষে—কুঞ্চিত কেশ দ্বারা, সিংহ পক্ষে—কেসর-দ্বারা) শোভিত (যে) আরক্তিম বক্র দৃষ্টিতে নিরীক্ষণ করে,—হে সুন্দরি! তুমি (অপূর্ব্ব) হরিণ-নয়না (এক অর্থে মৃগ-নয়না; অন্য অর্থে হরিণী) বটে; (নতুবা) সুচতুরা তুমি সেই চঞ্চল হরিকে (এক অর্থে— কৃষ্ণকে; অপর অর্থে—সিংহকে) কি প্রকারে হৃদয়-পিঞ্জরে আবদ্ধ করিয়া রাখিলে? এ স্থলে 'যো গিরি-গোচর' ইত্যাদি বিশেষণ-বাক্যের অর্থ দ্বারা শ্রীকৃষ্ণ ও সিংহ উভয়েরই প্রতীতি হওয়ায় অর্থ-শ্লেষ এবং ধ্রুব-কলিতে 'হরিণি-নয়ানি' ও 'হরি'—শ্লিষ্ট শব্দদ্বয়ের প্রয়োগ দ্বারা শব্দ-শ্লেষ ও সেই উভয়বিধ শ্লেষ অলঙ্কারের দ্বারা অনুপ্রাণিত বিষম অলঙ্কার ঘটিয়াছে।)

৮—১১ "কত বরদন্তি" ইত্যাদি। কত বরদন্তী (কৃষ্ণ-পক্ষে—সুদশনা নায়িকা; সিংহ-পক্ষে —শ্রেষ্ঠ গজ) কর দ্বারা (কৃষ্ণ-পক্ষে—হস্ত দ্বারা; সিংহ-পক্ষে শুণ্ড দ্বারা) হস্ত নিবারিত করিলেও (সেই নিবারণ তুচ্ছ করিয়া) দন্ত দ্বারা (বর-দন্তীর) গণ্ড বিদারণ করিয়াছে এবং বলপূর্ব্বক তীক্ষ্ণ নখাগ্র হইতে মুক্তা-রাজি বন-ভূমিতে বিকীর্ণ করিয়াছে। (কৃষ্ণ-পক্ষে সুদশনা নায়িকার ছিন্ন-

মালার মুক্তারাজি এবং সিংহ-পক্ষে গজের বিদারিত কুম্ভ হইতে পতিত মুক্তারাজি বুঝিতে হইবে)।

১২—১৫। "অধর-সুধা" ইত্যাদি। সেই হরি—শ্রীকৃষ্ণ ও সিংহ—তোমার নিকট পরাজিত হইয়া নিমীলিত-নেত্র ও অচেতন হইয়াছিল ; কিন্তু (তোমার অপূর্ব্ব মহিমা) তুমি সেই মৃত-প্রায় হরিকে অধরামৃত-দানে পুনবায় সঞ্জীবিত করিয়া, (তাহাকে প্রতিহিংসা-প্রবণ দেখিয়া, তাহার উপযুক্ত শাস্তি স্বরূপ) তাহাকে পুনরায় (সম্পূর্ণ) নিস্তেজ করিয়া ছাড়িয়া দিয়াছ! (সখী-স্থানীয়) গোবিন্দদাস বলিতেছেন—(সেই জন্যই) সেই হরির এখন দিবারাত্র পল্লব-শয্যা হইয়াছে! (শ্রীকৃষ্ণ দিবারাত্র সুশীতল পল্লব-শয়নে শয়ান হইয়া বিরহ-জনিত অঙ্গ-তাপের শান্তি করেন এবং রণ-ক্লিষ্ট সিংহ সুকোমল পল্লব-শয়নে শয়ান হইয়া রণ-ক্লান্তি নিবারণ করে—উভয় অর্থই ব্যঞ্জিত হইতেছে)।

নিজোক্তিঃ।

কো রাগিণী।১

বেণুক ফুকে২ বুকে৩ মদনানল
কুল-ইন্ধন মাহা জারি।
দরশ৪ পাণি দুহুঁ পরশে সোহাগল৫
শ্রম-জল জোরণ৬ বারি॥
সজনী কানু সে ছৈল সোণার৭
মঝু মন-কাঞ্চন আপন প্রেম-মণি
জোরি পিন্ধায়ল হার॥ ধ্রু॥
নব অনুরাগ-রঙ্গে পুন রঞ্জল
মূল না জানই কোই।
গুরুজন-নয়ন-চৌর পয়ে ছাপিয়ে৮
প্রাণ নাথ৯ সম গোই॥

যো রস-আগরি বিদগধ নাগরি
হেরতহুঁ তাকর সাধ।
গোবিন্দদাস কহই আনে হেরিলে১০
জানি হোয়ে১১ পরমাদ॥৪৪॥২০৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৮০ ও প-র পুথির ১৩১৩ সংখ্যক পদ। 'কো রাগিণী' স্থলে 'ধানশ্রী' প-র। ২। 'ফুকে' (ঘ পুথি) স্থলে অন্যান্য পুথিতে 'ফুকে' পাঠ আছে। ৩। 'বুকে' (ঘ পুথি) স্থলে 'বুকে' চ; 'বুক' ক, খ, প-র-সা, প-র; 'বুকে' সা-প ১৮৪ সং পুথি। ৪। 'দরশ পাণি' ইত্যাদি স্থলে 'দরশন পাণি' ইত্যাদি চ; 'পরশ পাণি' ইত্যাদি প-র-সা। ৫। 'সোহাগন' ঘ; 'সোহাগহুঁ' সা-প ১৮৪ নং পুথি। ৬। 'জোরল' ক, খ, ঘ; 'জোবন' প-র-সা। ৭। 'সজনি' ইত্যাদি পংক্তিত্রয় প-র পুথিতে সর্ব্বাগ্রে সন্নিবেশিত হইয়াছে। ৮। 'গুরু-জন-নয়ন' ইত্যাদি স্থলে 'গুরুজন-নয়ন চোর ভয়ে ছাপিয়ে' প-র; 'গুরুজন চোর নয়ন ভয়ে ছাপিয়ে' সা-প ২০১ সং পুথি; 'গুরুজন চোর নয়ন পয়ে ছাপিয়ে' সা-প ১৮৪ সং পুথি। ৯। 'প্রাণ নাথ' স্থলে 'প্রাণনাথ' ক, খ, চ, প-র-সা। ১০। 'কহই' ইত্যাদি স্থলে 'কহত আন হেরণে' সা-প ২০১ সং পুথি; 'কহ আন জন হেরিলে' প-র। ১১। 'হোয়ে' (সা-প ১৮৪।২০১ সং পুথি) স্থলে 'হোয়ত'।

টীকা

১—৭। "বেণুক ফুকে" ইত্যাদি। (শ্রীরাধা শ্রীকৃষ্ণের প্রেম-লীলাকে ধূর্ত্ত স্বর্ণকারের মণিহার-গঠনরূপে বর্ণিত করিতেছেন) বেণুর (কৃষ্ণ-পক্ষে—বংশীর; স্বর্ণকার-পক্ষে—বাঁশের চোঙ্গের) ফুৎকারে হৃদয়ে কুল-ইন্ধনের (এক অর্থে—কুলরূপ জ্বালানি কাঠের; অপর অর্থে—স্বর্ণকারের ব্যবহার্য্য কুলগাছের কাঠের) মধ্যে মদনানল প্রজ্বলিত করিল; দৃষ্টি ও হস্ত উভয়ের স্পর্শ দ্বারা সোহাগ-যুক্ত (এক অর্থে—আদরযুক্ত; অন্য অর্থে—স্বর্ণ

গালাইবার উপাদান 'সোহাগা' নামক পদার্থ দ্বারা সংযুক্ত) করিল ; (সম্ভোগ-ক্লান্তি-জনিত) ঘর্ম্ম-জল সংযোগ-বারি অর্থাৎ পাইনের জল (হইল)। হে সখি! সেই শ্রীকৃষ্ণ ধূর্ত্ত স্বর্ণকার ; সে আমার মন-রূপ স্বর্ণকে (অপহৃত করিয়া) নিজের প্রেম-রূপ মণির সহিত সংযুক্ত করিয়া আমাকে হার পরিধান করাইল !

৮—১১। 'নব' ইত্যাদি। (উহাকে) আবার সে অনুরাগ-রূপ রং দিয়া রঞ্জিত করিল ; (ঐ রঞ্জিত জিনিষটি দেখিয়া) কেহ (প্রকৃত) মূল্য বুঝিতে পারে না ; (আমি আমার সেই রূপান্তরিত) হৃদয়টিকে গুরুজনের নয়ন-রূপ চোরের নিকট (দরিদ্রের) লক্ষ মুদ্রার ন্যায় গোপন করিয়া লুকাইয়া রাখিতেছি।

১২-১৫। "যো" ইত্যাদি। রসিকা যে নায়িকা রস-পরিপূর্ণা, (শ্রীকৃষ্ণকে) দেখিতে যেন তাহারই বাঞ্ছা হয় ; (ভুক্ত ভোগী) গোবিন্দদাস কহিতে-ছেন—(তাঁহাকে) অন্যে দেখিলে প্রমাদ হইবে, ইহা বেশ জানিতেছি !

শ্রীগান্ধার।১

কাজর ভমর২ তিমির জনু তনু-রুচি
নিবসই কুঞ্জ-কুটীর।
বাঁশি-নিশাসে৩ মধুর বিষ৪ উগরই
গতি অতি কুটিল সুধীর॥
সজনী৫ কানু সে বরজ-ভুজঙ্গ।
সো মঝু হৃদয়-চন্দন-রুহে লাগল
ভাগল৬ ধরম-বিহঙ্গ॥ ধ্রু॥
লোচন-কোণে পড়ত৭ যব নাগরি
রহই না পারই থীর৮।
কুঞ্চিত অরুণ অধরে ধরি পীবই৯
কুলবতি-বরত-সমীর॥
এক অপরূপ নয়ন-বিষ তাকর
মেটয়ে১০ দশনক দংশে।
ও বিষ-ঔষধ বিষ অবধারল১১
গোবিন্দদাস পরশংসে॥ ৪৫॥২০৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৮১ ও প-র পুথির ১৭৭০ সংখ্যক পদ। 'শ্রীগান্ধার' স্থলে 'শ্রীরাগ' প-র। ২। 'ভ্রমর' খ, ঘ, চ ; প-র। ৩। 'নিসানে' প-র-সা, প-র। ৪। 'রস' প-র। ৫। 'সজনি' ক, চ, প-র-সা, প-র। ৬। 'ভাঙ্গল' ঘ। ৭। 'পড়ল' সা-প ২০১ সং পুথি। ৮। 'স্থির' প-র; 'থির' ক, খ, প-র-সা। ৯। 'পিবই' ক, প-র-সা, প-র। ১০। 'মিটই' প-র-সা; 'মিটয়ে' প-ব। ১১। 'ও বিষ'-ইত্যাদি (প-র-সা পুথি) স্থলে 'বিষ ঔষধ বিষ বিষ অবধারল' খ, ঘ, চ। 'বিষ ঔষধ এক দুহুঁ অবধারল' পাঠান্তর—চ ; 'বিষ ঔষধ বিষ অবধারল' ক, প-র।

টীকা

৫—৭। "সজনী" ইত্যাদি। হে সখি! সেই শ্রীকৃষ্ণ ব্রজের ভুজঙ্গ (এক অর্থে—সর্প ; অপর অর্থে—লম্পট) ; সে আমার হৃদয়-রূপ চন্দনবৃক্ষে লগ্ন হইল ; (তাহাতে) ধর্ম্ম-রূপ বিহঙ্গ পলায়ন করিল। (সাঙ্গ-রূপক অলঙ্কার)।

১২—১৫। "এক অপরূপ" ইত্যাদি। (কিন্তু) একটি আশ্চর্য্য—তাহার দৃষ্টি-জনিত বিষ তাহার দন্তের দংশনে বিনষ্ট হয় ; ঐ (দৃষ্টি)-বিষের ঔষধ (দন্তাঘাতজনিত) বিষ (বিধাতা) বিধান করিয়াছেন ; গোবিন্দদাস (বিধাতার এই বিধান তথা শ্রীরাধার বৈদগ্ধ্যের) প্রশংসা করিতেছেন !

ধানশী ।১

পহিলহি কূল[২] তূল সম উয়ল[৩]
যাকর বেণুক ফূকে।
ধরম-করম-মতি ভরম সরিখ[৪] ভেল
নারি গারি সম দূখে ॥
সজনী কিয়ে[৫] হাম করব উপায়।
হেরইতে সো কানু আপনি আপন[৬] তনু
কাহে করত অন্তরায় ॥ ধ্রু ॥
নয়নহি নি-দউ নিন্দ নাহি হেরই[৭]
হানল ফুলশর বাণ।
যত[৮] পরমাদ কহই না পারিয়ে[৯]
গোবিন্দদাস পরমাণ[১০] ॥৪৬॥৭০৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৮২ ও প-র পুথির ১৩।৭১ সংখ্যক পদ। ২। 'কুল' ক, চ, প-র-সা, প-র। ৩। 'উয়ল' ক, চ, প-র-সা, প-র। ৪। 'সরিখ' (প-র পুথি) স্থলে 'সরিক' সা-প ১৮৩ সং পুথি; 'সদৃশ' ক, খ, ঘ, চ, প-র-সা। ৫। 'কি' ক, চ। ৬। 'আপনা' ক, চ। ৭। 'নয়নহি' ইত্যাদি স্থলে 'নয়নহি নিন্দউ নয়নে না হেরই' ক। ৮। 'কত' প-র। ৯। 'পারই' প-র-সা, প-র। ১০। 'ভালে জান' সা-প ১৮৩ সং পুথি।

টীকা

১—৪। "পহিলহি" ইত্যাদি। যাঁহার বংশীর ফুৎকারে প্রথমেই কুল তুলার ন্যায় উড়িয়া গেল,—ধর্ম্ম-কর্ম্ম ভ্রমের ন্যায় ও দুঃখ হেতু 'নারী' শব্দটি গালির তুল্য (প্রতীত) হইল। (সংস্কৃত 'সদৃক্ষ' শব্দ হইতে জাত 'সরিখ' শব্দের অর্থ—সদৃশ, তুল্য)।

৫—৭। "সজনী" ইত্যাদি। হে সখি! আমি কি উপায় করিব? সেই কৃষ্ণকে দেখিবার সময়ে নিজের দেহ কি জন্য নিজের প্রতিবন্ধকতা করে? তুলনা করুন,—

"দরশনে লোর নয়নযুগ ঝাঁপি।
করইতে কোর দুহুঁ ভুজ কাঁপি ॥
দূর কর এ সখি সো পরসঙ্গ।
নামহিঁ যাক অবশ করু অঙ্গ ॥ ধ্রু ॥
চেতন না রহ চুম্বন বেরি।
কো জানে কৈছে রভস-রস-কেলি ॥" ইত্যাদি
গোবিন্দদাস; প-ক-ত, ১৫৭ পৃষ্ঠা।

৮—১১। "নয়নহি" ইত্যাদি। নয়নকে (কৃষ্ণ-রূপ দেখার জন্য) নিন্দা করি,—(সেই অভিমানে আমার নয়ন) নিদ্রাকেও দেখে না অর্থাৎ নিদ্রাকে পরিত্যাগ করিয়াছে; (পুষ্প-শর কন্দর্পকে নিন্দা করি—সেই আক্রোশে) পুষ্প-শরধারী (পুষ্প রূপ) বাণ আঘাত করিতেছে; যত প্রমাদ (ঘটিয়াছে) বলিতে পারি না;—(সখীস্থানীয়) গোবিন্দদাস (উহার) প্রমাণ।

সুহই ।১

হৃদয়-মন্দিরে মোর কানু ঘুমাওল
প্রেম-প্রহরি রহু জাগি।
গুরুজন-গৌরব চৌর-সদৃশ[২] ভেল
দূরহি দূরে রহু ভাগি ॥
সজনী এত দিনে ভাঙ্গল ধন্দ[৩]।
কানু অনুরাগ-ভুজঙ্গে গরাশল
কুল-দাদুরি মতি মন্দ ॥ ধ্রু ॥
আপনক চরিত আপে নাহি সমুঝিয়ে
আন করত[৪] হোয়[৫] আন।
ভাবে ভরল মন[৬] পরিজন বাঁচিতে[৭]
গৃহ-পতি শপতিক[৮] ঠান[৯] ॥
নয়নক নীর থীর নাহি বান্ধই[১০]
না জানিয়ে কিয়ে ভেল আঁখি।
যত পরমাদ কহই নাহি পারিয়ে
গোবিন্দদাস এক সাখী ॥৪৭॥৭১০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৮৩ ও প-র পুথির ১৩।৬৯ সংখ্যক পদ। ২। 'সমদৃশ' খ। ৩। 'দ্বন্দ্ব'

ক ; 'দন্দ' চ, প-র-সা। ৪। 'করিতে' ক, খ, ঘ, চ, প-র-সা। ৫। 'হয়ে' ক, খ, ঘ, চ। ৬। 'ংসু' প-র। ৭। 'পরিজন বাচিতে' ঘ ; 'গুরুজন বাঢ়িতে' প-র-সা। ৮। 'শপতিক' স্থলে আমাদিগের দৃষ্ট সকল পুথিতেই 'সপতিক' পাঠ আছে। ৯। 'ঠান' (সা-প ১৮৩ সং পুথি) স্থলে 'ঠাম' অন্যান্য সমস্ত পুথি। ১০। 'নয়নক নীর' ইত্যাদি (প-র পুথি) স্থলে 'নিন্দউ নিন্দ নয়নে নাহি হেরিয়ে' অন্যান্য পুথি।

টীকা

৮—১১। "আপনক" ইত্যাদি। নিজের আচরণ নিজেই বুঝিতে পারি না ;—এক করিতে আর হইয়া পড়ে ; মন ভাবে পরিপূর্ণ ; পরিজন-দিগকে বঞ্চনা করিতে গৃহস্বামী শপথের স্থান (হইয়াছেন) ; অর্থাৎ পরিজনদিগকে ভুলাইবার জন্য গৃহস্বামীর দিব্য করি,—তাঁহার সহিত অন্য সংশ্রব নাই !

বিভাষ।১

রজনী-কাহিনী কহিতে রমণী
পুলকে পূরল দেহা২।
কনক-বরণী কি হৈল না জানি
সোঙরি সে সব লেহা৩ ॥
অঙ্গের বসন খসয়ে সঘন
নয়ানে ভরয়ে৪ লোর।
বিষাদে বিকল বিছুরি৫ সকল
চরণ না চলে৬ থোর ॥
হৃদয়-মন্দিরে পিরিতি-পালঙ্ক
রসের বালিস তায়।
আরতি তোষণি তাহাতে অমনি
শুতল রসিক রায় ॥
পিয়ার পিরিতি কহয়ে যুবতি
ধরিয়া সখীর করে।
শেখর সত্বরে কহয়ে রাধারে
দেখিবে নাগর-বরে ॥ ৪৮॥৭১১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৪৮ সংখ্যক পদ। ২। 'দেহ' ক। ৩। 'লেহ' ক ; 'নেহা' ঘ। ৪। 'ভরল' খ, প-র-সা। ৫। 'বিছরি' ঘ। ৬। 'না চলে' স্থলে 'নাচয়ে' খ।

সুহই।১

কহিতে কানুর২ বিলাস-কথা।
ছল-ছল ভেল নয়ান৩ রাতা ॥
গদ-গদ কণ্ঠ৪ না সরে বাণী।
বিবরণ ভেল কি হৈল জানি ॥
পুলকে পূরল সকল দেহ।
স্তবধ হইলে না চলে সেহ ॥
ঝর-ঝর বাহি৫ পড়য়ে ঘাম।
খেণে থর-থর কম্পমান৬ ॥
মুরছি পড়ল সখীর গায়।
হেরি সহচরী চমক পায় ॥
কোরে করিয়া রহল তাই।
খেণেকে চেতন৭ পাওল রাই ॥
সখী কহে বিপরীত সে দেখি।
কহিতে এমন কোথা না লখি ॥
আমরা পুছিয়ে৮ সুখের কথা।
ইহাতে৯ তোহার কি ভেল বেথা ॥
রাই কহে মোর জীবন কানু।
সে কথা১০ কহিতে অবশ তনু ॥
শেখর কহয়ে বহিয়া তাই।
এমন প্রেমের বালাই যাই ॥৪৯॥৭১২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৮৫ সংখ্যক পদ। ২। 'বন্ধুর' প-র-সা। ৩। 'নয়ন' ক, খ, চ, প-র-সা। ৪। 'কণ্ঠে' ক, প-র-সা। ৫। 'বাহ্রি' ঘ; 'বহি' প-র-সা। ৬। 'কম্পিতমান' ক, প-র-সা। ৭। 'সম্বিত' প-র-সা। ৮। 'কহিতে' ক, খ, ঘ, চ। ৯। 'কহিতে' ক, খ, ঘ, চ। ১০। 'গুণ' ক, খ, ঘ, চ।

পুনশ্চ প্রকারান্তরং যথা।

রসোদ্গারানুরাগঃ।

সুহই।১

পিয়ার পিরিতে[২] জাগি ঘুমায়লুঁ
না জানি বিহান নিশি।
কানুর সঙ্গের[৩] অঙ্গের[৪] সৌরভ
ননদী পাওল আসি॥
ননদী বলে গা তোল বড়ুয়ার ঝি।
সে হেন অঙ্গের এমন বিতথা[৫]
লোকে না বলিবে কি॥ ধ্রু॥
কেন তোর তনু হেন বিবরণ
মলিন চাঁদের কলা।
মত্ত করিবরে মথিয়া থুইয়াছে[৬]
শিরীষ-কুসুম-মালা॥
কে দিলে যে হের[৭] রঙ্গের[৮] নূপুর
কে দিলে এমন হার।
তড়িত জিনিয়া বরণ বসন
গুপতে আনিলি কার॥
আপাদমস্তক নাহি পরকাশ
কে দিলে চন্দন চুয়া।
সুরঙ্গ অধরে রঙ্গ ধরাইয়া
কে দিলে তাম্বুল গুয়া॥
নাসার বেশর ভালে সে তিলক
কে দিলে এমন ছান্দে।
খঞ্জন-নয়ানে অঞ্জন রঞ্জিত
জ্ঞান পড়িল ধান্দে[৯] ॥৫০॥৭১৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৮৬ সংখ্যক পদ। ২। 'পিরীতি' খ। ৩। 'অঙ্গের' প-র-সা। ৪। 'অঙ্গ' প-র-সা। ৫। 'বিতথা' প-র-সা। ৬। 'থুঞা রে' ক; 'থুয়াছে' খ, প-র-সা। ৭। 'হেরো' ঘ, চ। ৮। 'অঙ্গের' খ। ৯। 'জ্ঞান' ইত্যাদি স্থলে 'জ্ঞানদাস পড়ে ধান্দে' প-র-সা।

তথা রাগ।১

ননদি[২] গো রহিতে নারিলুঁ ঘরে।
না দেখি না শুনি এমন দেবতা
যুবতী দেখিয়া ভুলে॥ ধ্রু॥
নিশির স্বপনে চাঁদ-উপরাগ
হেরিয়ে মন্দিরে বসি।
হেনই সময়ে সে বনদেবতা
মোরে গরাসল আসি॥
গরাস-তরাসে আকুল হইয়া
মুরছি পড়িলুঁ ভূমে।
তোর নাম ধরি কত না ডাকিলু
শুনি না শুনিলি কাণে॥
এ মোর বিতথা সে বনদেবতা
শুনি চমকয়ে[৩] চিতে।[৪]
এ বোল শুনিয়া ননদী চমকি
ভ্রমিয়া বুলয়ে ভিতে॥
গোকুল-পতির মতি ভুলাইলা
ঈষত আঁখির ঠারে।
জ্ঞানদাস কহে ননদী ভুলাইতে
কিবা পরমাদ ভারে ॥৫১॥৭১৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৮৭ সংখ্যক পদ। ২। 'ননদিনি' প-র-সা। ৩। 'চমকই' খ। ৪। অতঃপর ক, ঘ ও চ পুথিতে নিম্নলিখিত অতিরিক্ত পংক্তিগুলি দৃষ্ট হয়; যথা,—

'যুবতি দেখিয়া ফিরয়ে হেরিয়া
এমতি তাহারি রিতে ॥
যে জন হেরয়ে সে বনদেবতা
রহয়ে তাহারি চিতে।'

প্রাচীনতম খ পুথিতে পংক্তিগুলি নাই এবং উহার সহিত পূর্ব্ববর্ত্তী উক্তির সামঞ্জস্যও নাই;—সুতরাং উহা প্রক্ষিপ্ত বলিয়াই বোধ হয়।

দিনান্তরস্থ বার্ত্তা।

মল্লার।[১]

এ ঘোর রজনী[২] মেঘের ঘটা[৩]
কেমনে আইল বাটে।
আঙ্গিনার কোণে[৪] বন্ধুয়া তিতিছে[৫]
দেখিয়া পরাণ ফাটে ॥
সই কি আর বলিব তোরে।
কোন[৬] পুণ্য ফলে সে হেন বন্ধুয়া
আসিয়া মিলল[৭] মোরে ॥ ধ্রু ॥
ঘরে গুরুজন ননদী দারুণ[৮]
বিলম্বে বাহির হৈলুঁ[৯]।
আহা[১০] মরি মরি সঙ্কেত করিয়া
কত না যন্ত্রণা[১১] দিলুঁ ॥
বন্ধুর পিরিতি আরতি দেখিয়া[১২]
মোর মনে[১৩] হেন[১৪] করে।
কলঙ্কের ডালি[১৫] মাথায় করিয়া
আনল[১৬] ভেজাই ঘরে ॥
আপনার দুখ সুখ করি মানে
আমার দুখের দুখী।
চণ্ডীদাস কহে[১৭] বন্ধুর[১৮] পিরিতি
শুনিয়া[১৯] জগত সুখী ॥৫২॥৭১৫ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৮৮ ও প-র পুথির ১৭৩৮ সংখ্যক পদ। 'মল্লার' স্থলে 'বিভাষ' প-র। ২। 'যামিনী' প-র। ৩। 'ঘটা' (প-র পুথি) স্থলে 'ছটা পিয়া' ক, খ, চ, প-র-সা; 'ঘট পিয়া' ঘ। 'পিয়া' শব্দটি প-র পুথিতে নাই। ৪। 'কোণে' (প-র পুথি) স্থলে 'মাঝে' ক, খ, ঘ, চ, প-র-সা। ৫। 'তিতিছে' (প-র পুথি) স্থলে 'ভিজিছে' ক, খ, ঘ, চ, প-র-সা। ৬। 'অনেক' ক, খ, ঘ, চ, প-র-সা। ৭। 'আসিয়া মিলল' স্থলে 'আনি মিলাওল' প-র। ৮। 'ঘরে' ইত্যাদি পংক্তির স্থলে—'নহি স্বতন্তর গুরুজনা ডর' প-র। ৯। 'হৈনু' ক। ১০। 'হাহা' প-র। ১১। 'কত না যন্ত্রণা' স্থলে 'এতেক যাতনা' প-র। ১২। 'দেখিতে' সা-প ২০১ সং পুথি। ১৩। 'মন' খ, প-র। ১৪। 'যেবা' প-র। ১৫। 'ডালা' প-র-সা। ১৬। 'আগুনী' সা-প ২০১ সং পুথি। ১৭। 'কয়' প-র। ১৮। 'কানুর' প-র। ১৯। 'শুনিতে' সা-প ২০১ সং পুথি।

দিনান্তরে সখ্যুক্তিঃ।

সুহই।[১]

সজনী কি কহিব রাইক সোহাগি[২]।
যাকর দেহলি বদরি-কোরে হরি[৩]
রজনি পোহায়ল জাগি ॥ ধ্রু ॥
কোকিল[৪] সম হরি সঙ্কেত রবইতে
দ্বার খসাইতে রাধা।
কঙ্কণ ঝণকিতে[৫] গুরুজন জাগল
পড়ি গেও দারুণ বাধা ॥

ননদিনি বলে[৬] ধনি কো[৭] বাহিরায়ত[৮]
ভীত-পুতলি সম দেহা।
লোরে মিটায়ল[৯] পীন পয়োধর-
মৃগমদ-কুঙ্কুম-রেহা ॥
বিঘটি মনোরথ আন চলল[১০] হরি
তাহি[১১] দুহুঁ সঙ্কেত রাখি।
কুসুম-হার অরু মুকুলিত সরসিজ[১২]
গোবিন্দদাস এক সাখী ॥৫৩॥৭১৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৪৫৬।১১৮৯ সংখ্যক পদ। ২। 'সজনী' ইত্যাদি স্থলে 'ধনি ধনি রাইক সোহাগি' প-র-সা। ৩। 'ধরি' ক, চ। 'যাকর দেহলি' ইত্যাদি পংক্তি স্থলে 'যাকর দেহ নিরবধি কোরে ধরি' চ। ৪। 'কোকিল' (ক পুথি) স্থলে 'চাতক' খ, ঘ, চ, প-র-সা। ৫। 'ছনকিতে' খ। ৬। 'ননদী পুছয়ে' প-র-সা। ৭। 'কে' ক, খ, প-র-সা। ৮। 'বাহিরাওত' ক, চ। ৯। 'মেটায়ল' ঘ, চ; 'পখাওল' প-র-সা ৪৭৬ সং পদ। ১০। 'চললি' খ; 'চলত' প-র-সা। ১১। 'তাহে' ক; 'তাহি' ঘ; 'এ' প-র-সা। ১২। 'কুসুম-হার' ইত্যাদি (প-র-সা পুথি) স্থলে 'হার কুসুমিত সরসিজ মুকুলিত' ক; 'মুকুলিত হার কুসুম সব সরসিজ' খ, চ। 'কুসুম-হার' ইত্যাদি পংক্তিটি ঘ পুথিতে লিপিকর-প্রমাদে পরিত্যক্ত হইয়াছে।

টীকা

১—১১। "সজনী" ইত্যাদি। হে সখি! শ্রীরাধার সৌভাগ্য কি বলিব? শ্রীকৃষ্ণ যাঁহার বহির্বাটী-স্থিত বদরী-বৃক্ষের ক্রোড়ে (সমস্ত) রজনী জাগিয়া পোহাইলেন! গোবিন্দদাস এই পদে উজ্জ্বলনীলমণি-ধৃত নিম্নলিখিত প্রসিদ্ধ শ্লোকের তাৎপর্য্যানুবাদ করিয়াছেন; যথা,—
"সঙ্কেতীকৃত-কোকিলাদি-নিনদং কংসদ্বিষঃ কুর্ব্বতো দ্বারোন্মোচন লোল-শঙ্খ-বলয়-ক্বাণং মুহুঃ শৃণ্বতঃ। কেয়ং কেয়মিতি প্রগল্‌ভ-জরতী-বাক্যেন দূনাত্মনো রাধা-প্রাঙ্গণ-কোণ-কোলি-বিটপি-ক্রোড়ে গতা শর্ব্বরী ॥" শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী তাঁহার সুপ্রসিদ্ধ "আনন্দ-চন্দ্রিকা" টীকায় এই পদের সমার্থক উদ্ধৃত শ্লোকের রস ভাবের বিশ্লেষণ করিয়া লিখিয়াছেন—"তত্র সঙ্কেতীকৃতেতি দ্বারোন্মোচনেত্যাভ্যাং দ্বয়োরপ্যৌৎকণ্ঠ্যোন্মোন্নিদ্রত্বং প্রচ্ছন্ন-কামুকত্বঞ্চ। তত্রাপি প্রথমেন বিশেষণেন শ্রীরাধায়াঃ হর্ষোদয়ঃ দ্বিতীয়েন শ্রীকৃষ্ণস্য। পুনশ্চ কেয়ং কেয়মিত্যনেন হর্ষপ্রশম-শঙ্কোদয়ৌ দ্বয়োরেব ততশ্চ মিথো দুর্ল্লভতা বহুবার্য্যত্বেতি তাভ্যাঞ্চ বিষাদৌৎকণ্ঠ্যচাপল্যাত্যতিবর্দ্ধিতানি। মুহুরিতি কতিপয়ক্ষণানন্তরং পুনরপি কোকিলাদি-নিনদ-দ্বারোন্মোচন-জরতীবাক্যানি তথা তথা ভাববর্দ্ধকানি জ্ঞেয়ানি।" অর্থাৎ শ্রীকৃষ্ণের সঙ্কেত-সূচক কোকিল-নাদ ও শ্রীরাধার দ্বারোদ্‌ঘাটন,—উভয় কার্য্য দ্বারা উভয়ের উৎকণ্ঠা-জনিত রজনি-জাগরণ ও প্রচ্ছন্ন অভিসার ব্যঞ্জিত হইতেছে। তাহাতে আবার প্রথম কার্য্য দ্বারা প্রধানতঃ শ্রীরাধার ও দ্বিতীয় কার্য্য দ্বারা শ্রীকৃষ্ণের হর্ষোদয়, তৎপরে 'কে বাহির হয়?' 'কে বাহির হয়?' ইত্যাদি কুটিলার বাক্যশ্রবণে উভয়েরই হর্ষ-প্রশম ও শঙ্কার উদয় হেতু (প্রেমোৎকর্ষের সারভূত) পরস্পর-দুর্ল্লভতা ও বহুবিঘ্নতা,—এবং উহার দ্বারা উভয়ের বিষাদ, উৎকণ্ঠা ও চিত্ত-চঞ্চলতার প্রাবল্য ব্যঞ্জিত হইতেছে। (মূল শ্লোকের) "মুহুঃ" ইত্যাদি বাক্যের দ্বারা সূচিত শ্রীকৃষ্ণের এইরূপ সঙ্কেত-শব্দ ও শ্রীরাধার দ্বারোদ্‌ঘাটনের বারংবার বিফল প্রয়াস দ্বারা পূর্ব্বোক্ত রস-ভাবের পৌনঃপুন্য ও অনুরক্ত প্রেমিকযুগলের তাদৃশ রজনিযাপন ব্যঞ্জিত হইতেছে।

১২—১৫। "বিঘটি" ইত্যাদি। মনোরথ ব্যর্থ হইল; হরি তথায় পুষ্পহার ও মুকুলিত পদ্ম—দুইটি সঙ্কেত-চিহ্ন রাখিয়া অন্যত্র চলিলেন; গোবিন্দদাস (ইহার) একমাত্র সাক্ষী রহিলেন। (পুষ্পহারের পরিত্যাগ দ্বারা উহার সন্তাপ-জনকতা হেতু উহার পরিবর্ত্তে শ্রীরাধাকে বক্ষে ধারণের বাসনা

ও মুকুলিত পদ্ম দ্বারা রজনীতে পরবর্ত্তী রাত্রে পুনঃ অভিসারের বাসনা ব্যঞ্জিত হইতেছে। এখানে সূক্ষ্ম ইঙ্গিত দ্বারা বক্তব্য প্রকাশিত হওয়ায় "সূক্ষ্ম" নামক অলঙ্কার ঘটিয়াছে।)

পুনশ্চ প্রকারান্তরেণ যথা।

দিনান্তরে পরস্পরং সখ্যুক্তিঃ।

রসোদ্গারঃ।

তদুচিত-শ্রীগৌরচন্দ্রঃ।

"আরে মোর গৌর কিশোর" ইত্যাদি পদং গেয়ম্ *।

সিন্ধুড়া।১

অবহুঁ রভস-রস২ কয়লহি৩ ধাধস
ঝামর দুকর৪ বেলি।
উলটল কবরি সম্বরি নাহি৫ অম্বর
কহ৬ কেবা গারি বা দেলি॥
সখি হে কোন৭ এতহুঁ দুখ দেল।
বিকচ কমল ফুল লোচন ছল-ছল৮
অব কাহে মুদিত৯ ভেল॥ ধ্রু॥
তাম্বুল অধরে১০ মধুর১১ বিম্ব-ফল১২
কির দংশন কিবা দেল।
কুচ-ছিরিফল পর১৩ বিহগ কিয়ে বৈঠল১৪
তাহে অরুণ-রেখ ভেল॥
কাজর কপোল লোল অমিয়া-ফল
সিন্দুর সুন্দর১৫ বয়ানে।
জ্ঞানদাস কহ চলহ চলহ সখি১৭
রাইক মিলাহ১৮ সিনানে॥৫৪॥৭১৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৯১ ও প-র পুথির ১৩।২৫ সংখ্যক পদ। ২। 'রভস' প-র-সা। ৩। 'কয়লহুঁ' ক, খ, ঘ, চ। ৪। 'দুকর' ক, চ, প-র-সা, প-র; 'দুকরি' খ। ৫। 'সম্বরি নহ' প-র-সা। ৬। 'কহে' প-র-সা। ৭। 'কওন' প-র-সা। ৮। 'ছল-ছল' স্থলে 'দুহুঁ তুল' প-র। ৯। 'মোদিত' খ, ঘ; 'মুদিত' ক, প-র-সা, প-র। ১০। 'অধর' প-র। ১১। 'মধু' প-র। ১২। 'বিম্বফলে' ক, খ, প-র-সা, প-র। ১৩। 'পর' শব্দটি প-র পুথিতে নাই। ১৪। 'কিয়ে বৈঠল' স্থলে 'বৈঠল কিবা' প-র। ১৫। 'সিন্দুর সুন্দর' স্থলে 'সুন্দর সিন্দুর' ঘ, প-র-সা। ১৬। 'চল' ক। ১৭। 'সখি' শব্দ প-র পুথিতে নাই। ১৮। 'মিলায়' চ; সিনাহ' প-র-সা।

টীকা

১—৪। "অবহুঁ" ইত্যাদি। উত্তাপ-দগ্ধ দ্বিপ্রহর বেলা,—এ সময়েও সম্ভোগ-লীলা বিস্ময় জন্মাইল; (শ্রীরাধার) কবরী আলু-থালু,—বস্ত্র অসংবৃত; (সখি!) বল, কেহ বুঝি (শ্রীরাধাকে) গালি দিয়াছে?

১২—১৫। "কাজর" ইত্যাদি। (শ্রীরাধার) বদনে গণ্ডে কাজল ও উজ্জ্বল সিন্দুর,—(যেন) চঞ্চল অর্থাৎ বায়ু-চালিত (সিন্দুরিয়া) আম্র-ফল; জ্ঞানদাস কহিতেছেন—সখি! চল,—(বিলম্ব করিও না) শ্রীরাধাকে স্নানে লইয়া যাও। ("লোল অমিয়া ফল" বাক্যের দ্বারা পদকর্ত্তা বুঝাইতেছেন যে, (তৃতীয় কলির বর্ণিত) তাম্বুল-রঞ্জিত অধর-রূপ বিম্বফল শুক-পক্ষী দংশন করায় ও কুচরূপ বিম্বফলে পক্ষী বসিয়া (নখ দ্বারা আঁচড়াইয়া) উহাকে

---

* "আরে মোর গৌর কিশোর" ইত্যাদি গৌরচন্দ্র-পদটি অতঃপর তৃতীয় শাখার ষোড়শ পল্লবের প্রথম ও ১০৯২ সংখ্যক পদরূপে উদ্ধৃত হইয়াছে। এ স্থলে ইহাকে গণনা করিলে ৬ষ্ঠ পল্লবের পদসংখ্যা বাড়িয়া যায়।

লোহিত-রেখাযুক্ত করায়, সিন্দূর্‌রয়া আম মনে করিয়া শ্রীরাধার গণ্ডেরও সেইরূপ লাঞ্ছনা করার আশঙ্কা হইতেছে; অতএব কাজল ও সিন্দূরের চিহ্ন বিদূরিত করার জন্ম সত্বর স্নান বিধেয়। (শ্রীরাধার নয়নের কাজল ও ললাটের সিন্দুর তাঁহার নেত্র ও ললাটের চুম্বন দ্বারা শ্রীকৃষ্ণের অধরোষ্ঠে সংলগ্ন হইয়া পরে গণ্ড-চুম্বনদ্বারা শ্রীরাধার গণ্ডে সংক্রমিত হইয়াছে —"কাজর কপোল"ইত্যাদি বাক্যের ইহাই ব্যঙ্গ্যার্থ।)

—

ধানশী ।১

সখি রাই কলাবতি কানে২।
কি দুহুঁ৩ মনোভব মনহি বুঝাওল
কিয়ে দুহুঁ আপন সুজানে৪ ॥ ধ্রু ॥
দুহুঁ দিঠি-অঞ্চল৫ বচন৬ সমাপল
চৌদিশে৭ কত আছে আনে।
দুহুঁ জন বুঝল কেহো নাহি সমুঝল৮
ঐছন দুহুঁ যে সিয়ানে১০ ॥
ভুজে ভুজে বান্ধি উরহি দরশায়ল
রমণী সমুঝল কাজে।
আনন-সররুহ করে পরশায়ল
সময় বুঝায়ল সাঝে১১ ॥
কর-কমলে মুখ- কমল লুকায়ল
আন সমুঝায়ল নাহ১২।
জ্ঞানদাস কহ তরুণি উন নহ
তৈছে কয়ল নিরবাহ ॥৫৫॥৭১৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৯২ ও প-র পুথির ১৩২৬ সংখ্যক পদ। ২। 'কান' ক। ৩। 'কি দুহুঁ' স্থলে 'এ দুহুঁ' ক, খ, ঘ, চ; 'এতহুঁ' প-র-সা। ৪। 'সুজান' ক। ৫। 'চঞ্চল' ক, খ। ৬। 'বচনে' প-র। ৭। 'চৌদিগে' প-র। ৮। 'কেহ' ক। ৯ ৳ 'সুঝল' প-র। ১০। 'সিনানে' ক, খ, প-র-সা, প-র। জ্ঞানদাসের পদাবলীর মুদ্রিত 'সিনানে' পাঠ এ স্থলে অর্থ-শূন্য। ১১। 'সাঁজে' খ, প-র-সা। ১২। 'আন সমুঝায়ল নাহ' স্থলে 'আলস বুঝায়ল' ঘ।

টীকা

১—৩। "সখি" ইত্যাদি। হে সখি! শ্রীরাধা কলা-নিপুণা; শ্রীকৃষ্ণও (সেইরূপ কলা-নিপুণ); এই দুই জনকে কি মনোভব অর্থাৎ কন্দর্প মন দ্বারাই বুঝাইল? কিংবা এই দুই জন আপনা হইতেই সুবিজ্ঞ? (কন্দর্প সংকল্পময় এবং উভয়ের চিত্তেই বিদ্যমান বলিয়া, তাঁহার প্রেরণা উভয়ের চিত্তেই স্বতঃ অনুভূত হইবে—এই যুক্তি অনুসারেই হউক, কিংবা শ্রীরাধা ও শ্রীকৃষ্ণ সুচতুর বলিয়াই হউক, তাঁহাদিগের উভয়ের মনোভাব উভয়ের অজ্ঞাত নাই—ইহাই "সখি" ইত্যাদি ধ্রুব-কলির তাৎপর্য্য)।

৪—৭। "দুহুঁ" ইত্যাদি। উভয়ের নয়ন-প্রান্ত বাক্য সমাধা করিল অর্থাৎ নয়নের কটাক্ষ বাক্যের কার্য্য সিদ্ধ করিল; (কেন না) চতুর্দ্দিকে অন্য কত (ব্যক্তি) রহিয়াছে। (দুই জনের নয়ন-ইঙ্গিত) দুই জনে বুঝিলেন—(অন্য) কেহ বুঝিল না;—দুই জনেই ঐরূপ চতুর।

৮—১১। "ভুজে" ইত্যাদি। (শ্রীকৃষ্ণ) বক্ষঃস্থলে (একটি) ভুজ দ্বারা (অপর) ভুজকে বন্ধন করিয়া (শ্রীরাধাকে ইশারায়) দেখাইলেন; নায়িকা (শ্রীরাধা) কার্য্য অর্থাৎ শ্রীকৃষ্ণের সেই কার্য্যের উদ্দেশ্য বুঝিলেন। (শ্রীকৃষ্ণ আলিঙ্গনের বাসনা প্রকাশ করিতেছেন—বুঝিতে পারিলেন)। তৎপরে শ্রীকৃষ্ণ কর দ্বারা (নিজের) মুখ-পদ্মকে (অল্পমাত্র) স্পৃষ্ট করিলেন; (তদ্দ্বারা) সন্ধ্যা-কাল বুঝাইলেন। (সন্ধ্যা-কালে সূর্য্য দিক্‌চক্রবালের নিকটবর্ত্তী হওয়ায় তাঁহার কর পদ্মকে অল্পমাত্র স্পর্শ করিয়া থাকে; সুতরাং শ্রীকৃষ্ণ কর দ্বারা মুখ-পদ্মকে অল্প স্পর্শ করায় ইঙ্গিতে সন্ধ্যা-কাল বুঝান হইল। এই ইঙ্গিতের তাৎপর্য্য অধিকতর গূঢ় বলিয়া, অর্থ-প্রতীতি নাও হইতে পারে আশঙ্কা করিয়া পদকর্ত্তা

'সময় বুঝায়ল সাঁঝে' বাক্যটির প্রয়োগ করিয়াছেন)।

১২—১৫। "কর-কমলে" ইত্যাদি। (শ্রীকৃষ্ণ সম্ভোগোৎকণ্ঠা হেতু সন্ধ্যা-কালে অভিসারের জন্ম শ্রীরাধাকে ইঙ্গিত করিলেও, শ্রীরাধা ঐ ইঙ্গিতের প্রত্যুত্তরে) নিজের কর-স্থিত লীলা-কমলে (লজ্জা প্রকাশের ছল করিয়া) নিজের মুখ-কমল লুকাইলেন; (এবং তদ্দ্বারা) নাথকে অন্ত বুঝাইলেন অর্থাৎ সন্ধ্যা অভিসারের উপযুক্ত সময় নহে,—যখন পদ্ম নিমীলিত হইবে, সেই রজনী অভিসারের উপযুক্ত কাল—ইহা বুঝাইলেন। (এই পদের ৩য় ও ৪র্থ কলিতে "সূক্ষ্ম" নামক অলঙ্কার হইয়াছে)। তুলনা করুন,—

"সঙ্কেত-কাল-মনসং বিটং জ্ঞাত্বা বিদগ্ধয়া।
হসন্নেত্রার্পিতাকূতং লীলা-পদ্মং নিমীলিতম্॥"
—সাহিত্য-দর্পণ, ১০ম পরিচ্ছেদ।

বরাড়ী।১

ছলে দরশায়ল উরজক ওর।
আপনি নেহারি হেরল মোহে থোর॥
বিহসি দশন আধ দরশন দেল।
ভুজে ভুজ২ বান্ধি অলপ চলি গেল॥
কি কহব রে সখি নারি সুজান।
হরখে বরখে কত মনমথ-বাণ॥
হরি কত দূরসেঁ পালটি নেহারি।
তোড়ল কানড় কুসুম উঘারি॥
বসনক ওর ঝাঁপল তব৩ গোরি।
লীলা-কমলে মুখ রোপলি থোরি৪॥
বৈদগধি বিবিধ পসারল যেহ।
কোন৫ মুগধ তাহে ধরু৬ নিজ দেহ॥
ধনি ধনি তাক যাক ইহ নারি৭।
জ্ঞানদাস কহ ধনি জনা চারি॥ ৫৬॥৭১৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৯৩ ও প-র পুথির ১৩।২৭ সংখ্যক পদ। ২। 'ভুজে' ক, খ, প-র-সা। ৩। 'ঝাঁপল তব' স্থলে 'উঝায়ল' প-র। ৪। 'ঘোরি' প-র-সা। ৫। 'কোন' (সা-প ২০১ সং পুথি) স্থলে 'কানু' ক, খ, ঘ, চ, প-র; 'কাম' প-র-সা। ৬। 'ধর' প-র। ৭। 'ধনি ধনি' ইত্যাদি পংক্তি স্থলে 'ধন্য সে জনা যাহার বর নারী।' প-র।

টীকা

১১—১২। "বৈদগধি" ইত্যাদি। (শ্রীরাধা) নানাবিধ যে বৈদগ্ধী বিস্তার করিলেন, (রসজ্ঞের ত কথাই নাই) কোন্ মুগ্ধ অর্থাৎ অরসিক তাহাতে নিজের শরীর ধারণ করিতে পারে ?

১৩—১৪। "ধনি ধনি" ইত্যাদি। ইনি যাঁহার নারী, তাঁহার ধন্য ধন্য অর্থাৎ শত ধন্য! জ্ঞানদাস কহিতেছেন—(কেবল তিনি ধন্য নহেন;) জনা চারি লোক ধন্য! (অর্থাৎ এই নায়িকা-শিরোমণির পিতা, মাতা, স্বামী ও প্রণয়-ভাজন—চারি জনকেই ধন্য বলিতে হইবে)।

সুহই।১

সখি২—বড় অপরূপ ভেলি৩।
রাই—যমুনা সিনানে গেলি॥
কানু৪ দরশন ভেল।
কি দুহুঁ ইঙ্গিত কেল৫॥
বুঝিয়া সে সব রীত।
সভে গেল আন ভীত৬॥
যব হোত৭ নিরজনে।
পৈঠলি৮ নিকুঞ্জ-বনে॥
কি দুহুঁ কয়লি নেহ।
জ্ঞান কি বুঝিব থেহ৯॥ ৫৭॥৭২০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৯৪ ও প-র পুথির ১৩।২৯ সংখ্যক পদ। ২। 'দেখি' ঘ। ৩। 'কেলি' প-র। ৪। 'কামুক' খ। ৫। 'কি দুহুঁ' ইত্যাদি (প-র পুথি) স্থলে 'কিয়ে ইঙ্গিত দুহুঁ কেল' খ, ঘ; 'কিয়ে ইঙ্গিত কেল' ক, চ, প-র-সা। ৬। 'সভে গেল' ইত্যাদি স্থলে 'সভে ভেল আনন্দিত' প-র। ৭। 'হৈতে' প-র। ৮। 'পেসলি' প-র। ৯। 'জ্ঞান' ইত্যাদি স্থলে 'জ্ঞানদাস কি বুঝিব থেহ' ক, প-র-সা; 'জ্ঞান কি বুঝব থেহ' খ, ঘ, চ; 'জ্ঞানদাস তব থেহ' প-র।

বড়ারী।১

নাহি উঠল তিরে২ রাই কমল-মুখি
　সমুখে হেরল৩ বর-কান।
গুরু-জন সঙ্গে লাজে৪ ধনি নত-মুখি
　কৈছনে হেরব বয়ান॥
　সখি হে৫ অপরূপ৬ চাতুরি গোরি।
সব জন তেজি আগুসরি ফুকরই
　আড়৭ বদন৮ তহিঁ৯ ফেরি॥ ধ্রু॥
তঁহি১০ পুন মোতি-হার টুটি পেলল১১
　কহত হার টুটি গেল।
সব জন এক এক চুনি সঞ্চরু১২
　শ্যাম দরশ১৩ ধনি কেল॥
নয়ন-চকোর কানু-মুখ শশি-বর১৪
　কয়ল অমিয়া১৫ রস পান।
দুহুঁ দোঁহা দরশনে রসহুঁ পসারল
　বিদ্যাপতি ভালে জান॥৫৮॥৭২১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৯৫ ও প-র পুথির ১৩।৩০ সংখ্যক পদ। 'বরাড়ী' স্থলে 'সিন্ধুড়া' প-র। ২। 'তীরে' ক। 'তীরে' পাঠে ছন্দোভঙ্গ অনিবার্য্য। ৩। 'দেখয়ে' প-র। ৪। 'লাজ' ঘ। ৫। 'এ সখি' প-র। ৬ 'অপরূপ' ক, চ, প-র-সা। ৭। 'আধ' প-র। ৮। 'বদনে' ক, প-র-সা। ৯। 'তহি' ঘ; 'তাহি' চ। ১০। 'তহি' ঘ; 'তাহিঁ' চ। ১১। 'ফেলল' ক, প-র-সা; 'ডারল' প-র। ১২। 'সব জন' ইত্যাদি স্থলে 'সব জন অউধ বদনে তহিঁ সঞ্চরু' প-র। ১৩। 'দরশন' চ। ১৪। 'শশধরে' প-র। ১৫। 'অমৃত' ক।

ভূপালী।১

কি কহব রাইক চরিত অপার।
ঐছন২ কতিহুঁ না হেরিয়ে আর॥
গুরুজন সনে আজু৩ চলইতে বাট।
অন্তরে উপজল কামুক নাট॥
পুলকে পুরল তনু ঝর ঝর ঘাম।
অবশ হইয়া কহে কানু কানু নাম॥
ননদি কহয়ে তহিঁ কানু কাহা হেরি।
ভানু ভানু করিয়া কহয়ে পুন বেরি॥
অতিশয় তাপে তনুতে বহে ঘাম।
তাহে পুন পুন সে কহলুঁ৪ ভানু নাম॥
গুরুজন শুনি তব নিশবদ ভেল।
জ্ঞানদাস চাতুরি উপদেশ কেল॥৫৯॥৭২২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৯৬ সংখ্যক পদ। ২। 'ঐছে' ক, চ। ৩। 'আজি' ক। ৪। 'কয়ল' খ।

অথ রসোদ্গারঃ প্রকারান্তরং যথা।

শ্রীমহাপ্রভুঃ।

বিভাষ।১

আজুক প্রেমক নাহিক ওর।
স্বপনহি শুতলুঁ২ গৌরক কোর॥

পহু-মুখ হেরইতে পড়লহি ভোর।
চরকি চরকি বহে লোচনে লোর ॥
উচ-কুচ কাজরে হার উজোর।
ভীগল তিলক বসন রুচি মোর ॥
মীটল অঙ্গ-বেশ রহু[৩] থোর[৪]।
বাসুদেব ঘোষ কহে প্রেম[৫] আগোর ॥
॥৬০॥৭২৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৯৭ সংখ্যক পদ। ২। 'শুতল' ক, খ, চ, প-র-সা। ৩। 'বহু' ক, খ, ঘ, প-র-সা। ৪। 'ঘোর' প-র-সা। ৫। 'প্রেমে' প-র-সা।

ধানশী।[১]

কি কহব রে সখি রজনিক বাত।
শুতিয়া আছিলুঁ হাম গুরুজন সাথ ॥
আধ রজনি যব পূরল চন্দা[২]।
সুমলয় পবন বহয়ে অতি মন্দা[৩] ॥
গৌরক প্রেম ভরল মঝু দেহা।
আকুল জিবন না বান্ধই থেহা ॥
গৌর গৌর করি উঠলুঁ রোই।
জাগল গুরুজন কহে পুন কোই ॥
গৌর নাম সভে শুনল[৪] কাণে।
গুরুজন তবহিঁ করল চিতে আনে ॥
চৌর চৌর করি উঠায়লুঁ[৫] ভাষ।
বাসুদেব ঘোষ কহে ঐছে বিলাস ॥৬১॥৭২৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৯৮ সংখ্যক পদ। ২। 'চন্দ' প-র-সা। ৩। 'মন্দ' প-র-সা। ৪। 'শুনল' ক, খ, চ, প-র-সা। ৫। 'উঠলুঁ' খ, ঘ; 'উঠল' প-র-সা।

তথা রাগ।[১]

পালঙ্কে শয়নং[২] ঘুমে অচেতন
দীঘল বহয়ে শ্বাস।
দীপ করে লই লুবধ[৩] মাধব
আওল হামারি পাশ ॥
সখি হে কানু সে ঐছন ঢীঠ[৪]।
হরষে পরশে অধিক লালসে
বিষম তাকর দীঠ ॥ ধ্রু ॥
জাগইবে[৫] ডরে লহু লহু করে
বসন কয়ল দূর।
কনক-গাগরি[৬] বেকত নেহারি
নিজ মনোরথ পূর[৭] ॥
দীপের ছটায় ঝটিতে জাগলু
ভরমে কহলুঁ চোর।
ডরে চোর পাশে আন্ধারে পশিলুঁ
সে মোরে করল কোর[৮] ॥
হাসিয়া রভসে বান্ধি ভুজপাশে[৯]
বিলসে অধিক সুখ।
চম্পতি-পতি বেকত কহয়ে
চোরের নিলজ মুখ ॥৬২॥৭২৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৯৯ ও প-র পুথির ১৩।৩৩ সংখ্যক পদ। 'তথা রাগ' স্থলে 'বিভাষ' খ; 'সুহই' প-র। ২। 'পালঙ্ক শয়ন' ঘ; 'পালঙ্ক শয়নে' প-র। ৩। 'মুগধ' প-র-সা। ৪। 'টীট' ক; 'ছিঠ' চ; 'ঢীট' প-র-সা, প-র। ৫। 'জাগইব' প-র। ৬। 'কনয়া পুতরি' প-র। ৭। 'নিজ' ইত্যাদি স্থলে 'নয়ানে ভরল পুর' প-র। ৮। 'ডরে' ইত্যাদি পংক্তি-দ্বয়ের স্থলে প-র পুথির পাঠ যথা,—

'চোরের ডরে পাস আন্ধিয়ারে
পসিলু তাকর কোর ॥'

৯। 'হাসিয়া' ইত্যাদি ভণিতার কলি স্থলে প-র পুথির ভণিতা-হীন পাঠ, যথা—

'হাসির রভসে বান্ধি ভুজপাশে
চোরের নিলজ মুখ।
নিজ মনোরথ তা কহিব কত
বিলসে অধিক সুখ॥'

পঠমঞ্জরী।[১]

এ সখি রঙ্গিণি কি কহব তোয়।
আজুক[২] কৌতুক কহনে না হোয়॥ ধ্রু[৩]॥
একলি আছিলুঁ ঘরে হিন-পরিধান।
অলখিতে আয়ল কমল-নয়ান॥
এ দিগে ঝাঁপিতে তনু উদিগে[৪] উদাস।
ধরণি পশিয়ে যদি পাঙ পরকাশ॥
করে কুচ ঝাঁপিতে ঝাঁপন না যায়।
মলয়-শিখর জনু হিমে না লুকায়॥
ধিক যাউ[৫] জীবন যৌবন লাজ।
আজু মোর অঙ্গ দেখল যুবরাজ॥
ভণয়ে বিদ্যাপতি রসবতি রাই।
চতুরক আগে কিয়ে চতুরাই॥৬৩॥৭২৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২০০ সংখ্যক পদ। ২। 'আর এক' ঘ, প-র-সা। ৩। খ পুথি ছাড়া অন্যান্য পুথিতে 'ধ্রু' চিহ্ন নাই। ৪। 'ও দিগে' ক, প-র-সা। ৫। 'জাও' প-র-সা।

টীকা

৩—৪। "একলি" ইত্যাদি। ক্ষুদ্র-বস্ত্র-পরিহিতা আমি ঘরে একাকিনী ছিলাম; (এমন সময়ে) পদ্মলোচন শ্রীকৃষ্ণ অলক্ষিত ভাবে আসিলেন। হীন (ক্ষুদ্র) পরিধান (পরিহিত-বস্ত্র) যাঁহার—এইরূপ বহুব্রীহি সমাস দ্বারা "হীন-পরিধান" শব্দটি সিদ্ধ হইয়াছে। কিংবা (আমি) ঘরে একাকিনী ছিলাম,—(আমার) পরিধান হীন অর্থাৎ ক্ষুদ্র (বস্ত্র)—এইরূপ সমাসহীন অন্বয়ও করা যাইতে পারে।

তথা রাগ।[১]

আর এক[২] লাজ তোহে[৩] কি কহব মাই।
জল দেই[৪] ধোই যদি তবহুঁ না যাই[৫]॥
নাহি উঠল হাম কালিন্দি-তীর।
অঙ্গহি লাগল পাতল চীর॥
তহিঁ[৬] বেকত ভেল সকল শরীর।
তহিঁ[৭] উপনীত সমুখে যদুবীর॥
বিপুল নিতম্ব অতি বেকত ভেল।
পালটিয়া তাপর কুন্তল দেল॥
উরজ উপর যব দেয়ল দীঠ।
উর মোড়ি বৈঠলুঁ হরি করি পীঠ॥
হাসি মুখ মোড়ই ঢীঠ[৮] মাধাই।
তনু তনু ঝাঁপিতে ঝাঁপন না যাই॥
বিদ্যাপতি কহে তুহুঁ অগেয়ানি।
পুন কাহে পালটি না পৈঠলি পানি॥
॥৬৪॥৭২৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২০১ সংখ্যক পদ। ২। 'আর এক' স্থলে 'আজুক' ক, প-র-সা। ৩। 'তোহে' শব্দ ক, প-র-সা পুথিতে নাই। ৪। 'দিয়া' খ, ঘ। ৫। 'ধোই যদি' ইত্যাদি স্থলে 'ধুইলে ধোয়ে নাহি জাই' প-র-সা। ৬। 'তাহি' ক; 'তহি' ঘ। ৭। 'তাহি' ক; 'তহি' ঘ। ৮। 'টীট' ক।

টীকা

৯—১০। "উরজ" ইত্যাদি। (শ্রীহরি) যখন (আমার) কুচের প্রতি দৃষ্টি অর্পিত করিলেন, (তখন) আমি হরিকে পশ্চাতে করিয়া অর্থাৎ হরির দিকে পাছ দিয়া আমার বক্ষঃস্থল ঘুরাইয়া বসিলাম।

ধানশী ।১

এ ধনি রঙ্গিণি কি কহব তোয় ।
আজুক[২] কৌতুক কহল[৩] না হোয় ॥ ধ্রু[৪] ॥
একলি শুতিয়া ছিলুঁ কুসুম-শয়ান ।
দোসর মনমথ করে ফুলবাণ[৫] ॥
নূপুর রুণু-ঝুনু[৬] আয়ল কান ।
কৌতুকে হাম মুদি রহল নয়ান[৭] ॥
আয়ল কানু বৈঠল[৮] মঝু পাশ ।
পাশ মোড়ি[৯] হাম লুকায়লুঁ হাস ॥
কুন্তল-কুসুমদাম হরি নেল ।
বরিহা-মাল পুনহি মুঝে[১০] দেল ॥
নাসা-মোতিম গীমক হার ।
যতনে উতারল কত পরকার ॥
কঞ্চুক ফুগইতে[১১] পহু ভেল ভোর ।
জাগল মনমথ বান্ধলুঁ[১২] চোর ॥
ভণয়ে বিদ্যাপতি রসিক সুজান ।
তুহুঁ রসবতি[১৩] পহু সব রস
ভাণ[১৪] ॥৬৫॥৭২৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২০২ ও প-র পুথির ১৩।৩১ সংখ্যক পদ। ২। 'আর এক' খ। ৩। 'কহল' (প-র পুথি) স্থলে 'কহনে' ক, খ, ঘ, চ, প-র-সা। ৪। ক, ঘ, চ পুথিতে 'ধ্রু' চিহ্ন নাই। ৫। 'করে ফুলবাণ' স্থলে 'কোরে পাঁচবাণ' প-র। ৬। 'রুণুঝুনু' (ঘ পুথি) স্থলে 'ঝুনু ঝুনু' ক, খ, চ, প-র-সা, প-র। ৭। 'কৌতুকে' ইত্যাদি স্থলে 'কৌতুকে মুন্দি হাম রহল বয়ান' প-র। ৮। 'আয়ল' ইত্যাদি স্থলে 'আয়লি বৈঠল কানু' প-র-সা। ৯। 'পাশ মোড়ি' স্থলে 'কৈতব করি' প-র (পাঠান্তর)। ১০। 'ওহি' প-র। ১১। 'পরসিতে' প-র। ১২। 'বান্ধল' প-র-সা, প-র। ১৩। 'রসিকা' প-র। ১৪। 'পহু সব রস ভাণ' (প-র-সা পুথি) স্থলে 'পুন সব রস ভাণ' ক; 'পহুঁ সরবস ভান' খ, চ; 'পহু রস বস ভান' ঘ; 'পহু সব রস জান' প-র।

তথা রাগ ।১

শাশ ঘুমায়ত কোরে আগোরি[২] ।
তহিঁ রতি-ঢীঠ পীঠ রহুঁ চোরি[৩] ॥
কিয়ে হাম আখরে কহলুঁ বুঝাই ।
আজুক চাতুরি রহব কি যাই ॥
না করহ আরতি এ অবুধ[৪] নাহ ।
অব নাহি হোত বচন-নিরবাহ ॥
পীঠ-আলিঙ্গনে[৫] কত সুখ পাব ।
পানিক পিয়াস দুধে কিয়ে যাব ॥
কত মুখ মোড়ি অধর-রস নেল ।
কত নিশবদ করি কুচে কর দেল ॥
সমুখে না যায় সঘনে নিশয়াস[৬] ।
কাহে কিরণ[৭] ভেল দশন-বিকাশ ॥
জাগল শাশ চলত তব কান ।
না পুরল আশ বিদ্যাপতি ভাণ ॥৬৬॥৭২৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২০৩ সংখ্যক পদ। ২। 'আগোর' ক, চ, প-র-সা। ৩। 'চোর' ক, চ; 'মোর' প-র-সা। ৪। 'অবধ' প-র-সা। ৫। 'আলিঘনে' ক; 'আলিঙ্গন' খ, ঘ। ৬। 'নিশোয়াস' ক, খ, প-র-সা। ৭। 'কাহে কিরণ' (ঘ-পুথি) স্থলে 'হাস কিরণ' ক, চ, প-র-সা; 'হাসে কিরণ' খ।

টীকা

৩—৪। "কিয়ে" ইত্যাদি। (আমি) কি জন্য আখরে অর্থাৎ সঙ্কেতে তাঁহাকে বুঝাইয়া কহিলাম? (অর্থাৎ আমার পশ্চাতে অবস্থিত শ্রীকৃষ্ণের অধরোষ্ঠে করাঙ্গুলি স্থাপনরূপ সঙ্কেত দ্বারা তাঁহাকে নিঃশব্দে অবস্থান করার জন্য ইঙ্গিত করিয়া আমি কি জন্য

তাঁহাকে অবস্থানের অনুমতি দিলাম ?) আজিকার চাতুরী রক্ষা পাইবে, কি ঘুচিবে—বুঝিতে পারি না !

৫—৬। "না করহ" ইত্যাদি। (শ্রীকৃষ্ণের চাঞ্চল্য দেখিয়া আমি মনে মনে বলিতে লাগিলাম) হে নির্ব্বোধ প্রিয়তম ! (এরূপ) উৎকণ্ঠা প্রকাশ করিও না। এখন আমাদিগের বাক্য-নির্ব্বাহ হইতেছে না অর্থাৎ কথাটি বলিবারও উপায় নাই। (আমার) পৃষ্ঠ আলিঙ্গন করিয়া কত সুখ পাইবে ? জলের তৃষ্ণা কি দুগ্ধের দ্বারা দূর হইবে ?

৯—১০। "কত" ইত্যাদি। (আমি মনে মনে এরূপ চিন্তা করিতেছি,—ইতিমধ্যে) শ্রীকৃষ্ণ (আমার) মুখ বক্র করিয়া কত অধরামৃত পান করিতে লাগিলেন ! শব্দ না করিয়া কত বক্ষে হস্তার্পণ করিতে লাগিলেন !

১১—১২। "সমুখে" ইত্যাদি। (শ্রীকৃষ্ণ এরূপ সুচতুর যে) তাঁহার সঘন নিশ্বাস সম্মুখের দিকে যায় না ; (পাছে ঘন ঘন নিশ্বাস গায়ে লাগিলে শাশুড়ী জাগিয়া উঠেন !) কিন্তু (কি দুর্ভাগ্য ! শ্রীকৃষ্ণের চতুরতা দর্শনে আমি হাস্য সংবরণ করিতে না পারায়) কি জন্য আমার দন্ত-বিকাশ ও (তজ্জনিত) দীপ্তি হইল ?

১৩—১৪। "জাগল" ইত্যাদি। (আমার দশন-জ্যোতি চক্ষে লাগায়) শাশুড়ী জাগিলেন ; তখন কৃষ্ণ (নিরুপায় হইয়া) চলিয়া গেলেন ; (লীলা-দর্শক) বিদ্যাপতি বলিতেছেন,—(শ্রীকৃষ্ণের তথা পদ-কর্ত্তার) বাসনা পূর্ণ হইল না।

বিভাষ।১

এ সখি এ সখি কি কহব হাম।
পিয়া মোর বিদগধ বিহি মোরে বাম ॥
কত দুখে আয়ল পিয়া মঝু লাগি।
দারুণ শাশ রহল তহিঁ জাগি ॥
ঘরে ঘোর আন্ধিয়ার কি কহব সখি।
পাশে লাগল পিয়া কিছুই না দেখি ॥
চিত মোর ধস-ধস কহিতে না পাই।
এ বড় মনের দুখ রহু২ চিরথাই ॥
বিদ্যাপতি কহ তুহুঁ অগেয়ানি।
পিয়া হিয়৩ করি কাহে না ফেরি
বয়ানি ॥৬৩॥৭৩০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২০৪ সংখ্যক পদ। ২। 'রহ' ক, খ, প-র-সা। ৩। 'হিয়া' ক, খ।

টীকা

৯—১০। "বিদ্যাপতি" ইত্যাদি। বিদ্যাপতি কহিতেছেন—শ্রীরাধে ! তুমি জ্ঞান-হীনা ; প্রিয়তমকে বক্ষে (ধারণ) করিয়া কেন (শাশুড়ীর দিকে) মুখ ফিরাইলে না ? (অর্থাৎ শ্রীকৃষ্ণের দিকে সম্মুখ দিয়া, তাঁহাকে বাহুপাশে গাঢ় আলিঙ্গন করিয়া শয়ন করিয়া, কেবল মুখটি শাশুড়ীর দিকে ফিরাইয়া রাখিলে শাশুড়ীর অঙ্গে পূর্ব্ববৎ শ্রীরাধার নিশ্বাসস্পর্শ হওয়ায়, তাঁহার মনে কোন সন্দেহ হইতে পারিত না এবং ঐ ভাবে মুখ রাখায় শাশুড়ীর অঙ্গ-প্রত্যঙ্গের গতি-বিধি লক্ষ্য করিয়া প্রয়োজন হইলে সতর্ক হওয়াও চলিত—কবির বাক্যের ইহাই তাৎপর্য্য বটে)।

আড়ানী।১

অলখিতে আয়ল অলখিতে গেল।
না পূরল মনরথ২ বেকত না ভেল ॥
গুরুজন জাগল ভেল৩ বিহান।
চরণ-লখন৪ হেরি আন বয়ান ॥
হরি হরি৫ কি করব কুলবতি হোই।
অঙ্গনে কানু-চরণ-চিহ্ন সোই ॥
গুরুজন-ভয়ে তব লেপইতে চাই।
বিরিতি৬ বিশেষ লেপই নাহি৭ পাই ॥
সংভ্রম ভেল মন ভ্রমে আনিবারি।
সো ডর ভাঙ্গল নয়নক বারি ॥

যে পথে রাতি চলল রতি-চোর।
সে পথে মনরথ গেলহি মোর ॥
দেহ রহল জনু সুধ[৯] পসারি।
কহ কবিশেখর প্রেম বিচারি ॥৬৮॥৭৩১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২০৫ সংখ্যক পদ। 'আড়ানী' স্থলে 'আড়ানা' ক, খ, প-র-সা। ২। 'মনমথ' প-র-সা। ৩। 'ভৈগেল' প-র-সা। ৪। 'চরণ-লখন' (ঘ পুথি) স্থলে 'চরণ নখর' ক, খ, চ, প-র-সা। ৫। 'হেরি হেরি' ক, খ, চ, প-র-সা। ৬ 'পিরিতি' ক, চ, প-র-সা। ৭। 'না' ক, খ। ৮। 'নয়নকি' ক, চ। ৯। 'সুধ' ক প-র-সা।

টীকা

৩—৪। "গুরুজন" ইত্যাদি প্রভাত হইল; গুরুজন জাগিল; (অঙ্গনে) শ্রীকৃষ্ণের চরণ-লক্ষণ অর্থাৎ কৃষ্ণ-চরণের ধ্বজ-বজ্রাঙ্কুশ ইত্যাদি চিহ্ন (সিক্ত মৃত্তিকায় মুদ্রিত) দেখিয়া (আমার) বদন অন্যরূপ অর্থাৎ চিন্তায় বিমলিন হইল।

৫—৬। "হরি হরি" ইত্যাদি। হরি-হরি! কুলবতী হইয়া (আমি) কি (উপায়) করিব? আঙ্গিনায় শ্রীকৃষ্ণের সেই (প্রসিদ্ধ ধ্বজ-বজ্রাঙ্কুশ-চিহ্ন-যুক্ত) পদ-চিহ্ন (রহিয়াছে)। (শ্রীকৃষ্ণের চরণ ব্যতীত অন্য কাহারও চরণে ধ্বজ-বজ্রাঙ্কুশ ইত্যাদি চিহ্ন না থাকায়, তাদৃশ চরণ-চিহ্ন দর্শনে গুরুজনেরা রজনীতে আমার গৃহে শ্রীকৃষ্ণের আগমন এবং তদ্দ্বারা আমাকে নিঃসন্দেহে অসতী বলিয়া বুঝিতে পারিবেন)।

৭—৮। "গুরুজন" ইত্যাদি। তখন (আমি) গুরুজনের ভয়ে সেই চরণ-চিহ্ন (গোময়-জলাদি দ্বারা অঙ্গন-লেপনের ছল করিয়া) লেপিতে চাহিলাম; কিন্তু বিশেষ বিরীতি অর্থাৎ অনভ্যাস বলিয়া লেপিতেও পারিলাম না। (খ পুথির পত্র-পার্শ্বে দুর্বোধ্য 'বিরিতি' শব্দের অর্থ—'লেপনস্ত রীতং নাস্তি' লিখিত আছে)।

৯—১০। "সংভ্রম" ইত্যাদি। (আমার) ভয় হইল; মন অনবরত ঘুরিতে লাগিল অর্থাৎ কোন উপায় উদ্ভাবন করিতে পারিল না; (কিন্তু সৌভাগ্য-ক্রমে) আমার নয়নের জল-ধারা সেই ভয় দূর করিল অর্থাৎ আমি অনভ্যাস হেতু লেপন দ্বারা শ্রীকৃষ্ণের পদ-চিহ্ন বিলুপ্ত করিতে না পারিলেও আমার অশ্রুজল অবিরলধারে পতিত হইয়া শ্রীকৃষ্ণের চরণ-চিহ্নগুলি ধুইয়া ফেলিল।

১১—১৪। "যে পথে" ইত্যাদি। রজনীতে রতি-চোর অর্থাৎ প্রচ্ছন্নকামুক শ্রীকৃষ্ণ যেই পথে গেলেন, সেই পথে (তাঁহার সঙ্গে সঙ্গে) শ্রীরাধার (সমস্ত) মনোরথও গমন করিল; (কেবল) তাঁহার দেহ যেন সামান্য চৈতন্য-মাত্র প্রকাশিত করিয়া রহিল; (অর্থাৎ শ্রীরাধার সামান্য চেতনা-শক্তি থাকিলেও অন্যমনস্কতা হেতু তাঁহার কোন বিষয়েরই বিশেষ অনুভূতি রহিল না)—কবিশেখর (শ্রীরাধার) প্রেম বিচার করিয়া (এই কথা) কহিতেছেন।

দিনান্তরে।

ধানশী।[১]

সখি[২]—সে সব কহিতে লাজ।
যে করে রসিক-রাজ ॥
আঙ্গিনা আওল সেহ।
হাম চললুঁ গেহ ॥
ও ধরু আঁচর ওর।
ফুয়ল কবরি মোর ॥
ঢীঠ নাগর চোর।
পাওল হেম-কটোর ॥
ধরিতে ধয়ল তায়।
তোড়ল নখের ঘায় ॥

চকোর৩ চপল চাঁদ।
পড়ল প্রেমের ফাঁদ ॥
কবি বিদ্যাপতি ভাণ।
পূরল দুহুঁক৪ কাম ॥৬৯॥৭৩২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২০৬ সংখ্যক পদ। ২। 'সখি হে' খ, ঘ। ৩। 'চকোরে' ক, খ, প-র-সা। ৪। 'দোহক' খ, ঘ।

টীকা

৭—৮। "দীঠ" ইত্যাদি। চোর অর্থাৎ পর-ধনের অপহারক ধৃষ্ট নাগর (অঞ্চল অপসারিত করায়) স্বর্ণের কটোরা প্রাপ্ত হইল। (স্তন-দ্বয়ের উল্লেখ না করিয়া উহা স্বর্ণ-কটোরারূপে বর্ণিত করায় অতিশয়োক্তি অলঙ্কার হইয়াছে)।

১১—১২। "চকোর" ইত্যাদি। চকোর অর্থাৎ শ্রীকৃষ্ণ ও চঞ্চল চাঁদ অর্থাৎ শ্রীরাধার ইতস্ততঃ সঞ্চালিত বদন—উভয়ে প্রেমের ফাঁদে পতিত হইল। (অর্থাৎ চন্দ্র যদিও প্রথমে চকোরের নিকট হইতে নিজের সুধা-ভাণ্ডারটিকে রক্ষা করার জন্য কিংবা চকোরকে বঞ্চিত করিয়া কৌতুক দেখার জন্য ইতস্ততঃ সঞ্চলন দ্বারা চকোর হইতে আত্ম-রক্ষা করিতেছিল, কিন্তু শেষে উভয়ে উভয়ের অনুরাগ-রূপ বন্ধনে আবদ্ধ হইয়া পরস্পরের অনুকূল কার্য্য করিতে বাধ্য হইল।)

তথা রাগ।১

যাইতে যমুনা-সিনানে।
সঙ্গহি২ কাল সমানে ॥
অলখিতে আওল কান।
হাম তব বঙ্ক বয়ান৩ ॥
ননদিনি আগে আগে যায়।
তহিঁ কিছু কহিতে না পায় ॥

ও বর বিদগধ নাহ।
ইথে যে করল নিরবাহ ॥ ধ্রু ॥
পুন পিছে পিছে গেও সেহ।
উলটি হেরিতে৪ শ্যাম-দেহ ॥
অলখিতে চুম্বন কেল।
ভাবে অবশ তনু ভেল ॥
বিহি দিল কণ্টক হাথে৫।
চললিহুঁ অধমক সাথে ॥
কয়লহুঁ যমুনা সিনান।
জ্ঞান৬ কহে সহে কি পরাণ ॥৭০॥৭৩৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২০৭ সংখ্যক পদ। ২। 'অঙ্গহি' প-র-সা। ৩। 'নয়ান' প-র-সা। ৪। 'হেরিয়ে' ক। ৫। 'হাতে' ক। ৬। 'জ্ঞানদাস' ক, প-র-সা।

দিনান্তরে।

ভূপালী।১

একসরি২ যাইতে যামুন৩ তীর।
অলখিতে আয়ল শ্যাম-শরীর ॥
অসম্বরে৪ ছিল মোর অঙ্গ উদাস।
কত বেরি হেরি হেরি মৃদু৫ হাস ॥
এ সখি এ সখি অপরূপ কাজে।
দীঠহি দীঠ পড়ল রহি৬ লাজে ॥
আগে আগে অনুসরি ফিরি ফিরি চায়।
বিহসি বয়নে খণে বয়ন লাগায় ॥
আন ছলে কত যে করয়ে পরিহাস।
হেন বুঝি কত কুলজা-কুল নাশ ॥
শুনইতে মধুর মুরলি-রব থোর।
খসয়ে কাখের কুম্ভ নীবি-নিচোল ॥
কি দেখিলুঁ কি শুনিলুঁ কহনে না যায়।
জ্ঞানদাস কহে পিরিতি যাহায় ॥৭১॥৭৩৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২০৮ সংখ্যক পদ। ২। 'একসরী' ক, প-র-সা; 'একসরে' খ। ৩। 'যমুনা' ক, চ; 'যমুনাক' প-র-সা। ৪। 'অম্বরে' ক, চ, প-র-সা। মুদ্রিত পদাবলীর 'অম্বরে' পাঠে অর্থ-সঙ্গতি হয় না। ৫। 'মৃদু' (চ পুথি) স্থলে 'মৃদু মৃদু' ক, খ, প-র-সা; 'ও মৃদু' ঘ। ৬। 'তহি' প-র-সা।

তথা রাগ।১

বরুণক দেশ রয়নি২ চলি গেল।
অরুণা৩ অতি সুরপতি৪-দিগ ভেল॥
ঐছে সময়ে নিজ কেলি-নিবাসে।
বেশ কয়ল পিয়া বহু প্রতিআশে৫॥
আধা৬ আধ তাহে না পুরল আশ।
হেরি বিঘিনি কত ছাড়য়ে নিশাস॥
নাহক৭ চীতহি অতিশয় খেদ।
জ্ঞানদাস কহ বিহিক সম্ভেদ॥ ৭২॥৭৩৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২০৯ সংখ্যক পদ। ২। 'রজনি' ক, খ। ৩। সকলগুলি পুথিতেই 'অরুণা' পাঠ আছে। মুদ্রিত পদাবলির 'অরুণ' পাঠে ছন্দোভঙ্গ অনিবার্য্য। ৪। 'শুভপতি' প-র-সা। ৫। 'প্রীতি আশে' ক; 'প্রিতি আসে' চ। ৬। 'আধ' ক। ৭। 'না কহ' ঘ।

টীকা

১—২। "বরুণক" ইত্যাদি। রজনী বরুণের দেশে অর্থাৎ বরুণাধিষ্ঠিত পশ্চিম দিকে চলিয়া গেল; সুরপতি-দিক্ অর্থাৎ ইন্দ্রাধিষ্ঠিত পূর্ব্ব দিক্ অত্যন্ত অরুণ-বর্ণ হইল।

তথা রাগ।১

বন্ধুর রসের কথা কি কহব তোয়।
মনের উল্লাস যত কহিল না হোয়॥
এক দুই গণনাতে অন্ত নাহি পাই।
রূপে গুণে রসে প্রেমে আরতি বাঢ়াই২॥
দণ্ডে প্রহরে দিনে মাসেকে বরিখে৩।
যুগ মন্বন্তরে কত কলপে না দেখে॥
দেখিলে মানয়ে যেন কভু দেখি নাই।
পদ্ম শঙ্খ আদি কত মহানিধি পাই॥
জ্ঞানদাস বলে ভাল মনে মনে থাক।
এড়াইতে নারিলা ঠেকিলা বিষম
পাক॥৭৩॥৭৩৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২১০ সংখ্যক পদ। ২। 'বাড়াই' ঘ, চ। ৩। 'মাসেকে বরিখে' স্থলে 'মাসেক বরিখে' ক, প-র-সা; 'মাসেখে বরিখে' খ; 'মাসেক বরিখে' চ।

দিনান্তরে।

ধানশী।১

একলি মন্দিরে শুতলি সুন্দরি২
কোরহি শ্যামর-চন্দ।
তবহুঁ তাকর৩ পরশ না ভেল
এ বড়ি মরমে ধন্দ॥
সজনি পাওলুঁ পিরিতিক ওর।
শ্যাম সুনাগর রসের সাগর৪
কঠিন হৃদয় তোর॥ ধ্রু৫॥
কস্তুরী চন্দন অঙ্গে বিলেপন
দেখিয়ে অধিক জোর।
বিবিধ কুসুমে বান্ধল কবরী
শিথিল না ভেল তোর৬॥

অমল কমল- বদন-মাধুরী[৮]
না ভেল মধুপ সাথ।
পুছইতে ধনি ধরণী হেরসি[৯]
হাসি না কহসি বাত ॥
কিবা রতি-পতি বসতি বিষয়ে
দেখিয়া দেয়লি[১০] ভঙ্গ।
জ্ঞানদাস কহে এ দোষ কাহার
দৈবে সে[১১] না ভেল সঙ্গ ॥৭৪॥৭৩৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২১১ ও প-র পুথির ১৩৩৬ সংখ্যক পদ। ২। 'শুতলি সুন্দরি' স্থলে 'শুতিয়া আছিলা' খ, ঘ। ৩। 'তাকর' (প-র-সা পুথি) স্থলে 'তাহার' ক, খ, ঘ, চ, প-র। ৪। 'রসের সাগর' (প-র পুথি) স্থলে 'শৈশব কিবা' ক, খ, ঘ, চ, প-র-সা। 'শ্যাম সুনাগর' ইত্যাদি পংক্তি চারিটি খ পুথিতে নাই। ৫। ক, খ, ঘ, চ পুথিতে 'ধ্রু' নাই। ৬। 'জোর' (প-র-সা পুথি) স্থলে 'উজোর' ক, খ; 'য়োর' ঘ, চ; 'কস্তুরী চন্দন' ইত্যাদি পংক্তি চারিটি প-র পুথিতে নাই। ৭। 'তোড়' প-র-সা। ৮। 'অমল' ইত্যাদি স্থলে 'অমল বদন-কমল-মাধুরী' ক, খ, ঘ, চ, প-র-সা। ৯। 'ধরসি' খ। ১০। 'দেখাল' ক। ১১। 'দৈবে সে' (প-র পুথি) স্থলে 'দৈবে' ক, খ, ঘ, চ, প-র-সা।

টীকা

৫—৭। "সজনি" ইত্যাদি। হে সখি! তোমার প্রেমের সীমা পাইলাম অর্থাৎ তোমার প্রেমের দৌড় কত দূর, বুঝিতে পারিলাম। নায়ক-শ্রেষ্ঠ শ্রীকৃষ্ণ রসের সমুদ্র; (কিন্তু) তোমার হৃদয় কঠিন। (অর্থাৎ তুমি অপ্রেমিকা ও কঠিন-হৃদয়া বলিয়াই শ্রীকৃষ্ণকে সম্ভোগ-রসে বঞ্চিত করিয়াছ)। "শ্যাম সুনাগর শৈশব কিবা" পাঠের অর্থ—"সুনাগর শ্যাম কি শিশু অর্থাৎ রসানভিজ্ঞ? না—তোমার হৃদয় কঠিন?" এই অর্থ করিলে 'সজনি পাওলি পিরিতিক ওর' বাক্যের বিশেষ সার্থকতা থাকে না এবং 'শ্যাম' শব্দের 'সুনাগর' বিশেষণটিও সঙ্গত হয় না; সুতরাং প-র পুথির পাঠই সমীচীন বোধ হয়।

সুহই।[১]

সজনি ও কথা কহিল[২] নয়।
শ্যাম সুনাগর গুণের সাগর
পড়িলুঁ কোরে ঘুমায় ॥ ধ্রু ॥
কত পরকারে চেতন করায়[৩]
চেতন না ভেল মোর।
অভিমান করি পাশ মোড়ি[৪] ফেরি[৫]
দুখে ত[৬] চলল ভোর ॥
উঠিলুঁ জাগিয়া দেখি নাহি পিয়া
হৃদয়ে বাজিল[৭] শেল।
আহা মরি মরি মদন-বাণেতে
জর জর ভৈ[৮] গেল ॥
সে সব সোঙরি চিত বেয়াকুল[৯]
কেমনে আছয়ে[১০] পিয়া।
জ্ঞানদাস কহে এ কথা[১১] শুনিতে
বিদরয়ে মোর হিয়া ॥৭৫॥৭৩৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২১২ ও প-র পুথির ১৩৩৭ সংখ্যক পদ। ২। 'কথন' প-র। ৩। 'করয়ে' ক; 'করায়ে' প-র। ৪। 'মোড়া' ক, চ; 'মুড়ি' প-র। ৫। 'ফিরি' ক, ঘ, চ; 'রহি' প-র। ৬। 'দুখেতে' ক, খ, চ। ৭। 'বাজয়ে' ক, খ, প-র-সা। ৮। 'হোই' প-র। ৯। 'চিত বেয়াকুল' স্থলে 'বিভবে আকুল' ঘ। ১০। 'কেমনে আছয়ে' স্থলে 'কেমন করিছে' প-র। ১১। 'কথা' স্থলে 'সব' প-র।

দিনান্তরে।

তথা রাগ।১

এক দিন যাইতে ননদিনী সনে।
শ্যাম বন্ধুর কথা পড়ি গেল মনে॥
ভাবে ভরল মন চলিতে না পারি।
অবশ হইল তনু কাঁপে২ থরহরি॥
কি কহিব সখি সে হইল বড় দায়।
ঠেকিলুঁ বিপাকে আর না দেখি উপায়॥
ননদী বোলয়ে হে লো৩ কি না তোর হৈল।
কহে চণ্ডীদাস উহার কপালে যে
ছিল॥৭৬॥৭৩৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২১৩ সংখ্যক পদ। ২। 'কাঁপি' প-র-সা। ৩। 'হেঁলো' ক; 'হেন' প-র-সা।

দিনান্তরে।

ধানশী।১

একলি আছিলুঁ হাম গাঁথইতে হার।
সগরি খসল কুচ-চীর হামার॥
তৈখনে হাসি হাসি আওল কান্তু।
কুচ কিয়ে ঝাঁপব নিবিহক বন্ধ২॥
হাসি বহুবল্লভ আলিঙ্গন দেল।
ধৈরজ লাজ রসাতল গেল॥
করে৩ কি বুঝায়ব৪ দূরহি দীপ।
লাজে না যাওত৫ এ কঠিন জীব॥
বিদ্যাপতি কহে মরমক কাজ।
জিবন৬ সোঁপলি৭ যাহে তাহে কিয়ে
লাজ॥৭৭॥৭৪০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২১৪ সংখ্যক পদ। ২। 'নিবিহক বন্ধ' স্থলে 'কিয়ে নীবিবন্ধ' ক। ৩। 'কোরে' ক। ৪। 'বুঝাওব' ক। ৫। 'যাওল' ক। ৬। 'জীবন' ক। ৭। 'সোপিয়ে' প-র-সা।

ললিত।১

শয়নে ননদিনী সনে
শুতিয়া আছিলুঁ সই।
যে ছিল করমে২ বন্ধুর ভরমে
মরম তোহারে কই৩॥
নিন্দের আলসে বন্ধুর ধাধসে
তাহারে করিলুঁ কোরে।
ননদী উঠিয়া রুষিয়া বলিছে
বন্ধুয়া পায়লি৪ কারে॥
এত ঢীঠপনা জানে কোন জনা
বুঝিলুঁ তোহারি রীতি।
কুলবতি হৈয়া পর-পতি লৈয়া
এমতি করহ নিতি॥
যে শুনি শ্রবণে পরের বদনে
নয়নে দেখিলুঁ তাই।
দাদা ঘরে আইলে৫ করিব গোচরে
খেণেক বিরাজ৬ রাই॥
নিঠুর বচনে কাঁপিছে পরাণে৭
মরিয়া রহিলুঁ লাজে।
ফিরাইয়া আঁখি গরবাখাকি৮
সঘনে আমারে তাজে৯॥
এক হাতে সখি কচালিয়ে১০ আঁখি
নয়ানে দেখিয়ে আর।
চণ্ডীদাসে কয় কিবা কুল-ভয়
কানুর পিরিতি যার॥৭৮॥৭৪১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২১৫ সংখ্যক পদ। ২। 'মরমে' ক, খ। ৩। 'তাহারে কই' ক; 'কহিয়ে তোই' প-র-সা। ৪। 'পাইলি' ক, খ।

৫। 'এলে' ক। ৬। 'বিয়াজ' (প-র-সা পুথি) স্থলে 'বিরাজ' ঘ, চ। ৭। 'পরাণ' ক, খ। ৮। 'গরবথাকি' ঘ। ৯। 'যজে' ক। ১০। 'কচালিয়া' ক, খ।

তথা রাগ।১

আর এক দিন সখি শুতিয়া আছিলুঁ।
বন্ধুর ভরমে ননদিনী কোলে নিলুঁ॥
বন্ধু নাম শুনি সেই উঠিল রুষিয়া।
কহে তোর বন্ধু কোথা গেল পলাইয়া॥
সতী কুলবতী-কুলে জ্বালি দিলি আগি।
আছিল আমার ভালে তোর বধ ভাগি[২]॥
শুনিয়া বচন তার অথির পরাণি।
কাঁপয়ে শরীর দেখি আঁখির তাজনি॥
কেমতে[৩] এড়াব সখি সে পাপিনীর[৪] হাথে।
বনের হরিণী থাকে কিরাতের সাথে॥
দ্বিজ চণ্ডীদাসে বলে পিরিতি এমতি।
যার যত জ্বালা তার ততই
　　　　পিরিতি॥৭৯॥৭৪২॥

ইতি সম্ভোগ-স্বপ্ন-রসোদ্গারঃ।
ইতি ষষ্ঠ-পল্লবঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২১৬ সংখ্যক পদ। ২। 'বধ ভাগী' ক; 'বধের ভাগি' প-র-সা। ৩। 'কেমনে' ক। ৪। 'তাপিনীর' ক।

অথাভিসারানুরাগঃ।

শ্রীগৌরচন্দ্র।

কামোদ।১

গৌরাঙ্গ-চরিত কিছু কহনে না যায়।
পুরব সোঙরি[২] পহু মুহু মুহু ধায়॥
নিরজনে কহে চল সুরধুনী-তীরে।
পশুপতি পূজিব বিপদ যাবে দূরে॥
ঐছন[৩] বচন সভে রচন করিয়া।
অগৌর[৪] চন্দন ফুল হস্তেত করিয়া॥
নিজ জন সঙ্গে চলে গোরা দ্বিজ-মণি।
কহে বিশ্বম্ভর গোরার যাইয়ে
　　　　নিছনি॥১॥৭৪৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৩২ সংখ্যক পদ। ২। 'স্মঙরি' চ। ৩। 'ঐছে' ক, প-র-সা। ৪। সকল পুথিতেই 'অগৌর' পাঠ আছে; ইহা 'অগুরু' শব্দের পরিবর্তে ব্যবহৃত হইয়াছে।

কামোদ।১

সবহুঁ বধূজন চলু বৃন্দাবন
　　গৌরি আরাধন লাগি।
ঐছন মুগধ বচন রচন করি[২]
　　গুরুজন[৩] অনুমতি মাগি॥
হরি হরি কাহাঁ[৪] শিখলি পরকার।
গুরুজনে বাঁচি মিছই বচনামৃতে
　　দিনহি করলি[৫] অভিসার॥ ধ্রু॥
বেশ বনায়ত[৬] ননদি শুনায়ত[৭]
　　চতুর সখি সঞে বাত।
গৌরি[৮] আরাধি মনোরথ[৯] পূরব
　　পশুপতি-নন্দন হাথ[১০]॥
বাসিত কুসুম কর্পূরিত[১১] তাম্বুল
　　ভরি লেই[১২] চন্দন কটোর।
গোবিন্দদাস পন্থ দরশায়ত
　　যাহাঁ নাহি কণ্টক-আচোর[১৩]॥২॥৭৪৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৪৫০।১২৩৩ ও প-র পুথির ১৫।৩৬ সংখ্যক পদ। ২। 'রচন করি' স্থলে

'ধনি শুরুজনে' প-র। ৩। 'তৈখনে' প-র। ৪। 'কাহে' ক। ৫। 'চললি' প-র। ৬। 'বনায়তি' প-র-সা ১২৩৩ সং পদ। ৭। 'শুনায়তি' প-র-সা ১২৩৩ সং পদ। ৮। 'আজু গৌরি' প-র-সা ১২৩৩ সং পদ। ৯। 'মনমথ' প-র-সা ১২৩৩ সং পদ। ১০। 'সাথ' ক, প-র-সা। ১১। 'কর্পূর' প-র-সা। ১২। 'লেহ' প-র-সা ১২৩৩ সং পদ; 'লউ' প-র। ১৩। 'কণ্টক আঁচোর' খ; 'কণ্টক চোর' প-র-সা; 'কণ্ঠ আচোর' প-র।

তথা রাগ।১

গৌরি আরাধন ছল করি সুন্দরি
মীললি২ নাগর সঙ্গে।
আগুসরি নাহ রাই-কর ধরি তহিঁ
আনল কৌতুক-রঙ্গে॥
কুণ্ডক তীরে কুঞ্জ অতি শীতল
বহতহি মলয়-সমীর।
কোকিল কুহরত কপোত ফুকারত
চৌদিশে শিখিকুল ফীর৩॥
রাধা-মাধব কেলি-বিলাস।
দোহেঁ দোহাঁ৪ বদন নেহারি ঘন চুম্বয়ে
কতহুঁ হাস পরিহাস॥ ধ্রু॥
চন্দন কুসুম-হার৫ সব সখিগণ
দেয়ত কানুক অঙ্গে।
ঐছন সময়ে কবহুঁ রাধামোহন
হেরব সহচরি সঙ্গে॥৩॥৭৪৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৩৪ সংখ্যক পদ। ২। 'মিললি' চ। ৩। 'ফির' ক, প-র-সা। ৪। 'দুঁহে দুঁহা' ক; 'দুহু দোহার' প-র-সা। ৫। 'কুসুমহার' ক।

বড়ারী।১

রাই কানু নিকুঞ্জ-মন্দিরে।
বসিয়াছে বেদীর উপরে॥
হেমমণি-খচিত২ তাহাতে।
বিবিধ কুসুম চারি ভিতে॥
সখীগণ চৌদিগে বেড়িয়া।
বসিয়াছে দুহুঁ মুখ চাঞা॥
কুণ্ডের পুরুবে সেই কুঞ্জ।
যাহা বেঢ়ি৩ মধুকর গুঞ্জ॥
মলয়-পবন বহে তায়।
তরু পর শারী শুক গায়॥
রাই কানু সে শোভা দেখয়ে৪।
এ যদুনন্দন নিরখয়ে৫॥৪॥৭৪৬॥

অত্র সম্ভোগ-পদং যথাসম্ভবং গেয়ম্।
ইতি সপ্তম-পল্লবঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৩৫ সংখ্যক পদ। ২। 'রচিত' ক। ৩। 'বেড়ি' খ, চ। ৪। 'দেখয়' প-র-সা। ৫। 'নিরখয়' প-র-সা।

অথ আক্ষেপানুরাগঃ।

শ্রীগৌরচন্দ্রঃ।

সুহই।১

গোরা-অনুরাগে মোর পরাণ কাতরে।
নিরবধি ছল ছল আঁখি-জল ঝরে২॥
গোরা গোরা করি মোর কি হৈল বিয়াধি।
নিরবধি পড়ে মনে গোরা গুণনিধি॥
কি করিব কোথা যাব গোরা-অনুরাগে।
অনুখণ৩ গোরা-প্রেম হিয়ার মাঝে জাগে॥
গৌরাঙ্গ-পিরিতি খানি বড়ই বিষম।
বাসু কহে নাহি রহে কুলের ধরম॥১॥৭৪৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৩৬ সংখ্যক পদ। ২। 'ঝুরে' প-র-সা। ৩। 'অনুক্ষণ' ক।

ধানশী।১

রূপ লাগি আঁখি ঝুরে গুণে মন ভোর।
প্রতি অঙ্গ লাগি কান্দে প্রতি অঙ্গ মোর॥
হিয়ার পরশ লাগি হিয়া মোর কান্দে।
পরাণ পিরিতি লাগি[২] থির নাহি বান্ধে॥
সোই কি আর বলিব[৩]।
যে পুনি[৪] করিয়াছি মনে[৫] সেই সে[৬] করিব॥ধ্রু॥
দেখিতে[৭] যে সুখ উঠে[৮] কি বলিব তা[৯]।
দরশ পরশ[১০] লাগি আউলাইছে গা[১১]॥[১২]
হাসিতে খসিয়া পড়ে কত মধুধার।
লহু লহু হাসে পহু পিরিতির[১৩] সার[১৪]॥
গুরু গরবিত মাঝে[১৫] রহি সখী সঙ্গে[১৬]।
পুলকে পূরয়ে তনু শ্যাম-পরসঙ্গে॥
পুলক ঢাকিতে করি কত পরকার।
নয়নের ধারা মোর বহে অনিবার॥
ঘরের যতেক সভে[১৭] করে কাণাকাণি।
জ্ঞান কহে লাজ ঘরে ভেজাইলাম
আগুনি ॥২॥৭৪৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৩৭।১২৩৮ ও প-র পুথির ১৪।৩৭ সংখ্যক পদ। 'ধানশী' স্থলে 'শ্রীরাগ' প-র। ২। 'পরাণ পিরিতি লাগি' স্থলে 'পরাণ-পুতলী মোর' প-র-সা। ৩। 'সোই' ইত্যাদি পংক্তির স্থলে 'কি আর বলিব আমি কি আর বলিব' প-র-সা। 'সোই' ইত্যাদি ধ্রুব-কলিটি প-র পুথিতে নাই। ৪। 'পুনি' স্থলে 'পণ' ক; 'পোণ' প-র-সা। ৫। 'মনে' স্থলে 'আমি' প-র-সা। ৬। 'সেই সে' স্থলে 'সে পোণ' প-র-সা। ৭। 'দেখিতে' স্থলে 'কহিতে' প-র-সা, প-র। ৮। 'উঠে' স্থলে 'বাড়ে' প-র-সা। ৯। 'কি বলিব তা' স্থলে 'কি কহিব কায়' প-র-সা; 'কি বলিব তায়' প-র। ১০। 'দরশ পরশ' স্থলে 'সে অঙ্গ পরশ' প-র-সা; 'সে রস পরশ' প-র। ১১। 'আউলাইছে গা' স্থলে 'আউলাইছে গায়' প-র-সা; 'দগধে হিয়ায়' প-র। ১২। অতঃপর প-র-সা ও প-র পুথিতে নিম্নলিখিত অতিরিক্ত পংক্তিদ্বয় দৃষ্ট হয়; যথা,—

'দেখিতে না দেখে আঁখি শ্যাম বিনু আন।
ভরমে আনের কথা নাহি শুনে কাণ॥'

প-র পুথিতে 'নাহি শুনে কাণ' স্থলে 'না কহে বয়ান' পাঠ আছে।

অতঃপর প-র পুথিতে নিম্নলিখিত দুইটি কলি দ্বারা পদটি সম্পূর্ণ করা হইয়াছে, যথা,—

'শুনিতে না শুনে কাণ আন পরসঙ্গ।
সোঙরি সঘনে মোর পুলকিত অঙ্গ॥
জ্ঞানদাস কহে মুঞি কারে কি বলিব।
বন্ধুর লাগিয়া আমি সাগরে পশিব॥'

১৩। 'পিরিতির' স্থলে 'অমিয়ার' প-র-সা। ১৪। অতঃপর প-র-সা পুথিতে নিম্নলিখিত কলি দ্বারা পদটি সম্পূর্ণ করা হইয়াছে, যথা,—

'যদুনাথ দাস কহে শুন গো সজনি।
পিরিতি লাগিয়া দিব যৌবন নিছনি॥'

'গুরু গরবিত' ইত্যাদি অবশিষ্ট পংক্তিগুলি প-র-সা পুথিতে ১২৩৮ সংখ্যক স্বতন্ত্র পদরূপে লিখিত হইয়াছে। ১৫। 'মাঝে' স্থলে 'সঙ্গে' প-র-সা। ১৬। 'সখী সঙ্গে' স্থলে 'নানা রঙ্গে' প-র-সা। ১৭। 'ঘরের যতেক সভে' স্থলে 'ঘরে পরে সব লোক' প্রাঃ হস্তলিখিত পুথি; 'দেখিয়া ঘরের লোক' প-র-সা।

ভাটিয়ারি।১

সই এবে বলি কি আর কুল-ধরমে।
দীঘল নয়ানের[২] বাণ হানিলে মরমে॥

সই এবে বলি না রহে পরাণ।
জাগিতে ঘুমিতে দেখি বাঁশিয়ার[৩] বয়ান ॥
সই এবে বলি তার কি সন্ধান।
তাকিয়া মার্‌যাছে[৪] বাণ যেখানে পরাণ ॥
সই এবে বলি কি রূপ দেখিলুঁ।
দেখিয়া মোহন রূপ আপনা[৫] নিছিলুঁ ॥
সই এবে বলি কি রূপ সাজনি[৬]।
যাচিয়া যৌবন দিব শ্যাম-রূপের নিছনি ॥
সই এবে বলি মনে তাই[৭] জাগে।
গোবিন্দদাস কহে নব অনুরাগে ॥ ৩॥৭৪৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৩১ সংখ্যক পদ। ২। 'গুথির' প-র-সা। ৩। 'বসিয়া' ক; 'বাসি-য়ার' ঘ; 'বাঁসিয়ার' চ। ৪। 'মারিয়াছে' খ, ঘ, চ। ৫। 'আপনে' ক। ৬। 'সই এবে বলি' ইত্যাদি কলিটি ঘ পুথিতে নাই। ৭। 'তাহাই' ক, চ।

সখ্যুক্তিঃ।

ধানশী।[১]

সুন্দরি ধরবি[২] বচন হামার।
কানুক প্রেম-রতন পুন[৩] গোপবি
বেকত করবি কুলাচার ॥
ধৈরজ লাজ করণ[৪] তুয়া সমুচিত
শুনবি গুরুজন-ভাস।
আপনক[৫] মান আপে পুন রাখবি
যৈছে নহত উপহাস ॥
তুয়া সম কো পুন আছয়ে ত্রিভুবন
কুলশিলবতি[৬] গুণবন্ত।
ঐছন দুহুঁ কুল হেরইতে উজোর
ধন-জন[৭] গৌরব-অন্ত ॥
ভাব অন্তরে[৮] যব হোয়ব[৯] অঙ্কুর[১০]
আনতহিঁ[১১] দেয়বি চীত[১২]।
গোবিন্দদাস কহ ঐছে প্রেম নহ
অনুরাগ-গতি বিপরীত[১৩] ॥৪॥৭৫০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৪০ ও প-র পুথির ১৪।১৩ সংখ্যক পদ। ২। 'শুনবি' প-র-সা। ৩। 'ধন' প-র-সা। ৪। 'করবি' প-র। ৫। 'আপক' ক। ৬। 'কুল শীল লাজ' প-র; 'কুলশীল' ক, চ, প-র-সা। ৭। 'ধন' প র। ৮। 'ভাব অন্তরে' স্থলে 'ভাবান্তর' প-র। ৯। 'হোয়ত' ক। ১০। 'হোয়ব অঙ্কুর' স্থলে 'হিয় মাহা হোয়ব' প-র-সা; 'হোয়ব অন্তর' প-র। ১১। 'আনতহিঁ' স্থলে 'আনহিঁ' প-র-সা। ১২। 'চীত' স্থলে 'চীতে' প-র। ১৩। 'বিপরীত' স্থলে 'বিপরীতে' প-র।

টীকা

৮—১১। "তুয়া" ইত্যাদি। ত্রিভুবনে তোমার সদৃশ কুলশীলবতী ও গুণবতী আর কে আছে? (তোমার ন্যায়) এই প্রকার উভয় কুল অর্থাৎ স্বামি-কুল ও পিতৃ-কুল দেখিতে (কাহার) উজ্জ্বল? (এবং কাহার এরূপ) ধন, জন ও গৌরবের সীমা অর্থাৎ পরাকাষ্ঠা?

১২—১৫। "ভাব" ইত্যাদি। যখন (তোমার) হৃদয়ে অনুরাগ অঙ্কুরিত হইবে, (তখন) অন্য বিষয়ে চিত্ত অর্পণ করিবে। গোবিন্দদাস কহিতেছেন— প্রেম ঐরূপ নহে; অনুরাগের গতি বিপরীত অর্থাৎ উহাকে বাধা দিতে চাহিলে উহা আরও প্রবল হইয়া উঠে।

ধানশী।[১]

সখি হে ফিরিয়া[২] আপন ঘরে যাও।
জিয়ন্তে মরিয়া[৩] যে আপনা খাইয়াছে[৪]
তাহে[৫] তুমি কি আর বুঝাও[৬] ॥ধ্রু[৭]॥

নয়ন-পুতলী করি লইলুঁ[৮] মোহন রূপ
হিয়ার মাঝারে করি প্রাণ।
পিরিতি-আগুনি জ্বালি সকলি পোড়াইয়াছি[৯]
জাতি কুল শীল অভিমান ॥
না জানিয়া[১০] মূঢ় লোকে, কি জানি কি বলে মোকে
না করিয়ে[১১] শ্রবণ গোচরে।
স্রোত-বিথার জলে এ তনু ভাসাইয়াছি[১২]
কি করিবে কুলের কুকুরে ॥
খাইতে শুইতে রৈতে[১৩] আন নাহি লয়[১৪] চিতে
বন্ধু বিনে আন[১৫] নাহি ভায়।
মুরারি গুপতে[১৬] কহে পিরিতি এমতি[১৭] হৈলে
তার গুণ[১৮] তিন লোকে[১৯] গায় ॥৫॥৭৫১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৪১ ও প-র পুথির ১৪।২২ সংখ্যক পদ। 'ধানশী' স্থলে 'ভাটিয়ারী' ক, খ, ঘ, চ। ২। 'ফেলিয়া' প-র। ৩। 'মরিল' প-র-সা। ৪। 'খাইল সে' প-র-সা। ৫। 'তারে' প-র। ৬। 'সুধাও' প-র-সা। ৭। প-র-সা ছাড়া অন্যান্য পুথিতে 'ধ্রু' নাই। ৮। 'লইল' ক; 'লইয়াছি' প-র। ৯। 'পোড়াঞাছি' ক, প-র। ১০। 'জানি' প-র। ১১। 'করিবে' খ। ১২। 'ভাসাঞাছি' ক, প-র-সা, প-র। ১৩। 'নিতে' প-র-সা; 'পথে' প-র; 'রৈতে' শব্দ খ ও ঘ পুথিতে নাই। ১৪। 'নাহি লয়' স্থলে 'নাহিক' প-র। ১৫। 'মনে' প-র। ১৬। 'গুপত' ক; 'গোপতে' খ। ১৭। 'পিরিতি এমতি' স্থলে 'এমন পিরিতি' প-র-সা। ১৮। 'যশ' প-র-সা। ১৯। 'তিন লোকে' স্থলে 'ত্রিজগতে' প-র-সা।

ধানশী।১

কানু-অনুরাগে ঘরে রহিতে না পারি।
কেমনে দেখিব তারে কহ না বিচারি ॥
গুরুজন-নয়ন-পাপগণ বারি।
কেমনে মিলিব[৩] সখী নিশি উজিয়ারি[২] ॥
কানুর পিরিতি হাম ছাড়িতে নারিব।
রহিতে না পারি ঘরে কেমনে যাইব[৩] ॥
শুনি কহে সখী শুন মো সভার বোল[৪]।
সবহুঁ ঘুমায়ব নহ উতরোল ॥০
যৈছন[৫] যামিনি কৌমুদি[৬] ঘোর।
তৈছন[৭] বেশ বনায়ব[৮] তোর ॥
এতহুঁ[৯] কহই[১০] করু বেশ বনান।
ধনি অনুরাগিণি জ্ঞানদাস ভাণ ॥৬॥৭৫২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৪২ সংখ্যক পদ। ২। 'নিশি উজিয়ারি' স্থলে 'কহ না বিচারি' প-র-সা। ৩। 'মিলিব' প-র-সা। ৪। 'শুনি' ইত্যাদি স্থলে 'শুনি কহে সব সখী শুন মোর বোল' ক, ঘ, চ; 'শুনি কহে সখীগণ শুন' ইত্যাদি প-র-সা। ৫। 'যৈছনে' ক। ৬। 'কামিনি' ক, খ, চ। ৭। 'তৈছনে' ক। ৮। 'বনায়ত' ক। ৯। 'এতহিঁ' ক, খ। ১০। 'এতহু কহই' স্থলে 'কহি সখীগণ' প-র-সা।

তথা রাগ।১

কুন্দ-কুসুমে ভরু কবরিক ভার
হৃদয়ে বিরাজিত মোতিম-হার ॥
চন্দন-চরচিত রুচির কপূর।
অঙ্গহি অঙ্গ অনঙ্গ ভরিপূর ॥
চান্দনি রজনি উজোরলি গোরি।
হরি-অভিসার-রভস-রসে ভোরি ॥ ধ্রু ॥
ধবল বিভূষণ অম্বর বনই।
ধবলিম কৌমুদি মিলি তনু চলই ॥
হেরইতে পরিজন-লোচন ভূল।
রঙ্গপুতলি কিয়ে রস মগা বূর ॥

পূরতি মনরথ গতি অনিবার।
গুরুকুল-কণ্টক কি করয়ে পার ॥
সুরত-শিঙ্গার-কিরিতি সম ভাস।
মিললি নিকুঞ্জে কহ গোবিন্দদাস ॥৭॥৭৫৩॥

পাঠান্তর

১। এই পদটি ৩০৫ সংখ্যক পদরূপে ২য় শাখার পল্লবে পূর্ব্বে উদ্ধৃত হইয়াছে; সুতরাং পাঠান্তর ও টীকা উক্ত পদে দ্রষ্টব্য।

কামোদ।১

আদরে আগুসরি রাই হৃদয়ে ধরি
জানু উপরে পুন রাখি।
নিজ কর-কমলে চরণ-যুগ মোছই
হেরই২ চির থির আঁখি ॥
পিরিতি মুরতি অধিদেবা৩।
যাকর দরশনে সব দুখ মীটল৪
সোই আপনে করু সেবা ॥
হিমকর৫ -শীতল নীরহি৬ তীতল৭
কর-তলে৮ মাজই মুখ।
সজল নলিনি-দলে মৃদু মৃদু বীজই
পুছই৯ পন্থকি দুখ ॥
অঙ্গুলে চিবুক ধরি বদনে তাম্বুল পুরি
মধুর সম্ভাষই কান।
গোবিন্দ দাস ভণ নিতি নব নৌতুন১০
রাইক১১ অমিয়া-সিনান ॥৮॥৭৫৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৪৪ সংখ্যক পদ। ২। 'হেরইতে' প-র-সা। ৩। 'পিরিতি' ইত্যাদি স্থলে 'সজনি পিরিতি' ইত্যাদি প-র-সা। ৪। 'ছুরে গেও' প-র-সা। ৫। 'হিম সম' প-র-সা। ৬। 'নির গহি' প-র-সা। ৭। 'তিতল' চ। ৮। 'নিজ করে' প-র-সা। ৯। 'পুছই' ক; 'পুছত' প-র-সা। ১০। 'নিতি নব নৌতুন' স্থলে 'নাহ রসিক পণ' প-র-সা। ১১। 'রাই করু' প-র-সা।

উভয়োস্তরানুরাগো যথা।

পঠমঞ্জরী।১

তোমার প্রেমে বন্দী হৈলাম শুন বিনোদ-রায়।
তোমা বিনে মোর চিতে কিছুই না ভায় ॥
শয়নে স্বপনে আমি তোমার রূপ দেখি।
ভরমে তোমার রূপ ধরণীতে লেখি ॥
গুরুজন মাঝে যদি থাকিয়ে বসিয়া।
পরসঙ্গে নাম শুনি দরবয়ে২ হিয়া ॥
পুলকে পূরয়ে অঙ্গ আঁখে ঝরে জল।
তাহা নিবারিতে৩ আমি হইয়ে বিকল॥
নিশি দিশি বন্ধু তোমায় পাশরিতে নারি।
চণ্ডীদাসে কহে হিয়ায় রাখ স্থির করি॥৯॥৭৫৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৪৫ সংখ্যক পদ। ২। 'দরপয়ে' খ। ৩। 'নেহারিতে' ক।

তিরোথা ধানশী।১

সুন্দরি আমারে কহিছ কি।
তোমার পিরিতি ভাবিতে ভাবিতে
বিভোর হইয়াছি ॥
থির নহে মন সদা উচাটন
সোয়াথ নাহিক পাই।
গগনে ভুবনে দশ দিগ-গণে
তোমারে দেখিতে পাই ॥
তোমার লাগিয়া বেড়াই ভ্রমিয়া
গিরি নদী বনে বনে।
খাইতে শুইতে আন নাহি চিতে
সদাই জাগয়ে মনে ॥

শুন বিনোদিনি　　　প্রেমের কাহিনী
　　পরাণ রৈয়াছে বান্ধা।
একই পরাণ　　　দেহ ভিন ভিন
　　জ্ঞান কহে গেল ধান্ধা[২] ॥১০॥৭৫৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৪৬ সংখ্যক পদ।
২। 'ধান্দা' ঘ, প-র-সা।

শ্রীরাগ।১

তোমাতে আমাতে　　　যেমত পিরিতি
　　ভালে সে জানহ তুমি।
লোক-চরচাতে　　　ভাসুর ভাওই[২]
　　এমতি থাকিব আমি ॥
আসিবা যাইবা　　　দূরেতে থাকিবা
　　না চাবে আমার পানে।
বড়ই বিষম　　　গুরু দুরজন
　　দেখিলে মরয়ে প্রাণে ॥
তুমি যদি বল　　　পরাণ-বন্ধু তবে
　　কুলে বা আমার কি।
ইঙ্গিত পাইলে　　　সব সমাধিয়া[৩]
　　কুলে তিলাঞ্জলি দি ॥
সে দুখ চাহিতে　　　এ দুখ বড়ই[৪]
　　কহি কেহো নাহি দেশী।
গোপত পিরিতি　　　রাখিতে যুগতি
　　কহে রসময়ী দাসী-॥১১॥৭৫৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৪৭ সংখ্যক পদ।
২। 'ভায়ই' ক, প-র-সা। ৩। 'সমারিয়া' খ।
৪। 'এ দুখ চাহিতে' ইত্যাদি কলির পরিবর্ত্তে—
　'এ দুখ কহিতে　　　সে দুখ বড়ই
　　কলঙ্ক রহিবে শেষে।
　গোপত পিরিতি　　　রাখহ যুবতি
　　কহয়ে লোচন দাসে ॥'—ক, চ পুথি।
　'সে দুখ চাহিতে　　　এ দুখ বড় যে
　　কহি কোথা নাহি দেশে।
　গোপত পিরিতি　　　রাখহ যুবতি
　　কহে রসময় দাসে ॥'—প-র-সা পুথি।

সুহিনী।১

দোঁহে কহি দোঁহ অনুরাগ।
দুহুঁ প্রেম দুই হৃদে[২] জাগ ॥
দোঁহে দোঁহা করু পরিহার।
দুহুঁ আলিঙ্গই কত বার ॥
দুহুঁ বিম্বাধরে দুহুঁ দংশ।
দুহুঁ গুণ দুহুঁ পরশংস ॥
দুহুঁ হেরি দোঁহার বয়ান।
দুহুঁ জন সজল-নয়ান ॥
দুহুঁ[৩] কহ মধুরিম ভাষ।
নিরখয়ে যদুনাথ দাস ॥১২॥৭৫৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৪৮ সংখ্যক পদ।
২। 'হিয়ে' প-র-সা। ৩। 'কহ' ঘ; 'কহু' প-র-সা।

ভূপালী।১

নব অনুরাগিণি নব অনুরাগ[২]।
মীলল দুহুঁ তনু[৩] গলে গলে লাগ[৪] ॥
তহিঁ এক রঙ্গিণি পরম রসাল।
দুহুঁ গলে দেওল এক ফুলমাল ॥
টুটব ভয়ে দুহুঁ পড়ু এক[৫] বন্ধ।
দৈবে ঘটায়ল প্রেম-আনন্দ ॥
সখি-মুখ হেরইতে উলসিত ভেল।
দোঁহে মেলি মালা[৬] সেই সখি গলে দেল ॥
বাহু পসারিয়া দোঁহে দোঁহা ধরু।
দোঁহ অধরামৃতে দোঁহ মুখ ভরু ॥
দূরে গেও মউর-শিখণ্ড পিতবাস[৭]।
দুহুঁ গুণ গাওত গোবিন্দদাস ॥১৩॥৭৫৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৪৯ সংখ্যক পদ। ২। 'অনুরাগী' ক, চ, প-র-সা। ৩। 'জন' খ। ৪। 'লাগি' ক, চ, প-র-সা। ৫। 'পড়, এক' স্থলে 'পড়ি গেও' প-র-সা। ৬। 'মেলি মালা' স্থলে 'গলমাল' প-র-সা। ৭। 'পীতবাস' ক।

কেদার।১

পেখলুঁ রে সখি যুগল কিশোর।
কালিন্দি-তীর নিকুঞ্জক ওর ॥ধ্রু২ ॥
নব নব৩ রূপ নিরুপম লাবণি
মরকত-কাঞ্চন-কাঁতি।
নারি পুরুখ দুহুঁ৪ লখই না পারিয়ে৫
অছু৬ পরিরম্ভণভাতি ॥
ঘন ঘন চুম্বনে লুবধ বদন দুহুঁ৭
বিগলিত স্বেদ-উদ-বিন্দু৮।
হেরি হেরি মরম৯ ভরম পরিপূরল১০
কো বিধুমণি১১ কো ইন্দু১২ ॥
সিন্দুর অরুণ চন্দন১৩ বিধু-মণ্ডল
সঘনে উদিত অব১৪ মেলি।
গোবিন্দদাস কহই নব অপরুপ১৫
রাধা-মাধব-কেলি ॥১৪॥৭৬০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৫০ ও প-র পুথির ৪২।২৭ সংখ্যক পদ। 'কেদার' স্থলে 'বড়ারি' প-র। ২। প-র পুথি ছাড়া অন্যান্য পুথিতে 'ধ্রু' নাই। ৩। 'নব নব' স্থলে 'সমবয়' প-র। ৪। 'দোঁহে' ক; 'দোহ' ঘ, প-র-সা। ৫। 'পারই' প-র-সা, প-র। ৬। 'ঐছে' প-র। ৭। 'ছবি' প-র। ৮। 'স্বেদ-উদ-বিন্দু' স্থলে 'স্বেত অরবিন্দ' প-র-সা; 'স্বেদ অরবিন্দ' প-র। ৯। 'হেরি হেরি মরম' স্থলে 'হেরইতে মরমে' প-র-সা, প-র। ১০। 'পরিপূরিত' প-র-সা। ১১। 'বিধু খনি' প-র। ১২ 'কো' ইত্যাদি পংক্তি স্থলে 'কোরহি মণি করু ইন্দু' খ, ঘ। ১৩। 'বদন' ক। ১৪। 'আধ' ক, খ, ঘ, চ। ১৫। 'নব অপরুপ' স্থলে 'অপরূপ নব' ক, খ; 'ইহ অপরূপ' প-র-সা; 'সব অপরুপ' প-র।

টীকা

৭—১০। "ঘন ঘন" ইত্যাদি। বারম্বার চুম্বনে উভয়ের বদন লুব্ধ হইল; স্বেদজল-কণা বিগলিত হইল; (সেই শোভা) দেখিয়া দেখিয়া (সখীদিগের) চিত্ত কে চন্দ্রকান্ত-মণি ও কে ইন্দু, (ইহা ভাবিয়া) ভ্রান্তিতে পরিপূর্ণ হইল। (চন্দ্রকান্ত-মণি চন্দ্র-কিরণস্পর্শে জল-বিন্দু-রাজি উদ্গীর্ণ করে; এ স্থলে শ্রীরাধা ও শ্রীকৃষ্ণ—উভয়ের বদন স্বেদ-বিন্দু-পরিপূর্ণ হওয়ায় উভয়ের মধ্যে কে চন্দ্র ও কে চন্দ্রকান্ত-মণি, তৎসম্বন্ধে সখীদিগের চিত্তে ভ্রান্তি উদ্ভূত হইল। এ স্থলে 'সন্দেহ' নামক অলঙ্কার হইয়াছে।)

বিহগড়া।১

বিগলিত কুন্তল মণিময় কুণ্ডল
রুণুঝুনু অভরণ বাজ।
ঘামহিঁ অলকা তিলক বহি যাওত
ঘন দোলত মণিরাজ ॥
দেখ দেখ দুহুঁ জন-কেলি।
দুহুঁ দুহুঁ অধর-সুধারস পিবি পিবি
দুহুঁ কিয়ে উনমত ভেলি ॥ ধ্রু২ ॥
গীমহি ভুজযুগ উপর৩ শশোধর৪
কনক-ধরাধর মাঝ।
অপরুপ পবনে সঘন জনু৫ দোলত
গগন সহিত দ্বিজরাজ ॥
চঞ্চল চরণ-কমল মণি-নূপুর
সশবদ মঙ্গল পূর।
মনমথ-কোটি মথন করু ঐছন
জ্ঞানদাস চিতে ফুর ॥১৫॥৭৬১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৫১ সংখ্যক পদ। ২। প-র-সা পুথি ছাড়া অন্যান্য পুথিতে 'ধ্রু' নাই। ৩। 'উর পর' ক, খ। ৪। 'শশধর' ক, খ, প-র-সা। 'শশধর' পাঠে ছন্দোভঙ্গ ঘটে। ৫। 'তনু' খ, ঘ,।

টীকা

৮—১১। "গীমহি" ইত্যাদি। (উভয়ের) গ্রীবায় (উভয়ের) ভুজ-যুগল, তদুপরি (উভয়ের বদনরূপ) শশধর (শোভা পাইতেছে) এবং (শ্রীরাধার কুচযুগ-রূপ) সুবর্ণ-গিরির মাঝে গগন সহ চন্দ্র অর্থাৎ মুক্তাগার সহ হারের মধ্য-মণি অপূর্ব্ব (নিশ্বাস)-পবনে সঘনে দুলিতেছে। তুলনা করুন,—

"নীল মুকুতা-　　　　হার বেকতা
　　শোভিত দেখিলুঁ ভাল।
যেন তারাগণ　　　　উদিত গগন
　　চান্দে বেঢ়িয়া জাল॥"

—প-ক-ত, ১৯৮ সংখ্যক পদ।

'নীল মুকুতা' ইত্যাদি শ্লোকের ব্যাখ্যা ১৯৮ সংখ্যক পদের টীকায় দ্রষ্টব্য।

ভূপালী।[১]

দুহুঁ রসে ভোর হেরি পাঁচবাণ।
কেলি-কলা লিয়ে[২] করত সন্ধান॥
দেখ পুন চেতন দুহুঁ অবলম্ব।
পুনহি অচেতন যব পুন[৩] চুম্ব॥
বিপুল পুলক বর স্বেদ-সঁচার[৪]।
চির-থির নয়নে নীর অনিবার॥
কাঁপই থরহরি গদ-গদ ভাষ।
দুহুঁ দুহুঁ পরশনে কতহুঁ উলাস[৫]॥
আন-আন-সঙ্গ-রঙ্গে ভরু অঙ্গ।
কো করু অনুভব প্রেম-তরঙ্গ॥
নিতি নিতি ঐছন হোয়ত বিলাস।
কবহ[৬] হেরব রাধামোহন দাস[৭]॥১৬॥৭৬২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৫২ ও প-র পুথির ২৫।২৪ ও ৪২।৩৩ সংখ্যক পদ। ২। 'নিয়ে' ক, খ, ঘ, চ, প-র; 'কিয়ে' প-র-সা। ৩। 'দুহুঁ' চ, প-র-সা। ৪। 'সচার' ঘ; 'সঞ্চার' ক, চ, প-র-সা, প-র। ৫। 'উল্লাস' ক, খ, ঘ, প-র-সা। 'দুহুঁ দুহুঁ' ইত্যাদি চারিটি পংক্তি প-র পুথিতে লিপিকর-ভ্রমে পরিত্যক্ত হইয়াছে। ৬। 'কবহু' খ, প-র-সা। ৭। 'ইহ নরোত্তম দাস' প-র।

টীকা

১—২। "দুহুঁ" ইত্যাদি। পঞ্চবাণ অর্থাৎ কন্দর্প উভয়কে সম্ভোগ-রসে মত্ত দেখিয়া (সেই অবস্থার উপযোগী) কেলিকলা লইয়া সংযোজিত করিতেছেন। (টীকাকার রাধামোহন ঠাকুর লিখিয়াছেন—এ স্থলে 'পাঁচবাণ' শব্দের অর্থ 'অপ্রাকৃত মদন' বুঝিতে হইবে)।

রত্যন্তে মূর্চ্ছা।

বিহাগড়া।[১]

রতি-সুখ-শয়ন-নিবেশহি[২] সুন্দরি
　　প্রমুদিত-মানস ভেলি।
বিছুরল আন আন কেলি-কৌতুক
　　অনুগত-নিধুবন-কেলি॥
　　অদভুত মদন-বিলাস।
রাইক দেহ-দণ্ড পরিশোভিত
　　শ্রমজল-মুকুতা বিকাশ॥
নিমিলিত নয়ন বয়ন-বর শোভন
　　অলখিত সহজহি হাস[৩]।
অনধিন বাহু-বল্লি অরু সব অঙ্গ[৪]
　　তে উহ রহত উদাস॥

বিগলিত অঙ্গ-রাগ অরু অভরণ
বিগলিত কুঞ্চিত কেশ।
রাধামোহন চিতে নিতি নিতি ভাবই
ঐছন প্রেম-আবেশ ॥১৭॥৭৬৩॥

ইতি অষ্টম-পল্লবঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৫৩ সংখ্যক পদ। ২। 'শয়নে নিবেশহি' ক। ৩। 'অলখিত সহজহি হাস' প-স স্থলে 'অলখিত সহজই হাস' ঘ; 'হেরইতে সহসহি' ঘ, চ; 'হেরইতে সহচরি হাস' ক, খ, প-র-সা। ৪। 'অনধিন' ইত্যাদি স্থলে 'অনধীন বাহুবল্লরী অরু সব অঙ্গ' ক, খ, প-র-সা।

টীকা

১—৪। "রতি"-ইত্যাদি। সুরত-কেলিতে সুখজনক শয্যায় শয়নে শ্রীরাধা হৃষ্ট-চিত্তা হইলেন (এবং) সুরত-লীলায় প্রবৃত্ত হইয়া অন্যান্য (আনুসঙ্গিক) কেলি-কৌতুক বিস্মৃত হইলেন। (সুরত-প্রসঙ্গে মোহ দ্বারা শ্রীরাধার 'মধ্যা' নায়িকার স্বভাব সূচিত হইতেছে)।

৮—১১। "নিমিলিত" ইত্যাদি। (শ্রীরাধার) নয়ন (রসাবেশে) মুদ্রিত, সুন্দর বদন অধিকতর শোভিত; স্বাভাবিক হাস্য অদৃশ্য হইল; (তাঁহার) বাহু-লতা ও সর্ব্বাঙ্গ অবশ,—সুতরাং (আবৃত করার অক্ষমতা হেতু) উন্মুক্ত রহিল।

রাধামোহন ঠাকুর তাঁহার স্বকৃত এই পদের ব্যাখ্যা-স্থলে লিখিয়াছেন যে, তিনি এই পদে উজ্জ্বল-নীলমণি-ধৃত নিম্নলিখিত শ্লোকের মর্ম্মানুবাদ করিয়াছেন; যথা,—

"শ্রমজলনিবিড়াং নিমীলিতাক্ষীং
শ্লথচিকুরামনধীনবাহুবল্লীম্।
মুদিতমনসমস্মৃতান্যভাবাং
রতিশয়নে নিশি রাধিকাং স্মরামি॥"

"কিং ধ্যায়সীতি সুবলেন পৃষ্টঃ কৃষ্ণ আহ শ্রমেতি। অত্র শ্রমজলানাং নৈবিড়্যং চিকুরাণাং শ্লথত্বং বাহুবল্ল্যা দৌর্ব্বল্যঞ্চ সুরতান্তং ব্যনক্তি। ন স্মৃতোঽন্যস্য বিষয়াশ্রয়োদ্দীপনাদের্ভাবো ভাবনা যস্যা ইতি রতি-সুখবিশেষানুভবো মূর্চ্ছায়ামপি বর্ত্তমানস্তস্যা সুখ-মাধুর্য্যাত্তদানীমবগত ইতি জ্ঞেয়ম্। অত্র মুদিত-মনসমিত্যস্যাপুষ্টার্থত্বং বক্তুঃ প্রেমবত্তানুলাপবশাৎ সোঢ়ব্যম্। স চ চিরাস্মদ্বিষয়ককামাগ্নিসন্তপ্তমনাঃ সা সুরতেন ময়াদ্য মুদিতমনাঃ কৃতা ইত্যতঃ কৃতার্থো-ঽস্মীতি স্বাভিপ্রায়োদ্গারময় ইতি।' বিশ্বনাথ চক্রবর্ত্তিকৃত 'আনন্দচন্দ্রিকা' টীকা।

অথ প্রেম-বৈচিত্ত্যং শ্রীরাধায়া যথা।

তদুচিত-শ্রীগৌরচন্দ্রঃ।

গান্ধার।১

হরি হরি গোরা কেনে কাঁদে।
নিজ সহচরগণ পুছই কারণ২
হেরই গোরামুখ-চাঁদে ॥ ধ্রু ॥
অরুণিত লোচন প্রেম-ভরে ভেল দুন
ঝর ঝর ঝরে প্রেম-বারি।
যৈছন শিথিল- গাঁথল৩ মোতিফল৪
খসয়ে৫ উপরি উপরি ॥
সোঙরি বৃন্দাবন নিশাসই পুন পুন৬
আপনার অঙ্গ নিরখিয়া।
দুই হাত বুকে ধরি রাই রাই৭ করি
ধরণি পড়ল৮ মুরছিয়া ॥
তহিঁ প্রিয় গদাধর ধরিয়া৯ করল কোর
কহয়ে শ্রবণে মুখ দিয়া।
পুন১০ অট্ট অট্ট হাসে জগ-জন১১ মন তোষে
বাসুঘোষে মরয়ে ঝুরিয়া ॥১॥৭৬৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৫৪ সংখ্যক পদ। ২। 'পুছই কারণ' স্থলে 'না বুঝিয়ে কারণ' প-র-সা।

৩। 'গাঁথিল' কৃ, চ 'গথিত' প-র-সা। ৪। 'মুকুতাফল' প-র-সা। ৫। 'খসতহিঁ' প-র-সা। ৬। 'নিশাসই' ইত্যাদি স্থলে 'নিশ্বাসই পুন' খ। ৭। 'রাই রাই' স্থলে 'গোবি গোবি' প-র-সা। ৮। 'ধরণি পড়ল' স্থলে 'ধরণীতে পড়ে' প-র-সা। ৯। 'বসিয়া' ক। ১০। 'গোর' প-র-সা।

কেদার।[১]

শ্যামক[২] কোরে যতনে ধনি শূতল[৩]
মদন-আলসে ভুতুঁ[৪] ভোর।
ভুজে ভুজে বন্ধন নিবিড় আলিঙ্গন
জনু[৫] কাঞ্চন মণি জোড়[৬] ॥
কোরহি শ্যাম চমকি ধনি বোলত[৭]
কবে মোহে মীলব কান।
হৃদয়ক তাপ তবহিঁ[৮] মঝু মীটব[৯]
অমিয়া করব[১০] সিনান ॥
সো মুখ-মাধুরি বক্ষ নেহারই[১১]
সোঙরি সোঙরি[১২] মন ঝুর।
সো তনু সরস[১৩] পরশ যব পাওব[১৪]
তবহিঁ মনোরথ পূর ॥
এত কহি সুন্দরি দীঘ নিশাসই
মুরছিত[১৫] হরল গেয়ান।
আকুল রাই শ্যাম পরবোধই[১৬]
গোবিন্দদাস পরমাণ ॥২॥১৬৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৫৫ ও প-র পুথির ৩২।২ সংখ্যক পদ। 'কেদার' স্থলে 'কামোদ' প-র। ২। 'শ্যাম' খ; 'শ্যামর' প-র। ৩। 'শুতলি' প-র-সা, প-র। ৪। 'মদন-আলসে ছহুঁ' স্থলে 'মদন মদালসে' প-র-সা; 'মদনালসে তনু' প-র। ৫। 'যেন' ক, খ, ঘ, চ, প-র-সা। ৬। 'মোর' প-র। ৭। 'রোয়ত' ঘ; 'পুছই' প-র। ৮। 'তবহু' ক, খ, ঘ, চ ৯। 'মঝু মীটব' স্থলে 'দূর যায়ব' প-র-সা; 'মিটি যায়ব' প-র। ১০। 'অমিয়া করব' স্থলে 'করবহি অমিয়া' প-র। ১১। 'সো মুখ' ইত্যাদি স্থলে 'আর কিয়ে সো মুখ মাধুরি হেরব' পর। ১২। 'সোঙরি সোঙরি' স্থলে 'গুণ সোঙরিতে' প-র। ১৩। 'দরশ' প-র। ১৪। 'হোয়ব' প-র-সা, প-র। ১৫। 'মুরছই' প-র। ১৬। 'আকুল' ইত্যাদি স্থলে 'যতনহি শ্যাম রাই পরবোধই' প-র (পাঠান্তর)।

বিহাগড়া।[১]

রোদতি রাধা শ্যাম করি কোর।
হরি হরি কাহাঁ গেও প্রাণনাথ মোর ॥
জানলুঁ রে সখি প্রেম অগেয়ান।
নাগর কোরে নাগরি নাহি জান ॥
মুরছলি নাগর মুরছলি রাই[২]।
বিরহে বেয়াকুল[৩] কূল না পাই ॥
দারুণ বিরহে না হেরই তায়।
সহচরি চিত্র-পুতলি[৪] সম চায়[৫] ॥
ঐছন হেরইতে রাইক রীত।
গোবিন্দদাস-চীত[৬] সচকিত ॥৩॥১৬৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৫৬ ও ১৫৫৯ সংখ্যক পদ। ২। 'মুরছলি' ইত্যাদি পংক্তিদ্বয় খ ও ঘ পুথিতে নাই। ৩। 'ব্যাকুল দোহ' প-র-সা। ৪। 'চীতপুতলি' খ, প-র-সা। ৫। 'সম চায়' স্থলে 'সমুঝায়' প-র-সা। ৬। 'গোবিন্দদাস পহু চিত' প-র-সা।

তথা রাগ।[১]

রসবতি বৈঠি রসিকবর পাশ।
রোই[২] কহই ধনি বিরহ-হুতাশ ॥
আর কি মিলব মোহে[৩] রসময় শ্যাম।
বিরহ-জলধি কত পউরব হাম ॥

নিকটহি নাহ না হেরই রাই।
সহচরি কত পরবোধই[৪] তাই ॥
কানু চমকি তব রাই করু কোর।
গোবিন্দদাস হেরি ভেল ভোর ॥৪॥৭৬৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৫৭ সংখ্যক পদ। ২। 'রাই' ক, খ। ৩। 'মোরে' খ। ৪। 'পরবোধব' ক।

ধানশী।[১]

কত পরকারে তহিঁ[২] পরিচয় দেল।
হেরইতে মুখ-শশি দুখ দূর[৩] গেল ॥
সহচরিগণ সব চমকিত ভেল।
সজল-নয়ানে আলিঙ্গন কেল ॥
আঁচরে মোছায়ত[৪] নয়নক লোর।
যতনহি দৃঢ় করি দুহু করু কোর ॥
কোই সখি দেওত চামরক বায়।
গোবিন্দদাস দুহুক[৫] গুণ গায়[৬] ॥৫॥৭৬৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৫৮ সংখ্যক পদ। ২। 'তাহি' ক, প-র-সা। ৩। 'দূরে' ক, খ, প-র-সা। ৪। 'মোছায়ই' ঘ। ৫। 'দুহুঁ' ক, খ, প-র-সা ; 'তবহু' ঘ। ৬। 'গুণ গায়' স্থলে 'প্রেমকি জয়' প-র-সা।

অত্র সম্ভোগোচিতপদং যথাসম্ভবং গেয়ম্।
জয় জয় রাধা কৃষ্ণের প্রেম অদভুত।
নিতুই নৌতুন প্রেম অনুরাগযুত ॥ ইত্যাদি।

ধানশী।[১]

শ্যামর-চন্দ গোরি যব বৈঠল
নিধুবনে সখিগণ সঙ্গ।
চাতুরি রভস কলা কত কৌশল
কিয়ে কিয়ে[২] মদন-তরঙ্গ ॥
সজনী কো পয়ে[৩] ঐছন জান।
পিয় পিয় পিপিয়-নাদ শুনি আকুল
মুরছি[৪] আনত[৫] ভই আন ॥ধ্রু॥
ঢর ঢর লোরে নয়ন বহি যাওত
কত কত করুণা-কোটি।
দন্তে তৃণহুঁ কহি প্রিয় দরশন দেহ
না হেরিয়া হিয়া যাউ ফোটি[৬] ॥
বহুত বিনতি[৭] করে সখির করে[৮] ধরে
কোরহি শ্যাম না জান[৯]।
বিপরিত অচল সচল দেখি ঐছন
বল্লভদাস রস গান ॥৬॥৭৬৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৫৯ ও প-র পুথির ৩৬।৪ সংখ্যক পদ। ২। 'ভেল' প-র। ৩। 'কো পয়ে' স্থলে 'কো পায়ে' প-র-সা। ৪। 'মুরছিত' ক, চ। ৫। 'আন' ক, খ, চ, প-র-সা। ৬। 'ফাটি' ক, প-র-সা, প-র। ৭। 'মিনতি' প-র-সা। ৮। 'চরণে' প-র-সা। ৯। 'মান' ক, চ, প-র-সা।

শ্রীরাগ।[১]

সজনী প্রেমক কো কহু[২] বিশেষ।
কানুক কোরে কলাবতি কাতর
কহত কানু পরদেশ ॥ ধ্রু ॥
চাঁদক হেরি সুরজ করি ভাখয়ে
দিনহি রজনি করি মান।
বিলপই তাপে তাপায়ত অন্তর
বিরহ পিয়ক[৩] করি ভান ॥
কব আওব হরি হরি সঞে পুছই
হসই রোয়ই খেণে ভোরি।
সো গুণ গাই[৪] শ্বাস খেণে কাঢ়ই[৫]
খণহি খণহি[৬] তনু মোড়ি ॥

বিধুমুখি-বদন কানু যব পোঁছল[৭]
নিজ পরিচয় কত ভাতি।
অনুভবি মদন কান্ত কিয়ে কামিনি[৮]
বল্লভদাস সুখে মাতি ॥৭॥৭৭০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৬০ ও প-র পুথির ৩৬।৩ সংখ্যক পদ। ২। 'প্রেমক কো কহ' স্থলে 'প্রেমকি কহবি' ঘ, প-র-সা। ৩। 'বিরহ পিয়ক' স্থলে 'প্রিয়ক বিরহ' ক; 'বিরহক পিয়' প-র। ৪। 'গাওই' ক, খ, প-র-সা, প-র। ৫। 'বাঢ়ই' ক; 'কাড়ই' চ, প-র-সা। ৬। 'খণহি খণহি' স্থলে 'ক্ষণহি তনু' ক, খ, প-র-সা, প-র। ৭। 'মোছল' প-র-সা; 'মোছত' প-র। ৮। 'ভাবিনি' প-র-সা।

বিহগড়া।১

নাগর[২] সঙ্গে রঙ্গে যব বিলসই
কুঞ্জে শুতলি ভুজ-পাশে।
কানু কানু করি রোয়ই সুন্দরি
দারুণ বিরহ-হুতাশে ॥
এ সখি আরতি কহনে না যাই।
আঁচলক হেম আঁচলে রহু যৈছন
খোঁজি ফিরত আন ঠাঞি[৩] ॥ ধ্রু ॥
কাহাঁ গেও সো মধু রসিক সুনাগর
মোহে তেজল কথি লাগি।
কাতর হোই মহা-তলে লুঠই
মদন-দহনে[৪] রহু জাগি ॥
রাইক বিরহে কানু ভেল সচকিত[৫]
বয়ানে বাণি নাহি ফুর।
প্রিয় সহচরি লেই করে কর বান্ধই
গোবিন্দদাস রহু দূর ॥৮॥৭৭১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৬১ সংখ্যক পদ। ২। 'কামুক' প-র-সা। ৩। 'আঁচলক হেম' ইত্যাদি স্থলে—

হেম আঁচলে রহু যৈছন খোজি
ফিরত আনহি ঠাঞি ॥ ধ্রু ॥ ক, চ পুথি।

৪। 'বেদনে' ক, খ, চ, প-র। ৫। 'চমকিত' ক, চ, প-র।

তথা রাগ।১

বহুখণে পরিচয় ভেল।
বিরহ-বেদন দূরে গেল ॥
দোঁহে দুহুঁ কোরে আগোরি।
সহচরি হেরি বিভোরি ॥
অদভুত প্রেম-চরীত[২]।
হেরইতে চমকিত চীত[৩] ॥
কোরহি দেখিতে না পায়।
ঐছন না শুনি কোথায় ॥
পুন দোঁহে নিবিড় বিলাস।
দূরে গেও বিরহ-হুতাশ ॥
গোবিন্দ দাসক দাস।
ইহ গুণ আনন্দে ভাষ ॥৯॥৭৭২॥

ইত্যাদি শ্রীরাধিকায়াঃ প্রেমবৈচিত্ত্যম্।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৬২ সংখ্যক পদ। ২। 'চরিত' ক, খ, চ, প-র-সা। ৩। 'চিত্ত' ক, খ, প-র-সা।

অথ প্রেমবৈচিত্ত্যং শ্রীকৃষ্ণস্য যথা।

সুহই।১

আর কিয়ে কনক-কষিল-তনু সুন্দরি
দরশ পরশ মধু[২] হোয়।
উর[৩] পর পাণি হানি খিতি শুতল[৪]
আকুল-কণ্ঠে ঘন রোয় ॥

সজনি না বুঝিয়ে৫ প্রেম-তরঙ্গ।
রাইক কোরে চমকি হরি বোলত৬
কবে হবে তাকর সঙ্গ ॥ ধ্রু ॥
আর কিয়ে শ্রবণে শুনব হাম৭ তাকর
সো প্রিয় মধুরিম ভাষ৮।
নয়নহি৯ বয়ন-চান্দ কিয়ে৯ হেরব
কৌমুদি হাস-বিকাস ॥
রাইক কোরে কানু ঐছে১০ বিলপই
ব্রজ-বনিতাগণ হাস।
প্রেমক রীত বুঝই সংশয় ভেল
কহতহি গোবিন্দদাস ॥১০॥৭৭৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৬৩ ও প-র পুথির ৩৬।৫ সংখ্যক পদ। ২। 'হব' প-র। ৩। 'উরু' ঘ, চ, প-র-সা। ৪। 'লুঠই' প-র। ৫। 'সজনি না বুঝিয়ে' স্থলে 'সখি হে কো কহ' প-র। প-র পুথিতে 'সখি হে' ইত্যাদি কলি দ্বারা পদটি আরম্ভ করা হইয়াছে। ৬। 'চমকি হরি বোলত' স্থলে 'বৈঠি হরি কহতহি' প-র। ৭। 'বোল' প-র-সা, প-র। ৮। 'সো' ইত্যাদি স্থলে 'আর তাহে মধুরিম হাস' প-র। ৯। 'কবে' প-র। ১০। 'ঐছে' স্থলে 'বব' প-র-সা, প-র। ১১। 'প্রেমক' ইত্যাদি স্থলে প-র পুথির পাঠ যথা—'না বুঝল বাত ধন্দ মোহে লাগল'।

তথা রাগ।১

ধনি-কোরে বিনদ২ নাগরবর৩ ভুললা৪।
রোয়ত নীর বয়ন বহি গেলা ॥
কোরে আকুল ভই মুরছিত ভেল।
সহচরিগণ কর বয়নহি দেল ॥
শ্বাস-হীন হেরি সবহুঁ বিভোর।
রোয়ত ধনি তব শ্যাম করি কোর ॥
এক সখি যুগতি করল অনুপাম।
শ্রবণে কহই তব রাধা নাম ॥
বহুখণে শ্রবণে পৈঠল সোই বোল।
রাই রাই করি উঠল তনু মোড় ॥
রোই রোই সুবদনি পরিচয় দেল।
কোরে কয়ল সব দুখ দুরে৫ গেল ॥
বৈঠল নাহ রাই বাম পাশ।
হেরি চমকিত রাধাবল্লভ দাস ॥১১॥৭৭৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৬৪ সংখ্যক পদ। ২। 'বিনোদ' ক। ৩। 'নাগর' খ, প-র-সা। ৪। 'ভুলিলা' ক। ৫। 'দূরে' ক।

পুনশ্চ দিনান্তরে।

বিহগড়া।১

রাধা মাধব বিলসই কুঞ্জক মাঝ।
তনু তনু সরস পরশ-রস পীবই
কমলিনি মধুকর-রাজ ॥ ধ্রু ॥
সচকিতে২ নাগর কাঁপই থর থর
শিথিল হোয়ল৩ সব অঙ্গ।
গদ গদ কহয়ে রাই ভেল অদরশ
কবে হোয়ব তছু সঙ্গ ॥
সো ধনি-চাঁদ-বয়ন কিয়ে হেরব
শুনব অমিয়াময় বোল।
ইহ মঝু হৃদয়৪ তাপ কিয়ে মেটব৫
সোই করব কিয়ে কোল ॥
ঐছন কতহুঁ বিলাপই৬ মাধব
সহচরি দূরহি হাস।
অপরুপ প্রেমে বিষাদিত অন্তর
কহতহি মাধবি৭ দাস ॥১২॥৭৭৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৬৫ সংখ্যক পদ। ২। 'সচকিত' ক। ৩। 'কয়ল' ক। ৪। 'হৃদয়ে' ক। ৫। 'মিটব' ক। ৬। 'বিলপয়ে' ক; 'বিলপই' প-র-সা। ৭। 'মাধব' ক, প-র-সা।

মঙ্গল।১

পরশিতে রাই-তনু   আপনে ভুলল কানু
মুরছি পড়ল ধনি-কোর।
শ্যামকে২ হেরইতে   ধনি ভেল গদগদ
চরকি চরকি বহে লোর॥
শ্যাম মুরছিত হেরি   চকিতে ললিতা ফেরি
রাধা-মন্ত্র শ্রুতি-মূলে দেল।
অঙ্গ মোড়াইয়া কানু   নিরখই রাই-তনু
হেরি সখী সচকিত৩ ভেল॥
চিত্র-পুতলি যেন   বেঢ়ল সখিগণ
নিরখই শ্যাম-মুখ-চন্দ।
কি ভেল কি ভেল বলি ধাওল বিশাখা আলি
সব জনে লাগল ধন্দ॥
শ্যামর-সুন্দর-   বদন-সুধাকর
সুমুখি নেহারই সাধে।
উপজল উল্লাস   কহই মাধবি৪ দাস
বিদগধ মাধব রাধে॥১৩॥৭৭৬॥

ইত্যাদি শ্রীকৃষ্ণস্য প্রেম-বৈচিত্ত্যম্।

ইতি নবম-পল্লবঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৬৬ সংখ্যক পদ। ২। 'শ্যাম কহে' ক; 'শ্যামক' খ, চ; 'নাগর' প-র-সা। ৩। 'চমকিত' ক, প-র-সা। ৪। 'মাধবী' ক; 'মাধুরী' খ।

অথ অনুরাগঃ।

সদানুভূতমপি যঃ কুর্য্যান্নবনবং প্রিয়ম্।
রাগোভবন্নবনবঃ সোঽনুরাগ ইতীর্য্যতে॥
অনুরাগো ভবেত্রিধা রূপাদাক্ষেপতঃ ক্রমাৎ।
অভিসারানুরাগশ্চ জ্ঞায়ন্তে রসিকৈর্জনৈঃ॥

আদৌ রূপানুরাগো যথা।

তত্র শ্রীমহাপ্রভুঃ।

সুহই।১

নিরবধি মোর মনে   গোরা-রূপ লাগিয়াছে
কহ সখী কি করি উপায়২।
না দেখিলে গোরা-মুখ৩   বিদরিয়া যায় বুক
পরাণ৪ বাহির হৈতে চায়॥
কহ সখি কি বুদ্ধি করিব।
গৃহপতি গুরুজন   ভয় নাহি৫ মোর মন
গোরা লাগি পরাণ তেজিব॥
সব সুখ তেয়াগিলুঁ   কুলে তিলাঞ্জলি দিলুঁ
গোরা বিনু আন নাহি ভায়।
নিঝরে ঝরয়ে৬ আঁখি   শুন হে মরমি৭ সখি
বাসুঘোষ কি বলিবে তায়॥১॥৭৭৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৬৭ ও প-র পুথির ১৪।৩১ সংখ্যক পদ। 'সুহই' স্থলে 'তুড়ী' প-র। ২। 'কহ' ইত্যাদি স্থলে 'কি করিব কি হবে উপায়' প-র। ৩। 'রূপ' ক, খ, ঘ, চ, প-র-সা। ৪। 'পরাণি' ক, খ, প-র-সা। ৫। 'ভয় নাহি' স্থলে 'নাহি লয়ে' প-র। ৬। 'নিঝরে ঝরয়ে' স্থলে 'নিঝুরে ঝুরয়ে' প-র-সা। ৭। 'মরম' খ, প-র-সা, প-র।

তথা রাগ ।১

নব-জলধর-তনু থীর বিজুরি জনু
পীত বসন বনি২ তায় ।
চূড়া শিখি-দল বেড়িয়া মালতীমাল
সৌরভে মধুকর ধায় ॥
শ্যাম-রূপ জাগয়ে মরমে ।
পাসরিব মনে করি যতনে ভুলিতে নারি
ঘুচাইল কুলের ধরমে ॥ ধ্রু ॥
কিবা সেই মুখ-শশী উগারে অমিয়া-রাশি
আঁখি মোর মজিল তাহায় ।
গুরুজন-ভয়ে যদি ধৈরজ ধরিতে চাহি
দ্বিগুণ আগুন উপজায় ॥
এ তিন ভুবনে যত রস-সুধানিধি কত
শ্যাম আগে নিছিয়া পেলিয়ে৩ ।
এ দাস অনন্তে কয় হেন রূপ রসময়
না দেখিলে পরাণ না জীয়ে ॥২॥৭৭৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৬৪ সংখ্যক পদ। ২। 'বেনে' প-র-সা। ৩। 'ফেলিয়ে' খ, ঘ, চ।

তাহে গুরু দুরুজন-লোচন কণ্টক
সঙ্কট কতহুঁ বিথার ।
কুলবতি-বাদ বিবাদ করত কত
ধৈরজ লাজ বিচার ॥
সবহুঁ উপেখি যাই বন পৈঠব
কানু গীমে করি হার ।
নিরজনে রাতি দিবস সুখে হেরব৫
এহি দঢ়ায়লুঁ সার ॥
কি করব আন ধরম-করম মত৬
জীবনহীন জনু দেহ ।
গোবিন্দদাস ভণ মনমথ মোহন
মিলনে কিয়ে করু কেহ ॥৩॥৭৭৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৬৯ ও প-র পুথির ১৪।১০ সংখ্যক পদ। ২। 'তিরখিত' প-র। ৩। 'হাম না বুঝি' স্থলে 'নাহি বুঝিয়ে' প-র। ৪। 'ঝুরয়ে' প-র-সা। ৫। 'বঞ্চব' প-র। ৬। 'তন' প-র। 'কি করব' ইত্যাদি ভণিতার কলিটি ক, ঘ, চ ও প-র-সা পুথিতে নাই।

তুড়ী ।১

হেরি মুখচন্দ্র-সুধারস-লহরী-
কিরণহি ভুবন উজোর ।
তিরপিত২ চাহি চকোরিণি-কামিনি-
লোচন নিশি দিশি ভোর ॥
সজনি অব হাম না বুঝি৩ বিধান ।
অতিশয় আনন্দে বিঘিন ঘটাওল
হেরইতে ঝরয়ে৪ নয়ান ॥ ধ্রু ॥
দারুণ দৈব কয়ল দুহুঁ লোচন
তাহে পলক নিরমাই ।
তাহে অতি হরিষে এ দুহুঁ দিঠি পূরল
কৈছে হেরব মুখ চাই ॥

ভাটিয়ারি ।১

যো মুখ দেখিতে হিয়া বিদরয়ে
কে তাথে২ পরাণ ধরে ।
ভালে সে কামিনী দিবস রজনী
ঝুরিয়া ঝুরিয়া মরে ॥
সই সে কালা৩ কদম্বতলে ।
ও রূপ দেখিয়া কুলে তিলাঞ্জলি
দিলুঁ যমুনার জলে ॥ ধ্রু ॥
বঙ্কিম নয়ানে ভঙ্গিম চাহনি
তিলে পাসরিতে নারি ।
এত দিনে সখি নিচয়ে৪ জানিলুঁ
মজিল কুলের নারী ॥

চাঁচর চুলে সে কুলের কাঁচনি[৫]
সাজনি ময়ূর-পাখে।
বলরাম বলে কোন বা দারুণী
কুলের ধরম রাখে ॥৪॥৭৮০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৭০ ও প-র পুথির ৩।৩৮ সংখ্যক পদ। ২। 'তায়' প-র। ৩। 'সে কালা' স্থলে 'কি জানি' ক, খ, ঘ, চ, প-র-সা। ৪। 'নিশ্চয়' ক, খ, প-র-সা। ৫। 'কাছনি' প-র-সা, প-র।

শ্রীরাগ।[১]

রসের ভরে অঙ্গ না ধরে
হেলিয়া পড়িছে বায়।
অঙ্গ মোড়া দিয়া ত্রিভঙ্গ হইয়া
ফিরিয়া ফিরিয়া চায় ॥
রসিয়া নাগর হেরিয়া মরিলুঁ
কি শেল বাজিল[২] মোরে।
গুরু পরিজন লাগে উচাটন
তারে সে[৩] পরাণ ঝুরে ॥
আঁখির ঠারে বুক বিদারে
ও বড় বিষম বাণ।
কুলবতী সতী পাপিনী যুবতি
রাখুক কুলের মান ॥
হিয়া জরজর পরাণ ফাঁফর[৪]
দারুণ মুরলী-স্বরে।
কুটিল[৬] হরিণী লোটায় ধরণী[৫]
কান্দিয়া মরয়ে ঘরে ॥
মধুর বোলে পরাণ দোলে
তাহে পরমাদ হাস।
বলরাম কহে এবে সে নিচয়ে[৭]
ছাড়িলুঁ ঘরের আশ ॥৫॥৭৮১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৭১ ও প-র পুথির ৩।৩৯ সংখ্যক পদ। ২। 'রহল' প-র। ৩। 'তারে সে' স্থলে 'তরে সে' চ। ৪। 'কাপর' ক, খ; 'ফাকর' প-র-সা। ৫। 'বাশীর' প-র। ৬। 'কুটিল' ক, খ, প-র-সা। ৭। 'নিশ্চয়' প-র।

সুহই।[১]

দুই ভুরু কামের কামান।
নঠ কৈল কুল-অভিমান ॥
কত ছাঁদে নয়ান চুলায়।
মন সনে পরাণ দোলায় ॥
সে মোহন নাগর কিশোর।
মরমে পশিয়া রৈল মোর ॥ ধ্রু ॥
কত না নাগরপনা জানে।
নিরখয়ে আধ নয়ানে ॥
আধ মুচকি কথা কয়।
অবলা-পরাণে কি তা[২] সয় ॥
কে না কৈল মনোহর বেশ।
সেই সে মজাইল সব দেশ ॥
তিরি-বধে তার নাহি ভয়।
বলরামের মনে হেন লয় ॥৬॥৭৮২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৭২ ও প-র পুথির ৩।৩৫ সংখ্যক পদ। ২। 'অবলা-পরাণে কি তা' স্থলে 'অবলার প্রাণে কত' প-র।

ধানশী ছুড়ী।[১]

ঈষত হাসিতে কত[২] অমিয়া উথলে।
ধরম করম হরে আধ আধ বোলে ॥
রূপ দেখি কি না সে করিলুঁ[৩]।
বল করি জাতি প্রাণ পর-হাতে দিলুঁ ॥ধ্রু॥

নানা ফুলে চাঁচর চুলে চূড়ার কাঁচনি।
কত না ভঙ্গিমা দুটি নয়ান-নাচনি ॥
কিসের লোকের ভয় কিবা গুরু-লাজে[৪]।
মধুর মুরতি সে লাগিল[৫] হিয়ার মাঝে ॥
ফাগু বিন্দু বিন্দু মাঝে[৬] চন্দনের চাঁদ।
কহে বলরাম ওই[৭] পিরিতের ফাঁদ॥৭॥৭৮৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৩৬৮, ১২৭১ ও প-র পুথির ৩৩৭ সংখ্যক পদ। ২। 'হাসিতে কত' স্থলে 'এাখির ঠারে' প-র-সা। ৩। 'রূপ দেখি' ইত্যাদি স্থলে 'রূপ দেখি সখি মুঞি অকাজ করিলুঁ' প-র। ৪। 'কিসের' ইত্যাদি স্থলে 'কিসের ভয় কিবা গুরুজন লাজে' ক; 'কিবা সে লোকের ভয় গুরুজনা লাজে' প-র-সা। ৫। 'সে লাগিল' স্থলে 'খানি জাগে' প-র। ৬। 'ফাগু' ইত্যাদি স্থলে 'চৌদিগে ফাগুর বিন্দু' প-রসা, প-র। ৭। 'ইহা' ক।

শ্রীরাগ।[১]

কিবা রাতি কিবা দিন কিছুই না জানি।
জাগিতে স্বপনে দেখি কালা রূপ[২]খানি ॥
আপনার নাম মোর নাহি পড়ে মনে।
পরাণ হরিলে রাঙ্গা নয়ন-নাচনে ॥
কি খেণে দেখিলাম[৩] সই নাগর-শেখর।
আঁখি ঝরে মন কাঁদে পরাণ[৪] ফাঁফর ॥
সহজে মুরতি খানি বড়ই মধুর।
মরমে পশিয়া সে ধরম কৈলে চুর ॥
আর তাহে কত কত ধরে বৈদগধি।
কুলেতে যতন করে কোন বা মুগধী ॥
দেখিতে সে চাঁদমুখ জগ-মন হরে।
আধ-মুচকি হাসে[৫] কত সুধা ঝরে ॥
কাল কপালে শোভে চন্দনের চাঁদে।
বলরাম বলে তেঞি সদাই পরাণ
কাঁদে ॥৮॥৭৮৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৭৪ ও প-র পুথির ৩১৪০ সংখ্যক পদ। ২। 'বরণ' প-র। ৩। 'কি খেণে দেখিলাম' স্থলে 'কি রূপ দেখিনু' ক, খ, প-র। ৪। 'নয়ান' ক, খ। ৫। 'হাসি' ক, খ, ঘ, চ, প-র-সা।

তুড়ী।[১]

রূপ দেখিলে এমন হবে জানিব কেমনে।
এত কি সহিতে পারে অবলা পরাণে ॥
দ্বিগুণ দহয়ে তনু[২] মুরলীর স্বরে।
কুলিন[৩] সাপিনী যেন গরল উগারে ॥
আর তাহে তাপ দিল[৪] পাপ ননদিনী।
ব্যাধের মন্দিরে যেন কম্পিত[৫] হরিণী ॥
নিরবধি প্রাণ মোর শ্যাম-অনুরাগী[৬]।
যে মোরে ছাড়িতে বোলে হবে বধের ভাগী ॥
জ্ঞান কহে যেই কহ সেই সে করিব।
শ্যাম বন্ধুর লাগি পরাণ হারাইব ॥৯॥৭৮.॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১০৬ ও ১২৭৫ সংখ্যক পদ। ২। 'দহয়ে তনু' স্থলে 'দগধে প্রাণ' প-র-সা। ৩। 'কুলিনী' প-র-সা। ৪। 'আর তাহে' ইত্যাদি স্থলে 'তাহে দুখ দেই মনে' প-র-সা। ৫। 'বঞ্চয়ে' প-র-সা। ৬। 'নিরবধি' ইত্যাদি পংক্তি চারিটি ক, খ, ঘ, চ পুথিতে নাই; প-র-সা পুথি হইতে উদ্ধৃত হইয়াছে।

রামকেলি।[১]

মলুঁ মলুঁ শ্যাম-অনুরাগে।
মনোহর মধুর মুরতি নব কৈশোর
সদাই হিয়ার মাঝে জাগে ॥ ধ্রু ॥

জীতে পাসরিতে নারি বল না[২] কি বুদ্ধি করি
কি শেল রহল[৩] মোর বুকে।
বাহির হৈয়া নাহি যায় টানিলে না বাহিরায়
অন্তরে জ্বলয়ে ধিকে ধিকে ॥
চরণে চরণ থুঞা[৪] অধরে মুরলী লৈয়া
দাঁড়াইয়া[৫] তেরছ[৬] নয়ানে।
অঙ্গুলি লোলাইয়া[৭] শ্যাম কি জানি কি দেখাইল[৮]
সে কথা পড়য়ে সদা মনে ॥
কিছু না মোর সহে গায় কেবা পরতীত যায়
তিলে প্রাণ তিন ঠাঞি ধরি।
বসু রামানন্দের বাণী দিবানিশি নাহি জানি
গোপতে গুমরি মরি মরি ॥১০॥৭৮৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৭৬ সংখ্যক পদ। ২। 'সে' ক, খ। ৩। 'পশিল' খ। ৪। 'থুইয়া' ঘ, চ। ৫। 'দণ্ডাইয়া' খ। ৬। 'তেড়ছ' প-র-সা। ৭। 'লোলায়ে' ক; 'লোটাইয়া' খ। ৮। 'কহিল গো' প-র-সা।

পুনশ্চ প্রকারান্তরং যথা।

ধানশী।[১]

গৌরাঙ্গ-লাবণ্য রূপে কি কহিব এক মুখে
আর তাহে ফুলের[২] কাঁচনি।
চাঁদ-মুখের[৩] হাসি জীব না গো হেন বাসি
আর তাহে ভাতিয়া চাহনি ॥
বিহি সে গঢ়ল রূপ ছান্দে।
কেমন কেমন করে মন সব লাগে উচাটন
পরাণ-পুতলি মোর কান্দে ॥ ধ্রু ॥
বিধিরে বলিব কি করিলে কুলের ঝি
আর তাহে নহি স্বতন্তরি।
গেল কুল লাজ ভয়। পরাণ রহিবার[৪] নয়
মনের অনলে[৫] পুড়ে মরি ॥
কহিব কাহার আগে কহিলে পিরিতি ভাঙ্গে
চিত মোর ধৈরজ না বান্ধে।
নয়নানন্দের বাণী শুন শুন বিনোদিনি[৬]
ঠেকিলা গৌরাঙ্গ-প্রেম-ফান্দে॥১১॥৭৮৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৭৭ সংখ্যক পদ। ২। 'কুলের' ক, খ, ঘ, চ। ৩। 'ও চাঁদ-মুখের' প-র-সা। ৪। 'বাহিরাবার' প-র-সা। ৫। 'মনের অনলে' স্থলে 'প্রেম অনলে' প-র-সা। ৬। 'ঠাকুরাণি' খ।

তথা রাগ।[১]

তপত-কাঞ্চন- কান্তি কলেবর
উন্নত ভাঙুর[২] ভঙ্গী।
করিবর-কর জিনি বাহুর সুবলনি
বিহি সে গঢ়ল বহুরঙ্গী ॥
গোরা রূপ জগ-মনহারী।
আপন বৈদগধি বিধাতা প্রকাশিত[৩]
বধিতে কুলবতি নারী ॥ ধ্রু ॥
আপদ-মস্তক পূর্ণ পুলকিত
প্রেমে ছল ছল আঁখি।
আপন গুণ শুনি আপহি[৪] রোয়ত
হেরি কান্দয়ে পশু পাখী ॥
চান্দ-চন্দ্রিকা কুমুদ-মল্লিকা
জিনিয়া মধুর মৃদুহাস।
মধুর বচনে অমিয়া সিঞ্চনে
নিছনি গোবিন্দদাস ॥১২॥৭৮৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৭৮ সংখ্যক পদ। 'তথা রাগ' স্থলে 'তুড়ী' প-র-সা। ২। 'ভাঙর' ক, চ, প-র-সা। ৩। 'প্রকাশিল' খ। ৪। 'আপনি' প-র-সা।

পঠমঞ্জরী।১

মরি মরি[২] না লো[৩] শ্যাম-রূপের বালাই লৈয়া।
কোন বিধি নিরমিল কত সুধা দিয়া ॥ ধ্রু ॥
শরদ-বিধুবর ফুল্ল পুষ্কর
সুন্দরানন মণ্ডলে।
রত্ন মণিময় রবি সমোদিত[৪]
গণ্ডে নৃত্যতি কুণ্ডলে ॥
চারু-চন্দ্রিম[৫] চূড়া চিক্কণ
চঞ্চরীগণ আবৃতে।
চমকিত হিয়া মোর ও রূপ দেখিতে ॥
সজল জলধর তিমির পুঞ্জর[৬]
ইন্দ্রনীল[৭] মনোরমে।
বন্ধুরাধর রঙ্গ সিন্দুর
নিন্দি বিম্বুক বিভ্রমে ॥
লোচনাঞ্চল বিমল চঞ্চল[৮]
বিষম-বাণ-সহোদরে।
শ্যাম-রূপ নিরখিতে হৃদয় বিদরে ॥
প্রবল ভুজবর নিন্দি করিকর[১০]
কঙ্কণাঙ্গদ শোভনে।
নখর তীখণ রুচি বিলক্ষণ
গোপি-চিত্ত-প্রলোভনে ॥
হেম-বিরচিত[১২] মুদ্রিকাযুত
পাণিশাখ মনোহরে।
ও রূপ দেখিতে প্রাণ কি জানি কি করে ॥
বিপুল বক্ষ শ্রীবৎস-লাঞ্ছন
তার[১৩]-হার বিলম্বিতে।
কৃশিম মধ্যম উরগ বিক্রম[১৪]
পীত অম্বর শোভিতে ॥
চরণ-পল্লব শরণ বল্লভ
মঞ্জু-মঞ্জির রঞ্জিতে।
মথুরাদাসের চিতে রহ অবিরতে ॥
॥১৩৭৮৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৭৯ ও প-র পুথির ২।২৯ সংখ্যক পদ। 'পঠমঞ্জরী' স্থলে 'কামোদ' প-র। ২। 'মরি মরি' স্থলে 'মরি' প-র। ৩। 'না লো' স্থলে 'আলো' ক, খ, চ। ৪। 'সমোদয়' প-র-সা, প-র। ৫। 'চন্দ্রিক' ক, চ। ৬। 'পুঞ্জকর' ক; 'পুঞ্জহর' প-র-সা। ৭। 'ইন্দ্রনীল-মণি' ক। ৮। 'পরিসর' প-র। ৯। 'বিশিখ' খ, ঘ, প-র। ১০। 'করিবর' ক, খ। ১১। 'তিক্ষণ' ঘ, প-র-সা, প-র; 'তীক্ষণ' চ। ১২। 'বিরাজিত' ক, খ। ১৩। 'ভাব' ঘ; ১৪। 'কৃশিম' ইত্যাদি স্থলে প-র পুথির পাঠ যথা—'কনক বিক্রম কর মণিময়'।

সুহই।১

বদন-চান্দ কোন কুন্দারে কুন্দিলে গো।
কে না কুন্দিলে দুই আঁখি।
দেখিতে দেখিতে মোর পরাণ যেমন করে
সেই সে পরাণ তার সাখী ॥
রতন কাড়িয়া অতি[৩] যতন করিয়া গো
কে না গঢ়িয়া[৪] দিল কাণে।
মনের সহিতে মোর এ পাঁচ পরাণি[৫] গো
যোগী হবে[৬] উহারি ধেয়ানে ॥
অমিয়া মধুর বোল সুধা খানি খানি গো
হাতের উপর নাহি[৭] পাত্ত।
এমতি করিয়া যদি বিধাতা গঢ়িত গো
ভাজিয়া ভাজিয়া উহা খাত্ত ॥
মদন-ফান্দ[৮] ও না চূড়ার টালনি[৯] গো[১০]
উহা না শিখিয়া আইল কোথা।
এ বুক ভরিয়া মুঞি উহা না দেখিনু গো
এ বড়ি মরমে মোর বেথা[১১] ॥

নাসিকার আগে দোলে[১২] এ গজ-মুকুতা গো
সোণায় মড়িত[১৩] তার পাশে।
বিজুরী জড়িত[১৪] যেন চাঁদের কণিকা[১৫]গো
মেঘের আড়ালে থাকি[১৬] হাসে ॥
করভের কর জিনি বাহুর বলনি[১৭] গো
হিঙ্গুল-মণ্ডিত তার আগে।
যৌবন-বনের পাখী পিয়াসে মরয়ে[১৮] গো
উহারি পরশ-রস মাগে ॥
নাটুয়া-ঠমকে যায় রহিয়া রহিয়া চায়
চলে যেন গজরাজ[১৯]মাতা।
শ্রীনিবাস দাস কয় লখিলে লখিল নয়
রূপসিন্ধু গঢ়ল বিধাতা ॥১৪॥৭৯০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৮০ ও প-র পুথির ২।৩২ সংখ্যক পদ। 'সুহই' স্থলে 'শ্রীরাগ' প-র। ২। 'কঢ়িয়া' ক; 'কড়িয়া' ঘ; 'কাটিয়া' চ, প-র। ৩। 'কেবা' ক। ৪। 'পরাইয়া' প-র-সা। ৫। 'পুরাণ' ক, খ, চ। ৬। 'হৈল' প-র। ৭। 'লাগি' ক, খ। ৮। 'ফান্দয়া' ক; 'ফান্দুয়া' চ। ৯। 'সাজনি' প-র। ১০। 'মদন-ফান্দ' ইত্যাদি স্থলে 'ময়ূর-পুচ্ছের ছান্দে' ইত্যাদি খ; 'মউরপুচ্ছের চান্দে' ইত্যাদি ঘ। ১১। 'এ বড়ি' ইত্যাদি স্থলে 'মরমে রহিয়া গেল বেথা' প-র। ১২। 'শোভে' প-র। ১৩। 'মঢ়িল' ক; 'মুড়িত' প-র-সা। ১৪। 'সহিত' প-র; 'তড়িত' ঘ। ১৫। 'কলঙ্ক' ক। ১৬। 'কিবা' প-র। ১৭। 'বাহুর বলনি' স্থলে 'বাহু সুবলনি' প-র। ১৮। 'মরিল' প-র-সা। ১৯। 'গজপতি' প-র।

ভাটিয়ারি।[১]

অঙ্গে অঙ্গে মণি মুকুতা খেচনি[২]
বিজুরী চমকে[৩] তায়।
ছি ছি[৪] কি অবলা সহজে চপলা
মদন মুরছা পায় ॥
মরোঁ মরোঁ[৫] সই ও রূপ নিছিয়া লৈয়া।
কি জানি কি খেণে কো বিহি গঢ়ল
কি রূপ মাধুরী দিয়া ॥ ধ্রু ॥
ঢুলু ঢুলু দুটি নয়ন-নাচনি
চাহনি মদন-বাণে।
তেরছ বন্ধানে বিষম সন্ধানে
মরমে মরমে হানে ॥
চন্দন-তিলক আধ ঝাঁপিয়া
বিনোদ চূড়াটী বান্ধে।
হিয়ার ভিতরে[৬] লোটায়্যা লোটায়্যা[৭]
কাতরে পরাণ কান্দে ॥
আধ[৮] চরণে আধ[৯] চলনি
আধ[১০] মধুর হাস।
এই সে লাগিয়া ভালে সে ঝুরিয়া
মরে বলরাম দাস ॥১৫॥৭৯১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৮১ সংখ্যক পদ। ২। 'খেচনি' ক। ৩। 'দমকে' ক, খ, প-র-সা। ৪। 'ছি ছি' স্থলে 'এথে' প-র-সা। ৫। 'মরোঁ মরোঁ' স্থলে 'মরো মরো' ক; 'মরও মরও' প-র-সা। ৬। 'মাঝারে' প-র-সা। ৭। 'লোটায়্যা লোটায়্যা' স্থলে 'লোটাঞা লোটাঞা' ক, খ; 'লোটায়া' প-র-সা। ৮। 'আধয়া' প-র-সা। ৯। 'আধয়া' প-র-সা। ১০। 'আধয়া' প-র-সা।

রামকেলি।[১]

আলো সই করিব কি।
পরাণ পরবশ জীবারে জি ॥
কি দিয়া নিরমিল কেমন বিধি।
রূপের নাহি সীমা[২] গুণের নিধি ॥
লখিল[৩] নহে রূপ লখিল নয়।
যে অঙ্গে পড়ে দিঠি সে অঙ্গে রয় ॥

দেখিতে দেখিতে মনে এমনি[৪] লয়।
সকল অঙ্গে[৫] যদি নয়ান হয়॥
যখন শ্যামবন্ধু বাঁশীটি পূরে।
বনের পশু কান্দে বিরিখি ঝুরে॥
যখন তরুতলে[৬] বাঁশীটি বাজে।
পরাণ যেমন[৭] করে না কহি লাজে॥
নয়ান-কোণে তার[৮] আছে কি ধন।
যার লাগি[৯] জাতি কুল করিলুঁ পণ॥

॥১৬॥৭৯২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৮২ ও প-র পুথির ১৪।৩২ সংখ্যক পদ। 'রামকেলি' স্থলে 'বিভাষ' প-র। ২। 'রূপের নাহি সীমা' স্থলে 'শ্যামরূপে সীমা' প-র। ৩। 'লখিলে' ক। ৪। 'মনে এমনি' স্থলে 'মোর হেন মনে' প-র। ৫। 'অঙ্গ' প-র। ৬। 'যখন তরুতলে' স্থলে 'কদম্বতলাতে' প-র। ৭। 'পরাণ যেমন' স্থলে 'পরাণে যে' প-র। ৮। 'নয়ান-কোণে তার' স্থলে 'নয়ানের কোণে' প-র। ৯। 'যার লাগি' স্থলে 'যাতে' প-র।

সিন্ধুড়া।[১]

কি বা সে মোহন-বেশ ভুলাইলে সব[২] দেশ
না রহে সতীর সতীপনা।
ভরমে দেখিলে তারে জনম ভরিয়া গো
ঝুরিয়া মরয়ে[৩] কত জনা॥
সই হাম কি করিলুঁ[৪] কেনে বা সে বাঢ়াইলুঁ[৫]
কি শেল হানিল জানি[৬] বুকে।
জাতি কুল শীলে সই[৭] বজর পড়িল গো
কালারূপ দেখি চৌখে চৌখে[৮]॥
কিবা সে নয়ান-বাণ হিয়ায় হানিল গো
গরল ভরিয়া রৈল বুকে।
কোন বা পামরী নারী আপনা রাখয়ে[৯] গো
আগুন জ্বালিয়া দি তার[১০] মুখে॥
খাইতে সোয়াস্ত নাই নিন্দ দূরে গেল গো
হিয়া ডহ ডহ[১১] মন ঝুরে।
উড়ু উড়ু[১২] আনছান ধক ধক করে প্রাণ
কি হৈল রহিতে নারি[১৩] ঘরে॥
রসের মূরতি সে দেখিলে না রহে দে
বাতাসে পাষাণ হয় পানী।
বলরাম দাসে বোলে সে অঙ্গ পরশ হৈলে
প্রাণ লৈয়া কি হয় না জানি॥১৭॥৭৯৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৮৩ ও প-র পুথির ১৪।৩৩ সংখ্যক পদ। 'সিন্ধুড়া' স্থলে 'তুড়ী' প-র। ২। 'ভুলাইলে সব' স্থলে 'দেখিতে মুরছে' প-র। ৩। 'মজয়ে' ক, খ; 'না মরে' প-র। ৪। 'সই' ইত্যাদি স্থলে 'সই কি করিলুঁ যেনে' প-র। ৫। 'সে বাঢ়াইলুঁ' স্থলে 'চাহিলুঁ গো' প-র। ৬। 'যেন' ক, খ, ঘ, চ, প-র। ৭। 'আজি' প-র। ৮। 'কালারূপ' ইত্যাদি স্থলে 'কিনা রূপ দেখিলাম চোখে' প-র-সা। ৯। 'রাখিবে' প-র। ১০। 'জ্বালিয়া দি তার' স্থলে 'দেয়াব তার' প-র। ১১। 'দহ দহ' ক; 'চহ চহ' খ। ১২। 'উড়ু উড়ু' স্থলে 'উড়ু পুড়ু' প-র-সা। ১৩। 'নারোঁ' প-র।

ধানশী।[১]

রূপে ভরল দিঠি সোঙরি পরশ মিঠি
পুলক না তেজই অঙ্গ।
মধুর[২] মুরলী-রবে শ্রুতি পরিপূরিত
না শুনে আন[৩] পরসঙ্গ॥
সজনি অব কি করবি উপদেশ।
কানু-অনুরাগে মোর তনু মন মাতল
না গুণে[৪] ধরম লব-লেশ[৫]॥ ধ্রু॥

নাসিকা হো সে অঙ্গের[৬] সৌরভে উনমত
বদনে না লয়ে আন নাম।
নব নব গুণগণে বান্ধল মঝু মনে
ধরম রহব কোন ঠাম ॥
গৃহপতি-তরজনে গুরুজন-গরজনে
অন্তরে[৭] উপজয়ে হাস।
তহিঁ এক[৮] মনোরথ জনি[৯] হয়ে অনরথ[১০]
পুছত গোবিন্দদাস ॥১৮॥৭৯৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৪৮ ও প-র পুথির ১৯।৪ সংখ্যক পদ। ২। 'মধুর' (প-র, সা-প ২০১ সংখ্যক পুথি) স্থলে 'মোহন' ক, খ, ঘ, চ, প-র-সা। ৩। 'আপন' ক; 'আর' সা-প ২০১ সংখ্যক পুথি। ৪। 'সহে' ক, খ, ঘ, চ; 'শুনে' প-র। ৫। 'ভয়-লেশ' ক, প-র-সা। ৬। 'নাসিকা হো সে অঙ্গের' স্থলে 'নাসিকা সে অঙ্গের' ক; 'নাসিকা যে সে অঙ্গ' প-র। ৭। 'কো জানে' ক, খ, ঘ, চ, প-র। ৮। 'তহিঁ এক' স্থলে 'তাহে এত' প-র। ৯। 'যদি' ক, খ, ঘ, চ, প-র। ১০। 'অনুরত' ক, খ, ঘ, চ, প-র-সা।

তুড়ী।১

কানড়-কুসুম জিনি কালিয়া বরণ খানি
তিলেক নয়নে যদি লাগে।
তেজিয়া সকল কাজ জাতি কুল শীল লাজ[২]
মরিবে কালিয়া-অনুরাগে ॥
সই আমার বচন যদি রাখ।
ফিরিয়া নয়ন-কোণে না চাইহ তার পানে
কালিয়া বরণ যার দেখ ॥ ধ্রু ॥
আরতি পিরিতি মনে যে করে কালিয়া সনে
কখন তাহার নহে ভাল।
কালিয়া রভস[৩] কালা মনেতে গাঁথিয়া মালা
জাগিয়া জপিয়া[৪] প্রাণ গেল ॥
নিশিদিশি[৫] অনুখণ প্রাণ করে উচাটন
বিরহ-অনলে জ্বলে তনু।
ছাড়িলে ছাড়ন নয় পরিণামে কিবা হয়
কি মোহিনী জানে কালা কানু ॥
দারুণ মুরলী-স্বর না মানে[৬] আপন পর
মরম ভেদিয়া যার থাকে।
দ্বিজ চণ্ডীদাসে কয় তনু মন তার নয়
যোগিনী হইবে সেই[৭] পাকে ॥১৯॥৭৯৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৮৫ সংখ্যক পদ। ২। 'তেজিয়া' ইত্যাদি স্থলে সা-প ২০১ পুথির পাঠ যথা,—'ছাড়িএ সকল কাজ তেজি কুলভয় লাজ'। ৩। 'ভূষণ' সা-প ২০১ পুথি। ৪। 'জাগিয়া জপিয়া' স্থলে 'জাগিয়া জাগিয়া' ক, খ। ৫। 'নিশি দিশি' স্থলে 'নিশি দিন' ক, খ। ৬। 'জানে' সা-প ২০১ পুথি। ৭। 'সোই' ঘ; 'এই' সা-প ২০১ পুথি।

শ্রীরাগ।১

কি রূপ দেখিলুঁ সই কদম্বের তলে।
লখিতে নারিলুঁ রূপ নয়নের জলে ॥
কি বুদ্ধি করিব সেই কি বুদ্ধি করিব।
নিতি নব অনুরাগে পরাণ হারাব ॥
কিবা নিশি কিবা দিশি কালা পড়ে মনে।
দেখিলে এমন হবে[২] জানিব কেমনে ॥
গৃহকাজে নাহি মন কর[৩] নাহি সরে।
শ্যামনাম শুনিতে পুলকে অঙ্গ ভরে ॥
তাহে[৪] সে মোহন বাঁশী রাধা রাধা বাজে।
পরাণ কেমন করে মলুঁ লোক-লাজে ॥
॥২০॥৭৯৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৮৬ সংখ্যক পদ।

২। 'হব' খ। ৩। 'কার' ক। ৪। 'তাহাতে' ক।

ভাটিয়ারি।১

আগে পাছে চলে মোর কত প্রিয় সহচরী
যমুনার জলে আজু যাই।
ঘোঙট কাড়িতে২ রূপ নয়ানে লাগিয়া গেল
সরম রহিল সেই ঠাঞি॥
আজু দেখিলুঁ৩ রূপ কদম্বের তলে।
হিয়ার মাঝারে মোর না জানি কি জানি হৈল
নিরবধি ধিক ধিক জ্বলে॥ ধ্রু॥
কেন বা চঞ্চল চিত নিবারিতে নারি গো
মন মোর থির নাহি বান্ধে।
তিলে তিলে বারে বারে মুরুছা পাইয়া৪ থাকি
চেতন পাইলে প্রাণ কান্দে॥
ধীরে ধীরে পা খানি বাড়াই কত ছল করি
তাহে গুরুজনেরে ডরাই।
বংশীবদনে কহে শুন অনুরাগিণি
পিরিতি-অনল না নিভাই॥২১॥৭৯৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৮৭ সংখ্যক পদ। ২। 'কাঢ়িতে' ক, খ। ৩। 'দেখিল' ক, ঘ; 'দেখিলাম' খ। ৪। 'হইয়া' ক।

তথা রাগ।১

নব অনুরাগ-ভরে রহিতে না পারি ঘরে
চলে ধনী সখী একসঙ্গে২।
চলিতে না চলে পা ধরণে না যায় গা
কুঞ্জে মিলল৩ হেন রঙ্গে৪॥
দেখিয়া বিনোদ হরি আনিলেন আগুসরি
বসিলেন রসের আবেশে।
ধনী অনুরাগিণী কহয়ে সরস বাণী
শুনি নাগর প্রেম-জলে ভাসে॥
সুবদনী কহে কথা যেমন অন্তরে বেথা
ছলছল অরুণ নয়ানে।
গর্ব্ব হর্ষ রসাবেশ দৈন্য গ্লানি মোহ লেশ
গদগদ মলিন বয়ানে॥
আর কত ভাব তাহে শ্যাম-মন মোহে৫ যাহে
ঈষদ বঙ্কিম তাহে মাখা।
প্রেমদাস কহে ধনি সরস বিরস জানি৬
রাখিতে না যায় পুন রাখা॥২২॥৭৯৮॥

ইত্যাদি রূপানুরাগঃ।

ইতি দশম পল্লবঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৮৮ সংখ্যক পদ। 'তথা রাগ' স্থলে 'ভূপালী' প-র-সা। ২। 'এক সঙ্গ' ক, খ, ঘ, চ। ৩। 'মিলন' ক, খ, চ, প-র-সা। ৪। 'রঙ্গ' ক, খ, ঘ, চ। ৫। 'মোহ' ঘ, চ, প-র-সা। ৬। 'বাণী' খ।

অথ আক্ষেপানুরাগঃ।

স এব নানাবিধো যথা।

কৃষ্ণঞ্চ মুরলীঞ্চৈবং আত্মানঞ্চ সখীন্ প্রতি।
দূত্যাং ধাতরি কন্দর্পে তথা গুরুগণাদিষু॥

তত্র শ্রীকৃষ্ণং প্রতি আক্ষেপো যথা।

তত্রাদৌ শ্রীমহাপ্রভুঃ।

সুহই।১

দেখি গোরা নীলাচল-নাথ।
নিজ পারিষদগণ সাথ॥
বিভোর হইলা গোপী-ভাবে।
কহে পহু করিয়া আক্ষেপে॥
আমি তোমা না দেখিলে মরি।
উলটি না২ চাহ তুমি ফিরি৩॥

করিলা পিরিতিময় ফাঁদ।
হাতে দিলা আকাশের চাঁদ ॥
এবে তোমা দেখিতে সন্দেশ।
কহে গোরা করিয়া আবেশ ॥
ছলছল অরুণ নয়ান।
রসরস বিরস বয়ান ॥
অপরূপ গৌরাঙ্গ-বিলাস।
কহে কিছু নরহরি দাস ॥১॥৭৯৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৮৯ সংখ্যক পদ। ২। 'উলটি না' স্থলে 'উলটিয়া' ক। ৩। 'ফেরি' ক, খ, ঘ, চ।

ধানশী।১

কুঞ্জহি ভেটল নাগর শ্যাম।
ধনি অনুরাগিণি সহজই বাম ॥
গদগদ কহে কথা নাগর পাশ।
তুহুঁ কাহে মাধব ভেলি উদাস ॥
পহিলহি যত তুহুঁ আরতি কেল২।
সো অব দুরহি দূরে রহি গেল৩ ॥
হাম তুয়া দরশন লাগি বিভোর৪।
তুহুঁ কাহে বচন না শুনসি৫ মোর ॥
তুয়া লাগি কুল শিল৬ তেজিলুঁ হাম।
না জানি কি অবহুঁ আছয়ে পরিণাম ॥
জ্ঞানদাস কহ নহে৭ চতুরাই।
ধনি অতি সরল কহয়ে পুন তাই ॥২॥৮০০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৯০ সংখ্যক পদ। ২। 'কেলি' ক। ৩। 'গেলি' ক। ৪। 'লাগি বিভোর' স্থলে 'লাগিয়া বিভোর' ক; 'লাগিয়া ভোর' চ। ৫। 'শুনসি' ক, খ, চ, প-র-সা। ৬। 'শীল' ক, খ, প-র-সা। ৭। 'নহে' স্থলে 'নাহ' ক, ঘ, চ

শ্রীরাগ।১

বন্ধু সকলি আমার দোষ।
না জানিয়া যদি করাছি২ পিরিতি
কাহারে করিব রোষ ॥
সুধার সমুদ্র সমুখে দেখিয়া
খাইলুঁ৩ আপন সুখে।
কে জানে খাইলে গরল হইবে
পাইব এতেক দুখে ॥
মো যদি জানিতাঙ অলপ ইঙ্গিতে
তবে কি এমন করি।
জাতি কুল শীল মজিল সকল৪
ঝুরিয়া ঝুরিয়া মরি ॥
অনেক আশার ভরসা মরুক
দেখিতে করিয়ে সাধ।
প্রথম পিরিতি তাহার নাহিক
ত্রিভাগ৫ আধের আধ ॥
যাহার লাগিয়া যে জন মরয়ে
সেহ যদি করে৬ আনে।
চণ্ডীদাসে কহে এমনি৭ পিরিতি
করয়ে সুজন সনে ॥৩॥৮০১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৯১ সংখ্যক পদ। ২। 'করেছি' ক; 'করিয়াছি' ঘ। ৩। 'খাইল' ঘ; 'আইলু' ক। ৪। 'মজিল সকল' স্থলে 'সকল মজিল' খ, ঘ; 'মজিল সকলি' চ। ৫। 'ত্রিভাগের' চ। ৬। 'করয়ে' খ, ঘ, প-র-সা। ৭। 'এমন' চ।

গান্ধার।১

অহে শ্যাম তু বড়ি[২] সুজন জানি[৩]।
কি গুণে বাঢ়াইলা[৪] কি দোষে ছাড়াইলা[৫]
নৌতুন[৬] পিরিতিখানি ॥
তোমার পিরিতি আদর আরতি
আর কি এমন হবে।
মোর মনে ছিল এ সুখ সম্পদ
জনম অবধি[৭] যাবে ॥
ভাল হৈল কান দিলা সমাধান
বুঝিলাম অলপ[৮] কাজে।
মুঞি অভাগিনী পাছু না গণিলাম[৯]
ভুবন[১০] ভরিল লাজে ॥
যখন আমার ছিল শুভ দিন
তখন বাসিতা ভাল।
এখন এ[১১] সাধে না পাই দেখিতে
কান্দিতে জনম গেল ॥
কহয়ে শেখর বন্ধুর পিরিতি
কহিতে পরাণ ফাটে।
শঙ্খ-বণিকের করাত যেমন[১২]
আসিতে যাইতে কাটে ॥৪॥৮০২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৯২ ও প-র পুথির ১৪।১২৭ সংখ্যক পদ। 'গান্ধার' স্থলে 'সিন্দুড়া' প-র। ২। 'তু বড়ি' স্থলে 'তুহুঁ সে' খ। 'অহে' ইত্যাদি পংক্তি স্থলে প-র পুথির পাঠ যথা,—'অহে শ্যাম তুমি বড় সুজন তা জানি'। ৩। 'গড়িলে' প-র। ৪। 'ছাড়িলা' ক খ, ঘ, চ। ৫। 'দোষে ছাড়াইলা' স্থলে 'গুণে ভাজিলে' প-র। ৬। 'নবীন' ক, খ, ঘ, চ, প-র-সা। ৭। 'এমনি' ক, খ, ঘ, চ, প-র-সা। ৮। 'বুঝিলাম অলপ' স্থলে 'বুঝিলু তোমার' প-র। ৯। 'না গণিলাম' স্থলে 'নাহি গণি' প-র। ১০। 'জগত' প-র। ১১। 'অতি' প-র। ১২। 'করাত যেমন' স্থলে 'যেমন ধরণ' প-র-সা।

ধানশী।১

বন্ধু কানাই[২] কহিলে বাসিবা দুখ[৩]।
আর যত কুলবতী কুলের ধরম রাখে[৪]
সে জনি[৫] হেরয়ে তুয়া মুখ ॥ ধ্রু ॥
সহজে বরণ কাল তিমির-কাজর[৬] ভেল[৭]
অন্তর বাহিরে সমতুল।
মরুক তোমার বোলে কলসী বান্ধিয়া গলে
সে ধনি মজাকু জাতি কুল ॥
যখন তোমার সনে পরিচয় নাহি ছিল
আন ছলে দেখিয়া বেড়াও।
বারে বারে ডাকি আমি শুনিয়া না শুন তুমি
আঁখি তুলি সরসে[৮] না চাও ॥
যখন পিরিতি কৈলা আনি চাঁদ হাতে দিলা
আপনে বনাইতা[৯] মোর বেশ।
আঁখি-আড় নাহি কর হৃদয়[১০] উপরে ধর
এবে তোমা দেখিতে সন্দেশ ॥
একে হাম পরাধিনী তাহে কুল-কামিনী
ঘরে[১১] হৈতে আঙ্গিনা বিদেশ।
যথা তথা থাকি আমি তোমা বহি নাহি জানি
সকলি কহিলুঁ[১২] সবিশেষ ॥
বড় বৃক্ষ-ছায়া[১৩] দেখি ভরসা[১৪] করিলুঁ মনে
ফুল ফলে[১৫] একই না গন্ধ।
সাধিলা আপন কাজ আমারে সে দিলা লাজ
জ্ঞানদাস পড়ি রহু ধন্দ ॥৫॥৮০৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৯৩ ও প-র পুথির ১৪।১২৯ সংখ্যক পদ।- 'ধানশী' স্থলে 'করুণা' প-র। ২। 'বন্ধু কানাই' স্থলে 'বন্ধু হে' খ; 'অহে বন্ধু' প-র। ৩। 'মনে দুখ' প-র। ৪। 'রাখি' ক, প-র-সা। ৫। 'জানি' ক, খ, চ, প-র-সা। ৬। 'পুঞ্জ' ক, প-র-সা। ৭। 'জনু' প-র। ৮। 'সরমে' ক, খ। ৯। 'বনাত্যো' প-র। ১০।

'হিয়ার' প-র। ১১। 'ঘর' ক, খ, প-র-সা। ১২। 'কহিল' ক; 'জানহ' প-র। ১৩। 'বড় বৃক্ষ-ছায়া' স্থলে 'রতনের বৃক্ষ' প-র। ১৪। 'ভরোসা' খ। ১৫। 'ফল' প-র।

সিন্ধুড়া।[১]

অহে কানাই[২] বুঝিলুঁ তোমার চিত।
আগে আহার[৩] দিয়া　　মারয়ে[৪] বান্ধিয়া
এমতি তোমার রীত॥ ধ্রু॥
যখন আমাকে　　সদয় আছিলা
পিরিতি করিলা বড়।
এখন কি লাগি　　হইলা বিরাগী
নিদয় হইলা দড়[৫]॥
বুঝিলুঁ মরমে　　যে ছিল করমে
সেই সে হইতে চায়।
নহিলে কে জানে　　খলের বচনে
পরাণ সোঁপিলুঁ তায়॥
তোমার পিরিতি　　দেখিতে শুনিতে
যে দুখ উঠিছে চিতে।
সে নারী মরুক　　যে করে ভরসা
তোমার পিরিতি-রীতে॥
দেখিতে শুনিতে　　মানুষ-আকার
আছি না[৬] আছিয়ে ঘরে[৭]।
হিয়ার ভিতরে　　যেমত পুড়িছে
সে দুখ[৮] কহিব কারে॥
পুরুবে জানিতাম[৯]　　হইবে এমতি
পাইব এতেক লাজে।
জ্ঞানদাস কহে　　ধৈরজ ধরহ
আপন সুখের কাজে॥৬॥৮০৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৯৪ ও প-র পুথির ১৪।১৩০ সংখ্যক পদ। ২। 'অহে কানাই' স্থলে 'অহে নাথ' প-র। ৩। 'আধার' প-র। ৪। 'মারহ' খ। ৫। 'দঢ়' ক, খ। ৬। 'আছি না' স্থলে 'আছিলে' প-র-সা। ৭। 'আছি না' ইত্যাদি স্থলে 'আছিয়ে আভির ঘরে' প-র। ৮। 'সে দুখ' স্থলে 'তাহা বা' প-র। ৯। 'জানিতু' প-র।

সুহই।[১]

কি মোহিনী জান বন্ধু কি মোহিনী জান[২]।
অবলার প্রাণ নিতে নাহি তোমা হেন॥
রাতি কৈলুঁ দিবস দিবস কৈলুঁ রাতি।
বুঝিতে নারিলুঁ বন্ধু তোমার পিরিতি॥
ঘর কৈলুঁ বাহির বাহির কৈলুঁ ঘর।
পর কৈলুঁ আপন আপন কৈলুঁ পর॥
কোন বিধি সিরজিলে সোতের শেহলি[৩]।
এমন বেথিত নাই ডাকে রাধা বলি॥
বন্ধু তুমি যদি মোরে নিদারুণ হও।
মরিব তোমার আগে দাঁড়াইয়া রও[৪]॥
বাশুলী-আদেশে দ্বিজ চণ্ডীদাসে কয়[৫]।
পরের লাগিয়া কি আপনা পর হয়॥৭॥৮০৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৯৫ ও প-র পুথির ১৭।১৬৭ সংখ্যক পদ। 'সুহই' স্থলে 'সিন্ধুড়া' প-র। ২। 'কি মোহিনী' ইত্যাদি স্থলে প-র পুথির পাঠ যথা—'বন্ধু কি জানি মোহিনী জান'। ৩। 'কোন বিধি' ইত্যাদি কলিটি প-র পুথি ব্যতীত অন্যান্য পুথিতে নাই। ৪। 'চাও' খ, ঘ। ৫। 'বাশুলী-আদেশে' ইত্যাদি স্থলে প-র পুথির পাঠ যথা,—

'চণ্ডীদাস কহে হিয়া শুনিতে যুড়ায়।
এমন পিরিতি আর না দেখি কোথায়॥'

শ্রীরাগ ।১

সে কাল২ গেল বৈয়া বন্ধু
সে কাল গেল বৈয়া৩ ।৪
আঁখি ঠারাঠারি মুচকি হাসি
কত না করিতা রৈয়া৫ ॥
বেশের লাগিয়া৬ দেশের ফুল
না রহিত কিছু৭ বনে ।
নাগরীর সনে৮ নাগর হইলা
আর যে৯ চিনিবা কেনে ॥
কুলি১০ বেড়াইয়া১১ নাম লইয়া১২
ফিরিতা বংশী বাইয়া ।
মুখের কথা শুনিতেহ১৩ কত
লোক পাঠাইতা ধাইয়া১৪॥
হাতে করিয়া১৫ মাথায় করিলুঁ১৬
কলঙ্কের১৭ ডালা ।
শেখর কহে পরের বেদন
নাহি জানে১৮ কালা ॥৮॥৮০৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৯৬ ও প-র পুথির ১৪।১৩১ সংখ্যক পদ। 'শ্রীরাগ' স্থলে 'শ্রীগান্ধার' প-র। ২। 'দিন' প-র। ৩-৪। 'বৈহা' ঘ, চ; 'বঞা' প-র। ৫। 'রৈহা' ঘ, চ। ৬। 'যে' প-র-সা। ৭। ক, খ, ঘ, চ পুথিতে 'কিছু' শব্দ নাই। ৮। 'নাগরীর সনে' স্থলে 'নগরে আসিয়া' প-র। ৯। 'যে' শব্দ ক, খ, ঘ, চ, প-র পুথিতে নাই। ১০। 'কুলে' খ; 'পথে' প-র। ১১। 'বেড়াঞা' ক। ১২। 'কুলি' ইত্যাদি স্থলে 'পথে বেড়াইয়া মোর নাম লৈয়া' প-র। ১৩। 'শুনিতে' ক, খ, ঘ, চ, প-র। ১৪। 'কত' ইত্যাদি স্থলে 'আমার বাটে বেড়াইতে ধাঞা' প-র। ১৫। 'করি তুলি' প-র। ১৬। 'লইলুঁ' প-র। ১৭। 'আপনি কলঙ্ক' প-র। ১৮। 'নাহি জানে কালা' স্থলে 'তুমি নাহি জান কালা' প-র।

শ্রীকৃষ্ণস্যোক্তিঃ ।

ধানশী ।১

সুন্দরি কাহে করসি তুহুঁ খেদ ।
তুয়া বিনা রাতি দিবস হাম না জানিয়ে
কোনে কয়ল তোহে৩ ভেদ ॥
তুয়া মুখচাঁদ হেরি মঝু মানস
অহনিশি তহিঁ রহি গেল৪ ।
নয়ন -কমল পর ভাঙ মদন-ধনু
তাহে৬ উমতি মতি ভেল ॥
কোটি রমণি তুয়া পদে৭ নিরমঞ্ছিয়ে
তুহুঁ মঝু জীবন রাই ।
তোহারি নাম গুণ অবিরত জপি হাম৮
সদয়-হৃদয় তুয়া চাই ॥
এত কহি মাধব ছল-ছল লোচন
হৃদয় উপরে ধনি রাখি ।
চরণ পরশি কহে হাম তুয়া অনুগত
প্রেমদাস তহি৯ সাখী ॥৯॥৮০৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৯৭ ও প-র পুথির ১৪।১৩২ সংখ্যক পদ। ২। 'কোন' ক, প-র। ৩। 'তুহুঁ' ক। ৪। 'অহনিশি' ইত্যাদি স্থলে 'কৈরব বিকচ না ভেল' প-র। ৫। 'বয়ান' খ। ৬। 'দেখি' প-র। ৭। 'পায়ে' ক, চ; 'পায়' প-র-সা। ৮। 'জপি হাম' স্থলে 'জপতহিঁ' প-র। ৯। 'তাহি' ক, খ, প-র-সা; 'তাহে' প-র।

পুনঃ শ্রীমত্যুক্তিঃ ।

সিন্ধুড়া ।১

কি বলিব আর বন্ধু কি বলিব আর ।
নয়ানের লাজে না ছাড়ি লোকাচার২ ॥
গোকুলে গোয়ালাকুলে কেবা কিনা বোলে ।
তবু মোর ঝুরে প্রাণ তোমা না দেখিলে ॥

একে মরি মনতুখে আরে[৩] গুরুর গঞ্জনা[৪]।
ডাকিয়া সোধায়[৫] হেন নাহি কোন জনা॥
ডরে ডরাইয়া সে বঞ্চিব কত কাল।
তুয়া প্রেম-রতন গাঁথিব[৬] কণ্ঠমাল॥
নিশি দিশি অবিরত পোড়ে মোর হিয়া।
বিরলে বসিয়া কান্দি তোমা সঙরিয়া[৭]॥
তোমা দেখিবারে[৮] বন্ধু আসি নানা ছলে।
লোকভয় লাগিয়া সে ডরে প্রাণ হালে[৯]॥
না দেখিলে মরি যারে তারে কিবা ভয়।
যত্নাথ দাসে বলে দড়াইলে হয়॥১০॥৮০৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৯৮ ও প-র পুথির ১৪।১৩৩ সংখ্যক পদ। ২। 'নয়ানের' ইত্যাদি স্থলে প-র পুথির পাঠ যথা,—'লাজে ছুটি নয়ান না ছাড়ে লোকাচার'। ৩। 'আর' ক; 'তাহে' খ। ৪। 'গুরুর গঞ্জনা' স্থলে 'গুরুগঞ্জনা' খ, প-র-সা। ৫। 'সুধায়' ক, প-র-সা। ৬। 'করিয়া' প-র। ৭। 'নাম লৈয়া' ক। ৮। 'তোমা দেখিবারে' স্থলে 'তোমারে দেখিতে' প-র। ৯। 'লোকভয়' ইত্যাদি স্থলে প-র পুথির পাঠ যথা,—'লোকভয়ে মিলিতে না পারিয়ে বিরলে'।

সুহই।[১]

পরাণ কান্দে বন্ধু তোমা না দেখিয়া।
অন্তরে দগধে প্রাণ বিদরয়ে হিয়া॥
বারেক দেখিতে নাহি পাই সব দিনে[২]।
কেমনে বা রবে প্রাণ দরশন বিনে॥
এ তুখ কাহারে কব কে আছে এমন।
তুমি সে পরাণ-বন্ধু জান মোর মন॥ ধ্রু[৩]॥
ছটফট করে প্রাণ রহিতে না পারি।
খেণে খেণে জীয়ে প্রাণ খেণে খেণে মরি॥
কুল গেল শীল গেল না রহিল জাতি।
জ্ঞানদাস কহে এই বিষম পিরিতি॥
॥১১॥৮০৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৯৯ ও প-র পুথির ১৩।১৩৪ সংখ্যক পদ। 'সুহই' স্থলে 'শ্রীরাগ' প-র-সা; 'সিন্ধুড়া' প-র। ২। 'বারেক' ইত্যাদি পংক্তির স্থলে 'বারেক দেখা না হইল সকল দিনে' খ; 'বারেক দেখা নাই সকল দিনে' ঘ, চ; 'বারেখ দেখাহ নাই সকলহু দিনে' প-র-সা। ৩। প-র পুথি ব্যতীত অন্যান্য পুথিতে 'ধ্রু' নাই।

তুড়ী।[১]

তোমারে বুঝাই বন্ধু তোমারে বুঝাই।
ডাকিয়া সোধায় মোরে হেন জন নাই॥
অনুখণ গৃহে মোরে গঞ্জয়ে সকলে।
নিশ্চয়ে জানিহ মুঞি ভখিমু[২] গরলে॥
এ ছার পরাণে আর কিবা আছে সুখ।
মোর আগে দাঁড়াও তোমার দেখি চাঁদমুখ॥
খাইতে সোয়াস্ত নাই নাহি টুটে[৩] ভুক।
কে মোর বেথিত আছে কারে কব তুখ॥
চণ্ডীদাসে কহে রাই ইহা না যুয়ায়।
পরের বোলে কেবা প্রাণ ছাড়িবারে চায়॥
॥১২॥৮১০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩০০ ও প-র পুথির ১৪।১৩৫ সংখ্যক পদ। ২। 'ভক্ষিমু' ক; 'ভুঞ্জিব' প-র। ৩। 'ছুটে' প-র।

আশাবরী।[১]

নিজ পতির বচন[২] যেমন[৩] শেলের ঘা।
তার আগে দাঁড়াইতে[৪] ভয়ে কাঁপে[৫] গা॥

তাহে আর[৬] ননদিনী করে অপমান।
তোমার পিরিতি লাগি রাখিয়াছি[৭] প্রাণ ॥
মোর দিব্য লাগে বন্ধু মোর দিব্য লাগে[৮]।
চাঁদমুখ দেখি মরি[৯] দাড়াও মোর আগে ॥
এ তোমার ভুবন[১০]-মোহন রূপ খানি।
ভাবিতে ভাবিতে মোর দগধে পরাণি ॥
গুরু-ভয় লোক-লাজ নাহি পড়ে মনে।
কাঠের পুতলী যেন[১১] থাকি[১২] রাতি দিনে ॥
কত পরকারে চিত করি নিবারণ।
তবু সে তোমার প্রেম নহে বিসরণ[১৩] ॥[১৪]
তোমার পিরিতি বন্ধু পরাণ সনে জড়া[১৫]।
কহে বলরাম দাস কেমনে যাবে ছাড়া ॥

॥১৩॥৮১১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩০১ ও প-র পুথির ১৪।১৩৬ সংখ্যক পদ। 'আশাবরী' স্থলে 'আসোয়ারি' প-র-সা ; 'সিন্ধুড়া' প-র। ২। 'কুবচন' প-র। ৩। 'যেন' প-র। ৪। 'দাণ্ডাইতে' খ। ৫। 'হালে' প-র। ৬। 'তাহে আর' স্থলে 'তাতে কত' প-র। ৭। 'রহিয়াছে' প-র। ৮। 'মোর দিব্য' ইত্যাদি পংক্তির স্থলে 'বন্ধু মোর দিব্য লাগে।' প-র। ৯। 'মরোঁ' প-র। ১০। 'জীবন' প-র। ১১। 'হেন' প-র-সা, প-র। ১২। 'থাকোঁ' খ। ১৩। 'তবু' ইত্যাদি স্থলে প-র পুথির পাঠ যথা,— 'যে বল সে বল মোরে তুমি প্রাণধন'। ১৪। অতঃপর প-র পুথিতে নিম্নলিখিত অতিরিক্ত কলিটি দৃষ্ট হয় ; যথা,—'মোরে দেখি আন নারী করে ঠারাঠারি। এ বড় দারুণ শেল পাসরিতে নারি ॥' ১৫। 'তোমার পিরিতি' ইত্যাদি ভণিতার কলির পরিবর্ত্তে প-র পুথির পাঠ যথা,—'বলরাম দাসে কহে ভাঙ্গল বিবাদ। সকল নিছিয়া নৈল তুয়া পরিবাদ ॥'

গান্ধার।[১]

বিষের অধিক বিষ পাপ ননদিনী।
দারুণ শাশুড়ী মোর জ্বলন্ত আগুনি ॥
শাণান[২] ক্ষুরের ধার স্বামী দুরজন।
পাঁজরে পাঁজরে কুলবধূর গঞ্জন ॥
বন্ধু তোমায় কি বলিব আন।
যে বলু সে বলু লোকে তুমি সে পরাণ ॥ ধ্রু[৩] ॥
তোমার কলঙ্ক বন্ধু গায় সব লোকে।
লাজে মুখ নাহি তোলোঁ[৪] সতীর সমুখে ॥
এ বড় দারুণ শেল সহিতে না পারি।
মোরে দেখি আন নারী করে ঠারাঠারি ॥
বলরাম দাস কহে ভাঙ্গিল বিবাদ।
সকল নিছিয়া নিলুঁ তোমার পরিবাদ ॥১৪॥৮১২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩০২ সংখ্যক পদ। ২। 'সানন' খ ; 'সানান' ঘ ; 'সানান্' চ। ৩। প-র-সা পুথি ব্যতীত অন্যান্য পুথিতে 'ধ্রু' নাই। ৪। 'তোলো' ক ; 'তোল' প-র-সা।

তুড়ী।[১]

কান্দিতে না পাই বন্ধু কান্দিতে না পাই।
নিচয়ে[২] মরিব তোমার চাঁদমুখ চাই ॥
শাশুড়ী ননদীর কথা সহিতেও[৩] পারি।
তোমার নিঠুরপনা সোঙরিয়া মরি ॥
চোরের রমণী যেন ফুকরিতে নারে।
এমতি রহিয়ে পাড়াপড়সীর ডরে ॥
তাহে আর তুমি সে হইলা নিদারুণ।
জ্ঞানদাস কহে তবে না রহে জীবন ॥

॥১৫॥৮১৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩০৩ সংখ্যক পদ।

২। 'নিশ্চয়' ক; 'নিশ্চয়ে' খ, প-র-সা। ৩। 'না' ক, প-র-সা।

সিন্ধুড়া।১

যখন২ পিরিতি কৈলা আনি চাঁদ হাতে দিলা
আপনি করিতা মোর৩ বেশ।
আঁখির আড় নাহি কর হিয়ার উপরে ধর
এবে তোমা দেখিতে সন্দেশ॥
একে হাম পরাধিনী তাহে কুল-কামিনী
ঘরে৪ হৈতে আঙিনা বিদেশ।
এত পরমাদে প্রাণ না যায় তমু ত আন
আর কত কহিব বিশেষ॥
ননদী বিষের কাঁটা বিষমাখা দেয় খোঁটা৫
তাহে তুমি এত নিদারুণ।
কবি চণ্ডীদাসে কয় কিবা তুমি কর ভয়
বন্ধু তোর নহে অকরুণ॥১৬॥৮১৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩০৪ সংখ্যক পদ। ২। 'যখনে' ক। ৩। 'মোরে' খ। ৪। 'ঘর' ক, প-র-সা। ৫। 'খোটা' খ; 'ষোঁটা' প-র-সা।

সুহই।১

ছেদে হে বিনোদরায়।
ভাল হৈল ঘুচাইলে২ পিরিতের দায়॥
ভাবিতে গুণিতে তনু হৈল অতি ক্ষীণ।
জগ ভরি কলঙ্ক রহিল এই চিন॥
না জানি অন্তরে মোর হৈল কিনা৩ বেথা।
একে মরি মনদুখে আর নানা৪ কথা॥
যাযে না মরিয়ে বন্ধু মরি মিছা দায়।
চণ্ডীদাস কহে কাহ্নর কথায়ে৫ কি৬ যায়॥
॥১৭॥৮১৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩০৫ সংখ্যক পদ। ২। 'ঘুচাইলা' ক। ৩। 'কিবা' প-র-সা। ৪। 'তাহে' প-র-সা। ৫। 'কথায়' ক, খ, প-র-সা। ৬। 'কিবা' ক, প-র-সা।

ভাটিয়ারি।১

তুমি ত নাগর রসের সাগর
যেমত ভ্রমর-রীত।
আমি ত দুখিনী কুল-কলঙ্কিনী
হইলুঁ করিয়া প্রীত॥
গুরুজন ঘরে গঞ্জয়ে আমারে
তোমারে কহিব কত।
বিষম বেদনা কহিলে কি যায়
পরাণে সহিছে যত॥
অনেক সাধের পিরিতি বন্ধু হে
কি জানি বিচ্ছেদ হয়।
বিচ্ছেদ হইলে পরাণে মরিব
এমতি মনে সে লয়॥
চণ্ডীদাস কহে পিরিতি বিষম
শুনহ২ বড়ুয়ার বহু।
পিরিতি-বিচ্ছেদ৩ হইলে বিপদ
এমত না হউ কেহু॥১৮॥৮১৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩০৬ সংখ্যক পদ। ২। 'শুন হে' খ, প-র-সা। ৩। 'বিষদ' ক; 'বিচ্ছেদ' চ, প-র-সা।

তুড়ী।১

দুখিনীর বেথিত বন্ধু শুন দুখের২ কথা।
কাহারে মরম কব কে জানিবে বেথা॥

কান্দিতে না পাই পাপ ননদীর[৩] তাপে।
আঁখির লোর দেখি কহে কান্দে
বন্ধুর ভাবে॥
বসনে মুছিয়ে[৪] ধারা ঢাকি[৫] যদি গায়।
আন ছলে ধরি গুরুজনেরে দেখায়॥
কালা নাম লৈতে না দেয় দারুণ শাশুড়ী।
কাল হার কাড়ি[৬] লয় কাল পাটের শাড়ী॥
দুখের উপরে বন্ধু অধিক আর দুখ।
দেখিতে না পাই বন্ধু তোমার চাঁদমুখ॥
দেখা দিয়া যাইতে বন্ধু কিবা ধন লাগে।
না যায় নিলজ প্রাণ দাঁড়াই তোমার আগে॥
বলরাম দাস বলে হউক খেয়াতি।
জিতে পাসরিতে নারি তোমার পিরিতি॥
॥১৯॥৮১৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩০৭ সংখ্যক পদ। ২। 'হের' ঘ। ৩। 'ননদিনীর' খ। ৪। 'মুছিয়া' ক, খ, চ, প-র-সা। ৫। 'রাখি' ক, চ, প-র-সা। ৬। 'কাঢ়ি' ঘ।

ধানশী।১

আপন শপতি করি হাত দিয়া মাথে।
সুধুই[২] শরীর মোর প্রাণ তোমার হাতে[৩]॥
বন্ধু হে[৪] তোমারে বুঝাই।
সভাই বলে আমি তোমার[৫] তেঞি জীতে
চাই॥ ধ্রু॥
নিরবধি তোমা লাগি দগধে[৬] পরাণ।
তিলেক দাঁড়াও কাছে[৭] জুড়াকু নয়ান॥
কি লাগি দারুণ চিত কাঁদে দিন রাতি।
কহে বলরাম বড় বিষম পিরিতি॥ ২০॥
॥ ৮১৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩০৮ ও প-র পুথির ১৪।১৪০ সংখ্যক পদ। ২। 'সুধই' খ, প-র-সা, প র। ৩। 'সাথে' ঘ। ৪। 'রে' প-র-সা। ৫। 'আমি তোমার' স্থলে 'শ্যামের রাধা' প-র। ৬। 'দগধ' প-র-সা। ৭। 'পথে' প-র।

তথা রাগ।১

তোমার লাগিয়া বন্ধু যত দুখ পাই।
তাহা কি কহিতে পারি তোমার যে ঠাঞি॥
একে প্রেম-জ্বালা তাহে গুরুর গঞ্জন।
নিরবধি প্রাণ মোর করে উচাটন॥
পতি দুরমতি তাহে[২] সদা দেয় গালি।
ভাবিতে ভাবিতে তনু ক্ষীণ অতি কালী॥
এ সব দুখেতে[৩] আমি দুখ নাহি গণি।
তোমা না দেখিতে পাই বিরহে পরাণি॥
শুনিয়া নাগর কহে করি নিজ কোরে[৪]।
বুক[৫] ভাসিয়া গেল নয়ানের লোরে॥
গদগদ কহে নাগর কাতর-বয়ানে।
পরাণ নিছিলুঁ রাই তোমার চরণে॥
তুয়া গুণে বিকাইয়াছি কিনিয়াছ মোরে।
অধীন জনেরে কেন কহ পুনবারে[৬]॥
যে কহ তাহাই করি নাহি কিছু ভয়।
যদু কহে এই ভাল আর কিছু নয়॥
॥২১॥৮১৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩০৯ সংখ্যক পদ। ২। 'তায়' খ। ৩। 'দুখেত' খ। ৪। 'নিজ কোরে' স্থলে 'জোড় করে' প-র-সা। ৫। 'বুক' ক, ঘ, চ, প-র-সা। 'বুক' পাঠে ছন্দোভঙ্গ ঘটে। ৬। 'পুনর্ব্বারে' ক।

ইতি সাক্ষাৎ অনুরাগঃ।

অত্রান্তরে সম্ভোগপদানি গেয়ানি।

পুনশ্চ দিনান্তরে।

মুরলীং প্রতি আক্ষেপো যথা।

তত্র শ্রীগৌরচন্দ্রঃ।

সুহিনী।১

রামানন্দ স্বরূপের সনে।
বসি গোরা ভাবে মনে মনে॥
চমকি কহয়ে আলি আলি।
ক্ষণে২ রহিয়া বাঁশীরে দেয় গালি॥
পুন কহে স্বরূপের পাশে।
বাঁশী মোর জাতিকুল নাশে॥
ধ্বনি কাণে পশিয়া রহিল।
বধির সমান মোরে কৈল॥
নরহরি মনে মনে হাসে।
দেখি এই গৌরাঙ্গ-বিলাসে॥২২॥৮২০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩১০ সংখ্যক পদ। ২। 'ক্ষণে ক্ষণে' ক।

শ্রীরাধায়াঃ মুরলীং প্রতি আক্ষেপঃ।

তথা রাগ।১

মুরলি রে মিনতি করিয়ে২ বারে বার।
শ্যামের অধরে রৈয়া৩ রাধা রাধা নাম লৈয়া৪
তুমি মেনে৫ না বাজিও আর॥
খলের বদনে থাক নাম ধরি সদা ডাক
গুরুজনা করে অপযশ।
খল হয় যেই জনা সে কি ছাড়ে খলপনা
তুমি কেনে হও তার বশ॥
তোমার মধুর স্বরে রহিতে নারিলাম৬ ঘরে
নিঝরে ঝরয়ে দু নয়ান।
পহিলে বাজিলা যবে কুল শীল গিয়াছে৭ তবে
অবশেষে৮ আছে মোর প্রাণ॥
যে বাজিলা সেই ভাল ইথেই সকলি৯ গেল
তোরে আমি কহিলুঁ নিশ্চয়।
এ দাস উদ্ধবে ভণে যে বংশীর গান শুনে
সে জন তেজই কুল-ভয়॥২৩॥৮২১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩১১ সংখ্যক পদ। ২। 'করয়ে' ক। ৩। 'রঞা' ঘ। ৪। 'লঞা' ঘ। ৫। 'মেন' খ, ঘ, চ; 'বেন' প-র-সা। ৬। 'নারিলুঁ' প-র-সা। ৭। 'গেল' ক। ৮। 'অবশেষ' খ। ৯। 'সকল' ক, প-র-সা।

সুহই।১

শুন তোরে কি বলিব বাঁশী।
সতীকুল সকলি বিনাশি॥
গোবিন্দ-অধর-সুধারস।
পিয়া পিয়া মাতালি সাহস॥
জগত মোহসি মৃদুস্বরে।
রমসি শবদে২ যারে তারে॥
অথবা কি তুমি অতি দোষী।
বাঁশিনী-বাঁশের জাতে৩ বাঁশী॥
দারুতে গঢ়ল তুয়া দেহ।
কেবল দারুময়ী৪ সেহ॥
এ যদুনন্দন দাস ভণে।
কি করুণা সুকঠিন জনে॥২৪॥৮২২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩১২ সংখ্যক পদ। ২। 'রমসি শবদে' স্থলে 'বসসি বদনে' ঘ। ৩।

'যাতে' ক; 'জাতি' খ। ৪। 'দারুণময়ী' ক, প-র-সা; 'দারুণময়ি' ঘ; 'দারুণময়ি' চ।

সূতিস্তে ধনুষশ্চ বংশবরতো বন্দে তয়োরস্তিমং[১]
বিদ্ধো যেন জনস্তনুং বিরহয়ন্নাস্তশ্চিরং তাম্যতি।
বিদ্ধানাং হৃদি মার-পত্রি-বিষমৈধ্বানৈর্মুভির্ন ত্বয়া
ক্রূরে বংশি ন জীবনং ন চ মৃতির্ঘোরাবিরাসীদ্দশা॥

॥২৫॥৮২৩॥

পাঠান্তর

১। 'বিদগ্ধ-মাধব' নাটক হইতে উদ্ধৃত এই শ্লোকটি প-র-সা পুথিতে নাই। অন্যান্য পুথিতেও ইহা স্বতন্ত্র পদরূপে গণিত হয় নাই। কিন্তু ইহাকে গণনা না করিলে নির্দিষ্ট পদসংখ্যার পূরণ হয় না বলিয়া ইহা স্বতন্ত্র পদ-রূপে গণিত হইল।

টীকা

"সূতিরিতি"। হে বংশি! বংশবরতঃ শ্রেষ্ঠ-বংশাৎ তব ধনুষশ্চ সূতিরুৎপত্তিঃ। 'বংশবরতঃ' ইত্যত্র শ্লেষমহিম্না শ্রেষ্ঠ-কুলাদিতি ধ্বনিঃ। তেন চ শ্রেষ্ঠকুলোদ্ভূতেন ন কদাপি পরাপকারঃ কার্য্য ইতি ব্যজ্যতে। তয়োর্বংশীধনুষোরন্তিমং শেষোক্তং ধনু-রিতি শেষঃ বন্দে। যেন বিদ্ধো জনঃ তনুং বির-হয়ন্ ত্যজন্ সন্ চিরকালং নাস্তস্তাম্যতি। ত্বয়া হৃদয়ে বিদ্ধানাং নোহস্মাকং ন জীবনং ন চ মৃতিঃ। কিন্তু ঘোরা দারুণা দশা আবিরাসীৎ জাতা। কৈবিদ্ধানাং—ধ্বানৈর্মুভিঃ ধ্বানাঃ স্বরা এব ইষবো বাণাস্তৈঃ। কীদৃশৈঃ—মারপত্রিভ্যঃ কন্দর্পবাণেভ্যো-ঽপি বিষমৈঃ।

অনুবাদ

হে বংশি! তোমার ও ধনুর উভয়েরই উৎ-কৃষ্ট বংশে জন্ম। তোমাদিগের উভয়ের মধ্যে ধনুকেই বন্দনা করি; যেহেতু উহার দ্বারা বিদ্ধ ব্যক্তি দেহ পরিত্যাগ করায় অধিক কাল ক্লেশ ভোগ করে না। কন্দর্পের শর হইতেও দারুণ তোমার স্বর-রূপ বাণসমূহ দ্বারা হৃদয়ে বিদ্ধ ব্যক্তিগণের না জীবন, না মৃত্যু—এক বিষম দশা ঘটিয়া থাকে।

তাৎপর্য্য

কবি 'উৎকৃষ্ট বংশে জন্ম' এই শ্লিষ্ট বাক্যের ধ্বনি দ্বারা বুঝাইতেছেন যে, সদ্বংশ-জাত ব্যক্তির পক্ষে পরের অপকার করা কখনই সঙ্গত নহে; সুতরাং সদ্বংশ-জাত বংশীর পক্ষে মৃত্যু অপেক্ষাও সুদারুণ সুদীর্ঘ যাতনা প্রদান করা যার-পর-নাই গর্হিত বটে।

আড়ানা।[১]

ছিদ্র-জালে পূর্ণা[২] তুমি শুনহ মুরলী।
অতি লঘু সুকঠিন[৩] অন্তর তোহারি॥
নীরস তোহার তনু গ্রন্থি তাহে হয়।
কৃষ্ণ-করে থাক তুমি কোন শুভোদয়[৪]॥
কৃষ্ণের অধরে তুমি রহ[৫] অনুক্ষণ।
তাহাতে পাইলা তার[৬] নিবিড় চুম্বন॥
যদুনাথ দাসে বোলে শুনহ মুরলি[৭]।
নারী-প্রাণ লওয়া হেন কোথায় পাইলি॥

॥২৬॥৮২৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১১৩ সংখ্যক পদ। ২। 'পূর্ণ' ক,খ, প-র-সা। ৩। 'সুকঠিনা' ঘ, চ। ৪। 'কোন শুভোদয়' স্থলে 'কেমন মতদয়' ক; 'কোন মতোদয়' খ; 'কোন মতো নয়' ঘ; 'কোন পুণ্যোদয়' চ। ৫। 'রহি' প-র-সা। ৬। 'আরো' ক; 'তুমি' প-র-সা। ৭। 'যদুনাথ' ইত্যাদি ভণিতার কলি প-র-সা ব্যতীত অন্যান্য পুথিতে নাই। এই পদটি নিম্নলিখিত বিদগ্ধমাধবীয় শ্লোকের মর্ম্মানু-বাদ, যথা—'সখি মুরলি বিশালচ্ছিদ্রজালেন পূর্ণা, লঘুরতি কঠিনা ত্বং গ্রন্থিলা নীরসাসি। তদপি ভজসি শশ্বচ্চুম্বনানন্দসান্দ্রং, হরিকরপরিরম্ভং কেন পুণ্যোদয়েন॥'

বালা ধানশী ।১

শ্যামের মুরলী হৃদয়২ খুরলি
করিলি সকলি৩ নাশ।
মোহর৪ মিনতি না শুনি আরতি
করহ বাজিতে আশ ॥
শুন শুন রে ধরমনাশা।
দেব আরাধিয়া ও মুখ বান্ধিব
ঘুচাব তোমার আশা ॥ ধ্রু ॥
আমরা অবলা সহজে অখলা
দেখিয়া তোহার৫ লোভ।
অলপে অলপে সকলি৬ খাইয়া
জীবনে করহ ক্ষোভ ॥
এখনে আমরা সতর হইলুঁ
তেজহ এ সব আশ।
যাহার যেমন না ছাড়ে করণ৭
কহে মনোহর দাস ॥২৭॥৮২৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩১৪ সংখ্যক পদ। ২। 'হৃদয়' স্থলে 'হৃদয়ে' ঘ। ৩। 'সকল' ক, খ, প-র-সা। ৪। 'মোহোর' ক, চ; 'মোরহ' প-র-সা। ৫। 'তোমার' প-র-সা। ৬। 'সকল' ক, খ, ঘ, চ। ৭। 'কারণ' ক।

সুহই ।১

গুরুজনার২ জ্বালায় প্রাণ করয়ে বিকলি৩।
দ্বিগুণ আগুন দেও৪ শ্যামের মুরলী ॥
উভ হাতে তোমায় মিনতি করি আমি।
মোর নাম লৈয়া আর না বাজিহ তুমি ॥
তোর স্বরে গেল মোর জাতি কুল ধন।
কত না সহিব পাপ-লোকের গঞ্জন ॥
তোরে কহি বাঁশিয়া নাশিয়া সতীকুল।
তোর স্বরে মুঞি অতি হৈয়াছি আকুল ॥
আমার মিনতি৫ শত৬ না বাজিহ আর।
জ্ঞানদাস কহে উহার ওই৭ সে বেভার ॥
॥২৮॥৮২৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩১৫ সংখ্যক পদ। ২। 'গুরুজন' ক। ৩। 'ব্যাকুলি' প-র-সা। ৪। 'দিয়া' ক; 'দাও' ঘ; 'তাহে' প-র-সা। ৫। 'সপতি' প-র-সা। ৬। 'সও' (সত্ত ?) চ; 'তোরে' প-র-সা। ৭। 'অই' প-র-সা।

তেতা মুরলী-চরিত্রং সখীং প্রতি
কথয়তি।

শ্রীরাগ ।১

সজনি লো সই।
খানিক বৈসহ শ্যামের বাঁশীর কথা কই২ ॥ধ্রু॥
শ্যামের বাঁশীটী দুপর্যা৩ ডাকাতি
সরবস হরি লৈল৪।
হিয়া দগদগি পরাণ পুড়নি৫
কেন না এমতি কৈল ॥
খাইতে শুইতে আন নাহি চিতে
বধির করিলে বাঁশী।
সব পরিহরি করিলে বাউরী
মানয়ে যেমন দাসী ॥
কুলের করম ধৈরজ ধরম
সরম মরম ফাঁসি।
চণ্ডীদাস কহে এই সে কারণে
কানু-৬সরবস বাঁশী ॥২৯॥৮২৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩১৬ সংখ্যক পদ। ২। 'খানিক' ইত্যাদি স্থলে প-র-সা পুথির পাঠ যথা,—'খানিক বৈসহ খানিক শ্যামের
বাঁশীর কথাটি কই ॥'

৩। 'ঢুপয়ে' ক ; 'ঢুকয়ে' প-র-সা। ৪। 'নিল' খ। ৫। 'গোড়নি' ক। ৬। 'কাহুর' ক, খ, প-র-সা।

টীকা

৯—১০। "সব" ইত্যাদি। (বাঁশী) সকল কার্য্য ছাড়াইয়া উন্মত্তা করিল ; (উহা) যেন (আমাকে) দাসী বলিয়া মনে করে অর্থাৎ আমার দ্বারা দাসীবৎ ইচ্ছামত কার্য্য করায়। তুলনা করুন ; যথা,—

"বিষম বাঁশীর কথা কহিলে না হয়।
ডাক দিয়া কুলবতী বাহির করয় ॥
কেশে ধরি লৈয়া যায় শ্যামের নিকটে।
পিয়াসে হরিণী যেন পড়য়ে সঙ্কটে ॥"
—চণ্ডীদাস ; প-ক-ত, ৮৩০ সংখ্যক পদ।

দ্বিজ চণ্ডীদাসে কহে বংশী কি করিবে।
সকলের মূল কালা তারে না পারিবে ॥
॥৩০॥৮২৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩১৭ সংখ্যক পদ। ২। 'আর' খ। ৩। 'বৌহরী' খ। ৪। 'গুপতে' ক ; 'অন্তরে' প-র-সা। ৫। 'গুমরে' প-র-সা। ৬। 'দংশিল' ক। ৭। 'শ্যামের' প-র-সা। ৮। 'আমি' প-র-সা। ৯-১০। 'নিল' ক, প-র-সা। ১১। 'সবায়' ক। ১২। 'রসাল' প-র-সা। ১৩। 'যে ঝাড়ের' ইত্যাদি স্থলে 'যেনা দেশে বাসির ঘর সেনা দেশে জাঙ' খ। 'যে ঝাড়ের বাশি তুমি তাহার লাগ পাঙ' প-র-সা।

ধানশী।[১]

কালা-গরলের জ্বালা আর তাহে অবলা
তাহে মুঞি[২] কুলের বৌহারী[৩]।
অন্তরে মরম-বেথা কাহারে কহিব কথা
গোপতে[৪] গুমরি[৫] মরি মরি ॥
সখি হে বংশী দংশিলে[৬] মোর কাণে।
ডাকিয়া চেতন হরে পরাণ না রহে ধড়ে
তন্ত্র মন্ত্র কিছুই না মানে ॥ ধ্রু ॥
কালার[৭] লাগিয়া হাম[৮] হব বনবাসী।
কালা নিলে[৯] জাতি কুল প্রাণ নিলে[১০] বাঁশী ॥
তরল বাঁশের বাঁশী নামে বেড়াজাল।
সভারি[১১] সুলভ বাঁশী রাধার হৈল কাল ॥
অন্তরে অসার বাঁশী বাহিরে সরল[১২]।
পিবয়ে অধর-সুধা উগারে গরল ॥
যে ঝাড়ের তরল বাঁশী ঝাড়ের লাগ পাঙ[১৩]।
ডালে মূলে উপাড়িয়া সাগরে ভাসাঙ[১৪] ॥

তুড়ী।[১]

মুরলীর স্বরে রহিবে কি[২] ঘরে
গোকুল-যুবতীগণে।
আকুল হইয়া বাহির হইবে
না চাবে কুলের পানে ॥
কি[৩] রস-লীলা মিলায়[৪] শিলা
শুনিতে সে ধ্বনি[৫] কাণে।
যমুনা-পবন থকিত-গমন[৬]
ভুবন মোহিত গানে ॥
আনন্দ উদয় সুখ[৭]-সুধাময়
ভেদিয়া অন্তর[৮] টানে।
মরমে[৯] জ্বালা জীয়ে কি অবলা[১০]
হানয়ে[১১] মদন-বাণে ॥
কুলবতী-কুল করে নিরমূল
নিষেধ নাহিক মানে।
চণ্ডীদাস ভণে রাখিহ[১২] মরমে
কি মোহিনী কালা জানে ॥৩১॥৮২৯॥

পাঠান্তর

ইহা প-র-সা পুথির ১২৯, ১১১৮ ও প-র পুথির ৩১৩ সংখ্যক পদ। ২। 'রহিবে কি' স্থলে 'রহিব কে' প-র-সা। ৩। 'কিবা' প-র-সা। ৪। 'মিশায় যে' প-র-সা। ৫। 'সে ধ্বনি' স্থলে 'সুন্দর' প-র-সা, প-র। ৬। 'থকিত গগন' ক, খ, ঘ, চ, প-র-সা। ৭। 'সুধু' ক; 'সুধ' চ, প-র-সা। ৮। 'অন্তরে' ক, প-র-সা। ৯। 'মরমে যে' প-র-সা; 'মরমের' প-র। ১০। 'কি অবলা' স্থলে 'কিয়ে বালা' ক। ১১। 'হানিল' প-র-সা, প-র। ১২। 'রাখিয়' ক; 'রাখিও' প-র-সা।

সুহই।১

বিষম বাঁশীর কথা কহিলে না হয়২।
ডাক দিয়া কুলবতী বাহির করয়॥
কেশে ধরি লৈয়া যায় শ্যামের নিকটে।
পিয়াসে হরিণী৩ যেন পড়য়ে সঙ্কটে॥
সতী ভুলে নিজ পতি মুনি ভুলে মন৪।
শুনি পুলকিত হয় তরু-লতাগণ॥
কি হবে অবলা জাতি সহজে সরলা।
কহে চণ্ডীদাস সব নাটের গুরু কালা॥
॥৩২॥৮৩০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩১৯ সংখ্যক পদ। ২। 'কহিলে না হয়' স্থলে 'কহন না যায়' ক; 'কহন না হয়' চ; 'কহনে না যায়' প-র-সা। বোধ হয় 'কহিল না হয়' শুদ্ধ পাঠ হইবে। ৩। 'হরিণ' ক, খ, ঘ, চ। ৪। 'মৌন' ক, খ, চ, প-র-সা।

পঠমঞ্জরী।১

কি কহিব রে সখি ইহ দুখ-ওর।
বাঁশি-নিশাস-গরলে তনু ভোর॥
হঠ সঞে পৈঠয়ে শ্রবণক মাঝ।
তৈখনে বিগলিত তনু মন লাজ॥
বিপুল পুলক পরিপূরয়ে২ দেহ।
নয়নে না হেরি হেরয়ে জনি কেহ॥
গুরুজন সমুখহি ভাব-তরঙ্গ।
যতনহি বসনে ঝাঁপি সব অঙ্গ॥
লহু লহু চরণে চলিয়ে৩ গৃহ মাঝ।
দৈবে সে বিহি আজু রাখল লাজ॥
তনু মন বিবশ৪ খসয়ে নিবি-বন্ধ৫।
কি কহব বিদ্যাপতি রহু ধন্ধ॥৩৩॥৮৩১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩২০ সংখ্যক পদ। ২। 'পরিপূরল' ক। ৩। 'চলয়ে' খ। ৪। 'বিবশ' স্থলে 'বিরস' প-র-সা। ৫। 'নীবিবন্ধ' ক, খ।

নিজং প্রতি আক্ষেপো যথা।

শ্রীগৌরচন্দ্রঃ॥

তুড়ী।১

গৌরাঙ্গ-চান্দের ভাব কহনে না যায়।
বিরলে বসিয়া পহু করে হায় হায়॥
প্রিয় পারিষদগণ পুছয়ে তাহারে।
কহে মুঞি ঝাঁপ দিব সমুদ্র মাঝারে২॥
করিলুঁ দারুণ প্রেম আপনা আপনি।
দু কুলে কলঙ্ক হৈল না যায় পরাণি॥
এত কহি গোরাচান্দ ছাড়য়ে নিশ্বাস।
মরম বুঝিয়া কহে নরহরিদাস॥৩৪॥৮৩২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩২১ সংখ্যক পদ। ২। 'সমুদ্র মাঝারে' স্থলে 'যমুনার নীরে' ক; 'যমুনা মাঝারে' চ, প-র-সা।

পাহিড়া।১

ধিক্ রহু নারীর যৌবনে।
পিরিতি করয়ে শঠ সনে ॥
যার লাগি প্রাণ সদা ঝুরে।
ফিরিয়া না চাহে সেহ২ মোরে ॥
কি করিব তারে দোষ দিয়া।
না দেখিয়ে ললাট চিরিয়া ॥
আপনা আপনি৩ বাঢ়াইলুঁ।
দুই কুলে কলঙ্ক রাখিলুঁ ॥
না করিলুঁ সুপুরুখ-সঙ্গ।
সকলি৪ করিলুঁ হাম ভঙ্গ ॥
ছিয়ে ছিয়ে পাপ পরাণ।
অবহুঁ নাহিক বাহিরাণ ॥
এ পাপ পিরিতি নাহি আশ।
শুনি কহে নরহরিদাস ॥৩৫॥৮৩৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩২২ সংখ্যক পদ। ২। 'সেই' ক, ঘ, চ। ৩। 'আপুনি' খ, চ; 'আপনা' প-র-সা। ৪। 'সকল' ক, খ, ঘ, চ।

গান্ধার।১

ধিক রহুঁ জীবনে যে২ পরাধিনী জীয়ে।
তাহার অধিক ধিক্ পরবশ হয়ে ॥
এ পাপ কপালে৩ বিহি৪ এমতি লিখিল।
সুধার সাগর৫ মোরে গরল হইল ॥
অমিয়া বলিয়া যদি ডুব দিলুঁ তায়।
গরল ভরিয়া কেনে উঠিল হিয়ায় ॥
শীতল বলিয়া যদি পাষাণ কৈলাম৬ কোলে।
এ দেহ-অনল-তাপে পাষাণ সে গলে ॥
ছায়া দেখি বসি যাই৭ তরুলতা বনে৮।
জ্বলিয়া উঠয়ে তরু লতাপাতা সনে ॥
যমুনার জলে যদি দিয়ে হাম ঝাঁপ।
পরাণ জুড়াবে কি অধিক উঠে তাপ ॥
অতএ সে এ ছার পরাণ যাবে কিসে।
নিচয়ে ভখিমু মুঞি এ গরল বিষে ॥
চণ্ডীদাস কহে দৈব-গতি নাহি জান।
দারুণ পিরিতি সেই বধয়ে৯ পরাণ ॥
॥৩৬॥৮৩৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩২৩ সংখ্যক পদ। ২। 'যে' শব্দ খ, ঘ ও চ পুথিতে নাই। ৩। 'পাপ কপালে' স্থলে 'পাপ পরাণে' ক; 'পাপক প্রাণে' খ। ৪। 'বিধি' ক, চ। ৫। 'সাগরে' ক, খ, প-র-সা। ৬। 'কৈলাঙ' প-র-সা। ৭। 'বসি যাই' স্থলে 'যাই যদি' ক। ৮। 'সনে' প-র-সা। ৯। 'ধরয়ে' ক, চ; 'বধই' প-র-সা।

তথা রাগ।১

যত নিবারিয়ে পায়২ নিবার না যায় রে।
আন পথে যাইতে৩ সে কানু-পথে ধায় রে ॥
এ ছার রসনা মোর হইল কি বাম রে৪।
যার নাম নাহি লই লয় তার নাম রে ॥
এ ছার নাসিকা মুঞি যত করি৫ বন্ধ।
তভু ত দারুণ নাসা পায় শ্যাম-গন্ধ ॥
সে না কথা না শুনিব করি অনুমান।
পরসঙ্গ শুনিতে আপনি যায় কাণ ॥
ধিক্ রহুঁ এ ছার ইন্দ্রিয় মোর সব।
সদা সে কালিয়া কানু হয় অনুভব ॥
কহে চণ্ডীদাস রাই ভাল ভাবে আছ।
মনের মরম কথা কারে জানি পুছ ॥
॥৩৭॥৮৩৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩২৪ সংখ্যক পদ। ২। 'তায়' ক; 'পদ' প-র-সা। ৩। 'যাই' ক।

৪। 'হইল কি বাম রে' স্থলে 'হৈল কি বাম রে' ক; 'হইল কিবা মোরে' খ। ৫। 'যত করি' স্থলে 'কত করু' ক, খ, চ, প-র-সা।

শ্রীরাগ।১

রাজার ঝিয়ারী কুলের বৌহারী২
স্বামী-সোহাগিনা নারী।
পিরিতি লাগিয়া এ তিন খোয়ালুঁ
হইলুঁ কুল-খাঁখারী॥
সই কি ছার পরাণ কাজে৩।
স্বপনে সে জন৪ নাহি দরশন
জগত ভরিল লাজে॥ ধ্রু॥
ধরম করম সব তেয়াগিলুঁ
যাহার পিরিতি সাধে।
জাতি কুল শীল সকল৫ মজিল
সে জনার পরিবাদে॥
ভাবিতে চিন্তিতে হিয়া জর-জর
না রুচে আহার পানি।
কহে বলরাম এ তিন৬ আখর
কেবল দুখের খনি॥৩৮॥৮৩৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩১৫ ও প-র পুথির ১৪।৪৫ সংখ্যক পদ। ২। 'কুলের বৌহারী' স্থলে 'কুলের বৌহয়ারি' চ; 'রাজার বহুয়ারি' প-র। ৩। 'সই' ইত্যাদি স্থলে 'সই ছার পরাণে কি কাজে' প-র। ৪। 'সে জন' স্থলে 'যা সনে' প-র। ৫। 'সকলি' ক, খ, প-র-সা, প-র। ৬। 'এ তিন' স্থলে 'পিরিতি' প-র।

তথা রাগ।১

কোন বিধি সিরজিল কুলবতী নারী।
সদা পরাধিনী ঘরে রহে একেশ্বরা২॥
ধিক্ রহুঁ হেন জন হৈয়া প্রেম করে।
বৃথা সে জীবন রাখে তখনি৩ না মরে॥
বড় ডাকে৪ কথাটি কহিতে যে না পারে।
পর-পুরুষেতে৫ রতি ঘটে কেন তারে॥
এ ছার জীবনে মুই ঘুচাইলুঁ আশ।
চণ্ডীদাস কহে কেন ভাবহ উদাস॥৩৯॥৮৩৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩২৬ সংখ্যক পদ। ২। 'একাশ্বরী' খ, প-র-সা। ৩। 'এখনি' খ। ৪। 'ডাকি' খ। ৫। 'পুরুষেত' ক, প-র-সা; 'পুরুষের' খ।

তথা রাগ।১

আন্ধার ঘরের কোণে থাকি একেশ্বরী।
কোন বিহি২ সিরজিল ছার কুলনারী৩॥
কথার দোসর নাই যারে কহোঁ৪ দুখ।
দেখিতে না পাঙ চাঁদ সুরুজের মুখ॥
কহ সখি৫ কি হবে উপায়।
না জানি কি গুণ কৈলে বিদগধ রায়॥ধ্রু॥
ঘরের আঙ্গিনা দেখিবারে লাগে সাধ৬।
তভু ত না গুণে মনে এত পরমাদ॥
ও রূপ দেখিয়া৭ কৈলুঁ মরণ সমাধি৮।
রাতি দিনে কান্দে প্রাণ বিষম৯ বেয়াধি॥
আন কথা কহোঁ১০ যদি গুরুর সমুখে।
ভরমে তখনি মোর শ্যাম আইসে মুখে॥
ভাবে১১ বিভোর তনু গদ-গদ বাণী।
ধরিতে ধরণে১২ না যায়১৩ দুটি চৌখের১৪ পানি১৫॥
সে রূপে মজিল চিত পাসরিল১৬ নয়।
বলরামদাস বলে না জানি কি হয়॥৪০॥৮৩৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩২৭ ও প-র পুথির ১৪।৪৩ সংখ্যক পদ। ২। 'বিধি' ক। ৩। 'কুলের বহুয়ারি' প-র। ৪। 'যারে কহোঁ' স্থলে 'যারে কহো' ক, ঘ, চ; 'কারে কব' প-র। ৫। 'সই' প-র। ৬। 'ঘরের' ইত্যাদি স্থলে 'ঘরের আঙ্গিনা মোরি দেখিবারে সাধ' প-র। ৭। 'লাগিয়া' খ। ৮। 'কৈলুঁ মরণ সমাধি' স্থলে 'রৈল মরম সমাধি' প-র। ৯। 'কি হৈল' প-র। ১০। 'কহো' ক, ঘ, চ। ১১। 'ভাবিতে' ক, চ। ১২। 'ধরণ' ক, প-র-সা। ১৩। 'না যায়' স্থলে 'নহে' প-র। ১৪। 'দুটি চোখের' স্থলে 'দুটি আঁখের' ক; 'দুচক্ষের' প-র। ১৫। অতঃপর প-র পুথিতে নিম্নলিখিত অতিরিক্ত কলিটি দৃষ্ট হয়; যথা,—

'ও চান্দমুখের হাসি আধ আধ বোলে।
হিয়ার ভিতরে প্রাণ নিরবধি দোলে॥'

১৬। 'পাসরিলে' ক, প-র-সা; 'পাসরিবার' খ।

তথা রাগ।১

অনুখণ কোণে থাকি বসনে আপনা ঢাকি
দুয়ারের বাহির পরবাস।
আপনা বলিয়া বলে হেন নাহি ক্ষিতিতলে২
হেন ছারের হেন অভিলাষ॥
সখি হে৩ তুয়া পায়ে কি বলিব আর।
সে হেন দুলহ জনে অবিরত যার মনে
নিশ্চয়৪ মরণ৬ প্রতিকার॥ ধ্রু॥
বুঝাইলুঁ অনুক্ষণ না বুঝে পামর মন৭
পিরিতি হইল মোর কাল।
তাহে ননদিনী-কথা শুনিতে মরমে বেথা
এ ঘর-বসতি বড় জাল॥
যত তত মনে করি৮ নিশ্চয় করিতে নারি৯
রাতি দিবস নাহি যায়।
পরে যত গুরুজন সব মোর রিপুগণ১০
কি কহিব১১ কি হবে উপায়১২॥৪১॥৮৩৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৬১ ও ১৩২৮ ও প-র পুথির ১৪।৪৪ সংখ্যক পদ। ২। 'আপনা' ইত্যাদি স্থলে প-র পুথির পাঠ; যথা,—'হেন নাই মোর ক্ষিতিতলে আপনা বলিয়া বলে'। ৩। 'সই' প-র। ৪। 'পায়' ক; 'ঠামে' প-র-সা। ৫। 'কেবল' প-র-সা, প-র। ৬। 'পরম' প-র। ৭। 'বুঝাইলুঁ' ইত্যাদি কলিটি প-র ব্যতীত অন্যান্য পুথিতে নাই। ৮। 'যত' ইত্যাদি স্থলে 'যত যত মনে করি' ক, চ; 'কি করিতে কি না করি' প-র-সা; 'কত কত মনে করি' প-র। ৯। 'নিশ্চয়' ইত্যাদি স্থলে 'কিছু দড়াইতে নারি' প-র-সা; 'চিত নিবারিতে নারি' প-র। ১০। 'বৈরিগণ' প-র-সা, প-র। ১১। 'করিব' ক, খ, প-র-সা, প-র। ১২। অতঃপর প-র পুথিতে নিম্নলিখিত অর্দ্ধ-কলি দৃষ্ট হয়; যথা,—

'নরোত্তম দাসে কয় শ্যাম সে তোমার হয়
ইথে দঢ় জানিহ নিশ্চয়।'

অত্র "ধিক্ রহু পরাধিনী নারী"
ইত্যাদি গেয়ম্।*

অথ সখীং প্রতি আক্ষেপো যথা।

শ্রীগৌরচন্দ্রঃ।

সুহই।১

আরে মোর গৌর কিশোর।
পুরুব প্রেম-রসে ভোর॥
স্বরূপ দামোদর রামরায়।
করে ধরি করে হায় হায়॥

* 'ধিক্ রহু পরাধিনী নারী' ইত্যাদি পদটি কোন পুথিতেই উদ্ধৃত হয় নাই; সুতরাং আমরা উহা এ স্থলে সন্নিবেশিত করিতে পারিলাম না।

কহে মৃদু গদগদ ভাষ।
ঘন বহে দীঘ নিশ্বাস[২] ॥
মরম না বুঝে কেহো মোর।
কহে পহু হইয়া বিভোর ॥
কেনে বা এ প্রেম বাঢ়াইলুঁ।
জীয়ন্তে পরাণ খোয়াইলুঁ ॥
নিঝরে ঝরয়ে[৩] দুনয়ান[৪]।
নরহরি মলিন বয়ান ॥ ৪২ ॥ ৮৪০ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩২৯ সংখ্যক পদ। ২। 'নিশ্বাস' ঘ, চ। ৩। 'নিঝরে ঝুরয়ে' প-র-সা। ৪। 'নয়ান' ক, খ, চ, প-র-সা।

তথা রাগ।[১]

কাহারে কহিব দুখ কে বুঝে অন্তর।
যাহারে মরমী কহি[২] সে বাসয়ে পর ॥
আপনার[৩] বলিতে বুঝি নাহিক সংসারে।
এত দিনে বুঝিলুঁ সে ভাবিয়া অন্তরে ॥
মনের মরম কহি জুড়াবার তরে।
দ্বিগুণ আগুন সেই জ্বালি দেয়[৪] মোরে ॥
এত দিনে বুঝিলাম মনেত[৫] ভাবিয়া।
এ তিন ভুবনে নাই[৬] আপনা বলিয়া ॥
এ দেশে না রব একা যাব দূরদেশে।
সেই সে যুগতি কহে দ্বিজ চণ্ডীদাসে ॥
॥৪৩॥৮৪১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৩০ সংখ্যক পদ। ২। 'বাসি' প-র-সা। ৩। 'আপনা' ক, খ, প-র-সা। ৪। 'দেই' প-র-সা। ৫। 'মনেতে' ক, প-র-সা। ৬। 'নাহি' ক, খ; 'নাঞি' চ।

সুহই।[১]

কি করিব কোথা যাব কি হবে উপায়।
যারে না দেখিলে মরি তারে না দেখায় ॥
যার লাগি সদা প্রাণ আনছান[২] করে।
মোরে উপদেশ কর[৩] পাসরিতে তারে ॥
এত দিন ধরি মুঞি হেন নাহি জানি।
যে মোর দুখের দুখী তার হেন বাণী ॥
আন ছলে রহি কত করে কাণাকাণি।
প্রেমদাস বলে তুমি বড় অভিমানী ॥
॥৪৪॥৮৪২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৩১ সংখ্যক পদ। ২। 'আনচান' ক। ৩। 'করে' ক, খ, ঘ, প-র-সা।

পুনশ্চ সখীং প্রতি আক্ষেপো যথা।

সিন্ধুড়া।[১]

তোমরা মোরে ডাকিয়া সোধাও না
প্রাণ আনছান বাসি।
কেবা নাহি করে প্রেম আমি হৈলাম
দোষী ॥ ধ্রু
গোকুল নগরে কেবা কি না করে
তাহে কি নিষেধ বাধা।
সতী কুলবতী সে সব যুবতী
কানু-কলঙ্কিনী রাধা ॥
বাহির হইলে[২] লোকে চরচায়[৩]
বিষ মিশাইল ঘরে।
পিরিতি করিয়া জগতের বৈরী
আপনা বলিব কারে ॥

তোমরা পরাণের বেথিত আছিলা
জীবনে মরণে সঙ্গ।
অনেক দোষের দোষিণী হইলে
কে ছাড়ে আপন অঙ্গ[৪] ॥
নন্দের নন্দন গোকুলের কান[৫]
সভাই আপনা বলে।
মো[৬] পুনি[৭] ইছিয়া নিছিয়া লইলুঁ
অনাদি জনম-ফলে ॥
রাধা বলি আর ডাকি না সুধাও
এখনি এখানে মৈলে।
চণ্ডীদাস কহে সকলি পাইবা
বন্ধুয়া আপন হৈলে ॥৪৫॥৮৪৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৩২ সংখ্যক পদ। ২। 'হইতে' ক, খ, ঘ, চ। ৩। 'চরচায়ে' খ, ঘ, চ, প-র-সা। ৪। 'সঙ্গ' ক, খ। ৫। 'গোকুল কান' ক, খ, ঘ, চ। ৬। 'সো' ক, খ, প-র-সা। ৭। 'পুন' ক, খ।

তথা রাগ।[১]

দেখিলে কলঙ্কিনীর[২] মুখ কলঙ্ক হইবে।
এ জনার মুখ আর দেখিতে না হবে ॥
ফিরি ঘরে যাও নিজ ধরম লইয়া।
এ দেশে না রব মুঞি যাব বারাইয়া ॥
কালা-মাণিকের মালা গাঁথি নিব গলে।
কানু-গুণযশ কাণে পরিব কুণ্ডলে ॥
কানু অনুরাগ[৩]-রাঙ্গা বসন পরিয়া।
দেশে দেশে ভরমিব যোগিনী হইয়া ॥
চণ্ডীদাসে কহে কেনে হইলে উদাস।
মরণের সাথী যেই সে কি ছাড়ে পাশ ॥
॥৪৬॥৮৪৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৩৩ সংখ্যক পদ। ২। 'কলঙ্কীর' ক, চ। ৩। 'অনুরাগে রাঙ্গা' ঘ, চ।

ধানশী।[১]

সখি হে ফিরিয়া আপন ঘরে যাও।
জিয়ন্তে মরিয়া যে আপনা খাইয়াছে
তাহে তুমি কি আর বুঝাও ॥ ধ্রু ॥
নয়ন-পুতলী করি লইলুঁ মোহন রূপ
হিয়ার মাঝারে করি প্রাণ।
পিরিতি-আগুনি জ্বালি সকলি পোড়াইয়াছি
জাতি কুল শীল অভিমান ॥
না জানিয়া মূঢ় লোকে, কি জানি কি বলে মোকে
না করিয়ে শ্রবণগোচরে।
স্রোত-বিথার জলে এ তনু ভাসাইয়াছি
কি করিবে কুলের কুকুরে ॥
খাইতে শুইতে রৈতে আন নাহি লয় চিতে
বন্ধু বিনে আন নাহি ভায়।
মুরারি গুপতে কহে পিরিতি এমতি হৈলে
তার গুণ তিন লোকে গায় ॥৪৭॥৮৪৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৩৪ সংখ্যক পদ। এই পদটি ইতিপূর্ব্বে ৭৫১ সংখ্যক পদরূপে উদ্ধৃত হইয়াছে; সুতরাং পাঠান্তর উক্ত পদে দ্রষ্টব্য।

তুড়ী।[১]

আর কত বোল সই আর কত বোল।
নিভান[২] অনল আর পুন কেন জ্বাল[৩] ॥
যে অনলে পোড়ে হিয়া সে অনলে[৪] সেকি।
কস্তুরী লেপিয়া অঙ্গে শ্যাম-নাম লেখি ॥

শ্যাম-পরসঙ্গ বিনে যদি প্রাণ রয়।
তমু[৫] দারুণ লোকে এত কথা কয়॥
জ্ঞান কহে বিনদিনি নিবারহ চিতে[৬]।
কালায় মাতল মন কি করে কথাতে ॥৪৮॥৮৪৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৩৫ ও প-র পুথির ১৪।২৩ সংখ্যক পদ। ২। 'নিভাল্য' প-র। প্রকৃত পাঠ বোধ হয়, 'নিভাইল' হইবে। বাঙ্গালা-কৃদন্ত 'নিভাইল' শব্দের অর্থ 'নির্ব্বাপিত'। 'নিভান' রূপটি অপেক্ষাকৃত আধুনিক। ৩। 'অনল' ইত্যাদি স্থলে 'অনল কেন ফুক দিয়া জ্বাল' প-র-সা; 'মনের আগুন পুন' ইত্যাদি প-র। ৪। 'সে অনলে' স্থলে 'তাহে পুন' প-র। ৫। 'তমু কি' খ, ঘ। ৬। 'জ্ঞান কহে' ইত্যাদি ভণিতার কলিটি প-র পুথি ব্যতীত অন্যান্য পুথিতে নাই।

সিন্ধুড়া।[১]

কি মোর এ ঘর[২] দুয়ারের[৩] কাজ
লাজে কহিতে[৪] নারি।
তিলেক বিচ্ছেদে লাগে পরমাদ
হিয়া বিদরিয়া[৫] মরি॥
আপন ইচ্ছায় বাছিয়া লইলুঁ
যে মোর করমে ছিল।
এ কথা[৬] শুনিয়া যে জন বিমুখ
তারে তিলাঞ্জলি দিল॥
কি আর বুঝাও কুলের ধরম[৭]
মন সতন্তর[৮] নয়।
কুলবতী হৈয়া রসের পরাণ
জনি[৯] কারো[১০] পাছে হয়॥
কানু সে জীবন জাতি প্রাণ ধন
এ দুটি নয়ানের তারা।
পরাণ-অধিক নয়ান[১১]-পুতলী
তিলেকে বাসিয়ে[১২] হারা॥
গঞ্জে গুরুজন বলু[১৩] কুবচন
সে মোর চন্দন চুয়া।
শ্যাম-অনুরাগে অঙ্গ বেচিয়াছি
তীল[১৪] তুলসী দিয়া ॥৪৯॥৮৪৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৩৬ ও প-র পুথির ১৪।১১ সংখ্যক পদ। ২। 'ঘর' ক, খ, ঘ, চ, প-র-সা। ৩। 'দুয়ারে' ক, খ, চ। ৪। 'লাজে কহিতে' স্থলে 'লাজ কহিতে' ক, প-র-সা; 'লাজ করিবারে' খ, ঘ, চ। ৫। 'হিয়া বিদরিয়া' স্থলে 'ঝুরিয়া ঝুরিয়া' ঘ, চ। ৬। 'বোল' ঘ, চ, প-র। ৭। 'কুলের ধরম' স্থলে 'ধরম বিচার' প-র। ৮। 'স্বতন্তর' ক, প-র-সা, প-র। ৯। 'জানি' ক, খ, প-র-সা, প-র। ১০। 'কার' ক; 'কারু' ঘ। ১১। 'হিয়ার' প-র। ১২। 'তিলেকে বাসিয়ে' স্থলে 'তিলে তিলে হই' প-র-সা। ১৩। 'বলু কুবচন' স্থলে 'বলে কুবচন' ক, চ, প-র-সা; 'বলুক বচন' খ। ১৪। 'তিল' ক, প-র-সা; 'তিল' পাঠে ছন্দোভঙ্গ ঘটে।

দূতীং প্রতি আক্ষেপো যথা।

মল্লার।[১]

দিবস রজনী গুণ গণি গণি
কি হৈল দারুণ বেথা।
খলের বচনে পাতিয়া শ্রবণে
খাইলুঁ আপন মাথা॥
শুন শুন দূতি কি কহ মো প্রতি[২]
বচন না লাগে ভাল।
কি ছার পিরিতি ভাবিতে ভাবিতে
সোণার বরণ কাল॥

সোণার গাগরি বিষজল ভরি[৩]
কেবা আনি দিল আগে।
করিলুঁ আহার না করি[৪] বিচার
এ বধ কাহারে লাগে ॥
নীর লোভে মৃগী পিয়াসে ধাইতে[৫]
ব্যাধ শর দিল বুকে।
জলের সফরী আহার করিতে
বড়শী লাগিল মুখে ॥
নব ঘন[৬] হেরি পিয়াসে চাতকী[৭]
চঞ্চু পসারল আশে।
বারিক বারণ করল পবন
কুলিশ মিলল শেষে[৮] ॥
লাখ হেম পাইয়া যতনে বান্ধিতে
পড়িল অগাধ জলে।
হেন অনুচিত করে পাপ বিধি
দ্বিজ চণ্ডীদাসে বলে ॥৫০॥৮৪৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৩৭ ও প-র পুথির ১৪।১১২ সংখ্যক পদ। ২। 'শুন শুন' ইত্যাদি পংক্তি দুইটির স্থলে প-র পুথির পাঠ ; যথা,—
'সই কে বলে পিরিতি ভাল।'
৩। 'সোণার গাগরী' ইত্যাদি স্থলে প-র পুথির পাঠ ; যথা,—
'বিষের গাগরী থিরে মুখ পুরি।'
৪। 'না করি' স্থলে 'করহ' প-র। ৫। 'পিয়াসে ধাইতে' স্থলে 'আনন্দে ধাওই' প-র। ৬। 'নব ঘন' স্থলে 'জলধর' প-র। ৭। 'চাতক' প-র। ৮। অতঃপর প র পুথিতে নিম্নলিখিত অতিরিক্ত কলিটি দৃষ্ট হয় ; যথা,—
'খির লাড়ু করি বিষ মাখাইয়া
অবলা বালকে দিল।
স্বাদু পাইয়া খাইতে খাইতে
নিকট মরণ ভেল ॥'

অথ বিধাতারং প্রতি আক্ষেপো যথা।

শ্রীগৌরচন্দ্রঃ।

সুহই।[১]

কনক-চম্পক গোরাচান্দে।
ভূমিতে[২] পড়িয়া কেন কান্দে ॥
ক্ষেণে উঠি কহে হরি হরি।
কে করিল আমারে বাউরি ॥
আজানুলম্বিত বাহু তুলি।
বিধিরে পাড়য়ে সদা গালি ॥
কহে ধিক্ বিধির বিধানে।
এমত যোটনা[৩] করে কেনে ॥
কোন ভাবে কহে গোরারায়।
নরহরি সোধিয়া বেড়ায় ॥৫১॥৮৪৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৩৮ সংখ্যক পদ। ২। 'ভোমেতে' খ, ঘ। ৩। 'যোটন' ক ; 'যোটনা' খ।

তেউট বিহাগ।[১]

ধাতা কাতা বিধাতার বিধানে দিলাম[২] ছাই।
জনম হৈতে একা কৈলে দোসর দিলে নাই ॥
না দিলে রসিক মূঢ় মুরুখের[৩] সনে।
এমতি আছিল তোর এ পাপ বিধানে ॥
যার লাগি প্রাণ কান্দে তার নাই[৪] দেখা।
এ পাপ করমে মোর এমতি লেখাজোখা ॥
ঘর-দুয়ারে আগুন দিয়া যাব দূর দেশে।
আরতি পূরিবে[৫] কহে কবি চণ্ডীদাসে ॥
॥৫২॥৮৫০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৩৯ সংখ্যক পদ। 'তেউট বিহাগ' স্থলে 'তেউটী বিহাগড়া' প-র-সা।

২। 'দিয়াছি' ক; 'দিয়ে' চ, প-র-সা ৩। 'পুরুষের' ক; 'মুরুখের' খ, ঘ, প-র-সা। ৪। 'নাহি' ক, খ, প-র-সা। ৫। 'পিরিতি' ঘ।

টীকা

৩—৪। "না দিলে" ইত্যাদি। হে মূঢ় (বিধাতা!) (তুমি) রসিক পুরুষের সঙ্গে (আমাকে) দিলে না অর্থাৎ আমাকে রসজ্ঞ নায়কের সহিত সম্মিলিত করিলে না; তোর পাপ-বিধানে এইরূপ ছিল?

তথা রাগ।১

বিধির বিধানে হাম আনল ভেজাই।
যদি সে পরাণ বন্ধুর২ তার লাগি পাই॥
গুরু দুরুজন যত বন্ধুর দ্বেষ করে।
সন্ধ্যাকালে সন্ধ্যামুনি৩ তার বুকে পড়ে॥
আপন দোষ না দেখিয়া পরের দোষ গায়।
কাল সাপিনী যেন তার বুকে৪ খায়॥
আমার বন্ধুকে যে করিতে চাহে৫ পর।
দিবস দুপরে যেন পোড়ে তার ঘর॥
এতেক যুবতি আছে গোকুল নগরে।
কে না বন্ধুরে৬ দেখি বুক ফাটি মরে॥
বাশুলী আদেশে দ্বিজ চণ্ডীদাসে ভণে।
তোমার বন্ধু তোমার আছে গালি পাড়িছ কেনে॥৫৩॥৮৫১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৪০ সংখ্যক পদ। ২। 'বন্ধু' ক, চ, প-র-সা। ৩। 'সন্ধ্যামনি' ঘ; 'সন্ধামনি' প-র-সা। ৪। 'বুক' প-র-সা। ৫। 'চায়' ঘ, চ। ৬। 'বন্ধুকে' খ।

শ্রীরাগ।১

আপনা আপনি দিবস রজনী
ভাবিয়ে২ কতক দুখ।
যদি পাখা পাই পাখী হৈয়া যাই
না দেখাই পাপ মুখ॥
সই বিধি দিল মোরে৩ শোকে।
পিরিতি করিয়া আশ না পূরল
কলঙ্ক ঘুষিল লোকে॥ ধ্রু॥
হাম অভাগিনী তাহে একাকিনী
নহিল দোসর জনা।
অভাগিয়া লোকে যত বোলে মোকে
তাহা যে৪ না যায় শুনা॥
বিধি যদি শুনিত৫ মরণ হইত৬
ঘুচিত সকল দুখ।
চণ্ডীদাসে কয় এমতি হইলে
পিরিতির কিবা৭ সুখ॥৫৪॥৮৫২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৪১ সংখ্যক পদ। ২। 'ভাবিয়া' প-র-সা। ৩। 'মোকে' প-র-সা। ৪। 'সে' ঘ। ৫। 'হৈত' প-র-সা। ৬। 'করত' প-র-সা। ৭। 'পিরিতির কিবা' স্থলে 'পিরিতি কিসের' প-র-সা।

কন্দর্পং প্রতি আক্ষেপো যথা।

শ্রীগৌরচন্দ্রঃ।

তুড়ী।১

গৌর সুন্দর মোর।
কি লাগি একলে বসিয়া বিরলে
নয়নে গলয়ে২ লোর॥ ধ্রু॥

হরি-অনুরাগে আকুল অন্তর
গদগদ মৃদু কহে।
সকল অকাজ করে মনসিজ
এত কি পরাণে সহে ॥
অবলা-শরীর করে জরজর
মনের মাঝারে পশি।
কহিতে ঐছন পুরুব-বচন
অবনত মুখ-শশী ॥
প্রলাপের পারা কিবা কহে গোরা
মরম কেহো না জানে।
পুরুব-চরিত সদা বিভাবিত
দাস নরহরি ভণে ॥৫৫॥৮৫৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৪২ সংখ্যক পদ। ২। 'নয়নে গলয়ে' স্থলে 'গলয়ে নয়নে' ক, খ, চ, প-র-সা।

ধানশী।[১]

পঞ্চবাণ-ধারী পর-মন্দকারী
তোরে বা[২] বলিব কি।
তোর আকর্ষণে পিরিতের ফাঁদে
আমি সে ঠেকিয়াছি ॥
এত দিনে তোর মরম বুঝিলুঁ
অনঙ্গ তোহারি নাম।
অঙ্গ বা থাকিলে আর কি হইত[৩]
কি জানি কি গুণগাম ॥
মনের মাঝারে পশিয়া নারীর
সরম করিলি[৪] দূর।
তার প্রতিফল হইবে তোমার
কহিলুঁ বচন গূঢ় ॥
কালার পিরিতি লাগি তোর শরে
কাতর হৈয়াছি আমি।
কহয়ে উদ্ধব যে জন অন্তরে
তারে কি ছাড়িবে তুমি ॥৫৬॥৮৫৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৪৩ সংখ্যক পদ। ২। 'আর' ঘ, চ। ৩। 'আর কি হইত' স্থলে 'আর কি হইতা' ক; 'আর কিবা হৈত' প-র-সা। ৪। 'করিলা' ক।

তিরোথা।[১]

কতয়ে[২] মদন তনু দহসি হামারি।
হাম নহ শঙ্কর হুঁ[৩] বরনারি ॥
নাহি[৪] জটা ইহ বেণি-বিভঙ্গ।
মালতি-মাল শিরে নহ গঙ্গ ॥
মোতিম-বন্ধ মৌলি[৫] নহ ইন্দু।
ভালে নয়ন[৬] নহ সিন্দুর-বিন্দু ॥
কণ্ঠে গরল নহ মৃগমদ-সার।
নহ ফণি-রাজ[৭] উরে মণিহার ॥
নীল পটাম্বর নহ বাঘছাল।
কেলি-কণ্ডল ফুল[৮] না হয়ে[৯] কপাল ॥
বিদ্যাপতি কহ এহেন[১০] সুছন্দ।
অঙ্গে ভসম নহ মলয়জ-পঙ্ক ॥৫৭॥৮৫৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৬০৫, ১৩৪৪ ও প-র পুথির ১৪।৬ সংখ্যক পদ। ২। 'কতিহুঁ' ক, খ, ঘ, চ; 'কথিহুঁ' প-র। ৩। 'তুহুঁ' ক; 'রহু' চ। ৪। 'নহি' প-র-সা। ৫। 'শিরে' ঘ। ৬। 'অনল' প-র-সা, প-র। ৭। 'মণিরাজ' ক; 'ফণিহার' ঘ। ৮। 'কেলি-কণ্ডল ফুল' স্থলে 'কেলিকমল ইহ' ক; 'কেলিক কমল' চ। ৯। 'না হয়ে' স্থলে 'এ

নহে' প-র-সা; 'না হোয়ে' প-র। ১০। 'কহ এহেন' স্থলে 'কবি কহই' প-র-সা, প-র।

তথা রাগ।১

মনমথ তোহে কি কহব অনেক।
দিঠি-অপরাধে পরাণ পরিপীড়সি২
এ তুয়া কোন৩ বিবেক ॥ ধ্রু ॥
ডাহিন নয়ন৪ পিশুনগণ-বারণ
পরিজন বামহি আধ।
আধ নয়ন-কোণে যব হরি পেখলুঁ৫
তাহে ভেল এত পরমাদ ॥
পুর৬ বাহির পথ করত গতাগত
কোন না৭ হেরত কান।
তোহারি কুসুম-শর কথিহু৮ না সঞ্চরু
হামারি হৃদয়ে পাঁচবাণ ॥৫৮॥৮৫৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৪৫ ও প-র পুথির ১৪।৫ সংখ্যক পদ। ২। 'পয়ে পীড়সি' ক, চ; 'পর পিড়সি' প-র-সা। ৩। 'কৌন' প-র-সা। ৪। 'নয়নে' ক, খ, ঘ, চ, প-র-সা। ৫। 'যব হরি পেখলুঁ' স্থলে 'হরি অবলোকনে' প-র। ৬। 'পুরত' প-র-সা। ৭। 'কোন না' স্থলে 'কো নাহি' ক, খ, চ; 'কোনে না' ঘ। ৮। 'কতিহুঁ' ক, খ, ঘ, চ, প-র-সা।

টীকা

১—৩। "মনমথ" ইত্যাদি। হে মন্মথ! তোমাকে অধিক কি বলিব? (তুমি) নয়নের দোষ হেতু প্রাণকে নিতান্ত পীড়া দিতেছ; ইহা তোমার কি বিবেচনা?

৪—৭। "ডাহিন" ইত্যাদি। (আমার) দক্ষিণ নয়ন নিন্দুকদিগের এবং বাম-নয়নের অর্দ্ধ-ভাগ পরিজনদিগের বারণ-কারী অর্থাৎ দক্ষিণ নয়নে নিন্দুকদিগের ও বাম-নয়নের অর্দ্ধভাগে পরিজনদিগের দৃষ্টি বাঁচাইয়া, (অবশিষ্ট) বাম-নয়নার্দ্ধের প্রান্তভাগ দ্বারা যখন শ্রীকৃষ্ণকে দেখিলাম, তাহাতেই এত প্রমাদ হইল। (উভয় নয়নে ভাল করিয়া শ্রীকৃষ্ণকে দেখিলে না জানি কি প্রমাদ হইত!)

৮—১১। "পুর" ইত্যাদি। (শ্রীকৃষ্ণ) গোকুলে ও বাহিরের পথে যাতায়াত করেন; শ্রীকৃষ্ণকে কোন্ ব্যক্তি না দেখে? তোমার কুসুম-শর কোথায় না সঞ্চরণ করে? (তবে) আমার হৃদয়েই পঞ্চ-বাণ (স্থায়ী) কেন?

পুনশ্চ কন্দর্পরীতং সখীং প্রতি কথয়তি।

ধানশী।১

কুলের বৈরী　　　হইল মুরলী
সকলি করিল নাশে।
মদন-কিরাতী　　　মধুর যুবতী
ধরিতে আইল দেশে ॥
সই জীব না এমন বাসি।
পিরিতি আঠা　　　ননদী কাঁটা২
পড়সী হইল ফাঁসী ॥ ধ্রু ॥
বৃন্দাবন মাঝে　　　বেড়ায় সাজে
ধরিতে যুবতী-জনা।
যমুনার কূলে　　　গাছের তলে
আসিয়া৩ করিল থানা ॥
গাছের ডালে　　　বসিয়া ভালে
ডাক করে এক দিঠে।
জড়ান আঠা　　　না যায় কাটা
লাগিল পাখীর পিঠে ॥
পড়িয়া ভূমিতে　　　ধড়ফড়ইতে৪
কিরাতে ধরিল পাখে।
পাখে পাখা দিয়া　　　বান্ধিল টানিয়া
ঝুলিতে ভরিয়া রাখে ॥

চণ্ডীদাসে কয় মহাজন হয়
কিনিয়া লয় যে পাখী।
ছাড়িয়া দেয় পাখা যে ধোয়ায়
তবে সে এড়ান দেখি ॥৫৯।৮৫৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৪৬ সংখ্যক পদ। ২। 'খোটা' প-র-সা। ৩। 'বসিয়া' ক, খ, প-র-সা। ৪। 'ধড়ফড় হইতে' খ, ঘ।

তথা রাগ।১

আরে মনমথ নাহি তুয়া ধরম-বিচার।
কো করু দোখ রোখ করু২ কা সঞে
বড় তুহুঁ মুরুখ গোঙার ॥
শুনইতে রূপ কলা গুণ-মাধুরি
তেঞি দিঠি হেরল কান।
সোই যোধ-পতি তাহে নাহি পারলি
হৃদয়ে হানলি পাঁচ বাণ ॥
কিয়ে গুণে রতি৩ তোহে পতি করি মানল
নাম কে রাখল কাম৪।
নাশসি কাম কুলটা-পদ দেওসি
অব তোহে চীনলুঁ৫ হাম ॥
দেবীপতি শিব৬ জীব তুয়া রাখল
ছিয়ে ছিয়ে এ বড়ি দুখে৭।
তা সঞে বাদ সাধি যৈছে ধাওলি
তৈছে অনল দিল মুখে৮ ॥
অব হাম শম্ভু আরাধব৯ তুয়া লাগি
পুন তোহে করব বিনাশ।
বিরহিণিগণ যেন কিয়ে ঘর কিয়ে বন
যাহাঁ তাহাঁ সুখে করু বাস ॥
ধরণিক বাণি মান১০ তুহুঁ সুন্দরি
শম্ভু আরাধবি কায়১১।
মনমথ-কোটি মথন করু যো জন
সো তুয়া চরণ ধেয়ায়১২ ॥৬০॥৮৫৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৪৭ সংখ্যক পদ। ২। 'কর' প-র-সা। ৩। 'গুণে রতি' স্থলে 'গুণবতী' ক। ৪। 'কান' ক। ৫। 'অব তোহে চীনলুঁ' স্থলে 'আর তোছে চিহ্নল' ক। ৬। 'দেবিপতি শীব' ঘ; 'দেবিপতি শিব' চ। ৭। 'দুখে' ক, খ, প-র-সা। ৮। 'মুখে' ক, খ, প-র-সা। ৯। 'আরাধিব' খ, ঘ। ১০। 'মানি' ঘ, চ, প-র-সা। ১১। 'আরাধবি কায়' স্থলে 'পুজবি অব কায়' ঘ। ১২। 'ধিয়ায়' খ; 'ধোয়ায়' ঘ।

গুরুগণাদীন্ প্রতি আক্ষেপো যথা।

শ্রীগৌরচন্দ্র।

বরাড়ী।১

গোরাচাঁদে দেখিয়া কি হৈলুঁ।
গোপত পিরিতি-ফাঁদে মুঞি সে ঠেকিলুঁ ॥
ঘরে গুরুজন-জ্বালা সহিতে না পারি।
অবলা করিল বিহি তাহে কুলনারী ॥
গোরা-রূপ মনে হৈলে হইয়ে পাগলী।
দেখিয়া শাশুড়ী মোর সদা পাড়ে২ গালি ॥
রহিতে নারিলুঁ ঘরে কি করি উপায়।
যদু কহে ছাড়িলে৩ না ছাড়ে
গোরারায় ॥৬১॥৮৫৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৪৯ সংখ্যক পদ। ২। 'দেই' ঘ, প-র-সা। ৩। 'ছাড়িতে' প-র-সা।

সিন্ধুড়া।[১]

তাহারে বুঝাই সই পাই তার লাগি।
ননদী-বচনে যেন বুকে উঠে আগি॥
কাহারে না কহি কথা রহি দুখে ভাসি।
ননদী-দ্বিগুণ বাদী এ পাড়াপড়সী[২]॥
কাহারে কহিব দুখ যাব আমি কোথা।
কার সনে কব আর[৩] কালা কানুর কথা॥
যত দূরে যায় মন তত দূরে যাব।
পিরিতি পরাণ-ভাগী[৪] যথা[৫] গেলে পাব॥
তাহারে কহিব দুখ বিনয় করিয়া।
চণ্ডীদাস কহে তবে জুড়াইবে
হিয়া॥৬২॥৮৬০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৫০ ও প-র পুথির ১৪।৫৯ সংখ্যক পদ। ২। 'পোড়া পড়সী' ক, খ। ৩। 'আমি' প-র। ৪। 'পরাণ-ভাগী' স্থলে 'পরাণ দোসর' খ। ৫। 'কোথা' ঘ, চ, প-র-সা, প-র।

শ্রীরাগ।[১]

পরের রমণী[২]　　　ঘুচিবে কখনি[৩]
এমতি করিবে[৪] ধাতা।
গোকুল নগরে　　　প্রতি ঘরে ঘরে
না শুনি পিরিতি কথা[৫]॥
সই যে বল সে বল[৬] মোরে।
শপতি করিয়া　　　বলি দড়াইয়া[৭]
না রব এ পাপ ঘরে॥ ধ্রু॥
গুরুর গঞ্জন[৮]　　　মেঘের গর্জ্জন
কত না সহিবে[৯] প্রাণে।
ঘর তেয়াগিয়া[১০]　　　যাইব চলিয়া[১১]
রহিব গহন বনে॥
বনে যে[১২] থাকিব　　　শুনিতে না পাব
এ পাপ জনার[১৩] কথা।
গঞ্জনা ঘুচিবে　　　হিয়া জুড়াইবে[১৪]
ঘুচিবে[১৫] মনের বেথা॥
চণ্ডীদাস কয়　　　সতন্তরী হয়[১৬]
তবে সে এমন[১৭] বটে।
যে সব কহিলে　　　করিতে পারিলে[১৮]
তবে সে এ তাপ[১৯] ছুটে॥৬৩॥৮৬১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৫১ ও প-র পুথির ১৪।৬৭ সংখ্যক পদ। ২। 'অধীন' প-র। ৩। 'কখন' প-র। ৪। 'এমতি করিবে' স্থলে 'এমন করয়ে' প-র। ৫। 'না শুনি' ইত্যাদি স্থলে 'শুনি পিরিতের কথা' প-র। ৬। 'যে বল সে বল' স্থলে 'আর যে না বোল' প-র। ৭। 'বলি দড়াইয়া' স্থলে 'দোষ ছাড়াইব' প-র। ৮। 'তর্জ্জন' প-র। ৯। 'সহিব' ক, প-র-সা, প-র। ১০। 'ঘর তেয়াগিয়া' স্থলে 'ঘর যে ছাড়িয়া' প-র। ১১। 'যাইব চলিয়া' স্থলে 'যাব বাহিরাঞা' প-র। ১২। 'বনে যে' স্থলে 'বনেতে' প-র-সা। ১৩। 'পাপ লোকের' প-র। ১৪। 'হিয়া জুড়াইবে' স্থলে 'পরাণ জুড়াবে' প-র। ১৫। 'যাইবে' প-র। ১৬। 'সতন্তরী হয়' স্থলে 'যদি স্বতন্ত্র হয়' প-র। ১৭। 'এমনি' খ; 'এমতি' প-র। ১৮। 'করিতে পারিলে' স্থলে 'সে সব হয়' প-র। ১৯। 'এ তাপ' স্থলে 'এ পাপ' ক, খ, চ, প-র-সা; 'তাপ যে' প-র।

তথা রাগ।[১]

ছার[২] দেশে বসতি হইল নাহিক দোসর জনা।
মরমের মরমী নৈলে[৩] না জানে বেদনা॥
চিত উচাটন সদা কত উঠে মনে।
ননদিনীর[৪] বচনে পাঁজরে[৫] বিন্ধে ঘুণে॥

জ্বালার উপরে জ্বালা সহিতে না পারি।
বন্ধু হৈল৬ বিমুখ ননদী হৈল বৈরী ॥
গুরুজন৭-কুবচন সদা শেলের ঘায়।
কলঙ্কে ভরিল দেশ কি করি উপায় ॥
বাঁশুলী-আদেশে দ্বিজ৮ চণ্ডীদাসের গীত।
আপনা আপনি চিত করহ সম্বিত৯ ॥৬৪॥৮৬২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৫২ সংখ্যক পদ। ২। 'এ ছার' ক, প-র-সা। ৩। 'নহিলে' ক, খ, প-র-সা; 'নইলে' ঘ। ৪। 'ননদীর' ক, প-র-সা; 'ননদিনি' ঘ; 'ননদি' চ। ৫। 'পাজর' প-র-সা। ৬। 'হেন' প-র-সা। ৭। 'গুরুজনের' প-র-সা। ৮। 'কবি' ক, খ, ঘ, চ। ৯। 'সম্বীত' ঘ।

পঠমঞ্জরী।১

নিশ্বাস ছাড়িতে না দেয় ঘরের গৃহিণী।
বাহিরে বাতাসে ফাঁদ পাতে২ ননদিনী ॥
বিনি৩ ছলে ছলে সে সদাই ধরে চুরি৪।
হেন মন করে জলে প্রবেশিয়া মরি ॥
সতী-সাধে দাঁড়াই যদি৫ সখীগণ সঙ্গে।
পুলকে পূরয়ে তনু৬ শ্যাম-পরসঙ্গে ॥
পুলক ঢাকিতে নানা করি৭ পরকার।
নয়নের ধারা মোর বহে অনিবার ॥
পাড়ার৮ লোক না জানে পিরিতি বলি৯ কারে।
তুমি যদি বল সমাধান দিয়ে১০ ঘরে১১ ॥
চণ্ডীদাস বলে শুন আমার যুগতি।
অধিক জ্বালা১২ তার যার১৩ অধিক পিরিতি ॥৬৫॥৮৬৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৫৩ ও প-র পুথির ১৪।২৮ সংখ্যক পদ। 'পঠমঞ্জরী' স্থলে 'করুণা শ্রীরাগ' প-র। ২। 'পাড়ে' খ। ৩। 'বিনা' প-র। ৪। 'ধরে চুরি' স্থলে 'ধরি চুলি' ক, চ, প-র-সা। ৫ 'যদি' শব্দ ক, খ, প-র-সা ও প-র পুথিতে নাই। ৬। 'অঙ্গ' প-র। ৭। 'নানা করি' স্থলে 'করি কত' প-র। ৮। 'পোড়া' খ। ৯। 'বলে' ক। ১০। 'সমাধান দিয়ে' স্থলে 'সোই সমাধিয়ে' খ; 'সেই সমাধিয়ে' ঘ। ১১। 'তারে' প-র। ১২। 'যাতনা' প-র। ১৩। 'তার যার' স্থলে 'যার তার' ক, খ, ঘ, প-র-সা; 'যার' প-র।

টীকা

৩—৪। "বিনি" ইত্যাদি। (আমার) ছল বিনা অর্থাৎ ছল-শূন্য আচরণেও সে ছল পূর্ব্বক সর্ব্বদাই আমার চুরি অর্থাৎ চৌর্য্য-প্রণয় বাহির করে। (তাহাতে) এরূপ ইচ্ছা হয় যে, জলে প্রবেশ করিয়া প্রাণত্যাগ করি। 'সদাই ধরি চুলি' পাঠে 'ননদিনী ছল পূর্ব্বক সর্ব্বদাই চুলে ধরে' এই-রূপ অর্থ সুসঙ্গত নহে।

১১—১২। "চণ্ডীদাস" ইত্যাদি। চণ্ডীদাস বলেন—(হে শ্রীরাধে!) আমার যুক্তি শ্রবণ কর; যাঁহার অধিক প্রেম, তাঁহারই অধিক যাতনা। (কবির সান্ত্বনার তাৎপর্য্য এই যে, ত্রিভুবন-সার প্রেম বস্তুটি যখন একান্তই বাঞ্ছনীয়, সুতরাং উহার জন্য অনিবার্য্য আনুষঙ্গিক যাতনা সহ্য না করিয়া উপায় কি?) 'অধিক জ্বালা যার তার অধিক পিরিতি' পাঠে সমীচীন অর্থ হয় না।

তথা রাগ।১

গুরুজন-বচনে পাঁজর ধসি গেল।
পাড়াপড়সীর জ্বালায় প্রাণ সারা হৈল ॥
কত না সহিব আর সহিতে না পারি।
কহিতে কহিতে দুখ কহিতেও নারি ॥

এ দেশ ছাড়িয়া যাব রহিব কাননে।
এ পাপ লোকের মুখ না দেখি
যেখানে ॥৬৬॥৮৬৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৫৪ সংখ্যক পদ।

তত্র কুটিলায়াঃ সাক্ষাদুক্তিঃ।

গান্ধার।১

এ কি পরমাদ আই।
লোকের বদনে শুনি যে২ শ্রবণে
তাহাই দেখিতে পাই ॥ ধ্রু ॥
তোমার আমার বাপের কুলেতে
কখন৩ এথাটি নাই।
তবে কেন তুমি কানু কানু করি
সদাই জপহ রাই ॥
কানু নাম শুনি৪ চমকি উঠহ
পুলক তাহার সাখী।
কালা-রূপ দেখি ছলছল আঁখি
বেকত এ সব৫ দেখি ॥
আমি ননদিনী সব রস জানি
পাশার এ৬ চৌপিঠ।
কহে শিবরাম৭ বুঝিলুঁ কথায়
তুমি সে বড়ই ঢীঠ ॥৬৭॥৮৬৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৫৫ ও প-র পুথির ১৪।৫৬ সংখ্যক পদ। 'গান্ধার' স্থলে 'শ্রীরাগ' প-র। ২। 'শুনি যে' স্থলে 'শুনিয়ে' খ; 'শুনিয়া' ক, চ, প-র-সা; 'শুনিতুঁ' প-র। ৩। 'যখন' খ। ৪। 'কানু নাম শুনি' স্থলে 'কানুর নামে' প-র। ৫। 'বেকত এ সব' স্থলে 'এ বড় বেকত' প-র। ৬। 'পাশার এ' স্থলে 'পাসার যে' ক; 'পাশার জেন এ' প-র-সা; 'পাসারের' প-র। ৭। 'কহে শিবরাম' স্থলে 'শিবানন্দ বলে' প-র।

বরাড়ী।১

ননদিনি লো মিছাই লোকের কথা।
যদি কানু সঙ্গে পিরিতি করি ত২
শপতি তোমার মাথা ॥ ধ্রু ॥
নিজ পতি বিনে আন নাহি জানি
সেই সে আমার ভাল।
কোন গুণে যাই রাখালে ভজিব
তাহাতে৩ বরণ কাল ॥
মণি মুকুতার৪ অভরণ নাহি
সাজনি বনের ফুলে।
চূড়ার উপরে৫ ভ্রমরা গুঞ্জরে
তাহে কি রমণী ভুলে।
রাজা হৈয়া যারে দেখিতে না পারে
মায়ে বোলে ননীচোরা।
কহে শিবরাম রাধার কলঙ্ক৬
মিছাই করিলি তোরা ॥৬৮॥৮৬৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৫৬ ও প-র পুথির ১৪।৫৭ সংখ্যক পদ। ২। 'পিরিতি করি ত' স্থলে 'ভাব বাড়াই থাকি' প-র-সা। 'যদি' ইত্যাদি স্থলে প-র পুথির পাঠ যথা,—'সে নন্দনন্দন যদি দেখ্যা থাকি'। ৩। 'যাহার' ক, খ, ঘ, চ, প-র-সা। ৪। 'মাণিকের' প-র। ৫। 'চূড়ার উপরে' স্থলে 'চূড়াটি বেড়িয়া' প-র। ৬। 'কহে শিবরাম' ইত্যাদি পংক্তি দুইটির স্থলে প-র পুথির পাঠ যথা,—
'শিবরাম বলে বসি তরুমূলে
মিছা রব তোল তোরা।'

সিন্ধুড়া ।১

সই এত কি সহে পরাণে ।
কি বোল বলিয়া গেল ননদিনী
শুনিলা আপন কাণে ॥ ধ্রু ॥
পরের কথায় এত কথা কহে২
ইহাতে করিব কী৩ ।
কানু-পরিবাদে ভুবন ভরিল৪
বৃথাই৫ পরাণে জী ॥
কানুরে পাই ত এ সব৬ কহিত
তবে বা সে বোল ভাল৭ ।
মিছা পরিবাদে বাদিনী হইয়া৮
প্রাণ জরজর হৈল ॥
কে আছে বুঝিয়া৯ শ্যামেরে কহিয়া
এ দুখে করিবে পার ।
চণ্ডীদাসে কহে ধৈর্য্য করি রহ
কে কোথা কি করে১০ কার ॥৬৯॥৮৬৭॥*

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৫৭ ও প-র পুথির ১৪।৫৮ সংখ্যক পদ। ২। 'কয়' প-র। ৩। 'কি' ক, খ, প-র-সা, প-র। ৪। 'ভুবন ভরিল' স্থলে 'ভুবন ভুলিল' ক, খ ; 'জগত ভাসিল' প-র। ৫। 'কেমনে' প-র। ৬। 'এ সব' স্থলে 'তবে যে' প-র। ৭। 'তবে' ইত্যাদি স্থলে 'তবে ভাল বাসে বোল' প-র-সা ; 'সে বোল আমার ভাল' প-র। ৮। 'মিছা' ইত্যাদি স্থলে প-র পুথির পাঠ যথা—'মিছা বাদে পরিবাদিনী হইয়া'। ৯। 'বুঝাঞা' ক, খ ; 'বুঝাইয়া' ঘ, চ। ১০। 'কি করে' স্থলে 'করিল' ক, খ, ঘ, চ, প-র-সা।

---

* ক, খ, ঘ, চ ও প-র-সা পুথিতে অতঃপর 'তাহারে বুঝাই সই' ইত্যাদি পংক্তি-চতুষ্টয় লিখিত হইলেও এই পদটি বর্ত্তমান পল্লবের ৬২ সংখ্যক পদ-রূপে ইতিপূর্ব্বে উদ্ধৃত হওয়ায় এ স্থলে সন্নিবেশিত ও গণিত হইল না।

ধানশী ।১

ভাদরে দেখিলুঁ নট২ চাঁদে ।
সেই হৈতে উঠে৩ মোর কানু৪-পরিবাদে ॥
এতেক যুবতী৫ আছে গোকুলে৬ ।
কলঙ্ক কেবল লেখা৭ মোর সে কপালে৮ ॥
স্বামী ছায়াতে মারে বাড়ি ।
তার আগে কুকথা কয় দারুণ শাশুড়ী ॥
ননদী দেখয়ে চৌখের৯ বালি ।
শ্যাম নাগর তোলাই১০ সদাই পাড়ে গালি ॥
এ দুঃখে১১ পাঁজর হৈল কাল ।
ভাবিয়া দেখিলুঁ এবে মরণ সে ভাল ॥
দ্বিজ চণ্ডীদাসে পুন কয়১২ ।
পরের বচনে কি আপন পর হয় ॥৭০॥৮৬৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৫৯ সংখ্যক পদ। ২। 'নট' ক। ৩। 'সদা' প-র-সা। ৪। 'উঠে' প-র। ৫। 'যুবতীগণ' ক, চ। ৬। 'আছে গোকুলে' স্থলে 'আছয়ে গোকুলে' ক, চ ; 'গোকুল নগরে' প-র-সা। ৭। 'কেবল লেখা' স্থলে 'লেখ্যাছে বিধি' প-র-সা। ৮। অতঃপর প-র-সা পুথিতে নিম্নলিখিত প্রক্ষিপ্ত কলিটি দৃষ্ট হয় ; যথা,—

'কথনো যাহারে মুঞি না দেখো সপনে ।
কলঙ্ক তোলয়ে লোক সে জনার সনে ॥'

৯। 'চৌখের বালি' স্থলে 'সদা নয়নের বালি' প-র-সা। ১০। 'তোলাইয়া' প-র-সা। ১১। 'এ দুঃখে' স্থলে 'এত দুখে দুখে মোর' প-র-সা। ১২। 'দ্বিজ চণ্ডীদাসে' ইত্যাদি পংক্তি দুইটির স্থলে প-র-সা পুথির পাঠ যথা,—

'কাহারে কহিব সই মরমের কথা ।
বলরাম দাস বলে কি কৈল বিধাতা ॥'

তথা রাগ।১

ইহ গুরু-গঞ্জন বোল।
শুনইতে জিউ উতরোল॥
কত সহ এ২ পাপ পরাণ।
বুঝি কিয়ে হয় সমাধান॥
মিছা৩ ছলে তোলে পরিবাদ।
কি কার করিলুঁ অপরাধ॥
ননদী-নয়ন-জালে বসি।
তাহে কাল এ পাড়াপড়সী॥
জ্ঞানদাস কহে ধনি রাই।
পরিবাদে আর ভয় নাই॥৭১॥৮৬৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৬০ সংখ্যক পদ। ২। 'সহ এ' স্থলে 'সহয়ে' চ। ৩। 'বিনা' খ।

প্রেম প্রতি আক্ষেপ যথা।

পঠমঞ্জরী।১

কি বুকে দারুণ বেথা।
সে দেশে যাইব যে দেশে না শুনি
পাপ পিরিতের২ কথা॥ ধ্রু॥
সই কে বলে পিরিতি ভাল।
হাসিতে হাসিতে পিরিতি করিয়া
কান্দিতে জনম গেল॥
কুলবতী হৈয়া কুলে দাঁড়াইয়া৩
যে ধনি পিরিতি করে।
তুষের আনল যেন৪ সাজাইয়া
এমতি৫ পুড়িয়া মরে॥
হাম বিনোদিনি এ দুখে দুখিনী
প্রেমে ছল ছল আঁখি।
চণ্ডীদাস কহে যে গতি হইল
পরাণ-সংশয় দেখি॥৭২॥৮৭০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৬১ সংখ্যক পদ। ২। 'পিরিতির' ক, খ; 'পিরিতী' প-র-সা। ৩। 'কুলে দাঁড়াইয়া' স্থলে 'কুলেতে দাঁড়াঞা' ক, চ; 'কুলে ডাড়াইয়া' ঘ। ৪। 'সে জন' প-র-সা। ৫। 'আপনি' প-র-সা।

শ্রীরাগ।১

পিরিতি-মুরতি কভু না হেরিব
এ দুটি নয়ান-কোণে।
পিরিতি বলিয়া নাম শুনইতে
মুদিয়া রহিব কাণে॥
সখি আর কি বলিব তোরে।
পিরিতি বলিয়া এ তিন২ আখর
এত দুখ দিল মোরে॥ ধ্রু॥
পিরিতি-আরতি কভু না করিব
শয়ন সপন৩ মনে।
পিরিতি-নগরে বসতি তেজিয়া
রহিব গহন বনে॥
পিরিতি-পবন পরশ লাগিয়া
তেজিব নিকুঞ্জবাস।
পিরিতি-বেয়াধি ছাড়িলে৪ না ছাড়ে
ভালে৫ জানে চণ্ডীদাস॥৭৩॥৮৭১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৬২ ও প-র পুথির ১৪।৫২ সংখ্যক পদ। ২। 'এ তিন' স্থলে 'দারুণ' প-র। ৩। 'শয়ন সপন' স্থলে 'শয়ন স্বপনে' ক, চ, প-র-সা; 'শয়নে স্বপনে' খ। ৪। 'ছাড়িতে' প-র-সা। ৫। 'ভাল' খ।

তথা রাগ।[১]

পিরিতি সুখের[২] সায়র[৩] দেখিয়া
নাহিতে নামিলাম[৪] তায়।
নাহিয়া উঠিয়া[৫] ফিরিয়া চাহিতে
লাগিল দুখের বায়॥
কেবা নিরমিল প্রেম-সরোবর
নিরমল[৬] তার জল।
দুখের মকর ফিরে নিরন্তর
প্রাণ করে টলমল॥ ধ্রু॥
গুরুজন-জালা জলের শিহালা[৭]
পড়শী-জীয়ল-মাছে।
কুল-পানিফল কাঁটায় সকল
সলিল বেড়িয়া[৮] আছে॥
কলঙ্ক-পানায়[৯] সদা লাগে গায়
ছানিয়া খাইলুঁ[১০] যদি।
অন্তরে[১১] বাহিরে কুটু কুটু[১২] করে
সুখে দুখ দিল বিধি॥
কহে চণ্ডীদাস শুন বিনোদিনি[১৩]
সুখ দুখ দুটি ভাই।
সুখের লাগিয়া যে করে পিরিতি
দুখ যায় তার ঠাঞি॥৭৪॥৮৭২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৬১ ও প-র পুথির ১৪।১১০ সংখ্যক পদ। 'তথা রাগ' স্থলে 'সিন্ধুড়া' প-র। ২। 'রসের' সা-প ২০১ পুথি। ৩। 'সাগর' ক, খ, ঘ, চ, প-র-সা। ৪। 'ডুবিলাম' সা-প ২০১ পুথি। ৫। 'উঠিতে' প-র, সা-প, ২০১ পুথি। ৬। 'সুখময়' প-র-সা, প-র; 'সুকমল' সা-প ২০১ পুথি। ৭। 'সিহলা' ঘ, চ; 'সিহালা' প-র; 'সেইলা' প-র-সা; 'শেহলা' সা-প ২০১ পুথি। ৮। 'ঢাকিয়া' প-র-সা, প-র; 'বুড়িয়া' সা-প ২০১ পুথি। ৯। 'পানা তায়' প-র, সা-প ২০১ পুথি। ১০। 'খাইল' ক; 'খাইলাম' প-র। ১১। 'অন্তর' ক, প-র-সা। ১২। 'কুটকুট' ক, প-র-সা, সা-প ২০১ পুথি। ১৩। 'কহে' ইত্যাদি স্থলে প-র পুথির পাঠ যথা—'চণ্ডীদাসে বলে শুন গো সুন্দরি'।

সুহিনী।[১]

শুন সহচরি না কর চাতুরী
সহজে দেহ উত্তর।
কি জাতি মুরতি কানুর পিরিতি
কোথাই[২] তাহার ঘর॥
চলে কি বাহনে টিকে কোন স্থানে
সৈন্যগণ কেবা সঙ্গে।
কোন অস্ত্র ধরে পারাপার[৩] করে
কেমনে প্রবেশে অঙ্গে॥
পাইয়া সন্ধান হব সাবধান
না লব তাহার বা।
নয়নে শ্রবণে বচনে তেজিব
সোঙরি তাহার পা॥
সখী কহে সার দেখি নৈরাকার
স্বরূপ কহিবে কে।
অনুরাগ-ছুরী বৈসে মনোপরি[৪]
জাতির বাহিরে সে॥
মন তার বাহন রক্ষক মদন
ভাবগণ তার সঙ্গী[৫]।
সুজন পাইলে না দেয় ছাড়িয়া
পিরিতি অদ্ভুত রঙ্গী[৬]॥
কহে চণ্ডীদাসে বাশুলী-আদেশে
ছাড়িতে কি কর আশ।
পিরিতি-নগরে বসতি করাছ
পরাহ পিরিতি-বাস॥৭৫॥৮৭৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৬৪ সংখ্যক পদ। ২। 'কোথায়ে' প-র-সা। ৩। 'পারাবার' ক,

চ, প-র-সা। ৪। 'মান পরি' খ, ঘ; 'মোনাপরি' প-র-সা। ৫। 'সঙ্গে' ক, চ, প-র-সা। ৬। 'রঙ্গে' ক, চ, প-র-সা।

তথা রাগ।[১]

পিরিতি বলিয়া এ তিন আঁখর
ভুবনে আনিল কে।
মধুর বলিয়া ছানিয়া খাইলুঁ[২]
তিতায় তিতিল দে॥
সই এ কথা কহিল[৩] নহে।
হিয়ার ভিতর বসতি করিয়া
কখন কি জানি কহে॥ ধ্রু॥
পিয়ার পিরিতি প্রথম আরতি
তাহার নাহিক শেষ[৪]।
পুন নিদারুণ শমন সমান
দয়ার নাহিক লেশ॥
কপট পিরিতি আরতি বাঢ়াঞা[৫]
মিরিতি সাধিলুঁ[৬] কাজে।
লোকে চরচায়ে কুলের খাঁখার
জগত ভরিল লাজে॥
হইতে হইতে অধিক হইল
সহিতে সহিতে মলুঁ।
কহিতে কহিতে তনু জর জর
পাগলা হইয়া গেলুঁ॥
এমতি পিরিতি না জানি এ[৭] রীতি
পরিণামে কিবা হয়।
পিরিতি পরম হয় দুখময়[৮]
দ্বিজ চণ্ডীদাসে কয়॥৭৬॥৮৭৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৬৫ সংখ্যক পদ। ২। 'ছানিয়া খাইলুঁ' স্থলে 'ছাকিয়া খাইতে' সা-প ২০১ পুথি। ৩। 'কহন' প-র-সা। ৪। 'তাহার' ইত্যাদি স্থলে 'আনল অধিক শেষ' ঘ; 'পাওল অবধি শেষ' সা-প ২০১ পুথি। ৫। 'বাঢ়াইলুঁ' সা-প ২০১ পুথি। ৬। 'মিরিতি সাধিলু' (সা-প ২০১ পুথি) স্থলে 'মরণ অধিক' ক, খ, ঘ, চ, প-র-সা। 'মরণ অধিক' পাঠে ভাল অর্থ হয় না। ৭। 'না জানি এ' স্থলে 'না জানিয়া' সা-প ২০১ পুথি। ৮। 'পিরিতি' ইত্যাদি স্থলে সা-প ২০১ পুথির পাঠ যথা—'পিরিতি পরাণ হয় সুখদুখময়'।

তথা রাগ।[১]

পিরিতি পিরিতি কি রীতি মুরতি
হৃদয়ে লাগল সে।
পরাণ ছাড়িলে পিরিতি না ছাড়ে
পিরিতি গঢ়ল[২] কে॥
পিরিতি বলিয়া এ তিন আঁখর
না জানি আছিল কোথা।
পিরিতি-কণ্টক হিয়ায় ফুটল
পরাণ-পুতলী যথা॥
পিরিতি পিরিতি পিরিতি অনল
দ্বিগুণ জ্বলিয়া[৩] গেল।
বিষম অনল নিভাইল নহে
হিয়ায় রহিল[৪] শেল॥
চণ্ডীদাস-বাণী শুন বিনোদিনি
পিরিতি না কহে কথা।
পিরিতি লাগিয়া পরাণ ছাড়িলে
পিরিতি মিলয়ে তথা॥৭৭॥৮৭৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৬৬ সংখ্যক পদ। ২। 'গড়ল' খ, প-র-সা। ৩। 'জালিয়া' চ, প-র-সা। ৪। 'রহল' ঘ, চ।

শ্রীরাগ ।১

ভুবন ছানিয়া যতন করিয়া
আনিল২ প্রেমের বীজ ।
রোপণ করিতে গাছ যে হইল
সাধল৩ মরম নিজ৪ ॥
সই প্রেম-তরু কেন হৈল ।
হাম অভাগিনী দিবস রজনী
সিঁচিতে জনম গেল ॥ ধ্রু ॥
পিরিতি করিয়া সুখ যে পাইব
শুনিলুঁ সখীর মুখে ।
অমিয়া বলিয়া গরল কিনিয়া
খাইলুঁ আপন সুখে ॥
অমিয়া হইত স্বাদু লাগিত
হইল গরল ফলে ।
কানুর পিরিতি শেষে৫ হেন রীতি
জানিলুঁ পুণ্যের বলে ॥
যত মনে ছিল সকলি পূরিল
আর না চাহিব নেহা৬ ।
চণ্ডীদাস কহে পরশন বিনে
কেমনে ধরিবে দেহা ॥৭৮॥৮৭৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৬৭ সংখ্যক পদ। ২। 'আনিনু' ক, চ। ৩। 'সাধিল' খ। ৪। 'নীজ' ঘ, চ। ৫। 'শেষ' প-র-সা। ৬। 'লেহা' ক, খ, চ, প-র-সা।

সই কে বলে পিরিতি হীরা২ ।
সোণায় জড়িয়া হিয়ায় করিতে
দুখ উপজিল ফিরা ॥ ধ্রু ॥
পরশ-পাথর বড়ই শীতল
কহয়ে সকল লোকে ।
মুই অভাগিনী লাগিল৩ আগুনি
পাইলুঁ এতেক শোকে৪ ॥
সব কুলবতী করয়ে পিরিতি
এমত না হয় কারে ।
এ পাড়াপড়সী ডাহিনী৫-সদৃশী
এমত না খায় তারে ॥
গৃহের গৃহিণী আর ননদিনী
বোলয়ে বচন যত ।
কহিলে কি যায় কি করি উপায়
পরাণে সহিবে কত ॥
নান্নুরের মাঠে৬ গ্রামের হাটে
বাশুলী আছয়ে যথা ।
তাহার আদেশে কহে চণ্ডীদাসে
সুখ যে পাইবা৭ কোথা ॥৭৯॥৮৭৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৬৮ সংখ্যক পদ। ২। 'হিরা' ঘ, চ। ৩। 'লাগুক' ক, খ। ৪। 'দুখে' ক, চ। ৫। 'ডাইন' প-র-সা। ৬। 'ঠামে' খ। ৭। 'পাইব' ক; 'পাইবে' প-র-সা।

তথা রাগ ।১

কানুর পিরিতি চন্দনের রীতি
ঘসিতে সৌরভময় ।
ঘসিয়া আনিয়া হিয়ায় লইতে
দহন দ্বিগুণ হয় ॥

তথা রাগ ।১

আপনা খাইলুঁ সোণা যে কিনিলুঁ
ভূষণে ভূষিব২ দেহ ।
সোণা যে নহিল পিতল হইল
এমতি কানুর লেহ৩ ॥

সই মদন-সোণারে না চিনে সোনা।
সোনা যে বলিয়া　　পিতল আনিয়া
গড়ি দিল যে গহনা ॥ ধ্রু ॥
প্রতি অঙ্গুলিতে　　ঝলকে[৪] দেখিতে
হাসয়ে সকল লোকে।
ধন সে[৫] গেল　　কাজ না হইল[৬]
শেল র'হি গেল বুকে ॥
যেন মোর মতি　　তেমতি এ গতি
ভাবিয়া দেখিলুঁ চিতে।
খলের কথায়　　পাথারে সাঁতারি
উঠিতে নারিলুঁ ভিতে ॥
অভাগিয়া জনে　　ভাগ্য নাহি জানে
না পূরয়ে সব সাধ।
খাইতে নাহি ঘরে　　সাধ বহু করে
বিহি করে অনুবাদ ॥
চণ্ডীদাসে কহে　　বাশুলী-কৃপায়ে
আর নিবেদিব কায়।
তভু ত পিরিতি　　নাহি পায় যদি
পরাণে মরিয়া যায় ॥৮০॥৮৭৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১০৬৯ সংখ্যক পদ। ২। 'ভূষিত' ক। ৩। 'নেহ' খ। ৪। 'ঝলক' প-র-সা। ৫। 'যে' ক, চ, প-র-সা। ৬। 'না হইল' স্থলে 'নহিল' প-র-সা।

তথা রাগ।১

কানুর পিরিতি　　মরমে বেয়াধি
হইল এতেক দিনে।
মৈলে কি ছাড়িবে　　সঙ্গে না যাইবে[২]
কিনা করিব[৩] বিধানে ॥
সই জিয়স্তে এমন জ্বালা।
জাতি কুল শীল　　সকলি ডুবিল
ছাড়িলে না ছাড়ে কালা ॥ ধ্রু ॥
শয়নে স্বপনে　　না করিয়ে মনে
ধরম গণিয়া থাকি।
আসিয়া মদন　　দেয় কদর্থন[৪]
অন্তরে জ্বালয়ে[৫] উকি ॥
সরোবর মাঝে　　মীন যে থাকয়ে
উঠে অগ্নি দেখিবারে।
ধীবর কাল　　হাতে[৬] লই জাল
তুরিতে ঝাঁপয়ে তারে ॥
কানুর পিরিতি　　কালের বসতি
যাহার হিয়ায় থাকে।
খলের খলনে　　জারে সেই জনে[৭]
কলঙ্ক ঘোষয়ে লোকে ॥
চণ্ডীদাস-মন　　বাশুলী-চরণ
আদেশে রজক[৮]-নারি।
সহিতে সহিবে[৯]　　কিছু না ভাবিবে
রহিবে একান্ত করি ॥৮১॥৮৭৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১০৭০ সংখ্যক পদ। ২। 'না যাইবে' স্থলে 'নাহি যাইবে' প-র-সা। ৩। 'কিনা করিব' স্থলে 'না করিব কি' ক, খ। ৪। 'কদথন' খ। ৫। 'জলয়ে' খ, ঘ, প-র-সা। ৬। 'তাহে' প-র-সা। ৭। 'জারে সেই জনে' স্থলে 'যারে সেই জানে' ক; 'জারে সেই জানে' চ, প-র-সা। ৮। 'রযুক' ক; 'রজুক' চ। ৯। 'সহিতে' ক, প-র-সা।

তথা রাগ ।[১]

যাবত জনমে কি হৈল করমে
পিরিতি হইল কাল ।
অন্তরে বাহিরে পশিয়া রহিল
কেমতে হইবে ভাল ॥
সই বল না উপায় মোরে ।
গঞ্জনা সহিতে নারি আর চিতে
মরম কহিলুঁ তোরে ॥
ননদী-বচনে জ্বলিছে পরাণে
আপাদ মস্তক চুল ।
কলঙ্কের ডালি মাথায় করিয়া
পাথারে ভাসাব কুল ॥
ভাসিয়া যায় ঘুচয়ে দায়
না[২] বোলে[৩] এ ছার লোকে ।
চণ্ডীদাস কহে এমতি হইলে
মরিবে তাহারা শোকে ॥৮২॥৮৮০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৭১ সংখ্যক পদ।
২। 'এ' ক। ৩। 'বোল' ক ; 'বোলয়ে' চ।

ধানশী ।[১]

আমরা সরল[২] পিরিতি গরল
লাগিল অমিয়াময় ।
মহানন্দ রীতি বিছুরিলুঁ পতি
কলঙ্ক সভাই কয় ॥
সই দৈবে হৈল হেন মতি ।
অন্তর জ্বলিল পরাণ পুড়িল
ঐছন পিরিতি-রীতি ॥ ধ্রু ॥
মাটি খোদাইয়া খাল বানাইয়া
উপরে দেয়ল[৩] চাপ ।
আহার দিয়া মারয়ে বান্ধিয়া
এমন করয়ে পাপ ॥
নৌকাতে চড়াঞা দরিয়াতে লৈয়া
ছাড়য়ে অগাধ জলে ।
ডুবু ডুবু করি ডুবিয়া না মরি
উঠিতে নারিয়ে কূলে ॥
এমতি করিয়া পরাণে মারিয়া
চলিল আপন ঘরে ।
চণ্ডীদাসে কয় এমতি সে হয়
তুমি সে ভাবহ তারে ॥৮৩॥৮৮১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৭২ সংখ্যক পদ।
২। 'সরলা' খ। ৩। 'দেওল' ক।

তথা রাগ ।[১]

সুখের লাগিয়া পিরিতি করিলুঁ
শ্যাম বন্ধুয়ার সনে ।
পরিণামে এত দুখ হবে বল্যা[২]
কোন অভাগিনী জানে ॥
সই পিরিতি বিষম মানি ।
এত সুখে এত দুখ হবে বল্যা[৩]
স্বপনে নাহিক জানি ॥ ধ্রু ॥
সে হেন কালিয়া নিঠুর হইল
কি শেল লাগিল যেন ।
দরশন-আশে যে জন ফিরয়ে
সে এত নিঠুর কেন ॥
বল না বল না কি বুদ্ধি করিব[৪]
ভাবনা বিষম হৈল ।
হিয়া দগদগি পরাণ পোড়নি
কি দিলে হইবে ভাল ॥
চণ্ডীদাসে কহে শুন বিনোদিনি
মনে না ভাবিহ আন ।
তুমি সে শ্যামের সরবস ধন
শ্যাম সে তোমার প্রাণ ॥৮৪॥৮৮২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৭৩ সংখ্যক পদ। ২-৩। 'হবে বল্যা' স্থলে 'যে হইবে' প-র-সা। ৪। 'বল না' ইত্যাদি স্থলে 'বল না কি বুদ্ধি করিব এখন' ক; 'বল না কি বুদ্ধি করিব সজনি' প-র-সা।

শ্রীরাগ।১

বিবিধ কুসুম যতনে আনিয়া
গাঁথিলুঁ পিরিতি-মালা।
শীতল নহিল পরিমল গেল
জ্বালাতে জ্বলিল গলা॥
সই মালী কেন হেন হৈল।
মালায় করিয়া বিষ মিশাইয়া
হিয়ার মাঝারে২ দিল॥ ধ্রু॥
জ্বালায় জ্বলিয়া উঠিল যে হিয়া
আপাদ মস্তক চুল।
কি কহিব৩ সখি না শুনি না দেখি
আগুন হইল ফুল॥
ফুলের উপর চন্দন লাগল
সংযোগ হইল ভাল।
দুই এক হৈয়া পোড়াইল হিয়া
পাঁজর ধসিয়া গেল॥
ধসিতে ধসিতে সকলি ধসিল
নির্ম্মূল৪ হৈল দেহ।
চণ্ডীদাসে কয় কহিলে না হয়
ঐছন কানুর লেহ৫ ॥৮৫॥৮৮৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৭৪ সংখ্যক পদ। ২। 'হিয়ার মাঝারে' স্থলে 'আমার গলায়' প-র-সা। ৩। 'কহিব' ক। ৪। 'নির্ম্মল' ক, খ, চ, প-র-সা। ৫। 'নেহ' ঘ।

তথা রাগ।১

সুখের লাগিয়া রন্ধন করিলুঁ
জ্বালাতে জ্বলিল২ দে।
স্বাদু৩ নহিল জাতি সে গেল
ব্যঞ্জন খাইবে কে॥
সই ভোজন বিস্বাদ৪ হৈল।
কানুর পিরিতি হৈন রসবতী
স্বাদ৫ গন্ধ দূরে গেল॥ ধ্রু॥
পিরিতি রসের নাগর৬ দেখিয়া
আরতি বাঢ়ালুঁ তাতে।
তবে সে সজনি দিবস রজনী
অনল উঠিল চিতে॥
উঠিতে উঠিতে অধিক উঠিল
পিরিতে ডুবিল দেহ।
নিমে সুধা দিয়া একত্র করিয়া
ঐছন কানুর লেহ৭॥
চণ্ডীদাস কয় হিয়ায়৮ সহয়
সকলি গরল হৈল।
কিছু কিছু সুধা বিষ-গুণ৯ আধা
চিরঞ্জীবী দেহ কৈল॥৮৬॥৮৮৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৭৫ সংখ্যক পদ। ২। 'ভরিল' প-র-সা। ৩। 'স্বাদ' চ, প-র-সা। ৪। 'বিস্বাদ্' খ, ঘ। ৫। 'স্বাদ্' ঘ, চ। ৬। 'সাগর' ঘ। ৭। 'নেহ' ঘ। ৮। 'হিয়া যে' ঘ। ৯। 'বিষগুণা' ক, ঘ; 'বিষগুন' প-র-সা।

সুহই।১

পাপ পরাণে কত সহিবেক জ্বালা।
শিশুকালে মরি গেলে হইত যে২ ভালা॥
এ জ্বালা জঞ্জাল সই তবে পরিহরি।
ছেদন করিয়া দেহ পিরিতের ডুরি॥

তেমতি নহিল যার এমতি বেভার।
কলঙ্ক-কলসী লৈয়া ভাসিব পাথার॥
চণ্ডীদাসে কহে ইহা বাশুলী-কৃপায়।
পিরিতি লাগিয়া কেন ভাসিবে
দরিয়ায় ॥৮৭॥৮৮৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৭৬ সংখ্যক পদ।
'হইত যে' স্থলে 'তবে হৈত' ঘ; 'হইত সে' প-র-সা।

তথা রাগ।১

ধরম করম গেল গুরু-গরবিত।
অবশ করিল কালা কানুর পিরিত॥
ঘরে পরে কি না বলে করিব হাম কি২।
কে না করয়ে প্রেম আমি কলঙ্কী॥
বাহির হইতে নারি লোক চরচাতে।
হেন মন করে বিষ খাইয়া মরিতে॥
একে নারী কুলবতী অবলা বলে লোকে।
কানু-পরিবাদ হৈল পুড়্যা৩ মরি শোকে॥
খাইতে নারিয়ে কিছু রহিতে নারি ঘরে।
ভাবিতে ভাবিতে ব্যাধি সামাইল৪ অন্তরে॥
জারিল সে তনু মন ব্যাপিল শরীর।
চণ্ডীদাস বলে ভাল হইবে
সুস্থির ॥৮৮॥৮৮৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৭৭ সংখ্যক পদ।
২। 'কী' চ। ৩। 'পুড়ে' ক। ৪। 'হইল' প-র-সা।

ধানশী।১

সুখের লাগিয়া এ ঘর বান্ধিলুঁ
আনলে পুড়িয়া গেল।
অমিয়া-সাগরে২ সিনান করিতে
সকলি৩ গরল ভেল॥
সখি হে৪ কি মোর করমে৫ লেখি।
শীতল বলিয়া ও চাঁদ৬ সেবিলুঁ৭
রবির৮ কিরণ দেখি॥ ধ্রু॥
নিচল ছাড়িয়া উচলে উঠিতে৯
পড়িলুঁ অগাধ জলে।
লছিমী১০ চাহিতে দারিদ্র্য বাঢ়ল১১
মাণিক হারালুঁ হেলে॥
পিয়াস লাগিয়া জলদ সেবিলুঁ
বজর পাড়িয়া গেল১২।
জ্ঞানদাস১৩ কহে কানুর পিরিতি১৪
মরণ-অধিক শেল১৫ ॥৮৯॥৮৮৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০২, ২৮১ ও ১৩৭৮ এবং প-র পুথির ১৪।৮২ সংখ্যক পদ। ২। 'হিল্লোলে' প-র। ৩। 'সুধই' প-র। ৪। 'সখি হে' স্থলে 'সই' প-র-সা, প-র। ৫। 'করম' প-র। ৬। 'ও চাঁদ' স্থলে 'চান্দ যে' প-র-সা। ৭। 'সেবিতে' প-র। ৮। 'ভানুর' প-র-সা, প-র। ৯। 'উঠিলুঁ' খ, চ, প-র। 'নিচল' ইত্যাদি স্থলে—'উচল বলিয়া অচলে চড়িতে' প-র-সা। ১০। 'লছমি' প-র-সা; 'লখিমি' প-র। ১১। 'বেঢ়ল' ক, খ, চ, প-র-সা, প-র। ১২। 'বজর' ইত্যাদি স্থলে 'বজর পড়িয়া গেল' ক, খ, ঘ, চ; 'পাইলু' (পাঠান্তর—'পীড়িলু') 'বজর তাপে' প-র-সা। ১৩। 'চণ্ডীদাসে' প-র। ১৪। 'কানুর পিরিতি' স্থলে 'পিরিতি করিয়া' প-র-সা। ১৫। 'মরণ' ইত্যাদি স্থলে 'পাছে কর অনুতাপে' প-র-সা; 'হৃদয়ে রহিল শেল' প-র।

সিন্ধুড়া।১

এ দেশে না রহিব২ সই দূরদেশে যাব।
এ পাপ পিরিতের কথা শুনিতে না পাব॥
না দেখিব নয়নে পিরিতি করে যে।
এমতি বিষম বেথা৩ জানি৪ দিবে সে॥
পিরিতি আঁখর তিন না দেখি নয়ানে।
যে কহে তাহার আর না দেখি বয়ানে॥
পিরিতি বিষম দায়ে ঠেকিয়াছি আমি।
দ্বিজ চণ্ডীদাসে কহে ইহার গুরু
তুমি ॥৯০॥৮৮৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৭৯ সংখ্যক পদ। ২। 'রব' ক, প-র-সা। ৩। 'ব্যথা' ক, চ; 'কথা' খ। ৪। 'আনি' ক, প-র-সা।

তত্তঃ প্রকারান্তরং।

বালা ধানশী।১

পিরিতি বলিয়া এ তিন আঁখর
সিরজিল কোন ধাতা।
অবধি জানিতে সোধাই২ কাহাতে
ঘুচাই মনের বেথা॥
পিরিতি-মুরতি পিরিতি-রতন
যার চিতে উপজিল।
সে ধনি কতেক জনমে জনমে
ভাগ্য করিয়াছিল॥
সই পিরিতি না জানে যারা।
এ তিন ভুবনে জনমে জনমে
কি সুখ জানয়ে তারা॥ ধ্রু॥
যে জন যা বিনে না রহে পরাণে
সে যে হৈল কুলনাশী।
তবে কেনে তারে কলঙ্কিনী বলে
অবুধ গোকুলবাসী॥
গোকুল-নগরে কেবা কি না করে
অবুধ মূঢ় সে৩ লোকে।
চণ্ডীদাসে ভণে মরুক যে৩ জনে
পর-চরচায় থাকে ॥৯১॥৮৮৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৮০ সংখ্যক পদ। 'বালা ধানশী' স্থলে 'ধানশী' ক, খ, প-র-সা। ২। 'সুধাই' ক, খ, প-র-সা। ৩। 'মূঢ় সে' স্থলে 'মূঢ়সি' ঘ; 'মুড়সি' চ।

শ্রীরাগ।১

এই মোর মনে হয় রাতি দিনে
ইহা বহি নাহি আর।
পিরিতি বলিয়া এ তিন আঁখর
এ তিন ভুবন-সার॥
বিহি একচিতে ভাবিতে ভাবিতে
নিরমাণ কৈল পি২।
রসের সায়র মন্থন করিতে
তাতে উপজিল রি॥
পুন যে মথিয়া অমিয়া হইল
তাহে ভিয়াইল৩ তি।
সকল সুখের এ তিন আঁখর
তুলনা দিব যে কি৪॥
যাহার মরমে পশিল যতনে
এ তিন আঁখর সার।
ধরম করম সরম ভরম
কিবা জাতি কুল তার॥
এ হেন৫ পিরিতি না জানি কি রীতি
পরিণামে কিবা হয়।
পিরিতি-বন্ধন বড়ই বিষম
দ্বিজ চণ্ডীদাসে কয় ॥৯২॥৮৯০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৮১ সংখ্যক পদ। ২। 'পী' ঘ, চ। ৩। 'ভিঞাইল' খ, চ। ৪। 'কী' চ। ৫। 'এ হেন' স্থলে 'এই না' ঘ।

তথা রাগ।১

পিরিতি বলিয়া একটি কমল
রসের সায়র২ মাঝে।
প্রেম-পরিমল৩ - লুবধ ভ্রমর
ধায়ল আপন কাজে॥
ভ্রমর জানয়ে কমল-মাধুরী
তেঞি সে তাহারি৪ বশ।
রসিক জানয়ে রসের চাতুরী৫
আনে৬ কহে অপযশ॥
সই এ কথা বুঝিবে কে।
যে জন জানয়ে সে যদি না কহে
কেমনে ধরিব৭ দে॥ ধ্রু॥
ধরম করম লোক চরচাতে
এ কথা বুঝিতে নারে।
এ তিন আঁখর যাহার মরমে
সেই সে বুঝিতে পারে॥
চণ্ডীদাসে কহে শুন ল সুন্দরি৮
পিরিতি রসের৯ সার।
পিরিতি-রসের১০ রসিক নহিলে১১
কি ছার পরাণ তার॥৯৩॥৮৯১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৬, ৩৬১ ও ১৩৮২ সংখ্যক পদ। ২। 'সাগর' প-র-সা (পাঠান্তর)। ৩। 'পরিমলে' প-র-সা (পাঠান্তর)। ৪। 'তাহার' ক, খ, ঘ, চ ৷৫। 'মাধুরী' প-র-সা। ৬। 'লোকে' প-র-সা। ৭। 'ধরিবে' ক, খ, চ, প-র-সা। ৮। 'চণ্ডীদাসে কহে' ইত্যাদি স্থলে 'কহে নরহরি শুন সুনাগরি' প-র-সা (পাঠান্তর)। ৯। 'সুখের' প-র-সা (পাঠান্তর)। ১০। 'মরম' প-র-সা (পাঠান্তর)। ১১। 'রসিক নহিলে' স্থলে 'মরমে নহিল' প-র-সা (পাঠান্তর)।

তথা রাগ।১

সুখের পিরিতি আনন্দ যে রীতি২
দেখিতে সুন্দর হয়।
মধুর পীযুষে মদন সহিতে
মাখিলে সে রসময়৩॥
সই কিবা কারিগর সে।
এমত সংযোগে৪ করি অনুরাগে
কেমতে গড়িল দে॥ ধ্রু।
সাগর মাঝারে থাকয়ে৫ অমিয়া
কেমনে পাইবে সেহ৬।
মদন মাদন পাইল কোন স্থান
রসে নিরমিল দেহ৭॥
তিন তিন গুণে বিন্ধিলেক ঘুণে
পাঁজর ধসিয়া গেল।
যতন করিয়া অবলা বধিতে
আনিলে৮ এমতি শেল॥
এমন অকাজ করে কোন রাজ৯
বুঝিতে নারিলুঁ মোরা।
কুলের ধরমে তেজিলুঁ মরমে
এমতি হউক তারা॥
চণ্ডীদাসে কয় মিছা গালি হয়
না দেখি অনেক লোকে।
আপনা আপনি বোলহ১০ কাহিনী
আপন মনের সুখে॥৯৪॥৮৯২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুঁথির ১৩৮৩ সংখ্যক পদ। ২। 'যে রাতি' স্থলে 'কিরিতি' খ, ঘ। ৩। 'সে রসময়' স্থলে 'সরসময়' প-র-সা। ৪। 'সম্ভোগ' ক। ৫। 'থাকিয়া' ক, খ, প-র-সা। ৬ 'সে' ক, প-র-সা। ৭। 'দে' ক, প-র-সা। ৮। 'আনিল' ক। ৯। 'এমন অকাজ' ইত্যাদি কলিটি প-র-সা পুথিতে নাই। ১০। 'বলহ' ক, খ, প-র-সা।

তথা রাগ।১

সই পিরিতি আঁখর তিন।
জনম অবধি ভাবি নিরবধি
না জানিয়ে রাতি দিন ॥ ধ্রু ॥
পিরিতি পিরিতি সব জনা কহে
পিরিতি কেমন রীত।
রসের স্বরূপ পিরিতি-মুরতি
কেবা করে পরতীত ॥
পিরিতি-মন্তর জপে যেই জন
নাহিক তাহার মুল।
বন্ধুর পিরিতে আপনা বেচিলুঁ[২]
নিছি[৩] দিলু জাতি কুল ॥
সে রূপ-সায়রে নয়ন ডুবিল[৪]
সে গুণে বান্ধল[৫] হিয়া।
সে সব চরিতে ডুবিল যে চিতে[৬]
নিবারিব কি বা[৭] দিয়া ॥
খাইতে খাইছি শুইতে শুইছি
আছিতে আছিয়ে[৮] ঘরে।
চণ্ডীদাস কহে ইঙ্গিত পাইলে
অনল দি[৯] ঘর দ্বারে[১০] ॥৯৫॥৮৯৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুঁথির ১৩৮৪ পদ। ২। 'নিছিলু' প-র-সা। ৩। 'বিচি' প-র-সা। ৪। 'ডুবল' খ। ৫। 'বাহিল' ক। ৬। 'যে চিতে' স্থলে 'সে মন' খ। ৭। 'কি না' ক, খ। ৮। 'আছ আপন' খ; 'আছিয়ে আপন' ঘ। ৯। 'দিয়ে' ক, খ, চ, প-র-সা। ১০। 'ঘর দ্বারে' স্থলে 'দুয়ারে' ক, চ, প-র-সা।

সুহই।১

এই ভয় উঠে মনে এই ভয় উঠে।
না জানি কানুর প্রেম তিলে জানি[২] টুটে[৩] ॥
গড়ন[৪] ভাঙ্গিতে সই আছে কত খল[৫]।
ভাঙ্গিয়া গড়িতে[৬] পারে সে বড় বিরল[৭] ॥
যথা তথা যাই আমি যত দুখ পাই।
চাঁদমুখের[৮] মধুর হাসি তিলেক জুড়াই ॥
সে হেন বন্ধুরে মোর যে জন ভাঙ্গায়।
হাম নারী অবলার বধ লাগে তায় ॥
চণ্ডীদাস কহে রাই ভাবিছ অনেক।
তোমার পিরিতি বিনে না[৯] জিয়ে
তিলেক ॥৯৬॥৮৯৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৮৫ সংখ্যক পদ। ২। 'জনি' প-র-সা। ৩। 'ছুটে' ঘ। ৪। 'গঢ়ন' খ, ঘ। ৫। 'জন' প-র-সা। ৬। 'গঢ়িতে' খ, ঘ। ৭। 'সুজন' প-র-সা। ৮। 'চাঁদ মুখে' ক, প-র-সা। ৯। 'সে' ক; 'সে না' ঘ, চ, প-র-সা।

শ্রীরাগ।১

শ্যামের পিরিতি মুরতি[২] হইলে
তবে কি পরাণে[৩] ফলে।
পরাণে পিরিতে[৪] সমান করিলে
কে তারে জিয়ন্ত বলে ॥

যদি হাম শ্যাম বন্ধু লাগি পাঙ[৫]
তবে সে এ দুখ টুটে।
আন মত[৬] শুনি মনের আগুনি
ঝলকে ঝলকে উঠে ॥
পরাণ সমান[৭] পিরিতি-রতন[৮]
জুখিলুঁ হৃদয়-তুলে[৯]।
পিরিতি-রতন[১০] অধিক[১১] হইল
পরাণ উঠিল চুলে[১২] ॥
জাতি কুল বলি দিলুঁ তিলাঞ্জলি
আর সতী-চরচাতে।
তনু ধন জন[১৩] জীবন যৌবন
নিছিলুঁ কালা-পিরিতে ॥
হিয়ায় রাখিব কারে না কহিব[১৪]
পরাণে পরাণে[১৫] জড়া।
কি জানি কি খেণে[১৬] কি দিয়া কি কৈলে
মরিলে[১৭] না যায় ছাড়া ॥
তিলেকে[১৮] মরিয়ে যদি না দেখিয়ে
শয়নে স্বপনে[১৯] বন্ধু।
কহে চণ্ডীদাস মরমে রহল[২০]
পিরিতি অমিয়া-সিন্ধু ॥৯৭॥৮৯৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৮৬ ও প-র পুথির ১৪।৫৫ সংখ্যক পদ। ২। 'কিরিতি' প-র; 'মিরিতি' সা-প ২০১ পুথি। ৩। 'পরাণ' ক, চ, প-র-সা; 'গরল' প-র। ৪। 'পরাণে পিরিতে' স্থলে 'পরাণ পিরিতি' ক, চ, প-র-সা। ৫। 'যদি' ইত্যাদি পংক্তি স্থলে প-র পুথির পাঠ যথা,—'শ্যাম-ধনের নাগালি পাল্যে'। প-র পুথিতে 'শ্যাম-ধনের' ইত্যাদি কলিটি দ্বারাই এই পদ আরম্ভ করা হইয়াছে। ৬। 'আনমত' স্থলে 'অনুপায়' প-র। ৭। 'রতন' প-র। ৮। 'পরশে' প-র। ৯। 'জুখিলুঁ' ইত্যাদি স্থলে 'খুজিনু হৃদয়ে তুলে' ক। ১০। 'পরশ' প-র। ১১। 'দ্বিগুণ' প-র। ১২। 'তুলে' প-র। ১৩। 'মন ধন' প-র। ১৪। 'হিয়ায়' ইত্যাদি স্থলে প-র পুথির পাঠ যথা—'হিয়ায় হিয়ায় লাগিয়া থাকিব'। ১৫। 'পরাণ' প-র। ১৬। 'কি খেণে' স্থলে 'কি খানে' খ, ঘ, চ; 'কি ক্ষণে' ক। ১৭। 'অন্তরে' প-র। ১৮। 'তিলেক' ক, খ, ঘ, চ। ১৯। 'শয়নে স্বপনে' স্থলে 'সপনে সে শ্যাম' প-র। ২০। 'হানিল' প-র।

তথা রাগ।[১]

কানু-পরিবাদ মনে ছিল সাধ
সফল করিল বিধি।
কুজন-বচনে ছাড়িতে নারিব
সে হেন গুণের নিধি ॥
বন্ধুর পিরিতি শেলের ঘা
পশিলে সহিলুঁ[২] বুকে।
দেখিতে দেখিতে বেথাটি বাড়িল
এ দুখ কহিব কাকে ॥
হিয়া দগদগ করে নিরন্তর[৩]
যারে না দেখিলে মরি।
হিয়ার ভিতরে কি শেল সন্ধাইল
বল না কি বুদ্ধি করি ॥
অন্য বেথা নয় বোধে সোধে রয়
হিয়ার মাঝারে থুইয়া[৪]।
কোন কুলবতী কুল মজাইয়া
কেমনে রৈয়াছে সইয়া[৫] ॥
অবলা অখল হৃদয় সরল[৬]
কথায়ে ভুলিয়া গেলুঁ।
পরের কথায় পিরিতি করিয়া
জনম কান্দিয়া মলুঁ ॥
সকল ফুলে ভ্রমরা বুলে
কি[৭] তার আপনা[৮] পর।
চণ্ডীদাস কহে কানুর পিরিতি
কেবল দুখের ঘর ॥৯৮॥৮৯৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৮৭ সংখ্যক পদ। ২। 'সহিলে' ক; 'সহিল' চ, প-র-সা। ৩। 'হিয়া' ইত্যাদি কলিটি ক, খ, ঘ, চ ও প-র-সা পুথিতে নাই; সা-প ২০১ সংখ্যক পুথি হইতে উদ্ধৃত হইল। ৪। 'থুইঞা' ক, খ; 'থুইয়ে' প-র-সা। ৫। 'শুইঞা' ক, খ; 'সহিয়া' ঘ; 'শৈঞা' চ; 'সইয়ে' প-র-সা। ৬। 'অবলা' ইত্যাদি কলিটি ক, খ, ঘ, চ ও প-র-সা পুথিতে নাই; সা-প ২০১ সংখ্যক পুথি হইতে উদ্ধৃত হইল। ৭। 'কে' ঘ। ৮। 'আপন' চ, প-র-সা।

শ্রীরাগ ।১

না বোল না বোল সখি না বোল এমনে।
পরাণ বান্ধিয়া আছি সে বন্ধুর সনে ॥ধ্রু॥
তেজিল কুল শীল এ লোক-লাজ।
কি গুরু-গৌরব গৃহের কাজ ॥
তেজিয়া সব লেহা পিরিতি কৈলুঁ।
যে ইহায় বিরতি তারে জিয়ন্তে মেলুঁ[২] ॥
যে চিতে দড়াঞাছি[৩] সেই সে হয়।
খেপিল বাণ যেন রাখিল নয় ॥
ঠেকিলুঁ প্রেমফাঁদে সকলি নাশ।
ভালে সে জ্ঞানদাস না করে আশ ॥

॥৯৯॥৮৯৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৮৮ সংখ্যক পদ। ২। 'যে' ইত্যাদি পংক্তির স্থলে 'যেই হয়ে বিরতি তারে তেজিয়া মৈলুঁ' ক; 'যে হয়ে বিরতি তারে জিয়স্তে মলুঁ'। প-র-সা। ৩। 'দড়াইয়া' খ; 'দঢ়ায়্যাছি' চ।

টীকা

৫—৬। "তেজিয়া" ইত্যাদি। অন্য সকল স্নেহ পরিত্যাগ করিয়া (শ্রীকৃষ্ণের সহিত) প্রেম করিলাম; যে (শ্রীকৃষ্ণ) ইহাতে বিরতি অর্থাৎ বিতৃষ্ণ জীবিতাবস্থায় তাহার সহিত সম্মিলিত হইলাম! (শ্রীরাধার উক্তির তাৎপর্য্য এই যে, এ ভাবে শ্রীকৃষ্ণের সহিত সম্মিলন অপেক্ষা দেহ পরিত্যাগ করা শ্রেয় ছিল)।

৭—৮। "যে" ইত্যাদি। চিত্তে যে (ভাব) দৃঢ় করিয়াছি, তাহাই কার্য্যে প্রকাশ পাইবে; যেমন (ধনু হইতে) নিক্ষিপ্ত বাণ রক্ষা করিবার যোগ্য নহে! (শ্রীরাধার উক্তির তাৎপর্য্য এই যে, যেমন মুক্ত শরকে ফিরাইয়া আনা যায় না, তেমন প্রেম-প্রবণ হৃদয়কেও নিরস্ত করা অসম্ভব)।

১০। "ভালে" ইত্যাদি। জ্ঞানদাস যে আশা করে না,—(তাহা) ভালই (বটে)। (আশা করিলেই আশার অপরিতৃপ্তি-জনিত নানা দুঃখ নানা সময়ে সহ্য করিতে হয়; সে জন্য সুচতুর জ্ঞানদাস আশাকে হৃদয়ে পোষণ করেন না)। তুলনা করুন,—

"ন তথা সুখয়ত্যঙ্গ-সংলগ্না বরবর্ণিনী।
যথা সুখয়তি স্বান্তামন্দু-শীতা নিরাশতা ॥"
—যোগবাশিষ্ঠ, ৪০.৭৪।

সুহই ।১

কানু সে জীবন জাতি প্রাণ-ধন
এ দুটি আঁখির তারা।
পরাণ-অধিক হিয়ার পুতলী
নিমিখে নিমিখে[২] হারা ॥
তোরা কুলবতী ভজ নিজ পতি
যার যেবা মনে লয়।
ভাবিয়া দেখিলুঁ শ্যামবন্ধু বিনু
আর কেহো মোর নয় ॥
কি আর বুঝাও কুলের ধরম[৩]
মন স্বতন্তর[৪] নয়।
কুলবতী হৈয়া রসের পরাণ
আর কার[৫] জনি[৬] হয় ॥

যে মোর করমে[৭] লিখন আছিল
বিহি ঘটায়ল মোরে।
তোমরা কুলবতী দেখিলে কুমতি[৮]
কুল লৈয়া থাক ঘরে[৯] ॥
গুরু দুরুজন বলু কুবচন
না যাব সে লোক-পাড়া।
জ্ঞানদাস কয় কানুর পিরিতি
জাতি কুল শীল ছাড়া ॥১০০॥৮৯৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১১, ১৩৮৯ ও প-র পুথির ১৪।১০৯ সংখ্যক পদ। ২। 'বাসিয়ে' প-র-সা ; 'নিমিখ' প-র। ৩। 'কুলের ধরম' স্থলে 'ধরম বিচার' প-র-সা। ৪। 'আপনার' প-র। ৫। 'আর কার' স্থলে 'কভু কারো' প-র-সা। ৬। 'জানি' ক। ৭। 'কপালে' প-র-সা। ৮। 'দেখিলে কুমতি' স্থলে 'দেখিনু মুকতি' ক ; 'দেখিলে মুকতি' প-র-সা ; 'দেখিলে মুরতি' চ, প-র। ৯। অতঃপর প-র-সা পুথিতে নিম্নলিখিত অতিরিক্ত কলিটি দৃষ্ট হয় ; যথা,—
'কানু বিনে প্রাণ নাহি জানে আন
না শুনি আনের কথা।
কানু বিনে সব যে সুখ বৈভব
শুনিতে শ্রবণে বেথা ॥'

অথ অনুরাগঃ প্রকারান্তরং যথা।

তত্র শ্রীগৌরচন্দ্র।

শ্রীরাগ।[১]

গোরা-রূপ লাগিল নয়নে।
কিবা নিশি কিবা দিশি শয়নে স্বপনে ॥
যে দিগে ফিরাই আঁখি[২] সেই দিগে দেখি।
পিছলিতে করি সাধ[৩] না পিছলে আঁখি ॥
কি খেণে দেখিলাম গোরা কি না মোর হৈল।
নিরবধি গোরা-রূপ মরমে[৪] লাগিল[৫] ॥
চিত নিবারিতে চাহি নহে নিবারণ।
বাসুঘোষে বলে গোরা রমণী-মোহন ॥
॥১০১॥৮৯৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৯০, ১৩৯৮ ও প-র পুথির ১৪।৭ সংখ্যক পদ। ২। 'ফিরাই আঁখি' স্থলে 'পড়য়ে দিঠি' প-র। ৩। 'করি সাধ' স্থলে 'করে মন' প-র-সা ; 'করে সাধ' প-র। ৪। 'নয়নে' ক। ৫। 'পশিল' প-র।

তুড়ী।[১]

মুঞি যদি বলোঁ[২] পাসরোঁ কান[৩]
মনে সে না লয় আন।
তিল-আধ তার মুখ না হেরিলে[৪]
নিঝরে ঝরে[৫] নয়ান ॥
শুন শুন শুন পরাণের সই
কানুর পিরিতি কাজে।
তনু মন ধন ভেল পরাধীন
কি আর করিবে লাজে ॥ ধ্রু ॥
মানের নামে সে পরাণ উছলে
ঐছন হয় অকাজে[৮]।
যদি, শুনিতে না চাহোঁ[৯] কানুর বচন
কাণে সে মুরলী বাজে ॥
যদি, চলিতে না চাহোঁ[১০] কানাইর[১১] পাশে
চরণে থির না বান্ধে।
গোবিন্দ দাস কহে কানুর লাগিয়া
ভালে সে পরাণ কান্দে ॥১০২॥৯০০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯৭ ও ১৩৯১ এবং প-র পুথির ১৪।৮ সংখ্যক পদ। ২। 'বোলো'

ক, খ; 'বলঙ' প-র-সা। ৩। 'পাসরোঁ কান' স্থলে 'পাসরো কান' ঘ; 'পাসরোঁ কানু' চ, প-র-সা। ৪। 'না হেরিলে' স্থলে 'নাহি দেখি' ক; 'না দেখিয়া' ঘ। ৫। 'নিঝরে ঝরে' স্থলে 'অঝুরে ঝুরে' প-র-সা। ৬। 'বয়ান' খ। ৭। 'জীবন' ক, ঘ, চ। ৮। 'ঐছন' ইত্যাদি স্থলে 'ঐছন হয়ে যে কাজে'। ৯-১০। 'চাহো' ঘ, প-র-সা। ১১। 'কানুর' ক, খ, ঘ, চ; 'কানুয়ের' প-র।

টীকা

৯—১০। "মানের" ইত্যাদি। (মান করা দূরে থাকুক), মানের নামেও আমার প্রাণ অস্থির হয়,—এইরূপ আমার দুরবস্থা হইয়াছে!

ধানশী।১

শুনইতে অনুখণ　　যছু নব গুণগণ২
শ্রবণ নয়ন ভৈ গেলা৩।
দরশনে তাকর　　এ হেন৪ লোর ঝর
নয়ন শ্রবণ সম ভেলা৫ ॥
হরি হরি কি ভেল দারুণ কাজ৬।
না জানিয়ে কো বিহি　　বিঘন বাঢ়াওল
কানু-সমাগম মাঝ ॥ ধ্রু ॥
যা সঞে কেলি-　　কলা-রস-লালসে
লাখ মনোরথ কেল।
তাকর পাণি-　　পরশে তনু পরবশ
তবহি অচেতন ভেল ॥
হিয়া ঘন-সার　　হার নাহি পহিরলুঁ
যাক পরশ-রস-৭ আশে।
তাক বিছেদে৮　　জীউ নাহি নিকসয়ে
কহতহি৯ গোবিন্দদাসে॥১০৩॥২০১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯৬ ও ১৩৯২ এবং প-র পুথির ১৫।১১ সংখ্যক পদ। ২। 'নব গুণ' প-র-সা। ৩। 'গেল' ক, প-র-সা। ৪। 'ঐছে' প-র-সা। ৫। 'ভেল' প-র-সা। ৬। 'হরি হরি' ইত্যাদি ধ্রুব-কলিটির স্থলে সা-প ২০১ পুথির পাঠ, যথা—

'হরি হরি কো বিহি　　বিঘিন বাঢ়াওল
কানু-সমাগম মাঝে।
জীবন যৌবন　　ভেল পরাধিন
কি আর করব লাজে ॥'

৭। 'সুখ' ঘ, চ, প-র-সা, পর। ৮। 'বিচ্ছেদে' ক, চ, প-র-সা, প-র। ৯। 'কি কহব' প-র-সা; 'কি করব' প-র।

টীকা

১—৪। "শুনইতে" ইত্যাদি। সর্ব্বদা যাঁহার অপূর্ব্ব গুণ-গ্রাম শুনিতে শুনিতে (আমার) কর্ণ নয়ন হইল অর্থাৎ নয়নের কার্য্য কর্ণই সম্পন্ন করিল,—(অর্থাৎ অনুরাগোৎপত্তির জন্য দর্শনের আর অপেক্ষা রহিল না)—তাঁহার সাক্ষাৎ দর্শনে (প্রেমানন্দ হেতু) নয়নে এরূপ অশ্রু বর্ষণ হইতে লাগিল (যে), নয়ন কর্ণের ন্যায় (দৃষ্টি-শক্তি-হীন) হইল!

কামোদ।১

নব নব গুণগণ　　শ্রবণ-রসায়ন
নয়ন২ -রসায়ন অঙ্গ।
রভস৩ সম্ভাষণ　　হৃদয়-রসায়ন
পরশ-রসায়ন সঙ্গ ॥
এ সখি রসময় অন্তর যার।
শ্যাম সুনাগর　　গুণগণ-সাগর৪
কো ধনি বিছুরয়ে পার ॥ ধ্রু ॥
গুরুজন-গঞ্জন　　গৃহপতি-তরজন
কুলবতি-কুবচন ভাষ।
যত পরমাদ　　সবহুঁ পুন মেটই৫
মধুর-মুরলি-আশোআস ॥

কিয়ে করব কুল দিবস-দীপ ভুল
প্রেম-পবনে ঘন ডোল[৭]।
গোবিন্দ দাস যতন করি রাখত
লাজক জালে আগোর ॥১০৪॥৯০২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯৭, ১৩৯৩ ও প-র পুথির ১৪।১২ সংখ্যক পদ। ২। 'পরশ' প-র-সা। ৩। 'সরস' প-র। ৪। 'রভস' ইত্যাদি পংক্তি দুইটির স্থলে প-র-সা পুথির পাঠ, যথা—
'শুন সখি রসময় শ্যাম সুনাগর
কো ধনী বিছর অপাঙ্গ।'
৫। 'আগর' ক, চ। ৬। 'পুন মেটই' স্থলে 'পুন মেটব' ক; 'পুন মেটয়ে' চ; 'পহু মিটয়ে' প-র-সা। ৭। 'দোল' প-র-সা, প-র।

কৌ রাগিণী।১

অরুণ-উদয়-কালে ব্রজ-শিশু আসি মিলে
বিপিনে[২] পয়াণ প্রাণনাথ[৩]।
এক দিঠি গুরুজনে আর দিঠি পথ পানে
চাহিয়ে পরাণ করি হাথ[৪] ॥
সজনি না জানি কি হয়ে[৫] প্রেম লাগি।
দারুণ পিরিতি পর- বোধ না মানই[৬]
কত চিতে নিবারিব আগি ॥ ধ্রু ॥
একে কুল-কামিনি তাহে নব-যৌবনি
আর তাহে পরের অধীন।
পিরিতি-বিষম-শরে রহিতে না পারি ঘরে
ভাবিতে ভাবিতে তনু ক্ষীণ ॥
নিশি দিশি অবিরত জাগিতে ঘুমিতে[৭] কত
প্রাণনাথ সোঙরি সদাই[৮]।
জ্ঞানদাস বোলে আকুল নয়ান[৯]-জলে
তিল আধ থির নাহি পাই[১০] ॥১০৫॥৯০৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৯৪ ও প-র পুথির ১৪।৩৫ সংখ্যক পদ। 'কৌ রাগিণী' স্থলে 'কোড়া রাগ' প-র। ২। 'বিপিন' ক, খ; 'বিপিনহি' প-র-সা। ৩। 'প্রাণনাথে' প-র। ৪। 'হাত' ক; 'হাথে' প-র। ৫। 'হয়' ক, খ, প-র-সা, প-র। ৬। 'দারুণ' ইত্যাদি স্থলে প-র পুথির পাঠ যথা,—'দারুণ পিরিতি মোর পরবোধ নাহি মানে'। ৭। 'ঘুমাত্তো' প-র। ৮। 'প্রাণনাথ' ইত্যাদি স্থলে 'প্রাণনাথ সঙরিব কত' প-র। ৯। 'নয়ানের' ঘ, চ। ১০। 'তিল' ইত্যাদি স্থলে 'বিষাধিক অধিক পিরিত' প-র।

ভূপালী। ১

শুন শুন বিনোদিনি রাই।
তোহে পুন কহিয়ে বুঝাই ॥
কানুক ভাব যব হোই।
হিয় মাহা রাখবি গোই[২] ॥
কোই জনু[৩] লখই না পার।
বেকত করবি কুলাচার ॥
কানু উয়ব হিয় মাহা।
আন ছলে বিছুরবি তাহা ॥
গুরু দুরুজন[৪] তুয়া পাপ।
দেখিলে দেওব বহু তাপ ॥
থীর করবি সদা চীত।
ঐছন কুলবতি-রীত ॥
পুন জনি ভাবহ আন।
ইহ কবিশেখর ভাণ ॥১০৬॥৯০৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৯৫ সংখ্যক পদ। ২। প-র-সা এ স্থলে 'ইত্যাদি' শব্দ দ্বারা এই পদটি সমাপ্ত করা হইয়াছে। ৩। 'জন' ক। ৪। 'গুরু দুরুজন' স্থলে 'গুরুজন জনি' ক, খ।

টীকা

৯—১০। "গুরু" ইত্যাদি। তোমার গুরুজন দুর্জ্জন ও পাপ-স্বরূপ; তাহারা দেখিলে অনেক যাতনা দিবে।

বরাড়ী।১

কানড়২ কুসুম করে পরশ না করি ডরে
এ বড় মনের মনবেথা৩।
যেখানে সেখানে যাই সকল লোকের ঠাঞি
কাণাকাণি শুনি এই কথা॥
সই লোকে বলে কালা পরিবাদ।
কালার ভরমে হাম জলদ না হেরি গো
তেজিয়াছি কাজরের সাধ॥ ধ্রু॥
যমুনা-সিনানে যাই আঁখি মেলি নাহি চাই
তরুয়া কদম্বতলা পানে।
যথা তথা বসি থাকি বাঁশীটি শুনিয়ে যদি৪
দুটি হাত দিয়া থাকি কাণে॥
চণ্ডীদাস ইথে৫ কহে সদাই অন্তর দহে
পাসরিলে না যায় পাসরা।
দেখিতে দেখিতে৬ হরে তনু মন চুরি করে
না চিনিয়ে৭ কালা কিবা গোরা॥

॥১০৭॥৯০৫॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৪।৬৩ সংখ্যক পদ। ২। 'কানড়' স্থলে 'কাল' ক, খ, চ, প-র। ৩। 'মনব্যথা' ক, চ; 'মোর বেথা' প-র। ৪। 'শুনিয়ে যদি' স্থলে 'শুনিয়া গো' খ। ৫। 'চণ্ডীদাস ইথে' স্থলে 'বড়ু চণ্ডীদাসে' প-র। ৬। 'চেতন' খ। ৭। 'চিনি যে' ক, খ, প-র।

তথা রাগ।১

জীবারে নহে মুই জীবারে নহো নহো
জীবারে নহে২ মোর সাধ৩।
যাহার সনে সই৪ পরিচয় নাহি মোর৫
তাহা সনে কহে৬ পরিবাদ॥
কেমন কানাই সেই৭ কেমন মুরতি সই৮
কেমন বা৯ তাহার১০ বেভার।
রাধার বন্ধুয়া বলি সব লোকে ডাকে তারে১১
সেই মোর কুলের খাঁখার॥
কাহারে কহিব দুখ কেবা মোর জানে গো
পরাণ হইল সে ফাঁফর১২।
তাহার সনে যদি১৩ পিরিতি হইত গো১৪
তবে সে কহিত ভাল মোর১৫॥

॥১০৮॥৯০৬॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৩।৬৭ সংখ্যক পদ। ২। 'নহো' ক। ৩। 'জীবারে' ইত্যাদি পংক্তি দুইটির স্থলে প-র পুথির পাঠ, যথা—'সজনি আর নাহি জীবনের সাধ।' ৪। 'যাহার' ইত্যাদি স্থলে 'যার সনে কভু মোর' প-র। ৫। 'গো' প-র। ৬। 'তাহা' ইত্যাদি স্থলে 'সে জনার সনে' প-র। ৭। 'সে' প-র। ৮। 'গো' প-র। ৯। 'কেমন বা' স্থলে 'কেমন' ক, চ। ১০। 'কেমন বা তাহার' স্থলে 'না জানিয়ে কেমন' প-র। ১১। 'ডাকে তারে' স্থলে 'বলে গো' প-র। ১২। 'পরাণ' ইত্যাদি স্থলে 'প্রাণ মোর বিদরিয়া যায়' প-র। ১৩। 'তার সনে যদি মোর' প-র। ১৪। 'থাকিতে' প-র। ১৫। 'তবে' ইত্যাদি স্থলে 'এ কথা সহিত তবে গায়' প-র।

সিন্ধুড়া।১

যে দিগে কানুর ঘর সে দিগে না বসি।
সতী-সাধে সে দিগের বাউ২ না পরশি॥
তমু ত দারুণ লোকে নানা কথা কয়।
দুখের উপর দুখ আছয়ে হৃদয়৩॥
কাহারে কহিব দুখ কে মোর হিতাশী৪।
পরের কথায় প্রাণ পোড়ে দিবানিশি॥
শিবা কহে সুবদনি বুকে না হানিবে।
কুবাদিনী লোকের কথায় কিবা হবে॥

॥১০৯॥৯০৭॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৪।৬৫ সংখ্যক পদ। ২। 'বাও' ক। ৩। 'আছয়ে হৃদয়' স্থলে 'ততোধিক হয়' প-র। ৪। 'কাহারে কহিব' ইত্যাদি পংক্তি চারিটি ক, খ, ঘ, চ পুথিতে নাই,—প র পুথি হইতে উদ্ধৃত হইল।

তাদরে দেখিনু নট চাঁদে ইত্যাদি গেয়ম্।

সুহই।

যারে মুই না দেখোঁ নয়ানে।
কলঙ্ক তোলায় তার সনে॥
নগরে আছয়ে কত নারী।
কে না চাহে শ্যাম পানে ফিরি॥
কে না পিরিতি নাহি করে।
গুরুজন নাহি কার ঘরে॥
মোর হৈল সব বিপরীত।
জগতে করিলে১ বেয়াপিত॥
যাহা নাহি দেখয়ে নয়নে।
তাহা যেন দেখিল এখনে॥
বলরাম কহে পাপ-লোকে।
মিছা কথা করে পরতেকে॥১১০॥৯০৮॥

অথ প্রেম-বিচার।

শ্রীগৌরচন্দ্র॥

ধানশী।১

ভাব-ভরে গরগর চিত।
খেণে উঠে খেণে বৈসে না পায় সম্বিত॥
অতি রসে নাহি বান্ধে থেহ।
সোঙরি সোঙরি কাঁদে পুরুব সুনেহ॥
নাচে পহু গোরা নটরাজ।
কি লাগি গোকুল-পতি সঙ্কীর্ত্তন মাঝ॥ধ্রু॥
নিজ পর কিছুই না জানে।
দীনহীন উত্তম অধম নাহি মানে॥
প্রিয়-গদাধর-কর ধরি।
মরম-কথাটি কহে ফুকরি ফুকরি॥
ডগমগ আনন্দ-হিলোলে।
লোলিয়া লোলিয়া পড়ে পণ্ডিতের কোলে॥
গোরা-রসে সব রসময়।
না দরবে বলরাম পাষাণ-হৃদয়॥১১১॥৯০৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১১২ সংখ্যক পদ। এই পদটি ৮৩৫ সংখ্যক পদরূপে পদকল্পতরু গ্রন্থে ইতিপূর্ব্বে উদ্ধৃত হইয়াছে; সুতরাং পাঠান্তর উক্ত পদে দ্রষ্টব্য।

পরস্পর সখ্যুক্তি প্রেম-বিচার।

সুহই।১

সো কুলবতি অতি দুলহ গতাগতি
পতি২ দুরমতি খুর-ধার৩।
পাপিয় পিরিতি এতহু নাহি সমুঝয়ে৪
দোসর মদন গোঙার॥

সজনী[৫] রাই সহজে পরতন্ত্র।
গহন বিরহ-গহ   কবহুঁ[৬] দূর নহ
ইথে কি আছয়ে মণিমন্ত্র ॥ ধ্রু ॥
দরশনে নহত   নয়ন ভরি তিরপিত
পরশনে না রহে গেয়ান।
তাহে[৭] বিনু তনু মন   জীবন জর জর
কহত কিয়ে সমাধান ॥
বিছুরত মরমে[৮]   মরম মাহা[৯] পৈঠত
স্বপনে না হেরয়ে[১০] আন।
অমিলন মিলন   দুহুঁ ভেল সমতুল
গোবিন্দদাস ভালে জান ॥১১২॥৯১০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০০ সংখ্যক পদ। ২। 'পর' ক। ৩। 'খরধার' ক। ৪। 'সমুঝিয়ে' ক, চ। ৫। 'সজনি' ক, খ, প-র-সা। ৬। 'কবহুঁ না' ক। ৭। 'তাহা' ক। ৮। 'মরম' প-র-সা। ৯। 'মাহা' প-র। ১০। 'হেরই' ক, চ; 'হেরিয়ে' প-র-সা।

বরাড়ী।[১]

দুহুঁ রসময়-তনু[২] গুণে নাহি ওর।
লাগল দুহুঁক না ভাঙ্গই জোর[৩] ॥
কে নাহি কয়ল কতহুঁ পরকার।
দুহুঁ জন ভেদ করই নাহি পার ॥
খোজলুঁ[৪] সকল মহীতল-গেহ।
খীর[৫] নীর সম না হেরলুঁ নেহ ॥
যব কোই বেরি আনল-মুখ আনি।
খায় দগু দেই নিরসত[৬] পানি ॥
তবহুঁ ক্ষীর উছলি[৭] পড়ু তাপে।
বিরহ-বিয়োগ[৮] আগি[৯] দেই[১০] ঝাঁপে ॥
যব কোই পানি আনি তহিঁ[১১] দেল।
বিরহ-বিয়োগ তবহি[১২] দূরে গেল ॥
ভণহুঁ বিদ্যাপতি এতেনে সুরেহ[১৩]।
রাধা মাধব ঐছন নেহ ॥১১৩॥৯১১॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৪।২৬ সংখ্যক পদ। 'বরাড়ী' স্থলে 'ধানশী' প-র। ২। 'দুহু' প-র। ৩। 'লাগল' ইত্যাদি স্থলে 'দুহু দরশনে দুহুঁ পুলকে অগোর' প-র। ৪। 'যোখল' ক; 'জোখল' খ, চ। ৫। 'ক্ষীর' ক, খ। ৬। 'নিরসল' খ, ঘ, প-র। ৭। 'উমড়ি' ক। ৮। 'বিয়োগে' ক, প-র। ৯। 'আগ' ক, চ। ১০। 'দিল' ঘ। ১১। 'তাহে' ক, খ, ঘ, চ। ১২। 'সবহি' প-র। ১৩। 'এতেনে সুরেহ' স্থলে 'এ তিন সুরেহ' ক, প-র; 'এতিনে সুরেহ' চ।

টীকা

৫—৬। "খোজলুঁ" ইত্যাদি। পৃথিবীর সকল গৃহ অনুসন্ধান করিলাম; (কিন্তু) দুগ্ধ ও জলের (প্রণয়ের) ন্যায় প্রণয় দেখিলাম না।

১৩—১৪। "ভণহুঁ" ইত্যাদি। বিদ্যাপতি বলিতেছেন—সুরেহ অর্থাৎ সুলেহ কি না উৎকৃষ্ট প্রণয় এই প্রকার। রাধা ও মাধবের প্রণয় এইরূপ বটে। (নগেন্দ্র বাবুর সংস্করণে 'এতেনে সুরেহ' স্থলে 'এহন সুনেহ' পাঠ মুদ্রিত হইয়াছে, কিন্তু ঐরূপ পাঠ কোন পুথিতেই দৃষ্ট হইল না। 'র' ও 'ল'য়ের অভেদ হেতু 'সুলেহ'—'সুরেহ' হইতে পারে। 'এতেনে' শব্দটি হিন্দী 'এত্না' শব্দের রূপান্তর বলিয়াই বিবেচনা হয়)।

সুহই।

এমন পিরিতি কভু নাহি দেখি শুনি।
পরাণে পরাণে বান্ধা আপনা আপনি ॥
দুহুঁ কোরে দুহুঁ কাঁদে বিচ্ছেদ ভাবিয়া।
আধ তিল না দেখিলে যায় কি মরিয়া ॥

জল বিনু[১] মীন যেন কবহুঁ না জিয়ে।
মানুষে এমন প্রেম কোথা না শুনিয়ে ॥
ভানু কমল বলি সেহো হেন নয়।
হীমে[২] কমল মরে ভানু সুখে রয় ॥
চাতক জলদ কহি সে নহে তুলনা।
সময় নহিলে সে না দেয় এক কণা ॥
কুসুমে মধুপ কহি সেহো নহে তুল[৩]।
না আইলে ভ্রমর আপনি না যায় ফূল[৪] ॥
কি ছার চকোর চান্দ দুহুঁ সম নহে।
ত্রিভুবনে হেন নাহি চণ্ডীদাসে কহে ॥

॥১১৪॥৯১২॥

পাঠান্তর

১। 'বিনে' খ, ঘ। ২। 'হিমে' ক, খ। 'হিমে' পাঠে ছন্দোভঙ্গ ঘটে। ৩। 'তুল' ক, খ। ৪। 'ফুল' ক, খ।

সওয়ারী।[১]

নিতুই নৌতুন পিরিতি দুজন
তিলে তিলে বাঢ়ি[২] যায়।
ঠাঞি নাহি পায় তথাপি বাঢ়য়[৩]
পরিণামে নাহি থায়[৪] ॥
সখি হে অদভুত দুহুঁ প্রেম।
এত দিন চাই[৫] অবধি না পাই
ইথে কি কষিল হেম ॥ ধ্রু ॥
উপমার গণ সব কৈল আন
দেখিতে শুনিতে ধন্দ[৬]।
এ কি অপরূপ তাহার স্বরূপ
স্বভাবে[৭] করিলে অন্ধ ॥
চণ্ডীদাস কহে দোহ[৮] সম হয়ে
এখানে সে বিপরীত।
এ তিন ভুবনে হেন কোন জনে
শুনি না দরবে চীত[৯] ॥১১৫॥৯১৩॥

পাঠান্তর

১। 'শোয়ারী' খ। ২। 'বাড়ি' ক, খ, চ। ৩। 'বাড়য়' খ। ৪। 'থায়' চ। ৫। 'ঠাঞি' ক, চ। ৬। 'ধন্ধ' খ। ৭। 'সভাবে' ক, খ, চ। ৮। 'দুহুঁ সম হয়ে' ক; 'দোহাঁ' খ; 'দোঁহ' চ। ৯। 'চিত' ক, খ।

সুহই।[১]

একে কুলবতী ধনী তাহে সে অবলা।
ঠেকিল বিষম প্রেমে কত সবে জ্বালা ॥
অকথন বেয়াধি কহন[২] নাহি যায়।
যে করে কানুর নাম ধরে তার পায় ॥
পায়ে ধরি কাঁদে সে চিকুর গড়ি যায়।
সোণার পুতলী যেন ভূমিতে লোটায় ॥
পুছয়ে কানুর কথা ছল ছল আঁখি।
কোথায় দেখিলা শ্যাম কহ দেখি সখি ॥
চণ্ডীদাস বলে কাঁদে কিসের লাগিয়া।
সে কালা আছয়ে তার হৃদয়ে জাগিয়া ॥

॥১১৬॥৯১৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৯৬ সংখ্যক পদ। ২। 'এ কহা' ক, চ; 'কহনে' খ; 'এ কহনে' প-র-সা।

তথা রাগ।[১]

সহজেই[২] কুলবতী বালা।
সো[৩] কি সহই প্রেম-জ্বালা ॥
তাহে গুরু-গঞ্জন বোল।
অহনিশি অন্তর ডোল[৪] ॥
তাহে নিতি প্রেম-তরঙ্গ।
জোরি কবহুঁ নহ ভঙ্গ ॥

দুরজন সঙ্গ সঞ্চারি।
ব্যাধ-মন্দিরে জনু শারী ॥
সকল কহব কানু-ঠাম।
ইথে কি কহয়ে পরিণাম ॥
জ্ঞানদাস কহ তায়।
পরিণামে বড়ই সে দায় ॥১১৭॥৯১১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৯৭ সংখ্যক পদ। ২। 'সহজই' ঘ, চ। ৩। 'সে' ক। ৪। 'রোল' ক, খ; 'ঢোল' প-র-সা।

তত্রানুরাগঃ প্রকারান্তরং যথা।

শ্রীগৌরচন্দ্রঃ।

শ্রীরাগ।১

গোরা-রূপ লাগিল নয়নে।
কিবা নিশি কিবা দিশি শয়নে স্বপনে ॥
যে দিগে পড়য়ে দিঠি সেই দিগে দেখি।
পিছলিতে করি সাধ না পিছলে আঁখি ॥
কি খেণে দেখিলাম গোরা কিনা মোর হৈল।
নিরবধি গোরা-রূপ মরমে লাগিল ॥
চিত নিবারিতে চাহি নহে নিবারণ।
বাসুঘোষে বলে গোরা রমণী-মোহন ॥
॥১১৮॥৯১৬॥

পাঠান্তর

১। এই পদটি ৮৯৯-সংখ্যক পদরূপে ইতিপূর্ব্বে উদ্ধৃত হইয়াছে; সুতরাং পাঠান্তর উক্ত পদে দ্রষ্টব্য।

তুড়ী।১

ছাড়িয়া[২] ঘরের আশ করিব সে বনবাস
এই চিতে দঢ়াইলুঁ সার।
রাতি দিবসে[৩] হাম[৪] হিয়ার উপরে থোব
না করিব আর আঁখির[৫] আড় ॥
সই তোমারেই কহিয়ে[৬] মরম।
জাতি ভাগাইলুঁ কুলে তিলাঞ্জলি দিলুঁ
ঘুচাইলুঁ[৭] ধরম-করম ॥ ধ্রু ॥
শাশুড়ী-ননদী-ডরে নিশ্বাস না ছাড়ি ঘরে
এই দুখে হেন সাধ করে।
অঙ্গের উপর অঙ্গ থুইয়া চাঁদমুখ নিরখিয়া
মনের কথাটি কব তারে ॥
নয়ানে না দেখে[৮] আন আন নাহি শুনে কাণ
যত দেখি[৯] সব লাগে ধন্দ।
বলরাম দাসে বলে না জানি কি করিলে[১০]
সে[১১] নাগর গোকুলের চন্দ ॥১১৯॥৯১৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৩৯১ ও প-র পুথির ১১৪৭ সংখ্যক পদ। ২। 'ছাড়িব' ক, খ, প-র-সা; (পাঠান্তর—ঘ, চ)। ৩। 'দিবস' ক, চ। ৪। 'চিতে' ক, চ, প-র-সা। ৫। 'আর আঁখির' স্থলে 'নয়নের' প-র। ৬। 'কহিলুঁ' (পাঠান্তর—ঘ, চ), প-র। ৭। 'খাইনু সে' ক। ৮। 'দেখি' খ, ঘ, প-র-সা। ৯। 'দেখো' ক, খ, প-র-সা; 'দেখ' প-র। ১০। 'হইলে' খ; 'হৈল' প-র-সা। ১১। 'ও' ক, খ।

সিন্ধুড়া।১

এ দেশে বসতি নাই[২] যাব কোন দেশে।
যার লাগি প্রাণ কান্দে তারে পাব কিসে ॥
বোল না উপায় সই বোল না উপায়।
জনম অবধি দুখ রহল হিয়ায় ॥

তিতং কৈল দেহ মোর ননদী-বচনে[৪]।
কত না সহিব জ্বালা এ পাপ পরাণে[৫] ॥
বিষ খাইলে দেহ যাবে রব রবে দেশে।
বাশুলী-আদেশে কহে দ্বিজ চণ্ডীদাসে[৬] ॥

॥১২০॥৯১৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪০০ ও প-র পুথির ১৪।৭০ সংখ্যক পদ। ২। 'বসতি নাই' স্থলে 'নহিল বাস' প-র। ৩। 'তিঁতা' ক। ৪। 'ননদীর বোলে' ক, খ, ঘ, চ, প-র-সা। ৫। 'এ পাপ পরাণে' স্থলে 'শাশুড়ীর বোলে' প-র। ৬। 'কহে দ্বিজ চণ্ডীদাসে' স্থলে 'কবি কহে চণ্ডীদাসে' প-র।

ধানশী।১

শুনিয়া[২] দেখিলুঁ দেখিয়া ভুলিলু
ভুলিয়া[৩] পিরিতি কৈলুঁ।
পিরিতি-বিচ্ছেদে না রহে পরাণ[৪]
ঝুরিয়া ঝুরিয়া মৈলুঁ[৫] ॥
সই পিরিতি দোসর ধাতা[৬]।
বিধির বিধান সব করে আন
না শুনে ধরম-কথা ॥ ধ্রু ॥
পিরিতি মিরিতি তুলে তৌলাইলুঁ[৭]
পিরিতি গুরুয়া ভার।
পিরিতি-বেয়াধি যার উপজয়ে
সে বুঝে[৮] না বুঝে[৯] আর।
সভাই কহয়ে পিরিতি-কাহিনী
কে বলে পিরিতি ভাল।
কানুর পিরিতি ভাবিতে ভাবিতে
পাঁজর ধসিয়া গেল ॥
জীবনে মরণে পিরিতি-বেয়াধি
হইল যাহার অঙ্গ[১০]।
জ্ঞানদাস কহে কানুর পিরিতি
নিতুই[১১] নৌতুন রঙ্গ ॥১২১॥৯১৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪০১ ও প-র পুথির ১৩।৪৯ সংখ্যক পদ। 'ধানশী' স্থলে 'সুহই' প-র-সা। ২। 'শুনিয়া' প-র। ৩। 'শুনিয়া' প-র। ৪। 'জীবন' প-র। ৫। 'মলুঁ' খ। ৬। 'সই পিরিতি দোসর ধাতা' ইত্যাদি ধ্রুব-কলির পরিবর্ত্তে ক পুথিতে নিম্নলিখিত কলি দৃষ্ট হয়; যথা,—

'সই কে বলে পিরিতি ভাল।
শ্যাম বন্ধু সনে পিরিতি করিয়া
পাঁজর ধসিয়া গেল ॥'

৭। 'তৌলাইয়া' খ। ৮-৯। 'জানে' প-র-সা। ১০। 'সঙ্গ' প-র। ১১। 'নিতি' ক, খ, ঘ, চ; 'নিতাই' প-র-সা।

সিন্দুড়া।১

মুঞি মৈলুঁ মৈলুঁ মরিয়া গেলুঁ
ঠেকিলুঁ পিরিতি-রসে।
এ ঘর-করণ বিহি নিদারুণ
সকলি পরের বশে ॥
কালিয়া কালিয়া বলিয়া বলিয়া
জনমে কি সুখ পাইলুঁ।
হিয়া দগদগি পরাণ পুড়নি
মনের আগুনে মৈলুঁ ॥১২২॥৯২০॥

ইত্যাদি গেয়ম্।

পাঠান্তর।

১। ইহা প-র-সা পুথির ১৪০২ সংখ্যক পদ

তথা রাগ।১

কিবা সে মোহন বেশ দেখিতে মুরুছে দেশ
না রহে সতীর সতীপনা।
ভরমে দেখিলে যারে জনম ভরিয়া সই
ঝুরিয়া মরয়ে কত জনা ॥

কি করিলুঁ কি না হৈল কেনে বা সে বাড়াইল
কি শেল হানিয়া গেল বুকে।
জাতি-কুল-শীল-শিরে বজর পড়িল সই
কানুরে দেখিয়া চৌখে চৌখে॥
খাইতে সোয়াস্তি[২] নাই নিন্দ গেল দূরে গো
হিয়া ডহ ডহ মন ঝুরে।
উড়ু পুড়ু আনছান ধক ধক করে প্রাণ
কি হৈল রহিতে নারি ঘরে॥
রসের মুরতি সে দেখিলে না[৩] রহে দে
বাতাসে পাষাণ হয় পানি।
বলরাম দাসে বলে সে অঙ্গ পরশ হলে
প্রাণ লৈয়া কি হয় না জানি॥১২৩॥৯২১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪০৭ সংখ্যক পদ। 'তথা রাগ' স্থলে 'তুড়ী' খ। ২। 'সোয়াস্ত' ক। ৩। 'সে' ক, চ।

তুড়ী।১

কি ঘর বাহির লোকে বলে একি রীতি[২]।
জীতে পাসরিল[৩] নহে বন্ধুর পিরিতি॥
দেখিতে না দেখে আঁখি শ্যাম বিনে আন।
শ্রবণে আনের কথা না কহে বয়ান॥
শুনিতে শুনিয়ে হাম সেই[৪] পরসঙ্গ।
সোঙরি সঘনে মোর পুলকিত অঙ্গ॥
হিয়ার আরতি গো[৫] কহিতে নাহি দেশ।
মরমে ধরম কথা না করে প্রবেশ॥
গৃহকাজ করিতে আউলায় সব দেহ।
জ্ঞানদাস কহে বড় বিষম শ্যাম-লেহ॥

॥১২৪॥৯২২॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৪৩৬ সংখ্যক পদ। ২। 'একি রীতি' স্থলে 'এ কিরিতি' খ, চ; 'অকিরিতি' প-র। ৩। 'পাসরিলে' ক। ৪। 'স্তাম' প-র। ৫। 'গো' শব্দটি ক, খ, ঘ, চ পুথিতে নাই।

শ্রীরাগ।১

মনের[২] মরম-কথা শুন লো সজনি।
শ্যাম বন্ধু পড়ে মনে দিবস রজনী। ধ্রু॥
চিতের আগুনি কত চিতে নিবারিব।
না যায় কঠিন প্রাণ কারে কি বলিব॥
কোন বিধি সিরজিল কুলবতী বালা।
কেবা নাহি করে প্রেম কার এত জ্বালা॥
কিবা সে মোহন রূপ[৩] মন মোর বাঁধে।
মুখেতে না সরে[৪] বাণী দুটি আঁখি কান্দে[৫]॥
জ্ঞানদাস কহে সখি এই সে করিব।
কানুর পিরিতি লাগি যমুনা পশিব[৬]॥

॥১২৫॥৯২৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৭, ১৪০৪ ও প-র পুথির ১৪।৩৮ সংখ্যক পদ। ২। 'মনের' শব্দ ক, চ ও প-র-সা পুথিতে নাই। ৩। 'কিবা সে মোহন রূপ' স্থলে 'কিবা রূপে কিবা গুণে' প-র-সা। ৪। 'মুখেতে না সরে' স্থলে 'মুখে না নিঃসরে' প-র। ৫। অতঃপর প-র-সা পুথিতে এই অতিরিক্ত কলিটি দৃষ্ট হয়, যথা,—

'ঘরে হৈতে বাহির বাহির হৈতে ঘর।
দেখিবারে করি সাধ নহি সতন্তর॥'

৬। 'কানুর' ইত্যাদি স্থলে 'কানুর লাগিয়া আমি অনলে পশিব।' প-র-সা।

শ্রীরাগ।১

রাজার ঝিয়ারী কুলের বৌহারী
স্বামী-সোহাগিনী নারী।
পিরিতি লাগিয়া এ তিন খোয়ালুঁ
হইনু কুল-খাখারী॥

সই কি ছার পরাণ কাজে।
স্বপনে তা সনে নাহি দরশন
জগত ভরিল[২] লাজে ॥ ধ্রু ॥
ধরম করম সব তেয়াগিলুঁ
যাহার পিরিতি-সাধে।
জাতি কুল শীল সকলি নাশিলুঁ[৩]
সে জনার পিরিতি-বাদে ॥
ভাবিতে চিন্তিতে হিয়া জর জর
না রুচে আহার পানি।
কহে বলরাম পিরিতি-আঁখর
কেবল দুখের খনি ॥১২৬॥৯২৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪০৫ সংখ্যক পদ। ২। 'ভরিয়া' ক। ৩। 'নাশিল' প-র-সা।

তুড়ী।[১]

এক জ্বালা ঘর[২] হৈল আর জ্বালা কানু।
জ্বালাতে জ্বলিল প্রাণ[৩] সারা হৈল তনু ॥
কোথায় যাইব সই কি হবে উপায়।
গরল সমান লাগে বচন হিয়ায় ॥
কাহারে কহিব কেবা যাবে পরতীত।
মরণ-অধিক ভেল[৪] কানুর পিরিত ॥
জারিলেক তনু মন কি আছে ঔষধে।
জগত ভরিল কালা কানু-পরিবাদে ॥
লোক-লাজে[৫] ঠাঞি নাই অপযশ দেশে।
বাশুলী-আদেশে কহে দ্বিজ চণ্ডীদাসে ॥
॥১২৭॥৯২৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪০৬ ও প-র পুথির ১৪।৫৩ সংখ্যক পদ। ২। 'ঘরে' ক, খ, ঘ, চ, প-র-সা। ৩। 'দেহ' ক, খ, ঘ, চ। ৪। 'হেন' ক, চ; 'হৈল' খ, প-র-সা। ৫। 'মাঝে' ক, খ।

তুড়ী।[১]

কি হৈল কি হৈল মোরে[২] কানুর পিরিতি।
আঁখি ঝুরে[৩] পুলকিত প্রাণ কাঁদে নিতি ॥
শুইলে সোয়াস্ত নাই নিন্দ গেল দূরে।
কানু কানু করি প্রাণ নিরবধি ঝুরে ॥
নবীন পাউসের[৪] মীন মরণ না জানে।
নব অনুরাগে চিত ধৈরজ না মানে ॥
এ না রস যে না জানে সে না আছে ভাল।
হৃদয়ে পশিল[৫] মোর কানু-প্রেম-শেল ॥
নিগূঢ় পিরিতিখানি আরতির ঘর।
ইথে চণ্ডীদাস বড় হইল ফাঁফর ॥১২৮॥৯২৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪০৭ সংখ্যক পদ। ২। 'মোর' ক। ৩। 'ঝরে' ঘ। ৪। 'পাওসের' ক। ৫। 'রহিল' ক, চ।

করুণ বরাড়ী।[১]

বিষম হইল কালার প্রেম লাগে শেলি[২]।
ঝুরিয়া ঝুরিয়া কান্দে পরাণ-পুতলী ॥ ধ্রু।
যত যত পিরিতি করিয়াছে মোরে।
আঁখরে আঁখরে লেখা হিয়ার ভিতরে ॥
হাসিয়া পাঁজরকাটা কইয়াছে[৩] কথাখানি।
সোঙরিতে চিতে উঠে আগুনের খনি ॥
নিরবধি বুকে থুইয়া চায়[৪] চোখে চোখে।
এ বড় দারুণ শেল ফুটি রৈল বুকে ॥
হিয়ায় ধরিয়া কবে দেখিব মুখখানি[৫]।
বলরাম বলে হিয়ায় দারুণ আগুনি ॥
॥১২৯॥৯২৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪০৮ সংখ্যক পদ। ২। 'বিষম' ইত্যাদি স্থলে 'বড়ি বিষম হৈল কালার প্রেম এ ঘর বসতি লাগে শেলি' ক, খ, ঘ, চ। ৩।

'হইয়াছে' খ ; 'কয়' প-র-সা। ৪। 'চাহিলে' ক, খ, ঘ, চ। ৫। 'হিয়ায় ধরিয়া' ইত্যাদি প-র-সা পংক্তি দুইটির স্থলে ক, খ, ঘ, চ পুথির পাঠ যথা,—

'হিয়ায় ধরিয়া নয়ন ভরিয়া
কবে সে দেখিব মুখখানি।
বলরাম দাসে বোলে হিয়ার ভিতর জলে
দারুণ শেল আগুনি ॥'

একটি পদের ভণিতা ত্রিপদী-ছন্দে রচিত হইয়া অবশিষ্ট পদ পয়ার-ছন্দে রচিত হওয়া সম্ভবপর বোধ হয় না ; সুতরাং প-র-সা পুথির পাঠই সমীচীন বোধে মূলে গৃহীত হইল।

তথা রাগ।[১]

নয়ান-কোণের বাণে হিয়ায় হানিলে রে
সেই হইল পিঠের পার।
জ্বালিয়া তিন কোণের খড়, দিলুঁ ও দুখের মুখে
তবে আমার দুখের নাহি পার ॥
রসের আবেশে অঙ্গ মোড়া দিয়া[২]
হাসিয়া কথাটি কয়।
কত ভঙ্গিমায় ও ভুরু[৩] নাচায়
তাতে কি পরাণ রয় ॥
বাঁশীর ফুকে বুকের ভিতরে
ফুটিয়া আগুন জ্বলে।
মধুর বচনে[৪] হিয়ার হিলোলে[৫]
পরাণ-পুতলী দোলে ॥
হিয়া জর জর পরাণ ফাঁফর
দেখিয়া ও মুখ চান্দ[৬]।
বলরাম-মনে আন নাহি লয়
সবে প্রাণ গোকুলচান্দ ॥১৩০।৯২৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪০৯ সংখ্যক পদ। ২। 'মোড়া দিয়া' স্থলে 'মোড়াইয়া' প-র-সা। ৩। 'দিঠি' প-র-সা। ৪। 'চলনে' চ। ৫। 'হিলনে' ক, চ ; 'হিল্লোলে' প-র-সা। ৬। 'চন্দ' ক।

ভাটিয়ারি।[১]

একে কুলবতী করি বিড়ম্বিল[২] বিধি।
আর তাহে দিল হেন পিরিতি-বিয়াধি ॥
কি হৈল কি হৈল সই কিবা সে করিলুঁ।
গোপতে বাড়ায়া প্রেম আপনা খোয়ালুঁ[৩] ॥
জাগিতে[৪] স্বপনে মনে নাহি জানে আন।
সে নব নাগর লাগি কান্দয়ে পরাণ ॥
কত না সহিব আর হিয়ার পোড়নি।
কহিতে নাহিক[৫] ঠাঞি ছার[৬] পরাধিনী ॥
যার লাগি যেবা জন জাতি প্রাণ[৭] তেজে।
বলরাম বলে তার[৮] কি করিবে লাজে ॥
॥১৩১।৯২৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪১০ ও প-র পুথির ১৯৪৩ সংখ্যক পদ। ২। 'নিরমিলে' খ ; 'সিরজিল' প-র। ৩। 'খাইলুঁ' প-র-সা। ৪। 'জাগিলে' ক। ৫। 'নাহিয়ে' ক। ৬। 'মুঞি' প-র। ৭। 'জাতি প্রাণ' স্থলে 'পরাণ' ক, খ, ঘ, চ, প-র-সা। ৮। 'আর' ক।

সুহই।[১]

শুন অনুরাগিণি কি তোহে কহিব বাণী
সদাই ভাবহ কালা কানু।
নিরবধি আঁখি ঝরে পুলকে শরীর ভরে
দিনে দিনে ক্ষীণ কর[২] তনু ॥
যদি তুহুঁ শুন মোর কথা।
সে কালা কানুর প্রেমে সদা হবে[৩] সাবধানে
তবে সে ঘুচিবে সব বেথা ॥ধ্রু॥

একে তুহুঁ কুলবতী তাহে দুরজন পতি
জানিলে পড়িবে পরমাদ।
এ পাড়াপড়সী যত বিপক্ষ আছয়ে কত
জগতে ঘুষিবে পরিবাদ ॥
যব তাহে পড়ে মনে চিত দিবে আন কামে
যেন লোকে নহে উপহাস।
ধরিবে আমার কথা মনে না ভাবিহ বেথা
যতনে কহয়ে প্রেমদাস ॥১৩২॥৯৩০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪১১ সংখ্যক পদ। ২। 'কত' ক, চ, প-র-সা। ৩। 'সদা হবে' স্থলে 'রবে সদা' ক, খ, প-র-সা।

সুহই।১

তোমরা কি আর বুঝাও ধরম।
শয়নে স্বপনে দেখোঁ কালিয়া-বরণ ॥
কেশ আউলাইয়া বেশ বনাইতে
হাত নাহি সরে বান্ধি।
সে কালার ভরমে কেশ কোলে করি
কালা কালা করি কান্দি ॥
কালা সে কেশ কালা সে বেশ৪
লোটন বান্ধিয়া রাখি।
যখন কালাকে পড়য়ে মনে
আউলাইয়া তাহা দেখি ॥১৩৩॥৯৩১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪১২ ও প-র পুথির ১৪।১৭ সংখ্যক পদ। ২। 'দেখো' ক, খ; 'দেখঙ' প-র-সা; 'দেখি' প-র। ৩। 'বেশ' ক, চ; 'বেশে' প-র। ৪। 'কেশ' ক, খ; 'কেশে' প-র।

সিন্ধুড়া।১

ছাড়ে ছাড়ুক পতি কি ঘর-বসতি
কিবা বা২ করিবে বাপ মায়।
জাতি জীবন ধন এ রূপ৩ যৌবন
নিছনি ফেলিব৪ শ্যাম-পায় ॥
কহিলুঁ নিদান আর না রহে প্রাণ
শ্যাম সুনাগর বিনে।
কুলের ধরম ভরম সরম
ভাগিল৫ এতেক দিনে ॥
সমুখে রাখিয়া নয়ানে৬ দেখিমু৭
লইয়া থাকিমু চৌখে চৌখে।
হার করিয়া গলায় গাঁথিয়া৮
লইয়া থাকিমু বুকে ॥
চিতে উঠে যত বেশ করি তত
অঙ্গে অঙ্গে দিয়া হাথ।
অনেক দিনের সাধ পূরাইব
কোলে করি প্রাণনাথ ॥
দেখিয়া দেখিয়া মুখানি মাজিব১০
তাম্বুল দিব চাঁদমুখে১১।
বলরামের কথা বন্ধু লৈয়া যাব যথা১২
রাধা বলি কেহ নাহি ডাকে ॥
॥১৩৪॥৯৩২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪১৩ ও প-র পুথির ১৪।২৬ সংখ্যক পদ। ২। 'কিবা বা' স্থলে 'কি' প-র। ৩। 'নব' প-র। ৪। 'পেলিব' প-র-সা। ৫। 'ভাঙ্গিল' ক, চ। ৬। 'মুখানি' প-র। ৭। 'দেখিমু' ক; 'দেখিয়ে' প-র-সা। ৮। 'পরিয়া' প-র। ৯। 'লইয়া থাকিমু' স্থলে 'সদাই রাখিব' প-র। ১০। 'মুখানি মাজিব' স্থলে 'মুখ নিরখিয়া' প-র-সা। ১১। 'তাম্বুল' ইত্যাদি স্থলে 'গুয়া তুলি দিব মুখে' প-র। ১২। 'তথা' ক।

তথা রাগ।১

সই না কহ ও সব কথা।
কালার পিরিতি　　　যাহারে লাগিল
জনম হইতে২ বেথা॥
কালিন্দীর জল　　　নয়ানে না হেরি
বয়ানে না বলি কালা।
তভু ত সে কালা　　　অন্তরে জাগয়ে৩
কালা হৈল জপ-মালা॥
বন্ধুর লাগিয়া　　　যোগিনী হইব
কুণ্ডল পরিব কাণে।
সভার আগে　　　বিদায়৪ হইয়া
যাইব গহন বনে॥
গুরু পরিজন　　　বলে কুবচন
না যাব সে লোক৫-পাড়া।
চণ্ডীদাসে কহে　　　কানুর পিরিতি
জাতি কুল শীল ছাড়া॥১৩২॥৯৩৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪১৪ ও প-র পুথির ১৪।১৮ সংখ্যক পদ। ২। 'অবধি' প-র। ৩। 'না ছাড়ে' প-র। ৪। 'বিদিত' প-র। ৫। 'সে লোক' স্থলে 'লোকের' ক, খ, ঘ, চ, প-র-সা।

সিন্ধুড়া।১

কহিলাম মনের কথা ছাড়িতে নারিব।
শ্যাম নাগর বিনে২ তিলেক না জীব॥
অনুখণ হিয়া মোর শ্যাম-অনুরাগা।
ছাড়িতে কহিবে৩ যে সে হবে বধের ভাগী॥
শ্যাম সঙ্গে রস-রঙ্গে অঙ্গ গেল পাগা।
মজিল আমার মন সোণায় সোহাগা॥
শিবরাম দাসে৪ বলে ভাঙ্গিল চাতুরী।
মরমে লাগিল শ্যাম-রূপের মাধুরী॥
॥১৩৬॥৯৩৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪১৫ ও প-র পুথির ১৪।২০ সংখ্যক পদ। ২। 'বিনে আমি' প-র। ৩। 'ছাড়িতে কহিবে' স্থলে 'ছাড়াইতে চাহে' প-র। ৪। 'শিবা সহচরী' প-র।

সিন্ধুড়া।১

কি মোর এ ঘর　　　দুয়ারের কাজ
লাজে কহিতে নারি।
ইত্যাদি॥১৩৭॥৯৩৫॥

পাঠান্তর

১। এই পদটি ৮৪৭ সংখ্যক পদরূপে ইতিপূর্ব্বে উদ্ধৃত হইয়াছে বলিয়া এ স্থলে পুনরায় সম্পূর্ণ লিখিত হইল না; এই পদের অবশিষ্ট অংশ ও পাঠান্তর উক্ত পদে দ্রষ্টব্য।

অনুরাগঃ প্রকারান্তরং যথা।

শ্রীগৌরচন্দ্র।

ধানশী।১

নিরবধি মোর　　　হেন লয় মনে
খেণে খেণে অনিমিষে।
নয়ন ভরিয়া　　　গৌরাঙ্গ-বদন
হেরিয়ে মন হরিষে॥
আই আই কিয়ে　　　সে রূপ-মাধুরী
নিরমিল কোন বিধি।
নদীয়া-নাগরী　　　সোহাগ-আগরি
পাইল রসের নিধি॥
অপরূপ রূপ　　　কেশর করিয়া
ইচ্ছা যে২ হিয়ায় লেপি।
সোণার বরণ　　　বসন পরিয়া
জীবন যৌবন সোঁপি॥

চুলের চাঁপার[৩] ফুল হেন করি
আউলায়্যা করিয়ে দেখা।
লাজ ভয় ছাড়ি কোলে[৪] উড়ি পড়ি
দু বাহু করিয়া[৫] পাখা ॥
পিরিতি-মুরতি চিত্র বনাইয়া
কহিয়ে[৬] মনের কথা।
বুকে বুকে সুখে মুখে মুখ ভরি[৭]
ঘুচাই মনের বেথা ॥১৩৮॥৯৩৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪১৭ সংখ্যক পদ। ২। 'ইচ্ছা যে' স্থলে 'ইচ্ছায়' ক; 'ইছায়ে' খ, প-র-সা। ৩। 'চাঁপা' ক, চ। ৪। 'লোকে' ক, চ, প-র-সা। ৫। 'করিয়ে' ক, প-র-সা। ৬। 'কহি যে' ক; 'কহিএ' খ। ৭। 'বুকে' ইত্যাদি স্থলে 'বুকে বুকে মুখে মুখে মুখ ভরি' প-র-সা।

রসোদ্গারান্তে অনুরাগঃ।

তথা রাগ।[১]

সখি হে[২] কি পুছসি অনুভব মোয়।
সোই পিরিতি অনু- রাগ বাখানিয়ে[৩]
অনুখণ নৌতুন[৪] হোয় ॥ধ্রু॥
জনম অবধি হৈতে[৫] ও রূপ নেহারলুঁ[৬]
নয়ন না তিরপিত ভেলা।
লাখ লাখ যুগ হাম হিয়ে হিয়ে মুখে মুখে
হৃদয় জুড়ন নাহি গেলা ॥
বচন-অমিয়া-রস অনুখণ শুনলুঁ
শ্রুতি-পথে পরশ না ভেলি।
কত মধু-যামিনি রভসে গোঙায়লুঁ
না বুঝলুঁ কৈছন কেলি ॥
কত বিদগধ জন রস অনুমোদই
অনুভব কাহু[৭] না পেখি[৮]।
কহ কবিবল্লভ হৃদয় জুড়াইতে
মিলয়ে কোটিমে[৯] একি[১০] ॥
॥১৩৯॥৯৩৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪১৬ সংখ্যক পদ। ২। 'সখি হে' স্থলে 'সখি' ক, চ। ৩। 'বাখানি এ' খ; 'বাখানি' প-র-সা। ৪। 'নব নব' প-র-সা। ৫। 'হইতে' খ, ঘ, প-র-সা। ৬। 'নেহারিনু' ক, চ। ৭। 'অনুভব কাহু' স্থলে 'অনুভব কাহু' ক, খ; 'অনুভবি কাহে' প-র-সা। ৮। 'পেখ' খ। ৯। 'মিলয়ে কোটিমে' স্থলে 'লাখে না মিলয়ে' প-র-সা। ১০। 'এক' খ।

টীকা

১—৩। "সহি হে" ইত্যাদি। হে সখি! আমাকে (প্রেমের) অনুভব কি জিজ্ঞাসা করিতেছ? সেই প্রেমকেই অনুরাগ বলিয়া ব্যাখ্যা করি—(যাহা) অনুক্ষণ অর্থাৎ ক্ষণে ক্ষণে নূতন (রূপে প্রতীত) হয়। তুলনা করুন;—

"সদানুভূতমপি যঃ কুর্য্যান্নবনবং প্রিয়ম্।
রাগো ভবন্নবনবঃ সোঽনুরাগ ইতীর্য্যতে ॥"

১২—১৫। "কত" ইত্যাদি। কত রসিক ব্যক্তি রস অর্থাৎ অনুরাগকে প্রশংসা করিয়া থাকেন; (কিন্তু) অনুরাগের (প্রকৃত) অনুভব কাহাতেও দেখিতে পাই না। কবিবল্লভ কহেন—হৃদয় জুড়াইবার জন্য (প্রাণের মানুষ) কোটির মধ্যে একটি পাওয়া যায়।

শ্রীগান্ধার।[১]

কাহারে কহিব কানুর পিরিতি
তুমি সে বেদনী সই।
রসের ধাধসে ধসধস হিয়া
তেঞি সে তোমারে কই ॥

ও নব-নাগর রসের সাগর
আগর সকল গুণে।
সে সব[২] পিরিতি আদর আরতি
ঝুরিয়া মরিব মেনে॥
পিরিতি-বোলে কত না ছলে[৩] সে
কি না সে আকুতি সাধে।
মান নাশিয়া মধুর ভাষিয়া[৪]
হাসিয়া মরম বাঁধে॥
সে মোরে[৫] কোলেতে করিয়া ভরিয়া
বদনে বদন দিয়া।
মধুর চুম্বিয়া বিধু বিড়ম্বিয়া
পরাণ লইল পিয়া॥
কাঁচুয়া[৬] ফাঁড়িয়া[৭] সে রস লুটিয়া
ভুলিয়া[৮] মধুপ জনু।
কমল-কোরক ভরমে কি কৈল[৯]
গুণেতে ঘুণিত তনু॥
ও দিঠি-চাতুরী মুখের[১০] মাধুরী
লহরী বহয়ে আর।
এ সুখ[১১] শুনিয়া ঝুরিয়া মরুক
দাস গোবিন্দ ছার॥১৪০॥৯৩৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪১৯ সংখ্যক পদ। ২। 'ধস' ক, চ, প-র-সা। ৩। 'ছল' ক, খ, চ। ৪। 'ভাখিয়া' ক। ৫। 'মোর' ক। ৬। 'কাচুলী' ক; 'কাচুয়া' খ, চ। ৭। 'ফুটিয়া' খ। ৮। 'অলিয়া' ক; 'ভুলিয়া' খ, চ। ৯। 'হৈল' ক। ১০। 'রসের' প-র-সা। ১১। 'এ সুখ' স্থলে 'সে রস' প-র-সা।

টীকা

১৩—১৬। "সে মোরে" ইত্যাদি। সে আমারে ক্রোড়ে ধারণ ও (আমার দ্বারা) ক্রোড় পূর্ণ করিয়া, (আমার) মুখে মুখ অর্পণ করিয়া, (আমার মুখে) মধুর ভাবে চুম্বন করিয়া ও (চন্দ্র এই মুখের নিকট কি ছার!—এই বলিয়া) চন্দ্রকে তিরস্কার করিয়া, আমার হৃদয় হরণ করিল।

পুনশ্চ প্রকারান্তরং যথা।

তিরোথা।[১]

সখি হে মন্দ প্রেম-পরিণামা।
বরকে[২] জীবন কয়ল পরাধীন
নাহি উপকার এক ঠামা॥ধ্রু॥
ঝাঁপল[৩] কূপ লখই নাহি পারলুঁ
যাইতে[৪] পড়লহুঁ ধাই।
তখনক লঘু গুরু কছু না বিচারলুঁ
অব পাছু[৬] তরইতে চাই[৭]॥
মধু সম বচন প্রেম সম মানুখ
পহিল জানন নাহি[৮] ভেলা।
আপন চতুরপন পর হাতে সোঁপলুঁ
হৃদিসে গরব দূরে গেলা॥
এত দিন[৯] আন ভানে[১০] হাম আছিলুঁ
অব বুঝলু অবগাহি।
আপন শূল[১১] হাম আপহি চাঁছলুঁ[১২]
দোখ দেয়ব অব কাহি॥
ভণয়ে বিদ্যাপতি শুন বর যুবতি
চিতে নাহি গুণবি[১৩] আনে।
প্রেমক কারণ জীউ উপেখিয়ে
জগ-জন কো নাহি জানে॥১৪১॥৯৩৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৫২০ সংখ্যক পদ। ২। 'বরাক' প-র-সা। ৩। 'ঝাঁপয়ে' ক। ৪। 'না' ক। ৫। 'আইতে' ক, চ। ৬। 'পাছে' প-র-সা। ৭। 'জাই' প-র-সা। ৮। 'পহিল জানন নাহি' স্থলে 'পহিলহি জানয় না' ক; 'পহি-

লহি জানলু না' ঘ, চ। ৯। 'দিনে' ক, খ, ঘ, চ। ১০। 'ভানে হাম' স্থলে 'ভালে হাম' চ। ১১। 'শুভ' খ, প-র-সা। ১২। 'আপহি চাঁহলু' স্থলে 'আপে না চাহিল' প-র-সা। ১৩। 'শুণবি' ক, খ, ঘ; 'ভাবিহ' প-র-সা।

ধানশী।[১]

পিরিতিকি রীত কোন অবগাহই[২]
সহজই বঙ্কিম সোই।
যো রস-ধাধসে ধস ধস অন্তর
পাঁজর[৩] জর জর হোই॥
সজনি তোহে কহি[৪] কানুক নেহা।
যত যত নীত[৫] চীতে মঝু উঠয়ে
ভাবিতে আকুল দেহা॥ ধ্রু॥
পরবশ হোই যোই ধনি জীবই[৬]
প্রেম-বিলাসক আশে।
দরশন[৭] দুলহ দূরে রহুঁ লালস
নিচয়ে মরণ অভিলাষে॥
মরমক বোল কহত[৮] হিয়া ডোলত[৯]
কো কহ জনি পরিবাদে।
গোবিন্দদাস বচনে হাম ভুললুঁ
তে[১০] ভেল এত পরমাদে॥
॥১৪২॥৯৪০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০২ ও ১৪২১ সংখ্যক পদ। ২। 'অবগাহক' ক, খ, ঘ, চ; 'অবগাহব' সা-প ২০১ পুথি। ৩। 'পঞ্জর' ঘ, চ। ৪। 'তোহে কহি' স্থলে 'তাহে কি' ক, প-র-সা। ৫। 'নিতি মিতি' প-র-সা। ৬। 'জীবয়ে' ক, খ, ঘ, চ। ৭। 'পরিচয়' সা-প ২০১ পুথি। ৮। 'কতহি' প-র-সা। ৯। 'ডোলয়ে' প-র-সা। ১০। 'তাহে' ক, খ; 'তেঞি' প-র-সা।

তুড়ী।[১]

একে কুলবতী চিতের আরতি
বিধি-বিড়ম্বিত কাজে।
শ্যাম সুনাগর- পিরিতি-কণ্টক
ফুটিল হিয়ার মাঝে॥
শুন শুন সই মর্ম্ম তোরে[২] কই
পড়িলুঁ বিষম ফাঁদে।
অমূল্য[৩] রতন বেড়ি ফণিগণ
দেখিয়া পরাণ কান্দে॥ ধ্রু॥
গুরু গরবিত বোলে অবিরত
এ বড়ি বিষম বাধা।
এ কুল ও কুল দু কুল চাহিতে
সংশয় পড়ল রাধা॥
ছাড়িলে ছাড়ান না যায় সে লোক[৪]
পরাণ-অধিক বড়।
জ্ঞানদাস কহে এমন সম্পদ
কাহার ডরে বা এড়॥১৪৩॥৯৪১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪২২ সংখ্যক পদ। ২। 'মর্ম্ম তোরে' স্থলে 'মরম তোমারে' ক, খ, ঘ; 'মরম তোরে' প-র-সা। ৩। 'অমূল' ক, ঘ, চ। ৪। 'ছাড়িলে' ইত্যাদি স্থলে 'ছাড়িলে ছাড়িল এ লোক সে লোক' ক, খ, ঘ, চ।

বিহগড়া।

কবহুঁ রসিক সনে দরশ হোয়[১] জনি[২]
দরশনে হোয় জনি[৩] নেহ।
নেহ-বিছেদ[৪] জনি কাহুঁকে উপজয়ে
বিছেদে[৫] ধরয়ে জনি দেহ॥
সজনি দূরে[৬] কর ও পরসঙ্গ।
পহিলহি উপজিতে প্রেমক[৭] অঙ্কুর
দারুণ বিহি দিল ভঙ্গ॥

কবহুঁ দৈব দোষ উপজয়ে প্রেমহি
রসিক সনে জনি[৮] হোয়।
কানু সে গোপত[৯] নেহ করি অব এক
সবহুঁ শিখায়ল[১০] মোয় ॥
হেন ঔখদ সখি কাহাঁ নাহি পাইয়ে
জনু[১১] যৌবন জরি যায়।
অসমঞ্জস রস সহিতে না পারিয়ে
ইহ কবি শেখর গায় ॥১৪৪॥৯৪২॥

পাঠান্তর

১। 'দরশ হোয়' স্থলে 'দরশন হোয়ে' ক। ২। 'জানি' ক, খ। ৩। 'জনু' ক, চ। ৪। 'লেহবিচ্ছেদ' ক, চ। ৫। 'বিচ্ছেদে' ক, চ। ৬। দূরে' ক, খ। ৭। 'প্রেম' ক। ৮। 'জনু' ক, চ। ৯। 'গোপতে' ক। ১০। 'শিখাওলুঁ' খ। ১১। 'জনি' ঘ।

টীকা

১—৪। "কবহুঁ" ইত্যাদি। কখনও যেন রসিক জনের সহিত সাক্ষাৎ হয় না; সাক্ষাৎ হইলেও যেন প্রণয় হয় না; প্রণয় (হইলেও) যেন বিচ্ছেদ ঘটে না; বিচ্ছেদ ঘটিলে যেন দেহ ধারণ করে না। ('একাবলী' অলঙ্কার)। তুলনা করুন,—

"কুলবতি কোই নয়নে জনি হেরই
হেরত পুন জনি কান।
কানু হেরি জনি প্রেম বাঢ়ায়ই
প্রেম করই জনি মান ॥'
—প-ক-ত, ৫৩৪ সংখ্যক পদ।

সুহই।১

একে নব পিরিতি আরতি অতি[২] দুরগম
সোঙরি সোঙরি খিণ দেহা।
তাহে গুরু-গঞ্জন হৃদয়-বিদারণ
জীবইতে ভেল সন্দেহা[৩] ॥
সজনি দূরে কর ও পরথাব[৪]।
প্রেম-নাম যাহাঁ শুনই না পায়ব
সোই নগরে হাম যাব ॥ধ্রু॥
যাহে বিনু সপনে আন নাহি হেরিয়ে[৫]
অব মোহে বিছুরল সোই।
হাম অতি দুখিনি সহজে একাকিনি
আপন বলিতে নাহি কোই ॥
দুহুঁ কুল চাহিতে[৭] আকুল অন্তর
পাঁতরে পড়ি রহুঁ হেম।
জ্ঞানদাস কহে ধিক ধিক জীবনে
যাকর পরবশ প্রেম ॥১৪৫॥৯৪৩॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৪।১১৭ সংখ্যক পদ। ২। 'আরতি অতি' স্থলে 'আর অতি' ক; 'আরতি' খ, ঘ, চ। ৩। 'জীবইতে ভেল সন্দেহা' স্থলে 'পরিজনক গেহা' প-র; 'পরিজন কণ্টক গেহা' সা-প ২০১ পুথি। ৪। 'প্রস্তাব' প-র; 'পরতাব' সা-প ২০১ পুথি। ৫। 'জানিলুঁ' প-র। ৬। 'দুখিনী' ক; 'দোখিনি' চ। ৭। 'হেরইতে' প-র, সা-প ২০১ পুথি। ৮। 'পাতরে' ক, ঘ; 'পন্থহি' প-র।

তুড়ী।১

ভালই সময় ছিল যখন শিশুমতি।
অন্তরে অনল জ্বলে[২] পিরিতি-কিরিতি[৩] ॥
বাহিরে অনল নহে জল দিব[৪] তায়।
শ্যাম-প্রেমে ধকধকি[৫] কি বলিব কায়[৬] ॥
প্রাণসখি[৭] তোমারে সে বলি।
হিয়ার ভিতরে[৮] শ্যাম পরাণ-পুতলী ॥
ঘর হৈতে বাহির হইয়ে নিরন্তর[৯]।
দেখিবারে সাধ করি নহি সতন্তর ॥
মন ধকধক[১০] করে দিবস রজনী[১১]।
লোক মাঝে না থাকিয়ে রহি একাকিনী।

নিশ্বাস ছাড়িতে মোর[১২] নাহি অবসর[১৩]।
কৃষ্ণপরসাদ কহে পরমাদ বড়[১৪] ॥

॥১৪৬॥৯৪৪॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৭।১২১ সংখ্যক পদ। 'তুড়ী' স্থলে 'শ্রীরাগ' প-র। ২। 'হবে' প-র। ৩। 'পিরিতিক রীতি' ক, খ, প-র। ৪। 'দিয়ে' প-র। ৫। 'দগদগি' প-র। ৬। 'কি বলিব কায়' স্থলে 'কি করি উপায়' প-র। ৭। 'মনের মরম কথা' প-র। ৮। 'মাঝারে' প-র। ৯। 'ঘর হৈতে' ইত্যাদি পংক্তিদ্বয়ের স্থলে প-র পুথির পাঠ যথা,—

'দেখিবারে করি সাধ নহি সংস্তর।
ঘর কৈলুঁ বাহির বাহির কৈলুঁ ঘর॥'

১০। 'ধকধকি' ক; 'দকদকি' চ। ১১। 'মন' ইত্যাদি পংক্তিদ্বয় প-র পুথিতে নাই। ১২। 'মোরে' প-র। ১৩। 'অবসাদ' প-র। ১৪। 'কৃষ্ণ-পরসাদ' ইত্যাদি স্থলে প-র পুথির পাঠ, যথা,—

'শিবানন্দ কহে এই পিরিতি প্রমাদ।

পঠমঞ্জরী।

একে কাল হৈল মোরে[১] নহলি যৌবন।
আর কাল হৈল মোর বাস বৃন্দাবন ॥
আর কাল হৈল মোরে[২] কদম্বের তল।
আর কাল হৈল মোরে[৩] যমুনার জল ॥
আর কাল হৈল মোর রতন-ভূষণ।
আর কাল হৈল মোরে[৪] গিরি গোবর্দ্ধন ॥
এত কাল সনে আমি থাকি একাকিনী।
এমন বেথিত নাহি শুনে যে[৫] কাহিনী ॥
দ্বিজ চণ্ডীদাসে কহে না কহ এমন।
কারু কোন দোষ নাই সবে[৬] এক জন ॥

॥১৪৭॥৯৪৫॥

পাঠান্তর

১। 'মোর' ক, খ। ২। 'মোর' ক, খ। ৩। 'মোর' ক, খ। ৪। 'মোর' ক, খ। ৫। 'শুনে যে' স্থলে 'শুনয়ে' ক, খ। ৬। 'সব' ক, খ।

টীকা

"মোর" ও "মোরে" শব্দের প্রয়োগে চণ্ডীদাস যে সূক্ষ্ম পার্থক্য রক্ষা করিয়াছেন, অধিকাংশ লিপিকর উহা লক্ষ্য না করায় চণ্ডীদাসের সকল সংস্করণ-গুলিতেই বটতলার মুদ্রিত পুথির অনুকরণে 'মোরে' শব্দের স্থলে সর্ব্বত্র 'মোর' পাঠ গৃহীত হইয়াছে। 'মোর' শব্দটি সম্বন্ধে ষষ্ঠী বিভক্তির পদ; 'মোরে' শব্দটি চতুর্থী বিভক্তির পদ; উহার অর্থ—'আমার পক্ষে'। বলা বাহুল্য যে, 'কদম্বের তল', 'যমুনার জল' ও 'গিরি-গোবর্দ্ধন'—এই সকল পদার্থে শ্রীরাধার কোন স্বামিত্ব-সম্বন্ধ নাই; সুতরাং সেই সেই স্থলে 'মোর কদম্বের তল' ইত্যাদি-রূপ প্রয়োগ সমীচীন ও বৈশিষ্ট্যসূচক হইয়াছে। 'নহলি যৌবন' অর্থাৎ 'নবীন যৌবন' বস্তুটিতে শ্রীরাধার স্বামিত্ব-সম্বন্ধ থাকিলেও তাঁহার মনে যৌবনাভিমান নাই এবং তিনি উহাকে বাঞ্ছনীয়ও মনে করেন না; সুতরাং সেই স্থলেও 'মোর' অপেক্ষা 'মোরে' প্রয়োগই সুসঙ্গত হইয়াছে। শ্রীরাধার অঙ্গ-ধৃত দৃশ্যমান 'রতন-ভূষণ'গুলি সুখকর না হইলেও উহাদিগের স্বামিত্ব অস্বীকার করার ও গুরুজনের গঞ্জনার ভয়ে উহা পরিত্যাগ করার উপায় নাই বলিয়াই 'মোর রতন-ভূষণ' বলা হইয়াছে।

ভাটিয়ারী।

একে দেখি অতি চিতের আরতি
পহিলে না ছিল এত।
ঘরে গুরুজন- গঞ্জনা না মানি[১]
নিতি নিবারিব কত ॥

সই ঠেকিলুঁ বিষম ফাঁদে।
কানুর পিরিতি তিলেক বিরতি[২]
হইলে[৩] পরাণ কাঁদে ॥
সহজে মধুর শ্যামের মুরতি
পিরিতি বুঝিবে কে।
সে সব আদর ভাদর-বাদর[৪]
কেমনে ধরিব[৫] দে ॥
চিতের বিচার উচিত[৬] কহিতে
জগত ভরিয়া লাজ।
জ্ঞানদাস কহে ইহার অধিক
রসিক গোপত কাজ ॥১৪৮॥৯৪৬॥

পাঠান্তর

১। 'মানে' ক। ২। 'বিরিতি' ঘ, চ। ৩। 'তিলেক' ক, চ। ৪। 'বাদর ভাদর' খ, ঘ, চ। ৫। 'ধরিবে' ক, খ। ৬। 'উদিত' ক, খ।

সুহই।

ঘর হেন নহে মোর ঘরের বসতি।
বিষ হেন লাগে মোরে পতির পিরিতি ॥
বিরলে ননদী মোরে যতেক বুঝায়।
কানুর পিরিতি বিনে আন নাহি ভায় ॥
সখি মোর নব অনুরাগে।
পরবশ জীউ না উবরে[১] পুণভাগে ॥
আঁখে[২] রৈয়া আঁখে[৩] নহে[৪] সদা রহে[৫] চিতে।
সে রস বিরস[৬] নহে জাগিতে ঘুমিতে ॥
এক কথা লাখ হেন মনে বাসি ধাঁন্দি।
তিলে কতবার দেখোঁ[৭] স্বপন-সমাধি ॥
জ্ঞানদাস কহে ভাল ভাবে পড়িয়াছ।
মনের মরম কথা কারে জানি পুছ ॥
॥১৪৯॥৯৪৭॥

পাঠান্তর

১। 'উবরে' খ। ২-৩। 'আখ্যে' ঘ, চ। ৪। 'রহে' ক, চ। ৫। 'জাগে' ঘ। ৬। 'নীরস' ক; 'নিরস' ঘ, চ। ৭। 'দেখি' ক; 'দেখো' ঘ।

তথা রাগ।

জীব না জীব না সোই জীবার নহোঁ মুক্রি[১]
এ ছার পরাণ কার তরে।
এত পরমাদে সই রাধার মনে আন নাই
প্রাণ কাঁদে বিচ্ছেদের ডরে ॥
বন্ধুরে বিদরে হিয়া একা নিশবদ হইয়া
শুতিয়া রহিলুঁ মুঞি দিনে।
স্বপনে বন্ধুর সনে মনের কথাটি কই
ননদী দাঁড়াঞা তাহা শুনে ॥
ঘুমের আলিসে দুটি আঁখি মেলিতে নারি
কালা-রূপ যাহাঁ তাহাঁ দেখি।
আন বোল বলিতে কালা বন্ধুয়া বলিয়া ডাকি[২]
প্রতি বোলে তারা করে সাখী ॥
কালা বিলাসের হার কালা গলার[৩] কাঁঠি
কালা সুতায় নিতি নিতি গাঁথি।
লোচন বলয়ে অনু- রাগের বালাই যাই
বন্ধুর গুণের লাগি বেথি ॥১৫০॥৯৪৮॥

পাঠান্তর

১। 'জীব না' ইত্যাদি পংক্তিদ্বয় স্থলে ক ও চ পুথির পাঠ যথা—'জীব না জীব না সই এ ছার পরাণ কার তরে।' ২। 'আন' ইত্যাদি স্থলে ক ও চ পুথির পাঠ যথা—'আন বোল বলিতে কানু বলিয়া ডাকি'। ৩। 'গুণের' ঘ; 'গলের' চ।

তথা রাগ।

পাসরিতে শরির হোয়ে[১] অবসান।
কহিতে না নাগর বুঝই অবধান[২] ॥
কহনে না পারিয়ে[৩] সহনে না যায়।
রচহ[৪] সজনি অব কি করি উপায় ॥

কোন বিহি নিরমিল এহ পুন লেহ।
কাহে কুলবতি করি গড়ল মোর দেহ ॥
কাম করে ধরিয়া সে করায়[৫] বাহার।
রাখয়ে মন্দিরে এ কুল-আচার[৬] ॥
রহই[৭] না পারিয়ে চলই না পারি।
ঘন ফিরি[৮] যৈছে[৯] পিঞ্জর মাহা শারি ॥
এতহুঁ বিপদে কাহে জীবয়ে দেহ।
ভণয়ে বিদ্যাপতি বিষম এ নেহ ॥১২১॥৯৪৯॥

পাঠান্তর

১। 'হয়' ক। ২। 'কহিতে' ইত্যাদি পংক্তির স্থলে 'কহিতে না লয় অব বুঝই অবধান' ক; 'কহিতে না লয়ব বুঝই অবধান' চ। ৩। 'না পারিয়ে' স্থলে 'নারিয়ে' ঘ। ৪। 'বলহ' ক, খ। ৫। 'করয়ে' ক। ৬। 'কুলাচার' ক। ৭। 'সহই' ক, চ। ৮। 'ফিরে' ক। ৯। 'যৈছন' ক, খ।

ততঃ সখ্যুক্তিঃ।

শুন শুন সুন্দরি কর অবধান।
নাহ রসিকবর বিদগধ জান ॥
কাহে তুহুঁ হৃদয়ে করসি অনুতাপ।
অবহুঁ মিলব সোই সুপুরুখ আপ ॥
উদভট প্রেম করসি অনুরাগ[১]।
নিতি নিতি ঐছন[২] হিয় মাহা জাগ ॥
বিদ্যাপতি কহ বান্ধহ[৩] গেহ।
সুপুরুখ কবহু না তেজয়ে নেহ ॥
॥১২২॥৯৫০॥

পাঠান্তর

১। 'অনুতাপ' ক, খ। ২। 'নৌতুন' খ। ৩। 'বান্ধই' ক; 'বান্ধব' খ।

পুনশ্চ আক্ষেপানুরাগঃ।

সুহই।

আর শুন্যাছ[১] আলো সই তোমার কানুর রীত।
হাসাইলে সব মোর গুরু গরবিত ॥
সখীর সামিলে পথে আসিয়ে[২] চলিয়া।
বাহু পসারিয়া রহে পথ আগুলিয়া ॥
যতেক নিষেধি তায় দ্বিগুণ উথলে।
লোকে বলে এমন কেনে সে বোল নহিলে ॥
পথে যাইতে লোক[৩] সব কহে আমার কথা।
সদাই আমার নাম লয় যথা তথা ॥
রসাভাসে যে বোল বোলে শুন্যা[৪] লাজে মরি।
পাপিয়া পাড়ার লোক করে ঠারাঠারি ॥
এত দিন ছিল মোর অবেকত কাজ।
এবে সে বেকত হৈল গোকুল-সমাজ ॥
বিরলে পাইয়া তাহা সোঙরি কহিয়।
যদুনাথ দাস কহে সময় বুঝাইয় ॥১২৩॥৯৫১॥

পাঠান্তর

১। 'শুনেছ' ক। ২। 'আসিতে' ক, খ, চ। ৩। 'লোকে' ক, চ। ৪। 'শুনে' ক।

টীকা

৫—৬। "যতেক" ইত্যাদি। (শ্রীকৃষ্ণের ধৃষ্টতা) যত নিষেধ করি, তাহাতে (ক্ষান্ত না হইয়া) দ্বিগুণ বর্দ্ধিত হয়। (তাহা দেখিয়া) লোকে বলে যে, সেই কথা অর্থাৎ শ্রীকৃষ্ণের সহিত শ্রীরাধার গুপ্ত প্রণয়ের কথা (প্রকৃত) না হইলে—এরূপ হইবে কেন? (গুপ্ত প্রণয় না থাকিলে কোন কুলাঙ্গনা নীরবে পর-পুরুষের এইরূপ ধৃষ্টতা সহ্য করে না)।

তুড়ী।১

সই কেমনে দেখাব মুখ।
গোপত পিরিতি বেকত করয়ে
এ বড়ি মরমে দুখ ॥ ধ্রু ॥

এত টাঁঠপনা করে কোন জনা
বুঝিল[২] তাহার মতি।
মোর অপযশে সকলে হাসয়ে
ইথে কি পাইবে সিধি[৩] ॥
আর এক দিন সিনানে যাইতে
আঁচরে ধরল মোর।
তথা দুই চারি নাগরী আছিল
হাসিয়া[৪] হইল ভোর ॥
পরশ পাইয়া অবশ হইলু
ইহাতে করিব কি।
শেখর কহে কি করিবে লোকে
তোমার নিছনি[৫] দি ॥১৫৪॥৯৫২॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৪।৭০ সংখ্যক পদ। ২। 'বুঝিনু' ক, চ। ৩। 'ইথে' ইত্যাদি স্থলে 'ইথে পাবে কোন সিধি' প-র। ৪। 'দেখিয়া' প-র। ৫। 'তোমার নিছনি' স্থলে 'তোমারে নিছিয়া' প-র।

সিন্দুড়া।[১]

এমত বেভার না জানি তাহার
পিরিতি যাহার সনে।
গোপত করিয়া কেনে না রাখিল
বেকত করিল কেনে ॥
মনের মরম জানিবে কে।
সেই সে জানয়ে মনের মরম
এ রসে মজিল যে ॥ ধ্রু ॥
চোরের মায়ে[২] যেন পোয়ের লাগিয়া
ফুকরি কাঁদিতে নারে।
কুলবতী হৈয়া পিরিতি করিলে
এমতি সঙ্কট তারে ॥
কে আছে বেথিত করে পরতীত[৩]
এ দুখ কহিব কারে।
হয় দুখভাগী পাইয়ে[৪] তার লাগি
তবে সে কহিয়ে তারে ॥
পরে কি জানয়ে পরের বেদন
সতর[৫] আপন কাজে।
চণ্ডীদাসে কহে বনের ভিতরে
তাহে কি[৬] রোদন সাজে ॥
॥১৫৫॥৯৫৩॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৪।৭১ সংখ্যক পদ। ২। 'মা' ক, খ, চ, প-র। ৩। 'পরহিত' ক, চ; 'পরতিত' ঘ। ৪। 'পাই' প-র। ৫। 'সম্বর' চ। ৬। 'তাহে কি' স্থলে 'তাহা কি' খ; 'তবে সে' প-র।

শ্রীরাগ।[১]

সই কাহারে করিব রোষ।
না জানি না দেখি সরল হইলুঁ
সে পুনি আপন দোষ ॥ ধ্রু ॥
বাতাস বুঝিয়া পেলাই থু[২] পা
বাঢ়াই বুঝিয়া গেহ।
মানুষ বুঝিয়া কথা যে[৩] কহিয়ে
রসিক বুঝিয়া নেহ ॥
মড়ক বুঝিয়া ধরিয়ে ডাল
ছায়ায়[৪] বুঝিয়া মাথা।
গাহক বুঝিয়া গুণ প্রকাশিয়ে[৫]
বেথিত বুঝিয়া বেথা ॥
অবিচারে সই করিলুঁ পিরিতি
কেন কৈলুঁ হেন কাজে[৬]।
প্রেমদাস কহে ধীর হ সুন্দরি
কহিলে পাইবা লাজে[৭] ॥১৫৬॥৯৫৪॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৪।৭২ সংখ্যক পদ। ২। 'পেলাই থু' স্থলে 'ফেলাইতু' খ; 'ফেলাই থু'

চ ; 'ফেলাইত' প-র। ৩। 'সে' ক, খ, ঘ, চ। ৪। 'ছায় সে' খ। ৫। 'পরকাশি' ক। ৬। 'কাজ' ক, চ, প-র। ৭। 'লাজ' ক, চ, প-র।

টীকা

৪—৭। "বাতাস" ইত্যাদি। (আমরা) বাতাস বুঝিয়া অর্থাৎ কোন্ দিক্ হইতে বায়ু প্রবাহিত হইতেছে, তাহা স্থির করিয়া থুথু ফেলি ; (নতুবা নিজের থুথু নিজের গায়ে উড়িয়া পড়িতে পারে)। সেই প্রকার (পাদ-বিক্ষেপ-স্থলের) স্থিরতা বুঝিয়া পা বাড়াই ; (নতুবা পা খাদে পড়িয়া ভগ্ন হইতে পারে)। (সেইরূপ) মানুষ বুঝিয়া অর্থাৎ সুজন কি কুজন, তাহা স্থির করিয়া কথা বলি ; (নতুবা সেই কথায় বিপদ্ ঘটিতে পারে)। (সেইরূপ) রসিক বুঝিয়া প্রণয় করি, (কেন না, অরসিকের সঙ্গে প্রণয় করিলে সারা জীবন ক্লেশ পাইতে হয়)।

৮—১১। "মড়ক" ইত্যাদি। মড়ক অর্থাৎ কীটাদি-জনিত জীর্ণতা বুঝিয়া (গাছে চড়িতে হইলে) ডাল অবলম্বন করি ; ছায়া দেখিয়া মাথা রাখি ; (গুণের উপযুক্ত) গ্রাহক বুঝিয়া গুণ প্রকাশ করি (নতুবা বেনার বনে মুক্তা ছড়ান হয়) ; এবং (ব্যথার) ব্যথী বুঝিয়া (তাঁহার নিকট) ব্যথা প্রকাশ করি (নতুবা অরণ্যে রোদন করা হয়)।

তথা রাগ।

জ্বালার উপর জ্বালা সই[১]
জ্বালার উপর জ্বালা।
জলকে যাই পথ না পাই[২]
বসন টানে কালা॥
সরম কর‍্যা ভরম কর‍্যা[৩]
বসন দিলাম মাথে।
সকল সখীর মাঝে কালা
ধরে আমার হাতে॥
রস করিতে জানে যদি
তবে সে মনের সুখ[৪]।
গোপত কথা বেকত করে[৫]
এই সে বড় দুখ॥
চলমল্যাকে চতুর বলি
হেটমুড়্যাকে জপু।
রস জানিলে[৬] রসিক বলি
নৈলে বলি[৭] ভেপু॥
লোচন বলে আলো দিদি
ইহা বল্‌লি[৮] কেনে।
কালার সমান[৯] রসিক নাই
এ তিন ভুবনে॥১৫৭॥৯৫৫॥

পাঠান্তর

১। 'জ্বালার' ইত্যাদি স্থলে 'কি হৈল কি হৈল সই' ক, চ। ২। 'জলকে' ইত্যাদি স্থলে 'পথে যাইতে দেখা হইলে' ক, চ। ৩। 'সরম কর‍্যা' ইত্যাদি স্থলে 'ভরম কৈর‍্যা সরম কৈর‍্যা' ক। ৪। 'রস করিতে' ইত্যাদি স্থলে 'কালার সনে রসের কথায় মনে পাইনু সুখ' ক, চ। ৫। 'হৈল' ক। ৬। 'বুঝিলে' ক, চ। ৭। 'নৈলে বলি' স্থলে 'না বুঝিলে' ক, চ। ৮। 'ইহা বল্‌লি' স্থলে 'গালি দিলা' ক। ৯। 'কালার সমান' স্থলে 'কালা বই' ক।

টীকা

১৩—১৪। "চলমল্যাকে" ইত্যাদি। (আমরা) চলমল্যা অর্থাৎ ক্ষিপ্রকারী লোককে চতুর ও অবনত-মস্তক ব্যক্তিকে জপশীল বলিয়া থাকি ; সেইরূপ (প্রেম)-রস জানিলে রসিক বলিয়া থাকি ; যদি (প্রেম)-রস না জানে, তাহা হইলে তাহাকে ভেপু অর্থাৎ শব্দ-কারী যন্ত্রমাত্র বলিয়া থাকি।

বরাড়ী।[১]

কেনে কৈলুঁ পিরিতির সাধ।
পিরিতি-অঙ্কুর হৈতে যত দুখ পাইলুঁ চিতে
শুনিলে গণিবে পরমাদ॥ ধ্রু॥

মুঞি যদি জানিতুঁ[২] এত তবে কেন হব রত
না করিতুঁ[৩] হেন সব কাজ।
ভুলিলুঁ পরের বোলে কুলটা হইলুঁ কুলে
জগত ভরিয়া রৈল লাজ ॥
যখন পিরিতি কৈল আনি চাঁদ হাতে দিল
পুন তারে না পাই দেখিতে।
কি করিতে কি না[৪] করি ঝুরিয়া ঝুরিয়া মরি
অবশেষে প্রাণ চাহে নিতে ॥
পিরিতি আঁখর তিন যাহার হৃদয়ে চিন
কিবা তার লাজ কুল-ভয়।
কহে দ্বিজ চণ্ডীদাস যে করে পিরিতি-আশ
তার বুঝি এই দশা[৫] হয় ॥১৫৮॥৯৫৬॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৪।৭৭ সংখ্যক পদ। ২-৩। 'জানিতু' ক, চ। ৪। 'বা' খ। ৫। 'সব' ক, খ, ঘ, চ।

পুনশ্চ শ্রীকৃষ্ণং প্রতি আক্ষেপঃ।

ধানশী।[১]

সখি আর কি কহিতে ডর[২]।
যাহার লাগিয়া সব তেয়াগিলুঁ
সে কেনে বাসয়ে পর ॥
সুজন কুজন যে জন না জানে[৩]
তাহারে কহিব কি।
অন্তর বাহির যে জন জানয়ে
তাহারে পরাণ দি ॥
কানুর পিরিতি কহিতে শুনিতে
পরাণ ফাটিয়া উঠে।
শঙ্খ-বণিকের করাত যেমন
আসিতে[৫] যাইতে কাটে ॥
॥১৫৯॥৯৫৭॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৪।৭৭ সংখ্যক পদ। ২। 'আর কি' ইত্যাদি স্থলে 'কহিতে বাসিয়ে ডর' প-র। ৩। 'বুঝে' প-র। ৪। 'অন্তর বাহির' স্থলে 'মনের বেদন' প-র। ৫। 'আসিতে' স্থলে 'আইতে' প-র।

সিন্ধুড়া।

গৃহে গুরুজন স্বামি-তরজন
যা লাগি না দিলুঁ কাণে।
এখন কি লাগি সে জন আমারে
না চাহে নয়ান-কোণে ॥
সই পরখি[১] বুঝলুঁ কাজে।
বিনি অপরাধে সাধিলে বাদ
জগত ভরিল লাজে ॥ ধ্রু ॥
সে সব পিরিতি আদর আরতি
সদাই পড়িছে মনে।
প্রেম-পরাভব এমন জানিয়া
এখন যায় পরাণে ॥
সহজে অবলা আগু অনুসরে
না জানি কি হয় পাছে।
জ্ঞানদাস বোলে[২] সময় বুঝিতে
কে জন এমন আছে ॥১৬০॥৯৫৮॥

পাঠান্তর

১। 'পরখে' ক, চ। ২। 'কহে' ক।

শ্রীরাগ।[১]

যাহার লাগিয়া কৈলুঁ কুলের লাঞ্ছনা।
কত না সহিবে দেহে গুরুর গঞ্জনা ॥
যার লাগি ছাড়িলুঁ গৃহের যত সুখ[২]।
না জানি কি লাগি এবে সে জনা বিমুখ ॥
সজনি নিবেদলুঁ[৩] তোরে।
কলঙ্ক রহল সব গোকুল নগরে ॥ ধ্রু ॥

তিলেকে সে তেয়াগিলুঁ পতি খুর-ধার।
শ্রবণে না শুনলুঁ[৪] ধরম-বিচার॥
অবলা অখল-জাতি ভুলে পর-বোলে।
অনেক সাধের দীপ নিভাইল[৫]
সাঁঝের[৬] বেলে॥
দুখের উপরে দুখ পরিজন-বোল।
সতীর সমাজে দাঁড়াইতে হৈলুঁ চোর॥
জ্ঞানদাস কহে ইথে কেমন উপায়।
প্রেম-পরাভব দুখ সহনে[৭] না যায়॥
॥১৬১॥৯২৯॥

পাঠান্তর

১। ইহা প-র পুঁথির ১৪।৮০ সংখ্যক পদ। ২। 'গৃহের যত সুখ' স্থলে 'সকল গৃহসুখ' প-র। ৩। 'সজনি নিবেদিলুঁ' স্থলে 'আগো সই নিবেদিয়ে' প-র। ৪। 'শুনিলাম' প-র। ৫। 'নিভে' চ; 'নিভাল্য' প-র। ৬। 'সাঁঝ' চ; 'সাঁজ' ক। ৭। 'হইলে' প-র।

সুহই।[১]

ভালই আছিলুঁ আন-মনে।
প্রমাদ পড়িল[২] সেই খণে॥
কেনে শুনাইলা তার গুণ।
উথলিল আগুনের থুন॥
নিশি দিশি যার গুণ গাই।
তার[৩] কেনে এত[৪] নিঠুরাই॥
যার লাগি তেয়াগিলুঁ ঘর।
সে কেনে ভাবয়ে ভিন পর॥
যার লাগি কুলে দিলুঁ ছাই।
তারে কেনে দেখিতে না পাই॥
সতীর সমাজে হৈলুঁ মন্দ।
জ্ঞানদাস শুনি রহু ধন্দ॥১৬২॥৯৬০॥

পাঠান্তর

১। ইহা প-র পুঁথির ১৪।৮১ সংখ্যক পদ। ২। 'পাড়িলে' প-র। ৩। 'সে' ক, খ, ঘ, চ। ৪। 'এতেক' ক, খ, ঘ, চ।

শ্রীরাগ।

বন্ধুর লাগিয়া সব তেয়াগিলুঁ
লোকে অপযশ কয়।
এ ধন আমার লয় অন্য জন
ইহা কি পরাণে সয়॥
সই কত না রাখিব হিয়া।
আমার বন্ধুয়া আন বাড়ী যায়
আমারি[১] আঙ্গিনা দিয়া॥
যে দিন দেখিব আপন নয়ানে
আন জন সঞে কথা।
কেশ ছিঁড়ি পেলি[২] বেশ দূর করি
ভাঙ্গিব আপন মাথা॥
বন্ধুর হিয়া এমন করিলে
না জানি সে জন কে।
আমার পরাণ করিছে যেমন
এমনি[৩] হউক সে॥
জ্ঞানদাস কহে শুনহ[৪] সুন্দরি
মনে না ভাবিহ আন।
তুহুঁ সে শ্যামের সরবস ধন
শ্যাম সে তোহারি প্রাণ॥
॥১৬৩॥৯৬১॥

পাঠান্তর

১। 'আমার' ক, চ। ২। 'ফেলি' ক, চ। ৩। 'এমন' ক, চ। ৪। 'শুন হে' ক।

ধানশী।

এ সখি হাম সে কুলবতি রামা।
অনেক যতন করি প্রেম ছাপায়লুঁ
বেকত কয়ল ওই শ্যামা॥ ধ্রু॥

আছিলুঁ মালতি বিহি কৈল কিবা রিতি[১]
ভৈ গেল কেতকি ফূলে[২]।
কণ্টক লাগি ভ্রমর নাহি আওত
দুরে[৩] রহি দুহুঁ মন ঝুরে[৪] ॥
যব দুহুঁ[৫] দরশন দৈবে মিলায়ল
কোন না কহে কত বোল।
অন্তরে বৈদগধি- মাণিক ছাপায়ল
দুহুঁ ভেল পশুক চোর ॥
দখিণ নয়ন করি রঞ্জব কিয়ে[৬] হরি
বাম নয়ন করি আধা।
গোপত পিরিতি খানি কোন[৭] টুটায়ল
মঝু মনে লাগল ধাঁদা[৮] ॥
কান্দিব রে কত কাঁদি গোঙায়ব
কাহারে করিব বিশোয়াস।
জ্ঞানদাস কহ ধিক রহু[৯] জীবনে
যো করে পর-পতিআশ[১০] ॥
॥১৬৪॥৯৬২॥

পাঠান্তর

১। 'কিবা রিতি' স্থলে 'বিপরীতি' ক; 'বিপরিত' চ। ২। 'ফুলে' ক, খ। ৩। 'দূরে' ক, খ। ৪। 'ঝুরে' ক, খ। ৫। 'যব দুহুঁ' স্থলে 'যবহু' খ। ৬। 'কি' খ। ৭। 'কানু' ক, খ। ৮। 'ধান্ধা' খ। ৯। 'রহ' ক, চ। ১০। 'প্রতিআশ' ক।

তিরোথা ধানশী ।১

প্রেমক গুণ[২] কহই[৩] সব কোই।
যো প্রেমে কুলবতি[৪] কুলটা হোই ॥
হাম যদি জানিয়ে পিরিতি দুরন্ত।
তব কিয়ে যায়ব পাপক অন্ত ॥
অব সব বিষসম[৫] লাগয়ে মোই।
হরি হরি পিরিতি করই[৬] জনি কোই ॥
বিদ্যাপতি কহ শুন বরনারি।
পানি পিয়ে পিছে[৭] জাতি বিচারি ॥
॥১৬৫॥৯৬৩॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৪।৮৩ সংখ্যক পদ। ২। 'গুণ' ক, খ, চ, প-র। ৩। 'কহব' ক, খ, ঘ, চ। ৪। 'যো' ইত্যাদি স্থলে 'যাহে কুলবতি জন' প-র। ৫। 'বিষময়' ক, খ; 'বিষম' প-র। ৬। 'না করে' ক, খ, ঘ, চ। ৭। 'পাছে' ক।

সিন্ধুড়া ।১

পুরুখ-রতন হেরি মন ভেল ভোর।
তিল-আধ[২] সুখ লাগি[৩] দুখ নাহি ওর ॥
বড় অভিলাষে ভজিলুঁ বর নাহ।
দৈবে বিমুখ ভেল কি কহব কাহ ॥
দরশন দুলহ দুলহ নব নেহ।
বিরহ-বিকল মন জিবন সন্দেহ ॥
অপরুপ রূপ মধুর রস-লীলা।
সকল নাগরিগণ-কষণক শিলা[৪] ॥
অনুচিত কাজ সহজে মঝু ভেলা।
সোঙরি সো তনু নব[৫] যৌবন গেলা ॥
মরমক দুখ কহিতে হয় লাজ।
দারুণ দৈব কয়ল কোন কাজ ॥
রসিক শিরোমণি নাগর কান।
রস সঙ্গিত[৭] কবিরঞ্জন ভাণ ॥১৬৬॥৯৬৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৯৬ ও প-র পুথির ১৪।৮৪ সংখ্যক পদ। ২। 'এক' প-র-সা, প-র। ৩। 'নাহি' ক। ৪। 'সকল' ইত্যাদি স্থলে প-র-সা পুথির পাঠ যথা—'নাগরি নাগর গুণ নিকষণ শিলা'। ৫। 'নব' শব্দ ক, খ পুথিতে নাই। ৬। 'দুখ' ক, খ, চ, প-র-সা, প-র। ৭। 'ইঙ্গিত' ক; 'সঙ্গীত' চ; 'প্রসংসিত' প-র।

তথা রাগ।১

কত গুরু-গঞ্জন দুরজন-বোল।
মনে কছু২ না গণলু ও৩ রসে ভোল৪ ॥
কুলজা-রীত ছোড়লুঁ যছু লাগি।
সো অব বিছুরল হামারি অভাগি ॥
সোঙরি সোঙরি সখি কহবি মুরারি।
সুপুরুখ পরিহরে কি দুখ৫ বিচারি ॥ধ্রু॥
যো পুন সহচরি হোয় মতিমান।
করয়ে পিশুন-বচনে অবধান ॥
নারি অবলা হাম কি বোলব আন।
তুহুঁ রসনানন্দ-গুণক নিধান৬ ॥
মধুর বচন কহি কানুকে৭ বুঝাই।
এই কর দোখ রোখ অবগাই ॥
তুহুঁ বর চতুরি হাম কিয়ে জান।
ভণয়ে বিদ্যাপতি ইহ রস-গান ॥

॥১৬৭॥৯৬৫॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৪।৮৫ সংখ্যক পদ। ২। 'কিছু' ক; 'কছু' প-র। ৩। 'পিয়া' প-র। ৪। 'ভোর' খ। ৫। 'কি দুখ' স্থলে 'দুখ' ক; 'দুখ' খ, ঘ, চ। সাহিত্য-পরিষদের সংস্করণে 'দোখ' পাঠ গৃহীত হইয়াছে; কিন্তু ঐ পাঠ কোন হস্ত-লিখিত পুথিতে দৃষ্ট হইল না। প্রণয়িনীর দোষ ক্ষমা করাই সুপুরুষের কর্ত্তব্য; সুতরাং 'সুপুরুখ পরিহরে দোখ বিচারি' এইরূপ বাক্য নায়িকার মুখে তেমন সঙ্গত বোধ হয় না। ৬। 'রসনানন্দ' ইত্যাদি স্থলে 'রস আনন সব গুণধাম' প-র। ৭। 'পিয়াকে' প-র।

টীকা

৫—৬। "সোঙরি" ইত্যাদি। হে সখি! তুমি স্মরণ করিয়া শ্রীকৃষ্ণকে কহিবে—সুপুরুষ কি দুঃখ ভাবিয়া (প্রণয়িনীকে) পরিত্যাগ করে? (অর্থাৎ যদিও প্রণয়িনীর রূপ-গুণ না থাকায়, তাহার সহিত সম্মিলন সুখ-জনক না হইয়া দুঃখের কারণ হইয়া থাকে, তথাপি শ্রেষ্ঠ নায়কের এরূপ ধর্ম্ম নহে যে, সেই দুঃখ মনে করিয়া পদাশ্রিতা নায়িকাকে পরি-ত্যাগ করেন।)

৭—৮। "যো" ইত্যাদি। হে সহচরি! যে ব্যক্তি বুদ্ধিমান্ হন, (তিনি) খলের বাক্যে অবধান করেন অর্থাৎ ঐ বাক্য সত্য, কি মিথ্যা, তাহা বিচার করিয়া দেখেন। (সুতরাং খল ব্যক্তি আমার কোন দুর্ণাম করিয়া থাকিলে, সে জন্যও আমি অবিচারে পরিত্যাজ্যা নহি)।

৯—১০। "নারি" ইত্যাদি। আমি অবলা নারী আর কি বলিব? (আমার প্রাণেশ্বর) তুমি রসনার আনন্দ-জনক গুণের আকর! (অর্থাৎ তুমি নিজ গুণে আমার সকল অপরাধ মার্জ্জনা করিবে)।

১১—১২। "মধুর" ইত্যাদি। (হে সখি!) তুমি মধুর বাক্য বলিয়া শ্রীকৃষ্ণকে বুঝাইবে যে, তুমি (শ্রীরাধার) দোষ ও তোমার কোপের সঙ্গতি-অসঙ্গতির বিচার করিয়া, (যদি কর্ত্তব্য হয়), এই-রূপ (আচরণ) কর।

ধানশী।১

গুরুজন পরিজন কে২ নাহি গঞ্জয়ে
কে৩ নাহি করয়ে বিগান।
আপন অপযশ৪ যশ করি মানলুঁ
হৃদয়ে না ভাবলুঁ৫ আন ॥
সখি হে কানুকে কহবি সম্বাদ।
এত দিন প্রেম গোপত করি রাখলুঁ
অব ভেল মুঝে৬ পরমাদ ॥ধ্রু॥
গুণ৭ লাগি প্রাণ তৃণহুঁ করি মানলুঁ
কি করব কুলবতি-জাতি।
কহ কবিশেখর অনুভবে জানলুঁ
পিরিতিক বৈছন৮ ভাতি ॥

॥১৬৮॥৯৬৬॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৪।৮৬ সংখ্যক পদ। ২-৩। 'কো' প-র। ৪। 'অবযশ' খ, ঘ। ৫। 'ভাবই' খ, ঘ, চ। ৬। 'অব' ইত্যাদি স্থলে 'অবহুঁ ভেল' খ, ঘ। ৭। 'প্রেম' প-র। ৮। 'ঐছন' প-র।

সুহই।১

কৌতুকে দুহুঁ কুল- কমল তেয়াগলুঁ
যো পদ-পঙ্কজ আশ।
পাহুক মীন দীন জনু লাগল
না গুণল মরণ-তরাস॥
সজনী নিকরুণ-হৃদয় মুরারি।
অব ঘর যাইতে ঠাম না পাইয়ে
পরিজন দেওই গারি॥
গগনক চান্দ পাণিতলে বারলুঁ
সাগরে নগর-বেভার।
অমিয়া-ঘট বলি হাথ পসারলুঁ
পায়লুঁ গরলক ধার॥১৬৯॥৯৬৭॥

পাঠান্তর

১। এই পদটি ক, খ ও চ পুথিতে নাই; ঘ পুথি হইতে পদ-সংখ্যার পূরণার্থ উদ্ধৃত হইল।

শ্রীরাগ।১

সজনি২ কানুকে কহবি বুঝায়।
রোপিয়া৩ প্রেম-বিজ৪ অঙ্কুরে মোড়লি৫
বাঢ়ব৬ কোন উপায়৭॥
তৈল-বিন্দু যৈছে পানি পসারল৮
তৈছন তুয়া অনুরাগে।
সিকতা জল যৈছে খণহি শুখায়ল
ঐছন তোহারি সোহাগে॥
কুল-কামিনি ছিলুঁ কুলটা ভৈ গেলুঁ৯
তাকর বচন লোভাই১০।
আপন করে হাম মুড় মুড়ায়লুঁ১১
কানুসে১২ প্রেম বাঢ়াই১৩॥
চোর-রমণি জনু১৪ মনে মনে রোয়ই
অম্বরে বদন ছাপাই১৫।
দীপক লোভে শলভ জনু ধায়ল১৬
সো ফল ভুঞ্জইতে চাই॥
ভণয়ে বিদ্যাপতি ইহ কলিযুগ-রিতি
চিন্তা না কর কোই।
আপন করম-দোষ আপহি ভুঞ্জই
যো জন পরবশ হোই॥১৭০॥৯৬৮॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৪।৮৮ ও ৪০।৯১ সংখ্যক পদ। প-র পুথিতে নিম্নলিখিত অতিরিক্ত কলিদ্বারা এই পদটি আরম্ভ করা হইয়াছে; যথা,—

অগোর চন্দন তনু অনুলেপন
কো কহে শীতল চন্দা।
পিয়া বিনে সো পুন আনল বরিখয়ে
বিপদে চিনিয়ে ভাল মন্দা॥

২। 'শুন সজনি' প-র। ৩। 'রোপি' প-র। ৪। 'প্রেমের বীজ' ক, চ; 'প্রেমবীজ' খ, প-র। ৫। 'ভাঙ্গলি' খ। ৬। 'বাঁচব' ক, প-র; 'বাড়ব' ঘ। ৭। 'বাঢ়ব' ইত্যাদি স্থলে 'এ অতি কোন বড়াই' প-র। ৮। 'তৈলবিন্দু' ইত্যাদি কলিটি প-র পুথিতে নাই। ৯। 'কুলকামিনি' ইত্যাদি স্থলে প-র পুথির পাঠ যথা—

'কুলবতি হোই কুলটা-পদ পাওলুঁ'

১০। 'তাকর' ইত্যাদি স্থলে 'কানু সঞে নেহ বাড়াই' প-র। ১১। 'আপন করে' ইত্যাদি পংক্তিদ্বয় প-র পুথিতে নাই। ১২। 'কানুক' খ, ঘ। ১৩। 'বড়াই' ঘ; 'বাড়াই' চ। ১৪। 'চোর-রমণি জনু' স্থলে 'চোরজন-প্রিয়া যৈসে' প-র। ১৫। 'ঝাপাই' প-র। ১৬। 'ধাওই' প-র। প-র পুথির ৪০।৯১ সংখ্যক পদে 'দীপক লোভে

ইত্যাদি পংক্তি ছয়টি নাই ; উহার স্থলে নিম্নলিখিত পংক্তিগুলি দৃষ্ট হয় ; যথা,—

'এখন তখন করি দিবস গোঙায়লুঁ
দিবস দিবস করি মাস।
মাস মাস করি বরিখ গোঙায়লুঁ
ছোড়লুঁ জিবনক আশ॥
বরিখ বরিখ করি জনম গোঙায়লুঁ
জরা জারত তনু পাশে।
হিম গরল জনু হিম গিরি বরিখয়ে
কি করবি মাধবি-মাসে॥'

গান্ধার।১

মনে ছিল না টুটব নেহা।
সুজনক পিরিতি পষাণক২ রেহা॥
তাহে ভেল অতি বিপরীত।
না জানিয়ে ঐছন দৈব-গঠীত৩॥
এ সখি কহবি বন্ধুরে কর যোড়ি।
কী ফল৪ প্রেমক অঙ্কুর৫ মোড়ি॥ধ্রু॥
যদি কহ তুহুঁ অগেয়ানী।
হাম সোঁপল হিয়৬ নিজ করি জানি॥
বিদ্যাপতি কহে লাগল ধন্দা।
যাকর পিরিতি সো জন অন্ধা॥
॥১৭১॥৯৬৯॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৪৮৯ সংখ্যক পদ। ২। 'পাষাণ সম' ক। ৩। 'দৈবগঠিত' ক, খ; 'দৈব করিত' প-র। ৪। 'কি ফল' ক, খ। ৫। 'আঁকুর' খ। ৬। 'হিয়া' ক।

ধানশী।১

পহিলে পিয়া মোর মুখে মুখে২ হেরল৩
তিল এক না ছোড়ল অঙ্গ।
অপরূপ প্রেম- পাশে৪ তনু গাঁথল
অব তেজল মোর সঙ্গ॥
সঙ্গিনি৫ হাম জিয়ব কথি লাগি।
যা বিনে তিল এক রহই না পারিয়ে
সো ভেল পর-অনুরাগী॥ ধ্রু॥
অঙ্গুলক আঙ্গুটি৬ সো ভেল বাহুটি
হার ভেল অতি৭ ভার।
মনমথ-বাণহি অন্তর জর জর
সহই না পারিয়ে আর॥১৭২॥৯৭০॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৪।৯০ সংখ্যক পদ। ২। 'মুখ' ক, প-র। ৩। 'হেরি রহে' প-র। ৪। 'আশে' ক; 'ফাঁসে' চ। ৫। 'সখি' ক, খ, চ। ৬। 'অঙ্গরি' প-র। ৭। 'জনু' প-র।

পুনশ্চ সখ্যুক্তিঃ তথা মিলনম্।

পঠমঞ্জরী।১

এ সখি কাহে করসি অনুযোগে।
কানুসে অবহি করবি প্রেম ভোগে॥
কোনে২ লেয়ব সখি তুহুঁক পিয়া৩।
হাম চললুঁ তহিঁ৪ থির কর হিয়া॥
কানু সমিপে যাই মিলল সখি৫।
প্রেমক রীত কহল সব দুখি৬॥
শুন তহিঁ কানু মিলল ধনি-পাশ।
বিদ্যাপতি কহে অধিক উলাস॥১৭৩॥৯৭১॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৪।৯১ সংখ্যক পদ। ২। 'কোলে' ক, খ। ৩। 'কোনে' ইত্যাদি স্থলে প-র পুথির পাঠ যথা—'কোন লওব ধনি তোহারি পিয়া'। ৪। 'তাই' ক। ৫। 'কানু সমিপে' ইত্যাদি স্থলে ক, খ, ঘ, চ পুথির পাঠ যথা,—

'এত কহি কানু পাশে মিলল সোই সখী।'

'এত কহি' ইত্যাদি পাঠ ছন্দোভঙ্গ-দুষ্ট; বোধ হয়, 'কহি কানু পাশে' ইত্যাদি প্রকৃত পাঠ ছিল। ৬।

'ছুখি' পাঠ সকল পুথিতেই দৃষ্ট হয়; সুতরাং 'দুখি' বা 'দোখি' পাঠ সমীচীন হইলেও প্রমাণাভাবে উহা গৃহীত হইল না।

বিহগড়া।

নব অনুরাগে মিলল দুহুঁ কুঞ্জে।
আবেশে কহয়ে ধনি রস পরিপুঞ্জে ॥
বন্ধু হে কি বলিব তোরে।
তোমা বিনে দেখোঁ[১] মুঞি সব আন্ধিয়ারে ॥ধ্রু॥
পাইয়াছি তোমারে বন্ধু না ছাড়িব আর।
যে বলু[২] সে বলু[৩] মোরে লোকে দুরাচার ॥
এক তিল তোমা বন্ধু না দেখিলে মরি।
ছাড়িয়া কেমনে যাব পরাধীন নারী ॥
হিয়ার মাঝারে থোব বসনে ঝাঁপিয়া।
প্রেমদাস কহে রাই দড়[৪] কর হিয়া ॥

॥১৭৪॥৯৭২॥

ইতি আক্ষেপানুরাগঃ সম্পূর্ণঃ।

ইতি একাদশপল্লবঃ।

পাঠান্তর

১। 'দেখো' ক, ঘ। ২-৩। 'বলুঁ' চ। ৪। 'দঢ়' চ।

আজানুলম্বিত ভুজ কনকের স্তম্ভ।
অরুণ বসন কটি বিপুল নিতম্ব ॥
মালতীর মালা গলে আপাদ দোলনি।
বাসু কহে চল দিব পরাণ নিছনি ॥১॥৯৭৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪২৩ সংখ্যক পদ।

তথা রাগ।[১]

চলু নব নাগরি-মালা।
গোরা-রূপ হিয়ে উজিয়ালা[২] ॥
গুরুজন-ভয় নাহি মান।
হেরইতে কয়ল পয়ান ॥
অপরূপ সুরধুনি-তীর।
বহতহি মলয়-সমীর ॥
সকল ভকতগণ মাঝ।
নাচত গোরা দ্বিজরাজ ॥
হেরি সভে চমকিত ভেল।
নয়ন নিমিষ হরি গেল[৩] ॥২॥৯৭৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪২৪ সংখ্যক পদ। ২। 'উজিয়ারা' খ, প-র-সা। ৩। 'লেল' প-র-সা।

ততঃ পুনশ্চ অভিসারানুরাগঃ

রাত্রৌ যথা।

শ্রীগৌরচন্দ্রঃ।

সুহই।[১]

চল দেখি গিয়া গোরা অতি মনোহরে।
অপরূপ রূপ গোরা নদীয়া নগরে ॥
চল চল কষিল কাঞ্চন জিনি অঙ্গ।
কে দেখি ধৈরজ ধরে নয়ান-তরঙ্গ ॥

তত্র শ্রীমত্যা যথা।

ধানশী।[১]

কানু-অনুরাগে হৃদয় ভেল কাতর
রহই না পারই গেহে[২]।
গুরু-দুরুজন-ভয় কছু নাহি মানয়ে
চির[৩] নাহি সম্বরু দেহে[৪] ॥
দেখ দেখ নব[৫] অনুরাগক রীত[৬]।
ঘন আন্ধিয়ার ভুজগ-ভয় কত শত
তৃণহু না[৭] মানয়ে ভীত ॥ ধ্রু ॥

সখিগণ সঙ্গ তেজি চলু একসরি[৮]
হেরি সহচরিগণ যায়।
অদভুত প্রেম- তরঙ্গে তরঙ্গিত
তবহুঁ সঙ্গ নহি পায়॥
চললি কলাবতি অতিশয় রস-ভরে
পন্থ বিপথ নাহি মান।
জ্ঞানদাস কহ এহ অপরুপ নহ
মনহি উজোরল কান ॥৩॥৯৭৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪২৫ সংখ্যক পদ। ২। 'গেহ' ক, প-র-সা। ৩। 'চীর' ক, খ, প-র-সা। ৪। 'দেহ' ক, প-র-সা। ৫। 'নব' শব্দ ক, ঘ, চ ও প-র-সা পুথিতে নাই। ৬। 'অনু-রাগ রীত' ক, খ। ৭। 'তৃণহু না' স্থলে 'তৃণহুঁ' ক; 'তৃণহুঁ না' খ; 'তৃণহি' প-র সা। ৮। 'সখি-গণ' ইত্যাদি স্থলে ক পুথির পাঠ যথা,—'সখীগণ তেজি চলু একশরী'।

কেদার।[১]

নব অনুরাগিণি রাধা।
কছু নাহি মানয়ে বাধা॥
একলি কয়লি পয়ান।
পন্থ বিপথ নাহি মান॥
তেজল মণিময় হার।
উচ কুচ মানয়ে ভার॥
কর সঞে কঙ্কণ মুদরি।
পন্থহিঁ তেজলি সগরি[২]॥
মণিময় মঞ্জির[৩] পায়।
দুরহিঁ[৪] তেজি চলি যায়॥
যামিনি ঘন-আন্ধিয়ার।
মনমথ হিয়ে[৫] উজিয়ার॥
বিঘিনি বিথারিত বাট।
প্রেমক আয়ুধে কাট॥
বিদ্যাপতি মতি জান।
ঐছে না হেরিয়ে আন॥৪॥৯৭৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪২৬ সংখ্যক পদ। ২। 'সারি' খ। ৩। 'মঞ্জীর' ক, খ। ৪। 'দুরহিঁ' ক, খ। ৫। 'হেরি' ক, প-র-সা।

তত্র সঙ্কেতকুঞ্জে শ্রীকৃষ্ণোৎকণ্ঠা।

ভূপালী।[১]

রয়নি[২] ছোটি অতি ভীরু রমণী।
কতি খনে আওব কুঞ্জর-গমনী॥
ভীম[৩] ভুজঙ্গম[৪] সরণা[৫]।
কত সঙ্কট তাহে[৬] কোমল-চরণা[৭]॥
বিহি পায়ে করোঁ[৮] পরিহার।
অবিঘিনে[৯] সুন্দরি করু অভিসার॥ধ্রু॥
গগনে সঘন মহি পঙ্কা।
বিঘিনি বিথারিত[১০] উপজয়ে শঙ্কা॥
দশ দিশ ঘন-আন্ধিয়ার[১১]।
চলইতে খলই লখই নাহি পার[১২]॥
সব জনি[১৩] পালটি ভুললি[১৪]।
আওত মানবি ভাল ত[১৫] লোলি॥
বিদ্যাপতি কবি কহই।
প্রেমহি কুলবতি[১৬] পরাভব সহই॥৫॥৯৭৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪২৭ ও প-র পুথির ১৫।২৪ সংখ্যক পদ। ২। 'রাতি' প-র; 'রয়নহি' প-র-সা। ৩। 'গীম' খ; 'ভিত' প-র। ৪। 'ভুজঙ্গিম' খ, ঘ। ৫। 'শরণা' খ, চ। ৬। 'কত' ইত্যাদি স্থলে 'বাটহি শঙ্কট' প-র। ৭। 'বচনা' খ। ৮। 'করি' ক, প-র-সা। ৯। 'অবিঘনে' ক, চ। ১০। 'বিথারত' ক। ১১। 'আন্ধিয়ারা' ক, খ, ঘ, চ, প-র। ১২। 'পার' স্থলে 'পারা'

ক, খ, ঘ, চ, প-র-সা। ১৩। 'সব জনি' স্থলে 'সব জন' প-র-সা ; 'সজনি' সা-প ২০১ পুথি। ১৪। 'সব জনি' ইত্যাদি পংক্তিদ্বয় প-র পুথিতে নাই। ১৫। 'আওত মানবি ভানত' স্থলে 'আওত মানবি ভাসত' প-র-সা ; 'আওত য়ান বিতানত' সা-প ২০১ পুথি। ১৬। 'কুলবতি' স্থলে 'কুলবধু' খ, ঘ।

টীকা

১১—১২। "সব জনি" ইত্যাদি। এই পংক্তি দুইটির অর্থ লইয়া বিশেষ গোলযোগ আছে ; বিদ্যাপতির পদাবলীর সম্পাদকগণ নানা জনে নানারূপ অর্থ করিয়াছেন; কিন্তু নিরপেক্ষ ভাবে বিচার করিলে সেই সকল অর্থের কোনটিই সমীচীন বলিয়া বোধ হয় না। আমাদিগের বিশ্বাস যে, মুদ্রিত পাঠে লিপিকর-প্রমাদ আছে। প্রাচীন পুথির 'ল' ও 'ন' অক্ষরের প্রভেদ অতি সামান্য ; অনভিজ্ঞ লিপিকরের হাতে পড়িয়া সেই প্রভেদ লুপ্ত হওয়া ও 'ভাল ত' পাঠ 'ভানত' পাঠে পরিণত হওয়া কিছুই বিচিত্র নহে। 'ভাল ত' পাঠ স্বীকার করিলে এরূপ অর্থ হইবে যে,—'শ্রীরাধা (ভয় হেতু) প্রত্যাবৃত্ত হইয়া (সঙ্কেত-কুঞ্জে আমার সোৎকণ্ঠ-ভাবে অবস্থান ইত্যাদি) সকল বিষয় পাছে ভুলিয়া গেল ! (এরূপ দুর্দ্দিনে) আসিলে মনে করিব, সে বিলক্ষণ চঞ্চলা অর্থাৎ উৎকণ্ঠা-শালিনী বটে।'

সা-প ২০১ সংখ্যক পুথির পাঠ গ্রহণ করিলেও প্রায় এইরূপ অর্থই হইবে। 'তানত' বা 'বিতানত' শব্দের অর্থ 'বিস্তার করে' বা 'প্রকাশ করে' ; সুতরাং 'আওত য়ান বিতানত লোলি' পাঠের 'য়ান' শব্দটি স্পষ্টতঃ 'মান' কিংবা 'জান' শব্দের স্থলে লিপিকর-প্রমাদ গণ্য করিলে যথাক্রমে অর্থ হইবে —(শ্রীরাধা) আসিলে অপূর্ব্ব লোলতা প্রকাশ করিবে, (ভবিষ্যৎ-সামীপ্যে বর্ত্তমান প্রয়োগ) কিংবা 'শ্রীরাধা আসিলে জানিব (সে) লোলতা প্রকাশ করিতেছে।' 'আওত জানবি তানত লোলি' পাঠ কল্পনা করিলেও ঠিক এইরূপ অর্থই হইবে। এই সকল পাঠের মধ্যে আমরা 'আওত মানবি ভাল ত লোলি।' পাঠই সমীচীন বলিয়া বিবেচনা করি।

শ্রীরাগ ।১

একলি কুঞ্জহি কান।
পথ হেরি আকুল পরাণ ॥
মনমথে জর জর ভেল।
তৈখনে সুন্দরি গেল ॥
হেরই নাগর কান।
হোয়ল অমিয়া-সিনান ॥
নব অনুরাগিণি নারি।
কি কহব কহই না পারি ॥
নাহ-দরশে২ ভেল ভোর।
কো কহ আরতি-ওর ॥
সহচরিগণ পিছে গেল।
হেরি দুহুঁ আনন্দ ভেল ॥
পূরল মন-অভিলাষ।
জ্ঞান কহই সখি পাশ ॥৬॥৯৭৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪২৮ সংখ্যক পদ।
২। 'দরশনে' ক, চ।

ধানশী ।১

মাধব কি কহব দৈব-বিপাক২।
পথ-আগমন কথা কত না কহিব হে৩
যদি হয় মুখ লাখে লাখ ॥ ধ্রু ॥
মন্দির তেজি যব পদ চারি৪ আওলুঁ
নিশি হেরি কম্পিত অঙ্গ।
তিমির দুরন্ত পথ হেরই না পারিয়ে৫
পদযুগে বেড়ল ভুজঙ্গ ॥
একে কুল-কামিনি তাহে কুহু-যামিনি
ঘোর গহন অতি দূর।

আর তাহে জলধর বরিখয়ে ঝর ঝর
হাম যাওব[৮] কোন পূর ॥
একে পদ-পঙ্কজ পঙ্কে বিভূষিত
কণ্টকে জরজর ভেল।
তুয়া দরশন-আশে কছু নাহি জানলুঁ[৯]
চির দুখ অব[১০] দূর গেল ॥
তোহারি মুরলি যব শ্রবণে প্রবেশল
ছোড়লুঁ গৃহ-সুখ আশ।
পন্থক দুখ[১১] তৃণ- হুঁ করি না গণলুঁ[১২]
কহতহি গোবিন্দ দাস ॥৭॥৯৭৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪২৯ ও প-র পুথির ১৫।২৬ সংখ্যক পদ। ২। 'দৈবক পাক' প-র-সা। ৩। 'পথ' ইত্যাদি স্থলে প-র পুথির পাঠ,—'পথে যত অনুরথ তাহা বা কহিব কত'। ৪। 'ছুই' প-র। ৫। 'হেরই' ইত্যাদি স্থলে 'লখই না পারই' প-র। ৬। 'খরতর' প-র। ৭। 'রহব' প-র-সা, প-র। ৮। 'পুর' ক, খ, প-র-সা, প-র। ৯। 'তুয়া' ইত্যাদি স্থলে প-র পুথির পাঠ—'তুয়া মুখ দরশনে সব সুখ পাওব।' ১০। 'সব' প-র। ১১। 'দুখ' ক, খ, প-র-সা, প-র। ১২। 'পন্থক' ইত্যাদি স্থলে প-র পুথির পাঠ—
'বৈছনে আওলুঁ তৈছনে দেখিলুঁ'।

তত: সম্ভোগঃ।

বিহাগড়া।[১]

কিবা সে দোঁহার রূপ।
কিশোর-কিশোরী- রূপ পসারই
সরস রসের কূপ ॥ ধ্রু ॥
অরুণ-কিরণে[২] মলিন ইন্দু
কুমুদ মুদিত লাজে।
চান্দের ভরমে চকোর মাতল
ইন্দীবর হাসে মাঝে ॥
চান্দের উপরে চান্দ পেখলুঁ
ইন্দুর উপরে শশী।
প্রেমের আবেশে পিয়ে রস-সুধা
খঞ্জন-যুগল পশি ॥
যমুনা-তরঙ্গে অরুণ উদয়[৪]
তারার পসার তথা।
অরুণ ঝাঁপিয়া তিমির রহল
কিয়ে অদভুত কথা ॥
কনক-লতায় সুমেরু-শিখর
ঘনের জনম তায়।
ঘনের লতায় মুকুতা ফলিল
কেবা পরতীত যায় ॥
সে রাধামাধব- রসের[৫] বৈভব
কহিতে শকতি কায়।
রসের পাথারে না জানে সাঁতার
ডুবল শেখর রায় ॥৮॥৯৮০।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৩০ সংখ্যক পদ। ২। 'কিরণ' ক। ৩। 'ইন্দু' খ, ম, প-র-সা। ৪। 'উদয়ে' ক। ৫। 'রস' ক।

টীকা

৪—৭। "অরুণ" ইত্যাদি। অরুণ অর্থাৎ শ্রীরাধার ললাটস্থিত সিন্দুর-বিন্দুর জ্যোতির দ্বারা ইন্দু অর্থাৎ তৎসংলগ্ন শ্রীকৃষ্ণের ললাট-স্থিত চন্দন-বিন্দু নিষ্প্রভ হইল। (ইন্দুর নিষ্প্রভতা দর্শনে) কুমুদ অর্থাৎ শ্রীরাধার নেত্র লজ্জায় মুদিত হইল। (এ স্থলে অতিশয়োক্তি অলঙ্কারের দ্বারা শ্রীরাধার সম্ভোগ-সুখ-জনিত নেত্র-নিমীলন ব্যঞ্জিত হইতেছে)। চকোর অর্থাৎ শ্রীরাধার মুখচন্দ্রের সুধাপায়ী শ্রীকৃষ্ণের বদন চন্দ্র-ভ্রমে অর্থাৎ শ্রীরাধার বদনের সহিত চন্দ্রের সাদৃশ্য দর্শনে ভ্রান্ত হইয়া (অধর-সুধাপানে) মত্ত হইল;

(ইহা দেখিয়া) ইন্দীবর অর্থাৎ শ্রীরাধার নয়ন মধ্যে থাকিয়া (কৌতুক হেতু) হাসিতে লাগিল।

১২—১৫। "যমুনা" ইত্যাদি। যমুনা-তরঙ্গে অর্থাৎ সুনীল শ্রীকৃষ্ণের দেহের উপরে শ্রীরাধার দোদুল্যমান হারের মধ্য-মণিরূপ সূর্য্যের উদয় হইল এবং সেই স্থলে হারের মুক্তা-রাজি-রূপ তারাগণের বিস্তার হইল। (শ্রীরাধার উন্মুক্ত কেশ-পাশ-রূপ) তিমির (আন্দোলন-বশতঃ) তাঁহার (হার-মধ্য-মণি-রূপ) সূর্য্যকে আচ্ছাদন করিল—কিরূপ অদ্ভুত কথা !

১৬—১৯। "কনক-লতায়" ইত্যাদি। (শ্রীরাধার কৃশ-দেহ-রূপ) স্বর্ণলতায় (স্তন-রূপ) সুমেরু-শিখর,—তাহাতে (কেশ-পাশ-রূপ) মেঘের উদ্ভব ; সেই মেঘ-লতায় অর্থাৎ বিকীর্ণ কেশ-কলাপে (শিরো-ভূষণ) মুক্তা-জালের উৎপত্তি হইল ; (এইরূপ অদ্ভুত কথা) কে বিশ্বাস পাইবে ?

কেদার।[১]

রতি-রণ-রঙ্গ ভূমি বৃন্দাবন
রণ-বাজন পিকু-রাব।
চঢ়লং[২] মনোরথে দোসর মনমথে
পরিমলে অলিকুল ধাব ॥
দেখ[৩] রাধামাধব মেলি।
দুহুঁ কর চপল চরিত নাহি সমুঝিয়ে
কিয়ে কলহ কিয়ে কেলি ॥ ধ্রু ॥
জরজর চন্দন কবরি কুচ-কঞ্চুক[৪]
বিপুল পুলক ফুল-বাণ। ৫
দুহুঁ নূপুর-ধনি দুহুঁ মণি-কিঙ্কিণি
কঙ্কণ-বলয়া-নিসান ॥
দুহুঁ ভুজ-পাশ পরি দুহুঁ জন বন্ধন
অধর-সুধা করু পান।
আকুল বসন চিকুর শিখি-চন্দ্রক[৫]
গোবিন্দদাস রস গান ॥৯॥৯৮১॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১২।৩ সংখ্যক পদ। ২। 'দুহুঁ চঢ়ল' ক, খ। ৩। 'দেখ সখি' প-র। ৪। 'কবরি কুচ-কঞ্চুক' স্থলে 'কর কুচকঞ্চুক' ক ; 'কবচহি কঞ্চুক' খ, ঘ। ৫। 'চিকুর শিখি-চন্দ্রক' স্থলে 'রতনময় অভরণ' প-র।

নব অনুরাগী নব অনুরাগ।
মীলল দুহুঁ তনু গলে গলে লাগ ॥
ইত্যাদি পূর্ব্বোক্তপদানি গেয়ানি।

তথা রাগ।

রাধামাধব রতি-রণ বিরমে।
বৈঠল মাধব রাধা বামে ॥
হেরি সহচরি কোই চামর বিজই।
বয়ান পাখালি বসনে কোই মোছই ॥
কোই সখি দেয়ল তাম্বুল বয়নে।
আনন্দে হেরই ঢরঢর নয়নে ॥
কোই সখি দেয়ত গন্ধ সুবাসে।
চরণ সেবন করু বলরাম দাসে ॥১০॥৯৮২॥

ইতি অভিসারানুরাগান্তে মিলনম্।
ইতি দ্বাদশপল্লবঃ।

অথ অভিসারোৎকণ্ঠা।

শ্রীগৌরচন্দ্রঃ।

মল্লার।[১]

বিরলে বসিয়া গোরা রায়।
আপাদ মস্তক পুলকে পূরিত
প্রেম-ধারা বহি যায় ॥ ধ্রু ॥
সহচরগণে কহয়ে বচনে
রহিতে নারিয়ে ঘরে।
নন্দের নন্দন পাই দরশন
তবে[২] সে পরাণ ধরে ॥

কস্তুরী চন্দন অঙ্গে বিলেপন
গলে নীলমণি-মালা।
এ সাজ সাজায়ে[৩] অঙ্গের ছটায়ে
ভুবন করিলে আলা॥
দেখিয়া গৌর ভাবিয়া অন্তর
বসনে ঝাঁপয়ে তনু।
চাঁচর চিকুর বেঢ়ি[৪] নানা ফুল
জলদে বিজুরী জনু॥
সঙ্গে সহচর গৌরাঙ্গ সুন্দর
সুরধুনী-তীরে চলে।
ভাবাবেশ[৫] মন আকুল বচন
এ দাস মোহন বলে॥১॥৯৮৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৩১ সংখ্যক পদ। ২। 'সবে' ক, খ, প-র-সা। ৩। 'সাজয়ে' ক, খ, চ, প-র-সা। ৪। 'বেড়ি' ক। ৫। 'ভাবাবেশে' ক, প-র-সা।

জয়জয়ন্তী।১

গগনে অব ঘন মেহ দারুণ
সঘনে দামিনি ঝলকই।
কুলিশ-পাতন- শবদ ঝন ঝন
পবন খরতর বলগই॥
সজনি আজু দুরদিন ভেল[২]।
হমারি কান্ত নি- তান্ত আগুসরি
সঙ্কেত-কুঞ্জহি গেল॥ ধ্রু॥
তরল জলধর বরিখে ঝর ঝর
গরজে ঘন ঘন ঘোর।
শ্যাম নাগর একলি কৈছনে
পন্থ হেরই মোর॥
সঙরি মঝু তনু অবশ ভেল জনু
অথির থরথর কাঁপ।
এ মঝু গুরুজন- নয়ন দারুণ
ঘোর তিমিরহি ঝাঁপ॥
তুরিতে চল অব কিয়ে বিচারহ
জিবন[৩] মঝু আগুসার।
রায় শেখর[৪]- বচনে অভিসর
কিয়ে সে বিঘিনি বিথার॥২॥৯৮৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৩২ সংখ্যক পদ। ২। 'সজনি আজু দুরদিন ভেল' হইতে 'গরজে ঘন ঘন ঘোর' পর্য্যন্ত পাঁচটি পংক্তি খ পুথিতে নাই; উহার স্থলে খ পুথির পাঠ, যথা—'সজনি আজু দুরদিন ঘোর।' ৩। 'জীবন' ক, চ, প-র-সা। এই পদটি বিষম-মাত্রিক ত্রিপদী-ছন্দে রচিত; ধ্রুব ব্যতীত ইহার প্রত্যেক চরণ-দ্বয়ে নিম্ন-লিখিতরূপ মাত্রা-বিভাগ দৃষ্ট হয়; যথা,—

৩+৪ ৩+৪
৩+৪+৪।

সুতরাং 'জিবন' স্থলে 'জীবন' পাঠ গ্রহণ করিলে ছন্দোভঙ্গ হয়। ৪। শ্রীযুক্ত নগেন্দ্র বাবু 'রায়-শেখর' স্থলে 'কবিশেখর' পাঠ ধরিয়া এই পদটি বিদ্যাপতির রচনা বলিয়া স্থির করিয়াছেন; কিন্তু এখানে ছন্দ-অনুসারে যে 'কবিশেখর' পাঠ হইতে পারে না—তাহা লক্ষ্য করেন নাই।

তিরোথা ধানশী।১

ঝরঝর বরিখে সঘনে জল-ধারা।
দশ দিশ সবহুঁ ভেল আন্ধিয়ারা॥
এ সখি কীয়ে করব পরকার।
অব জনি বাধয়ে হরি-অভিসার॥ ধ্রু॥
অন্তরে শ্যাম-চন্দ্র পরকাশ।
মনহি মনোভাব লেই নিজ পাশ॥
কৈছনে সঙ্কেতে বঞ্চয়ে কান।
সোঙরিতে জর জর অথির পরাণ॥

ঝলকই দামিনি দহন সমান।
ঝনঝন শবদ[২] কুলিশ ঝনঝান॥
ঘর মাহা রহইতে রহই না পার।
কি করব এ সব বিঘিনি বিথার॥
চঢ়ব[৩] মনোরথে সারথি কাম।
তুরিতে মিলায়ব নাগর ঠাম॥
মন মাহা সাখি দেয়ত পুনবার।
কহ শেখর ধনি কর অভিসার॥৩॥৯৮৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৭৩ সংখ্যক পদ।
২। 'শব্দ' ক। ৩। 'চঢ়ল' প-র-সা।

কামোদ। কানড়া।১

অম্বরে ডম্বর ভরু নব মেহ।
বাহিরে তিমিরে না হেরি নিজ দেহ॥
অন্তরে উয়ল শ্যামর-ইন্দু।
উছলল মনহিঁ মনোভব-সিন্ধু॥
অব জনি সজনী করহ বিচার।
শুভখণ ভেল পহিল অভিসার॥
মৃগমদে তনু অনুলেপহ মোর।
তহিঁ পহিরায়হ নীল নিচোল॥
কী ফল উচ-কুচ-কঞ্চুক ভার।
দূর কর সৌতিনি মোতিম-হার॥
তুহুঁ সখি দেখহ দেহলি লাগি।
গুরুজন অবহুঁ ঘুমল কিয়ে জাগি॥
চলইতে দীপ-ভরম জনি হোয়।
গোবিন্দদাস সঙ্গে চলু গোয়॥৪॥৯৮৬॥

পাঠান্তর

১। এই পদটি ৩৪২ সংখ্যক পদ-রূপে ইতি-পূর্ব্বে উদ্ধৃত হইয়াছে; সুতরাং পাঠান্তর ও টীকা উক্ত পদে দ্রষ্টব্য।

তথা রাগ।১

মন্দির-বাহির[২] কঠিন কপাট।
চলইতে শঙ্কিল পঙ্কিল বাট॥
তহিঁ অতি দুরতর বাদর দোল[৩]।
বারি কি বারই[৪] নীল নিচোল॥
সুন্দরি কৈছে করবি অভিসার।
হরি রহ মানস-সুরধুনি পার॥
ঘন-ঘন ঝন-ঝন বজর নিপাত।
শুনইতে শ্রবণ মরম[৫] জরি যাত॥
দশ দিশ দামিনি দহন[৬] বিথার।
হেরইতে উচকই[৭] লোচন-তার॥
ইথে যব[৮] সুন্দরি তেজবি গেহ।
প্রেমক লাগি উপেখবি দেহ॥
গোবিন্দদাস কহ ইথে কি বিচার।
ছুটল বাণ কিয়ে যতনে[৯] নিবার॥৫॥৯৮৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৭,৪১৫ ও প-র পুথির ১৫।৪ সংখ্যক পদ। ২। 'বাহিরে' খ, চ। ৩। 'তহিঁ' ইত্যাদি স্থলে 'তাহে অতি বাদর দরদর বোল' প-র-সা; 'তাহে অতি বাদর দুরদুর বোল' প-র। ৪। 'বারি কি বারই' স্থলে 'বারি কি বারবি' খ; 'বারিক বারণ' প-র। ৫। 'শ্রবণ মরম' স্থলে 'শ্রবণে মরমে' ক। ৬। 'দহই' ক, প-র-সা। ৭। 'চমকই' প-র। ৮। 'যদি' ক, খ; 'জনি' প-র। ৯। 'যতন' ক, চ, প-র-সা, প-র।

ধানশী।১

কুল-মরিযাদ[২]- কপাট উদঘাটলুঁ
তাহে কি কাঠকি[৩] বাধা।
নিজ[৪] মরিযাদ- সিন্ধু সঞে[৫] পঙরলুঁ[৬]
তাহে কি তটিনি[৭] অগাধা॥
সহচরি[৮] মঝু পরিখণ কর দূর।

যৈছে হৃদয় করি পন্থ হেরত হরি
সোঙরি সোঙরি মন ঝুর ॥ ধ্রু ॥
কোটি কুসুম-শর বরিখয়ে১০ যছু পর
তাহে কি জলদ-জল লাগি।
প্রেম-দহন-দহ যাক হৃদয়১২ সহ
তাহে কি বজরক১৩ আগি ॥
যছু পদতলে নিজ জীবন সোঁপলুঁ
তাহে কি তনু অনুরোধ।
গোবিন্দদাস কহই ধনি অভিসর১৪
সহচরি পাওল বোধ ॥ ৬ ॥ ৯৮৮ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৮, ৪১৬ ও প-র পুথির ১৫১৪ সংখ্যক পদ। 'ধানশী' স্থলে 'কেদার' প-র। ২। 'কুল-মরিয়াদ' (প-স) স্থলে 'কুলবতি কঠিন' ক, খ, ঘ, চ, প-র। ৩। 'কপাটকি' প-র-সা; 'কপাটক' প-র। ৪। 'কুল' প-র-সা। ৫। 'খব' প-র-সা। ৬। 'পউরনু' ক; 'পৈরিলুঁ' প-র-সা; 'পৈরলুঁ' প-র। ৭। 'যমুনা' প-র-সা। ৮। 'সজনি' ক। ৯। 'কৈছে' ক; 'ঐছে' প-র-সা। ১০। 'পরিখয়ে' খ; 'বরিখত' প-র-সা। ১১। 'দহনে' ক, ঘ। ১২। 'হৃদয়ে' ঘ, প-র। ১৩। 'বজরকি' চ। ১৪। 'অবসর' প-র-সা; 'আগুসর' প-র।

টীকা

১—৪। "কুল-মরিযাদ" ইত্যাদি। কুল-মর্য্যাদা-রূপ কঠিন কপাট উদ্‌ঘাটন করিয়াছি,—তাহাতে কাঠের অর্থাৎ কাষ্ঠ-কপাটের বাধা কোন্ ছার? নিজের মর্য্যাদা-রূপ সিন্ধু হইতে উত্তীর্ণ হইয়াছি,—তাহাতে অগাধ নদী কোন্ ছার?

তত্রাভিসারঃ।

কামোদ।

নীলিম মৃগমদে তনু অনুলেপন
নীলিম হার উজোর।
নীল বলয়গণে ভুজযুগ মণ্ডিত
পহিরণ নীল নিচোল ॥
সুন্দরি হরি-অভিসারক লাগি।
নব অনুরাগে গোরি ভেল শ্যামরি
কুহু যামিনি ভয় ভাগি ॥
নীল অলকাকুল অলিকে১ হিলোলত২
নীল তিমিরে চলু গোই।
নীল নলিনি জনু শ্যামর-সায়রে৩
লখই না পারই কোই ॥
নীল ভ্রমরগণ পরিমলে ধাবই
চৌদিকে করত ঝঙ্কার।
গোবিন্দ দাস অতয়ে অনুমানল
রাই চললি অভিসার ॥ ৭ ॥ ৯৮৯ ॥

পাঠান্তর

১। 'অলিক' ক। ২। 'হিলোলিত' ক। ৩। 'শ্যামর-সায়রে' স্থলে 'শ্যাম-সিন্ধু-রসে' ক, চ।

টীকা

১২—১৫। "নীল ভ্রমরগণ" ইত্যাদি। কৃষ্ণবর্ণ ভ্রমরগণ সৌরভ জন্যে চৌদিগে ধাবিত হইতেছে (এবং) ঝঙ্কার করিতেছে; অতএব (সহচরীস্থানীয়) গোবিন্দ-দাস অনুমান করিলেন যে, শ্রীরাধা অভিসারে চলিয়াছেন। (এ স্থলে 'মীলিত' নামক অলঙ্কার হইয়াছে)।

কেদার।১

গুরুজন-নয়ন বিধুন্তুদ মন্দ।
নীল নিচোলে ঝাঁপিং মুখ-চন্দ ॥
কুহু৩-যামিনি ঘন তিমির দুরন্ত।
মদন-দীপ দরশায়ল পন্থ ॥
চললি নিতম্বিনি৪ হরি-অভিসার।
গতি অতি মন্থর আরতি বিথার ॥ ধ্রু ॥
রস-ধাধসে চলু পদ দুই চারি।
লীলাকমল৫ তেজল বরনারি ॥

পরিহরি মৌলিক মালতি-মাল।
তেজল[৬] মণিময় গীমক হার ॥
নব অনুরাগ-ভরম ভরে[৭] ভোরি
নিন্দয়ে পীন পয়োধর জোরি[৮] ॥
বেশ-শেষ রহু নীলিম বাস।
মিললি নিকুঞ্জে কহ[৯] গোবিন্দদাস ॥৮॥৯৯০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৪৪৮ ও প-র পুথির ১০।১২ ও ১৫।১৫ সংখ্যক পদ। ২। 'ঝাঁপলি' ক; 'ঝাঁপিলুঁ' খ। ৩। 'দহ' ক। ৪। 'চললি নিতম্বিনি' স্থলে 'চলু গজগামিনি' প-র। ৫। 'নীল-কমল' খ, প-র। ৬। 'তোড়ল' প-র-সা, প-র। ৭। 'ভরম ভরে' স্থলে 'ভরমে ভেল' ক। ৮। 'গোরি' প-র (১০।১২ সংখ্যক পদ)। ৯। 'মিললি' ইত্যাদি স্থলে 'অভরণ সম্বরু' প-র (১১।১৫ পদ)।

অথ শ্রীকৃষ্ণোক্তিঃ।

পঠমঞ্জরী।[১]

অম্বর ভরি নব নীরদ ঝাঁপ[২]।
কত শত কোটি শবদে[৩] জিউ কাঁপ[৪] ॥
তহিঁ দিঠি জারত বিজুরিক জ্বালা।
ইথে জনি[৫] ছোড়বি মন্দির[৬] বালা ॥
ঐছন কুঞ্জে একলি বনমালি।
অন্তর জর জর পন্থ নেহারি ॥
ভ্রমই[৭] ভুজঙ্গম নিশি আন্ধিয়ার।
তহিঁ বরিখত অবিরত জলধার ॥
পাঁতর মা[৮] ভেল আঁতর[৯] বারি।
কৈছে পঙারব[১০] সো সুকুমারি ॥
গুণি গুণি[১১] আকুল চলল মুরারি।
মীলল[১২] আধ পন্থে বরনারি ॥
গোবিন্দ দাস কহই পুন[১৩] ধন্দ।
প্রেম পরীখত মনমথ মন্দ ॥৯॥৯৯১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথিতে 'গগনহি নিমগন দিন-মণি-কাঁতি' ইত্যাদি ৯৯৪ সংখ্যক পদের শেষাংশ এবং প-র পুথির ১৫।৬ সংখ্যক পদ। 'পঠমঞ্জরী' স্থলে 'কেদার' প-র। ২। 'ঝাঁপি' প-র-সা, প-র। ৩। 'শবদ' ক। ৪। 'কাঁপি' প-র-সা, প-র। ৫। 'জানি' ক। ৬। 'ছোড়বি মন্দির' স্থলে 'মন্দির ছোড়হ' প-র। ৭। 'ভ্রমর' ক, খ, ঘ, চ, প-র-সা। ৮। 'না' ক, প-র। ৯। 'আতর' ঘ, প-র-সা, প-র। ১০। 'পোয়ারব' ক; 'গোঙায়ব' খ, প-র। ১১। 'গণি গণি' ক, খ, প-র-সা। ১২। 'মিলল' ক, খ, প-র-সা, প-র। ১৩। 'সব' প-র-সা।

কেদার।[১]

দুহুঁ জন আওল কুঞ্জক মাহ।
অপরূপ[২] কো বিহি[৩] রস নিরবাহ ॥
ঝর-ঝর বরিখে গগনে জল-ধার।
দামিনি দহই ঝলকে অনিবার ॥
ঐছে সময়ে বর রাধা কান।
কুঞ্জক মাঝে বৈঠি এক ঠাম ॥
দুহুঁ তনু মালল[৪] মনমথে মাতি।
দুহুঁ পরিরম্ভন সমরক ভাতি ॥
অপরূপ[৫] দুহুঁ জন নিধুবন-কেলি।
গোবিন্দদাস হেরই সখি মেলি ॥১০॥৯৯২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৩৪ সংখ্যক পদ। ২। 'অপরূপ' ক, খ, প-র-সা। ৩। 'কো বিহি' স্থলে 'দুহু জন' প-র-সা। ৪। 'মিলল' ক, খ, প-র-সা। ৫। 'অপরূপ' ক, খ, প-র-সা।

এতদ্দিনান্তরং সম্ভোগপদং গেয়ম্।

দিনান্তরে।

জয়জয়ন্তী।[১]

মেঘ-যামিনি চললি কামিনি
পহিরি নীল নিচোল রে[২]।

সঙ্গে নায়ক কুসুম-শায়ক
ছোড়ি মঞ্জির[3] লোল রে ॥
গুরুয়া কুচ-ভরে চল উলট-পদ[4]
পীন জঘনক ভার রে।
হেরি[5] দামিনি[6] ফটিক-তরু জানি
চমকি ধরু নিরধার[7] রে ॥
দেখি ফণি-মণি দীপ জলু[8] জানি
বাম কর[9] দেই ঝাঁপি রে।
জানি যুবতী[10] এহি ফণি-পতি[11]
সঘনে তনু উঠে কাঁপি রে ॥
প্রাণ-বল্লভ ভেটল দুল্লভ[12]
পুরল মনমথ[13] আশ রে।
ঐছন পাই গেহ[14] সফল করু দেহ[15]
বদত[16] গোবিন্দ দাস রে ॥১১॥৯৯৩॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৫।২১ সংখ্যক পদ। এই পদের প্রত্যেক অযুগ্ম ও যুগ্ম চরণে নিম্নলিখিত রূপ মাত্রা দৃষ্ট হয়; যথা,—

৩+৪ ৩+৪ (অযুগ্ম-চরণ)
৩+৪+৫+২ (যুগ্ম-চরণ)

২। প-র পুথিতে যুগ্ম-চরণগুলির শেষে 'রে' নাই; সুতরাং উহার যুগ্ম-চরণগুলিতে দুইটি মাত্রা কম আছে। ৩। 'মঞ্জীর ক, খ; 'মন্দির' প-র। ৪। 'চল উলট-পদ' স্থলে 'চলিতে পদ টলে' প-র। ৫। 'হেরিয়া' ক। ৬। 'যামিনী' ক। ৭। 'ধরু নিরধার' স্থলে 'ধর নীরধার' ক। ৮। 'জলু' ক, খ, প-র। ৯। 'করে' ক। ১০। 'জানি যুবতী' স্থলে 'জানল যুবতী' ক; 'জানল যুবতি' ঘ, চ। ১১। 'এহি ফণিপতি' স্থলে 'বিষম অহিপতি' প-র। ১২। 'ভেটল দুল্লভ' স্থলে 'ভেট বহিঁ দুহুঁ' প-র। ১৩। 'পুরল মনমথ' স্থলে 'দুহুঁ পুরল মন' ক; 'পুরব মনোরথ' প-র। ১৪। 'ঐছন' ইত্যাদি স্থলে 'ঐছন যছু লেহ' প-র। ১৫। 'করু দেহ' স্থলে 'তছু দেহ' প-র। ১৬। 'ভণত' প-র।

অত্র সম্ভোগপদানি গেয়ানি।

অথ বর্ষাকালোচিত-দিবাভিসারঃ।

সিন্ধুড়া।[1]

গগনহি নিমগন দিনমণি-কাঁতি।
লখই না পারিয়ে কিয়ে দিন রাতি ॥
ঐছন জলদ[3] কয়ল আন্ধিয়ার।
নিয়ড়হি কোই লখই নাহি পার ॥
চলু গজ-গামিনি হরি-অভিসার।
গমন নিরঙ্কুশ আরতি[4] বিথার ॥
চৌদিশে[5] অথির পবন করু[6] দোল।
জগ ভরি শীকরনিকর হিলোল ॥
চলইতে গোরি নগর পুর[7] বাট।
মন্দিরে মন্দিরে লাগল কপাট[8] ॥
যব ধনি কুঞ্জে মিলল হরি পাশ[10]।
দুরহি দুরে রহু গোবিন্দদাস ॥১২॥৯৯৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৪৫৩ ও প-র পুথির ১৫।৩২ সংখ্যক পদ। 'সিন্ধুড়া' স্থলে 'ধানশ্রী' প-র। ২। 'বুঝিয়ে' প-র। ৩। 'ঘোর' প-র-সা। ৪। 'মদন' প-র। ৫। 'চৌদিগে' ক। ৬। 'ভরু' ক, খ, ঘ, চ। ৭। 'পুট' খ। ৮। 'হেরি হেরি' প-র। ৯। অতঃপর প-র-সা ও প-র পুথিতে নিম্নলিখিত অতিরিক্ত কলিটি দেখা যায়, যথা,—

'জানলু গুণবতি পুণফল সোই।
দুরদিন কাহক শুভ দিন হোই ॥'

১০। 'যব ধনি' ইত্যাদি কলির পরিবর্ত্তে প-র-সা পুথিতে 'অম্বর ভরি নব নীরদ ঝাঁপি' ইত্যাদি ৯৯১ পদটি লিখিত হইয়াছে।

অস্তোচিত-সম্ভোগঃ।

বরাড়ী।[1]

কাঁপল দিনমণি প্রাতহি[2] নীর।
তহিঁ অতি দর দর বহত সমীর ॥

রাধা মাধব রতি-রণ-ধীর।
দুহুঁ পরবেশল কুঞ্জ-কুটীর ॥
নিধুবন-কেলি মিলিত এক সান।
পরাভব পাওল কিয়ে পাঁচবাণ ॥
রাধা মাধব[৩] দুহুঁক বিলাস।
তাহি রসিকগণ অধিক[৪] উলাস ॥১৩॥৯৯৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৩৫ সংখ্যক পদ। ২। 'পরতহিঁ' খ, ঘ। ৩। 'রাধা মাধব' স্থলে 'রাধামোহন' ক, খ, ঘ, চ। ৪। 'তাহিঁ' ইত্যাদি স্থলে 'তাহা হেরি গোবিন্দ দাস' প-র-সা।

অথ শীতকালোচিত-দিবাভিসারঃ।

ভূপালী।১

হরি রহু কাননে কামিনি লাগি।
জাগরে জর-জর মনসিজ-আগি ॥
দারুণ গুরুজন-নয়ন নিপাত।
না মিলল সুন্দরি ভৈ গেল পরাত[২] ॥
আজি ভেল ভালে কুঝটি-আন্ধিয়ার।
ঐছে সময়ে ধনি চলু অভিসার[৩] ॥
বিঘটি মনোরথ অবইতে[৪] কান।
ধনি চলু আন ছলে মাঘ-সিনান ॥
যব দুহুঁ মীলল অনঅন[৫] পন্থ।
দরশনে মীটল বিরহ দুরন্ত ॥
যব দুহুঁ হরখে তরখে করু কোর।
বিঘটি কি ঘটল[৬] চকোরক জোর ॥
গোবিন্দদাস দুলহ রস গাব।
ভাঙ্গল[৭] গঠই[৮] মদন-পরতাব ॥১৪॥৯৯৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৪৫৫ ও প-র পুথির ১৫।৩৩ সংখ্যক পদ। ২। 'প্রভাত' ক, প-র-সা, প-র। ৩। 'ঐছে' ইত্যাদি স্থলে 'অবতনে রাই নির্ভই অভিসার' প-র-সা; 'কয়লহি রাই দিনহি অভিসার' প-র। ৪। 'অব ইথে' ঘ, চ। ৫। 'আনআন' ক, খ, প-র-সা; 'আনয়ান' ঘ; 'আনয়ন' চ। ৬। 'বিঘটি' ইত্যাদি স্থলে 'বিঘটি বিঘটল' ঘ; 'বিঘটহি ঘটল' প-র। ৭। 'ভাগল' ক, প-র। ৮। 'ঘটহিঁ' প-র।

টীকা

৫—৬। "আজি" ইত্যাদি। আজ (প্রাতে) ভালর জন্যই কুজ্ঝটিকার অন্ধকার হইল; (সুসময় বুঝিয়া) ঐ সময়ে শ্রীরাধা অভিসারে চলিলেন।

৭—৮। "বিঘটি" ইত্যাদি। মনোবাঞ্ছা ব্যর্থ হইয়া শ্রীকৃষ্ণ (সঙ্কেত-কুঞ্জ) হইতে আসিবার কালে শ্রীরাধা (গৃহ হইতে) অন্য ছলে মাঘ-স্নানে চলিলেন।

৯—১০। "যব" ইত্যাদি। যখন উভয়ে (দৈবাৎ) পরস্পরের পথে (যাইতে যাইতে) সম্মিলিত হইলেন, (তখন) পরস্পরের দর্শনে দারুণ বিরহ বিদূরিত হইল।

১১—১২। "যব" ইত্যাদি। যখন (দর্শন-জনিত) আনন্দে ও (অপরে দেখিবে বলিয়া) ভয়ে উভয়ে উভয়কে ক্রোড়ে ধারণ করিলেন,—(তখন মনে হইল) চক্রবাক-যুগল (রজনীতে) বিচ্ছিন্ন হইয়া কি (দিবসে) সম্মিলিত হইল?

দিনান্তরে।

ধানশী।১

সহজই শীত সময় অতি হীম[২]।
তাহাধিক[৩] পবন বাঢ়ায়ত সীম ॥
কুঝটি ভেল তহিঁ দশ দিশ ব্যাপি।
দিনমণি-কিরণ সবহুঁ রহু ছাপি[৪] ॥
রাই করল সুখে হরি-অভিসার[৫]।
সুসময় জানি অব তাক সঞ্চার ॥ ধ্রু ॥
কছু নাহি দীশই[৬] গতি[৭] অনিবার।
সুপথ দেখায়ল মদন[৮] দিশার ॥

কুসুম-পরশে যোই বরণিত[৯] হোই।
এতহুঁ তুহিনে পদ নিরাপদ সোই॥
ঐছে মিলল বর যুগল কিশোর।
রাধামোহন[১০] পহু আনন্দে ভোর॥১৫॥৯৯৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৩৬ ও প-র পুথির ১৫।৩৪ সংখ্যক পদ। ২। 'হিম' ক, খ, প-র-সা, প-র। ৩। 'তাহে ধিক' খ, ঘ, প-র। ৪। 'ঝাপি' প-র। ৫। 'রাই করল' ইত্যাদি স্থলে 'রাই কমলমুখী সুখে অভিসার' প-র। ৬। 'দিশই' ক, চ, প-র; 'দীশই' খ; 'দিবসই' প-র-সা। ৭। 'রাতি' প-র। ৮। 'প্রেম' প-র। ৯। 'তরলীত' প-র। ১০। 'গোবিন্দ দাস' প-র।

টীকা

১—২। "সহজই" ইত্যাদি। শীত-কাল স্বভাবতই অতি শীতল, তাহাতে (হিমালয়ের) বায়ু (শৈত্যের) সীমা আরও বৰ্দ্ধিত করিতেছে।

৭—৮। "কছু" ইত্যাদি। কিছুই দৃশ্য হইতেছে না; (অথচ) শ্রীরাধার গতি ক্ষান্ত হইতেছে না; (কেন না, দিগ্‌দর্শক কন্দর্প সুপথ দেখাইলেন)।

৯—১০। "কুসুম" ইত্যাদি। (শ্রীরাধার) যেই চরণ কুসুমের স্পর্শে ব্রণিত অর্থাৎ ব্রণযুক্ত হয়, সেই চরণ (প্রেমোৎকণ্ঠার প্রাবল্যে) এরূপ হিমের মধ্যেও নিরাপদ অর্থাৎ অবিচলিত রহিয়াছে।

তথা রাগ।

রাধামাধব করু রস-পুঞ্জে।
হিম-ঋতু-দিনহিঁ মিলল দুহুঁ কুঞ্জে॥
নিবিড় আলিঙ্গনে শাত নিবার[১]।
এক মুখে ঘাম আরে[২] শিতকার॥
ঐছনে কতহুঁ করত সঞ্চার।
সুরত-পয়োনিধি দুহুঁ ভেল পার॥
দুহুঁ কর গুণ[৩] দুহুঁ করু[৪] পরশংস।
রাধামোহন-পহু দুহুঁ অবতংস॥১৬॥৯৯৮॥

পাঠান্তর

১। 'অনিবার' ক, খ। ২। 'আর' ক। ৩। 'গণ' ক। ৪। 'জন' ক, চ।

অথ বর্ষা কালোচিতো যথা।

ভূপালী।[১]

চলু গজ-গামিনি হরি-অভিসার।
গমন নিরঙ্কুশ আরতি[২] বিথার॥ ধ্রু॥
পঙ্ক-পিছল পথ গুরুয়া নিতম্ব।
পড়ু কত বেরি নাহি অবলম্ব॥
বিজুরি-জোতি দরশায়ল দেহ[৩]।
উঠইতে চাহে জলধারক থেহ[৪]॥
ঐছনে মীলল নাগর পাশ।
গোবিন্দদাস কহ পূরল আশ॥১৭॥৯৯৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৪৬৬ ও প-র পুথির ১৫।২২ সংখ্যক পদ। প-র-সা পুথিতে এই পদের প্রারম্ভে নিম্নলিখিত চারিটি অতিরিক্ত পংক্তি দৃষ্ট হয়; যথা,—

'মন্দির বাহির পদ দুই চারি।
বারি ঘনাঘন মেহ ভরু বারি॥
এক গুণ তিমির লাখ গুণ ভেস।
উতর দখিন ভান দুরহি গেল॥'

২। 'মদন' প-র। ৩। 'এহ' প-র-সা। ৪। 'এহ' ক, খ, ঘ, চ।

টীকা

৫—৬। "বিজুরি" ইত্যাদি। বিদ্যুতের দ্যুতি (অন্ধকারের মধ্যে) শ্রীরাধার দেহকে দৃষ্টিগোচর করাইল। (ভূপতিতা মুগ্ধা শ্রীরাধা) বৃষ্টি-জলের ধারা অবলম্বন করিয়া উঠিতে চাহিতেছেন।

সুহই।[১]

আজু কৈছে তেজলি[১] গেহ[২]।
কে জানে কৈছন তোহারি সিনেহ[৩]॥

গুরুজন-ভয়ে কি না কাঁপ[৪]।
ঘন-আন্ধিয়ারে সবহুঁ দিঠি ঝাঁপ[৫] ॥
তুহুঁ কৈছে হেরলি রাতি।
মরমহি উয়ল মনমথ-বাতি ॥
দুতর[৬] পন্থ সঞ্চার।
চঢ়ল মনোরথে ইথে কি বিচার ॥
একলি আওলি এত দূর।
আগহি আগে কুসুম-শর শূর ॥
আপে করই তুহুঁ কোর।
মীলল তুহুঁ[৭] জন তনু তনু জোর ॥
রাধামাধব-ভাষ।
না বুঝল[৮] মুগধল গোবিন্দদাস ॥১৮॥১০০০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৪২২ ও প-র পুথির ১০১২৪ সংখ্যক পদ। ২। 'আজ' ইত্যাদি (প-র-সা) স্থলে 'আজু কৈছে সুন্দরি তেজলি গেহ' ক, খ, ঘ, চ; 'আজু কৈছে ধনি' ইত্যাদি প-র। প-র-সা পুথি ব্যতীত অন্যান্য পুথির পাঠে ছন্দোভঙ্গ ঘটে। পদামৃত-সমুদ্রের পাঠ পদরসসারের অনুরূপ। ৩। 'সুনেহ' ক, খ, চ। ৪। 'কাঁপি' খ, প-র-সা, প-র। ৫। 'ঝাঁপি' খ, প-র-সা, প-র। ৬। 'দুতর' ক। ৭। 'তুহুঁ' ক। ৮। 'না বুঝল' স্থলে 'কি কহব' প-র।

শ্রীকৃষ্ণং প্রতি সখ্যুক্তিঃ।

কেদার।[১]

কণ্টক গাড়ি কমল সম পদতল
মঞ্জির[২] চীরহি ঝাঁপি।
গাগরি-বারি ঢারি করু পীছল
চলতহি অঙ্গুলি চাপি[৩] ॥
মাধব তুয়া অভিসারক লাগি।
দূতর পন্থ-গমন ধনি সাধয়ে
মন্দিরে যামিনি জাগি ॥
করযুগে[৫] নয়ন মুন্দি চলু ভাবিনি[৬]
তিমির-পয়ানক[৭] আশে।
কর-কঙ্কণ পণ[৮] ফণি-মুখ-বন্ধন
শিখই ভুজগ-গুরু পাশে ॥
গুরুজন-বচন বধির সম মানই[৯]
আন শুনই কহ[১০] আন।
পরিজন-বচন[১১] মুগধি সম হাসই[১২]
গোবিন্দদাস পরমাণ ॥১৯॥১০০১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৪৬২ ও প-র পুথির ১০১২০ সংখ্যক পদ। 'কেদার' স্থলে 'শ্রীরাগ' প-র। ২। 'নূপুর' প-র-সা, প-র। ৩। 'করু পীছল' স্থলে 'করি পিছল' ক, চ। ৪। 'ঝাঁপি' ক। ৫। 'কর-তলে' প-র-সা, প-র। ৬। 'ভামিনি' প-র-সা, প-র। ৭। 'পয়ান গতি' প-র। ৮। 'পণে' প-র-সা। ৯। 'ভাবয়' প-র-সা; 'ভাসয়ে' প-র। ১০। 'শুনই কহ' স্থলে 'শুনত কহে' প-র-সা; 'শুনত কহ' প-র। ১১। 'বচনে' খ, ঘ। ১২। 'পরিজন' ইত্যাদি স্থলে প-র-সা ও প-র পুথির পাঠ, যথা—
'পরিজন-হাসে মুগধি জনু হাসয়ে'।

টীকা

১—৪। "কণ্টক" ইত্যাদি। (সুকুমারী শ্রীরাধা অন্ধকারাবৃত, সর্পসঙ্কুল, কণ্টকাকীর্ণ, পিচ্ছিল বনপথে অভিসার অভ্যাস করার উদ্দেশ্যে কি কি কার্য্য করিয়াছেন, সখী তাহা বর্ণন করিতেছেন) শ্রীরাধা (গৃহাঙ্গনে) কণ্টক রোপণ করিয়া (শব্দ নিবারণ জন্য) নূপুর বসনাঞ্চলে আচ্ছাদন অর্থাৎ বন্ধন করিয়া কলসীর জল ঢালিয়া পিছল করেন এবং পদ্মের ন্যায় (সুকোমল) পদতলে আঙ্গুল চাপিয়া চলেন।

৮—১১। "করযুগে" ইত্যাদি। (শ্রীরাধা) অন্ধকারে গমনের আশায় করযুগল দ্বারা নিজের চক্ষু মুদ্রিত করিয়া চলেন এবং নিজের করের (সুবর্ণময়) কঙ্কণ মূল্য দিয়া সর্প-গুরু সাপুড়িয়াদিগের

নিকট (মন্ত্রৌষধি দ্বারা) সর্পদিগের মুখ-বন্ধন শিখিতেছেন।

১২—১৫। "গুরুজন" ইত্যাদি। (শ্রীরাধা) গুরুজনের বাক্য বধিরের ন্যায় গ্রহণ করিতেছেন,—এক শুনিয়া অন্য উত্তর দিতেছেন ; নিজের সখীদিগের (উপদেশ) বাক্যে মুগ্ধার ন্যায় হাসিতেছেন অর্থাৎ সেই বাক্য হাসিয়া উড়াইয়া দিতেছেন; (এ বিষয়ে) গোবিন্দদাস প্রমাণ। ('গোবিন্দ দাস প্রমাণ' বাক্যের সহজ অর্থ সখীস্থানীয় গোবিন্দ দাস শ্রীরাধার এই অপূর্ব্ব অভিসার-লীলা প্রত্যক্ষ করিয়া এই পদে উহা ব্যক্ত করিতেছেন)।

তথা রাগ।১

ভীতক চীত২ ভুজগ৩ হেরি যো ধনি
চমকি চমকি ঘন কাঁপ।
অব আন্ধিয়ারে আপন তনু ছাপই৪
কর দেই ফণি-মণি ঝাঁপ॥
মাধব কি কহব তুয়া অনুরাগ৫।
তুয়া অভিসারে অবশ নব নাগরি৬
জীবই বহু পুণভাগ৭॥ ধ্রু॥
যো পদতল থল-কমল-সুকোমল
ধরণি-পরশে উপচঙ্ক।
অব কণ্টকময় সঙ্কট বাটহি
আয়ত যায়ত৮ নিশঙ্ক॥
মন্দির মাঝ সাজ৯ নাহি তেজত
দেহলি মানয়ে দূর।
অব কুহু-যামিনি চলয়ে একাকিনি
গোবিন্দদাস কহ ফূর১০॥২০॥১০০২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৪২৫, ৪৬৪ ও প-র পুথির ১০১৯ সংখ্যক পদ। ২। 'চিত' ক, প-র-সা, প-র। ৩। 'ভুজগ' স্থলে পদামৃতসমুদ্র গ্রন্থে 'পুতলি' পাঠ গৃহীত ও ব্যাখ্যাত হইয়াছে। 'পুতলি' পাঠ গ্রহণ করিলেও যখন উহার অর্থ 'ভুজঙ্গের মূর্ত্তি' না করিলে অসঙ্গতি হইয়া পড়ে, তখন পদকল্পতরু, পদরসসার ও পদরত্নাকর অনুসারে 'ভুজগ' পাঠই সমীচীন বোধ হয়। ৪। 'আপন তনু ছাপই' স্থলে 'আপন তনু ঝাঁপই' ক, চ; 'বসনে তনু ছাপিয়ে' প-র-সা। ৫। 'তুয়া অনুরাগ' স্থলে 'ধনী অনুরাগি' প র-সা। ৬। 'তুয়া' ইত্যাদি স্থলে 'তুয়া অনুরাগ রভসে নব নাগরি' প-র। ৭। 'জীবই' ইত্যাদি স্থলে 'জিবইতে বহু পুণভাগি' প-র-সা। ৮। 'যাত' চ, প-র-সা, প-র। ৯। 'সাঁজ' খ, চ, প-র-সা (পাঠান্তর); 'সাঁঝে' প-র। ১০। 'ফুর' ক, চ, প-র-সা, প-র।

টীকা।

১—৪। "ভীতক" ইত্যাদি। যে সুন্দরী ভিত্তি অর্থাৎ গৃহের প্রাচীরের চিত্রিত ভুজঙ্গম দেখিয়া চমকিয়া চমকিয়া পুনঃ পুনঃ কম্পিত হয়,—(সে) এখন অন্ধকারে নিজের দেহ লুকাইয়া হাত দিয়া বিষধর সর্পের মস্তকস্থিত মণি চাপা দিতেছে। (মণির আলোকে পাছে শ্রীরাধাকে কেহ দেখিতে পায়, সেই আশঙ্কায় তিনি উহা আচ্ছাদিত করিতেছেন)।

গান্ধার।১

যব ধনি ঘর সঞে ভেল বাহার।
ঝর ঝর বরিখে জলদ অনিবার॥
কর ঠেলন২ নহে ঘন আন্ধিয়ার।
দিশ দরশায়ল মদন দিশার॥
কি কহব মাধব পুণ-ফল তোরি।
এতহুঁ দূর তরি৩ তোহে মিলু গোরি॥ধ্রু॥
ঝলকত বিজুরি নয়ন ভরুচঙ্ক।
চলইতে খলই৪ সঘনে মহি পঙ্ক॥
উঠইতে৫ ফণি-মণি উজর৬ হেরি।
কনক-দণ্ড বলি ধরু কত বেরি॥

ঐছনে সোঁপলুঁ তোহে নিজ দেহ।
অপরূপ ঐছন তোহারি সুনেহ ॥
এত দিনে প্রেমক পরিচয় ভেল।
গোবিন্দদাস ভরম দূরে গেল ॥
॥২১॥১০০৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৪৫২ সংখ্যক পদ। ২। 'ঠৈরল' খ। ৩। 'দূর তরি' স্থলে 'দূরতরা' প-র-সা। ৪। 'খলয়ে' ক; 'খলত' প-র-সা। ৫। 'উঠই' খ। ৬। 'উজোর' ক, খ; 'উজর' চ। ৭। 'সুলেহ' ক, খ, চ, প-র-সা, প-র। ৮। 'দূরে' ক, খ, প-র-সা, প-র।

অত্র সম্ভোগপদানি গেয়ানি।

অথ গ্রীষ্মকালোচিত-দিবাভিসারঃ।

বরাড়ী।১

মাথহিঁ তপন তপত পথ-বালুক
আতপ দহন বিথার।
ননিক[২] পুতলি তনু চরণ কমল জনু
দিনহিঁ[৩] কয়ল[৪] অভিসার ॥
হরি হরি প্রেমক গতি অনিবার।
কানু-পরশ রসে পরবশ রসবতি
বিছুরল সবহুঁ বিচার ॥ ধ্রু ॥
গুরুজন-নয়ন-পাশগণ[৫]-বারণ
মারুত-মণ্ডল-ধূলি।
তা পয়ে[৬] মেলি চললি বর রঙ্গিণি
পন্থহি গেও সব[৭] ভূলি ॥
যত যত[৮] বিঘনি জিতলি অনুরাগিণি
সাধলি মনসিজ-মন্ত্র[৯]।
গোবিন্দদাস কহই অব সমুঝউ
হরি সঞে রসময় তন্ত্র ॥২২॥১০০৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৫৪৯ ও প-র পুথির ১৫।৩০ সংখ্যক পদ। ২। 'নুনীক' খ, প-র; 'নোনীক' ক; 'নোনিক' চ। ৩। 'তবহিঁ' খ, প-র-সা, প-র। ৪। 'চললি' প-র-সা, প-র। ৫। 'পাপগণ' ক, চ। ৬। 'তা পয়ে' স্থলে 'তাহিক' খ; 'তাহা পয়' প-র-সা; 'তা সঞে' প-র। ৭। 'পথদুখ গেলহি ভূলী' প-র। ৮। 'যত যত' স্থলে 'যত সব' ক; 'জয় জয়' খ; 'কত কত' প-র। ৯। 'তন্ত্র' প-স।

টীকা

১—৪। "মাথহিঁ" ইত্যাদি। মস্তকোপরি সূর্য্য; পথের বালুকা উত্তপ্ত; সূর্য্য-কর অগ্নি বিস্তার করিতেছে; (শ্রীরাধার) দেহ নবনীতের পুত্তলিকা,—চরণ পদ্মের ন্যায় (সুকোমল),—(এ অবস্থায়ও তিনি) দিবাভাগে অভিসার করিলেন।

৮—১১। "গুরুজন" ইত্যাদি। বাতাবর্ত্ত অর্থাৎ ঘূর্ণী বায়ুর ধূলি গুরুজনদিগের নয়ন-রূপ ফাঁদগুলির নিবারক (হইল); অভিসারানন্দযুক্তা শ্রীরাধা সেই ধূলিময় বাতাবর্ত্তের সহিত মিশিয়া অভিসারে গমন করিলেন এবং পথেই সকল (প্রতিবন্ধকতার কথা) ভুলিয়া গেলেন।

১২—১৫। "যত যত" ইত্যাদি। অনুরাগবতী শ্রীরাধা যত কিছু বিঘ্ন, সব জয় করিলেন ও কন্দর্পের (বশীকরণ)-মন্ত্র সাধন করিলেন; গোবিন্দদাস কহিতেছেন—এখন (শ্রীরাধা) হরির সহিত রসময় তন্ত্র অর্থাৎ আনন্দ-জনক কাম-তত্ত্বের অনুশীলন করুন।

তথা রাগ।১

রাধামাধব মীলন ভেল।
নিদাঘক দুখ[২] সবহুঁ দূরে[৩] গেল ॥
তঁহি পুন সরোবর-মন্দির মাঝ।
জল-কণ-শীকর[৪]-নিকর বিরাজ ॥

সৌরভ[৫] মিলিত গন্ধবহ মন্দ।
কি করব দিনমণি-কিরণক বন্ধ ॥
তহিঁ বর সুরত-বাপি[৬] অবগাহ।
রাধামোহন পহুঁ রসিক সুনাহ[৭] ॥

॥২৩॥১০০৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৩৭ সংখ্যক পদ। ২। 'দুঃখ' ক, চ, প-র-সা। ৩। 'দূরে' ক, প-র-সা। ৪। 'জল' ইত্যাদি স্থলে 'জল কলসী কর' চ। ৫। 'সৌরভে' ক, খ, প-র-সা। ৬। 'বারি' ক, চ, প-র-সা। ৭। 'সুলেহ' প-র-সা।

অথ উৎকণ্ঠায়াং ভ্রমাভিসারঃ।

দূত্যুক্তিঃ।

তথা রাগ।[১]

সুন্দরি কৈছন আরতি তোর।
বিঘটিত ঘটিত সাজ নাহি জানল
ভূলল মাধব মোর ॥
বিপরিত চীর পহিরি হরি সাজল
দুহুঁ অঙ্গদ দুহুঁ কাণে।
সীথি বলয় করি হাথে[৩] সাজাওল
কুণ্ডল মুদরিক ভানে ॥
কিঙ্কিণি-জাল মাল করি পহিরল
হার সাজাওল হাতে।
চূড়ক সঙ্গ করি[৪] চরণহি পহিরল
মঞ্জির পহিরল মাথে ॥
পুরুব উত্তর নাহি দীগ দিগান্তর[৫]
নব অনুরাগক লাগি।
বল্লভদাস কহ চঢ়ল মনোরথে
সঙ্কট দূরহি ভাগি ॥২৪॥১০০৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৩৮ সংখ্যক পদ। ২। 'ভুলল' ক, প-র-সা। ৩। 'বাহে' ক, চ, প-র-সা। ৪। 'করি' শব্দটি ক, খ, চ ও প-র-সা পুথিতে নাই। উহা ব্যতীত ছন্দোভঙ্গ ঘটে। ৫। 'দিগ দিগন্তর' ক, প-র-সা; 'দিগ দীগান্তর' খ; 'দীগ দীগান্তর' চ।

ধানশী।[১]

কানুক ইহ উতকণ্ঠিত জানি।
বিছুরল সুন্দরি আপনার বাণী ॥
কি কহিতে[২] কি কহয়ে[৩] নাহিক থেহ।
বিছুরল অভরণ আপনক দেহ ॥
কানুক নেহ হৃদয় মাহা জাগ।
সো রূপ নিরুপম নয়নহি লাগ ॥
কহইতে চল চল রহ রহ বোল।
লেহ লেহ কহইতে দেহ দেহ বোল ॥
সাজহ[৪] কহইতে ভাজহ[৫] ভাষ।
আনহ[৬] বাণি জান[৭] পরকাশ ॥
ঐছন ভ্রমময় শুনইতে হাস।
কি কহব সহচরি বল্লভ দাস ॥

॥২৫॥১০০৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৩৯ সংখ্যক পদ। ২। 'করিতে' খ। ৩। 'হয়' ক। ৪। 'সাজ' ঘ; 'সাজ সাজ' প-র-সা। ৫। 'ভাজই' ক; 'ভাজ ভাজ' প-র-সা। ৬। 'আনহি' ক, খ। ৭। 'বাণি জান' স্থলে 'বাণী জাল' ক, খ; 'বাণী জান' প-র-সা।

কেদার।[১]

মণিময়[২] মঞ্জির যতনে আনি ধনি
সো পহিরল[৩] দুই হাত।

কিঙ্কিণি গীম-হার বলি পহিরল
হার সাজাওল মাথ ॥
সুন্দরি অপরূপ পেখলুঁ আজ।
হরি-অভিসার-ভরম-ভরে সুন্দরি
বিছুরল সাজ বিসাজ ॥ ধ্রু ॥
ঘন আন্ধিয়ার রজনি জনি[৬] কাজর
গরজত বরিখত মেহ।
বিষধর ভরল দুতর[৭] পথ[৮] পাঁতর
একলি চললি তেজি গেহ ॥
চড়লি মনোরথে দোসর মনমথ
পন্থ বিপথ নাহি মান।
গোবিন্দদাস কহই ব্রজ-নাগরি[১০]
ঐছনে ভেঠলি কান ॥২৬॥১০০৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৪০ সংখ্যক পদ। ২। 'মণি' ক, চ। ৩। 'পহিরনু' ক। ৪। 'হাতে' প-র-সা। ৫। 'মাথে' প-র-সা। ৬। 'ঘন' খ, ঘ; 'জিনি' প-র-সা। ৭। 'দুরত' খ, ঘ, প-র-সা; 'দুরতর' চ। ৮। 'পন্থ' খ, ঘ। ৯। 'মনমথে' ক, খ, প-র-সা। ১০। 'ধনি ঐছন' প-র-সা।

শ্রীরাগ।১

রাই সাজে বাঁশী বাজে পড়ি গেও[২] উল[৩]।
কি করিতে কিবা[৪] করে সব হৈল ভুল ॥
মুকুরে আচরি[৫] রাই বান্ধে কেশ-ভার।
পায়ে বান্ধে ফুলের মালা না করে বিচার ॥
করেতে নূপুর পরে জঙ্ঘে[৬] পরে তাড়।
গলাতে কিঙ্কিণী পরে কটিতটে হার ॥
চরণে কাজর পরে নয়নে আলতা।
হিয়ার উপরে পরে বঙ্করাজ-পাতা ॥
শ্রবণে করয়ে রাই বেশর সাজনা।
নাসার উপরে করে বেণীর রচনা ॥
বংশীবদনে কহে যাঙ[৭] বলিহারি।
শ্যাম-অনুরাগের বালাই লৈয়া মরি ॥
॥২৭॥১০০৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৪১ সংখ্যক পদ। ২। 'পড়ি গেও' স্থলে 'না পড়িল' ক, খ, ঘ, চ। 'না পড়িল' পাঠে অর্থ-সঙ্গতি ঘটে না। এই বাঙ্গালা পদে হিন্দী 'গেও' শব্দের ব্যবহারও চিন্তনীয় বটে। সম্ভবতঃ 'পড়ি গেল' প্রকৃত পাঠ হইবে। ৩। 'ওল' প-র-সা। ৪। 'কিনা' ক, প-র-সা। ৫। 'আচারে' ক, প-র-সা। ৬। 'জঙে' প-র-সা। ৭। 'যাই' ক।

বেলাবলী।১

বিপরিত বেশে মিলল ধনি মাধব
মাধব বিপরিত বেশ।
ভূলল সরস সম্ভাষ হাসময়
জনু নহ আরতি লেশ ॥
সজনী[২] অপরূপ[৩] প্রেম বিচারি।
দোঁহ দোঁহা হেরি স্তম্ভ ভেল কলেবর
চীত-পুতলি সম থারি ॥ ধ্রু ॥
বহুখণে সহচরি-বচনহি দুহুঁ জন
ধাই কয়ল দুহুঁ কোর।
তৈছন[৪] তনু তনু লাগি রহল দুহুঁ
দুহুঁ দোহাঁ ভাবে বিভোর ॥
বিছুরল কেলি-বিলাস রস-লালস[৫]
রহলহি কোরে আগোরি।
ঐছন সহচরি শেজে শুতায়ল
বল্লভ হেরি বিভোরি ॥২৮॥১০১০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৪২ সংখ্যক পদ। ২। 'সজনি' ক, খ, চ, প-র-সা। ৩। 'অপরূপ' ক, খ, চ, প-র-সা। ৪। 'তৈছনে' ক, চ।

৫। 'বিছুরল' ইত্যাদি পংক্তি চারিটি চ ও প-র-সা পুথিতে নাই

কেদার।[১]

কতহুঁ যতনে দুহুঁ দুহুঁ তনু তেজ।
বৈঠল সরস কুসুমময় শেজ॥
বিপরিত চরিত হেরি সখি হাস।
তনু তনু তেজি অতনু পরকাশ॥
সহচরিগণ কহ দুহুঁ জন-রীত।
শুনইতে দুহুঁ জন চমকিত-চীত॥
লাজহিঁ সুন্দরি না কহয়ে বাণি।
তেজল ভূষণ বিপরিত জানি॥
উপজল কতহুঁ হাস পরিহাস।
কত কত কৌতুক মদন-বিলাস॥
রাধামাধব[২] প্রেম-তরঙ্গ।
হেরই বল্লভ[৩] সহচরি সঙ্গ॥২৯॥১০১১॥

ইতি ভ্রমাভিসারঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৪৩ সংখ্যক পদ। ২। 'রাধামাধব দুহুঁ' প-র-সা। ৩। 'বল্লভদাস' প-র-সা।

অথ জ্যোৎস্নাভিসারঃ।

প্রকারান্তরং যথা।

তথা রাগ।[১]

অবহুঁ[২] রাজপথে পুরজন[৩] জাগি।
চাঁদ-কিরণ জগমণ্ডল[৪] লাগি॥
রহিতে সোয়াথ নাহি নৌতুন নেহ[৫]।
হেরি হেরি সুন্দরি পড়ল সন্দেহ॥ধ্রু॥
কামিনি কয়ল কতয়ে পরকার[৬]।
পুরুষক বেশে কয়ল অভিসার॥
ধামিলি[৭] লোল জুট করি বন্ধ।
পহিরল[৮] বসন আন করি ছন্দ॥
অম্বরে কুচ নাহি সম্বরু গেল[৯]।
বাজন-যন্ত্র হৃদয়ে করি নেল॥
ঐছনে মীলল কুঞ্জক মাঝ।
হেরি না চিহ্নই[১০] নাগর-রাজ॥
হেরইতে মাধব পড়লহি ধন্দ।
পরশিতে ভাঙ্গল হৃদয়ক দন্দ[১১]॥
বিদ্যাপতি কহ তব কিয়ে ভেলি।
উপজল কত কত মনমথ-কেলি॥

॥৩০॥১০১২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৪৬ ও প-র পুথির ২৫।১৩ সংখ্যক পদ। ২। 'অবহুঁ' ক, চ; 'বহই' প-র। ৩। 'জামিন' প-র। ৪। 'জগমণ্ডলে' খ, প-র। ৫। 'রহিতে' ইত্যাদি স্থলে 'সহই না পারই নব নব লেহ' প-র। ৬। 'কামিনি' ইত্যাদি ১২টি পংক্তির স্থলে প-র পুথির পাঠ, যথা—

'কসিদ কনয়া জেন কুন্দন হেম।
তুলনা দিবারে নাই এ দোহার প্রেম॥
দোহে দোহা নিরখিতে দোহে দোহা ভুলে।
গোবিন্দ দাস চিতে নিরবধি ঝুরে॥'

৭। 'ধামিলী' ক। ৮। 'পহিরণ' ক, প-র-সা। ৯। 'ভেল' ক। ১০। 'চীনই' খ। ১১। 'দ্বন্দ' ক।

পুনশ্চ দিনান্তরে।

ধানশী।[১]

ত্বং কুচ-বল্গিত-মৌক্তিক-মালা।
স্মিত-সান্দ্রীকৃত-শশি-কর-জালা॥
হরিমভিসর সুন্দরি সিত-বেশা।
রাকা-রজনিরজনি গুরুরেষা॥ ধ্রু॥
পরিহিত-মাহিষ-দধি-রুচি-সিচয়া।
বপুরর্পিত-ঘন-চন্দন-নিচয়া॥

কর্ণ-করম্বিত-কৈরব-হাসা।
কলিত-সনাতন-সঙ্গ-বিলাসা ॥৩১॥১০১৩॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৫।২০ সংখ্যক পদ।

টীকা

১—৮। 'ত্বমিতি'। (হে রাধে!) ত্বং কুচয়োঃ বল্গিতা (গতিবেগেন উল্লম্ফিতা) মৌক্তিকমালা যস্যা তাদৃশী। পুনঃ কীদৃশী?—স্মিতেন (ঈষদ্ধাস্যেন) সান্দ্রীকৃতঃ (নিবিড়ীকৃতঃ) চন্দ্রকরাণাং জালঃ (সমূহঃ) যয়া তাদৃশী। হে সুন্দরি! সিতবেশা (শুভ্রবেশ-ধারিণী) ত্বং শ্রীকৃষ্ণং অভিসর (তদন্তিকং গচ্ছ) এষা রাকা-রজনিঃ (পূর্ণিমা-নিশা) গুরুঃ (উপদেষ্টা) অজনি (জাতঃ)। রাকারজন্যাঃ শুভ্রত্বেন শুক্লাভিসারোপযোগাৎ অভিসারোপদেষ্টৃত্বং বোধ্যম্। ত্বং পুনঃ কীদৃশী?—পরিহিতং মাহিষ-দধি-রুচি সিচয়ং (বসনং) যয়া সা। পুনশ্চ বপুষি (দেহে) অর্পিতঃ ঘনঃ চন্দন-সমূহো যয়া সা। পুনশ্চ কর্ণয়োঃ করম্বিতাভ্যাং (সংযুক্তাভ্যাং) কৈরবাভ্যাং হাসঃ(প্রকাশঃ) যস্যাঃ সা। পুনশ্চ কলিতঃ (জনিতঃ) সনাতনস্য (শ্রীকৃষ্ণস্য) সঙ্গে বিলাসো যয়া সা। পক্ষে কলিতঃ সনাতনস্য (তন্নামকগোস্বামিনঃ) সঙ্গঃ (সখীভাবেন সাহচর্য্যং) তত্র বিলাসো যয়া সা।

অনুবাদ

১—৮। (গতি-বেগে) তোমার কুচযুগে মুক্তা-হার বল্গিত হইতেছে; তোমার ঈষৎ-হাস্যে চন্দ্র-কিরণ আরও ঘনীভূত হইতেছে; হে শুভ্র-বেশ-ধারিণী সুন্দরি! তুমি (এখন) শ্রীকৃষ্ণের নিকটে অভিসার কর; এই পূর্ণিমা রজনী (তোমার অভিসার-কার্য্যের) উপদেষ্টা হইয়াছে! তোমার পরিধেয় বসন মাহিষ-দধির ন্যায় শুভ্র-কান্তি; দেহে ঘন-চন্দনানুলেপন অর্পিত হইয়াছে; তোমার কর্ণ-ধৃত কুমুদের শ্বেত-শোভা প্রকাশিত হইয়াছে এবং তুমি সনাতন-সঙ্গ-বিলাস* বর্দ্ধিত করিয়াছ।

তথা রাগ।

কুন্দ কুসুমে ভরু কবরিক ভার ॥
ইত্যাদি পূর্ব্বোক্তং গেয়ম্ ॥

ভূপালী।১

গুরু দুরু[২] বক্ষ[৩] উজোরল[৪] চন্দ।
দুরজন -নয়ন পদহি পদ ফন্দ ॥
তাহে অতি দুরতর পন্থ সঞ্চার[৬]।
ততহিঁ কলাবতি চলু অভিসার ॥
কি কহব মাধব প্রেমক রীত।
তুয়া অনুরাগিণি ত্রিভুবন জীত[৭] ॥ ধ্রু ॥
যাহাঁ ধনি ধাধসে ভাঙ ধুনান।
সাধসে ধাওয়ে কতহুঁ পাঁচবাণ ॥
সো তোহে কুঞ্জে মিলল নিরবাধ।
গোবিন্দদাস কহ পূরল সাধ ॥৩২॥১০১৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৪৬১ ও প-র পুথির ১০।২২ সংখ্যক পদ। ২। 'দুর' চ। ৩। 'বঞ্চন' প-র-সা। ৪। 'উজোর বর' প-র-সা, প-র। ৫। 'গুরুজন' ক, খ। ৬। 'তাহে অতি' ইত্যাদি পংক্তি দুইটি প-র পুথিতে নাই। ৭। 'জিত' ক, খ, প-র-সা, প-র। অতঃপর প-র-সা ও প-র পুথিতে নিম্নলিখিত অতিরিক্ত কলি দুইটি দৃষ্ট হয়, যথা—

'পতিভুজ ভুজগবন্ধ করে তোড়ি।
চরণক ঘাতে কুলাচল ডারি ॥
তাহে কি কহব লঘু মন্দির-কপাট।
ভয়ে মরিযাদে সিন্ধু দেই বাট ॥'

---

*'সনাতনসঙ্গ-বিলাস' পদটি শ্লিষ্ট। ইহার এক অর্থ 'সনাতন অর্থাৎ আদি পুরুষ শ্রীকৃষ্ণের সহিত সম্ভোগ-বিলাস'। অপর অর্থ—সনাতন-নামক গোস্বামীর সাহচর্য্য-জনিত বিলাস।

পুনশ্চ দিনান্তরে।

শ্রীরাগ।১

চিকুর-তরঙ্গক-ফেন-পটলমিব
কুসুমং দধতী কামম্২।
নটদপসব্যদৃশা দিশতীব চ
নর্ত্তিতুমতনুমবামম্॥৩
রাধা মধুর-বিহারা।
হরিমুপগচ্ছতি মন্থর-পদ-গতি-
লঘু-লঘু-তরলিত-হারা॥ধ্রু॥
শঙ্কিত-লজ্জিত-রস-ভর-চঞ্চল-
মধুর-দৃগন্ত-লবেন।
মধু-মথনং প্রতি সমুপহরন্তী
কুবলয়-দাম রসেন॥
গজপতি-রুদ্র-নরাধিপমধুনাতন-
মদনং৪ মধুরেণ।
রামানন্দ-রায়-কবি-ভণিতং
সুখয়তু রস-বিসরেণ॥
॥৩২॥১৩১৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৪৪৮ সংখ্যক পদ। ২। 'দধতী কামং' (জঃ বঃ) স্থলে 'দধতি সকামং' ক, খ, ঘ, চ, প-র-সা। ৩। 'নটদপসব্য' ইত্যাদি (ঘ, জঃ বঃ) পংক্তিদ্বয়ের পাঠ অন্যান্য পুথিতে নিতান্ত বিকৃত। ৪। 'নরাধিপ' ইত্যাদি (জঃ বঃ) স্থলে 'নরাধিপমধুনা তনুমধুরং' ক, খ, ঘ, চ, প-র-সা।

টীকা

১—১৫। "চিকুরে"ত্যাদি। মধুর-বিহারা মধুরসম্ভোগবতী শ্রীরাধা মন্থর-পদগত্যা অল্পাল্পং কম্পিতঃ হারো যস্যাঃ তাদৃশী হরিমুপগচ্ছতি শ্রীকৃষ্ণান্তিকং গতা। কীদৃশী শ্রীরাধা? চিকুরাণাং (কেশানাং) তরঙ্গকেষু (ক্ষুদ্রবীচিষু) তরঙ্গায়মানকেশেষু ইত্যর্থঃ ফেনপটলমিব (ফেনপুঞ্জমিব) কামং অত্যর্থং কুসুমং শুভ্রপুষ্পরাজিং দধতী (ধারয়ন্তী) তথা স্ফুরদ্বামনেত্রেণ বামা-রহিতং কন্দর্পং নর্ত্তিতুং আদিশতীব উপদিশন্তীব। পুনঃ কীদৃশী? শঙ্কিতঃ লজ্জিতস্তথা রসভরেণ চঞ্চলঃ যো মধুরো দৃগন্তলবঃ কটাক্ষলেশস্তেন (করণে তৃতীয়া) মধুরাপাঙ্গদৃষ্ট্যেতি ভাবঃ মধুসূদনং প্রতি রসেন (অনুরাগেন হেতুনা) কুবলয়দাম (নীলোৎপল মাল্যং) সমুপহরন্তী (উপঢৌকয়ন্তী)। অত্র শ্রীরাধায়া নীলনলিনাভকটাক্ষপরম্পরৈব কবিনা কুবলয়দাম-রূপেণ বর্ণিতেতি বোধ্যম্। রামানন্দরায়াখ্যকবের্ভণিতং গীতং মধুরেণ রস-বিসরেণ (রস-বিস্তারেণ) অধুনাতনমদনং (ইদানীন্তনকন্দর্পং কন্দর্পস্যাভিনবাবতারমিত্যর্থঃ) গজপতি-রুদ্র-নরাধিপং সুখয়তু। 'গজপতি'রিতি বিশেষণেনাঙ্কিতঃ যো রুদ্রনরাধিপঃ প্রতাপরুদ্রনরপতিস্তম্। নামৈকদেশগ্রহণে নামমাত্রগ্রহণস্য সিদ্ধত্বাৎ রুদ্র-শব্দেন প্রতাপরুদ্রো গম্যতে।

অনুবাদ

১—১৫। শ্রীরাধা তরঙ্গায়মান কেশ-কলাপে ফেনরাজির প্রায় (শ্বেত) কুসুমসমূহ ধারণ করিয়াছেন এবং নিজের স্পন্দমান বাম নেত্র দ্বারা যেন রতি-বিরহিত কন্দর্পকে নর্ত্তনের জন্য উপদেশ করিতেছেন। সুমধুর-সম্ভোগ-শালিনী শ্রীরাধা মন্থর-পদ-সঞ্চারে মুক্তাহার ঈষৎ দোলাইয়া শ্রীকৃষ্ণের নিকট উপনীত হইতেছেন। তিনি কিঞ্চিৎ শঙ্কিত ও লজ্জিত রস চঞ্চল সুমধুর কটাক্ষ-রাজি দ্বারা প্রীতিবশতঃ শ্রীকৃষ্ণকে যেন নীলোৎপল-মাল্য উপহার অর্পণ করিতেছেন। রামানন্দ রায় কবির রচিত এই সঙ্গীত সুমধুর রস-বিস্তার দ্বারা কন্দর্পের অভিনব অবতার গজপতি প্রতাপরুদ্র নৃপতিকে সুখ দান করুক।

কেদার।১

কলয়তি নয়নং দিশি২ দিশি বলিতম্।
পঙ্কজমিব মৃদু-মারুত-চলিতম্॥
কেলী-বিপিনং প্রবিশতি রাধা।
প্রতিপদ-সমুদিত-মনসিজ-বাধা॥ ধ্রু॥

বিনিদধতী[৩] মৃদু-মন্থর-পাদম্।
রচয়তি কুঞ্জর-গতিমনুবাদম্ ॥
জনয়তু[৪] রুদ্র-গজাধিপ-মুদিতম্।
রামানন্দ-রায়-কবি-গদিতম্ ॥৩৪॥১০১৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৪৫ সংখ্যক পদ। ২। 'নিশি' প-র-সা। ৩। 'বিনিদধতী' (জঃ বঃ) স্থলে 'বিনিদধতি' ক, খ, ঘ, চ, প-র-সা। ৪। 'জনয়তি' ক।

টীকা

১—৮। "কলয়তী"ত্যাদি। প্রতিপদং (প্রতি-পদ-ন্যাসে) সমুদিতঃ সমুদ্ভূতো মনসিজস্য কন্দর্পস্য বাধা (পীড়া) যস্যাঃ সা রাধা কেলীবিপিনং (কেলি-নিকুঞ্জং) প্রবিশতি। পুনঃ কিং করোতি?—মৃদু-মারুতচালিতং মৃদু-পবন-চঞ্চলং পঙ্কজমিব নীলোৎ-পলমিব দিশি দিশি বলিতং চতুর্দিক্ষু প্রেরিতং নয়নং কলয়তি (ধারয়তি) নিকুঞ্জে শ্রীকৃষ্ণঃ কুত্র তিষ্ঠতী-ত্যজানতী বলবদুৎকণ্ঠয়া দিশঃ পশ্যতীতি ভাবঃ। পুনঃ কিং করোতি? মৃদু-মন্থর-পাদং (মন্দমন্দচরণং) বিনিদধতী (বিন্যস্যন্তী) কুঞ্জরগতিং অনু কুঞ্জরগমনং লক্ষীকৃত্য বাদং (বিবাদং) রচয়তি (গজগতিং জয়-তীতি ভাবঃ)। রামানন্দরায়কবেরিদং বাক্যং রুদ্র-গজাধিপস্য মুদিতং (হর্ষং) জনয়তু।

অনুবাদ

১—৮। শ্রীরাধা মৃদুপবন-চালিত নীলোৎপলের প্রায় নিজের নয়ন চারি দিকে প্রেরণ করিতেছেন। প্রতিপদ-বিক্ষেপে তাঁহার কন্দর্প-পীড়া উদ্ভূত হই-তেছে; তিনি কেলিকুঞ্জে প্রবেশ করিতেছেন। তিনি মৃদুমন্থরভাবে চরণ নিক্ষেপ করিয়া কুঞ্জর-গতিকে পরাজিত করিতেছেন। রামানন্দ রায় কবির এই বাক্য গজপতি প্রতাপরুদ্রের আনন্দ উৎপাদন করুক।

মায়ূর।[১]

সম-বয় বেশ-ভূষণ[২]-ভূষিত-তনু
সখিগণ সঙ্গহি মেলি।
গজ-গতি[৩] নিন্দি[৪] গমন অতি সুন্দর[৫]
কিয়ে জিত-খঞ্জন-কেলি ॥
দেখ রাই করল[৬] অভিসার।
শিরিষ-কুসুম জিনি কোমল পদতল
বিপথে পড়ত অনিবার ॥ধ্রু॥
যো থল-কমল পরশে অতি কোমল[৭]
ঝামর ভই উপচঙ্ক।
সো অব যাহাঁ তাহাঁ কঠিন ধরণি মাহা
ডারত বড়ই নিশঙ্ক ॥
ঐছন ভাতি মিলল কুঞ্জ মাহা
দূতিক যাহাঁ উপদেশ।
ভণ রাধামোহন তঁহি যো আচরণ
হাম কিয়ে পায়ব উদেশ[৮] ॥
॥৩৫॥১০১৭॥

পাঠান্তর

১। 'মায়ূরী' ক। ২। 'ভূষণ' ক, খ। 'ভূষণ' পাঠে ছন্দোভঙ্গ ঘটে। ৩। 'গজপতি' খ। ৪। 'নিন্দিত' (পাঠান্তর—ক, খ, ঘ, চ, ১০৫৬ সং পদ)। ৫। 'গমন' ইত্যাদি 'গমন সুমন্থর' (পাঠান্তর—ক, খ, ঘ, চ, ১০৫৬ সং পদ)। ৬। 'অতি কোমল' স্থলে 'সুকোমল' (পাঠান্তর—ক, খ, ঘ, চ, ১০৫৬ সং পদ)।

অত্র সম্ভোগপদানি গেয়ানি।

পুনশ্চ দিনান্তরে।

তিমিরাভিসারে দূত্যুক্তিঃ।

বরাড়ী।[১]

রতি-সুখ-সারে গতমভিসারে
মদন-মনোহর-বেশম্।

ন কুরু নিতম্বিনি গমন-বিলম্বন-

মনুসর তং হৃদয়েশম্ ॥

ধীর-সমীরে যমুনা-তীরে

বসতি বনে বনমালী ॥ধ্রু॥

নাম-সমেতং কৃত সঙ্কেতং

বাদয়তে মৃদু বেণুম্।

বহুমনুতে ননু তে তনু-সঙ্গত-

পবন-চলিতমপি রেণুম্ ॥

পততি পতত্রে বিচলতি পত্রে

শঙ্কিত-ভবদুপযানম্ ।

রচয়তি শয়নং সচকিত-নয়নং

পশ্যতি তব পন্থানম্ ॥

মুখরমধীরং ত্যজ মঞ্জীরং

রিপুমিব কেলিষু লোলম্।

চল সখি কুঞ্জং সতিমিরপুঞ্জং

শীলয় নীল-নিচোলম্ ॥

উরসি মুরারেরুপহিত-হারে

ঘন ইব তরল-বলাকে।

তড়িদিব পীতে রতি-বিপরীতে

রাজসি সুকৃত-বিপাকে ॥

বিগলিত-বসনং পরিহৃত-রসনং

ঘটয় জঘনমপিধানম্।

কিশলয়-শয়নে পঙ্কজ-নয়নে

নিধিমিব হর্ষ-নিধানম্ ॥

হরিরভিমানী রজনিরিদানী-

মিয়মপি যাতি বিরামম্।

কুরু মম বচনং সত্বর-রচনং

পূরয় মধুরিপু-কামম্ ॥

শ্রীজয়দেবে কৃত-হরি-সেবে

ভণতি পরম-রমণীয়ম্।

প্রমুদিত-হৃদয়ং হরিমতি-সদয়ং

নমত সুকৃত-কমনীয়ম্ ॥৩৬॥১০১৮॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৫।১০ সংখ্যক পদ। 'বরাড়ী' স্থলে 'পঠমঞ্জরী' প-র।

টীকা

জয়দেবের শ্রীগীতগোবিন্দ সর্ব্বত্র সুলভ বলিয়া এ স্থলে টীকা ও অনুবাদ দেওয়া হইল না।

ভূপালী।১

সখিগণ-বচনে বনায়ল বেশ।

বিরচিল কবরি আঁচরি নিজ কেশ ॥

ভালহি দেয়ল সিন্দুর-বিন্দু।

চন্দন-রেখ শোভয়ে আধ ইন্দু ॥

কত কত অভরণ সাজায়ল অঙ্গে।

হেরইতে মুরছয়ে২ কতহুঁ অনঙ্গে ॥

নীল-বসনে তনু ঝাঁপলি গোরি।

চললি নিকুঞ্জে শ্যাম-রসে ভোরি ॥

মদনমোহন-মনমোহিনি নারি।

জ্ঞানদাস কহ যাঙ বলিহারি ॥৩৭॥১০১৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৪৮ সংখ্যক পদ।

২। 'মুরুছয়ে' ক; 'মুরছল' প-র-সা।

বেলোয়ার।১

সাজলি রসবতি রঙ্গিণি রামা২।

মন্দ মন্দ গতি নূপুর-কলরব-

লজ্জিত-রাজহংসকুল বামা৩ ॥ধ্রু॥

চম্পক কনক কেশর-কুসুমাবলি

রুচি জিনি সুন্দর অপঘন সাজে।

অলিকুল অঞ্জন জলদ নীলমণি

ছবিচয়-নিন্দিত বসন বিরাজে ॥

অমল ইন্দিবর- দল লোচনযুগ

কত কত শশি জিনি কমল-বয়ানী।

সিন্দুর-বিন্দু অরুণ-ছবি নিন্দই
অহি-রমণী ফণি বেণি বনী ॥
বিদ্রুম-অধরে মধুর মৃদু হাসনি
দশন সুদামিনি দমন করে।
তার[৪]-হার মণি- কুণ্ডল লম্বিত
কত মণি দরপই দরপবরে ॥
চৌদিশে সহচরি যন্ত্র বাজায়ত
ধিরে ধিরে[৫] রসবতি চলত সমাজে।
বল্লভ ভণত প্রবেশলি নিধুবনে
হেরি কত রতিপতি ভাজল লাজে ॥
।৩৮॥১০২০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৪৯ সংখ্যক পদ। ২। 'বামা' খ, চ। ৩। 'রামা' ক, খ, চ। ৪। 'ভার' ঘ, প-র-সা। ৫। 'ধীরে ধীরে' ক, খ, প-র-সা।

সুহই।১

মিললি নিকুঞ্জে রাই কমলিনী।
দোহে দোহাঁ[২] পায়ল পরশ-মণি ॥
দরশনে দুহুঁ মুখ দুহুঁ প্রেমে ভোর।
নয়নে ঝরয়ে দোহাঁর[৩] আনন্দ লোর ॥
সরস-সম্ভাষণে উপজল রঙ্গ।
উথলল[৪] দুহুঁ মন মদন-তরঙ্গ ॥
সহচরিগণ সব আনন্দে ভাস।
দুহুঁ মুখ হেরই[৫] নরোত্তম দাস ॥৩৯॥১০২১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৫০ সংখ্যক পদ। ২। 'দোঁহে' ক, চ। ৩। 'দুহাঁর' ক, চ। ৪। 'উছলল' প-র-সা। ৫। 'নেহারই' প-র-সা।

মঙ্গল।১

ও মুখ শরদ- সুধাকর-সুন্দর
ইহ নলিনি-দল গঞ্জে।
ও তনু নবঘন- সুন্দর রঞ্জিত
ইহ থির দামিনি পুঞ্জে ॥
দেখ রাধামাধব জোরি।
দুহুঁক পরশ-রসে দুহুঁ পুলকাইত[২]
দুহুঁ দোহাঁ রহল আগোরি ॥ধ্রু॥
ও নব নাগর সব গুণে আগর
ইহ সে কলাবতি-সীম।
ও অতি চতুর- শিরোমণি বিদগধ
এ সব গুণহি গরীম[৩] ॥
মধুর বৃন্দাবনে শ্যাম-গোরি-তনু
দুহুঁ নব কিশোরি কিশোর।
নরোত্তম দাস আশ চরণে রহু
শ্রীবল্লভ-মন ভোর ॥৪০॥১০২২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৫১ সংখ্যক পদ। ২। 'পুলকায়িত' ক। ৩। 'গরিম' ক, খ, প-র-সা।

পুনশ্চ দিনান্তরে।

কল্যাণী।১

বয়স সমান সঙ্গে নব রঙ্গিণি
সাজলি শ্যাম-দরশ-রস লোভে।
কোই রবাব মুরজ সরমণ্ডল[২]
বীণ[৩] উপাঙ্গ হাত পর শোভে ॥
ভালে বনি আওয়ে বৃষভানু-তনি।
চরণ-কমল-তলে অরুণ বিরাজিত
মঞ্জির-রঞ্জিত মধুর-ধনি[৪] ॥ধ্রু॥

গতি অতি মন্থর নব যৌবন-ভর
নীল[৫] বসন মণি-কিঙ্কিণি বোলে।
গজ-অরি মাঝরি[৬] উপরে কনয়া-গিরি
বীচহি সুরধুনি মুকুতা-হিলোলে॥
রবি-মণ্ডল-ছবি জিনি মণি-কুণ্ডল[৭]
সুন্দর সিন্দুর ভালিরে ভালে[৮]।
গোবিন্দদাস কহ ভুলল[৯] অলিকুল
বেঢ়ল কবরিক মালতী-মালে॥
॥৪১॥১০২৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৪৫৭ সংখ্যক পদ। ২। 'স্বরমণ্ডল' ক। ৩। 'বীণা' ঘ। ৪। 'ধ্বনি' ক, খ। ৫। 'অসিত' প-র-সা। ৬। 'মাঝারি' ক, খ, প-র-সা। ৭। 'রবি-মণ্ডল' ইত্যাদি স্থলে 'রবি-মণ্ডল-ছবি জিনি মণি-মণ্ডল' ক; 'রবিমণ্ডল জিনি ছবি কুণ্ডল' ঘ; 'রবিমণ্ডল ছবি কুণ্ডল ঝলমল' প-র-সা। ৮। 'সুন্দর' ইত্যাদি স্থলে 'সিন্দুর বিন্দুর ভালি রে ভালে' খ, ঘ; 'সুন্দর সিন্দুর বিন্দু ভালহি ভালে' ক। ৯। 'ভুলল' ক, খ, প-র-সা।

শ্রীরাগ।

রাই কনক-মুকুর-কাঁতি।
শ্যাম বিলাসিতে[১] সুন্দর তনু
সাজয়ে কতেক ভাতি॥
নীল বসন রতন ভূষণ
জলদে দামিনী সাজে।
চাঁচর কেশের[২] বিচিত্র বেণী
ঢুলিছে হিয়ার মাঝে॥
রসের আবেশে গমন মন্থর
হেলি ঢুলি[৩] চলি যায়।
আধ ওঢ়নি ঈষত হাসিয়া[৪]
বঙ্কিম-নয়নে চায়॥

সিঁথায়ে সিন্দুর নয়ানে কাজর
তাহে চন্দনের রেখা।
নব জলধরে অরুণ-কোরে[৫]
নবীন চাঁদের দেখা॥
শ্যামানন্দ ভণে নিকুঞ্জ-ভবনে
কলপ-তরুর মূলে।
রসের আবেশে[৬] বৈসে[৭] বিনোদিনী
শ্যাম নাগরের কোরে[৮] ॥৪২॥১০২৪॥

পাঠান্তর

১। 'দরশনে' খঃ প্রাঃ পুথি। ২। 'কেশর' খ; 'কেশেতে' খঃ প্রাঃ পুথি। ৩। 'হেলি ঢুলি' স্থলে 'হেলি দোলি' খ, ঘ; 'ভাবে ঢুলি' খঃ প্রাঃ পুথি। ৪। 'হাসিনী' খঃ প্রাঃ পুথি। ৫। 'নব জলধরে' ইত্যাদি স্থলে—'অরুণের কোরে নব জলধর' খঃ প্রাঃ পুথি। ৬। 'রসের আবেশে' স্থলে 'হাসিতে হাসিতে' ঘ। ৭। 'বসিলা' খ, ঘ। ৮। 'কোলে' খঃ প্রাঃ পুথি।

অত্র সম্ভোগপদানি গেয়ানি।

পুনশ্চ জ্যোৎস্নাভিসারো যথা।

বেলোয়ার।[১]

সখি মাধব নিকট গমন করি[২]
তুরিতহিঁ এমতি করবি চতুরাই[৩]।
যদবধি গগনে উদিত নহে[৪] হত-বিধু
ঝরি অভিসারবি সময় জানাই॥
মদন-দহনে তনু অবিরত দাহই
পরাণক দুখ তুহুঁ জানসি চীত[৫]।
ইহ তাহে নাহি জানাওবি অন্তর
হাম যাহে কুলবতি-পথে উপনীত॥
এত শুনি দূতি চলল অবিলম্বনে
আসি ভেল উপনিত[৬] কামুক পাশ।

নয়ন-তরঙ্গে সকল সমুঝায়ল
পুন হেরি কুমুদ কহে পরকাশ ॥
কুমুদিনি গুণ[৭] পরি- মলে জগ জীতল
কাহে বিলমায়ত[৮] শ্যামল ভৃঙ্গ ।
দূতিক বচনে চলল বরনাগর
তুরতহি গৌর হৃদয় পরসন্ন ॥৪৩॥১০২৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৫২ সংখ্যক পদ। ২। সকল পুথিতে 'সখি' ইত্যাদি পাঠ দৃষ্ট হইলেও সম্ভবতঃ 'এ সখি' ইত্যাদি প্রকৃত পাঠ হইবে; কেন না, 'সখি' ইত্যাদি পাঠে প্রথম চরণে দুইটি মাত্রা কম হয়। ৩। 'তুরিতহিঁ' ইত্যাদি স্থলে 'তুমি তহিঁ' ইত্যাদি ক, খ, ঘ। ৪। 'উদিত নহে' স্থলে 'উদিত নয়' ক; 'উদয় নহে' ঘ, চ। ৫। 'চিত' ক, খ, প-র-সা। ৬। 'উপনীত' ক। ৭। 'গণ' ঘ। ৮। 'বিফলায়ত' ক, খ, ঘ, চ।

টীকা

৯—১৬। "এত" ইত্যাদি। দূতী ঐ কথা শুনিয়া অবিলম্বে চলিলেন এবং শ্রীকৃষ্ণের নিকট আসিয়া উপস্থিত হইলেন; (তিনি) নয়নের চঞ্চল ইঙ্গিত দ্বারা তাঁহার সকল অভিপ্রায় শ্রীকৃষ্ণকে অবগত করাইলেন; পুনশ্চ কুমুদের দিকে দৃষ্টিপাত করিয়া স্পষ্টভাবে বলিলেন—'কুমুদিনী তাহার গুণ ও সৌরভ দ্বারা জগৎ জয় করিয়াছে,—(এ অবস্থায়) শ্যামবর্ণ ভৃঙ্গ কেন বিলম্ব করিতেছে?' দূতীর এই বাক্যে নাগর-শিরোমণি সত্বর (শ্রীরাধার সঙ্কেত-কুঞ্জে) গমন করিলেন; (ইহাতে সখী-স্থানীয় পদ-কর্ত্তা) গৌরের হৃদয় আনন্দিত হইল।

মঙ্গল।[১]

সুন্দরি মাধব তুয়া পথ হেরই
তুরিতে করহ অভিসার।
গগন উপরে উয়ল বিধু-মণ্ডল
বিমল কিরণ পরচার ॥
সমুচিত বেশ করহ বর চন্দন
কপুর-খচিত করি অঙ্গ।
দুগ্ধ-ফেন-সিত অম্বর পহিরহ
কুঞ্জহি চলহ নিশঙ্ক ॥
চরণ-কমলে নূ- পুর তেজি সুন্দরি
চল তাহে শবদ-রহিত।
এতহিঁ বচনে চললি গজ-গামিনি
মনসিজ-মদে উলসিত ॥
নয়ন কমল-মৃগ- খঞ্জন-গঞ্জন
সচকিত হেরত গোরি।
গৌরমোহন অনু- মানই আনবি
শ্যাম-নয়ন চিত চোরি ॥৪৪॥১০২৬॥

কেদার।[১]

কুন্দ কুমুদ গজ-মোতিম হার।
পহিরল হৃদয়ে ঝাঁপি কুচ-ভার ॥
থোরহিঁ[২] শশধর-কিরণ বিথার।
ঐছন সময়ে কয়ল অভিসার ॥
চৌদিকে সচকিত-নয়নে নেহার।
মদন-মদালসে চলই না পার ॥
মিললি নিকুঞ্জে কুঞ্জ-নৃপ পাশ।
কহ কবিশেখর কেলি-বিলাস ॥৪৫॥১০২৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৫৪ সংখ্যক পদ। ২। 'থোরই' ক; থোরহিঁ' চ।

ততঃ সম্ভোগপদানি গেয়ানি।

পুনশ্চ দিনান্তরে।

শঙ্করাভরণ।

ধনি ধনি বনি অভিসারে।
সঙ্গিনি রঙ্গিণি প্রেম-তরঙ্গিণি
সাজলি শ্যাম-বিহারে। ধ্রু ॥

চলইতে চরণ সঙ্গে চলু মধুকর
মকরন্দ-পানকি লোভে।
সৌরভে উনমত ধরণি চুম্বয়ে কত
যাহাঁ যাহাঁ পদচিহ্ন শোভে॥
কনক-লতা জিনি জিনি সৌদামিনি[১]
বিধির অবধি রূপ[২] সাজে।
কিঙ্কিণি-রণরণি বঙ্করাজ-ধনি
চলইতে সুমধুর বাজে॥
হংসরাজ জিনি গমন সুলাবণি
অবলম্বন সখি-কান্ধে।
অনন্তদাস ভণে মিললি নিকুঞ্জ-বনে
পুরাইতে শ্যাম-মন সাধে॥৪৬॥১০২৮॥

অত্র সম্ভোগপদং সম্ভবপরং গেয়ম্।
ইতি তৃতীয়শাখায়াং ত্রয়োদশপল্লবঃ।

পাঠান্তর

১। 'কনক-লতা' ইত্যাদি আটটি পংক্তির স্থলে খ পুথির পাঠ, যথা—
'লোচনে অঞ্জন খঞ্জন-গঞ্জন
রঞ্জন বসন বিরাজে।
কিঙ্কিণি রণরণি বঙ্করাজধনি
চলইতে সুমধুর বাজে॥
কনক-লতা জিনি জিনি সৌদামিনি
বিধির অবধি রূপ রাখে।
অনন্ত দাস ভণে গমন নিকুঞ্জ বনে
পুরাইতে শ্যাম-মন-সাধে॥'
২। 'রূপ' স্থলে 'রূপ' ক, চ।

অথ রূপোল্লাসঃ।

শ্রীমদ্গৌরচন্দ্রঃ।

ধানশী।১

গোরাচাঁদ কিবা তোমার বদন-মণ্ডল।
কনক-কমল কিয়ে শরদ-পূর্ণিমা-শশী
নিশি দিশি করে ঝলমল॥ ধ্রু॥
তোমার বরণখানি তনু[২] হরিতাল জিনি
কিয়ে থির বিজুরী জিনিয়া।
কিয়ে নব গোরোচনা কিয়ে দশবান সোণা
মনমথ-মন-মোহনিয়া॥
খগপতি জিনি নাসা অমিয়া-মধুর ভাষা
তুলনা না হয় ত্রিভুবনে।
আকর্ণ নয়ান-বাণ ভুরু-ধনু-সন্ধান
কটাক্ষে হানয়ে নারী-মনে[৩]॥
আজানুলম্বিত ভুজ বিলেপিত মলয়জ
অঙ্গুরী বলয়া তাহে সাজে।
সিংহ জিনি মধ্য সরু হেম-রম্ভা জিনি উরু
চরণে নূপুর বঙ্করাজে॥
জিনি ময়মত্ত[৪] হাতী হংসরাজ জিনি[৫] গতি
দেখিয়ে[৬] এ হেন রূপ-রাশি।
কহয়ে গোবিন্দ ঘোষ মোর মনে সন্তোষ
নিছনি যাইয়ে হেন বাসি॥১॥১০২৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৫৫ সংখ্যক পদ। ২। 'তনু' প-র-সা। ৩। 'নারীর মনে' খ, ঘ, প-র-সা। ৪। 'মদমত্ত' ক, খ। ৫। 'হংসরাজ জিনি' স্থলে 'হংস জিনিয়া' ক, খ। ৬। 'দেখিয়া' ক, খ, ঘ, চ।

সুহই।

আহা মরি গোরা-রূপে কি দিব তুলনা।
তুলনা নহিল যে কষিল বান সোণা॥
মেঘের বিজুরী নহে রূপের উপাম।
তুলনা নহিল রূপে চম্পকের দাম॥
তুলনা নহিল স্বর্ণ-কেতকীর দল।
তুলনা নহিল গোরোচনা নিরমল॥
কুঙ্কুম জিনিয়া অঙ্গ-গন্ধ মনোহরা।
বাসু কহে কি দিয়া গঢ়িল বিধি গোরা॥
॥২॥১০৩০॥

ভাটিয়ারী ।১

ওহে গৌর বসিয়া থাকহ নিজ ঘরে।
দেখিয়া ও রূপ ঠাম মোহে কত শত কাম
যুবতি ধৈরজ কিয়ে ধরে ॥ ধ্রু ॥
হেরিয়া বদন-ছাঁদ[২] উদয় না করে চান্দ
লাজে যায় মেঘের ভিতরে।
সৌদামিনী চমকিল চম্পক শুখাএ্যা[৩] গেল
লাজে কেহ সোণা নাহি পরে ॥
ভাঙু[৪]-ধনু-ভঙ্গিমায় ইন্দ্র-ধনু লাজ পায়
দশনে মুকুতা নাহি গণে।
দেখিয়া চাঁচর কেশ চামরী[৫] ছাড়িল দেশ
চঞ্চল জলদ আন ভানে ॥
মৃণাল শুখায় লাজে দেখিয়া যুগল ভুজে
রঙ্গ-ভূমি জিনিল হিয়ায়।
হরি হেরি মধ্যদেশে কন্দরাতে পরবেশে
উরুতে কি রাম-রম্ভা ভায় ॥
স্থল-পদ্ম আদি যত তরুতে শুখায় কত
না তোলয়ে[৬] হেরি পদপাণি।
শুন গৌরসুন্দর এই তোমার কলেবর
ভুবন-বিজই[৭] অনুমানি ।৩॥১০৩১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৫৭ সংখ্যক পদ। ২। 'চাঁদ' চ। ৩। 'শুখাইয়া' ঘ, চ; 'শুখাই' প-র-সা। ৪। 'ভাঙ' ক, প-র-সা। ৫। 'চমরী' ক, খ। ৬। 'তোলায়' প-র-সা। ৭। 'বিজয়ী' ক।

তথা রাগ ।১

দামিনি-দাম-দমন[২]-রুচি দরশনে
দূরে[৩] গেও দরপক দাপ।
সোন[৪] কুসুম তাহে কোন গণিয়ে[৫] রে
প্রাতর-অরুণ-সন্তাপ ॥
গোরা-রূপে যাঙ বলিহারি।
হেরি সুধাকর মুরছি চরণ-তলে
পড়ি দশ-নখ-রূপ-ধারী ॥ ধ্রু ॥
সুবরণ-বরণ হেরি নিজ কুবরণ
মানি আপন মনতাপে[৬]।
নিজ-তনু জারি[৭] ভসম সম করইতে
পৈঠল অনল-সন্তাপে ॥
যা সম বিধিক অধিক নহে[৮] অনুভবি
তুলনা দিবার নাহি ঠৌর।
জগদানন্দ কহুঁ পহুঁক তুলনা পহুঁ
নিরুপম গৌরকিশোর ॥৪॥১০৩২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৫৮ সংখ্যক পদ। ২। 'মদন' খ। ৩। 'দূরে' ক; 'দূর' খ, ঘ। ৪। 'শোণ' ক; 'সৌন' প-র-সা। ৫। 'গণিয়া' চ। ৬। 'মনস্তাপে' ক। ৭। 'জারল' খ। ৮। 'নাহি' ক, প-র-সা।

টীকা

১—৪। "দামিনি" ইত্যাদি। (শ্রীগৌরাঙ্গের) বিদ্যুৎপুঞ্জ-জয়ী কান্তি দর্শন করিয়া (সৌন্দর্য্যের) গর্ব্ব-কারীর দর্প বিদূরিত হইল; সেই কান্তির নিকট শন-পুষ্প কিংবা প্রভাতের অরুণ-কিরণ কে গণনা করে?

তথা রাগ ।১

গৌর কলেবর মৌলি মনহর
চিকুর ঐছে নেহারি।
(জনু) হেম-মহিধর-২ শিখরে[৩] চামর
দেই উর পর ডারি[৪] ॥
পীন উর উপ- নীত কৃত উপ-
বীত-শীতিম রঙ্গ[৫]।
(জনু) কনয়-ভূধর বেঢ়ি বিলসই
সুর-তরঙ্গিনি গঙ্গ ॥

আধ অম্বর আধ সম্বর[৭]
আধ অঙ্গ সুগৌর।
(জনু)[৮] জলদ সঞে অতি বাল রবি-ছবি
নিকসে অধিক উজোর ॥
জগত-আনন্দ[৯] পঙ্কজ পদ-নখ
লখই[১০] ঐছন ছন্দ।
(জনু) মীন-কেতন করু নিমঞ্ছন[১১]
চরণে দেই দশ চন্দ ॥৫॥১০৩৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৫৯ সংখ্যক পদ। এই পদের প্রত্যেক অযুগ্ম ও যুগ্ম চরণে যথাক্রমে নিম্নলিখিত মাত্রা আছে; যথা,—

৩+৪ ৩+৪ (অযুগ্ম চরণ)
৩+৪+৩ (যুগ্ম চরণ)

২। 'মহীধর' ক, খ। ৩। 'শেখরে' চ। ৪। 'ঝেই' ইত্যাদি স্থলে 'দেই উরু' ইত্যাদি ক, খ, ঘ; 'দেলি মনমথ চারি' প-র-সা। ৫। 'শীতিম রঙ্গ' স্থলে 'শিতিম রঙ্গ' ক, প-র-সা; 'সীতমতঙ্গ' খ, ঘ। ৬। 'অম্বরে' প-র-সা। ৭। 'সম্বরু' প-র-সা। ৮। 'তনু' প-র-সা। ৯। 'জগদানন্দ' ঘ, চ। 'জগদানন্দ' পাঠে যতি-ভঙ্গ ঘটে। ১০। 'হেরি' প-র-সা। ১১। 'নিরমঞ্ছন' ক, খ।

টীকা

১—৪। "গৌর" ইত্যাদি। (শ্রীগৌরাঙ্গের) দেহ গৌর-বর্ণ; মস্তক ও কেশ এরূপ মনোহর দেখিতেছি, যেন সুবর্ণ-গিরির শিখরে (কেহ) চামর (সেই গিরির) বক্ষ পর্য্যন্ত ঝুলাইয়া দিয়াছে।

৫—৮। "পীন" ইত্যাদি। (তাঁহার) বিশাল বক্ষে উপবীতের শ্বেত-শোভা প্রাপিত হইয়াছে; যেন সুবর্ণ-গিরিকে বেষ্টন করিয়া সুর-নদী গঙ্গা শোভা পাইতেছে।

অথ শ্রীরাধিকায়াঃ সখ্যুক্তিঃ।

কামোদ কন্দর্প।[১]

ধনি ধনি কো বিহি[২] বৈদগধি-সাধে।
মদন সুধা-রসে যো নিরমাওল
তুয়া মুখ-মণ্ডল রাধে ॥ ধ্রু ॥
ভাল[৩] আধ-ইন্দু-অমিয়া আগোরল
ভাঙ তিমির ঘন ঘোর।
কিরণ-বিকাশিত শ্রুতি-কুবলয় পরি
ধাবই নয়ন-চকোর ॥
নাসা-শিখর সমুখে উদিত পুন
সিন্দুর-ভানু উজোর।
অহনিশি বদন-কমল তহিঁ বিকসিত
শ্যাম ভ্রমর নাহি ছোড় ॥
অরুণ-কিরণ পুন অধরে হেরি হেরি
হার-তরঙ্গিণি-তীরে।
কুচযুগ-কোক শোক নাহি জানত
গোবিন্দদাস কহ ধীরে[৪] ॥৬॥১০৩৪॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৬৬ সংখ্যক পদ। 'কামোদ কন্দর্প' স্থলে 'কাম কন্দর্প' ক। ২। 'বিধি' খ। ৩। 'ভালে' খ, ঘ, প-র। ৪। 'ফুরে' ক।

টীকা।

১—৩। "ধনি ধনি" ইত্যাদি। হে শ্রীরাধে! বৈদগ্ধীর আকাঙ্ক্ষায় যে কন্দর্প সুধা-রস দ্বারা তোমার মুখ-মণ্ডল নির্ম্মাণ করিল, (তাহার তুলনায়) বিধাতা অর্থাৎ ব্রহ্মা কে? (এইরূপ অমৃতময় নির্ম্মাণ-কৌশল কেবল সুরসিক কন্দর্পের পক্ষেই সম্ভবপর, অরসিক প্রাচীন ব্রহ্মার পক্ষে ইহা নিতান্তই অসম্ভব)। তুলনা করুন,—

'অস্যাঃ সর্গবিধৌ প্রজাপতিরভূচ্চন্দ্রো নু কান্তিপ্রদঃ
শৃঙ্গারৈকরসঃ স্বয়ং নু মদনো মাসো নু পুষ্পাকরঃ।

বেদাভ্যাসজড়ঃ কথং নু বিষয়ব্যাবৃত্তকৌতূহলো
নির্ম্মাতুং প্রভবেন্মনোহরমিদং রূপং পুরাণো মুনিঃ ॥

৪—১১। "ভাল" ইত্যাদি। (ব্রহ্মার সৃষ্টিতে চন্দ্র ও সূর্য্যের, জ্যোৎস্না ও অন্ধকারের যুগপৎ উদয় এবং চকোর ও চক্রবাকের যুগপৎ আনন্দ সম্ভবপর নহে; এ স্থলে তাহাও দৃষ্ট হইতেছে,—সুতরাং শ্রীরাধার রূপ ব্রহ্মার সৃষ্ট নহে—ইহা দেখাইবার জন্য সখী বলিতেছেন) তোমার ললাট অর্দ্ধ-ইন্দুর অর্থাৎ অষ্টমীর চন্দ্রের অমৃত এবং তোমার ভ্রূযুগল (অষ্টমী-রজনীর) ঘোর অন্ধকার সঞ্চিত করিয়া রাখিয়াছে; তোমার (ললাট-রূপ চন্দ্রের) কিরণে প্রস্ফুটিত কর্ণের নীলোৎপলের উপরে (তোমার) নেত্র-রূপ চকোর ধাবিত হইতেছে। (নয়ন আকর্ণ-বিস্তৃত বলিয়া কবি লুপ্তোৎপ্রেক্ষা অলঙ্কারের সাহায্যে চকোর নীলোৎপলের মধুপানের জন্য ধাবিত হইতেছে বলিয়া উৎপ্রেক্ষা করিতেছেন)। (তোমার) নাসিকা-রূপ স্বর্ণ-গিরি-শৃঙ্গের সম্মুখে আবার সিন্দুর-বিন্দুরূপ সূর্য্য উদিত হইয়াছে ও সেখানে দিবারাত্রে (সম-ভাবে) তোমার মুখ-রূপ পদ্ম প্রস্ফুটিত রহিয়াছে; (সুতরাং) কৃষ্ণবর্ণ ভ্রমর (অপর অর্থে—শ্রীকৃষ্ণরূপ ভ্রমর) উহাকে পরিত্যাগ করে না। (তোমার) মুক্তা-হার-রূপ তটিনীর কূলে (তোমার) কুচদ্বয়রূপ চক্রবাক-যুগল (তোমার) অধরে (আরক্তিমতা-রূপ) অরুণ-কিরণ দেখিয়া দেখিয়া (তৃপ্ত হওয়ায়) শোক জানে না;—গোবিন্দ-দাস ধীর-ভাবে এই কথা বলিতেছেন।

শ্রীরাগ।১

এ ধনি না করু পসাহন আন২।
এতহুঁ৩ নেহারি মুগধ মধুসূদন
　　দিন রজনী৪ নাহি জান ॥ ধ্রু ॥
সিন্দুর-তরুণ-অরুণ-রুচি-রঞ্জিত
　　ভাল সুধাকর-কাঁতি।
সো ঘন চিকুর-তিমির-ঘন-চুম্বিত
　　ইহ অতি অপরূপ ভাতি ॥
লোচন-যুগল কমল কিয়ে কুবলয়
　　খঞ্জন চারু চকোর।
কাজর৬-জালে পড়ত কিয়ে সংশয়
　　ততহিঁ ভ্রমই অলি-জোর ॥
তবহু যে৮ হাসি অধর দরশায়সি
　　অরুণিম কৌমুদি-কাঁতি।
মোহিত জনকে কি ফল পুন মোহন
　　গোবিন্দদাস নাহি ভাতি ॥৭॥১০৩৫॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৬১৮ সংখ্যক পদ। ২। 'এ ধনি' ইত্যাদি (প-র) স্থলে 'এ ধনি না করু পসাহ নয়ান' ক, খ, ঘ, চ। সংস্কৃত 'প্রসাধন' শব্দের অপভ্রংশ হইতে 'পসাহন' শব্দ ও উহার অন্ত্য ন-কারের লোপ দ্বারা 'পসাহ' শব্দ সিদ্ধ হইলেও এ স্থলে সাধারণতঃ প্রসাধনের কথা না বলিয়া নয়ন-প্রসাধনের উল্লেখ করার সঙ্গতি দেখা যায় না; সুতরাং প-র পুথির পাঠই সমীচীন বটে। ৩। 'সুন্দরি' প-র। ৪। 'দিন রজনী' স্থলে 'দীন রজনি' ঘ। ৫। 'চয়' প-র। ৬। 'আকর' ঘ। ৭। 'পড়ত' ইত্যাদি স্থলে 'পড়ব বব আকুল' প-র। ৮। 'তবহু যে' স্থলে 'তবহি যো' ক, প-র; 'তবহি যে' খ।

টীকা

১—৩। "এ ধনি" ইত্যাদি। হে সুন্দরি! অন্য সাজ-সজ্জা করিও না; ইহা অর্থাৎ তোমার স্বাভাবিক রূপ দেখিয়াই শ্রীকৃষ্ণ মোহিত হইয়াছেন,—দিবা কি রাত্রি জানেন না! (অর্থাৎ তিনি এরূপ মুগ্ধ হইয়াছেন যে, তাঁহার অতি স্থূল জ্ঞানও বিলুপ্ত হইয়াছে।)

ততো রূপোল্লাসেন অভিসারোপ-যুক্তং বেশং রচয়তি ।

তুড়ী।

সিচয়মুদঞ্চয় হৃদয়াদল্পম্।
বিলিখাম্যদ্ভুত-মকরাকল্পম্ ॥
ইহ নহি সঙ্কুচ পঙ্কজ-নয়নে।
বেশং তব করবৈ রতি-শয়নে ॥
রাধে দোলয় ন কিল কপোলম্।
চিত্রং রচয়াম্যহমবিলোলম্ ॥
তব বপুরস্তু সনাতন-শোভম্।
জনয়তি হৃদি মম কঞ্চন লোভম্ ॥৮॥১০৩৬॥

টীকা

১—৮। "সিচয়"মিত্যাদি। (হে রাধে!) ত্বং তব হৃদয়াৎ (বক্ষোদেশাৎ) সিচয়ং (বসনং) অল্পং যথা স্যাৎ তথা উদঞ্চয় (অপসারয়); কস্মাৎ ? —অহং তত্র অদ্ভুতং (বিচিত্রং) মকরাকল্পং মকরাকার-চিত্রং বিলিখামি (ঘনচন্দনরসেন রচয়ামি)। হে পদ্ম-নেত্রে! ইহ (অত্র প্রসাধনে) নহি সঙ্কুচ ন সঙ্কুচিতা ভব; কস্মাৎ ? তব রতি-শয়নে (রতি-শয্যাবিষয়ে) বেশং করবৈ (রতি-শয্যোচিতং) বেশং রচয়ামীতি ভাবঃ। হে রাধে! ত্বং কপোলং (গণ্ডং) ন কিল দোলয় (ন সঞ্চালয়) অহং অবিলোলং অচঞ্চলং যথা স্যাৎ তথা চিত্রং রচয়ামি। কপোল-দোলনে চন্দন-চিত্রজালমসুন্দরং স্যাদিতি ভাবঃ। অস্তু সনাতনশোভং সুচিরস্থায়ি-মণ্ডনং কিংবা সনাতনাৎ শ্রীকৃষ্ণাৎ শোভা যস্য তৎ শ্রীকৃষ্ণেন কৃত-শোভং ইতি ভাবঃ তব বপুঃ (অঙ্গং) মম হৃদি কঞ্চন লোভং (কামপ্যনির্ব্বচনীয়াং লালসাং) জনয়তি (উৎপাদয়তি)। পক্ষে সনাতনেন কবিনা (সখী-স্থানীয়েন) রচিতা শোভা যত্র তৎ তাদৃশং বপুঃ।

অনুবাদ

১—৮। হে শ্রীরাধে! তুমি বক্ষঃস্থল হইতে বসন কিঞ্চিৎ অপসারিত কর; আমি (সেখানে) বিচিত্র মকর-চিত্র অঙ্কিত করিব। হে কমল-লোচনে! ইহাতে সঙ্কুচিত হইও না; আমি তোমার রতি-শয্যোচিত বেশ রচনা করিতে চাহি। তোমার কপোল সঞ্চালিত করিও না, আমি উহাতে স্থির-ভাবে চিত্র রচনা করিব। অস্তু তোমার স্থির-শোভা-যুক্ত দেহ আমার হৃদয়ে কি এক লোভ জন্মাইতেছে।

এই পদটি যে শ্রীকৃষ্ণের উক্তি, তাহা একটু প্রণি-ধান করিলেই প্রতীত হইবে; সুতরাং পদের টীকা তদনুসারেই করা হইয়াছে। বৈষ্ণবদাস যে কি জন্য ইহা সখীর উক্তিরূপে সন্নিবেশিত করিয়াছেন, তাহা বুঝা যায় না।

তত্রাভিসারঃ।

বেলোয়ার।

কন্দর্প তাল।

কঞ্জ-চরণযুগ যাবক-রঞ্জন
খঞ্জন-গঞ্জন মঞ্জির বাজে।
নীল বসন মণি-কিঙ্কিণি-রণরণি
কুঞ্জর-গমন[১] দমন খিন[২] মাঝে ॥
সাজলি শ্যাম বিনোদিনি রাধে।
সঙ্গহি রঙ্গ-তরঙ্গিণি রঙ্গিণি
মদন-মোহন-মন-মোহন[৩]-ছাঁদে ॥ধ্রু॥
কনক-কটোর চোর কুচ-কোরক
জোরে উজোরল মোতিম-দাম।
ভুজযুগ থীর বিজুরি পরি মণিময়
কঙ্কণ ঝনকিতে চমকিত কাম।
মধুরিম হাস সুধারস-নিরসন।
দশন-জোতি জিতি মোতিম-কাঁতি।
সুভগ কপোল লোল মণি-কুণ্ডল
দশ দিশ ভরল নয়ন[৪]-শর-পাঁতি ॥

ঝাঁপল৬ কবরি ভালে অলকাবলি
ভাঙু-ধনুয়া জনু মনমথ সেবি।
গোবিন্দদাস হৃদয়ে অবধারল৬
মুরতি শিঙ্গার-দেব৭-অধিদেবি ॥
॥৯॥১০৩৭॥

পাঠান্তর

১। 'কুঞ্জর-দমন-গমন' ক, খ। ২। 'ক্ষীণ' ক; 'ক্ষিণ' ঘ। ৩। 'মনমোহিনী' খ; 'মনমোহিনি' ঘ; 'মন' চ। ৪। 'কুসুম' ঘ। ৫। 'ঝাঁপলি' ক, চ। ৬। 'অবধারলি' ক। ৭। 'দেবী' খ।

বিহাগড়া।১

এ ধনি আঁচরে বদন ঝাঁপাউ২।
লুবধল মধুপ চকোর বিধুন্তুদ
অনত অনত চলি যাউ৩ ॥
মুখ-মণ্ডল কিয়ে শরদ-সরোরুহ
ভালহি অটমিক চন্দ।
মধুরিপু-মরমে৪ ভরম যাহাঁ৫ ঐছন
তাহে কি গণিয়ে মতি-মন্দ ॥
জনি কহ গরবে পাণিতলে বারব
ও থল-কমল-উজোর।
তহিঁ নখ-চাঁদ-ভরম ভরে ঐছন৬
ততহিঁ পড়ত জনি ভোর ॥
ভাঙু-ধনুয়া কিয়ে সুতনু ধুনায়সি
যছু শরে গিরিধর কাঁপ।
সো কিয়ে অতনু-পতগ-শিরে ডারসি
গোবিন্দদাস-হিয়ে তাপ ॥১০॥১০৩৮॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৬১৭ সংখ্যক পদ। ২। 'ঝাঁপাও' ক; 'ঝাঁপাও' চ। ৩। 'যাও' ক। ৪। 'মরম' ক। ৫। 'জাঁহা' প-র। ৬। 'আকুল' প-র। ৭। 'জানি' ক।

টীকা

১—৩। "এ ধনি" ইত্যাদি। হে সুন্দরি! তুমি অঞ্চল দ্বারা বদন আবৃত কর; লুব্ধ ভ্রমর, চকোর ও রাহু অন্যান্য স্থানে চলিয়া যাউক।

৪—৭। "মুখ-মণ্ডল" ইত্যাদি। (ইহা) মুখ-মণ্ডল, কি শরৎ-কালের পদ্ম? ললাট, কি অষ্টমীর চন্দ্র? যেখানে (চতুর-চূড়ামণি) শ্রীকৃষ্ণের মনেই এইরূপ ভ্রম হয়, তাহাতে বুদ্ধিহীনকে (অর্থাৎ ভ্রমর, চকোর ও রাহুকে) কি গণনা করিব? অর্থাৎ ভ্রমর ইত্যাদির যে ভ্রম জন্মিবে, তাহাতে কি সন্দেহ আছে?

৮—১১। "জনি" ইত্যাদি। গর্ব্ব হেতু বলিও না যে, (উহাদিগকে) কর-তল দ্বারা বারণ করিব; (তাহাতেও অনর্থ ঘটিবে; কেন না,) তোমার সেই কর-তল স্থল-পদ্মের ন্যায় উজ্জ্বল (কান্তিবিশিষ্ট); তাহাতে নখ-চন্দ্র শোভা পাইতেছে। সুতরাং ঐরূপ ভ্রম-বশতঃ মুগ্ধ হইয়া পাছে তাহারা যাইয়া পড়ে।

১২—১৫। "ভাঙু" ইত্যাদি। (শ্রীরাধা সখীর পরিহাস-বাক্য শুনিয়া ভ্রূ কুঞ্চিত করায়, সখী পুনরায় পরিহাস করিয়া বলিতেছেন) হে সুন্দরি! তোমার ভ্রূ-রূপ ধনু কি জন্য কম্পিত করিতেছ? যে ধনুর শর-বর্ষণে (অর্থাৎ কটাক্ষ-বাণে) স্বয়ং গিরিধারী অর্থাৎ বীরশ্রেষ্ঠ শ্রীকৃষ্ণ কম্পিত হন, তুমি (মশা মারিতে কামান দাগার ন্যায়) সেই শর কি জন্য কন্দর্প-রূপ পতঙ্গের মস্তকে নিক্ষেপ করিতেছ? (ইহাতে) গোবিন্দদাসের হৃদয়ে ক্লেশ হইতেছে।

সুহই।১

হন্ত ন কিমু২ মন্থরয়সি সন্ততমভিজল্পম্।
দন্ত-রোচিরস্তরয়তি৩ সম্ভ্রমসমনল্পম্ ॥
রাধে পথি মুঞ্চ ভূরি সম্ভ্রমমভিসারে।
চারয় চরণাম্বুরুহে ধীরং৪ সুকুমারে ॥ ধ্রু ॥
সন্তনু ঘন-বর্ণমতুল-কুন্তল-নিচয়াস্তম্।
ধ্বান্তং তব জীবতু নখ-কান্তিভিরভিশান্তম্ ॥

সসনাতন-মানসান্ত্যং যান্তী গত-শঙ্কম্।
অঙ্গীকুরু মঞ্জু-কুঞ্জ-বসতেরলমঙ্কম্ ॥১১॥১০৩৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৬১ ও প-র পুথির ১৫।১৭ সংখ্যক পদ। 'সুহই' স্থলে 'সুহিনী' ঘ, চ; 'আশাবরী' প-র। এই সংস্কৃত পদের প্রত্যেক চরণে নিম্নলিখিত রূপ মাত্রা-বিভাগ দৃষ্ট হয়, যথা,—৩+৩ +৩+৩+৩+৩+৪=২২ মাত্রা। ২। 'কিং' ক, চ; 'কিল' প-র-সা। ৩। 'রোচিরন্তরয়তি' স্থলে 'রুচিরন্তরয়তি' ক, চ, প-র সা, প-র; 'রুচি-রন্তরয়সি' খ। 'রুচি' পাঠে ছন্দোভঙ্গ ঘটে। ৪। 'ধীরে' ক, খ, প-র-সা। ৫। 'সসনাতনমানসান্ত' (প-র) স্থলে 'সা সনাতনমানসান্ত' ক, খ, ঘ, চ, প-র-সা।

টীকা

১—৮। "হন্তে"ত্যাদি। (হে রাধে!) হন্ত ইতি খেদে। সন্ততং (সততং) অভিজল্পং (অভিভাষিতং) কিমু (কথং) ন মন্থরয়সি (ন নিবর্ত্তয়সি) তত্র কিং দূষণমিতি চেত্তত্রাহ—তব দন্ত-রোচিঃ (দশন-দ্যুতিঃ) অনল্পং (বহুলং) সন্তমসং (অন্ধকারং) অন্তরয়তি (বিদূরয়তি)। (দশন-কান্ত্যা) বিদূরিতান্ধকারে বর্ত্মনি তবাভিসারঃ সুলভপ্রচারো ভবিষ্যতীতি ভাবঃ। হে রাধে! ত্বং পথি (বর্ত্মনি) অভিসার-বিষয়ে ভূরি (প্রভূতং) সম্ভ্রমং (ভয়ং) মুঞ্চ (ত্যজ) কিঞ্চ তব সুকুমারে (সুকোমলে) চরণাম্বুরুহে (পাদাম্ভোজে) পল্লববৎ সুকোমলং পদ-দ্বন্দ্বমিত্যর্থঃ ধীরং যথা স্যাৎ তথা চারয় (সঞ্চালয়)। নমু দন্তকান্তির্ময়া পিহিতা নখকান্তিপিধানে কোঽভ্যুপায় ইতি চেত্তত্রাহ—তব ঘনবর্ণং (মেঘ-রুচি) অতুল-কুন্তল-নিচয়ান্তং (অনুপম-কেশ-সমূহ-প্রান্তং) সন্তনু (বিস্তারয়) নখোপরীতি ভাবঃ। তেন কিং স্যাদিত্যত্রাহ—তব নখ-কান্তিভিঃ অভিশান্তং নিবারিতং ধ্বান্তং (তিমিরং) জীবতু কথঞ্চিৎ স্বরূপং লভতাম্। অন্ত সর্ব্বনাশো ন কার্য্যঃ স্বীয়াভিসারানুকূলত্বাদিতি ভাবঃ। সসনাতনং (সনাতন-যুক্তং) মানসং (চিত্তং) যস্যাঃ সা ত্বং অন্ত গতশঙ্কং (বিগত-ভয়ং) যথা স্যাৎ তথা যান্তী (অভিসরন্তী) মঞ্জু-কুঞ্জ-বসতেঃ (সুন্দর-কুঞ্জ-গৃহস্য) অঙ্কং (ক্রোড়ং মধ্যমিতি ভাবঃ) অঙ্গীকুরু (স্বীকুরু)।

অনুবাদ

১—৮। হে শ্রীরাধে! হায়! তুমি কেন অনর্গল আলাপ একটু বন্ধ কর না? তোমার দশন-কান্তি প্রভূত অন্ধকার বিদূরিত করিতেছে। তুমি পথে অভিসারের প্রবল আশঙ্কা পরিত্যাগ কর ও তোমার সুকোমল পদ-পঙ্কজ ধীর-ভাবে চালনা কর। তোমার মেঘ-বর্ণ অতুলনীয় কুন্তলের প্রান্ত নখ-রাজির উপর প্রসারিত কর,—তোমার নখ-কান্তির দ্বারা নিবারিত অন্ধকার জীবিত থাকুক। সনাতন-গত-চিত্তা তুমি অন্ত নিঃশঙ্ক-ভাবে অভিসার করিয়া মনোহর কুঞ্জ-গৃহের ক্রোড়কে অলঙ্কৃত কর।

কেদার।১

কলয়তি নয়নং দিশি দিশি বলিতম্।
পঙ্কজমিব মৃদু-মারুত-চলিতম্॥
কেলী-বিপিনং প্রবিশতি রাধা।
প্রতিপদ-সমুদিত-মনসিজ-বাধা॥ ধ্রু॥
বিনিদধতী মৃদু-মন্থর-পাদম্।
রচয়তি কুঞ্জর-গতিমনুবাদম্॥
জনয়তু রুদ্রগজাধিপ-মুদিতম্।
রামানন্দ-রায়-কবি-গদিতম্॥১২॥১০৪০॥

পাঠান্তর

১। এই পদটি ১০১৬ সংখ্যক পদ-রূপে ইতি-পূর্ব্বে উদ্ধৃত হইয়াছে; সুতরাং পাঠান্তর, টীকা ও অনুবাদ উক্ত পদে দ্রষ্টব্য।

পূর্ব্বরাগাভিসারঃ।

শঙ্করাভরণ।[১]

এ ধনি পদুমিনি পড়ল অকাজ।
জনি ভেটহ[২] হরি কুঞ্জকরাজ[৩] ॥ ধ্রু ॥
তুহুঁ গজ-গামিনি মতি অতি ভোর।
উচ কুচ-কুম্ভ-গরবে নাহি ওর ॥
যৌবন-গরবে না[৪] হেরসি পন্থ।
পরিমলে বাসিত করসি দিগন্ত ॥
যব তোহে করব অরুণ দিঠি-ভঙ্গ।
নিয়ড়ে না হেরবি সহচরি সঙ্গ ॥
সো খর-নখর পরশ যব হোতি।
এ কুচ-কুম্ভে না রাখব[৫] মোতি ॥
গণ্ডে করব যব দশনক ঘাত।
মুরছি পড়বি তহিঁ[৬] ধরণি নিপাত ॥
গোবিন্দদাস যবহুঁ[৭] সোঙরাব।
অধর-সুধা দেই তবহি জিয়াব ॥

॥১৩॥১০৪১॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১৬।১০ সংখ্যক পদ। 'শঙ্করাভরণ' স্থলে 'ধানশ্রী' প-র। ২। 'ভেটত' ক, খ। ৩। 'কুঞ্জক রাজ' স্থলে 'কুঞ্জক মাঝ' ক, চ। ৪। 'গরবে না' স্থলে 'মদে নাহি' প-র। ৫। 'রাখবি' ক, খ। ৬। 'তহিঁ' শব্দ ক, খ পুথিতে নাই। ৭। 'তবহুঁ' প-র। ৮। 'দেই তবহি' স্থলে 'রসে পুনহি' প-র।

অস্য মিলনম্।

ধানশী।[১]

নূপুর-কলরব শুনইতে মাধব[২]
কুঞ্জক[৩] হোই বাহার।
চলইতে খলই বসই[৪] সব আভরণ
অম্বর নহত সম্ভার[৫] ॥
সজনি অদভুত কানুক নেহ।
আগুসরি আদর ভাবহি বাদর
কি করব না পায়ই থেহ ॥ ধ্রু ॥
কর গহি সঙ্কেত লেই[৬] পরবেশই
করু নিরজন[৭] নিজ হাত।
শীকরযুত সর-সিজ-দলে বীজই[৮]
মলয়জ লেপই গাত ॥
রাই পুন দরশ-পরশ রসে নিমগন
লাজহি অবনত মুখ[৯]।
হেরি রাধামোহন সোই সুশোভন[১০]
মীটব পুরুবক দুখ[১১] ॥১৪॥১০৪২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৬২ ও প-র পুথির ১৫।৩৯ সংখ্যক পদ। ২। 'চমকই' প-র-সা; 'চমকিত' প-র। ৩। 'কুঞ্জসে' প-র। ৪। 'পড়ই' ক। ৫। 'সাম্ভার' খ; 'সম্ভাল' প-র। ৬। 'পুন' প-র। ৭। 'করু নিরজন' স্থলে 'করু নীরাজন' ক, চ; 'করই বিজন' প-র। ৮। 'শীকর-যুত' ইত্যাদি স্থলে 'শীকরযুত সরসীদলে বীজই' ক, চ, প-র-সা। ৯। 'মুখ' ক, খ, প-র-সা, প-র। ১০। 'হেরি' ইত্যাদি স্থলে প-র পুথির পাঠ যথা—'গোবিন্দ দাস হেরি সোই শোভন'। ১১। 'দুখ' ক, খ, প-র-সা, প-র।

শ্রীকৃষ্ণস্যোক্তিঃ রূপোল্লাসঃ।

তথা রাগ।[১]

তুয়া মুখ চাঁদ কমল আদি কবলই
নিবিড় চামর জিতি কেশ।
কনক কমল অলি জিনি[২] অলকাবলি
শ্রুতি অছু গিধিনি বিশেষ ॥
তরুণি-মুকুট-মণি গোরি।

ভ্রূযুগ নরতনে[৩] কাম-ধনু[৪] কম্পিত
পরাণ-পুতলি তুহুঁ মোরি ॥ ধ্রু ॥
চঞ্চল নয়ন ইন্দীবর নিন্দই
গণ্ডহি জিতল মুকুর।
নাসা তিলফুল[৫] অধর পণ্ডারকুল
স্মিত জিতি[৬] অমিয়া কপূর[৭] ॥
কুন্দ করগ-বিজ[৮] জিতি দ্বিজ-লাবণি
কণ্ঠহি কম্বুক শোভা।
বাহু মৃণাল করযুগ পঙ্কজ
মঝু মন-মধুকর-লোভা ॥
কুচযুগ কোক লোম ভুজঙ্গিনি
ত্রিবলি ত্রিবেণী-বিলাস।
মাঝ বর সিংহ নিতম্ব করি-কুম্ভ
উরু রম্ভা করু উপহাস ॥
পদ থল-কমল নখ জিত[৯] চাঁদ কত
লাবণি অমিয়া-তরঙ্গ।
রাধামোহন পহু কহইতে ঐছন
ভাবে অবশ ভেল অঙ্গ ॥১৫॥১০৪৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৬৩ সংখ্যক পদ। ২। 'জিতি' প-র-সা। ৩। 'ভ্রূযুগ নরতনে' স্থলে 'ভ্রূযুগল রাতনে' ক; 'ভ্রূযুগল রতনে' খ; 'ভ্রূ-যুগল নবতেনে' চ। ৪। 'কাম-ধনু' স্থলে 'তনু অতি' ক। ৫। 'তিলক ফুল' খ। ৬। 'জিত' খ, চ। ৭। 'কপূর' ক। ৮। 'বীজ' ক, খ। ৯। 'জিতি' ক, খ।

ধানশী।১

নিরমিল কো বিধি কেলি-কলানিধি
নওল কিশোর কিশোরী।
দুহুঁ দোহাঁ[২] নিরখি পুলককুলে আকুল
হাসি কহই গিরিধারী ॥
শুন শুন সুন্দরি রাধে।
তুয়া মুখ-মাধুরি লেশ নাহি হেরি
কমল মুকুরবর চাঁদে ॥ ধ্রু ॥
যো বিধু শোভিত সোই কলঙ্কিত
বিরহি-বিদারণ-শূল।
নিরখি বদন তব সোই জুড়ায়ত
ইথে শশি না ভেল তূল[৩] ॥
দরপণ মলিন পরশে যদি জল-কণ
মার্জ্জন-বিহিন[৪] অসার।
তুয়া মুখ মলিম কবহুঁ নহে সুন্দরি
নীরে নিচয় উজিয়ার ॥
নিতি নিতি নলিন মলিন জল মাঝহি[৫]
তেজই অলি মধুপান।
তুয়া মুখ-কমল বিমল নব পরিমল
মঝু মন মধুপ সমান ॥
শুনি ধনি বাণি অলস দিঠি-পঙ্কজ
প্রিয় সহচরি হেরি হাস।
নিরখিতে শ্যাম পরস রসে মাতল
কহতহিঁ নন্দন দাস ॥১৬॥১০৪৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৬৪ সংখ্যক পদ। ২। 'দুহাঁ' ক, চ। ৩। 'তুল' ক, খ, প-র-সা। ৪। 'বিনহি' প-র-সা। ৫। 'মলিন' ইত্যাদি স্থলে 'মলিনী জল মাজহি' প-র-সা।

গান্ধার।১

শুন শুন নাগর সকল কহিতে পার
কে বুঝিবে বচন-তরঙ্গ।
একে তুহুঁ বিদগধ তাহে প্রিয়ম্বদ[২]
তাহে কত রসবতি সঙ্গ ॥
মাধব রসিক রসায়ন-বাণী।
ব্রজবধু-বদন বিমল বর রাজীব[৩]
তাহে ভ্রমর তুহুঁ জানি ॥ ধ্রু ॥

আড় নয়ন করি অলক তিলক হেরি
মুচকি মুচকি করু হাস।
সো হসনামৃত অধরে মিলায়ত
তঁহি মধু-মঞ্জুল ভাষ॥
তাপনি-তীর তীর নিতি ধায়সি
তাহে এত শীতল দেখি।
সুরধুনি দেবি সেবি কিয়ে সুমধুর
পুছহ নন্দ[৪] এক সাখি ॥১৭॥১০৪৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৬৫ সংখ্যক পদ। ২। 'প্রিয় সখদ' ঘ। ৩। 'বিমলবর রাজীব' স্থলে 'বিমল সুরাজিত' চ; 'বিমল রাজিত' প-র-সা। ৪। 'নন্দন' প-র-সা।

পুনশ্চ শ্রীকৃষ্ণস্যোক্তিঃ।

বালা ধানশী।১

সুন্দরি, আন-গুণে নহে[২] মোর বচনমধুর।
তুয়া পরসাদে সাধ সব পূর॥
আন-সঙ্গ কভু[৩] না কহবি মোর।
চাঁদ না তেজই কবহুঁ চকোর॥
তুয়া গুণ-গায়ন বয়ন[৪] হামার।
তুয়া হৃদি শীতল পঙ্কজ-হার॥
তুহুঁ দরপণ[৫] বিনু সব আন্ধিয়ার।
মিছু নহ নন্দ[৬] কহয়ে[৭] কত বার॥
॥১৮॥১০৪৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৬৬ সংখ্যক পদ। ২। 'নহ' ক, চ, প-র-সা। ৩। 'কব' প-র-সা। ৪। 'বয়ান' চ। ৫। 'দরশন' ক, খ, প-র-সা। ৬। 'নন্দন' প-র-সা। ৭। 'কহত' প-র-সা।

ভূপালী।১

দুহুঁ রসে ভোর হেরি পাঁচ-বাণ।
কেলি-কলা লিয়ে করত সন্ধান॥
দেখ পুন চেতন দুহুঁ অবলম্ব।
পুনহি অচেতন যব পুন চুম্ব॥
বিপুল পুলক বর স্বেদ-সঁচার।
চির থির নয়নে নীর অনিবার॥
কাঁপই থরহরি গদ-গদ ভাষ।
দুহুঁ দুহুঁ৷ পরশনে কতহুঁ উলাস॥
আন-আন-সঙ্গ-রঙ্গে ভরু অঙ্গ।
কো করু অনুভব প্রেম-তরঙ্গ॥
নিতি নিতি ঐছন হোয়ত বিলাস।
কব হেরব রাধামোহন দাস॥১৯॥১০৪৭॥

পাঠান্তর

১। এই পদটি ইতিপূর্ব্বে ৭৬২ সংখ্যক পদরূপে উদ্ধৃত হইয়াছে; সুতরাং পাঠান্তর ও টীকা উক্ত পদে দ্রষ্টব্য।

বিহাগড়া।১

রতি-সুখ-শয়ন-নিবেশহি সুন্দরি
প্রমুদিত-মানস ভেলি।
বিছুরল আন আন কেলি-কৌতুক
অনুগত-নিধুবন কেলি॥
অদভুত মদন-বিলাস।
রাইক দেহ-দণ্ড পরিশোভিত
শ্রমজল-মুকুতা বিকাশ॥
নিমিলিত নয়ন বয়ন-বর শোভন
অলখিত সহজহি হাস।
অনধিন বাহু-বল্লি অরু সব অঙ্গ
তে উহ রহত উদাস॥

বিগলিত অঙ্গ-রাগ অরু অভরণ
বিগলিত কুঞ্চিত-কেশ।
রাধামোহন চিতে নিতি নিতি ভাবই
ঐছন প্রেম-আবেশ ॥২০॥১০৪৮॥

ইতি রূপোল্লাসঃ।

পাঠান্তর

১। এই পদটি ইতিপূর্ব্বে ৭৮৩ সংখ্যক পদ-রূপে উদ্ধৃত হইয়াছে; সুতরাং পাঠান্তর ও টীকা উক্ত পদে দ্রষ্টব্য।

অথ রূপোল্লাসঃ প্রকারান্তরং যথা।

শ্রীমদ্গৌরচন্দ্রঃ।

বরাড়ী।[১]

নিরুপম সুন্দর গৌর-কলেবর
মুখ জিতি[২] শারদ-চন্দ।
কুন্দ-করগ-বিজ[৩] নিন্দি সুশোভিত
অতিশয় দন্ত সুছন্দ॥
বুঝলুঁ[৪] কাম পুন সাধে।
অমিয়াক সার ছানি নিরমায়ল
বিহি-সিরজন ভেল বাধে॥ ধ্রু॥
অকলঙ্ক চান্দ ভানে বিধুন্তুদ
ধাবই[৫] পরশক লাগি।
নিকটহি যাই হেরি তছু মাধুরি
তছু কর-ভয়ে পুন ভাগি॥
প্রতিযোগি[৬] আদি নাম-দোষ শত
গুণ ভেল[৭] যাক ধেয়ানে।
সোই চরণ-গুণ কলিযুগ-পাবন
করু রাধামোহন গানে॥২১॥১০৪৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৬৯ সংখ্যক পদ।
২। 'জিত' খ। ৩। 'বীজ' ক, খ, প-র-সা।
৪। 'বুঝল' ক, প-র-সা। ৫। 'ধাওই' খ, চ।
৬। 'প্রতিযোগী' ক, খ। ৭। 'ভেলহিঁ' ক, চ।

টীকা

৫—৭। "বুঝলুঁ" ইত্যাদি। বুঝিলাম, স্বয়ং কন্দর্প সাধ করিয়া অমৃতের সারাংশ ছানিয়া লইয়া (তদ্দ্বারা শ্রীগৌরাঙ্গের রূপ) নির্ম্মাণ করিল,—ব্রহ্মার সৃষ্টি ব্যর্থ হইল। (অর্থাৎ কন্দর্প ই কেবল এইরূপ অমৃতময় রূপ নির্ম্মাণ করিতে পারেন; ব্রহ্মার এরূপ সাধ্য নাই। ১০৩৪ সংখ্যক পদের ১—৩ পংক্তির টীকা দ্রষ্টব্য)। তুলনা করুন,—

'ধনি ধনি কো বিহি বৈদগধি-সাধে।
মদন সুধা-রসে যো নিরমাওল
তুয়া মুখ-মণ্ডল রাধে॥ ধ্রু॥
—প-ক-ত, ১০৩৪ সংখ্যক পদ।

১২—১৩। "প্রতিযোগি" ইত্যাদি। রাধা-মোহন ঠাকুর লিখিয়াছেন,—'প্রতিযোগ্যপ্রসিদ্ধাদয়ো দোষা কবিতায়াং সন্তি তথাপি তচ্চরণগুণবর্ণনাৎ সর্ব্বে নিরস্তা ইত্যর্থঃ।' অর্থাৎ কবিতার 'প্রতি-যোগী', 'অপ্রসিদ্ধ' প্রভৃতি দোষ যাঁহার চরণ-গুণ-বর্ণন দ্বারা নিরস্ত হইয়াছে।

শ্রীকৃষ্ণস্য রূপম্।

শ্রীরাগ।[১]

সুর-পতি-ধনু কি শিখণ্ডক চূড়ে।
মালতি-ঝুরি কি বলাকিনি উড়ে[২]॥
ভাল কি ঝাঁপল বিধু আধ-খণ্ড।
করিবর-কর কিয়ে ও ভুজ-দণ্ড॥
ও কি শ্যাম নট-রাজ।
জলদ কলপ-তরু তরুণি-সমাজ॥ ধ্রু
কর-কিসলয় কিয়ে অরুণ-বিকাশ।
মুরলি-খুরলি কিয়ে চাতক-ভাষ॥

হাস কি ঝরয়ে অমিয়া মকরন্দ।
হার কি তারক-দোতিক[৩] ছন্দ ॥
পদ-তলে কি থল-কমল ঘন-রাগ।
তাহে কলহংস কি নূপুর জাগ ॥
গোবিন্দদাস কহয়ে মতিমন্ত।
ভুলল যাহে দ্বিজ রায়[৪] বসন্ত ॥২২॥১০৫০॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২।২২ সংখ্যক পদ। ২। 'উড়ে' ক, খ, চ, প-র। ৩। 'দ্যোতিক' ক, খ; 'মোতিম' প-র। ৪। 'রাজ' ক, খ, চ, প-র।

শ্রীকৃষ্ণস্য অভিসারঃ।

তথা রাগ।[১]

কাননে সবহুঁ কুসুম পরকাশ[২]।
শারি শুক পিককুল-মধুরিম-ভাষ ॥
মউর মউরিগণ ঘন দেই নাদ[৩]।
শুনইতে কাতর ভেল উনমাদ ॥
দেখ দেখ নাগর-রাজ।
চললহি সঙ্কেত-কুঞ্জক মাঝ ॥ ধ্রু ॥
কিশলয়-পুঞ্জহি শেজবর কেল।
তঁহি পর[৪] বৈঠি পুন তরখিত ভেল ॥
পথ হেরি আকুল বিকল পরাণ।
অবহুঁ না সুন্দরি করল পয়ান ॥
অন্তরে মদন কয়ল পরকাশ।
চৌদিশে হেরই গোবিন্দদাস ॥২৩॥১০৫১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৭০ সংখ্যক পদ। ২। 'কাননে' ইত্যাদি স্থলে 'কাননে ভেল সব কুসুম বিকাস' প-র-সা। ৩। 'মউর' ইত্যাদি ছয়টি পংক্তি স্থলে প-র-সা পুথির পাঠ, যথা—

'গুঞ্জত ভ্রমর ভ্রমরি উতরোল।
মধু-লোভে মাতি রহু মালতি-কোল ॥
তাহি গমন করু বিদগধ-রাজ।
রুনুঝুনু নূপুর অবিরত বাজ ॥
ভ্রমি ভ্রমি বৈঠলি নিবিড় নিকুঞ্জে।
শেজ বিছায়ল কিসলয়-পুঞ্জে ॥'

শ্রীমত্যাঃ আপ্তদূত্যাঃ উক্তিঃ

গান্ধার।[১]

কালিয়-দমন জগতে তুয়া ঘোষই
সহচরি শুনইতে কাণে।
তুয়া সঞে[২] বাদ করিয়া ধনি[৩] আওত
মনমথ চঢ়ই ঝাঁপানে ॥
মাধব অতয়ে কহিয়ে তুয়া লাগি।
ত্রিবলিক মাঝে লোম-ভুজঙ্গিনি
হেরইতে তুহুঁ জনি[৪] ভাগি ॥ ধ্রু ॥
নয়ন-কমল পর যুগল-ভুজগবর
কাজর-গরল উগারি।
মদন-ধনন্তরি আপে যব আওব
সো বিখ তবহি না সারি ॥
বেণি-ভুজগবর পিঠ পর দোলত
চিরদিন ভুখিল পিয়াসে।
শুনইতে নাগ-দমন -তনু কম্পিত
কহতহিঁ গোবিন্দদাসে ॥২৪॥১০৫২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৭১ সংখ্যক পদ। ২। 'সনে' ক। ৩। 'সভে' খ, ঘ। ৪। 'জানি' ক। ৫। 'মদন' ঘ, চ।

টীকা

১—৪। "কালিয়" ইত্যাদি। (প্রাচীন সময়ে সাপুড়িয়াদিগের মধ্যে মাঝে মাঝে প্রতিদ্বন্দ্বিতা হইত; তাহাতে এক পক্ষ অপর পক্ষকে পরাজিত করার জন্য অনেক তন্ত্র-মন্ত্র প্রয়োগ করিত ও গুণ দেখাইবার জন্য উভয় পক্ষকে উভয় পক্ষের প্রদত্ত

ভয়ানক ভয়ানক বিষধর সর্পের সহিত ক্রীড়া করিতে হইত। এই 'বাদ' বা প্রতিদ্বন্দ্বিতার নাম 'ঝাঁপান'। উভয় পক্ষ মাঁচার উপর চড়িয়া এই ক্রীড়া করিত বলিয়া ইহাকে 'ঝাঁপান চড়া' বলা হইত। শ্রীরাধার আপ্তদূতী শ্রীরাধার সহিত শ্রীকৃষ্ণের সম্ভোগ-ক্রীড়াকে পরিহাস করিয়া 'ঝাঁপান চড়া'-রূপে বর্ণন করিয়া বলিতেছেন) হে শ্রীকৃষ্ণ! তোমাকে জগতে (সর্পশ্রেষ্ঠ) কালিয়-নাগের দমন-কারী বলিয়া ঘোষণা করে—(আমাদিগের) সখী (শ্রীরাধা) (এই কথা) কাণে শুনিবা মাত্র তোমার সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা করিয়া, কন্দর্পের ঝাঁপানে চড়িয়া (এখানে) আসিতেছেন!

৫—১৫। এই পংক্তিগুলিতে সখী শ্রীরাধার সর্প-বাহুল্য বর্ণন করিতেছেন। 'শুনইতে নাগ-দমন তনু কম্পিত' এই কৌশলময় বাক্যের এক অর্থ এই যে, শ্রীকৃষ্ণ শ্রীরাধার সর্পগণের পরাক্রম-শ্রবণে ভীত হইয়া কম্পিতকলেবর হইলেন। ইহার ব্যঙ্গার্থ—শ্রীকৃষ্ণের সাত্বিক-ভাব হেতু কম্প হইতে লাগিল।

তথা রাগ।১

রাইক আগমন-বাত।
শুনইতে উলসিত গাত॥
তাহে কহই নব-কাম২।
নাগ-দমন মঝু নাম॥
খগ পতি রহু মঝু পাশ।
সবহুঁ সে করব গরাস॥
বিকট মকর পুন হোয়।
এক না রাখব সোয়॥
দৈব করয়ে যব আন।
দংশয়ে হামারি বয়ান॥
রসনা-ধনন্তরি আগে।
তহিঁ পুন অমিয়া লাগাবে॥
নিরবিষ হোয়ব তায়।
জীতব এহিত উপায়॥
এত শুনি সহচরি গেল।
গোবিন্দ অনুমতি৩ দেল॥২৫॥১০৫৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৭২ সংখ্যক পদ। ২। 'নব-কাম' স্থলে 'নব কান' চ, প-র-সা। ৩। 'গোবিন্দ অনুমতি' স্থলে 'গোবিন্দদাস মতি' ক।

শ্রীমত্যাঃ অভিসারঃ।

শ্রীরাগ।১

নিরুপম কাঞ্চন-রুচির কলেবর
লাবণি বরণি না হোই২।
নিরমল বদন হাস-রস-পরিমলে
মলিন সুধাকর অম্বরে রোই৩॥
আজু বনি নব রঙ্গিণি রাই।
সঙ্গিনি সকল শিঙ্গারিণি সাই॥
লোল৪ অলক তিলকাবলি রঞ্জিত
সীথহি৫ কাঞ্চন-কমল উজোর।
লোচন-মধুকরি চলত ফেরি ফেরি
শ্রুতি-কুবলয়-পরিমলে কিয়ে ভোর॥
শ্যামর-চীত-চোর কুচ-কোরক
নীল নিচোল-কোরে করু বাস।
যাবক-রঞ্জিত অরুণ চরণ-তলে৬
জিউ নিরমঞ্ছব৭ গোবিন্দদাস॥২৬॥১০৫৪॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৫।৫ সংখ্যক পদ। ২। 'হোয়' প-র। ৩। 'মলিন' ইত্যাদি স্থলে 'অম্বরে সুধাকর রোয়' প-র। ৪। 'লোলত' প-র। ৫। 'সিন্দুরহি' প-র। ৬। 'অরুণ' ইত্যাদি স্থলে 'চরণ-সরোরুহ' প-র। ৭। 'নিরমঞ্ছব' স্থলে 'নিরমঙ্গল' প-র।

সিন্দুড়া।[১]

শরদ-সুধাকর-মণ্ডল-মণ্ডন
খণ্ডন বদন-বিকাশ[২]।
অধরে মিলায়ত শ্যাম-মনোহর
চীত চোরায়নি[৩] হাস ॥
আজু নব শ্যাম বিনোদিনি রাই।
তনু তনু অতনু-যূথ-শত-সেবিত
লাবণি বরণি না যাই ॥ ধ্রু ॥
কবরি-বকুল ফুলে আকুল অলিকুল
মধু পিবি পিবি উতরোল।
সকল অলঙ্কৃতি কঙ্কণ[৪] ঝঙ্কৃতি
কিঙ্কিণি রণরণি বোল ॥
পদ-পঙ্কজ পর মণিময় নূপুর
পূরিত [৫]খঞ্জন-ভাষ।
মদন-মুকুর জনু[৬] নখ-মণি-দরপণ
নীছনি[৭] গোবিন্দদাস ॥২৭॥১০৫৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুঁথির ৬০ সংখ্যক পদ। ২। 'মণ্ডল-মণ্ডন' ইত্যাদি স্থলে 'বদনমণ্ডল খণ্ডন' ইত্যাদি ক; 'মণ্ডল-মণ্ডন বদন চাঁদ বিকাশ' প-র-সা। ৩। 'চোরায়লি' খ। ৪। 'কঙ্কণ' ক, খ। 'কনক' ক, (পাঠান্তর)। ৫। 'রণঝণ' ক, খ (পাঠান্তর) 'ঝনঝন' প-র-সা। ৬। 'জিনী' প-র-সা। ৭। 'নিছনি' ক, খ, প-র-সা।

মায়ুর।[১]

সম-বয় বেশ-ভূষণ-ভূষিত-তনু
সখিগণ সঙ্গহি মেলি।
গজ-গতি নিন্দি গমন অতি সুন্দর
কিয়ে জিত-খঞ্জন-কেলি ॥
দেখ রাই করল অভিসার।
শিরিষ কুসুম জিনি কোমল পদতল
বিপথে পড়ত অনিবার ॥ধ্রু॥
যো থল-কমল-পরশে অতি কোমল
ঝামর ভই উপচঙ্ক।
সো অব যাহাঁ তাহাঁ কঠিন ধরণি মাহা
ডারত বড়ই নিশঙ্ক ॥
ঐছন ভাতি মিলল কুঞ্জ মাহা
দূতিক যাহাঁ উপদেশ।
ভণ রাধামোহন তহিঁ যো আঁচরণ
হাম কিয়ে পায়ব উদেশ ॥২৮॥১০৫৬॥

পাঠান্তর

১। এই পদটি ইতিপূর্ব্বে ১০১৭ সংখ্যক পদ-রূপে উদ্ধৃত হইয়াছে; সুতরাং পাঠান্তর উক্ত পদে দ্রষ্টব্য।

কেদার।

দুহুঁ দোহাঁ[১] দরশ[illegible] [illegible]সিত ভেল।
আকুল অমিয়া সাগরে ডুব গেল ॥ ধ্রু॥
দুহুঁ দিঠি দুহুঁ মুখে অবাধ নাহিক সুখে
পুলকে পূরল দুহুঁ তনু।
বেঢ়ল সখীর ঠাট যৈছন চান্দের হাট
তার মাঝে সাজে রাধা কানু ॥
দোহাঁর[২] রূপের ছান্দে মদন পড়িয়া কান্দে
সুধাকর কিরণ লুকায়।
দোহাঁর[৩] মুখের বাণী অমিয়া-অধিক শুনি
সখীগণ শ্রবণ জুড়ায় ॥
দোহাঁর[৪] মাধুরী-গুণে উলসিত সখীগণে
নানা ফুলে দোঁহারে সাজায়।
সুগন্ধি চন্দন দিয়া কর্পূর তাম্বুল লৈয়া
বিশাখিকা দোঁহারে যোগায় ॥
ললিতা-ইঙ্গিত পাঞা মালিনী আইল ধাঞা
বিনি সুতে গাঁথি ফুলহার।
দেওল দোঁহার গলে হিয়ার উপরে দোলে
দেখি আঁখি শীতল সভার ॥২৯॥১০৫৭॥

পাঠান্তর

১। 'দুহুঁ' ক, চ। ২-৩-৪। 'দোহাঁর' স্থলে 'দুহাঁর' ক, চ।

তথা রাগ।

রাধামাধব সুমধুর-কেলি।
দুহুঁ রূপে দুহুঁ জন[১] নিমগন ভেলি॥
উলসিত বিনদ[২] নাগরবর কান।
কহই অমিয়া-বাণি হসিত-বয়ান॥
সুন্দরি কি কহব তোহারি বাখান।
অলপে জিতলি তুহুঁ ইহ পাঁচ-বাণ॥
ভুরুয়া[৩] কামান নয়ান-কোণে এক।
আর এক ইষত হাস পরতেক॥
করহি সুকুসুম[৪] তাহে এক তোয়।
কুঞ্চিত কেশ দরশে এক সোয়॥
অঙ্গহি অঙ্গ কিরণ[৫] কত ভেল।
হেরি পরাভব ভই[৬] চলি গেল॥
কহ কবিশেখর কি কহব কান।
লাখ বয়ানে নহত পরিমাণ[৭]॥৩০॥১০৫৮॥

পাঠান্তর

১। 'গণ' ঘ। ২। 'বিনোদ' ক। ৩। 'ভুরুয়া' ক। ৪। 'কুসুম' খ। ৫। 'কিরণে' খ, ঘ। ৬। 'হোই' প-র-সা। ৭। 'পরিণাম' ক, খ, চ।

পুনশ্চ।

শ্রীরাগ।[১]

সুধামুখি কো বিহি নিরমিল বালা।
অপরুপ রূপ মনোভব-মঙ্গল
ত্রিভুবন-বীজই[২] মালা॥ধ্রু॥
সুন্দর বদন চারু অরু লোচন
কাজরে রঞ্জিত ভেলা।
কনক-কমল মাঝে কাল-ভুজঙ্গিনি
শ্রীযুত-খঞ্জন-খেলা॥
নাভি-বিবর সঞে[৩] লোম-লতাবলি
ভুজগি নিশ্বাস-পিয়াসা[৪]।
নাসা-খগপতি-চঞ্চু-ভরম-ভয়ে
কুচ-গিরি সান্ধি[৫] নিবাসা॥
তিন বাণে মদন জিতল[৬] তিন ভুবনে
অবধি রহল দউ[৭] বাণে।
বিধি বড় দারুণ বধিতে রসিক জন
সোঁপল তোহারি নয়ানে॥
ভণয়ে[৮] বিদ্যাপতি শুন বর যুবতি
ইহ রস কো পয়ে[৯] জান।
রাজা শিবসিংহ রূপনারায়ণ
লছিমা দেবি পরমাণ॥৩১॥১০৫৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৭৬ এবং প-র পুথির ১৬১২ সংখ্যক পদ। ২। 'বিজয়ী' ক; 'বিজই' চ; প-র-সা, প-র। ৩। 'সে' প-র-সা। ৪। 'বিয়াসা' খ, ঘ। ৫। 'সাধি' প-র। ৬। 'তিজল' ক। ৭। 'দৈ' ক; 'দোউ' খ। ৮। 'কহ' প-র। ৯। 'যুবতি' ক, খ, প-র-সা, প-র।

বিহাগড়া।[১]

শুনহ সুন্দরি কি রূপ তোর।
হেরিতে হরল মরম মোর॥
মদন-সদন বদন-চান্দ।
ভুরু সে মুরতি সুরত-ফান্দ॥
অরুণ তরুণ অধর-কাঁতি।
নিন্দিত-মোতিম দশন-পাঁতি॥
তীল[২]-কুসুম-সুষম নাসা।
শ্যাম চাঁচর চিকুর-পাশা॥

অমল কমল লোচন জোর।
তরল করল হৃদয় মোর॥
রুচির চিবুক মধুর গীম।
বিধিক শিলপ[৩]-শকতি-সীম॥
কনক-দাড়িম কুচক জোর[৪]।
মুনিক মানস-চতুর-চোর॥
ভণয়ে বল্লভ না লভ[৫] বাক।
মদন দেয়ল জয়-পতাক॥৩২॥১০৬০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৭৭ সংখ্যক পদ। ২। 'তিল' ক, খ, প-র-সা। এই পদের প্রত্যেক চরণে ত্রিমাত্রিক চারিটি গণ আছে; সুতরাং 'তিল' পাঠে ছন্দোভঙ্গ ঘটে। ৩। 'সিলিপ' ঘ, চ। ৪। 'ওর' ঘ; 'য়োর' চ। ৫। 'না লভ' স্থলে 'না লব বাক' ক; 'নাল' ঘ।

তিরোথা।[১]

আঁচরে বদন ঝাঁপায়হ[২] গোরি।
রাজা শুনইছে[৩] চান্দকি চোরি॥ধ্রু॥
ঘরে ঘরে পহরি ছোড়ি গেল জোয়[৪]।
অবহি দেখব ধনি[৫] নাগার তোয়॥
হাসি সুধামুখি না কর বিজোরি[৬]।
বাণিক ধনি ধনি বোলবি মোরি[৭]॥
অধর সমীপ দশন করু[৮] জোতি।
সিন্দুর সমিপ বসায়লি[৯] মোতি॥
শুন শুন সুন্দরি হিত উপদেশ।
স্বপনে হোয়ে জনি[১০] বিপদক লেশ॥
চান্দক আছয়ে ভেদ কলঙ্ক।
ও যে কলঙ্কিত[১১] তুহুঁ নিকলঙ্ক॥
রাজা শিবসিংহ নছিমা দেবি সঙ্গ[১২]।
ভণয়ে বিত্তাপতি মনহু নিশঙ্ক॥৩৩॥১০৬১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৭৮ ও প-র পুথির ১৬৩৪ সংখ্যক পদ। ২। 'ঝাঁপহ' ক; 'ছাপায়হ' খ। ৩। 'শুনইতে' ক; 'শুনিয়াছে' প-র; 'শুনল' প-র-সা। ৪। 'পহরি' ইত্যাদি স্থলে 'পহরু গেলহি জোয়' প-র। ৫। 'দেখব ধনি' স্থলে 'না দেখিল' প-র। ৬। 'কর বিজোরি' স্থলে 'করবি জোরি' ঘ; 'করবি য়োরি' চ। 'হাসি' ইত্যাদি পংক্তি দুইটির স্থলে প-র পুথির পাঠ, যথা—

'হাসি হাসি সুধামুখি না করবি আন।
সাখি দেওব ইথে তোহারি বয়ান॥'

৭। 'মোরি' স্থলে বিত্তাপতির অধিকাংশ মুদ্রিত সংস্করণে 'থোরি' পাঠ দৃষ্ট হয়, কিন্তু আমরা 'থোরি' পাঠ কোন পুথিতেই প্রাপ্ত হই নাই। ৮। 'দশন করু' স্থলে 'দশনক' খ। ৯। 'সমিপ বসায়লি' স্থলে 'সামে পসারল' প-র। ১০। 'জনি' প-র-সা। ১১। 'কলঙ্কী' ক; 'কলঙ্কি' ঘ, চ; 'কলঙ্কিনি' প-র-সা। ১২। 'দেবি সঙ্গ' স্থলে 'কন্ত' প-র।

টীকা

১—২। "আঁচরে" ইত্যাদি। হে গৌরাঙ্গি! তুমি অঞ্চল দ্বারা বদন আচ্ছাদিত কর; (কেন না) রাজা চান্দের চুরি শুনিয়াছেন, অর্থাৎ চান্দের চুরি শুনিয়া উহার বিচার করিতেছেন!

৩—৪। "ঘরে" ইত্যাদি। (চান্দের চোর কোথায় আছে,—তাহা অনুসন্ধান করার উদ্দেশ্যে) প্রহরী প্রতি ঘর দেখিয়া (চান্দের চোর না পাইয়া) ছাড়িয়া গেল; হে সুন্দরি নাগরি! (সে) এখনই তোমাকে দেখিতে পাইবে।

৫—৬। "হাসি" ইত্যাদি। হে সুধামুখি! (তুমি) হাসিয়া বিদ্যুৎ (প্রকাশ) করিও না; (আমার কথার উপকারিতা বুঝিতে পারিয়া) আমার কথার ধন্য ধন্য করিবে!

ততঃ সম্ভোগঃ।

কেদার।১

সুখদ বৃন্দাবন সুখময় শ্যাম।
সুখময়ি রাধা তহিঁ[২] অনুপাম ॥
দুহুঁ মেলি কেলি-বিলাস করু।
দুহুঁ অধরামৃতে দুহুঁ মুখ ভরু ॥
দুহুঁ অঙ্গ পুলকিত বিলাসে বিভোর।
বিনদিনি রাধা বিনদিয়া-কোর ॥
দুহুঁ কেলি-পণ্ডিত রূপে গুণে সম।
বিলাস রভস[৩]-রসে কেহ নহ[৪] কম ॥
সুরত-মুরত[৫] দুহুঁ করু পরকাশ।
রতিপতি-হৃদয়েত[৬] লাগত[৭] তরাস ॥
অদভুত পরিরম্ভণে ধনি লাজ।
নূপুর রুণু রুণু[৮] কিঙ্কিণি বাজ ॥
এক-তনু এক-মন একহি পরাণ।
দুহুঁ তনু এক ভেল বিহি-নিরমাণ ॥
শ্রম-জলে ভীগল[৯] দুহুঁজন-গায়।
দুহুঁ রতি-সায়রে ওর না পায় ॥
দুহুঁ দোহাঁ[১০] চুম্বি সমাধল[১১] কেলি।
দুহুঁ জন-সেবনে শেখর গেলি ॥৩৪॥১০৬২॥

ইত্যাদি রূপোল্লাসঃ।

ইতি তৃতীয়-শাখায়াং চতুর্দ্দশপল্লবঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৭৯ সংখ্যক পদ। ২। 'অতি' প-র-সা। ৩। 'রভসে' ঘ; 'বিক্রম' প-র-সা। ৪। 'নহে' ক। ৫। 'মুরুত' চ; 'মুরতি' প-র-সা। ৬। 'হৃদয়ত' খ, চ; 'হৃদয়' ঘ। ৭। 'লাগল' ঘ, প-র-সা। ৮। 'রুণু রুণু' স্থলে 'রুনুঝুনু' ক; 'ঝনু ঝনু' খ। ৯। 'ভিগল' ক, খ, প-র-সা। ১০। 'দুহাঁ' ক। ১১। 'চুম্বি সমাধল' স্থলে 'চুম্বন সমাধান' প-র-সা।

অথ নিত্যরাসঃ সর্ব্বকালোচিতঃ।

তদুচিতশ্রীগৌরচন্দ্রঃ।

তুড়ী।১

দেখত বেকত গৌর-চন্দ
বেড়ল ভকত[২]-নখত-বৃন্দ
অখিল-ভুবন উজরকারি
কুন্দ[৩]-কনক-কাঁতিয়া।
অগতি-পতিত-কুমদ-বন্ধু
হেরি উছল রসক সিন্ধু[৪]
হৃদয়-কুহর-তিমির-হারি[৫]
উদিত দিনহিঁ রাতিয়া ॥
সহজে সুন্দর মধুর দেহ
আনন্দে আনন্দে না বান্ধে থেহ
ঢুলি ঢুলি ঢুলি[৬] চলত খলত
মত্ত-করিবর-ভাতিয়া।
নটন ঘটন ভৈ গেল ভোর
মুকুন্দ মাধব গোবিন্দ বোল
রোয়ত হসত ধরণি খসত
শোহত[৭] পুলক-পাঁতিয়া ॥
অসিম-মহিমা কো কহুঁ[৯] ওর
নিজ পর ধরি করই[১০] কোর
প্রেম-অমিয়া হরখি বরখি
তরখিত মহি মাতিয়া ॥
যো[১১] রসে উত্তম অধম ভাস
বঞ্চিত একলি গোবিন্দদাস
কো জানে কি[১২] খেনে কোন গঢ়ল[১৩]
কাঠ-কঠিন ছাতিয়া ॥১॥১০৬৩॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৬।৪২ ও ১৫।১ সংখ্যক পদ। ২। 'বেকত' প-র, ১৫।১। ৩। 'কুন্দ' প-র, ১৫।১। ৪। 'হেরি উছল রসক সিন্ধু স্থলে

'হেরি উছলল রসিকসিন্ধু' ক, খ; 'হেরি উছল রসিকসিন্ধু' ঘ; 'হেরতউ ঐছন' ইত্যাদি প-র। ৫। 'হৃদয়' ইত্যাদি স্থলে 'তিমিরহারি উজরকারি' প-র ১৫।১। ৬। 'ঢুলি ঢুলি ঢুলি' স্থলে 'ঢুলি ঢুলি' ক, খ। ৭। 'শোভত' ক। ৮। 'মহিম' ক, ঘ; 'মহিমা' খ, চ; 'মহি' প-র ৬।৪২; 'অসিম' প-র ১৫।১। ৯। 'কর' প-র ১৫।১। ১০। 'করত' খ, প-র। ১১। 'ও' প-র। ১২। 'কো' ক, খ। ১৩। 'কোন গঢ়ল' স্থলে 'কোন পড়ল' প-র ১৫।১।

শ্রীরাগ।১

পরম মধুর মৃদু　　মুরলি বোলায়ত
　　অধর-সুধাধরে ধরিয়া।
ধ্বনি শুনি ধরণি　　ধরল২ কুল-কামিনি
　　চোঙক পড়ল জগ ভরিয়া॥
　　নীপ নিকটে নব রঙ্গিয়া।
পদের উপরে পদ　　তরুমূলে শ্যামচাঁদ
　　লীলা-ললিত তিরিভঙ্গিয়া৩॥ধ্রু॥
পঞ্চানন চতু-　　রানন নারদ
　　ধ্বনি৪ শুনি সুরপতি ধন্দে।
ফল ফুলে৫ মগন　　সকল বৃন্দাবন
　　তরু সঞে ঝরে মকরন্দে॥
শুনিয়া বংশীর গান৬　　মুনিজন ভুলে ধ্যান
　　যোগীন্দ্র মুনীন্দ্র মুরুছায়।
রায়শেখর বোলে　　বাঁশী শুনি৭ কে না ভুলে
　　কুলবতী কি বাঁচিবে তায়॥২॥১০৬৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৮১ সংখ্যক পদ। ২। 'ধয়ল' ক। ৩। 'ত্রিভঙ্গিয়া' ক, খ, ঘ, প-র-সা। ৪। 'ধনি' ঘ, চ। ৫। 'ফুলফলে' খ। ৬। 'মান' ঘ। ৭। 'বাঁশী শুনি' স্থলে 'ধ্বনি শুনি' প-র-সা।

মায়ূর।১

নব-যৌবনি ধনি জগ জিনি লাবণি
　　মোহিনি২ বেশ বনায়লি৩ তাই।
মনমথ চীত ভীত নাহি মানত
　　কুঞ্জরাজ পর সাজলি রাই॥
　　চললি৪ নিকুঞ্জে কুঞ্জর-বর-গমনী।
যুবতিযূথ মেলি৫ গাওত বাওত
　　চলত চিত্র-পদ বিদগধ রমণী॥ধ্রু॥
হেরই৬ শ্যাম সুরত-রণ-পণ্ডিত
　　হাসি মদন-মদে মাতলি৭ বালা।
রতি-রণ-বীর ধীর সহচরি মেলি
　　বরিখয়ে নয়নে কুসুম-শর-জালা৮॥
নয়নে নয়নে বাণ ভুজে ভুজে সন্ধান৯
　　তনু তনু পরশে নাহি১০ জয় ভঙ্গ।
গোবিন্দদাস চিতে১১ অব নাহি সমুঝল
　　বাজত কিঙ্কিণি কোন১২ তরঙ্গ॥
॥৩॥১০৬৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৪৫৮ ও প-র পুথির ৪২।৩৫ সংখ্যক পদ। ২। 'মোহন' ক; 'মোহিনী' চ; 'মোহনী' প-র-সা। ৩। 'বনায়ই' প-র-সা। ৪। 'মিললি' প-র-সা, প-র। ৫। 'যুবতিযূথ মেলি' স্থলে 'যুবতিযুত মেলি' ক, খ; 'যুবতি যূথ শত' প-র-সা, প-র। ৬। 'হেরইতে' প-র। ৭। 'মাতল' ক। ৮। 'মালা' প-র। ৯। 'বন্ধনে' প-র। ১০। 'পরশে নাহি' স্থলে 'পরশনে হেরি' প-র। ১১। 'কহ' প-র। ১২। 'কৌন' ক।

বিহাগড়া।১

দেখ রি২ সখি　　শ্যাম-চন্দ
　　ইন্দু-বদনি রাধিকা।
বিবিধ যন্ত্র　　যুবতি-বৃন্দ
　　গাওয়ে রাগ-মালিকা॥

মন্দ-পবন কুঞ্জ-ভবন
কুসুম-গন্ধ-মাধুরী।
মদন-রাজ নব সমাজ[৩]
ভ্রমরা-ভ্রমরি[৪]-চাতুরী ॥
তরল তাল গতি দুলাল
নাচে নটিনি নটন-শূর।
প্রাণ-নাথ করত হাত
রাই তাহে অধিক পূর ॥
অঙ্গে অঙ্গে পরশে ভোর
কেহুঁ রহত কাহুঁক কোর[৫]।
জ্ঞানদাস কহত রাস
যৈছন জলদে বিজুরি জোর ॥
॥৪॥১০৬৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৮২ ও প-র পুথির ৩৮।১২ সংখ্যক পদ। ২। 'দেখ রি' স্থলে 'দেখবি' ক; 'দেখ রী' খ, ঘ; 'দেখ দেখ' প-র। ৩। 'নব সমাজ' স্থলে 'রভস মাঝ' খ, ঘ। ৪। 'ভ্রমরা ভ্রমরি' স্থলে 'ভ্রমর ভ্রমণ' ক, চ। ৫। 'কেহুঁ' ইত্যাদি স্থলে 'দোহাঁর আনন্দে নাহিক ওর' প-র।

টীকা।

৫—৮। "মন্দ" ইত্যাদি। কুঞ্জ-গৃহ মন্দ-পবন-যুত,—উহাতে কুসুম-গন্ধের মাধুর্য্য (রহিয়াছে); মদন-রাজ অর্থাৎ মদনের অধীশ্বর শ্রীকৃষ্ণ ও নব-যুবতিগণের সমাজ ভ্রমর-ভ্রমরীর চাতুর্য্য-শালী।

৯—১২। "তরল" ইত্যাদি। চঞ্চল তাল;—মোহন গতি,—নটন-নিপুণা (ব্রজাঙ্গনা) ও নটন-বীর (শ্রীকৃষ্ণ) নাচিতেছেন; তাহাতে প্রাণনাথ (শ্রীকৃষ্ণকে) (অনন্যসাধারণ) রূপ-গুণের দ্বারা হস্তে করিয়া অর্থাৎ বশীকরণ পূর্ব্বক শ্রীরাধা (সেই রাস-লীলায়) শ্রেষ্ঠ (স্থান) পূর্ণ করিতেছেন।

তথা রাগ।[১]

মত্ত মধুকর বিবিধ গুঞ্জর
কোকিলা পঞ্চম গায়।
নানা তরুকুল বিকসিত ফুল
খসি[২] পড়ু শ্যাম গায় ॥
শ্যাম গোরি গোরি শ্যাম
নটনে চঞ্চল গমনি।
কনক-লতায় বেঢ়ল যৈছে
ইন্দ্র নীলমণি ॥
কবহুঁ গোরি ভোরি চলত
কবহুঁ চলত কান।
রসের আবেশে অবশ অঙ্গ
ওর নাহিক পান ॥৫॥১০৬৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৮৩ সংখ্যক পদ। ২। 'সখি' খ।

তথা রাগ।[১]

নব নায়রি নব নায়র
নৌতুন নব নেহা।
আঁখে আঁখে নিমিখে নিমিখে
বিছুরল নিজ দেহা ॥
নৌতুন গণ নৌতুন বন
নৌতুন সখি গানে।
তা দিগ দিগ তা দিগ দিগ
থো দিগ দিগ[২] থো দিগ দিগ
তাল ফুকারই[৩] বামে ॥
নৌতুন রস কেলি-রভস
নৌতুন গতি ভালে[৪]।
দ্রিমি ধো দ্রিমি থো দ্রিমি দ্রিমি[৫]
বাওত[৬] সখি তালে[৭] ॥

চঞ্চল মণি- কুণ্ডল চল
চঞ্চল পট-বাস।
দোহুঁ দোহাঁ-কর ধরিয়া নাচত[৯]
হেরত অনন্তদাস ॥৬॥১০৬৮॥

পাঠান্তর

১। প-র-সা পুথিতে এই পদটি ১০৬৭ সংখ্যক পদের শেষাংশরূপে লিখিত হইয়াছে। ২। 'তা দিগ দিগ' ইত্যাদি স্থলে 'তা দিগ দিগ থো দিগ দিগ' ক, প-র-সা। ক ও প-র-সা পুথির তালের বোল অপেক্ষা খ, ঘ ও চ পুথির বোল দ্বিগুণ আছে; সুতরাং উহা 'চতুরঙ্গ' গীতের বোলের ন্যায় 'দুন্' লয়ে অর্থাৎ দ্বিগুণ দ্রুত-ভাবে উচ্চারিত হইবে। ৩। 'ফুকরই' ক, খ, প-র-সা। ৪। 'তালে' ঘ, চ। ৫। 'দ্রিমি' ইত্যাদি স্থলে 'দ্রিমি থো দ্রিমি দ্রিমি, থো দ্রিমি থো দৃমি' খ, ঘ। এই পদটির প্রত্যেক অযুগ্ম চরণে চারিটি ত্রিমাত্রিক গণ আছে; সুতরাং খ ও ঘ পুথির চতুর্ম্মাত্রিক বোলে ছন্দোভঙ্গ ঘটে। ৬। 'বাওল' ক, খ, ঘ, চ। ৭। 'ভালে' ঘ, চ। ৮। 'দোহুঁ দোহাঁ' স্থলে 'দুহে দুহা' ক। ৯। 'নাচয়ে' ক, চ।

মল্লার শঙ্করাভরণ।১

বাজত তাল রবাব পাখোয়াজ
নাচত যুগল কিশোর।
অঙ্গ হেলাহেলি নয়ন ঢুলাঢুলি
দুহুঁ দোহাঁ মুখ হেরি ভোর ॥
চৌদিগে সখি মেলি গাওত বাওত
করহি করহি কর জোর।
নবঘন পরে জনু তড়িত লতাবলি
দুহুঁ রূপ[৩] অধিক[৪] উজোর ॥
বীণ[৫] উপাঙ্গ মুরজ সর-মণ্ডল
বাজত থোরহি থোর।
অনন্তদাস-পহুঁ রাই-মুখ নিরখই
যৈছন চান্দ চকোর ॥৭॥১০৬৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৮৪ সংখ্যক পদ। ২। 'দুহাঁ' ক। ৩। 'রূপ' ক, খ, প-র-সা। ৪। 'অতি' ক, খ; 'আতি' ঘ, চ। ৫। 'বীণা' খ, ঘ, প-র-সা।

মল্লার।১

শ্যাম রাস-রস-রঙ্গিয়া[২]।
নব যুবরাজ যুবতি সঙ্গিয়া ॥ধ্রু॥
চঞ্চল-গতি চরণে চলত
সঙ্গিত সুরঙ্গিয়া।
নাচে মনোহর-গতি[৩] অঙ্গ-ভঙ্গিয়া ॥
বীণ অধিক বিবিধ যন্ত্র
বাওয়ে উপাঙ্গিয়া।
মধুর তাতা থৈ থৈ থৈ
বোলত[৪] মৃদঙ্গিয়া ॥
কানু লপত সুর[৫] মোহন
লাল মঞ্জির মান রি[৬]।
রুচির তাতা থৈয়া থৈয়া থৈয়া
গাওত সুর তান[৭] রি[৮] ॥
বৃষভানু-নন্দিনি কিশোরি গোরি
গাওত অনুপাম রি[৯]।
শিবরাম আনন্দে নাহিক ওর
হেরত রাস-ধাম রি[১০] ॥৮॥১০৭০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৮৫ সংখ্যক পদ। ২। 'রাস-রঙ্গিয়া' ক, চ, প-র-সা; 'সারঙ্গিয়া' খ। ৩। প-র-সা পুথিতে 'গোরি' শব্দ দৃষ্ট হয়। ৪। 'বলে' খ। ৫। 'সুর' ঘ, চ। ৬। 'রে' ক। ৭। 'সুতান' ক, চ। ৮-৯-১০। 'রে' ক।

বিহাগড়া।১

বাজে গিড়ি গিড়ি২ দিং দ্রাম্৩
দ্রাম্ দ্রিমি দ্রিমি কট্ দিদি দ্রাম্
উঘটত৪ পটতাল মৃদঙ্গ
রঙ্গ রভস-মূল ॥ধ্রু॥
তা তা থোঙ্গি৫ থোঙ্গি
ধোঙ্গি ননন ঝিঝি৬ ননন
ঝঙ্কৃত নন ঝনন৭ ননন
মনমথ-মন ভুল৮।
হরষ পরশ সরস হাস
নয়ন ছয়ল৯ রতি-বিলাস১০
চঞ্চল পট-অঞ্চল মণি-
কুণ্ডলতেঁ১১ ফুল১২ ॥
তারক১৩-মণিহারক১৪ শশি
ঝিলমিলি দপিদার১৫ কলসি১৬
পুঞ্জ পুঞ্জ মঞ্জুল অতি
গুঞ্জতি অলিকূল১৭।
তাতা থৈথৈ১৮ নাদ নপুর১৯
গান মান তান২০ মধুর
ধ্বনি শুনি শিবরাম-অন্তরে
আনন্দেতে২১ ভূল ॥৯॥১০৭১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৮৬ সংখ্যক পদ। ২। 'গিড়ি গিড়ি' স্থলে 'গুড়ি গুড়ি' ঘ, চ। ৩। 'দিং দ্রাম' স্থলে 'দাং' ক, খ, চ, প-র-সা। ৪। 'ও ঘটত' প-র-সা। ৫। 'তোঙ্গ' ক, চ; 'তোঙ্গি' খ, প-র-সা। ৬। 'ঝিঝি' ক; 'ঝ্রি ঝ্রি' ঘ; 'কি ক্কি' চ। ৭। 'নন ঝনন' স্থলে 'নানা ঝন' প-র-সা। ৮। 'ভুল' ক, খ, চ, প-র-সা। ৯। 'ছলয়' ক; 'ছল' চ। ১০। 'রতি' চ। ১১। 'কুণ্ডলাতে' ক, চ, প-র-সা; 'কুণ্ডলতে' ঘ। ১২। 'ফুল' ক, খ, চ, প-র-সা। ১৩। 'তাকর' ক। ১৪। 'মণিহার' ক, খ, চ, প-র-সা। ১৫। 'দাপ' প-র-সা। ১৬। 'কলসী' ক, খ; 'কলসি' চ। ১৭। 'অলিকুল' ক, খ, চ, প-র-সা। ১৮। 'থৈ' খ। ১৯। 'নূপুর' ক; 'নুপুর' খ, প-র-সা। ২০। 'তাল' প-র-সা। ২১। 'আনন্দিত' প-র-সা।

কেদার।১

বাজে ধ্রুংনিং ধ্রুংনিং বাজে ধ্রুংনিং ধ্রুংনিং
খটত্তা২ তাগর্ধো নাগর্ধো
নাগর্ধো৩ ধুকা ধুন্না যে৪ ॥ধ্রু॥
বীণ উপাঙ্গ তাল সর-মণ্ডল
বাজত ডম্ফ রবাব যে।
বাজে থো দ্রিমি দ্রিমিধো তথৈ তথৈ তৎ তা
থো থো বোল মৃদঙ্গ যে ॥
কনক-কঙ্কণ কিঙ্কিণি কিনিকিনি
ঝননন মঞ্জির-রাব যে।
রাধা-কর ধরি সুঘড়-শিরোমণি
নাচত কহই প্রবন্ধ যে ॥
কবহুঁ তাল কহই নট-শেখর
কবহুঁ চন্দ্রমুখি গাওই যে।
আনন্দ-সাগরে সগণে সুধাকর
শিবরামদাস মন৫ ভাওই৬ যে ॥
॥১০॥১০৭২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৮৭ সংখ্যক পদ। ২। 'খট্টা' ক, খ, ঘ, চ। ৩। 'নাগর্ধো' শব্দ ক ও প-র-সা পুথিতে নাই। ৪। 'যে' খ, ঘ, চ, প-র-সা। ৫। 'মনে' ক, খ, প-র-সা। ৬। 'ভাও' ক, খ, ঘ, চ।

সিন্দুড়া।১

জলদহি জলদ বিজুরি দিঠি-তাপক
মরকত কনয় কঠোর।
এ দুহুঁ[২] তনু মন-নয়ন-রসায়ন
নিরুপম নওল কিশোর ॥
দেখ সখি রাধামাধব-ভাতি।
কো বিহি নিরমিল কোন ঘটাওল
শ্যামর-গোরি-সঙ্গাতি[৪] ॥
যবঁ দুহুঁ দুহুঁ হেরি নয়ন-অঞ্জলি ভরি[৫]
আন-আন[৬] পিবইতে চাহ।
তনু তনু পৈঠত সঘন আলিঙ্গনে[৭]
কৈছে হোয়ব[৮] নিরবাহ ॥
আরতি অধর-সুধারস পিবি পিবি
দুহুঁক পিরিতি[৯]-উনমাদ।
গোবিন্দদাস কহ[১০] অধিক রস-আবেশে[১১]
কিয়ে না করু পরমাদ[১২] ॥১১॥১০৭৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৮৮ ও প-র পুথির ১২।৬ সংখ্যক পদ। ২। 'এ দুহুঁ' স্থলে 'এতহুঁ' ক। ৩। 'দেখ সখি' ক, খ, ঘ, চ ও প-র পুঁথিতে নাই। ৪। 'সাঙ্গাতি' চ; 'সাঙ্গাতি' প-র। ৫। 'পুরি' প-র-সা। ৬। 'দুহু দোহা' ঘ; 'দুহুঁ রূপ' প-র। ৭। 'সঘন আলিঙ্গনে' স্থলে 'সঘনে আলিঙ্গিত' ক, খ, ঘ, চ, প-র-সা। ৮। 'কৈছে হোয়ব' স্থলে 'কৈছে হোয়ত' ক, খ, চ, প-র-সা; 'পুন কৈছে হোত' প-র। ৯। 'মদন' প-র। ১০। 'ভণ' প-র। ১১। 'অধিক' ইত্যাদি স্থলে 'হেন লয় মঝু মন' প-র। ১২। 'কিয়ে' ইত্যাদি স্থলে 'অতি রসে অতি পরমাদ' প-র।

টীকা

১—৪। "জলদহি" ইত্যাদি। জলদ জলদই (অর্থাৎ শ্যামবর্ণ হইলেও জলদের ন্যায়ই নিকৃষ্ট); বিদ্যুৎ (উজ্জ্বল হইলেও) দৃষ্টির পীড়াজনক; মরকত (ও) স্বর্ণ (যথাক্রমে শ্রীকৃষ্ণ ও শ্রীরাধার অঙ্গকান্তির তুলনাস্থল হইলেও) কঠিন; (কিন্তু) এই উভয়ের দেহ—নয়ন ও মনের আনন্দজনক; (সুতরাং) নবীন কিশোর ও কিশোরী উপমা-রহিত।

কামোদ।১

একতাল ধরা।

কদম্ব-তরুর ডাল　　ভূমে নামিয়াছে ভাল
ফুল ফুটিয়াছে সারি সারি।
পরিমলে ভরল　　সকল বৃন্দাবন
কেলি করে ভ্রমরা ভ্রমরী ॥
রাই কানু বিলসই রঙ্গে।
কিয়ে দুহুঁ[২] লাবণি　　বৈদগধি ধনি ধনি[৩]
মণিময় অভরণ অঙ্গে ॥ধ্রু॥
রাইর দক্ষিণ কর　　ধরি প্রিয়[৪] গিরিধর
মধুর মধুর চলি যায়।
আগে পাছে সখীগণ　　করে ফুল[৫] বরিষণ
কোন সখী চামর ঢুলায় ॥
পরাগে ধূসর স্থল　　চন্দ্র-করে সুশীতল
মণিময় বেদীর উপরে।
রাই কানু-কর ধরি[৬]　　নৃত্য করে[৭] ফিরি ফিরি
পরশে পুলক অঙ্গ[৮] ভরে[৯] ॥
মৃগমদ চন্দন　　করে করি সখীগণ
বরিখয়ে ফুল গন্ধরাজে।
শ্রম-জল বিন্দু বিন্দু　　শোভে রাই[১০] মুখ-ইন্দু
অধরে মুরলী নাহি বাজে ॥
কুসুমিত বৃন্দাবন　　কলপ-তরুর গণ
পরাগে ভরল[১১] অলিকুল।
রতনে খচিত হেম　　মন্দির সুন্দর যেন
নরোত্তম-মনোরথ পূর[১২] ॥১২॥১০৭৪॥

পাঠান্তর

১। ইহা প-র সা পুথির ১৪৮৯ ও প-র পুথির

২৫।১৮ সংখ্যক পদ। ২। 'কিয়ে তুহুঁ' স্থলে 'কিবা রূপ' প-র-সা। ৩। 'কিয়ে তুহুঁ' ইত্যাদি পংক্তিদ্বয় স্থলে প-র পুথির পাঠ যথা,—

'নৃত্যাবেশে বৈদগধি ধনি ধনি সুবদনি
অভরণ বাজে অঙ্গে অঙ্গে ॥ ধ্রু ॥'

৪। 'পহু' প-র-সা। ৫। 'পুষ্প' প-র-সা। ৬। 'জোড়ি' প-র-সা ; 'জুড়ি' প-র। ৭। 'নৃত্য করে' স্থলে 'গতি চিত্র' প-র। ৮। 'তনু' প-র-সা, প-র। ৯। 'ধরে' প-র। ১০। 'করে' প-র-সা, প-র। ১১। 'ভরল' ক, খ, চ। ১২। 'কুসুমিত' ইত্যাদি কলিটির স্থলে প-র পুথির পাঠ, যথা,—

'হাস বিলাস রস কলা সুমধুর ভাষ
লোচনে মোহন লীলা ধরু।
তুহুঁ রূপ লাবণি হেম মরকত জিনি
নরোত্তম মনোরথ ভরু ॥'

কেদার।১

কানন-ভ্রমণ নটন তুহুঁ মেলি।
অতিশয় শ্রমযুত তুহুঁ ভৈ গেলি ॥
তুহুঁ জন বৈঠল মণিময় কুঞ্জে
কুসুম-শেজ পরে আনন্দ-পুঞ্জে।
চামর বীজই২ কেহ তুহুঁ অঙ্গে।
কোই তাম্বুল দেই প্রেম-তরঙ্গে ॥
কত কত কৌতুক হাস পরিহাস।
নিরখই আনন্দে উদ্ধব দাস ॥১৩।০৭ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৯০ সংখ্যক পদ ২। 'বীজয়ে' খ, ঘ, চ।

অথ বিপরীত-রতি।

ধানশী।১

মধু পদ২ দংশল মদন-ভুজঙ্গ।
গরলহি৩ ভরল অবশ ভেল অঙ্গ ॥
তুহুঁ যদি সুন্দরি করসি উপায়।
মুধগল৪ জন তব জীবন পায় ॥ধ্রু॥
পহিলহি ঝাঁরবি দীঠি পসারি৫।
করে কর পঞ্চনে ভাব সম্ভারি৬ ॥
শ্রম-জল অঙ্গহি করবি বিথার।
কুচযুগ-কলসে করবি পানি-সার ॥
খর নখ-রঞ্জনি তুয়া নখ মানি।
ঝারবি নিরবিষ উর পর হানি ॥
যতনে অধর ধরি অধর-রস দেবি।
অধরক দংশে৭ অধর-বিষ নেবি ॥
রজনি উজাগরি রহবি অগোরি।
গোবিন্দদাস গুণ গাওব তোরি ॥

॥১৪॥১০৭৬।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৮৪, ১৪৯১ ও প-র পুথির ২৪।৮ সংখ্যক পদ। ২। 'পদে' ঘ ; 'মন প-র-সা ; 'মনে' প-র। ৩। 'গরলে' প-র। ৪। 'দগধল' প-র। ৫। 'ঝাঁরবি' ইত্যাদি স্থলে 'ঝাঁপি দিঠে পসারি' ক, চ ; 'হেরি ঝাড়বি দিঠি সারি' প-র-সা, প-র। ৬। 'করে' ইত্যাদি স্থলে 'করে কর পঞ্চনে ভাব সম্ভারি' ক 'করে কর মঞ্চনে ভাব সম্ভারি' প-র-সা, প-র। ৭। 'দংশনে' ক, খ 'দংশন' ঘ, চ।

কামোদ।

রতি-রঙ্গ-উচিত শয়নহি নাগর
যাচত বিপরিত কেলি।
অনুনয় কতহুঁ করয়ে জনি হসি হসি
মুখহি মুখহি করি মেলি ॥
শুনি হসি শশি-মুখি লাজহি কুঞ্চিত
অবনত করত বয়ান।
জিয়ইতে১ উপবাসি দারিদ যৈছন
মাগয়ে ভোজন পান ॥

দেখ দেখ বৈদগধি-রঙ্গ।

কামকলা-গুরু　　রসিক-শিরোমণি

না ছোড়ই সো রস ঢঙ্গ[২] ॥

পাদ পরশি পুন　　রাই মানায়ল

নিজসুখ বহুত জানাই।

ভণ রাধামোহন　　তহু সুখে সুখি রহু

অতয়ে সে হোত বাধাই ॥১৫।১০৭৭॥

পাঠান্তর

১। 'জীউইতে' ক ; 'জিউইতে' চ। ২। 'রস ঢঙ্গ' স্থলে 'সঙ্গ' খ।

টীকা

১৪—১৫। "ভণ" ইত্যাদি। রাধামোহন কহিতেছেন,—উনি (অর্থাৎ শ্রীরাধা) তাঁহার (অর্থাৎ শ্রীকৃষ্ণের) সুখে' সুখী ; অতএব সেই (শ্রীকৃষ্ণের প্রিয়) বাধাই অর্থাৎ আনন্দ-উৎসব (উদ্ভূত) হইল 'বাধাই আনন্দবিশেষঃ'— পদামৃতসমুদ্র-টীকা।

গুর্জরী।[১]

উদসল কুন্তল-ভারা।

মুরতি শিঙ্গার-লখিমি[২] অবতারা ॥

অতিশয় প্রেম-বিকারা।

কামিনি করত পুরুখ[৩]-বিহারা[৪] ॥

ডোলত[৫] মোতিম-হারা।

যামুন-জলে যৈছে দুধক[৬] ধারা ॥

কুচ-কুম্ভ পালটল[৭] বয়না[৮]।

রস-অমিয়া জনু ঢারল ময়না[৯] ॥

প্রিয়তম কর[১০] তহিঁ দেবা।

সরসিজ মাহে জনু রহল[১১] চকেবা ॥

কঙ্কণ কিঙ্কিণি বাজে।

জয় জয় ডিণ্ডিম মদন সমাজে ॥

রসিক-শিরোমণি কান।

কুবিরঞ্জন রস ভাণ ॥১৬॥১০৭৮॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২৫।১০ সংখ্যক পদ। 'গুর্জ্জরী' স্থলে 'বেলোয়ার' প-র। ২। 'মুরতি' ক। ৩। 'পুরুখ' ক, খ, চ, প-র। 'পুরুখ' পাঠে ছন্দোভঙ্গ ঘটে। ৪। 'বেবহারা' প-র। ৫। 'দোলত' খ ; 'তোড়ল' প-র। ৬। 'দুধক' ক, খ, প-র। ৭। 'পালট' প-র। ৮। 'কুচকুম্ভ' ইত্যাদি পংক্তিচতুষ্টয় পদামৃতসমুদ্রের টীকায় ব্যাখ্যাত হইলেও লিপিকর-ভ্রমে উহার মূলে পরিত্যক্ত হইয়াছে ; তদ্রূপ সাহিত্য পরিষদের বিদ্যাপতির পদাবলীতে এই পদটি পদকল্পতরু হইতে উদ্ধৃত হইয়াছে বলিয়া উল্লেখ থাকিলেও ভ্রম-ক্রমে উক্ত পংক্তিচতুষ্টয় পরিত্যক্ত হইয়াছে। ৯। 'নয়না' ক। ১০। 'প্রিয়তম কর' স্থলে 'প্রিয় মরকত' প-র। ১১। 'রনক' প-র।

টীকা

১—২। "উদসল" ইত্যাদি　উদসল কুন্তলভারা ইত্যাদিনা বিগলিতকবরী। শৃঙ্গারলক্ষ্মীঃ মূর্ত্তিমতী স্বয়মবতীর্ণা' রাধামোহন ঠাকুরের টীকা।

৭—৮। "কুচকুম্ভ" ইত্যাদি। কুচকুম্ভ ও বদন বিবর্ত্তিত হইল। 'ময়না মদনঃ অমৃতরসং কলসধারয়া দদাতীব' রাধামোহনের টীকা ;—অর্থাৎ মদন কুচ-রূপ কুম্ভ দ্বারা অমৃত-রস ঢালিল—এইরূপ বোধ হইতেছে। (লুপ্তোৎপ্রেক্ষা অলঙ্কার)।

৯—১০। "প্রিয়তম" ইত্যাদি। প্রিয়তমের (যুগল) কর তাহাতে প্রদত্ত হইয়াছে ; যেন সরসিজ-যুগলের মাঝে (আরক্তিম) চক্রবাক যুগল রহিয়াছে। পদামৃত-সমুদ্র-কার রাধামোহন ঠাকুর 'দেবা' শব্দটিকে সংস্কৃত ক্রীড়ার্থক 'দিব' ধাতু হইতে নিষ্পন্ন বিশেষ্য-পদ মনে করিয়া উহার অর্থ 'ক্রীড়ন' লিখিয়াছেন। এরূপ প্রয়োগ মৈথিল-ভাষায় দেখা যায় না।

ভূপালী ।১

বিগলিত-চিকুর-মিলিত মুখ-মণ্ডল
চাঁদে বেঢ়ল ঘনমালা ।
মণিময়-কুণ্ডল শ্রবণে দুলিত ভেল
ঘামে তিলক বহি গেলা ॥
সুন্দরি তুয়া মুখ মঙ্গলদাতা ।
রতি-বিপরীত-সময়ে যদি রাখবি
কি করব হরি হর ধাতা ॥ধ্রু॥
কিঙ্কিণি কিনি কিনি কঙ্কণ কণ কণ
কল-রব নূপুর বাজে ।
নিজ-মদে মদন পরাভব মানল
জয় জয় ডিণ্ডিম বাজে ॥]
তলে একু জঘন সঘন-রব করইতে[২]
হোয়ল সৈনক ভঙ্গ ।
বিদ্যাপতি-পতি ও রস-গাহক
যামুনে মীলল গঙ্গ-তরঙ্গ ॥১৭॥১০৭৯॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২৫।১১ সংখ্যক পদ। ২। 'কহইতে' ক। 'তলে একু' ইত্যাদি কলিটির স্থলে প-র পুথির পাঠ যথা,—

'তড়িত লতাতলে জলদ সাতাওল
আতরে বহু জলধারা ।
তরল তিমির শশি সূরে গরাসল
চৌদিগে খসি পড়ু তারা ॥
অম্বর খসল ধরাধর উলটল
ধরণী ডগমগ ডোলে ।
খরতর পবন সমীর বহে বহুবেগে
চঞ্চরিগণ করু রোলে ॥
প্রলয়পয়োধি অবধি জলে ভাসল
অব নাহি যুগ অবসান ।
রতি বিপরীত কথা কো পাতিয়াওব
কবি বিদ্যাপতি ভাণ ॥'

প-র পুথির উদ্ধৃত কলি তিনটি পদকল্পতরুর ১০৯৭ সংখ্যক পদে ২য়, ৩য় ও চতুর্থ কলিরূপে উদ্ধৃত হইয়াছে।

টীকা

৫—৭। "সুন্দরি" ইত্যাদি। রাধামোহন ঠাকুরের ব্যাখ্যা—'রতি বিপরীত সময়ে যদি রাখবি অর্থাৎ তদ্রসং যদি স্থগয়সি তদা হরিহরাদয়ঃ কিং করিষ্যন্তি কিমুত তবাধীনোঽহং।' রাধামোহন ঠাকুরের প্রতিপাদিত 'রাখবি' শব্দের 'স্থগিত করিবে' অর্থ এ স্থলে সংলগ্ন হয় না। এ স্থলে 'রাখবি' শব্দের অর্থ 'রক্ষা করিবে' বা 'পালন করিবে'। তুলনা করুন,—

'আলোলামলকাবলিং বিলুলিতাং বিভ্রচ্চলৎকুণ্ডলং
কিঞ্চিন্মৃষ্ট-বিশেষকং তনুতরৈঃ স্বেদাম্ভসাং শীকরৈঃ।
তন্ব্যা যৎ সুরতান্ত-তান্ত-নয়নং বক্ত্রং রতি-ব্যত্যয়ে
তৎ ত্বাং পাতু চিরায় কিং হরি-হর-ব্রহ্মাদিভির্দৈবতৈঃ' ॥
—অমরুশতক।

বিহাগড়া ।১

গৌর দেহ সু- চারু সুবদনি[২]
শ্যামসুন্দর নাহ রে।
জলদ উপরে তড়িত সঞ্চরু
সরূপ[৩] ঐছন আহ রে ॥
পীঠ পর ঘন শ্যাম বেণী
নিরখি[৪] ঐছন ভানরে।
(জনু) উজর[৫] হাটক- পাট[৬] কর গহি
লিখন লেখু[৭] পাঁচ-বাণ রে ॥
খণ ন[৮] থির রহু সঘন সঞ্চরু
মণিক মেখল-রাব রে।
ময়ন-রায় দু- হাই কহ কহ[৯]
জঘন যশ রস গাব রে ॥
রয়নি বরু[১০] অব- সান মানিয়ে
কেলি[১১] নহ অবসান রে।
রসিক যদুপতি রমণি রাধা
সিংহভূপতি ভাণ রে ॥১৮॥১০৮০॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২৫।৯ সংখ্যক পদ। ২। 'সুচারু সুবদনি' স্থলে 'সুধারস সুবদনি' ক, খ। 'সুধার সুবদনি' ঘ, চ। ৩। 'স্বরূপ' ক, খ। ৪। 'দেখিয়ে' প-র। ৫। 'অজর' ক, খ, ঘ, চ। ৬। 'পাঁতি' ক, খ, ঘ, চ। ৭। 'লিখন লেখু' স্থলে 'লিখন লিখু' খ; 'লিখন লিখ' প-র। ৮। 'খণ ন' স্থলে 'খলন' ক, চ; 'খনন' খ, ঘ। ৯। 'কহ কহ' স্থলে 'দেই দেই' খ, ঘ। ১০। 'অরু' ক; 'বর' প-র। ১১। 'রভস' প-র।

টীকা

৭—৮। "জনু" ইত্যাদি। 'অজর হাটক পাঁতি কর গহি অনশ্বর-স্বর্ণপত্রং করে গৃহীত্বা লিখনং নিজ-পরাজয়সূচকং ব্যলিখত পঞ্চবাণঃ'—রাধামোহন ঠাকুরের টীকা। অর্থাৎ বোধ হয়, যেন (পৃষ্ঠরূপ) অনশ্বর স্বর্ণপত্র করে গ্রহণ করিয়া কন্দর্প (বেণী-রূপ) নিজের পরাজয়সূচক লিপি লিখিয়াছে। পদ-রত্নাকর পুথির 'উজর' ও 'পাট' পাঠ উৎকৃষ্টতর বলিয়া মূলে গৃহীত হইয়াছে। 'উজর হাটক-পাট' অর্থাৎ উজ্জ্বল স্বর্ণের পট্টক।

ধানশী।

বদন সোহায়ল[১] শ্রমজল-বিন্দু।
মদন মোতি দেই পূজল ইন্দু॥
প্রিয়-মুখ সমুখহি[২] চুম্বন ওজ।
চাঁদ অধোমুখে পিবই সরোজ॥
রতি-বিপরীত বিলম্বিত হার।
কনক-লতা পরি দুধক[৩] ধার॥
কিঙ্কিণি-শবদ নিতম্বহি সাজ।
মদন-বিজই[৪] রণ-বাজন বাজ॥
বিগলিত চিকুর মাল ধরু অঙ্গ।
জনু যামুন জলে গঙ্গ-তরঙ্গ[৫]॥
সুকবি বিদ্যাপতি এহ[৬] রস জান।
জলদে ঝাঁপল জনু চপল সুঠান॥১৯॥১০৮১॥

পাঠান্তর

১। 'সোহাগল' ক, খ, ঘ। ২। 'সমুখ' ক; 'সমুখহি' চ। ৩। 'দুধক' ক, খ। ৪। 'বিজয়ী' ক। ৫। 'দুধতরঙ্গ' ক; 'দুধ তরঙ্গ' চ। ৬। 'ইহ' ক, খ, চ।

মল্লার।

রতি-অবসানে বৈঠি শ্যামসুন্দর
পোঁছয়ে নিজ করে ঘাম।
জনু দ্বিজ-রাজ পুজই[১] বর কোকনদে
পরাভব পাইয়া কাম॥
অপরূপ[২] নাগর-প্রেম।
না জানিয়ে কি করব যৈছন দারিদ
পাইয়া ঘট ভরি হেম॥ধ্রু॥
বীজনে মৃদুতর পবন করই পুন
চন্দন গাত লাগায়।
খপুর কপূরযুত পর্ণ[৩] সুশোভিত
মুখ ভরি প্রচুর যোগায়॥
ঐছন বহুবিধ করিয়া সুসেবন
পুন লই[৪] কয়ল শয়ন।
কহ রাধামোহন কব হব শুভ দিন
যবহিঁ পায়ব দরশন॥২০॥১০৮২॥

পাঠান্তর

১। 'পুজই' ক, খ। ২। 'অপরূপ' ক। ৩। 'পূর্ণ' ক, খ; 'পত্র' ঘ। ৪। 'পুন লই' (প-স) স্থলে 'পুনহি' ক, খ, ঘ, চ। 'পুনহি' পাঠ ছন্দোভঙ্গ-দুষ্ট।

রসালসঃ।

কেদার।[১]

রাস-জাগরণে নিকুঞ্জ-ভবনে
আলুয়্যা[২] আলস-ভরে।

শুতলি কিশোরী আপনা পাসরি
পরাণনাথের[৩] কোরে ॥
সখি হের দেখসিয়া বা।
নিন্দ যায় ধনী[৪] চাঁদ-বদনী
শ্যাম-অঙ্গে দিয়া পা ॥ ধ্রু ॥
নাগরের বাহু করিয়া শিথান
বিথান[৫] বসন ভূষা।
নিশ্বাসে দুলিছে রতন[৬]-বেশর[৭]
হাসিখানি তাহে মিশা[৮] ॥
পরিহাস[৯] করি নিতে চাহে হরি[১০]
সাহস না হয় মনে।
ধীরি করি[১১] বোল না করিহ রোল
দাস জগন্নাথ[১২] ভণে ॥২১॥১০৮৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৫৩০ সংখ্যক পদ। 'কেদার' স্থলে 'টোড়ি' প-র-সা। ২। 'আলুঞা' ক; 'আউলাই' প-র-সা। ৩। 'প্রাণনাথের' ক, খ, ঘ, চ। ৪। 'নিন্দ' ইত্যাদি স্থলে 'নিন্দ আলি সুন্দরি' প-র-সা। ৫। 'বিথার' ক, খ। ৬। 'নাশার' খ। ৭। 'নিশ্বাসে' ইত্যাদি স্থলে প-র-সা পুথির পাঠ যথা—'নাকের নিশ্বাসে বেশর দুলিছে'। ৮। 'হাসি' ইত্যাদি স্থলে 'মুখে হাসি আছে মিশা' খ, ঘ; 'মুখে আধ হাস মিশা' প-র-সা। ৯। 'অনুমান' প-র-সা। ১০। 'চুরি' প-র-সা। ১১। 'ধীরে ধীরে' প-র-সা। ১২। 'দাস জগন্নাথ' স্থলে 'জ্ঞানদাস রস' ক; 'দ্বিজ চণ্ডীদাসে' প-র-সা। চণ্ডীদাসের মুদ্রিত সংস্করণগুলিতে এই পদটি চণ্ডীদাসের বলিয়া গৃহীত হইয়াছে। প্রাচীনতর খ, ঘ ও চ পুথির প্রমাণানুসারে ইহা জগন্নাথ দাসের রচিত বলিয়াই অনুমান হয়।

কেদার।

আলসে[১] শুতল দোঁহে মদন-শয়ানে[২]।
উরে উর দোহেঁ দোঁহার[৩] বয়ানে বয়ানে ॥
দুহুঁক উপরে দোহেঁ দুহুঁ শির রাখি।
কনয়া-জড়িত যেন মরকত কাঁতি ॥
রতি-রসে পণ্ডিত নাগর কান।
রতি-রণে[৪] পরাভব ভেল পাঁচ-বাণ ॥
স্বেদ-মকরন্দ বিন্দু বিন্দু গায়।
নরোত্তম দাস করু চামরের বায় ॥
॥২২॥১০৮৪॥

পাঠান্তর

১। 'অলসে' ঘ। ২। 'শয়নে' খ। ৩। 'দুহু দোহা' ঘ। ৪। 'রসে' ক, খ।

রসালসোপযুক্তরূপং যথা।

শ্রীগৌরচন্দ্রঃ।

ভৈরবী।[১]

সোঙরো[২] নব গৌরচন্দ্র[৩]
নাগর বনয়ারি[৪]।
নবদ্বীপ-ইন্দু করুণা-সিন্ধু
ভক্ত-বৎসলকারী[৫] ॥ ধ্রু ॥
বদন-চন্দ অধর রঙ্গ
নয়নে গলত প্রেম-তরঙ্গ
চন্দ্র কোটি ভানু কোটি
শোভা[৬] নিছয়ারি[৭]।
কুসুম-শোভিত চাঁচর চিকুর
ললাটে তিলক নাসিকা উজোর
দশন মোতিম আমিয়া হাস
দামিনি ঘনয়ারি[৮] ॥
মকর-কুণ্ডল ঝলকে গণ্ড
মণি-কৌস্তুভ-দীপ্ত কণ্ঠ
অরুণ বসন করুণ বচন
শোভা অতি ভারি।
মাল্য-চন্দন-চর্চ্চিত অঙ্গ।

লাজে লজ্জিত কোটি অনঙ্গ।
অঙ্গদ[৯] বলয়া রতন[১০]-নূপুর
যজ্ঞ-সূত্রধারি ॥
ছত্র ধরত ধরণিধরেন্দ্র
গাওত যশ ভকতবৃন্দ
কমলা-সেবিত পাদদ্বন্দ্ব
বলিয়ে[১১] বলিহারি।
কহত দীন কৃষ্ণদাস
গৌর-চরণে করত আশ।
পতিত-পাবন নিতাই চান্দ
প্রেম দানকারী ॥২৩॥১০৮৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৯৪ সংখ্যক পদ। ২। 'সোঙর' ক, খ, প-র-সা। ৩। 'গৌরচন্দ্র' (প-র-সা) স্থলে 'গৌরসুন্দর' ক, খ, ঘ, চ। ৪। 'বনওারি' খ, ঘ, প-র-সা; 'বনওয়ারি' চ। ৫। 'বচ্ছলকারী' প-র-সা। ৬। 'মুখশোভা' ক, খ। ৭। 'নিছওয়ারি' খ, চ, প-র-সা। ৮। 'ঘনওয়ারি' খ, চ, প-র-সা। ৯। 'চন্দন' ক, খ, ঘ, চ। ১০। 'তরল' খ। ১১। 'বলিয়া' ক, খ, ঘ, চ।

তথা রাগ।[১]

গোবিন্দ-মুখারবিন্দ
নিরখি মন বিচারোঁ[২]।
চন্দ্র কোটি ভানু কোটি
মদন কোটি[৩] ওয়ারোঁ[৪] ॥
সুন্দর কপোল লোল
পঙ্কজদল-নয়না।
অধরবিম্ব মধুর হাস
কুন্দকলিক-দশনা ॥
মণি-কুণ্ডল মকরাকৃত
অলক-ভৃঙ্গপুঞ্জা।
কেশরকো[৫] তিলক বৈনো
সোণে মড়ি[৬] গুঞ্জা ॥
নব জলধর তড়িদম্বর
গলে বনমালা শোহে।
লীলা-নট সূরকে প্রভু
রূপে জগ-মন-মোহে ॥২৪॥১০৮৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৯৫ সংখ্যক পদ। ২। 'বিচারো' ক। ৩। 'মদন কোটি' স্থলে 'মদনকো' প-র-সা। ৪। 'আরো' ক। ৫। 'কেশরকোহ' প-র-সা। ৬। 'সোণে মড়ি' স্থলে 'সোণে মঢ়ি' ক; 'সোণায়ে মড়ি' প-র-সা।

তথা রাগ।

রাধা-মুখ কঞ্জল বিমল
নিরখি চিত রিঝাওয়ে[১]।
কোটি চন্দ্র কোটি ভানু
মদন ছবি নিছাওয়ে[২] ॥
ভাল সুন্দর[৩] অতি মনোহর
কুবলয়দল-নয়নী।
অধর অরুণ মুকুতা দশন
হাস অমিয়াবয়নী ॥
শ্রবণ-ভূখণ জিনি রবি-ছবি
বেশরযুত[৪] নাসা।
ঘন মৃগমদ-তিলক অলক
খলিত চাঁচর কেশা ॥
জিনি নবঘন নীল বসন
গলে গজমোতি-হার।
ত্রিভুবন-মন-মোহিনি রূপ
উদ্ধব বলি হার ॥২৫॥১০৮৭॥

পাঠান্তর

১। 'ঝিঝাঙে' ক, খ। ২। 'নিছাঙে' ক, খ। ৩। 'সুন্দরি' চ। ৪। 'কেশরযুত' প-র-সা।

তথা রাগ।১

দেখ রি সখি কঞ্জল-নয়ন
কুঞ্জমে বিরাজ হেঁ২ ॥ ধ্রু ॥
বামেতে কিশোরি গোরি
অলস-অঙ্গ অতি বিভোরি
হেরি শ্যাম-বয়ন-চন্দ
মন্দ মন্দ হাস হেঁ।
অঙ্গে অঙ্গে বাহে৩ ভীড়
পুছত বাত অতি নিবীড়
প্রেম-তরঙ্গে চরকি পড়ত
কঞ্জল মধুপ সঙ্গ হেঁ ॥
শারি শুক পিকু করত গান
ভমরা ভমরি ৫ধরত তান
শুনি ধনি৬ ধনি উঠি বৈঠত
চোর চপল যাত হেঁ।
শ্রীগোপাল ভট্ট-আশ
বৃন্দাবন কুঞ্জে বাস
শয়ন সপন নয়ন৭ হেরি
ভূলল৮ মন আপ হেঁ ॥২৬॥১০৮৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৯৬ সংখ্যক পদ। ২। 'হে' ক, ঘ, প-র-সা। ৩। 'বাহেঁ' খ। ৪। 'নিবিড়' ক, খ, প-র-সা। 'নিবিড়' পাঠে ছন্দোভঙ্গ ঘটে। ৫। 'ভঙরা ভঙরী' প-র-সা। ৬। 'ধ্বনি' ক, খ; 'শুনি' ঘ। ৭। 'নয়নে' প-র-সা। ৮। 'ভুলল' ক, খ, প-র-সা।

বিভাষ।১

হেরি দুহুঁ নিশি অবসান
তৈখনে তেজল শয়ান।
সব সহচরিগণ মেলি
করি কত কৌতুক কেলি ॥
মন্দিরে করত পয়ান
করে কর ধরি২ ধনি কান।
হেরি যদু দুহুঁক বয়ান
কি করব তাক বাখান ॥২৭॥১০৮৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৯১ সংখ্যক পদ। ২। 'কর ধরি' স্থলে 'কত ধনি' ক।

ভৈরবী।১

রাধিকা-মুখারবিন্দ
কোটি ইন্দু লাজে।
নয়ন-যুগল অতি রসাল
বিবিধ রত্ন কণ্ঠমাল
উমগতি অতি২ প্রেম-বিবশ
যৌবন-মদ৩ গাজে ॥
মণি দামিনি নছত৪ দশন
পহিরি৫ গোরি নীল বসন
কঙ্কণ কিঙ্কিণি নুপুর আদি৬
মধুর মধুর বাজে।
নিরখি মুকুন্দ ছবিকে রঙ্গ
লাজে লজিত৮ কোটি অনঙ্গ
তাহে কনয়৯-মুকুর অঙ্গ
দামিনি ঘন সাজে১০ ॥২৮॥১০৯০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৯৮ সংখ্যক পদ। ২। 'উমগতি অতি' স্থলে 'উমতি গতি' প-র-সা। ৩। 'মদে' প-র-সা। ৪। 'নসত' ক, খ; 'নহত'

প-র-সা। ৫। 'পহিরে' ক, চ, প-র-সা। ৬। 'নুপুর আদি' স্থলে 'নূপুর' খ, ঘ; 'নূপুরাদি' চ। ৭। 'ছবিকে রঙ্গ' স্থলে 'ছবিতরঙ্গ' ক, প-র-সা। ৮। 'লজ্জিত' ক, খ, চ, প-র-সা। ৯। 'কনক' ক; 'কয়ল' প-র-সা। ১০। 'দামিনি' ইত্যাদি স্থলে 'বিবিধ মঞ্জির বাজে' ক, চ, প-র-সা।

তথা রাগ।১

চললহি মন্দিরে নওল কিশোরি।
হেরইতে হরি-মুখ অলস বিলোচন
চেতন-রতন চোরায়লি২ গোরি॥
ঝামর বদন শ্যাম-ঘন-চুম্বনে
প্রাতর-ধূসর-শশধর-কাঁতি।
চম্পক-মাল ললিত-করে বারই
পরিমলে লুবধল মধুকর-পাঁতি॥
বিগলিত কেশ বেশ সব খণ্ডিত
নখ-পদ-মণ্ডিত হৃদয় নেহারি।
পীত বসনে চমকি তনু ঝাঁপই
রস-আবেশে চলু চলই না৩ পারি॥
লহু লহু হাসি সম্ভাষই সহচরি
সচকিত-লোচনে দশ দিশ চাই।
গোবিন্দদাস কহই জনি গুরুজন৪
জাগব চলহ৫ তুরিতে ঘর যাই॥
॥২৯॥১০৯১॥

ইতি তৃতীয়-শাখায়াং পঞ্চদশপল্লবঃ।

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৩৯।১৭ সংখ্যক পদ। ২। 'চোরাওলি' খ, চ। ৩। 'চলু চলই না' স্থলে 'চলই নাহি' প-র। ৪। 'গোবিন্দ দাস' ইত্যাদি স্থলে 'গোবিন্দ দাস কহ জানব গুরুজন' ক, খ, চ। ৫। 'জাগব চলহ' স্থলে 'চলহ' ক, খ, চ; 'জানই বৈঠে' ঘ।

অস্যোচিত-রসোদ্গারঃ।

শ্রীগৌরচন্দ্র।

বিভাষ।১

আরে মোর গৌর কিশোর।
রজনী-বিলাস-রস-ভাবে বিভোর॥ধ্রু॥২
কহইতে গদগদ কহই না পার।
নিরজনে বসিয়া নয়নে জলধার॥
প্রেমালসে৩ ঢুলু ঢুলু অরুণ নয়ান।
কহইতে রসরস৪ বিরস বয়ান॥
চকিত-নয়নে পহুঁ৫ চৌদিশে নেহারে।
চতুর ভকতগণ পুছে বারে বারে॥
কি আছে মনের কথা কহনে৬ না যায়।
এ রাধামোহন পহু গোরা-গুণ গায়৭॥
॥১॥১০৯২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৫৯০ সংখ্যক পদ। ২। প-র-সা ব্যতীত অন্যান্য পুথিতে 'ধ্রু' নাই। ৩। 'রসালসে' প-র-সা। ৪। 'কহইতে রসরস' স্থলে 'কহই সরস রস' ক; 'কহইতে সরস' চ। ৫। 'প্রভু' ক, খ, ঘ, চ। ৬। 'বুঝন' প-র-সা। ৭। 'গোরা-গুণ গায়' স্থলে 'চকিত হৃদয়' প-র-সা।

আদৌ সখ্যুক্তিঃ।

বিভাষ।১

কহ কহ সখি নিকুঞ্জ-মন্দিরে
আজু কি হোয়ল২ ধন্দ।
চপলে ঝাঁপল জনু জলধর
নীল উতপল চন্দ॥
ফণী মণিবর উগরে৩ নিরখি
শিখিনী আনত গেল।
সুমেরু উপরে৪ সুর-তরঙ্গিণী
কেবল তরল ভেল॥

কিঙ্কিণী কঙ্কণ করু কলরব
নূপুর অধিক তাহে।
সুকাম-নটনে তুরিজতিকহুঁ[৫]
ঐছন সকল শোহে ॥
না কর[৬] গোপন নিজ পরিজন
ইহ বুঝি অনুমান[৭]।
বিদ্যাপতি-কৃত কৃপায়ে তাহারি
কোন জন ইহা গান[৮] ॥২॥১০৯৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৫৯১ সংখ্যক পদ। ২। 'হইল' ক, প-র-সা। ৩। 'উরগে' ঘ। ৪। 'শিখরে' প-র-সা। ৫। 'তুরিজতিকহু' ঘ। ৬। 'না কর' স্থলে 'নায়ক' ক। ৭। 'অনুনায়' প-র-সা। ৮। 'গায়' প-র-সা।

টীকা

৩—৪। "চপলে" ইত্যাদি। যেন চপলায় জলধরকে (এবং) চন্দ্র নীলোৎপলকে আবৃত করিল। (এ স্থলে শ্রীরাধা চপলা ও চন্দ্ররূপে এবং শ্রীকৃষ্ণ জলধর ও নীলোৎপল-রূপে বর্ণিত হইয়াছেন)।

৫—৮। "ফণী" ইত্যাদি। ফণী অর্থাৎ শ্রীরাধার উন্মুক্ত বেণী মুক্তা-জাল কিংবা পুষ্প-সমূহরূপ মণি উদ্গীরণ করিতেছে,—দৃষ্টি করিয়া শিখিনী অর্থাৎ শ্রীকৃষ্ণের ময়ূর-পুচ্ছ-শোভিত কেশ-কলাপ অন্তত্র গেল অর্থাৎ বিস্রস্ত হইয়া পড়িল এবং সুমেরু অর্থাৎ কুচের উপরে সুর-তরঙ্গিণী অর্থাৎ মুক্তাহার শুধু চঞ্চল হইল।

৯—১২। "কিঙ্কিণী" ইত্যাদি। তাহাতে কিঙ্কিণী, কঙ্কণ ও নূপুর অধিক কল-ধ্বনি করিতেছে; কন্দর্পের সুন্দর নৃত্যে (যেরূপ) তৌর্য্যত্রিক অর্থাৎ নৃত্য-গীত ও বাদ্য, ঐরূপ সকল শোভা পাইতেছে!

১৩—১৬। "না কর" ইত্যাদি। গোপন করিও না; (তোমার) নিজ পরিজন (আমরা) এই সম্ভোগ-লীলা অনুমানে বুঝিতেছি! (এই গীত) বিদ্যাপতির রচিত; তাঁহারই কৃপাতে (নাম-প্রকাশে অনিচ্ছুক?) কোন ব্যক্তি (ভাষান্তরে?) ইহা গান করিতেছেন।

বিদ্যাপতির পদাবলীর সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্র-নাথ গুপ্ত মহাশয় শেষ পংক্তিটির 'কে ন জান ইহ গান' পাঠ গ্রহণ করিয়া ঐ পাঠে লিপিকর-প্রমাদ থাকা অনুমান করিয়াছেন। বস্তুতঃ এই পদটি অবিকল বিদ্যাপতির রচিত হইলে 'কৃপায়ে তাহারি কে ন জান ইহ গান' বাক্যাংশের কোন সার্থকতা থাকে না; সুতরাং এই পদটিতে কোন অজ্ঞাতনামা কবি কর্ত্তৃক বিদ্যাপতির মৈথিল পদের ভাব ভাষান্তরিত হইয়াছে, এইরূপ অনুমান অধিকতর সঙ্গত নহে কি?

বিভাষ।[১]

আজুক রজনী[২] নিধুবনে আনি
করল বিনোদ রাস।
রসের সাগরে ডুবায়ল[৩] মোরে
ভুলল[৪] আপন বাস ॥
শুনহ মরমি[৫] সোই।
তুহুঁ সে আমার প্রাণের[৬] সোসর
তেঞি সে তোমারে কই ॥ধ্রু॥
তাহার সাধন- বচন যতেক
তাহা কি কহনে যায়।
রতি বিপরীত লাগিয়া নাগর
ধয়ল[৭] হামারি পায় ॥
তাহারি পিরিতে[৮] বশ যে হইয়া
করিলুঁ তাহারি মত।
না জানিলুঁ মুঞি তাহার সুখে[৯]
আপনি হইলুঁ রত ॥
মোর শ্রমজল হইয়া[১০] বিকল
মোছয়ে আপন করে।
বীজন লইয়া আপনি বীজয়ে
আমার ছরম-ডরে ॥

সে সব কাহিনী　　কহিতে আপনি
অবশ হইল[১১] অঙ্গ।
এ রাধামোহন-　　দাস কি শুনব[১২]
এ সব প্রেমক রঙ্গ ॥৩॥১০৯৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৫৯২ ও প-র পুথির ১৩৬৩ সংখ্যক পদ। ২। 'রজনি' খ, চ; 'জামিনি' প-র। ৩। 'ডুবাইয়া' প-র। ৪। 'ভুলল' চ; 'চলল' প-র। ৫। 'সরস' প-র। ৬। 'পরাণের' ক, খ। ৭। 'ধরল' ক। ৮। 'পিরিতি' খ। ৯। 'সুখেতে' প-র। ১০। 'দেখিয়া' প-র-সা। ১১। 'হইছে' প-র। ১২। 'এ রাধামোহন' ইত্যাদি পংক্তি দুইটির স্থলে প-র পুথির পাঠ, যথা—
'গোবিন্দদাস　　কি কহব সব
এ হেন প্রেমক রঙ্গ।'

সুহই।[১]

কি কহব রে সখি কেলি-বিলাস।
বিপরিত সুরত নায়র-অভিলাষ ॥ধ্রু॥[২]
মাতল নায়র দুরে রহু[৩] লাজ।
অবিরত কিঙ্কিণি কঙ্কণ বাজ ॥
শুনইতে ঐছন লহু লহু ভাষ।
দুহুঁ মুখ হেরইতে উপজল হাস ॥
শ্রম-জল-বিন্দু মুখে[৫] সুন্দর জোতি[৬]।
কনক-কমলে যৈছে ফুটি রহ[৭] মোতি ॥
কুচযুগ কনক-ধরাধর জানি।
ভাঙ্গি পড়য়ে[৮] জনু[৯] পহুঁ দিল পাণি ॥
ভণহুঁ[১০] বিদ্যাপতি শুন বরনারি।
নহিলে রসিক[১১] কৈছে তোহারি মুরারি ॥
॥৪॥১০৯৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৫৯৩ ও প-র পুথির ১৩৬৮ সংখ্যক পদ। ২। প-র ব্যতীত অন্যান্য পুথিতে 'ধ্রু' নাই। ৩। 'মানত' ক, খ, ঘ, চ। কোন কোন সংস্করণের 'মানয়ত' পাঠ অপ্রামাণিক ও ছন্দোভঙ্গ-দুষ্ট। ৪। 'দুরে রহু' স্থলে 'দূরে রহ' ক; 'দুরে রহু' খ। ৫। 'মুখে' ক, খ। ৬। 'জ্যোতি' ক, খ। ৭। 'রহু' ক। ৮। 'পড়ল' ক, খ, ঘ, চ। ৯। 'জনু' প-র স্থলে 'জানি' ক, খ, ঘ, চ, প-র-সা। ১০। 'ভণয়ে' ক। ১১। 'রসিক' প-র স্থলে 'কি বশ' ক, খ, ঘ; 'কি রস' চ, প-র-সা।

ভাটিয়ারি।[১]

সখি হে কি কহব নাহিক ওর।
স্বপন কি পরতেক　　কহই[২] না পারিয়ে
কিয়ে[৩] অতি নিকট কি[৪] দূর ॥ধ্রু॥
তড়িত-লতাতলে　　তিমির সাম্ভায়ল[৫]
আঁতরে[৬] সুরধুনি-ধারা।
তরল[৭] তিমির শশি　　সূর গরাসল
চৌদিগে খসি পড়ু[৮] তারা ॥
অম্বর খসল　　ধরাধর উলটল
ধরণি ডগমগ ডোলে।
খরতর-বেগ স-　　মীরণ সঞ্চরু
চঞ্চরিগণ করু রোলে ॥
প্রলয়-পয়োধি　　জলে জনু ঝাঁপল
ইহ নহ যুগ-অবসানে।
কো বিপরীত[৯]　　কথা পতিয়ায়ব[১০]
কবি বিদ্যাপতি ভাণে ॥৫॥১০৯৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৫৯৪ সংখ্যক পদ। ২। 'কথই' প-র-সা। ৩। 'কি' ক, খ, ঘ, চ। ৪। 'কি' স্থলে 'হি' প-র-সা। ৫। 'তিমির সাম্ভায়ল' স্থলে 'জলদ সম্ভোজল' প-র-সা। ৬। 'আতরে' ঘ, চ। ৭। 'তরুণ' প-র-সা। ৮। 'খসি

পড়' স্থলে 'সঞ্চরু' প-র-সা। ৯। 'পরতীত' ঘ। ১০। 'পাতিয়ায়ব' ক, খ, চ, প-র-সা।

টীকা

৪—১১। "তড়িত" ইত্যাদি পংক্তিগুলিতে শ্রীরাধার রূপ-তনু তড়িৎ-লতা, শ্রীকৃষ্ণ তিমির, শ্রীরাধার মুক্তা-হার সুরধুনী-প্রবাহ, শ্রীরাধার উন্মুক্ত কেশপাশ তরল তিমির, শ্রীরাধার ললাটের চন্দন-বিন্দু শশী, সিন্দুর-বিন্দু সুর অর্থাৎ সূর্য্য, পুষ্প-মাল্য-চ্যুত কুসুমাবলি তারা, অম্বর (বস্ত্র) অম্বর (আকাশ), কুচযুগ ধরাধর অর্থাৎ পর্ব্বত, নিতম্ব মেদিনী, নিশ্বাস-বায়ু খরতর পবন ও ভূষণ-শিঞ্জিত ভ্রমর-ধ্বনিরূপে 'অতিশয়োক্তি' অলঙ্কারের সাহায্যে বর্ণিত হইয়াছে।

১২—১৫। "প্রলয়" ইত্যাদি। ইহা যুগের অবসান নহে,—(তথাপি) যেন (স্বেদ-প্রবাহরূপ) প্রলয়-কালীন সমুদ্র-জলে আচ্ছাদন করিল। কবি বিদ্যাপতি কহিতেছেন, (এই) বিপরীত (এক অর্থে বিরুদ্ধ, অন্য অর্থে বিপরীত-সম্ভোগের) কথা কে প্রত্যয় করিবে ? [ইহার তাৎপর্য্য এই যে, কেবল প্রলয়-কালেই পূর্ব্ব-বর্ণিত নানা বিরুদ্ধ ঘটনা দৃষ্ট হয়, কিন্তু এ স্থলে যুগান্ত ব্যতীতও প্রলয়ের বিরুদ্ধ কার্য্যগুলি দৃষ্ট হইতেছে, সুতরাং ইহা কে বিশ্বাস করিবে ?]

শ্রীযুক্ত নগেন্দ্র বাবুর গৃহীত "প্রণয়-পয়োধি-জলে" পাঠ কোন পুথিতেই দৃষ্ট হয় না এবং উহার অর্থও এ স্থলে তাদৃশ সুসঙ্গত নহে।

শ্রীরাগ।১

আমার পিয়ার কথা কি কহিব সই।
যে তার চিতে তাহাই করি স্বতন্তরী নই২ ॥
তাহার৩ গলার ফুলের মালা
আমার গলায় দিল।
তাহার মত মোরে করি
সে মোর মত হৈল ॥
তুমি সে আমার প্রাণের অধিক,
তেঞি সে তোমায়৪ কহি।
এই৫ যে কাজ কহিতে৬ লাজ
আপন মনেই রহি ॥
তাহার প্রেমের বশ হইয়া
যে কহে তাহাই করি।
চণ্ডীদাস কহয়ে ভাষ
বালাই লইয়া মরি ॥৬॥১০৯৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৫৯৫ সংখ্যক পদ। ২। 'যে তার' ইত্যাদি স্থলে 'যে হয় তাহার চিতে স্বতন্তরী নই।' ক, চ, প-র-সা। ৩। 'আপনার' প-র-সা। ৪। 'তোমারি' ক, খ। ৫। 'এ' ঘ, চ, প-র-সা। ৬। 'কহইতে' ক, খ।

পুনর্ব্যক্তরূপেণ সখীং প্রতি কথয়তি।

ধানশী।১

এ কথা করিবে সই এ কথা কহিবে।
অবলা এতেক তপ করিয়াছে কবে ॥
পুরুষ পরশ২ হৈয়া নন্দের কুমার।
কি ধন লাগিয়া ধরে চরণে আমার ॥
কাহারে কহিব সখি৩ মরমের কথা।
নাগর হইয়া দেয় মোর৪ চরণে আলতা ॥
আপন চূড়ার বেশ বনায় আমারে৫।
রমণী হইয়া যেন৬ রহে মোর কোরে ॥
কহিতে সরম সই কহিতে৭ সরম।
আমারে আচরে৮ সই পুরুষ-ধরম ॥
জ্ঞানদাস কহে শুন শুন বিনোদিনি।
জিতে কি পাসরা৯ যায় কানু গুণমণি ॥
॥৬॥১০৯৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৫২৬ ও প-র পুথির ১১৫০ সংখ্যক পদ। ২। 'পরেস' প-র-সা, প-র। ৩। 'মুঞি' প র। ৪। 'দেয় মোর' স্থলে 'মোরে দেয়' প-র-সা। ৫। 'বনায় আমারে' স্থলে 'বনায়ে আমারে' ক, চ; 'দেয় মোর শিরে' প-র। ৬। 'রমণী' ইত্যাদি স্থলে 'আপনি রমণী হৈয়া' প-র। ৭। 'বলিতে' প-র। ৮। 'আমারে আচরে' স্থলে 'মোরে আচরিতে বোলে' প-র-সা। ৯। 'জিতে কি পাসরা' স্থলে, 'জিতে পাসরা না' খ।

পঠমঞ্জরী ।১

কুচযুগ চারু ধরাধর জানি।
হৃদি পৈঠব জনি২ পহুঁ দিল পাণি॥
ঘামবিন্দু মুখ হেরয়ে নাহ।
চুম্বয়ে হরষে৩ সরস অবগাহ॥
বুঝই না পারিয়ে পিয়া-মুখ-ভাষ।
বদন নেহারিতে উপজয়ে হাস॥
আপন-ভাব মোহে অনুভাবি।
না বুঝিয়ে ঐছনে৪ কিয়ে সুখ পাবি॥
তাকর বচনে কয়লুঁ সব কাজ।
কি কহব সো সব কহইতে লাজ॥
এ বিপরীত ৫বিদ্যাপতি ভাণ।
নাগরি রমইতে ৬ভয় নাহি মান॥৮॥১০৯৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৫৯৫ সংখ্যক পদ। 'পঠমঞ্জরী' স্থলে 'বিভাষ' প-র-সা। ২। 'জানি' পাঠ সকলগুলি পুথিতে দৃষ্ট হইলেও উহা ছন্দোভঙ্গ-দুষ্ট বলিয়া 'জনি' পাঠই সমীচীন বোধ হয়। ৩। 'হরষে সরস' স্থলে 'হরষ সরস' ক। ৪। 'ঐছন' ক, খ, ঘ, চ,। ৫। 'বিপরীত পহু' প-র-সা। ৬ 'মরইতে' খ।

শ্রীরাগ ।১

আজু মঝু সরম ভরম রহু দূর।
আপন মনোরথ সো পরিপূর॥
কি কহব রে সখি কহইতে হাস।
সব বিপরিত ভেল আজুক বিলাস॥ধ্রু॥
জলধর উলটি পড়ল মহি মাঝ।
উয়ল চারু ধরাধর-রাজ॥
মরকত-দরপণ হেরইতে হাম।
উচ নিচ৩ না বুঝি পড়লুঁ সোই ঠাম॥
পুন অনুমানিয়ে নাগর কান।
তাকর বচনে ভেল সমাধান॥
নি-বাসে বাস পুন দেয়ল সোই।
লাজে রহলুঁ হিয়ে আনন গোই॥
সোই রসিকবর কোরে আগোরি।
আঁচরে শ্রম-জল মোছল মোরি॥
মৃদু মৃদু৪ বিজইতে ঘূমল৫ হাম।
ভণয়ে বিদ্যাপতি রস অনুপাম॥৯॥১১০০॥৬

ইত্যাদি বিপরীত-রসোদ্গার।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৫৯৮ সংখ্যক পদ। ২। 'উয়ল' ক, খ, চ, প-র-সা। ৩। 'নীচ' ক, খ। ৪। 'মৃদু মৃদু' স্থলে 'মৃদু' ক। ৫। 'ঘুমল' ক, খ, চ, প-র-সা। ৬। অতঃপর ক, চ পুথিতে নিম্নলিখিত প্রক্ষিপ্ত পংক্তিগুলি দৃষ্ট হয়, যথা—

তথা রাগ।

'নিলজে কহিনু সখি রাখিহ হিয়ায়।
জীবন নিছিয়ে যাহে ইহ কি তাহায়॥'

টীকা

৭—৮। "মরকত" ইত্যাদি। আমি (শ্রীকৃষ্ণের বক্ষঃস্থলরূপ) মরকত-দর্পণ দৃষ্টি করিয়া, উচা-নীচা বুঝিতে না পারিয়া সেই স্থলে পতিত হইলাম। (দর্পণস্থ প্রতিবিম্ব উল্টা-ভাবে দৃষ্ট হয় বলিয়া প্রতি-

বিম্বে শয়ান শ্রীকৃষ্ণকে উপবিষ্টবৎ ও উপবিষ্ট আপনাকে শয়ানবৎ জ্ঞান করিয়া পতিত হইলাম।) তুলনা করুন,—

"প্রতিবিম্বিত-প্রিয়া-তনু
সকৌস্তুভং জয়ন্তি মুরভিদো বক্ষঃ।
পুরুষায়িতমভ্যস্যতি
লক্ষ্মীর্যদ্বীক্ষ্য মুকুরমিব॥"—আর্য্যা-সপ্তশতী।

৯—১০। "পুন" ইত্যাদি। (কিন্তু স্পর্শদ্বারা) অনুমান করিতেছি, (নিম্ন-স্থিত ব্যক্তি) নাগর শ্রীকৃষ্ণ। (ইহাতে আমি লজ্জাতুরা হইলেও) তাঁহার (অনুনয়)-বাক্যে (কার্য্যের) সমাপ্তি হইল।

১১—১২। "নি-ব'সে" ইত্যাদি। তিনি (আমার) বস্ত্রহীন (অঙ্গে) বস্ত্র দিলেন; (কেন না) আমি লজ্জায় তাঁহার বক্ষে (আমার) মুখ ঢাকিয়া রহিয়াছিলাম। ['লাজে রহলুঁ' ইত্যাদি বাক্যে অতি সুন্দর 'স্বভাবোক্তি' অলঙ্কার রহিয়াছে]।

অথ শ্রীকৃষ্ণস্য রসোদ্গারো যথা।

তদুচিত-শ্রীগৌরচন্দ্রঃ।

বিভাষ।১

অপরূপ গোরাচান্দে।
বিভোর হইয়া রাধার প্রেমে
তার গুণ কহি কান্দে॥ধ্রু॥২
নয়নে গলয়ে প্রেমের ধারা
পুলকে পূরল অঙ্গ।
খেনে গরজয়ে খেনে সে কাঁপয়ে
উথলে ভাব-তরঙ্গ॥
পারিষদগণে কহয়ে যতনে
রাধার প্রেমের কথা।
জ্ঞানদাস কহে গৌরাঙ্গ নাগর৩
যে লাগি আইলা এথা॥১০॥১১০১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৫৯৯ সংখ্যক পদ।
২। প-র-সা ব্যতীত অন্যান্য পুথিতে 'ধ্রু' নাই।
৩। 'চান্দ' প-র-সা।

সিন্ধুড়া ছুটা।১

আজুকার নিশি নিকুঞ্জেত বসি২
করল৩ বিবিধ রাস।
রসের সাগরে ডুবাইয়া৪ মোরে
বিহানে চলিলা বাস॥
শুন হে সুবল সখা।
সে হেন সুন্দরী৫ গুণের আগরি৬
পুন কি পাইব৭ দেখা॥
মদনে আগলি গলে গলে মিলি৮
চুম্বন করল৯ যত।
কেশ বেশ আদি বিথার হইল
তাহা বা কহিব কত॥
অশেষ বিশেষে বচন কহিয়া১০
আবেশে১১ লইয়া কোরে।
অঙ্গের১২ পরশে হিয়া জুড়াইল১৩
কেমনে বিসরি১৪ তারে॥
চণ্ডীদাসে কহে১৫ শুন হে নাগর
এ বড় লাগল ধন্দ।
সে রাধা রমণী রস-শিরোমণি১৬
তোমারে করিল বন্ধ॥১১॥১১০২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬০০ ও প-র পুথির ১৩৭৩ সংখ্যক পদ। ২। 'নিকুঞ্জেত বসি' স্থলে 'নিকুঞ্জে আসি' ক; 'নিকুঞ্জেত আসি' চ; 'নিকুঞ্জেতে বসি' প-র। ৩। 'কয়ল' প-র। ৪। 'ডুবাইল' ক, চ, প-র-সা। ৫। 'নাগরী' প-র-সা। ৬। 'আগোরি' খ, প-র-সা। ৭। 'হইব' প-র। ৮। 'মদনে'

ইত্যাদি স্থলে 'মদন আনন্দে লাগে গলে গলে' প-র। ৯। 'করয়ে' প-র। ১০। 'বচন কহিয়া' স্থলে 'বচন কহিয়ে' প-র-সা; 'যে কিছু কহল' প-র। ১১। 'আমারে' প-র। ১২। 'সে অঙ্গ' প-র। ১৩। 'ডুবাইল' ক, চ, প-র-সা। ১৪। 'পাসরিব' প-র। ১৫। 'চণ্ডীদাস কহে' স্থলে 'কহে বিদ্যাপতি' প-র। ১৬। 'সে রাধা' ইত্যাদি স্থলে 'রাধা বিনোদিনি রসিক রমণি' প-র।

সুহিনী।১

স্ুবলের সনে বসিয়া শ্যাম।
কহয়ে রজনি-বিলাস কাম॥
সে যে সুবদনি সুন্দরি রাই।
আবেশে হিয়ার মাঝারে লাই॥
চুম্বন করল২ কতহুঁ ছন্দ।
রভসে বিহসি মন্দ মন্দ॥
বহুবিধ কেলি করল সোই।
সে সব সপন হোয়ল মোই॥
কিবা সে বচন অমিয়া-মীঠ৩।
ভাঙুর ভঙ্গিম৪ কুটিল দীঠ॥
সে ধনি৫ হিয়ার মাঝারে জাগে।
বিদ্যাপতি কহে নবিন৬ রাগে॥১২॥১১০৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬০১ সংখ্যক পদ। ২। 'করলু' প-র-সা। ৩। 'মিঠ' ক, খ। ৪। 'ভাঙ বিভঙ্গিম' খ। ৫। 'সে ধনি' স্থলে 'ধনী' ক; 'ধনি' চ। ৬। 'নবীন' ক।

পঠমঞ্জরী।১

কি কব রাইয়ের গুণের কথা।
সব গুণে তারে গড়িলে ধাতা॥
এ রাস-বিলাস করিল যত।
এক মুখে তাহা কহিব কত॥
কিবা সে মধুর নটন গান।
অমিয়া-অধিক করিলুঁ পান॥
সে সব কহিতে হিয়া না বান্ধে।
দরশন লাগি পরাণ কান্দে॥
শুন হে পরাণ-বল্লভ সখা।
সে ধনী পুন কি পাইব দেখা॥
নয়ন-বাণে২ সে হানল যবে।
বিভোর হইয়া রহিলু তবে॥
চুম্বন করল যখন ধনী।
অথির তবহুঁ কছু না জানি॥
দৃঢ় আলিঙ্গনে হরল জ্ঞান।
বিপরীত কবিরঞ্জন ভাণ॥১৩॥১১০৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬০২ সংখ্যক পদ। ২। 'নয়ন বাণ' ক, খ, চ, প-র-সা।

সুহই।১

রাধার প্রেমের ভরে২ বিনোদ নাগর।
ধরি সুবলের করে৩ কাতর-অন্তর॥
দোঁহে চলি আয়ল৪ নিকুঞ্জক৫ মাঝ।
রাইকুণ্ড-তীরে সে৬ বসিলা রস-রাজ॥
বৃন্দা দেখি তহিঁ মীলল৭ যাই।
তাহে মিনতি বহু করল কানাই॥
শুনি৮ আওল সোই রাইক পাশ।
উদ্ধব দাস কহ মধুরিম ভাষ॥১৪॥১১০৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬০৩ সংখ্যক পদ। ২। 'তবে' ক। ৩। 'কর' প-র-সা। ৪। 'আওল' চ। ৫। 'নিকুঞ্জ' ক, খ, প-র-সা। ৬। 'সে' শব্দটি ঘ পুথিতে নাই। ৭। 'মিলল' ক। ৮। 'শুনিয়া' ক, খ, ঘ, চ।

কামোদ।১

সুন্দরি তুরিতহিঁ করহ পয়ান।
সবহুঁ তিরিথ-ফল স্বামি-সুমঙ্গল
ভানুক কুণ্ডে২ সিনান ॥ধ্রু॥
ঐছন বচন কহল যব সো সখি
গুরুজনে অনুমতি মাগি।
বহু উপহার সুকর্পুর চন্দন
লেওল ভানুক লাগি ॥
সবহুঁ সখী মেলি দেই হুলাহুলি
চলতহিঁ পন্থক মাঝ।
সো বর-সুন্দরি করি পথ চাতুরি
মিলায়ল নাগর-রাজ ॥
রাইক বদন-চান্দ হেরি মাধব
পূরল সব অভিলাষ।
দুহুঁ দরশনে দুহুঁ আরতি নব নব
কহতহিঁ গোবিন্দদাস ॥১৫॥১১০৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬০৪ সংখ্যক পদ। 'কামোদ' স্থলে 'তথা রাগ' ক ; 'পঠমঞ্জরী' প-র-সা। ২। 'কুণ্ড' প-র-সা।

ভূপালী।১

দোঁহার দুলহ দুহুঁ দরশন ভেল।
বিরহ-জনিত দুখ সব দূরে২ গেল ॥
করে ধরি বৈসায়ল৩ বিচিত্র আসনে।
রময়ে রতন-শ্যাম রমণি-রতনে ॥
বহুবিধ বিলসয়ে বহুবিধ রঙ্গ।
কমলে মধুপ যেন পাওল সঙ্গ ॥
নয়ানে নয়ান দুহাঁর বয়ানে বয়ান।
দুহুঁ গুণে দুহুঁ গুণ দুহুঁ জনে গান ॥
ভণয়ে বিদ্যাপতি নাগর ভোর।
ত্রিভুবন-বীজই৪ নাগরি ঠোর৫ ॥১৬॥১১০৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬০৫ সংখ্যক পদ। ২। 'দূরে' ক। ৩। 'বৈসায়লি' ক, খ। ৪। 'বিজয়ী' ক ; 'বিজই' প-র-সা। ৫। 'নাগরি ঠোর' স্থলে 'নাগর চোর' ক ; 'নাগরি চোর' খ। প্রাচীন পুথিতে অনেক স্থলেই 'ঠ' অক্ষরটির শিরঃস্থিত বক্র রেখা দৃষ্ট হয় না ; সুতরাং ঐ সকল স্থলে উহা 'চ' অক্ষর বলিয়া সহজেই ভ্রম হইতে পারে। এইরূপ ভ্রম হইতেই 'ঠোর' স্থলে ক, খ পুথি ও বিদ্যাপতির মুদ্রিত সংস্করণের হাস্য-জনক 'চোর' পাঠের উৎপত্তি হইয়াছে।

টীকা

৯—১০। "ভণয়ে" ইত্যাদি। বিদ্যাপতি বলিতেছেন—নাগর মুগ্ধ হইলেন ; ত্রিভুবন-পরাজয়ী শ্রীকৃষ্ণ নাগরী শ্রীরাধার স্থানে (পরাজিত হইলেন)। খ পুথির পত্রপ্রান্তে 'ঠোর' শব্দের অর্থ 'ঠাই' লিখিত আছে। 'ঠোর' শব্দের ব্যুৎপত্তি ও প্রয়োগ পরিশিষ্টে 'পদাবলি-শব্দকোষে' দ্রষ্টব্য।

তত্র জল-ক্রীড়া।

তদুচিত-শ্রীগৌরচন্দ্রঃ।

সারঙ্গ।১

জলকেলি গোরাচান্দের মনেত২ পড়িল।
পারিষদগণ সঞ্চে৩ জলেতে নামিল ॥
কারো৪ অঙ্গে কেহো কেহো৫ জল
পেলি৬ মারে।
গৌরাঙ্গ পেলিয়া৭ জল মারে গদাধরে ॥
জল-ক্রীড়া করে গোরা হরষিত-মনে।
হুলাহুলি বোলাবুলি করে জনে জনে ॥
গৌরাঙ্গচান্দের লীলা কহনে না যায়।
বাসুদেব ঘোষে তহিঁ গোরা-গুণ গায় ॥
॥১৭॥১১০৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬০৬ সংখ্যক পদ। ২। 'মনেতে' ক, খ। ৩। 'সঙ্গে' ক, প-র-সা। ৪। 'কার' ক। ৫। 'কেহ কেহ' ক, চ। ৬। 'ফেলি' ক, চ। ৭। 'ফেলিয়া' ক, চ।

আশাবরী ।১

রাধা সখি জল-কেলিষু নিপুণা২ ।
খেলতি নিজকুণ্ডে মধুরিপুণা ॥ধ্রু॥
কুচ-পট-লুণ্ঠন৩-নির্ম্মিত-কলিনা ।
আয়ুধ-পদবী-যোজিত-নলিনা ॥
দৃঢ়-পরিরম্ভণ-চুম্বন-হঠিনা ।
হিম৪-জল-সেচন৫-কর্ম্মণি কঠিনা ॥
সুখ-ভর৬-শিথিল-সনাতন-মহসা ।
দয়িত-পরাজয়-লক্ষণ-সহসা ॥১৮॥১১০৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬০৭ ও প-র পুথির ৩২১২ সংখ্যক পদ। ২। 'জলকেলিসুনিপুণা' ঘ। ৩। 'লুণ্ঠিত' প-র। ৪। 'শ্রম' প-র। ৫। 'সিঞ্চন' প-র-সা। ৬। 'ভব' প-র-সা, প-র।

টীকা

১—৮। শ্রীরাধামোহন ঠাকুরের টীকা যথা—'তত উভয়োর্জলযুদ্ধং দর্শয়তি 'রাধে'ত্যাদি। হে সখি! জলকেলিষু নিপুণা শ্রীরাধা শ্রীকৃষ্ণেন সহ নিজকুণ্ডে খেলতি পরস্পরং নানাভঙ্গ্যা জলমুৎক্ষিপতি। কীদৃশেন?—কুচয়োঃ পটলুণ্ঠনেন কঞ্চুলিকাকর্ষণেন নির্ম্মিতঃ কলিঃ কলহো যেন। সা চ কীদৃশী?—আয়ুধস্যাস্ত্র জলরূপাস্ত্রস্য পদব্যাং পথি যোজিতং তন্নিবারকত্বেন নিরূপিতং নলিনং যয়া। দৃঢ়পরিরম্ভণচুম্বনয়োর্হঠোঽস্যাস্তীতি তথা তেন। অত্র নিমিত্ত-সপ্তমী। শীতলজলসেককর্ম্মণি দৃঢ়া। সুখাতিশয়েন শিথিলং সনাতনং নিত্যং মহস্তেজো যস্য তেন। 'মহস্তৎসবতেজসো'রিত্যমরঃ। পক্ষে তন্নাম্না গোস্বামিনা সহেতি শ্লেষার্থঃ। দয়িতস্য পরাজয়চিহ্নেন সহাস্যা।"

অনুবাদ

১—৮। হে সখি! বিবিধ জল-কেলিতে নিপুণা শ্রীরাধা নিজ-কুণ্ডে শ্রীকৃষ্ণের সহিত ক্রীড়া করিতেছেন। প্রিয়তম তাঁহার কুচ-বসন অপহরণ করিতে উদ্যত হইলে, তিনি তাঁহার সহিত (কৃত্রিম) কলহ করিয়া কমল-সমূহরূপ অস্ত্র বর্ষণ করিয়া নিবারণ করিতে চেষ্টা করিতেছেন। প্রিয়তম গাঢ় চুম্বন ও আলিঙ্গনের নিমিত্ত বল-প্রয়োগ করিলে, তিনি (তাঁহার প্রতি) সবেগে শীতল জল সেচন করিতেছেন। সুখাতিশয্য হেতু প্রিয়তমের ক্রীড়াবেগ শিথিল হইলে তিনি তাঁহার পরাজয়ের লক্ষণ দর্শনে হাস্যমুখী হইতেছেন। (অপর পক্ষে অর্থ—প্রিয়তমের পরাজয়-লক্ষণ দর্শনে তিনি আনন্দ-ভর-মন্থর সনাতন গোস্বামীর সহিত হাস্য করিতেছেন।)

সারঙ্গ ।১

রাধে নিজ-কুণ্ড-পয়সি তুঙ্গীকুরু রঙ্গং ।
কিঞ্চ সিঞ্চ পিঞ্ছ-মুকুটমঙ্গীকৃত২-ভঙ্গং ॥
অস্য পশ্য ফুল্ল-কুসুম-রচিতোন্নত-চূড়া ।
ভীতিভিরতি-নীল-নিবিড়-কুন্তলমনুগূঢ়া ॥
ধাতু-রচিত-চিত্র-বীথিরম্ভসি পরিলীনা ।
মালাপ্যতি শিথিল-বৃত্তিরজনি ভৃঙ্গ-হীনা ॥
শ্রীসনাতন-মণিরত্নমংশুভিরতিচণ্ডং ।
ভেজে প্রতিবিম্ব-ভাব-দম্ভাত্তব গণ্ডং ॥

॥১৯॥১১১০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬০৮ সংখ্যক পদ। ২। 'মুকুটমঙ্গীকৃত' (প-স) স্থলে 'মুকুটমঙ্গীকুরু' ক, খ, চ, প-র-সা ; 'মুকুট ভঙ্গীকুরু' ঘ।

ধানশী।১

নাহি উঠিল দোঁহে কুণ্ডক তীর।
তনু তনু লাগল পাতল চীর॥
অঙ্গে বনায়ল নব নব বেশ।
কুঞ্জক মাঝে করল পরবেশ॥
বিবিধ মিঠাই কতহুঁ উপহার।
ভোজন করু তঁহি২ কত পরকার॥
রাইক যতনে সোই শ্যামরায়।
বহুবিধ ভুঞ্জল৩ হরিষ-হিয়ায়॥
যো কছু শেষ রহল পুন থারি।
সখি সঞে ভোজন করল বরনারি॥
তাম্বুল খাই শয়ন দুহুঁ কেল।
আলসে আকুল দোঁহে নিন্দ গেল॥
সখিগণ তাহিঁ৪ শয়ন করু কুঞ্জে।
কুসুম-শেজ রচিত রসপুঞ্জে॥
নিতি নিতি ঐছন দুহুঁক বিলাস।
বীজন করতহিঁ গোবিন্দদাস॥২০॥১১১১॥

ইতি তৃতীয়-শাখায়াং ষোড়শপল্লবঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬০৯ সংখ্যক পদ। ২। 'করু তহিঁ' স্থলে 'করতহিঁ' খ। ৩। 'ভুঞ্জল' ক; 'ভোজন করু' খ, ঘ; 'ভোজন' প-র-সা। ৪। 'তহিঁ' ক, খ, চ।

অথ জন্ম-লীলা।

আদৌ শ্রীঅদ্বৈতচন্দ্রস্য যথা।

সিন্ধুড়া।১

এ তিন ভুবন মাঝে অবনী-মণ্ডল সাজে
তাহে পুন অতি অনুপাম।
শোক দুখ অপত্রয় যার নামে শান্ত হয়
হেন সেই শান্তিপুর গ্রাম॥

টীকা

১—৮। শ্রীরাধামোহন ঠাকুরের টীকা, যথা—'ততঃ কাচিৎ সখী শ্রীকৃষ্ণস্য পরাজয়ং সূচয়ন্তী শ্রীমতীং প্রতি পুনর্জলসেকার্থং 'রাধে নিজ কুণ্ডে'-ত্যাদিকমাহ। হে রাধে! নিজকুণ্ডপয়সি রঙ্গং জলসেককৌশলং তুঙ্গীকুরু বর্দ্ধয়। পিঞ্ছমুকুটং শ্রীকৃষ্ণং সিঞ্চ। কীদৃশং ?—অঙ্গীকৃত-ভঙ্গং স্বীকৃত-পরাজয়ং। ভঙ্গ-চিহ্নান্যাহ। অস্য শ্রীকৃষ্ণস্য ফুল্ল-কুসুমেন রচিতা উন্নতচূড়া অতিনীলনিবিড়কুন্তলময়ূ লক্ষীকৃত্য ভীতিভির্গূঢ়া সংগুপ্তা লুক্কায়িতা ইত্যর্থঃ। তথা ধাতুভির্গৈরিকৈ রচিতা চিত্রপঙ্‌ক্তিরম্ভসি পরিলীনা নিমগ্না ভীতিভিরিতি সর্ব্বত্র যোজ্যম্। 'বীথিঃ পঙ্‌ক্তৌ গৃহাঙ্গে চ রূপ-কান্তারবর্ত্মনো'রিতি বিশ্বঃ। মালাপি ভৃঙ্গবিহীনা সতী শিথিল-বৃত্তিরজনি ম্লানবদনা জাতা। 'ভৃঙ্গবিহীনে'ত্যনেন ভৃঙ্গানাং পলায়নং সূচিতং তেন সর্ব্বসহায়ানাং পরাজয়ো বৃত্তঃ। যৎ শ্রীসনাতনস্য শ্রীকৃষ্ণস্য মণিরত্নং মণিশ্রেষ্ঠং কৌস্তভং অংশুভিশ্চণ্ডং পশ্যসি তদপি তব গণ্ডং প্রতিবিম্বভাব-কপটাৎ ভেজে ত্বাং শরণং গতমিতি পশ্য। 'কপটোঽস্ত্রী ব্যাজদম্ভোপধয়' ইত্যমরঃ। পক্ষে শ্রীসনাতনগোস্বামিনো মণিঃ শিরোমণিঃ শ্রীকৃষ্ণঃ তস্য রত্নম্।'

অনুবাদ

১—৮। হে শ্রীরাধে! তুমি নিজ-কুণ্ডের জলে ক্রীড়া-কৌশল বিস্তার এবং স্বীকৃত-পরাজয় শিখি-পুচ্ছধারী শ্রীকৃষ্ণের অঙ্গে জল-সেচন কর। দেখ, ফুল্ল-কুসুম-রচিত ইঁহার উন্নত চূড়া ভয়ের জন্যই সুনীল নিবিড় কুন্তলের মধ্যে লুক্কায়িত হইয়াছে! ইঁহার গৈরিক-রচিত চিত্ররাজি (ভয়ের জন্যই) জলের মধ্যে বিলীন এবং মালা শিথিল-গ্রন্থি ও ভ্রমর-রহিত হইয়াছে! প্রভাভাস্বর শ্রীকৃষ্ণের মণি-শ্রেষ্ঠ (কৌস্তভ,—অপর পক্ষে—সনাতন গোস্বামীর শিরোমণি শ্রীকৃষ্ণের রত্ন) প্রতিবিম্বচ্ছলে তোমার গণ্ডের শরণ লইয়াছে!

কুবের পণ্ডিত তায় শুদ্ধ-সত্ত্ব বিজরায়
নাভা[২] দেবী তাহার গৃহিণী।
শান্তিপুরে করি[৩] স্থিতি কৃষ্ণ-পূজা করে নিতি
ভক্তি-হীন দেখিয়া অবনী ॥
কলি-হত জীব দেখি মনে দুখ পায় অতি
ভক্ত্যে আরাধয়ে ভগবান।
সেই আরাধন-কাজে নাভা[৪] দেবী-গর্ভ মাঝে
মহাবিষ্ণু হৈলা অধিষ্ঠান ॥
মাঘ মাস শুভক্ষণে শুক্লা সপ্তমী দিনে
অবতীর্ণ হৈলা মহাশয়।
দেখিয়া পণ্ডিত অতি হৈলা হরষিত-মতি[৫]
নয়নে আনন্দ-ধারা বয় ॥
আচম্বিতে জগ-জনে আনন্দ পাইল মনে
কি লাগিয়া কেহো নাহি জানে।
এ বৈষ্ণবদাসে[৬] বলে উদ্ধার হইবে হেলে
পতিত পাষণ্ডী দীন হীনে ॥১॥১১১২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬১০ সংখ্যক পদ। ২। 'নাভা' ক। ৩। 'করে' ক। ৪। 'নাভা' ক। ৫। 'হরিষ মতি' খ, ঘ। ৬। 'এ বৈষ্ণব-দাসে' স্থলে 'বৈষ্ণবের দাসে' খ, ঘ।

কল্যাণী।১

কুবের পণ্ডিত অতি হরষিত
দেখিয়া পুত্রের মুখ।
করি জাতকর্ম্ম যে আছিল[২] ধর্ম্ম
বাঢ়য়ে মনের সুখ ॥
সব সুলক্ষণ বরণ কাঞ্চন
বদন-কমল-শোভা।
আজানুলম্বিত বাহু সুবলিত
জগ-জন-মন-লোভা ॥
নাভি সুগভীর পরম সুন্দর
নয়ন কমল জিনি।
অরুণ চরণ নখ-দরপণ
জিতি কত বিধুমণি ॥
মহাপুরুষের চিহ্ন মনোহর
দেখিয়া বিস্ময় সভে।
বুঝি ইহা হৈতে জগত তরিবে
এই করে অনুভবে ॥
যত পুরনারী শিশু-মুখ হেরি[৩]
আনন্দ-সায়রে[৪] ভাসে।
না ধরয়ে হিয়া পুন পুন গিয়া
নিরখয়ে অনিমিষে ॥
তাহার মাতারে করে[৫] পরিহারে[৬]
কহে হেন সুত যার।
তার ভাগ্য-সীমা কি দিব উপমা
ভুবনে কে সম তার ॥
এতেক বচন সব[৭] নারীগণ
কহে গদ গদ ভাষা[৮]।
জগত-তারণ বুঝল[৯] কারণ
দাস বৈষ্ণবের আশা[১০] ॥২॥১১১৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬১১ সংখ্যক পদ। ২। 'যে আছিল' স্থলে 'যেবা বিধি' খ; 'যেবা ছিল' প-র-সা। ৩। 'যত পুরনারী' ইত্যাদি পংক্তি চারিটি খ পুথিতে নাই। ৪। 'সাগরে' ক, প-র-সা। ৫। 'করি' খ, প-র-সা। ৬। 'তাহার' ইত্যাদি স্থলে 'তাহার মাতার করি পরিহার' প-র-সা। ৭। 'কহে' প-র-সা। ৮। 'ভাষ' প-র-সা। ৯। 'বুঝিল' ঘ। ১০। 'আশ' প-র-সা।

সুহই।১

বিষয়ে সকল[২] মত্ত নাহি কৃষ্ণ-নাম-তত্ত্ব
ভক্তিশূন্য হইল অবনী[৩]।
কলিকাল-সর্প-বিষে দগ্ধ জীব মিথ্যারসে
না জানয়ে কেবা[৪] সে আপনি ॥
নিজ কন্যা-পুত্রোৎসবে ধন-ব্যয় করে সভে
নাহি অন্য শুভ কর্ম্মলেশ।
যক্ষ[৫] পূজে মদ্য মাংসে নানা মতে জীব হিংসে
এই মত হৈল সর্ব্ব দেশ ॥
দেখিয়া করুণা করি কমলাক্ষ নাম ধরি
অবতীর্ণ হৈলা গৌড় দেশে।
ব্রজরাজ-কুমার সাঙ্গোপাঙ্গে অবতার
করাইব এই অভিলাষে ॥
সর্ব্ব-আগে আগুয়ান জীবের করিতে ত্রাণ
শান্তিপুরে করিলা প্রকাশ।
সকল দুষ্কৃতি যাবে সভে কৃষ্ণ-প্রেম পাবে
কহে দীন বৈষ্ণবের দাস ॥৩॥১১১৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬১২ সংখ্যক পদ। ২। 'সকলে' ক; 'সকলি' খ। ৩। 'মেদিনী' প-র-সা। ৪। 'কিবা' খ। ৫। 'জন্ম' প-র-সা।

তথা রাগ।১

জয় জয় অদ্বৈত আচার্য্য দয়াময়।
অবতীর্ণ হৈলা জীবে হইয়া সদয় ॥
মাঘ মাস শুক্লপক্ষে সপ্তমী দিবসে।
শান্তিপুরে আসি প্রভু হইলা প্রকাশে ॥
সকল মহান্ত মাঝে আগে আগুয়ান।
শিশুকালে থুইলা পিতা কমলাক্ষ নাম ॥
কলি-কাল-সাপে জীবে করিল গরাস।
দেখিয়া করুণা করি হইলা প্রকাশ ॥
॥৪॥১১১৫॥

ইত্যাদি গেয়ম্।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬১৩ সংখ্যক পদ 'তথা রাগ' স্থলে 'শ্রী' খ।

ততঃ শ্রীনিত্যানন্দচন্দ্রাবির্ভাবঃ।

শ্রীরাগ।১

রাঢ়দেশে[২] নাম একচক্রা গ্রাম
হাড়াই পণ্ডিত-ঘর।
শুভ মাঘ-মাসি শুক্লা ত্রয়োদশী
জনমিলা হলধর ॥
হাড়াই পণ্ডিত অতি হরষিত
পুত্র-মহোৎসব করে।
ধরণী-মণ্ডল করে টলমল
আনন্দ নাহিক ধরে ॥
শান্তিপুর-নাথ মনে হরষিত
করি কিছু অনুমান।
অন্তরে জানিলা বুঝি জনমিলা
কৃষ্ণের অগ্রজ রাম ॥
বৈষ্ণবের মন হৈল পরসন্ন
আনন্দ-সাগরে ভাসে।
এ দীন পামর হইবে উদ্ধার
কহে দুখী কৃষ্ণদাসে ॥৫॥১১১৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬১৪ সংখ্যক পদ। ২। 'রাঢ়দেশ' ক, প-র-সা।

সুহই।১

ভুবন-আনন্দ-কন্দ বলরাম নিত্যানন্দ
অবতীর্ণ হৈলা কলি-কালে[২]।
ঘুচিল সকল দুখ দেখিয়া ও চান্দমুখ
ভাসে লোক আনন্দ-হিলোলে[৩] ॥

জয় জয় নিত্যানন্দ রাম।
কনক-চম্পক-কাঁতি অঙ্গুলে চান্দের পাঁতি
রূপে জিতল কোটি কাম ॥ ধ্রু ॥[৪]
ও মুখ-মণ্ডল দেখি পূর্ণ-চন্দ্র কিসে লেখি
দিঘল নয়ান ভাঙু ধনু।
আজানুলম্বিত ভুজ তল থল-পঙ্কজ
কটি খীণ করি-অরি[৫] জনু ॥
চরণ-কমল-তলে ভকত-ভ্রমর বুলে
আধ বাণী অমিয়া প্রকাশ।
ইহ কলিযুগ-জীবে উদ্ধার হইবে[৭] এবে
কহে দীন দুখী কৃষ্ণদাস ॥৬॥১১১৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬১৫ সংখ্যক পদ। 'সুহই' স্থলে 'শ্রীরাগ' প-র-সা। ২। 'হৈল' ক, খ। ৩। 'সাগরে' প-র-সা। ৪। প-র-সা ব্যতীত অন্যান্য পুথিতে 'ধ্রু' নাই। ৫। 'ঐরি' ক; 'বৈরি' চ। ৬। 'আনিয়া' খ। ৭। 'হইল' ক; 'হইব' প-র-সা।

ধানশী।[১]

আগে জনমিলা নিতাইচান্দ।
পাতিলা অমিয়া করুণা ফান্দ ॥
নারীগণ সভে দেখিতে যায়।
সভারে করুণা-নয়ানে চায় ॥
দেখিয়া সে ঘরে আসিতে নারে।
রূপ হেরি তার নয়ান ঝুরে[২] ॥
দেখি সভে মনে বিচার করে।
এই কোন মহাপুরুষ-বরে ॥
দেখিতে দেখিতে বাড়য়ে সাধ।
ধীরে আসিবারে পড়য়ে বাদ ॥
মনে করি ইহায় হিয়ায় ভরি।
নয়ানে কাজর করিয়া পরি ॥
কত পুণ্য কৈল ইহার মাতা।
এ হেন বালক দিলা বিধাতা ॥
এত কহি কারু নয়ান দিয়া।
আনন্দের ধারা পড়ে বাহিয়া ॥
কারু স্তন বাহি দুগধ ঝরে।
কেহো যায় তারে করিতে কোরে ॥
এ সব বিকার রমণীগণে।
শিবরাম আশা করয়ে মনে ॥৭॥১১১৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬১৬ সংখ্যক পদ।
২। 'ঝরে' ক, চ।

তথাহি শ্রীচৈতন্য-ভাগবতে যথা[১]।

রাঢ় মাঝে[২] একচাকা নামে আছে গ্রাম।
তহিঁ অবতীর্ণ নিত্যানন্দ বলরাম[৩] ॥
হাড়াই পণ্ডিত নাম শুদ্ধ বিপ্ররাজ।
মূলে সর্ব্ব পিতা তানে কৈল পিতা-ব্যাজ ॥
মহা জয়জয়-ধ্বনি পুষ্প-বরিষণ।
সঙ্গোপে দেবতাগণ করিলা তখন ॥
কৃপা-সিন্ধু ভক্তিদাতা শ্রীবৈষ্ণব-ধাম।
অবতীর্ণ হৈলা রাঢ়ে নিত্যানন্দ রাম ॥
সেই দিন হৈতে রাঢ়-মণ্ডল সকল[৪]।
পুন পুন[৫] বাড়িতে লাগিল সুমঙ্গল[৬] ॥
॥৮॥১১১৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬১৭ সংখ্যক পদ। ২। 'মধ্যে' খ; 'দেশে' প-র-সা। ৩। 'তহিঁ' ইত্যাদি স্থলে 'তাহে' ইত্যাদি ক, খ; 'তাহা অবতীর্ণ হৈলা নিত্যানন্দ রাম' প-র-সা। ৪। 'সকলে' ক, খ। ৫। 'পুনঃ পুনঃ' ক। ৬। 'সুমঙ্গলে' ক, খ।

অথ শ্রীচৈতন্যচন্দ্রস্য জন্মলীলা

ভাটিয়ারি ।১

ফাল্গুন পূর্ণিমা তিথি সুভগ সকলি ।
জনম লভিবে গোরা পড়ে হুলাহুলি২ ॥
অম্বরে অমর সভে ভেল উনমুখ ।
লভিবে জনম গোরা যাবে সব দুখ ॥
শঙ্খ দুন্দুভি বাজে পরম হরিষে ।
জয়-ধ্বনি সুরকুল কুসুম বরিষে ॥
জগ ভরি হরিধ্বনি উঠে ঘন ঘন ।
আবালবনিতা আদি নরনারীগণ ॥
শুভক্ষণ জানি গোরা জনম লভিল৩ ।
পূর্ণিমার চন্দ্র যেন উদয় করিল৪ ॥
সেই কালে চন্দ্রে রাহু করিল গ্রহণ ।
হরি হরি ধ্বনি উঠে ভরিয়া ভুবন ॥
দীন হীন উদ্ধার হইবে ভেল৫ আশ ।
দেখিয়া আনন্দে ভাসে জগন্নাথ দাস৬ ॥
॥৯॥১১২০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬১৮ সংখ্যক পদ। ২। 'হুড়াহুড়ি' প-র-সা। ৩। 'লভিলা' ক, প-র-সা। ৪। 'করিল' ক, প-র-সা। ৫। 'হেন' ঘ। ৬। 'দেখিয়া' ইত্যাদি স্থলে 'আনন্দে ভাসে পহু জগন্নাথ দাস' প-র-সা।

তুড়ী ।১

জয় জয় কলরব নদিয়া নগরে ।
জনম লভিলা গোরা শচীর উদরে ॥
ফাল্গুন-পূর্ণিমা তিথি নক্ষত্র ফাল্গুনি ।
শুভক্ষণে জনমিলা গোরা দ্বিজমণি ॥
পূর্ণিমার চন্দ্র জিনি কিরণ প্রকাশ ।
দূরে গেল অন্ধকার পাইয়া নৈরাশ ॥
দ্বাপরে নন্দের ঘরে কৃষ্ণ অবতার ।
যশোদা-উদরে জন্ম বিদিত সংসার ॥
শচীর উদরে এবে জন্ম নদীয়াতে ।
কলিযুগের জীব সব নিস্তার করিতে ॥
বাসুদেব ঘোষ কহে মনে করি আশা ।
গৌর-পদ-দ্বন্দ্ব মনে করিয়া ভরোসা২ ॥
॥১০॥১১২১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬১৯ সংখ্যক পদ।
২। 'ভরসা' ক, খ, প-র-সা।

কল্যাণী ।১

নদিয়া-উদয়-গিরি পূর্ণ-চন্দ্র গৌরহরি
কৃপা করি করিলা উদয় ।
পাপ-তম হৈল নাশ ত্রিজগতে উল্লাস
জগ ভরি হরি-ধ্বনি হয় ॥
হেন কালে২ নিজালয়ে৩ উঠিয়া অদ্বৈত রায়ে৪
নৃত্য করে আনন্দিত-মনে ।
হরিদাস লৈয়া সঙ্গে হুঙ্কার গর্জ্জন রঙ্গে
কেনে নাচে কেহো৫ নাহি জানে ॥
দেখি উপরাগ-রাশি শীঘ্র গঙ্গাঘাটে আসি৬
আনন্দে করিল গঙ্গাস্নান ।
পাঞা উপরাগ-ছলে আপনার মনোবলে৭
ব্রাহ্মণেরে করে নানা দান ॥
জগত আনন্দময় দেখি মনে বিস্ময়
ঠারে-ঠোরে কহে হরিদাস ।
তোমার ঐছন রঙ্গ মোর মন পরসন্ন
বুঝি কিছু কাজে আছে ভাষ ॥
আচার্য্য-রত্ন শ্রীবাস হৈল মনে সুখোল্লাস
যাই স্নান করে৮ গঙ্গাজলে ।
আনন্দে বিহ্বল-মন কৈল হরি-সঙ্কীর্ত্তন
নানা দান কৈল মনোবলে ॥

এই মত ভক্ত তথি[৯]　　যার যেই দেশে স্থিতি
তাহাঁ তাহাঁ[১০] পাই মনোবলে।
নাচে করে সঙ্কীর্ত্তন　　আনন্দে বিভোল[১১] মন
দান করে গ্রহণের ছলে ॥১১॥১১২২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬২০ সংখ্যক পদ। ২। 'হেন কালে' স্থলে 'সেই কালে' প-র-সা। ৩। 'নিজালয়' প-র-সা। ৪। 'রায়' প-র-সা। ৫। 'কেহ' ক, চ, প-র-সা। ৬। 'দেখি' ইত্যাদি অবশিষ্ট কলিগুলি প-র-সা পুথিতে নাই। ৭। 'মন-বলে' খ। ৮। 'কৈল' খ। ৯। 'তভি' ঘ; 'তিথি' চ। ১০। 'তাহা তাহা' ক। ১১। 'বিহ্বল' ক, চ।

দিনান্তরে।

বিভাষ বা তুড়ী।[১]

হের দেখসিয়া　　নয়ান ভরিয়া
কি আর পুছসি আনে।
নদিয়া নগরে　　শচীর মন্দিরে
চান্দের উদয় দিনে॥
কিয়ে লাখবান　　কষিল কাঞ্চন
রূপের নিছনি গোরা।
শচীর উদর-　　জলদে নিকসিল
থীর[২] বিজুরি পারা॥
কত বিধুবর　　বদন উজোর
নিশি-দিশি সম শোভে।
নয়ান-ভ্রমর　　শ্রুতি-সরোরুহে
ধায় মকরন্দ-লোভে॥
আজানুলম্বিত　　ভুজ সুবলিত
নাভি হেম-সরোবর।
কটি করি-অরি[৩]　　উরু[৪] হেম-গিরি
এ লোচন-মনোহর[৫] ॥১২॥১১২৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬২১ সংখ্যক পদ। ২। 'স্থির' ক, চ। ৩। 'ঐরি' প-র-সা। ৪। 'উরু' ক, খ, ঘ, প-র-সা। ৫। 'মনহর' ঘ।

সুহিণী।[১]

প্রকাশ হইলা গৌরচন্দ।
দশ দিশে[২] বাড়িল[৩] আনন্দ॥
রূপ কোটি মদন জিনিয়া।
হাসে নিজ-কীর্ত্তন করিয়া॥
অতি সুমধুর মুখ আঁখি।
মহারাজ-চিহ্ন সব দেখি॥
শ্রীচরণে ধ্বজ বজ্র শোহে।
সব অঙ্গে জগ-মন মোহে॥
দূরে গেল[৪] সকল আপদ।
ব্যক্ত হইল সকল সম্পদ॥
শ্রীচৈতন্য নিত্যানন্দ জান।
বৃন্দাবন তছু পদে[৫] গান॥১৩॥১১২৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬২২ সংখ্যক পদ। ২। 'দিগে' ক, খ, চ, প-র-সা। ৩। 'বাঢ়িল' খ; 'বাঢ়ল' প-র-সা। ৪। 'গেও' প-র-সা। ৫। 'পদ' ঘ।

জয়জয়ন্তী।[১]

শ্রীচৈতন্য অবতার　　শুনি লোক নদিয়ার
উঠিল পরম মঙ্গল রে।
সকল-তাপ-হর　　শ্রীমুখ সুন্দর
দেখিয়া হইল বিভোর রে॥
অনন্ত ব্রহ্মা শিব　　আদি[২] যত দেব
সভাই নর-রূপ-ধারী রে।
গায়েন হরি হরি　　গ্রহণ[৩] ছল করি
লখিতে কেহো[৪] নাহি পারি রে॥

কেহো করে স্তুতি কারো[৪] হাতে ছাতি
কেহো চামর ঢুলায় রে।
পরম হরিষে কেহো পুষ্প বরিষে
কেহো নাচে কেহো গায় বায় রে॥
দশ দিগে ধায় লোক নদিয়ায়
করিয়া উচ্চ হরি-ধ্বনি রে।
মানুষ দেবে মেলি এক ঠাঞি[৬] করে কেলি
আনন্দে নবদ্বীপপুরী রে॥
শচীর অঙ্গনে সকল দেবগণে
প্রণত হইয়া পড়িল রে।
গ্রহণ-অন্ধকারে লখিতে কেহো নারে
দুর্জ্ঞেয় চৈতন্যের[৭] খেলা রে॥
সকল শক্তি সঙ্গ আইলা গৌরাঙ্গ
পাষণ্ডী কেহো নাহি জানে রে।
রাহু ধরল ইন্দু প্রকাশে[৮] নাম-সিন্ধু
কলি-মর্দ্দন বান্ধে[৯] বানা রে॥১৪॥১১২৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬২৩ সংখ্যক পদ। ২। 'আদি করি' প-র-সা। ৩। 'গ্রহণের' প-র-সা। ৪। 'কোই' খ, ঘ, চ। ৫। 'কার' ক। ৬। 'এক ঠাঞি' স্থলে 'একত্র' প-র-সা। ৭। 'চৈতন্য' ক, খ, প-র-সা। ৮। 'প্রকাশ' ক। ৯। ঘ পুঁথি ছাড়া অন্যান্য পুথিতে 'বান্ধে' শব্দ নাই।

তথা রাগ।[১]

দুন্দুভি ডিণ্ডিমি[২] মহুরী[৩] জয়-ধ্বনি
গাওয়ে মধুর[৪] বিষাণ[৫] রে।
বেদের অগোচর ভেটিব গৌরবর
বিলম্বে নাহি আর কাজ রে॥
আনন্দে[৬] ইন্দ্রপুর মঙ্গল-কোলাহল
সাজ সাজ বলি সাজ রে।
বহু পুণ্যভাগে[৭] চৈতন্য প্রকাশে
পাওল নবদ্বীপ মাঝ রে॥
অন্যোন্যে[৮] আলিঙ্গন চুম্বন ঘনে ঘন
লাজ কেহো নাহি মানে রে।
নদিয়া-পুরবাসী জনম-উল্লাসী
আপন পর নাহি জানে রে॥
ঐছন কৌতুকে[৯] দেবতা নবদ্বীপে
আওল শুনি হরি-নাম রে।
পাইয়া গৌর-রসে বিভোর পরবশে
চৈতন্য জয় জয় গান রে॥
দেখিলা শচী-গৃহে গৌরাঙ্গ পরকাশে
একত্রে কত কোটি চান্দ রে[১০]॥
মানুষ-রূপ ধরি গ্রহণ-ছল করি
বোলয়ে উচ্চ হরি-নাম রে॥
সকল শক্তি সঙ্গে আইলা গৌরাঙ্গে
পাষণ্ডী কেহো নাহি জানে রে।
শ্রীচৈতন্য নিত্যানন্দ অদ্বৈত আদি ভক্ত-বৃন্দ
বৃন্দাবনদাস গুণ গান রে॥১৫॥১১২৬॥

ইত্যাদি শ্রীঅদ্বৈত-নিত্যানন্দ-
গৌরচন্দ্রস্য জন্ম-লীলা।
ইতি তৃতীয়-শাখায়াং সপ্তদশপল্লবঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬২৪ সংখ্যক পদ। ২। 'ডিণ্ডিম' ক, ঘ, চ। ৩। 'মহরি' প-র-সা। ৪। 'মধু' খ। ৫। 'বিশাল' প-র-সা। ৬। 'আনন্দ' প-র-সা। ৭। 'পুণ্য ভাগ্যে' ক; 'পুণ্য ভাবে' প-র-সা। ৮। 'অনন্তে' প-র-সা। ৯। 'কৌতুক' ক। ১০। 'একত্রে' ইত্যাদি স্থলে 'একত্রে যৈছে কত কোটি চান্দ রে' ক; 'একত্র ঐছে কোটি চান্দ রে' চ।

অথ শ্রীকৃষ্ণস্য জন্ম-লীলা।

নন্দোৎসবঃ।

অস্তোচিত-শ্রীগৌরচন্দ্রঃ।

কল্যাণী।১

পুরুব জনম- দিবস দেখিয়া
আবেশে গৌর রায়।
নিজগণ২ লৈয়া হরষিত হৈয়া
নন্দ-মহোৎসব গায়॥
খোল করতাল বাজয়ে রসাল
কীর্ত্তন জনম-লীলা।
আবেশে আমার গৌরাঙ্গ-সুন্দর
গোপ-বেশ নিরমিলা॥
ঘৃত ঘোল দধি গো-রস হলদি
অবনী মাঝারে ঢালি।
কান্ধে ভার করি তাহার উপরি
নাচে গোরা বনমালী॥
করেতে৩ লগুড় নিতাই সুন্দর
আনন্দ-আবেশে নাচে।
রামাই মহেশ রাম গৌরীদাস
নাচে তার পাছে পাছে৪॥
হেরিয়া যতেক নীলাচল৫-লোক
প্রেমের পাথারে ভাসে।
দেখিয়া বিভোর আনন্দ-সাগর
এ জগমোহন দাসে৬॥১॥১১২৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬২৫ সংখ্যক পদ। ২। 'দ্বিজগণ' ক, খ, ঘ, চ। ৩। 'করেতে' প-র-সা। ৪। 'পিছে পিছে' প-র-সা। ৫। 'নীলাচল' প-র-সা। ৬। 'এ জগমোহন দাসে' স্থলে 'গায় বৃন্দাবন দাসে' প-র-সা।

বিভাষ।১

নিশি-অবশেষে জাগি বরজেশ্বরি
হেরই বালক-মুখ চান্দে।
কতহুঁ উল্লাস কহই না পারিয়ে২
উথলই হিয়া নাহি বান্ধে॥
আনন্দ কো করু ওর।
শুনি ধনি৩ নন্দ গোপেশ্বর আয়ল
শিশু-মুখ হেরিয়া বিভোর॥ধ্রু॥
চলতহিঁ খলত উঠত খেনে গীরত৪
কহি সব গোকুল-লোকে।
আয়ল বন্দিগণ ব্রাহ্মণ সজ্জন
করতহিঁ জাত বৈদিকে॥
দধি ঘৃত নবনি হরিদ্রা হৈয়ঙ্গব
ঢালত অঙ্গন মাঝে।
কহ৫ শিবরাম দাস আনন্দে নাচত
গাওত ব্রজবর-রাজে॥২॥১১২৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬২৬ সংখ্যক পদ। ২। 'পারই' প-র-সা। ৩। 'ধ্বনি' ক। ৪। 'গিরত' ক, চ, প-র-সা। ৫। 'কহ' ইত্যাদি স্থলে—'কহ শিবরাম দাস অব আনন্দে নাচত গাওত ব্রজবর-রাজে॥' ক, খ, ঘ, চ।

ধানশী।১

নন্দ সুনন্দ যশোমতি রোহিণি
আনন্দ করত বাধাই।
গোকুল নগর-লোক সব হরষিত
নন্দ-মহল২ চলু ধাই॥
গোরোচনা জিনি গোরি সুনাগরি
নব নব রঙ্গিণি সাথ৩।
নন্দ-সূন৪ সবে হেরইতে আনন্দে
লোক চলত পথ মাঝ॥

আনন্দে[৫] কো করু ওর।
পন্থহি গান[৬] তান[৭] কত করতহিঁ
মন-সুখে সব জন ভোর॥ ধ্রু॥
আওল নন্দ-মহল মহা আনন্দে
অঙ্গনে ভেল উপনীত।
যশোমতি রোহিণি লেই সব গোপিনি
করতহি সব জনে[৮] প্রীত॥
যশোমতি-বয়ন হেরি সভে পুছই[৯]
কৈছন বালক দেখি[১০]।
জনম সফল ভুয়া আনন্দ ধন জন
পুণ্য ভুবনে কত লেখি[১১]॥
গোপ গোপিগণ দধি ঘৃত মাখন
ঢালত ভারহি ভার।
কহ শিবরাম সকল দুখ মীটল[১২]
আনন্দে কো করু পার॥৩॥১১২৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬২৭ সংখ্যক পদ। ২। 'মহলে' খ, প-র-সা। ৩। 'সাত' ঘ। ৪। 'সুন' ক, খ, চ; 'শুন' প-র-সা। ৫। 'আনন্দ' ক, খ। ৬। 'গমনে' খ। ৭। 'তাল' প-র-সা। ৮। 'জন' ক, চ। ৯। 'পুছত' ক, চ, প-র-সা। ১০। 'তোর' প-র-সা। ১১। 'দেখি' ক, খ, চ। 'জনম সফল' ইত্যাদি পংক্তিদ্বয়ের স্থলে—'শুনি জসোমতি আনন্দে অতি দেখহ বালক মোর॥' প-র-সা। ১২। 'মিটব' ক; 'মিটল' চ।

ভৈরবী।[১]

পুত্রমুদারমসূত যশোদা।
সমজনি বল্লব-ততিরতিমোদা[২]॥ধ্রু॥
কোঽপ্যুপনয়তি[৩] বিবিধমুপহারম্।
নৃত্যতি কোঽপি জনো বহুবারম্॥
কোঽপি মধুরমুপগায়তি গীতম্।
বিকিরতি কোঽপি সদধি-নবনীতম্॥
কোঽপি তনোতি মনোরথ-পূর্ত্তিম্।
পশ্যতি কোঽপি সনাতন-মূর্ত্তিম্॥৪॥১১৩০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬২৮ সংখ্যক পদ। ১১৩০।১১৩১ সংখ্যক পদদ্বয় নরহরি চক্রবর্ত্তীর 'ভক্তি-রত্নাকর' গ্রন্থে (রামনারায়ণ বিদ্যারত্নের সংস্করণ) ২৭৮ পৃষ্ঠায় উদ্ধৃত হইয়াছে। ২। ভ-র গ্রন্থ ব্যতীত অন্যান্য পুথিতে 'ধ্রু' নাই। ৩। 'কাপ্যুপনয়তি' ক; 'কোপ্যপনয়তি' প-র-সা।

টীকা

১—৮। "পুত্র"মিত্যাদি। যশোদা উদারং মহান্তং পুত্রং অসূত প্রসূতবতী। বল্লবততিঃ গোপ-সমাজঃ অতিমোদা প্রকৃষ্টহর্ষঃ সমজনি জাতঃ। কোঽপি বিবিধমুপহারং উপনয়তি সমাগতদ্বিজাদিভ্যঃ বিতরতি। কোঽপি জনো বহুবারং হর্ষাতিরেকাৎ বারং বারং নৃত্যতি। কোঽপি মধুরং গীতং উপ-গায়তি কোঽপি দধ্না সহ নবনীতং বিকিরতি দধি-নবনীতাদিকং ভূমৌ বিকীর্য্য মঙ্গলমাচরতীতি ভাবঃ। কোঽপি মনোরথপূর্ত্তিং বাঞ্ছিতপূরণং যাচকানামিতি শেষঃ তনোতি বিদধাতি কোঽপি সনাতনমূর্ত্তিং শ্রীকৃষ্ণং পক্ষে সনাতনগোস্বামিনঃ আরাধ্যমূর্ত্তিং পশ্যতি।

অনুবাদ

১—৮। যশোদা পুত্র-রত্ন প্রসব করিলেন; গোপগণ আনন্দোৎফুল্ল হইলেন। কেহ বিবিধ উপহার আনয়ন ও কেহ বারম্বার নৃত্য করিতেছেন। কেহ মধুর স্বরে গান করিতেছেন ও কেহ দধির সহিত নবনীত ছড়াইতেছেন। কেহ (যাচকদিগের) বাঞ্ছিত-পূরণ করিতেছেন; কেহ বা সনাতন-মূর্ত্তিকে দেখিতেছেন।

আশাবরী ॥১

বিপ্র-বৃন্দমভূদলঙ্কৃতিং-গোধনৈরপি পূর্ণম্।
গায়নানপি মদ্বিধান্ ব্রজনাথ তোষয় তূর্ণম্ ॥
সুনুরদ্ভুত৩-সুন্দরোঽজনি৪ নন্দরাজ তবায়ম্।
দেহি গোষ্ঠ-জনায় বাঞ্ছিতমুৎসবোচিত-দায়ম্৫
॥ ধ্রু ॥
তাবকাত্মজ-বীক্ষণ-ক্ষণ-নন্দি মদ্বিধ-চিত্তম্।
যন্ন কৈরপি লব্ধমর্থিভিরেতদিচ্ছতি বিত্তম্ ॥
শ্রীসনাতন-চিত্ত-মানস-কেলি-নীল-মরালে।
মাদৃশাং৬ রতিরত্র তিষ্ঠতু সর্ব্বদা তব বালে ॥
॥৫॥১৩১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬২৯ সংখ্যক পদ। ২। 'বৃন্দমভূদলঙ্কৃতি' (ভ-র) স্থলে 'বৃন্দমভূদলঙ্কৃত' ক, খ, ঘ, চ; 'বৃন্দমভূদলঙ্কৃতং' প-র-সা। ৩। 'সুনরদ্ভুত' (?) ঘ। ৪। 'সুন্দরো জানে' খ। ৫। ভ-র ব্যতীত অন্যান্য পুথিতে 'ধ্রু' নাই। ৬। 'মাদৃশাং' স্থলে 'মাদৃশং' ঘ, চ।

টীকা

১—৮। "বিপ্রবৃন্দ"মিত্যাদি। হে ব্রজনাথ ব্রজেশ্বর নন্দ! বিপ্রবৃন্দং ব্রাহ্মণসমূহঃ অলঙ্কার-গোধনৈঃ পূর্ণং পুরিতাভিলাষঃ অভূৎ জাতঃ মদ্বিধান্ মৎসদৃশান্ গায়নান্ গায়কান্ অপি তূর্ণং সত্বরং তোষয় রত্নাদিদানেন প্রীণয়। হে নন্দরাজ! তব অয়ং সুনুঃ কুমারঃ অদ্ভুতসুন্দরঃ অপূর্ব্বসুশ্রীকঃ অজনি জাতবান্। অতঃ গোষ্ঠজনায় গোপজনায় বাঞ্ছিতমভীষ্টং উৎসবোচিত-ধনং দেহি। তাবকস্য ত্বৎসম্বন্ধিনঃ আত্মজস্য বীক্ষণ-ক্ষণেন দর্শনানন্দেন নন্দতে মোদতে ইতি তথা মদ্বিধানাং জনানাং চিত্তং যৎ কৈরপি অর্থিভির্যাচকৈঃ ন লব্ধং প্রাপ্তং এতৎ এতাবৎ বিত্তং ধনং ইচ্ছতি অভিলষতি অন্যজনদুর্ল্লভং ধনং কাঙ্ক্ষতীতি ভাবঃ। শ্রীঃ সনাতনী যস্য স শ্রীকৃষ্ণস্তস্মিন্ চিত্তং যেষাং অর্থাৎ তদ্ভক্তানাং মানসং এব মানসসরঃ তস্মিন্ কেলিবিষয়ে যো নীলমরালঃ নীলমরালবৎ শ্রীকৃষ্ণঃ তস্মিন্। পক্ষে শ্রীসনাতনস্য গোস্বামিনঃ চিত্তমেব মানসং মানসসরস্তস্মিন্নিত্যাদি শেষং পূর্ব্ববৎ। তব অত্র বালকে মাদৃশাং ত্রিতাপকাতরাণাং ইতি ভাবঃ রতিরনুরাগঃ সর্ব্বদা তিষ্ঠতু স্থিরীভবতু।

অনুবাদ

১—৮। হে ব্রজেশ্বর! বিপ্র-বৃন্দ অলঙ্কার ও গোধনের দ্বারা পরিতৃপ্ত হইয়াছেন; (এখন) মাদৃশ গায়কদিগকেও সত্বর সন্তুষ্ট করুন। হে নন্দরাজ! আপনার এই পুত্র অতি অপূর্ব্ব সৌন্দর্য্যশালী জন্মিয়াছেন; আপনি গোপগণকে উৎসবোচিত অভীষ্ট ধন দান করুন। আপনার পুত্র-দর্শনানন্দোৎফুল্ল মাদৃশ জনের চিত্ত, যাহা অন্যে পায় নাই, এইরূপ বিত্ত কামনা করিতেছে। কৃষ্ণগত-চিত্ত ব্যক্তিগণের চিত্ত-রূপ মানস-সরোবরের সুনীল মরাল (অপর পক্ষে—সনাতন নামক গোস্বামীর চিত্তরূপ মানসের সুনীল মরাল) আপনার এই বালকের প্রতি মাদৃশ জনের অনুরাগ সর্ব্বদা অবিচলভাবে অবস্থান করুক।

তুড়ী ॥১

জয় জয় ধ্বনি ব্রজ ভরিয়া রে।
উপনন্দ অভিনন্দ সনন্দ নন্দন নন্দ
পঞ্চ ভাই২ নাচে বাহু তুলিয়া রে ॥ধ্রু॥
যশোধর যশোদেব সুদেবাদি গোপ সব
নাচে নাচে আনন্দে ভুলিয়া রে।
নাচে রে নাচে রে নন্দ সঙ্গে লৈয়া গোপ-বৃন্দ
হাতে লাঠি কান্ধে ভার করিয়া রে ॥
খেনে নাচে খেনে গায় সূতিকা-গৃহেতে ধায়
গিরয়ে৩ বালক-মুখ হেরিয়া রে।
দধি দুগ্ধ ভারে ভারে ঢালয়ে অবনী পরে
কেহ শিরে ঢালে দধি তুলিয়া রে ॥
লগুড় লইয়া করে আওল ধীরে ধীরে
নন্দের জননী নাচে বরীয়সী৪ বুঢ়িয়া৫ রে।
যত বৃদ্ধ গোপ নারী জয়কার৬-ধ্বনি করি
আশীষ করয়ে শিশু বেঢ়িয়া৭ রে ॥

নর্ত্তক বাদক কত নাচে গায় শত শত
ধেনু ধায় উচ্চ পুচ্ছ করিয়া রে।
ভোর হৈল গোপ সব অপরূপ নন্দোৎসব
এ দাস শিবাই নাচে ফিরিয়া রে॥

॥৬॥১১৩২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬৩০ সংখ্যক পদ। ২। 'পঞ্চ ভাই' স্থলে 'সবে মেলি' ক, খ, চ; 'পাঁচ ভাই' ঘ। ৩। 'ফিরয়ে' ক, খ। ৪। 'বরিয়সি' ক, খ, চ, প-র-সা; 'বরীয়সি' ঘ। ৫। 'বুড়িয়া' ক। ৬। 'জয়কার' ক, চ। ৭ 'বেড়িয়া' ক।

ঝুমর।১

স্বর্গে দুন্দুভি বাজে নাচে দেবগণ।
হরি হরি হরি ধ্বনি ভরিল ভুবন॥
ব্রহ্মা নাচে শিব নাচে আর নাচে ইন্দ্র।
গোকুলে গোয়ালা নাচে পাইয়া গোবিন্দ॥
নন্দের মন্দিরে গোয়ালা আইল ধাইঞা।
হাতে লড়ি২ কান্ধে ভার নাচে থৈয়া থৈয়া৩॥
দধি দুগ্ধ ঘৃত ঘোল অঙ্গনে ঢালিয়া।
নাচে রে নাচে রে নন্দ গোবিন্দ পাইয়া॥
আনন্দ হইল বড় আনন্দ হইল।
এ দাস শিবাইর মন ভুলিয়া রহিল॥

॥৭॥১১৩৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬৩১ সংখ্যক পদ। 'ঝুমর' স্থলে 'তুড়ী' প-র-সা। ২। 'লাঠি' ক, খ, ঘ, চ। ৩। 'থেইয়া থেইয়া' ঘ, চ।

কল্যাণী।১

যশোদা-নন্দন দেখি আনন্দে পূর্ণিত আঁখি
কৌতুকে নাচয়ে২ গোপ-রাণী।
তৈল হরিদ্রা পায় সভে সভার অঙ্গে দেয়
হুলাহুলি দিয়া জয়-ধ্বনি॥

কেহো নাচে কেহো গায় কেহো নানা বাদ্য বায়
নন্দের আনন্দের নাহি সীমা।
উৎসব করয়ে রোলে ঘন ঘন হরি বোলে
কি কহিব যশোদার মহিমা॥
অখিল-ভুবন-পতি অনাথ জনার গতি৩
সকল দেবের শিরোমণি।
আজু শুভ দিন মোরে হৈলা প্রভু নন্দ-ঘরে
বড় ভাগ্যবতী নন্দ-রাণী॥৮॥১১৩৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬৩২ সংখ্যক পদ। ২। 'নাচে' ক। ৩। 'অখিল-ভুবন-পতি' ইত্যাদি কলিটি প-র-সা ব্যতীত অন্যান্য পুথিতে নাই, তৎ-স্থলে 'ইত্যাদি' শব্দ আছে।

ঝুমর মধ্যে।১

যোগমায়া ভগবতী দেবী পৌর্ণমাসী।
দেখিয়া যশোদা-পুত্র নন্দ-গৃহে আসি॥
সভে সাবধান করি যশোদারে কহে।
বহু পুণ্যে এ হেন বালক মিলে২ তোহে॥
বহু আশার্ব্বাদ কৈলা হরষিত হৈয়া।
রূপ নিরখয়ে সুখে এক-দিঠে চাইয়া॥
এ দাস শিবাই বলে অপরূপ হেরি৩।
দেখিয়া বালক-ঠাম যাঙ বলিহারি॥

॥৯॥১১৩৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬৩৩ সংখ্যক পদ। ২। 'মেন' প-র-সা। ৩। 'এ দাস শিবাই' ইত্যাদি ভণিতার কলি প-র-সা ব্যতীত অন্যান্য পুথিতে নাই।

আশোয়ারী ।১

ব্রজরাজ-কোঙর ।
গোকুল-উদয়গিরি-চাঁদ উজোর ॥ ধ্রু[২] ॥
কোটি ইন্দু জিনি মুখ তনু জলধর ।
একত্র উদয়ে আলো[৩] করিয়াছে ঘর ॥
মুখ নীল-সরোরুহ বিম্বু অধর ।
অরুণ-কমল শ্রুতি নয়ান ভ্রমর ॥
করভ জিনিয়া কর রক্তপল্লবর ।
নীল ধরাধর উর[৪] নাভি সরোবর ॥
সিংহের শাবক কটি অতি মনোহর ।
উলটি কদলী উরু দেখিতে সুন্দর ॥
ও থল[৫]-কমল জিনি চরণ রাতুল ।
হেরিয়া উদ্ধব পহুঁ চিত মন ভুল ॥
॥১০॥১১৩৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬৩৪ সংখ্যক পদ। ২। প-র-সা ব্যতীত অন্যান্য পুথিতে 'ধ্রু' নাই। ৩। 'আল' ক, খ, ঘ, প-র-সা। ৪। 'উরু' ক, খ, ঘ, প-র-সা। ৫। 'ও থল' স্থলে 'উথল' প-র-সা।

অথ শ্রীরাধিকায়া জন্মোৎসবঃ।

তত্র শ্রীগৌরচন্দ্রঃ।

গোরা-রূপে কি দিব তুলনা[১] ।
তুলনা[২] নহিল যে কষিল বান[৩] সোণা ॥
মেঘের বিজুরী নহে রূপের উপাম ।
তুলনা নহিল রূপে চম্পকের দাম ॥
তুলনা নহিল স্বর্ণ[৪]-কেতকীর দল ।
তুলনা নহিল গোরোচনা নিরমল ॥
কুঙ্কুম জিনিয়া অঙ্গ-গন্ধ[৫] মনোহরা ।
বাসু কহে কি দিয়া গড়িল বিধি গোরা ॥
॥১১॥১১৩৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৩৭৭ ও ১৬৪১ ও প-র পুথির ২১১ সংখ্যক পদ। ২। 'উপমা' ক, খ, ঘ, চ। ৩। 'কষিল বান' স্থলে 'কসিদ কাঁচা' প-র। ৪। 'রূপের' প-র-সা; 'রূপে' প-র। ৫। 'অঙ্গ-গন্ধ' স্থলে 'রূপ অতি' প-র-সা, প-র।

"গাও রে গৌরাঙ্গ-গুণ গাও।
গাইয়া দেখ কেমন জুড়াও ॥"
ইত্যাদি পূর্ব্বাপরং গীয়তে।

কল্যাণী ।১

ভাদ্র-শুক্লাষ্টমী তিথি　　বিশাখা নক্ষত্র তথি
শ্রীমতীর জনম সেই কালে।
মধ্যদিন-গত রবি　　দেখিয়া বালিকা-ছবি
জয় জয় দেই কুতূহলে ॥
বৃষভানু-রাজপুরে[২]　　প্রতি ঘরে প্রতি ঘরে[৩]
জয় রাধে শ্রীরাধে রাধে বোলে।
কন্যার শ্রী-মুখ[৪] দেখি　　রাজা হৈলা মহাসুখী
দান দেই ব্রাহ্মণ সকলে ॥
নানা দ্রব্য হস্তে করি　　নগরের যত নারী
আইলা সভে কীর্ত্তিদা[৫]-মন্দিরে।
অনেক পুণ্যের ফলে　　দৈব হৈলা অনুকূলে
এ হেন বালিকা মিলে[৬] তোরে ॥
মোদের মনে হেন লয়　　এহোত[৭] মানুষ নয়
কোন ছলে কেবা জনমিলা।
ঘনশ্যাম[৮] দাস কয়　　না করিহ সংশয়
কৃষ্ণ-প্রিয়া সদয় হইলা ॥১২॥১১৩৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬৪৩ সংখ্যক পদ। ২। 'পুরে' ক, খ, ঘ, চ। ৩। 'প্রতি ঘরে' স্থলে 'ঘরে' ক, খ, ঘ, চ। ৪। 'চান্দ-মুখ' ক, খ, ঘ, চ। ৫। 'কৃত্তিকা' ক, চ, প-র-সা। ৬। 'মেছু'

প-র-সা। ৭। 'এহত' প-র-সা। ৮। 'ঘনরাম' প-র-সা।

আশোয়ারী ।[১]

জয় জয়[২] বৃষভানু-তনি।
অবনী উয়ল থির বিজুরী জিনি ॥
অরুণ অধর মুখ চন্দ্র জিনি।
উগারে অমিয়া তাহে ঈষত হাসনি ॥
নয়নযুগল শ্রুতি অতি মনলোভা।
কর-পদতল এই অষ্ট পদ্ম-শোভা ॥
মুখ-ইন্দু গণ্ডযুগ ভালে অর্দ্ধ চান্দে।
কর-পদ-নখে কত বিধু পড়ি কান্দে ॥
কনক-মৃণাল ভুজ নাভি সরোবর।
এ দাস উদ্ধব হেরি চিত[৩] মনোহর ॥

॥১৩॥১১৩৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬৪৪ সংখ্যক পদ। ২। 'জয় জয়' স্থলে 'জয়' ক, খ, ঘ, চ। ৩। 'হেরি চিত' স্থলে 'কহে বিচিত্র' খ।

ঝুমর ।[১]

বৃষভানু-পুরে আজু[২] আনন্দ বাধাই।
রত্নভানু সুভানু নাচয়ে তিন ভাই ॥
দধি ঘৃত নবনীত গো-রস হলদি।
আনন্দে অঙ্গনে ঢালে নাহিক অবধি ॥
গোপ গোপী নাচে গায় যায় গড়াগড়ি।
মুখরা নাচয়ে বুড়ী হাতে লৈয়া নড়ি ॥
বৃষভানু রাজা নাচে অন্তর[৩]-উল্লাসে।
আনন্দ বাধাই গীত গায় চারি পাশে ॥
লক্ষ লক্ষ গাবী বৎস অলঙ্কৃত করি।
ব্রাহ্মণে করয়ে দান আপনা পাসরি ॥
গায়ক নর্ত্তন ভাট করে উতরোল।
দেহ দেহ লেহ লেহ শুনি এহি বোল ॥
কন্যার বদন দেখি কীর্ত্তিদা[৪] জননী।
আনন্দে অবশ দেহ আপনা না জানি ॥
কত কত পূর্ণ-চন্দ্র জিনিয়া উদয়।
এ দাস উদ্ধব হেরি আনন্দ হৃদয় ॥

॥১৪॥১১৪০॥

ইতি জন্মলীলা।

তৃতীয়-শাখায়াং অষ্টাদশ-পল্লবঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬৪৬ সংখ্যক পদ। ২। 'আজি' ক, প-র-সা। ৩। 'আনন্দ' প-র-সা। ৪। 'কৃত্তিকা' ক, চ, প-র-সা।

অথ বাৎসল্যং কৌমারকালোচিতং যথা।

শ্রীগৌরচন্দ্রঃ।

তুড়ী ।[১]

এক মুখে কি কহব গোরাচান্দের লীলা।
হামাগুড়ি যায় নানা রঙ্গে শচীর বালা[২] ॥
লালে[৩] মুখ ঝর ঝর দেখিতে সুন্দর।
পাকা বিম্বফল জিনি সুরঙ্গ[৪] অধর ॥
অঙ্গদ বলয়া শোভে সুবাহু-যুগলে।
চরণে মগরা খাড়ু বাঘনখ গলে ॥
সোণার শিকলী পিঠে পাটের থোপনা।
বাসুদেব ঘোষ কহে নিছনি আপনা ॥

॥১॥১১৪১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬৪৮ সংখ্যক পদ। ২। 'হামাগুড়ি' ইত্যাদি পংক্তির স্থলে 'হামাগুড়ি দিয়া নানা রঙ্গে করে খেলা॥' প-র-সা। ৩। 'নালে' ক, চ। ৪। 'সুন্দর' ক, খ, ঘ, চ।

নাটিকা বেলোয়ার ।১

নাচত মোহন নন্দ-দুলাল মেরো কান।
নাসা-বিরাজিত মোতিম-ভূষণ
কটি মাঝে ঘুঙ্গুরু রসাল৩ ॥
সুন্দর উর পর বর রুরু-নখ-পদ
সররুহ রতন-মঞ্জীর।
নব নব বচ্ছ৪-পুচ্ছ ধরি ধায়ত
পতন অঙ্গুলি৫ ধুলি৬-ধুসর শরীর ॥
মরকত চান্দ মুকুর৭ মুখ-মণ্ডল
পরিসর কুঞ্চিত অলক-হিলোল।
ব্রজ-রমণী পরবোধ করায়ত
নয়ন ফিরায়ত আধ আধ বোল ॥
অভিনব নীল জলদ জিনি তনুরুচি
কহিল নহিল রুপ৮ কিয়ে নিরমাণ।
কত কত ভকত যতন করি ধ্যাওত৯
সবে চূড়ামণি দাসের এই নিবেদন ॥
॥২॥১১৪২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬৪৯ সংখ্যক পদ। ২। 'মোর' প-র-সা। ৩। 'ঘুঙ্গুরক সান' প-র-সা। 'দুলাল' শব্দের মিলে 'রসাল' শব্দ দ্বারা কলিটি শেষ করায় বুঝা যাইতেছে যে, প্রথম পংক্তির 'মেরো কান' অংশটি গীতের আখর-রূপে প্রযুক্ত হইয়াছে। আধুনিক রীতি অনুসারে উহা বন্ধনী-চিহ্নের মধ্যে রাখার যোগ্য। ৪। 'বৎস' ক, খ, ঘ, চ। ৫। 'অঙ্গলি' প-র-সা। 'অঙ্গুলি' পাঠে ভাল অর্থ হয় না; বোধ হয়, 'অঙ্গনে' শুদ্ধ পাঠ হইবে। ৬। 'ধুলি' শব্দ খ পুথিতে নাই। ৭। 'মুখর' খ। ৮। 'রূপ' খ, চ, প-র-সা; 'রূপে' ক। ৯। 'ধায়ত' ক।

বিভাষ ।১

বাল গোপাল রঙ্গে সম-বয় সখা২ সঙ্গে
হামাগুড়ি আঙ্গিনায়৩ খেলায়।
তেজিয়া মাখন সরে তুলিয়া কমল৪-করে
মৃত্তিকা মনের সুখে খায় ॥
বলরাম তা দেখিয়া যশোদা নিকটে যায়্যা৫
কহিলা ভাইয়ের এই কথা।
শুনি তবে যশোমতী আইলা তুরিত গতি
গোপাল খাইছে মাটি যথা ॥
মায় দেখি মাটি ফেলে না খাই না খাই বোলে
আধ আধ বদন ঢুলায়।
মুখ নিরখয়ে৬ রাণী ধরিয়া যুগল পাণি
মন-দুখে করে হায় হায় ॥
এ খির নবনী সর কিবা নাহি মোর ঘর
মৃত্তিকা খাইছ কিবা সুখে।
পিতা যার ব্রজ-রাজ কি তার এমন কাজ
শুনিলে হইবে মনে দুখে ॥
এতেক বলিয়া রাণী কোলে করি নীলমণি
ছল-ছল ভেল দু নয়ান।
এ উদ্ধব দাস গীতে যশোমতী হরষিতে
অনিমিখে নেহারে বয়ান ॥৩॥১১৪৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬৫০ সংখ্যক পদ। ২। 'বেশ' ক। ৩। 'আঙ্গিনা' ক, চ। ৪। 'কোমল' ক। ৫। 'যাঞা' ক। ৬। 'নিরখিয়া' ক, খ

তথা রাগ ।১

বদন মেলিয়া গোপাল রাণী পানে চায়।
মুখ মাঝে অপরূপ দেখিবারে পায় ॥
এ ভূমি আকাশ আদি চৌদ্দ ভুবন।
সুরলোক নাগলোক নরলোকগণ ॥

অনন্ত ব্রহ্মাণ্ড গোলোক আদি[২] যত ধাম।
মুখের ভিতর সব দেখে নিরমাণ ॥
শেষ মহেশ ব্রহ্মা আদি স্তুতি করে।
নন্দ যশোমতী আর মুখের ভিতরে ॥
দেখি নন্দ ব্রজেশ্বরী[৩] বচন না স্ফুরে।
স্বপ্নপ্রায় কি দেখিলুঁ হেন মনে করে ॥
নিজ-প্রেমে পরিপূর্ণ কিছুই না মানে।
আপন তনয় কৃষ্ণ প্রাণ মাত্র জানে ॥
ডাকিয়া কহয়ে নন্দে আশ্চর্য্য বিধান।
পুত্রের মঙ্গল লাগি বিপ্রে কর[৪] দান ॥
এ দাস উদ্ধবে কহে ব্রজেশ্বরীর[৫] প্রেম।
কিছু না মিশায়[৬] যেন জাম্বুনদ হেম ॥

॥৪॥১১৪৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬৫১ সংখ্যক পদ। ২। 'গোলোকাদি' ঘ। ৩। 'ব্রজেশ্বরীর' খ, প-র-সা। ৪। 'করে' ক, খ, চ। ৫। 'ব্রজেশ্বরী' ক, খ, ঘ, চ। ৬। 'না মিশায়' স্থলে 'নাহি সীমা' ক; 'না মিসয়ে' প-র-সা।

টীকা

১৫—১৬। "এ দাস" ইত্যাদি। উদ্ধব দাস কহিতেছেন যে, ব্রজেশ্বরী যশোদার প্রেম যেন (নির্ম্মল) জাম্বুনদ-স্বর্ণ,—উহাতে কিছুই মিশ্রিত হয় না; অর্থাৎ জাম্বুনদ-স্বর্ণে যেমন মলিনতা মিশিতে পারে না, সেইরূপ যশোদার এই বাৎসল্য-প্রেমেও ঐশ্বর্য্য প্রভৃতি অন্য কোন ভাব মিশ্রিত হইতে পারে না; তজ্জন্যই নিজ পুত্রের ঐশ্বর্য্য-দর্শন তাঁহার চিত্তে ক্ষণিক বিস্ময় ব্যতীত অন্য কোন ভাব উৎপাদন করিতে পারে নাই।

বিভাষ।[১]

কোলেতে[২] করিয়া রাণী নিরখয়ে মুখ।
সুখের সায়রে ডুবে পাসরে সব দুখ ॥
মায়ের কোলেতে গোপাল মুখ পসারিল।
এ ভব-সংসার সব তাহাতে দেখিল ॥
ই কি ই কি বলি রাণী হিয়ায় লইল।
স্বপন দেখিল[৩] কিবা বুঝিতে নারিল ॥
থুতু থুতু দেয় রাণী বসনের দশি।
দেখিয়া মায়ের রীত ও না মুখে হাসি ॥
ঘনশ্যাম[৪] দাস আশা করে এই মনে।
কবে বা সেবিব আমি[৫] যশোদা-চরণে ॥

॥৫॥১১৪৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬৫২ সংখ্যক পদ। ২। 'কোলে' ক, খ, ঘ, চ। ৩। 'দেখিনু' ক, চ। ৪। 'ঘনরাম' খ, প-র-সা। ৫। 'যাই' প-র-সা।

ফলক্রয়ো যথা।

ভাটিয়ারি।[১]

এক দিন মথুরা হৈতে ফল লৈয়া আচম্বিতে
আইলা সে ফল বেচিবারে।
ফল লেহ ফল[২] লেহ ডাকে পুন পুন সেহ
নামাইলা নন্দের দুয়ারে ॥
ব্রজ-শিশু শুনি তায় ফল কিনিবারে ধায়
বেতন লইয়া পরতেকে।
কিনি কিনি ফল খায় আনন্দিত হিয়ায়
পসারি বেড়িয়া একে একে ॥
শুনি কৃষ্ণ কুতূহলী ধান্য লইয়া একাঞ্জলি
কর হৈতে পড়িতে পড়িতে।
পসারি[৩] নিকটে আসি ফল দেও বলে হাসি
ধান্য দিল ফলাহারী[৪] হাতে ॥
ধান্য লৈয়া ফলাহারী পুন পুন মুখ হেরি
নিমিষ তেজিল পসারিণী।
এ দাস উদ্ধব কয় কহিলে কহিল নয়
ভুবনমোহন রূপখানি ॥৬॥১১৪৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬৫৩ সংখ্যক পদ। ২। 'লেহ' ক। ৩। 'পসার' ঘ। ৪। 'ফলহারী' প-র-সা।

তথা রাগ।১

ফল লেহ ফল লেহ ডাকে ফলাহারী২।
চ্যুত ধান্য শুধা৩ করে আইলা শ্রীহরি ॥
পসারে পেলিয়া৪ ধান্য ফল দেহ বোলে।
অনিমিখে পসারিণী সে মুখ নেহালে ॥
নয়নে গলয়ে ধারা দেখি মুখখানি।
কার ঘরের শিশু তুমি৫ যাইয়ে নিছনি ॥
কোন পুণ্যবতী তোমা৬ করিলেক কোলে।
কাহারে বলিয়া মা স্তন পান কৈলে ॥
ঘনরাম দাসে৭ বোলে শুন পসারিণি।
ফলের সহিত কর জীবন নিছনি।৭॥১১৪৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬৫৪ সংখ্যক পদ। ২। 'ফলহারী' প-র-সা। ৩। 'শুধ' ক; 'সুধা' খ। ৪। 'ফেলিয়া' ক, খ, ঘ, চ। ৫। 'তোমার' প-র-সা। ৬। 'তোমায়' প-র-সা। ৭। 'ঘন-শ্যাম দাসে' ক, ঘ, চ।

সুহই।১

ও মোর সোণার চাঁদ কি তোর মায়ের নাম
কার ঘরে হৈলা উতপতি।
বহু কাল তপ করি কে পূজিলে২ হরগৌরী
কোন পুণ্য কৈল সেই সতী ॥
তোমারে করিয়া কোলে কত শত চুম্ব দিলে
নয়ানের জলে গেল ভাসি।
পাইয়া মনের সুখে স্তন দিল চান্দমুখে
মুঞি যাই হব তার দাসী ॥
এত কহি ফলাহারী৩ ফল দিল৪ কর ভরি
প্রেম-ভরে গরগর চীত।
কৃষ্ণচন্দ্র ফল হাতে খাইতে খাইতে পথে
আসি নিজ-গৃহে৫ উপনীত ॥
ফল দেখি যশোমতী আনন্দে না জানে কতি
খাওয়াইয়া প্রেম-সুখে ভাসে।
ধন্য সেই ফলাহারী৬ ফলে৭ পাইল৮ নন্দহরি
কহে কিছু ঘনরাম দাসে ॥৮॥১১৪৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬৫৫ সংখ্যক পদ। ২। 'পূজিল' ক। ৩। 'ফলহারী' প-র-সা। ৪। 'দেন' ক, চ। ৫। 'আসি নিজ-গৃহে' স্থলে 'নিজ-গৃহে হৈলা' প-র-সা। ৬। 'ফলহারী' প-র-সা। ৭। 'ফল' ক, খ, প-র-সা। ৮। 'খাইল' প-র-সা।

টীকা

১৫—১৬। "ধন্য" ইত্যাদি। সেই ফল-বিক্রেত্রী ধন্য; (কেন না) ফলের দ্বারা নন্দ-নন্দন শ্রীকৃষ্ণকে প্রাপ্ত হইলেন। (শ্রীকৃষ্ণের লীলা অপার বলিয়া) ঘনরাম দাস (যথা-সাধ্য) কিঞ্চিৎ বর্ণনা করিতেছেন।

সুহিনী।১

ডালা হৈল রতনে পূরিত।
ফলাহারী২ সবিস্ময়-চিত ॥
আপনা আপনি করে খেদ।
মনে মনে ভাবে নিরবেদ ॥৯॥১১৪৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬৫৬ সংখ্যক পদ। ২। 'ফলহারী' প-র-সা।

টীকা

৩—৪। "আপনা আপনি" ইত্যাদি। ডালা রত্নপূর্ণ দেখিয়া ফলবিক্রেত্রী আনন্দ প্রকাশ না

করিয়া খেদ করার তাৎপর্য্য এই যে, তাঁহার তখন মনে হইল—আমি কি হতভাগিনী! স্বয়ং ভগবান্‌কে পাইয়াও পাইলাম না; যদি তাঁহাকে চিনিতে পারিতাম, তাহা হইলে ছার ধন-রত্ন না চাহিয়া তাঁহার পদ-সেবা মাগিয়া লইতাম। উহা না করিতে পারায় তাঁহার মনে নির্ব্বেদ-ভাব আসিল।

অথ কৌমার-পৌগণ্ড-কালোচিত-বাৎসল্যং যথা।

শ্রীগৌরচন্দ্রঃ

মায়ুর।১

কিয়ে হাম পেখলুঁ কনক-পুতলিয়া।
শচীর আঙ্গিনায় নাচে ধূলি-ধূসরিয়া॥
চৌদিকে দিগম্বর বালকে বেঢ়িয়া২।
তার মাঝে গোরা৩ নাচে হরি হরি বলিয়া॥
রাতুল কমল-পদে ধায় দ্বিজমণিয়া।
জননী শুনয়ে ভাল নূপুরের ধ্বনিয়া৪॥
বাসুদেব ঘোষে কহে শিশু-রস জানিয়া।
ধন্য নদিয়ার লোক নবদ্বীপ ধনিয়া॥

॥১০॥১১৫০॥

পাঠান্তর

১। 'মাউর' ঘ, চ। ২। 'বেঢ়িয়া' ঘ, চ। ৩। 'গৌর' ঘ ৪। 'নূপুরের ধ্বনিয়া' স্থলে 'নূপুর-সুধ্বনিয়া' ক।

তথা রাগ।১

শচীর আঙ্গিনায় নাচে বিশ্বম্ভর রায়।
হাসি হাসি ফিরি ফিরি মায়েরে লুকায়॥
বয়ানে২ বসন দিয়া বোলে লুঁকাইলুঁ।
শচী বোলে বিশ্বম্ভর আমি না দেখিলুঁ॥
মায়ের অঞ্চল ধরি চঞ্চল-চরণে।
নাচিয়া নাচিয়া যায় খঞ্জন-গমনে॥
বাসুদেব ঘোষে কহে অপরূপ শোভা।
শিশু-রূপ দেখি হয় জগ-মন-লোভা॥

॥১১॥১১৫১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬৫৭ সংখ্যক পদ।
২। 'বদনে' প-র-সা।

মায়ুর।১

পঞ্চ-বরিখ-বয়সাকৃত-মোহন
ধাবমান পর-অঙ্গনা।
পায়স পাণি উরথলে মাখন
খায়ত২ মিটায়ত বয়না॥
দোলে দোলে মোহন গোপাল।
প্রখর৩ চরণ-গতি মুখর কিঙ্কিণি কটি
লোটন লোলয়ে বনমাল॥ ধ্রু॥
সোণায় বান্ধিলা ভাল রুরু-নখ উরে মাল
পিঠে দোলে পাটকি থোপ।
খেনে আলগছি দেই খেনে ভূমে গড়ি যাই
খেনে পরসন্ন খেনে কোপ॥
নন্দ সুনন্দ যশোমতি রোহিণি
আনন্দে সুত-মুখ চায়।
নয়ন-দৃগঞ্চল কাজরে রঞ্জিত
হাসি হাসি বদন দেখায়॥
কুন্তলে রতন মণি ঝলমল৪ দেখি।
কুণ্ডলে উজ্জ্বল গণ্ড কাজর৫ আঁখি॥
ঘনশ্যাম দাসে বোলে শুন নন্দরাণি।
ত্রিজগত-নাথ নাচাও করে দিয়া ননী॥

॥১২॥১১৫২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬৫৮ সংখ্যক পদ। এই পদটি লিপিকর-ভ্রমে ঘ পুথিতে বর্জ্জিত হইয়াছে।

২। 'আয়ত' ক। ৩। 'নখর' প-র-সা। ৪। 'ঝলমলি' প-র-সা। ৫। 'কাজরেহ' প-র-সা

নাটিকা।১

চপলহি নন্দ-নন্দন[২] মতি ভাওয়ে।
বহুবিধ বালক সঙ্গহি রঙ্গহি
অঙ্গ দোলাইয়া আওয়ে ॥ ধ্রু ॥
হেরি হরষিত অতি রাণি যশোমতি
বাহু পসারিয়া ধাওয়ে।
কটি-তটে কিঙ্কিণি ঘুঙ্গুর-রণরণি
অরুণিত-চরণ[৩] নাচাওয়ে ॥
এক করে লবনি আর করে পায়স
খেলন সঙ্গিয়া যাচাওয়ে[৪]।
গীরত[৫] আধ আধ কর বদনহি
রহি রহি আধ আধ খাওয়ে ॥১৩॥১১৫৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬৫৯ সংখ্যক পদ। ২। 'নন্দন' ক, খ, প-র-সা। ৩ 'চরণে' ক, খ। ৪। 'যাচয়ে' ক; 'যাচওয়ে' খ ৫। 'গিরত' ক, প-র-সা।

মায়ুর।১

ধাতু প্রবাল-দল নব গুঞ্জাফল
ব্রজ-বালক সঙ্গে সাজে।
কুটিল কুন্তল বেঢ়ি মণি মুকুতা ঝুরি
কটিতটে ঘুঙ্গুর[২] বাজে ॥
নাচত মোহন বাল গোপাল।
বরজ-বধূ মেলি দেওই[৩] করতালি
বোলই ভালি রে ভাল ॥
নন্দ সুনন্দ[৪] যশোমতি রোহিণি
আনন্দে সুত-মুখ চায়।
অরুণ দৃগঞ্চল কাজরে রঞ্জিত
হাসি হাসি দশন দেখায় ॥
বংশি কহই সব ব্রজ-রমণীগণ
আনন্দ-সায়রে ভাস।
হেরইতে পরশিতে লালন করইতে
স্তন-খিরে ভীগল বাস ॥১৪॥১১৫৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬৬০ সংখ্যক পদ। ২। 'ঘুঙুর' খ। ৩। 'দেই' ক, প-র-সা। ৪। 'সনন্দ' খ।

বিভাষ।১

হোর দেখ বাছার রুচির করতল আঁখি
বিধির করণ এক ঠাম।
আমার মনের সাধ বুঝিয়া সে মুনিরাজ
গোপাল বলিয়া থুইল নাম ॥
অতিশয় শিশু-মতি মন্দ মন্দ[২] গতি
কটি-তটে কিঙ্কিণী বাজে।
কম্বু-কণ্ঠ পরি মোতি[৩]-মালবর
লাম্বিত রুরু-নখ সাজে ॥
অনেক সাধ করি করে নবনিত ভরি
দেয়লুঁ ভোজন লাগি।
সো নাহি খাওত খিতিতলে ডারত
ইহ মোর করম অভাগি।
বংশি কহয়ে শুন মাত[৪] যশোমতি[৫]
তোহারি চরণে করোঁ[৬] সেবা।
এ তুয়া নন্দন ভুবন-বিমোহন
পুণ-ফলে পাওই কেবা ॥১৫॥১১৫৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬৬১ সংখ্যক পদ। ২। 'মন্দ মন্দ' স্থলে 'চলে মন্দ মন্দ' প-র-সা। ৩। 'মোতিম' ক, চ; 'মৌতি' প-র-সা। ৪। 'মাতা' ক। ৫। 'বংশি' ইত্যাদি পংক্তির স্থলে 'বংশীবদন

কহে শুন ওহে যশোমতি[১] প-র-সা। 'করঙ' প-র-সা।

ভাটিয়ারি।১

ভাল নাচে রে নাচে রে[২] নন্দ-দুলাল।
ব্রজ-রমণীগণ চৌদিগে বেঢ়ল
যশোমতি দেই করতাল ॥
রুনুর ঝুনুর ধ্বনি ঘাঁঘর[৩] কিঙ্কিণী
গতি নট খঞ্জন-ভাতি[৪]।
হেরইতে অখিল- নয়ন মন ভুলয়ে[৫]
ইহ নব-নীরদ-কাঁতি ॥
করে করি মাখন দেই রমণিগণ
খাওই নাচই রঙ্গে।
ধ্বজ-বজ্রাঙ্কুশ- পঙ্কজ-সুললিত
চরণ চালই কত ভঙ্গে ॥
কুঞ্চিত কেশ বেশ দিগম্বর[৬]
কটি-তটে ঘুঙ্গুর সাজ।
বংশি কহই কিয়ে জগ-জন-মঙ্গল
শ্রবণে সুধা সম[৭] বাজ ॥১৬॥১১৫৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬৬২ সংখ্যক পদ। ২। 'নাচে রে নাচে রে' স্থলে 'নাচ রে নাচ রে' ক। ৩। 'ঘাঘর' ঘ, চ। ৪। 'ভাঁতি' ক, চ। ৫। 'ভুলয়ে' ক, খ; 'ভুলত' প-র-সা। ৬। 'দিগাম্বর' ঘ, চ। ৭। 'সুধা সম' স্থলে 'সুধাময়' প-র-সা।

পুনশ্চ দিনান্তরে।

মায়ূর।১

দধি-মন্থ-ধ্বনি শুনইতে নীলমণি
আওল সঙ্গে বলরাম।
যশোমতী হেরি মুখ পাওল মরমে সুখ
চুম্বয়ে চান্দ-বয়ান ॥
কহে শুন যাদুমণি[২] তোরে দিব ক্ষীর ননী
খাইয়া নাচহ মোর আগে।
নবনী-লোভিত হরি মায়ের বদন হেরি
কর পাতি নবনীত মাগে ॥
রাণা দিল পূরি কর খাইতে রঙ্গিমাধর[৩]
অতি সুশোভিত ভেল তায়[৪]।
খাইতে খাইতে নাচে কটিতে কিঙ্কিণী বাজে
হেরি হরষিত ভেল মায় ॥
নন্দ-দুলাল নাচে ভালি।
ছাড়িল মন্থন[৫]-দণ্ড উথলিল মহানন্দ
সঘনে[৬] দেই করতালি। ধ্রু ॥
দেখ দেখ রোহিণি গদ গদ কহে রাণী[৭]
যাদুয়া নাচিছে দেখ মোর।
ঘনরাম দাসে কয় রোহিণী আনন্দময়
দুহুঁ ভেল প্রেমে[৮] বিভোর ॥১৭॥১১৫৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬৬৩ সংখ্যক পদ। ২। 'যদুমণি' ক। ৩। 'বঙ্কিমাধর' প-র-সা। ৪। 'রায়' ক, খ। ৫। 'মথন' প-র-সা। ৬। 'সঘনেহ' প-র-সা। ৭। 'বাণী' প-র-সা। ৮। 'প্রেমেতে' প-র-সা।

পটমঞ্জরী।১

নাচে রে নাচে রে মোর রাম দামোদর।
যত নাচ তত দিব ক্ষীর ননী সর ॥
আমি নাহি দেখি বাছা নাচ আর বার[২]।
গলায় গাঁথিয়া দিব মণিময়[৩] হার ॥
তাতা থৈয়া থৈ[৪] বোলয়ে নন্দ-রাণী।
করতালি দিয়া নাচে রাম যদুমণি ॥
রাম কানু রে মোর রাম[৫] কানু।
মণিময় ঝুরি[৬] মাথে ঝলমল তনু
॥১৮॥১১৫৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬৬৪ সংখ্যক পদ। ২। 'নাচ আর বার' স্থলে 'নাচন তোমার' প-র-সা। ৩। 'গজমতি' প-র-সা। ৪। 'তাতা থৈয়া থৈ' স্থলে 'তাতা থৈয়া তাতা থৈয়া' প-র-সা। ৫। 'ওরে রাম' প-র-সা। ৬। 'ঝুলি' প-র-সা।

সুহিনী।১

নব-নীরদ-নীল সুঠান২ তনু।
ঝলমল ও মুখ চান্দ জনু॥
শিরে কুঞ্চিত কুন্তল-বন্ধ ঝুটা।
ভালে শোভিত গোময়-চিত্র ফোঁটা॥
অধরোজ্জ্বল রঙ্গিম বিম্ব জিনি৩।
গলে শোভিত মোতিম-হার-মণি॥
ভুজ-লম্বিত অঙ্গদ মণ্ডনয়া৪।
নখ-চন্দ্রক৫ গর্ব্ব-বিখণ্ডনয়া॥
হিয়ে হার রুরু-নখ রত্ন৬ জড়া।
কটি কিঙ্কিণি ঘাঁঘর তাহে মড়া॥
পদ৮-নূপুর বঙ্করাজ সুশোভে।
থল-পঙ্কজ-বিভ্রমে ভৃঙ্গ লোভে॥
ব্রজ-বালক মাখন লেই করে।
সভে৯ খায়ত দেয়ত শ্যাম-করে॥
বিহরে নন্দ-নন্দন এ ভবনে।
পদ-সেবক দেব নৃসিংহ ভণে॥১৯॥১১৫৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬৬৫ সংখ্যক পদ। ২। 'সুঠাম' ঘ, চ, ৩। 'জনি' ক, খ, প-র-সা। ৪। 'মণ্ডলয়া' ক, খ, চ, প-র-সা। ৫। 'চন্দ্র' খ। ৬। 'রত্নে' ক, খ, ঘ, চ। ৭। 'মোড়া' ক; 'বাঁড়া' প-র-সা। ৮। 'পদে' ঘ, চ। ৯। 'সবে' ক।

ভটিয়ারী।১

নাচত মোহন নন্দ-দুলাল।
রঙ্গিম চরণে মঞ্জির ঘন বাজত
কিঙ্কিণি তাহিঁ রসাল॥
স্থল-পঙ্কজদল জিনিয়া চরণতল
অরুণ-কিরণ কিয়ে আভা।
তাহার উপরে নখ- চান্দ সুশোভিত২
হেরইতে জগ-মন-লোভা॥
মণি-অভরণ কত অঙ্গহি ঝলকত
নাসায় মুকুতা কিবা৩ দোলে।
মা মা মা বলি চান্দ-বদন তুলি
নবীন কোকিলা৪ যেন বোলে॥২০॥১১৬০॥

ইতি তৃতীয়-শাখায়াং ঊনবিংশতি-পল্লবঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৬৬ সংখ্যক পদ। ২। 'শোভিত দেখি' খ। ৩। 'কত' প-র-সা। ৪। 'কোকিল' ক, খ, ঘ, চ।

অথ বাৎসল্যরসঃ প্রকারান্তরং যথা।

শ্রীগৌরচন্দ্রঃ।

ভাটিয়ারি।১

গোরা নাচে শচীর দুলালিয়া।
চৌদিকে বালক মেলি সঙ্গে দেই করতালি
হরিবোল হরিবোল বলিয়া॥ ধ্রু॥
সুরঙ্গ চতুনা২ মাথে গলায় সোণার কাঁঠি।
সাধ করিয়া মায় পরাইছে৩ ধড়া গাছি আঁটি॥
সুন্দর চাঁচর কেশ সুবলিত তনু।
ভুবন-মোহন বেশ ভুরু কাম-ধনু॥
রজত কাঞ্চন নানা অভরণ
অঙ্গে মনোহর সাজে।
রাতা-উতপল চরণ-যুগল
তুলিতে নূপুর বাজে॥

শচীর অঙ্গনে নাচয়ে সঘনে
বোলে আধ আধ বাণী।
বাসুদেব ঘোষে বোলে ধর ধর কর কোলে
গোরা মোর[৪] পরাণের পরাণি ॥
॥১॥১১৬১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬৮০ সংখ্যক পদ। ২। 'চতুলা' চ। ৩। 'পরাঞাছে' ক। ৪। 'গোরা' ক।

তথা রাগ।[১]

যমুনার জলে গেলা যশোদা রোহিণী।
শূন্য ঘর পাঞা লুটে এ ক্ষীর নবনী[২] ॥
পিঁড়ির উপর পিঁড়ি উদুখল দিয়া।
তমু ত শিকার ভাণ্ড লাগি না পাইয়া ॥
নড়িতে ছেদিয়া ভাণ্ড হেটে[৩] পাতে মুখ।
হেনই সময় দেখে[৪] জননী সম্মুখ ॥
মায়ের শবদ শুনি যাদু ধন নাচে।
ধড়ার[৫] অঞ্চল দিয়া চাঁদ-মুখ মোছে ॥
এমনে কেমনে গোপাল লুকাইবা আর।
তোমার বুক বাহিয়া পড়ে গো-রসের ধার ॥
ঘনরামদাসে বোলে শুন যশোমতি।
মায়ারূপে তোমার ঘরে অখিলের পতি ॥
॥২॥১১৬২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬৮২ সংখ্যক পদ। ২। 'এ ক্ষীর নবনী' স্থলে 'ক্ষীর সর ননী' প-র-সা। ৩। 'তলে' প-র-সা। ৪। 'হেনই সময় দেখে' স্থলে 'হেনই সময় হইলা গোপাল' ঘ। ৫। 'পিত ধড়ার' ঘ।

সুহই।

অরুণ অধর উরে নবনী লাগিয়াছে রে
মরি মরি বাছনি কানাই।
হেরি যশোমতী প্রেমেতে পুরিত আঁখি
আয় কোলে বলিহারি যাই ॥
করে[১] মোছে অধর মিঠাই[২]।
আয়[৩] মোর বাছনি কানাই ॥৩॥১১৬৩॥

পাঠান্তর

১। 'কর' ক, চ, প-র-সা। ২। 'মোছাই' ক; 'মোছই' খ। ৩। 'আরে' ঘ, চ।

শ্রীরাগ।[১]

দু বাহু পসারি আগে যায় নন্দরাণী।
ধরিতে ধরিতে ধরা না দেয় নীলমণি ॥
গৃহে পড়ি গড়ি যায় দধি নবনীত।
কোপ-নয়নে রাণী চাহে চারি ভীত ॥
হেদে রে নবনী-চোরা বলি পাছে ধায়।
এ ঘর ও ঘর করি গোপাল লুকায় ॥
নড়ি হাতে নন্দরাণী যায় খেদাড়িয়া।
অখিল-ভুবন-পতি যায় পালাইয়া ॥
এ তিন ভুবনে যারে ভয় দিতে নারে।
সে হরি পালাঞা যায় জননীর ডরে ॥
রাণীর কোল হইতে গোপাল গেলা পলাইয়া।
আকুল হইলা রাণী গোপাল না দেখিয়া ॥
ঘরে ঘরে ঢুঁকটিল সকল গোকুল।
তোমা না দেখিয়া প্রাণ হইল আকুল ॥
কার ঘরে আছ গোপাল বোল[২] ডাক দিয়া।
তোমার মায়ের প্রাণ যায় বিদরিয়া ॥
শ্রীদাম ডাকিয়া বোলে কানাই আমাদের[৩] ঘরে।
সভাকার প্রাণ গোপাল লুকাইল মায়ের ডরে ॥

ঘনরাম দাসে কহে থির কর মন॰।
প্রেমের অধীন গোপাল পাবে দরশন ॥
॥৪॥১১৬৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬৮৭ সংখ্যক পদ। প-র-সা পুথিতে নিম্নলিখিত কলি দ্বারা পদটি আরম্ভ করা হইয়াছে। যথা,—

"বন্ধন ছাড়িয়া দিয়া গোপাল নিল কোলে।
কোল হৈতে নামি গোপাল ধাইয়া চলিলে॥"

পদকল্পতরু-গ্রন্থে বৈষ্ণবদাস শ্রীকৃষ্ণের বন্ধনলীলার পদ সন্নিবেশিত করেন নাই; বোধ হয়, সেই জন্যই অসঙ্গতি-ভয়ে এই পদটির প্রথম দুই পংক্তি পরিত্যাগ করিয়াছেন। পদাংশ-বর্জ্জনের এইরূপ দৃষ্টান্ত একান্ত বিরল নহে। ২। 'বোলে' ক, চ; 'বল' ঘ। ৩। 'আমার' ক, প-র সা। ৪। 'ঘনরাম দাসে' ইত্যাদি ভণিতার কলিটি কেবল ঘ পুথিতেই দৃষ্ট হয়।

সিন্ধুড়া।

আমি কিছু নাহি জানি ভাঙ্গিয়াছে ক্ষীর ননী
তোমারে সোধাই ইহার কথা।
না দেখি গোকুলচান্দ কেমন করয়ে প্রাণ
বোল না গোপাল পাব কোথা॥
আমি কি এমন জানি কোলে লৈয়া যাদুমণি
বাছারে করাইছি স্তন পান।
মোরে বিধি বিড়ম্বিল উথলি গো-রস গেল
তা দেখি ধরিতে নারি প্রাণ॥
ভুলিলাম রোহিণীর বোলে
গোপাল নামাঞা কোলে
সে কোপে কোপিত যাদুমণি।
কোপিত নয়ান-কোণে চাইয়াছিল আমা পানে
আমি কি এমন হবে জানি॥
তোমরা করিছ খেলা
গোপাল আমার কোথা গেলা
দঢ় করি বোল এক বোল।
ঘনরাম দাসে কহে আকুল হইলা সভে
রাখালের মাঝে উতরোল॥৫॥১১৬৫॥

ধানশী।১

কি বলিলা নন্দরাণী হারাইয়াছ নীলমণি
কানাই বিনা না রাখিব হিয়া।
ক্ষুধা বল্যা ভাইয়া২ গেলা
সেই হৈতে রৈয়াছে খেলা
আমরা রৈয়াছি মুখ চাঞা॥
হেদে শ্রীদামের মা শুন গো রোহিণি বা
এ পথে দেখ্যাছ গোপাল মোর।
আর এক বিপরীত যাইতে না দেখি পথ
কাল হৈল নয়ানের লোর॥
নিরমিয়া শোক-নদী তাহে ফেলাইলা বিধি
বিধি তাহে না দিলা সাঁতার।
এ দুখ কহিব কারে স্তন ফাটে৩ ক্ষীর-ভরে
চলিয়া যাইতে নারি আর॥৬॥১১৬৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬৯০ সংখ্যক পদ। ২। 'ভাই' ক, চ; 'ভায়া' প-র-সা। ৩। 'ছুটি' ক, খ, ঘ, চ, প-র-সা।

ধানশী।১

ঘরে ঘরে উকটিতে পদচিহ্ন দেখি পথে
সকরুণ-নয়ানে নেহারে।
আহা মরি হায় হায় মুরছিয়া পড়ে তায়
কান্দে পদচিহ্ন লৈয়া কোরে॥

মায়েরে করয়াছ রোষ সঙ্গিয়ার কিবা দোষ
কোথা আছ বোল ডাক দিয়া।
যদি থাকে মনে রোষ ক্ষেম ভাই সব দোষ
যশোদা মায়ের মুখ চায়্যা ॥
শুনিয়া শ্রীদামের কথা মরমে পাইয়া বেথা
ত্বরিতে আইলা নীলমণি।
মরণ-শরীরে যেন পাইল পরাণ দান
শুনিতেই[২] নূপুরের ধ্বনি ॥
বসিলা[৩] মায়ের কোলে গদগদ বাণী বোলে
অনেক সাধের যাদুমণি।
সব ধন সম্পদ সকল তোমার আগে
চল যাই করিগা[৪] নিছনি ॥
ধরিয়া বলাইর হাতে দাড়াঞা মায়ের আগে
নাচিতে লাগিলা দুই ভাই।
ঘনরাম দাসে কয় হইলা আনন্দময়
গোপালের বলিহারি যাই ।৭॥১১৬৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬৯১ সংখ্যক পদ। এই পদটি ক পুথি ও তদনুযায়ী বটতলার মুদ্রিত গ্রন্থে পূর্ব্ব-পদের শেষাংশরূপে লিখিত হইয়াছে। অন্যান্য সকল পুথিতেই ইহা স্বতন্ত্র পদ। ২। 'শুনিয়া' ক, খ, ঘ, চ। ৩। 'বসিয়া' ক, খ। ৪। 'করিয়ে' ক, প-র-সা।

ধানশী।[১]

কত ভঙ্গী জান গোপাল নাচিতে নাচিতে।
অরুণ-কিরণ দেখি[২] চরণ তুলিতে ॥
বাঘ[৩]-নখ মণিহার হিয়ার মাঝে দোলে।
চরণে নূপুর কিবা রুণু ঝুনু বোলে[৪] ॥
গোপাল নাচিছে তুড়ি দিয়া[৫]।
কোথা গেলা নন্দরায় আনন্দ বহিয়া যায়
দেখসিয়া নয়ান ভরিয়া ॥
চিত্র বিচিত্র নাট চরণে চাঁদের হাট
চলে যেন খঞ্জনিয়া পাখী।
সাধ করিয়া মায় নূপুর দিয়াছে পায়
পা খানি তুলিয়া নাচ দেখি[৬] ॥৮॥১১৬৮॥

তাতা থৈ থৈ তাতা থৈ থৈ বোলে নন্দরাণী।
করতালি দিয়া নাচে রাম যাদুমণি ॥
ইত্যাদি গেয়ম্।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬৯৬ সংখ্যক পদ। ২। 'দিছে' ক, খ, ঘ, চ। ৩। 'ব্যাঘ্র' ক, খ, ঘ, চ। ৪। অতঃপর প-র-সা পুথিতে নিম্নলিখিত কলিগুলির দ্বারা এই পদটি সমাপ্ত করা হইয়াছে যথা—

'হেন কালে নন্দরায় আইল বাথান হৈতে।
কেমন নাচিলি বাপ নাচ আমার সাক্ষাতে ॥
গোঠে মাঠে যাইতে তোরে সঙ্গে করি নিব।
মিঠ লনী দুগ্ধের সর নিতি খাইতে দিব ॥
কেমনে নাচিলি বাছা নাচ আর বার।
তবে সে গঠিয়া দিব গজমতি হার ॥'

৫। 'গোপাল' ইত্যাদি স্থলে প-র-সা পুথির পাঠ যথা—'দেখসিয়া রামের মা গোপাল' ইত্যাদি; প-র-সা পুথিতে 'দেখ সিয়া' ইত্যাদি পরবর্ত্তী কলিগুলি স্বতন্ত্র (১৬৯৫ সংখ্যক) পদরূপে লিখিত হইয়াছে। ৬। অতঃপর প-র-সা পুথিতে নিম্নলিখিত ভণিতার কলিটি দৃষ্ট হয়, যথা—

'যাহু পদ-চিহ্ন তায় পৃথক পড়িয়া যায়
ধ্বজ-বজ্রাঙ্কুশ তাহে সাজে।
যাদবেন্দ্র দাসে কয় নাটুয়া গোবিন্দ রায়
প্রেমভরে অধিক বিরাজে ॥

অথ গোষ্ঠাষ্টমী-যাত্রা।

শ্রীমদ্গৌরচন্দ্রঃ।

ভূপালী।১

গৌরাঙ্গ-চান্দের মনে কি ভাব উঠিল।
পুরুব-চরিত্র বুঝি মনেতে পড়িল॥
গৌরীদাস-মুখ হেরি উলসিত হিয়া২।
আনহ ছান্দন ডুরি বোলে ডাক দিয়া॥
আজি শুভ দিন চল গোঠেরে যাইব।
আজি হৈতে গো-দোহন আরম্ভ করিব॥
ধবলী সাঙলী কোথা শ্রীদাম সুদাম।
দোহনের ভাণ্ড মোর হাতে দেহ রাম॥
ভাবাবেশে বেয়াকুল শচীর নন্দন।
নিত্যানন্দ আসি কোলে করে সেই ক্ষণ॥
চৈতন্যদাসেতে বলে ছান্দনের দড়ি৩।
হারাইল গৌরীদাস গোপী কৈল চুরি॥

॥৯॥১১৬৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭০০ সংখ্যক পদ।
২। 'হয়া' খ। ৩। 'ডুরি' প-র-সা।

ভাটিয়ারি।১

নন্দের মন্দিরে আজু বড়ই আনন্দ।
রাম-কৃষ্ণ-হাতে দিব গোদোহন-ভাণ্ড॥
প্রভাতে উঠিয়া নন্দ লৈয়া গোপগণ।
পাত্র মিত্র সহিতে বসিলা সভা-জন॥
যত্ন করি যতেক ব্রাহ্মণ মুনিগণে।
আনাইলা নন্দঘোষ করি নিমন্ত্রণে॥
পাদ্য অর্ঘ দিয়া নন্দ পূজে মুনিগণে।
রাম কৃষ্ণ বন্দিলেন মুনির চরণে॥
মুনিগণে কহে শুন নন্দ মহামতি।
আজি শুভ দিন হয় শুক্লাষ্টমী তিথি॥
পুত্র-হস্তে দেহ গোদোহন-ভাণ্ড আজ।
গোষ্ঠপূজা মহোৎসব কর মহারাজ॥
পাইয়া মুনির আজ্ঞা নন্দ মহাশয়।
মহামহোৎসবে করে আনন্দ হৃদয়॥
চৈতন্যদাসের মনে পরম উল্লাস।
দেখিব নয়নে গাবী২-দোহন বিলাস॥

॥১০॥১১৭০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭০১ সংখ্যক পদ।
২। 'গাভী' প-র-সা।

সুহজয়ন্তী।১

ডাকিয়া তখন নিজ প্রজাগণ
আজ্ঞা দিল ব্রজ-রাজ।
বস্ত্র অলঙ্কার নানা উপহার
করহ গোষ্ঠের সাজ॥
শুনি গোপী যত আনন্দিত-চিত
যৌতুক থালীতে ভরি।
নন্দের ভবনে দিলা দরশনে
দিব্য বাস ভূষা পরি॥
নন্দের গৃহিণী যশোদা, রোহিণী
অম্বা কিলিম্বাদি২ সঙ্গে।
হরিদ্রা কুঙ্কুম গন্ধ উদ্বর্ত্তন
দিলা রাম-কৃষ্ণ-অঙ্গে॥
সুবাসিত জলে ধান্য দূর্ব্বাদলে
স্নান সমাপন করি।
পরিয়া বসন মণি-আভরণ
গোষ্ঠেতে চলিলা হরি॥
নন্দ মহামতি মুনির সংহতি
সভাসদ৩-গণে লৈয়া।
নানা বাদ্য বাজে মঙ্গল সুসাজে
গোষ্ঠে প্রবেশিলা যাঞা॥

যশোদা রোহিণী গোপিনী সঙ্গিনী
মঙ্গল-দ্রব্য সহিতে।
নানা উপহারে বস্ত্র অলঙ্কারে
গোষ্ঠে হৈলা উপনীতে ॥
দিব্য আলিপনে অগোরু[৪] চন্দনে
স্থান কৈলা পরিষ্কার।
দিব্য চন্দ্রাতপ[৫] নিবারি আতপ
উপরে বান্ধিল তার ॥
স্থাপিল কদলী জল ঘট ভরি
সহিত আম্রের দল।
রত্ন-পীঠোপরি[৬] বৈসে রাম হরি
হৈল মহা কোলাহল ॥
স্বর্ণ-সূত্রে[৬] করি ছান্দনের ডুরি
রত্নের দোহন-ভাণ্ড।
মুনি-আজ্ঞামতে রাম-কৃষ্ণ-হাতে
আনন্দে দিলেন নন্দ ॥
বেদ পাঠ করি ব্রাহ্মণ সকলি
করে আশীর্ব্বাদ-ধ্বনি।
নর্ত্তক গায়ক ভট্টাদি যাচক
শব্দ চতুর্দ্দিকে শুনি ॥
স্বর্গে সুরগণ পুষ্প বরিষণ
করিয়া সুখেতে ভাসে।
ত্রিভুবন ভরি আনন্দ সঞ্চারি
কহয়ে চৈতন্যদাসে ॥১১॥১১৭১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭০২ সংখ্যক পদ। 'জয়জয়ন্তী' স্থলে 'আহিরী' প-র-সা। ২। 'কিলঘাদি' প-র-সা। ৩। 'সভাসতগণে' ঘ, চ। ৪। 'অগুরু' ঘ। ৫। 'পিড়ি পরি' প-র-সা। ৬। 'ছাত্র' প-র-সা।

তথা রাগ।[১]

তবে নন্দ শীঘ্র আনাইলা দুই গাই।
ধবলী সাঙলী বৎস[২] সহিত তথাই ॥
সুরভি-সন্ততি সেই মহা দুগ্ধবতী।
স্বর্ণযুক্ত শৃঙ্গ[৩] খুর নবীন যুবতী ॥
দুই গাই দুই ভাই ছান্দনে ছান্দিয়া।
দোহন করিলা গাবী আনন্দিত হৈয়া ॥
দোঁহাকার দুই ভাণ্ড ক্ষণেকে[৪] পূরিল।
প্রথম দোহন দুগ্ধ ব্রাহ্মণেরে দিল ॥
চৈতন্যদাসেতে কহে গাবীর দোহন।
দেখি ব্রজ-বাসিগণের জুড়াইল মন ॥
॥১২॥১১৭২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭০৩ সংখ্যক পদ। 'তথা রাগ' স্থলে 'আহিরী' প-র-সা। ২। 'বচ্ছ' প-র-সা। ৩। 'দুই' প-র-সা। ৪। 'ক্ষেণেকে' ঘ।

তথা রাগ।[১]

আইলা সকলে নন্দের মহলে
নন্দ আনন্দিত-মন।
প্রথমে পূজিল ব্রাহ্মণ সকল
দিলেন অনেক ধন ॥
সুবর্ণ রজত গাবী বৎস কত
লক্ষাধিক পরিমাণ।
অলঙ্কার যত দক্ষিণা সহিত
ব্রাহ্মণে করয়ে দান ॥
নর্ত্তক গায়ক ভট্টাদি বাদক
গোধনে তুষিল সভে।
নানা মিষ্ট-অন্ন করাই[২] ভোজন
বিদায় করিলা তবে ॥
কৃষ্ণ বলরাম সখাগণ বাম[৩]
করিল ভোজন-কেলি।

নন্দ যশোমতী করিল আরতি
গোপ-গোপাগণ মেলি ॥
ধন্য ব্রজ-জন ধন্য সে ব্রাহ্মণ
ধন্য সে গোকুলপুর।
ধন্য গাবীগণ যমুনা-পুলিন
এ দাস চৈতন্য ফুর ॥১৩॥১১৭৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭০৪ সংখ্যক পদ। 'তথা রাগ' স্থলে 'আহিরী' প-র-সা। ২। 'করাইল' ক। ৩। 'সাথ' ঘ; 'রাম' প-র-সা।

অথ বৎসচারণাদি।

তদুচিত-শ্রীগৌরচন্দ্রঃ।

ভাটিয়ারী।[১]

ভালিরে নাচে রে[২] মোর শচীর দুলাল।
চঞ্চল বালক মেলি সুরধুনী-তীরে কেলি
হরিবোল দিয়া কর-তাল ॥
কুটিল কুন্তল শিরে বদনে অমিয়া ঝরে
রূপ জিনি সোণা শতবান।
যতন করিয়া মায় ধড়া পরাইছে তায়
কাজরে উজোর দুনয়ান ॥
ভুজে শোভে তাড় বালা গলে মুকুতার মালা
কর-পদ কোকনদ জিনি।
সভে কহে মরি মরি সাগরে কামনা করি
হেন সুত পাইল শচী রাণী ॥১৪॥১১৭৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭০৫ সংখ্যক পদ। ২। 'নাচে রে' ক, খ, চ, প-র-সা।

ধানশী।[১]

ও গো[২] মা আজি আমি চরাব বাছুর।
পরাইয়া দেহ ধড়া মন্ত্র পড়ি বান্ধ চূড়া
চরণেতে পরাহ নূপুর ॥
অলকা তিলক ভালে বন-মালা দেহ গলে
শিঙ্গা বেত্র বেণু দেহ হাতে।
শ্রীদাম সুদাম দাম সুবলাদি বলরাম
সভাই দাঁড়াইয়া রাজপথে ॥
বিশাল অর্জ্জুন জান কিঙ্কিণী অংশুমান
সাজিয়া সভাই গোঠে যায়।
গোপালের কথা শুনি সজল-নয়নে রাণী
অচেতনে ধরণী লোটায় ॥
চঞ্চল বাছুরি সনে কেমনে ধাইবা বনে
কোমল[৩] দুখানি রাঙ্গা পায়।
বিপ্রদাস ঘোষে বলে এ বয়সে গোঠে গেলে
প্রাণ কি ধরিতে পারে মায় ॥১৫॥১১৭৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭০৬ সংখ্যক পদ। ২। 'আগো' ক। ৩। 'কমল' খ, ঘ, প-র-সা।

সুহই।[১]

গোপাল নাকি যাবে দূর-বনে।
তবে আমি না জীব পরাণে ॥ধ্রু॥[২]
দধি-মন্থন-কালে সম্মুখে বসিয়া খেলে
আঙ্গিনার বাহির নাহি[৩] করি।
আঙ্গিনার বাহির হৈয়া
যদি গোপাল খেলে গিয়া[৪]
তবে প্রাণ ধরিতে না পারি ॥
গোপাল যাবে বাথানে[৫] কি শুনিলাম[৬] শ্রবণে
যাদু মোর নয়ানের তারা।
কোরে থাকিতে কত চমকি চমকি উঠি[৭]
নয়ান-নিমিখে হই হারা ॥

গোপাল আমার পরাণ-পুতলী।
তোমারে সোঁপিয়া রাম কিছুই সন্দেহ নাই[৮]
তমু প্রাণ করয়ে ব্যাকুলি[৯] ॥১৬॥১১৭৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭০৭ সংখ্যক পদ। ২। প-র-সা ব্যতীত অন্যান্য পুথিতে 'ধ্রু' নাই। ৩। 'নাই' চ। ৪। 'যাঞা' ক; 'যাইয়া' চ, প-র-সা। ৫। 'যাবে বাথানে' স্থলে 'যাইবে বনে' প-র-সা। ৬। 'শুনি রে' প-র-সা। ৭। 'উঠে' ঘ। ৮। 'কিছুই সন্দেহ নাই' স্থলে 'কিছু ভয় নাহি চিতে' প-র-সা। ৯। 'বিকুলি' ক, খ, প-র-সা।

ভাটিয়ারি।[১]

বলরাম[২] তুমি নাকি আমার প্রাণ[৩] লৈয়া
বনে যাইছ।
যারে চিয়াইয়া দুগ্ধ পিয়াইতে নারি
তারে তুমি গোঠেরে[৪] সাজাইছ ॥
বসন ধরিয়া হাতে ফিরে গোপাল সাথে সাথে
দণ্ডে দণ্ডে[৫] দশ বার খায়।
এ হেন দুধের ছাওয়াল বনেরে[৬] বিদায় দিয়া
দৈবে মরিবে বুঝি[৭] মায় ॥
কত জন্ম[৮] ভাগ্য করি আরাধিয়া হরগৌরী
তাহে পাইলাম এ দুঃখ-পাসরা।
কেমনে ধৈরজ ধরে মায় কি বলিতে পারে
বনে যাউক এ দুগ্ধ[৯] -কোঙরা ॥
ছাওয়ালে ছাওয়ালে খেলে
ঘরে যাইতে পথ ভুলে[১০]
হাত মুখে দিয়া কান্দে।
আউলাইয়া কুটি-ধড়া দুচরণে লাগে বেড়া
আপনা আপনি পড়ে ফান্দে ॥
শ্রীদাম সুদাম দাম সুবল আদি বলরাম
শুন তোমার যতেক রাখাল।
বংশীবদনের বাণী কান্দি কহে নন্দরাণী
আজু রাখি যাও রে গোপাল ॥১৭॥১১৭৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭০৮ সংখ্যক পদ। ২। 'বলরাম রে' প-র-সা। ৩। 'পরাণ' ক, চ; 'গোপাল' প-র-সা। ৪। 'গোঠে' প-র-সা। ৫। 'দুগ্ধ' প-র-সা। ৬। 'বনে' ক। ৭। 'ঝুরি' প-র-সা। ৮। 'কত জন্ম' স্থলে 'জনম' ক, খ, ঘ, চ। ৯। 'দুধ' ক, চ। ১০। 'ছাওয়ালে' ইত্যাদি অতি সুন্দর কলি দুইটি কেবল প-র-সা পুথিতেই দৃষ্ট হয়। উহাদিগের পরিবর্ত্তে ঘ পুথিতে নিম্নলিখিত প্রক্ষিপ্ত-লক্ষণাক্রান্ত কলিটি দৃষ্ট হয়, যথা—

'জল খাইতে গিয়াছিল আনন্দে বেড়িয়াছিল
দুই হাতে আনল ধরি পিয়ে।
নন্দের ভাগ্যবলে যশোদার পুণ্যফলে
তেঞি-সে গোপাল মোর জিয়ে ॥'

তথা রাগ।[১]

নন্দরাণি গো মনে না ভাবিহ কিছু ভয়[২]।
বেলি-অবসান কালে গোপাল আনিয়া দিব
তোর আগে কহিলুঁ নিশ্চয় ॥ধ্রু॥[৩]
সোঁপি দেহ মোর হাতে আমি লৈয়া যাব সাথে
যাচিয়া[৪] খাওয়াব খীর ননী।
আমরা[৫] জীবন হৈতে অধিক জানিয়ে গো
জীবনের জীবন নীলমণি ॥
সকালে আনিব ধেনু বাজাইব[৬] শিঙ্গা বেণু
গোচারণ শিখাইব ভাইয়েরে[৭]।
গোপ-কুলে উতপতি গোধন-চারণ[৮] বৃত্তি
বসিয়া থাকিতে নাই[৯] ঘরে

শুনিয়া বলাইর কথা মরমে পাইয়া বেথা
ধারা বহে অরুণ নয়ানে।
এ দাস শিবাই বোলে রাণী ভাসে প্রেম-জলে
হেরইতে কানাইর বয়ানে ॥১৮॥১১৭৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭০৯ সংখ্যক পদ। ২। 'না ভাবিহ' ইত্যাদি স্থলে 'কিছু না ভাবিহ ভয়' ক। ৩। কেবল প-র-সা পুথিতে 'ধ্রু' আছে। ৪। 'বাচায়্যা' খ, চ। ৫। 'আমার' ক। ৬। 'বাজাইয়া' ক, খ,। ৭। 'ভাইয়ারে' প-র-সা। ৮। 'চরণে' প-র-সা। ৯। 'নাহি' ক, খ।

বান্ধিতে বিনোদ চূড়া নিরখিতে কেশ।
আঁখিযুগ ঝরঝর না হইল বেশ॥
পরাইতে নারে রাণী রঙ্গ পীত ধড়া।
ক্ষীণ মাজা[৩] দেখি ভয়ে ভাঙ্গি পড়ে পারা॥
পরাইতে নূপুর কমল সে চরণ।
নারিলুঁ বিদায় দিতে কহে ঘন ঘন॥
স্তন-ক্ষীরে ভিজিল রাণীর সব বাস।
নিছনি লইয়া মরু ঘনরামদাস॥২০॥১১৮০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭১১ সংখ্যক পদ। ২। 'মন' খ, চ। ৩। 'মাঝ' খ।

মায়ূর।[১]

কান্দিয়া সাজায় নন্দরাণী।
হেরি হলধর পানে ধারা বহে দুনয়নে
মুখে না নিঃসরে কিছু বাণী॥ ধ্রু[২]॥
অলকা তিলক দিতে মুখ ঘামে আচম্বিতে
দেখিয়া বিভোর যশোমতী।
নারিলে[৩] পাঠাইতে বনে দেখিয়া সে মুখ পানে
শিশুগণে করয়ে মিনতি॥
স্তন-ক্ষীরে আঁখি-নীরে বসন ভিজিয়া পড়ে
বেশ বনাইতে[৪] কাঁপে কর।
কান্দি গদগদ কহে আজি রাখি যাহ সভে
শূন্য না করিহ মোর ঘর॥১৯॥১১৭৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭১০ সংখ্যক পদ। ২। কেবল প-র-সা পুথিতে 'ধ্রু' আছে। ৩। 'নারিব' প-র-সা। ৪। 'বানাইতে' প-র-সা।

শ্রীরাগ।[১]

গোপালে[২] সাজাইতে নন্দরাণী না পারিল।
যতনে কানাই-চূড়া বলাই বান্ধিল॥
অঙ্গদ বলয়া হার শোভিয়াছে ভাল।
শ্রবণে কুণ্ডল দোলে গলে গুঞ্জাহার[৩]॥
পীত ধড়া আঁটিয়া পরায় কটি-তটে।
বেত্র মুরলী হাতে শিঙ্গা দোলে পিঠে॥
ললাটে তিলক দিল শ্রীদাম আসিয়া।
নূপুর পরায় রাঙ্গা চরণ ধরিয়া[৪]॥
ঘনরাম দাসে বোলে কান্দিতে কান্দিতে।
অমনি রহিল রাণী বদন হেরিতে॥
॥২১॥১১৮১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭১২ সংখ্যক পদ। ২। 'গোপালকে' প-র-সা। ৩। 'গুঞ্জহার' ক, খ। ৪। 'ধরিয়া' প-র-সা।

গান্ধার।[১]

আভরণ পরাইতে আভরণের শোভা।
প্রতি-অঙ্গ চুম্বইতে মনে[২] হয় লোভা॥

মঙ্গল।[১]

বিপিনে[২] গমন দেখি হৈয়া সকরুণ আঁখি
কান্দিতে কান্দিতে নন্দরাণী।

গোপালেরে কোলে লৈয়া প্রতি-অঙ্গে হাত দিয়া
রক্ষা-মন্ত্র পড়য়ে[৩] আপনি[৪] ॥
এ দুখানি রাঙ্গা পায় ব্রহ্মা রাখিবেন তায়
জানু রক্ষা করু দেবগণ।
কটিতট সুজঠর রক্ষা করু যজ্ঞেশ্বর
হৃদয় রাখুন নারায়ণ ॥
ভুজযুগ নখাঙ্গুলি রক্ষা করু বনমালী
কণ্ঠা[৫] মুখ রাখু[৬] দিনমণি।
মস্তক রাখুন শিব পৃষ্ঠদেশ হয়গ্রীব
অধ ঊর্দ্ধ রাখু[৭] চক্রপাণি ॥
জলে[৮] স্থলে গিরি বনে রাখিবেন জনার্দ্দনে
দশ দিগে দশ দিকপাল।
যত শত্রু হউ[৯] মিত্র রক্ষা করু সর্ব্বত্র
নহে তুমি হও তার কাল ॥
এই সব মন্ত্র পড়ি প্রতি-অঙ্গে হস্ত ধরি
গোময়ের ফোঁটা ভালে দিল।
এ দাস মাধব কয় নন্দরাণী প্রেমময়
বলরামের[১০] হাতে সমর্পিল ॥
॥২২॥১১৮২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭১৩ সংখ্যক পদ। ২। 'বিপিনে' প-র-সা। ৩। 'পঢ়য়ে' ঘ। ৪। 'আপুনি' খ, চ। ৫। 'কণ্ঠ' ক, খ। ৬। 'রাখ' ক; 'রাখুক' প-র-সা। ৭। 'রাখুন' ক। ৮। 'জল' ক। ৯। 'হও' প-র-সা। ১০। 'বলরামে' ক, খ, ঘ, চ।

কামোদ।[১]

প্রণতি করিয়া মায় চলিলা যাদব রায়
আগে পাছে ধায় শিশুগণ।
ঘন বাজে শিঙ্গা বেণু গগনে গো-খুর-রেণু
শুনি সভার[২] হরষিত মন ॥
আগে আগে বৎসপাল পাছে ধায় ব্রজ-বাল
হৈ হৈ শবদ ঘন রোল[৩]।
মধ্যে নাচি যায় শ্যাম দক্ষিণে সে বলরাম
ব্রজ-বাসী হেরিয়া বিভোর[৪] ॥
নবীন রাখাল সব আবা আবা কলরব
শিরে চূড়া নটবর-বেশ।
আসিয়া যমুনা-তীরে নানা রঙ্গে খেলা করে
কত কত কৌতুক বিশেষ ॥
কেহো যায় বৃষ-ছান্দে
কেহো কারো[৫] চড়ে কান্ধে
কেহো নাচে কেহো গান গায়।
এ দাস মাধব বলে কি শোভা যমুনা-কূলে
রাম কানাই আনন্দে খেলায় ॥
॥২৩॥১১৮৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭১৫ সংখ্যক পদ। প-র-সা পুথিতে 'শৃণু' ইত্যাদি সংস্কৃত শ্লোকটিকে স্বতন্ত্র (১৭১৪ সংখ্যক) পদরূপে গণনা করা হইয়াছে। ২। 'শুনি সভার' স্থলে 'সুরনর' ক, খ; 'সুবলের প-র-সা। ৩। 'বোল' খ। ৪। বিভোল' খ, চ; 'বিহ্বোল' প-র-সা। ৫। 'কার' ক।

তথাহি শ্লোকঃ।

শৃণু বল মম বাক্যং বালকানাং বলী ত্বং
গিরি-বন-জল-মধ্যে রক্ষ কৃষ্ণং মদীয়ং।
ইতি বল-কর-যুগ্মে কৃষ্ণ-পাণিং নিধায়
নয়ন-গলিত-ধারা নন্দ-জায়া পপাত ॥

ভাটিয়ারি।[১]

সকল রাখাল মেলি খেলা আরম্ভিল।
রাম কানাই দুই ভাই দু দিগে দাঁড়াইল[২] ॥
শ্রীদামে কানাইয়ে খেলা বলাইয়ে[৩] সুবলে।
এই মত আর সব শিশুগণে খেলে ॥

কানাই হারিয়া কান্ধে করয়ে শ্রীদামে[৪]।
সুবল হারিয়া কান্ধে করে বলরামে[৫] ॥
বংশীবটের তলে রাখিবারে যায়।
হেরি সব শিশুগণে শিঙ্গা বেণু বায় ॥
শ্রীদাম কানাইর[৬] কান্ধে হইতে নামিল।
আবা আবা রব দিয়া নাচিতে লাগিল ॥
এ দাস মাধব বলে অপরূপ নহে।
প্রেমের অধীন কানাই সাধু লোকে কহে ॥
॥২৪॥১১৮৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭১৬ সংখ্যক পদ। ২। 'দুদিগে দাঁড়াইল' স্থলে 'দুই দিগে হইল' প-র-সা। ৩। 'বলাই' ক, চ, প-র-সা। ৪। 'শ্রীদাম' ঘ। ৫। 'বলরাম' ঘ। ৬। 'কানাই' ক, খ, ঘ, চ।

সারঙ্গ।১

নিরমল যমুনা- জল মাহা হেরই
আপন আপন তনু-ছাহ[২]।
দশনহি অধর নয়ন করি বঙ্কিম
কোপ করয়ে পুন তাহ[৩] ॥
খেণে ত্রিভঙ্গ রঙ্গ[৪] করি রহতহিঁ[৫]
খেণে খেণে বেণু বাজায়।
খেণে তরুবর হীলন দেই রঙ্গহি
রঙ্গিম[৬] চরণ দোলায় ॥
বিহরই[৭] নন্দ-দুলাল।
শৃঙ্গ মুরলি করে গলে গুঞ্জাবলি
চৌদিগে বেঢ়ি ব্রজবাল ॥২৫॥১১৮৫॥

ইতি তৃতীয়-শাখায়াং বিংশতিপল্লবঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭১৭ সংখ্যক পদ। ২। 'ছায়' ক, খ, চ, প-র-সা। ৩। 'তায়' ক, খ, চ, প-র-সা। ৪। 'রঙ্গি' ক, খ। ৫। 'করতহিঁ' ক। ৬। 'বঙ্কিম' প-র-সা। ৭। 'বিহরয়ে' ক, খ।

অথ সখ্যরসঃ গোষ্ঠ-গমনং যথা।

শ্রীগৌরচন্দ্রঃ।

বেলোয়ার।১

আজু রে গৌরাঙ্গের মনে কি ভাব উঠিল।
ধবলী সাঙলী বলি সঘনে ডাকিল[২] ॥
শিঙ্গা বেণু মুরলী করিয়া জয়-ধ্বনি।
হৈ হৈ বলিয়া গোরা ফিরায় পাঁচনী ॥
রামাই সুন্দরানন্দ সঙ্গে নিত্যানন্দ।
গৌরীদাস অভিরাম সভার[৩] আনন্দ ॥
বাসুদেব ঘোষ কহে মনের হরিষে[৪]।
গোষ্ঠলীলা গোরাচাঁদ[৫] করিলা প্রকাশে[৬] ॥
॥১॥১১৮৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭১৮ সংখ্যক পদ। ২। 'হাকিল' প-র-সা। ৩। 'অভিরাম সভার' স্থলে 'অভিরামের বাঢ়িল' ঘ। ৪। 'মনের হরিষে' স্থলে 'মনে করি আশ' প-র-সা। ৫। 'মহাপ্রভু' প-র-সা। ৬। 'প্রকাশ' প-র-সা।

ভূপালী।১

নীল পীত ধড়া নন্দ পরায় আপনি।
চন্দন-তিলক দেই যশোদা রোহিণী ॥
চূড়ায় ময়ূর-পুচ্ছ[২] গলে গুঞ্জা-হার।
চরণে নূপুর রাণী দেই দোঁহাকার[৩] ॥
গোপালে সাজাঞা রাণী দোলমাল হিয়া।
একবার কোলে আয় রে মা মা বলিয়া ॥
॥২॥১১৮৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭১৯ সংখ্যক পদ। ২। 'মউরের পাখা' প-র-সা। ৩। 'দোহাঁর' খ, চ।

সুহই।১

হের আয় রে বলরাম হাত দে মোর[২] মাথে।
ধড় রাখিয়া প্রাণ দিয়ে[৩] তোর হাতে॥
আর এক কথা কহি শুন হলধর।
যশোদার বালক বলি না ভাবিহ পর॥
যাচিয়া নবনী দিহ নিকটে রাখিবে[৪]।
বেলি অবসান হৈলে সকালে আসিবে[৫]॥
॥৩॥১১৮৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭২০ সংখ্যক পদ। ২। 'মায়ের' ক, চ। ৩। 'দিলু' প-র-সা। ৪। 'রাখিহ' প-র-সা। ৫। 'আসিহ' প-র-সা।

শ্রীরাগ।১

আমার শপতি লাগে না ধাইহ ধেনুর আগে
পরাণের পরাণ নীলমণি।
নিকটে রাখিহ ধেনু পূরিহ মোহন বেণু
ঘরে বসি আমি যেন শুনি॥
বলাই ধাইবে আগে আর শিশু বাম ভাগে
শ্রীদাম সুদাম সব[২] পাছে।
তুমি তার মাঝে ধাইয়[৩] সঙ্গ ছাড়া না হইয়[৪]
মাঠে বড় রিপু-ভয় আছে॥
খুধা[৫] হৈলে লইয়া[৬] খাইয়[৭]
পথ পানে চাহি[৮] যাইয়[৯]
অতিশয় তৃণাঙ্কুর পথে।
কারু বোলে বড় ধেনু ফিরাইতে না যাইয় কানু
হাত তুলি দেহ মোর[১০] মাথে॥
থাকিবে[১১] তরুর ছায় মিনতি করিছে মায়
রবি যেন না লাগয়ে গায়।
যাদবেন্দ্রে সঙ্গে লইয়[১২]
বাধা পানই[১৩] হাতে থুইয়[১৪]
বুঝিয়া যোগাবে রাঙ্গা পায়॥৪॥১১৮৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭২১ সংখ্যক পদ। ২। 'তার' প-র-সা। ৩। 'ধাইয়ো' চ; 'রইও' প-র-সা। ৪। 'হইও' প-র-সা। ৫। 'ক্ষুধা' ক, খ। ৬। 'চাহি' ক, খ; 'চাহিয়া' প-র-সা। ৭। 'আইয়' ঘ। ৮। 'চাহিয়া' ঘ। ৯। 'যাইও' প-র-সা। ১০। 'দেহ মোর' স্থলে 'দেরে মায়ের' প-র-সা। ১১। 'থাকিও' ক; 'থাকিহ' চ; 'বসিহ' প-র-সা। ১২। 'লেহ' প-র-সা। ১৩। 'নূপুর' প-র-সা। ১৪। 'দেহ' প-র-সা।

ভাটিয়ারি।১

সাজ সাজ বলিয়া পড়িয়া গেল সাড়া।
বলরামের শিঙ্গাতে সাজিল গোয়াল-পাড়া॥
হাম্বা হাম্বা[২] রব যে উঠিল ঘরে ঘরে।
সাজিয়া কাচিয়া[৩] সভে হইলা বাহিরে॥
আজি বড় গোকুলের রঙ্গ রাজপথে।
গোধন চালাঞা সভে চলিলা এক[৪] সাথে॥ধ্রু॥
চারি দিকে সব শিশু মধ্যে রাম কানু।
কাঁচনী পাঁচনী কারু[৫] হাতে শিঙ্গা বেণু॥
সভার সমান বেশ বয়স এক ছান্দ।
তারাগণ বেড়িয়া[৬] চলিলা শ্যামচান্দ॥
ধাইয়া যাইয়া কেহ ধেনু বাহুড়ায়।
জ্ঞানদাস এক ভিতে দাঁড়াইয়া চায়॥৫॥১১৯০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭২২ সংখ্যক পদ। ২। 'হামা হামা' খ। ৩। 'কাজিয়া' খ।

৪। 'একই' খ। ৫। 'কার' ক। ৬। 'বেঢ়ি যেন, ঘ।

তথা রাগ।১

আজু বন বিজই রাম কানু।
আগে পাছে শিশু ধায় লাখে লাখে ধেনু॥
সমান বয়েস বেশ সমান রাখাল।
সমান হৈ হৈ রবে চালাইছে পাল॥
কারু নীল কারু পীত কারু রাঙ্গা ধড়ি[২]।
সুরঙ্গ চতুনা[৩] মাথে বিনোদ পাগড়ি[৪]॥
কারু গলে গুঞ্জাগাভা[৫] কারু বনমালা।
রাখালের মাঝে[৬] নাচিছে চিকণ কালা॥
নূপুরের ধ্বনি শুনি মুনি[৭]-মন ভুলে।
ঝাপিল রবির রথ গো-খুরের ধূলে॥৬॥১১৯১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭২৩ সংখ্যক পদ। ২। 'ছড়ি' খ। ৩। 'চতুলা' চ। ৪। 'পাগুড়ি' ঘ। ৫। 'হার' ঘ। ৬। 'মাঝে রে' প-র-সা। ৭। 'মুনির' প-র-সা।

ভাটিয়ারি। তেয়ট।১

গোঠেরে[২] সাজল গোপাল।
ধবলি সাঙলি পিউলি বলিয়া
হাঁকারে সব[৩] রাখাল॥ ধ্রু॥
কারু কান্ধে[৪] চেলি বিনোদ পাগড়ি
কারু গলে গুঞ্জাগাভা[৫]।
শ্বেত লোহিত কারু নীল পীত
কটি-তটে ভাল শোভা॥
ভাইয়া[৬] বলরাম পূরিছে বিষাণ
কানাই পূরিছে বেণু।
উচ্চ পুচ্ছ করি শ্রবণ তুলিয়া
আগে চলে সব ধেনু॥
নাচত গায়ত বেণু বাজায়ত
ধেনু চালায়ত রঙ্গে।
ভোজন-সম্ভার লৈয়া আগুসার
যাদবেন্দ্র চলু সঙ্গে॥৭॥১১৯২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭২৪ সংখ্যক পদ; 'তেয়ট' স্থলে 'তেউট' চ; 'তেউড়ি' প-র-সা। ২। 'গোঠে রে' স্থলে 'আজু গোঠে' ঘ। ৩। 'সব' শব্দ ঘ, চ পুথিতে নাই। ৪। 'মাথে' প-র-সা। ৫। 'গুঞ্জা গাঁথা' খ। ৬। 'ভাই' ক, চ।

ভাটিয়ারি।১

ভালি রে গোপাল চূড়ামণি।
বংশীবটের মাঠে গোঠের সাজনি॥ ধ্রু[২]॥
বান্ধিয়া মোহন[৩] চূড়া গুঞ্জার আটনি।
বরিহা বকুলমালে ঈষৎ টালনি॥
গলায় ফুলের দাম গো-ধূলি সব গায়।
নাচিয়া যাইতে সে[৪] মঞ্জীর বাজে পায়॥
মণিময় অভরণ শ্যাম কলেবর।
তড়িতে জড়িত যেন নব জলধর॥
সভার সমান বেশ নাটুয়া-কাচনি[৫]।
সঘনে পবন-বেগে ফিরায় পাচনি॥
ব্রজ-বালকের[৬] সঙ্গে রঙ্গে চলি যায়।
নবচন্দ্র দাস পায় পড়িয়া লোটায়॥
॥৮॥১১৯৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭২৫ সংখ্যক পদ। ২। কেবল প-র-সা পুথিতে 'ধ্রু' আছে। ৩। 'বিনোদ' প-র-সা। ৪। 'সে' শব্দটি প-র-সা পুথিতে নাই। ৫। 'কাছনি' ক। ৬। 'বালক' ক, খ, ঘ, চ।

সারঙ্গ।১

ও রাম কানাই কালিন্দীর২ তীরে।
শ্বেত শ্যাম দুই ভাই চান্দে মেঘে৩ এক ঠাঞি
শিশুগণ তারা যেন ফিরে॥ ধ্রু৪ ॥
কেহো জলপানে ধায় অঞ্জলি পূরিয়া খায়
কেহো দেখে নিজ অঙ্গ-ছায়া।
যমুনা আনন্দ-মন তরঙ্গ উঠিছে ঘন৫
দেখি ব্রজ-বালকের মায়া॥
তুলিল কানাইর বানা
ঠাঞি ঠাঞি রাখালের থানা
সুবলের থানা সভার আগে।
মাঝে রাজা শ্যাম-ধাম তার বামে বলরাম
রাখাল বেড়িল লাখে লাখে॥
কেহো হাতী ঘোড়া হয় রাখাল রাখালে বয়
কেহো নাচে কেহো গায় গীত।
কেহো বায় শিঙ্গা বেণু বনে৬ রাজা হৈল কানু
বলাই হইলা তার মীত॥
কেহো বলে সাজ সাজ বসিলা রাখাল-রাজ
অসুর উপরে দেও৭ হানা।
বংশী বদনে গায় দধি দুগ্ধ কাড়ি খায়
কংসের যোগান দিতে মানা॥

॥৯॥১১৯৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭২৬ সংখ্যক পদ। ২। 'কালিন্দি' ঘ। ৩। 'চাঁদ মেঘ' ক। ৪। কেবল প-র-সা পুথিতে 'ধ্রু' আছে। ৫। 'উঠিছে ঘন' স্থলে 'উঠে ঘন ঘন' প-র-সা। ৬। 'বনে' ক, খ; 'বোনে' ঘ, চ। ৭। 'দেহ' প-র-সা।

ধানশী।১

যমুনাক তীর তরুতল সুশীতল
আসিয়া মিলল দোনং ভাই।
সভে বলে ভাল ভাল কি খেলা খেলাবে৩ বোল
আজু খেলিব এই ঠাঞি॥
কারু কোচড়েতে ভেটা কড়ি৪
রামচাকি দাড়াগুলি
কেহো কেগে পাচনি ফিরায়।
রাম কানাই কুতূহলে দুই ভাই৫ দুই দলে
শিশুগণ করে ধাওয়া ধায়॥
কৌতুকে ঠেলাঠেলি নিজ অঙ্গ হেলাহেলি
কেহ কেহ লাটুয়া৬ ঘুরায়।
সব শিশু৭ থরে থরে গেঁড়ুয়া বলাই করে
লোফে গেঁড়ু মত্ত বলাই॥
সাতলি৮ ভাঙ্গলু বলি ডাকে মহামত্ত বলী
চৌদিগে পড়ে ধাওয়া ধাই৯।
এক শিশু কহে শুন সাতলি পাত্যাছি পুন
মার যদি কানাইর দোহাই॥১০॥১১৯৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭২৭ সংখ্যক পদ। ২। 'দুই' প-র-সা। ৩। 'খেলাবি' ক, খ, চ, প-র-সা। ৪। 'কারু' ইত্যাদি স্থলে 'কারু কাছরেত' ইত্যাদি ক; 'কারু কাঁছড়েত' ইত্যাদি খ, চ; 'কারু কোছে' ইত্যাদি প-র-সা। ৫। 'দিগে' ক, খ, চ, প-র-সা। ৬। 'নাটুয়া' প-র-সা। ৭। 'সব শিশু' স্থলে 'শিশুগণ' ঘ। ৮। 'সাওলি' ক। ৯। 'সাতলি' ইত্যাদি পংক্তিদ্বয় ক, চ পুথিতে নাই। অতঃপর খ, ঘ পুথিতে নিম্নলিখিত অতিরিক্ত পংক্তিদ্বয় দৃষ্ট হয়, যথা—

'কেহো ধায় দুরাদুরি কেহো তরু লম্ফ করি
পাছে পাছে মত্ত বলাই॥'

প-র-সা পুথিতে উদ্ধৃত পংক্তিদ্বয়ের পরিবর্ত্তে পুনরায় 'সব শিশু' ইত্যাদি পংক্তিদ্বয় লিখিত হইয়াছে।

ভাটিয়ারি ।১

আরে মোর রাম কানাই ।
যমুনা-তীরের[২] ছায় খেলে দোন ভাই ॥
সভাই সমান খেলু[৩] বাটিয়া লইল ।
হারিলে চড়িব কান্ধে এই পণ কৈল ॥
যে জন হারিবে ভাই কান্ধে করি লবে[৪] ।
বংশীবটের তলে[৫] রাখিয়া আসিবে ॥
দুই দিগে দুই ভাই আসি দাঁড়াইলা ।
যার যেই খেলু[৬] সব বাঁটিয়া লইলা ॥
শ্রীদাম সুদাম আদি কানাইর দিগে হৈল ।
সুবল বলাইর দিগে নাচিতে লাগিল ॥
শ্রীদাম কহে আমরা কানাইর দিগে হব ।
কানাই হারিলে উহার[৭] কান্ধে না চড়িব ॥
এমতে বাঁটিয়া খেলু[৮] খেলা আরম্ভিলা ।
সঘনে গম্ভীর নাদে খেলিয়া চলিলা ॥
ঘনরাম দাস কহে দেখিয়া বলাই ।
আপনি সাতলি[৯] ভাঙ্গি হারিলা কানাই ॥
॥১১॥১১৯৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১২৮ সংখ্যক পদ। ২। 'তরুর' ঘ, চ, প-র-সা। ৩। 'খেড়ু' প-র-সা। ৪। 'নিবে' ক, খ। ৫। 'তলে নিয়া' ক, খ। ৬। 'খেড়ু' প-র-সা। ৭। 'আর' ক, খ, চ, প-র-সা। ৮। 'খেড়ু' প-র-সা। ৯। 'সাওলি' ক, খ; সাঁতলি' ঘ; 'সাঙুলি' চ; 'সাঁওলি' প-র-সা।

ধানশী ।১

আজি খেলায় হারিলা কানাই ।
সুবলে করিয়া কান্ধে বসন আঁটিয়া বান্ধে
বংশীবটের তলে যাই ॥ ধ্রু ॥[২]

শ্রীদাম বলাই লৈয়া চলিতে না পারে ধাইয়া
শ্রম-জল-ধারা পড়ে অঙ্গে ।
এখন খেলিব যবে হইব বলাইর দিগে
আর না খেলিব কানাইর[৩] সঙ্গে ॥
কানাই না জিতে কভু জিতিলে হারয়ে তভু
হারিলে জিতয়ে বলরাম ।
খেলিয়া বলাইর সঙ্গে চড়িব কানাইর কান্ধে
নহে কান্ধে নিব ঘন-শ্যাম ॥
মত্ত বলাই-চান্দে কে করিতে পারে কান্ধে
খেলিতে যাইতে লাগে ভয় ।
গেড়ুয়া লইয়া করে হারিলে সভারে মারে
ঘনরাম দাস দেখি কয় ॥১২॥১১৯৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১২৯ সংখ্যক পদ। ২। কেবল প-র-সা পুথিতে 'ধ্রু' আছে। ৩। 'খেলিব কানাইর' স্থলে 'খেলাব কানু' প-র-সা।

সারঙ্গ ।১

ভাগ্যবতী যমুনা মাই ।
যার এ কূলে ও কূলে ধাওয়া ধাই ॥
শ্বেত শাঙল দোন ভাই ।
যার[২] জলে দেখে আপন[৩] ছাই ॥
যমুনার জলে কিবা শোভা[৪] ।
এ যদুনন্দন-মনলোভা ॥১৩॥১১৯৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৩০ সংখ্যক পদ। ২। 'যার' শব্দ ঘ পুথিতে নাই। ৩। 'নিজ অঙ্গ' ঘ; 'আপনার' চ। ৪। 'যমুনার' ইত্যাদি কলিটি কেবল প-র-সা পুথিতে আছে। অতঃপর উহাতে নিম্নলিখিত প্রক্ষিপ্ত কলিটি দৃষ্ট হয়, যথা—
'নিমানন্দ দাসের হয় তথি ।
জলে দেখি কতেক মুরতি ॥'

নিমানন্দ দাস বৈষ্ণবদাসের পরবর্ত্তী সময়ের ব্যক্তি; সুতরাং বৈষ্ণবদাসের 'পদকল্পতরু' গ্রন্থে নিমানন্দ দাসের ভণিতাযুক্ত রচনা সন্নিবেশিত হওয়া অসম্ভব। প-র-সা পুথিতে এই পদে যদুনন্দন দাসের ভণিতা আছে; তৎপরে আবার নিমানন্দ দাসের ভণিতার কোন সার্থকতা দেখা যায় না। নিমানন্দ দাস এই পদের লুপ্ত-প্রায় ভণিতাটির উদ্ধার করিয়াছেন বলিয়া এই পদের শেষে নিজ-নামাঙ্কিত অপর ভণিতা সংযোজিত করিয়াছেন কি?

অথ বনভোজন।

তথা রাগ।

খেলা সমাধিয়া শ্রমযুত হৈয়া
সখাগণ লৈয়া সঙ্গে।
ভোজন-সম্ভার ছিল ভারে ভার
ভোজনে বসিলা রঙ্গে॥
যমুনা-পুলিনে বেঢ়ি সখাগণে
মাঝে করি বৈসে কানু।
পাড়ি বনপাত তাহে নিল ভাত
জল ভরি শিঙ্গা বেণু॥
সব সখা মেলি করিয়া মণ্ডলী
ভোজন করয়ে সুখে।
ভাল ভাল কৈয়া মুখ হৈতে লৈয়া
সভে দেই কানু মুখে॥
সভে কহে ভাই আমার কানাই
মোরে বড় ভাল বাসে।
আমার সমুখে বসি খায় সুখে
সদা রহে মোর পাশে॥
এহি করি মনে করয়ে ভোজনে
আনন্দ-সাগরে ভাসে।
বিশ্বম্ভর দাস করি মনে আশ
রহে সুবলের পাশে ॥১৪॥১১৯৯॥

শুকরাভরণ। সম তাল।১

তোর আইঠা২ বড় মিঠা লাগে কানাই রে।
খাইতে বড় সুখ পাই তেঞি তোর আইঠা খাই
খেত্যে খেত্যে বেঁতে হৈতে দিতে হৈল
ভাই রে৩ ॥ধ্রু॥
ও রাঙ্গা অধর মাঝে না জানি কি মধু আছে
আমরা তোর৪ চান্দ-মুখের বালাই যাই রে।
এই উপহার নেও৫ খাইয়া আমাদিগে৬ দেও
এ দাস উদ্ধবে কিছু দিতে চাই রে॥
॥১৫॥১২০০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৩১ সংখ্যক পদ। ২। 'আঁইঠ' ঘ; 'আঁঠ্যা' চ; 'এঠো' প-র-সা। ৩। 'খেত্যে' ইত্যাদি স্থলে 'খাইতে বেঁতে হৈতে দিতে' ইত্যাদি ক; 'খেতে বেঁতে হইতে দিত' ইত্যাদি খ; 'খেত্যে বেঁতে হৈতে দিতে' চ; 'খাইতে দিতে' প-র-সা। ৪। 'তোমার' ক। ৫। 'লাও' খ; 'নাও' ঘ; 'লেও' ক। ৬। 'আমার দিগে' ঘ।

তথা রাগ।১

ভোজন সমাপি সবহুঁ ব্রজ-বালক
বৈঠল নীপক ছায়।
কালিন্দি-নীর-সমীর বহই মৃদু
শীতল করু সব গায়॥
সুন্দর শ্যাম-শরীর।
শ্রীদামক কোরে অলসে তহিঁ শূতল২
সুবল-কোরে বলবীর ॥ধ্রু॥
নব নব পল্লব লেই সখাগণ
বীজই দুহুঁ জন-অঙ্গে।
কোকিল ভ্রমর কানু-মুখ হেরি হেরি
গায়ই শবদ-তরঙ্গে॥

আলস তেজি বৈঠল নন্দ-নন্দন
দূরহিঁ গেও সব ধেনু।
হেরইতে যতনে একযোগ কারণে[৩]
বায়ই মোহন বেণু ॥১৬॥১২০১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৩২ সংখ্যক পদ। ২। 'শুতল' ক, চ, প-র-সা। ৩। 'কাননে' প-র-সা।

যথা রাগ।১

সব সহচর সনে বেণু বাজাওয়ে।
প্রেমহি কোই কানু-গুণ গাওয়ে ॥
কোই কোই নিরখয়ে কানুক মুখ।
খেলই কোই ততহুঁ মন সুখ ॥
কোই চক্রাবত[২] লগুড় ফিরায়।
কাহুঁক কান্ধে কোই[৩] চড়ি যায় ॥
ঐছে সখা সহ খেলয়ে কান।
মোহন রাম-কানুক গুণ গান ॥১৭॥১২০২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৩৩ সংখ্যক পদ। ২। 'চক্রবৎ' ক, খ, ঘ; 'চক্রবত' চ। 'চক্রবৎ' ও 'চক্রবত' পাঠে ছন্দোভঙ্গ ঘটে। 'চক্রাবত' শব্দ সংস্কৃত 'চক্রাবর্ত্ত' শব্দের অপভ্রংশ। ৩। 'কোই চড়ি' স্থলে 'চড়ি কোই' ক, খ, ঘ, চ।

করুণ ভাটিয়ারি।১

আজু বনে আনন্দ বাধাই।
পাতিয়া বিনোদ খেলা আনন্দে[২] হইলা ভোলা
দূর বনে গেল সব গাই ॥ধ্রু

ধেনু না দেখিয়া বনে চকিত রাখালগণে
শ্রীদাম সুদাম আদি সভে।
কানাই বলিছে ভাই খেলা ভাঙ্গা যাবে[৩] নাই
আনিব গোধন বেণু-রবে ॥
সব ধেনু নাম কৈয়া[৪] অধরে মুরলী লৈয়া
ডাকিয়া পূরিল উচ্চস্বরে।
শুনিয়া বেণুর রব[৫] ধায় ধেনু বৎস সব[৬]
পুচ্ছ ফেলি পিঠের উপরে ॥
ধেনু সব সারি সারি হাম্বা হাম্বা রব করি
দাঁড়াইল কৃষ্ণের নিকটে।
দুগ্ধ স্রবি পড়ে বাঁটে প্রেমের তরঙ্গ উঠে
স্নেহে গাবী শ্যাম-অঙ্গ চাটে ॥
দেখি সব সখাগণ আবা আবা ঘনে ঘন
কানুরে করিল আলিঙ্গন।
প্রেমদাস কহে বাণী কানাইর মুরলী শুনি[৭]
পশু পাখী পাইল চেতন ॥১৮॥১২০৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৩৪ সংখ্যক পদ। ২। 'সভাই' খ, প-র-সা। ৩। 'হবে' ক, খ, প-র-সা। ৪। 'কহিয়া' ঘ; 'কয়্যা' চ। ৫। 'রবে' ঘ। ৬। 'সবে' ঘ। ৭। 'ধ্বনি' প-র-সা।

সিন্ধুড়া।১

শ্রুতি-অবতংস অংস পরি লম্বিত
মুরলী অধর সুরঙ্গ।
চরণে লম্বিত পিত[২] ধটিকর[৩] অঞ্চল
গো-ধূলি-ধূসর শ্যাম-অঙ্গ ॥
ধেনু চরাওত বেণু বাজাওত
কানাই কালিন্দি-তীরে।
ধবলি সাঙলি বলি দীগ[৪] নেহারই
গরজই মন্দ গভীরে ॥

করধৃত-লগুড় ভূমে[৫] আরোপিত
কটি-অবলম্বন-কারী।
বাম-চরণ পর দখিণ চরণ খানি
অঙ্গ-ভঙ্গ জগ-মন-হারী ॥
ব্রজ-বালক সঙ্গে রঙ্গে কত ধাওত
মত্ত সিংহ-গতি[৬] গমনে।
চান্দ-মুখের ঘাম বামকরে বারই
রহই লগুড় হিলানে[৭] ॥
উচ্চ পুচ্ছ করি ধেনুগণ ধাওত
চাহত ঝরঝর দীঠে[৮]।
অনন্ত দাস কহ কানু-মুখ হেরি হেরি
পুচ্ছ নাচাওত পীঠে[৯] ॥১৯॥১২০৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৩৫ সংখ্যক পদ। ২। 'গীত' ক, চ। ৩। 'ধটিকর' স্থলে 'ধরি কর' ক; 'ধরি করু' খ, প-র-সা; 'ধটির' ঘ। ধটিকর=ধটির। ৪। 'দিঘ' ক; 'দিঘ' চ, প-র-সা। ৫। 'ভোমে' ঘ, চ। ৬। 'জিনিয়া' ক, খ। ৭। 'হিলোনে' চ; 'হিলনে' প-র-সা। ৮। 'দিঠে' ক, চ, প-র-সা। ৯। 'পিঠে' ক, প-র-সা।

জয়জয়ন্তী।১

সখাগণ সঙ্গে রঙ্গে ব্রজ-নন্দন[২]
ধেনু চরাওত কালিন্দি-তীরে।
সম-বয়-বেশ কেশ পরি চন্দ্রক
গজবর-গমনে চলই ধিরে[৩] ধীরে ॥
দাম শ্রীদাম মহাবল কোকিল
সবহুঁ সখা সঞে বহুবিধ খেল।
কর চরণে মহি[৪] ধরই ধবলি সম
কোই বৎস কোই বৃষ সম ভেল ॥
কোই কোকিল সম গরজই কুহু কুহু
কোই ময়ুর সম নৃত্য রসাল।
ঐছন ক্রীড়নে[৫] নিমগন সব জন
দূর কানন মাহা[৬] চলু সব পাল ॥
যমুনা-তরঙ্গ রঙ্গ হেরি কোই কোই
জল মাহা পৈঠি করয়ে[৭] জল-খেলা।
ঐছে আনন্দে বিহরে[৮] ব্রজ-বালক
দাস অনন্ত-চীত[৯] হরি নেলা ॥২০॥১২০৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৩৬ সংখ্যক পদ। ২। 'যদুনন্দন' ক; 'কত ধায়ত' প-র-সা। ৩। 'ধীরে' ক, খ, প-র-সা। ৪। 'মহী' ক। ৫। 'ক্রীড়ন' ঘ। ৬। 'মহা' ঘ। ৭। 'করল' ক, খ; 'করত' প-র-সা। ৮। 'খেলত' প-র-সা। ৯। 'অনন্তক চীত' চ; 'অনন্ত চিত' ঘ; 'অনন্তক চিত' ক।

শ্রীরাগ।১

যমুনার তীরে কানাই শ্রীদামেরে[২] লৈয়া।
মাথামাথি রণ করে[৩] শ্রমযুত হৈয়া ॥
প্রখর রবির তাপে শুখাইল মুখ।
দেখি সব সখাগণের মনে হইল দুখ ॥
আর না খেলিব ভাই চল যাই ঘরে।
সকালে যাইতে মা কহিয়াছে[৪] সভারে ॥
মলিন হইল কানাই মুখানি[৫] তোমার।
দেখিয়া বিদরে হিয়া আমা সভাকার ॥
বেলি অবসান হৈল চল ঘরে যাই।
কহে বলরাম দূর বনে গেল গাই ॥
॥২১॥১২০৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৩৭ সংখ্যক পদ। ২। 'শ্রীদামে' ঘ; 'ছিদাম' প-র-সা। ৩। 'করি' খ, ঘ। ৪। 'কইয়াছে' প-র-সা। ৫। 'মুখানি' ঘ।

অথ উত্তর গোষ্ঠ।

তথা রাগ।[১]

পাল জড় কর শ্রীদাম সান দেও[২] শিঙ্গায়।
সঘনে বিষম খাই[৩] নাম করে মায়॥
আজি মাঠে আমাদের বিলম্ব দেখিয়া।
হেন বুঝি কান্দে মায়[৪] পথ পানে চাইয়া[৫]॥
বেলি অবসান হৈল চল যাই ঘরে।
মায়ে না দেখিয়া প্রাণ কেমন জানি করে॥
বলরাম দাস কহে শুনি কানাইর বোল।
সকল রাখাল মাঝে পড়ে উতরোল॥

॥২২॥১২০৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৩৮ সংখ্যক পদ। ২। 'দাও' ঘ, চ। ৩। 'লাগে' ঘ। ৪। 'মাতা' ক; 'মা' চ। ৫। 'চাঞা' ক।

টীকা

২। "সঘনে" ইত্যাদি। আমি বারম্বার বিষম খাইতেছি,—(তাহাতে অনুমান হইতেছে যে) মাতা আমার নাম স্মরণ করিতেছেন। (কেহ একাগ্র-মনে দূরস্থিত প্রিয় জনকে স্মরণ করিলে, তাহার বিষম লাগে—এইরূপ প্রচলিত সংস্কার আছে।)

ভাটিয়ারি।[১]

চাঁদ-মুখে বেণু দিয়া সব ধেনু নাম লইয়া
ডাকিতে লাগিলা উচ্চস্বরে।
শুনিয়া কানাইর বেণু ঊর্দ্ধমুখে ধায় ধেনু
পুচ্ছ ফেলি পিঠের উপরে॥
অবসান বেণু-রব বুঝিয়া রাখাল সব
আসিয়া মিলিল নিজ-সুখে।
যে বনে যে ধেনু ছিল ফিরিয়া একত্র কৈল
চালাইলা গোকুলের মুখে॥
শ্বেত-কান্তি অনুপাম আগে ধায় বলরাম
আর শিশু চলে ডাহিন বাম।
শ্রীদাম সুদাম পাছে ভাল শোভা করিয়াছে
তার মাঝে নবঘন-শ্যাম॥
ঘন বাজে শিঙ্গা বেণু গগনে গো-ক্ষুর-রেণু
পথে চলে করি কত ভঙ্গে[২]।
যতেক রাখালগণ আবা আবা ঘনে ঘন
বলরাম দাস চলু সঙ্গে[৩]॥২৩॥১২০৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৩৯ সংখ্যক পদ। ২। 'ভঙ্গি' প-র-সা। ৩। 'সঙ্গি' প-র-সা।

গৌরী।[১]

বন সঞে আওত নন্দ-দুলাল।
গো-ধূলি-ধূসর শ্যাম কলেবর
আজানুলম্বিত বন-মাল॥ধ্রু॥
ঘন ঘন শৃঙ্গ বেণু-রব শুনইতে
বরজ[২]-বাসিগণ ধায়।
মঙ্গল থারি দীপ করে বধুগণ[৩]
মন্দির-দ্বারে দাঁড়ায়॥
পীতাম্বর-ধর মুখ জিনি[৪] বিধুবর
নব-মঞ্জরি অবতংস।
চূড়া ময়ূর- শিখণ্ডক-মণ্ডিত
বায়ই মোহন বংশ॥
বরজ[৫]-বাসিগণ বাল বৃদ্ধ জন
অনিমিখে মুখ-শশি হেরি।
ভুখিল চকোর চান্দ জনু পাওল
মন্দিরে না চলয়ে[৬] ফেরি॥
গোগণ সবহুঁ গোঠে পরবেশল
মন্দিরে চলু নন্দলাল।
আকুল পন্থে যশোমতি আওল
মোহন-ভণিত রসাল॥২৪॥১২০৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৪০ সংখ্যক পদ। ২। 'ব্রজ' ক, খ, ঘ, চ। ৩। 'বধূগণ' ক, খ। ৪। 'জিতি' ঘ। ৫। 'ব্রজ' ক, খ, ঘ, চ। ৬। 'না চলয়ে' স্থলে 'নাচয়ে' ক।

গৌরী।১

নন্দ-দুলাল বাছা যশোদা-দুলাল।
এত ক্ষণ মাঠে থাকে কাহার ছাওয়াল২ ॥
রতন-প্রদীপ লৈয়া আইলা নন্দরাণী।
এক দিঠে দেখে রাঙ্গা চরণ দুখানি৩ ॥
নেতের আঁচলে রাণী মোছে হাত পা।
তোমার মুখের নিছনি লৈয়া মরি৪ যাউক মা ॥
কহে বলরাম নন্দরাণী কুতূহলে।
কত লক্ষ চুম্ব দেই বদন-কমলে ॥২৫॥১২১০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৪১ সংখ্যক পদ। ২। 'ছায়াল' ঘ। ৩। 'এক দিঠে' ইত্যাদি স্থলে 'গদগদ কণ্ঠ না নিকসয়ে বাণী॥' (পাঠান্তর—ক)। ৪। 'মরে' ক; 'মর‍্যা' খ, চ।

টীকা

৪। "এক দিঠে" ইত্যাদি। যশোদা একদৃষ্টে শ্রীকৃষ্ণের আরক্তিম চরণ-যুগল দেখিতে লাগিলেন—পাছে বন-ভ্রমণ-কালে উহাতে কণ্টকাদি বিদ্ধ হইয়া থাকে! তুলনা করুন,—

"নব তৃণাঙ্কুর কত ভুকিল চরণে।
এক-দিঠি হৈয়া রাণী চাহে চরণ পানে॥"
—প-ক-ত, ১২১২ সংখ্যক পদ।

কল্যাণী।১

পঞ্চদীপে নিরমঞ্ছন কেল।
কত শত চুম্ব বয়ন পর দেল ॥
কোরে আগোরি সুত মন্দিরে গেল।
বহু উপহার থারি২ পর দেল ॥
রাম কানাই ব্রজ-বালক সঙ্গে৩।
ভোজন কয়ল কতহুঁ৪ রসরঙ্গে৫ ॥
কাতরে তবহি৬ পুছয়ে নন্দরাণী।
গদগদ কণ্ঠ না নিকসয়ে৭ বাণী ॥
স্তন-খিরে৮ ভীগল৯ পহিরণ-চীর।
ঝরঝর নয়নে গলয়ে ঘন১০ নীর ॥
আকুল ভই১১ তব পুছত১২ বাত।
মোহন নিরখই রোহিণি সাথ১৩ ॥
॥২৬॥১২১১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৪২ সংখ্যক পদ। ২। 'থার' ক, চ। ৩। 'সঙ্গ' ঘ। ৪। 'বহুত' ক, খ। ৫। 'রসরঙ্গ' ঘ। ৬। 'তবহুঁ' ক, খ। ৭। 'সরয়ে' ঘ। ৮। 'ক্ষীরে' ক, চ। ৯। 'ভিগল' ক, প-র-সা। ১০। 'বহু' প-র-সা। ১১। 'হোই' প-র-সা। ১২। 'পুছত' ক, চ, প-র-সা। ১৩। 'সাত' খ, চ।

গৌরী।১

কোন বনে গিয়াছিলা ওরে রাম কানু।
আজি কেন চান্দ-মুখের শুনি নাই বেণু ॥
ক্ষীর সর ননী দিলাম আঁচলে বান্ধিয়া।
বুঝি কিছু খাও নাই শুখাঞাছে হিয়া ॥
মলিন হৈয়াছে মুখ রবির কিরণে।
না জানি ফিরিলা কোন গহন কাননে ॥
নব তৃণাঙ্কুর কত ভুকিল২ চরণে।
এক-দিঠি৩ হৈয়া রাণী চাহে চরণ পানে ॥
না বুঝি ধাইয়াছ কত ধেনুর পাছে।
এ দাস বলাই কেনে এ দুখ দেখ্যাছে৪ ॥
॥২৭॥১২১২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৪৩ সংখ্যক পদ। ২। 'ভুঁকিল' ক। ৩। 'একদিঠ' ক, খ, চ, প-র সা। ৪। 'দিয়াছে' ঘ

ধানশী।১

ওগো মা তোমার গোপাল কিবা জানয়ে
মোহিনী
আমরা সঙ্গের ভাই তমু ত না মন পাই
তোমারে ভুলাবে কত খানি॥
তৃণ খাইতে ধেনুগণ যদি যায় দূর বন
কেহ ত না যায় ফিরাইতে।
তোমার দুলাল কানু পূরয়ে মোহন বেণু
ফিরে ধেনু মুরলীর গীতে॥
আমরা ফিরাইতে ধেনু তাহা নাহি দেয় কানু
সদা ফিরে সুবলের পাছে।
সুবলে করিয়া কোলে প্রেমে গদগদ বোলে
না জানি মরম কিবা আছে॥
কিবা লীলা করে এহ বুঝিতে না পারে কেহ
অপরূপ চরিত বিহরে২।
বলরাম দাস ভণে৩ বলাই দাদা নাহি জানে
আনে কিবা বুঝিবে অন্তরে॥
॥২৮॥১২১৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৪৩ সংখ্যক পদ। ২। 'বিহারে' ঘ, চ, প-র-সা। ৩। 'বোলে' ক, চ, প-র-সা।

ইমন কল্যাণী।১

রাণী ভাসে আনন্দ-সাগরে।
বামে বসাইয়া শ্যাম দক্ষিণে বসাইয়া রাম২
চুম্ব দেই মুখ-সুধাকরে॥ ধ্রু॥
ক্ষীর ননী ছেনা সর আনিয়া সে থরে থর
আগে দেই রামের বদনে।
পাছে কানাইর মুখে দেয় রাণী মন-সুখে৩
নিরখয়ে চাঁদ-মুখ পানে॥
গোপের রমণী যত চৌদিগে শত শত
মুখ হেরি লহু লহু বোলে।
মাতা যশোমতী সে মঙ্গল হুলাহুলি
আরতি করয়ে কুতূহলে॥
জ্বালিয়া রতন-বাতি করে সনে আরতি
হরষিত যশোমতী মাই।
কহে বলরাম দাসে আনন্দ-সাগরে ভাসে
দোহুঁ⁴ পদারবিন্দে বলিহারি যাই॥২৯॥১২১৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৪৪ সংখ্যক পদ 'ইমনকল্যাণি' স্থলে 'ইমন কল্যাণ' চ। ২। 'দক্ষিণে বসাইয়া রাম' স্থলে 'দাহিনেতে বলরাম' প-র-সা। ৩। 'মনঃসুখে' ক, খ। ৪। 'দুহুঁ' ক, প-র-সা।

কেবল সখ্যবাৎসল্য-রস যথা।

কল্যাণ।১

জয় জয় রাম কানাই দুই ভাই।
কলিতে হইলা দোহেঁ চৈতন্য নিতাই॥
পঞ্চ রসে মাতাইলা অখিল ভুবন।
সে কৃপা নহিলে ইহা জানিবে কোন জন॥
॥৩০॥১২১৫॥

ইতি তৃতীয়-শাখায়াং একবিংশতিপল্লবঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৪৬ সংখ্যক পদ।

অথ সখ্য-বাৎসল্য-রস প্রকারান্তর যথা।

গোষ্ঠবিহারাদি।

আদৌ মহাপ্রভু।

ভাটিয়ারি।১

গৌর কিশোর পুরুব-রসে গর গর
মনে ভেল গোঠ-বিহার।
দাম শ্রীদাম সুবল বলি ডাকই
নয়নে গলয়ে জলধার॥
বেত্র বিষাণ২ বেণু৩ লেই সাজহ
যায়ব ভাণ্ডি৪ সমীপ।
গৌরীদাস সাজ করি তৈখনে
গৌর নিকটে উপনীত॥
ভেয়্যা৫ অভিরাম বদন৬ ঘন বাওই
নূপুর চরণহি দেল৭।
নিত্যানন্দ-চন্দ্র পহুঁ আগুসরি
ধবলি ধবলি ধনি৮ কেল॥
নদিয়া-নগর-লোক সব ধাওত
হেরইতে গৌরক রঙ্গ।
দাস জগন্নাথ ছান্দ দোহনি লেই
যাওব সব অনুসঙ্গ॥১॥১২১৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৪৯ সংখ্যক পদ। ২। 'বিশান' খ, ঘ, চ; 'বিশাল' ক, প-র-সা। ৩। 'সাজ' ক, খ, চ, প-র-সা। ৪। 'ভাণ্ডীর' ক, খ; 'ভাণ্ডির' চ। ৫। 'ভাই' ক, খ, চ, প-র-সা। ৬। 'বদনে' ক। ৭। 'নূপুর' ইত্যাদি স্থলে 'চরণে নুপুর আনি' ঘ। ৮। 'ধ্বনি' ক, খ, প-র-সা।

তথা রাগ।১

গোঠে আমি যাব মা গো গোঠে আমি যাব।
শ্রীদাম সুদাম সঙ্গে বাছুরি চরাব॥
চূড়া বান্ধি২ দে গো মা মুরলী দে মোর৩ হাতে।
আমার লাগিয়া শ্রীদাম দাঁড়াইয়া৪ রাজপথে॥
পীতধড়া দে গো মা গলায় দেহ৫ মালা।
মনে পড়ি গেল মোর কদম্বের তলা॥
শুনিয়া গোপালের কথা মাতা যশোমতী।
সাজায় বিবিধ বেশে মনের আরতি॥
অঙ্গে বিভূষিত কৈল রতন-ভূষণ।
কটিতে কিঙ্কিণী ধটী পীত৬ বসন॥
কিবা সাজাইল রূপ ত্রিভুবন জিনি।
পুষ্প গুঞ্জা শিখি-পুচ্ছ চূড়ার টালনি॥
চরণে নূপুর দিলা তিলক কপালে।
চন্দনে চর্চ্চিত অঙ্গ রত্ন-হার গলে॥
বলরাম দাসে কয় সাজাইয়া রাণী।
নেহারে গোপালের৭ মুখ কাতর পরাণি॥
॥২॥১২১৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৫০ সংখ্যক পদ। ২। 'বেন্ধ্যা' ঘ, চ। ৩। 'গো' খ। ৪। 'দাঁড়াঞা' ক। ৫। 'দে গো' ইত্যাদি স্থলে 'পরায় মা গো গলায় দায়' ঘ; 'দে গো মা মোর গলায় দেহ' প-র-সা। ৬। 'নীল' প-র-সা। ৭। 'গোপাল' ক, চ, প-র-সা।

সিন্ধুড়া।১

শ্রীদাম সুদাম দাম২ শুন ওরে বলরাম
মিনতি করিয়ে তো সভারে।
বন কত৩ অতি দূর নব তৃণ কুশাঙ্কুর৪
গোপাল লৈয়া না যাইহ দূরে॥
সখাগণ৫ আগে পাছে গোপাল করিয়া৬ মাঝে
ধীরে ধীরে করিহ৭ গমন।
নব তৃণাঙ্কুর আগে রাঙ্গা পায় জানি লাগে
প্রবোধ না মানে মোর৮ মন॥

নিকটে গোধন রাখ্য[৯]
মা বল্যা[১০] শিঙ্গায়[১১] ডাক্যা[১২]
ঘরে থাকি শুনি যেন রব।
বিহি কৈলে[১৩] গোপ-জাতি, গোধন-পালন বৃত্তি
তেঞি বনে পাঠাই যাদব[১৪] ॥
বলরাম দাসের[১৫] বাণী শুন ওগো[১৬] নন্দরাণী
মনে কিছু না ভাবিহ ভয়।
চরণের বাধা লৈয়া দিব আমরা যোগাইয়া
তোমার আগে কহিল[১৭] নিশ্চয় ॥
॥৩॥১২১৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৫১ সংখ্যক পদ। ২। 'দাস' শব্দ খ পুথিতে নাই। ৩। 'কতি' ঘ। ৪। 'কুশ তৃণাঙ্কুর' ঘ। ৫। 'সখা সব' ঘ। ৬। 'লইয়া' প-র-সা। ৭। 'করিয়' খ, চ। ৮। 'মায়ের' ক, খ, চ, প-র-সা। ৯। 'রেখ' ঘ; 'রাইখো' প-র-সা। ১০। 'বলে' ক; 'বৈল্যা' চ। ১১। 'শিঙ্গাতে' ক, খ, চ, প-র-সা। ১২। 'ডেকো' ক; 'ডেক' ঘ; 'ডাইকো' প-র-সা। ১৩। 'কৈলা' ক; 'কৈল' চ। ১৪। 'পাঠাই যাদব' স্থলে 'পাঠাইয়া দিব' ক। ১৫। 'বলরাম দাসের' স্থলে 'এ দাস বলাইর' ঘ। ১৬। 'শুন' ঘ। ১৭। 'কহিনু' ক।

ধানশী।[১]
সাজল রাখালগণ নিতি নব নূতন[২]
নন্দের অঙ্গনে সভে যায়।
কানাই কানাই বলি করে অঙ্গ হেলাহেলি[৩]
আনন্দে ললিত[৪] গীত গায় ॥
গোপালেরে সাজাইয়া চাঁদ-মুখ মোছাইয়া
ভালে দিল চন্দনের বিন্দু।
নব জলধর যেন চলিয়া যাইতে হেন[৫]
উদয় হইল যুগ ইন্দু ॥

দুই ভাই সাজিয়া[৬] তায় হাসিয়া হাসিয়া যায়
করে[৭] কর করি একবন্ধ।
দেখিয়া বালক সব শুনি শিঙ্গা বেণু-রব
সুরপুরে লাগে বহু ধন্দ ॥
ব্রজ-নারীগণ সব যার যেই বালক
সভাকার বিয়াকুল চিত।
ঘনরাম দাস ভণে হৈয়া আনন্দিত মনে[৮]
নিরখই দোহাঁকার[৯] রীত ॥৪॥১২১৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৫২ সংখ্যক পদ। ২। 'নৌতুন' ক, চ। ৩। 'কানাই' ইত্যাদি স্থলে 'অঙ্গ হেলাহেলি কানাই কানাই বলি' ঘ। ৪। 'আনন্দে ললিত' স্থলে 'রাখাল আনন্দে' প-র-সা। ৫। 'যাইতে হেন' স্থলে 'যাইছে হেন' ক, প-র-সা; 'যাইছেন' খ, চ। ৬। 'সাজি' ক, খ, প-র-সা। ৭। 'করি' ক, প-র-সা। ৮। 'হৈয়া আনন্দিত মনে' স্থলে 'আনন্দ হইয়া মনে' খ। ৯। 'দুহুঁকার' ক, চ।

ভাটিয়ারি।[১]
সকালে আসিহ[২] গোপাল ধেনুগণ লৈয়া।
অভাগিনী রৈল তোমার[৩] চাঁদ-মুখ চাইয়া[৪] ॥
থাকিহ শ্রীদামের সঙ্গে চরাইহ বাছুরী।
জোরে শিঙ্গা রব দিহ পরাণে না মরি ॥
এ খীর নবনী এই[৫] খাইবারে[৬] দিলুঁ।
তুমি যাবে দূর বনে আমি ভাবি মলুঁ ॥
॥৫॥১২২০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৫৩ সংখ্যক পদ। ২। 'আনিহ' প-র-সা। ৩। 'তোর' ঘ। ৪। 'চাঞা' ক; 'চাহিয়া' ঘ। ৫। 'রে' প-র-সা। ৬। 'খাইতে তোরে' ক, চ।

তথা রাগ।১

নন্দরাণি যাহ গো ভবনে[২]।
তোমার গোপাল আনি দিব বেলি অবসানে ॥
লৈয়া যাছি[৩] তোমার গোপাল রাখিব বসাইয়া[৪]।
আমরা ফিরাব ধেনু চাঁদ মুখ চাইয়া[৫] ॥
লৈয়া যাইতে তোমার গোপাল পাই[৬] বড় সুখ।
বেণুতে[৭] ফিরায় ধেনু এ বড় কৌতুক ॥
যে দিন যেবা[৮] মনে করি কানাই তাহা জানে।
খুধা লাগিলে[৯] অন্ন কোথা[১০] হৈতে আনে ॥
এক দিন দাবানলে মরিতাম পুড়িয়া।
তাহাতে রাখিল গোপাল[১১] কেমন করিয়া ॥
নন্দরাণি তেঞি তোমার গোপাল লৈয়া যাই।
সঙ্গেতে সাজিল পাছে এ দাস বলাই ॥

।৬॥১২২১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৫৩ সংখ্যক পদ। ২। 'নন্দরাণি' ইত্যাদি স্থলে 'জাহ গো ভবনে রাণি জাহ গো ভবনে।' ঘ। ৩। 'যাইছি' প-র-সা। ৪। 'বসাঞা' ক। ৫। 'চাঞা' ক। ৬। 'পাই বড়' স্থলে 'বড় পাই' ক, চ। ৭। 'বেণু-রবে' ঘ। ৮। 'যে' ঘ। ৯। 'হইলে' প-র-সা। ১০। 'জানি কোথা' প-র-সা। ১১। 'কানাই' ঘ।

ভূপালী।১

আজু গোঠেরে[২] সাজল দোন ভাই।
রাম কানাই[৩] গোঠে সাজে
যোড়[৪] শিঙ্গা বেণু বাজে
বরজে পড়িল ধাওয়া ধাই ॥ ধ্রু[৫] ॥
চৌদিকে ব্রজ-বধূ মঙ্গল গায়ত
মুরছিত কতহুঁ নয়ান।
আগে লাখে লাখে[৬] ধেনু গগনে উঠিছে[৭] রেণু
দ্বিজগণে করে বেদ গান ॥
মুরহর হলধর ধরাধরি করে কর
লীলায় দোলায়[৮] নিজ অঙ্গ।
ঘনায়্যা ঘনায়্যা[৯] কাছে মউরা মউরী[১০] নাচে
চান্দে মেঘে দেখি এক সঙ্গ ॥
সুবল তুলিল বানা যেখানে বলাইর থানা
রাখালের কান্ধে ভাল সাজে।
রাম কানাই কুতুহলে সাজিলা যে আগুদলে
বলাইর যুগল শিঙ্গা বাজে ॥৭॥১২২২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৫৫ সংখ্যক পদ। ২। 'গোঠে' খ, ঘ। ৩। 'কানু' খ। ৪। 'জোরে' ক, খ, ঘ, চ। ৫। কেবল প-র-সা পুথিতে 'ধ্রু' আছে। ৬। 'আগে লাখে লাখে' স্থলে 'লাখে লাখে যায়' প-র-সা। ৭। 'উড়িছে' প-র-সা। ৮। 'লিলায়া দোলায়া' প-র-সা। ৯। 'ঘনাঞা ঘনাঞা' ক, 'ঘনায়া ঘনায়া' ঘ। ১০। 'মউরা মউরী' স্থলে 'আনন্দে ময়ূর' ক, খ; 'আনন্দে মউরি' ঘ, চ।

তথা রাগ।১

কানাই বলাই চলে দোন ভাই
বিদায় হইয়া যায়।
নন্দ যশোমতী স্নেহাধিক অতি
সঙ্গে সঙ্গে চলি যায় ॥
কত যে যতনে পিতা মাতাগণে
নিজ গৃহে পাঠাইয়া।
মত্ত বলরাম অতিশয় প্রেম
বিচিত্র ভৈগেল হিয়া ॥
বেয়াকুল-মনে[২] সহিত সগণে[৩]
ব্রজ-রাজ গেলা ঘর।
তাহার পিরিতে অগেয়ান[৪]-চিতে
ফিরি চলে হলধর ॥

ভুলিয়া সখার৫　　প্রেমের আবেশে
কানাই চলিলা বনে।
বলাই ফিরিল　　কিছু না জানল
এ দাস উদ্ধবে ভণে ॥৮॥১২২৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৫৬ সংখ্যক পদ। ২। 'ব্যাকুল নয়নে' ক; 'বেয়াকুল মন' প-র-সা। ৩। 'সগণ' প-র-সা। ৪। 'আগে আন' ঘ। ৫। 'সখায়' প-র-সা।

ভাটিয়ারি।১

শিঙ্গা বেণু বেত্র বাধা কটিতে আঁটিয়া।
সাজল রাখালরাজ সঙ্গে শিশু লৈয়া ॥
শ্রীদাম ডাকিয়া বলে ভাইরে কানাই।
এ সব রাখাল মাঝে বলাই দাদা নাই ॥
তুমি যদি বেণু পূরি ডাক এক বার।
বড় মনে সাধ আছে ভাঙ্গি খাব তাল ॥
শ্রীদামের কথা শুনি হরষিত হৈয়া।
হাসি পূরে বেণু দাদা বলাই বলিয়া ॥
ঘনরাম২ দাসের মন করে উচাটন।
দাদা রে বলাই বলি ডাকে ঘনে ঘন৩ ॥
॥৯॥১২২৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৫৭ সংখ্যক পদ। 'ভাটিয়ারি' স্থলে 'তথা রাগ' ক। ২। 'বলরাম' প-র-সা। ৩। 'ঘনে ঘন' স্থলে 'শিশুগণ' ক, খ, চ।

সারঙ্গ।১

বট ভাণ্ডিরে যাবি বলাই আয় রে আয়।
বরজ-বালক সব তোর মুখ চায় ॥
ধেনু তৃণ নাহি খায় তোহারি ধেয়ানে।
উচ্চ-পুচ্ছে২ ধায় সব ব্রজ-পুর পানে ॥
যমুনার তীরে যত রাখালের মেলা।
নাহিক নটন গীত নাহি কারু খেলা ॥
তো বিনু নাহিক সুখ গহন কাননে।
যাদবেন্দ্র ডাকে ঝাট৩ দেও দরশনে ॥
॥১০॥১২২৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৫৮ সংখ্যক পদ। ২। 'উচ্চ পুচ্ছ' ক, প-র-সা। ৩। 'ঝাটি' প-র-সা।

তথা রাগ।১

ধাইয়া২ আইল নন্দরাণী কেশ নাহি ঢাকে।
বাছার মুখের বেণু তোরে কেন ডাকে ॥
কানাইর মুখের বেণু শুনিয়া বলাই।
মাতল রোহিণী-সুত ডাকে ভাই ভাই ॥
শিঙ্গা-রবে বোলে কেনে৩ ডাক রে কানাই।
নিকটে যাইছি৪ আমি আর ভয় নাই ॥
ঘনরাম৫ দাস বোলে শুন যশোমতি।
জান না এমতি হয় রাখালের পিরিতি৬ ॥
॥১১॥১২২৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৫৯ সংখ্যক পদ। 'তথা রাগ' স্থলে 'তুড়ী' ঘ; 'মঙ্গল' প-র-সা। ২। 'ধাই' খ, প-র-সা। ৩। 'বোলে কেনে' স্থলে 'কহে কেন' ক, চ; 'কেন কেন' ঘ। 'আসিছি' ক, চ; 'আসেছি' প-র-সা। ৫। 'বলরাম' প-র-সা। ৬। 'মতি' ক, চ; 'রিতি' প-র-সা।

মঙ্গল।১

বাঁকুয়া২ পাঁচনী হাতে রঙ্গিয়া রাখাল সাথে
বাহির হৈলা৩ রোহিণী-নন্দন।
শিঙ্গা দিয়া চাঁদ-মুখে উভ করি দিলা ফুকে
শিঙ্গা-রবে ভেদিল গগন॥
পরিধান নীল ধটী গলে শোভে হেম-কাঁঠি
কোটি চন্দ্র জিনিয়া বদন।
আকর্ণ শোভিত ঠান আঁখিযুগ ঘূর্ণমান
শোভে কত রতন-ভূষণ॥
এক কাণে কোকনদ দেখিতে লাগয়ে সাধ
আর কাণে মকর-কুণ্ডল।
জিনি ময়-মত্ত হাতী গমন মন্থর-গতি
ধরণী করয়ে টলমল॥
বাহির হৈলা বলরাম না দেখিয়া ঘন-শ্যাম
প্রেমে ছলছল দুনয়ন।
জ্ঞানদাসেতে৪ কয় মিলিলা৫ রাখালময়
মাঝে করি নন্দের নন্দন॥১২॥১২২৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৬১ সংখ্যক পদ। প-র-সা পুথিতে নিম্নলিখিত পয়ার দ্বারা পদটি আরম্ভ করা হইয়াছে, যথা—
'বাম কক্ষে শিঙ্গা বলাইর কাণে রাঙ্গা ফুল।
বিহানা বারুণী পানে দুই আঁখি রাতুল॥'
২। 'বাথুয়া' প-র-সা। ৩। 'বাহির হৈলা' স্থলে 'বেইরাইল রে' প-র-সা। ৪। 'জ্ঞানচন্দ্র দাস' প-র-সা। 'মিলিয়া' ক, খ।

বলাই২ মল্লবেশে আইলা কাননে৩।
শ্রীকরে চম্পক বেড়া চাঁচর চিকুরে চূড়া
শিখি-পুচ্ছ উড়িছে পবনে॥ধ্রু॥
কনক অঙ্গদ বালা গলে বৈজয়ন্তী মালা
মকর-কুণ্ডল এক কাণে।
কান্ধে শোভে শিঙ্গা বেত্র ঘূর্ণিত রাতুল নেত্র
রাতা উতপল আর কাণে॥
বাথানে আসিয়া সুখে শিঙ্গা দিল চাঁদ-মুখে
ডাকে শিঙ্গা ধাও ধাও বলি।
শুনিয়া শিঙ্গার রব ধাইল ধবলী সব
মেলি গেল রাখাল-মণ্ডলী॥
হাঁকি নিজ নিজ পাল সব করি সমিশাল৪
সভে মেলি করি এক ছাঁদ৫।
বলাই রঙ্গিয়া বড়ি হাতে নিল৬ ছান্দন-ডুরি
চলিলা যেমন৭ সোণার চাঁদ৮॥
সকল রাখাল সঙ্গে পরম কৌতুক রঙ্গে
তাল-বন পানে ঘন চায়।
রূপ গুণ বেশ দেখি জুড়ায় তাপিত আঁখি
প্রেমদাস কি বলিবে তায়॥১৩॥১২২৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৬২ সংখ্যক পদ। 'দেশ বরাড়ী' স্থলে 'বরাড়ী' ঘ। ২। 'বলাই' শব্দ ঘ পুথিতে নাই। ৩। 'বাথানে' ক, খ, চ, প-র-সা। ৪। 'সুমিশাল' চ। ৫। 'ছান্দে' প-র-সা। ৬। 'ছিল' ক, খ, প-র-সা। ৭। 'যেন' ঘ। ৮। 'চান্দে' প-র-সা।

দেশবরাড়ী।১

কত কোটি চন্দ্র জিনি উজোর বদন খানি
মল্ল-ছাঁদে পরে নীল ধটী।
কর পদ সুরাতুল জিনি কোকনদ ফুল
বিনোদ-রূপের পরিপাটী॥

শ্রীরাগ।১

আসিয়া বলাই বলে কানাই ওরে ভাইয়া।
আমারে ডাকিয়া ছিলা কিসের লাগিয়া॥
হাসিয়া কানাই২ বলে বলাই৩ ওরে ভাই।
ধেনুক মারিয়া সভে তাল ফল খাই॥

শুনিয়া বলাই৪ মনে হরষিত হৈয়া।
সামাইলা৫ তাল-বনে কৌতুক লাগিয়া৬ ॥
রুষিয়া আইল ধেনুক বলাই দেখিয়া।
লীলায় মারিল তার৭ পুচ্ছ ঘুরাইয়া ॥
তাল ফল লৈয়া সভে করিলা ভোজন।
ঘনরাম দাস হেরি আনন্দিত মন ॥
॥১৪॥১২২৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৬৩ সংখ্যক পদ। ২। 'বলাই' ক। ৩। 'কানাই' ক। ৪। 'বলাই মনে' স্থলে 'বলাইর কথা' ক। ৫। 'প্রবেশিলা' প-র-সা। ৬। 'করিয়া' ক, খ, চ, প-র-সা। ৭। 'তারে' প-র-সা।

ভাটিয়ারি।১

চলিলা রাখালগণ　　যথা গিরি গোবর্দ্ধন
ধেনুগণ ধায় আগে আগে।
ঘন বায় শিঙ্গা বেণু　　গগনে গো-ক্ষুর-রেণু
চরণে শরণ মহী মাগে ॥
যমুনার তীরে তীরে　　গোগণ আনন্দ চরে
পাছে পাছে ধায় রামকানু।
শ্রীদাম সুদাম দাম　　ধাইছে ডাহিন বাম
উভ করি মুখে দিয়া বেণু ॥১৫॥১২৩০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৬৪ সংখ্যক পদ। 'ভাটিয়ারি' স্থলে 'বরাড়ী' প-র-সা।

ধানশী।১

নানা খেলা খেল্যা　　শ্রমযুত হৈয়া
বসিলা তরুর মূলে।
মলয়-পবন　　বহয়ে সঘন
শীতল যমুনা-কূলে ॥
হরমে ঘরমে　　আলসে বলাই
শুইলা সুবল-কোরে।
কানাই দেখিয়া　　আকুল হইয়া
পাদ সম্বাহন করে ॥
নবীন পল্লব　　লইয়া শ্রীদাম
সঘনে করয়ে বায়।
বসন ভিজাঞা২　　যতনে আনিয়া
মোছায়৩ বলাইর৪ গায় ॥
শ্রম দূরে গেল　　শীতল হইল
বলরামের শ্রী-অঙ্গ।
সব সখাগণ　　হরসিত মন
শিবাই দেখয়ে রঙ্গ ॥১৬॥১২৩১ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৬৫ সংখ্যক পদ। ২। 'ভিগায়া' প-র-সা। ৩। 'মোছয়ে' প-র-সা। ৪। 'বলাই' ক, চ।

অথ যজ্ঞপত্নী-অন্ন-ভোজন

ভাটিয়ারী।১

শ্রীনন্দ -নন্দন　　করি গোচারণ
মলিন ও মুখ-শশী।
সঙ্গে হলধর　　সব সহচর
বংশীবট২-তলে বসি৩ ॥
সকল রাখাল　　খুধায় আকুল৪
কহয়ে তেজিয়া লাজ।
হৃদয় বুঝিয়া৫　　কি খাবে বলিয়া
পুছয়ে রাখালরাজ ॥
বটু কহে ভাই　　অন্ন খাইতে চাই
যদি খাওয়াইতে পার৭।
তবে সুখ পাই　　গোধন চরাই
কিছু না চাহিয়ে আর৮ ॥

বটুর বচন শুনিয়া তখন
হাসি নবঘন-শ্যাম।
এ উদ্ধবদাস চির দিন আশ
পূরাহ[৯] মনের কাম ॥১৭॥১২৩২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৬৪ সংখ্যক পদ। ২। 'নন্দের' প-র-সা। ৩। 'মিলি তরু' ঘ। ৪। 'আসি' প-র-সা। ৫। 'ব্যাকুল' ক। ৬। 'হৃদয় বুঝিয়া' স্থলে 'হৃদয়ে ঝুরিয়া' প-র-সা। ৭। 'পারো' প-র-সা। ৮। 'আরো' প-র-সা। ৯। 'পুরাও' ক, চ, প-র-সা।

শ্রীরাগ—একতালী তাল ।১

শ্রীদাম সুদামে ডাকি কহয়ে কানাই।
যাজ্ঞিক নিকটে চাহি অন্ন আন যাই ॥
কহ গিয়া যাজ্ঞিক ব্রাহ্মণগণ আগে।
রামকৃষ্ণ খুধায় তোমারে অন্ন মাগে ॥
শুনিয়া শ্রীদাম গিয়া মুনি[২] বরাবর।
রামকৃষ্ণ অন্ন চাহে[৩] কি কহ উত্তর ॥
মুনি কহে কোন রামকৃষ্ণ কহ শুনি।
বলে ব্রজরাজ-সুত পরিচয় জানি ॥
অরুণ-নয়নে মুনি সক্রোধ-বচন।
যজ্ঞ-অগ্রভাগ চাহে গোপের[৪] নন্দন ॥
দেবতারে অন্ন নাহি করি সমর্পণে।
গোপ জাতি আগে মাগে ভয় নাহি মনে ॥
নিন্দা শুনি শ্রীদামাদি ফিরিয়া আইলা।
মুনির ভৎর্সনা রামকৃষ্ণেরে কহিলা ॥
অন্ন নাহি দেয় আর কহে কটুবাণী।
শুনিয়া উদ্ধবদাসের কাতর[৫] পরাণি ॥
॥১৮॥১২৩৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৬৭ সংখ্যক পদ। ২। 'মুনির' প-র-সা। ৩। 'মাগে' প-র-সা। ৪। 'গোয়াল' প-র-সা। ৫। 'আকুল' প-র-সা।

তথা রাগ ।১

শুনিয়া শ্রীদামের কথা অন্তরে পাইয়া বেথা
কহে তুমি যাহ পুনর্ব্বার।
যাহাঁ যজ্ঞপত্নী রহে কহ কৃষ্ণ অন্ন চাহে
শুনিলে নৈরাশ নহে আর ॥
শুনি আর বার ধাই[২] যজ্ঞপত্নী-স্থানে যাই[৩]
কৃষ্ণ-আজ্ঞা কহিলা সত্বর।
কহি তোমাদের আগে রামকৃষ্ণ অন্ন মাগে[৪]
ইথে মোরে কি কহ উত্তর ॥
শুনি কৃষ্ণ-পরসঙ্গ প্রেমে পরিপূর্ণ[৫] অঙ্গ
থরে থরে থালী সাজাইয়া।
দিব্য অন্ন ভরি ভরি চলিলা যে সারি সারি
কুল-ভয় লজ্জা তেয়াগিয়া ॥
আর এক মুনির নারী তার পতি করে ধরি
রাখিলা নির্জ্জন-গৃহে তারে।
যাইবারে না পাইয়া নিজ তনু তেয়াগিয়া
শ্রীকৃষ্ণ ভেটিল দেহান্তরে ॥
নানা অন্ন ব্যঞ্জন লৈয়া মুনি-পত্নীগণ
যেখানে বসিয়া রামকানু।
নবঘন-শ্যাম দেখি প্রেমে ছল ছল আঁখি
সমর্পিল অন্ন সহ[৬] তনু ॥
নিরখিয়া শ্যাম-রূপ কি কোটি কন্দর্প-ভূপ
পদ-তলে করয়ে নিছনি।
এ উদ্ধবদাস কয় লখিলে লখিল[৭] নয়
অখিল অমিয়া-রস-খনি[৮] ॥১৯॥১২৩৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৬৮ সংখ্যক পদ। ২। 'ধাইয়া' প-র-সা। ৩। 'যাইয়া' প-র-সা। ৪। 'মাজে' খ। ৫। 'পূর্ণ হৈল' প-র-সা

৬। 'সহে' ক, খ, চ, প-র-সা। ৭। 'লখিলে লখিল' স্থলে 'নিখিলে নিখিল' ঘ; 'লিখিলে লিখন' প-র-সা। ৮। 'খানি' প-র-সা।

মঙ্গল।১

নবঘন জিনি তনু দখিণ করেতে বেণু
স্থবলের কান্ধে বাম-ভুজ।
চূড়া বান্ধা২ শিখি-পুচ্ছ বরিহা মালতী-গুচ্ছ
ভাঙ ভৃঙ্গ৩ নয়ান অম্বুজ॥
অলকা তিলক ভালে কাণে মকর-কুণ্ডলে
পাকা বিম্বু জিনিয়া অধর৪।
দশন মুকুতা-পাঁতি কম্বু-কণ্ঠ৫ শোভে৬ অতি
মণি-রাজ হিয়া পরিসর৭॥
বনমালা তহিঁ লম্বে সারি সারি অলি চুম্বে
ক্ষীণ কটি স্থপীত বসন।
নাভি-সরোবর পাশে ত্রিবলী-লতিকা ভাসে
মগন রমণী-মীন-মন৮॥
রামরম্ভা উরু-ছান্দে কত বিধু নখ-চান্দে
অরুণ-কমল পদ-তলে।
দাড়াঞা কদম্ব-তলে বঙ্কিম লগুড় হেলে
রঙ্গ-ভঙ্গী নয়ান-অঞ্চলে॥
ত্রিভঙ্গ-ভঙ্গিম রঙ্গে বেশ নটবর-অঙ্গে
হাসিয়া মধুর মৃদু বোলে।
এ দাস উদ্ধব ভণে ভুলিল রমণীগণে
রূপ দেখি নিমিখ না চলে॥২০॥১২৩৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৬৯ সংখ্যক পদ। ২। 'বান্ধা' শব্দ ক পুথিতে নাই। ৩। 'ভঙ্গী' ক, খ, চ, প-র-সা। ৪। 'অধরে' ঘ, চ। ৫। 'কণ্ঠে' ঘ। ৬। 'শোভা' ক, চ, প-র-সা। ৭। 'হিয়া পরিসর' স্থলে 'হিয়ার উপরে' ঘ; 'হিয়া পরিসরে' চ। ৮। 'মগন' ইত্যাদি স্থলে 'নিমগন রমণীর মন' ক, খ; 'নিমগন রমণি-মিন-মন' ঘ।

রামকেলি।১

যজ্ঞ-পত্নী অন্ন দিয়া নয়ান-ইঙ্গিত পায়্যা
নিজ গৃহে করিলা গমনে।
অন্ন পাই২ বন মাঝে আনন্দে৩ রাখালরাজে
সখা সহ বসিলা ভোজনে॥
অগ্রজ শ্রীবলরাম কৃষ্ণ করি নিজ বাম
চৌদিগে বেঢ়িয়া সব সখা।
আনিয়া পলাশ পাত বাড়িলা ব্যঞ্জন ভাত
কি আনন্দ নাহি তার৪ লেখা॥
খাইতে খাইতে স্থখে কেহ৫ দেই কারু মুখে
বন্য ভোজন রস-কেলি।
খাইতে খাইতে আগে৬ ব্যঞ্জন যে ভাল লাগে
প্রশংসি প্রশংসি ভাল বলি॥
কক্ষতালি দিয়া দিয়া ভুঞ্জয়ে আনন্দ হিয়া
স্থখের সাগর মাঝে ভাসে।
ভোজন হইল সায় আচমন কৈলা৭ তায়
গুণ গায় এ উদ্ধব দাসে॥২১॥১২৩৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৭০ সংখ্যক পদ। ২। 'পাঞা' ক; 'পাইয়া' চ। ৩। 'আনন্দ' খ, ঘ। ৪। 'আর' খ। ৫। 'কেহু' খ। ৬। 'মুখে' প-র-সা। ৭। 'করি' প-র-সা।

অথ বন-বিহার যথা।

তুড়ী।১

রাখালে রাখালে মেলা খেলিতে বিনোদ খেলা
অতিশয় শ্রম সভাকার।
ননীর পুতলী শ্যাম রবির কিরণে ঘাম
স্রবে যেন মুকুতার হার॥

শ্রীদাম আসিয়া বোলে বৈসহ তরুর তলে
কানাই হইবে মাঠে রাজা।
যমুনা-পুলিনে ভাই কংসের দোহাই নাই
কেহু পাত্র মিত্র কেহু প্রজা ॥
বনফুল আন যত সপত্র কদম্ব শত
অশোক-পল্লব আম্র-শাখা।
শুনি শ্রীদামের কথা সকল আনিল তথা
নবগুঞ্জা-গুচ্ছ শিখী-পাখা[২] ॥
গাঁথিয়া ফুলের মালে কদম্ব-তরুর তলে
রাজপাট করি নিরমাণ[৩]।
এ উদ্ধব দাসে ভণে কক্ষতালি ঘনে ঘনে
আবা আবা বাজায় বয়ান ॥২২॥১২৩৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৭১ সংখ্যক পদ।
২। 'নব' ইত্যাদি স্থলে 'নবগুঞ্জ শিখিপুচ্ছ পাখা' ঘ।
৩ 'করি নিরমাণ' স্থলে 'করিল নির্ম্মাণ' প-র-সা।

ধানশী।১

বিবিধ কুসুম দিয়া সিংহাসন নিরমিয়া
কানাই বসিলা রাজাসনে।
রচিয়া ফুলের দাম ছত্র ধরে বলরাম
গদগদ নেহারে বদনে ॥
অশোক-পল্লব করে সুবল চামর করে
সুদামের করে শিখি-পুচ্ছ।
ভদ্রসেন গাঁথি মালে পরায় কানাইর গলে
শিরে দেয় গুঞ্জাফল-গুচ্ছ ॥
স্তোককৃষ্ণ[২] প্রভৃতি বানা ঠাঞি ঠাঞি বসাইলা থানা
আজ্ঞা বিনে আসিতে না পায়।
শ্রীদামাদি দূত হৈয়া কানাইর দোহাই দিয়া
চারি পাশে ঘুরিয়া বেড়ায় ॥
করযুগ যুড়ি তথি অংশুমান করে স্তুতি
রাজ-আজ্ঞা বচন চালায়।
বটু করে বেদ-ধ্বনি পড়ে আশীর্ব্বাদ-বাণী
দাম বসুদাম নাচে গায় ॥
অতি মনোহর ঠাট নিরমিয়া রাজপাট
কতেক হইল রস-কেলি।
এ উদ্ধবদাস কয় সখ্য-দাস্য-রসময়
সেবয়ে সকল সখা মেলি ॥২৩॥১২৩৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৭২ সংখ্যক পদ।
২। 'স্তোককৃষ্ণ' খ, চ।

সারঙ্গ।১

মোহন যমুনা-মাঠে অশোকের বন।
নবীন পল্লব সব অতি সুশোভন ॥
তার মধ্যে দুই ভাই কৃষ্ণ বলরাম।
সখা সঙ্গে বিহরয়ে অতি অনুপাম ॥
নবীন-জলদ-শ্যাম-তনু মনোহর।
ধাতু-রাগ-নব[২]-গুঞ্জা-শৃঙ্গ-বেণুধর[৩] ॥
কদম্ব-মঞ্জরী কাণে শিখি-চন্দ্র চূড়ে।
পীতবাস পরিধান বনমালা উরে ॥
শ্রীদামের অংসে[৪] বাম[৫] হস্ত-পদ্ম[৬] দিয়া।
দক্ষিণ হস্তেত এক পদ্ম ঘুরাইয়া ॥
দাঁড়াইয়া তরু-তলে সঙ্গে বলরাম।
নব মেঘে চান্দে[৭] কিয়ে ভেল এক ঠাম ॥
আহীর-বালক সব বেঢ়ি চারি পাশ।
মনের হরিষে দেখে নবচন্দ্র দাস ॥
॥২৪॥১২৩৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৭৩ সংখ্যক পদ।
২। 'রাগ-নব' স্থলে 'বাঘনখ' প-র-সা। ৩। 'বেত্র-

ধর' ক। ৪। 'অঙ্গে' ঘ, প-র-সা। ৫। 'রাম' ক, চ; 'তেহ' প-র-সা। ৬। 'বাম হস্ত' প-র-সা। ৭। 'মেঘ চান্দ' প-র-সা।

শ্রীরাগ।১

পীত-ধটী হেম-কাঁঠি ছান্দন ডুরি মাথে।
গাবী-দোহন২-ভাণ্ড শোভে বাম হাতে ॥
শিঙ্গা বেণু মুরলী দক্ষিণ কক্ষ-মূলে।
ধবলি বলিয়া ধায় কালিন্দীর কূলে ॥
লম্বিত গুঞ্জার মালা গোরোচনা ভালে।
গোধুলি-ধূসর অঙ্গ কাণে ফুল-ডালে ॥
ছান্দনের ডুরি আর রাঙ্গা লড়ি হাতে৩।
নবচন্দ্র দাস রহে চাহি এক ভিতে ॥
॥২৫॥১২৪০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৭৪ সংখ্যক পদ। ২। 'দোহনের' প-র-সা। ৩। 'ছান্দনের' ইত্যাদি ভণিতার কলি কেবল প-র-সা পুথিতে দৃষ্ট হয়।

শ্রীগান্ধার।১

পাল জড় করি শিশুগণ মেলি
নামাইল যমুনার জলে।
আনন্দে গোগণে করে জলপানে
পিও পিও সভে২ বোলে ॥
উচ্চ পুচ্ছ করি জলে পেট ভরি
উপরে উঠিল ধেনু।
রাখাল মেলিয়া হেলিয়া হেলিয়া৩
ঘন বায় শিঙ্গা বেণু ॥
নব তৃণ পাইয়া ধেনু খাইয়া খাইয়া৪
ভ্রময়ে যমুনা-তীরে।
নন্দের নন্দন করি গোচারণ
সখাগণ সঙ্গে ফিরে ॥
বেলি অবসান দেখি বলরাম
ধেনুগণ লৈয়া সুখে।
কৃষ্ণ মাঝে করি সখাগণ ঘেরি
চলিলা গোকুল মুখে ॥
গোষ্ঠে প্রবেশিয়া গোগণ৫ রাখিয়া
পথেতে মিলিলা মায়।
পুত্র কোলে নিলা পরাণ পাইলা
দাস গোবর্দ্ধন গায় ॥২৬॥১২৪১॥

ইতি তৃতীয়-শাখায়াং দ্বাবিংশতিপল্লবঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৭৫ সংখ্যক পদ। ২। 'সদা' প-র-সা। ৩। 'হুলিয়া হুলিয়া' ক, খ, চ; 'ভুলিয়া ভুলিয়া' প-র-সা। ৪। 'খাইয়া খাইয়া' স্থলে 'খাওয়াইয়া' প-র-সা। ৫। 'গোপাল' প-র সা।

অথ গোবর্দ্ধন-যাত্রা।

তদুচিত-শ্রীগৌরচন্দ্রঃ।

শ্রীগান্ধার।১

দেখ দেখ অপরূপ গৌরাঙ্গ-বিলাস।
পুন গিরি-ধারণ পুরব লীলা-ক্রম
নবদ্বীপে করিলা প্রকাশ ॥ধ্রু॥
শুদ্ধ ভক্তি গোবর্দ্ধন পূজা কর জগ-জন
এই বিধি দিলা কলি মাঝে।
শ্রবণাদি নব অঙ্গ কল্পতরুময় শৃঙ্গ২
পঞ্চ-রস ফল তাহে সাজে ॥
পুলক-অঙ্কুর শোভা অশ্রু-জল মনোলোভা
মন্দ বায়ু বেপথু সুন্দর।
জিতেন্দ্রিয়-উপচারে সেব সেই গিরিবরে
প্রেম-মণি পাবে ইষ্ট-বর ॥

দেখিয়া লোকের গতি কলিযুগ-সুরপতি
কোপে তনু কম্পিত হইল।
অধরম-ঐরাবতে কুমতি-ইন্দ্রাণী সাথে
সসৈন্যেতে সাজিয়া আইল॥
কাম-মেঘ বরিষণে ক্রোধ-বজ্র নিক্ষেপণে
লোকের হইল বড়[৩] ডর।
লোভ-মোহ-শিলাঘাতে মাৎসর্য্যাদি-খর-বাতে
ধৈর্য্য ধর্ম্ম উড়ে নিরন্তর॥
জানিয়া জীবের ভয় শ্রীগৌরাঙ্গ দয়াময়
উপায় চিন্তিলা মনে মনে।
ভক্ত-ভাব-সারোদ্ধার নিজে করি অঙ্গীকার
ভক্তি-গিরি করিলা ধারণে॥
তাহার আশ্রয়ে লোক পাসরিল দুঃখ শোক
কলি-ভয় খণ্ডিল সকলে।
তবে কলি-দেবরাজ পাঞা পরাভব-লাজ
স্তুতি করে চরণ-কমলে॥
অপরাধ ক্ষমাইয়া[৪] কহে কিছু দীন হৈয়া
যত জীব প্রভুর আশ্রয়।
যেবা তব গুণ গায় তাহে মোর নাহি দায়
এই সত্য করিল নিশ্চয়॥
প্রভু তারে দয়া কৈল ধন্য কলি নাম থুইল
অদ্যাপিহ ঘোষয়ে সংসার।
চৈতন্যদাসেতে বলে গোবর্দ্ধন-লীলা-ছলে
যুগে যুগে জীবের উদ্ধার॥১॥১২৪২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৭৬ সংখ্যক পদ। 'শ্রীগান্ধার' স্থলে 'ধানশী' প-র-সা। ২। 'অঙ্গ' ক, খ, চ, প-র-সা। ৩। 'মহা' খ, প-র-সা। ৪। 'ক্ষেমাইয়া' ক, খ, চ।

তথা রাগ।[১]

গাও রে গাও রে সুখে কৃষ্ণের চরিত।
গিরি গোবর্দ্ধন- যাত্রা মনোরম
শ্রবণ-মঙ্গল গীত॥ ধ্রু॥
এক দিন ব্রজে ইন্দ্র-পূজা কাজে
সাজে গোপ গোপী যত।
জানিয়া কারণ নন্দের নন্দন
কহেন আপন মত॥
শুন ব্রজ-রাজ গোপের সমাজ
না পূজ দেবের রাজা।
মোর লয় মনে গিরি গোবর্দ্ধনে
সাবধানে কর পূজা॥
এহি সে উচিত মোর অভিমত
পাইবে বাঞ্ছিত ফল।
নানা উপহারে বস্ত্র অলঙ্কারে
সত্বরে সাজিয়া চল॥
বিপ্রে দেহ দান হইবে কল্যাণ
না ভাবিহ আন চীতে[২]।
কহে কৃষ্ণদাস সভার উল্লাস
শ্রীবাস-বচন-রীতে॥২॥১২৪৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৭৭ সংখ্যক পদ।
২। 'চিতে' ক, ঘ, প-র-সা।

তথা রাগ।[১]

কি আনন্দ আজু বৃন্দাবনে।
গিরি-গোবর্দ্ধন-পূজা না যায় কহনে[২]॥ধ্রু॥
নন্দ আদি গোপ গোপী একত্র হইয়া।
গিরি-গোবর্দ্ধন পূজে নিকটে যাইয়া॥
মিষ্টান্ন পকান্ন আনি ধরিলা সকলে।
কৃষ্ণ-গুণ গায় নানা বাদ্য কোলাহলে॥

হেনই সময়ে কৃষ্ণ দেব-মায়া মতে।
আরোহণ একরূপে করিলা পর্ব্বতে ॥
দেখি গোপ গোপীগণে প্রণাম করিলা।
সভে কহে গোবর্দ্ধন মূর্ত্তিমন্ত হৈলা ॥
প্রণাম করিয়া কহে নন্দের নন্দন।
দেখ দেখ কি ভাগ্য যতেক গোপগণ ॥
যত ব্রজ-বাসী সভে পাইয়া আহ্লাদ।
পর্ব্বতের স্থানে মাগি নিল আশীর্ব্বাদ ॥
নানা দ্রব্য অলঙ্কারে সাজায়্যা গোধনে।
বেদের বিহিত দান দিলেন ব্রাহ্মণে ॥
কৃষ্ণের সহিত তবে৩ গেলা গোবর্দ্ধনে।
ইন্দ্র-মখ-ভঙ্গ-কথা কৃষ্ণদাস ভণে ॥
॥৩॥১২৪৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৭৮ সংখ্যক পদ। ২। 'গিরি-গোবর্দ্ধন' ইত্যাদি পংক্তিটি কেবল প-র-সা পুথিতেই দৃষ্ট হয়। অন্যান্য পুথিতে 'কি আনন্দ' ইত্যাদি পংক্তির পরেই 'ধ্রু' চিহ্ন আছে।

তথা রাগ।১

যত গোপগণ পূজে গোবর্দ্ধন
না কৈল ইন্দ্রের পূজা।
পাই অপমান কোপে কম্পমান২
সাজিলা দেবের রাজা ॥
মহা অহঙ্কারে কৃষ্ণ-নিন্দা করে
অজ্ঞানে মোহিত হৈয়া।
কহে গোপ-পুরী মহাবৃষ্টি করি
আজি ডুবাইব যাঞা ॥
ডাকি মেঘগণে যতেক পবনে
আজ্ঞা দিলা সুর-পতি।
শিলা-বৃষ্টি করি ভাঙ্গ ব্রজ-পুরী
যাহ যাহ শীঘ্র-গতি ॥
আপনে তখনে চড়িয়া বারণে৩
বজ্র হস্তে দেবরাজ।
সঙ্গে সেনাগণ ছাইয়া গগন
আইল গোকুল মাঝ ॥
চতুর্দিগে মেঘে ধায় বায়ু৪-বেগে
দিনে হৈল অন্ধকার।
খর বরিষণে বজ্রের ক্ষেপণে৫
ভাঙ্গিল ঘর দুয়ার ॥
প্রলয়ের হেন বৃষ্টি-ধারা ঘন
ঝঞ্ঝনা চিকুর৬ পড়ে।
হাহাকার করি পথাপথ ছাড়ি
ব্রজবাসী সব নড়ে৭ ॥
পড়িয়া সঙ্কটে কৃষ্ণের নিকটে
আইলা গোকুল-বাসী।
ধেনুগণ যত যূথে যূথে কত৮
দাঁড়াইল নিকটে আসি ॥
কৃষ্ণ মহামতি গোকুলের পতি
কর পরিত্রাণ বোলে।
চৈতন্যের দাস৯ করি এই আশ
এবার রাখ গোকুলে ॥৪॥১২৪৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৭৯ সংখ্যক পদ। ২। 'কম্পবান' প-র-সা। ৩। 'বাহনে' ক, খ; 'বিমানে' প-র-সা। ৪। 'বাউ' খ; 'বহু' প-র-সা। ৫। 'খেপনে' খ। ৬। 'চিক্কুর' প-র-সা। ৭। 'লড়ে' প-র-সা। ৮। 'যূথে যূথে কত' স্থলে 'যূথ যূথ কত' প-র-সা। ৯। 'চৈতন্যদাস' ক।

তথা রাগ।১

নন্দ আদি গোপ গোপী হইলা বিকল।
দেখিয়া জানিলা কৃষ্ণ ইন্দ্র২ করে বল ॥

এতেক ভাবিয়া কৃষ্ণ নন্দের নন্দন।
এক হস্তে তুলিয়া ধরিলা গোবর্দ্ধন ॥
কন্দুকের প্রায় গিরি ধরিয়া কৌতুকে।
সভারে ডাকেন আর জননী জনকে ॥
আইস আইস সভে শিশু বৎসগণ লৈয়া।
এই গর্ত্তে থাক আসি নির্ভয় হইয়া[৩] ॥
গোপগণ বলে কৃষ্ণ শুন হে বচন।
হাত হৈতে তোমার[৪] যদি পড়ে গোবর্দ্ধন ॥
সকল গোকুল-পুরী যাবে রসাতলে।
কিসে হৈতে[৫] রক্ষা তায় পাইব[৭] সকলে ॥
কান্দিয়া যশোদা দেবী[৮] কহে গোপগণে।
একাকী পর্ব্বত কৃষ্ণ ধরিব[৯] কেমনে ॥
কোথা রে[১০] কৃষ্ণের প্রিয় শ্রীদাম সুদাম।
সভে মেলি গোবর্দ্ধন ধর বলরাম ॥
চৈতন্যদাসেতে কহে শুন যশোমতি।
গোকুল রাখিতে তুয়া সহায় শ্রীপতি ॥
॥৫॥১২৪৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৮০ সংখ্যক পদ। ২। 'ইন্দ্রে' ক। ৩। 'এই' ইত্যাদি পংক্তি স্থলে 'আমার নিকটে সভে থাকহ আসিয়া' প-র-সা। ৪। 'তুয়া' ঘ। ৫। 'হবে' প-র-সা। ৬। 'তবে' প-র-সা। ৭। 'পাইবে' ক, খ, চ, প-র-সা। ৮। 'রাণী' প-র-সা। ৯। 'ধরিবে' ক, খ, প-র-সা। ১০। 'কোথা রে' স্থলে 'কোথায়' প-র-সা।

তথা রাগ।[১]

হেন কালে সখী মেলে[২] রাই-কনক-গিরি
আচম্বিতে দরশন দিলা।
দাড়াঞা রূপের ভরে ধরি সহচরী-করে
মুখ জিনি শশী ষোলকলা[৩] ॥
রাই নব সুমেরু-সুঠান[৪]।
স্মিত-সুরধুনী-ধারে রসের ঝরণা ঝরে
হেরি হেরি তৃষিত[৫] নয়ান[৬] ॥
নব অনুরাগ-বাতে স্থির নাহি বান্ধে চিতে
পাসরিলা নিজ মরিযাদ।
কাঁপে তনু[৭] থরহরে পর্ব্বত ডোলয়ে[৮] করে
গোয়ালে গণিল পরমাদ ॥
লগুড় লইয়া করে কেহো কেহো গিরি ধরে
উদার ব্রজের গোপগণ।
ললিতা দেবা যে[৯] হাসি
দাণ্ডাইলা[১০] আগে আসি
রাইরে[১১] করিলা[১২] অদর্শন ॥
ভাব সম্বরিয়া হরি রাখিল গোকুল-পুরী
ইন্দ্রেরে করিয়া পরাজয়।
চৈতন্যদাসের বাণী ত্রিভুবনে জয়-ধ্বনি
গোবর্দ্ধন-লীলা রসময়[১৩] ॥৬॥১২৪৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৮১ সংখ্যক পদ। ২। 'মেলি' ঘ; 'মিলি' প-র-সা। ৩। 'মুখ' ইত্যাদি স্থলে 'মুখ যে জিনিয়া শশিকলা' প-র-সা। ৪। 'সুঠাম' ক, চ; 'সুঠানে' খ। ৫। 'তৃপিত' ক। ৬। 'নয়ানে' খ। ৭। 'কাঁপে তনু' স্থলে 'কাঁপেন' খ। ৮। 'তোলয়ে' ক, খ, প-র-সা। ৯। 'দেবী যে' স্থলে 'দেবী' ক, খ, ঘ, চ। ১০। 'দাঁড়াইলা' ক, চ; 'ডাড়াইয়া' ঘ। ১১। 'রাইয়ের' ক; 'রাইয়েরে' প-র-সা। ১২। 'করিয়া' ক। ১৩। 'লীলা রসময়' স্থলে 'লীলার সময়' ক।

তথা রাগ।[১]

জয় জয় ব্রজেন্দ্র-নন্দন।
ব্রজের জীবন প্রাণ-ধন ॥ধ্রু॥
পরিবার সহ ব্রজ-বাসী।
গর্ত্ত হৈতে উঠিলা হরষি ॥

সেইখানে লীলায় শ্রীহরি।
স্থাপিলেন গোবর্দ্ধন গিরি ॥
নন্দ আদি যত২ গোপগণে।
আশীর্ব্বাদ করে কায়মনে ॥
কেহো কেহো করে আলিঙ্গন।
স্বর্গে স্তুতি করে দেবগণ ॥
যশোদা রোহিণী হর্ষ পাঞা।
চাঁদ-মুখ চুম্বয়ে চাপিয়া ॥
আনন্দেতে নাচে৩ বিদ্যাধরী।
পুষ্প বর্ষে অপ্সরা৪ কিন্নরী ॥
দেবরাজ পাঞা পরাভব।
কর যুড়ি৫ করে নানা স্তব ॥
নিজ অপরাধ ক্ষেমাইয়া।
গেলা আপনার গণ লৈয়া ॥
চৈতন্যদাসেতে ইহা গায়।
যুগে যুগে ভক্তের সহায় ॥৭॥১২৪৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৮২ সংখ্যক পদ। ২। 'সব' প-র-সা। ৩। 'আনন্দেতে নাচে' স্থলে 'আনন্দে নাচেন' ঘ। ৪। 'অপছরি' প-র-সা। ৫। 'যোড়ে' চ।

পুনশ্চ যথা।

মঙ্গল।১

কৃষ্ণের আদেশ পাঞা　ইন্দ্র-যজ্ঞ নিবারিয়া
　নন্দ আদি যত গোপগণ।
নানা উপহার লৈয়া　সকলে একত্র হৈয়া
　আইলেন যথা গোবর্দ্ধন ॥
সহস্র সহস্র জন　রান্ধে অন্ন ব্যঞ্জন
　এক ঠাঞি লৈয়া করে রাশি।
দধি-দুগ্ধ-সরোবর　রোটী-রাশি থরে থর
　হরিষে সাজায়২ ব্রজ-বাসী ॥
শ্রীকৃষ্ণের অভিমত　পাক কৈল বহু মত
　সুপান্ত৩ পায়স শিখরিণী।
ব্যঞ্জনের কত কূপ　পর্ব্বত সমান স্তূপ
　অন্নকোটি৪ করিলা সাজনি ॥
নানা বাদ্য বাজে কত　নর্ত্তকী নাচয়ে শত
　সহস্র সহস্র লোকে গায়।
যত গোপ গোপীগণ　অলঙ্কৃত সব জন
　আনন্দ অবধি নাহি পায় ॥
ধেনু বৎস সাজাইয়া　কত স্বর্ণ-মুদ্রা লৈয়া
　ব্রাহ্মণেরে দেই নন্দরায়।
মহা মহোৎসব রোল কে কার শুনয়ে বোল
　এ মাধব দেখিয়া বেড়ায় ॥৮॥১২৪৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৮৩ সংখ্যক পদ। ২। 'না থায়' ক। ৩। 'সুপাণ্ড' ক, খ, ঘ, চ; 'শুপান্ন' প-র-সা। বোধ হয় 'সুপান্ন' শুদ্ধ পাঠ হইবে। ৪। 'অন্নরোটী' প-র-সা।

শ্রীরাগ।১

নানা মত অন্নকোটি২ করিয়া সাজন।
গোবর্দ্ধনে বিপ্রগণ কৈল সমর্পণ ॥
মূর্ত্তিমন্ত গোবর্দ্ধন আপনে আইলা।
অন্ন ব্যঞ্জন সব ভোজন করিলা ॥
প্রসন্ন হইয়া বর দিলা গোপগণে।
দেখি ব্রজ-বাসীগণ সবিস্ময় মনে ॥
কৃষ্ণ কহে এই শৈল কর নমস্কার।
মাগি বর লেহ সভে যে ইচ্ছা যাহার ॥
বর দিয়া গোবর্দ্ধন অন্তর্দ্ধান হৈলা৩।
প্রণাম করিয়া সভে বিস্ময় হইলা ॥
গোবর্দ্ধন৪-প্রসাদ সভে করিলা ভক্ষণ।
আনন্দিত ব্রজ-বাসী প্রসন্ন হৈল মন ॥
॥৯॥১২৫০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৮৪ সংখ্যক পদ। ২। 'অন্নয়োটা' প-র-সা। ৩। 'কৈলা' ঘ, চ। ৪। 'গোবর্দ্ধনের' প-র-সা।

ধানশী।১

যত ব্রজ-বাসীগণ পূজা কৈলা গোবর্দ্ধন
না করিল ইন্দ্রের অর্চ্চন২
করিল শৈলের পূজা শুনি ইন্দ্র মহারাজা
ক্রোধ করি ডাকে৩ মেঘগণ ॥
মহাক্রোধে ইন্দ্রদেব প্রলয়-কালের মেঘ
চারি জনে ডাকিয়া আনিল।
অতি কোপ৪-মন করি নন্দের গোকুল-পুরী
ডুবাইতে তারে আজ্ঞা দিল ॥
তবে দেব সুরপতি আনি ঐরাবত হাতী
আপনি করিলা আরোহণ।
গোধন নাশিতে মেঘ যায় অতি বায়ু-বেগ
উপনীত নন্দের ভবন৫ ॥
পবনে করিয়া ঝড়৬ উড়াইল বৃক্ষ ঘর
মুষল-ধারায় পড়ে জল।
ঝনকি৭ তড়িত পাত ঘন হয় বজ্রাঘাত
জলে পূর্ণ হৈল উচ্চ স্থল ॥
কৃষ্ণের আদেশ পায়্যা গোধনাদি সব লৈয়া
গোবর্দ্ধনের লইলা শরণ।
কৃষ্ণ-চন্দ্র অতি ত্রস্ত পসারিয়া বাম হস্ত
ধরিলেন গিরি গোবর্দ্ধন ॥
তার মধ্যে গোপগণ ধেনু বৎস ধন জন
সশঙ্কিত হইয়া রহিলা।
ইন্দ্রদেব সাত৮ দিন বৃষ্টি করি৯ পরবীণ
পরাভব আপনি মানিলা ॥১০॥১২৫১॥১০

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৮৫ সংখ্যক পদ। ২। 'অশ্চন' প-র-সা। ৩। 'ক্রোধ করি ডাকে' স্থলে 'ডাকে ঘন ঘন' প-র-সা। ৪। 'ক্রোধ' ক। ৫। 'ভুবন' ঘ, চ। ৬। 'ঝড়' প-র-সা। ৭। 'ঝড়কি' প-র-সা। ৮। 'সপ্ত' প-র-সা। ৯। 'করে' প-র-সা। ১০। অতঃপর খ পুথিতে 'ইত্যাদি শ্রীকৃষ্ণমঙ্গলে।' ও থ পুথিতে 'ইত্যাদি।' পাঠ দৃষ্ট হয়।

তথা রাগ।১

পর্ব্বত-গভরে থাকি ব্রজ-বাসীগণ।
কৃষ্ণ রাখিলেন প্রাণ এই সভার মন ॥
পরাভব মানি ইন্দ্র গেলা নিজ-স্থান।
ধেনু বৎস লইয়া উঠে যত গোপগণ ॥
নন্দ যশোমতী অতি হরষিত হৈয়া।
বহু দান কৈল কৃষ্ণের কল্যাণ লাগিয়া ॥
॥১১॥১২৫২॥

ইতি তৃতীয়-শাখায়াং ত্রয়োবিংশতিপল্লবঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৮৬ সংখ্যক পদ।

অথ শরৎকালীয়-পূর্ণিমায়াং মহারাসঃ।

তদুচিত-শ্রীগৌরচন্দ্রঃ।

তুড়ী।

বৃন্দাবন-লীলা গোরার মনেতে পড়িল।
যমুনার ভাব সুরধুনীরে করিল ॥
ফুলবন দেখি বৃন্দাবনের সমান১।
সহচরগণ গোপীগণ অনুমান২ ॥
খোল করতাল গোরা সুমেলি করিয়া।
তার মাঝে নাচে গোরা জয় জয় দিয়া ॥
বাসুদেব ঘোষ তাহে করয়ে বিলাপ।
রাস-রস গোরাচাঁদ করিলা প্রকাশ ॥১॥১২৫৩॥

পাঠান্তর

১। 'সমানে' ঘ, চ। ২। 'অনুমানে' ঘ, চ।

কামোদ।

নাচত গৌর রাস-রস অন্তর
গতি অতি ললিত ত্রিভঙ্গী।
বরজ-সমাজ[১] রমণিগণ যৈছন
তৈছন অভিনয়-রঙ্গী॥
দেখ দেখ নবদ্বীপ মাঝ।
বাওত গাওত মধুর ভকত শত
মাঝহি বর-দ্বিজরাজ॥ধ্রু॥
তা তা থ্রিমি থ্রিমি মাদল[২] সুবাজত
ঝুনু ঝুনু নুপুর রসাল।
রবাব বীণা[৩] আর সর-মণ্ডল
সুমিলিত কর[৪] করতাল॥
এ হেন আনন্দ না হেরিয়ে ত্রিভুবনে
নিরুপম প্রেম-বিলাস।
ও সুখ-সিন্ধু পরশ কিয়ে পাওব
কহ রাধামোহন দাস॥২॥১২৫৪॥

পাঠান্তর

১। 'সমাঝ' ক, ঘ। ২। 'মৃদঙ্গ' ক, চ। ৩। 'বীণ' ক, খ, চ। ৪। 'কঙ্ক' খ।

অভিসার।

কানড়া।[১]

শরদ-চন্দ পবন মন্দ
বিপিনে ভরল কুসুম-গন্ধ
ফুল্ল মল্লিকা মালতি যুথি[২]
মত্ত-মধুকর-ভোরণি[৩]।
হেরত[৪] রাতি ঐছন ভাতি
শ্যাম মোহন মদনে মাতি
মুরলি-গান পঞ্চম তান
কুলবতি-চিত চোরণি[৫]॥
শুনত গোপি প্রেম[৬] রোপি
মনহিঁ মনহিঁ[৭] আপন[৮] সোঁপি
তাঁহি চলত যাঁহি বোলত
মুরলিক কল[৯] লোলনি[১০]।
বিসরি[১১] গেহ নিজহুঁ[১২] দেহ
এক নয়নে কাজর-রেহ
বাহে রঞ্জিত কঙ্কণ একু[১৩]
একু কুণ্ডল ডোলনি[১৪]॥
শিথিল-ছন্দ নিবিক বন্ধ[১৫]
বেগে ধাওত যুবতিবৃন্দ
খসত বসন রসন চোলি[১৬]
গলিত বেণি লোলনি[১৭]।
ততহিঁ[১৮] বেলি সখিনি মেলি
কেহু কাহুক পথ না হেরি
ঐছে[১৯] মিলল গোকুল-চন্দ
গোবিন্দদাস গাওনি[২০]॥৩॥১২৫৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৫০১ ও প-র পুথির ৩৮।২ সংখ্যক পদ। 'কানড়া' স্থলে 'টোড়ি রাগ' প-র-সা; 'কেদার' প-র। ২। 'যুতি' ক, চ; 'জোতি' খ; 'জুথি' ঘ, প-র-সা। ৩। 'ভোরণী' ক, খ, ঘ, চ, প-র। ৪। 'হের' খ; 'হেরই' প-র। ৫। 'চোরণী' ক, খ, ঘ, চ, প-র। ৬। 'প্রেমহি' খ। ৭। 'মনহি মনহি' ঘ। ৮ 'আপনা' ক। ৯। 'মুরলিক কল' স্থলে 'মুরলি কনক' প-র-সা। ১০। 'লোলনী' ক, খ, ঘ, চ, প-র। ১১। 'বিছুরি' ক, খ, ঘ, চ। ১২। 'নিজহি' প-র-সা, প-র। ১৩। 'কঙ্কণ একু' স্থলে 'মঞ্জির এক' প-র। ১৪। 'ডোলনী' ক, খ, ঘ, চ; 'দোলনি' প-র-সা, প-র। ১৫। 'নিবি নিবন্ধ' প-র-সা, প-র। ১৬। 'চোনি' প-র-সা। ১৭। 'লোলনী' ক, খ, ঘ, চ, প-র; 'ললনি' প-র-সা। ১৮। 'তবহিঁ' প-র। ১৯।

'ঐছনে' ক, খ, ঘ, চ, প-র-সা। ২০। 'বোলনী' ক, খ, ঘ, চ; 'গায়নি' প-র-সা।

মল্লার।[১]

বিপিনে মিলল গোপ-নারি
হেরি হসত[২] মুরলিধারি
নিরখি বয়ন[৩] পুছত বাত
প্রেম-সিন্ধু গাহনি[৪]।
পুছত সবক[৫] গমন-খেম[৬]
কহত কীয়ে[৭] করব প্রেম
ব্রজক সবহুঁ[৮] কুশল বাত
কাহে কুটিল চাহনি[৯]॥
হেরি ঐছন[১০] রজনি ঘোর
তেজি তরুণি পতিক কোর
কৈছে পাওলি[১১] কানন ওর[১২]
থোর নহত কাহিনি[১৩]।
গলিত-ললিত-কবরি-বন্ধ[১৪]
কাহে ধাওত যুবতিবৃন্দ
মন্দিরে কিয়ে পড়ল দন্দ[১৫]
বেঢ়ল বিপথ-বাহিনি[১৬]॥
কীয়ে শরদ[১৭] চান্দনি রাতি
নিকুঞ্জে ভরল কুসুম-পাঁতি
হেরত শ্যাম ভ্রমর[১৮]-ভাতি
বুঝি আওলি সাহনি[১৯]।
এতহুঁ কহত[২০] না কহ[২১] কোই
রাখত কাহে মনহি[২২] গোই
ইহহি আন নহই কোই[২৩]
গোবিন্দদাস গাহনি[২৪] ॥৪॥১২৫৬॥

পাঠান্তর

১। ইহা প র-সা পুথির ১৫০১ ও প-র পুথির ৩৮।৩ সংখ্যক পদ। 'মল্লার' স্থলে 'তথা রাগ' প-র-সা, প-র। ২। 'হাসত' ঘ, প-র। ৩। 'বয়ান' ক, চ। ৪। 'গাহনী' ক, খ, ঘ, চ; 'গাওনী' প-র। ৫। 'সকল' প-র-সা। ৬। 'ক্ষেম' ক। ৭। 'কহত কীয়ে' স্থলে 'কহত কিয়ে' ক; 'কহ অব কিয়ে' প-র। ৮। 'সকল' প-র। ৯। 'চাহনী' ক, খ, ঘ, চ, প-র। ১০। 'হেরি ঐছন' স্থলে 'হেরত ঐছে' প-র-সা; 'হেরত ঐছন' প-র। ১১। 'পাওল' ঘ, চ। ১২। 'কৈছে' ইত্যাদি স্থলে 'কাহে আয়লি কানন ওর' প-র-সা, প-র। ১৩। 'কাহিনী' ক, খ, ঘ, চ, প-র। 'থোর' ইত্যাদি স্থলে 'কহ না থোর কাহিনী' প-র। ১৪। 'বৃন্দ' ক, খ, ঘ, চ। ১৫। 'দ্বন্দ্ব' ক, খ, প র-সা। ১৬। 'বাহিনী' ক, ঘ; 'বাহনি' চ; 'বাহনী' খ। ১৭। 'কীয়ে শরদ' স্থলে 'কিয়ে শারদ' ক। ১৮। 'ভরম' প-র-সা; 'ভ্রম' প-র। ১৯। 'সাহনী' ক, খ, ঘ, চ, প-র; 'শোভনী' পাঠান্তর খ; 'সাহিনি' প-র-সা। ২০। 'এতহুঁ কহত' স্থলে 'এতহি কহি' প-র-সা, প-র। ২১। 'না কহ' স্থলে 'নাহক' চ। ২২। 'মোহে' প-র। ২৩। 'ইহহি' ইত্যাদি স্থলে 'ইহই আন ন হোই কোই' ঘ, চ; 'ইহহি আন কোহি না হোই' প-র-সা; 'শুনি আনন বিরস হোই' প-র। ২৪। 'গায়নী' ক, ঘ, চ; 'গাওনী' প-র।

টীকা

৩—৪। "নিরখি" ইত্যাদি। (শ্রীকৃষ্ণ) গোপাঙ্গনাদিগের বদন নিরীক্ষণ করিয়া বার্ত্তা জিজ্ঞাসা করিতেছেন,—(যেন) প্রেম-সিন্ধুতে অবগাহন।

৫—৮। "পুছত" ইত্যাদি। (শ্রীকৃষ্ণ) সকলের গমন-কুশল জিজ্ঞাসা করিতেছেন এবং বলিতেছেন, (তোমাদিগের) কি প্রীতি-সূচক কার্য্য করিব? ব্রজের সকলের মঙ্গল-বার্ত্তা বটে ত?—কেন কুটিল দৃষ্টিপাত (করিতেছ?) তুলনা করুন,—

'স্বাগতং বো মহাভাগাঃ প্রিয়ং কিং করবাণি বঃ।
ব্রজস্যানাময়ং কচ্চিদ্ ব্রূতাগমনকারণম্॥'

—শ্রীমদ্ভাগবত, ১০।২৯।১৭।

৯—১২। "হেরি" ইত্যাদি। এরূপ ঘোর (অন্ধকার-যুক্ত ?) রজনী দেখিয়া, যুবতী (তোমরা) স্বামীর ক্রোড় পরিত্যাগ করিয়া কিরূপে কানন-প্রান্তে উপস্থিত হইলা ?—(ইহা) অল্প কথা নহে।

১৩—১৬। "গলিত" ইত্যাদি। সুন্দর কবরী-বন্ধন স্খলিত হইয়াছে—এরূপ যুবতি-বৃন্দ (তোমরা) কি জন্য (বনে) ধাবিত হইতেছ; গৃহে কি কলহ উপস্থিত হইয়াছে ? বিপথ-গামিনী অর্থাৎ কুলটা স্ত্রীগণ কি (তোমাদিগকে) বেষ্টিত করিয়াছে ? (কুলটাদিগের সাহচর্য্য কুলবতীগণের গৃহ-ত্যাগের বলবৎ কারণ বটে।)

১৭—২০। "কীয়ে" ইত্যাদি। কিংবা (আজ) শরৎকালীয় জোৎস্নাময়ী রজনী; কুসুম-সমূহে কানন পরিপূর্ণ করিয়াছে; শ্যামাঙ্গ (শ্রীকৃষ্ণকে) ভ্রমর-(পুঞ্জের) ন্যায় দেখিয়া স্বাধীনা (তোমরা) বোধ হয়, (এথায়) আসিয়াছ! ('হেরত' ভাবে সপ্তমী)।

২১—২৪। "এতহুঁ" ইত্যাদি। (শ্রীকৃষ্ণ) ইহা কহিলে, কেহ (কিছু) কহিলেন না; (তখন শ্রীকৃষ্ণ বলিলেন) কেন (মনের কথা) মনে গোপন করিয়া রাখিতেছ ? এখানে অন্য কেহই নাই!—গোবিন্দদাসের এই গান।

ধানশী।১

ঐছন বচন কহল যব কান।
ব্রজ-রমণীগণ সজল-নয়ান ॥
টূটল২ সবহুঁ মনোরথ-করণি।
অবনত-আননে নখে লিখু ধরণি ॥
আকুল অন্তর গদগদ কহই।
অকরুণ-বচন-বিশিখ নাহি সহই ॥
শুন শুন সুকপট শ্যামর-চন্দ।
কৈছে কহসি৩ তুহুঁ ইহ অনুবন্ধ৪ ॥
ভাঙ্গলি কুল-শিল৫ মুরলিক সানে৬।
কিঙ্করিগণ জনু কেশ ধরি আনে ॥
অব কহ কপটে ধরমযুত৭ বোল।
ধার্ম্মিক হয়য়ে কুমারি-নিচোল ॥
তোহে সোঁপিত জিউ৮ তুয়া রস পাব।
তুয়া পদ ছোড়ি অব কো কাহাঁ যাব ॥
এতহুঁ কহল৯ ব্রজ-যৌবত মেল।
শুনি নন্দ-নন্দন হরষিত ভেল ॥
করি১০ পরসাদ তহিঁ করয়ে বিলাস।
আনন্দে নিরখয়ে গোবিন্দদাস ॥৫॥১২৫৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৫০৪ সংখ্যক পদ। ২। 'টুটল' ক; 'ছুটল' প-র-সা। ৩। 'কহত' প-র-সা। ৪। অতঃপর প-র-সা পুথিতে নিম্ন-লিখিত কলি দ্বারা এই পদটি শেষ করা হইয়াছে। যথা,—'নয়নে গলয়ে জল বুক বায়া পড়ে।
কাজরে মজিল কুচকুঙ্কুম পাখালে ॥'
প-র-সা পুথিতে অতঃপর 'যথা রাগ। পরমধার্ম্মিক হয়া ধরম শিখাও হে। ধ্রু ॥' পংক্তি দ্বারা একটি নূতন পদ আরম্ভ করা হইয়াছে। ৫। 'কুলশীল' ক, খ। ৬। 'মুরলিক সানে' স্থলে 'মুরলীর গানে' প-র-সা। ৭। 'কপটে ধরমযুত' স্থলে 'ধরম কপটযুত' প-র-সা। ৮। 'জীউ' ক, খ, প-র-সা। ৯। 'কহত' ক, খ। ১০। 'কবি' ক।

মহারাসঃ।

কামোদ।১

কাঞ্চন মণিগণে২ জনু নিরমাওল
রমণী-মণ্ডল সাজ।
মাঝহি মাঝ মহামরকত-মণি৩
শ্যামর নটবররাজ ॥
ধনি ধনি৪ অপরূপ রাস-বিহার ॥
থীর বিজুরি সঞে সঞ্চরু৫ জলধর
রস বরিখয়ে অনিবার ॥ ধ্রু ।

কত কত চান্দ তিমির পর বিলসই
তিমিরহুঁ[৬] কত কত চান্দে[৭]।
কনক-লতায়ে তমালহুঁ[৮] কত কত
দুহুঁ দুহু তনু তনু বান্ধে[৯] ॥
কত কত পদুমিনি পঞ্চম গাওত[১০]
মধুকর ধরু শ্রুতি-ভাষ।
মধুকর মেলি কত পদুমিনি[১১] গাওত
মুগধল গোবিন্দদাস ॥৬॥১২৫৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৫১৫ ও প-র পুথির ৩৮।3 সংখ্যক পদ। 'কামোদ' স্থলে 'ধানশী' প-র-সা। ২। 'মণিগণ' ক, প-র-সা। ৩। 'সম' ক, খ, চ, প-র-সা। ৪। 'ধনি ধনি' প-র-সা পুথিতে নাই। তৎ স্থলে 'বৃন্দাবনে' প-র। ৫। 'চঞ্চল' ক, প-র-সা। ৬। 'তিমিরহিঁ' ক। ৭। 'চান্দ' প-র। ৮। 'তমালহু' ঘ। ৯। 'বান্ধ' প-র। ১০। 'পঞ্চম গাওত' স্থলে 'বায়ত গায়ত' প-র-সা। ১১। 'কমলিনি' প-র।

অত্রান্তরে অন্তর্দ্ধানং যথা।

কেদার।১

রাস-বিহারে মগন শ্যাম নটবর
রসবতি রাধা বামে।
মণ্ডলি[২] ছোড়ি রাই-কর ধরি হরি
চললি আন বন[৩]-ধামে ॥
যব হরি অলখিত ভেল।
সবহুঁ কলাবতি আকুল ভেল অতি
হেরইতে বন মাহা গেল।ধ্রু॥
সখিগণ মেলি সবহুঁ[৪] বন ঢুঁড়ই[৫]
পুছই[৬] তরুগণ পাশ।
কাহাঁ মঝু প্রাণ-নাথ ভেল অলখিত[৭]
না দেখিয়া জিবন নিরাশ ॥
কহ কহ কুসুম-পুঞ্জ[৮] তুহুঁ ফুল্লিত
শ্যাম-ভ্রমর কাহাঁ পাই।
কোন উপায়ে[৯] নাহ মঝু মীলব[১০]
উদ্ধবদাস তাহাঁ যাই ॥৭॥১২৫৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৫১৭ সংখ্যক পদ। ২। 'মণ্ডল' ক, খ; 'মণ্ডলী' প-র-সা। ৩। 'আন বন' স্থলে 'নিকুঞ্জ' প-র-সা। ৪। 'সকল' ঘ। ৫। 'ঢুড়ই' ঘ, চ। ৬। 'পুছই' ক, খ, প-র-সা। ৭। 'কাহাঁ' ইত্যাদি স্থলে 'কাহাঁ মঝু প্রাণনাথ ভেল অতি অলখিত' ক, খ। ৮। 'কুঞ্জ' প-র-সা। ৯। 'কোন উপায়ে' স্থলে 'কোনহু উপায়' প-র-সা। ১০। 'মিলব' ক, চ, প-র-সা।

তথা রাগ।১

পনস পিয়াল চূতবর চম্পক
অশোক বকুল বক নীপ।
একে একে পুছিয়া[২] উত্তর না পাইয়া
আওল তুলসি সমীপ ॥
জাতি যূথি[৩] নব-মল্লিক[৪] মালতি
পূছল সজল-নয়ানে।
উতর না পাই[৫] সতিনি সম মানই
দূরহিঁ করল পয়ানে ॥
পুন দেখে[৬] তরুকুল অতিশয় ফলফুল-
ভরে পড়িয়াছে মহি-মাঝ।
কানুক হেরি প্রণাম করল ইহ
এ পথে চলল ব্রজ-রাজ ॥
এত কহি বিরহে বেয়াকুল অতিশয়
ব্রজ-রমণীগণ রোয়।
উদ্ধবদাস কহ শ্যাম ভেল অলখিত
কতি খণে মীলব[৭] মোয় ॥৮॥১২৬০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১১৮ সংখ্যক পদ। ২। 'পুছিয়া' ক, খ, চ, প-র-সা। ৩। 'যুবতী' ক। ৪। 'মল্লিকা' ক, খ, প-র-সা। ৫। 'পাইয়া' ক, চ। ৬। 'দেখি' প-র-সা। ৭। 'মিলব' ক, প-র-সা।

তথা রাগ।[১]

যুথে যুথে[২] রঙ্গিণি বরজ-বর-কামিনি
　　যামিনি কানন মাহ।
সব জন পরিহরি কুঞ্জে চলল হরি
　　করে ধরি রাইক বাহ ॥
সজনী,[৩] অব হরি কোন কানন মাহা গেল।
গুণবতি গুণহি মনহি মন বান্ধল
　　নাগর অনুকূল[৪] ভেল ॥ ধ্রু[৫] ॥
ঠামহি ঠাম চরণ-চিহ্ন হেরই
　　রাই করল যাহাঁ কোর।
কুসুম তোড়ি বহু বেশ বনায়ল
　　সুরত-রভসে ভেল ভোর ॥
কিশলয়-শেজ ঠামহিঁ ঠাম হেরই
　　টুটল[৬] কত ফুলমাল[৭]।
দুহুঁ অঙ্গ-পরিমলে কানন বাসল
　　গুঞ্জরে মধুকর-জাল[৮] ॥
ধনি ধনি রমণি-শিরোমণি সুন্দরি
　　আরাধল মনমথ দেব।
গোপালদাস কহ ও সহচরি সই[৯]
　　রাধামাধব সেব ॥৯॥১২৬১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১১৯ সংখ্যক পদ। ২। 'যূথে যূথে' ক। ৩। 'সজনি' ক, খ, চ, প-র-সা। ৪। 'অনুকূল' ক, খ। ৫। কেবল প-র-সা পুথিতে 'ধ্রু' চিহ্ন আছে। ৬। 'টুটল' ক, চ, প-র-সা। ৭। 'ফুলবান' প-র-সা। ৮। 'জান' প-র-সা। ৯। 'গোপালদাস' ইত্যাদি স্থলে 'গোপালদাস কহয়ে সহচরি সহ' প-র-সা।

ধানশী।[১]

সকল রমণিগণ ছোড়ি বর-নাগর
　　রাইক কর ধরি গেল।
বনে বনে ভ্রমই কুসুমকুল তোড়ই
　　কেশ-বেশ করি দেল ॥
চলইতে রাই চরণে ভেল বেদন
　　কান্ধে চড়ব মন কেল।
বুঝইতে ঐছে[২] বচন বন্ধু-বল্লভ
　　নিজ তনু অলখিত ভেল ॥
না দেখিয়া নাহ তাহিঁ[৩] ধনি রোয়ত
　　হা প্রাণনাথ উতরোলে।
ব্রজ-রমণীগণ[৪] না দেখিয়া মন-দুখে
　　ভাসল বিরহ-হিলোলে ॥
উদ্দেশে কোই কোই বনে পরবেশিয়া
　　হেরল রোদতি রাধা।
সখিগণ মেলি ধরণি পর লুঠই[৫]
　　উদ্ধবদাস চিতে বাধা ॥১০॥১২৬২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১২০ সংখ্যক পদ। ২। 'বুঝইতে ঐছে' স্থলে 'বুঝাইতে ঐছন' প-র-সা। ৩। 'তাহি' খ; 'তহি' প-র-সা। ৪। 'ব্রজচান্দ রমণ' খ। ৫। 'লুঠই' ক, চ, প-র-সা।

তথা রাগ।[১]

সভে মিলি বৈঠল কালিন্দি-তীর।
ঝর ঝর সবহুঁ নয়নে[২] বহ নীর ॥
কাহাঁ গেও নাহ[৩] দুখ-সাগরে ডারি।
অবলা-মতি কৈছে তরইতে পারি[৪] ॥

বিরহ-বিয়াধি[৩] -বিরামক লাগি।
গাওত তছু গুণ যামিনি জাগি ॥
বিষ-জল ব্যাল বর্ষ ভয়ে রাখি।
অব কাহে মারসি অকরুণ-আঁখি ॥
যবহুঁ চলসি[৬] বন গোধন সাথ।
নিমিখে মানিয়ে জনু যুগ-শত যাত ॥
অব কৈছে তুয়া বিনে ধরব পরাণ।
তব বচনামৃত[৭] না করিয়া[৮] পান ॥
তে পদ[৯]-পঙ্কজ কোমল জানি।
স্তন-যুগে রাখিতে ভয় অনুমানি ॥
কৈছে কণ্টক-বনে করসি বিহার[১০]।
সোঙরি সোঙরি জিউ ধরই না পার[১১] ॥
এত কহি রোয়ত গদ গদ ভাষ।
কহ রাধামোহন দাসক দাস ॥১১॥১২৬৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৫২১ সংখ্যক পদ। ২। 'নয়ন' ঘ। ৩। 'নাথ' ক, খ, ঘ, চ। ৪। 'অবলা' ইত্যাদি স্থলে ঘ পুথির পাঠ যথা—'পহিলে জিয়াই পালটি পুন মারি।' ৫। 'পয়োধি' খ, ঘ। ৬। 'চলল' প-র-সা। ৭। 'চরণামৃত' প-র-সা। ৮। 'করিয়ে' ক। ৯। 'তব' প-র-সা। ১০। 'বেহারি' ঘ। ১১। 'পারি' চ।

বরাড়ী।১

তব কথামৃতং তপ্তজীবনং
কবিভিরীড়িতং কল্মষাপহং।
শ্রবণমঙ্গলং শ্রীমদাততং
ভুবি গৃণন্তি যে ভূরিদা জনাঃ ॥

পাঠান্তর

১। এই শ্রীমদ্ভাগবতীয় শ্লোকটি প-র-সা পুথিতে উদ্ধৃত এবং চ পুথিতে গণিত হয় নাই। ইহাকে স্বতন্ত্র পদ-রূপে গণিত করিলে ২৪শ পল্লবের নির্দ্দিষ্ট পদ-সংখ্যা বাড়িয়া যায়; তথাপি পদকল্পতরুর সকলগুলি পুথিতে শ্লোকটি উদ্ধৃত হওয়ায় উহা আমরাও উদ্ধৃত করিলাম। ২। 'কবিভিরীড়িতং' স্থলে 'কবিভিরীরিতং' ক, খ, চ পুথি।

টীকা

"তবে"ত্যাদি। শ্রীকৃষ্ণং প্রতি গোপী-জন-বাক্যম্। তব কথা এব অমৃতং ভূরিদাঃ পূর্ব্বজন্মনি বহুদাতারো জনা পরম-সুকৃতিন ইত্যর্থঃ ভুবি সংসারে আততং বিস্তৃতং যথা স্যাৎ তথা গৃণন্তি প্রাপ্নুবন্তি। কথামৃতং কীদৃশম্? তপ্তানাং সংসারানলদগ্ধানাং জীবনং জীবনরক্ষৌষধং কবিভির্ব্রহ্মাদিভিরীড়িতং স্তুতং কল্মষাপহং পাপনাশনং শ্রীমৎ সৌভাগ্যাস্পদং কল্যাণাবহমিতি ভাবঃ।

অনুবাদ

সংসারে যাঁহারা পরম-পুণ্যবান্ ব্যক্তি, তাঁহারাই ব্রহ্মাদির প্রশংসিত কলুষ-নাশন, শ্রবণ-মঙ্গল ও কল্যাণকর আপনার কথামৃত প্রভূতরূপে লাভ করিয়া থাকেন!

বিহাগড়া।১

অঙ্গনামঙ্গনামন্তরা মাধবো
মাধবং মাধবং চান্তরেণাঙ্গনা।
ইত্থমাকল্পিতে মণ্ডলে মধ্যগো
বেণুনা সংজগৌ দেবকী-নন্দনঃ ॥
॥১২॥১২৬৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৫২৬ সংখ্যক পদ।

টীকা

১—৪। "অঙ্গনা"মিত্যাদি। মাধবঃ অঙ্গনাং অঙ্গনাং অন্তরা প্রতিব্রজাঙ্গনাদ্বয়স্য মধ্যবর্ত্তী। 'অন্তরে'ত্যব্যয়-যোগে দ্বিতীয়া। অঙ্গনা চ মাধবং মাধবং অন্তরেণ প্রত্যেকমাধবপ্রকাশয়োঃ মধ্যবর্ত্তী। 'অন্ত-

রেণে'ত্যব্যয়যোগে দ্বিতীয়া। ইত্থং অনেন প্রকারেণ আকল্পিতে রচিতে মণ্ডলে চক্রাকারেণ রাস-নৃত্যে মধ্যগো মধ্যবর্ত্তী সন্ দেবকীনন্দনঃ শ্রীকৃষ্ণঃ বেণুনা সংজগৌ গানং কৃতবান্। "অস্ত সর্ব্বব্রজাঙ্গনা-মধ্যগতত্বং অলাতমিব দর্শনং চক্রভ্রমন্যায়েন নৃত্যবিশেষকৌশলেনেতি বোধ্যং ন ত্বৈশ্বর্য্যেণ।" ইতি রাধামোহনঃ।

অনুবাদ

প্রত্যেক ব্রজাঙ্গনা-দ্বয়ের মধ্যে শ্রীকৃষ্ণও বহুরূপে প্রকাশমান, প্রত্যেক শ্রীকৃষ্ণদ্বয়ের মধ্যে ব্রজাঙ্গনা—এইরূপে সংগঠিত রাস-মণ্ডলের মধ্যগত হইয়া দেবকীনন্দন শ্রীকৃষ্ণ বংশীর গান বিস্তার করিলেন।

তাৎপর্য্য-ব্যাখ্যা

রমণীবৃন্দ পরস্পরের কর ধারণ করিয়া মণ্ডলাকারে যে নৃত্য করেন, উহাকে রাস বা মণ্ডলী-নৃত্য বলা হয়। সহস্র সহস্র ব্রজাঙ্গনাদিগের সম-ভাবে আনন্দ-বর্দ্ধন করিতে হইলে, শ্রীকৃষ্ণ তাঁহাদিগের প্রত্যেকের সহিত যুগপৎ নৃত্যাদি করিতেছেন, তাঁহাদিগের মনে এই বিশ্বাস উৎপাদন করা আবশ্যক। অবশ্য শ্রীভগবানের পক্ষে ইহা অসম্ভব নহে। 'যোগেশ্বরেণ কৃষ্ণেন তাসাং মধ্যে দ্বয়োর্দ্বয়োঃ। প্রবিষ্টেন গৃহীতানাং কণ্ঠে স্বনিকটং স্ত্রিয়ঃ॥' এই ভাগবতীয় শ্লোকের শ্রীধর-স্বামি-কৃত ব্যাখ্যার আভাসে বুঝা যায় যে, শ্রীকৃষ্ণ যোগ(মায়া) দ্বারা যুগপৎ বহু মূর্ত্তি পরিগ্রহ করিয়া এই কার্য্য সিদ্ধ করিয়াছিলেন। কিন্তু শ্রীকৃষ্ণলীলার বিশেষদর্শী সনাতন গোস্বামী ও বিশ্বনাথ চক্রবর্ত্তী শ্রীকৃষ্ণের মধুরভাবাত্মক ব্রজ-লীলায় ঐশ্বর্য্য-প্রকাশ অযৌক্তিক মনে করিয়া ব্যাখ্যা করিয়াছেন যে, বস্তুতঃ একই কৃষ্ণ নৃত্য-পটুতা হেতু এক সময়েই সকল গোপীদিগের নিকটে আছেন বলিয়া প্রতীত হইয়াছিলেন। বিশ্বনাথ চক্রবর্ত্তীর মতে পূর্ব্বোক্ত ভাগবতীয় শ্লোকের 'কৃষ্ণেন' ও পরবর্ত্তী 'তত্রাতিশুশুভে তাভির্ভগবান্ দেবকীসুতঃ। মধ্যে মণীনাং হৈমানাং মহামারকতো যথা॥' শ্লোকের 'মহামারকতঃ' এই একবচনান্ত পদ-দ্বয় দ্বারা এই অভিপ্রায়ই সূচিত হয়। বস্তুতঃ প্রণিধান করিলে টীকাকারদিগের এই মতবিরোধের বিশেষ সার্থকতা দেখা যায় না। যে অদ্ভুত নৃত্য-কৌশল দ্বারা নর্ত্তক যুগপৎ সহস্র সহস্র প্রকাশরূপে প্রতিভাত হইতে পারেন, তাহা অলৌকিক ও তজ্জন্যই অতিপ্রাকৃত বলিয়া স্বীকার করিলেও বোধ হয় কোন দোষ হয় না। বস্তুতঃ শ্রীকৃষ্ণ-চরিত্রের বহু অবদান তাঁহার পক্ষে সহজ ও স্বাভাবিক হইলেও সাধারণ মানবের পক্ষে যে একান্ত অসাধ্য ও অসম্ভব, ইহা অবশ্যই স্বীকার করিতে হইবে।

তথা রাগ।১

সব নারীকুল বিরহে আকুল
ধৈরজ ধরিতে নারে।
রসিক নাগর বুঝিয়া অন্তর২
দাঁড়াইল যমুনা ধারে॥
কদম্বের তলে বসি কোন ছলে
মৃদু মৃদু বায়ে বাঁশী।
শুনিতে শ্রবণে ব্রজ-বধূগণে
তাহাই মিলল আসি॥
মরণ-শরীরে পরাণ পাইল
ঐছন সবহুঁ ভেলি।
বন-দাবানলে পুড়িয়া যেমন
আমিয়া-সায়রে কেলি॥
চাতকিনী-গণ৩ হেরি নব-ঘন
মনের আনন্দে ভাসে।
জিনি শশধর বদন সুন্দর
চকোরিণী চারি৪ পাশে॥
বিরহে তাপিত ভেল তিরপিত
বরিখে অমিয়া-রাশি।
জ্ঞানদাস কহে শ্যামের বদনে
আধ ঈষত হাসি॥১৩॥১২৬৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৫২২ সংখ্যক পদ। ২। 'সময়' প-র-সা। ৩। 'ব্রজবধূগণ' প-র সা। ৪। 'চারু' ঘ; 'চান্দ' প-র-সা।

কেদার।১

বাজত ডম্ফ রবাব পাখোয়াজ
করতল তাল তরল২ একু মেলি।
চলত চিত্র-গতি সকল কলাবতি
করে করে নয়নে নয়নে করু খেলি॥
নাচত শ্যাম সঙ্গে ব্রজ-নারি।
জলদ-পুঞ্জে জনু তড়িত-লতাবলি
অঙ্গ-ভঙ্গ কত রঙ্গ বিথারি॥ ধ্রু॥
নটন-হিলোল-লোল মণি-কুণ্ডল
শ্রম-জল ঢল ঢল বদনহুঁ চন্দ৩।
রস ভরে গলিত ললিত কুচ-কঞ্চুক
নীবি খসত অরু৪ কবরিক বন্ধ॥
দুহুঁ দুহুঁ সরস পরশ-রস লালসে
আলিঙ্গই রহ তনু লাই৫।
গোবিন্দদাস পহু মুরতি মনোভব
কত যুবতী৬ রতি৭ আরতি বাঢ়াই॥
॥১৪॥১২৬৬॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৩৮৬ সংখ্যক পদ। ২। 'চরণ' প-র। ৩। 'শ্রমজল' ইত্যাদি স্থলে 'শ্রমজলে ঢরঢর মুখ-অরবিন্দ' প-র। ৪। 'অব' ঘ; 'উরু' চ। ৫। 'আলিঙ্গই' ইত্যাদি স্থলে 'তনু তনু আলসে রহু তনু লাই' ক, খ; 'আলসে বহুত লাই' চ। ৬। 'যুবতি' ক, খ; 'যুবতি' ঘ। 'যুবতি' পাঠে ছন্দোভঙ্গ ঘটে। ৭। 'মতি' থ।

দেবগান্ধার।

বলয়ানাং নূপুরাণাং কিঙ্কিণীনাঞ্চ যোষিতাং।
সপ্রিয়াণামভূচ্ছব্দস্তুমুলো রাস-মণ্ডলে॥
॥১৫॥১২৬৭॥

টীকা

"বলয়ানা"মিত্যাদি। রাসমণ্ডলে সপ্রিয়ানাং কৃষ্ণসহিতানাং যোষিতাং স্ত্রীণাং বলয়ানাং কর-ভূষণানং নূপুরাণাং পদভূষণানাং কিঙ্কিণীনাং কটি-ভূষণানাং চ নৃত্য-বেগ-চঞ্চলানামিতি ভাবঃ তুমুলঃ সঙ্কীর্ণঃ বলয়-নূপুরাদি-শিঞ্জিত-মিশ্রঃ শব্দোঽভূৎ নিনাদো জাতঃ।

অনুবাদ

রাস-মণ্ডলে শ্রীকৃষ্ণের সহিত সম্মিলিতা ব্রজাঙ্গনা-দিগের বলয়, নূপুর ও কিঙ্কিণীর ধ্বনি-মিশ্রিত শব্দ উদ্ভূত হইল।

কেদার।১

কালিন্দি-তীর সুধীর সমীরণ
কুন্দ কুমুদ অরবিন্দ বিকাশ।
নাচত মোর২ ভোর৩ মত্ত৪ মধুকর
শুক সারিক৫ পিকু-পঞ্চম ভাষ॥
মধুবনে৬ নিধুবন৭-মুগধ মুরারি।
মুগধ গোপ-বধু অধিক লাখ সঙ্গে
রঙ্গে বিহরে বৃখভানু-কুমারি৮॥ ধ্রু॥
নাচত নটিনি গাওয়ে৯ নট-শেখর
গাওত নটিনি নাচে১০ নট-রাজ।
শ্যামর গোরি১১ গোরি সঙ্গে শ্যামর
নব জলধরে জনু১২ বিজুরি বিরাজ॥
হেরি হেরি অপরূপ১৩ রাস-কলা-রস১৪
মনমথে লাগল মনমথ ধন্দ।
ভুলল১৫ গগনে১৬ সগণে১৭ রজনীকর
চৌদিশে১৮ফিরত দীপধর১৯ ছন্দ॥

তারা-গণ সঞে তারা-পতি হেরি
লাজে লুকায়ল দিনমণি-কাঁতি।
গোবিন্দ দাস পহু জগ-মন-মোহন২০
বিহরই২১ ভেল কলপ সম রাতি ॥
॥১৬॥১২৬৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৫৪৭ ও প-র পুথির ৩৮।৫ সংখ্যক পদ। ২। 'ময়ূর' ক। ৩। 'ভোর' শব্দ প-র-সা পুথিতে নাই। ৪। 'মত্ত' শব্দ খ পুথিতে নাই। ৫। 'শারি শুক' ঘ, চ; 'শুক সারি' প-র-সা। ৬। 'মধুর' ক। ৭। 'নিধুবনে' খ; 'নাচত' প-র-সা। ৮। 'কিশোরী' প-র-সা, প-র। ৯। 'গায়' ক; 'গায়ে' চ। ১০। 'নাচত' প-র। ১১। 'শ্যামর গোর' ক, খ; 'শ্যামক গোরি' প-র-সা; 'শ্যাম গোরি' প-র। ১২। 'যৈছে' প-র। ১৩। 'রাস' প-র। ১৪। 'বিলাস মনোহর' প-র। ১৫। 'উয়ল' প-র-সা। ১৬। 'সগণে' প-র। ১৭। 'সগণ' প-র-সা; 'সগনে' প-র। ১৮। 'চৌদিগে' ক, চ। ১৯। 'দীপ ধরি চন্দ' ক; 'দীপ ধরু ছন্দ' প-র। ২০। 'জগ-মন-মোহন' স্থলে 'নটবর-শেখর' প-র। ২১। 'বিহরিতে' প-র।

টীকা

৫—৭। "মধুবনে" ইত্যাদি। রাধামোহন ঠাকুর লিখিয়াছেন,—'মধুবনে মথুরামণ্ডলে তত্রাপ্যে নিধুবননাম্ন্যুপবনে মুগধ মুগ্ধো হরিরিতি। যদ্বা নিধুবনমুগ্ধঃ 'রতং নিধুবনং স্মৃত'মিত্যর্থঃ। অর্থাৎ 'নিধুবন-মুগধ' শব্দের অর্থ মধুবন-স্থিত নিধুবন-নামক উপবনে' কিংবা নিধুবন শব্দ অভিধানে 'সুরত' অর্থে প্রসিদ্ধ বলিয়া 'সুরত-মুগ্ধ'। 'অধিক লাখ সঞে' বাক্যের অর্থ 'লক্ষ সংখ্যা অপেক্ষাও অধিক'।

১২—১৫। "হেরি" ইত্যাদি। অপূর্ব্ব রাস-কলা-উৎসব সৃষ্টি করিতে করিতে মন্মথের অর্থাৎ কন্দর্পের চিত্তে মন্মথ অর্থাৎ অপ্রাকৃত মদন (শ্রীকৃষ্ণ) ধাঁধার ন্যায় বোধ হইল! (শ্রীভগবানের নিষ্কাম প্রেম-লীলা যে, কন্দর্পের নিকট দুর্বোধ্য বলিয়া প্রতিভাত হইবে, তাহা সহজেই অনুমেয়)। সগণে নিজের গণ অর্থাৎ নক্ষত্রসমূহের সহিত নিশাকর চন্দ্র (রাস-লীলা-দর্শনে) মুগ্ধ হইলেন এবং প্রদীপ-ধারী অর্থাৎ মশালচির ন্যায়, (রাস-স্থলী আলোকিত করিয়া) চৌদিগে ঘুরিতে লাগিলেন।

কেদার।১

মণ্ডিত-হল্লীষক-মণ্ডলাং২।
নটয়ন্ রাধাঞ্চল-কুণ্ডলাং৩ ॥
নিখিল-কলা-সম্পদি পরিচর্য্যী।
প্রিয়সখি পশ্য নটতি মুরজয়ী ॥ ধ্রু৪ ॥
মুহুরান্দোলিত-রত্ন-বলয়ং৫।
সনয়ন-বলয়ৎ৬ কর-কিশলয়ং৭ ॥
গতি-ভঙ্গিভিরবশীকৃত-শশী।
স্থগিত-সনাতন-শঙ্কর-বশী ॥১৭॥১২৬৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৫১৫ ও প-র পুথির ৩৮।১২ সংখ্যক পদ। 'কেদার' স্থলে 'ভৈরবী' প-র। ২। 'মণ্ডলা' প-র-সা। ৩। 'কুণ্ডলা' প-র-সা। ৪। প-র পুথি ব্যতীত অন্যান্য পুথিতে 'ধ্রু' নাই। ৫। 'বলয়া' প-র-সা। ৬। 'সনয়ন' ইত্যাদি স্থলে 'সনয়ন চলয়ন' ক, প-র; 'সনয়ন্ চলয়ন্' খ, চ; 'সনয়ন বলয়ন্' ঘ। ৭। 'কিশলয়া' প-র-সা।

টীকা

১—৮। "মণ্ডিতে"ত্যাদি। মণ্ডিতং শোভিতং হল্লীষকমণ্ডলং রাস-চক্রং যয়া তাং চলকুণ্ডলাং চঞ্চলকর্ণাভরণাং শ্রীরাধাং নটয়ন্ নিখিল-কলা-সম্পদি সমস্ত-কলা-সমৃদ্ধৌ পরিচর্য্যী পারদর্শী মুরারি-র্নটতি—হে প্রিয়সখি! পশ্য! কথং নটতি?

—মুহুর্ম্মুহুঃ বারং বারং আন্দোলিতং রত্নবলয়ং যস্মিন্। পুনশ্চ নয়নেন সহ বলয়ৎ বিঘূর্ণয়ৎ করকিশলয়ং যস্মিন্। তৎ যথা স্যাৎ তথেতি ক্রিয়া-বিশেষণং। মুরজয়ী পুনঃ কীদৃশঃ?—গতিভঙ্গীভিঃ নৃত্যকালীনাঙ্গ-সঞ্চালন-বিশেষৈঃ অবশীকৃতঃ কামাকুলীকৃতঃ শশী চন্দ্রো যেন। পুনশ্চ স্থগিতঃ বিস্ময়োদ্রেকাৎ জড়ীকৃতঃ সনাতনঃ তন্নামকো যোগীশ্বরঃ পক্ষে তন্নামকঃ কবিঃ শঙ্করশ্চ যেন স চাসৌ বশী চেতি তাদৃশঃ। 'কৃষ্ণ-বিক্রীড়িতং বীক্ষ্য ব্যমুহন্ খেচরস্ত্রিয়ঃ। কামার্দ্দিতঃ শশাঙ্কশ্চ সগণো বিস্মিতোঽভবৎ ॥" ইতি শ্রীদশমে শ্রীশুকবাক্যমনুসন্ধেয়ম্।

অনুবাদ

১—৮। হে প্রিয়-সখি! দেখ! রাস-মণ্ডল-শোভিনী চঞ্চল-কুণ্ডলা শ্রীরাধাকে নর্ত্তিত করিয়া নিখিল-কলা-পারদর্শী মুরারি নৃত্য করিতেছেন। নৃত্যবশে তাঁহার রত্ন-বলয় বারম্বার আন্দোলিত ও নয়নের সহিত কর-পল্লব বিঘূর্ণিত হইতেছে। জিতেন্দ্রিয় তাঁহার নৃত্যকালীন অঙ্গভঙ্গী দর্শনে শশাঙ্ক কামাকুল এবং সনাতন ও শঙ্কর স্তব্ধীভূত হইতেছেন!

বিহগড়া।১ প্রবন্ধ।

আগর তাতা দধি দম্মা উয়ারে২
থুগু থুগু থুগু থুগু থুগু থুগু তা।
দৃগি তা দৃগি তা দৃগি মাদল বাজত
অঙ্গ-ভঙ্গে৩ চলি যায়ত পা॥
তা তা তা থৈয়া তা থৈয়া দিগি দিগি
দিগি দিগি দিগি দিগি দিগি দিগি তা॥ ধ্রু॥
রতি-রঙ্গে সঙ্গিত ভঙ্গিম গোপিনি
সঙ্গে নাচে গোপালা।
থিয়া ইয়া ইয়া ইয়া আ ইয়া আ ইয়া৪
বহুবিধ ছন্দ রসালা॥
রুণু রুণু রুণু রুণু ঝুনু ঝুনু ঝুনু ঝুনু৫
কঙ্কণ কর রণরণি।
ঝম ঝম ঘাঁঘর ঘাঘটি৬ কটি কিঙ্কিণি
কঙ্কণ ঝুমর ধ্বনি॥
ডগ মগ ডগ মগ ডম্ফ ডিমিকি ডুমি
পী পী৭ বেণু-নিসানে।
চলত চিত্র-গতি নর্ত্তন-পদ অতি
মাধব ইহ রস গানে॥১৮॥১২৭০॥

পাঠান্তর

১। 'বিহাগ' ক। ২। 'উআরে' ঘ। ৩। 'ভঙ্গি' চ। ৪। 'আ ইয়া আ ইয়া' স্থলে 'আইয়া ইয়া' ক, খ, চ। ৫। 'ঝুনু ঝুনু ঝুনু ঝুনু' স্থলে 'রুনু রুনু রুনু রুনু' ক, খ, চ। ৬। 'ঘাঘাটী' ক; 'ঘাঘটী' খ, চ। ৭। 'পি পি' ক।

বিহগড়া।১

চৌদিকে চারু অঙ্গনা বেঢ়িয়া
রঙ্গিণি কত গায়নি২।
ক্রত্তা৩ থৈয়া থৈয়া বোলনি॥
মাঝে বিরাজে শ্যাম সুঘড় শিরোমণি।
কিঙ্কিণি৪ কিনি কিনি বোলনি॥
তাগর৫ ন ধোগ্‌গা ঘেটিগা ঘেটিগা ঘেটি
তী ঘেনে নাঙ্‌ তীস্তঘ তীস্ত ঘ নাঙ্‌।
গরণ ঘেনাতীনি তা খিটি তৃঘং তীঘর ঝাঁ॥
বর্ণিত রাস বিদ্যাপতি সূর।
রাধামোহন দাস রস-পূর॥১৯॥১২৭১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৫০৭ সংখ্যক পদ। 'বিহগড়া' স্থলে 'তুক' প-র-সা। ২। 'গাউনি' ক, খ, ঘ, চ। ৩। 'ক্রত্তা' স্থলে 'ক্রতাতা' ক, ঘ, চ; 'কৃতিতা কৃতিতা' প-র-সা। ৪। 'বাজে

কঙ্কণ কন' প-র-সা। ৫। 'তাগর' ইত্যাদি অবশিষ্ট পংক্তিগুলি প-র-সা পুথিতে নাই।

কেদার।[১]

ও নব-জলধর অঙ্গ।
ইহ থির বিজুরি-তরঙ্গ ॥
ও বর-মরকত ঠান।
ইহ কাঞ্চন দশবান ॥
রাধামাধব[২] মেলি।
মুরতি মদন-রস কেলি ॥
ও তনু[৩] তরুণ তমাল।
ইহ হেম যূথি রসাল ॥
ও নব পদুমিনি সাজ।
ইহ মত্ত মধুকর রাজ ॥
ও মুখ চান্দ উজোর।
ইহ দিঠি লুবধ চকোর ॥
অরুণ নিয়ড়ে পুন চন্দ[৪]।
গোবিন্দদাস রহু ধন্দ ॥২০॥১২৭২॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ১২১৫ সংখ্যক পদ। ২। 'রাধামাধব' স্থলে 'দেখ রাধামাধব' প-র। ৩। 'নব' প-র। ৪। 'ছন্দ' খ।

শ্রীরাগ।[১]

রাস-অবসানে অবশ ভেল অঙ্গ।
বৈঠল দুহুঁ জন রভস-তরঙ্গ[২] ॥
শ্রম-ভরে অঙ্গ ঘাম বহি যায়।
কিঙ্করিগণ করু চামরের বায় ॥
পৈঠল সবহুঁ যমুনা জল মাহ[৩]।
পানি-সমরে দুহুঁ করু অবগাহ[৪] ॥
মাজি-মগন জলে মণ্ডলি কেল[৫]।
দুহুঁ দুহুঁ মেলি করই[৬] জলখেল ॥
কণ্ঠ-মগন জলে করল পয়ান।
চুম্বয়ে নাহ তব সবহুঁ বয়ান ॥
ছলে বলে কানু রাই লেই গেল।
যো অভিলাস করল দুহুঁ মেল ॥
জল সঞে উঠি সভে[৭] মোছই শরীর।
জনু বিধু-মণ্ডিত যামুন তীর[৮] ॥
রাস-বিলাস করি পানি-বিলাস।
দাস অনন্তক পূরল আশ ॥২১॥১২৭৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৫১৮ সংখ্যক পদ। ২। 'রভস-তরঙ্গ' স্থলে 'সখীগণ সঙ্গ' প-র-সা। ৩। 'মাহ্' প-র-সা। ৪। 'কর অবগাহ' প-র-সা। ৫। 'অঞ্জলি কেলি' প-র-সা। ৬। 'করল' প-র-সা। ৭। 'তব' ক, খ, চ; 'সব' প-র-সা। ৮। 'যামুন নীর' ক, চ; 'যমুনাক তীর' প-র-সা।

কেদার।[১]

কেলি সমাধি[২] উঠল দুহুঁ তীরহি
বসন ভূষণ পরি অঙ্গ।
রতন-মন্দির মাহা বৈঠল নাগর
করু বন-ভোজন[৩]-রঙ্গ ॥
আনন্দে কো করু ওর।
বিবিধ মিঠাই খীর বহু বনফল
ভুঞ্জই নন্দ-কিশোর ॥ ধ্রু ॥
নাগর-শেষ লেই সব রঙ্গিণি[৪]
ভোজন করু রসপুঞ্জে।
ভোজন সমাধি তাম্বুল সভে খাওল
শূতলি[৫] নিজ নিজ কুঞ্জে ॥
ললিতানন্দ কুঞ্জ যমুনা-তট[৬]
শূতল যুগল কিশোর।
দাস নরোত্তম করতহি সেবন
অলস নয়ন হেরি ভোর ॥২২॥১২৭৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৫২৯ সংখ্যক পদ। 'কেদার' স্থলে 'বেহাগ' প-র-সা। ২। 'সমাধি' স্থলে 'সমাধিয়া' প-র-সা। ৩। 'কর বন-ভোজন' স্থলে 'করল ভোজন' প-র-সা। ৪। 'সঙ্গিনী' প-র-সা। ৫। 'গুতলি' ক, খ, প-র-সা। ৬। 'যামুন-তট' ক, খ, ঘ, চ।

কামোদ।১

কসুম-আসন হেরি বামে কিশোরি গোরি
বৈঠল কুঞ্জ-কুটীরে।
চিবুকে দক্ষিণ কর ধরি প্রিয় গিরিধর
মুখানি নিছিয়া লেই শিরে॥
দেখ সখি অপরূপ ছান্দে।
প্রেম-জলধি মাঝে ডুবল দুহুঁ জন
মনমথ পড়ি গেল ফান্দে॥
রতন পালঙ্ক পর শেজ বিরাজিত
শুতল যুগল কিশোর।
স্মের মধুর মুখ- পঙ্কজ মনোহর
মরকত কাঞ্চন জোর॥
প্রিয় নর্ম্ম-সহচরি বীজন করে ধরি
বীজই মারুত মন্দ।
শ্রম-জল সকল কলেবর মীটল
হেরই পরম আনন্দ॥
নরোত্তম দাস আশ পদ-পঙ্কজ-
সেবন-মধুরিম-পানে।
নিজ নিজ কুঞ্জে নিন্দ গেও সখিগণ
প্রিয়জন সেবই বিধানে॥২৩॥১২৭৫॥

ধানশী।১

কোমল-শশি-কর-রম্য-বনান্তর-
নির্ম্মিত-গীত-বিলাস২।
তূর্ণ-সমাগত-বল্লব-যৌবত-
বীক্ষণ-কৃত-পরিহাস॥
জয় জয় ভানু-সুতা-তট-রঙ্গ-মহানট
সুন্দর নন্দ-কুমার;
শরদঙ্গীকৃত-দিব্য-রসাবৃত-৩
মঙ্গল৪-রাস৫-বিহার॥ ধ্রু॥
গোপী-চুম্বিত রাগ৬-করম্বিত
মান-বিলোকন-লীন।
গুণ-বর্গোন্নত-রাধা সঙ্গত
সৌহৃদ-সম্পদধীন॥
তদ্বচনামৃত-পান-মদাহৃত-৭
বলয়ীকৃত-পরিবার।
সুর-তরুণীগণ-মতি-বিক্ষোভন৮
খেলন-বল্লিত-হার॥
অম্বু-বিগাহন-নন্দিত-নিজ-জন-
মণ্ডিত-যমুনা৯-তীর॥
সুখ-সম্বিদ্ঘন পূর্ণ-সনাতন
নির্ম্মল-নীল-শরীর॥২৪॥১২৭৬॥

ইত্যাদি শরৎকালীয়-মহারাসঃ।

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৩৮।১৪ সংখ্যক পদ। ২। 'রসাল' ঘ। ৩। 'রসামৃত' ঘ। ৪। 'মণ্ডল' ক, খ। ৫। 'রাজ' ঘ। ৬। 'বাস' ঘ। ৭। 'সুরামৃত' ক, খ, ঘ। ৮। 'বিলোভন' চ। ৯। 'যামুন' ঘ, প-র-সা।

টীকা

১—২০। "কোমলে"ত্যাদি। আদৌ ধ্রুবপদং ব্যাখ্যায়তে—ভানুসুতায়াস্তটমেব রঙ্গঃ নর্ত্তনস্থানং তত্র মহানট নটশিরোমণে হে সুন্দর নন্দাত্মজ শ্রীকৃষ্ণ ত্বং জয় জয় সর্ব্বোৎকর্ষেণ বিরাজস্ব। ত্বং কীদৃশঃ?—শরদি অঙ্গীকৃতঃ দিব্যেনাপ্রাকৃতেনানু-রাগেণাবৃতো মঙ্গলো রাসবিহারো যেন তৎসম্বোধনং।

পুনঃ কীদৃশঃ ?—কোমল-শশি-করৈঃ রম্যে সুন্দরে বনান্তরে গীতবিহারকারিন্। তূর্ণসমাগত-গোপ-যুবতিসমূহস্য ভাবীক্ষণায় পরিহাস-কারিন্। হে গোপীচুম্বিত হে রাগকরম্বিত রাগালাপকারিন্ কান্তানাং মানস্য গর্ব্বস্য বিলোকনেন লীন কৃতান্তর্দ্ধান হে। গুণবর্গৈরুন্নতয়া অসমোর্দ্ধগুণবত্যা রাধয়া সহ সঙ্গত হে। তস্যা যা সৌহৃদ-সম্পৎ প্রেম-সম্পত্তিঃ তস্যা অধীন। যদ্বা গুণবর্গোন্নতায়াং রাধায়াং সঙ্গতা যা সৌহৃদসম্পৎ তদধীন হে। 'কংসারিরপি সংসার-বাসনাবদ্ধশৃঙ্খলাং। রাধামাধায় হৃদয়ে তত্যাজ ব্রজ-সুন্দরীঃ॥" ইত্যাদি জয়দেব-শ্লোকেন শ্রীকৃষ্ণস্য রাধাপ্রেমাধীনত্বং স্ফুটমেব। তাসাং গোপীনাং যানি বচনামৃতানি তেষাং পানেন যো মদস্তদ্বিষয়কেন প্রেম্না মত্ততা তেনাহৃত তাসাং সদস্যানীত হে। বলয়ী-কৃতঃ মণ্ডলাকারেণ স্থাপিতঃ পরিবারঃ গোপাঙ্গনা-রূপ-পরিজনো যেন তৎসম্বোধনং। সুরতরুণীনাং যৎ মতিবিক্ষোভনং বুদ্ধিচাঞ্চল্যকারকং খেলনং রাস-নর্ত্তনং তেন বলিতঃ উল্লম্ফনশীলো হারো যস্য তৎ-সম্বোধনং। অম্বুবিগাহনেন জল-ক্রীড়য়া নন্দিতৈঃ প্রীণিতৈঃ নিজজনৈর্ম্মণ্ডিতং যমুনাতীরং যেন তৎ-সম্বোধনং। সুখং আনন্দঃ সম্বিৎ জ্ঞানং তয়োর্ঘনঃ সান্দ্রানন্দবিজ্ঞানরূপ ইত্যর্থঃ পূর্ণঃ আপ্তকামঃ সনা-তনশ্চেতি তৎসম্বোধনং। পক্ষে সুখসম্বিদ্ঘনেন পূর্ণঃ কৃতার্থীকৃতঃ সনাতননামা কবির্যেন তৎসম্বোধনং। নির্ম্মল-নীলশরীর অমল-সুনীল-কলেবর।

অনুবাদ

১—২০। যমুনা-তট-রঙ্গভূমির নটরাজ হে সুন্দর নন্দকুমার! তোমার জয় হউক। তুমি শরৎকালে অপ্রাকৃত-রস-পূর্ণ মঙ্গলজনক রাস-বিহার প্রকাশিত করিয়াছ। তুমি কোমলচন্দ্র-কিরণ দ্বারা সুরম্য বন-স্থলীতে গীত-বিলাসের অনুষ্ঠান ও ত্বরার সহিত সমাগত গোপ-যুবতিগণের ভাব-পরীক্ষার নিমিত্ত পরিহাস করিয়াছ। হে গোপীচুম্বিত রাগা-লাপকারী শ্রীকৃষ্ণ! তুমি প্রিয়াগণের গর্ব্ব-ভাব দর্শনে অন্তর্হিত হইয়া গুণ গণ-বরেণ্যা শ্রীরাধার সহিত সম্মিলিত এবং তাঁহার প্রেম-সম্পদের অধীন হইয়াছ। তুমি গোপীগণের তৎকালীন প্রেম-পূর্ণ বচনামৃত-পানে বিমুগ্ধ হইয়া তাঁহাদিগের সমীপে উপস্থিত ও তাঁহাদিগের দ্বারা পরিবেষ্টিত হইয়াছ এবং তুমি সুরাঙ্গনা-গণের চিত্তোন্মাদক ক্রীড়া দ্বারা চঞ্চল-হার-বিশিষ্ট হইয়া বিরাজ করিতেছ। তোমার জল-কেলির দ্বারা আনন্দিত গোপাঙ্গনারূপ পরিজন দ্বারা যমুনার তীর-ভূমি সুশোভিত হইয়াছে। হে নির্ম্মল-নীল-কলেবর শ্রীকৃষ্ণ! তুমি চিদানন্দ-মূর্ত্তি ও পূর্ণ-সনাতন। (পক্ষে—তুমি চিদানন্দ দ্বারা কবি সনাতনকে কৃতার্থ করিয়াছ।)

শ্রীচৈতন্য-নিত্যানন্দ-চরণ-ধ্যানেন
এতদ্গীতসংগ্রহঃ।

অথ পুনশ্চ রাসঃ।

শ্রীগৌরচন্দ্রঃ।

কামোদ।

দং দ্রিমিকি দ্রিমি[১] মাদল বাজত
কতহুঁ তান সুতানুয়া[২]।
অখিল ভুবনক নাথ নাচত
শ্রীবাস আদি সভে গানুয়া[৩]॥
জানু-লম্বিত বাহু-যুগল
কলিত-কলধৌত ঠানুয়া।
অরুণ-অম্বরে ভুবন ডগমগি
যৈছে প্রাতর[৪]-ভানুয়া॥
খণহি কম্পিত খণহি পুলকিত
খণহি করযুগ-চালনা[৫]।
খণহি উচ করি বোলই হরি হরি
পুরব-প্রেমক পালনা॥
চাঁদ অবধৌত ঠাকুর অদ্বৈত
সঙ্গে সহচর মেলিয়া।
কহয়ে রামানন্দে কুলিশ সমসয়ে
দারু দরসিত[৬] কেলিয়া ॥২৫॥১২৭৭॥

পাঠান্তর

১। 'ত্রিমি' স্থলে 'ত্রিমি ত্রিমি' ক, খ, চ। ২। 'তান স্থতানুয়া' স্থলে 'তাল স্থতালুয়া' ক, খ। ৩। 'গাসুয়া' ঘ; 'গাসুঞা' চ। ৪। 'পাতয়' ক, খ। ৫। 'করযুগলানা' ঘ। ৬ 'দরবত্তি' ক, খ।

কেদার।১

একে সে মোহন যমুনা[২]-কূল
আরে সে[৩] কেলি-কদম্ব-মুল
আরে সে[৪] বিবিধ ফুটল ফূল[৫]
আরে সে শরদ-যামিনি।
ভ্রমরা ভ্রমরি করত রাব
পিকু কুহু কুহু করত গাব[৬]
সঙ্গিনি রঙ্গিণি মধুর বোলনি[৭]
বিবিধ রাগ গায়নি[৮]।
বয়স কিশোর মোহন[৯] ঠাম
নিরখি মুরছি পড়ত কাম
সজল-জলদ-শ্যাম-ধাম
পিয়ল[১০] বসন দামিনি।
শাঙল[১১] ধবল[১২] কালি[১৩] গোরি
বিবিধ বসন[১৪] বনি কিশোরি
নাচত গায়ত রস-বিভোরি[১৫]
সবহুঁ[১৬] বরজ-কামিনি।
বিণা কপিনাস[১৭] পিনাক ভাল[১৮]
সপ্ত-সূর[১৯] বাজত তাল
এ সর-মণ্ডল মন্দিরা ডম্ফ[২০]
মেলি[২১] কতহুঁ[২২] গায়নি।
নুপুর ঘুঙ্গুর[২৩] মধুর বোল
ঝনন ননন[২৪]নটন লোল[২৫]
হাসি হাসি কেহু[২৬] করত কোল
ভালি ভালি[২৭] বোলনি।
বলরাম দাস পড়ত[২৮] তাল
গাওত মধুর অতি রসাল
শুনত শুনত[২৯] জগত উমত
হৃদয়-পুতলি দোলনি ॥২৬॥১২৭৮॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৩৮।১১ সংখ্যক পদ। ২। 'যমুনার' ক, খ। ৩-৪। 'আবেশে' খ। ৫। 'ফুল' ক, খ, চ, প-র। ৬। 'রাব' চ। ৭। 'মধুর বোলনি' স্থলে 'সঙ্গতি ধাব' প-র। ৮। 'বিবিধ' ইত্যাদি স্থলে 'গাওত বিবিধ রাগিণী' প-র। ৯। 'সুন্দর' প-র। ১০। 'পিয়লি' প-র। ১১। 'শাঙলি' প-র। ১২। 'ধবলি' প-র। ১৩। 'কালিম' ক, খ, চ। ১৪। 'বসনে' প-র। ১৫। 'করত কেলি' প-র। ১৬। 'সঙ্গিতি' প-র। ১৭। 'বিনা কপিনাস' স্থলে 'বিনাক বিশাল' প-র। ১৮। 'রাব' প-র। ১৯। 'বীণা সপ্তসুরা' প-র। ২০। 'ডম্বু' ক; 'ডম্প' চ। ২১। 'কেলি' ক, খ। ২২। 'করত' প-র। ২৩। 'ঘাগর' প-র। ২৪। 'ঝন ঝন ঝন' প-র। ২৫। 'রোল' প-র। ২৬। 'কেহ' ক, খ। ২৭। 'ভালি ভালি ভালি' খ, ঘ, চ; 'ভাল ভাল' প-র। ২৮। 'পঢ়ত' খ; 'পড়ত' চ। ২৯। 'ভুলত' ক, খ, ঘ, চ।

তথা রাগ।১

নাচত বৃখভানু[২]-কিশোরি
অঙ্গে অঙ্গে বাহু জোরি
মেঘ উপরে যৈছে দামিনি[৩]
ফিরত ঐছন ভাতিয়া[৪]।
তরু তমাল শ্যামলাল
মাঝে রহত[৫] ধরত তাল
ভালি ভালি করত রহত[৬]
গমন মন্থর পাতিয়া[৭] ॥

নূপুর বলয়া কঙ্কণ সাজ
কন কন কন[৮] কিঙ্কিণি বাজ
তালে রিঝত[৯] সুঘড়শেখর[১০]
ভুবল জলদ-কাঁতিয়া[১১] ।
বসন ভূষণ কবরি-ভার
খোলি পড়ত বার বার[১২]
হসত খসত কোই পড়ত
রঙ্গিণি রঙ্গে মাতিয়া ॥
তাল মৃদঙ্গ[১৩] ডম্ফ বাজ[১৪]
বিণা পাখোয়াজ মধুর গাজ[১৫]
আনন্দে মগন বৃষভানু-সুতা[১৬]
সব সখিগণ সঙ্গিয়া ।
রস-ভরে উহ[১৭] খীণ[১৮] অঙ্গ
রাই বৈঠলি শ্যাম সঙ্গ
মন্দ মন্দ হসত খসত[১৯]
কানু-অঙ্গে অঙ্গিয়া[২০] ॥২৭॥১২৭৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ও প-র পুথির ৩৮।৯ সংখ্যক পদ। ২। 'বৃষভানু' ক, খ, ঘ, চ, প-র-সা। ৩। 'বৈছে দামিনি' স্থলে 'জনু সৌদামিনী' প-র-সা; 'যেন সৌদামিনি' প-র। ৪। 'ভাঁতিয়া' চ; 'পাতিয়া' প-র-সা। ৫। 'মাঝে' প-র। ৬। 'বহুত' প-র; 'বহু' প-র-সা। ৭। 'পাঁতিয়া' চ; 'ভাতিয়া' প-র-সা, প-র। ৮। 'কন কন কন' স্থলে 'রুনু রুনু রুনু' প-র-সা; 'রুনু রুনু রুনু' প-র। ৯। 'রীঝত' ক, খ, ঘ, চ। ১০। 'সুগর-শেখর' প-র। ১১। 'রসিকসিন্দুরা' প-র-সা; 'রসক সিন্ধুয়া' প-র। ১২। 'বায়হি বার' প-র-সা, প-র। ১৩। 'তাল মৃদঙ্গ' স্থলে 'বিবিধ তাল মিলি' প-র। ১৪। 'ডম্ফ বাজ' স্থলে 'পাখওাজ' প-র-সা; 'পাখাজ' প-র। ১৫। 'বিনা' ইত্যাদি স্থলে 'ডম্ফ বীণা ঝাঝর গাজ' প-র-সা; 'বীণ ডম্ভ কতহি বাজ' প-র। ১৬। 'ভানুনন্দিনি' প-র। ১৭। 'উলসই' প-র-সা; 'সব' প-র। ১৮। 'শিথিল' প-র। ১৯। 'রহত' প-র-সা; 'কান' প-র। ২০। 'কানু' ইত্যাদি স্থলে 'অঙ্গে অঙ্গ হেলিয়া' প-র।

বিহগড়া।[১]

নন্দ-নন্দন সঙ্গে শোহন[২]
নওল গোকুল-কামিনি।
তপন-নন্দিনি- তীরে ভালি বনি
ভুবন-মোহন লাবণি ॥
তাতা থৈয়া থৈয়া[৩] বাজে পাখাওজ[৪]
মুখর কঙ্কণ কিঙ্কিণি।
বিলসে গোবিন্দ প্রেম-আনন্দ
সঙ্গে নব নব রঙ্গিণি ॥
চারু চিত্রিত[৫] দুহুঁক অম্বর
পবনে অঞ্চল[৬] দোলনি[৭] ।
দুহুঁ কলেবর ভরল[৮] শ্রমজল
মোতি মরকত হেম মণি[৯] ॥
উরহিঁ[১০] লোলনি বাজত কিঙ্কিণি
নূপুর-ধ্বনি অনুসঙ্গিয়া ।
গীম-দোলনি নয়ন-নাচনি[১১]
সঙ্গে রসবতি রঙ্গিয়া[১২] ॥
রাসে মাধব বিবিধ বিলসই[১৩]
সঙ্গে সঙ্গিনি[১৪] মাতিয়া ।
নীল দরপণ[১৫] শ্যাম-মূরতি
হেরত গোবিন্দ দাসিয়া ॥২৮॥১২৮০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ও প-র পুথির ৩৮।১০ সংখ্যক পদ। 'বিহগড়া' স্থলে 'কেদার' প-র। ২। 'মোহন' প-র-সা। ৩। 'তাথৈ তাথৈ' প-র-সা; 'তা তা থৈ থৈ' প-র। ৪। 'বাজে পাখাওজ' স্থলে 'মৃদঙ্গ বাজই' প-র-সা; 'মৃদঙ্গ বাজত' প-র। ৫। 'চারু চিত্রিত' ইত্যাদি অব-

শিষ্ট কলিগুলির পরিবর্ত্তে প-র-সা পুথিতে নিম্ন-লিখিত পাঠ আছে ; যথা,—

'উরে লম্বিত কনক চম্পক-
দাম কর্দ্দম চন্দনে।
দোহ কলেবর ভেল শ্রমজল
মোতি মরকত কাঞ্চনে॥
রাসে মাতল সঙ্গে ষড় ঋতু
কুঞ্জকাননে রাজই।
শুক শিখী পিক চাতক ডাহুক
ভ্রমরা পঞ্চম গায়ই॥
রাস মণ্ডল গোপিনীকুল
শ্যাম সঙ্গে নব রঙ্গিণী।
দেই করতালি বোলে ভালি ভালি
কাশীদাস বলি জাইনি॥'

৬। 'কিঙ্কিত' প-র। ৭। 'দোলনে' প-র। ৮। 'ভেল' প-র। ৯। 'কাঞ্চনে' প-র। ১০। 'উরহি রণরণি' প-র। ১১। 'চাহনী' প-র। ১২। 'সজিয়া' প-র। ১৩। 'রাসে' ইত্যাদি স্থলে প-র পুথির পাঠ, যথা—

'রাসে মধুকর কুঞ্জে নাচত'

১৪। 'রসবতি' প-র। ১৫। 'দরপণে' প-র।

বিহগড়া।

নাচে রে নাগর-শিরোমণি।
যুথে যুথে[১] পাটোয়ার সুঘড় রমণী॥
রঙ্গিম অধরে মৃদু মধুরিম হাস।
বঙ্ক নেহারণি পিরিতি-সম্ভাষ॥
থৈ তাতা থৈ তাতা কেহ কেহ বোল।
বলয়া[২]-নুপুর মণি-কিঙ্কিণি বোল॥
চৌদিগে গাওত কত কত রমণী।
মাঝে বিরাজে শ্যাম সুঘড়-শিরোমণি॥
॥২৯॥১২৮১॥

পাঠান্তর

১। 'যুথে যুথে' ক। ২। 'কনয়া' ক।

কেদার।

নটহি[১] নটবর রাস-মণ্ডল
রমণি-মণ্ডল মাঝ রে।
হেম-করিণী- নিকর অন্তরে
বিহরে কুঞ্জর-রাজ রে॥
কনয়া-কঙ্কণ ঝনর ঝন ঝন
রতন-কিঙ্কিণি বোল রে।
ত্রিমিকি ত্রিমি ত্রিমি তাল তাণ্ডব
রাস-রসে মন ভোর রে॥
গোরি গোপিনি বাহু সুবলনি
শ্যাম তরুণ তমাল রে।
যৈছে যমুনাক মাঝে বিহরই
কনকময় মিরিণাল রে॥
সুভগ[২] আনন ঘামময়-কণ
মুদিত মনসিজ অঙ্গ।
দাস অনন্ত কহে ও রূপ[৩] বরণি নহে
বরিখে কত কত রঙ্গ॥৩০॥১২৮২॥

পাঠান্তর

১। 'নটহি' স্থলে 'নটহিঁ' খ, চ। 'নটই' বোধ হয় শুদ্ধ পাঠ হইবে। ২। 'সুভক' খ। ৩। 'ও রূপ' স্থলে 'রূপের' ক, খ।

কামোদ।

চন্দন চান্দ কুসুম নব কিশলয়
মন্দ পবন পিকু-রাব।
বরিহা কপোত জোরে জোরে নাচত
চীতক নিজ পরথাব॥
ভালি রে ভালি অভিনব মদন-সমাজে।
রাধা রসবতি অতি রসে আরতি
কানু রসিক-বর রাজে॥ ধ্রু॥
কুসুমিত কুঞ্জহি রঞ্জন মনসিজ
নব নব রঙ্গিণি মেলি।

রসময় ভৃঙ্গ কতহুঁ রস মধুকরি
ভ্রমি ভ্রমি করু রস-কেলি ॥
ধনি রে ধনি রে ধনি দুহুঁ রূপ[১] লাবণি
ধনি বৈদগধি কত ভাতি।
আর কে[২] কহুঁ কত দুহুঁ রসে উনমত
জ্ঞান কহে নাহি দিন রাতি ॥
॥৩.॥১২৮৩॥

পাঠান্তর

১। 'রূপ' ক। ২। 'কেহ' খ।

তথা রাগ।

মনমথ-মন্ত্র-সুধীর সুনায়রি
শ্যামসুন্দর রস-সীম।
সব বৈচিত্র-কলা-রস-চাতুরি
নাগরি গুণ-গরীম[১] ॥
বিলসই রাসে রসিকবর কান।
রাই বিনোদিনি শোভই বাম ॥ ধ্রু ॥
নয়নক অঞ্জন কানু-কৃত রেখহি[২]
রাই তাহি ভেল ভোর।
প্রেমে পরশ-রস লিলা[৩]-রস-লহরি
দুহু তনু ভাবে উজোর ॥
চঞ্চল চারু চিকুরে শিখি-চন্দ্রক
সুন্দর সিন্দুর দাগ।
দুহুঁক হৃদয়ে উদয় সুখ-সম্পদ
জ্ঞান কহে ধনি অনুরাগ ॥৩২॥১২৮৪॥

পাঠান্তর

১। 'গুণ গরিম' ক; 'গুণ গরীম' খ, ঘ।
২। 'রেখহিঁ', ক, চ। ৩। 'লীলা' ক।

সুহই।

নাগরি নাগর শ্যাম রসরাজে[১]।
রঙ্গে মিলল দুহুঁ মণ্ডলি মাঝে ॥
অতিরসে পুলকিত অঙ্গ।
উপজত কত কত মদন-তরঙ্গ ॥
বিগলিত-কেশ বেশ ভেল অঙ্গ।
রতি-রস-আবেশে বাঢ়ল দুহুঁ রঙ্গ ॥
রাসে রসিকবর বিলসই রাধা।
গৌর আধ তনু শ্যামর আধা ॥ ধ্রু ॥
দুহুঁ সুখে আপনে নাহি রস-ওর।
হেম মরকত জনু লাগল জোর ॥
ভুজে ভুজে বেঢ়ি অধর-রস নেল।
দুহুঁ মুখ-চাঁদে দুহুঁ চুম্বন দেল ॥
দুহুঁক মরম দুহুঁ জানল ভাল।
জ্ঞানদাস কহে মদন দালাল ॥৩৩॥১২৮৫॥

পাঠান্তর

১। 'রসরাজে' স্থলে 'রাজে' ক, খ।

বেলোয়ার।

রাস-বিলাসে রসিক বর-নাগর
বিলসই রসবতি মাঝে।
দুহুঁ বনি বশ বয়স বৈদগধি
অবধি করিয়া ধনি সাজে ॥
এক অপরূপ রস এহ খিতি-মণ্ডলে
মধুময় কুসুমিত-কুঞ্জে।
রাধা রাতি দিবস রস-আরতি
শ্যামর-ঘন-রস-পুঞ্জে ॥
অলিকুল-রব[১] শুক-রাব।
কোকিলকুল গুরু পঞ্চম গাব ॥ ধ্রু ॥
ফিরত মনোহর মউরক পাঁতি।
মদন-হাট পড়য়ে দিন রাতি ॥
বাজত বিবিধ যন্ত্র একতান।
নিজ সব সঙ্গে রঙ্গে রস গান ॥
নারি পুরুষ দুহুঁ ভাবে বিভোর।
জ্ঞানদাস কহ কি কহব ওর[২] ॥৩৪॥১২৮৬॥

পাঠান্তর

১। 'বর' ক, খ। ২। অতঃপর ক, ঘ ও চ পুঁথিতে নিম্নলিখিত প্রক্ষিপ্ত পদটি দৃষ্ট হয়, যথা,—

মঙ্গল।

সহজে শ্যাম মনোহর ছান্দ।
লীলা-রভস মনোহর কান্দ॥
তাহে কত বেশবিশেষ পরিপাটি।
হেমমণি রমণিক হৃদয়ক শাটি॥
ধনি ধনি আওল মোহন রায়।
ব্রজ-বনিতা বনি সঙ্গিত পায়॥
ভালে বিলম্বিত চন্দ্রক-চূড়।
কত কত মধুকর উনমত উড়॥
কিয়ে হিয়-হারক চন্দ্রক-জোতি।
জনু আন্ধিয়ার তলে গজ-মোতি॥
কটি কিঙ্কিণি ধটি উপরে কাছ।
জনু ঘন সৌদামিনি থির আছ॥
চরণকমল মণিমঞ্জির বোল।
জ্ঞানদাস আনন্দ উতরোল॥

এই পদটি খ পুঁথিতে নাই ও ইহার সহিত রাস-লীলার পূর্ব্বের ও পরের পদগুলির সামঞ্জস্য নাই। ইহাকে প্রক্ষিপ্ত না বলিলে ২৪শ পল্লবের নির্দ্দিষ্ট পদসংখ্যা অপেক্ষা একটি পদ বেশী হইয়া পড়ে; সুতরাং ত্রিবিধ কারণেই এই পদটি প্রক্ষিপ্ত বলিয়া বুঝা যাইতেছে।

ভূর্জ্জরী।

বিলসে গোবিন্দ প্রেম-আনন্দ
সঙ্গে নব নব রঙ্গিণি।
চারু চিত্রিত দুহুঁক অম্বর
পবনে কিঞ্চিত দোলনি॥
উরে লম্বিত হার চম্পক-
দাম কর্দ্দম চন্দনে।
দুহুঁক কলেবর ভরল শ্রম-জল
মোতি মরকত কাঞ্চনে॥
কনক-দরপণ ভাল বেড়ল
মাঝে শ্যাম নট-রাজ রে।
নবিন জলধরে থীর বিজুরী
নবিন শশধর সাজ রে॥
বলয়া রণরণি কনক-কিঙ্কিণি
নুপুর-ধ্বনি অনুসঙ্গিয়া।
নয়ন-চাহনি প্রেম-দোলান
হেরই নব নব রঙ্গিয়া॥৩৫॥১২৮৭॥

পাঠান্তর

১২৮০ সংখ্যক পদের ৫ সংখ্যক পাঠান্তর দ্রষ্টব্য।

বেলোয়ার।

বিনদিনি রাধা নব নাগর কান।
নটন-বিলাস-উলাস পুলক-তনু
এক শকতি দুই একই পরাণ॥ ধ্রু॥
একে নব কুঞ্জ কুসুম অতি মনহর
ভ্রমরা ভ্রমরিগণ গাওয়ে রসাল।
রতনক দীপ নীপ পর হিমকর
মদনদেব মোহন নটরাজ[১]॥
বাজত বলয় নুপুর মণি-কিঙ্কিণি
শ্যাম-বামে রহু গোরি কিশোরি।
ভুজ দুহুঁ দুহুঁক কান্ধ পর শোভই
নব বারিদে জনু বিনদ[২] বিজুরি॥
মৃদু মধুরস্মিত মিলিত-দৃগঞ্চল
আনন্দে হেরি দুহুঁ দুহুঁক বয়ান।
অখিল ভুবন সুখ-সাগরে শুতল[৩]
জ্ঞানদাস চিতে ঐছন ভান॥
॥৩৬॥১২৮৮॥

পাঠান্তর

১। সকল পুথিতেই 'নটরাজ' পাঠ আছে—যদিও তাহাতে হীন-মিলন দোষ ঘটে। ২। 'বিনোদ' ক। ৩। 'শুতল' ক, খ।

বিহগড়া।

দুহুঁ জন নটন- পরিশ্রম অতিশয়
প্রিয়-সহচরিগণ মেলি।
নিকটহি যমুনা- নীর সুশীতল
পৈঠি করত জল-কেলি ॥
দেখ রাধামাধব রঙ্গে।
হেম-কমলিনি সঞে[১] নীল-কমল জনু
ভাসই যমুনা-তরঙ্গে ॥
চৌদিগে সখিগণ করে কর-বন্ধন
মাঝহি রাধা কান।
জল-মণ্ডুক[২]-ধনি[৩] করে জল উছলনি
আনন্দে কয়ল সিনান ॥
অপরূপ শ্যাম- চরিত কোই সমুঝব
সখি সঞে কেলি-বিলাস।
সব জন মরমে নিকটে মধু বিহরত
কহতহিঁ ইহ শ্যামদাস ॥৩৭॥১২৮৯॥

পাঠান্তর

১। 'সনে' ক। ২। 'মণ্ডুক' খ। ৩। 'ধ্বনি' ক, খ।

তথা রাগ।

রাধামাধব সখিগণ সঙ্গ।
নাহি উঠল তিরে[১] মোছল অঙ্গ ॥
সভে মেলি কয়ল বসন পরিধান।
করতহিঁ বহুবিধ-বেশ বনান ॥
বৈঠল দুহুঁ জন নিরজন-কুঞ্জে।
রতন-পীঠ পর আনন্দ-পুঞ্জে ॥
বহু উপহার তাহি আনি দেল।
ভোজন কয়ল সখীগণ মেল ॥
ভোজন সারি শয়ন-পরিযঙ্কে।
নাগরি শূতল[২] নাগর-অঙ্কে ॥
ললিতা তাম্বুল বীড় বনাই।
উদ্ধবদাস কবে দেওব[৩] যোগাই ॥
॥৩৮॥১২৯০॥

পাঠান্তর

১। 'তীরে' ক, খ। ২। 'শুতল' ক। ৩। 'কবে দেওব' স্থলে 'করে দেওল' চ।

পুনশ্চ।

ধানশী।

শরদ-পূর্ণিমা নিরমল রাতি
উজোর সকল বন।
মল্লিকা মালতী বিকসিত তথি[১]
মাতল ভ্রমরাগণ ॥
তরুকুল ভাল ফুল[২] ভরি ডাল
সৌরভ পূরিল তায়।
দেখিয়া সে শোভা জগ-মন-লোভা
ভুলিলা নাগর-রায় ॥
নিধুবনে আছে রতন-বেদিকা
মণি মাণিকেতে বান্ধা।
ফটিকের তরু শোভিয়াছে চারু
তাহাতে হীরার ছান্দা ॥
চারি পাশে সাজে প্রবাল মুকুতা
গাঁথনি[৩] মাঠনি কত।
তাহাতে বেড়িয়া কুঞ্জ-কুটীর
নিরমাণ শত শত ॥
নেতের পতাকা উড়িছে উপরে
কি তার কহিব শোভা।
অতি রম্য স্থল বেদ[৪]-অগোচর
কি কহিব তার আভা ॥
মাণিকের ঘটা কিরণের ছটা
এমতি মণ্ডপ-ঘর।

চণ্ডীদাস বোলে অতি অপরূপ
নাহিক যাহার পর ॥৩৯॥১২৯১॥

পাঠান্তর

১। 'তভি' ক, খ, চ। ২। 'ফল' খ, ঘ। ৩। 'গাথনি' ঘ, চ। ৪। 'দেব' খ।

কামোদ।

রমণী-মোহন বিলসিতে মন
হইল মরমে পুনি।
গিয়া বৃন্দাবনে বসিলা যতনে
রমিতে বরজ-ধনি ॥
মধুর মুরলী পূরে বনমালী
রাধা রাধা করি গান।
একাকী গভীর বনের ভিতর
বাজায় কতেক তান ॥
অমিয়া-নিছন বাজিছে সঘন
মধুর মুরলী-গীত।
অবিচল কুল- রমণী সকল
শুনিয়া হরল চিত ॥
শ্রবণে যাইয়া রহল পশিয়া
বেকতে বাজিছে বাঁশী।
আইস আইস বলি ডাকয়ে মুরলী
যেন ভেল সুখ-রাশি ॥
আনন্দ-অবশ পুলক-মানস
সুকুমারী ধনি রাধে।
গৃহ-কর্ম্ম যত হৈল বিসরিত
সকল করিল বাধে ॥
রাইয়ের অগ্রেতে যতেক রমণী
কহয়ে মধুর বাণী।
ওই ওই শুন কিবা বাজে তান
কেমন করয়ে প্রাণী ॥
সহিতে না পার মুরলীর ধ্বনি
পশিল হিয়ার মাঝে।
বরজ-তরুণী হইল বাউরী
হরিল কুলের লাজে ॥
কেহো পতি সনে আছিল শয়নে
ত্যজিয়া তাহার সঙ্গ।
কেহো বা আছিল সখীর সহিত
কহিতে[১] রভস-রঙ্গ ॥
কেহো বা আছিল দুগ্ধ-আবর্ত্তনে
চুলাতে রাখি বেসালি।
তেজি আবর্ত্তন হই আনমন
ঐছনে সে গেল চলি ॥
কেহো শিশু লৈয়া কোলেতে করিয়া
দুগ্ধ করায়ে[২] পান।
শিশু ফেলি ভূমে চলি গেল ভ্রমে
শুনি মুরলীর গান ॥
কেহো বা আছিল শয়ন করিয়া
নয়ানে আছিল নিন্দ।
যেন কেহো আসি চোরাই লইল[৩]
মানসে কাটিয়া সিন্ধ[৪] ॥
কেহো বা আছিল রন্ধন করিতে
তেমতি চলিয়া গেল।
কৃষ্ণ-মুখী হৈয়া মুরলী শুনিয়া
সব বিসরিত ভেল ॥
সকল রমণী ধাইল অমনি
কেহো কাহো[৫] নাহি মানে।
যমুনার কূলে কদম্বের মূলে
মিলল শ্যামের সনে ॥
ব্রজ-নারীগণ দেখিয়া তখন
হাসিয়া নাগর-রায়।
রাস-বিলসন করল বচন
দ্বিজ চণ্ডীদাসে গায় ॥৪০॥১২৯২॥

পাঠান্তর

১। 'করিতে' ঘ। ২। 'করায়েন' ক। ৩। 'যেন' ইত্যাদি স্থলে 'যেন চোরাই লইল' ক; 'যে কেহো' ইত্যাদি ঘ। ৪। 'সিন্দ' ক; 'সৌন্ধ' খ। ৫। 'কেহ কাহা' ক; 'কেহেঁা কাহেঁা' চ।

মঙ্গল।

ব্রজ-নাগরিগণ[১] হেরি হরষিত মন
নাগর নটবর-রাজ।
নটন-বিলাস- উলাসহি নিমগন
চৌদিশে[২] রমণি-সমাজ॥
যূথে যূথে[৩] মেলি করে কর ধরাধরি
মণ্ডলি রচিয়া সুঠান।
বাজত বীণ উপাঙ্গ পাখাওজ
মাঝহি রাধা কান॥
শরদ-সুধাকর গগনহিঁ[৪] নিরমল
কাননে কুসুম-বিকাশ।
কোকিল ভ্রমর গাওয়ে অতি সুস্বর
অমল কমল পরকাশ॥
হেরি হেরি ফেরি ফেরি[৫] বাহু ধরাধরি
নাচত রঙ্গিণি মেলি।
জ্ঞানদাস কহ নাগর রসময়
করু[৬] কত কৌতুক-কেলি॥
॥৪১॥১২৯৩॥

পাঠান্তর

১। 'রমণীগণ' ক; 'নারিগণ' খ, চ। ২। 'চৌদিগে' ক। ৩। 'যুথে যুথে' ঘ। ৪। 'গগনহি' ঘ, চ। ৫। 'ফেরি ফেরি' স্থলে 'ফিরি ফিরি' ক; 'ফেরি' ঘ। ৬। 'কর' ক।

কেদার।

শ্যামর-সকলু-কলারস-সীম।
গোরি নাগরি কত গুণহিঁ গরীম॥
দুহুঁ বনি বেশ বয়স এক-ছান্দ।
রাজিত কঞ্জ[১] মুঞ্জ[২] মুখ-চাঁদ॥
বিলসই[৩] রাসে রসিক-বর নাহ।
নয়নে নয়নে কত রস নিরবাহ॥
দুহুঁ বৈদগধি দুহুঁ হিয়ে হিয়ে লাগ।
দুহুঁক মরমে পৈঠে দুহুঁক সোহাগ॥
দুহুঁক পরশ-রসে দুহুঁ ভেল ভোর।
বোলইতে বয়নে উগয়ে নাহি বোল॥
পূরল দুহুঁক মনোরথ-সিন্ধু।
উছলিত ভেল তহিঁ[৪] স্বেদ বিন্দু বিন্দু॥
দুহুঁক পরশ-রসে দুহুঁ উমতায়।
জ্ঞানদাস কহ মদন সহায়॥৪২॥১২৯৪॥

পাঠান্তর

১। 'কুঞ্জ' ঘ। ২। 'মুঞ্জ' পাঠ সকল পুথিতেই দৃষ্ট হয়। বোধ হয়, 'মঞ্জু' শুদ্ধ পাঠ হইবে। ৩। 'বিলসহ' খ। ৪। 'ভেল তহিঁ' স্থলে 'দুহুঁ ভেল' ঘ।

সুহই।

কুঞ্জ-কুটীর কুসুম নব পল্লব
ভ্রমরা ভ্রমরি কত রঙ্গে।
সারি নারি শুক পুরুখ যোড়ে যোড়ে[১]
মউর মউরি কত[২] সঙ্গ॥
ভুবনে অনুপ রাস- রস অতি মোহন
ষড়-ঋতু নব নিতি নিতি।
রাই কানু তাহে নিতি নব নিরবাহে
খেনে খেনে নবিন পিরিতি॥
নয়নে নয়নে রস[৩] পরশিতে গুণ দশ[৪]
বিহসিতে শত গুণ রঙ্গ।
খেনে খেনে হৃদয়ে হৃদয় পরশাইতে
ভাবে ভরয়ে দুহুঁ অঙ্গ॥

নাচত গাওত কোই কোই বাওত
বিলসিতে বিগলিত বেশ।
জ্ঞানদাস কহ আবেশে অবশ তনু
তাহে কত কেলি-বিশেষ ॥
॥৪৩॥১২৯৫॥

পাঠান্তর

১। 'জোরে জোরে' খ। ২। 'মউরি কত' স্থলে 'ময়ূরীক' ক; 'মউরিক' খ, চ। ৩। 'রোষ' ক, খ। ৪। 'দোষ' ক, খ।

শ্রীরাগ।১

ভরি নায়র২-কোর৩।
বিলসই রাই৪ সুখের নাহি ওর ॥ধ্রু॥
ধনি রঙ্গিণি রাই।
বিলসই হরি সঞে৫ রস অবগাই ॥
হরি মানস সাধা।
বিলসই শ্যাম পরাজিত৬ রাধা ॥
হরি সুন্দর মুখে৭।
তাম্বুল দেই চুম্বই নিজ সুখে৮ ॥
ধনি রঙ্গিণি ভোর।
ভূলল৯ গরবে কানু করি কোর ॥
দুহুঁ দুহুঁ-গুণ গায়১০।
একই মুরলি-রন্ধ্রে দুজন বাজায় ॥
কেহ কহে মৃদু ভাষ।
নাগরি-পরশে অবশ পিতবাস ॥
কেহ কাড়ি লয়ে বেণু।
রাস-রসে আজু ভূলল কানু ॥
॥৪৪॥১২৯৬॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২৫।৮ সংখ্যক পদ। 'শ্রীরাগ' স্থলে 'কেদার' প-র। ২। 'ভরি নায়র' স্থলে 'হরি নাররি' প-র। ৩। খ পুথিতে প্রত্যেক অযুগ্ম চরণের শেষে (২) অর্থাৎ পুনরুক্তির চিহ্ন আছে, সুতরাং খ পুথির মতানুসারে 'ভরি নায়র-কোর ভরি নায়র-কোর।' ইত্যাদি পাঠ বুঝিতে হইবে। ৪। 'নায়রী' ক, খ। ৫। 'বিলসই হরি সঞে' স্থলে 'হরি বিলসই কত' প-র। ৬। 'পরাভব' প-র। ৭। 'মুখে' প-র। ৮। 'চুম্বই নিজ সুখে' স্থলে 'চুম্বন ঘন সুখে' প-র। ৯। 'ভুলল' ক, খ। ১০। 'দুহুঁ' ইত্যাদি পরবর্ত্তী কলিগুলি প-র পুথিতে নাই, তৎপরিবর্ত্তে নিম্নলিখিত ভণিতা দৃষ্ট হয়, যথা—
'বিদ্যাপতি কবি ভাষ।
কহতহি হেরত গোবিন্দদাস ॥'

সুহই।

আজু রসে১ বাদর নিশি।
প্রেমে ভাসল সব বৃন্দাবন-বাসী ॥
শ্যাম-ঘন বরিখয়ে কত রস-ধার।
কোরে রঙ্গিণি রাধা বিজুরি সঞ্চার ॥
ভাবে পিছল পথ গমন সুবঙ্ক২।
মৃগমদ-চন্দন-পরিমল পঙ্ক ॥
দীগ৩ বিদিগ নাহি প্রেমের পাথার।
ডুবল নরোত্তম না জানে সাঁতার ॥
॥৪৫॥১২৯৭॥

পাঠান্তর

১। 'রসের' খ। ২। 'সুরঙ্গ' খ। ৩। 'দিগ' ক।

শ্রীরাগ।

আরে, নিকুঞ্জ-বনে শ্যামের সনে
কিরূপ দেখিলুঁ রাই১।
কেমন বিধাতা গঢ়ল২ মুরতি
লখই নাহিক যাই৩ ॥
সজল জলদ কানুর বরণ
চম্পক-বরণী রাই।

মণি মরকত　　কাঞ্চনে জড়িত
ঐছন রহল ঠাই ॥
কিয়ে অপরূপ　　রাস-মণ্ডল
রমণী মণ্ডল-ঘটা।
মনমথ-মন[৫]　　পাইল অচেতন[৬]
দেখিয়া ও অঙ্গ-ছটা॥
বদনে মধুর　　হাস অধরে
হৃদয়ে হৃদয়ে সঙ্গ।
কোন রসবতী　　রসের আবেশে
কুসুম-শয়নে অঙ্গ॥
নবীন মেঘের　　নিবিড় আভা
তাহে বিজুরি উজোই[৭]।
দাস লোচনের　　রাই সরবস
ও রস-আবেশ[৮] মোই ॥৪৬॥১২৯৮॥

পাঠান্তর

১। 'কিরূপ রাই দেখিনু' ঘ। ২। 'ঘটন' ক; 'ঘটন' চ। ৩। 'লখই' ইত্যাদি স্থলে 'পিরিতি লখিতে নারিনু' ঘ। ৪। 'মিশাই' ঘ। ৫। 'মনে' ক, খ, চ। ৬। 'চেতনে' ক, খ, চ। ৭। 'য়োই' চ; 'ষোই' ক, খ। ৮। 'আবেশে' ক, চ।

কেদার।

আজু দুহু ভালে বনি।
দুহুঁ কান্দে দুহুঁ ভুজ দোঁহে দোঁহা প্রেম-পুঞ্জ
লাবণ্য-সায়রে যৈছে চান্দ চান্দনি[১] ॥ধ্রু॥
সুন্দর সে মুখ ভাল　তিলক ত্রিভঙ্গ লাল
সুন্দরী-সিন্দুর-বিন্দু ইন্দু-বদনা।
শিরে শিখণ্ড বেণী　　মত্ত মউর ফণী
অতিরসে অবশ বিনদ বিনদিনী॥
রস-ভরে পীনস্থলী[২]　　কম্পিত জঘন দলি
কটি টুটি পড়ে ভয়ে ঝুকরে কিঙ্কিণী।
অরুণ চরণ-ভঙ্গে[৩]　দুহুঁ প্রেম-রস-রঙ্গে[৪]
কুঙ্কুম-রঞ্জন নখ-মণি খনি খনি॥
॥৪৭॥১২৯৯॥

পাঠান্তর

১। 'চন্দ্রিনি' ঘ। ২। 'পিনস্থলি' ঘ; 'পীনস্থলি' চ। ৩। 'ভঙ্গি' ঘ। ৪। 'রঙ্গি' ঘ।

ততঃ সম্ভোগঃ।

ভূপালী।[১]

রাধা[২]-বদন হেরি কানু আনন্দ[৩]।
জলনিধি উছলই হেরইতে চন্দ[৪] ॥
কতহুঁ মনোরথ কৌশল কত রি[৫]।
কুসুম-শরে রাই কানু অসম্বরি[৬] ॥
পুলকে পুরল[৭] তনু হৃদয় উলাস[৮]।
নয়ন ঢুলাঢুলি আধ আধ[৯] হাস॥
দুহুঁ অতি বিদগধ অতুলন[১০] নেহা।
রসের আবেশে বিছুরল[১১] নিজ দেহা॥
হার টুটল পরিরম্ভণ-কেলি।
মৃগমদ চন্দন সব দুরে[১২] গেলি[১৩] ॥
খসল কুসুম কেশ দুহুঁ অতি ভোর।
নিলমণি[১৪] কাঞ্চন জড়িত উজোর॥
॥৪৮॥১৩০০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৩৮৩ ও প-র পুথির ৩৭।৩ সংখ্যক পদ। 'ভূপালী' স্থলে 'ধানশ্রী' প-র। ২। 'রাই' প-র। ৩। 'আনন্দা' প-র। ৪। 'জলনিধি' ইত্যাদি স্থলে প-র পুথির পাঠ,—'জলধি উছলে যৈছে হেরইতে চন্দা॥' ৫। 'কত রি' স্থলে 'কন্নি' ক; 'ভঙ্গি' প-র। ৬। 'কুসুম' ইত্যাদি স্থলে প-র পুথির পাঠ—'রাধা কানু কুসুম-শর সমরি॥'

৭। 'পূরিত' ক ; 'পূরিল' খ, চ। ৮। 'উন্মাদ' ক, খ। ৯। 'আধ আধ' স্থলে 'লহু লহু' প-র। ১০। 'অতুল' খ ; 'অনবধি' প-র। ১১। 'রসের' ইত্যাদি স্থলে 'রস আবেশে বিসরি' প-র। ১২। 'দূরে' ক, খ। ১৩। 'মৃগমদ' ইত্যাদি স্থলে 'মৃগমদ কুঙ্কুমে পরিমল মেলি ॥' প-র। ১৪। 'নীলমণি' খ, চ।

শঙ্করাভরণ।

কুসুমিত মধুবন মধুকর মেলি।
পিককুল গাওত মনমথ-কেলি ॥
নিধুবনে মুগধল নাগরি কান।
এক-কলেবর দুহুঁ[১] একই[২] পরাণ ॥ধ্রু॥
চান্দ চন্দন মন্দ মলয়জ বাতি[৩]।
অতিরসে বাদর নহে পরভাতি[৪] ॥
রাধামাধব মধুর বিলাস।
লহু অবলোকনে মৃদু মৃদু হাস ॥
রূপ কলা গুণ দুহুঁ সমতুল[৫]।
প্রেম পরশ-রস আরতি অমূল ॥
নিবিড় আলিঙ্গন কয়ল[৬] অপার।
চুম্বনে বদনে রচয়ে সিতকার[৭] ॥
পূরল মনোরথ বিগলিত স্বেদ।
দুহুঁ তনু একই নহত লব ভেদ ॥
বিগলিত কেশ বসন ভেল আন।
জ্ঞানদাস কহ একই পরাণ ॥৪৯॥১৩০১॥

পাঠান্তর

১। 'দুহুঁ' শব্দ ক, খ পুথিতে নাই। ২। 'একুই' ক। ৩। 'বাতে' খ। ৪। 'পরভাতে' ক। ৫। 'সমতুল' ক, চ। ৬। 'করল' ক, খ, চ। ৭। 'সীতকার' ক।

বরাড়ী।

বড় অপরূপ দেখিলুঁ[১] সজনি
নয়লি[২] নিকুঞ্জ[৩] মাঝে।
ইন্দ্রনীল-মণি কনকে জড়িত
হিয়ার উপরে সাজে ॥
কুসুম-শয়নে মিলিত নয়নে
উলসিত অরবিন্দা[৪]।
শ্যাম-সোহাগিনী কোরে ঘুমায়লি
চান্দের উপরে চন্দা[৫] ॥
কুঞ্জ কুসুমিত সুধাকরে রঞ্জিত
তাহে পিককুল গান।
মরমে মদন-বাণ দোঁহে অগেয়ান
কি বিধি কৈল নিরমাণ ॥
মন্দ মলয়জ পবন বহ মৃদু
ও সুখ কো করু অন্ত।
সরবস ধন দোঁহার দুহুঁ জন
কহয়ে রায় বসন্ত ॥৫০॥১৩০২॥

ইতি তৃতীয়-শাখায়াং চতুর্বিংশতিপল্লবঃ।

পাঠান্তর

১। 'পেখিলুঁ' খ। ২। 'নয়লী' ক ; 'নওল' খ। ৩। 'কুঞ্জের' ক। ৪। 'অরবিন্দ' ক। ৫। 'চান্দ' ক।

অথ গোষ্ঠবিহারঃ।

তদুচিত-শ্রীগৌরচন্দ্রঃ।

সুহই। ভাটিয়ারি।[১]

লাখবান-হেম- বরণ গৌর-জুতি[২]
মুখ বর শারদ-চান্দ।
অখিল ভুবন-মন- মোহন মনমথ[৩]-
মনমথ[৪] রাজকি ছান্দ ॥
দেখ গৌরচন্দ্র নব কাম[৫]।
আনন্দ-সার[৬] মিলিত নবদ্বিপে[৭]
প্রকট ভাব অবিরাম ॥ ধ্রু ॥

সম্ভব[৮]-সুসময় হেরি খেনে বোলত
হোয়ব গোঠ-বিহারে।
পুন তব বোলত[৯] সফল জিবন[১০] তছু
যো ইহ রূপ নিহারে ॥
ব্রজপতি-নন্দন চান্দ চলত বন
সৌধ উপরে চল[১১] যাই।
রাধামোহন ইহ রস[১২] মাগয়ে
সোই চরণ জনু পাই ॥১॥১৩০৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮০৬ সংখ্যক পদ। 'সুহই। ভাটিয়ারি' স্থলে 'সুহই' প-র-সা। ২। 'জ্যোতি' ক; 'যুতি' চ; 'জুথি' প-র-সা। ৩-৪। 'মনরথ' প-র-সা। ৫। 'নব কাম' স্থলে বর কান' প-র-সা। ৬। 'আনন্দ-সার' স্থলে 'আজু সব মিলিত' প-র-সা। ৭। 'নবদ্বীপে' ক, চ। ৮। 'সম্ভর' ক, খ। ৯। 'রোয়ত' প-র-সা। ১০। 'জীবন' ক, চ। ১১। 'চলু' প-র-সা। ১২। 'বর' ক, খ।

মায়ুর।১

দেখ দেখ ব্রজেশ্বরি-নেহ।
গোধন সঙ্গে বিজয় করু নিজ সুতে
কি করব না পায়ই থেহ ॥ধ্রু॥
মুখ ধরি চুম্বন করতহিঁ পুন পুন
নয়নে গলয়ে জল-ধার।
স্তন-গত বসন ভীগি[২] পড়য়ে ঘন
ক্ষীর-ধার[৩] অনিবার ॥
বিনিহিত নয়ন বয়ন-কমল পর
যৈছন চান্দ[৪] চকোর।
দিন-অবসানে কীয়ে[৫] পুন হেরব
অনুমানি হোয়ত[৬] বিভোর ॥
কো বিহি অদভুত প্রেম ঘটায়ল
তাহে পুন ইহ পরমাদ।
ভণ রাধামোহন অনুদিন ঐছন
হোয়ত রস-মরিযাদ ॥২॥১৩০৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮০৭ সংখ্যক পদ। ২। 'ভিগি' ক, প-র-সা। ৩। 'ক্ষীর-ধারা' ক, চ। ৪। 'চন্দ্র' ঘ; 'চন্দ' চ। ৫। 'কিয়ে' ক, প-র-সা। ৬। 'হোত' ক; 'হোওত' খ, চ। ৭। 'অদ্ভুত' ঘ, চ।

তথা রাগ। মণ্ডল তাল।১

আজু বিপিনে যাওত[২] কান
মুরতি মুরত[৩] কুসুম-বাণ
জনু জলধর রুচির অঙ্গ
ভঙ্গি-নটবর-শোহনি।
ঈষত হসিত[৪] বয়ন-চন্দ
তরুণি-নয়ন-ময়ন[৫]-ফন্দ
বিম্বু-অধরে মুরলি-খুরলি
ত্রিভুবন-মন-মোহনি ॥
কুসুম-মিলিত[৬] চিকুর-পুঞ্জ
চৌদিগে ভ্রমর ভ্রমরি গুঞ্জ
পিঞ্ছ-নিচয়-রচিত-মুকুট
মকর-কুণ্ডল ডোলনি[৭]।
চঞ্চল নয়ন খঞ্জন জোর
সঘন[৮] ধাওত শ্রবণ-ওর
গীম শোহত রতন-রাজ
মোতিম-হার লোলনি[১০] ॥
কটি পিত-পট[১১] কিঙ্কিণি বাজ
মদগতি অতি[১২] কুঞ্জর-রাজ
জানু[১৩]-লম্বিত কদম্ব-মাল
মত্ত মধুকর ভোরণি[১৪]।
অরুণ-বরণ চরণ-কঞ্জ
তরুণ-তরণি[১৫]-কিরণ গঞ্জ

গোবিন্দদাস-হৃদয় রঞ্জ[১৬]
মঞ্জু-মঞ্জির বোলনি ॥৩॥১৩০৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৫৭৩।১৮০৮ ও প-র পুথির ২১৫ ও ২৭১৩ সংখ্যক পদ। 'তথা রাগ' স্থলে 'কল্যাণ' প-র-সা; 'মাউর' প-র। ২। 'আওত' ক, খ, প-র-সা; 'চলই' প-র ২৭১৩। ৩। 'সুরত' খ। ৪। 'হাসত' ক। ৫। 'তরুণি-নয়ন-ময়ন' (সা-প, ২০১নং পুথি) স্থলে 'তরুণী-নয়ন-নয়ন' ক, ঘ, চ; 'তরুণীগণ-নয়ন' খ; 'তরুণিনয়ন বয়ন' প-র। ৬। 'খচিত' প-র। ৭। 'দোলনি' ক, খ, প-র ২১৫। ৮। 'সঘনে' ক, খ, ঘ, চ। ৯। 'শোহত' (প-র ও সা-প, ২০১নং পুথি) স্থলে 'শোহন' ক, খ, ঘ, চ, প-র-সা। ১০। 'দোলনি' প-র-সা ১৫৭৩নং পদ। ১১। 'পীত পট' ক; 'পীতধটি' প-র, ২৭১৩। ১২। 'মদগতি অতি' স্থলে 'ময়মত্তগতি' প-র-সা; 'মত্তগতি জিতি' প-র; 'ময়মদগতি' সা-প ২০১ পুথি। ১৩। 'অজানু' প-র ২৭১৩; সা-প ২০১ পুথি। ১৪। 'জোরণী' প-র ২৭১৩। ১৫। 'অরুণ' প-র, সা-প, ২০১ পুথি। ১৬। 'রঞ্জন' ঘ, চ।

তুড়ী।[১]

গোঠে[২] বিজই[৩] ব্রজরাজ-কিশোর।
জননী-বিরচিত[৪] বেশ উজোর ॥ধ্রু॥
আগে অগণিত কত গোধন চলিয়া[৫]।
পাছে ব্রজ-বালক হৈ হৈ বলিয়া ॥
সম-বয়-বেশ সবহুঁ করে[৬] ছান্দ।
রাম-বামে[৭] চলু শ্যামর-চান্দ ॥
মউর-শিখণ্ড চূড়ে ঝলমলিয়া।
মণিময় কুণ্ডল গণ্ডে টলমলিয়া ॥
শির পর ছান্দ[৮] অধর পর মুরলি।
চলইতে পন্থে করয়ে কত খুরলি[৯] ॥
কটি-তটে পীত পটাম্বর বনিয়া।
মন্থর-গতি চলু গজবর[১০] জিনিয়া ॥
মণি-মঞ্জির বাজত রুণিঝুনিয়া[১১]।
গোবিন্দদাস কহই ধনি ধনিয়া ॥৪॥১৩০৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮০৯ ও প-র পুথির ২৭১২ সংখ্যক পদ। 'তুড়ী' স্থলে 'করুণ ভাটিয়ারি' প-র। ২। 'গোঠ' ক, খ, ঘ, প-র। ৩। 'বিজয়ী' ক। ৪। 'বিরাজিত' প-র। ৫। 'আগে' ইত্যাদি স্থলে 'আগে আগে গোধন অগণিত চলিয়া' প-র। ৬। 'এক' প-র। ৭। 'ধাম' প-র-সা। ৮। 'চান্দ' প-র। ৯। 'খুরুলি' খ। ১০। 'কুঞ্জর' প-র। ১১। 'রণঝনিয়া' ক, খ; 'রুনিরুনিয়া' ঘ।

মল্লার।[১]

গোঠে গোচর[২] গূঢ় গোপাল।
গাওত গমকে গণ্ডকিরি গুর্জ্জরি
গৌরি গোল[৩] গান্ধার ॥
গোপী-গোপ- গবীগণ[৪]-গোপক
গোকুল-গাম[৫]-বিহারি।
গুঞ্জা গৈরিক গোরস-গরভিত[৬]
গোরোচন-রুচি[৭]-ধারী ॥
গহন-গুহাগত[৮] গোচারণ-রত
গো-দোহন-গতি[৯]-কারী।
গো-গিরিধারি গূঢ় গরবাইত[১০]
গুরু-গৌরব-পরচারী ॥
গজ-গতি-গামি গান-গুণ-গুম্ফিত[১১]
গগনে চরয়ে সুরবৃন্দ।
গোরস-গাহি[১২] গিরীশ্বর[১৩]-নন্দন
গাওত দাস গোবিন্দ ॥৫॥১৩০৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮১০ ও প-র পুথির ২৭১৫ সংখ্যক পদ। 'মল্লার' স্থলে 'মালব' প র।

২। 'গোচারই' প-র। ৩। 'গোরিগণ' প-র-সা। ৪। 'গরিমগুণ' ক, খ, প-র-সা; 'গরীমগুণ' ঘ, চ; 'গাবিগণ' প-র। ৫। 'গীম' প-র-সা। ৬। 'ভাবিত' প-র। ৭। 'রুচির' ক, প-র-সা। ৮। 'গৃহাগত' প-র-সা। ৯। 'রতি' ক, খ। ১০। 'গো' ইত্যাদি স্থলে 'গো গিরি গূঢ় গুরুয়া গরবাইত' প-র। ১১। 'গুম্ভিত' ঘ। ১২। 'প্রাহি' প-র। ১৩। 'গোষ্ঠেশ্বর' প-র।

জয়জয়ন্তী।১

মুদির-মরকত- মধুর মুরতি
মুগধ মোহন ছান্দ।
মল্লি-মালতি- মালে মধুকর২
মঞ্জু মনমথ-ফান্দ॥
শ্যাম সুন্দর সুঘড়-শেখর
শরদ-শশধর-হাস।
সঙ্গে সবয়স সুবেশ সম-রস৪
সতত সুখময় ভাষ॥ধ্রু॥
চিকণ চাঁচর চিকুর-চুম্বিত
চারু চন্দ্রক-পাঁতি।
চপল চমকিত চকিত৫ চাহনি
চীত-চোরক ভাতি॥
গিরিক গৈরিক গোরজ-গোরচন৬
গন্ধ-গরভিত৭ বাস।
গোপ গোপন৮ গরিম গুণ-গণ৯
গাওত গোবিন্দদাস॥৬॥১৩০৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮১১ ও প-র পুথির ২।১৩ সংখ্যক পদ। ২। 'মধুমত' প-র। ৩। 'সমবয়' (পাঠান্তর—ক, খ), প-র-সা, প-র। ৪। 'সমবেশ' প-র। 'সুবেশ সমরস' স্থলে 'বয়শ রসময়' প-র-সা। ৫। 'চরিত' ঘ। ৬। 'মণ্ডিত' প-র। ৭। 'গন্ধ গরবিত' ঘ; 'গোরস গরভিত' প-র-সা, প-র। ৮। 'গোগণ' ঘ; 'গোপাল' প-র-সা। ৯। 'গুণ-গান' ক, খ।

সারঙ্গ।১

গোধন সঙ্গে রঙ্গে যদুনন্দন২
বিহরই যমুনা৩-তীর।
দাম শ্রীদাম সুদাম মহাবল
গোপ গোপাল৪ সঙ্গে৫ বলবীর॥
বাজত ঘন ঘন বিষাণ৬ বেণু।
হৈ হৈ রব হাম্বারব গরজন
আনন্দে মগন চরত সব ধেনু॥ধ্রু॥৭
সম-বয়৮-বেশ কেশ পরিমণ্ডিত
চূড়ে৯ শিখণ্ডক কুসুম উজোর।
মণিময় হার গুঞ্জা নব মঞ্জুল
হেরইতে জগ-জন-মন করু ভোর॥
বলয় বিশাল কনক কটি১০ কিঙ্কিণি
নূপুর রুণু ঝুনু বাজ।
গোবিন্দদাস-পহু নিতি নিতি ঐছন
বিহরই নব-ঘন বিপিন সমাজ॥
॥৭॥১৩০৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮১২ সংখ্যক পদ। ২। 'নন্দনন্দন' ঘ, চ, প-র-সা। ৩। 'যামুন' ঘ; 'যমুনাক' প-র-সা। ৪। 'গোয়াল' ক। ৫। 'সঙ্গে' শব্দ চ ও প-র-সা পুথিতে নাই। ৬। 'নিসান' ঘ; 'বিশাল' ক, চ। ৭। কেবল প-র-সা পুথিতে 'ধ্রু' আছে। ৮। 'রসময়' প-র-সা। ৯। 'চূড়' ঘ, চ। ১০। 'কনক কটি' স্থলে 'ক্ষুটি পর' প-র-সা।

অথ দিবাভিসারঃ।

সুরট সারঙ্গ।১

তপনক তাপে তপত ভেল মহিতল২
তাতল বালুক দহন সমান।

চঢ়ল মনোরথে ভাবিনি চলু পথে
তাপ তপন নাহি জান ॥
প্রেমক গতি দুরবার৫ ।
নবিন-যৌবনি ধনি চরণ কমল জিনি
তবহিঁ কয়ল অভিসার ॥ ধ্রু॥
কুল গুণ গৌরব সতি-যশ অপযশ
তৃণ করি না মানয়ে রাধে ।
মন মহা মদন মহোদধি উছলল
ছোড়ল কুল-মরিযাদে ॥
কতহুঁ বিঘিনি জীতল অনুরাগিনি
সাধল মনমথ-তন্ত্র ।
গুরুজন-নয়ন নিবারিতে সুবদনি
পাঠ করয়ে মণিমন্ত্র ॥
কেলি-কলাবতি কুসুম সরসি কুলে
কৌশলে কয়ল পয়ান ।
যত ছিল মনরথ৪ পূরল মনমথ৫
ইহ কবিশেখর গান ॥৮॥১৩১০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮১৩ সংখ্যক পদ। 'সুরট সারঙ্গ' স্থলে 'সুরট সারঙ্গী' ঘ। ২। 'মহীতল' ক। ৩। 'অনিবার' ক। ৪। 'অনুরথ' চ। ৫। 'মনোরথ' ঘ, চ; 'অনুরথ' খ, ঘ।

সারঙ্গ ।১

সহচর সঙ্গে রঙ্গে নন্দ-নন্দন২
কত কত মত করি খেল ।
রাইক গমন- সময় বুঝি তৈখনে
আন ছলে আপহি গেল ॥
সজনী হোর৩ দেখ মীলন৪-রঙ্গ ।
চাঁদক দরশনে যৈছন জলনিধি
উছলিত অধিক তরঙ্গ৫ ॥ধ্রু॥
দূরহি দুহু মুখ হেরইতে দুহুঁ কর
নয়নহি আনন্দ-নীর ।
দুহুঁ অঙ্গ পুলকিত দুহুঁ ঘরমাইত
কম্পিত দুহুঁক শরীর ॥
কতহুঁ যতনে দুহুঁ হোয়ল একঠাম
দুহুঁ রূপ৬ পিবইতে চাহ ॥
রাধামোহন পহু চতুর-শিরোমণি
খেলত রস অবগাহ ॥৯॥১৩১১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮১৪ সংখ্যক পদ। 'সারঙ্গ' স্থলে 'সারঙ্গী' ঘ, চ। ২। 'যদুনন্দন' ক। ৩। 'সজনী হোর' স্থলে 'সজনি হোর' ক, খ; 'সজনি হর' চ, প-র-সা। ৪। 'মিলন' ক, চ, প-র-সা। ৫। 'অধিক তরঙ্গ' স্থলে 'আর কত রঙ্গ' প-র-সা। ৬। 'রূপ' ক, প-র-সা।

ধানশী ।১

দূরহিঁ দুহুঁ হেরি দুহু পুলকাইত
দুহুঁ ভেল ভাবে বিভোর ।
নয়নে নয়নে যব দুহুঁ দোহাঁ নিরখই
তব বহ২ আনন্দ-লোর৩ ॥
সজনী দেখ রাধামাধব-প্রেম ।
দুহুঁ দোহাঁ কি করব থেহ না পাওত
জনু দুহুঁ দারিদ-হেম ॥ধ্রু॥
দুহুঁকর বচন রচন পুন গদ গদ
দুহুঁ অঙ্গ ভেল সুকম্প ।
দুহুঁ দোহাঁ পরশিতে দুহুঁ ভেল নিমগন
ঐছন হোয়ত স্তম্ভ ॥
অপরুপ বিধু-মণি দুহুঁ কিয়ে বিধুবর
মধু মন করত আশংস ।
রাধামোহন৭-পহু দুহুঁ অতি নিরুপম
ত্রিভুবন করু অবতংস৮ ॥
॥১০॥১৩১২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮১৫ ও প-র পুথির ১৭।২৫ সংখ্যক পদ। ২। 'বহু' প-র। ৩। 'নোর' ঘ। ৪। কেবল প-র-সা ও প-র পুথিতে 'ধ্রু' আছে। ৫। 'দুহুঁ' ইত্যাদি স্থলে 'দুহুঁক ভেলহি কম্প' প-র। ৬। 'সুরস্ত' প-র। ৭। 'গোবিন্দ দাস' প-র। ৮। 'অবশংস' ক, থ, চ, প-র-সা; 'পরশংস' প-র।

সারঙ্গ।১

ঘন ঘন চুম্বন ঘন পরিরম্ভণ
ভুজে ভুজে সঘন বন্ধান।
ঘন ঘন নখ-শর- ঘাতন দুহুঁ জন২
আনন্দে আপনা না৩ জান॥
অপরূপ৪ নিধুবন-কেলি।
অতি রসে নিমগন দিনহিঁ রাধা মাধব
মদন-কদন দুরে৫ গেলি॥ধ্রু॥
দুহুঁ দোঁহা উর পর নিচল-কলেবর
করত সঘন সিতকার।
অভিনব ঘনবর থির৬ বিজুরি কিয়ে
বেড়ি রহল অনিবার॥
দাস যদুনন্দন কব সোই হেরব
হোয়ব কেলি অবসান।
শুকযুগ হেরি তবহি নিবেদব
করইতে সো সমাধান॥১১॥১৩১৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮১৬ 'সংখ্যক পদ। 'সারঙ্গ' স্থলে 'সারঙ্গী' থ, চ। ২। 'ঘন ঘন' ইত্যাদি পংক্তি দুইটির স্থলে—.

'ঘন নখশর ঘাত দুহুঁ জন আনন্দ
আপনা আপনা নাহি জান।' প-র-সা।

৩। 'নাহি' ক, থ, চ। ৪। 'অপরূপ' ক, চ, প-র-সা। ৫। 'দূরে' ক, চ, প-র-সা। ৬। 'থির' ক, প-র-সা। ৭। 'তবহু' ক, থ, প-র-সা; 'তবহিঁ' চ।

সুহই।১

রাধা মাধব যব দুহুঁ মেলি।
নিদাঘক দাহ সবহুঁ দুরে২ গেলি॥ধ্রু॥
তহিঁ পুন সরোবর মন্দির মাঝ।
কল-জল-শীকর৩-নিকর বিরাজ॥
সৌরভ-মিলিত গন্ধবহ মন্দ।
কি করব দিনমণি-কিরণক বন্ধ॥
তহিঁ বর সুরত-বাপি৪ অবগাহ।
রাধামোহন পহু রসিক সুনাহ॥১২॥১৩১৪॥

ইত্যাদি গ্রীষ্ম-সময়োচিত-মিলনম্।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮১৭ সংখ্যক পদ। ২। 'দূরে' ক, প-র-সা। ৩। 'কন-জল-শীকর' ক; 'কল-জল-শীকর' চ। ৪। 'বাপী' ক, প-র-সা।

টীকা

৩—৪। "তহিঁ" ইত্যাদি। তথায় সরোবরস্থিত মন্দিরের মাঝে কল অর্থাৎ ফোয়ারার জল-কণা-সমূহ বিরাজ করে। 'কলঃ শিল্প-বিশেষঃ ফুআরা ইতি যন্তাখ্যা তদুত্থজলকণা-সমূহৈর্বিরাজমানে।' ইতি রাধামোহন ঠাকুরের টীকা। ৭। "তহিঁ" ইত্যাদি। 'সুরতমেব বাপি দীর্ঘিকা' ইতি রাধামোহন।

ধানশী।১

রাই নিয়ড় সঞে চলু বরু২ কান।
সখাগণ মাঝহি কয়ল পয়ান॥
দুরহিঁ৩ নেহারি ধেনুগণ ধায়।
সহচরগণ সব মীলল৪ তায়৫॥
ধেনুগণ অঙ্গহি৬ দেওত৭ হাত।
উচচ৮ পুচ্ছ করি ধনায়ত৯ মাথ॥

সবহুঁ সখাগণ পুছত[১০] তাই।
কোন কাননে ছিলা ভাই কানাই ॥
কাহে মলিন ভেল তোহারি বয়ান।
যদুনন্দন হেরি আকুল পরাণ ॥১৩॥১৩১৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮২৬ সংখ্যক পদ। ২। 'যব' ক, চ। ৩। 'দুরহি' ক, খ। ৪। 'মিলন' ক, প-র-সা। ৫। 'আর' ঘ। ৬। 'সঙ্গহি' ঘ। ৭। 'দেয়ল' ঘ। ৮। 'উর্দ্ধ' ক, খ, প-র-সা। ৯। 'ঢুলায়ত' প-র-সা। ১০। 'পুছত' ক, চ, প-র-সা।

করুণ ভাটিয়ারি।[১]

হিয়ায় কণ্টক দাগ বয়ানে বন্দন-রাগ[২]
মলিন হৈয়াছে মুখ-শশী।
আমা সভা তেয়াগিয়া কোন বনে ছিলা গিয়া
তোমা বিনে সব শূন্য বাসি ॥
নবঘন-শ্যাম তনু ঝামর হৈয়াছে জনু
পাষাণ বাজিয়াছে[৩] রাঙ্গা পায়।
বনে আসিবার কালে, হাতে হাতে সোঁপি দিলে
ঘরে[৪] গেলে কি বলিব মায় ॥
খেলাব বলিয়া বনে আইলাম তোমার সনে
বসিয়া থাকিব[৫] তরু-ছায়।
বনে বনে উকটিয়া[৬] তোর লাগি না পাইয়া
আমা সভার প্রাণ ফাটি যায় ॥
॥১৪॥১৩১৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮২৭ সংখ্যক পদ। ২। 'বন্ধন নাগ' ক; 'বন্ধন রাগ' খ, প-র-সা। ৩। 'বেজেছে' ক; 'বাজিছে' প-র-সা। ৪। 'ঘর' ঘ, চ। ৫ 'থাক রে' প-র-সা। ৬। 'ভলাসিয়া' প-র-সা।

অথ উত্তর-গোষ্ঠ-গৃহাগমনম্।

শ্রীগৌরচন্দ্রঃ।

তুড়ী।[১]

বেলি অবসান হেরি শচি[২]-নন্দন
ভাবহিঁ গদ গদ বোল।
কামুক গমন- সময় অব হোয়ল
শুনিয়ে[৩] বেণুক[৪] রোল ॥
সজনি না বুঝিয়ে গৌরাঙ্গ-বিলাস।
প্রেমহি নিমগন রহতহি অনুখন
কথিহু নাহি অবকাশ ॥ধ্রু॥
খেনে পুন কহই নিকট শুনিয়ে অব[৬]
ঘন হাম্বা-রব রাব।
হেরইতে শ্যাম- চন্দ্র অনুমানিয়ে
গোকুল-জন যত ধাব ॥
ঐছন ভাতি করত কত অনুভব
যো রসে কৃত-অবতার।
রাধামোহন-পহু সো বর শেখর
তৈছন সতত বিহার ॥১৫॥১৩১৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮২৮ সংখ্যক পদ। ২। 'শচীনন্দন' ক। ৩। 'শুনিয়া' ঘ, চ। ৪। 'ধেনুক' প-র-সা। ৫। 'কতিহুঁ' ক, খ। ৬। 'নিকট' ইত্যাদি স্থলে 'নিকটই শুনিয়ে' ঘ, চ; 'নিকটহি শুনই' প-র-সা।

কানড়া বা গৌরী।[১]

গো-খুর-ধূলি উছলি ভরু অম্বর
ঘনহু হাম্বা-রব[২] হৈ হৈ রাব।
বেণু-বিষাণ- নিসান সমাকুল
সঙ্গে রঙ্গে সব সহচর ধাব ॥
বন সঞে[৩] গিরিবরধর ঘর আওয়ে[৪]।

জলদ হেরি জনু হরষিত চাতকি
ব্রজ-রমণাগণ মঙ্গল গাওয়ে ॥ধ্রু॥
কুটিল অলককুল গোরজ-মণ্ডিত
বর্হা-মুকুট[৬] মনোহর ছান্দ।
বিপিন-বিহারি ছরম[৭] ঘরমাইত
ঝামর নিল[৮] উতপল মুখ-চান্দ ॥
কিশলয়-বলিত ললিত মণি-কুণ্ডল
গণ্ড-মুকুরে[৯] উজিয়ার।
গোবিন্দদাস-পহু নটবর-শেখর
হেরইতে জগ ভরি মদন বিথার ॥
॥১৬॥১৩১৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮২৯ ও প-র পুথির ৩৫।৩ সংখ্যক পদ। ২। 'রব' শব্দ প-র-সা পুথিতে নাই। ৩। 'বনতে' প-র। ৪। 'বন সঞে' ইত্যাদি ধ্রুব-কলিটির স্থলে প-র-সা পুথির পাঠ, যথা—
'বন সঞে গিরিধর ঘরহি আয়ল
জলদ হেরি জনু আওয়ে।
সব জন হরষিত ব্রজ-রমণীগণ
মঙ্গল সব গুণ গাওয়ে॥'
৫। 'মণ্ডিল' ঘ। ৬। 'বরিহা' ক। ৭। 'ছরমে' ক। ৮। 'নীল' ক, খ। ৯। 'মুকুর' প-র।

গৌরী।১

তরুণী-লোচন- তাপ-বিমোচন-
হাস-সুধাঙ্কুর-ধারী।
মন্দ-মরুচ্চল- পিঞ্ছ-কৃতোজ্জ্বল-
মৌলিরুদার-বিহারী ॥
সুন্দরি পশ্য মিলতি বনমালী।
দিবসে পরিণতি- মুপগচ্ছতি সতি
নব-নব-বিভ্রম-শালী ॥ ধ্রু।
ধেনু-খুরোদ্ধৃত ২ রেণু পরিপ্লুত-
ফুল্ল-সরোরুহ-দামা।
অচির-বিকস্বর- লসদিন্দীবর-
মণ্ডল-সুন্দর-ধামা ॥
কল-মুরলী-রুতি- কৃত-তাবক-রতি-
রত্র দৃগন্ত-তরঙ্গী।
চারু-সনাতন- তনুরনুরঞ্জন-
কারি সুহৃদ্‌গণ-সঙ্গী ॥১৭॥১৩১৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৩০ ও প-র পুথির ৩৫।৫ সংখ্যক পদ। 'গৌরী' স্থলে 'মল্লার গৌরী চলত' খ, চ। ২। 'খুরোদ্ধৃত' (প-র) স্থলে 'খুরোদ্ধৃত' ক, খ, ঘ, চ, প-র-সা, প-র।

টীকা

১—১৫। রাধামোহন ঠাকুর-কৃত টীকা যথা,— "ততঃ শ্রীকৃষ্ণং দৃষ্ট্বা প্রাসাদ-শিখরারূঢ়া ব্রজদেব্যঃ 'তরুণী-লোচন' ইত্যাদিকং পরস্পরমূচুঃ। হে সুন্দরি! বনমালী মিলতি স্বগৃহমাগচ্ছতীতি পশ্য। কীদৃশঃ—তরুণী-লোচনানাং তাপখণ্ডকো যো হাস-সুধাঙ্কুরস্তদ্ধারণশীলঃ। তথা মন্দমরুতা চলেন চঞ্চলেন পিঞ্ছেন কৃত উজ্জ্বলো মৌলির্যস্য স শোভন-বিহরণশীলঃ মহাবিহারী বা। তথা দিবসে পরিণতিং শান্তিং প্রাপ্তে সতি নবনববিভ্রমো লীলাবিশেষো ভাববিশেষো বা তদ্যুক্তঃ। ধেনুখুরোদ্ধৃতেন রেণুনা পরিপ্লুতঃ তথা ফুল্ল-সরোরুহদামা স চাসৌ স চেতি। তৎকালবিকাসি-লসদিন্দীবরমণ্ডলমিব সুন্দরং ধাম স্বরূপং যস্য তাদৃশঃ। মধুরমুরলীশব্দেন কৃতা তাবকানাং ভবদীয়ানাং প্রীতির্যেন সঃ। অত্র যদ্বি দৃগন্ততরঙ্গী। চার্ব্বী সুন্দরী সনাতনী তনুর্যস্য পক্ষে সনাতননামানং গোস্বামিনং তনোতি অর্থাৎ সানন্দং করোতি ধাতুনামনেকার্থতা কল্পনা। তথা অনুরঞ্জন-কারি-সুহৃদ্গণানাং সঙ্গী।"

অনুবাদ

১—১৫। হে সুন্দরি! দেখ, বনমালী আগমন

করিতেছেন। তিনি তরুণীগণের লোচন-তাপ-নাশন হাস্য-সুধাম্বুর-ধারী, মন্দ পবন-চঞ্চল শিখি-পুচ্ছে উজ্জ্বল-চূড়া-বিশিষ্ট ও সুন্দর ক্রীড়াশীল। দিবা-অবসান হইলে তিনি নব নব বিলাস-বিভ্রম প্রকাশ করিয়া থাকেন। তাঁহার ফুল্ল-পঙ্কজ-মাল্য ধেনু-খুরোদ্ধৃত ধূলি দ্বারা সমাবৃত হইয়াছে; তিনি অচির-বিকসিত নীলোৎপল পুঞ্জের ন্যায় কান্তি দ্বারা শোভা পাইতেছেন। তিনি মধুর মুরলী-রব দ্বারা তোমার প্রীতি উৎপাদিত করিয়া, তোমার পানে পুনঃপুনঃ বঙ্কিম দৃষ্টি-পাত করিতেছেন; তিনি সুন্দর সনাতন-তনু (পক্ষান্তরে—গোস্বামী সনাতনের আনন্দদায়ী) ও চিত্তানুরঞ্জনকারী সুহৃদ্‌গণের দ্বারা বেষ্টিত হইয়া রহিয়াছেন।

তুড়ী।১

গোঠে২ প্রবেশ করায়ল গোগণ৩
সখাগণ নিজ নিজ৪ মন্দিরে গেল।
বৎসক বান্ধি ছান্ধি ধেনুগণ
ঘন ঘন দোহন কেল ॥
সুন্দর শ্যামর-অঙ্গ।
রঙ্গ পটাম্বর হার মনোহর
গো-ধূলি-ধূসর অঙ্গ ॥ ধ্রু ॥
নব নব পল্লব- গুচ্ছ-সুমণ্ডিত
চূড়ে শিখণ্ডক বেঢ়ল দাম।
মকরাকৃত মণি- কুণ্ডল দোলনি
হেরই চমকি পড়য়ে কত কাম ॥
বন-ফুল-মাল বিরাজিত উর পর
কিঙ্কিণি-রণরণি নূপুর পায়।
গোবিন্দদাস-পহু জগ-মন-মোহন
ব্রজ-রমণীগণ হরষিত তায় ॥
॥১৮॥১৩২০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৩১ সংখ্যক পদ। ২। 'গোঠ' খ। ৩। 'করায়ল গোগণ' স্থলে 'গোপ সখাগণ' প-র-সা। ৪। 'সখাগণ নিজ নিজ' স্থলে 'নিতি নিতি' প-র-সা।

অথ দিনান্তরে গোষ্ঠবিহারাদি শ্রীগৌরচন্দ্র।

সুহট সারঙ্গ।১

সুরধুনি-তীর২ তীর মাহা বিলসই
সম-বয় বালক সঙ্গ।
করতল-তাল- বলিত হরি হরি ধনি৩
নাচত নটবর-ভঙ্গ ॥
জয় শচি-নন্দন৪ ত্রিভুবন-বন্দন
পূর্ণ পূর্ণ অবতার।
জগ-অনুরঞ্জন ভব-ভয়-ভঞ্জন
সংকীর্ত্তন পরচার ॥
চম্পক-গোর প্রেম-ভরে কম্পই
ঝম্পই সহচর কোর।
অঙ্গহি অঙ্গ পুলককুল আকুল
কঞ্জ-নয়নে ঝরু লোর ॥
ধনি ধনি ভাওনি৫ চতুর-শিরোমণি
বিদগধ-জীবন জীব।
গোবিন্দদাস এ হেন রসে বঞ্চিত
অবহুঁ শ্রবণে নাহি পাব৬ ॥১৯॥১৩২১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৩২ সংখ্যক পদ। ২। 'সুরধুনী-তীরে' ক। ৩। 'ধ্বনি' ক, খ, প-র-সা। ৪। 'শচীনন্দন' ক। ৫। 'ভাওনি' (প-স ও ঘ পুথি) স্থলে 'ভাবিনী' ক; 'ভাবিনি' খ, চ, প-র-সা। ৬। 'পিব' ক, প-র-সা।

শ্রীনিত্যানন্দচন্দ্রস্য ।

তথা রাগ ।১

কমল জিনিয়া আঁখি শোভা করে মুখ-শশী
করুণায় সভা পানে চায় ।
বাহু পসারিয়া বোলে আইস আইস করি কোলে
প্রেম-ধন সভারে বিলায় ॥
কাঁচনি২ কটির বেশ শোভিছে চাঁচর কেশ
বাঙ্কে চূড়া অতি মনোহর৩ ।
নাটুয়া-ঠমকে চলে বুক বাহি পড়ে লোরে
বিবিধ জীবের তাপ-হর৪ ॥
হরি হরি বল৫ বলে ডাহিনে৬ বামে অঙ্গ দোলে
রাম গৌরীদাসের গলা ধরি ।
মধুমাখা মুখ-চান্দ নিতাই৭ প্রেমের ফান্দ
ভাব-সিন্ধু৮ উছলে লহরী৯ ॥
নিতাই করুণা-সিন্ধু পতিত১০ জনার বন্ধু
করুণায় জগত ডুবিল ।
মদন-মদেত১১ অন্ধ প্রসাদ হইল ধন্দ
নিতাই১২ ভজিতে না পারিল ॥২০॥১৩২২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৩৩ সংখ্যক পদ। ২। 'কাচনি' ঘ, চ। ৩। 'মনোহরে' খ। ৪। 'তাপ হরে' খ। ৫। 'বোল' প-র-সা। ৬। 'ডাহিন' ঘ, চ। ৭। 'নিতাইর' ঘ। ৮। 'ভবসিন্ধু' ক, খ, ঘ, চ। ৯। 'উছলে লহরী' স্থলে 'বলিহারী' প-র-সা। ১০। 'অধম' প-র-সা। ১১। 'মদের' ক। ১২। 'নিতাইহ' প-র-সা।

তুড়ী ।১

যমুনাক তীরে ধীরে চলু মাধব
মন্দ মধুর বেণু বাওই২ রে ।
ইন্দিবর৩-নয়নি বরজ-বধু৪ কামিনি
সদন তেজিয়া বনে ধাওই রে ॥
অসিত অম্বুধর অসিত সরসিরুহ
অতসি-কুসুম অহিমকর-সুতা-নির৫ ।
ইন্দ্র-নীলমণি উদার মরকত-
শ্রী-নিন্দিত বপু-আভা৬ রে ॥
শিরে শিখণ্ডদল নব গুঞ্জাফল
নিরমল মুকুতা লম্বি৭ নাসাতল৮ ।
নব কিশলয় অবতংস গোরোচন
অলক তিলক মুখ শোভা৯ রে ॥
শ্রোণি পিতাম্বর১০ বেত্র১১ বাম কর
কম্বু-কণ্ঠে বনমালা মনোহর১২ ।
ধাতু-রাগ-বৈচিত্র১৩ কলেবর
চরণে চরণ পরি শোভা রে ॥
গো-ধূলি-ধূসর বিশাল বক্ষথল১৪
রঙ্গ-ভূমি জিনি বিলাস নটবর ।
গো-ছান্দন রজ্জু১৬ বিনিহিত কন্ধর
রূপে ভুবন-মনলোভা১৭ রে ॥
ব্রহ্মা১৮ পুরন্দর দিনমণি শঙ্কর
যো চরণাম্বুজ সেবে নিরন্তর১৯ ।
সো হরি কৌতুক ব্রজ-বালক সাথে২০
গোপ-নগরি২১ অভিলাসা রে ॥
সো পহুঁ-পদতল-পরাগ-ধূসর২২
মানস মন করু আশা নিরন্তর ।
অভিনব সৎকবি দাস জগন্নাথ
জননি-জঠর-ভয়-নাশা রে ॥
॥২১॥১৩২৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৩৪ ও প-র পুথির ২৭।৮ সংখ্যক পদ। ২। 'বায়ই' প-র-সা। ৩। 'ইন্দীবর' ক। ৪। 'বধূ' ক, খ, প-র-সা, প-র। ৫। 'অসিত কুসুম অহি করত সুতানি রে' ক, খ; 'অতসীকুসুম মহিমকর শুধানিরে' প-র-সা; 'অসিত কুসুম অহী মকর সুতা নির' প-র।

৬। 'স্বাভা' চ ৭। 'লম্বিত' ক, প-র-সা; 'লম্বে' প-র। ৮। 'নাসাতল রে' ক। ৯। 'শোভনি' খ। ১০। 'পীতাম্বর' ক, খ। ১১। 'বেণু' প-র-সা। ১২। 'মনোহর রে' ক, প-র-সা। ১৩। 'বিচিত্র' প-র। ১৪। 'বক্ষস্থল' ক; 'কক্ষতল' প-র-সা, প-র। ১৫। 'নটবর রে' ক; 'নটবরে' প-র-সা। 'রঙ্গভূমি' ইত্যাদি স্থলে 'রঙ্গভূমি পর নাচত নটবর' প-র। ১৬। 'রজ্জু' ক, খ, প-র-সা, প-র। ১৭। 'মনোলোভা' ক। ১৮। 'ব্রহ্মা' ক, খ, ঘ, চ, প-র-সা। ১৯। 'নিরন্তর রে' ক, প-র-সা। ২০। 'সো হরি' ইত্যাদি স্থলে 'কৌতুকে সো হরি বরজ বেশ ধরি' প-র। ২১। 'গোপ-নগরি' স্থলে 'নন্দ মন্দির' প-র। ২২। 'সো পহুঁ' ইত্যাদি (প-র) পংক্তিদ্বয় ক, খ, ঘ, চ ও প-র-সা পুথিতে নাই।

শ্রীগান্ধার।[১]

ব্রজ-নন্দকি নন্দন নীলমণী[২]।
হরি[৩]-চন্দন-তীলক ভালে বনী[৪] ॥
শিখি-পুচ্ছকি[৫] বন্ধনি বামে টলী[৬]।
ফুল-দাম নেহারিতে কাম চলী[৭] ॥
অতি কুঞ্চিত কুন্তল লম্বি চলী[৮]।
মুখ নীল-সরোরুহ বেঢ়ি অলী[৯] ॥
ভুজ-দণ্ডে বিখণ্ডিত হেমমণী[১০]।
নব বারিদ বিদ্যুত থার জনী[১১] ॥
অতি চঞ্চল লম্বিত পীত ধটী[১২]।
কল-কিঙ্কিণি সংযুত পীত কটী[১৩] ॥
পদ-নূপুর বাজত পঞ্চ-শরং[১৪]।
কর-বাদন নর্ত্তন[১৫] গীত বরং ॥
পদ-নূপুর বাজত পঞ্চরসে।
কিবা বেণু[১৬] বেয়াপিত[১৭] দীগ[১৮] দশে ॥
যোগি যোগ ভুলে মুনি ধ্যান টলে।
ধায় কামিনি কাননে তেজি কুলে ॥
গজ সর্প সঙ্গে গিরিরাজ চলে।
সুখ[১৯]-রূপ-ভু-বীরুধ[২০] পুষ্প-ফলে ॥
সুরাসুর লজ্জিত শান্ত মনে।
পদ-সেবক দেব নৃসিংহ ভণে ॥
॥২২॥১৩২৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৩৫ সংখ্যক পদ। ২। 'নীলমণি' ক, প-র-সা। এই পদটি 'তোটক'-ছন্দে রচিত; ইহার ৩য়, ৬ষ্ঠ, ৯ম ও ১২শ বর্ণ গুরু; সুতরাং অন্ত্য বর্ণটি গুরু হওয়া আবশ্যক। ৩। 'হেরি' ক, খ, প-র-সা। ৪। 'বনি' ক, খ, প-র-সা। ৫। 'পুচ্ছক' ক, খ, প-র-রা। ৬। 'টলি' ক, খ, প-র-সা। ৭। 'চলি' ক, খ, প-র-সা। ৮। 'চলি' ক, খ, প-র-সা। ৯। 'অলি' ক, খ, প-র-সা। ১০। 'হেমমণি' ক, খ, চ, প-র-সা। ১১। 'জনি' ক, খ, প-র-সা। ১২। 'ধটি' ক, খ, প-র-সা। ১৩। 'কটি' ক, খ, প-র-সা। ১৪। 'পঞ্চশরং' ক, চ। ১৫। 'নর্ত্তক' প-র-সা। ১৬। 'কিবা বেণু' স্থলে 'বেণু' ক, খ; 'বেণুধ্বনি' ঘ। ১৭। 'ব্যাপিত' ঘ। ১৮। 'দিগ' ক, খ, ঘ, প-র-সা। ১৯। 'শুক' প-র-সা। ২০। 'ভুবিরুধ' ক, প-র-সা; 'ভুবীরুদ' ঘ; 'ভুবীরধ' খ।

টীকা

৭—৮। "ভুজ" ইত্যাদি। (শ্রীকৃষ্ণের) ভুজ-রূপ দণ্ড দ্বারা স্বর্ণ-রূপ মণি পরাজিত হইয়াছে। (তাঁহার সুনীল অঙ্গ ও পীত ধড়া) যেন নবীন মেঘ ও স্থির বিদ্যুৎ।

১৭—১৮। "গজ" ইত্যাদি। (শ্রীকৃষ্ণের দর্শন লালসা হেতু) গজ সর্প প্রভৃতি প্রাণিগণ সঙ্গে গিরিরাজ হিমাচল সুখ-জনক রূপবিশিষ্ট ভূমি, লতা ও পুষ্প-ফলের সহিত সমাগত হয় অর্থাৎ তাঁহার দর্শনানন্দে পৃথিবী পুষ্প-ফলে পরিপূর্ণ হইয়া উঠে।

শ্রীরাগ।১

শ্রুতিপাশ বিলাস মণি-মকরাকৃতি
কুণ্ডল মণ্ডিত গণ্ডে দোলে।
নট-বেশ সুকেশ চূড়া২ শিখি সাজনি
মালতি-মাল প্রসন্ন গলে৩ ॥
ধেনু চরায়ত বেণু বাজায়ত
কালিন্দি-তীর পুলীন৪-বনে।
প্রিয় দাম শ্রীদাম সুদাম মহাবল
এ সব গোপ সখা সগণে৫ ॥
অতি মন্দ সুগন্ধ বহে মলয়ানিল৬
উরত চূড়ে মউর-শিখণ্ড।
ধবলি সাঙলি পিয়লি ডাকই
মণি-মণ্ডিত করে পাচনি দণ্ড ॥
শিখি-পুচ্ছ-শিরে নব-মেঘ-রুচিং৭
মণি-কাঞ্চনে-ভূষিত বেণু-করং।
সিত-চন্দনে চর্চ্চিত নীল তনুং
বনমাল্য গলে বর-পীত-পটং ॥

॥২৩॥১৩২৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৩৬ সংখ্যক পদ। ২। 'চুড়া' ক, খ। ৩। 'দলে' ক, খ, ঘ, চ। ৪। 'পুলিন' ক, খ, চ, প-র-সা। ৫। 'সঘনে' প-র-সা। ৬। 'অতি মন্দ' ইত্যাদি কলিটি কেবল ঘ পুথিতে আছে। ৭। 'শিখি-পুচ্ছ' ইত্যাদি শ্লোকটি প-র-সা পুথিতে নাই।

সারঙ্গ।১

গিরিধর লাল গিরি পর খেলন
ভরু হেলন২ পদ-পঙ্কজ দোলনিয়া।
অতি বল সুবল মহাবল বালক
কান্ধে ছান্দ করে ভাড়৩ দোহনিয়া ॥
গিরিবর নিকট খেলত শ্যামসুন্দর৪
ঘূর্ণিত নয়ন বিশালা।
নৌতুন তৃণ হেরিয়া যমুনা-তট৫
চঞ্চল ধায় গোপালা ॥
সখাগণ সঙ্গে রঙ্গে নন্দ-নন্দন
উপনিত৬ যমুনা-তীর।
পাঁচনি বেত্র বাম কক্ষে দাবই
অঞ্জলি ভরি পিয়ে নীর ॥
প্রিয় বসুদাম৭ শ্রীদাম মধুমঙ্গল
তিরে৮ রহি হেরত রঙ্গ।
শ্যামল সুন্দর মুরতি মনোহর
হেরি যমুনা অতি বাঢ়ল তরঙ্গ ॥

॥২৪॥১৩২৬॥

পাঠান্তর

১। 'গিরিধর' ইত্যাদি পদটি প-র-সা পুথিতে ১৩২৫ সংখ্যক পদের শেষাংশ-রূপে লিখিত হইয়াছে। ২। 'হিলন' ঘ, চ। ৩। 'ভাণ্ড' ক; 'ভাঁড়ে' খ, চ। ৪। 'শ্যামসুন্দর' স্থলে 'নন্দনন্দন' প-র-সা। ৫। 'যমুনা-তট' স্থলে 'সব বন মাহা' ঘ। ৬। 'উপনীত' ক। ৭। 'সুদাম' ক, খ, চ; 'দাম সুদাম' প-র-সা। ৮। 'তীরে' ক, চ, প-র-সা।

তথা রাগ।১

গলিত রজত-গিরি জিনি তনু সুন্দর
জানু লম্বিত বন-মাল।
নীল বসন বনি অপরূপ শোভনি
মরকতে হীর২ মিশাল ॥
ধাওত ধবলি পাছে বলরাম।
চঞ্চল নয়ন ঢুলয়ে৩ জনু পঙ্কজ
হেরি মুগধ ভেল কাম ॥ধ্রু॥
উভ করে৪ ধবলি শাঙলি বলি ডাকই
কোমল৫ বৎস লেই কান্ধে।

সঘনে খসয়ে শিখি- পিঞ্ছ মনোহর

ছান্দন-ডুরি দেই বান্ধে ॥

বয়ান চান্দ অধর জনু ব

তাহে মধুর মৃদু হাস ।

বরিখয়ে অমিয়া শ্রবণ ভরি পীবই

সহচর সুন্দর দাস ॥২৫॥১৩২৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৩৭ সংখ্যক পদ। ২। 'হীরক' ক; 'হারা' প-র-সা। ৩। 'ঢুলায়ে' ক, খ, প-র-সা। ৪। 'করি' ক, খ। ৫। 'কেমন' প-র-সা। ৬। 'পুচ্ছ' ক। ৭। 'জিনি' ক, খ। ৮। 'নয়ন' ক, খ। ৯। 'পিবই' ক, প-র-সা।

ভাটিয়ারি ।১

নীল বসন রতন ভূষণ

নাটুয়া মোহন বেশ ।

বদন-ছান্দে[২] মদন কান্দে[৩]

চামরী চাঁচর কেশ ॥

তাহাতে বিনোদ চূড়া

শিখণ্ড রচিত গুঞ্জায় খচিত

বিবিধ কুসুমে বেড়া ॥ ধ্রু ॥

গণ্ড-মণ্ডলে[৪] এক[৫] কুণ্ডল

এক মঞ্জরি[৬] ফুল ।

চান্দ-বদনে শিঙ্গার নিসানে

ধাওয়ে ধবলিকুল ॥

মধু-মঙ্গল বামে সুবল

সমুখে চিকণ কালা

তার মাঝে রাম জিনি কোটি কাম

যমুনা দু-কূল আলা ॥

সখাগণ সনে ভাণ্ডীরের[৭] বনে

যমুনা-পুলিনে রৈয়া ।

চরায়ে[৮] ধেনু বাজায়ে[৯] বেণু

দাস সুন্দরে[১০] লৈয়া ॥২৬॥১৩২৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৩৮ সংখ্যক পদ। ২। 'চান্দে' খ। ৩। 'বান্দে' প-র-সা। ৪। 'মণ্ডল' খ। ৫। 'দোলয়ে' প-র-সা। ৬। 'মুঞ্জি' ক; 'মঞ্জরী' খ, প-র-সা। ৭। 'ভাণ্ডির' খ। ৮। 'চরায়' ক, খ; 'চরাইছে' প-র-সা। ৯। 'বাজায়' ক, খ; 'বাজাইছে' প-র-সা। ১০। 'সুন্দর' ক, খ, প-র-সা

তুড়ী ।১

চলত রাম সুন্দর শ্যাম

পাঁচনি কাচনি বেত্র বেণু

মুরলি-খুরলি গান রি[২] ।

প্রিয় শ্রীদাম সুদাম মেলি

তরণি[৩]-তনয়া-তীরে কেলি

ধবলি শাঙলি আও রি আও রি

ফুকরি চলত কান রি[৪] ॥

বয়েস[৫] কিশোর মোহন ভাতি

বদন-ইন্দু জলদ-কাঁতি

চারু-চন্দ্রি[৬] গুঞ্জাহার

বদনে মদন-ভান রি ।

আগম নিগম বেদসার

লিলায়[৭] করত গোঠ-বিহার

নসিরমামুদ করত আশ

চরণে শরণ দান রি ॥২৭॥১৩২৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৩৯ সংখ্যক পদ। ২। 'রে' প-র-সা। ৩। 'তরুণি' ক। ৪। 'রে' প-র-সা। ৫। 'বয়েসে' ক, চ। ৬। 'চন্দ্রিকা' খ। ৭। 'লীলায়' ক, খ।

ধানশী ।১

মরকত রজত মিশাল ।
শ্যাম রাম রূপ ভাল ॥
অংসহি ভুজ অবলম্বি ।
ডুহুঁ ডুহুঁ ললিত ত্রিভঙ্গী ॥
হেলন কেলি কদম্ব ।
বনি বনমাল২ বিলম্ব ॥
ডুহুঁ মুখ চান্দ উজোর ।
শ্যামদাস-চিত ভোর ॥২৮॥১৩৩০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৪০ সংখ্যক পদ।
২। 'বনি বনমাল' স্থলে 'বলি বলবান' প-র-সা।

অথ দানলীলা ।

শ্রীগৌরচন্দ্র ।

মল্লার। সমতাল।১

হের দেখ নব নব গৌরাঙ্গ-মাধুরি
রূপে জিতল কোটি কাম।
অঙ্গহি অঙ্গ ঘামকুল সঙ্করু
যৈছন মোতিম-দাম ॥
নয়নহি নির২ বহ কম্পই থির নহ
হাসি কহত মৃদু বাত।
কো জানে কি৩ ক্ষণে ঘর সঞে আয়লুঁ
ঠেকি গেলুঁ শ্যামর হাত ॥
বেশক উচিত দান কভু না শুনিয়ে
কাহাঁ শীখলি৪ অবিচার।
বুঝি দেখি নিরজন বন সে৫ গোবর্দ্ধন৬
লুটবি৭ তুহুঁ বাটপার ॥
কো ইহ ভাব- ভরহি ভরমাইত
কিঞ্চিত পাটল আঁখি।
রাধামোহন কিয়ে আনন্দে ডুবব৮
ও রস-মাধুরি দেখি ॥২৯॥১৩৩১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৪১ সংখ্যক পদ। ২। 'নীর' ক। ৩। 'কী' খ। ৪। 'শিখলি' ক, চ, প-র-সা। ৫। 'বন সে' ক ও প-র-সা পুথিতে নাই। ৬। 'গোবর্দ্ধন কানন' প র-সা। ৭। 'লুটবি' ক, প-র-সা। ৮। 'ডুবব' ক, চ, প-র-সা।

শ্রীকৃষ্ণস্য রূপং অস্যোচিতং যথা।

ধানশী।

মুদির-মরকত মধুর মুরতি
মুগধ মোহন ছান্দ।
মল্লি-মালতি- মালে মধুকর
মত্ত মনমথ ফান্দ ॥
ইত্যাদি।*

অথ অভিসারানুবন্ধঃ।

ধানশী।১

সুন্দরি শুনহ২ আজুক কথা।
তাপ দূরে গেল সব ভাল হৈল
ইহা৩ উপজিল যথা ॥ ধ্রু ॥
অরুণ উদয়ে ব্রাহ্মণ-নিচয়ে
আইল গোকুল মাঝ।
জরতীর৪ স্থানে করি নিবেদনে
আপন মনের কাজ ॥

* এই পদটি ইতিপূর্ব্বে ১৩০৮ সংখ্যক পদ-রূপে উদ্ধৃত হইলেও সকলগুলি পুথিতেই এ স্থলে পুনরায় উদ্ধৃত হইয়াছে। এই পদটি এ স্থলে গণনা করিলে নির্দ্দিষ্ট পদ-সংখ্যা বাড়িয়া যায়; সুতরাং উহা এ স্থলে সম্পূর্ণ উদ্ধৃত ও গণিত হইল না।

গোবর্দ্ধন পাশে আমরা হরিষে
করিব যজ্ঞের কাম।
যে গোপ-যুবতি ঘৃত দিবে তথি
ইষ্ট-বর পাবে দান ॥
জটিলা শুনিয়া আমারে ডাকিয়া
যতন করিয়া বৈল[৫]।
বধূরে সাজাঞা গাবী-ঘৃত লৈয়া
ত্বরিতে তাহাই চৈল[৬] ॥
এ সব বচনে সব সখীগণে
রাইয়ের[৭] আনন্দ হোয়।
সে হেন নাগর গুণের সাগর
দরশ হইবে মোয় ॥
এত মনে করি অতিরসে ভরি
অঙ্গহি সুবেশ কেল।
ঘৃতের পসার সাজাঞা সত্বর
সঙ্গে মেলি চলি গেল ॥
এ কথা জানিয়া সে যে বিনোদিয়া
বান্ধিয়া ও চূড়া-চান্দে[৮]।
সুবলাদি লইয়া আধ পথে যাইয়া
রহল দানীর ছান্দে[৯] ॥
বেণুর নিসান করয়ে সঘন
বাজায় ও জয়-তুরী।
এ যদুনন্দন করে দরশন
নিবিড় আনন্দে ভরি ॥৩০॥১৩৩২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৪২ সংখ্যক পদ। ২। 'শুন শুন' প-র-সা। ৩। 'ইহ' প-র-সা। ৪। 'যুবতীর' প-র-সা। ৫। 'কৈল' প-র-সা। ৬। 'চল' ঘ। ৭। 'রাইর' ক। ৮। 'ছান্দে' ক, খ, ঘ; 'চান্দ' প-র-সা। ৯। 'ছান্দ' প-র-সা।

ভাটিয়ারি ।[১]

চললি রাজপথে রাই সুনাগরি
নাসবেশ করি অঙ্গে।
ঘৃত দধি দুগ্ধে সাজাইয়া পসরা[২]
প্রিয় সহচরি[৩] করি সঙ্গে ॥
বেনন[৪] পাটের জাদে বান্ধিয়া কবরী[৫]
বেড়িয়া মালতী-মালে।
সিঁথায়[৬] সিন্দূর লোচনে কাজর
অলক তিলক চারু[৭] ভালে ॥
মণিময়-অভরণ শ্রবণে কুণ্ডল
গীমে সুরেশ্বরী[৮] হার।
রূপ নিরুপম বিচিত্র[৯] কাঁচুলি
পীন পয়োধর ভার ॥
চরণ-কমলে রাতুল আলতা
বাজন[১০] নূপুর বাজে।
গোবিন্দদাস ভণে ও[১১] রূপ যৌবনে
জিতব[১২] নিকুঞ্জ-রাজে ॥৩১॥১৩৩৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৪৩ ও প-র পুথির ২৮।১ সংখ্যক পদ। 'ভাটিয়ারি' স্থলে 'সারঙ্গ' প-র। ২। 'ঘৃত' ইত্যাদি স্থলে প-স গ্রন্থের পাঠ যথা—
'স্বর্ণ-ঘট করি গাবী ঘৃত ভরি'
৩। 'প্রাণসখীগণ' প-স। ৪। 'বেনিন' প-র-সা; 'বেনন' প-র। ৫। 'জাদে' ইত্যাদি স্থলে 'জাদের বান্ধিয়া' প-র-সা; 'জাদেতে কবরি' প-র। ৬। 'সুরঙ্গ' প-র। ৭। 'চারু' শব্দ প-র-সা ও প-র পুথিতে নাই। ৮। 'সুতেশ্বরী' প-র। ৯। 'চিত্রের' প-র। ১০। 'মোহন' প-র। ১১। 'এ' প-র। ১২। 'জিতবি' ক, খ; 'জিতল' চ, প-র-সা।

শ্রীরাগ ।[১]

ব্রজকুল-নন্দন চান্দ হাম পেখলুঁ
অপরূপ কপ্প কত বেরি।

প্রতি অঙ্গ রঙ্গ — তরঙ্গিম শোভন
পুরবহি এতহুঁ না হেরি ॥
সজনী[২] কো ইহ মাধুরি অপার।
যো সুধা-সিন্ধু — বিন্দু নব পুন পুন
মঝু আঁখি পিবই না পার ॥ধ্রু॥
তনু তনু অতনু- — যূথ কিয়ে সেবই
কিয়ে রূপ আপহি সেব।
কিয়ে সুমনোহর — কান্তি-রূপ-ধর
কিয়ে বর-রস-অধিদেব ॥
এত কহি গোরি — ভোরি পুন অনিমিখ-
নয়ন-চষকে[৩] করু পান।
সো বচনামৃতে — কিয়ে রাধামোহন
শ্লাঘই[৪] পাতব কান ॥৩২॥১৩৩৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৪৪ সংখ্যক পদ। ২। 'সজনি' ক, খ, চ, প-র-সা। ৩। 'চষক' ক; 'চুসক' প-র-সা। ৪। 'শ্লাঘহি' ক, খ, ঘ।

টীকা

৮—১১। "তনু" ইত্যাদি। কন্দর্প-সমূহ কি (তাঁহার) প্রতি অঙ্গ সেবা করিতেছে? কিংবা তিনি নিজেই নিজের রূপের সেবা করিতেছেন? (তিনি) কি (অনির্ব্বচনীয়) রূপ ও কান্তিধারী! (তিনি) কি শ্রেষ্ঠ (শৃঙ্গার)-রসের অধিষ্ঠাতৃ-দেবতা?

বরাড়ী।[১]

সহচরি সঙ্গে — রঙ্গে চলু কামিনি
দামিনি বৈছে উজোর।
গোবর্দ্ধন-তট — নিকট বাটহি[২]
লেই যজ্ঞ-ঘৃত ঘোর[৩] ॥
দেখ সখি অপরূপ রঙ্গ।
নিরুপম বিলাস — রসায়ন[৪] পিবইতে
দুহুঁ জন পুলকিত অঙ্গ ॥
দুহুঁ সঞে দরশন — অনিমিখ লোচন
বহতহিঁ আনন্দ-নীর।
আনন্দ-সায়রে — ডুবল[৫] দুহুঁ জন
বহু খণে ভৈ গেল থীর[৬] ॥ধ্রু॥
অতিশয় আদর — বিদগধ নাগর
রাই নিয়ড়ে উপনীত।
ইহ যদুনন্দন — নিরখই দুহুঁ জন
অতিসুখে নিমগন-চীত[৭] ॥৩৩॥১৩৩৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৪৫ সংখ্যক পদ। ২। 'নিকট বাটহি' স্থলে 'নিকটহি বাট' ক, প-র-সা। ৩। 'ঘোর' (প-র-সা) স্থলে 'ঘোল' ক, খ; 'খোর' ঘ, চ। ৪। 'নিরুপম' ইত্যাদি স্থলে প-স গ্রন্থের পাঠ—

'নিরুপম প্রেম- — বিলাস রসায়ন
পিবইতে পুলকিত অঙ্গ।'

৫। 'ডুবল' ক, চ, প-র-সা। ৬। 'থির' ক, প-র-সা। ৭। 'চিত' ক, প-র-সা।

অথ রূপোল্লাসঃ।

ধানশী।[১]

সুন্দর বদনে — সিন্দুর-বিন্দু
শাঙর[২] চিকুর-ভার[৩]।
জনু রবি শশি — সঙ্গহি উয়ল
পিছে করি আন্ধিয়ার ॥
রামা হে[৪] অধিক চন্দ্রিম[৫] ভেল।
কত না[৬] যতনে — কত অদভুত
বিহি বহি তোহে[৮] দেল ॥ধ্রু॥
উরজ-অঙ্কুর[৯] — চিরে[১০] ঝাঁপায়সি
থোর থোর[১১] দরশায়।
কত না[১২] যতনে — কত না গোপসি[১৩]
হিমে[১৪] গিরি না লুকায় ॥

চঞ্চল-লোচনে বঙ্ক নেহারণি[১৫]
অঞ্জন শোভন তায়[১৬]।
জনু ইন্দীবর পবনে পেলল[১৭]
আল-ভরে উলটায়॥
ভণ[১৮] বিদ্যাপতি শুনহ যুবতি[১৯]
এ সব এরূপ জান[২০]।
রায় শিবসিংহ রূপনারায়ণ[২১]
লছিমা দেবি পরমাণ॥৬৪॥১৩৩৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৪৬ ও প-র পুথির ১৬।৩ সংখ্যক পদ। ২। 'শাঙল' ক, খ, চ, প-র-সা। ৩। 'ভারা' প-র। ৪। 'আন্ধিয়ারা' প-র। ৫। 'রামা হে' স্থলে 'সুধামুখি' প-র। ৬। 'চাকম' প-র-সা; 'চন্দ্রীমা' প-র। ৭। 'কত না' স্থলে 'কতহু' প-র। ৮। 'বহি তোহে' স্থলে 'নিধি তোরে' ক, খ; 'না তোহারে' প-র-সা। ৯। 'উরজ-অঙ্কুর' স্থলে 'উন্নত উরজ' প-র। ১০। 'চীরে' ক, খ, প-র-সা। ১১। 'থোর থোর' স্থলে 'পুন পুন' প-র। ১২। 'কত না' স্থলে 'কতহু' প-র। ১৩। 'না গোপসি' স্থলে 'লুকাওই' প-র। ১৪। 'হিয়া' প-র-সা; 'হেম' প-র। ১৫। 'নেহারই' প-র। ১৬। 'শোভন তায়' স্থলে 'শোভন পায়' ক, খ; 'শোভিত পায়' প-র। ১৭। 'পবনে পেলল' স্থলে 'পবনে পেলিল' খ, চ, প-র-সা; 'পবনে ঠেলল' খ; 'পওনে পেলল' প-র। ১৮। 'কহে' প-র। ১৯। 'শুনহ যুবতি' স্থলে 'শুন সুবদনি' প-র। ২০। 'এ সব' ইত্যাদি স্থলে 'এ সব স্বরূপ জান' খ; 'তুয়া রূপ অনুপাম' প-র। ২১। 'রায়' ইত্যাদি স্থলে প-র পুথির পাঠ যথা—
'দিয়া কিবা নিধি নিরমিল বিধি
মোহিতে নাগর কান॥'

টীকা

১—৪। "সুন্দর" ইত্যাদি। (তোমার) সুন্দর বদনে সিন্দুর-বিন্দু ও কেশ-ভার শ্যামবর্ণ; (বোধ হয়) যেন (সিন্দুর-বিন্দু-রূপ) সূর্য্য (চন্দন-বিন্দুরূপ) চন্দ্রের সঙ্গে পশ্চাদ্ভাগে (কেশ-পাশরূপ) অন্ধকার করিয়া উদিত হইল! ("অদ্ভুতোপমা" অলঙ্কার)।

৫—৭। "রামা" ইত্যাদি। হে সুন্দরি! (রবি ও চন্দ্র একত্র উদিত হওয়ায়) অধিক জ্যোৎস্না অর্থাৎ প্রকাশ হইল; না জানি কত যত্নে বিধি তোমাকে উহা (বহি=ওহি) দিয়াছেন!

বরাড়ী।[১]

কানুক[২] মধুর বচন রচনগণ[৩]
শুনইতে নায়রি[৪] ভোর।
মধুরিম-হাস- মিলিত নয়নে থোর
চাহনি তাকর ওর॥
সজনী কো কহু প্রেম-বিলাস।
হেরইতে ঐছন নিজ নিজ জীবন
নীছন করু[৫] অভিলাষ॥ ধ্রু[৬]॥
দুহুঁ জন নয়ন[৭] নয়ন-শর বরিষণে
হানল দুহুঁকর চীত[৮]।
রস-আকুতে ভরি আন ছলে নাগরি
অনতহিঁ ভেল উপনীত॥
নাহ রসিক বর পন্থ আগোরল
কহতহি চতুরিম বাত।
আনন্দে নিমগন দাস যদুনন্দন
শুনতহি পুলকিত গাত॥৩১॥১৩৩৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৪৭ সংখ্যক পদ। ২। 'কানুর' ক, চ। ৩। 'বচন রচনগণ' স্থলে 'বচন রচন' ক, খ; 'রচন শুনিতে' প-র-সা। ৪। 'শুনইতে নায়রি' স্থলে 'নাগরী হইলা' প-র-সা। ৫। 'নীছন করু' স্থলে 'নিছন করু' ক; 'নিছন করি' প-র-সা। ৬। কেবল প-র-সা পুথিতে 'ধ্রু' আছে। ৭। 'নয়নে' ক। ৮। 'চিত' ক, প-র-সা।

সিন্ধুড়া।[১]

আহির[২]-রমণী যত চালাঞা[৩] বাহির পথ
আপনে যাইছ[৪] আন ছলে[৫]।
বাহু নাড়া দিয়া যাও[৬] দানী পানে নাহি চাও
এত না গরব কার বলে[৭] ॥
হেদে লো কিশোরি গোরি শুনহ বচন মোরি
তোর দান না করিব আন।
এতেক শুনিয়া তবে[৮] হাসিয়া বোলয়ে সভে[৯]
কিবা দান কহ দেখি কান ॥
পুন হাসি কহে বাণী শুন অহে[১০] বিনোদিনি
অল্প নিব[১১] তোহারি[১২] পিরিতে।
পীত-বাস কাম-রায় সে বা যত দান চায়
তাহা পুন[১৩] না পারিবে দিতে ॥[১৪]
গলে গজমোতি[১৫]-হার এক লক্ষ দান তার
দুই লক্ষ সিঁথায় সিন্দূর।
তিন লক্ষ কেশপাশ দান মাগে পীত-বাস
চারি লক্ষ পায়ের নূপুর ॥
কুসুম-কবরী ঝুরি পাঁচ লক্ষ দান তারি[১৬]
নহে কহ যে হয় উচিত।
মোরা করোঁ[১৭] রাজ-সেবা
কাঁচুলীতে লুকা কিবা[১৮]
দেখাইয়া করাও পরতীত ॥
কে[১৯] জানে কিসের[২০] দান,
কি বোল বলিলে কান[২১]
অন্য হৈলে[২২] আমি ভালে জানি।
যদি পুন হেন[২৩] বোল মাথায় ঢালিব ঘোল[২৪]
হাসিল অনন্ত-পহুঁ শুনি ॥৩৬॥১৩৩৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৪৮ ও প-র পুথির ২৮।৪ সংখ্যক পদ। ২। 'আহীর' ক; 'আহিরি' প-র-সা। ৩। 'চালাইয়া' ঘ, চ; 'চলাইয়া' প-র-সা। ৪। 'আপনি চলয়ে' প-র ৫। 'তুলে' প-র-সা। ৬। 'যায়' খ। ৭। 'বোলে' ঘ, চ। ৮। 'সভে' প-র। ৯। 'তবে' প-র। ১০। 'ওহে' ক, খ, চ, প-র-সা; 'হের' প-র। ১১। 'লব' প-র। ১২। 'তোমার' ক। ১৩। 'তুমি' ক, প-র। ১৪। অতঃপর প-র পুথিতে নিম্নলিখিত কলিটি দৃষ্ট হয়, যথা—

'দানীরে ভাড়াঞা গোরি নিতি যাও মধুপুরী
হেন কাজ না হয় উচিত।
শুন বৃষভানুর ঝি আঁচলে ঝাপিলে কি
দেখাইয়া কর পরতীত ॥'

১৫। 'গলায় মোতির' প-র। ১৬। 'কুসুম' ইত্যাদি কলিটি প-র পুথিতে নাই। ১৭। 'কর' খ; 'কর' প-র সা। ১৮। 'লুকি কিবা' প-র-সা। ১৯। 'কো' খ। ২০। 'কেশের' খ। ২১। 'কি বোল' ইত্যাদি স্থলে 'কিবা বলিলেন' প-র-সা। ২২। 'নহে' প-র। ২৩। 'এমন' ঘ। ২৪। 'তবে পাবে প্রতিফল' ক, খ, ঘ, চ।

বরাড়ী।[১]

এই তও[২] বৃন্দাবন-পথে।
নিতি নিতি[৩] করি গতায়াতে ॥
যদি[৪] হাতে করি লইয়ে[৫] সোণা।
তুমি কে না কহে কোন[৬] জনা ॥
তুমি দেখি পুছহ বড়াই।
কিসের দান চাহেন[৭] কানাই ॥ ধ্রু[৮] ॥
সঙ্গে সবে[৯] ঘৃতের[১০] পসার।
তাহে কেনে এতেক জঞ্জাল ॥[১১]
তুমি ত বরজ-যুবরাজ।
তুমি কেনে করিবে অকাজ ॥
দূর কর হাস পরিহাস।
কহতহি[১২] গোবিন্দদাস ॥৩৭॥১৩৩৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৪৯ ও প-র পুথির ২৮।৩ সংখ্যক পদ। ২। 'এহিত' প-র-সা ক,

৩। 'নিতি' শব্দ প-র-সা পুথিতে নাই। ৪। 'যদি' শব্দ ক, খ, চ ও প-র-সা পুথিতে নাই। ৫। 'করি লই যাই' ক, খ, চ; 'করি লইয়া' ঘ; 'কর‍্যা লঞা' প-র; 'করি লয়া' প-র-সা। ৬। 'হেন' ঘ, চ। 'তুমি' ইত্যাদি স্থলে 'কেহত না বোলে কোন' প-র-সা। ৭। 'মাগেন' প-র। ৮। কেবল প-র পুথিতে 'ধ্রু' আছে। ৯। 'সভে' প-র-সা, প-র। ১০। 'দধির' প-র। ১১। অতঃপর প-র পুথিতে নিম্নলিখিত পংক্তিদ্বয় দৃষ্ট হয়, যথা—

'সবে আছে ঘৃত দুগ্ধ দধি।
ইহাতে পাইবে কোন নিধি॥'

১২। 'দেপতহুঁ' প-র।

ধানশী।১

গরবহি সুন্দরি চললহি আনতহ্
নাগর পন্থ আগোর।
কহতহিঁ বাত দান দেহ মঝু হাত
আন ছলে কাঁচলি তোড়৩॥
অপরূপ প্রেম-তরঙ্গ।
দান-কেলি-রস- কলিত মহোৎসব
বর কিলকিঞ্চিত-রঙ্গ ॥ধ্রু॥
অলপ পাটল ভেল অথির দৃগঞ্চল
তহিঁ জল-কণ পরকাশ।
ধুনাইত ভুরু৪-ধনু পুলকে পুরল৫ তনু
অলখিত আনন্দ-হাস॥
ঐছন হেরি চকিত পুন তৈখনে৬
বাহুড়ল পদ দুই চারি।
রাধা মাধব তুহুঁ কর পদতলে৭
রাধামোহন বলিহারি ॥৩৮॥১৩৪০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৫০ সংখ্যক পদ। ২। 'চলল আপন পথ' ক; 'চলল আন পথে' খ, ঘ, চ। ৩। 'তোর' ক, ঘ, চ। ৪। 'ভ্রূ' খ, ঘ, চ। ৫। 'পূরল' ক। ৬। 'তৈখন' ক, চ। ৭। 'পদতল' প-র-সা।

১—১৫। পদকর্ত্তা রাধামোহন ঠাকুর স্বকৃত টীকায় লিখিয়াছেন,—"ততঃ গরবহি সুন্দরি" ইত্যাদিনা তৎকৌশলমুদাহরতি। অপূর্ব্বোঽয়ং প্রেম-বিলাসঃ যেন দানকেলিরসে কলিতো জনিতো যো মহোৎসবস্তত্র বরঃ কিলকিঞ্চিতস্ত রঙ্গঃ কৌশলো জাতঃ। তল্লক্ষণং যথা শ্রীমদুজ্জ্বলনীলমণৌ,—'গর্ব্বা-ভিলাষ-রুদিত-স্মিতাসূয়া-ভয়-ক্রুধাং। সঙ্করীকরণং হর্ষাদুচ্যতে কিলকিঞ্চিতং॥' 'আনত' অন্যত্র। অত্র প্রথমচরণে গর্ব্বঃ স্পষ্টঃ। 'অলপ পাটল' ইত্যনেন ক্রোধঃ। 'তহিঁ জল-কণ' ইত্যনেন রোদনং। 'ধুনাইত ভুরু-ধনু' ইত্যনেনাসূয়া। 'পুলকে পুরল' ইত্যনেনাভিলাষঃ। 'অলখিত আনন্দ-হাস' ইত্যনেন স্মিতং। 'তৈখনে বাহুড়ল পদ দুই চারি' ইত্যনেন ভয়ং ইতি সপ্ত।' টীকা প্রাঞ্জল বলিয়া অনুবাদ অনাবশ্যক।

ভাটিয়ারি।১

এই মনে বনে দানী হইয়াছ
ছুঁইতে রাধার অঙ্গ।
রাখাল হইয়া রাজ-কুমারী সনে২
কিসের রভস৩ রঙ্গ॥
এমন আচর৪ নাহি কর ডর
ঘনাঞা৬ আসিছ কাছে।
গুরুবর আগে করিব গোচর৭
তখন জানিবা৮ পাছে॥
ছুইয় না ছুইয় না৯ নিলজ কানাই
আমরা পরের নারী।
পর-পুরুষের পবন পরশে
সচেলে১০ সিনান করি॥

গিরি গিয়া যদি　　　　গৌরী আরাধহ
　　পান[১১] কনক-ধূমে।
কাম-সাগরে　　　　কামনা করহ
　　বেণী-বদরিকাশ্রমে॥
সূর্য্য[১২]-উপরাগে　　　　সহস্র সুন্দরী
　　ব্রাহ্মণে করহ সাত[১৩]।
তভু হয়ে নহে[১৪]　　　　তোমার শকতি[১৫]
　　রাই-অঙ্গে দিতে হাত॥[১৬]
গোবিন্দ দাসের　　　　বচন মানহ
　　না কর এমন ঢঙ্গ।
যোই নাগরী　　　　ও রসে আগরি[১৭]
　　করহ তাকর[১৮] সঙ্গ॥৩৯॥১৩৪১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৫১ ও প-র পুথির ২৮১৮ সংখ্যক পদ। ২। 'এমন বলেতে' প-র-সা। ৩। 'সঙ্গে' ক, খ, ঘ, চ। ৪। 'সুরত রসের' প-র। ৫। 'আচার' ঘ। 'এমন আচার' ইত্যাদি কলিটি প-র পুথিতে নাই। ৬। 'ঘনাইয়া' ঘ, চ। ৭। 'গোচরে' ঘ। ৮। 'জানিবে' ক। ৯। 'ছুঁইও না ছুঁইও না' ক; 'ছুয় না ছুয় না' ঘ। 'ছুইয় না' ইত্যাদি কলিটি প-র-সা ও প-র পুথিতে নাই। ১০। 'সচেল' ঘ। ১১। 'পান কর' ক, খ, চ, প-র-সা, প-র। ১২। 'সুরজ' ক, খ, ঘ, চ, প-র-সা। ১৩। 'সাথ' প-র-সা। ১৪। 'তভু তো না হয়' প-র-সা; 'তবে হয় নয়' প-র। ১৫। 'তুয়া অধিকার' প র। ১৬। অতঃপর প-র পুথিতে নিম্নলিখিত কলি দুইটি আছে, যথা—

　　'গাএর মলা যদি　　　　তুলিয়া ফেলাই
　　　　সেহ হয় কাচা সোনা।
　　মুখের ঘাম যদি　　　　মুছিয়া ফেলাই
　　　　সে হয় চান্দের কোণা॥
　　স্বাদু গন্ধ নাই,　　　　তোমার কথায়
　　　　মুচকি মুচকি হাস।
　　এ রূপ দেখিয়া　　　　আপনা চাহিতে
　　　　ছি ছি লাজ নাহি বাস।'

১৭। 'আগোরি' খ, প-র-সা। ১৮। 'তাহার' প-র-সা, প-র।

টীকা

১১। "পান" ইত্যাদি। রাধামোহন ঠাকুর লিখিয়াছেন,—'পান কনক ধূমে' ইতি কনকধূমপানং অতি-কঠোর-তপস্যাবিশেষঃ যতোঽধোমুখঃ সন্ কনকবর্ণধূমং পিবন্ দুর্ল্লভাভিলষিত-সিদ্ধ্যর্থং তপতি।' অর্থাৎ 'কনক-ধূম-পান' শব্দের অর্থ অতি কঠোর তপস্যা-বিশেষ,—যাহাতে উর্দ্ধপদ ও অধোমুখ-ভাবে থাকিয়া কনক-বর্ণ ধূম অর্থাৎ অগ্নিশিখার অব্যবহিত স্বর্ণাভ ধূম পান করিয়া অভীষ্টলাভের জন্য তপস্যা করিতে হয়।

ধানশী।[১]

তোহারি হৃদয়　　　　বেণি-বদরিকাশ্রম
　　উন্নত কুচ-গিরি কোর[২]।
সুন্দর বদন-ছবি　　　　কনক-ধূম পিবি
　　ততহিঁ তপত জিউ[৩] মোর॥
　　সুন্দরি তোহারি চরণযুগ[৪] ছোড়ি।
গোরি-আরাধনে　　　　কাহাঁ চলি যাওব
　　তুহুঁ সে তিরিথময়ি[৫] গোরি॥ ধ্রু॥
সিন্দুর সুন্দর　　　　মৃগমদ[৬] পরশল[৭]
　　এহি[৮] সুরজ-গ্রহ জানি[৯]।
তুয়া পদ-নখ-দিজ[১০]-　　　　রাজহি সোঁপলুঁ
　　সুন্দরি সহস্র[১১] পরাণি[১২]॥
কাম-সাগরে হাম　　　　সহজই নিমগন
　　কাম পূরবি তুহুঁ রাই।
শ্যামর বলি অব[১৩]　　　　চরণে না[১৪] ঠেলবি
　　গোবিন্দদাস মুখ চাই॥৪০॥১৩৪২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৫২ ও প-র পুথির ২৮।৯ সংখ্যক পদ। ২। 'জোর' প-র। ৩। 'মন' প-র। ৪। 'নিয়ড় অব' প-র। ৫। 'তিরিখময়' ক, খ, চ, প-র-সা, প-র। ৬। 'মৃগমদে' ক। ৭। 'মৃগমদবিন্দু সিন্দুর পরশন' প-র। ৮। 'এই' ক; 'সেই' প-র।, ৯। 'জান' প-র। ১০। 'দ্বিজ' ক, খ, চ, প-র-সা, প-র। ১১। 'সহজ' প-র। ১২। 'পরাণ' প-র। ১৩। 'শ্যামক বোল' প-র। ১৪। 'নাহি' প-র।

মায়ুর।[১]

সখিগণ সমুখহি[২] কাতরে কানু যব
স্তুবিনয়[৩] করলহি দীঠে[৪]।
তব তছু অভিমত করইতে কোই সখি
গোপতে বচন কহু মীঠে[৫]॥
সুন্দরি অলখিতে হও[৬] তিরোধান।
গিরিবর-কুঞ্জ- কুটিরে অতি গোপতে
যাই রাখহ নিজ মান ॥ ধ্রু[৭] ॥
ইহ অতি চপল- চরিত বর গিরিধর
কিয়ে জানি করু বিপরীতে।
শুনি উহ স্তুবচন ভীতহি জনু জন
রাই করল সোই নীতে ॥
বুঝি পুন নাগর সব গুণ-আগর
অলখিতে তহিঁ উপনীত।
রাধামোহন দেখি স্তুনাগরি
আনন্দে নিমগন-চীত ॥৪১॥১৩৪৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৫৩ সংখ্যক পদ। ২। 'সমুখেহিঁ' খ। ৩। 'সবিনয়' ঘ। ৪। 'দিঠ' প-র-সা। ৫। 'কহ মিঠ' প-র-সা। ৬। 'আও' ঘ। ৭। কেবল প-র-সা পুথিতে 'ধ্রু' আছে।

ধানশী।[১]

পরশহি গদ গদ নহি নহি বোল।
তনু-তনু পুলকিত আনন্দ হিলোল ॥
কো করু অনুভব দুহুঁক বিলাস।
এক মুখে সিতকার এক মুখে হাস ॥
নিমিলিত নয়ন নয়ন করু থীর।
মণিত-বলিত[২] মণি-মঞ্জু-মঞ্জীর ॥
নাগরি দেওল ঘন-রস দান।
রাধামোহন পহুঁ অমিয়া সিনান ॥
॥৪২॥১৩৪৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৫৪ সংখ্যক পদ। ২। 'মণি তরলিত' ক; 'মনিত রনিত' খ, ঘ; 'মিলিত বলিত' প-র-সা।

পুনর্গোষ্ঠ-গমনম্।

সারঙ্গ।[১]

নন্দের নন্দন যায় বেণু বাজাইয়া।
মরুক মেন[২] গৃহ-কাজ দেখ বাহির হৈয়া[৩] ॥
কার ঘরের বন্ধুয়া যায় রূপ দেখি যাইয়া[৪]।
যদি না শুন[৫] আমার বোল মরিবা ঝুরিয়া[৬] ॥
নীল উতপল শ্যাম বসন শোভা ভাল[৭]।
থীর বিজুরি মেঘে[৮] করিয়াছে আল ॥
রতন-খিচনি মোহন[৯] বাঁশী শোভে বাম হাতে।
চলিতে না চলে অঙ্গ দোলায়[১০] রাজপথে ॥
॥৪৩॥১৩৪৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৫৫ ও প-র পুথির ২৭।৯ সংখ্যক পদ। ২। 'মরুক বেন' প-র-সা; 'থাকুক মেনো' প-র। ৩। 'দেখো দাড়াইয়া' প-র-সা; 'চল দেখি যাঞা' প-র। ৪। 'কার প্রাণবন্ধু যায় দেখ বারি হঞা' প-র। ৫। 'না

শুনি' প-র-সা। ৬। 'দুকুল বাহিয়া যায় নয়ন না চাঞা' প-র। ৭। 'হিরণ-কিরণ শ্যামবরণ শোভা করে ভাল' প-র। ৮। 'মেঘে যেন' প-র। ৯। 'মোহন' শব্দ প-র পুথিতে নাই। ১০। 'দোলে' প-র।

ভাটিয়ারি।১

কালিন্দী কিনারে নাগর ধায়[২]।
আমা পানে চাইয়া ঘনাইয়া বাঁশী বায়[৩] ॥
খেণে খেণে[৪] শ্রীদামের কান্ধে অবলম্বি।
খেণে খেণে[৫] বাজায় বাঁশী হইয়া ত্রিভঙ্গী ॥
নখ-মণি ইন্দু জিনি[৬] রাঙ্গা চরণেতে[৭] সাজে।
দু গাছি[৮] সোণার নুপুর না চলিতে[৯] বাজে ॥
মণিময় অভরণ বসন পিয়লি।
নব জলধরে যেন[১০] পড়িছে বিজুরি ॥

॥৪৪॥১৩৪৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৫৬ ও প-র পুথির ২৭।১০ সংখ্যক পদ। 'ভাটিয়ারি' স্থলে 'পঞ্চম' প-র। ২। 'শ্যাম যায়' প-র। ৩। 'আমা' ইত্যাদি পংক্তির স্থলে—'আমা পানে চাঞা চাঞা ঘনাঞা ঘনাঞা বাঁশী বায়' ক; 'আমা পানে চাহিয়া ঘনাইয়া ঘনাইয়া বংশী বাজায়।' খ; 'আমা পানে চাইয়া ঘনাইয়া ঘনাইয়া বাঁশীটি মধুর বায়।' থ। এই পদের সকলগুলি কলি পয়ার-ছন্দে রচিত হইয়া প্রথম কলিটি যে ত্রিপদী ছন্দে রচিত হইবে, ইহা সম্ভবপর বোধ হয় না; সুতরাং প-র-সা পুথির পাঠই সমীচীন বোধ হয়। ৪-৫। 'ক্ষণে ক্ষণে' ক। ৬। 'ধ্বজ বজ্রাঙ্কুশ' প-র। ৭। 'চরণেতে' ক, খ, প-র। ৮। 'দিগে' প-র। ৯। 'নাচনিতে' খ, ঘ, চ, প-র-সা। ১০। 'নব জলধরে জনু' ক, খ, প-র-সা; 'নবীন মেঘেতে জনু' প-র।

টীকা

৯। "দুগাছি" ইত্যাদি। (শ্রীকৃষ্ণের চরণদ্বয় এরূপ সুচঞ্চল যে, বোধ হয় যেন) সোনার নুপুর দুগাছি না চলিতেই বাজিতেছে। (এ স্থলে অতিশয়োক্তিমূলক প্রতীয়মান 'উৎপ্রেক্ষা'-অলঙ্কার দ্বারা নূপুরের সুচঞ্চলতা-রূপ বস্তু ব্যঞ্জিত হইতেছে)। নৃত্যকালে সকল নূপুরই বাজিয়া থাকে; সুতরাং 'নাচনিতে' পাঠ ধরিলে অর্থের কোন বৈচিত্র্য থাকে না। প্রাচীন পুথির 'ল' ও 'ন' প্রায় এক রকম এবং অনেক সময়ে শব্দদ্বয়ের মধ্যে ফাঁক না রাখাতেই এই পাঠ-বৈষম্যের উৎপত্তি হইয়াছে।

তথা রাগ।১

নীল-কমল-দল শ্রীমুখ-মণ্ডল[২]
ঈষত মধুর মৃদু হাস।
নাচিতে নাচিতে যায় গো-ধূলি লাগ্যাছে গায়
আহীর-বালক চারি[৩] পাশ ॥
মণিময় ঝুরি মাথে কনয়া[৪] পাঁচনি হাতে
রতন-নূপুর রাঙ্গা পায়।
আগে আগে[৫] ধেনু ধায়[৬] পাছে যায়[৭] শ্যামরায়
বরিহা উড়িছে মন্দ বায়[৮] ॥
সভার সমান ঝুঁটা[৯] কপালে চন্দন-ফোঁটা
রাখাল কোন জনা বিনদিয়া[১০]।
শ্রীদামের কান্ধে হাত ওই যায়[১১] প্রাণনাথ
রাই দিছেন চিনাইয়া চিনাইয়া[১২] ॥

॥৪৫॥১৩৪৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৫৭ ও প-র পুথির ২৭।১১ সংখ্যক পদ। 'তথা রাগ' স্থলে 'করুণা' প-র। ২। 'নীল-কমল' ইত্যাদি কলিটির স্থলে প-র পুথির পাঠ, যথা—

'আহির-বালক চারি পাশ।
নীল-কমল-দল শ্রীমুখ মণ্ডল
ঈষত মধুর মৃদু হাস ॥'

৩। 'চারু' ঘ। ৪। 'সোনার'. প-র। ৫। 'নাচিতে নাচিতে' প-র। ৬। 'যায়' ক, খ, প-র-সা, প-র। ৭। 'পাছে' চ, প-র-সা, প-র; 'ধায়' ক, খ। ৮। 'গোধুলি-ধূসর শ্যামকায়' প-র। ৯। 'ঝুঠা' খ; 'ঝোটা' প-র। ১০। 'বিনোদ রাখাল কোন জনা' ক, খ, ঘ, চ, প-র। ১১। 'যায় মোর' প-র। ১২। 'দিয়াছেন দেখাইয়া' প-র-সা; 'রাই দিছে চিনিয়া চিনিয়া' প-র।

তথা রাগ।১

মকর-কুণ্ডল মেলে কনক-কেতকী দোলে
কেওয়া২ নহে কামের করাতি।
উপরে বিজুরি-ভাতি হেম-অভরণ-কাঁতি
পীত পিন্ধন কত ভাতি॥
সজনি পেখলুঁ বরিহা চূড়া মালে।
মাতল ভ্রমর জানি৩ ঘুরিয়া ঘুরিয়া বুলে
পড়ে জানি৪ নয়ন-কমলে॥
কুন্দে কুন্দাওল কালা কনক কেয়ূর৫ বালা৬
শ্যাম-অঙ্গে করে ঝিকিমিকি৭।
অঙ্গের সৌরভ পাঞা অলি-কুল৮ আইল ধাঞা
লাখে লাখে মদন ধানুকী॥৪৬॥১৩৪৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৫৮ সংখ্যক পদ। ২। 'কেয়া' সা-প ২০১নং পুথি। ৩। 'জালে' ক; 'জহু' প-র-সা। ৪। 'জনি' সা-প ২০১ নং পুথি। ৫। 'বিজুরি' চ, প-র-সা। ৬। 'মালা' ক, খ, প-র-সা, প-র। ৭। 'ঝকমকি' সা-প ২০১নং পুথি। ৮। 'অলিরাজ' ক, খ, ঘ, চ, প-র-সা, প-র।

তথা রাগ।১

কানুক গোঠ গমন হেরি রাই।
বিরহে বেয়াকুল নিরজনে যাই॥
তহিঁ মুখরা সখি সঞে উপনীত।
রাইক মুখ হেরি গদগদ চীত॥
সো কহে কাহে বিলপসি২ অনুরাগে।
হাম মিলায়ব তোহে কানুক আগে॥
ধনি কহে এক দিন হেরিলুঁ তাহে।
উদ্ধব কহয়ে গোঠে৩ কানন মাহে॥
॥৪৭॥১৩৪৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৫৯ সংখ্যক পদ। ২। 'বিলাপসি' ক; 'বিলপি' খ। ৩। 'গোঠে' শব্দটি ঘ পুথিতে নাই।

বরাড়ী।১

বড়ি মাই২ কানুরে পরাণ পোড়ে মোর।
যমুনা-পুলিন বনে দেখ্যাছি রাখাল সনে
খেলা-রসে হৈয়াছিল ভোর৩॥
বংশী বটের তল ছায়া অতি সুশীতল
তাহাতে যাইতে না৪ লয় মন।
রবির কিরণে চান্দ- মুখানি ঘামিয়াছিল
ভোখে৫ আঁখি অরুণ-বরণ৬॥
পীত ধড়ার অঞ্চল৭ ঘামে তিতিয়াছিল৮
ধূলায় ধূসর শ্যাম-কায়া।
মোর মনে হেন হয় যদি নহে৯ লোক-ভয়
আঁচর কাঁপিয়া করোঁ১০ ছায়া॥
কি করিব কোথা যাব এ দুখ কাহারে কব
না কহিলে মনে বেথা লাগে।
বংশীবদনে কয় কি করিবে লোক-ভয়
কহ যাইয়া যশোদার আগে॥৪৮॥১৩৫০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৬০ ও প-ম পুথির ২৭।১৩ সংখ্যক পদ। ২। 'মাই গো' প-র। ৩। 'হইয়াছে বিভোর' প-র। ৪। 'তাতে যাত্যে নাহ'

প-র। ৫। 'ভোগে' প-র-সা; 'ভূখে' প-র। ৬। 'অরুণ-বয়ন' প-র-সা; 'মলিন বয়ান' প-র। ৭। 'ধড়ার অঞ্চল তার' প-র। ৮। 'ঘামেতে ভিজিয়াছে' প-র। ৯। 'না হয়' প-র-সা। ১০। 'করো' ক; 'করু' খ; 'করও' প-র-সা।

সুহই।১

কহিতে কহিতে এ সব কথা।
দ্বিগুণ ভৈগেল অন্তরে বেথা॥
রূপের লাবণি অসীম গুণে।
সোঙরি ধৈরজ না ধরে মনে॥
পুন পুন গোষ্ঠে২-গমন-লীলা।
কহিতে নয়ন নীরে ভরিলা॥
সখীগণ কহে প্রবোধ-বাণী।
হেরিয়া উন্মত আকুল প্রাণী॥৪৯॥১৩৫১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৬১ সংখ্যক পদ।
২। 'গোঠে' ক, খ, প-র-সা।

ধানশী।১

কানুক গোঠ-গমনে ধনি রাই।
বিরহে বেয়াকুল থীর না পাই॥
সখিগণে কহে হই২ বিরহে বিভোর।
কৈছে মিলব আজু নন্দ-কিশোর॥
হৃদয়ক তাপ তব মিটব হামার৩।
গোগণে কানন ভেল বিথার॥
গোপ সখাগণ তাহে অপার।
আজু কি করব মিলন বিচার৪॥
কৈছনে যাওব ইহ দিন মাঝ৫।
যদুনন্দন তুয়া সঙ্গহি সাজ৬॥৫০॥১৩৫২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৬২ সংখ্যক পদ।
২। 'ইহ' প-র-সা। ৩। 'হৃদয়ক তাপ মিটব তব মোর' ক, প-র-সা। ৪। 'আজু' ইত্যাদি পংক্তিটি ক ও প-র-সা পুথিতে নাই। ৫। 'কৈছে যাওব এহ দিন মাঝার' প-র-সা। ৬। 'যদুনন্দন' ইত্যাদি পংক্তির পরে প-র-সা পুথিতে নিম্নলিখিত পংক্তি দৃষ্ট হয়, যথা—'সব সখী করু ধনিক সাজ'।

অথ দান-লীলা। সঙ্কেত-মুরলী।

তদুচিতশ্রীগৌরচন্দ্রঃ।

বেলোয়ার।১

সোঙরি পুরব-লীলা ত্রিভঙ্গ হইয়া।
মোহন মুরলী গোরা অধরে লইয়া॥
মুরলীর রন্ধ্রে ফুক দিল২ গোরাচাঁদ।
অঙ্গুলী চালায়্যা করে সুললিত গান॥
নগরের লোক যত শুনিয়া মোহিত।
সুরধুনী-তীরে তরু লতা পুলকিত॥
ভুবন মোহন৩ গোরা-মুরলীর স্বরে।
বাসুদেব ঘোষ ইথে কি বলিতে পারে॥
॥৫১॥১৩৫৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৬৩ সংখ্যক পদ।
২। 'দিয়া' ক। ৩। 'ভুবন মোহিন' (পাঠান্তর—চ)।

শ্রীরাগ।১

খেলা-রসে ছিলা কানাই শ্রীদামের২ সনে।
হেন কালে রাধারে পড়িয়া গেল মনে॥
আপনার ধেনু সব৩ সঙ্গিগণে দিয়া।
রাধা বলি বাজায় বাঁশী ত্রিভঙ্গ হইয়া॥
রাধা বলি কানাই পূরিল মোহন বাঁশী।
শ্রীরাধিকার কাণে তাহা প্রবেশিল আসি॥
শুনি ধ্বনি সুবদনী অথির হইয়া।
বন্ধুরে আপনা দিয়া মিলিব৪ যাইয়া৫॥

রায় শেখর কহে এই কথা[৬] বটে।
চল সভে যাই আমরা যমুনার তটে[৭] ॥
॥৫২॥১৩৫৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৬৪ সংখ্যক পদ। ২। 'সুবলের' (পাঠান্তর—খ) প-র-সা। ৩। 'বচ্ছ' প-র-সা।. ৪। 'মিলব' ঘ, চ। ৫। 'বন্ধুরে' ইত্যাদি স্থলে 'বন্ধুরে ভেটিব যায়া আপনাকে দিয়া' প-র-সা। ৬। 'এ কথাটি' প-র-সা। ৭। 'চলো আমরা যাই সভে কালিন্দীর তটে' প-র-সা।

—

গান্ধার।১

মোহন মুরলী-রবে[২] আকুল হইয়া সভে[৩]
আর চিত ধরণে না যাই।
চল চল বড়ি মাই মথুরার বিকে যাই
দান-ছলে ভেটিব কানাই ॥
চলু বৃষভানু-নন্দিনী।
আনন্দে আকুল চিত অঙ্গ ভেল পুলকিত
শুনিয়া গোবিন্দ পথে দানী ॥ধ্রু॥
সুবর্ণের ভাণ্ড ভরি[৪] ঘৃত দধি ছেনা পুরি[৫]
সারি সারি পসরা উপর।
তাহাতে ওড়নি[৬] ডালি[৭] বিচিত্র নেতের ফালি
দাসী শিরে করে ঝলমল ॥
নিতম্ব-গুরুয়া-ভরে পাখানি টলমল করে
যেন ময়-মত্ত করিণী।
লোটন লোটায় পিঠে কাঁকালি[৮] লুকায় মুঠে
তাহে শোভে বিচিত্র কিঙ্কিণী ॥
মুখে চুয়াইছে ঘাম যেন মুকুতার দাম
হেন বুঝি কুমুদের সখা।
শীতল তরুর ছায় রহিয়া রহিয়া যায়
যমুনা-কিনারে দিল দেখা ॥
নাগর আছিলা তথি[৯] দেখিয়া সে কুলবতী
দান ছলে আগুলিলা[১০] আসি।
দাস জগন্নাথে কয় মুখ নিরখিয়া রয়
যেমন[১১] চকোরে মিলে শশী ॥
॥৫৩॥১৩৫৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৬৫ সংখ্যক পদ। ২। 'স্বরে' প-র-সা। ৩। 'রহিতে না দিল ঘরে' প-র-সা। ৪। 'প্রতি' প-র-সা। ৫। 'ছানা আদি' প-র-সা। ৬। 'উড়নি' ক, খ, চ, প-র-সা। ৭। 'ডালি' ক, ঘ, চ। ৮। 'কাকালি' ঘ। ৯। 'তথি' প-র-সা। ১০। 'আগুরিলা' প-র-সা। ১১। 'যেন' ক।

ধানশী।১

চলইতে গজ-পতি বেচনে[২] যাহ।
কনক-মুকুর কত মুখ নিরবাহ ॥
অধর অরুণ-ছবি মাণিক[৩] কাঁতি।
দশনে চোরায়সি[৪] মোতিম পাঁতি ॥
এ ধনি কমলিনি কি বলিব আন।
সভে তোহে ছোড়ব গোরস-দান ॥
উর পর বিরাজিত[৫] কনক-মহেশ।
চামর-ধাম সুবাসিত কেশ ॥
সিন্দুর-বিন্দু ভাল পর শোভ[৬]।
দানি নাহি ছোড়য়ে বিদ্রুম-লোভ[৭] ॥
নয়নক অঞ্জন কণ্ঠক[৮] হার।
ইথে জনি[৯] আছয়ে কতয়ে[১০] বেভার ॥
সখি সঞে[১১] যুগতি করহ[১২] আন ঠামে।
জ্ঞানদাস কহব[১৩] পরিণামে ॥৫৪॥১৩৫৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৬৬ ও প-র পুথির ২৮।১৫ সংখ্যক পদ। ২। 'বেড়ল' প-র-সা।

৩। 'মাণিক্যের' ক, খ, ঘ, চ, প-র-সা। ৪। 'চোয়ারল' প-র। ৫। 'আবক' প-র। ৬। 'শোভা' প-র। ৭। 'লোভা' প-র। ৮। 'কঞ্চুক' ক, খ; 'কাটক' প-র-সা। ৯। 'জানি' খ, ঘ, চ, প-র-সা, প-র। ১০। 'কহয়ে' ক, খ, চ, প-র-সা। ১১। 'সনে' ক, খ, প-র-সা। ১২। 'করয়ে' ক, খ, প-র-সা। ১৩। 'অব করহ' প-র-সা।

তথা রূপোল্লাস।

সিন্দুড়া।[১]

আইস[২] বৈস তরু-মূলে শশি-মুখি রাই।
তোমার বদন-শোভার[৩] বলিহারি যাই॥
চর চর কষিল-কাঞ্চন-তনু গোরি[৪]।
ধরণী পড়িছে নব-যৌবন-হিলোরি[৫]॥
বদন শরদ-সুধানিধি অকলঙ্ক।
মনমথ-মথন অলপ দিঠি বঙ্ক॥
আলো রাই কি বলিব আর।
ভুবনে দিবার নাহি তুলনা তোমার॥ ধ্রু[৬]॥
কুটিল কুন্তল বেড়ি কুসুমের জাদ।
সুরজ সিন্দুর সিথে[৭] বড় পরমাদ॥
উন্নত উরজ[৮] কিবা কনক-মহেশ।
মুঠে[৯] ধরিয়ে[১০] কিবা খিণ মাঝ-দেশ॥
উলটি-কদলী উরু[১১] গুরুয়া নিতম্ব।
জ্ঞানদাসের পহু জীয়ে এই[১২] অবলম্ব॥

॥৫৫॥১৩৫৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৬৭ সংখ্যক পদ। ২। 'আই' চ। ৩। 'শোভা' ক, প-র-সা। ৪। 'গোরি তনু' প-র-সা। ৫। 'হিলহু' প-র-সা। ৬। কেবল প-র-সা পুথিতে 'ধ্রু' আছে। ৭। 'শিরে' ক, খ, প-র-সা। ৮। 'উজর' খ, ঘ, চ, প-র-সা। ৯। 'মুঠে' ক, খ, চ, প-র-সা। ১০। 'ধরিয়া' ঘ, চ। ১১। 'ভুরু' প-র-সা। ১২। 'এই' প-র-সা পুথিতে নাই।

মায়ুর।[১]

কবরী ভয়ে চা- মরি গিরি-কন্দরে[২]
মুখ-ভয়ে চান্দ আকাশ[৩]।
হরিণি নয়ন-ভয়ে স্বর[৪]-ভয়ে কোকিল
গতি-ভয়ে গজ বন[৫]-বাস[৬]॥
সুন্দরি কাহে মোহে সম্ভাষি না যাসি[৭]।
তুয়া ডরে[৮] ইহ সব[৯] দূরহি[১০] পলায়ল
তুহুঁ পুন কাহে[১১] ডরাসি॥ধ্রু॥
কুচ-ভয়ে কমল- কোরক[১২] জলে মুদি রহু[১৩]
ঘট পরবেশে হুতাশে[১৪]।
দাড়িম[১৫] শ্রীফল গগনে বাস করু
শম্ভু গরল করু গ্রাসে[১৬]॥
ভুজ-ভয়ে কনক- মৃণাল পঙ্কে রহুঁ
কর-ভয়ে কিসলয় কাঁপে।
বিদ্যাপতি কহ[১৭] কত কত ঐছন
করহ[১৮] মদন[১৯] পরতাপে[২০]॥

॥৫৬॥১৩৫৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৬৮ ও প-র পুথির ১৬।১১ সংখ্যক পদ। 'মায়ুর' স্থলে 'ভিরোখা ধানশী' প-র। ২। 'কবরীক ভয়ে শিখি গেও গিরি-কন্দরে' প-র। ৩। 'আকাশে' ঘ। ৪। 'সুর' খ, চ। ৫। 'বয়' চ। ৬। 'বাসে' ঘ। ৭। 'এ ধনি তুহু পুন কাহে না সম্ভাষি' প-র। ৮। 'ডরে' ঘ। ৯। 'কো নাহি' প-র। ১০। 'কাহা' প-র। ১১। 'কাহে ন' খ। ১২। 'মুকুল' প-র। ১৩। 'রজি গেও' প-র। ১৪। 'উদাসে' প-র-সা। ১৫। 'ডাড়িম' প-র। ১৬। 'গরাসে' প-র। ১৭। 'কবিশেখর ভণ' প-র। ১৮। 'কবহু' প-র। ১৯। 'মদন' প-র। ২০। 'কর তাপে' প-র।

বরাড়ী।১

হেন রূপে কেন যাও মথুরার দিকে।
বিষম রাজার ভয়ে ঠেকিবা বিপাকে ॥
দিনকর-কিরণে মলিন মুখখানি।
হেরিয়া হেরিয়া মোর বিকল পরাণী ॥
বসিয়া তরুর ছায় করহ বিশ্রাম।
শ্রম-জল-বিন্দু যেন মুকুতার দাম ॥
বংশীবদনে কহে শুন হে নাগর।
বুঝিলাম বট তুমি রসের সাগর ॥

॥৫৭॥১৩৫৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৬৯ সংখ্যক পদ।

শ্রীগান্ধার।১

না যাইয় না যাইয় রাই[২] বৈস তরু-মূলে।
আসিতে পাইয়াছ বেথা[৩] চরণ-যুগলে[৪] ॥
মণি মুকুতার দাম[৫] অঙ্গ ঝলমলি।
ব্রজের বিষম[৬] চোর লইবে[৭] সকলি ॥
চাঁচর কেশের বেণী দুলিছে কোমরে[৮]।
ফণীর ভরমে বেণী গিলিবে ময়ূরে ॥
নীল ওড়নীর[৯] মাঝে মুখ শোভা করে[১০]।
সোণার কমল বলি দংশিবে ভ্রমরে ॥
করি-কুম্ভ-দম্ভ জিনি কুম্ভ কুচ-গিরি।
গজের ভরমে পাছে পরশে কেশরী ॥
খঞ্জন-গঞ্জন আঁখি[১১] অঞ্জন ভাল শোভে।
বিন্ধিবেক ব্যাধ হেম-হরিণীর[১২] লোভে ॥
সিন্দুরের বিন্দু ভালে[১৩] ভানুর[১৪] উদয়।
রবি শশী বলি মুখ রাহু গরাসয়[১৫] ॥
নলিনী-দলন রাই তব মুখ করে।
ভ্রমর ছাড়িবে কেনে[১৬] রস নাহি পিলে[১৭] ॥
তড়িত জড়িত বসন ঘন উড়ে।
পাইলে ইন্দ্রের বাণ পাছে জানি পড়ে[১৮] ॥
বংশীবদনে কহে কহিলে সে ভাল[১৯]।
বিদগধ বট তুমি তাহা জানা গেল ॥৫৮॥১৩৬০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৭০ ও প-র পুথির ২৮।১১ সংখ্যক পদ। 'শ্রীগান্ধার' স্থলে 'পঞ্চম' প-র। ২। 'না যাইহ না যাইহ রাই' ক; 'না যাও না যাও রাই' প-র; 'আইস আইস বিনোদিনি' প-র-সা। ৩। 'আস্থ কাছে বাজে পাছে' প-র। ৪। 'কমলে' প-র-সা, প-র। ৫। 'দামে' প-র-সা। ৬। 'দারুণ' প-র-সা। ৭। 'নিবেক' খ। ৮। 'কমরে' খ, প-র-সা। ৯। 'উড়নির' ঘ; 'উড়নির' প-র-সা। ১০। 'নীল' ইত্যাদি কলিটি প-র পুথিতে নাই। ১১। 'আঁখে' প-র। ১২। 'হেম হরিণের' ক; 'হেন হরিণীর' প-র-সা। ১৩। 'ভাল' ক, চ। ১৪। 'রবির' প-র-সা। ১৫। 'মুখ' ইত্যাদি স্থলে 'রাহু গিলিবে তোমায়' প-র। ১৬। 'ভ্রমর' ইত্যাদি স্থলে 'চকোর না ছাড়িবেক' ক, খ, চ, প-র-সা; 'চকোর না ছাড়িবে রাই' ঘ। ১৭। অতঃপর প-র পুথিতে নিম্নলিখিত কলিটি দৃষ্ট হয়, যথা—

'নানা আভরণ অঙ্গে করে ঝলমলি।
দারুণ ব্রজের চোরে লইবে সকলি ॥'

১৮। 'পাইলে ছাড়িবে না দারুণ ভ্রমরে।' প-র। ১৯।

'গোবিন্দ দাসের বাণী শুন বিনোদিনি।
শ্যাম সঙ্গে রস-রঙ্গে কর বিকিকিনি ॥'—প-র।

ধানশী।১

ওহে নাগর ঘনাইয়া ঘনাইয়া[২] আইস কাছে।
সোণার বরণ মোর দেখিয়া কৈয়াছ ভোর
ভরমে পরশ কর পাছে ॥ ধ্রু ॥
আমরা ত[৩] কুলবতী তুমি সে[৪] রাখাল জাতি[৫]
কি কহিতে কিবা কহ[৬] বাণী।

বাঙনেতে[৮] চান্দ যেন ধরিতে করয়ে মন
সেই[৯] দেখি তোমার কাহিনী ॥
সঘনে ঢুলাও মাথা শুনিয়া না শুন কথা
পসারি আসিছ[১০] দুটি বাহু।
না বুঝিয়া কর[১১] বল পাইবা তাহার ফল
তখন কথা না শুনিবে কেহু ॥
শুনিয়া কহয়ে[১২] দানী শুন শুন বিনোদিনি
না পারিবা আমারে বঞ্চিতে।
বিকি না ছাড়িবা তুমি আমি ত[১৩] পথের দানী
নিতুই ঠেকিবা মোর হাতে ॥৫৯॥১৩৬১ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৭১ সংখ্যক পদ। ২। 'ঘনাঞা' ক, খ; 'ঘনায়া ঘনায়া' প-র-সা। ৩। কেবল প-র-সা পুথিতে 'ধ্রু' আছে। ৪। 'সে' প-র-সা। ৫। 'তো' প-র-সা। ৬। 'মতি' প-র-সা। ৭। 'হয়' প-র-সা। ৮। 'বাঙনের' ঘ; 'বামনে এ' প-র-সা। ৯। 'তেঞি' প-র-সা। ১০। 'পসারিয়া আইস' প-র-সা। ১১। 'না বুঝি করহ' প-র-সা। ১২। 'শুনি শুনি কহে' প-র-সা। ১৩। 'তো' প-র-সা।

আশাবরী।[১]

ওহে নাগর,
কেমনে তোমার সঙ্গে পিরিতি করিব[২]।
সোণার বরণ[৩] তনু খানি মোর[৪]
ছুঁইলে বদল পাছে হব[৫] ॥ধ্রু॥
তোমার গলায় গুঞ্জা[৬]-মালা গাছি
আমার গলায়[৭] গজ-মোতি।
নিকড়্যা[৮] বনের ফুলে[৯] চূড়াটি বান্ধিয়া আছ[১০]
মউরের[১১] পুচ্ছ[১২] তার সাথী[১৩] ॥
মণি মুকুতার নাহি অভরণ
সাজনি[১৪] বনের ফুলে।
চূড়াটি বেড়িয়া[১৫] ভ্রমরা[১৬] গুঞ্জরে
তাহে কি রমণী ভুলে ॥
কি জানি কি করা্যা রাখালে ভুলাঞা[১৭]
আইলা কোন বনে থুঞা।
আমরা রাখাল নই চতুর[১৮] সমাজে রই
ভুলাইবা কি বোল বলিয়া ॥৬০॥১৩৬২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৭২ ও প-র পুথির ২৮।১০ সংখ্যক পদ। 'আশাবরী' স্থলে 'আসোয়ারি' প-র-সা; 'ভাটিয়ারি' প-র। ২। 'কেমনে তোমার' ইত্যাদি প-র-সা; স্থলে 'তুমি রাখাল রাজ-নন্দিনি আমি কেমনে' ইত্যাদি প-র। ৩। 'সোণার বরণ আমি' প-র। ৪। 'অঞ্জনের পুঞ্জ তুমি' প-র। ৫। 'ছুইলে বোদল' ইত্যাদি ঘ; 'তুমি ছুলো মলিন হইব' প-র। ৬। 'গুঞ্জার' ঘ, চ। ৭। 'মোর গলে' প-র-সা। ৮। 'নিকড়িয়া' প-র-সা। ৯। 'ফুলের' প-র-সা। ১০। 'বান্ধিয়াছ' ঘ, চ। 'বান্ধিয়া আছ' শব্দ দুইটি প-র-সা পুথিতে নাই। ১১। 'ময়ুর' ক; 'মউর' খ, ঘ, চ। ১২। 'পাখা' প-র-সা। ১৩। 'সাথী' ক। ১৪। 'ভূষণ' প-র। ১৫। 'চূড়ার উপরে' প-র-সা; 'চূড়ার উপরে কত' প-র। ১৬। 'ভ্রমর' ক। ১৭। 'কি জানি' ইত্যাদি কলি প-র পুথিতে নাই; তৎস্থলে নিম্নলিখিত কলি দৃষ্ট হয়, যথা—
'অরণ্য ভিতরে পাইয়া অবলা
বিবাদ না কর কালা।
বংশীদাসে কয় ভাল না হইবে
আমরা কুলের বালা ॥'
১৮। 'চতুরি' ঘ।

সিন্দুড়া—তেওট।[১]

শুন লো সুন্দরি প্রেমেত আগরি[২]
তোমার অনুরাগে মরি।
তোমার লাগিয়া সকল ছাড়িয়া
আইলাম গোকুল পুরী ॥

তোমার কারণে ফিরি বনে বনে
ধেনু রাখিবার ছলে।
ভ্রমিয়া ভ্রমিয়া লাগি না পাইয়া
ছলে বসি তরুতলে ॥
রাই আমি সে তোমার[৩] দাসী।
সকল ছাড়িয়া রাধা নাম ধেয়াঞা
নামের মহিমা শুনি[৪] ॥৬১॥১৩৬৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৭৩ সংখ্যক পদ। ২। 'না কহি চাতুরি' প-র-সা। ৩। 'তোমারি' ক, খ। ৪। অতঃপর প-র-সা পুথিতে নিম্নলিখিত অতিরিক্ত কলিগুলি দৃষ্ট হয়, যথা—

'নাগরের বাণী শুনি বিনোদিনী
প্রেমে ছল ছল আঁখি।
তোমার দুখে ত সদাই দুখিত
তোমার সুখেতে সুখী ॥
শুন হে নাগর দয়ার সাগর
দয়া না ছাড়িহ তুমি।
সকল ছাড়িয়া তোমার লাগিয়া
রুধির পসারিণী আমি ॥'

উদ্ধৃত কলি দুইটি পরিত্যাগ না করিলে পরবর্তী পদের সহিত অসামঞ্জস্য হয় বলিয়াই, বোধ হয় বৈষ্ণবদাস উহা পরিত্যাগ করিয়াছেন।

কামোদ।১

হেদে হে কিশোরি গোরি, তোহে পরিহার করি
শুনি কিছু কর অবধান।
ও চান্দ-মুখের হাসি হৃদয়ে রহল পশি
বৈদগধি দগধে[২] পরাণ ॥
রাই তোমার বৈদগতা[৩] কি কহিব তার কথা
কহিতে উথলে হিয়া মোর।
না দেখিয়া তোমারে পরাণ কেমন করে
তোমার গুণের নাহি ওর ॥
যে জন প্রণত হয় তাহারে তেজিতে নয়
মনে বিচারহ এই কথা।
তুমি যে কহাও বাণী তাহাই কহিয়ে আমি
নিশ্চয় জানিহ[৪] সর্ব্বথা ॥
যে পণ কর‍্যাছ[৫] তুমি সেই পণ দিব আমি
তুমি মোরে দয়া না ছাড়িহ[৬]।
জ্ঞানদাসেতে[৭] কয় দুহুঁ তনু একই[৮] হয়
পরাণে পরাণে বান্ধা থুইহ ॥৬২॥১৩৬৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৭৪ সংখ্যক পদ। ২। 'বধ' ক; 'বধহ' খ, চ; 'সা বধ' ঘ। ৩। 'বৈদগ্ধতা' ক। ৪। 'জানিও' ক। ৫। 'করহ' ক, খ, চ, প-র-সা। ৬। 'ছাড়িয়' ঘ। ৭। 'জ্ঞানদাস' ক, খ, ঘ, চ। ৮। 'এক' ক। ৯। 'থুইয়' চ।

কামোদ—মঙ্গল।১

কিছু বৈল[২] না হে কৈয়[৩] না হে
কথা শুনি ফাটে মোর বুক।
তোমা না দেখিলে প্রাণ সদা করে আনছান[৪]
দেখিলে সে জিয়ে[৫] চাঁদ-মুখ ॥ধ্রু॥
তুমি জল আমি মীন আমি দেহ তুমি প্রাণ
তুমি চন্দ্র আমি যেন নিশি।
কে জানে কে হেদে কেনে[৬]
আধ তিল তোমা বিনে
আপনা[৭] ভসম সম বাসি ॥
সরল সারিকা হাম পঞ্জর তোমার প্রেম
তাহে বন্দী[৮] হইয়াছি হরি।
তোমার বিয়োগে হাম সদাই বিয়োগী হে
তেঞি আনি[৯] রুধির পসারি ॥
দাড়াঞা পথের মাঝে তিলাঞ্জলি দিলাম লাজে
তুয়া গুণে বাজায়্যা[১০] নিসান।

হের দেখ ওহে শ্যাম, তুই বাউহে১১ তোমার নাম
　　দাগিয়া রাখিয়াছি নিজ প্রাণ ॥
ধৈরজ ধরিতে নারি　　　এক নিবেদন করি
　　না হইও মোর বধের বধী ।
বংশীবদনে কয়　　　এ কথা অন্যথা নয়
　　এক জিউ দুই কৈল বিধি ॥৬৩॥১৩৫৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৭৫ সংখ্যক পদ। ২। 'বলা' ক, খ, চ। ৩। 'কৈহ' ঘ। ৪। 'আনচান' ক, খ। ৫। 'জুড়ায়' প-র-সা। ৬। 'কে জানে' ইত্যাদি স্থলে 'কি জানি এ দেহ' প-র-সা। ৭। 'আপন' ক, খ, চ, প-র-সা। ৮। 'বন্ধ' প-র-সা। ৯। 'তাহে লাগি' প-র-সা। ১০। 'বাজাঞা' ক; 'বাজাইয়া' ঘ। ১১। 'বাহয়ে' ক; 'বাহতে' খ।

ধানশী।১

তোমার বদন　　　আমার জীবন
　　সরবস ধন তুমি।
তোমা ধরি চিতে　　　খুঁজিতে খুঁজিতে
　　আসিয়া পাইলাম আমি ॥
　　রাই হে, কি মোর করম ভাগি।
ব্রজের জীবন　　　সভাকার ধন
　　আসিয়া পাইলাম লাগি ॥ধ্রু॥
দারিদ্রের মত　　　ফিরিয়ে জগত
　　চনক-মুঠের আশে।
তার মাঝে যেন　　　হেম-বরিষণ
　　বিধি মিলায়ল পাশে ॥
এতক্ষণে মোর　　　আশ পূরল
　　ভাঙ্গল মনের ধন্দ।
কহে নটবর　　　এ হেন দুর্লভ
　　রাই শ্যামর-চন্দ ॥৬৪॥১৩৬৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৭৬ সংখ্যক পদ।

ভূপালী।১

রাধামাধব নীপ-মূলে।
কেলি-কলা-রস দান ছলে ॥
দূরেং গেও সখিগণ সহিতে৩বড়াই।
নিভৃত-নীপ মূলে বৈঠল৩ রাই ॥
ভুজে ভুজে বেঢ়ি দোঁহার বয়নে বয়ন৪।
কমলে মধুপ যেন হইল মিলন৫ ॥
দোঁহার অধর-মধু দোঁহে করু পান।
নিজ অঙ্গে দিল রাই ঘন-রস দান ॥
মীলল দুহুঁ জন পূরল আশ।
আনন্দে সেবই গোবিন্দদাস ॥৬৫॥১৩৬৭॥

ইত্যাদি অনুরাগযুক্ত-দানপর্য্যায়ো গীতঃ পূর্ব্বাপর-মনোহরসাহি-শ্রীসংকীর্ত্তনানুসারেণ এতদ্গীত-সংগ্রহঃ। তত্র সকলেষু পদেষু ভণিতা নাস্তু, কেবলং গানানুসারেণ সংগ্রহঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৭৭ সংখ্যক পদ। 'ভূপালী' স্থলে 'গৌরী' ক, খ, প-র-সা। ২। 'দূরে' ক। ৩। 'লুঠই' ক, খ, ঘ, চ। ৪। 'বয়ানে বয়ানে' প-র-সা। ৫। 'মিলনে' প-র-সা।

অথ দান-কেলিঃ প্রকারান্তরং যথা।

তত্র গৌরচন্দ্র।

সুহই।১

গৌরাঙ্গচাঁদের মনে কি ভাব উঠিল২।
নদীয়ার মাঝে৩ গোরা দান সিরজিল ॥
কি রসের৪ দান চাহে৫ গোরা দ্বিজ-মণি।
বেত্র দিয়া আগুলিয়া রাখয়ে তরুণী ॥

দান দেহ দান দেহ বলি গোরা ডাকে[৬]।
নগরের[৭] নাগরী সব পড়িল বিপাকে ॥
কৃষ্ণ-অবতারে আমি সাধিয়াছি দান।
সে ভাব পড়িল মনে বাসুঘোষে গান ॥

॥৬৬॥১৩৬৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৭৮ সংখ্যক পদ। ২। 'পড়িল' প-র-সা। ৩। 'মাঝারে' ক, খ। ৪। 'কিসের' ক, খ, চ, প-র-সা। ৫। 'দান দেহ বলি ডাকে' প-র-সা। ৬। 'দান দেহ দেহ বলি ঘন ঘন ডাকে' প-র-সা। ৭। 'নদিয়া' প-র-সা।

শ্রীরাগ।[১]

কে যাবে কে যাবে[২] বড়াই ডাকে উচ্চস্বরে।
দধি দুগ্ধ ঘৃত ঘোল মথুরায় বেচিবারে[৩] ॥
সাজাইয়া পসরা রাই দিল দাসীর মাথে[৪]।
চলিলা মথুরার[৫] দিকে রঙ্গিয়া বড়াই[৬] সাথে ॥
পথে যাইতে কহে কথা কানু-পরসঙ্গ।
প্রেমে গরগর[৭] চিত পুলকিত অঙ্গ ॥
নবীন প্রেমের ভরে চলিতে না পারে।
চঞ্চলা হরিণী যেন দীগ[৮] নেহারে[৯] ॥
হের কি দেখিয়ে বড়াই কদম্বের তলে[১০]।
তড়িতে জড়িত যেন নব জলধরে ॥
তাহার উপরে শোভে নব ইন্দ্র ধনু।
বড়াই বলে চিহ্ন না নন্দের বেটা কানু ॥
মথুরার দিকে যাইতে[১১] আর পথ নাই।
পাতিয়া মঙ্গল-ঘট বস্যাছে[১২] কানাই ॥
বাসুদেব ঘোষ কহে দধির পসারিণি[১৩]।
পাতিয়া মঙ্গল-ঘট বসিয়াছে দানী ॥৬৭॥১৩৬৯ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৭৯ সংখ্যক পদ। ২। 'যাবে রল্যা' ঘ, চ। ৩। 'বিকি করিবারে' প-র-সা। ৪। 'হাথে' খ। ৫। 'মথুরা' ক। ৬। 'বড়াইর' খ। ৭। 'প্রেমে গদগদ' প-র-সা; 'আনন্দে আকুল' ঘ। ৮। 'দিগ' ক, খ, ঘ, প-র-সা। ৯। 'নিহালে' ক। ১০। 'হের' ইত্যাদি তিনটি কলি প-র-সা পুথিতে নাই। ১১। 'যাই' ক। ১২। 'বসেছে' ক। ১৩। 'বাসুদেব' ইত্যাদি ভণিতার কলিটি কেবল প-র-সা পুথিতে দৃষ্ট হয়।

ভাটিয়ারি।[১]

এমনে[২] কেমনে যাব পথে শ্যাম দানী।
আপনা খাইয়া কেনে আইলাম তোমার[৩] সনে
জাতি জীবনে টানাটানি ॥ধ্রু॥
ঘরে হৈতে বারাইতে[৪] কত[৫] না বিপদ পথে
সাপিনী চলিয়া গেল বামে।
তখনি বলিলাম আমি হাস্যা[৬] না শুনিলা তুমি
না জানি কি হয়[৭] পরিণামে ॥
নীপ-মূলে করি থানা ঘাটি করিয়াছে[৮] মানা
কানাই হৈয়াছে মহাদানী।
আমরা সে[৯] কুলবতী তাহে নব যুবতী
কি করিলে কিবা[১০] হয় জানি ॥
হাতে বাঁশী মুখে হাসি পথের নিকটে[১১] বসি
আঁখি-ঠারে ত্রিভুবন ভুলে।
ডারি[১২] দিব ছেনা[১৩] দধি পসার পরশে যদি
ঝাঁপ দিব যমুনার জলে ॥
মনে না করিহ ভয় গো-রসের দানী নয়
শুন শুন রাই[১৪] বিনোদিনি।
হরেকৃষ্ণ দাসে বোলে ঝাট আইস তরুতলে
আনন্দে করহ বিকিকিনি ॥৬৮॥১৩৭০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৮০ সংখ্যক পদ। ২। 'এ পথে' প-র-সা। ৩। 'তোমা' ঘ। ৪। 'বাহিরাইতে' প-র-সা। ৫। 'এত' প-র-সা।

৬। 'হাসিয়া' প-র-সা। ৭। 'হবে' ক ; 'হয়ে' খ, চ। ৮। 'রাজপথ করি' প-র-সা। ৯। 'ত' প-র-সা। ১০। 'কি না' খ, প-র-সা। ১১। 'উপরে' প-র-সা। ১২। 'যাচি' ক, খ, ঘ, চ। ১৩। 'ছানা' প-র-সা। ১৪। 'রাধা' প-র-সা।

শ্রীরাগ।[১]

কপট-দানের[২] ছলে বসিয়া রৈয়াছে।
এ পথে কেমনে যাব দানী ছোয় পাছে॥
এমন হইবে বল্যা[৩] আমি ত না[৪] জানি।
মথুরার বিকে যাইতে পথে মহাদানী॥
বিকি শিখাইব বল্যা[৫] লৈয়া আইলা সাথে।
আনিয়া সোঁপিয়া দিছ রাখালের হাতে॥
বংশীবদনে বলে শুন ধনি রাই[৬]।
দান সাধে ফিরে পথে রসিক কানাই॥

॥৬৯॥১৩৭১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৮১ সংখ্যক পদ। ২। 'দানীর' ক। ৩। 'বৈলে' প-র-সা। ৪। 'আমি নাহি' খ। ৫। 'বলি' ক, খ, চ, প-র-সা। ৬। 'বংশীবদন' ইত্যাদি ভণিতার কলিটি কেবল প-র-সা পুথিতে দৃষ্ট হয়।

শ্রীরাগ।[১]

কোথা যাও গোয়ালিনি কোথা তোমার ঘর।
কিসের পসরা দাসীর মাথার উপর॥
দধি দুগ্ধ ঘৃত ঘোলে পসরা[২] আমার।
কে তুমি তোমার বোলে[৩] ওলাবু পসার॥
ঘাটের ঘাটিয়াল আমি পথের মহাদানী[৪]।
আজি দান দিতে হৈল শুন বিনোদিনি॥

॥৭০॥১৩৭২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৮২ সংখ্যক পদ। ২। 'পসার' ক। ৩। 'বলি' প-র-সা। ৪। 'ঘাটের' ইত্যাদি কলিটি কেবল প-র-সা পুথিতে দৃষ্ট হয়।

বরাড়ী।[১]

চিকুরে চোরায়সি চামর-কাঁতি।
দশনে চোরায়সি মোতিম-পাঁতি॥
এ গজ-গামিনি তো বড়ি সেয়ান[২]।
বলে ছলে বাঁচসি গিরিধর-দান[৩]॥
অধরে চোরায়সি সুরঙ্গ[৪] পভার।
বরণে চোরায়সি কুঙ্কুম-ভার॥
কনয়া[৫]-কলস[৬] দউ[৭] রস ভরি তাই।
হৃদয়ে চোরায়সি আঁচরে ঝাঁপাই[৮]॥
তেঞি[৯] অতি মন্থর গমন[১০]-সঞ্চার।
কোন ছোড়ব[১১] তোহে বিনহি বিচার॥
সুবল লেহ তুহুঁ গো-রস দান।
রাই করহ অব কুঞ্জে পয়ান॥
যাহাঁ বৈঠত মনমথ মহারাজ।
গোবিন্দদাস কহে পড়ল অকাজ॥

॥৭১॥১৩৭৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৮৩ ও প-র পুথির ২৮১৭ সংখ্যক পদ। ২। প-র-সা পুথিতে 'এ গজ-গামিনি' ইত্যাদি পংক্তিদ্বয় দ্বারা পদটি আরম্ভ করা হইয়াছে। 'সিয়ানি' প-র। ৩। 'দানী' প-র। ৪। 'সিন্দুর' প-র-সা। ৫। 'কনক' ক। ৬। 'কলসে' ক, খ, ঘ, চ। ৭। 'দণ্ড' ইত্যাদি ক; 'তহ রস ভারি চায়' প-র-সা। ৮। 'ছাপায়' প-র-সা। ৯। 'তাহে' প-র-সা; 'তেঁ' প-র। ১০। 'চরণ' ক, খ। ১১। 'ছোড়ব' প-র-সা; 'ছাড়ব' প-র।

ধানশী।[১]

সুন্দরি শুনিয়া না শুন মোর বাণী[২]।
না জান কানাই পথে দানী॥

সিঁথায়[৩] সিন্দুর তোমার নয়ানে কাজর।
দুই[৪] লক্ষ দান তার মাগে গিরিধর ॥
হৃদয়ে[৫] কাঁচুলি গলে গজ-মোতি হার।
চারি লক্ষ দান মাগে করিয়া বিচার ॥
করের কঙ্কণ আর কটিতে কিঙ্কিণী।
ছয়[৬] লক্ষ দান তার মাগে মহাদানী ॥
রঞ্জণ আলতা পায়ে রতন-নূপুর।
আট লক্ষ দান মাগে দানীর ঠাকুর ॥
এই সব দান বুঝি দেহ দানি-রাজে।
আমি নিব দান তোমার সঙ্গিনী সমাজে[৭] ॥
জ্ঞানদাস কহে তুমি ছাড় ঢীঠপনা।
তুমি মহাদানী তোমার ঠাকুর কোন জনা ॥
॥৭২॥১৩৭৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৮৪ সংখ্যক পদ। ২। 'সুন্দরি' ইত্যাদি পংক্তি-দ্বয় স্থলে প-র-সা পুথির পাঠ যথা—

'দান দেহ শুন বিনোদিনি।
জান না যে আমি এ পথের মহাদানী ॥'

৩। 'কপালে' প-র-সা। ৪। 'ছয়' প-র-সা। ৫। 'হিয়ায়' প-র-সা। ৬। 'দুই' প-র-সা। ৭। 'আজি দান বুঝি নিব সখীর সমাজে' প-র-সা।

সিন্ধুড়া।[১]

শুন শুন শুন[২] সুজন কানাই
তুমি সে[৩] নূতন[৪] দানী।
বিকি কিনির দান গো-রসে[৫] মানিয়ে
বেশের দান কভু[৬] নাহি শুনি ॥
সিঁথার সিন্দুর নয়ানে কাজর
রঞ্জণ আলতা পায়।
(ই কি[৭]) বিকি কিনির ধন নারীর যৌবন
ইথে কার কিবা দায়[৮] ॥
মণি-অভরণ সুরঙ্গ শাড়ী[১০]
জাদ[১১] কেবা নাহি[১২] পরে।
যদি দানের এ গতি তুমি ত গোকুল-পতি[১৩]
দান সাধহ ঘরে ঘরে[১৪] ॥
আমরা[১৫] চলিতে না জানি, কহিতে[১৬] না জানি
তোমারে কেনে বা বাজে[১৭]।
জ্ঞানদাস[১৮] কহে কেমনে জানিব[১৯]
পরের মনের কাজে ॥৭৩॥১৩৭৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৮৫ ও প-র পুথির ২৮১৫ সংখ্যক পদ। ২। 'শুন' শব্দটি প-র-সা পুথি ব্যতীত অন্যান্য পুথিতে নাই। ৩। 'ত' প-র। ৪। 'নৌতুন' ঘ। ৫। 'রস' প-র-সা। ৬। 'কভু' শব্দ প-র-সা পুথিতে নাই। ৭। 'একি' ক। ৮। 'ভূষণ' প-র। 'নারীর যৌবন' স্থলে 'নারীর অঙ্গে অভরণ' প-র-সা। ৯। 'তাহে' ইত্যাদি প-র; 'ইহাতে কিসের দায়' প-র-সা। ১০। 'শ্রবণে কুণ্ডল' প-র-সা। ১১। 'যাদ' ক। ১২। 'কেবা কোথা নাহি' প-র। ১৩। 'গোলোকের পতি' প-র-সা। ১৪। 'দান সাধ প্রতি ঘরে ঘরে' প-র। ১৫। 'মোরা' প-র। ১৬। 'চাহিতে' প-র। ১৭। 'সে কেনে তোমারে বাজে' প-র। ১৮। 'গোবিন্দ দাস' প-র। ১৯। 'জানিবে' প-র।

ভাটিয়ারী।[১]

দানী দেখি কাঁপিছে শরীর[২]।
মো যদি জানিতাম[৩] পাছে,এ পথে কণ্টক আছে
তবে ঘরের[৪] না হইতাম বাহির ॥
ঘরে হৈতে বারাইতে[৫] ও চাল[৬] ঠেকিল মাথে
হাঁচি জিঠী[৭] পড়ি গেল[৮] বাধা।
হরিণী পালাএগ্রা[৯] যাইতে ঠেকিল ব্যাধের হাতে
এমতি[১০] ঠেকিয়া গেল রাধা ॥

বিষম দানীর[১১] দায় এক লয় আর চায়[১২]
না পাইলে করয়ে বিবাদ[১৩]।
দান দিবার বেলে লেয় বাদ দিবার বেলে দেয়[১৪]
একেক লক্ষের পরিবাদ[১৫] ॥
মণি[১৬]-অভরণ ছিল ডরে ডরে সব দিল
তমু দানী না দেয় ছাড়িয়া।
মো[১৭] হইলাম সোণার গাছ
দানী ত না ছাড়ে পাছ[১৮]
ডালে মূলে নিবে[১৯] উপাড়িয়া ॥
ঘরে বৈরী ননদিনী পথে বৈরী মহাদানী[২০]
দেহের বৈরী হইল যৌবন।
হেন মনে উঠে তাপ যমুনায় দিয়ে ঝাঁপ
না রাখিব এ ছার[২১] জীবন ॥
অবলা বলিয়া গায়[২২] বলে হাত[২৩] দিতে চায়
পসারিয়া আইসে দুটি বাহু।
জ্ঞানদাসেতে[২৪] কয় মোর মনে হেন লয়
চান্দে যেন গরাসয়ে[২৫] রাহু ॥৭৪॥১৩৭৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৮৬ ও প-র পুথির ২৮।১৮ সংখ্যক পদ। ২। 'বড়ি মাই দানি' ইত্যাদি প-র। ৩। 'এত না গণিল' প-র। ৪। 'ঘরে' ঘ, চ। ৫। 'বায়্যাইতে' খ। ৬। 'উচাল' প-র সা; 'এ চাল' প-র। ৭। 'ঝিটি' খ। ৮। 'না পড়িল' ক; 'না শুণিলাম' প-র-সা। ৯। 'পলায়া' প-র-সা, প-র। ১০। 'তেমতি' প-র। ১১। 'বিষম হৈল দানের' প-র-সা, প-র। ১২। 'একে দিলে আরে চায়' প-র-সা; 'একে লয় আরে চায়' প-র। ১৩। 'করে পরমাদ' প-র-সা, প-র। ১৪। 'দায়' ক, খ, প-র। ১৫। 'একে কলঙ্কের পরমাদ' ক, চ; 'একেক লক্ষের পরমাদ' ঘ। ১৬। 'অঙ্গে' প-র-সা, প-র। ১৭। 'বুঝি' প-র। ১৮। 'কাছ' ক, খ, চ। ১৯। 'লবে' প-র। ২০। 'হৈল মহাদানী' ঘ, চ; 'বৈরী হৈল দানী' প-র-সা। ২১। 'পাপ' প-র-সা, প-র। ২২। 'দেখিয়া তায়' প-র। ২৩। 'কোল' প-র। ২৪। 'শ্যামানন্দদাসে' প-র। ২৫। 'চান্দ গরাসে যৈছে' প-র।

বরাড়ী।[১]

হেদে হে নিলজ কানাই
না কর এতেক চাতুরালী।
যে না জানে মানসতা[২] তার আগে কহ কথা
মোর আগে যেকত সকলি ॥ধ্রু॥
বেড়াইলা গরু[৩] লৈয়া সে লাজ ফেলিলা ধুইয়া
এবে হৈলা দানী মহাশয়।
কদম্ব-তলায় থানা রাজপথ কর মানা
দিনে দিনে বাড়িল বিষয় ॥
আন্ধার-বরণ কাল গা ভূমেতে না পড়ে পা
কুল-বধূ সনে পরিহাস।
এ রূপ নিরখিয় আপনাকে চাও দেখি[৪]
আই আই লাজ নাহি বাস ॥
মা তোমার যশোদা[৫] তার মুখে নাহি রা[৬]
নন্দ ঘোষ অকলঙ্ক নিধি।
জনমিয়া তার বংশে কাজ কর জিনি কংসে
এ বুদ্ধি তোমারে দিল বিধি ॥
একই নগরে ঘর দেখা শুনা আট পর
তিল আধ নাহি আঁখি-লাজ।
রায় শেখরে[৭] কয় রাজারে না করে[৮] ভয়
এ দেশে বসতি কিবা কাজ ॥৭৫॥১৩৭৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৮৭ সংখ্যক পদ। ২। 'মানুসতা' চ। ৩। 'গাবী' ক; 'গোরু' খ; 'ধেনু' প-র-সা। ৪। 'দেখ চায়া' প-র-সা। ৫। 'যশোদা রাণী' প-র-সা। ৬। 'বাণী' প-র-সা। ৭। 'জ্ঞানদাসে ত' ঘ; 'বংশীবদনে' প-র-সা। ৮। 'কয়' ক।

সৌরাষ্ট্রী।[১]

কহ লহু লহু জটিলার বহূ
তোমারে সভাই জানে।
কহিতে কহিতে অনেক[২] কহিছ
এত না গরব কেনে॥
পসরা লইয়া যাইছ চলিয়া
দানীরে না কর ভয়।
রাজ-কাজ করি দান সাধি ফিরি
এথা কিবা পরিচয়॥
এ রূপ যৌবনে নানা অভরণে
যাইছ মথুরার[৩] বিকে।
বুঝি দান নিব তবে যাইতে[৪] দিব
আমি ডরাইব কাকে[৫]॥
অমূল্য রতন করিয়া গোপন[৬]
রাখ্যাছ হিয়ার মাঝে।
নিজ-ভাল[৮] চাহ খসাই দেখাহ[৯]
ইথে কি আমার লাজে॥
এত কহি হরি দু বাহু পসারি
রহে পথ আগুলিয়া[১০]।
জ্ঞানদাসে কয় কিবা কর[১১] ভয়
যাহ হাত ঠেলা দিয়া॥৭৬॥১৩৭৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৮৮ সংখ্যক পদ। ২। 'অনেকি' খ, চ। ৩। 'মথুরা' ক, চ। ৪। 'যাইতে না' প-র-সা। ৫। 'কাথে' ঘ, চ। ৬। 'রতন' প-র-সা। ৭। 'রাখিছ' প-র-সা। ৮। 'লাভ' প-র-সা। ৯। 'খসাইয়া দেহ' প-র-সা। ১০। 'আগুড়িয়া' প-র-সা। ১১। 'কারে করো' প-র-সা।

বরাড়ী।[১]

হেদে হে নন্দের সুত কে তোমা[২] করিলে
মহাদানী।
দণ্ডে কাচ[৩] নানা কাচ[৪] না ছাড় রমণীর[৫] পাছ
বুঝাইলে না বুঝ হিত বাণী॥ধ্রু॥
শুনিয়াছি শিশুকালে পূতনা বধ্যাছ হেলে
তৃণাবর্ত্তের লৈয়াছ পরাণ।
এখনি[৬] নন্দের বাড়ী দেখিয়াছি[৭] গড়াগড়ি
এখনি[৮] সাধিতে আইলা দান॥
কাড়ি লব[৯] পীত ধড়া আলুয়্যা[১০] ফেলিব চূড়া
বাঁশীটি ভাসাঞা[১১] দিব জলে।
কুবোল বলিবা যদি মাথায় ঢালিব দধি
বসিতে না দিব তরুতলে॥
মোহন চাতুরী করি বাঁশীতে সন্ধান পূরি
বুকে হান মনমথ-বাণ।
রমণী-মণ্ডল করি অভরণ লব কাড়ি[১২]
ভাল মতে সাধাইব[১৩] দান॥
রাখাল বর্ব্বর জাতি ধেনু রাখ[১৪] দিবা রাতি
মহিষ গোধন বৎস[১৫] লয়্যা[১৬]।
কুল-বধূ সনে হাস ইথে নাহি লাজ বাস
এখনি কংসেরে দিব কয়্যা[১৭]॥৭৭॥১৩৭৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৮৯ সংখ্যক পদ। ২। 'তোমায়' প-র-সা। ৩। 'কর' প-র-সা। ৪। 'কাজ' প-র-সা। ৫। 'রমণী' ক, খ, চ, প-র-সা। ৬। 'এখন' ক, চ; 'তখনি' খ; 'অখনি' প-র-সা। ৭। 'লনি লাগি' প-র-সা। ৮। 'অখনি' প-র-সা। ৯। 'নিব' ক। ১০। 'এল্যাইয়া' খ; 'আউলাই' প-র-সা। ১১। 'ভাসাইয়া' ক। ১২। 'কাড়ি' খ। ১৩। 'শিখাইব' প-র-সা। ১৪। 'ধেহু রাখ' স্থলে 'ধেনু রাখে' ক, খ; 'মাঠে থাকো' প-র-সা। ১৫। 'বাছু' খ। ১৬। 'লঞা' খ; 'লইয়া' খ। ১৭। 'কঞা' খ; 'কইয়া' খ।

সুহই।১

কি করবব[২] গোরস দান।
আপনে[৩] দিল সমাধান ॥
অধরে অমিয়া-রস তোর।
যৌবন[৪] যোধ[৫] আগোর ॥
তোহে কহি[৬] সুন্দরি রাধে।
হরি সঞে না করু বাদে[৭] ॥
কুচ-কনকাচল পারে[৮]।
শোভে তাথে মোতিম-হারে[৯] ॥
কুণ্ডল চক্র[১০] বিকাশে।
বেণি ভুজঙ্গিনি পাশে ॥
ভাঙ ধনুয়া জনু ভঙ্গ।
খর শর নয়ন-তরঙ্গ ॥
অতয়ে বুঝিয়ে রণ-আশ[১১]।
কহতহি গোবিন্দ দাস ॥৭৮॥১৩৮০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৯০ ও প-র পুথির ২৮৬ সংখ্যক পদ। ২। 'করিব' প-র-সা। ৩। 'আপনি' ক। ৪। 'যৌবনে' ক, খ। ৫। 'যোধি' ক; 'যোদ্ধা' থ; 'জোধে' ঘ, চ। ৬। 'তোহে কহি' স্থলে 'শুন শুন' প-র। ৭। 'কর বাদে' প-র-সা; 'কর বিবাদে' খ। ৮। 'পরে' প-র-সা। ৯। 'শোভে' ইত্যাদি স্থলে 'হার-সুরেশ্বরী ধারে' প-র। ১০। 'চন্দ্র' প-র-সা। ১১। 'রস আশ' খ; 'রণ-ভাস' ঘ; 'মন আশ' প-র-সা।

পঠমঞ্জরী।১

রাই-মুখ হেরি মুখরা কহে।
এত কি আমার পরাণে সহে ॥
রাখাল হইয়া ছুইতে চায়।
অব কি করব নাহি উপায় ॥
দানী অবসর বুঝিয়া কাজে।
লুকাই যাইয়া[২] নিকুঞ্জ মাঝে ॥
এত কহি সভে ধাইয়া চলে।
নিকুঞ্জে রাই লুকায় ছলে ॥
রসিক নাগর বুঝিয়া কাজ।
লুকায়্যা[৩] চলিলা কুঞ্জের মাঝ ॥
রাই কানু তাহাঁ দরশ পাই।
রহে দুহেঁ দুহাঁর[৪] বদন চাই ॥
প্রতিঅঙ্গে দানী লইলা দান।
রতি রতি-পতি মুরতিমান ॥
যে ছিল মানস পূরল আশ।
আনন্দে মগন শেখর দাস ॥৭৯॥১৩৮১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৯১ সংখ্যক পদ। ২। 'লুকাই যাই' ক, খ; 'লুকায় যাইয়া' চ। ৩। 'লুকাঞা' ক, খ; 'লুকাইয়া' ঘ। ৪। 'দুহুঁ দোহাঁ' ক, খ; 'দোহে দোহা' ঘ।

পুনশ্চ দিনান্তে।

মায়ুর।১

গোঠে[২] বিজই ব্রজ-　　রাজ-কিশোরবর[৩]
　　বাজত বেণু বিষাণ[৪]।
করি কত ছন্দ　　পদ্ম-মুখি নিকসই
　　হেরইতে বিপিনে পয়ান ॥
　　সুন্দরি হেরই না পায়ল রঙ্গ।
সুন্দর সুবদন　　দ্রুত চলি গেও বন
　　না জানিয়ে কোন তরঙ্গ। ধ্রু ॥
মেঘ-নাদ শুনি　　যৈছন চাতকিনি
　　ধাওল পানিক আশে[৫]।
দারুণ দখিণ[৬]　　পবনে দুখ দেওল[৭]
　　ভৈ গেল তবহি নৈরাশে[৮] ॥৮০॥১৩৮২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৯২ সংখ্যক পদ। ২। 'গোঠ' ঘ; 'গোঠেতে' প-র-সা। ৩। 'রাজ-

কিশোর' ক, প-র-সা। ৪। 'বিশার' চ; 'নিশান' ঘ। ৫। 'পাশে' ক, খ। ৬। 'দক্ষিণ' ক। ৭। 'মেরত' প-র-সা। ৮। 'মেঘ-নাদ' ইত্যাদি পংক্তি চারিটির স্থলে প-র-সা পুথির পাঠ, যথা—

"মেঘ-নাদ শুনি যৈছে চাতকিনি
ধাওল পানিক আসে।
ঐছন প্রেম আরতি নাই পাইয়ে
নিমিখে ত যুগ হুতাশে॥
দারুণ দখিণ পবনে দুখ দেয়ত
জৈ গেল তবহি নৈরাশে।
পন্থহি খরতর তাহে রবি প্রখর
কহতহি গোবিন্দ দাসে।"

ধানশী।১

কানুক গোঠ- গমন তহি হেরইতে২
অতি উতকণ্ঠিত রাই।
মন্দিরে নিজ সহ- চরি সনে বৈঠলি৩
সো মুখ হৃদি অবগাই॥
সজনি কি করব অব হাম থেহ।
গুরুজনে বঞ্চিয়া কৈছন মীলব৪
শ্যামর রসময়-দেহ॥ ধ্রু॥
ঐছন বচন রচন তব করইতে
মুখরা মিলল সোই৫ ঠাম।
তাকর বদন হেরি তহিঁ জানল
পূরব সব মনকাম॥
মুখরা কহত৬ তব চল সভে৭ যাওব
গোবর্দ্ধন গিরি পাশ।
দধি ঘৃত গোরস তহিঁ সব বেচব৮
সঙ্গহি মোহনদাস॥৮১॥১৩৮৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৯৩ সংখ্যক পদ। ২। 'তহি হেরইতে' স্থলে 'নাহি হেরিয়া' ক, খ, চ, প র-সা। ৩। 'মন্দিরে' ইত্যাদি স্থলে 'মন্দিরে বৈঠলি নিজ সহচরি সনে' খ। ৪। 'মিলব' ক, চ, প-র-সা। ৫। 'তহি' প-র-সা। ৬। 'কহে' খ। ৭। 'সব' চ। ৮। 'তহিঁ' ইত্যাদি স্থলে 'সাজাইয়া পসার' প-র-সা।

বরাড়ী।১

দধি ঘৃত গোরসে সাজায়্যা২ পসার।
চীরহিঁ ঝাপন৩ দেওল তার৪॥
কিঙ্করিগণ৫ সব শির পর নেল।
মুখরা সঙ্গে ধনি তহিঁ৬ চলি গেল॥
সহচরি সঙ্গহি বিনোদিনি রাই।
দূরহি কানুক দরশন পাই॥
পুলকে পূরল তনু গদ-গদ বোল।
ঘামহি ভীগল নীল নিচোল॥
কো ইহ কেলি-কদম্বক মূল।
নব মেঘে বিজুরি জড়িত সমতুল॥
বাহু তুলিয়া উহ৭ ডাকয়ে কায়।
মুখরা কহয়ে ইহ৮ নব রস রায়॥
পন্থহি মাগয়ে গোরস দান।
মোহন কহে মোহে ঐছন ভান॥

॥৮২॥১৩৮৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৯৪ সংখ্যক পদ। ২। 'সাজাঞা' ক, খ; 'সাজাইয়া' ঘ। ৩। 'ঝাপিয়া' ঘ; 'ঝাপল' প-র-সা। ৪। 'তার' ঘ, প-র-সা। ৫। 'কিঙ্করগণ' ক, খ, প-র-সা। ৬। 'ধনি তহিঁ' স্থলে 'ধনী' খ। ৭। 'তুহু' প-র-সা। ৮। 'হই' প র-সা।

সুহই।১

কপট দানের ছলে দান সিরজিয়া।
বট পাতি বসিয়া রৈয়াছে বিনোদিয়া॥

বড়াই দেখিয়া কহে বচন চাতুরী।
কার ঘরের বধূ লৈয়া যাও সঙ্গে করি ॥
এ রূপ যৌবনে কোথা লৈয়া যাও বধূ।
না জানি অন্তরে উহার কত আছে মধু ॥
সুকোমল চরণ-ভঙ্গিমা শোভা অতি।
এ বেশে বাহির করে কেমন বা পতি ॥
বড়াই কহে এত কথা কিবা প্রয়োজন।
যেখানে সেখানে কেন না করি[৩] গমন[৪] ॥
পর-বধূ প্রশংসিয়া তোমার কি কাজ।
ঘনায়্যা[৫] আসিছ কাছে নাহি বাস লাজ ॥
তোর পিতা নন্দ রায় পরম উদার।
তাহার তনয় হয়্যা[৬] হেন ব্যবহার ॥
এই পথ দিয়া মোয়া যাই মথুরাতে।
পথেতে[৭] বিরোধ[৮] কর কুল-বধূ সাথে ॥
চাতুরী না কর কানাই চতুর সিয়ান[৯]।
কংস রাজা শুনিলে লইবে জাতি প্রাণ[১০] ॥
॥৮৩॥১৩৮৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৯৫ সংখ্যক পদ। ২। 'ভঙ্গিমা শোভা' স্থলে 'শোভা দেখিয়ে সে' প-র-সা। ৩। 'করে' প-র-সা। ৪। অতঃপর প-র-সা পুথিতে নিম্নলিখিত ভণিতার কলি দ্বারা এই পদটি সমাপ্ত করা হইয়াছে ; যথা,—

"বংশীবদনে বোলে কি কাজ তোমার।
আমরা যাইব গো-রস বিকিবার ॥"

খ, চ ও প-র-সা পুথিতে 'পর-বধূ' ইত্যাদি বাকি চরণগুলি স্বতন্ত্র পদরূপে লিখিত হইয়াছে। ৫। 'ঘনাঞা' ক, খ ; 'ঘনাইয়া' ঘ। ৬। 'হইয়া' ঘ। ৭। 'পথের' ক, খ, চ, প-র-সা। ৮। 'নিরোধ' চ। ৯। 'সেয়ান' ক, খ। ১০। অতঃপর প-র-সা পুথিতে নিম্নলিখিত ভণিতার কলিটি দৃষ্ট হয় ; যথা,—

"বংশীবদনে বোলে ছাড় ঢাটপনা।
তুমি মহাদানী তোমার ঠাকুর কোন জনা ॥"

শ্রীরাগ।[১]

কানাই কত করকাহ চুল।
দানী হইয়া[২] যে জন বৈসয়ে
তার ধরম গণ্ডার মূল[৩] ॥
আছে মেন[৪] তোমার চাঁচর কেশ
টানিয়া বান্ধ্যাছ[৫] ভালে।
তাহার উপরে শিখী-পাখ্যের পাখা[৬]
জড়ান বকুল-মালে[৭] ॥
এ তাড় তোড়ল বলয়া খাখর
ইথে আছে বুঝি ভাড়া।
নন্দরাজ ঘরে নবনী খাইয়া
হৈয়াছ উমাদ ষাঁড়া[৮] ॥৮৪॥১৩৮৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮১৬ সংখ্যক পদ। ২। 'হৈয়া সে' ক। ৩। 'তার' ইত্যাদি স্থলে 'তার ধরম গণ্ডা মূল' ক ; 'অব ধরম গণ্ডা মূল' প-র-সা। ৪। 'মেনে' ক, খ ; 'বেন' প-র-সা। ৫। 'বান্ধিছ' প-র-সা। ৬। 'পাখের পাখা' চ ; 'পাখা দেখি' প-র-সা। ৭। 'জড়ান' ইত্যাদি স্থলে 'জড়ান বকুল ফুলে' ক, খ, চ ; 'লবঙ্গ মালতি মালে' প-র-সা। ৮। 'সাড়া' খ, চ ; 'সাড়া' প-র-সা। অতঃপর প-র-সা পুথিতে নিম্নলিখিত ভণিতার কলিটি দৃষ্ট হয় ; যথা,—

যশোদা যেমন দু-করে বান্ধিতো
রাখিতো তোমারে কেবা।
কহে মনোহর কেমন বাটপাড়
বাটপাড়ি শিখি যাবা ॥"

শ্রীরাগ।[১]

দানী কহে কির কির[২] না শুনয়ে রাই।
বাহু পসারিয়া দানী রাখল তাই[৩] ॥

কহে ফিরে পসারে বিথারি[৪] দেখি এথা।
আগে বুঝি নিব দান পাছে[৫] কব কথা ॥
যত অভরণ গায় বেশ ভূষা আছে।
সব লেখা করি দান দেহ মোর কাছে ॥
নিতি নিতি গতায়াত কর এই ঠাঞি।
এ পথে মদন-রাজ[৬] কভু শুন[৭] নাই ॥
কত ভঙ্গে কথা কহ ভয় নাহি বাস।
রাজ-অনুগত জনে হেরি পুন হাস ॥
কাহার গরবে যাহ দিয়া বাহু নাড়া।
ভূষণ যৌবন ধন সব হবে হারা[৮] ॥
বংশী কহয়ে বুঝি অরাজক হৈল।
পথে বাটোয়ারি করা নহিবেক ভাল ॥

॥৮৫॥১৩৮৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৯৭ সংখ্যক পদ। ২। 'ফিরি ফিরি' ক। ৩। 'তথাই' প-র-সা। ৪। 'বিথারে' ক, ঘ। ৫। 'পাছু' ঘ, চ। ৬। 'রাজ' ক। ৭। 'শুনি' ক, খ, প-র-সা। ৮। 'সারা' প-র-সা।

তথা রাগ ।১

রাজা এথা থাকে কোথা কেবা সাধে দান।
কিবা চায়[২] কিবা লয়[৩] কেবা করে আন ॥
কুল-নারী হেরি হেরি ঠারে কও কথা।
সঙ্গে বুড়ী হাতে নড়ী ঘন নাড়ে মাথা ॥
এখনি যাইয়া কব[৪] গোকুল সমাজ।
কোথা যাবে দান সাধা কোথা যাবে সাজ ॥
কোথা পলাইয়া যাবে সুবল রাখাল।
তিলেকে ভাজিয়া যাবে সব ঠাকুরাল ॥
অতয়ে আমার বোলে হও সাবধান।
কুলবতী দেখি আর না করিহ আন ॥
বংশীবদনে কহে কেবা শুনে কথা।
এখনি দেখিয়া লবে যেবা থাকে যথা ॥

॥৮৬॥১৩৮৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৯৮ সংখ্যক পদ। ২। 'চাও' প-র-সা। ৩। 'কিবা লয়' স্থলে 'কেবা লেয়' ঘ; 'কিবা লয়ে' খ; 'কিবা লও' প-র-সা। ৪। 'কবে' ঘ; 'কতো' প-র-সা।

বরাড়ী ।১

বান্ধিয়া চিকণ চূড়া বনফুল তাহে বেড়া
গুঞ্জা-মালা তাহে বন-সোণা[২]।
গোঠে থাক ধেনু রাখ আপনা নাহিক দেখ
বড় হেন বাসহ আপনা ॥
অহে কানাই বিষয় পাইয়া হৈলা[৩] ভোরা[৪]।
আঁখি মটকিয়া হাস আপনা কেমন বাস
আন হেন নহিয়ে আমরা ॥ধ্রু॥
গায়ের গরবে তুমি চলিতে না পার জানি
রাজ-পথে কর পরিহাস।
রাজ-ভয় নাহি মান কংস-দরবার জান
দেখি কেনে নহ এক পাশ ॥
চতুরে চাতুরী কত আর কহ অবিরত
কাচা[৫] কাঞ্চনের সমান।
জ্ঞানদাস কহে হিয়ায় কষিয়া[৬] লহ
কাচা[৭] নহে কষটি[৮] পাষাণ ॥৮৭॥১৩৮৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮৯৯ সংখ্যক পদ। ২। 'বন-সোণা' স্থলে 'বলো সোনা' প-র-সা। ৩। 'হৈলে' ক, খ, চ। ৪। 'ভোলা' ক, খ, চ, প-র-সা। ৫। 'কাঁচা' ক, খ, চ। ৬। 'কসিয়া' ঘ, চ; 'করিয়া' প-র-সা। ৭। 'কাঁচা' ক, খ, চ। ৮। 'কসটি' ঘ, চ।

ভাটিয়ারি ।১

ওহে কানাই এ বুদ্ধি শিখিলা কার[২] ঠাঞি।
পরের রমণী দেখি সঘনে ফিরাও আঁখি
দড়[৩] জনার হাতে ঠেক নাই ॥ধ্রু॥

আন্ধার-বরণ গা ভূমিতে না পড়ে পা
কি গরবে ঘন ঘন হাস।
বনে বনে চড়াও[৩] গাই আপনাকে চিহ্ন[৪] নাই
হায় ছিছি লাজ নাহি বাস।
পেঁচ রাখি পর ধড়া টেড়া করি বান্ধ চূড়া
কাণে গোঁজ বনফুল ডাল।
ডিগর লইয়া সাথী বনে ফির নানা ভাতি
বেচাইবে ব্রজ রাজের পাল॥
বনে আছে ফলগুলা[৬] তাহা তুলি পর মালা
গায়ে সদা রাঙ্গা মাটী মাখি
এত[৭] বেশ ভূষায় কিবা পরনারী ভুলাইবা
বংশীদাসের মনে দেয়[৮] সাখী॥

॥৮৮॥১৩৯০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯০০ সংখ্যক পদ। ২। 'কারু' খ। ৩। 'দড়' খ, প-র-সা। ৪। 'চরায়' খ। ৫। 'চিন' প-র-সা। ৬। 'ফুলগোলা' ঘ, চ। ৭। 'এ' খ। ৮। 'মনে দেয়' স্থলে 'মনে দেখ' চ; 'মনে' ঘ।

তথা রাগ।[১]

সুধাও দেখি সুবল সখা কার ঘরের এ হটী[২]।
দেখিতে দেখিতে মোরে কি গুণ করিল হে
খেপা কৈলে এই যে[৩] মায়্যাটি[৪] ॥ধ্রু॥
আর চোর চুরি করে লোক জন অগোচরে
ধন কড়ি সব লয় হরি।
এ বড়ি বিষম চোর দেখিতে দেখিতে মোর
তনু মন সব কৈল চুরি॥
মায়্যা[৫] নয় এই যে মায়্যার[৬] বেশ ধরিয়াছে
নিশ্চয় সে বাটোয়ারী বটে।
অঙ্গ-বাস ঘুচাইয়া সাবধানে দেখ ভাইয়া
কি কি ধন ইহার নিকটে॥

এত বলি গোপী-নাথ দিতে চাহে গায়ে হাত
চুম্বন করিতে বারে বার।
উচিত কহিল তোরে দান দিয়া যাও মোরে[৭]
নহে ত উতার অলঙ্কার॥
শুনিয়া ললিতা বলে বন মাঝে নহে ভালে
রাজ-পথে এত কি জঞ্জাল।
আপন নগর ঘরে যদি লাগি পাই তোরে
তবে সে জানিয়ে ভালে ভাল[৮]॥
দানী কহে দোহাই আছে লৈয়া যাব রাজার কাছে
তবে সে জানিবা ভালে তুমি।
বংশীবদন কয় মোরে না করিহ ভয়
বিরোধ ভাঙ্গিয়া দিব আমি॥৮৯॥১৩৯১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯০১ সংখ্যক পদ। ২। 'হটি' ক, চ; 'ইটি' খ, ঘ। ৩। 'সে' খ। ৪। 'মেয়্যাটি' খ; 'মাইয়াটি' ঘ। ৫। 'মেয়্যা' খ। ৬। 'মেয়্যার' খ। ৭। 'ঘরে' প-র-সা। ৮। 'ভালি ভাল' ঘ, চ।

ধানশী।[১]

শুন শুন নীলজ[২] কান।
কা সঞে মাগহ দান॥
সবে দধি ঘৃতের পসার।
কাহে করহ অবিচার॥
সহজই তুহুঁ সে অধীর।
ধর কুল-বধুগণ[৩]-চীর॥
রাজ-ভয় নাহিক তোহার।
পথ মাহা এতহুঁ বেভার॥
গোপ গোপালগণ[৪] সঙ্গ।
অহনিশি কৌতুক রঙ্গ॥
তেঞি[৫] সাহস এত ভেল।
পরশহ কুলবতি-চেল॥

বিপরিত[6] কর পরিহাস।
কহ রাধাবল্লভ দাস ॥৯০॥১৩৯২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯০২ সংখ্যক পদ। ২। 'নিলজ' ক, চ, প-র-সা। ৩। 'বধূগণ' ক। ৪। 'গোয়ালাগণ' ক। ৫। 'ভেঞ্জিত' প-র-সা। ৬। 'বিপরীত' ক।

'রাই-মুখ হেরি মুখরা কহে' ইত্যাদি গেয়ম্।

পুনশ্চ দান-কেলি যথা।

সুহই।[1]

ত্রিভুবন-বিজই মদন মহারাজ।
বৈঠল বৃন্দাবনে নিকুঞ্জক মাঝ॥
গোরস আওত[2] রসবতি ঠাম[3]।
স্বজিল[4] বিপিন-পথে সরবস দান॥
তোহে কহোঁ[5] গোপিনি[6] আয়ানের[7] রাণি।
কেমনে জানিবা দান[8] সহজে আয়ানি॥
তুহুঁ গজ-গামিনি[9] হরি জিনি মাঝ।
নব যৌবন-মদে নাহি দেহ রাজ॥
মোহে[10] গিরিধর বলি সোঁপল কাজ।
আপনে আপন কথা কহিতেহ লাজ॥
কেবল গোরস-দানে কেনে দেহ ভজ।
বিচারে[11] চাহিয়ে দান প্রতি অঙ্গে অঙ্গ॥
এ সব দানের কথা জানয়ে বড়াই।
গোবিন্দদাস কহ[12] চপল কানাই॥

॥৯১॥১৩৯৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯০৩ ও প-র পুথির ২৮।২ সংখ্যক পদ। ২। 'আওল' ক। ৩। 'ঠান' প-র-সা। ৪। 'পুজিল' প-র-সা। ৫। 'কহ' ক; 'কহে' ষ; 'কহত্ত' প-র-সা। ৬। 'আলো রাধে' প-র। ৭। 'রায়াণের' ষ। ৮। 'জানিবা দান' স্থলে 'জানিবে তুমি' প-র। ৯। 'তুহুঁ' ইত্যাদি স্থলে 'এ গজগামিনি ধনি' প-র। ১০। 'মোয়ে' প-র; 'তোহে' খ। ১১। 'বিচারি' চ, প-র-সা। ১২। 'কহে' ক।

ভাটিয়ারি।[1]

মাধব দুরে[2] কর উলট নয়ান[3]।
সোই চাতুরিপনা জগ মাহা জানিয়ে
যোই রাখয়ে নিজ মান॥ধ্রু॥
হাসি হাসি নিয়ড়ে[4] আসিছ অবলা হেরি[5]
ভাল নহে[6] তোহারি[7] বেভার[8]।
লোক-লাজ ভয় এক[9] না মানসি
ও[10] কুলে[11] কংস দুরবার[12]॥
নহোঁ[13] কুলটা হাম বর-কুল-কামিনি
নিকটে ভাত-ঘর মোর।
তুহুঁ বন-চারি তোর মতি চঞ্চল
তাহে[14] সাহস এত তোর॥
শ্রুতি-সম্ভব[15] নহ ইহ সব কুবচন
যে[16] সব কহসি মঝু আগে।
জ্ঞানদাস কহ ঐছে কহসি কাহে[17]
আওলি নব অনুরাগে[18]॥৯২॥১৩৯৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯০৪ ও প-র পুথির ২৮।১৬ সংখ্যক পদ। ২। 'দূরে' ক। ৩। 'উলট নয়ান' স্থলে 'না কর বয়ান' প-র। ৪। 'অবলা' প-র। ৫। 'আসিছ' ইত্যাদি স্থলে 'নিয়ড়ে তুহুঁ আওলি' প-র। ৬। 'নহ' ষ, চ। ৭। 'তোহার' ষ, চ। ৮। 'তোহারি বেভার' স্থলে 'ইহ ব্যবহার' প-র। ৯। 'একই' প-র। ১০। 'উ' ষ। ১১। 'কুলে' ক। ১২। 'দরবার' প-র-সা। ১৩। 'নহ' ক। ১৪। 'কি দেখি' প-র। ১৫। 'সম্ভব' ক। ১৬। 'সো' প-র। ১৭। 'সে' প-র-সা, প-র। ১৮। 'ঐছে'

ইত্যাদি স্থলে 'এত সে না বোলহ' প-র। ১১। 'আওলি' ইত্যাদি স্থলে 'ধনি কাহু ধনি অনুরাগে' প-র।

—

পঠমঞ্জরী ।১

নিতি নিতি যাও২ রাই মথুরা নগরে।
ঘৃত দধি দুধ৩ ঘোলে৪ সাজাঞা৫ পসারে॥
আমি পথে মহাদানী বিদিত সংসারে।
কার বোলে কোন ছলে যাও৬ অবিচারে॥
দেহ মহাদান রাই বসিয়া নিকটে।
এক পণ অধিক কাহণ প্রতি ঘটে৭ ॥
চির দিন আছে দান সমুখে আসাড়ি৮।
অঙ্গে বহু-মূল ধন আর৯ নীল শাড়ী॥
সিঁথার সিন্দুর দান কহনে না যায়।
নয়ানে কাজল-রেখে ধরণী বিকায়॥
কি বলিবে বল রাই না সহে বেয়াজ।
তুমি ধনী আমি দানী ইথে কিবা লাজ॥
ঈষত চাহনি হাসি আধ আধ কথা।
জ্ঞানদাস কহে দানী বিষম বিধাতা১০ ॥

॥১৩॥১৩৯৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১০৫ ও প-র পুথির ২৮।১৭ সংখ্যক পদ। 'পঠমঞ্জরী' স্থলে 'শ্রীরাগ' প-র। ২। 'যাহ' প-র। ৩। 'দুগ্ধ' ক; 'দুধ' খ। ৪। 'ঘালে' খ। ৫। 'সাজায়্যা' চ। ৬। 'কর' ক, খ। ৭। 'ঘাটে' ঘ, প-র-সা, প-র। ৮। 'চির দিন আছে' ইত্যাদি স্থলে 'সমুখে আছয়ে' ইত্যাদি ক, খ, ঘ, চ। ৯। 'আরে' প-র। ১০। 'বিষম বিধাতা' স্থলে 'বান্ধ প্রেমলতা' প-র।

৭—৮। "চির দিন" ইত্যাদি। দান অর্থাৎ শুল্ক গ্রহণ করিতে হইলে তিনটি জিনিস থাকা আবশ্যক,—(১) দানের প্রথা, (২) দান-গ্রহণকারীর সামর্থ্য, (৩) দান-গ্রহণের উপযুক্ত দ্রব্য। এ স্থলে ঐ তিনটি জিনিসের কোনটির অভাব নাই—ইহা দেখাইবার জন্যই শ্রীকৃষ্ণ বলিতেছেন,—চির দিন দান অর্থাৎ দানের নিয়ম আছে; সমুখে আষাঢ়ী অর্থাৎ দণ্ডধারী রহিয়াছেন; তার পরে শ্রীরাধার অঙ্গে দানের উপযুক্ত বহু-মূল্য অলঙ্কার ও বসন রহিয়াছে; সুতরাং এ স্থলে দান না দেওয়ার কোনই কারণ নাই। ['পালাশো দণ্ড আষাঢ়ঃ'; অমরকোষ; 'অথাজিনাষাঢ়ধরঃ প্রগল্ভবাক্' কুমারসম্ভব। ব্রহ্মচারীর ধৃত পলাশ-দণ্ড হইতেই বোধ হয় 'আষাঢ়' (অপভ্রংশে আসাড়) শব্দের সাধারণ দণ্ড ও 'আষাঢ়ী' (অপভ্রংশে 'আসাড়ি') শব্দের সাধারণ দণ্ডধারী অর্থ আসিয়াছে। শ্রীকৃষ্ণ বোধ হয় রসিকতা করিয়াই নিজের হস্ত-স্থিত গো-চারণের যষ্টি অথবা বংশীটিকেই দণ্ড বলিয়া উল্লেখ করিয়াছেন]।

—

শ্রীরাগ।১

পথ ছাড় অহে কানাই কিবা রঙ্গ কর।
যার বাতাস নিতে না পাও২ তার করে৩ ধর॥
এখনি মরণ হউ৪ এ ছিল৫ কপালে।
বৃষভানু-সুতা-তনু ছুঁইলে৬ রাখালে॥
একে সে তোমারে ভাল বাসে৭ কংসাসুর।
এ বোল শুনিলে হৈবে৮ দেশ হৈতে দূর॥
কে তোমারে বিষয় দিলে কেল দেখি৯ পাটা।
তুমিও নূতন দানী আমরা নহি টুটা১০ ॥
থাকিবা খাইবা১১ যদি যমুনার পানী।
গোপীগণে না রাখিহ না হইও দানী১২ ॥

॥১৪॥১৩৯৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১০৬ ও প-র পুথির ২৮।২৫ সংখ্যক পদ। 'শ্রীরাগ' স্থলে 'সিন্ধুড়া' প-র। ২। 'নিতে না পাও' স্থলে 'সইতে নার'

প-র-সা। ৩। 'হাত' প-র-সা। ৪। 'হউক' প-র-সা। ৫। 'ছার' প-র। ৬। 'ছুইবে' প-র-সা। ৭। 'না বাসে' ক, খ। ৮। 'হইবে' খ, চ। ৯। 'রাজ' প-র। ১০। 'তুমিও' ইত্যাদি স্থলে 'তুমি সে বড়ার পো আমি কিসে টুটা' প-র। ১১। 'থাকিবে থাইয়া' প-র। ১২। 'না ছুইও গোপিকার অঙ্গ না হইও দানী' প-র-সা; 'গোপীগণে না ঘাটাহ পথে হঞা দানী' প-র।

পঠমঞ্জরী।১

এড়িয়া না যাইহ বড়াই ধরি তোমার পায়।
কি লাগি নন্দের পো২ ধরিয়া রহায়৩॥
ঘরের বাহিরে৪ কৈলা৫ বলিয়া কহিয়া।
আনিয়া রাখালের হাতে দিলা যে সোঁপিয়া৬॥
এ দেশে বিচার এই রাজা নাহি পাটে৭।
গোয়ালা হইয়া দানী দান সাধে বাটে॥
এ দেশে এমন বড়াই এ দেশে এমন।
দানী হৈয়া কেবা টানে অঙ্গের বসন॥
অবোধ নন্দের পোলা না শুনে কারো বোল।
পাছে চাহে দান দানী আগে চাহে কোল॥
বংশীবদনে বোলে হরষিত হিয়া।
দানী নহে নন্দসুত আছে দাঁড়াইয়া॥

॥২৫॥১৩৯৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯০৭ ও প-র পুথির ৮।১৯ সংখ্যক পদ। ২। 'বালা' প-র। ৩। 'রহয়' প-র-সা। ৪। 'বাহির' প-র। ৫। 'কৈলা মোরে' প-র। ৬। 'আনিয়া দানীর হাতে দিয়া যাও ছাড়িয়া' প-র। ৭। 'এ দেশে' ইত্যাদি বাকি চরণগুলি কেবল প-র-সা পুথিতে আছে।

সুহিনী।১

হেম-ঘট পাইয়া পাথারে।
চোরার মন সাত পাঁচ করে॥
তুমি ইহায়২ পুছহ বড়াই।
কিবা ধন মাগয়ে৩ কানাই॥
মাকড়ের হাথে নারিকল৪।
খাইত্যে সাধ ভাঙ্গিতে নাহি বল॥
তুমি কি না জান বনমালি।
রাখালে কি ভজে৫ চন্দ্রাবলি॥
সাপের মাথা(য়) মণি জ্বলে৬।
বড়ু কহে বাশুলির বলে॥২৬॥১৩৯৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯০৮।১৯১১ ও প-র পুথির ৮।২১ সংখ্যক পদ। 'সুহিনী' স্থলে 'বরাড়ী' প-র। ২। 'উহায়' প-র-সা; 'দেখি' প-র। ৩। 'মাগেন' প-র। ৪। 'মাকড়ের' ইত্যাদি কলিটি কেবল প-র পুথিতে আছে। ৫। 'ভেটে' প-র। ৬। 'সাপের' ইত্যাদি ভণিতার কলিটি শ্রীযুক্ত শিবরতন মিত্র মহাশয় একখানা প্রাচীন পুথিতে প্রাপ্ত হইয়াছেন। 'চণ্ডীদাসের পদাবলী'—বঙ্গীয়-সাহিত্য-পরিষদের সংস্করণ, পরিশিষ্ট ।০ পৃষ্ঠা দ্রষ্টব্য।

টীকা

৫—৬। "মাকড়ের" ইত্যাদি। মাকড়ের অর্থাৎ মর্কটের হাতে নারিকেল (যে প্রকার),—(মর্কটের) খাইতে সাধ হয়, কিন্তু (নারিকেল) ভাঙ্গিতে বলে কুলায় না (শ্রীকৃষ্ণের শ্রীরাধাকে পাওয়ার বাঞ্ছা সেইরূপ অসম্ভব!)

৭—৮। "তুমি" ইত্যাদি। হে বনমালী! তুমি কি জান না? চন্দ্রাবলি অর্থাৎ চন্দ্রাবলিনাম্নী শ্রীরাধা কি রাখালকে ভজনা করে? শ্রীযুক্ত শিবরতন বাবুর প্রাপ্ত '

'নিসেদ (?) নীলক বনমালি।
বাখানে কি ভেটে চন্দ্রাবলি॥'

পাঠের 'নিসেদ' ও 'বাখানে' শব্দ দুইটি যে 'নিষেধ' ও 'রাখালে' শব্দের স্থলে অশুদ্ধ পাঠ, তাহা সহজেই বুঝা যায়। বঙ্গীয়-সাহিত্য-পরিষদের প্রকাশিত

চণ্ডীদাসের 'শ্রীকৃষ্ণকীর্ত্তন' গ্রন্থে 'চন্দ্রাবলি' শব্দ কেবল শ্রীরাধারই নামান্তররূপে অনেক স্থলে ব্যবহৃত হইয়াছে এবং ঐ গ্রন্থে 'মর্কট' বা 'বানর' অর্থে অপভ্রংশ 'মাকড়' শব্দেরও কয়েকটি প্রয়োগ আছে। 'মাকড়' শব্দের এইরূপ প্রয়োগ চণ্ডীদাসের পরবর্ত্তী বাঙ্গালা সাহিত্যে পাইয়াছি বলিয়া স্মরণ হয় না। 'হেমঘট' ইত্যাদি পদটি শ্রীরাধার সখীর উক্তি; এ স্থলে চন্দ্রাবলিনাম্নী প্রতিপক্ষ-নায়িকার কোন প্রসঙ্গই নাই; সুতরাং উল্লিখিত নানা কারণেই আমরা এই পদের 'চন্দ্রাবলি' শব্দের প্রতিপাদ্য শ্রীরাধা ও পদটি বড়ু চণ্ডীদাসের রচিত বলিয়া সিদ্ধান্ত করিতে বাধ্য হইয়াছি।

পঠমঞ্জরী।১

আজি কেনে নাহি বাজাও বাঁশী।
অপাঙ্গ-ইঙ্গিত ইষত হাসি॥
কিবা ভরসায় আইস কাছে।
না জানি মরমে কি ভাব আছে॥
পসরা২ ছুঁইতে করহ সাধ।
বরাকের দানী সোণায় সাধ॥
মুখের সুখেতে কহিতে৩ চাও।
বিপরীত ইথে করিলে পাও॥
কালা হৈয়া এত রসের ভোরা।
খঞ্জন কমলে দেখিলা পারা॥
কি গুণ দেখাঞা৪ সঘনে চাও।
হাতে কি চান্দের পরশ পাও॥
জ্ঞানদাস কহে গোপ-ঝিয়ারি।
বলিতে পারিলে এত কি৫ বলি।৯৭॥১৩৯৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯১৪ সংখ্যক পদ। ২। 'পসার' ক, খ। ৩। 'কইতে' ক, খ, প র-সা। ৪। 'গুণ দেখিয়া' খ; 'গুণেতে তুমি' প-র-সা। ৫। 'কি এতেক' ক, প-র-সা।

টীকা

৯—১০। "কালা" ইত্যাদি। তুমি কৃষ্ণকায় হইয়া এরূপ রসে বিভোর, (ইহা বড়ই বিচিত্র); বোধ হয় যেন, তুমি পদ্মের মাঝে খঞ্জন-পক্ষী দেখিয়াছ! (পদ্মের মাঝে খঞ্জন-পক্ষী দৃষ্ট হইলে শাকুন-শাস্ত্র অনুসারে দর্শকের বিশেষ সৌভাগ্য সূচিত করে।) তুলনা করুন,—

'একো হি খঞ্জনবরো নলিনীদলস্থো
দৃষ্টঃ করোতি চতুরঙ্গবলাধিপত্যম্।'
— শৃঙ্গার-তিলক।

সখীর উক্তির অপর গূঢ় অর্থ ইহাও বটে যে, তুমি বোধ হয়, শ্রীরাধার বদন-কমলে খঞ্জনের ন্যায় চঞ্চল নয়ন-ভঙ্গী দেখিয়াছ; তাই এরূপ রসে বিভোর হইয়া পড়িয়াছ!

শ্রীরাগ।১

সহজই তনু ত্রিভঙ্গ।
এমন হইয়া এত রঙ্গ॥
যবে২ তুমি সুন্দর হইতা৩।
তবে নাকি কাহারে থুইতা৪॥
আপনা চতুর হেন বাস।
কি দেখিয়া কি বুঝিয়া হাস॥
চাহিতে সঘনে আঁখি চাপ।
পর-নারী দেখিয়া না৫ কাঁপ॥
যে দেখি মরমে এই ভাব৬।
তেঞি সে বাতাসে৭ রসে ডুব৮॥
জ্ঞানদাস কহে শুন শ্যাম৯।
আপনা না ভাব অনুপাম১০॥৯৮॥১৪০০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯১৫ ও প-র পুথির ২৮।২৩ সংখ্যক পদ। ২। 'যদি' প-র। ৩। 'হইতে' প-র। ৪। 'থুইতে'। অতঃপর প-র পুথিতে নিম্নলিখিত অতিরিক্ত কলিটি দৃষ্ট হয়, যথা—

'পরশে তোমার ঝুর‍্যা মরি।
তেঞি সে তোমারে ভাল বলি ॥'

৫। 'দেখি ঘন' প-র। ৬। 'ভাবো' প-র-সা। ৭। 'বাতাস' ক, প-র। ৮। 'ডুবো' প-র-সা। ৯। 'রাই' প-র। ১০। 'কহিতে জানিলে এত কই' প-র।

অথ শ্রীকৃষ্ণোক্তিঃ।

ধানশী।[১]

কি লাগিয়া[২] আইলা দূর দেশে।
তোমার সহজ রূপ কাম হেরি কান্দে হে[৩]
ভুবন ভুলল[৪] ও না বেশে ॥ধ্রু॥
আইস বৈস[৫] মোর কাছে রৌদ্রে[৬] মিলাও পাছে
বসনে করিয়ে মন্দ বায়[৭]।
এ দুখানি রাঙ্গা পায় কেমনে হাঁটিছ[৮] তায়
দেখিয়া হালিছে মোর গায় ॥
কেমন[৯] তোমার[১০] গুরুজন
কি সাধে সাধিল[১১] ধন
কেমে বিকে পাঠাইল তোমা।
তোর নিজ পতি যে কেমনে বাচিবে[১২] সে
পাঠাইয়া[১৩] চিতে দিয়া খেমা[১৪] ॥
হাসি হাসি মোড় মুখ বসনে ঝাঁপিছ বুক
দেখিয়া হইলুঁ বড় দুখী।
জ্ঞানদাসেতে কয় পসারী যে জন হয়
রসাল বচনে করে বিকি ॥৯৯॥১৪০১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯১৬ ও প-র পুথির ২৮।২৪ সংখ্যক পদ। 'ধানশী' স্থলে 'শ্রীরাগ' প-র। ২। 'লাগি' প-র। ৩। 'লো' প-র। ৪। 'ভুলিল' খ, চ। ৫। 'আস্য আস্য' প-র। ৬। 'বৈসহ' ক। ৭। 'দিয়ে ছায়' প-র-সা। ৮। 'হাটিছ' খ; 'হাটিবে' প-র। ৯। 'কেমনে' প-র। ১০। 'তোর' প-র। ১১। 'সাধিব' প-র। ১২। 'বাচয়ে' প-র। ১৩। 'পাঠাইল' প-র। ১৪। 'ক্মা' ক; 'ক্ষেমা' প-র-সা।

ধানশী।[১]

বিনোদিনি মো বড় উদার দানী।
সকল ছাড়িয়া দানী হইয়াছি
তোমার মহিমা শুনি ॥ধ্রু॥
খঞ্জন-নয়ন অঞ্জনে রঞ্জিত
তাহে কটাক্ষের বাণ।
নাসিকা উপরে অমূল্য মুকুতা
উহার অধিক দান ॥
অলকা উপরে কুটিল কবরী
তাহে চন্দনের রেখা।
পরশ[২]-দাপনি[৩] জিনি[৪] মুখখানি
কে করে দানের লেখা ॥
পীন পয়োধর সুমেরু-শিখর
তাহে মুকুতার হারে।[৫]
রতন অধিক যতন[৬] করিয়া
কি ধন লৈয়াছ[৬] কোরে ॥
চরণ উপরে কনক-নূপুর
চলিতে করয়ে ধ্বনি।
রসের পসার করি আগুসার
প্রবোধ করহ দানী ॥
বংশীবদনে কহল যতনে
শুনহ রাজার ঝি।
উচিত কহিতে[৭] মনে মন্দ ভাব[৮]
আঁচলে ঝাঁপিলা কি ॥১০০॥১৪০২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯১৭, প-র পুথির ২৮।২৬ সংখ্যক পদ। ২। 'পরম' প-র-সা;

'পয়েস' প-র। ৩। 'দর্পনি' ষ; 'দাপিনি' প-র। ৪। 'নিজ'. ক, খ। ৫। 'কেতন' প-র-সা। ৬। 'কি ধন' ইত্যাদি প-র স্থলে 'ও ধন লৈয়া যাও' ক, খ, ষ; 'ধন লইয়া' ইত্যাদি প-র-সা। ৭। 'কহিলে' প-র-সা। ৮। 'বাস' প-র।

তথা রাগ।১

হেদে লো বিনোদিনি এ পথে কেমতে২
যাবে তুমি।
শীতল কদম্ব-তলে বৈসহ আমার বোলে
সকলি কিনিয়া নিব৩ আমি ॥ধ্রু॥
এ ভর৪ দুপর৫ বেলা তাতিল পথের ধূলা
কমল জিনিয়া পদ তোরি।
রৌদ্রে ঘামিয়াছে মুখ দেখি৬ লাগে বড় দুখ
শ্রম-ভরে আউলাইল৭ কবরী ॥
অমূল্য রতন সাথে গোঙারের৮ ভয় পথে
লাগি পাইলে লইবে কাড়িয়া৯।
তোমার লাগিয়া আমি এই পথে মহাদানী
তিল-আধ না যাও১০ ছাড়িয়া ॥
মথুরা অনেক পথ তেজ অন্য মনোরথ১১
মোর কাছে বৈস বিনোদিনি।
বংশীবদনে কয় এই সে উচিত হয়
শ্যাম সঙ্গে কর বিকিকিনি ॥১০১॥১৪০৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯১৮ ও প-র পুথির ২৮।২৭ সংখ্যক পদ। 'তথা রাগ'• স্থলে 'শ্রীরাগ' প-র। ২। 'কেমনে' ক, খ, প-র-সা, প-র। ৩। 'লব' প-র। ৪। 'ভরি' প-র। ৫। 'দুফর'। ৬। 'দেখ্যা' প-র। ৭। 'আল্যাইল' ষ; 'আলুয়াল্য' চ, প-র। ৮। 'গোঁয়ারের' খ। ৯। 'কাঢ়িয়া' ষ, প-র। ১০। 'দেও' প-র-সা; 'যাই' প-র। ১১। 'মথুরা' ইত্যাদি ভণিতার কলিটি কেবল প-র পুথিতে আছে; তৎপরিবর্ত্তে প-র-সা পুথিতে নিম্নলিখিত পাঠ দৃষ্ট হয়, যথা—

'শুনিয়া কানুর বাণী হৃদয়ে হরিষ ধনী
প্রেমভরে গরগর অঙ্গ।
বংশীবদনে বোলে বৈস ধনি তরুমূলে
ঘরায়ে করহ কানু-সঙ্গ ॥'

করুণ বরাড়ী।১

মোহন বিজন২ বনে দূরে গেল সখীগণে
একলা৩ রহিলা ধনী রাই।
দুটি আঁখি ছল ছলে৪ চরণ-কমল-তলে৫
কানু আসি পড়ল লোটাই ॥
জনম সফল ভেল মোর৬।
তোমা হেন গুণ-নিধি পথে আনি দিলা৭ বিধি
আনন্দের কি কহিব ওর৮ ॥ধ্রু॥
রবির কিরণ পাইছে৯ চান্দ-মুখ ঘামিয়াছে
মুখর মঞ্জীর১০ দুটি পায়১১।
হিয়ার উপরে রাখি, জুড়াও১২ সে মোর আঁখি১৩
চন্দন চর্চ্চিত করি গায়১৪ ॥
এতেক মিনতি করি রাইয়ের করেতে ধরি১৫
বসায়ল নিজ পীতবাসে।
নির্জ্জন নিকুঞ্জ বনে মিলল দোঁহার সনে
মনে মনে হাসে বংশীদাসে ॥১০২॥১৪০৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯২০ ও প-র পুথির ২৮।১৩ সংখ্যক পদ। 'করুণ বরাড়ী' স্থলে 'ধানশ্রী' প-র। ২। 'বিজই' প-র-সা; 'নিকুঞ্জ' প-র। ৩। 'একলি' প-র। ৪। 'ছল ছল' প-র। ৫। 'তল' প-র। ৬। 'জনম' ইত্যাদি স্থলে 'বিনোদিনি জনম' ইত্যাদি প-র। ৭। 'মিলাইল' প-র-সা। ৮। 'আজুকার সুখের নাহি ওর' প-র-সা। ৯। 'কিরণে তোমার' প-র। ১০। 'সুখের মঞ্জরি' প-র। ১১। 'পা' প-র। ১২। 'জুড়াকু' প-র।

১৩। 'চান্দমুখি' প-র। ১৪। 'গা' প-র। 'রবির কিরণ' ইত্যাদি কলিটির স্থলে প-র-সা পুথির পাঠ, যথা—

'পাতিয়া বসনখানি আইস বৈস বিনোদিনি
সুখের মঞ্জরি ছুটি পা।
রবির কিরণে পাছে চান্দ-মুখ ঘামিয়াছে
চন্দন-চর্চ্চিত করি গা।'

১৫। 'এতেক মিনতি' ইত্যাদি ভণিতার কলিটি কেবল প-র-সা পুথিতেই আছে।

মঙ্গল।

রাধামাধব নীপ-মূলে।
কেলি-কলা রস-দান ছলে॥
দুহুঁ দোহাঁ দরশই নয়ন-বিভঙ্গ।
পুলকে পূরল[১] তনু জরজর অঙ্গ॥
দূরে[২] গেল সখিগণ সহিতে বড়াই।
নিভৃত নীপ-মূলে[৩] লুঠই[৪] রাই॥
দোহেঁ[৫] দোহাঁ হেরইতে দুহুঁ ভেল ভোর।
চান্দ মিলল জনু লুবধ চকোর॥
দুহুঁ জন হৃদয়ে মদন পরকাশ।
সখিগণ হেরি দূরে[৬] বাঢ়ল উল্লাস॥১০৩॥১৪০৫॥

পাঠান্তর

১। 'পূরল' ক। ২। 'দূরে' ক। ৩। 'মূলে' ক। ৪। 'লুটই' ক; 'লুটয়ে' খ, চ। ৫। 'দুহুঁ' ক, খ। ৬। 'দূরেঁ' ক।

বরাড়ী।[১]

বিনোদিনি মুঞি বড় উদার দানী।
সকল ছাড়িয়া বিষয় লৈয়াছি
তোমার মহিমা শুনি॥
হেম-বরণ মণি-অভরণ
সদাই নয়নে দেখি।
পাসরিতে নারি হিয়ায় ভরি
পালটিতে নারি আঁখি॥
তুমি সে পরাণ সরবস ধন
এ দুই নয়ানের তারা।
এত কলাবতী গোকুলে বসতি
কারো[২] নহে হেন ধারা॥
কি জানি কি গুণে হিয়ার মাঝারে
পশিয়া করহ বাস।
অপরূপ নহে এমতি[৩] সহজে
কহয়ে[৪] বংশীদাস॥১০৪॥১৪০৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯২১ সংখ্যক পদ। ২। 'কারু' ক, খ। ৩। 'এমত' ক, খ। ৪। 'কহয়ে এ' খ।

ধানশী।[১]

এনা[২] ছান্দে কে না বান্ধে চুল।
চূড়ায় মজাল্যে[৩] জাতি কুল[৪]॥
কেবা নাহি পরে বন-মালা।
মালার এতেক কেন জ্বালা[৫]॥
কেনা থাকে[৬] ত্রিভঙ্গ[৭] হইয়া।
প্রাণ কান্দে এ[৮] রূপ দেখিয়া॥
কেবা না[৯] এতেক জানে কলা।
যাহা দেখি ভুলল[১০] অবলা॥
কেবা নাহি কহে কথা খানি।
চাঁদ-মুখে সুধা খসে জানি[১১]॥
কেবা নাহি ধরে রূপ কালা।
তোমার[১২] রূপে ত্রিভুবন[১৩] আলা॥
তোমা বিনে মনে নাহি লয়।
জ্ঞানদাস কহে ভাল হয়[১৪]॥১০৫॥১৪০৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯২২ ও প-র পুথির ১৪।১৪১ সংখ্যক পদ। ২। 'এত' ক, খ। ৩। 'চূড়ার মজিল' প-র; 'তোমার চূড়ায় মজাইলে' খ।

'তোমার' ইত্যাদি পাঠে ছন্দঃ-পতন ঘটে। ৪। অতঃপর প-র পুথিতে নিম্নলিখিত কলিটি দৃষ্ট হয়, যথা—

'এই ত চন্দনের ফোঁটা কেবা নাহি পরে।
কপাল-গুণে ঝলমল করে॥'

৫। 'মালায়' ইত্যাদি স্থলে 'তোমার মালায় সে এতেক' ইত্যাদি ক, খ; 'তোমার মালায় এতেক' ইত্যাদি ঘ, চ; 'তোমার মালা এত কৈল আলা' প-র-সা। ৬। 'কেনে থাক' প-র-সা, প-র। ৭। 'ত্রিভঙ্গী' খ। ৮। 'যে' ক। ৯। 'বা' প-র। ১০। 'ভুলয়ে' প-র। ১১। 'চাঁদ-মুখে' ইত্যাদি প-র স্থলে 'তোমার চান্দমুখে সুধা খসে জানি' ক; 'তোমার চান্দমুখে সুধা জানি' খ; 'তোমার চান্দমুখে সুধা হেন জানি' ঘ; 'তোমার চান্দমুখের সুধা জানি' প-র-সা। ১২। 'তুয়া' প-র। ১৩। 'সে ভুবন কৈল' ক, খ, ঘ, চ; 'ভুবন কৈলে' প-র-সা। ১৪। 'জ্ঞানদাস' ইত্যাদি স্থলে 'জ্ঞান কহে এই ভাল হয়' প-র।

ভূপালী।১

হাথক২ দরপণ মাথক ফুল।
নয়নক অঞ্জন মুখক তাম্বুল॥
হৃদয়ক মৃগ-মদ গীমক হার।
দেহক৩ সরবস গেহক সার॥
পাখিক পাখ মীনক পানি।
জীবক জীবন হাম ঐছে জানি॥
তুহুঁ কৈছে মাধব কহ তুহুঁ মোয়।
বিদ্যাপতি কহ দুহুঁ দোহাঁ হোয়৪॥

॥১০৬॥১৪০৮॥

ইত্যাদি গোষ্ঠবিহারাদি-দানলীলা।
তৃতীয়-শাখায়াং পঞ্চবিংশতি-পল্লবঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯১৩ ও প-র পুথির ১৪।১৫২ সংখ্যক পদ। 'ভূপালী' স্থলে 'ধানশ্রী' প-র। ২। 'হাতক' ক, চ, প-র-সা; 'হাথকি' প-র। ৩। 'দেহকি' প-র। ৪। প-র পুথিতে 'বিদ্যাপতি কহ' ইত্যাদি পংক্তিটি নাই; উহার স্থান ফাঁক রাখা হইয়াছে।

অথ নৌকা-বিলাস।

তদুচিত শ্রীমহাপ্রভু।

তুড়ী।১

না জানিয়ে গোরাচাঁদের কোন ভাব মনে।
সুরধুনী-তীরে গেলা সহচর সনে॥
প্রিয় গদাধর আদি সঙ্গে ত করিয়া।
নৌকায় চড়িলা গৌর প্রেমাবেশ হৈয়া॥
আপনেং কাণ্ডারী হৈয়া বায়৩ নৌকাখানি।
ডুবিল ডুবিল বলি সিঞ্চে সভে পানি॥
পারিষদগণ সবে হরি হরি বোলে।
পুরব সোঙরি কেহো ভাসে প্রেম-জলে॥
গদাধর-মুখ হেরি মৃদু মৃদু হাসে।
বাসুদেব ঘোষে কহে মনের উল্লাসে৪॥

॥১॥১৪০৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯২৫ সংখ্যক পদ। ২। 'আপনি' ক, চ, প-র-সা। ৩। 'বহে' প-র-সা। ৪। 'হরষে' প-র-সা।

মল্লার।১

সবহুঁ২ সখীগণ চলু ঘর মাই।
নব নব রঙ্গিণি রসবতি রাই॥
মানস-সুরধুনি দু কুল৩ পাথার।
কৈছনে সহচরি হোয়ব পার৪॥
প্রাবৃট সময়ে গরজে ঘন ঘোর।
খরতর পবন বহই তহিঁ জোর॥

দুরহিঁ[৬] নেহারত নাগর শ্যাম।
তরণী লেই মিলল সোই ঠাম॥
হাসি হাসি কহয়ে নাবিকবর কান।
চঢ়[৫] সভে পার উতারব হাম॥
শুনি সুবদনি ধনি হরষিত ভেলি[৬]।
চঢ়ল[৭] তরণি পর সহচরি মেলি[৮]॥
নৌতুন নাবিক কছু নাহি জান[৯]।
বেগেত তরণি লেই করল পয়ান[১০]॥
টুটি[১১] তরণি হেরি ভেল তরাস।
সিঞ্চয়ে পানি করে[১২] জ্ঞানদাস॥২॥১৪১০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুঁথির ১৯২৬ সংখ্যক পদ। ২। 'সকল' ক, খ, প-র-সা। ৩। 'দুকূল' ক; 'দো কূল' প-র-সা। ৪। 'দূরহিঁ' ক। ৫। 'চড়' ক, প-র-সা। ৬। 'ভেল' ক, ঘ, চ, প-র-সা। ৭। 'চড়ল' ক, প-র-সা। ৮। 'মেল' ক, ঘ, চ। ৯। 'জানে' খ। ১০। 'পয়ানে' খ। ১১। 'টুটল' ক; 'টুট' খ, চ, প-র-সা। ১২। 'সিঞ্চয়ে' ইত্যাদি স্থলে 'সিঞ্চয়ে পানি করি' ক; 'সিঞ্চয়ে পানি করি' ঘ, চ; 'সিঞ্চে পানি করে' প-র-সা।

ভাটিয়ারি।১

মানস-গঙ্গার জল ঘন করে কল কল
দু কূল[২] বাহিয়া যায় ঢেউ।
গগনে উঠিল মেঘ পবনে বাঢ়িল[৩] বেগ
তরণি রাখিতে নাহি কেউ॥
দেখ সখি নবীন কাণ্ডারী শ্যামরায়।
কখন না জানে কান বাহিবার সন্ধান
জানিয়া চঢ়িনুঁ[৪] কেনে নায়॥ধ্রু॥
নায়্যার[৫] নাহিক ভয় হাসিয়া কথাটি কয়
কুটিল নয়ানে চায়[৬] মোরে।
ভয়েত কাঁপিছে দে এ জ্বালা সহিবে কে
কাণ্ডারী ধরিয়া করে কোরে॥
অকাজে দিবস গেল নৌকা নাহি পার হৈল
পরাণ হইল পরমাদ।
জ্ঞানদাস কহে সখি থির হৈয়া থাক দেখি[৭]
এখন না ভাবিহ বিষাদ॥৩॥১৪১১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুঁথির ১৯২৭ সংখ্যক পদ। ২। 'দো কূল' প-র-সা। ৩। 'পাড়িল' খ। ৪। 'উঠিনু' চ। ৫। 'নেয়্যার' চ। ৬। 'চাহে' ক, খ, প-র-সা। ৭। 'তুমি' প-র-সা।

শ্রীরাগ।১

যব লহু লহু হাসি মরমে মরমে[২] পশি
নায়ে চঢ়ায়ল ওই[৩]
তৈখনে মঝু মন ভেলহি অনছন[৪]
বেকত ধয়ল ফল সোই[৫]॥
এ সখি[৬] হরি সঞে মানহ[৭] কুঞ্জ-বিনোদ।
ইহ নাবিক অতি চঞ্চল চপল-মতি[৮]
অব যেছ তেছ পরবোধ॥ধ্রু॥
গগনহি সঘন বিজুরি ঘন ঝলকই[৯]
দিনহি ভেল আন্ধিয়ার।
খরতর পবনে তরণি ঘন ঘুরত[১০]
পৈঠত জল অনিবার॥
দুরজন জানি পড়ল জিউ সঙ্কটে
ইথে জনি[১১] করহ বিচার।
তুয়া ইঙ্গিতে অব[১২] সব সখি জীবউ[১৩]
গোবিন্দদাস কহ সার॥৪॥১৪১২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুঁথির ১৯২৮ ও প-র পুঁথির ২৯।৮ সংখ্যক পদ। 'শ্রীরাগ' স্থলে 'কামোদ' প-র। ২। 'রহল' ক। ৩। 'এই' চ, প-র-সা; 'তোর' প-র। ৪। 'আন ছল' ক, প-র; 'আছন' প-র-সা। ৫। 'মোর' প-র। ৬। 'সুন্দরি' প-র। ৭। 'মানই'

প-র-সা। ৮। 'চপল চরিত মতি' প-র। ৯। 'ঝন ঝন কত' প-র। ১০। 'ঘুরত' ক, চ, প র-সা, প-র। ১১। 'জানি' প-র-সা। ১২। 'আজু' প-র। ১৩। 'জীবঙ' ক ; 'জিউ' প-র-সা ; 'জিবই' প-র।

মল্লার।১

কহ সখি কি করি উপায়।
নায়ের নাবিক হৈয়া এ যৌবন চায় ॥
পরমাদ হৈল সই পরমাদ হৈল।
নায়্যার গলার মালা মোর গলে দিল ॥
যে ছিল কপালে সই যে ছিল কপালে।
নাবিক হইয়া মোরে পরশিল বলে ॥
কলঙ্ক হইল সই কলঙ্ক হইল।
বলে ছলে নায়্যা মোরে কোলে করি২ নিল ॥
জ্ঞানদাস কহে ধনি না ভাব বিষাদ।
নন্দের নন্দন নায়্যা কিসের পরমাদ ॥৫॥১৪১৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯২৯ সংখ্যক পদ।
২। 'করে' ক।

জয়জয়ন্তী।১

নায়্যা হে এখন লইয়া চল পার।
পূরিল তোমার আশা২ কি আর বিচার ॥
অকলঙ্ক কুলে মোর কলঙ্ক রাখিলে।
এখন কিবা মনে আছে না বোলহ ছলে ॥
নায়্যা হৈয়া চূড়া বান্ধ ময়ূরের পাখে।
ইথে কি গরব৩ কর কুল-বধূ সাথে ॥
পারে নাও৪ নূতন নায়্যা না কর বেয়াজ।
জ্ঞানদাস কহে নায়্যা বড় রসরাজ ॥৬॥১৪১৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯৩০ সংখ্যক পদ। ২। 'আশ' ঘ, প-র-সা। ৩। 'গৌরব' প-র-সা। ৪। 'নেও' ক, প-র-সা।

ধানশী।১

শুন বিনোদিনি ধনি আমার কাণ্ডারী তুমি
তোমার কাণ্ডারী কহ কারে।
তুয়া অনুরাগে প্রেম- সমুদ্রে ডুব্যাছি২ আমি
আমারে তুলিয়া৩ কর পারে ॥
যোগী ভোগী৪ নাপিতানী তোমার লাগিয়া দানী৫
ওঝা৬ হইলাম তোমার কারণে।
তুয়া অনুরাগে মোরে লৈয়া ফিরে৭ ঘরে ঘরে
তুয়া লাগি করিলুঁ দোকানে ॥
রাখাল হইয়া বনে সদা ফিরি ধেনু সনে
তুয়া লাগি বনে বনচারী।
তোমার পিরিতি পাইয়া এ ভাঙ্গা তরণী লৈয়া
তুয়া লাগি হইলুঁ কাণ্ডারী ॥
না বোল কুবোল ধনি রমণীর শিরোমণি
তুয়া প্রেমে কি না করি আমি।
দাস জগন্নাথে কয় না ঠেলিহ রাঙ্গা পায়
জাতি জীবন ধন তুমি ॥৭॥১৪১৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯৩১ সংখ্যক পদ। ২। 'ডুবিয়াছি' ক। ৩। 'তুমি মোরে তুলি' প-র-সা। ৪। 'যুগি ভুগী' ঘ, চ। ৫। 'বাদিয়া বনিকিনী' প-র-সা। ৬। 'ধানী' প-র-সা। ৭। 'ফিরো' প-র-সা।

ভাটিয়ারি।১

না বাও নবীন কাণ্ডারি।
ঝলকে উঠয়ে জল ভয়ে কাঁপ্যা মরি ॥
ত্বরায় তরণী লৈয়া তীরে আইলা শ্যাম।
সফল করিলা বিধি পূরিল মনকাম ॥

নবনি[২] মাখন ছেনা যে ছিল পসারে।
সকল দিলেন শ্যাম[৩] নাগরের করে ॥
অঞ্জলি অঞ্জলি করি করিলা ভোজন।
সভে মেলি চলিলেন আপন ভবন ॥
আইলা মন্দিরে রাই সখাগণ সঙ্গে।
হরিষে বসিলা ধনী প্রেমের তরঙ্গে[৪] ॥৮॥১৪১৬॥

কীর্ত্তনিয়াঁমুখাৎ শ্রুত্বা নানামতে সংগ্রহঃ গাননির্ব্বাহকার্থে। ইত্যাদি মানস-গঙ্গায়াং নৌকাবিলাসঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯৩২ সংখ্যক পদ। ২। 'নবীন' ক। ৩। 'ধনী' প-র-সা। ৪। অতঃপর প-র-সা পুথিতে নিম্নলিখিত ভণিতার কলি দৃষ্ট হয়, যথা—

'বংশীবদনে বোলে আহা মরি মরি।
ছলে বলে বন্ধুয়া মিলে রাধিকা সুন্দরী।'

অথ যমুনায়াং নৌকাবিলাসো যথা।

শ্রীরাধাকৃষ্ণ-চরণে মনো দত্বাবধীয়তাং।

আদৌ শ্রীমহাপ্রভুঃ।

ধানশী।১

আরে মোর আরে মোর গৌরাঙ্গ রায়।
সুরধুনী মাঝে যাইয়া নবীন নাবিক হইয়া
সহচর মিলিয়া[২] খেলায় ॥
প্রিয় গদাধর সঙ্গে পুরব রভস-রঙ্গে
নৌকায় বসিয়া করে কেলি।
ডুব ডুব করে না বহয়ে বিষম বা
দেখি হাসে[৩] গোরা বনমালী ॥
কেহো করে উতরোল ঘন ঘন হরিবোল
দু কূলে নদীয়ার লোক দেখে।
ভুবন-মোহন নায়্যা দেখিয়া বিবশ হৈয়া
যুবতী ভুলিল লাখে লাখে ॥
জগজন-চিত্ত-চোর গৌরসুন্দর মোর
যে করে তাহাই[৪] পরতেক।
কহে দীন রামানন্দে এ হেন আনন্দ-কন্দে
বঞ্চিত রহিলুঁ[৫] মুঞি এক ॥৯॥১৪১৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯৩৩ সংখ্যক পদ। ২। 'মেলিয়া' ক, ঘ। ৩। 'হাসি' খ। ৪। 'তাই' খ। ৫। 'হইলু' প-র-সা।

কামোদ।১

দধি-ঘৃত-পসরা লেই সব রঙ্গিণি[২]
আওল কালিন্দি[৩]-তীরে।
যমুনা-তরঙ্গ- রঙ্গ হেরি আকুল
পরশ না পায়ই[৪] নীরে ॥
প্রাবিট-সময়ে উঠয়ে ঘন ঘূর্ণন[৫]
গরজন দু কূল[৬] পাথার।
ঐছন হেরি কহই সব কামিনি
কৈছনে হোয়ব পার ॥
মুখরা সঞে ধনি রমণি-শিরোমণি
বদন পাণিতলে নাই।
হেরি নাগর-বর হরষিত অন্তর
তরণি লেই চলু ধাই ॥
কর্ণধার-বর চড়িয়া তরণি পর
আওল রাইক পাশে[৭]।
চড় সভে পারে উতারব এ ধনি
কিছু নাহি ভাব তরাসে[৮] ॥
এত কহি সবহুঁ পাণি ধরি নাবিক[৯]
তরণি উপর সভে লেল[১০]।
জ্ঞানদাস ভণ লেই রমণিগণ
গহন পানি মাহা গেল ॥১০॥১৪১৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯৩৪ সংখ্যক পদ। ২। 'সঙ্গিনী' প-র-সা। ৩। 'কালিন্দির' ক, খ, ঘ, চ। ৪। 'পাবই' খ, ঘ; 'পাই' চ। ৫। 'ঘূর্ণত' প-র-সা। ৬। 'দুকূল' ক। ৭। 'পাশ' ক। ৮। 'তরাস' ক। ৯। 'পাণি' ইত্যাদি অংশ ক পুথিতে লিপিকর-ভ্রমে পরিত্যক্ত হইয়াছে। ১০। 'গেল' ক।

আশাবরী।১

যমুনার দু কুল আলা কৈল নায়্যার রূপে২।
জগজন-মন ভুলে দেখিয়া৩ স্বরূপে॥
গলে বনমালা দোলে শিরে শিখি-পাখা।
দেখি মেন৪ জাতি কুল নাহি যায়৫ রাখা॥
মুচকি হাসিয়া নায়্যা যার পানে চায়।
যাচিয়া যৌবন দিতে সেই জন ধায়॥
ঠেকিলুঁ নায়্যার হাতে কি করি উপায়।
বজর পড়িল সখি কুলের মাথায়॥
বংশীবদনে কহে থির৬ কর হিয়া।
তোমরা এমন হৈলা৭ না কহিতে নায়্যা॥
॥১১॥১৪১৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯৩৫ সংখ্যক পদ। ২। 'যমুনার দু কুল করিলে' ইত্যাদি ক, খ, ঘ, চ। ৩। 'দেখি এহেন' ঘ। ৪। 'মেনে' ক। ৫। 'গেল' প-র-সা। ৬। 'স্থির' ক, চ। ৭। 'হৈলে' ক, চ।

তথা রাগ।১

*রাই কানু যমুনার মাঝে২।
ফিরয়ে তরণী জলের ঘুরণী
দূরে গেল কুল লাজে॥ধ্রু॥
কুম্ভীর মকর৩ মীন উঠত
সঘনে বদন তুলি।
হরিষে যমুনা উথলে দ্বিগুণা
রাই কানু রূপে৪ ভুলি॥
কহয়ে ললিতা হৈয়া৫ সচকিতা
শুন লো মুখরা বুড়ি।
তোহারি কথায় চড়ি ভাঙ্গা নায়
পরাণ সহিতে মরি॥
মুখরা কহয়ে যে মাগে কাণ্ডারী
তাহাই করহ দান।
এ ভাঙ্গা তরণী পার হবে এখনি৬
কেনে বা যাইবে প্রাণ॥
এ সব বচন শুনিয়া কাণ্ডারী
কহই ললিতা পাশে।
তোমার সখীর পরশ মাগিয়ে৭
বংশী শুনিয়া৮ হাসে॥১২॥১৪২০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯৩৬ সংখ্যক পদ। ২। 'মাঝে মাঝে' ক, খ, ঘ, চ। ৩। 'মগর' খ। ৪। 'গেল' প-র-সা। ৫। 'নায়্যা' খ। ৬। 'অমনি' প-র-সা। ৭। 'মাগয়ে' প-র-সা। ৮। 'বংশীদাস শুনি' প-র-সা।

ভাটিয়ারি।১

শুন লো বড়াই বুড়ি তুমি সে নাটের গুঁড়ি২
আনিয়া করিলি পরমাদ।
মোর মনে যত ছিল সকলি বিফল হৈল
দূরে গেল ঘর৩ যাবার সাধ॥
দু কূলে বহিছে বায়৪ কাঁপিছে রাধার গায়৫
নন্দ-সুত নবীন কাণ্ডারী।
তরণী নবীন নয়৬ ভার দিতে করি ভয়
ভাঙ্গা নায় বসিতে না পারি৭॥

হাসি বলে গোবিন্দাই পার হবে[৮] ভয় নাই
অশ্ব গজ[৯] কত করি পার[১০] ।
দেবতা গন্ধর্ব্ব কত পার হৈছে[১১] শত শত[১২]
যুবতীর যৌবন কত ভার[১৩] ॥
শুনি[১৪] বিনোদিনী রাই নয়ান-ইঙ্গিতে চাই
কানু-মন[১৫] করিলেন[১৬] চুরি ।
হাসি হাসি[১৭] ধীরে ধীরে ভাঙ্গা তরণীর পরে[১৮]
আঁচলে ধরিল যাই হরি[১৯] ॥
সখীগণ দেখি রঙ্গ[২০] আন ছলে দেই ভঙ্গ
রাই কানু রহে এক পাশে[২১] ।
কাম-কলহ-বাদ পূরল মনের সাধ
হরষিত দেখে[২২] বংশীদাসে[২৩] ॥১৩॥১৪২১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯৩৭ ও প-র পুথির ২৯১৯ সংখ্যক পদ। ২। 'গুড়ি' ঘ, প-র; 'গুরি' প-র-সা। ৩। 'বিকী' প-র। ৪। 'বা' প-র-সা, প-র। ৫। 'গা' প-র-সা, প-র। ৬। 'তরণী' ইত্যাদি স্থলে 'তরুণ নবিন নায়' প-র। ৭। 'ভরা দিতে নারি' প-র। ৮। 'হও' প-র। ৯। 'অবিরত'। ১০। 'পার করি' প-র-সা। ১১। 'করি' প-র-সা, প-র। ১২। 'কত শত' প-র-সা। ১৩। 'ভারি' প-র-সা। ১৪। 'শুনো' প-র-সা। ১৫। 'কেন মন' প-র-সা। ১৬। 'করিলেক' প-র-সা, প-র। ১৭। 'পার হও' প-র। ১৮। 'বলিয়া যমুনাতীরে' প-র। ১৯। 'আঁচল ধরিতে চাহে' প-র-সা; 'আঁচল ধরিলা যাঞা' প-র। ২০। 'অঙ্গ' ঘ। ২১। 'রাই রহে কানু এক পাশে' ক; 'রাই রহল কানু পাশে' প-র। ২২। 'দেখি' প-র। ২৩। 'সখীগণ' ইত্যাদি ভণিতার কলিটি প-র-সা পুথিতে নাই।

ধানশী ॥১

এ নব নাবিক শ্যামর-চন্দ[২] ।
কৈছন তোহারি[৩] হৃদয়-অনুবন্ধ[৪] ॥
তুয়া বোলে গোরস যমুনহি[৫] ঢার[৬] ।
ফারলুঁ কাঁচুলি ডারলুঁ[৭] হার ॥
কর অবসর[৮] নাহি সিঁচইতে[৯] নীর ।
অতিখণে[১০] তবহুঁ[১১] না পাওল তীর ॥
হাম নিরস তুহুঁ হাসি উতরোল ।
কেহ জিউ তেজই কেহ হরি বোল[১২] ॥
এত দিনে কুলবতি-কুলে পড়ু বাজ ।
চড়ি[১৩] ইহ নায়ে দূরে গেও[১৪] লাজ ॥
উতরি[১৫] পার যব যো তুহুঁ মাগ ।
কাহু সঞে মাগি[১৬] ধরব তুয়া আগ ॥
গোবিন্দদাস কহ সময়ক কাজ ।
নাবিক বেতন নাওক[১৭] মাঝ ॥১৪॥১৪২২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯৩৮ ও প-র পুথির ২৯১৭ সংখ্যক পদ। ২। 'চান্দা' প-র-সা। ৩। 'তোমার' ক; 'তোহার' খ, ঘ, চ। ৪। 'নিরবন্ধ' প-র; 'নিরবান্ধা' প-র-সা। ৫। 'যমুনায়' প-র-সা, প-র। ৬। 'ভার' চ। ৭। 'তোড়িলু' প-র-সা। ৮। 'অবসান' ক। ৯। 'সিঞ্চইতে' ক, খ, ঘ, চ। ১০। 'এতখনে' প-র-সা। ১১। 'অবহুঁ' ক, খ, ঘ, চ। ১২। 'হাম' ইত্যাদি পংক্তিদ্বয়ের স্থলে প-র পুথির পাঠ, যথা—

'মঝু মুখ নীরস তুহুঁ ঘন হাস ।
কোই জিউ তেজই কোই হরি হরি ভাষ ॥'

১৩। 'চড়ি' প-র। ১৪। 'গেল' প-র। 'দূরে গেও' স্থলে 'তিয়াগিলু' প-র-সা। ১৫। 'উতরি' ইত্যাদি স্থলে 'উঠত কুলে পারে' ক, খ, ঘ, চ; 'উতরিলে পার অব' প-র-সা। ১৬। 'খোজি' প-র-সা, প-র। ১৭। 'নাবক' ক, খ, প-র-সা; 'নায়ক' প-র।

পুনশ্চ দিনান্তে।

মল্লার।

মুখরার সঙ্গে[১] রাই সখীগণ সনে।
যমুনা সাঁতার দেখি ভাবে মনে মনে॥
ডাক দিয়া বলে নায়্যা না আন ঘাটে।
আমরা হইব পার বেলা সব টুটে॥
দেখিয়া নাগর-রাজ জীর্ণ তরি লৈয়া।
হাসিয়া কহয়ে কথা কাণ্ডারী হইয়া॥
কি দিবে আমারে কহ কতেক বেতন।
একে একে পার করিব যত জন॥
রাই কহে যাহা চাও তাহা আমরা দিব।
কাণ্ডারী কহয়ে হিয়ার রতন লইব॥
সখী সঞে নৌকায় চড়িল বিনোদিনী।
তরঙ্গ বাড়িল তায়[৩] জীর্ণ তরিখানি॥
তরঙ্গের রঙ্গে নৌকা ডুবু ডুবু করে।
হেরি সব সহচরী কাঁপয়ে অন্তরে॥
তরঙ্গ দেখিয়া থরহরি কাঁপে রাই।
কোলে করি বায় নৌকা কাণ্ডারী কানাই॥
রাই কোলে করি নাগর হরষিত চিতে।
এ পার হইল নৌকা দেখিতে দেখিতে॥
দুহুঁ অঙ্গ[৪] পরশিতে দুহুঁ প্রেমে ভাসে।
নৌকা-বিলাস কহে উদ্ধবদাসে॥১৫॥১৪২৩॥

পাঠান্তর

১। 'মুখরা-বচনে' ক; 'মুখরার সনে' খ, চ। ২। 'সনে' ক, খ। ৩। 'বায়' ক, খ। ৪। 'অঙ্গে' ক, খ।

ধানশী।[১]

খির[২] সর মাখন সহচরি দেল।
নাবিক সো সব কছু নাহি নেল॥
রাইক আঁচর[৩] ছোড়ি না যায়।
সব সখিগণ তবে রচয়ে উপায়॥
নাবিক কহয়ে দেহ বেতন মোর।
তব হাম ছোড়ব আঁচর[৩] তোর॥
কহি কহি চুম্বয়ে রাই-বয়ান।
পুরয়ে মনোরথ নাগর কান॥
পুরল মনোরথ আনন্দ ওর।
বৃষভানু-কুমারি ও নন্দকিশোর॥
নিজ নিজ মন্দিরে সভে চলি গেল।
বংশিবদন চিতে আনন্দ ভেল॥১৬॥১৪২৪॥

ইতি যমুনায়াং নৌকা-বিলাসঃ।

ইতি তৃতীয়শাখায়াং ষড়্‌বিংশতি-পল্লবঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯৭৯ সংখ্যক পদ। ২। 'ক্ষির' ক, চ। ৩। 'আঁচল' ক, খ।

প্রাবৃট্-সময়-শেষে শরৎ প্রবেশিল।
জলে জলরুহগণ নিরমল হৈল॥
বৃন্দাবনে বৃন্দাবন-চন্দ্র গোপী সঙ্গে।
করিল রাসাদি-লীলা নানা-রস-রঙ্গে॥
শরতের অন্তে সে হেমন্ত ঋতু নাম।
তাহে যে বিলাস রাধা কৃষ্ণ অনুপাম॥
কুমারিকাগণ-বস্ত্র হরিলা কানাই।
শুনি রাধা সুবদনার কৌতুক সদাই॥
হেমন্তের অন্তে নব শিশির প্রবল।
অতিশয় শীতে তনু সদাই চঞ্চল॥
শীতে ভাত সুধামুখী প্রবেশে কুঞ্জেতে।
দেখি কৃষ্ণচন্দ্র তবে মিলিলা তথাতে॥
নানা রস-কৌতুক মদন-যুদ্ধ করি।
নিবারিলা শীত দোঁহে নাগর নাগরী॥*

* 'প্রাবৃট্-সময়-শেষে' ইত্যাদি পয়ার খ পুথিতে স্বতন্ত্র পদ-রূপে গণিত হয় নাই; ইহাকে একটি পদ বলিয়া গণনা করিলে সপ্তবিংশ পল্লবের নির্দিষ্ট পদ-সংখ্যা হইতে একটি পদ বেশী হয়; সুতরাং এই পয়ারটি পদ-রূপে গণিত হইল না।

অথ বসন্ত-লীলা বসন্ত-পঞ্চম্যাং।

তত্র শ্রীমহাপ্রভুঃ।

বসন্তরাগ।১

দেখ দেখ ঋতু-রাজ বসন্ত সময়।
সহচর সঙ্গে বিহরে গোরা[২] রায় ॥
ফাগু খেলে গোরাচান্দ নদীয়া নগরে।
যুবতীর চিত হরে নয়নের শরে ॥
সহচর মেলি ফাগু দেয় গোরা-গায়।
কুঙ্কুম পিচকা লেই কেহ কেহ[৩] ধায় ॥
নানা যন্ত্রে সুমেলি করিয়া শ্রীনিবাস।
গদাধর আদি সঙ্গে করয়ে বিলাস ॥
হরি বলি বাহু তুলি নাচে হরিদাস।
বাসুদেব ঘোষ রস করিল প্রকাশ ॥

॥১॥১৪২৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯৭৮ সংখ্যক পদ। ২। 'গৌর' ক, প-র-সা। ৩। 'লেই' ইত্যাদি স্থলে 'লইয়া কেহ কেহ' ঘ; 'লইয়া কেহো' প-র-সা।

তথা রাগ।১

অভিনব-কুট্মল- গুচ্ছ-সমুজ্জ্বল-
কুঞ্চিত-কুন্তল-ভার।
প্রণয়ি-জনেরিত- বন্দন[২]-সহকৃত-
চূর্ণিত-বর-ঘন-সার ॥
জয় জয় সুন্দর নন্দ-কুমার।
সৌরভ-সঙ্কট- বৃন্দাবন-তট-
বিহিত-বসন্ত-বিহার ॥ধ্রু॥
অধর-বিরাজিত- মন্দতর-স্মিত-
রোচিত[৩]-নিজ-পরিবার।
চটুল-দৃগঞ্চল- রচিত[৪]-রসোচ্চল[৫]-
রাধা-মদন-বিকার ॥
ভুবন-বিমোহন- মঞ্জুল-নর্ত্তন-
গতি-বল্গিত-মণি-হার।
নিজ-বল্লব[৬]-জন- সুহৃৎ[৭] সনাতন
চিত্ত-বিহরদবতার ॥২॥১৪২৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯৭৯ ও প-র পুথির ৩০:৯ সংখ্যক পদ। ২। 'বন্ধন' ক, খ, প-র। ৩। 'লোচিত' ক, খ, ঘ, চ, প-র। ৪। 'রভস' প-র। ৫। 'রসোজ্জ্বল' প-র-সা। ৬। 'বল্লভ' খ, ঘ, প-র। ৭। 'হৃদয়' প-র-সা; 'সুহৃত' প-র।

টীকা

১—১৫। "অভিনব-কুট্মল" ইত্যাদি পদের রাধামোহন ঠাকুর-কৃত টীকা, যথা—'ততস্তৎসখা সুবলো নিরতিশয়-মহোজ্জ্বলরূপং শ্রীকৃষ্ণং অভিনবেত্যাদিকমাহ। হে সুন্দর! হে নন্দকুমার! ত্বং জয় জয় নিজোৎকর্ষমাবিষ্কুরু। এতাবতন্যাঃ পরাজিতাঃ কুর্ব্বিতি ভাবঃ। অত্র বীপ্সায়াং দ্বিত্বং। অভিনবকুট্মলানাং বিকাশোন্মুখকোরকানাং গুচ্ছেন্ত সম্যগোজ্জ্বলাং যস্মাৎ হে তাদৃশ। কুঞ্চিতঃ কুন্তলভারো যস্য তথাভূত। প্রণয়িজনৈরীরিতো নিক্ষিপ্তো বন্দনেন বসন্তখেলোচিত-চূর্ণবিশেষেণ সহকৃতো মিলিতশ্চূর্ণিতো বরঃ শ্রেষ্ঠো ঘনসারঃ কর্পূরো যস্মিন্ তাদৃশ। সৌরভেন সঙ্কটে ব্যাপ্তে বৃন্দাবনতটে বিহিতঃ কৃতো বসন্তবিহারো যেন ॥ধ্রু॥ অধরবিরাজিতেন মন্দতরস্মিতেন রোচিত আনন্দিতো নিজপরিবারো যেন তাদৃশ। চটুল-দৃগঞ্চলেন চঞ্চলকটাক্ষেণ রচিতো রসোদ্রেকেণ রাধায়াং মদনস্য প্রেম্নো বিকারো যেন। ভুবনবিমোহনং যৎ মঞ্জুলনর্ত্তনং তস্য গত্যা ভঙ্গ্যা বল্গিতঃ সুশব্দায়মানঃ মণিহারো যস্য। হে নিজবল্লবজনসুহৃৎ! হে সনাতন! হে চিত্তে বিহরদবতারো লীলাবিশেষো যস্য তাদৃশ। পক্ষে সনাতনগোস্বামিনশ্চিত্তবিহরদবতার ॥

অনুবাদ

১—১৫। হে কুঞ্চিত-কেশ শ্রীকৃষ্ণ! বিকাশো-

মুখ কোরকাবলি তোমার অঙ্গ-সংলগ্ন হইয়া অধিকতর সমুজ্জ্বল এবং প্রিয়জনের নিক্ষিপ্ত কর্পূর-চূর্ণ-মিশ্রিত ফল্গু-চূর্ণে তোমার দেহ সুশোভিত হইয়াছে। হে সুন্দর নন্দকুমার! তোমার বলিহারি! সৌরভ-পরিব্যাপ্ত বৃন্দাবন-পুলিনে তুমি কি অপূর্ব্ব বসন্ত-বিহারই করিতেছ! তোমার অধরে মৃদু-মধুর হাস্য প্রস্ফুরিত হইয়া নিজ-পরিজনগণকে আনন্দিত এবং তোমার চঞ্চল কটাক্ষ-রাজি রস-বিহ্বলা শ্রীরাধার প্রেম-বিকার উৎপাদন করিতেছে। তোমার ভুবন-মোহন মধুর নর্ত্তনের গতি দ্বারা হৃদয়-স্থিত মণি-হার নর্ত্তিত হইতেছে; হে অনুগত-গোপ-জন-বান্ধব সনাতন শ্রীকৃষ্ণ! তুমি আমাদিগের, পক্ষান্তরে—সনাতন গোস্বামীর অন্তরে তোমার অবতার-লীলা বিস্তার করিতেছ!

তথা রাগঃ।১

কেলি-রস-মাধুরী- ততিভিরতিমেদুরী-

কৃত-নিখিল-বন্ধু পশুপালং।

হৃদি বিধৃত-চন্দনং স্ফুরদরুণ-বন্দনং২

দেহ-রুচি-নির্জ্জিত-তমালং॥

সুন্দরি মাধবমবকলয়ালং।

মিত্র-কর-লোলয়া রত্নময়-দোলয়া

চলিত-বপুরতিচপল-মালং॥ধ্রু॥

ব্রজ-হরিণ-লোচনা- রচিত-গোরোচনা-

তিলক-রুচি-রুচিরতর-ভালং।

স্মিত-জনিত-লোভয়া বদন-শশি-শোভয়া

বিভ্রমিত-নব-যুবতি-জালং॥

নর্ম্মনয়৩-পণ্ডিতং পুষ্পচয়৪-মণ্ডিতং

রমণমিহ বক্ষসি বিশালং।

প্রণত৫-ভয়-শাতনং প্রিয়মধি সনাতনং

গোষ্ঠ-জন-মানস-মরালং॥৩।১৪২৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৮০ ও প-র পুথির ৩০।৭ সংখ্যক পদ। ২। 'বন্ধনং' ক, খ, চ, প-র-সা। ৩। 'নর্ম্মময়' প-র-সা। ৪। 'পুষ্প-কুল' প-র। ৫। 'প্রণয়' প-র।

টীকা

১—১৫। "কেলি-রসে"ত্যাদি। হে সুন্দরি! শ্রীরাধে! মাধবং শ্রীকৃষ্ণং অলং অত্যর্থং যথা স্যাৎ তথা অবকলয় অবলোকয়। কীদৃশং শ্রীকৃষ্ণং?—কেলি-রস মাধুর্য্য বিস্তারৈঃ অতি-স্নিগ্ধীকৃতাঃ সকল-বন্ধু-গোপালকা যেন তথাভূতং। হৃদি ধৃত-চন্দনং স্ফুরন্ অরুণবর্ণো বন্দনঃ বসন্তখেলোচিতচূর্ণ-বিশেষঃ যস্মিন্ তথা দেহ-রুচিনা নির্জ্জিতস্তমালো যেন তথাভূতং। মিত্র কর-চঞ্চলয়া রত্নখচিত দোলয়া করণেন চলিতং বপুঃ তথা অতিচপলা মালা যস্য তথাভূতং। ব্রজ-হরিণ-নয়নাভিঃ রচিতস্য গোরোচনা-তিলকস্য রুচিনা সুন্দরতরং ভালং ললাটং যস্য তথাভূতং। স্মিতেনেষদ্ধাসেন জনিতো লোভো যয়া তথাভূতয়া মুখ-চন্দ্র কান্ত্যা বিভ্রমিতঃ জাত বিভ্রমঃ নবীনাঙ্গনানাং সমূহো যেন তথাভূতং। নর্ম্মনয়-পণ্ডিতং ক্রীড়া-রীতি-কুশলং পুষ্পরাজিভূষিতং বক্ষসি বিশালং গোপাঙ্গনা-পীন-পয়োধর-পরিসর-মর্দ্দনোচিত-বিশাল-বক্ষকপাট-মিত্যর্থঃ ইহ অত্র সংসারে প্রণতজনানাং ভয়-নাশনং অধিকং প্রিয়ং গোষ্ঠস্থিত জনানাং মানসং চিত্তমেব মানসং সরঃ তত্র মরালং রাজহংস-স্বরূপং সনাতনং পুরুষং পক্ষে সনাতনস্তন্নামকঃ পদকর্ত্তা অস্যাস্তীতি অর্শাদিত্বাৎ অচ্. সনাতনগোস্বামিনঃ প্রভুমিত্যর্থঃ।

অনুবাদ

১—১৫। হে সুন্দরি শ্রীরাধে! তুমি শ্রীকৃষ্ণকে উত্তম-রূপে নিরীক্ষণ কর। তিনি কেলি-রস-মাধুর্য্য বিস্তার করিয়া নিজের সুহৃৎ সমস্ত গোপাল-গণের চিত্ত প্রেমার্দ্র করিয়াছেন; তাঁহার বক্ষে শ্বেত চন্দন-চিত্র-রাজির সহিত অরুণ-বর্ণ ফল্গুচূর্ণ শোভা পাইতেছে এবং তাঁহার দেহ-কান্তির নিকট তমাল-তরু পরাজিত হইয়াছে। মিত্রগণের কর-চালিত রত্নময় দোলায় অধিষ্ঠিত হওয়ায় তাঁহার দেহ

সঞ্চালিত ও কণ্ঠের মাল্য দোদুল্যমান হইয়াছে। ব্রজ-হরিণাক্ষীদিগের রচিত গোরোচনা-তিলকের কান্তি দ্বারা তাঁহার ললাট অধিকতর সুন্দর হইয়াছে এবং তিনি লোভ-জনক ঈষৎ-হাস্য-যুক্ত মুখ-চন্দ্রের শোভায় নব-যুবতীগণের চিত্ত-বিভ্রম উৎপাদন করিতেছেন। তিনি কেলি-কৌশলে সুনিপুণ, পুষ্প-রাজি-বিভূষিত ও বিশাল-বক্ষাঃ; তিনি প্রণত জনের ভয়নাশন, গোপগণের সর্বাধিক প্রিয়, সনাতন-মূর্ত্তি (পক্ষান্তরে—পদকর্ত্তা সনাতনের আশ্রয়ভূত)।

বসন্ত।১

শিশিরক অন্তরে আওয়ে বসন্ত।
ফুয়লং২ কুসুম সব কানন-অন্ত॥
শ্রীবৃন্দাবন৩ পুলিনক রঙ্গ।
ভোরল মধুকর কুসুমক সঙ্গ॥
নব নব পল্লবে শোভিত ডাল৪।
সারী শুক পিক গাওয়ে রসাল॥
তহিঁ সব রঙ্গিণি মেল এক সঙ্গে।
ভেটল নাগরি নাগর রঙ্গে॥
বিহরই কাননে যুগল কিশোর।
নাচত গাওত রঙ্গিণি জোর॥
বাজত গাওত কত কত তান।
গোবিন্দদাস অবধি নাহি পান৫ ॥৪॥১২২৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৮১ সংখ্যক পদ। ২। 'ফুটল' ক, খ। ৩। 'শ্রীবৃন্দাবনে' ক, খ। ৪। 'ডাল' প-র-সা। ৫। 'নাহি পান' স্থলে 'না জান' প-র-সা।

তথা রাগ।১

আওত রে ঋতুরাজ বসন্ত।
খেলত রাই কানু গুণবন্ত॥
তরুকুল মুকুলিত অলিকুল ধাব।
মদন-মহোৎসব পিকুকুল রাব॥
দিনে দিনে দিনকর ভেল কিশোর২।
শীত ভীত৩ রহুঁ শীখর৪-কোর৫॥
মলয়জ পবন সহিতে৬ ভেল মীত৭।
নিরখি নিশাকর যুবজন-হীত৮॥
সরবর-সরসিজ শ্যামর লেহা।
জ্ঞানদাস কহে রস নিরবাহা৯ ॥৫॥১৪২৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১২৮২ সংখ্যক পদ। ২। 'কিশোরি' ঘ। ৩। 'ভিতে' চ, প-র-সা। ৪। 'শিখর' ক, খ, প-র-সা। ৫। 'কোরি' ঘ। ৬। 'পবন সহিতে' স্থলে 'সহিত পবন' ঘ। ৭। 'মিত' ক, চ, প-র-সা। ৮। 'হিত' ক, চ, প-র-সা। ৯। 'নিধিবাহা' ক, চ।

টীকা

৫—৬। "দিনে দিনে" ইত্যাদি। দিনে দিনে দিবাকর কিশোর হইলেন অর্থাৎ বাল্যোচিত মৃদুতা পরিত্যাগ করিয়া যৌবনের প্রাক্‌কালোচিত তীব্রতা ধারণ করিলেন; (তাহাতে) শীত ভীত হইয়া পর্ব্বতের শিখরে রহিল অর্থাৎ পরাজয়-ভয়ে গিরিশৃঙ্গ-রূপ দুর্গের আশ্রয় গ্রহণ করিল। তুলনা করুন,—

"দিনকর-কিরণ ভেল পৌগণ্ড।"

—বিদ্যাপতি; প-ক-ত, ১৪৩১ সং পদ।

৭—৮। "মলয়জ" ইত্যাদি। (কন্দর্প-নৃপতির সহায়) নিশাকরকে যুবক-জনের হিত-কারী অর্থাৎ অনুকূল দেখিয়া (কন্দর্প-নৃপতির অপর সহায়) বসন্তেরও (সম-কার্য্য-কারিত্ব হেতু) মলয়-পবনের সহিত মিত্রতা জন্মিল অর্থাৎ বসন্ত, কন্দর্পের সহায় চন্দ্র ও মলয় পবনের সহযোগে যুবক-জনের প্রীতি-বিধানে প্রবৃত্ত হইল। তুলনা করুন—

"মলয়-পবন সহ ভেল অনুরাগ।"

—(১৪৩০) বিদ্যাপতি; প-ক-ত, ১৪৩১ সং পদ।

তথা রাগ ।[১]

ফুয়ল অশোক নাগ রঙ্গণ মালতী ।
পরিমলে ভরল মাধবী রঙ্গলতী ॥
প্যাটল কিংশুক শোভা কাঞ্চন কেশর ।
করুণ কমল[২] কুন্দ করবীর-বর[৩] ॥
মুকুলিত রসাল বকুল গন্ধরাজ ।
ললিত লবঙ্গলতা বন্ধুজীব সাজ ॥
সরোবরে সরসিজগণ দিল দেখা ।
হংস সারস পড়ে মেলি দুই পাখা ॥
ঝাঁকে ঝাঁকে অলিকুল গুণ গুণ[৪] স্বরে ।
মধুমদে[৫] মাতি পড়ে ফুলের উপরে ॥
কোকিল পঞ্চম গায় শিখিকুল নাচে ।
মলয়-পবন বহে গন্ধ পাছে পাছে ॥
নির্ম্মল যমুনা-জল পুলিনের শোভা ।
এ যদুনন্দন-পহুঁ ভেল মনলোভা ॥

॥৬॥১৪৩০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯৮৩ সংখ্যক পদ। ২। 'কোমল' ক, খ, ঘ, চ। ৩। 'পর' খ, ঘ। ৪। 'গুঞ্জ গুঞ্জ' ক, খ, ঘ, চ। ৫ 'মধুলোভে' প-র-সা।

তথা রাগ ।[১]

আয়ল[২] ঋতু-পতি রাজ বসন্ত ।
ধায়ল[৩] অলিকুল মাধবি-পন্থ ॥
দিনকর-কিরণ ভেল পৌগণ্ড ।
কেশরকুসুম ধয়ল হেমদণ্ড ॥
নৃপ-আসন নব[৪]পীঠল-পাত[৫] ।
কাঞ্চন-কুসুম ছত্র ধরু মাথ[৫] ॥
মৌলি রসাল-মুকুল ভেল তায় ।
সমুখহি কোকিল পঞ্চম গায় ॥
শিখিকুল নাচত অলিকুল যন্ত্র ।
আন দ্বিজকুল পড়ু আশিষ-মন্ত্র ॥
চন্দ্রাতপ উড়ে কুসুম-পরাগ ।
মলয়-পবন সহ ভেল অনুরাগ ॥
কুন্দ-বল্লি[৬] তরু ধরল[৭] নিশান ।
পাটল তূণ[৮] আশোক-দল বাণ ॥
কিংশুক লবঙ্গ-লতা[৯] এক সঙ্গ ।
হেরি শিশির রিপু[১০] আগে দিল ভঙ্গ ॥
সৈন্য[১১] সাজল মধুমক্ষিক-কুল[১২] ।
শিশিরক সবহুঁ করল নিরমূল ॥
উধারল সরসিজ পাওল প্রাণ ।
নিজ নব-দলে[১৩] করু আসন দান ॥
নব-বৃন্দাবন রাজ্যে[১৪] বিহার ।
বিদ্যাপতি কহ সময়ক সার ॥৭॥১৪৩১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯৮৪ সংখ্যক পদ। ২। 'আওল' ক, খ, ঘ, চ। ৩। 'ধাওল' ক, ঘ, চ। ৪। 'পাতি' প-র-সা। ৫। 'মাথি' প-র-সা। ৬। 'কুন্দবিল্লী' ক; 'কুন্দবেখি' প-র-সা। ৭। 'ধবল' খ। ৮। 'তুল' ক। ৯। 'লতায়ে' ঘ। ১০। 'ঋতু' ক। ১১। 'সৈন' ঘ। ১২। 'কুল' ক, চ, প-র-সা। ১৩। 'জন-বদনে' খ। ১৪। 'রাজ্য' প-র-সা।

টীকা

১—২। "আয়ল" ইত্যাদি। ঋতু-পতি বসন্ত-নৃপতি আসিলেন; (সেই সংবাদ ঘোষণা করার জন্যই যেন নৃপতির পরিচারকস্থানীয়) মধুকর-সমূহ মাধবীর পথে অর্থাৎ মাধবী-লতার দিকে ধাবিত হইল। (সুচতুর পরিচারকগণ যেরূপ নৃপতির বিদেশ হইতে শুভাগমন-বার্ত্তা সর্ব্বাগ্রে নৃপতির প্রিয়তমার নিকট জ্ঞাপন করিয়া তাঁহার সন্তোষ-বিধান দ্বারা নৃপতির প্রিয় হইতে চেষ্টা করে, তদ্রূপ মধুকরেরাও বসন্তের প্রিয়তমা মাধবী-লতাকে বস-

ন্তের শুভাগমন বিজ্ঞাপিত করার জন্তই তাহার নিকটে ধাবিত হইল, ইহাই ব্যঞ্জিত হইতেছে)।

১৩—১৪। "কুন্দ-বল্লি" ইত্যাদি। তরু (তদাশ্রিত) কুন্দ-লতাকে নিশান ধরিল; পাটল অর্থাৎ পাটলি-পুষ্প (বসন্ত-নৃপতির) তূণ ও অশোক-(পুষ্প)সমূহ বাণ হইল। তুলনা করুন,—

"মিলিত-শিলীমুখ-পাটলি-পটল-
কৃত-স্মর-তূণ-বিলাসে।"—গীতগোবিন্দ।

১৫—১৬। "কিংশুক" ইত্যাদি। কিংশুক ও লবঙ্গ-লতাকে এক সঙ্গে দেখিয়া (বসন্তের) শত্রু শীত-ঋতু প্রথমেই (পরাজয় স্বীকার করিয়া) ভঙ্গ দিল। (কিংশুক পুষ্প শীতের শেষ-ভাগে ফুটিতে আরম্ভ করিয়া বসন্ত ঋতুরও প্রায় মাঝামাঝি পর্য্যন্ত থাকে; কবি অতিশয়োক্তি-অলঙ্কারের সাহায্যে ইহাকেই শীত-ঋতুর শত্রু বসন্তের সহিত কিংশুকের মৈত্রী বলিয়া বর্ণন করিয়া, 'হেরি' ইত্যাদি বাক্য-স্থিত প্রতীয়মানা উৎপ্রেক্ষা-অলঙ্কারের সাহায্যে বুঝাইতেছেন যে, নিজের অনুগত ব্যক্তি, শত্রুর অনুগত ব্যক্তির সহিত যোগ দিলে, জয়ের আশা পরিত্যাগ করিয়া পৃষ্ঠভঙ্গ দিতে হয়, এ স্থলেও শীত-ঋতু সেইরূপ নিজের আশ্রিত পলাশ-পুষ্পকে বসন্তের আশ্রিত লবঙ্গ-লতা পুষ্পের সহিত যোগ দিতে দেখিয়া, আর জয়ের আশা নাই ভাবিয়া পলায়ন করিল।)

মায়ুর।১

নব বৃন্দাবন নবীন তরুগণ২
নব নব বিকসিত ফুল।
নবিন৩ বসন্ত নবিন৩ মলয়ানিল
মাতল নব অলিকুল॥
বিহরই নওল কিশোর।
কালিন্দি-পুলিন কুঞ্জ নব শোভন৫
নব নব৬ প্রেম৭ বিভোর॥ধ্রু॥
নবিন-রসাল- মুকুল-মধু-মাতিয়া
নব কোকিলকুল গায়।
নব যুবতীগণ চিত উমতায়ই৮
নব-রসে কাননে ধায়॥
নব যুবরাজ নবিন নব নাগরি
মীলয়ে৯ নব নব ভাতি।
নিতি নিতি ঐছন নব নব খেলন
বিদ্যাপতি-মতি মাতি॥৮।১৪৩২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯৮৫ সংখ্যক পদ। ২। 'লতাগণ' ঘ। ৩-৪। 'নবীন' ক। ৫। 'সোহন' প-র-সা। ৬। 'নব' ক, খ। ৭। 'প্রেমে' খ, প-র-সা। ৮। 'উমাতায়ই' খ, চ; 'উমতাওই' ঘ। ৯। 'মিলয়ে' ক, খ, প-র-সা।

অথ হোরি।

শ্রীগৌরচন্দ্র।

বসন্ত।১

দেখ দেখ অপরূপ গৌরাঙ্গের লীলা।
রীতু২ বসন্তে সকল প্রিয়গণ মেলি৩
জলনিধি-তীরে চলিলা॥ধ্রু॥
এক দিকে গদাধর সঙ্গে স্বরূপ দামোদর
বাসুঘোষ গোবিন্দাদি মেলি৪।
গৌরীদাস আদি করি চন্দন পিচকা ভরি
গদাধরের অঙ্গে দেয় পেলি৫॥
স্বরূপ নিজগণ সাথে আবির লইয়া হাতে
সঘনে পেলায়৬ গোরা-গায়।
গৌরীদাস খেলি খেলি গৌরাঙ্গ জিতল বলি
করতালি দিয়া আগে ধায়॥

রুষিয়া স্বরূপ কয় হারিলা গৌরাঙ্গ রায়
জিতল আমার গদাধর।
করতালি দেয় কেহ নাচে গায় উর্দ্ধ-বাহু
এ দাস মোহন মনোহর ॥৯॥১৪৩৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯৮৬ সংখ্যক পদ। ২। 'ঋতু' ক, খ, প-র-সা। 'ঋতু' পাঠে ছন্দঃ-পতন ঘটে। ৩। 'মেলি' শব্দটি প-র-সা পুথিতে নাই। ৪। 'মিলি' ক, খ, ঘ, চ। ৫। 'ফেলি' প-র-সা। ৬। 'ফেলায়' প-র-সা।

তথা রাগ।১

ঋতুপতি বিহরই নাগর শ্যাম।
রাধা রঙ্গিণি সঙ্গিনি বাম ॥ধ্রু॥
চুয়া[২] চন্দন পরিমল[৩] কুঙ্কুম
ফাগু-রঙ্গে[৪] সব অঙ্গ[৫] ভরি।
মদনমোহন হেরি মাতল মনসিজ
যুবতি-যূথ শত গায়ত ঝুমরি[৬] ॥
কেহু[৭] অম্বর ধরু[৮] কেহু[৯] হার হরু[১০]
কেহু[১১] তনু পরশিয়া রহল বিভোরি[১২]।
কেহু লেই মুরলি কেহু লেই মুদরি
দুরহি দূরে রহি[১৩] গাওত হোরি ॥
ডম্ফ[১৪] রবাব উপাঙ্গ পাখাওজ
করতল-তাল সুমেলি করি।
গোবিন্দদাস-পহু নটবর-শেখর
নাচত গাওত তাল ধরি ॥১০॥১৪৩৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯৮৭ ও প-র পুথির ৩০১২ সংখ্যক পদ। ২। 'চুয়া' ক, খ, ঘ, প-র-সা, প-র। ৩। 'মৃগমদ' প-র। ৪। 'অঙ্গে' প-র। ৫। 'রঙ্গ' প-র। ৬। 'হোরি' প-র-সা। ৭। 'কোই' প-র। ৮। 'ধরু অম্বর' চ, প-র। ৯। 'কোই' প-র ১০। 'ধরু' প-র। ১১। 'কোই' প-র। ১২। 'পরশিয়া' ইত্যাদি স্থলে 'পরশিয়া রহলহি ভোরি' ক, চ, প-র-সা; 'পরশি পুলকি রহু ভোরি' প-র। ১৩। 'কেহু' ক; 'কোই' খ, প-র-সা। ১৪। 'দম্ফ' খ।

বসন্ত।১

বিহরই নিধুবনে যুগল কিশোর।
ফাগু-রঙ্গে আজি সভে[২] হৈয়াছে বিভোর ॥
চুয়া চন্দন ভরি পিচকারি।
শ্যাম-নাগর-অঙ্গে দেওত ডারি ॥
ললিতা বিশাখা আদি সখীগণ মেলি।
রাইক নিয়ড়ে কানু[৩] লেই গেলি ॥
সব সখী ডারত নাগর-অঙ্গে।
নাগর খেলই রাইক সঙ্গে ॥
বীণ রবাব মুরজ কপিলাস[৪]।
বিবিধ যন্ত্র লেই করয়ে[৫] বিলাস ॥
কোই কোই[৬] গাওত নব নব তান।
জ্ঞানদাস হেরি জুড়ায় নয়ান ॥১১॥১৪৩৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯৮৮ সংখ্যক পদ। ২। 'আজি সভে' স্থলে 'সব' প-র-সা। ৩। 'কানু' ক, খ, ঘ, চ। ৪। 'পিনাস' ক। ৫। 'করিয়ে' ঘ; 'করত' প-র-সা। ৬। 'কোই' ক, খ, প-র-সা।

তথা রাগ।১

খেলত ফাগু বৃন্দাবন-চান্দ।
ঋতুপতি মনমথ-মনমথ ছান্দ ॥
সুন্দরিগণ করু[২] মণ্ডলি মাঝ।
রঙ্গিণি প্রেম-তরঙ্গিণি সাজ ॥

আগু ফাগু দেই নাগরি-নয়নে।
অবসরে নাগর চুম্বয়ে বয়নে॥
চকিতে চন্দ্রমুখি সহচরি-গহনে।
ধাই ধরল[৩] গিরিধারিক বসনে[৪]॥
তরল-নয়নি ত্বরিতে এক[৫] যাই।
কর সঞে কাড়ি[৬] মুরলি লেই ধাই॥
ঘন করতালি তালি তালি বোল।
হো হো হোরি তুমুল উতরোল॥
অরুণ তরুণ তরু অরুণহি ধরণী।
স্থল জলচর ভেল সভে এক-বরণী॥
অরুণহি নীরে অরুণ অরবিন্দ।
অরুণ-হৃদয়[৭] ভেল দাস গোবিন্দ॥

॥১২॥১৪৩৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯৮৯ সংখ্যক পদ। ২। 'কর' প-র-সা। ৩। 'ধরল' ক। ৪। 'গিরিধরকি রসনে' প-র-সা। ৫। 'একা' খ। ৬। 'কাড়ি' ক, চ। ৭। 'হৃদয়ে' ক, ঘ; 'উদয়' প-র-সা। ৮। 'ভণ' ঘ।

—

জয়জয়ন্তী।১

বৃষভানু-কুমারি নন্দকুমার।
হোরিক[২] রঙ্গে অঙ্গে অরুণাম্বর
মন আনন্দ অপার॥
নিরখত বয়ন[৩] নয়ন[৪]-পিচকারিত[৫]
প্রেম-গুলাব মনহি মন লাগ।
দুহুঁ অঙ্গ-পরিমল চুয়া চন্দন ফাগু-
রঙ্গ তহিঁ নব অনুরাগ॥
খেলত তনু মন জোরি ভোরি দুহুঁ
কতয়ে ভঙ্গি[৬] রস-ভাতি।
তনু তনু সরস পরশে মন মাতল
দুহুঁ পর দুহুঁ পড়ু মাতি॥
ব্রজ-বনিতা যত রীঝি[৭] রিঝায়ত[৮]
রস-গারি মৃদু[৯] ভাষ।
শ্রম-জল-কলেবর হেরিয়া চান্দর
চুলায়ত উদ্ধবদাস॥১৩॥১৪৩৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯৯০ সংখ্যক পদ। ২। 'হোরি' ঘ। ৩। 'নয়ন' ঘ। ৪। 'বয়ন' ঘ। ৫। 'পিচকারি' ক, খ, ঘ, চ। ৬। 'ভঙ্গ' ক। ৭। 'রিঝি' ক; 'রিঝিকি' প-র-সা। ৮। 'রীঝায়ত' ঘ, চ। ৯। 'মৃদু মৃদু' প-র-সা।

টীকা

৪—৭। "নিরখত" ইত্যাদি। (শ্রীরাধা ও শ্রীকৃষ্ণ) পরস্পরের বদন নিরীক্ষণ করিলে (উভয়ের) নয়ন-রূপ পিচকারী অর্থাৎ রস-বর্ষণের যন্ত্র হইতে প্রেম-রূপ গুলাব অর্থাৎ গোলাপ-জল (উভয়ের) মনে মনে লগ্ন হইল; তাহাতে অর্থাৎ এই অপূর্ব্ব ভাবাত্মক হোরি-ক্রীড়ায় উভয়ের অঙ্গ-সৌরভ চুয়া-চন্দন ও নব-অনুরাগ ফাগুর রং (হইল)। (অনুরাগকে লোহিতরূপে বর্ণন করা 'কবি-সময়-সিদ্ধ' বলিয়া অলঙ্কার-শাস্ত্রে উক্ত হইয়াছে।)

ইমন কল্যাণী।১

রীতুরাজ[২] ব্রজ-সমাজ হোরি রঙ্গে রঙ্গিয়া॥ধ্রু॥
নাগরি-বর হোরি-রঙ্গ- উনমত-চিত শ্যাম-সঙ্গ
নাচত কত[৩] ভঙ্গিয়া॥ধ্রু॥
গাওত কত[৪] রস-প্রসঙ্গ বাওত কত বিণ[৫] মোচঙ্গ
থৈয়া থৈ[৬] মৃদঙ্গিয়া॥
চঞ্চল গতি অতি সুরঙ্গ নিরখি ভুলে[৭] কত অনঙ্গ
সজ্জিত সব[৮] সুরঙ্গিয়া।
স্বরমণ্ডল সর[৯] অভঙ্গ বিবিধ যন্ত্র জলতরঙ্গ
মধুর সর[১০] উপাঙ্গিয়া॥

খেলি গুলাল[১১] অঙ্গ লাল
সুন্দর বর[১২] দ্যুতি রসাল
রঙ্গিণিগণ সঙ্গিয়া।
ব্রজ-বধুগণ[১৩] ধরত তাল গাওত পদ নন্দলাল
রাই অঙ্গে[১৪] অঙ্গিয়া ॥
হো হো করি করত ভাষ
করতালি ঘন[১৫] মন উলাস
জয় জয় বর ঢঙ্গিয়া[১৬]।
গোবিন্দ-গুণ করি প্রকাশ
রচিত গীত[১৭] উদ্ধব দাস
হোরি[১৮] রস-তরঙ্গিয়া[১৯] ॥১৪॥১৪৩৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯৯১ সংখ্যক পদ। ২। 'ঋতুরাজ' ক, প-র-সা; 'রিতুরাজ' চ। ৩। 'কয়' খ। ৪। 'গাওত কত' স্থলে 'গাওত' ক, খ। ৫। 'কত বিণ' স্থলে 'বীণা' ঘ। ৬। 'থৈয়া' প-র-সা। ৭। 'ভুলে' ক, চ, প-র-সা। ৮। 'সঙ্গীত সর' ক। ৯-১০। 'স্বর' ক। ১১। 'গোলাল' ক, খ, ঘ, চ। ১২। 'বর' শব্দ ক, খ পুথিতে নাই। ১৩। 'বধুগণ' ক। ১৪। 'সঙ্গে' ক, খ; 'অঙ্গেত' প-র-সা। ১৫। 'ভালি' প-র-সা। ১৬। 'ভঙ্গিয়া' প-র-সা। ১৭। 'রচিত গীত' স্থলে 'রচি গাইল' খ। ১৮। 'হেরি' চ। ১৯। 'রসেতে রঙ্গিয়া' প-র-সা।

বসন্ত।১

আজু রঙ্গে হোরি
খেলত শ্যাম গোরী।
সখিগণ মিলি গাওত বাওত
কিশোর কিশোরি নাচি নাচাওত
আনন্দে মন ভোরি।
বিবিধ যন্ত্র তাল মৃদঙ্গ
কোই মোচঙ্গ বাওয়ে উপাঙ্গ[২]
তন নন নন তোরি[৩] ॥
তথ তথ তথ তত্ত[৪] থৈয়া
দৃগতি দৃগতি দ্রিমি ধৈয়া
চণ্ড লণ্ড লণ্ড লোরি[৫]।
কুড়ু গুড়ু[৬] গুড়ু দাং দ্রিমিদাং
কিট কিট কিটধাং তৃগধাং
শিবরাম গাওয়ে[৭] হোরি ॥১৫॥১৪৩৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯৯২ সংখ্যক পদ। ২। 'বিবিধ যন্ত্র' ইত্যাদি কলিটি ক, খ পুথিতে নাই। ৩। 'তাল নানা নানা তোরি' প-র-সা। ৪। 'ত' ক, খ; 'তঃ' ঘ; 'তউ' প-র-সা। ৫। 'চণ্ড লউ লউ লোরি' ক, খ; 'চণ্ড চণ্ড চণ্ড নোরি' প-র-সা। ৬। 'গুড়ু' চ, প-র-সা। ৭। 'গাওয়ে বাওয়ে' ঘ।

তথা রাগ।১

রাধামাধব নাচত হোরি-আনন্দে।
অরুণ ডম্ফ করে অরুণ তাল ধরে
বাওত কতহিঁ প্রবন্ধে ॥ধ্রু॥
থো দ্রিমি দ্রিমিথো[২] তথৈ তথৈ তৎ
তা থো থো বোল মৃদঙ্গ।
কন কন কন ধনি[৩] বীণ-নাদ শুনি
স্বরমণ্ডল-সরে[৪] মুরছে অনঙ্গ ॥
চঞ্চল চরণ খঞ্জন-গতি ভঙ্গিম
ঝনননন মঞ্জির বোলে[৫]।
ঝম ঝম ঝুমরি ঝুমরি[৬] ঝুমরা কোই[৭]
বাওয়ে ডম্ফ উতরোলে[৮] ॥

অরুণ মেঘের কাছে অরুণ চন্দ্র নাচে
নখতর অরুণ আকাশে।
অরুণ কোকিল গায় অরুণ ময়ূর[১০] ধায়
ইহ শিবরাম রস ভাষে ॥১৬॥১৪৪০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৯৩ সংখ্যক পদ। ২। 'ভ্রিমিধোঁ' ঘ। ৩। 'ধ্বনি' ক। ৪। 'স্বরে' ক। ৫। 'বোল' প-র-সা। ৬। 'ঝুমরে' ক, খ। ৭। 'ঝুমুরুকোই' খ; 'ঝুমরানাই' প-র-সা। ৮। 'উত্তরোল' প-র-সা। ৯। 'নখতরু' খ; 'নখতর' ঘ। ১০। 'ময়ূর' ক।

মায়ূর ।১

রঙ্গে হো হো হোরি।
খেলত নওল কিশোরী ॥ধ্রু॥
বাজত তাল রবাব পাখাওজ
সখিগণ ঘন করতালি।
কুঙ্কুম চন্দন আবির উড়ত ঘন
বরিখন[২] জনু পিচকারি ॥
দুহুঁ দুহুঁ খেলন[৩] সমর-প্রবন্ধহি
দুহুঁ পর দুহুঁ পড়ু ভোরি।
জিতলুঁ জিতলু ঘন দুহুঁ-জন গরজন
সখিগণ ভণ বরজোরি[৪] ॥
খেনে খেনে থকিত বদন দুহুঁ নিরখন
বৈছন চাঁদ চকোরি।
তহিঁ শিবরাম দাস-মন আনন্দে
হেরি হাসে থোরি থোরি ॥১৭॥১৪৪১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৯৪ সংখ্যক পদ। ২। 'বরিখন' ক। ৩। 'খেলল' প-র-সা। ৪। 'বর জোরি' ক।

তুড়ী বসন্ত ।১

হোরি হো রঙ্গে মাতি।
আবিরে অরুণ গোরি শ্যামর[২]-কাঁতি ॥ধ্রু॥
নিপততি[৩] যন্ত্রে সুরঙ্গিম কুঙ্কুম
চুয়া চন্দন কেশর সাথা[৪]।
চৌদিগে আবির উড়ায়ত ব্রজ-বধূ
অরুণ তিমির কিয়ে ভেল দিন রাতি ॥
বীণ উপাঙ্গ মুরজ সরমণ্ডল
ডম্ফ রবাব বাওয়ে কত ভাতি।
কোই মাউর[৫] সুরট কোই সারঙ্গি[৬]
কোই বসন্ত গাওয়ে সর-জাতি ॥
নাচত মোর[৭] ঘোর[৮] ঘন কোকিল
রোল[৯] বোলে মত মধুকর পাঁতি।
ঋতুপতি পরম মনোহর খেলন
হেরি শিবরাম হরিখে ভরু ছাতি ॥
॥১৮॥১৪৪২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৯৫ সংখ্যক পদ। ২। 'শ্যাম' ক। ৩। 'নিপতিত' ক। ৪। 'সাতি' ঘ। ৫। 'মায়ূর' ক। ৬। 'সারঙ্গ' ক, খ। ৭। 'ময়ূর' ক। ৮। 'থোর' প-র-সা। ৯। 'বোল' খ, ঘ, প-র-সা।

বিহগড়া ।১

বাজে দিগ দিগ থৈ থৈয়া হোরি রঙ্গে ॥ধ্রু॥
কিশোর কিশোরি সখিনি মেলি
তপন-তনয়া-তীরে কেলি
সুখময় অতি মধু ঋতু-পতি
রতিপতি তহিঁ[২] সঙ্গে ॥
মসৃণ ঘুসৃণ চুবক চন্দন
যন্ত্র রঙ্গে বরিখে সঘন
অরুণ[৩] বসন লুলিত[৪] রসন[৫]
শ্রম-জল গল[৬] অঙ্গে।

বীণ মুরজ সর উপাঙ্গ
ঝিমিকি ঝিমিকি ঝিমি মৃদঙ্গ
চঞ্চল গতি খঞ্জন জিতি
নৃত্যতি অতি ভঙ্গে ॥
গাওয়ে গমকে গোপি মেলি
গৌরি গুর্জ্জরি রামকেলি
সুভগা সুহিনি সুহই সাহানি[৭]
সঙ্গিত[৮] রস-তরঙ্গে।
যূথে যূথে যুবতিবৃন্দ
মাঝে শোহত গোকুল-চন্দ
গোবর্দ্ধন হৃদি বর্দ্ধন
কঙ্ক মর্দ্দন অনঙ্গে[৯] ॥১৯॥১৪৪৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯৯৬ সংখ্যক পদ। ২। 'তাব' খ। ৩। 'তরুণ' প-র-সা। ৪। 'লোলিত' চ, প-র-সা। ৫। 'ভূষণ' ঘ; 'সঘন' প-র-সা। ৬। 'গণ' ক, খ। ৭। 'সাহিনি' প-র-সা। ৮। 'সঙ্গীত' ক। ৯। 'ইনঙ্গে' ঘ, প-র-সা; 'হনঙ্গে' চ।

ধানশী।[১]

খেলত রাধা[২] শ্যাম রঙ্গ ভরি[৩]
বৃন্দা-বিপিন সমাজ।
চুয়া চন্দন বন্দন কুঙ্কুম
রঙ্গ মুটকি[৪] ভরি সাজ ॥
বৈঠল শ্যাম সঙ্গে মধুমঙ্গল
সুবল সখাদিক সাথে।
রাধা ললিতা[৫] বিশাখা আদি[৬] সহচরি
পিচকারি করি নিজ হাতে ॥
কানুক পিচকারি, যবহিঁ[৭] বরিখত
একহি শত শত ধারে।
সহচরি মেলি, রাই যব ডারত
কত কত শত এক বারে ॥
বহুবিধ রঙ্গ, অঙ্গ সব তীগত
আঁচরে মোছত মুখ[৮]।
জিতলুঁ জিতলুঁ[৯] ভাখি হাসি দেই[১০] করতালি
ক্ষণে ক্ষণে বাঢ়ত সুখ[১১] ॥
গাওত বাওত আবির উড়ায়ত
কোই নাচয়ে মনরঙ্গে।
ডম্ফ রবাব সবহুঁ মেলি সুস্বর
উদ্ধব দাস তছু সঙ্গে ॥২০॥১৪৪৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯৯৭ সংখ্যক পদ। ২। 'রাধামাধব' প-র-সা। ৩। 'রঙ্গে ভোরি' প-র-সা। ৪। 'মটুকি' ঘ। ৫। 'ললিতা আদি' প-র-সা। ৬। 'বিশাখা আদি' স্থলে 'বিশাখা' প-র-সা। ৭। 'যব' ক; 'যবহুঁ' প-র-সা। ৮। 'দুখ' ক, চ, প-র-সা। ৯। 'জিতল জিতল' ক, ঘ। ১০। 'তেই' খ। ১১। 'সুখ' ক, চ, প-র-সা।

বসন্ত।[১]

বিহরতি সহ রাধিকয়া রঙ্গী।
মধু-মধুরে বৃন্দাবন-রোধসি
হরিরিহ হর্ষ-তরঙ্গী ॥ধ্রু॥
বিকিরতি যন্ত্রেরিতমঘবৈরিণি
রাধা কুঙ্কুম-পঙ্কম্।
দয়িতাময়মপি সিঞ্চতি মৃগ-মদ-
রস-রাশিভিরবিশঙ্কম্[২] ॥
ক্ষিপতি মিথো যুবমিথুনমিদং নব-
মরুণতরং পটবাসম্।
জিতমিতি জিতমিতি মুহুরভি[৩]জল্পতি
কল্পয়দতনুঃ-বিলাসম্ ॥
সুবলো রণয়তি ঘন-করতালীং
জিতবানিতি বনমালী।
ললিতা বদতি সনাতন-বল্লভ-
মজয়ত পশ্য মদালী ॥২১॥১৪৪৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৯৮ ও প-র পুথির ৩০।৬ সংখ্যক পদ। ২। 'রাশিভিরভিশক্ষম্' ষ, চ। ৩। 'মুহুরপি' প-র। ৪। 'কলয় তদমু' ষ, প-র-সা, প-র।

টীকা

১—১৫। "বিহরতী"ত্যাদি। রঙ্গী বিলাসী শ্রীকৃষ্ণঃ রাধিকয়া সহ বিহরতি ক্রীড়তি। কুত্র? মধুনা বসন্তেন মধুরে মনোহরে ইহ অত্র বৃন্দাবন-পুলিনে। কীদৃশঃ কৃষ্ণঃ? হর্ষ-তরঙ্গী আনন্দোল্লাস-বান্। ততঃ ক্রীড়ন-প্রকারমাহ 'বিকিরতী'ত্যাদিভিঃ। রাধা মধবৈরিণি শ্রীকৃষ্ণে যন্ত্রেরিতং যন্ত্রচালিতং কুঙ্কুম-পঙ্কং কুঙ্কুম-দ্রবং বিকিরতি বর্ষতি সুপীত-কুঙ্কুম-দ্রবস্য শ্রীরাধাবর্ণসাম্যাৎ কৃষ্ণপ্রিয়ত্বাৎ তস্য কৃষ্ণ-দেহে মরকতে স্বর্ণসম্মেলনমিব নিতরাং শোভা-ধায়কত্বাচ্চেতি বোধ্যম্। অয়ং শ্রীকৃষ্ণোঽপি অবি-শঙ্কং নির্ভয়ং যথা স্যাৎ তথা মৃগমদ-রস-রাশিভিঃ মৃগ-মদ-দ্রব সমূহৈঃ দয়িতাং প্রেয়সীং শ্রীরাধাং সিঞ্চতি। মৃগ-মদদ্রবস্য শ্রীকৃষ্ণ-বর্ণ-সাম্যাৎ শ্রীরাধা-প্রিয়ত্বাৎ শ্রীরাধায়াঃ সুপীতাঙ্গে শশাঙ্কে কলঙ্ক-লেখেব তস্যাতি-শোভাধায়কত্বাচ্চেতি বোধ্যম্। ইদং তরুণযুগলং শ্রীরাধাকৃষ্ণাবিত্যর্থঃ নবং অভিনবং তেন হেতুনা অরুণতরং অতিলোহিতং পটবাসং সুগন্ধ-চূর্ণং ক্ষিপতি অন্যোঽন্যং প্রতি বর্ষতি। তথা অতনুবিলাসং কন্দর্প-জনিত-বিভ্রমং বলবদ্বিভ্রমং বা কলয়ৎ রচয়ৎ জিতং জিতং ময়েতি শেষঃ মুহুর্বারং-বারং অভিজল্পতি। ক্রীড়া-দর্শকঃ সুবলঃ বনমালী জিতবানিতি ঘন-করতালীং রণয়তি বাদয়তি শ্রীকৃষ্ণ-পক্ষপাতিত্বাদিতি ভাবঃ। তথা শ্রীরাধিকা-সখী ললিতা মম আলী সখী শ্রীরাধেত্যর্থঃ সনাতন-বল্লভং প্রিয়ং শ্রীকৃষ্ণং অজয়ত পশ্যাবলোকয়েতি বদতি তস্যাস্তথৈবাম্মপক্ষত্বাদিতি ভাবঃ।

অনুবাদ

১—১৫। বিলাসী ও হর্ষোৎফুল্ল শ্রীকৃষ্ণ এই বসন্তাগম-সুন্দর বৃন্দাবন-পুলিনে শ্রীরাধার সহিত ক্রীড়া করিতেছেন। শ্রীরাধা অঘ-রিপু শ্রীকৃষ্ণের উপরে যন্ত্র দ্বারা কুঙ্কুম-বারি বর্ষণ করিতেছেন; শ্রীকৃষ্ণও মৃগ-মদ-বারি দ্বারা প্রেয়সীকে সেচন করি-তেছেন। তরুণ-যুগল নব ও অতিশয় অরুণ সুগন্ধ-চূর্ণ নিক্ষেপ করিতেছেন ও অতনু-বিলাস প্রকাশ করিয়া "জিতিয়াছি", "জিতিয়াছি" বলিয়া বারংবার ঘোষণা করিতেছেন। "বনমালী জিতিয়াছেন" বলিয়া সুবল ঘন ঘন করতালি বাদন করিতেছেন; ললিতা বলিতেছেন,—দেখ দেখ, আমার সখী প্রিয়তম (পক্ষান্তরে—গোস্বামী সনাতনের বল্লভ) শ্রীকৃষ্ণকে পরাজিত করিয়াছেন

তাৎপর্য্য

শ্রীরাধার বর্ণ-সাম্য হেতু পীত-বর্ণ কুঙ্কুম-বারি শ্রীকৃষ্ণের প্রিয় ও তাঁহার শ্যামাঙ্গে মরকতে স্বর্ণ-সংযোগের ন্যায় উহা নিতান্ত শোভাবিধায়ক বলিয়া শ্রীকৃষ্ণের দেহে কুঙ্কুম-বারি বর্ষণ দ্বারা শ্রীরাধার অপূর্ব্ব প্রিয়ানুকূলতা ও বৈদগ্ধ্য ব্যঞ্জিত হইতেছে। তদ্রূপ শ্রীকৃষ্ণের বর্ণ-সাম্য হেতু কস্তুরী-বারি শ্রীরাধার প্রিয় এবং উহা তাঁহার অঙ্গে শশাঙ্কের কলঙ্ক-চিহ্নের ন্যায় শোভাবর্দ্ধক বলিয়া শ্রীকৃষ্ণ শ্রীরাধার অঙ্গে কস্তুরী-বারি সেচন করায় তাঁহার প্রিয়া-নিষ্ঠতা ও বৈদগ্ধ্য ব্যঞ্জিত হইতেছে।

তথা রাগ।১

খেলাতে হারিয়া শ্যাম পলাইতে চায়।
চৌদিকে ব্রজ-বধূ পথ নাহি পায়॥
আবিরে অরুণ আঁখি মেলিতে২ না পারে।
হারিলুঁ হারিলুঁ শ্যাম বোলে বারে বারে॥
কর সঞে মুরলী ভূমেতে পড়ে খসি।
করতালি দেই৩ সব সখীগণ হাসি॥
শিখি-পুচ্ছ আউলাই৪ পড়ে মহীতলে৫।
অরুণিত বসন ভিজিল৬ শ্রম-জলে॥
শ্যামেরে বিভোর দেখি রসবতী রাই।
অরুণ বসন দিয়া ও মুখ মুছাই॥

সিংহাসনে বৈসে রাই কোরে করি শ্যাম।
শ্রম-ভরে দুহুঁ অঙ্গে পরিপূর্ণ ঘাম ॥
শ্রীরতিমঞ্জরী দোঁহে[৬] চামর ঢুলায়।
শ্রীরূপমঞ্জরী দোঁহে[৭] তাম্বুল যোগায় ॥
শ্রীগুণমঞ্জরী দেই সুবাসিত জল।
এ মোহনদাস হেরি নয়ন সফল ॥

॥২২॥১৪৪৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৯৯৯ সংখ্যক পদ। ২। 'মিলিতে' ঘ, চ। ৩। 'দেয়' ক, প-র-সা। ৪। 'এলাইয়া' ঘ; 'আল্যায়া' চ। ৫। 'ভিগল' প-র-সা। ৬-৭। 'দুহু' প-র-সা।

কামোদ।[১]

নাগরি নাগর অরুণ বসন ধর[২]
শ্রম-ভরে ঝর ঝর ঘাম।
দুহু মুখ-ইন্দু বিন্দু বিন্দু চুয়ত[৩]
অরুণিত মুকুতা[৪]-দাম ॥
দুহুঁ মন আনন্দ-পুঞ্জে।
বহুবিধ[৫] খেলি হেলি দুহুঁ দুহুঁ তনু
বৈঠল নিরজন কুঞ্জে ॥ধ্রু॥
রতন-সিংহাসন আসন মণিময়
ফুলচয়-রচিত সুঠান।
সকল সখীগণ করতহিঁ সেবন
সময়োচিত যত জান[৬] ॥
বারি ঝারি ভরি দেই গুণমঞ্জরি
কোন সখি চামর ঢুলায়।
সুরঙ্গ অধরে কোই তাম্বুল যোগায়ই
উদ্ধব দাস বলি যায় ॥২৩॥১৪৪৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০০০ সংখ্যক পদ। ২। 'পর' ক; 'বর' চ। ৩। 'চুয়ত' ক; 'চোয়ত' প-র-সা। ৪। 'মুকুতার' ক, খ, প-র-সা। ৫। 'দুহুঁ তনু' ক, খ। ৬। 'পান' ঘ।

শ্রীরাগ।[১]

বৃন্দা[২]-রচিত[৩] কতেক পরকার।
সখিগণ আনল বহু উপহার ॥
রতন-থারি ভরি রাখল তাঁই।
বারি ঝারি ভরি দেওল যাই ॥
রতন-আসন পর বৈঠল কান।
ভোজন কয়ল আপন মন মান ॥
আচমন সারি তলপে মুখবাস।
ভোজন করু ধনি সখিগণ পাশ ॥
যো কছু শেষ ভুঞ্জল[৪] সখি সাথ।
আচমন কয়ল মোছল পদ হাত ॥
শ্যাম-বামে ধনি বৈঠল যাই।
প্রিয়-সহচরি কোই তাম্বুল যোগাই ॥
শূতল[৫] শেজে রাই ঘন-শ্যাম।
চামর বিজন[৬] করু দাস বলরাম ॥

॥২৪॥১৪৪৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০০১ সংখ্যক পদ। ২। 'বৃন্দার' ক। ৩। 'চর্চ্চিত' প-র-সা। ৪। 'ভুঞ্জল' ক, খ, প-র-সা। ৫। 'শুতল' ক, প-র-সা। ৬। 'বীজন' ক, খ, প-র-সা।

অথ বাসন্তী দোলা হোরি-বিলাস।*

তত্র শ্রীগৌরচন্দ্র।

বসন্ত।[১]

কো কহুঁ আজুক আনন্দ-ওর।
ফুল-বনে দোলত গৌর কিশোর ॥

* 'হোরি-বিলাস' স্থলে 'হোরি মধ্যে' ক, খ, 'হোলী' ঘ, চ।

নিত্যানন্দ গদাধর[২] সঙ্গে।
শান্তিপুর-নাথ ওই রঙ্গে॥
সহচর ফাগু ফেলই[৩] গোরা-গায়।
ধায়ই শুনি সব লোক নদিয়ায়॥
খোল-করতাল-ধ্বনি হরি হরি বোল।
নয়নানন্দে আনন্দে বিভোর ॥২৫॥১৪৪৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০০২ সংখ্যক পদ। ২। 'গদাধর আদি' প-র-সা। ৩। 'লেপই' ক; 'ফেলয়ে' প-র-সা।

— —

তথা রাগ।[১]

নিপততি[২] পরিতো বন্দন[৩]-পালী।
তং[৪] দোলয়তি মুদা সুহৃদালী॥
বিলসতি দোলোপরি বনমালী।
তরল-সরোরুহ-শিরসি যথালী[৫] ॥ধ্রু॥
জনয়তি গোপী-জন-করতালী।
কাপি পুরো নৃত্যতি পশুপালী॥
অয়মারণ্যক[৬]-মণ্ডন[৭]শালী।
জয়তি সনাতন-রস-পরিপালী ॥২৬॥১৪৫০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০০৩ ও প-র পুথির ৩০১৮ সংখ্যক পদ। 'তথা রাগ' স্থলে 'আসাবরি' প-র। ২। 'নিপতিত' প-র। ৩। 'বন্ধন' ক, খ, চ। ৪। 'ত্বং' ক, খ, ঘ, চ। ৫। 'সিরসিজ থালী' ক, খ, ঘ, চ। ৬। 'অজরাবর্ণ্যক' ক, খ, প-র-সা। ৭। 'মণ্ডল' ক, খ, ঘ, চ, প-র-সা।

টীকা

১—৮। "নিপততী"ত্যাদি। দোলায়াঃ পদ্মাকৃতেরুপরি বনমালী শ্রীকৃষ্ণো বিলসতি। তত্রোপমা তরলস্য সরোরুহস্য পদ্মস্য শিরসি অলী যথা ভৃঙ্গ ইব ॥ধ্রু॥ পরিতঃ সমন্তাৎ বন্দন-পালী ফল্গু-চূর্ণ-ততিঃ নিপততি। সুহৃদালী মিত্রশ্রেণী চ মুদা হর্ষেণ তং দোলয়তি চালয়তি দোলা-প্রেরণৈরিতি ভাবঃ। গোপী-জনানাং করতালী জনয়তি কৌতুকমিতি শেষঃ। কাপি পশুপালী গোপী প্রিয়স্য পুরো নৃত্যতি। অয়ং শ্রীকৃষ্ণঃ আরণ্যক-মণ্ডনশালী বন্য-পুষ্প-পত্র-গুঞ্জা-বর্হাদিভিঃ কৃতভূষণঃ তথা সনাতন-রসস্য চিরস্থায়িন আনন্দস্য পরিপোষকঃ জয়তি স্বেনোৎকর্ষেণ বিরাজতে। পক্ষে সনাতনস্য রসস্য প্রবর্দ্ধকঃ।

অনুবাদ

১—৮। চতুর্দিকে ফল্গুচূর্ণ-রাজি বর্ষিত হইতেছে; সুহৃদ্‌বর্গ শ্রীকৃষ্ণকে আন্দোলিত করিতেছেন। বনমালী (পদ্মাকৃতি) দোলার উপরে বিরাজিত রহিয়াছেন,—যেন চঞ্চল পদ্মের উপরে ভ্রমর শোভা পাইতেছে। গোপীগণের কর-তালী তাঁহার কৌতুক উৎপাদন করিতেছে। কোন গোপী প্রিয়তমের সম্মুখে নৃত্য করিতেছেন। বন্য ভূষণে বিভূষিত ও অনন্ত-আনন্দের (পক্ষান্তরে—পদকর্ত্তা সনাতনের আনন্দের) পরিপোষক এই শ্রীকৃষ্ণের বলিহারি।

তথা রাগ।[১]

মধুবনে মাধব দোলত রঙ্গে।
ব্রজ-বনিতা ফাগু দেই শ্যাম-অঙ্গে॥
কানু ফাগু দেয়ল সুন্দরি-অঙ্গে।
মুখ মোড়ল ধনি করি কত ভঙ্গে॥
ফাগু-রঙ্গে গোপী সব চৌদিগে বেড়িয়া।
শ্যাম-অঙ্গে ফাগু দেই অঞ্জলি ভরিয়া॥
ফাগু খেলাইতে[২] ফাগু উঠিল[৩] গগনে।
বৃন্দাবন[৪]-তরু-লতা রাতুল বরণে॥
রাঙ্গা ময়ূর নাচে কাছে[৫] রাঙ্গা কোকিল গায়।
রাঙ্গা ফুলে রাঙ্গা ভ্রমর রাঙ্গা মধু খায়॥
রাঙ্গা বায়ে[৬] রাঙ্গা হৈল কালিন্দীর পানী।
গগন ভুবন দিগ বিদিগ না জানি॥[৭]
রতি জয় রতি জয় বিজকুলে গায়।
জ্ঞানদাস চিত নয়ন জুড়ায় ॥২৭॥১৪৫১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুঁথির ২০০৩ সংখ্যক পদ। ২। 'খেলাই' খ। ৩। 'উড়ল' প-র-সা। ৪। 'বৃন্দাবনের' খ; 'বৃন্দাবনে' চ, প-র-সা। ৫। 'গাছে' প-র-সা। ৬। 'বায়' ক, খ।

তথা রাগ।১

দোলত রাধা মাধব সঙ্গে।
দোলায়ত সব সখিগণ বহু রঙ্গে॥
ডারত ফাগু দুহুঁ-জন-অঙ্গে।
হেরইতে দুহুঁ-রূপ মুরুছে অনঙ্গে॥
বাওত কত কত যন্ত্র সুতান।
কত কত রাগ-মালে২ করু গান॥
চন্দন কুঙ্কুম ভরি পিচকারি।
দুহুঁ অঙ্গে কোই কোই দেওত ডারি॥
বিগলিত অরুণ বসন দুহুঁ-গায়।
শ্রম-জল বিন্দু বিন্দু শোভে৩ তায়॥
হেম-মরকতে জনু জড়িত পঙারে৪।
তাহে বেঢ়ল গজমোতিম-হার॥
দোলোপরি৫ দুহুঁ নিবিড় বিলাস।
জ্ঞানদাস হেরি পূরয়ে আশ॥২৮॥১৪৫২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুঁথির ২০০২ সংখ্যক পদ। ২। 'রাগ মান' ক, খ, চ, প-র-সা। ৩। 'শোভা করে' খ। ৪। 'পোঙার' প-র-সা। ৫। 'দোল পরি' খ; 'দোলা পর' প-র-সা।

টীকা

৫—৬। "বাওত" ইত্যাদি। সুন্দর-তানবিশিষ্ট কত কত যন্ত্র বাদন করিতেছে (এবং) কত কত রাগ-মালা গান করিতেছে। তুলনা করুন—'গাওত রাগ-মালিকা' জ্ঞানদাস; প-ক-ত, ১০৬৬ সংখ্যক পদ।

আসাবরী।১

অঞ্জলি ভরি ফাগু দেই সখিগণে।
রাই-কানু-অঙ্গে দেই ঘনে ঘনে॥
দোলোপরি২ দুহুঁ দোলত ভাল।
গাওত কোই সখি ধরি৩ তাল॥
বাওত কত কত যন্ত্র সুরঙ্গ।
বীণ রবাব সর-মণ্ডল৪ উপাঙ্গ॥
শোভিত তরুকুল বিকসিত ফুল৫।
ঝঙ্করু মধু-মদে মত অলিকুল৬॥
মলয়-পবন বহে যামুন-তীর।
নাচত শিখিকুল কুঞ্জ-কুটীর॥
বিলসই তহিঁ৭ দোলোপরি৮ কান।
ইহ নবকান্ত দুহুঁক গুণ গান॥২৯॥১৪৫৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুঁথির ২০০৬ সংখ্যক পদ। ২। 'দোলা পরি' ক; 'দোলা পার' খ। ৩। 'ধরি করে' ক, প-র-সা। ৪। 'সরমণ্ডল' ক, খ, চ। ৫। 'ফুল' ক, চ, প-র-সা। ৬। 'কুল' ক, চ, প-র-সা। ৭। 'তাহি' খ, চ। ৮। 'দোল পরি' খ; 'দোল পর' প-র-সা।

ততো হোরি-সম্ভোগস্য রসোদ্গারঃ।

তত্র শ্রীগৌরচন্দ্রঃ।

বিভাষ।১

গৌর-বরণ হিরণ-কিরণ
অরুণ বসন তায়।
রাতা উতপল নয়ন-যুগল
প্রেম-ধারা বহি যায়॥
দেখ দেখ নবদ্বীপ-রাজ২।
ভাবে বিভোর সদা গর গর
মধুর ভকত মাঝ॥ধ্রু॥

কহয়ে আবেশে পুরব-বিলাসে
মধুর রজনী-কথা।
অমিয়া-বরণ ঐছন বচন³
হরল মনের বেথা॥
শুনি হরষিত সকল ভকত
প্রেমের সাগরে ভাসে।
সে⁴ সব সোঙরি কান্দয়ে গুমরি
দীন গোবর্দ্ধন দাসে⁵ ॥৩০॥১৪৫৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০০৭ সংখ্যক পদ। ২। 'দ্বিজরাজ' ক, খ, চ, প-র-সা। ৩। 'বরণ' খ। ৪। 'সো' ক, খ; 'সে' প-র-সা। ৫। 'গোবিন্দ দাসে' প-র-সা।

তথা রাগ।¹

ঋতু-পতি-রয়নি² বিলাসিনি কামিনি
আলসে ঢুলু ঢুলু আঁখি।
কাঞ্চন-বরণ- হরণ³ তনু অরুণিত
মধুর-মধুর মৃদু ভাখি॥
সব সহচরিগণ আওল তৈখন
এক জন করয়ে পুছারি।
কহ ধনি কৈছনে গিরিবর-ধর সনে⁴
কালি খেললি পিচকারি॥
পদ্মা সহচরি কৈছনে বাঁচলি⁵
বাঁচলি⁶ তুমুল⁷ সংগ্রাম।
গৃহ-পতি-সেবন কাজে রহলুঁ তব
যাই না পেখলুঁ হাম॥
শুনি তব রসবতি হরিষে⁸ ভরল মতি
কহ সোই কৌতুক-ভাব।
সো বচনামৃতে শ্রবণ জুড়ায়ই
ইহ⁹ গোবর্দ্ধন দাস ॥৩১॥১৪৫৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০০৮ সংখ্যক পদ। ২। 'রজনি' ক, খ, চ, প-রসা। ৩। 'হরণ বরণ' ক, খ, চ, প-র-সা। ৪। 'গিরিবর দরশনে' ক। ৫। 'বাচলি' প-র-সা। ৬। 'রাচলি' ক; 'বাচলি' প-র-সা। ৭। 'তমুল' খ, চ। ৮। 'হরষে' প-র-সা। ৯। 'এও' প-র-সা।

টীকা

৯—১০। "পদ্মা" ইত্যাদি। (চন্দ্রাবলীর) সখী পদ্মাকে কি প্রকারে বঞ্চনা করিয়াছিস্,—(চন্দ্রাবলীর) সহচরীদিগের সহিত তুমুল কলহ এড়াইয়াছিস্। (পূর্ব্বকলি-স্থিত 'কহ ধনি কৈছনে' বাক্যের সহিত অন্বয়। শ্রীরাধার সহচরী চন্দ্রাবলীর সখীদিগের সহিত তুমুল কলহ এড়াইয়া শ্রীকৃষ্ণকে কিরূপে হস্তগত করিয়াছিলেন,—"বিদগ্ধমাধব" নাটক অবলম্বনে ১৪৫৭ সংখ্যক পদের বর্ণিত সেই ঘটনা 'পদ্মা সহচরী' ইত্যাদি বাক্যে ইঙ্গিত করা হইয়াছে।)

শ্রীরাগ।¹

শুন শুন সখি তোহারে কহিয়ে
আজুক রভস²-কেলি।
পিয়ার সহিতে খেলিতে খেলিতে
ভৈ গেলুঁ³ একই মেলি॥
আবির লইয়া নয়ানে দেওল
করে কচালিয়ে আঁখি।
হেনই সময়ে বয়ান⁴ চুম্বয়ে
তারে কেহ নাহি⁵ দেখি॥
পিচকারি যেন বরিখয়ে ঘন
অরুণ বরণ নীর।
পুরুষ কি নারী চিনিতে না পারি
ঐছন ভেল গভীর॥

হেন বেলে[৬] পিয়া নিয়ড়ে আসিয়া
হাসিয়া কয়ল কোর[৭]।
এ উদ্ধব-গীতি[৮] পিরিতি-আরতি
বন্ধুয়া জানয়ে তোর[৯] ॥৩২॥১৪৫৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০০৯ সংখ্যক পদ। ২। 'রহস' প-র-সা। ৩। 'গেল' ক, খ, ঘ, চ। ৪। 'বয়ানে' প-র-সা। ৫। 'নহে' প-র-সা। ৬। 'বেন' প-র-সা। ৭। 'কোরে' প-র-সা। ৮। 'চিতে' প-র-সা। ৯। 'তোরে' প-র-সা।

ধানশী।[১]

শুন শুন আজুক কৌতুক-কাজ।
মীলল[২] যব হাম নাগর-রাজ ॥
চন্দ্রাবলি নিজ সহচরি মেলি।
আওল কানু সঞে করইতে কেলি ॥
তৈখনে দুর[৩] সঞে হেরলুঁ হাম।
যূথহি যূথ কয়ল এক ঠাম ॥
ভদ্রাদিক আসি মীলল মোয়।
বহুতর ফাগু উড়ায়ল সোয় ॥
ফাগু-রজে সকল করলুঁ[৪] আন্ধিয়ার[৫]।
নারি পুরুষ কোই লখই না পার[৬] ॥
ঐছনে কানুক মাঝহি ঘেরি।
আনলুঁ[৭] নিধুবনে সো নাহি হেরি ॥
তাহাঁ যাই সবহুঁ হোই[৮] এক ঠাম।
পিয়া সঞে খেলি পুরায়লুঁ[৯] কাম ॥
সো সব কি কহব পুছ[১০] সখি-পাশ।
গোবর্দ্ধন কহ পূরল আশ ॥৩৩॥১৪৫৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০১০ সংখ্যক পদ। ২। 'মিলল' ক, প-র-সা। ৩। 'দূর' ক, প-র-সা। ৪। 'করল' প-র-সা। ৫। 'আন্ধিয়ারী' খ। ৬। 'পারি' খ। ৭। 'আনল' ক; 'আয়লু' প-র-সা। ৮। 'হই' ক। ৯। 'পুরাওল' ঘ। ১০। 'কহ' ক।

সিন্ধুড়া।[১]

আবিরে অরুণ সব বৃন্দাবন
উড়িয়া গগন ছায়।
বন্ধুয়া আমার হিয়ার মাঝারে
কেহুং না দেখিতে পায় ॥
চপল নয়ন পিচকারি যেন
নিরখে[৩] নয়ন মোর।
নব অনুরাগ- ফাগু[৪] ভরল
তনু মন করি জোর ॥
শুধুই শ্যামল অঙ্গ-পরিমল
চন্দন চুয়াক ভাতি।
মোর নাসা জনু ভ্রমরী উমতি
ততহিঁ পড়ল মাতি ॥
নয়নে নয়নে বয়নে বয়নে
হৃদয়ে হৃদয়ে[৫] মেলি।
দুহুঁ কলেবর অরুণ অম্বর
কাঁপিয়া কয়ল কেলি ॥
রসিক নাগর রসের সাগর
কয়ল ঐছন কাজ।
এ উদ্ধব ভণ চতুর দু জন
রসবতী রস-রাজ ॥৩৪॥১৪৫৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০১১ সংখ্যক পদ। ২। 'কেহ' ক, প-র-সা। ৩। 'নিরখি' প-র-সা। ৪। 'ফাগুয়া' খ। ৫। 'হৃদয় হৃদয়' প-র-সা।

টীকা

৫—৮। "চপল" ইত্যাদি। (শ্রীকৃষ্ণের) চঞ্চল নয়ন যেন পিচকারী অর্থাৎ উহা চঞ্চল পিচ-

কারীর ন্যায় প্রেমরস বর্ষণ করিতেছে, এরূপ আমার নয়ন বৃষ্টি করিল ; (এবং) নবীন অনুরাগ-রূপ ফাগুতে (উভয়ের) দেহ ও মনকে একত্র করিয়া (সর্ব্বাঙ্গ) পূর্ণ করিল। তুলনা করুন,—

"নিরখত বয়ন নয়ন-পিচকারিত
প্রেম-গুলাব মনহি মন লাগ।
দুহুঁ অঙ্গ-পরিমল চুয়া চন্দন ফাগু-
রঙ্গ তহিঁ নব অনুরাগ ॥"
—উদ্ধবদাস ; প-ক-ত, ১৪৩৭ পদ।

সুহিনী।[১]

কি কহব সো রস[২]-রঙ্গ।
কানু খেলই মঝু সঙ্গ ॥
সুবল সখা করি বাম।
সমুখে দাঁড়ায়লুঁ হাম ॥
ললিতা ডাহিনে রহু[৩] মোর।
হেরি কানু ভেল ভোর[৪] ॥
করহি খসল পিচকারি।
ঐছে পড়ল তনু ঢারি ॥
সচকিত হোই[৫] হাম ধাই।
কোরে অগোরলুঁ তাই ॥
বয়নে বয়নে যব দেল।
ইষত শ্বাস তব ভেল ॥
করে করি মাজিয়ে[৬] মুখ[৭]।
হেরইতে বিদরয়ে বুক[৮] ॥
ক্ষণেকে চেতন যব হোই।
চৌদিশে হেরই সোই ॥
কহই রাই কাহাঁ গেল।
ইহ দুখ বিহি কাহে দেল ॥
হাম নিজ পরিচয়-বাণী।
কওহুঁ কহলুঁ ধরি পাণি ॥
তব মুখ হেরই মোর।
হাম রহু কোরে আগোর ॥
সখিগণ সচকিত থারি।
বয়নে দেয়ল তব বারি ॥
বৈঠল কুঞ্জহিঁ যাই।
তহিঁ সব কহলুঁ[৯] বুঝাই ॥
প্রেম-বিচিত্র-বিলাস।
কহ গোবর্দ্ধন দাস ॥৩৫॥১৪৫৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০১২ সংখ্যক পদ। ২। 'সব' ক, চ, প-র-সা। ৩। 'কহু' খ। ৪। 'বিভোর' ক, খ, চ, প-র-সা। ৫। 'হুই' ক। ৬। 'করি মাজিয়ে' স্থলে 'কর মাজই' প-র-সা। ৭। 'মুখ' ক, চ, প-র-সা। ৮। 'বুক' ক, চ, প-র-সা। ৯। 'কহল' ক, খ, চ, প-র-সা।

অথ অভিসারানুরাগ।

দূত্যুক্তি।

তুড়ী।[১]

আজু কোই কুলবতি নাহি বাহিরাব।
যমুনা সিনানে কোই নাহি যাব ॥
বিপতি পড়ল[২] আজু যুবতি-সমাজ।
সখাগণ সঙ্গে খেলই যুব-রাজ[৩] ॥
পন্থহি পন্থ[৪] ঘেরল চৌ ওর[৫]।
সব ব্রজ-বালক তাহে আগোর ॥
বটু সুবল[৬] দুহুঁ ভেল এক ঠাম।
যূথহি যূথ কয়ল নিরমান ॥
ভরি পিচকারি লেই সভে হাত।
ঘন বরিখণ জনু পড়তহিঁ[৭] মাথ ॥
আবিরে না হেরিয়ে[৮] দীগ বিদিগ[৯]।
রঙ্গে বসন বহি যাওত ভীগ[১০] ॥
কহ গোবর্দ্ধন রহ গৃহ মাহ।
কোই জনি[১১] মন্দির ছোড়ি বাহিরাহ ॥
॥৩৬॥১৪৬০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০১৩ সংখ্যক পদ। ২। 'পড়ব' খ। ৩। 'ব্রজ-রাজ' ক, খ, চ, প-র-সা। ৪। 'পন্থ বিপন্থ' ক, খ, চ। ৫। 'চতুর' ক। ৬। 'সুবল' ক, খ, চ, প-র-সা। ৭। 'পড়, তহি' প-র-সা। ৮। 'হেরই' প-র-সা। ৯। 'দিগ বিদিগ' ক, চ, প-র-সা। ১০। 'ভিগ' ক, চ; 'ভিক' প-র-সা। ১১। 'জানি' ক, প-র-সা।

কামোদ।১

ঘন মুরলী-ধ্বনি ডম্ফ-শবদ শুনি
উমড়ই হৃদয় বিশাল।
হো হো হোরি[২] সঘনে তহিঁ গরজন[৩]
উনমত যত ব্রজ-বাল॥
মাঝহি মনমথ-রাজ।
নবঘন অরুণ- বরণ তনু হেরইতে
তেজই কুলবতি লাজ॥ধ্রু॥
চুয়া চন্দন মৃগ-মদ কুঙ্কুম
পিচকারি ভরি সভে[৫] লেই।
সব জন কোপে[৬] গোপিত হই[৭] দুহুঁ দুহুঁ
নয়ন বয়ন[৮] পর দেই॥
ইহ দিনে কৈছে রহিতে কহ ঘর মাহা[৯]
সো সুখে হোই নৈরাশ।
গণ সঞে আজি যাই তহিঁ হেরব
সঙ্গে গোবর্দ্ধন দাস॥৩৭॥১৪৬১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০১৪ সংখ্যক পদ। ২। 'উমতই' প-র-সা। ৩। 'হেরি' ক; 'হরি' খ। ৪। 'গরজত' প-র-সা। ৫। 'ভরি সভে' স্থলে 'ভরি' ক; 'ভরি ভরি' প-র-সা। ৬। 'কোপি' ক। ৭। 'ইহ' ক। ৮। 'নয়ন নয়ন' প-র-সা। ৯। 'মাহ' প-র-সা।

বসন্ত।১

ব্রজকে ঢেঠনা[২] খেলত হোরি।
সঙ্গহি গোকুল-বাল বিভোরি॥
বাটহি বাটহি রহই আগোরি।
আবির গোলাব রচই ঝকঝোরি[৪]॥
কেশর-কুসুম গোলালকি[৫] রঙ্গ।
ভরি পিচকারিহুঁ ভাগত[৬] অঙ্গ॥
শ্যামসুন্দর মনমোহন রায়।
সহচর সঙ্গহি ফাগু খেলায়॥৩৮॥১৪৬২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০১৫ সংখ্যক পদ। ২। 'ঢেঠোনা' খ; 'ঢেঁঠোনা' চ। ৩। 'গুলাল' ক; 'গোলাপ' প-র-সা। ৪। 'ঝকা ঝোরি' খ। ৫। 'কুসুম গোলালকি' স্থলে 'কুঙ্কুম গোলালকি' ক, খ; 'কুসুম গোলারকি' প-র-সা; 'কেশর' ও 'কুঙ্কুম' একই পদার্থের নামান্তর; সুতরাং 'কেশর কুসুম' ইত্যাদি পাঠই সমীচীন। ৬। 'ভিগত' ক, চ, প-র-সা।

টীকা

৫। "কেশর" ইত্যাদি। কেশর-কুসুম অর্থাৎ কুঙ্কুম ও গুলাল-নামক রঞ্জন-দ্রব্যের রং অথবা কেশর (কুঙ্কুম), কুসুম অর্থাৎ কুসুম্ভ-পুষ্প ও গুলালের রং।

অথ হোরি প্রকারান্তরং যথা।

বসন্ত।১

নীলাচলে কনকাচল[২] গোরা।
গোবিন্দ-ফাগু-রঙ্গে ভেল ভোরা॥
দেব-কুমারি নারিগণ সঙ্গে[৩]।
পুলক-কদম্ব-করম্বিত অঙ্গে[৪]॥
ফাগুয়া খেলত গৌর-তনু।
প্রেমক সুধা-সিন্ধু মুরতি জনু॥ধ্রু॥

ফাগু-অরুণ তনু অরুণহি চীর।
অরুণ নয়নে বহে অরুণহি নীর ॥
কণ্ঠহি লোলত অরুণিত[১] মাল।
অরুণ ভকত সব[৬] গাওয়ে রসাল ॥
কত কত ভাব বিথারল অঙ্গ।
নয়ন ঢুলাওত প্রেম-তরঙ্গ[৮] ॥
হেরি গদাধর লহু লহু হাস।
সো নাহি সমুঝল গোবিন্দদাস ॥৩৯॥১৪৬৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০১৬ ও প-র পুথির ৩০।১ সংখ্যক পদ। ২। 'কনক কাঁচন' খ। ৩। 'সঙ্গ' ক, খ, চ। ৪। 'অঙ্গ' ক, খ, চ। ৫। 'অরুণহি' প-র। ৬। 'গণ' প-র। ৭। 'অঙ্গে' প-র-সা, প-র। ৮। 'তরঙ্গে' প-র-সা, প-র।

বসন্ত ।১

খেলত ফাগু গোরা দ্বিজ-রাজ।
গদাধর নরহরি দোঁহার সমাজ ॥
নিতাই অদ্বৈত সহ খেলই[২] রসাল।
খেনে গালি খেনে কেলি প্রেমে মাতোয়াল[৩] ॥
সার্ব্বভৌম সঙ্গে[৪] খেলে রায় রামানন্দ।
শ্রীবাস স্বরূপ সহ মুরারি মুকুন্দ ॥
দোঁহে দোঁহে[৫] খেলে ফাগু করি হরি-ধ্বনি।
গদাধর সহ খেলে গোরা দ্বিজমণি ॥
কেহ নাচে কেহ গায় করতালি দিয়া।
দীন কৃষ্ণদাসে কহে আনন্দে ভাসিয়া ॥
॥৪০॥১৪৬৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০১৭ সংখ্যক পদ। ২। 'খেলাই' খ। ৩। 'মাতয়ার' প-র-সা। ৪। 'সহ' খ, প-র-সা। ৫। 'দোহা' খ।

তথা রাগ।১

মধুরিপুরত্র বসন্তে।
খেলতি গোকুল- যুবতিভিরুজ্জ্বল-
পুষ্প-সুগন্ধি-দিগন্তে ॥ ধ্রু ॥
প্রেম-করম্বিত- রাধা-চুম্বিত-
মুখ-বিধুরুৎসবশালী।
ধৃত-চন্দ্রাবলি- চারু-করাঙ্গুলি-
রিহ নব-চম্পক-মালী ॥
নব-শশি-রেখা- লিখিত-বিশাখা-
তনুরথ ললিতা-সঙ্গী।
শ্যামলয়াঞ্চিত[২]- বাহুরুদঞ্চিত-
পদ্মা-বিভ্রম-রঙ্গী ॥
ভদ্রা-লম্বিত- শৈব্যোদীরিত-
রক্ত[৩]-রজোভরধারী।
পশ্য সনাতন- মূর্ত্তিরয়ং ঘন-
বৃন্দাবন-রুচিকারী ॥৪১॥১৪৬৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০১৮ ও প-র পুথির ৩০।৪ সংখ্যক পদ। ২। 'শ্যামলয়াশ্রিত' ক, খ। ৩। 'বক্ত্র' প-র-সা।

টীকা

১—১৫। "মধুরিপু"রিত্যাদি। অত্র বসন্তে মধুরিপুঃ শ্রীকৃষ্ণঃ গোকুল-যুবতিভিঃ খেলতি ক্রীড়তি। কীদৃশে বসন্তে?—উজ্জ্বলাঃ নির্ম্মলাঃ পুষ্পসুগন্ধি-দিগন্তাঃ কুসুম-বাসিত-দিগন্তরালাঃ যস্মিন্ তথাভূতে। কীদৃশঃ শ্রীকৃষ্ণঃ?—প্রেম-করম্বিতা অনুরাগ-যুক্তা বা শ্রীরাধা তয়া চুম্বিতো মুখচন্দ্রো যস্য তথাভূতঃ তেন উৎসবশালী আনন্দোৎসববান্। ধৃতঃ চন্দ্রাবল্যাশ্চারুকরাঙ্গুলিঃ যেন তথাভূতঃ। তথা নব-চম্পকমাল্যধারী। শ্রীরাধা-বর্ণ-সাম্যাৎ চম্পক-মাল্য-ধারণেন শ্রীরাধায়ামনুরাগাতিশয়ঃ ব্যজ্যতে। পুনঃ কীদৃশঃ?—নবশশিরেখাভিঃ অর্দ্ধচন্দ্রাকারৈ-র্নখচিহ্নৈর্লিখিতা অঙ্কিতা বিশাখায়াস্তনুর্যেন তথাভূতঃ।

তথা ললিতায়াঃ সঙ্গো বিদ্যতে যস্যেতি তথা-ভূতঃ। শ্যামলয়া তন্নাম্ন্যা শ্রীরাধা-সখ্যা অঞ্চিত-বাহুর্ধৃতভুজঃ পদ্মায়াস্তন্নাম-চন্দ্রাবলি-সখ্যা উদঞ্চিত-বিভ্রমরঙ্গী উদ্রিক্ত-বিলাসকৌতুকী। পুনঃ কীদৃশঃ?—ভদ্রয়া সখ্যা আলম্বিতয়া যুক্তয়া শৈব্যয়া উদীরিত উচ্চালিত উৎক্ষিপ্তো যো লোহিত-চূর্ণ-সমূহস্তং ধারয়িতুং শীলং যস্যেতি তথাভূতঃ। অয়ং ঘন-বৃন্দাবন-রুচিকারী বলবদ্বৃন্দাবনানুরাগী সনাতন-মূর্ত্তিঃ সনাতন-দেহঃ পক্ষে সনাতনস্তন্নামকঃ অস্য অস্তি নিত্যঃ দাসরূপ ইতি সনাতনা। অর্শাদিত্বাৎ অচ্। তাদৃশী মূর্ত্তিঃ যস্যেতি তথাভূতঃ পশ্যাবলোকয়।

অনুবাদ

১—১৫। পুষ্প-সুরভি নির্ম্মল আকাশবিশিষ্ট বসন্তে আজ মধুরিপু শ্রীকৃষ্ণ গোকুল-যুবতিগণের সহিত ক্রীড়া করিতেছেন॥ধ্রু॥ অনুরাগযুক্তা শ্রীরাধা ইহাঁর চন্দ্র-বদন চুম্বিত করায়, ইনি আনন্দোৎসব-যুক্ত হইয়াছেন; ইনি চন্দ্রাবলীর সুন্দর-করাঙ্গুলি ও নবচম্পকের মাল্য ধারণ করিয়াছেন। ইনি (নখাঙ্ক-রূপ) নব-চন্দ্র-কলা দ্বারা বিশাখার কলেবর অঙ্কিত করিয়াছেন ও ললিতার সঙ্গে বিরাজিত রহিয়াছেন; ইনি শ্যামলা কর্ত্তৃক ধৃত-বাহু ও পদ্মার বিলাসোদ্রেক দর্শনে কৌতুকযুক্ত। দেখ! ইনি ভদ্রা সখী সহকারে শৈব্যা কর্ত্তৃক উৎক্ষিপ্ত লোহিত-বস্ত-চূর্ণ-ধারী বৃন্দাবনানুরাগী নিত্য (পক্ষে সনাতন গোস্বামীর শরণ) দেহ-বিশিষ্ট।

তথা রাগ।১

ঋতু-রাজার্পিত-তোষ-তরঙ্গম্।
রাধে ভজ বৃন্দাবন-রঙ্গম্॥
মলয়ানিল-গুরু-শিক্ষিত-লাস্যা।
নটতি লতাবলিরুজ্জ্বল-হাস্যা॥
পিক-ততিরিহ বাদয়তি মৃদঙ্গম্।
পশ্যতি তরুকুলমঙ্কুরদঙ্গম্॥
গায়তি ভৃঙ্গ-ঘটাদ্ভুত-শীলা।
মম বংশীব সনাতন লীলা॥৪২॥১৪৬৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০১৯ ও প-র পুথির ৩০।১০ সংখ্যক পদ। 'তথা রাগ' স্থলে 'আসাবরি' প-র। ২। প-র পুথিতে 'রাধে' ইত্যাদি চরণ দ্বারা পদটি আরম্ভ করা হইয়াছে।

টীকা

১—৮। "ঋতু-রাজার্পিতে"ত্যাদি। হে রাধে! বৃন্দাবনস্য রঙ্গং বিলাসং ভজ অঙ্গীকুরু অবলোকয় পশ্যেত্যর্থঃ। কীদৃশং বিলাসম্?—ঋতু-রাজেন বসন্তেন অর্পিতাস্তোষতরঙ্গাঃ প্রমোদ-লহর্য্যো যস্মিন্ তথা-ভূতম্। তমেব বিলাস-প্রকারং দর্শয়তি মলয়ানিলে-ত্যাদিভিঃ। মলয়ানিলেন গুরুণাধ্যাপকেন শিক্ষিত-লাস্যা উপদিষ্ট-নৃত্য-কলা উজ্জ্বলহাস্যা শ্বেতপুষ্পচ্ছলেন হাস্যকারিণী লতাবলিঃ নটতি নৃত্যতি। ইহাত্র বৃন্দা-বনে পিকততিঃ কোকিলকুলং মৃদঙ্গং বাদয়তি কল-নাদৈর্মৃদঙ্গ-ধ্বনিমনুকরোতীতি ভাবঃ। অঙ্কুরদঙ্গং অঙ্কুরচ্ছলেন রোমাঞ্চিতদেহং তরুকুলং পশ্যতি তৎর্ত্তনাদিকর্ম্মেতি শেষঃ। অদ্ভুত-শীলা বিচিত্র-চরিত্রা ভৃঙ্গ-ঘটা ভ্রমরপঙ্ক্তিঃ গায়তি গুঞ্জনশব্দৈঃ গীতং করোতি। কেব? মম বংশীব। কীদৃশী সা?—সনাতনী চিরস্থায়িনী লীলা কেলির্যস্যাঃ। পক্ষে সনাতনেন পদকর্ত্রা বর্ণিতা লীলা যস্যাঃ।

অনুবাদ

১—৮। হে শ্রীরাধে! বসন্ত নৃপতি কর্ত্তৃক জনিতানন্দ বৃন্দাবনের বিলাস অবলোকন কর। মলয়ানিল গুরু কর্ত্তৃক শিক্ষিত-নৃত্যলীলা (পুষ্পচ্ছলে) উজ্জ্বল-হাস্য-কারিণী লতাবলি নৃত্য করিতেছে। কোকিল-কুল (কল-নাদচ্ছলে) মৃদঙ্গ বাজাইতেছে এবং (অঙ্কুর-চ্ছলে) রোমাঞ্চিত-দেহ তরুকুল (নৃত্য) দর্শন করিতেছে। অদ্ভুত-চরিত্র ভ্রমর-পংক্তি সনা-তন-(পক্ষে—সনাতন-বর্ণিত)-লীলা-বিশিষ্ট আমার বংশীর ন্যায় গান করিতেছে।

তথা রাগ।১

নটবর-ভঙ্গী ফাগু-রঙ্গী
নাগর অভিনব নাগরি সঙ্গ।
ঋতু[২]-পতি-গীত[৩] চীত[৪] উমতায়ল
হেরি বদন বৃন্দাবন-রঙ্গ[৫]॥
ফাগুয়া খেলত নওল[৬]-কিশোর।
রাধা-রমণ রমণি-মন-চোর॥ধ্রু॥
সুন্দরিবৃন্দ- করে কর মণ্ডিত
মণ্ডলি মণ্ডলি[৭] মাঝহি মাঝ।
নাচত নারিগণ[৮] ঘন[৯] পরিরম্ভণ
চুম্বন-লুবধল নটবর[১০]-রাজ॥
কানু-পরশ-রসে অবশ[১১] রমণিগণ
অঙ্গে অঙ্গে[১২] মিলি[১৩] কাঁপি রহু।
পূরল সবহুঁ মনোরথ মনভব[১৪]
মোহন[১৫] গোবিন্দদাস-পহু॥৪৩॥১৪৬৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০২০ ও প-র পুথির ৩০।৩ সংখ্যক পদ। ২। 'ঋতু ঋতু' ক। ৩। 'গীতি' ক, খ, ঘ, চ, প-র-সা। ৪। 'চিত' ক, প-র-সা। ৫। 'হেরি' ইত্যাদি স্থলে 'ফিরি বৃন্দাবন মদনতরঙ্গে' প-র। ৬। 'নন্দ' প-র। ৭। 'মণ্ডলি মণ্ডলে' খ; 'মণ্ডল মণ্ডলি' প-র। ৮। 'নায়রি' প-র। ৯। 'গণ' প-র। ১০। 'নাগর' প-র। ১১। 'অলস' প-র-সা। ১২। 'অঙ্গ' প-র। ১৩। 'মেলি' প-র। ১৪। 'মনোভব' ক; 'মন-মথ' ঘ। ১৫। 'গাওত' প-র।

পুনশ্চ দিনান্তরে।

তথা রাগ।১

ঋতু-পতি রাধামাধব সঙ্গ।
বিবিধ বিলাস হোরি-রস-রঞ্জিত
আবিরে অরুণ দুহুঁ অঙ্গ॥ধ্রু॥
অরুণিত শ্যাম- কলেবর-দরপণে
রাইক প্রতিবিম্ব লাগি।
ভরমহি আন রমণি মনে মানিয়া
মানিনি ভেলি বিরাগী॥
রসিক সুনাগর রাইক মান[২] হেরি
মিনতি করত কর জোরি।
পীত বসন গলে সাধই পদতলে
রাই রহল মুখ মোড়ি॥
প্রিয়-সহচরি যত কতয়ে বুঝায়ত
সুখ সঞে কাহে বিপরীত।
দ্বিজ হরিদাস কহত কাহে রোখলি
প্রেমক ঐছে চরীত[৩]॥৪৪॥১৪৬৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০২১ সংখ্যক পদ। ২। 'রাইক মান' স্থলে 'বিমুখি' ঘ; 'রাই মান' চ। ৩। 'চরিত' ক, চ, প-র-সা।

তথা রাগ।১

এ ধনি মানিনি মান নিবারো[২]।
আবিরে অরুণ শ্যাম- অঙ্গ-মুকুর পর
নিজ প্রতিবিম্ব নেহারো[৩]॥
তুহুঁ এক রমণি- শিরোমণি রসবতি
কৌন[৪] ঐছে জগ মাহ।
তোহারি সমুখে শ্যাম সঞে বিলসব
কৈছন রস-নিরবাহ॥
ঐছন সহচরি- বচন শ্রবণে ধরি
সরমে ভরমে[৫] মুখ ফেরি।
ঈষত হাসি মনে মান ভেয়াগল
উলসিত দোঁহে দোঁহা হেরি

পুন সব জন মেলি[৬] করয়ে বিনোদ কেলি
পিচকারি করি নিজ হাতে
দ্বিজ হরিদাস[৮] আবির যোগায়ত
সকল সখাগণ সাথে ॥৪৫॥১৪৬৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০২২ সংখ্যক পদ। ২। 'নিবার' ক। ৩। 'নেহার' ক। ৪। 'কোন' ক, খ, প-র-সা। ৫। 'সরমে ধরমে' ক। ৬। 'মিলি' চ। ৭। 'করি নিজ' স্থলে 'করি' ক; 'করি লেয়ল' ঘ। ৮। 'চণ্ডীদাস' ক। চণ্ডীদাসের রচিত নিঃসন্দিগ্ধ ব্রজ-বোলি পদ পাওয়া যায় নাই এবং খ, ঘ, চ ও প-র-সা পুথিগুলিতে 'চণ্ডীদাস' স্থলে 'হরিদাস' পাঠ আছে,—এই উভয়-বিধ কারণে আমরা এই পদটি দ্বিজ হরিদাসের রচিত বলিয়াই অনুমান করি।

বসন্ত।[১]

ফাগু[২] খেলত বর নাগর-রায়।
রাধা রঙ্গিণি বহুবিধ গায়[৩] ॥
হাসি হাসি সুন্দরি মনমথ-রঙ্গে।
ফাগু লেই ডারয়ে নাগর-অঙ্গে[৪] ॥
রসে ধসধস তনু আধ আধ হেরি[৫]।
চুয়া চন্দন[৬] দেই বেরি বেরি ॥
চপল নাগর কুচ পরশল থোরি।
চমকি চমকি মুখ রহলিহুঁ গোরি ॥
ফাগু দেওল হরি লোচন-ওর[৭]।
মুন্দল[৮] ধনি দুহুঁ লোচন-কোর[৯] ॥
অধরহি চুম্বন করু তব কান[১০]।
গোবিন্দদাস দুহুঁক গুণ গান ॥৪৬॥১৪৭০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০২৩ ও প-র পুথির ৩০।৫ সংখ্যক পদ। ২। 'ফাওয়া' খ। ৩। 'বহু-বিধ গায়' স্থলে 'ফাওয়া খেলায়' প-র। ৪। 'ফাগু লেই' ইত্যাদি স্থলে 'ফাগু আবির দেই গোবিন্দ-অঙ্গে' প-র। ৫। 'রসে ধসধস' ইত্যাদি পংক্তি-দ্বয় প-র পুথিতে নাই। ৬। 'চন্দন অঙ্গে' খ। ৭। 'লোচনে জোর' ক, খ; 'লোচনে য়োর' ঘ, চ। বোধ হয়, লিপিকর-ভ্রমে কোন পুথিতে 'য়োর' শব্দের 'য়ো' বর্ণটি 'যো' লিখিত হওয়ায়, উহাই পরে কোন পণ্ডিতম্মন্য লিপিকর-কর্ত্তৃক 'জো'-রূপে সংশোধিত (?) হইয়া 'লোচনে জোর' এই অদ্ভুত পাঠের সৃষ্টি করিয়াছে। বস্তুতঃ চক্ষুর সন্নিকটে ফাগু দিলে স্বভাবতই চক্ষু মুদ্রিত হয়; সুতরাং চক্ষু-মুদ্রণের অব-সরে মুখ-চুম্বনের উদ্দেশ্যে রসিকচূড়ামণি শ্রীকৃষ্ণ কর্ত্তৃক শ্রীরাধার নয়ন-প্রান্তে ফাগু-চূর্ণ নিক্ষিপ্ত হওয়াই সুসঙ্গত। 'লোচনে', তাহাতেও আবার 'জোরে' ফাগু-নিক্ষেপ বর্ব্বরোচিত কার্য্য; পুরুষোত্তম শ্রীকৃষ্ণে কোনরূপেই উহা সম্ভবপর হইতে পারে না। ৮। 'মুদল' ক, খ, ঘ, চ; 'মোদল' প-র-সা। ৯। 'চকোর' ক; 'চকোর' পাঠে ছন্দোভঙ্গ ঘটে এবং এ স্থলে 'চকোর' শব্দ প্রয়োগেরও কোন সার্থ-কতা দেখা যায় না। ১০। 'অধরহি' ইত্যাদি স্থলে 'অধরহি চুম্বন করু কত কান' ক, খ, চ, প-র-সা; 'অধর চুম্বন তহি করলহি কান' প-র।

তত্র ধামালি। গুর্জ্জরী।[১]

রাধা প্যারি সহ খেলত নন্দদুলাল।
অরুণিত মরকত অরুণ[২] হেমযুত
ঐছন মুরতি রসাল ॥ধ্রু॥
অরুণাম্বর বর শোহে[৩] কলেবর
অরুণ মোতি মণি-মাল।
নটপটি পাগ উপরে শিখি-চন্দ্রক[৪]
ওড়নি রঙ্গ গোলাল ॥

দুহুঁ করে আবির দুহুঁ অঙ্গে ডারত
পিচকা[৫] রঙ্গে পাখাল।
অরুণিত যমুনা- পুলিন কুঞ্জবন
অরুণিত যুবতী-জাল ॥
অরুণিত তরুকুল অরুণ লতা ফল
অরুণ ভ্রমরগণ ভাল।
অরুণিত শারী শুক শিখি কোকিল
উদ্ধব ভণিত রসাল ॥৪৭॥১৪৭১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০২৪ সংখ্যক পদ। ২। 'অরুণিত' ক, খ, চ, প-র-সা। ৩। 'শোভে' ক। ৪। 'চন্দ্রিক' খ, প-র-সা। ৫। 'পিচ-কারি' ক, খ, প-র-সা।

তেওট মায়ুর।১

বৃন্দাবনে ধুম পড়ল রঙ্গ হোরি।
নওল কিশোর ফাগু-রঙ্গে রঙ্গিম২
রঙ্গিণি নওল কিশোরি ॥ধ্রু॥
রাধা সঙ্গে সবহুঁ সখিগণ মেলি
করে লেই ভরি পিচকারি।
সমুখহি শ্যাম- সুন্দর-মুখ হেরি হেরি
পুন পুন দেওত ডারি ॥
সুবল সখা সনে রোখি[৩] শ্যাম পুন
হেরি সুন্দর[৪] মুখ গোরি।
পিচকা[৫] রঙ্গ[৬] অঙ্গে ঘন বরিখত
মোছত[৭] আঁখি মুখ মোরি ॥
সহচর সহচরি মটুকি মটুকি[৮] ভরি
বিবিধ গন্ধ রঙ্গ ঘোরি[৯]।
হেরত যোগাই রাই শ্যাম খেলত
উদ্ধবদাস মন ভোরি ॥৪৮॥১৪৭২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০২৫ সংখ্যক পদ। ২। 'নওল' ইত্যাদি পংক্তি দুইটির স্থলে ক পুথির পাঠ, যথা—'ফাগু রঙ্গে রঙ্গিম রঙ্গিণী নওল কিশোরী' ক। ৩। 'রোখে' ক, চ। ৪। 'সুন্দরী' প-র-সা। ৫। 'পিচক' ক। ৬। 'রঙ্গে' চ। ৭। 'মুছত' ক। ৮। 'মটকি মটকি' খ; 'মুটকি মুটকি' ক, চ, প-র-সা। ৯। 'খোরি' খ, চ, প-র-সা।

তথা রাগ।১

দেখ শ্যাম গোরি সখি মেলি।
আবিরে অরুণ পিচকারি ঘন
হোয়ল তুমুল[২] খেলি ॥ধ্রু॥
সখা সুবল করিয়া সঙ্গ[৩]।
জয় জয় বলি দেই করতালি
হাসি হাসি রস-রঙ্গ[৪] ॥
সখী ললিতা বিশাখা সাথে।
হাসি খল খল জিতলুঁ জিতলুঁ
বলে পিচকারি হাতে ॥
রস-শেখর রসিকা নারি।
শ্রম-জল দুহুঁ বয়ন ভরল
এ উদ্ধব বলিহারি ॥৪৯॥১৪৭৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০২৬ সংখ্যক পদ। ২। 'তুমুন' চ। ৩। 'সঙ্গে' প-র-সা। ৪। 'রঙ্গে' প-র-সা।

শ্রীরাগ।১

শ্রম-জলে চর চর দুহুঁক কলেবর
ভীগল[২] অরুণিম বাস।
রতন-বেদী পর বৈঠল দুহুঁ জন
খরতর বহই নিশ্বাস ॥

আনন্দ কহই না যায়।
চামর করে কোই বীজন বীজই
কোই বারি লেই ধায় ॥ধ্রু॥
চরণ পাখালই তাম্বুল যোগায়ই
কোই মোছায়ই ঘাম।
ঐছন দুহুঁ তনু শিতল[২] কয়ল জনু
কুবলয় চম্পক-দাম॥
আর সহচরিগণে বহুবিধ সেবনে
শ্রম-জল কয়লহিঁ দূর।
আনন্দ-সায়রে দুহুঁ মুখ হেরই
গোবর্দ্ধন হিয়া পূর ॥১০॥১৪৭৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০২৭ সংখ্যক পদ।
২। 'ভিগল' ক, চ, প-র-সা। ৩। 'শীতল' ক।

তত্রানুরাগাভিসারোৎকণ্ঠা।

তথা রাগ।[১]

কি করব এ সখি মন্দির মাহ।
ইহ মধু-যামিনি সব ব্রজ-কামিনি
বৃন্দা-বিপিনহি যাহ ॥ধ্রু॥
হোরী[২]-রঙ্গ- তরঙ্গিত শ্যামর
বিহরই কালিন্দি-তীর।
সোঙরি সোঙরি মন করত উচাটন
যতনে না হোয়ত থীর[৩]॥
কি করব গুরুজন পরিজন দুরজন
ইহ সব বড়ই তেহার।
সহচরি রঙ্গহি পরম নিশঙ্কহি
কানু সঙ্গে করব বিহার॥
মৃগ-মদ চন্দন কুসুম[৪] হারগণ
যতনে ঝাঁপি লেহ হাত।
তাম্বুল কপুরযুত[৫] লেই চলহ দ্রুত
গোবর্দ্ধন চলু সাথ ॥৫১॥১৪৭৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০২৮ সংখ্যক পদ।
২। 'হোরি' ক, খ, চ; 'হেরি হেরি' প-র-সা।
৩। 'থির' ক, প-র-সা। ৪। 'কুঙ্কুম' ক।
৫। 'কপুরযূথ' প-র-সা।

কামোদ।[১]

ঋতু-পতি-যামিনি কালিন্দি-[২]তীর।
বিকসিত ফুলচয় কুঞ্জ-কুটীর॥
কোকিল-কুল[৩] পঞ্চম করু গান।
গুঞ্জরি চঞ্চরি করু মধু-পান॥
চান্দনি রজনি উজোরল ভায়[৪]।
সুমলয় পবন বহই মৃদু বায়॥
ঐছন সময়ে বিহরে মঝু নাহ।
কি করব অব হাম মন্দির মাহ॥
সো সুখ[৫] যব[৬] মঝু উপজয়ে চীত[৭]।
অতি উতকণ্ঠিত না মানয়ে ভীত॥
কতয়ে মনোরথ মন মাহা হোয়।
যৈছন রভসে মিলব পিয়া মোয়॥
তুরিতে চলহ সখি পূরব আশ।
সঙ্গেহি[৮] চলব[৯] গোবর্দ্ধন দাস ॥৫২॥১৪৭৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০২৯ সংখ্যক পদ।
২। 'কালিন্দী' চ, প-র-সা। ৩। 'গণ' প-র-সা।
৪। 'ভায়' প-র-সা। ৫। 'সুখ' ক, খ, চ, প-র-সা।
৬। 'সব' খ। ৭। 'চিত' ক, প-র-সা। ৮। 'সঙ্গে' ক, খ, ঘ, চ। ৯। 'চলু অব' খ; 'চলতহিঁ' প-র-সা।

কামোদ বসন্ত।১

পদ্মা সখি সহ আওল শুনলুঁ[২]
খেলব নাহক সাথ।
বংশীবট-তট মীলন[৩] ভেল বুঝি
ফাগু-যন্ত্র করি হাত॥
সজনি ইহ দারুণ পরমাদ।
ঐছন ভাতি রচন[৪] করি চল সখি
যাই করিয়ে সব বাদ॥ধ্রু॥
ভদ্রা শ্যামল- য়া সহ[৫] মীলব[৬]
যূথে যূথে এক হোই।
সভে মিলি ফাগু- তিমির করি বেঢ়ব
লখই না পারই কোই॥
ঐছনে কানু লেই সভে আওব
তুরিতহিঁ নিধুবন পাশ।
গোবর্দ্ধন কহ আনন্দে খেলহ[৭]
পদ্মা পাউ[৮] নৈরাশ॥৫৩॥১৪৭৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৩০ সংখ্যক পদ। ২। 'শুনলু' ক, চ; 'শুনল' প-র-সা। ৩। 'মিলন' ক, খ, প-র-সা। ৪। 'বচন' ক। ৫। 'সহঞই' প-র-সা। ৬। 'মিলব' ক, খ, প-র-সা। ৭। 'খেলই' ক। ৮। 'জাউ' চ, প র-সা।

টীকা

১—৪। "পদ্মা" ইত্যাদি। শ্রীরাধার সখী ললিতা বলিতেছেন,—শুনিতে পাইলাম, পদ্মা (তাঁহার) সখীর (চন্দ্রাবলীর) সহিত ফাগু-যন্ত্র অর্থাৎ পিচকারী হাতে লইয়া আসিয়াছে; (মনের বাঞ্ছা এই যে) নাথ শ্রীকৃষ্ণের সহিত (ফল্গু)-ক্রীড়া করিবে; বোধ হয়, (এত ক্ষণে) বংশীবটের নিকটস্থ (যমুনা)-পুলিনে (শ্রীকৃষ্ণের সহিত তাঁহাদিগের) মিলন হইল।

৫—৭। "সজনি" ইত্যাদি। হে সখি! ইহা বিষম বিপদ্! চল, ঐরূপ যোটনা করিয়া যাই, (যাহাতে) সকল পণ্ড করিতে পারি।

৮—১১। "ভদ্রা" ইত্যাদি। (আমরা স্ব স্ব যূথ সহ যাইয়া) ভদ্রা ও শ্যামলা (যূথেশ্বরীদ্বয়ের) সহিত সম্মিলিত হইব (এবং) যূথে যূথে (মিশিয়া) এক হইয়া, সকলে মিলিয়া ফাগুর অন্ধকার করিয়া (শ্রীকৃষ্ণকে) বেষ্টিত করিব—(যেন) কেহই (তাঁহাকে) লক্ষ্য করিতে না পারে।

১২—১৫। "ঐছনে" ইত্যাদি। ঐ প্রকারে শ্রীকৃষ্ণকে লইয়া সকলে নিধুবনের নিকট লইয়া আসিব; (শ্রীরাধার অন্যতম সখী-স্থানীয়) গোবর্দ্ধন দাস কহিতেছেন—তোমরা (প্রস্তাবিত প্রণালীতে) আনন্দে (ফল্গু)-ক্রীড়া কর,—(চন্দ্রাবলীর সখী) পদ্মা নৈরাশ্য প্রাপ্ত হউক।

শ্রীরাগ।১

মধুর শ্রীবৃন্দাবনে ঋতু-পতি বিহরণে
তরু লতা প্রফুল্লিত সব।
ফল ফুলে নম্র ডাল পুষ্পোদ্যান-শোভা[২] ভাল
কোকিল-ভ্রমর-শিখি-রব॥
হোরি-রঙ্গে উনমত নানা যন্ত্র[৩] চমৎকৃত
গায় বায় বিলসয়ে শ্যাম।
রাই নিজ গৃহে থাকি অনুরাগে ডগমগি
গমন[৪]-ইচ্ছুক সোই ঠাম॥
সখী সঙ্গে বিনোদিনী কান্তি জিনি সৌদামিনী
তাহে চিত্র অরুণ বসন।
যৈছে চলে পূর্ণচন্দ্র সঙ্গে লৈয়া তারাবৃন্দ
তৈছে ধনী যায় কুঞ্জবন॥
বহুবিধ যন্ত্র সঙ্গে কুঙ্কুম আবির রঙ্গে[৫]
নৃত্য গীতে সভার উল্লাস[৬]।
মিলল নাগর সঙ্গে আরম্ভিলা খেলা রঙ্গে
নিরখই গোবর্দ্ধন দাস॥৫৪॥১৪৭৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৩১ সংখ্যক পদ। ২। 'শোভে' প-র-সা। ৩। 'যন্ত্রে' ক, খ,

প-র-সা। ৪। 'যাইতে' ঘ। ৫। 'অঙ্গে' ক। ৬। 'নৃত্যগীতে' ইত্যাদি পংক্তিদ্বয় ক পুথি ও তদনুযায়ী বটতলার মুদ্রিত পুস্তকে পরিত্যক্ত হইয়াছে।

বিহগড়া।১

বিহরে শ্যাম নবিন২ কাম
নবিন৩ বৃন্দা-বিপিন ধাম
সঙ্গে নাবন নাগরিগণ
নব ঋতু-পতি-রাতিয়া।
নবিন৫ গান নবিন৬ তান
নবিন৭ নবিন ধরই মান
নোতুন গতি নৃত্যতি অতি
নবিন৯ নবিন১০ ভাতিয়া॥
ইষত সরস মধুর ভাষ
সরসে পরশে করু বিলাস
রসবতি ধনি রস-শিরোমণি
সরস রভসে মাতিয়া।
সরস কুসুম সরস সুষম
সরস কাননে ভেলি ভুষণ১১
রসে উনমত ঝঙ্কৃতি১২ কত
সরস ভ্রমর-পাঁতিয়া॥
মধুর কেলি মধুর মেলি
মধুর মধুর করয়ে খেলি
মধুর১৩ যুবতি১৪ মাঝে মধুর
শ্যামর১৫-গৌরি-কাঁতিয়া।
কিবা সে দুহুঁক১৬ বদন-ইন্দু
তাহে শ্রম-জল বিন্দু বিন্দু
আনন্দে মগন গোবর্দ্ধন১৭
হেরিয়া ভরল১৮ ছাতিয়া॥৫৫॥১৪৭৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৩২ সংখ্যক পদ। ২—১০। 'নবীন' ক। 'নবীন' পাঠে ছন্দোভঙ্গ ঘটে। ১১। 'ভূষণ' ক। ১২। 'ঝঙ্কত' চ, প-র-সা। ১৩। 'মধুরা' ঘ। ১৪। 'যুবতি' প-র-সা। ১৫। 'শ্যাম' ক। ১৬। 'দোহক' ঘ। ১৭। 'দাস গোবর্দ্ধন' ক, খ, চ, প-র-সা। ১৮। 'ভরব' ক, খ।

বসন্ত।১

যুথহি যুথ রমণিগণ মাঝ।
বিহরই২ নাগরি নাগর-রাজ॥
বরিখত চন্দন-কুঙ্কুম-পঙ্ক।
নাচত গাওত পরম৩ নিশঙ্ক॥
ঋতু-পতি রয়নি উজোরল চন্দ।
পরিমল ভরি বহ মারুত মন্দ॥
বাওত কত কত যন্ত্র রসাল।
কত কত ভাতি ধরই৪ করে৫ তাল॥
সারি শুক শিখি-কুল৬ কোকিল-রাব।
সৌরভে মধুকর মধুকরি ধাব॥
অপরুপ দুহুঁ জন অতনু-বিলাস।
গোবর্দ্ধন হেরি বাঢ়য়ে উলাস॥৫৬॥১৪৮০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৫৩ সংখ্যক পদ। ২। 'বিহরয়ে' খ, প-র-সা। ৩। 'পরক' ক। ৪। 'ধরয়ে' ক। ৫। 'কর' খ। ৬। 'শিখি' প-র-সা।

অথ বসন্ত-বিহার প্রকারান্তর।

তত্র শ্রীমদ্গৌরচন্দ্র।

বসন্ত।১

মধু-ঋতু বিহরই গৌর কিশোর।
গদাধর-মুখ হেরি আনন্দে নরহরি
পুরুব-প্রেমে ভেল ভোর॥

নবিন২ লতা নব পল্লব তরুকুল
নওল নবদ্বীপ ধাম।
ফুল্ল কুসুমচয় ঝঙ্কৃত মধুকর
সুখদ এ৩ ঋতু-পতি নাম॥
মুকুলিত চূত- গহন অতি সুললিত
কোকিল-কাকলি-রাব।
সুরধুনি-তীর৪ সমীর সুগন্ধিত
ঘরে ঘরে মঙ্গল গাব॥
মনমথ রাজ সাজ লেই ফীরয়ে৫
বন৬-ফুল ফল অতি শোভা।
সময় বসন্ত নদিয়া-পুর সুন্দর৭
উদ্ধবদাস-মন-লোভা॥৫৭॥১৪৮১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৩৪ সংখ্যক পদ। ২। 'নবীন' ক। ৩। 'সুখদয়ে' খ; 'সুখদয়' ক, ঘ, চ, প-র-সা। 'সুখদয়' বা 'সুখদয়ে' কোন পাঠেই ভাল অর্থ হয় না; 'সুখদ এ' শব্দ দুইটিই কোন লিপিকর কর্ত্তৃক 'সুখদ য়ে' লিখিত হওয়ায় এবং উভয় শব্দের মধ্যের ফাঁকটি কোন লিপিকর কর্ত্তৃক পরিত্যক্ত হওয়ায় এই পাঠ-বিভ্রাটের সৃষ্টি করিয়াছে, অনুমান হয়। ৪। 'তীরে' ক, খ, প-র-সা। ৫। 'লেই ফীরয়ে' স্থলে 'লেই ফিরয়ে' ক, চ; 'করয়ে বন' প-র-সা। ৬। 'নব' ক। ৭। 'পুর সুন্দর' স্থলে 'পুরন্দর' ক।

অভিসার।

ধানশী।১

সাজল রসবতি সহচরি সঙ্গ।
মনমথ-সমর মনহি মন রঙ্গ॥
কালিন্দি-কূলে নিকুঞ্জক মাঝ।
রঙ্গ-ভূমি অতি সুললিত সাজ॥
ঋতু-পতি চমু-পতি২ নব পরবেশ।
আওল বিপিনে রচন করি বেশ॥
মদন-কুঞ্জ মাহা শ্যাম রণ-বীর।
সাজলি তহিঁ ধনি সমরে সুধীর॥
ঐছনে হেরইতে কামুক পাশ।
কহইতে আওল বলরাম দাস॥৫৮॥১৪৮২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৩৫ সংখ্যক পদ।
২। 'মৃগপতি' (?) ঘ; 'চুম্পতি' প-র-সা।

দূত্যুক্তিঃ বৈপরীত্যরসোচিতা যথা।

গান্ধার।১

যাকর মাঝ হেরি মৃগ-রাজ২।
ভয়ে পৈঠল৩ গিরি-কন্দর মাঝ॥
শুনইতে চমকিত৪ সবহুঁ মতঙ্গ।
চরণহি সোঁপল নিজ গতি-ভঙ্গ॥
আনি দেই নিজ লোচন-ভঙ্গী।
বন পরবেশল সবহুঁ কুরঙ্গী॥
মঙ্গল-কলস পয়োধর জোর।
তঁহি নব পল্লব অধর উজোর॥
চৌদিশে৫ মধুকর মন্ত্র উচার।
ঋতু-পতি যোধে৬ ভেল৭ আগুসার॥
একলি চঢ়লি মনোরথ৮ মাহ।
দৃঢ় করি কঞ্চুক করল সন্নাহ৯॥
অব কি করব হরি করহ বিচারি১০।
তুয়া পর সুন্দরি সাজল ধারি১১॥ধ্রু॥
লোচন-বাণে করল শরজাল।
দশ দিশ সবহুঁ ভেল আন্ধিয়ার॥
যব করে পরশল কুসুমক চাপ১২।
তব ধরি মঝু হিয়া থরহরি কাঁপ॥

কুসুম-বিশিখ যব লেওব হাত।
পড়ব কুসুম-শর বজর-বিঘাত[১৩] ॥
বিধুমুখি নিধুবন[১৪]-সমরে সুধীর।
যতনে পঠায়ল[১৫] ঋতু-পতি বীর ॥
সোই[১৬] করব তহি বীরক দাপ[১৭]।
তাকর কোন সহব পরতাপ ॥
সো যব আওব রঙ্গক ঠাম।
কহ বলরাম কি হয়ে পরিণাম[১৮] ॥৫৯।১৪৮৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৩৬ ও প-র পুথির ১৬।১৫ সংখ্যক পদ। ২। 'মৃগকুলরাজ' ক, খ, প-র-সা। ৩। 'পৈঠলি' ক, প-র। ৪। 'সচকিত' ক; 'চমকত' প-র-সা; 'চমকই' প-র। ৫। 'চৌদিগে' ক। ৬। 'জোরে' খ। ৭। 'পহিল' প-র। ৮। 'চচল মনোরথ' স্থলে 'চচল বনে মনোমথ' প-র। ৯। 'করি' ইত্যাদি স্থলে 'কঞ্চুক তহি কয়লি' ইত্যাদি প-র। ১০। 'বিচার' প-র-সা। ১১। 'ধাড়ি' খ; 'ধার' প-র-সা। ১২। 'কুসুম' ক, খ। ১৩। 'নিঘাত' প-র। ১৪। 'নিধুবনে' ঘ, চ। ১৫। 'পাওল' ক, খ। ১৬। 'সো সব' ঘ। ১৭। 'সোই' ইত্যাদি পংক্তিদ্বয় প-র পুথিতে নাই। ১৮। 'কি হয়ে পরিণাম' স্থলে কহিও পরণাম' প-র-সা।

টীকা

১—২৬। (শ্রীরাধার দূতী শ্রীকৃষ্ণের নিকট যাইয়া শ্রীরাধার বিপরীত-সম্ভোগেচ্ছা ইঙ্গিতে ব্যক্ত করিতেছেন) "অব" ইত্যাদি। হে হরি! এখন কি করিবে,—বিচার করিয়া স্থির কর। সুন্দরী রাধা অবধারণ করিয়া তোমার উপর অর্থাৎ উদ্দেশ্যে (যুদ্ধ) সাজিয়াছেন।ধ্রু। (শ্রীরাধার পরাক্রম কিরূপ, তাহাই বলিতেছেন) 'যারুর' ইত্যাদি। যাঁহার মধ্যদেশ দেখিয়া মৃগ-রাজ ভয়ে গিরিকন্দর-মধ্যে প্রবেশ করিল; (যে শ্রীরাধার বার্ত্তা) শুনিবামাত্র মাতঙ্গ-সকল আপনাদিগের গতি-ভঙ্গী তাঁহার চরণে সমর্পণ করিল অর্থাৎ গতি-ভঙ্গী শ্রীরাধার চরণে অর্পণ করিয়া, তাঁহার শরণ লইল; আপনাদিগের নয়ন-ভঙ্গী আনিয়া দিয়া অর্থাৎ যাঁহার নয়নে সমর্পণ করিয়া হরিণী সকল (বৈরাগ্য হেতু) বনে প্রবেশ করিল; (যাঁহার) কুচ-যুগল (মদন-নৃপতির) মঙ্গল-কলস (এবং) তাহাতে উজ্জ্বল অর্থাৎ আরক্তিম অধর নব-পল্লব-স্বরূপ; মধুকরগণ (যাঁহার) চতুর্দ্দিগে (রণ-জয়ের) মন্ত্র উচ্চারণ করিতেছে (এবং) ঋতু-রাজ-রূপ যোদ্ধা (যাঁহার) আগে আগে অগ্রসর হইতেছে; (সেই শ্রীরাধা) দৃঢ় করিয়া কঞ্চুক (এক অর্থে—কাঁচুলি, অন্য অর্থে—বর্ম্ম) বন্ধন করিয়া (বীরদর্পে অন্যের সাহায্য-নিরপেক্ষ হইয়া) একাকিনী মন-রূপ রথে আরোহণ করিয়াছেন। (শ্রীরাধার যুদ্ধ-প্রণালী বর্ণন করিতেছেন) শ্রীরাধা নয়ন-বাণে (আকাশ) শর-জালপূর্ণ করিলেন—দশ দিক্ সমস্তই অন্ধকার হইল। (তিনি) যখন পুষ্প-ধনু করদ্বারা স্পর্শ করিলেন, তখন হইতে আমার হৃদয় থর থর করিয়া কাঁপিতেছে। (তিনি) যখন পুষ্প-শর হাতে লইবেন, (তখন) পুষ্প-শর বজ্র-নির্ঘাত স্বরূপ পতিত হইবে। বিধুমুখী (নিজেই) রতি-যুদ্ধে অবিচলিত,—(তাহাতে আবার সহায়স্বরূপ) ঋতু-রাজ বীরকে (অগ্রে) পাঠাইয়াছেন। সে সেখানে বীর-দর্প করিবে; কে তাহার প্রতাপ সহ্য করিবে? তিনি অর্থাৎ সেই শ্রীরাধা যখন (রতি-রণের) রঙ্গ-ভূমিতে আসিবেন—বলরাম কহিতেছেন, তখন কি পরিণাম হইবে?

অস্যোত্তরং যথা।

ধানশী।[১]

শুনইতে উলসিত সব অঙ্গ মোর।
ভেটব সমরে ধীর সখি তোর ॥
সঙ্গর[২]-রঙ্গ হৃদয়ে মঝু আছ[৩]।
আগে তুহুঁ সরবি সরব হাম পাছ[৪] ॥

এ সখি এ সখি[৫] তুহুঁ নাহি ডরবি।
হামারি বীরপণ দেখি কিয়ে মরবি ॥ধ্রু॥
সিংহ মতঙ্গ কুরঙ্গ নহ কোই।
ত্রিভুবন-শোভন-মোহন হোই ॥
ঋতুপতি-কোটি ছোটি করি জান।
মনমথ-কোটি-মথন হাম কান ॥
কি করব মধুকর[৬] মন্ত্র উচার।
শ্যাম-ভ্রমর যাহাঁ কমল[৭] বিহার ॥
অবলা কি করব রণ বল-খীণা।
সহচরিগণ রণ-যুগতি-বিহীনা ॥
কিয়ে ছিয়ে ফুল-ধনু কুসুমক বাণ।
হিয়ে মণি-কিরণহি[৮] করব মৈলান ॥
ভাঙ চাপ মঝু বিশিখ কটাখ।
বরিখনে জরজর করবহি তাক ॥
ভুজযুগ-বল্লি-পাশে করি বন্ধ[৯]।
গিরব গিরায়ব[১০] কত[১১] করি ছন্দ ॥
সো ধনি কয়ল যো[১২] কঞ্চুক সন্না[১৩]।
নখর-কৃপাণে হাম করব বিভিন্না[১৪] ॥
নিরদয় হৃদয়-কপাটক চাপে।
লাঞ্ছিব[১৫] কুচ-গিরি আপন প্রতাপে ॥
রণ-রথ[১৬] জঘন করব অবলম্ব।
যুঝব যুঝায়ব করি কত দম্ভ ॥
নবপল্লব জিনি অধর সুরাতে[১৭]।
করব বিখণ্ডন রদন[১৮]-বিঘাতে[১৯] ॥
তব যদি দৈবে করয়ে[২০] বিপরীতে।
ঐছন যুগতি করব হাম চীতে ॥
সরবস দেই লেয়ব[২১] তছু শরণে।
প্রাণ-পরাজিত সোঁপব চরণে ॥
তুহুঁ পদ সেবন হিয়ে[২২] অভিলাস[২৩]।
বলরাম-দাস হিয়ে এ বড়ি উলাস ॥

॥৬০।১৪৮৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৩৭ ও প-র পুথির ১৬।১৬ সংখ্যক পদ। 'ধানশী' স্থলে 'তুড়ী' প-র। ২। 'সমর' খ, চ, প-র-সা; 'সমরু' প-র। ৩। 'আছে' ক, খ। ৪। 'আগে' ইত্যাদি স্থলে 'আগে তুহুঁ শব রিশবর' (?) ক; 'আগে তুহু সব বিসরব হাম পাছে' খ, প-র; 'আগে তুহু সব বিসরব মঝু পাশ' ঘ; 'আগে তুহুঁ সরব সরব হাম পাছ' প-র-সা। 'ব'-কার ও 'র'-কারের গোলযোগ ও ছেদের অভাব হেতু এই পাঠ-বিভ্রাটের উৎপত্তি হইয়াছে। প-র-সা পুথির পাঠ না পাইলে প্রকৃত পাঠ নির্দ্ধারণ করা অসাধ্য হইত। ৫। 'এ সখি' স্থলে 'রজিণি' প-র। ৬। 'অলিকুল' প-র। ৭। 'কয়ল' প-র। ৮। 'কিরণকি' ক, খ। ৯। 'ভুজ' ইত্যাদি স্থলে 'ভুজ-যুগ পাশে করব হিয়া বন্ধ' প-র। ১০। 'গিরায়ত' খ। ১১। 'কতহু' ক, খ, ঘ। ১২। 'কয়ল যো' স্থলে 'করব যব' প-র। ১৩। 'কুঞ্চক' খ। ১৪। 'হাম' ইত্যাদি স্থলে 'করব হাম ভিন্না' প-র। ১৫। 'লাঘব' প-র। ১৬। 'মনমথ' প-র। ১৭। 'সুবাতে' খ, প-র। ১৮। 'বদন' খ। ১৯। 'রদন বিঘাতে' স্থলে 'দশনক ঘাতে' প-র। ২০। 'যদি দৈবে করয়ে' স্থলে 'যব দেব করব' প-র। ২১। 'লওব' প-র। ২২। 'হৃদয়' প-র-সা। ২৩। 'তুহুঁ' ইত্যাদি কলির স্থলে প-র পুথির পাঠ যথা,—

"জনমে জনমে পদ সেবন আশ।
গোবিন্দ দাস চিতে বড়ই উল্লাস ॥"

টীকা

১—২। "শুনইতে" ইত্যাদি। (শ্রীকৃষ্ণ, শ্রীরাধার সখীর উক্তির প্রত্যুত্তরে কহিতেছেন)— তোমার সখীর পরাক্রম শুনিবামাত্র আমার সকল অঙ্গ হর্ষোৎফুল্ল হইয়াছে; (আমি) সমরে ধীরা তোমার সখীর সঙ্গে সম্মিলিত হইব।

৩—৪। "সমর" ইত্যাদি। যুদ্ধ-কৌতূহল আমার হৃদয়েও আছে; তুমি আগে আগে (তোমার

সখীর অবস্থিতি-স্থলের পথ দেখাইয়া) যাইবে—আমি পাছে পাছে যাইব।

৫—৬। "এ সখি" ইত্যাদি। হে সখি! তুমি (আমার পরিণাম ভাবিয়া) ভয় পাইও না; আমার বীর-পণ (এই যে)—দেখিব কিংবা মরিব অর্থাৎ তোমার সখীর বীরত্ব একবার পরীক্ষা করিব; যদি মরি, তাহাতেও ক্ষতি নাই।

৭—৮। "সিংহ" ইত্যাদি। (পূর্ব্ব-পদে সখীর বর্ণিত শ্রীরাধা কর্ত্তৃক সিংহ, মাতঙ্গ প্রভৃতির পরাজয়ের উত্তরে বলিতেছেন)—আমি (তোমার বর্ণিত) সিংহ, মাতঙ্গ কিংবা কুরঙ্গ—(ইহাদিগের) কোনটি নহি, আমি ত্রিভুবনের শোভা ও মোহের জনক (শ্রীকৃষ্ণ)।

২৯—৩২। "তব" ইত্যাদি। তবে যদি অর্থাৎ পূর্ব্বোক্ত বীরত্ব করিলেও যদি দৈবে বিপরীত (এক অর্থে—পরাজয়; অন্য অর্থে—বিপরীত সম্ভোগ) ঘটে,—(তাহা হইলে) আমি মনে এই-রূপ যুক্তি করিব—সর্ব্বস্ব দিয়া তাঁহার শরণ লইব এবং আমার পরাজিত (এক অর্থে—বিক্রমদ্বারা পরাভূত; অন্য অর্থে—প্রেমদ্বারা বশীভূত) প্রাণ তাঁহার চরণে সমর্পণ করিব।

কামোদ।১

সাজল শ্যাম সুরত-রণ-পণ্ডিত
করে করি কুসুম-কামান।
সৌরভে ভ্রময়ে কতহুঁ কত মধুকর
জীতল২ মনমথ-বাণ॥
ধনি ধনি অপরূপ ছান্দে।
বেশ বিলাস স- রসময় মাধুরি
কামিনি-লোচন-ফাঁন্দে॥ধ্রু॥
চুয়া চন্দন অগোর বিলেপন
সংযোগ বিবিধ বিচিত্রে৩।
সমর-শমিত কেশ, বেশ করু বন্ধন
বরিহা চারু চরিত্রে৪॥
কঙ্কণ-কিঙ্কিণি ঘনঘন৫ রণরণি৬
রতি-রণ-বাজন বাজে।
জ্ঞানদাস কহ রসিক-শিরোমণি
সাজল রমণি-সমাজে॥৬১॥১৪৮৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৩৮ সংখ্যক পদ। ২। 'জিতল' ক, প-র-সা। ৩। 'বিচিত্র' প-র-সা। ৪। 'চরিত্র' প-র-সা। ৫। 'ঝন-ঝন' ক। ৬। 'ঝনঝনি' প-র-সা।

বিহগড়া।১

দুহুঁ দুহুঁ নয়নে নয়নে ভেল মেলি।
লখই না পারি২ কলহ৩ কিয়ে কেলি॥
গদগদ বচন কহই নাহি পারি।
যৈছন রোখে৪ অবশ রহু থারি॥
ভাঙ-ধনুয়া পর করই সন্ধান।
মরমহি হানল মনমথ-বাণ॥
ঋতুপতি সমতি সৈনপতি৫-রাজ।
আগহি ভেজল সমরক৬ সাজ॥
মুকুলিত চুত অশোক বকফুল৭।
ভৈ গেল সবহুঁ বিশিখ সমতুল৮॥
তাহে মলয়ানিল ভেল অনুকূল।
বাওই রণ-বাজন দ্বিজকুল৯॥
অপরূপ রঙ্গভূমি বন মাঝ১০।
পৈঠল দুহুঁ জন সমর-সমাজ॥
রতি-রণ-বীর১১-নয়ন-শরজালে।
ভাগল সহচরি দুরহি নেহালে১২॥
ভুজে ভুজে দুহুঁ জন বন্ধন-ছন্দ।
বলরাম দাস কহে লাগল ধন্দ১৩॥
॥৬২॥১৪৮৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৩৯ সংখ্যক পদ। ২। 'পারই' ক; 'পাবই' খ; 'পারে' ঘ। ৩। 'কয়ল' প-র-সা। ৪। 'রোষে' ক, খ, ঘ, চ। ৫। 'শৈলপতি' খ, ঘ; 'সেনপতি' ক; 'সৈল পরি' চ। ৬। 'ময়মক' ক, খ। ৭। 'বকফুল' ক, চ, প-র-সা। ৮। 'সমতুল' ক, চ, প-র-সা। ৯। 'বিজকুল' ক, চ, প-র-সা। ১০। 'রাজ' খ। ১১। 'বীরক' ক; 'বিরক' চ। ১২। 'নেহারে' ক, চ। ১৩। 'দ্বন্দ্ব' ক; 'দন্দ' চ।

টীকা

১—২। "দুহুঁ" ইত্যাদি। (পদকর্ত্তা যুদ্ধ-রূপে সম্ভোগ-লীলা বর্ণন করিতেছেন) উভয়ের নয়নে নয়নে সাক্ষাৎ হইল; (ইহা) বিবাদ, কি ক্রীড়া, লক্ষ্য করিতে পারি না।

৩—৪। "গদগদ" ইত্যাদি। প্রেমিক-যুগল গদ্‌গদ বাক্য বলিতে পারিতেছে না; যেন ক্রোধে অধীর হইয়া রহিয়াছে। (সাত্ত্বিক-ভাবের ন্যায় ক্রোধেও গদ্‌গদ বাক্য বহির্গত ও বাক্যস্তম্ভ হয়)।

৫—৬। "ভাঙ" ইত্যাদি। উভয়ে ভ্রূ-রূপ ধনুর উপর সন্ধান করিয়া (উভয়ের) মর্ম্মে মন্মথ-প্রদত্ত বাণ অর্থাৎ কটাক্ষ বিদ্ধ করিল।

৭—৮। "ঋতুপতি" ইত্যাদি। সৈন্ত-পতি-রাজ অর্থাৎ সেনাপতি-শিরোমণি কন্দর্প (নিজের অনুচর) ঋতুপতি বসন্তের সহিত যুদ্ধের সজ্জা আগেই পাঠাইল।

৯—১২। "মুকুলিত" ইত্যাদি। (যুদ্ধের সজ্জা কি কি, তাহাই বলিতেছেন) মুকুলিত চূত অর্থাৎ চূত-মুকুল, অশোক-পুষ্প, বকফুল—সমস্তই বাণের তুল্য হইল; তাহাতে মলয়-পবন অনুকূল অর্থাৎ যুদ্ধের শুভ-সূচক হইল; বিহঙ্গকুল (মধুর নিনাদ দ্বারা) রণ-বাদ্য বাজাইতে লাগিল।

১৫—১৬। "রতি-রণ" ইত্যাদি। রতি-রণ-বীর প্রেমিক-যুগলের নয়ন-শর-সমূহ দ্বারা (ভীত হইয়া) সহচরীগণ পলায়ন করিল, (কিন্তু অপূর্ব্ব যুদ্ধদর্শনের কৌতূহল হেতু) দূর হইতে দেখিতে লাগিল।

কেদার।১

রাধামাধব কুঞ্জহি২ পৈঠল
রতি-রণ-রঙ্গ রসালা৩।
রণ-বাজন ঘন কোকিল-কলরব
ঝঙ্করু মধুকর-মালা৪॥
সজনী হেরি দুহুঁ৫ দিঠি৬ ঝাঁপ।
মনমথ-সমরে কুসুম-শর কো কহ৭
সোঙরি সোঙরি জিউ কাঁপ॥ধ্রু॥
পহিলহি রাই নয়ন শরে৮ হানল
আকুল কুঞ্জক রাজ।
ভুজযুগ-বরুণ- পাশে ধরি৯ বান্ধল
নিকরুণ হৃদয়ক মাঝ॥
রোখলি রাই তাহিঁ১০ পুন হরি-উরে
কুচ-কাঞ্চন-গিরি হান।
সো গিরিধর বর১১ নখরে বিদারল
বিচলিত মানিনি-মান॥
শ্রম-ভরে দুহুঁ দুহুঁ অধর-মধু পিবই১২
দুহুঁ গুণ১৩ দুহুঁ পরশংস১৪।
দুহুঁ দুহুঁ১৫ গণ্ড- মুকুরে১৬ নিজ ছাহ হেরি১৭
ভরমহি দুহুঁ করু দংশ১৮॥
সিন্দুর-দহন- বাণ হেরি মাধব
মৃগমদ-জলদে নিবাউ১৯।
পিঞ্ছ-মুকুট ভয়ে২০ বেণি-ভুজঙ্গিনি
বিলুঠই২১ মহি গড়ি যাউ২২॥
মাতল মদন- রাজ-মদ-কুঞ্জর
অলক-অঙ্কুশ নাহিঁ মান।
তোড়ল নিবি-বন্ধ২৩ গীমক২৪ বন্ধন
নিজ পর দুহুঁ নাহিঁ২৫ জান॥

রতি-রণ তুমুল[২৬] পুলককুল-সঙ্কুল
ঘন ঘন মঞ্জির বোল।
নিজ মদে মদন পরাভব পাওল[২৭]
কুণ্ডল গণ্ডহি লোল॥
অনুখণ কঙ্কণ কিঙ্কিণি ঝঙ্কর
রতি-জয়-মঙ্গল-তূর।
মনমথ-কেতু মকর গড়ি[২৮] যাওত
গোবিন্দদাস কহ ফুর[২৯] ॥৬৩॥১৪৮৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৪০ ও প-র পুথির ২৫।৫ সংখ্যক পদ। ২। 'নিকুঞ্জে' প-র। ৩। 'রঙ্গ রসালা' স্থলে 'রঙ্গ রসাল' প-র-সা; 'রঙ্গকি শালা' প-র। ৪। 'মালা' প-র-সা। ৫। 'দোহ' প-র-সা। ৬। 'দিঠে' ঘ। ৭। 'কহ' ক। ৮। 'শর' ঘ। ৯। 'ধনি' ক, খ, প-র। ১০। 'তহি' ক, খ, ঘ, চ। ১১। 'খর' প-র। ১২। 'পীবই' খ, ঘ; 'পিবি পিবি' প-র। ১৩। 'পুন' প-র। ১৪। 'পরশংসে' প-র। ১৫। 'দুহুঁকর' প-র। ১৬। 'মুকুর' প-র। ১৭। 'নিজ ছাহ হেরি' স্থলে 'হেরি ভরমহি' ঘ, প-র; 'নিজ ছাই হেরি' প-র-সা। ১৮। 'ভরমহি' ইত্যাদি স্থলে 'নিজ ছাহ হেরি দুহু দংশে' ঘ, প-র। ১৯। 'নিকান্ত' প-র-সা; 'নিত্মাত' প-র। ২০। 'ভয়ে' প-র-সা। ২১। 'বিগলিত' প-র। ২২। 'জান্ত' প-র-সা; 'যাত' প-র। ২৩। 'নিগড়' প-র। ২৪। 'শীৎকর' ক, খ, চ; 'শীস' প-র। ২৫। 'দুহুঁ নাহি' স্থলে 'কিছুই না' প-র। ২৬। 'রণ তুমুল' স্থলে 'রণে তুবল' প-র। ২৭। 'মানল' প-র। ২৮। 'গতি' খ। ২৯। 'ফুর' ক, চ, প-র-সা, প-র।

টীকা

১—৪। "রাধামাধব" ইত্যাদি। (দূর হইতে শ্রীরাধাকৃষ্ণের রতি-রণ-লীলা-দর্শন-নিরতা কোনও সখী অন্য সখীকে বলিতেছেন) শ্রীরাধাকৃষ্ণ রতি-রণের রঙ্গ-ভূমিস্বরূপ রসাল অর্থাৎ মনোহর নিকুঞ্জে প্রবেশ করিল; কোকিলের ঘন ঘন কল-ধ্বনি রণ-বাদ্য (হইল); মধুকর-শ্রেণী (বংশীর ন্যায়) ঝঙ্কার দিতেছে।

৫—৭। "সজনী" ইত্যাদি। হে সখি! (শ্রীরাধা-কৃষ্ণের রতি-যুদ্ধ) দেখিয়া দেখিয়া (আমার) দুই চক্ষু (ভয়ে আপনা-আপনি) মুদ্রিত হইতেছে! কে বলে কন্দর্প-যুদ্ধে (সুকোমল) পুষ্পময় বাণ? (সেই ভীষণ যুদ্ধ) স্মরণ করিয়া করিয়া আমার প্রাণ কাঁপিতেছে।

৮—১১। "পহিলহি" ইত্যাদি। (সখী যুদ্ধ-প্রণালী বর্ণন করিয়া কহিতেছেন) প্রথমেই শ্রীরাধা (শ্রীকৃষ্ণকে) নয়ন-শর দ্বারা বিদ্ধ করিল; (তাহাতে) কুঞ্জ-বিহারী শ্রীকৃষ্ণ অস্থির হইয়া (নিজের) ভুজ-যুগলরূপ বরুণের পাশ-অস্ত্র দ্বারা (শ্রীরাধাকে) ধরিয়া (নিজের) কঠিন বক্ষের মধ্যে বান্ধিয়া রাখিল।

৩২—৩৫। "অনুখণ" ইত্যাদি। (যদি পূর্বোক্ত অবস্থা দ্বারাও কাহার জয়, কাহার পরাজয় ঘটিল, তাহাতে কোন সন্দেহ থাকে, সেই জন্য) সখী-স্থানীয় গোবিন্দদাস স্পষ্ট করিয়া বলিতেছেন যে, (রতি-রূপিণী শ্রীরাধার) কঙ্কণ ও কিঙ্কিণী (তাঁহার) যুদ্ধ-জয়সূচক মাঙ্গলিক তূরী-বাদ্যের ন্যায় অবিরত ঝঙ্কার দিতেছে; (কন্দর্প-রূপী শ্রীকৃষ্ণের পরাজয় সূচিত করিয়া) মকর-বাহন মন্মথের ধ্বজা-স্বরূপ (শ্রীকৃষ্ণের কর্ণ-স্থিত মকর-কুণ্ডলের) মকর (ভূতলে) গড়াগড়ি যাইতেছে।

তথা রাগ।

রাধা মাধব কুঞ্জ-গৃহে।
হেরইতে রূপ মদন-মন মোহে॥
দুহুঁ জন বৈঠি কহয়ে রস-ভাষ।
শ্রম-জলে দুহুঁক ভিগল দুয় বাস[১]॥
॥৬৪॥১৪৮৮॥

পাঠান্তর

১। 'ষয়বাস' ক, খ, চ। এই পদের বাকি অংশ কোন পুথিতেই পাওয়া যায় নাই।

টীকা

১—২। "তরু তরু" ইত্যাদি। বনে তরু তরু অর্থাৎ প্রতি-তরুতেই নবীন পল্লব লগ্ন অর্থাৎ উদ্গত এবং কত বৃক্ষ পুষ্পভরে অবনত হইয়াছে।

৭—৮। "বিকসিত" ইত্যাদি। (বসন্তের সহিত ষড়্ঋতুর একত্র আবির্ভাব-সূচক) ভ্রমর-যুক্ত নীলোৎপল, পদ্ম, কদম্ব, মাধবী ও মালতী বিকসিত হইল।

অথ পুনশ্চ দিনান্তরে যথা।

বসন্ত ।১

তরু তরু নব কিশলয় বন লাগি।
কুসুম-ভরে কত অবনত শাখি ॥
তহিঁ শুক শারিণি কোকিল বোল।
কুঞ্জ নিকুঞ্জ ভ্রমর করু রোল ॥
অপরূপ শ্রীবৃন্দাবন মাঝ।
ষড় ঋতু সঙ্গে বসন্ত ঋতু-রাজ ॥
বিকসিত কুবলয় কমল কদম্ব।
মাধবি মালতি মিলিত রুলম্ব২ ॥
কাহাঁ কাহাঁ সারস-হংস-নিসান।
কাহাঁ কাহাঁ দাতুরি উনমত গান ॥
কাহাঁ কাহাঁ চাতক পিউ পিউ ফুর।
কাহাঁ কাহাঁ উনমত নাচয়ে মউর ॥
গোবিন্দদাস কহ অপরূপ ভাতি।
চৌদিকে বেঢ়ল কুসুমক পাঁতি ।৬৫॥১৪৮৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৪১ সংখ্যক পদ। ২। 'মিলিত রুলম্ব' চ স্থলে 'মিলি তরু লম্ব' ক, ম; 'তরু লতা লম্ব' খ। চ পুথির পাঠ ব্যতীত অন্যান্য পাঠে কোন অর্থ হয় না; অসতর্ক লিপিকর কর্তৃক অযথা পদচ্ছেদ হওয়ায় 'মিলিত রুলম্ব' পাঠই 'মিলি তরু লম্ব' এই অদ্ভুত পাঠে পরিণত হইয়াছে। 'রোলম্ব' শব্দের 'রো' অক্ষরটি লঘু-বর্ণ-রূপে এ স্থলে ব্যবহৃত হওয়ায়, সকল পুথিতেই 'রো' স্থলে 'রু' লিখিত হইয়াছে; সুতরাং প্রকৃত সংস্কৃত শব্দটি 'রোলম্ব' হইলেও অপভ্রংশ 'রুলম্ব' শব্দই মূলে সমীচীন বলিয়া গৃহীত হইল।

পঠমঞ্জরী ।১

কুসুম-ভরে নব পল্লব দোল।
মধু পিবি মধুকরি মধুকর রোল২ ॥
তাহে নব কোকিল পঞ্চম গায়।
দুহুঁ জন আরতি চন্দন-বায় ॥
পুনমিক রাতি মোহন ঋতু-রাজ।
বৈদগধি বিদগধ মিলল সমাজ ॥
নাহ নীলমণি বরণ সুঠাম।
রাই মুকুর কাঞ্চন দশবান ॥
দোঁহে দোঁহা হেরইতে দুহুঁ৩ ভেল ভোরি।
রাই ভেল শ্যাম শ্যাম৪ ভেল গোরি ॥
আলিঙ্গন করইতে উপজল হাস।
ও রূপ বলিহারি বলরাম দাস ॥৬৬॥১৪৯০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৪২ সংখ্যক পদ। ২। 'বোল' ক, চ, প-র-সা। ৩। 'দোহ' ম; 'দোহে' প-র-সা। ৪। 'শ্যামল' খ।

টীকা

৪। "দুহুঁ জন" ইত্যাদি। চন্দন-বায়ুতে অর্থাৎ চন্দনবৃক্ষোপলক্ষিত মলয়াচলের বায়ুদ্বারা শ্রীরাধা-কৃষ্ণের আরতি অর্থাৎ মঙ্গল আরতির পবন-ব্যজন (হইতেছে)।

৭—১০। "নাহ" ইত্যাদি। নাথ শ্রীকৃষ্ণ নীলকান্ত মণির বর্ণের ন্যায় সুন্দর ও শ্রীরাধা নির্মল

দশবান স্বর্ণের দর্পণ-স্বরূপ ; উভয়ে উভয়কে দেখিবা-মাত্র উভয়েই ভ্রান্ত হইল ; (কেন না, শ্রীরাধার পীত অঙ্গে শ্রীকৃষ্ণের নীল অঙ্গ-কান্তি প্রতিবিম্বিত হইয়া নীল ও পীত বর্ণের মিশ্রণে) শ্রীরাধা (নব-দূর্ব্বাদলের ন্যায়) শ্যাম ও (শ্রীকৃষ্ণের দেহকান্তি শ্রীরাধার স্বর্ণ-কান্তির প্রাচুর্য্যে আচ্ছাদিত হওয়ায়) শ্যাম অর্থাৎ শ্রীকৃষ্ণ গৌরাঙ্গী শ্রীরাধা-স্বরূপ হইলেন।

তথা রাগ।

অপরূপ নব মধুমাস।
চৌদিশে কুসুম বিকাশ॥
নিধুবনে মধুকর রোল।
পিককুল পঞ্চম বোল॥
নাহ রসিকবর রায়।
রসবতি মীললি[২] তায়॥
উপজল রস-পরসঙ্গ।
মোহন দেখত রঙ্গ॥৬৭॥১৪৯১॥

দিনান্তরে।

বসন্ত।

মলয়জ পবন- পরশে পিক কুহরই
শুনি উলসিত ব্রজ-নারী।
উলসিত পুলকিত সবহুঁ লতা তরু
মদন ভেল অধিকারী॥
মুকুলিত চূত দূত ভেল ষটপদ
শবদহিঁ দেল[১] বাধাই।
সখী বসন্ত পুজায়ল[২] ঘরে ঘরে[৩]
জগ-জনে আনন্দ বাঢ়াই॥
চাতক পাত্র[৪] কপোত শিখশুক
দুহুঁ জন লিখন বুঝাই।
দ্বিজবর সন্ত বিহঙ্গ শূক-মুখে[৫]
পঞ্চম বেদ পঢ়াই[৬]॥
কুঞ্জ লতা পর সাজল ঋতু-পতি
বহুবিধ চিত্র[৭] বিধানে।
কুসুম বিকাশল রাস-স্থল ঝলমল
কানু শুনল নিজ কাণে॥
মাধবি মধুমতি বিমল চন্দ্র-মুখি
সভাকারে কহবি বুঝাই।
রস-পরধান নারি যাহাঁ বৈঠয়ে[৮]
সুন্দরি রসবতি রাই॥
ইহ মৃদু[৯] বচন শুনিয়া রসদায়িনি
দূতী চললি উলাসে।
গুরুয়া গমনে ত[১০] চলিতে না দেখে পথ
সবহুঁ কহল ধনি পাশে॥
শুনহ বচন মোর কানু পাঠাওল
মোহে কহলি নিজ কাজে।
শ্যাম সুঘড় নাগর রস-শেখর
রাস করব বন মাঝে॥
দূতিক বোলে দোলে ঘন অন্তর
আনন্দে ঝরে দুই আঁখি।
রাধা সুমুখি সফল তনু মানই
পুন পুন কহ চল দেখি॥
যতনহুঁ আননে আন না[১২] বোলয়ে
স্বপনে নাহি আন ভান।
রাতি দিবস ধনি আন না ভাবই
নয়নে না হেরই আন॥
কুঙ্কুম কস্তুরি চন্দন কেশর ভরি
কুচযুগ শোভিত হারে।
বেশ বনাওল যো যাহাঁ সাজল
ঐছন[১৩] চলল বিহারে॥
রঙ্গিণি সঙ্গে চললি ধনি সুন্দরি
সজ্জিত সঙ্করু লাই।
নব অনুরাগে জাগি রূপ[১৪] অন্তরে
সভে মেলি শ্যামর পাই॥

সব নব নাগরি বর-রসে আগরি
রস-ভরে চলই না পারি।
গুরুয়া নিতম্ব ভরে অঙ্গ করে টলমল
হেরইতে কত মনহারী॥
দুহুঁক দুলহ দুহুঁ দরশনে পহিলহি
আধ নয়ন-অরবিন্দ।
দুহুঁ তনু পুলকিত ইষদবলোকিত
বাঢ়ল কতই[১৫] আনন্দ॥
পহিলহি হাস সম্ভাষ মধুর দিঠে
পরশিতে প্রেম-তরঙ্গ।
কেলি-কলা কত দুহুঁ রসে উনমত
ভাবে ভরল দুহুঁ অঙ্গ॥
নয়নে নয়ান ঢুলাঢুলি উরে উরে[১৬]
অধরে অমিয়া-রস নেল।
রাস-বিলাস শ্বাস বহ ঘন ঘন
ঘামে তিলক বহি গেল॥
বিগলিত কেশ- কুসুম শিখি-চন্দ্রক[১৭]
বেশ ভূষণ ভেল আন।
দুহুঁক মনোরথ পরিপূরিত ভেল
দুহুঁ ভেল অভেদ পরাণ॥
ধনি বৃন্দাবন ধনি রঙ্গিণিগণ
ধনি রাস-রসময় কান।
ধনি ধনি সরস কলারস ঋতু-পতি
জ্ঞানদাস গুণগান॥৬৮॥১৪৯২॥

পাঠান্তর

১। 'দেয়ল' ক। ২। 'পুজায়ল' ক। ৩। 'ঘর ঘর' ক; 'ঘরে ঘর' চ। ৪। হস্ত-লিখিত পুথির 'পাত্র' শব্দটি 'পাত্র' কিংবা 'পাএ' দুই রকমই পড়া যাইতে পারে। কোন কোন মুদ্রিত সংস্করণে 'পায়ে' পাঠ আছে; 'পাত্র' শব্দকে কোন কোন লিপিকর 'পাএ' কল্পনা করায়, উহাই পরে 'পায়ে' পাঠে পরিণত হইয়াছে। যাহা হউক, 'পাএ' কিংবা 'পায়ে' পাঠে এ স্থলে কোন অর্থ হয় না। পূর্ব্ব দুইটি কলিতে 'মদন' বসন্তের অধিকারী অর্থাৎ কার্য্যাধ্যক্ষ ও 'ষট্পদ' (বহু-পদত্ব হেতু শীঘ্রগামী) দূত হইল—এরূপ বর্ণিত হইয়াছে; পরেও 'দ্বিজবর সব বিহঙ্গ শুক-মুখে পঞ্চম বেদ পঢ়াই' বাক্যে শুক-প্রমুখ বিহঙ্গদিগকে 'দ্বিজবর' কল্পনা করা হইয়াছে; সুতরাং 'চাতক পাত্র' ইত্যাদি মধ্যবর্ত্তী চরণদ্বয়ে—'চাতক, কপোত ও ময়ুর বসন্তের পাত্র অর্থাৎ কার্য্যা-কারক হইয়া প্রেমিক-যুগলকে (মদনের আদেশ-সূচক) লিপি বুঝাইয়া দিতেছে' এইরূপ অর্থই সমী-চীন বোধ হয়। ৫। 'মুখ' খ, চ। ৬। 'পড়াই' ক, চ। ৭। 'বিচিত্র' ক, খ, চ। ৮। 'বৈসয়ে' খ। ৯। 'মধু' ক, খ। ১০। 'গমন মত' খ; 'গমনত' চ। ১১। 'আন' খ। ১২। 'নাহি' ক। ১৩। 'ঐছনে' খ, চ। ১৪। 'রূপ' ক। ১৫। 'কতয়ে' খ, চ। ১৬। 'উর' ক, খ। ১৭। 'চন্দ্রিক' খ।

টীকা

৪১—৪৪। "রঙ্গিণি" ইত্যাদি। সুন্দরী নায়িকা (শ্রীরাধা) রঙ্গিণী সখীদিগের সঙ্গে চলি-লেন এবং (তাঁহাদিগকে) লইয়া সঙ্গীতের সঞ্চার করিলেন; (শ্রীকৃষ্ণের প্রতি) নব অনুরাগ হেতু (শ্রীকৃষ্ণের) রূপ (তাঁহাদিগের) হৃদয়ে জাগিল; (অতএব) সকলে মিলিয়া শ্যামসুন্দরের (গুণ) গান করিতে লাগিলেন।

ভূপালী।১

বিদগধ নাগরি নাগর রসিয়া।
মধুকর মধু পিয়ে কমলিনি পশিয়া॥
বাঢ়ল রস-সিন্ধু দুহেঁ এক হিয়া।
কালা মেঘে ঝাঁপল কুমুদ-বন্ধুয়া॥
রাই কানু নিধুবনে মধুর বিলাস।
দুহুঁ দুহুঁ মুখ হেরি বাঢ়য়ে উলাস॥

পুনিম[2]-চান্দ-মুখে স্বেদ বিন্দু বিন্দু।
অনঙ্গ লাবণ্য-ফুলে পূজল ইন্দু ॥
বিগলিত কেশ বেশ বিগলিত বাস।
রতি-রস-শ্রমে[3] বহে দীঘ নিশাস ॥
আলসে মুদিত আঁখি বয়ানে বয়ান।
জ্ঞান কহে চান্দে কিয়ে চান্দের[4] মিলান ॥

॥৬৯॥১৪৯৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৪৩ সংখ্যক পদ।
২। 'পূনিম' ক, প-র-সা; 'পুনমিক' খ।
৩। 'ছরমে' ক, খ, ঘ, চ; 'ছরমে' পাঠে ছন্দোভঙ্গ হয়, সুতরাং প-র-সা পুথির 'শ্রমে' পাঠই সমীচীন।
৪। 'চান্দ' ক, খ।

অথ বাসন্তী রাসলীলা।

তদুচিত-শ্রীগৌরচন্দ্র।

ধানশী বা বসন্ত।[1]

নবদ্বীপে উদয় করিলা দ্বিজ-রাজ।
কলি-তিমির ঘোর গোরাচাঁদে[2] উজোর
পারিষদ-তারাগণ মাঝ ॥ধ্রু॥
কীর্ত্তনে ঢর ঢর অঙ্গ ধূলি-ধূসর
হালত[3] ভাব-তরঙ্গে।
করে করতাল ধরি বোলত হরি হরি
ক্ষেণে ক্ষেণে রহই ত্রিভঙ্গে ॥
বামে প্রিয় গদাধর কান্ধের উপরে তার
সুবলিত বাহু আজানে[4]।
সোঙরি বৃন্দাবন আকুল অনুখণ
ধারা বহে অরুণ-নয়ানে ॥
আঁখিযুগ ঝর ঝর যেন নব জলধর
দশন বিজুরী জিনি[5] ছটা।
বাসুদেব ঘোষ গীতে কলি-জীব উদ্ধারিতে
বরিখল[6] হরি-নাম-ঘটা ॥৭০॥১৪৯৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১০৪৪ সংখ্যক পদ।
২। 'গোরাচাঁদের' ক, খ, চ, প-র-সা। ৩। 'হেলত' খ। ৪। 'আজানো' খ; 'অজানে' প-র-সা।
৫। 'যেন' প-র-সা। ৬। 'বরিখত' ঘ।

সুহই।[1]

মধু-ঋতু-যামিনি সুরধুনি-তীর।
উজোর সুধাকর মলয়-সমীর ॥
সহচর সঙ্গে গৌর নট-রাজ।
বিহরয়ে নিরুপম কাঞ্চন মাঝ ॥
খোল করতাল-ধ্বনি নটন-হিল্লোল।
ভুজ তুলি ঘন ঘন হরি হরি বোল ॥
নরহরি গদাধর বিহরই সঙ্গ।
নাচত গাওত কতহুঁ বিভঙ্গ ॥
কোকিল মধুকর পঞ্চম ভাষ।
নয়নানন্দ-পহু করয়ে বিলাস ॥৭১॥১৪৯৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৪৫ সংখ্যক পদ।

অভিসারিকা।

ভূপালী।[1]

চান্দ-বদনি ধনি করু[2] অভিসার।
নব নব রঙ্গিণি রসের পসার ॥
মধু-ঋতু রজনি উজোরল চন্দ[3]।
সুমলয়-পবন বহয়ে মৃদু মন্দ ॥
কর্পূর চন্দন অঙ্গে বিরাজ।
অবিরত কঙ্কণ কিঙ্কিণি বাজ ॥
নূপুর চরণে বাজয়ে রুণুঝুনু।
মদন বিজই[4] বাম[5] হাতে ফুল-ধনু ॥

বৃন্দা-বিপিনে ভেটল[৬] শ্যাম রায়।
কোকিল মধুকর[৭] পঞ্চম গায়॥
ধনি-মুখ হেরি মুগধ ভেল কান।
বৈঠল তরুতলে দুহুঁ[৮] এক ঠাম[৯]॥
পূরল দুহুঁক মরম[১০]-অভিলাষ।
আনন্দে হেরত বলরামদাস[১১]॥৭২॥১৪৯৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৪৬ ও প-র পুথির ১৫।১৫ সংখ্যক পদ। ২। 'ধনি কর' স্থলে 'ধনি হরি' প-র-সা, 'চললি' প-র। ৩। 'মধু-ঋতু' ইত্যাদি কলিটি প-র পুথিতে নাই। ৪। 'বিজয়ি' ক, প-র-সা। ৫। 'বাণ' ক, খ, ঘ, চ, প-র। ৬। 'ভেটিল' ক। ৭। 'কোকিল মধুকর' স্থলে 'নব নব কোকিল' প-র। ৮। 'যতনে' খ। ৯। 'বৈঠল' ইত্যাদি স্থলে 'করে ধরি কুঞ্জহি করল পয়ান' প-র। ১০। 'দুহুঁক মরম-' স্থলে 'দুহুঁ হৃদয়-' প-র। ১১। 'আনন্দে' ইত্যাদি স্থলে 'দূরহি দূরে রহু গোবিন্দদাস' প-র।

কামোদ।১

সরস বসন্ত সময় বন শোহন
মোহন মোহিনি সঙ্গ।
অপরূপ[২] রাস- বিলাসহি[৩] নিমগন
দুহুঁ দুহুঁ অঙ্গহি অঙ্গ॥
দেখ সখি রাস-বিলাস।
কত কত যন্ত্র তন্ত্র সঞ্চারত
কতহুঁ রাগ পরকাশ॥ধ্রু॥
যুথহি যুথ মেলি[৪] সব কামিনি
যামিনি বিলসই ভাল[৫]।
নাচত রঙ্গিণি প্রেম-তরঙ্গিণি
গাওত মদন গোপাল॥
বাওয়ে উপাঙ্গ ডম্ফ সর-মণ্ডল
কঙ্কণ-কিঙ্কিণি-রোল।
বহুবিধ তাল মান ধরু করতলে
অনন্ত[৬] আনন্দ হিলোল॥৭৩॥১৪৯৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৪৭ সংখ্যক পদ। ২। 'অপরূপ' ক। ৩। 'বিলাসই' ক, খ, চ; 'বিলসই' প-র-সা। ৪। 'মিলি' ক, চ, প-র-সা। ৫। 'যামিনি' ইত্যাদি স্থলে 'বিলসই ভালহিঁ ভাল' খ। ৬। 'অনন্ত দাস' খ, চ, প-র-সা।

কেদার।১

ফুটল কুসুম অলিক মেলি।
কুহরে কোকিল বরিহ[২] কেলি॥
কপোত নাচত[৩] আপন রঙ্গে[৪]।
রাই নাচত শ্যাম সঙ্গে[৫]॥
দেখ রি সখি কুঞ্জ মাঝ।
শ্যাম নায়র নায়রি[৬] সাজ॥
বিবিধ যন্ত্র একই তান[৭]।
গাওত বাওত অখণ্ড[৮] মান[৯]॥
তাতা থ্রিমিকি থ্রিমি মৃদঙ্গ।
সরশ পরশ অঙ্গ[১০] অঙ্গ॥
সহজে শ্যাম[১১] ললিত-অঙ্গ।
তাহে কতহুঁ[১২] নটন[১৩]-ভঙ্গ॥
নয়নে নয়নে[১৪] মধুর দীঠ[১৫]।
অমিয়া-অধিক বোলয়ে মীঠ[১৬]॥
হিয়ে হির-হার আলস লোল।
চরণে মঞ্জির ঘুঙ্গুর বোল॥
অধরে মধুর মৃদুল হাস।
জ্ঞানদাস-চিত-বিলাস[১৭]॥৭৪॥১৪৯৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৪৮ ও প-র পুথির ৬৮।১৩ সংখ্যক পদ। 'কেদার' স্থলে 'কানড়' প-র। ২। 'বরিহা' ক, খ, ঘ, চ। । 'চাতক' প-র। ৪। 'রঙ্গ' প-র। ৫। 'সঙ্গ' প-.. ৬। 'নাগর নাগরি' প-র। ৭। 'তাল' প-র-সা। ৮। 'খণ্ড' ঘ। ৯। 'মাল' প-র-সা। ১০। 'অঙ্গহি' প-র। ১১। 'শ্রামর' প-র। ১২। 'কতেক' প-র-সা। ১৩। 'নয়ন' ক। ১৪। 'নয়ন নয়ন' প-র। ১৫। 'দিঠ' ক, প-র-সা। ১৬। 'মিঠ' ক, প-র-সা। ১৭। 'উলাস' খ।

ভাটিয়ারি।১

বৃন্দা-বিপিনে বিহরই মাধবি মাধব সঙ্গিয়া।
দুহুঁ-গুণ দুহুঁ জন২ গাওত সুললিত
চলত নর্ত্তন৩-গতি-ভাতিয়া ॥ধ্রু॥
শ্রবণ-যুগলে কুণ্ডল শোহই
নব৪ কিশলয় তোড়িয়া।
দুহুঁ কান্ধে দুহুঁ ভুজ শোহই৫
চুম্বই মুখ-শশি মোড়িয়া৬ ॥
মত্ত কোকিল মুরলি তাহে বায়ে৭
নাচত শিখিগণ মাতিয়া।
ভেজি মকরন্দ ধাই বেঢ়ল
মুখর মধুকর-পাঁতিয়া ॥
সকল সখিগণ কুসুম বরিষণ
আনন্দে ও রসে ভাসিয়া৮।
দাস গোবিন্দ কবহিঁ হেরব
ও রস-সায়রে গাহিয়া৯ ॥৭৫॥১৪৯৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৪৯ ও প-র পুথির ৬৮।৭ সংখ্যক পদ। 'ভাটিয়ারি' স্থলে 'বেলোয়ার' প-র। ২। 'দুহুঁ' ইত্যাদি স্থলে 'দুহুঁক গুণ দুহুঁ' প-র। ৩। ''নর্ত্তক' প-র। ৪। 'নবিন' প-র। ৫। 'শোহই অপরূপ' প-র। ৬। 'মোরিয়া' ঘ, চ, প-র-সা। ৭। 'বাওত' ক, খ, ঘ, চ, প-র-সা। ৮। 'ও রসে ভাসিয়া' স্থলে 'রসে সব মাতিয়া' প-র। ৯। 'অবগাইয়া' ঘ।

বিহগড়া।১

মধু-ঋতু মধুকর-পাঁতি।
মধুর-কুসুম-মধু-মাতি ॥
মধুর বৃন্দাবন মাঝ।
মধুর মধুর রস-রাজ ॥
মধুর যুবতিগণ সঙ্গ২।
মধুর মধুর রস-রঙ্গ৩ ॥
মধুর যন্ত্র রসাল।
মধুর মধুর করতাল ॥
মধুর নটন গতি-ভঙ্গ।
মধুর নটিনি৪ নট-রঙ্গ ॥
মধুর মধুর রস-গান।
মধুর বিদ্যাপতি ভাণ ॥৭৬॥১৫০০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৫০ সংখ্যক পদ। ২। 'গণ সঙ্গ' স্থলে 'রস রঙ্গ' ঘ। ৩। 'রস-রঙ্গ' স্থলে 'গণ রঙ্গ' ঘ। ৪। 'নটনি' ক, খ, প-র-সা।

কল্যাণ।১

ঋতু-পতি-রাতি রসিকবর-রাজ২।
রসময় রাস-রভস রস মাঝ ॥
রসবতি রমণি-রতন ধনি রাই।
রাস-রসিক সহ রস অবগাই ॥
রঙ্গিণিগণ রস৩-রঙ্গহি নটই।
রণরণি৪ কঙ্কণ কিঙ্কিণি রটই৫ ॥

রহি রহি রাগ রচয়ে রসবন্ত।
রতি-রত[৬] -রাগিণি-রমণ বসন্ত ॥
রটতি রবাব মহতি[৭] কপিলাস[৮]।
রাধারমণ করু মুরলি-বিলাস ॥
রসময় বিদ্যাপতি কবি ভাণ।
রূপনারায়ণ ভূপতি জান ॥৭৭॥১৫০১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৫১ সংখ্যক পদ। ২। 'বর-রাজ' স্থলে 'রস-রাজ' খ। ৩। 'সব' ক, খ, চ, প-র-সা। ৪। 'রুণু রুণু' প-র-সা। ৫। 'রচই' ক। ৬। 'রসবতী' প-র-সা। ৭। 'মহন্তি', খ, প-র-সা; 'সহতি' চ। ৮। 'কপিনাস' ক, খ; 'কোপিলাষ' প-র-সা।

বেলোয়ার।১

বাজত দ্রিগি দ্রিগি[২] ধোদ্রিমি দ্রিমিয়া।
নটতি কলাবতি শ্যাম সঙ্গে মাতি
করে করু তাল প্রবন্ধক ধনিয়া[৩] ॥
ডগমগ ডম্ফ দ্রিমিকি দ্রিমি মাদল
রুণু ঝুনু[৪] মঞ্জির বোল।
কিঙ্কিণি রণরণি বলয়া কনয়া মণি
নিধুবনে রাস তুমুল উতরোল ॥
বীণ রবাব মুরজ সর-মণ্ডল
সা রি গ ম প ধ নি স্য বহুবিধ ভাব।
ঘেটিতা ঘেটিতা ঘেনি[৫] মৃদঙ্গ গরজনি
চঞ্চল সর-মণ্ডল একু রাব ॥
শ্রম-ভরে গলিত ললিত কবরীযুত
মালতি-মাল বিথারল মোতি।
সময় বসন্ত রাস-রস-বর্ণন
বিদ্যাপতি-মতি ক্ষোভিত হোতি[৬] ॥
॥৭৮॥১৫০২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৫২ সংখ্যক পদ। ২। 'দ্রগি দ্রগি' খ। ৩। 'ধ্বনিয়া' ক, খ, প-র-সা। ৪। 'রমু ঝমু' প-র-সা। ৫। 'ঘ্নণি' প-র-সা। ৬। 'অতি' প-র-সা।

ভূপালী।১

রাস-বিলাসে[২] মুগধ নট-রাজ।
যূথহি যূথ রমণিগণ মাঝ ॥
চুম্বয়ে রময়ে সবহুঁ সম-ভাব।
হেরইতে সুবদনি ভেল বিভাব ॥
কোপে কমল-মুখি করল পয়ান।
বৈঠলি তিমির-কুঞ্জে করি মান ॥
মণ্ডলি ছোড়ি রাই যব গেল।
হেরি নাগরবর চমকিত ভেল ॥
আকুল গোকুল-বল্লভ কান।
ছাড়ি[৩] সব রঙ্গিণি করল পয়ান ॥
বিলপই[৪] মনমথ-বাণে ভই খীণ।
ঢুঁড়ই[৫] সবহুঁ কুঞ্জে মতিহীন ॥
রাই না পাই যাই এক কুঞ্জ।
রোয়ত যৈছন মধুকর গুঞ্জ ॥
কাহাঁ গেও বিধু-মুখি[৬] কহি পুন রোয়।
পুন কিয়ে সো ধনি মীলব[৭] মোয় ॥
বিলপই রোয়ই সো রস-রঙ্গিয়া।
আকুল উদ্ধব দাসক সঙ্গিয়া ॥৭৯॥১৫০৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৫৩ সংখ্যক পদ। ২। 'বিলাস' খ। ৩। 'ছোড়ি' প-র-সা। ৪। 'বিলপিত' ক। ৫। 'ঢুঁড়হি' ক। ৬। 'মধু-মুখি' খ। ৭। 'মিলব' ক, প-র-সা।

তত্র শ্রীগীতগোবিন্দে যথা।

গুর্জ্জরী।১

মামিয়ং চলিতা বিলোক্য বৃতং বধূনিচয়েন
সাপরাধতয়া ময়াপি ন বারিতাতিভয়েন॥
হরিহরি হতাদরতয়া গতা সা কুপিতেব॥ধ্রু॥
কিং করিষ্যতি কিং বদিষ্যতি সা চিরং বিরহেণ।
কিং ধনেন জনেন কিং মম জীবিতেন গৃহেণং॥
চিন্তয়ামি তদাননং কুটিল-ভ্রু কোপ-ভরেণ।
শোণ-পদ্মমিবোপরি ভ্রমতাকুলং ভ্রমরেণ॥
তামহং হৃদি সঙ্গতামনিশং ভৃশং রময়ামি।
কিং বনেঽনুসরামি তামিহ কিং বৃথা বিলপামি॥
তন্বি খিন্নমসূয়য়া হৃদয়ং তবাকলয়ামি।
তন্ন বেদ্মি কুতো গতাসি ন তেন তেঽনুনয়ামি॥
দৃশ্যসে পুরতো গতাগতমেব মে বিদধাসি।
কিং পুরেব সসম্ভ্রমং পরিরম্ভণং ন দদাসি॥
ক্ষম্যতামপরং কদাপি তবেদৃশং ন করোমি।
দেহি সুন্দরি দর্শনং মম মন্মথেন দুনোমি॥
বর্ণিতং জয়দেবকেন হরেরিদং প্রবণেন।
কেন্দুবিল্ব-সমুদ্র-সম্ভব রোহিণীরমণেন॥

॥৮০॥১৫০৪॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২১।৯৪ সংখ্যক পদ। 'গুর্জ্জরী' স্থলে 'বরাড়ী' প-র। ২। যদিও সকলগুলি পুথিতে এবং মুদ্রিত বঙ্গীয় সংস্করণে 'কিং ধনেন' ইত্যাদি স্থলে 'কিং ধনেন কিং জনেন কিং মম সুখেন গৃহেণ' পাঠ আছে, কিন্তু উহা যে ছন্দোভঙ্গ-দুষ্ট, তাহা মৎসম্পাদিত শ্রীশ্রীগীতগোবিন্দের ৭৯ পৃষ্ঠার পাদটীকায় সবিস্তারে আলোচিত হইয়াছে; আমরা ঐ পাদ-টীকা হইতে কয়েক ছত্র নিম্নে উদ্ধৃত করিলাম;—"মামিয়ং চলিতা বিলোক্য বৃতং বধূনিচয়েন' ইত্যাদি গীতটির ধুয়া ব্যতীত অন্যান্য সকল চরণেই সতরটি অক্ষর ও তন্মধ্যে ১ম, ৩য়, ৬ষ্ঠ, ৮ম, ১১শ, ১৩শ ও ১৬শ অক্ষর গুরু ও অবশিষ্ট অক্ষর লঘু দৃষ্ট হয়; বোম্বাই নির্ণয়-সাগর যন্ত্রের মুদ্রিত পুস্তকে এবং রসিক-প্রিয়া ও রস-মঞ্জরী টীকায় যে পাঠ গৃহীত ও ব্যাখ্যাত হইয়াছে, তাহাতে পূর্ব্বোক্তরূপ অক্ষরবিন্যাস রক্ষিত হইয়াছে। এ জন্য আমরা অগত্যা ঐ পাঠই গ্রহণ করিতে বাধ্য হইয়াছি। * * * মহাকবি জয়দেবের রচনায় ছন্দোভঙ্গ অসম্ভব, ইহা বলাই বাহুল্য।" জয়দেবের টীকা ও অনুবাদ সর্ব্বত্র সুলভ বলিয়া এ স্থলে দেওয়া হইল না।

তথা রাগ।১

কহে২ হেন হবে কি আমারে।
এ নয়নে দেখিব রাইয়েরে॥
ললিতা-অঙ্গুলি করে ধরি।
অভিসার করব সুন্দরী॥
সে বদন-চান্দের মাধুরী।
সে হাস্য সে বিনোদ-চাতুরী॥
সে নয়ন-কোণের চাহনি।
মৃদু হাস্য মুখ-মোড়ায়নি॥
বলয়া-কিঙ্কিণী-ধ্বনি শুনি।
মদনকে জাগায় মোহিনী॥
তাহা আমি শুনিব কি৩ কাণে।
চমক পাইবে৪ মোর মনে॥
এ যদুনন্দন দাস ভণে।
রাই বিনু না রহে জীবনে॥৮১॥১৫০৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৫৪ সংখ্যক পদ। 'তথা রাগ' স্থলে 'বিহাগড়া' প-র-সা। ২। 'কব' ক; 'কবে' চ, প-র-সা। ৩। 'সে' ক, খ। ৪। 'পাইয়ে' ক।

তথা রাগ।১

হেনই সময়ে এক সখী।
নিকুঞ্জ-মন্দিরে রাই দেখি॥
কহে আসি বিনোদ নাগরে।
দেখ রাই কুঞ্জের ভিতরে॥
শুনিয়া চমকি উঠে কান।
সখী সঙ্গে করল পয়ান॥
যাহাঁ বসি২ রাধিকা সুন্দরী।
সমুখে কহয়ে কর যোড়ি৩॥
ক্ষেম ধনি মঝু অপরাধ।
হেন প্রেমে না করহ বাদ॥
হাম তুয়া অনুগত কান।
কাহে করসি মোহে৪ মান॥
এত কহি চরণে ধরিয়া।
সাধয়ে অবনী লোটাইয়া॥
কাতর দেখিয়া ধনী রাই।
করে কর ধরে৫ মুখ চাই॥
দূরে গেও মানিনী-মান।
এ যদুনন্দন গুণ গান॥৮২॥১৫০৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৫৫ সংখ্যক পদ। ২। 'বৈসে' প-র-সা। ৩। 'যুড়ি' খ। ৪। 'মুঝে' প-র-সা। ৫। 'ধরি' ক, প-র-সা।

ধানশী।

রাই হেরল যব সো মুখ-ইন্দু।
উছলল১ মন মাহা আনন্দ-সিন্ধু॥
মান-জনিত দুখ সব দূরে২ গেল।
দুহুঁ মুখ দরশনে আনন্দ ভেল॥
ললিতা বিশাখা আদি যত সখিগণ।
আনন্দে মগন ভেল দেখি দুই জন॥
নিকুঞ্জের মাঝে দোঁহার কেলি-বিলাস।
দূরহি দূরে রহু নরোত্তম দাস॥৮৩॥১৫০৭॥

পাঠান্তর

১। 'উছল' খ। ২। 'দূরে' ক, খ।

বিহগড়া।১

সরস বসন্ত সুধাকর নিরমল
পরিমল বকুল রসাল।
রসের পসার পসারল রসবতি
গাহক মদনগোপাল॥
বৃন্দাবনে কেলি-কলা-নিধি কান। ।
হাস-বিলাস- মগন দিঠি মন্থর
হেরি মুরছয়ে পাঁচবাণ॥ধ্রু॥
নব যুবরাজ পরশি তরল মণি
পুছই মূলকি বাত।
তরল-নয়ানি হাসি মুখ মোড়ই
ঠেলই হাতহিঁ হাত॥
দুহুঁ রসে ভোর ওর নাহি পায়ই
রস চাখই মদন দালাল।
দাস অনন্ত কহ ইহ রস-কৌতুক
দ্বিজকুল কহে ভালি ভাল॥৮৪॥১৫০৮॥

পাঠান্তর

১। এই পদটি ২য় শাখার ৪র্থ পল্লবে ২০৯ পৃষ্ঠায় একবার উদ্ধৃত হইয়াছে; সুতরাং পাঠান্তর ও টীকা সেই স্থলে দ্রষ্টব্য।

কেদার।১

রজনি উজাগরি নাগর নাগরি২
আঁখি মেলিতে নারে ঘুমে।
অতিশয় রসভরে৩ শ্যাম নাগরের৪ কোরে
অঙ্গ হেলি রহল নিঘুমে॥

দেখ সখি অপরূপ ছান্দে।
শ্যাম নাগর-কোরে শুতিয়া রহল ধনি[৬]
কানু নেহারে মুখ-চান্দে ॥ধ্রু॥
কুটিল কুন্তল সব[৭] শ্রীমুখ বেঢ়িল গো[৮]
সিন্দুর তিলক মোছে[৯] ঘামে।
কুয়ল[১০] কবরি আধ বেনন[১১] পাটের জাদ
বাঁড়[১২] খসল কর বামে ॥
নীল বসন ভিগি অঙ্গে লাগিয়াছে গো[১৩]
শ্রীঅঙ্গ দেখিতে উদাস।
যৈছে[১৪] চান্দের কলা[১৫] মেঘে ঝাপিয়াছে গো[১৬]
নিরখই[১৭] গোবিন্দদাস ॥৮৫॥১৫০৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৫৩২। ২০৫৭ ও প-র পুথির ৩৯।৭ সংখ্যক পদ। 'কেদার' স্থলে 'ধানশী' প-র-সা। ২। 'নাগর নাগরি' স্থলে 'রাই সুনাগরি' প-র। ৩। 'অতিশয় রসভরে' স্থলে 'অধিক অলসভরে' প-র। ৪। 'নাগর'- খ, ঘ। ৫। 'শ্যাম' ইত্যাদি স্থলে 'রতির ছয়মে রাই' প-র। ৬। 'রহল ধনি' স্থলে 'রয়্যাছে গো' প-র। ৭। 'কুটিল কুন্তল সব' স্থলে 'কুঞ্চিত কুন্তল' ক, খ, ঘ, চ, প-র-সা। ৮। 'শ্রীমুখ বেড়িল গো' স্থলে 'ভালে লাগিয়াছে' ক, খ, ঘ, চ, প-র-সা। ৯। 'তিলক মোছে' স্থলে 'কাজর মুছু' ক, খ, চ, প-র-সা। ১০। 'কুসুম' প-র। ১১। 'বিনন' ক; 'বেনন' চ, প-র। ১২। 'নিবিড়' প-র। ১৩। 'গো' ক, খ, ঘ, চ ও প-র-সা পুথিতে নাই। ১৪। 'যেমন' প-র। ১৫। 'চান্দে' ক। ১৬। 'মেঘে' ইত্যাদি স্থলে 'জলদে'ঝাপিয়াছে গো' প-র। ১৭। 'হেরত' প-র।

ললিত ॥১

দেখি সখি গোরি শুতল শ্যাম-কোর[২]।
নাগল[৩] নীল রতন[৪] কিয়ে কাঞ্চন
কুবল চম্পক জোর[৫] ॥
গোরি সুনাগরি অধরে অধর ধরি
ঘুমায়ল[৬] বিদগধ চোর।
কনয়-কমলে অলি মাতি রহল জনু[৭]
হিমকর শ্যাম[৮] চকোর ॥
পীন পয়োধর ভুজ[৯] মনোহর
রাতুল করযুগ[১০] সাজ[১১]।
উলটি[১২] কমল বিকচ কিয়ে ঝাঁপল
কনয়[১৩] ধরাধর-রাজ[১৪] ॥
নাগরি গুরু উরু[১৫] নাগর বেঢ়ল
নাগরি-ভুজ ও বেঢ়ি অঙ্গ[১৭]।
জলদে বিজুরি জনু[১৮] বেঢ়ল দুহু তনু
গোবিন্দদাস কহ রঙ্গ ॥৮৬॥১৫১০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৫৮ ও প-র পুথির ৩৯।৮ ও ৪২।৪৯ সংখ্যক পদ। ২। 'কোরে' প-র-সা। ৩। 'লাগল' প-র-সা। ৪। 'রতনে' প-র। ৫। 'জোরে' প-র-সা। ৬। 'ঘুমল' প-র। ৭। 'কিয়ে' প-র। ৮। 'হিমকরে যৈছে' প-র। ৯। 'অঙ্গ' প-র ৩৯।৮।১০। 'করতল' প-র। ১১। 'সাজে' প-র। ১২। 'উলট' প-র। ১৩। 'কমলয়' (?) খ। ১৪। 'রাজে' প-র। ১৫। 'উরে' ক, চ, প-র। ১৬। 'নাগর ভুজে' প-র ৪২।৪৯। ১৭। 'ছন্দ' প-র ৪২।৪৯। ১৮। 'যৈছে' ক, খ, ঘ, চ, প-র-সা। ১৯। 'রহ ধন্দ' স্থলে 'কহ রঙ্গ' প-র ৩৯।৮।

রামকেলি।১

হিমকর মলিন২ নলিনগণ হাসত৩
অরুণ-কিরণ হেরি থোর৪।
কোকিল বোলে৫ ভ্রমরকুল আকুল
তেজত কুমুদিনি-কোর॥
কৈছে ঘুমায়ত যুগল কিশোর।
চমকি কহত শুক সারিক জোর॥ধ্রু॥
কিশলয়-শয়নে নিচল-তনু শ্যামর৬
মরকত কাঞ্চন গোরি৭
কীয়ে কুসুম-শর- তূ[illegible]ন ভেল
কিয়ে দুহুঁ রতি-রসে [illegible]রি৮॥
সহচরি ছোড়ি৯ মন্দির জনু যাওত
জাগহু১১ সুন্দরি রাধে।
গোবিন্দদাস-পহু শুনইতে কাতর১২
কোন কয়ল রস-বাদে॥৮৭।১৫১১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৫৯ ও প-র পুথির ৩৯।১৪ সংখ্যক পদ। ২। 'কিরণে' প-র। ৩। 'হাসউ' ক, খ, ঘ, চ। ৪। 'ঘোর' প-র-সা। ৫। 'গানে' প-র। ৬। 'শ্যামরু' প-র। ৭। 'জোর' প-র। ৮। 'ভোর' প-র। ৯। 'ছাড়ি' খ। ১০। 'চলি' প-র। ১১। 'জাগহি' প-র। ১২। 'আকুল' প-র।

ললিত।১

পদউধ২ কাক কোকিলের৩ ডাক
জাগিলা যামিনী শেষ৪।
তুরিতে নাগরী৫ গেলা নিজ ঘর
বান্ধিতে বান্ধিতে কেশ৬॥
অবশ আলিসে ঠেসান বালিসে৭
ঘুমে ঢুলু ঢুলু আঁখি।
বসন ভূষণ হৈয়াছে বদল৮
তখনি উঠিয়া দেখি॥
ঘরে মোর বাদী শাশুড়ী ননদী
মিছা তোলে পরিবাদ।
জানিলে এখন হইবে কেমন
বড় দেখি পরমাদ॥
চণ্ডীদাসে কহে শুন লো সুন্দরি
তুমি সে বড়ুয়ার বহু।
শ্যামের মোহিনী৯ - গুণের করণী১০
লখিতে নারিবে কেহু॥৮৮॥১৫১২॥

ইত্যাদি বাসন্তী-রাস-লীলা।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৬০ সংখ্যক পদ। ২। 'পধউধ' খ। ৩। 'কোকিলার' প-র-সা। ৪। 'শেষে' প-র-সা। ৫। 'নাগর' ক। ৬। 'কেশে' প-র-সা। ৭। ঠেসানা' ক; 'ঠেসাল' প-র-সা। ৮। 'বোদল' খ, চ। ৯। 'মোহন' ক, খ, ঘ, চ। ১০। 'কারণ' ক, খ, ঘ, চ।

টীকা

১৩—১৬। "চণ্ডীদাসে" ইত্যাদি। চণ্ডীদাস কহিতেছেন, হে সুন্দরি! তুমি শ্রবণ কর; তুমি কিনা বড়ুয়ার বধূ (তাই তুমি তোমার নির্ম্মল কুলে কলঙ্ক হইবে বলিয়া কত আশঙ্কা করিতেছ!) কিন্তু শ্যামের মোহিনী বিদ্যার কার্য্য (এইরূপ যে), কেহই তোমাকে লক্ষ্য করিতে পারিবে না।

শ্রীকৃষ্ণচৈতন্য-শ্রীনিত্যানন্দ-শ্রীঅদ্বৈতচন্দ্র।

বসন্ত-সময়োচিত-গীতং।

বাসন্তী-রাসলীলা প্রকারান্তরং যথা।

তদুচিতশ্রীশ্রীমহাপ্রভু।

তুড়ী।১

নাচেরে নাচেরে নিতাই২ গৌর দ্বিজমণিয়া।
বামে প্রিয় গদাধর শ্রীবাস অদ্বৈত বর
পারিষদ তারাগণ জিনিয়া॥ধ্রু॥

বাজে খোল করতাল মধুর-সংগীত[৩] তাল
গগন ভরিল হরি-ধ্বনিয়া ।
চন্দন-চর্চ্চিত গায় ফাগু বিন্দু বিন্দু তায়
বন-মালা দোলে তালে[৩] বনিয়া ॥
গলে[৫] শুভ্র[৬] উপবীত রূপ কোটি কাম জিত
চরণে নূপুর রণরণিয়া ।
দুই ভাই নাচিয়া যায় সহচরগণ গায়
গদাধর-অঙ্গে পড়ে ঢুলিয়া ॥
পুরুব রভস-লীলা এবে[৭] পহু প্রকাশিলা
সেই বৃন্দাবন এই নদিয়া ।
বিহরে গঙ্গার তীরে সেই ধীর সমীরে
বৃন্দাবনদাস কহে জানিয়া ॥৮৯॥১৫১৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৬১ সংখ্যক পদ। ২। 'নাচে নাচে' ক, খ, ঘ, চ। ৩। 'মধুরস গীত' প-র-সা। ৩। 'তাল' ক, খ, প-র-সা। ৫। 'কান্ধে' খ। ৬। 'শুভ্র' চ; 'শোভে' প-র-সা। ৭। 'ইবে' ক, খ, চ।

কল্যাণী ।১

গৌরাঙ্গ সুন্দর নাচে ।
শিব বিরিঞ্চির অগোচর প্রেম[২]
বিভোর[৩] হইয়া যাচে ॥ ধ্রু ॥
রসের[৪] আবেশে অঙ্গ চর চর[৫]
চলিতে আল্যায়া[৬] পড়ে ।
সোণার বরণ ননীর[৭] পুতলী
ভূমে গড়াগড়ি বুলে ॥
শুনিয়া পুরুব[৮] আপন[৯] বৈভব
বৃন্দাবন-রস-লীলা ।
কীর্ত্তন-আবেশে[১০] প্রেম-সিন্ধু মাঝে
ডুবিলা শচীর বালা ॥
হেন অবতারে যে জন[১১] বঞ্চিত
তারে কর কৃপা-লেশে[১২] ।
শ্রীকৃষ্ণচৈতন্য ঠাকুর শ্রীনিত্যানন্দ
গুণ গায়[১৩] বৃন্দাবনদাসে ॥৯০॥১৫১৪॥

পাঠান্তর

১। ইহা প-র সা পুথির ২০৬২ ও প-র পুথির ১৩৩১ সংখ্যক পদ। 'কল্যাণী' স্থলে 'বিভাষ' প-র। ২। 'প্রেমধন' ক, খ, ঘ, চ। ৩। 'ভাবে বিভোর' ক, খ, ঘ, চ। ৪। 'ভাবের' প-র। ৫। 'গদগদ' প-র। ৬। 'আলাঞা' ক; 'আউলায়া' প-র-সা; 'আলুঞা' প-র। ৭। 'ননীর' ক; 'নোনির' ঘ; 'মুনির' চ। ৮। 'শুনিয়া পুরুব' স্থলে 'পুরুবে যে কিছু' প-র। ৯। 'নিজ' ক; 'নিজহি' প-র-সা। ১০। 'আনন্দে' প-র। ১১। 'যো' প-র। ১২। 'কর' ইত্যাদি স্থলে 'কৃপা কর নাথ' প-র। ১৩। 'গুণ গায়' স্থলে 'গায়' প-র-সা।

অভিসারিকা ।

ভূপালী ।১

নব মধুমাস কুসুমময় গন্ধ ।
রজনি উজোরল গগনহি চন্দ ॥
মলয়-পবন বহে সৌরভ মেলি ।
কোকিল রাব[২] ভ্রমর করু কেলি ॥
ঐছে রজনি হেরি রসবতি রাই ।
সহচরি সহ নিজ বেশ বনাই ॥
অবহি চললি ধনি কালিন্দি-তীর ।
অপরূপ[৩] শোভন ধীর সমীর ॥
সখিগণ সহ তহিঁ মীলল[৪] কান ।
দুহুঁ জন হেরই দুহুঁক বয়ান ॥
দুহুঁ মুখ হেরইতে মৃদু মৃদু হাস ।
জ্ঞানদাস কহ দুহুঁক বিলাস ॥৯১॥১৫১৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৬৩ সংখ্যক পদ। ২। 'রাও' প-র-সা। ৩। 'অপরূপ' ক। ৪। 'মিলন' ক, প-র-সা।

ধানশী।১

মধুর যামিনি কাম কামিনি
বিহরে কালিন্দি-তীর।
কোকিল কুহরত২ ভ্রমর ঝঙ্কৃত
বদত কীর৩ সুধীর॥
রাধা মাধব সঙ্গ৪।
সঙ্গে সহচরি নাচয়ে৫ ফিরি ফিরি
গাওয়ে রস-পরসঙ্গ৬॥ধ্রু॥
করহি বন্ধন ঝমকে কঙ্কণ
চরণে মঞ্জির রোল৭।
কটিতে কিঙ্কিণি বাজয়ে কিনি কিনি
গণ্ডে কুণ্ডল দোল৮॥
রাই নাচত কতহুঁ রসভূত৯
কানু কত কত গাওই১০।
সবহুঁ সখি মেলি রচয়ে মণ্ডলি
জ্ঞানদাস মতি ভাওই১১ ॥৯২॥১৫১৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৬৫ সংখ্যক পদ। ২। 'কুহকত' খ। ৩। 'বদত কীর' স্থলে 'বদন কিরণ' প-র-সা। ৪। 'সঙ্গে' প-র-সা। ৫। 'নাচত' প-র-সা। ৬। 'পরসঙ্গে' প-র-সা। ৭। 'বোল' ক, খ, চ; 'বোলে' প-র-সা। ৮। 'দোলে' প-র-সা। ৯। 'কতহুঁ রসভূত' স্থলে 'কতহুঁ রসবুত' চ; 'কবহু রসভুত' প-র-সা। ১০। 'গায়ই' ক। ১১। 'ভায়ই' ক।

কেদার।১

রাধা মাধব সঙ্গ।
বিহরয়ে প্রেম-তরঙ্গ॥
চৌদিশে সহচরি মেলি।
মণ্ডলি করি করু কেলি॥
করহিঁ করহিঁ২ বন্ধান।
মাঝহি রাধা কান॥
বহুবিধ রাগিণি ছন্দ।
গাওত কতহুঁ৩ পরবন্ধ॥
কত কত যন্ত্র রসাল।
ভেদ পবন৪ ধরু তাল॥
অপরূপ রাস-বিলাস।
কহ জগমোহন দাস ॥৯৩॥১৫১৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৬৫ সংখ্যক পদ। ২। 'করহি করহি' খ; 'করহি কর' প-র-সা। ৩। 'কতহি' প-র-সা। ৪। 'পরণ' প-র-সা।

কানড়া।

জিনি কাদম্বিনি আড়ম্বিনি১ পটা।
সম্পায়ন কম্পা ঝম্পিত চম্পা
কম্পিত বিম্বাধর কিম্বা অণুজ
ডিম্বালয়-সম্বিত২ ছটা॥ধ্রু॥
ইন্দুবদনি সিন্ধু অমিময়
বিন্দু৩ বিমল৪ সিন্দুর রুচিচয়
চন্দন বন্দন কেশর বেশর-
বর-মোতি-ঠটা৫॥
খঞ্জন-গতি গঞ্জন লোচন
আচলয় অঞ্জন রঞ্জন
তনু-তাপ-বিভঞ্জন পদ-
মঞ্জির ঝঞ্জন রটা।

শিবরাম ভণিয়৬ তাগরধ্বগ্‌
নাগরধ্বগ্‌৭ তদ্ধি লীজ
লীজ লীজ মৃদজ রজিয়
ত্রিয়-ভজিয়৮ ঘটা ॥১৪॥১৫১৮॥

পাঠান্তর

১। 'আড় নিতম্বিনী' ক। ২। 'ছম্বিত' ঘ। ৩। 'বিম্বু' ক, ঘ, চ। ৪। 'মিলব' ক, খ। ৫। 'ছটা' ক, খ। ৬। 'ভণিতয়া' ক, খ, ঘ। ৭। 'নাগরধ্বগ্‌' ক, খ পুথিতে নাই। ৮। 'ভজিয়' ঘ।

টীকা

১—৪। "জিনি" ইত্যাদি। (রাস-নৃত্য-কারিণী ব্রজাঙ্গনাদিগের) পট অর্থাৎ পরিধেয়-বসন আড়ম্বরময় কাদম্বিনী-চয়কে জয় করিয়াছে। (তাঁহা-দিগের দেহ-কান্তি) চম্পকপুষ্পসমূহের কম্প-সম্পাদন ও (কান্তির) আচ্ছাদন করিয়াছে। (তাঁহাদিগের) বিম্বাধর কম্পিত হইতেছে; (তাহাতে নাসার নিম্নে দশন-পঙ্‌ক্তি কিঞ্চিৎ দৃষ্ট হওয়ায়) যেন ডিম্ব-যুক্ত নীড়োপবিষ্ট (শুক) পক্ষীর ন্যায় শোভা হইয়াছে। (বোধ হয়, এ স্থলে শুকপক্ষীর চঞ্চু নাসিকা-রূপে ও দন্ত-রাজি অণ্ড-পংক্তিরূপে কল্পিত হইয়াছে; শুক-চঞ্চুর সহিত নাসা উপমিত হয় বলিয়া, এ স্থলে 'অণ্ডজ' শব্দে শুক-পক্ষীই বুঝিতে হইবে)।

৫—৮। "ইন্দুবদনি" ইত্যাদি। ইন্দু-বদনী (ব্রজাঙ্গনারা) অমৃতময় সমুদ্র-স্বরূপ; (তাঁহাদিগের) বিন্দু-রূপে শোভমান নির্ম্মল সিন্দুর, চন্দন, বন্দন (রক্ত-চূর্ণ), কেশর (কুঙ্কুম) ও বেশর-নামক নাসা-লঙ্কারের মুক্তার ঠাট্‌ কি দীপ্তিময়।

৯—১২। "খঞ্জন" ইত্যাদি। (তাঁহাদিগের) লোচন খঞ্জনের গতিকে গঞ্জনা করে ও অচলিত অর্থাৎ অচ্যুত কজ্জল দ্বারা রঞ্জিত। (তাঁহাদিগের) চরণ-নূপুরের ঝুনু-রটিত শব্দ শ্রীকৃষ্ণের (কন্দর্প-জনিত) দেহ-তাপের শান্তিকারী।

১৩—১৬। (পদ-কর্তা) শিবরাম 'তাগরধ্বগ্‌ নাগরধ্বগ্‌' ইত্যাদিরূপ মৃদজ-রজিণী অর্থাৎ মৃদঙ্গবাদন-রতা (ব্রজ)স্ত্রীদিগের ভঙ্গীসমূহ বর্ণন করিতেছেন।

কেদার।১

বিনোদিনি বিনোদ নাগর।
প্রেমে নাচে আনন্দে বিভোর॥
বাজত কত কত তান।
কত২ রস করতহি গান॥
গগনে মগন ভেল চন্দ।
ফিরয়ে দীপ ধর৩ ছন্দ॥
অপরূপ দুহুঁক বিলাস।
কহ রাধামোহন দাস॥৯॥১৫১৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১০১৪ সংখ্যক পদ। ২। 'কত কত' ক, খ, ঘ, চ। ৩। 'ধরি' প-র-সা।

টীকা

৫-৬। "গগনে" ইত্যাদি। আকাশে চন্দ্র (শ্রীকৃষ্ণের সহিত) ব্রজাঙ্গনাদিগের রাস-লীলা দর্শনে মোহিত হইলেন এবং প্রদীপ-ধারীর ন্যায় (রাস-স্থলী আলোকিত করিয়া) পরিভ্রমণ করিতে লাগিলেন। তুলনা করুন,—

"ভুলল গগনে সগণে রজনীকর
চৌদশে ফিরত দীপধর ছন্দ।"
—গোবিন্দদাস; প-ক-ত, ১২৬৮ সংখ্যক পদ।

শ্রীরাগ।১

বৃন্দাবন রম্য স্থান কোটি-চিন্তামণি-ধাম
রতন-মন্দির মনোহর।
আনন্দে কালিন্দী-জলে রাজহংস কেলি করে
কনক-কমল উতপল॥

তার মধ্যে হেম-পৃষ্ঠ[২] অষ্টদলে বেষ্টিত
অষ্ট সখী প্রধানা নায়িকা।
তার মধ্যে রত্নাসন[৩] বসিলেন[৪] দুই জন[৫]
শ্যাম গোরী সুন্দরী রাধিকা॥
ও[৬] রূপ লাবণ্য-রাশি অমিয়া পড়িছে খসি
হাস পরিহাস[৮] সম্ভাষণে।
নরোত্তম দাস কয় নিত্যানন্দ সুখময়[৯]
সদাই সোঙরুক[১০] মোর মনে[১১]॥
॥৯৬॥১৫২০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৬৬ ও প-র পুথির ৪০৪৮ সংখ্যক পদ। 'শ্রীরাগ' স্থলে 'কানড়া' প-র-সা। ২। 'হেমপীঠ' ক ; 'অষ্ট শ্রেষ্ঠ' প-র। ৩। 'রম্য স্থানে' প-র। ৪। 'বসিয়াছে' ক, খ, প-র-সা, প-র। ৫। 'জনে' প-র। ৬। 'মণি' প-র। ৭। 'সে' প-র। ৮। 'হাস পরিহাস' স্থলে 'সহাস মধুর' প-র। ৯। 'রসময়' ক। ১০। 'মরুক' প-র-সা।

পঠমঞ্জরী।১

শ্যাম মনোহর সুন্দরি সঙ্গ।
দুহেঁ দুহাঁ[২] হেরি হেরি করু কত রঙ্গ॥
নব মধু মাসে নিধুবন[৩] সাজ।
দুহুঁ সুখ-মঞ্জুল কুঞ্জ বিরাজ॥
রাধামাধব রতি[৪]-রস-কেলি।
বিদগধ নাগর বৈদগধি মেলি[৫]॥
দৃঢ় পরিরম্ভণ পুলক ভুজ দণ্ড।
চুম্বনে লুবধল দুহুঁ জন-গণ্ড॥
দুহুঁ-অধরামৃত দুহুঁ জন পীব।
উৎপলে পূজত হেমক শীব[৬]॥
আবৃত নায়রি আবৃত কান[৭]।
অতিরসে ভেল অবশ পাঁচ-বাণ॥
দুহুঁ গুণ-রূপ-কলা-রস-সীম[৮]।
জ্ঞানদাস কহ দুহুঁক মহীম[৯]॥৯৭॥১৫২১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৬৭ সংখ্যক পদ। ২। 'দোহেঁ দুহুঁ' ক ; 'দুহু দুহে' প-র-সা। ৩। 'নিধুবনে' ক, খ, ঘ, চ। ৪। 'দুহু' প-র-সা। ৫। 'বিদগধ' প-র-সা। ৬। 'শিব' ক, খ, প-র-সা ; 'সীব' ঘ। ৭। জ্ঞানদাসের পদাবলির মুদ্রিত সংস্করণে 'অধৃত নায়রি অধৃত কান' পাঠ আছে, কিন্তু আলোচ্য কোন পুথিতেই ঐরূপ পাঠ দৃষ্ট হইল না। ৮। 'সীমা' প-র-সা। ৯। 'মহিম' ঘ, চ ; 'মহিমা' প-র-সা।

টীকা

৯—১০। "দুহুঁ" ইত্যাদি। উভয়ে উভয়ের অধরামৃত পান করিতেছেন, (অধিকন্তু) শ্রীকৃষ্ণ উৎপল (করাঙ্গুলি) দ্বারা স্বর্ণের শিবলিঙ্গকে (শ্রীরাধার পয়োধর) পূজা করিতেছেন।

১১—১২। "আবৃত" ইত্যাদি। (গাঢ় আলিঙ্গন হেতু) নাগরী শ্রীরাধা (শ্রীকৃষ্ণের অঙ্গদ্বারা) আচ্ছাদিত এবং শ্রীকৃষ্ণ (শ্রীরাধার অঙ্গদ্বারা) আচ্ছাদিত, পঞ্চবাণ কন্দর্প রসাধিক্য হেতু অবশ হইল অর্থাৎ তাহার আর বিক্রম প্রকাশের শক্তি রহিল না। ('অধৃত নায়রি' ইত্যাদি পাঠের 'অধৃত' শব্দটির এ স্থলে কোন সঙ্গত অর্থ হয় না ; 'অধীর' অর্থে 'অধৃত' শব্দের প্রয়োগ দেখা যায় না ; 'অধীর' অর্থ কারলে 'অতিরসে ভেল অবশ পাঁচবাণ' পরবর্তী পংক্তিটির সার্থকতা থাকে না ; সুতরাং 'অধৃত' ইত্যাদি পাঠ কোন পুথিতে পাওয়া গেলেও উহা লিপিকর-প্রমাদ জনিত বলিয়াই বিবেচনা করিতে হইবে।)

কেদার।১

রতি-রসে মাতল অতিশয় নাহ।
অমিয়া-সরোবরে দুহুঁ অবগাহ॥

সহজে নিরঙ্কুশ নাগর-রাজ।
তাহে মনমথ-নৃপ-কৌতুক কাজ॥
দৃঢ় পরিরম্ভণে ঘন সিতকার।
অনুখণ কিঙ্কিণি করয়ে ফুকার॥
কর গহি রাখিও যুগ চকেবা।
দংশইতে সরসিজ বারব কেবা॥
কহ হরিবল্লভ সহচরি-কূলে।
দেখই নিভৃতে উলাসহিঁ ফূলে॥

॥৯৮॥১৫২২॥

পাঠান্তর

১। এই পদটি ২য় শাখার ৩য় পল্লবে ৩০১ সংখ্যক পদরূপে উদ্ধৃত হইয়াছে; সুতরাং পাঠান্তর ও টীকা ঐ পদে দ্রষ্টব্য।

বিহগড়া।১

সুরত সমাপি শুতল বর নাগর
পাণি রহল কুচ২ আপি।
কনক-শম্ভু৩ যৈছে পুজকে৪ পুজাওল৫
নীল সরোরুহ ঝাঁপি॥
সখি হে কেশব-কেলি-বিলাসে৬।
মালতি অলি-রমি নাহ আগোরল
পুন রতি-রঙ্গক আশে॥ ধ্রু॥
বদন মিলাই রহল মুখ-মণ্ডল৭
কমলে মিলই যৈছে চন্দা।
ভ্রমর চকোর দুহুঁ রভসে মিলায়ই
পিবই অমিয়া-মকরন্দ॥
নিশি-অবশেষে জাগি সব সখিগণ৮
বিচ্ছেদ-ভয়ে করু খেদ।
ভণয়ে বিদ্যাপতি ইহ রস-আরতি
দারুণ বিহি কৈল ভেদ॥

॥৯৯॥১৫২৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৬৯ ও প-র পুথির ৩৯।১০ ও ৪২।৪৭ সংখ্যক পদ। 'বিহগড়া' স্থলে 'বিভাস' প-র ৩৯।১০; 'বরাড়ী' প-র ৪২।৪৭। এই পদটি ২৭৪৪ সংখ্যক পদরূপে পুনরুক্ত হইয়াছে। ২। 'রহল কুচ' স্থলে 'পয়োধরে' প-র। ৩। 'কুম্ভ' প-র-সা। ৪। 'পূজকে' ক। ৫। 'পূজায়ল' ক। ৬। 'সখি হে' ইত্যাদি স্থলে ১২২৩ সংখ্যক পদের ক, খ, ঘ, চ ও প-র-সা পুথির পাঠ, যথা—

'রাধা মাধব কেলি-বিলাসে।
আবেশে কোরে আগোরল পুন পুন
অতিশয় সুরত বিরাসে॥'

২৭৪৪ সং পদের ও প-র পুথির পাঠ, যথা—

"সখি হে মাধব কেলিবিলাসে।
আরতি রতিরসে কোরে ঘুমায়ল
পুন পুন সুরতিক আশে॥ধ্রু॥"

নগেন্দ্রবাবু মিথিলার তালপত্রের পুথি হইতে এই পাঠের পরিবর্ত্তে নিম্নলিখিত পাঠ উদ্ধৃত করিয়াছেন, যথা—

"সখি হে মাধব কেলি বিলাসে।
মালতি রমি অলি নাই অগোরসি
পুনু রতিরঙ্গক আসে॥"

স্যার গ্রিয়ারসন সাহেবের সংস্করণে কিন্তু 'নাই অগোরসি' পাঠের পরিবর্ত্তে 'নাই অগোরথি' পাঠ দৃষ্ট হয়। নগেন্দ্র বাবু 'নাই' শব্দের অর্থ—'ন্যায়' ও 'অগোরসি' শব্দের অর্থ—'আগুলাইতেছে' লিখিয়াছেন। 'ন্যায়' অর্থে 'নাই' শব্দের প্রয়োগ পদাবলি-সাহিত্যে দৃষ্ট হয় না; 'আগুলাইতেছে' অর্থেও মধ্যম-পুরুষের সূচক 'সি'-বিভক্তিযুক্ত 'অগোরসি' পদ হইতে পারে না; সুতরাং নগেন্দ্র বাবুর প্রতিপাদিত অর্থ সমর্থনযোগ্য নহে। স্যার গ্রিয়ারসন এই পদের ইংরেজি অনুবাদে 'নাই' শব্দের অর্থ 'bendeth' ও 'অগোরথি' শব্দের অর্থ 'watcheth' লিখিয়াছেন। বস্তুতঃ এ স্থলে 'নাই'

প্রকৃত পাঠ হইলে, উহার অর্থ 'নোয়াইয়া' অর্থাৎ 'bending' হইবে; কিন্তু আমাদিগের বিবেচনা হয় যে, নগেন্দ্র বাবু কিংবা স্যর গ্রিয়ারসনের ধৃত পাঠ লিপিকর-প্রমাদ-রহিত নহে। মৈথিল পুথির প্রায় অনুরূপ বিশুদ্ধ পাঠ "হরিবল্লভ" নামে প্রসিদ্ধ বৈষ্ণবাচার্য্য বিশ্বনাথ চক্রবর্ত্তী মহোদয়ের সঙ্কলিত 'ক্ষণদা-গীত-চিন্তামণি' গ্রন্থেই দৃষ্ট হয়, যথা—

'সখি হে কেশব-কেলি-বিলাসে।
মালতি অলি-রমি নাহ আগোরল
পুন রতি-রঙ্গক আশে॥'

অর্থাৎ 'সুরত সমাপি' ইত্যাদি প্রথম কলিতে নায়কের রতি-শ্রান্তি বর্ণন করিয়া, দ্বিতীয় কলিতে পদকর্ত্তা শ্রীরাধার শয়ন-পদ্ধতি বর্ণন করিয়া বলিতেছেন যে, অলিদ্বারা রমিত মালতী (ধ্বনি-গম্য অর্থে নায়িকা) পুনর্ব্বার রতি-বিলাসের আশায় নাথকে (ধ্বনি-গম্য অর্থে নায়ককে) জড়াইয়া ধরিয়া রাখিল। গীতচিন্তামণির পাঠই সমীচীন বোধে মূলে গৃহীত হইল।

অতঃপর ১৫২৩ সংখ্যক পদে ক, খ, ঘ, চ ও প-র-সা পুথিতে নিম্নলিখিত প্রক্ষিপ্ত কলিটি দৃষ্ট হয়, যথা,—

'দুহুঁ দুহুঁ নিবিড় আলিঙ্গনে চুম্বই
দুহুঁ-রসে দুহুঁ মন ভোর।
অধর-সুধারস পীবই দুহুঁ দুহুঁ
কো কহ আরতি-ওর॥

পদকল্পতরুর ৪র্থ শাখার ২৭৪৪ সংখ্যক পদে, কিংবা 'পদামৃত-সমুদ্র', 'গীতচিন্তামণি ও 'পদ-রত্নাকর' গ্রন্থে এই কলিটি না থাকায় এবং 'পদামৃত-সমুদ্র' গ্রন্থে রাধামোহন ঠাকুর কর্ত্তৃক ইহার প্রায় সদৃশ-ভাবাত্মক 'বদন মিলাই' ইত্যাদি কলিটি উদ্ধৃত ও ব্যাখ্যাত হওয়ায়, 'দুহুঁ দুহুঁ' ইত্যাদি কলিটি প্রক্ষিপ্ত বলিয়াই প্রতীতি হইতেছে।

৭। 'বদন' ইত্যাদি কলিটি ১৫২৩ সংখ্যক পদে নাই, কিন্তু ৪র্থ শাখার ২৭৪৪ সংখ্যক পদে ও পদামৃত-সমুদ্র' প্রভৃতি সকল গ্রন্থেই আছে; সুতরাং উহা অপরিহার্য্য বোধে মূলে গৃহীত হইল। ৮। 'নিশি অবশেষে' ইত্যাদি ভণিতার কলিটি কেবল 'পদ-রত্নাকর' পুথিতে আছে; ইহার পরিবর্ত্তে নগেন্দ্র বাবু তালপত্রের পুথি হইতে নিম্নলিখিত পাঠ উদ্ধৃত করিয়াছেন, যথা—

'ভণই অমিকর শুনহ মধুরপতি
রাধাচরিত অপারে।
রাজা সিবসিংহ রূপনরাএন
সুকবি ভনথি কণ্ঠহারে॥'

নগেন্দ্র বাবুর কৃত ইহার অর্থ—'অমিকর—অমৃতকর, শিবসিংহের মন্ত্রী।' অমৃতকর নামের সহিত যুক্ত ভণিতা নগেন্দ্র বাবুর সংগ্রহেও আর নাই; বিশেষতঃ স্যর গ্রিয়ারসন ইহার পরিবর্ত্তে নিম্নলিখিত পাঠ উদ্ধৃত করিয়াছেন, যথা—

'ভণহিঁ বিদ্যাপতি শুনহ মধুর পতি
রাধা চরিত অপারে।
রাজা শিবসিঁহ রূপ নারায়ণ
প্রাণবতী কণ্ঠহারে॥'

এ স্থলেও তাল-পত্রের পুথির পাঠ ভ্রান্ত বলিয়াই অনুমান হয়।

৮—১১। "বদন" ইত্যাদি। (শ্রীরাধার) বদনে (নিজের) মুখমণ্ডল মিলাইয়া (শ্রীকৃষ্ণ) রহিলেন—যেন চন্দ্র (নীল) কমলের সহিত মিলিত হইল। (চন্দ্রের সহিত কমলের স্বাভাবিক বৈরিতা থাকায় এই অসম্ভব-মিলন দ্বারা 'অদ্ভুতোপমা' অলঙ্কার ঘটিয়াছে।) শ্রীকৃষ্ণের চঞ্চল-নয়ন-রূপ ভ্রমর ও শ্রীরাধার নিঃস্পন্দ-নয়ন-রূপ চকোর পরস্পর রসোচ্ছ্বাস মিশ্রিত করিয়া (পরস্পরের) রূপামৃত-রূপ মধু পান করিতেছে।

তথা রাগ।

নওল কিশোর নওল নাগরিয়া।
আপন ভুজে শ্যাম-মুখ-মণ্ডল
শ্যাম-উরে নিজ উর ধরিয়া॥
করত বিনোদ তরণি তনয়া-তট
উগারে অমিয়-রস ভরিয়া॥১০০॥১৫২৪॥

ইত্যাদি বাসন্তী-রাস-লীলা।

অথ ফুল-দোল।

তত্র শ্রীমহাপ্রভু।

তুড়ী।[১]

ফুলবন গোরাচাঁদ দেখিয়া নয়নে।
ফুলের সমর গোরার[২] পড়ি গেল মনে॥
ঘন জয় জয় দিয়া পারিষদগণে।
গোরা-গায়ে ফুল পেলি[৩] মারে জনে জনে॥
প্রিয় গদাধর সঙ্গে আর নিত্যানন্দ।
ফুলের সমরে গোরার হইল[৪] আনন্দ॥
গদাধর সঙ্গে পহু করয়ে বিলাস।
বাসুদেব ঘোষ এই করল[৫] প্রকাশ॥
॥১০১॥১৫২৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৭০ সংখ্যক পদ। ২। 'গোরা' ক, প-র-সা। ৩। 'ফেলি' ক। ৪। 'সমরে' ইত্যাদি স্থলে 'সমরে গৌর বিহরে' প-র-সা। ৫। 'রস' ম।

বরাড়ী।[১]

বন মাহা কুসুম তোড়ি[২] সব সখিগণ
সরস সমর করু তাঁহি।
মারত বদন নেহারি কুসুম-শর
শোহত সমরক মাহি[৩]॥
কো কহু মরমক[৪] কেলি।
নওল কিশোর নওল বর[৫] নাগরি
ললিতা বিশাখা[৬] সখি মেলি॥ ধ্রু॥
মণিময় ভূষণ তনু তনু শোহন
রুণু ঝুনু[৭] নূপুর বাজে।
গোবিন্দদাস কহ রমণি-শিরোমণি
জীতল[৮] বিদগধ-রাজে॥১০২॥১৫২৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৭১ সংখ্যক পদ। ২। 'তোরি' খ; 'তেজি' চ। ৩। 'মাহি' প-র-সা। ৪। 'সমরত' প-র-সা। ৫। 'নব' ক। ৬। 'ললিতাদিক' প্রাঃ পুথি। ৭। 'ঝুনু ঝুনু' খ, প-র-সা। ৮। 'জিতল' ক, চ, প-র-সা।

কল্যাণী।[১]

ফুলক গেন্দু লেই সব সখিগণ
ডারয়ে শ্যামক অঙ্গে।
আওত শ্যাম[২] সুঘড় রণ-পণ্ডিত
বটু সুবল করি সঙ্গে॥
অপরুপ রাইক কেলি।
দূরহিঁ তাকি গেন্দু পেলি[৩] মারয়ে
শ্যাম-অঙ্গে সখি মেলি[৫]॥ ধ্রু॥
রোখলি তহিঁ রণ- রসিক-শিরোমণি
ফুল-ধনুক[৬] লেই হাত।
শত শত গেন্দু এক বেড়ি ডারয়ে[৭]
সবহুঁ সখীগণ মাথ[৮]॥
যূথহি যূথ রমণি ভেল একযূথ[৯]
শ্যামক অঙ্গে পড়য়ে ফুলরাশি।
ফুল-ধনু ছোড়ি করহিঁ কর[১০] বারউ[১১]
গৌরদাস ইহ রস পরকাশি॥
॥১০৩॥১৫২৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৭২ সংখ্যক পদ। ২। 'আওল' ক। ৩। 'সুবল' ক, খ, চ প-র-সা। ৪। 'কেলি' ঘ। ৫। 'শ্যাম-' ইত্যাদি স্থলে 'কৌতুকে শ্যাম সখী মেলি' খ। ৬। 'ফুল' ক, খ, প-র-সা। ৭। 'ডারত' প-র-সা। ৮। 'সাথ' প-র-সা। ৯। 'একযূথ' ক, প-র-সা। ১০। 'কত' ক, খ, চ। ১১। 'বারঙ' ক।

ভূপালী।১

নিধুবনে রাধামোহন-কেলি।
কুসুম-সমর করু সহচরি মেলি॥
বৃন্দা দেবী যোগাওত ফুল২।
বহুবিধ গেড়ক রচিত বকুল৩॥
সহচরি কুসুম বরিখে৪ শ্যাম অঙ্গ।
তোড়ল পিঞ্ছমুকুট বহু রঙ্গ॥
লাখে লাখে গেন্দু পড়য়ে শ্যাম-গায়।
মধুমঙ্গল সহ সুবল পলায়॥
সখিগণ মেলি দেই করতালী।
ফুল-ধনু লেই ফিরয়ে বনমালী॥
রাইক সঙ্গে করয়ে ফুল-রণ।
কোই না জীতয়ে সম৫ দুই জন॥
অদভুত দুহুঁ জন কুসুম বিলাস৬।
হেরি যদুনন্দন আনন্দে ভাস৭॥
॥১০৪॥১৫২৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৭৩ সংখ্যক পদ। ২। 'ফুল' ক, চ. প-র-সা। ৩। 'বকুল' ক, চ, প-র-সা। ৪। 'দেয়' প-র-সা। ৫। 'সমান' ঘ। ৬। 'কুসল' ঘ। ৭। 'উল্লাস' প-র-সা।

তথা রাগ।১

সমর সমাধিয়া যুগল কিশোর।
আওল দুহুঁ যাঁহা কুসুম-হিণ্ডোর২॥
বৃন্দা দেবি-রচিত ফুল-দোলা।
ঝুলয়ে৩ দুহুঁ জন আনন্দে বিভোলা॥
কুসুম বরিখে সব সহচরি মেলি।
গাওত বহুবিধ মনসিজ-কেলি॥
কত কত যন্ত্র সুমেলি করি।
নাচত গাওত তাল ধরি॥
দোলত দুহুঁ জন কুসুম-হিণ্ডোরে।
দুই দিগে দুই সখি দেই ঝকোরে৪॥
তড়িতে জড়িত৫ জনু৬ জলধর-কাঁতি।
পরিমলে ধাওল৭ মধুকর-পাঁতি॥
অপরূপ দোলত কেলি-নিকুঞ্জে।
দুহুঁ পর কুসুম পড়ই৮ পুঞ্জে পুঞ্জে॥
দুহুঁ মুখ হেরি দুহুঁ মৃদু মৃদু হাস।
হেরি মুগধ যদুনন্দন দাস॥১০৫॥১৫২৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৭৪ সংখ্যক পদ। ২। 'কুসুমক ডোল' ক; 'কুসুম হিণ্ডোল' খ, চ; 'কুসুম হিণ্ডোর' প-র-সা। ৩। 'ঝুলয়ে' ক, চ। ৪। 'ঝকোরে' খ, চ, 'ঝোকারে' প-র-সা। ৫। 'জড়িতে' ক, খ, চ। ৬। 'তনু' প-র-সা। ৭। 'ধাওত' প-র-সা। ৮। 'পড়য়ে' ক, চ, প-র-সা।

পটমঞ্জরী।১

ফুল-বনে দোলয়ে২ ফুলময় তনু।
ফুলময় আভরণ করে ফুল-ধনু॥
ফুলময় খিতিতল৩ ফুলময় কুঞ্জ।
ফুলময় সখি বরিখয়ে৪ ফুল-পুঞ্জ॥

ফুল-তনু হেরি মুগধ ফুল-বাণ।
ফুল-শরে[৫] হানল ফুলময় কান ॥
ফুলে[৬] উয়ল বন[৭] ফুল-বায়ু মন্দ।
ফুল-রসে গুঞ্জয়ে[৮] মধুকর-বৃন্দ[৯] ॥
অপরূপ ফুল-দোল ফুল-বিলস।
ফুল করে রহু যদুনন্দনদাস ॥

॥১০৬॥১৫৩০॥

ইত্যাদি বাসন্তী ফুল-দোল-লীলা।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৭৫ সংখ্যক পদ। ২। 'দেখিয়া' ক, খ। ৩। 'ক্ষিতিতল' ক। ৪। 'বরিখে' ক, খ। ৫। 'ফুল সয়ে' প-র-সা। ৬। 'ফুলে' ক, চ, প-র-সা। ৭। 'তনু' প-র-সা। ৮। 'গুঞ্জরে' ক, খ, প-র-সা। ৯। 'পুঞ্জ' খ। ১০। 'ফুল' ক, চ, প-র-সা।

অথ মাধবী-বিলাস।

তদুচিত শ্রীগৌরচন্দ্র।

শ্রীরাগ।[১]

চৌদিকে ভকতগণ হরি হরি বলে।
রঞ্জন-মালতী-মালা দেই গোরা-গলে ॥
কুঙ্কুম কস্তুরী আর সুগন্ধ চন্দন।
গোরাচাঁদের অঙ্গে সব করয়ে লেপন ॥
রাঙ্গা-প্রান্ত পট্টবাস কোঁচায় বলনি।
ঝলমল করে কিয়ে[২] অঙ্গের লাবণি ॥
চাঁচর চিকুরে চাঁপা মনোহর ঝুটা।
উন্নত নাসিকা ঊর্দ্ধ চন্দনের ফোঁটা ॥
আজানুলম্বিত ভুজ সরু পৈতা কান্ধে।
মদন বেদন পাঞা ঝুরি ঝুরি কান্দে ॥
দেবকীনন্দন বলে সহচর সনে।
দেখ সভে গোরাচাঁদ শ্রীবাস-ভবনে ॥

॥১০৭॥১৫৩১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৭৬ সংখ্যক পদ।
২। 'ঝলমল ঝলমল করে' ক, খ, চ।

তুড়ী।[১]

বিনোদ ফুলের[২] বিনোদ মালা
বিনোদ গলে দোলে।
কোন বিনোদিনী গাঁথিলে[৩] মালা
বিনোদ বিনোদ ফুলে ॥ ধ্রু ॥
বিনোদ কেশ[৪] বিনোদ বেশ[৫]
বিনোদ বরণ-খানি।
বিনোদ মালা গলায়[৬] আলা
বিনোদ বিনোদ দোলনি ॥
বিনোদ বন্ধন বিনোদ চিকুর
বিনোদ মালা বেড়া।
বিনোদ নয়ানে বিনোদ চাহনি
বিনোদ আঁখির তারা ॥
বিনোদ বুক বিনোদ মুখ
বিনোদ শোভা করে।
বিনোদ নগরে বিনোদ নাগর
বিনোদ বিনোদ বিহরে ॥
বিনোদ বলন[১১] বিনোদ চলন
বিনোদ সঙ্গিয়া সঙ্গে।
লোচন বোলে বিনোদিনীর[১২]
বিনোদ গোরাঙ্গে[১৩] ॥১০৮॥১৫৩২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৭৭ সংখ্যক পদ। এই পদটি ৪র্থ শাখার ২১৩২ সংখ্যক পদরূপে

পুনরুদ্ধৃত হইয়াছে। ২। 'ফুলে' ক। ৩। 'গাথিল' ঘ, চ (১৫৩২ সংখ্যক পদ)। ৪। 'গৌর' ক, খ, ঘ, চ (১৫৩২ সংখ্যক পদ)। ৫। 'শরীর' ক, খ, ঘ, চ (১৩৫২ সংখ্যক পদ)। ২১৩২ সংখ্যক পদে ও প-র-সা পুথিতে 'গৌর' ও 'শরীর' স্থলে যথাক্রমে 'কেশ' ও 'বেশ' পাঠ আছে, উহাই সমীচীন বোধে মূলে গৃহীত হইল। ৬। 'গলা' ক, ঘ, চ; 'গলাভে' খ। ৭। 'বিনোদ' ইত্যাদি স্থলে 'বিনদ লোলনি' খ; (খ, ঘ, ও চ পুথিতে 'বিনোদ' স্থলে সর্ব্বত্র 'বিনদ' পাঠ আছে)। ৮। 'বান্ধা' ক, খ, ঘ, চ (১৫৩২ সংখ্যক পদ); 'বন্ধ' প-র-সা। ৯। 'কেশ' ক, খ, ঘ, চ (১৫৩২ সংখ্যক পদ)। ১০। 'বিনদ' ক, ঘ, চ (২১৩২ সংখ্যক পদ)। ১১। 'বসন' খ (১৫৩২ সংখ্যক পদ)। ১২। 'বিনোদিনির মনে' খ (২১৩২ সংখ্যক পদ)। ১৩। 'গোরাচান্দে' খ।

বরাড়ী।১

মাধব মাধবি মাধবি-কুঞ্জহি২
বিরচই মাধবি-বেশ৩।
মাধবি-হার বলয় কর-কঙ্কণ
মাধবি-সুরচিত কেশ৪ ॥
দেখ সখি মাধবি-রঙ্গ।
যাকর কুসুমহি সুষমহি৫ ভূলল৬
মাধব মাধবি সঙ্গ ॥ধ্রু॥
যো মধু-মদে উন- মত মধুকর বর
অবিরত করত ঝঙ্কার।
দ্বিজগণ৭ ঘন ঘন মঙ্গল-কলরব
তরুগণ৮ ফল-ফুল৯-ভার ॥
কুঙ্কুম চন্দন মৃগ-মদে লেপন
করু রঙ্গিণিগণ অঙ্গ।
তনু তনু অতনু সু- তনু তনু১০ উতপল
মাধব হেরত রঙ্গ ॥১০৯॥১৫৩৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৭৮ সংখ্যক পদ। ২। 'মাধব কুঞ্জহি' ক। ৩। 'কেশ' ক, খ, প-র-সা। ৪। 'বেশ' ক, খ, প-র-সা। ৫। 'কুসুমহি' ঘ। ৬। 'ভুলল' ক, ঘ, চ, প-র-সা। ৭। 'দ্বিজবর' ক। ৮। 'তরুবর' ক, খ, ঘ, চ। ৯। 'ফুলে' খ। ১০। 'সুতনু তনু' ঘ পুথিতে নাই।

মায়ুর।১

চূয়া২ চন্দন বন্দন গোরোচন
লেপই দুহুঁ জন অঙ্গ৪।
কুসুম-শিঙ্গার কুসুম-সুকুমারিক৫
করু সখি মাধব সঙ্গ ॥
দেখ দেখ বিনোদ বিলাস।
শ্রীবৃন্দাবন নিরুপম-শোভন
আনন্দে ফুল ছলে হাস ॥ ধ্রু ॥
কোকিল-শবদে পণ্ডিত৬ গদগদ রব৭
কপোত-শবদে সিতকার।
মুকুল পুলককুল আসব৮ ঝর ঝর
জনু লোচনে জল-ধার ॥
হেরি দুহুঁ সখি সঙ্গে৯ নিমগণ ক্রীড়নে১০
কত কত অতনু-বিলাস।
মাধব হেরি মন আনন্দে ভূলল১১
আপন সহচরি পাশ ॥১১০॥১৫৩৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৭৯ সংখ্যক পদ। ২। 'চুয়া' ক, চ, প-র-সা। ৩। 'আগর' খ; 'অগোর বকুল' ক; 'বকুল' চ, প-র-সা। ৪। 'অঙ্গে' প-র-সা। ৫। 'কুসুম' ইত্যাদি পংক্তিদ্বয় স্থলে খ পুথির পাঠ যথা,—

'কুসুম সুকুমারিক কুসুম শিঙ্গার করু
সখিগণ মাধব সঙ্গ।

৬। 'গভীর' ক। ৭। 'বর' খ। ৮। 'আসুঁব' খ; 'আসর' ঘ, চ। ৯। 'সনে' প-র-সা। ১০। 'ত্রিভুবনে' প-র-সা। ১১। 'তুলল' ক, প-র-সা।

টীকা

৫—৭। "দেখ" ইত্যাদি। (শ্রীরাধা ও শ্রীকৃষ্ণের) মনোহর বিলাস-লীলা দর্শন কর। অতুলনীয় শোভা-যুক্ত শ্রীবৃন্দাবন (ঐ লীলা দর্শন করিয়া) পুষ্প-চ্ছলে হাস্য করিতেছে।

৮—১১। "কোকিল" ইত্যাদি। (লীলা-দর্শন করিয়া শ্রীবৃন্দাবনের কিরূপ গদগদ প্রভৃতি সাত্ত্বিক ভাবের উদয় হইয়াছে, তাহা দেখাইতেছেন) কোকিলের শব্দে (শ্রীবৃন্দাবন) গভীর গদ্গদ-ধ্বনি ও কপোতের শব্দে হুঙ্কার প্রভৃতি শীৎকার-ধ্বনি (প্রকাশ করিতেছে); (শ্রীবৃন্দাবনের তরুসমূহের) মুকুল (তাহার) রোমাঞ্চ ও আসব অর্থাৎ মধু যেন (তাহার) নয়নে অশ্রু-ধারা অজস্র বিগলিত হইতেছে।

ধানশী।১

চন্দন-চরচিত বিরচিত বেশ।
কুসুম-বকুল-মালে বান্ধল কেশ॥
মাধবি-কুঞ্জে রাই সখি সঙ্গ।
বিনদ২-বিলাসে মগন শ্যাম-অঙ্গ॥
কাঞ্চন-কেতকি চম্পক-দাম।
ধনি-অঙ্গে বিরচল নাগর শ্যাম॥
নাগরি কুবলয়ে বিবিধ শিঙ্গার।
নাগর-অঙ্গে রচত কত আর॥
কুঙ্কুম চন্দন রাই অঙ্গে দেল।
শ্যামতনু মৃগমদে লেপন কেল॥
জনু তনু তৈছন৩ মিলাওল বেশ।
কি কহব মাধব তাকর শেষ॥

॥১১১॥১৫৩৫॥

ইত্যাদি মাধবী-বিলাস।
মধ্যাহ্নে এতদ্গীতং গেয়ম্।
ইতি তৃতীয়-শাখায়াং সপ্তবিংশতিপল্লবঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৮০ সংখ্যক পদ। ২। 'বিনোদ' ক, প-র-সা; 'বিনোদ' পাঠে ছন্দোভঙ্গ ঘটে। ৩। 'যৈছন' ক।

অথ জ্যৈষ্ঠী-পূর্ণিমায়াং স্নান-যাত্রা।

তদুচিত-গৌরচন্দ্রঃ।

ভূপালী।১

শঙ্খ দুন্দুভি-নাদ২ বাজয়ে৩ সুস্বরে।
গোরাচাঁদের অভিষেক করে সহচরে॥
গন্ধ চন্দন শিলা ধূপ দীপ জ্বালি।
নগরের নাগরিগণ৪ আনে অর্ঘ্য-থালী৫॥
নদীয়ার লোক যত দেখি৬ আনন্দিত।
ঘন জয় জয় দিয়া সভে গায় গীত॥
গোরাচাঁদের মুখ সভে৭ করে নিরক্ষণে।
গোরা-অভিষেক-রস বাসু ঘোষ গানে॥

॥১॥১৫৩৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৮১ সংখ্যক পদ। ২। 'নাদ' ক, খ পুথিতে নাই। ৩। 'বাজই' প-র-সা; 'বাজায়' ঘ। ৪। 'নারীগণ' ক, খ। ৫। 'আর্ঘ্য' (আজ্য?) প-র-সা। ৬। 'দেখে' ক; 'শুনি' ঘ। ৭। 'সব' ক।

বরাড়ী দেশাক।১

তৈল হরিদ্রা আর কুঙ্কুম কস্তুরী।
গোরা-অঙ্গে লেপন করে নব নব নারী॥
সুবাসিত জল আনি২ কলসে৩ পূরিয়া৪।
সুগন্ধি চন্দন আদি তাহে৫ মিশাইয়া॥
জয় জয় দিয়া জল ঢালে গোরা-গায়।
শ্রীঅঙ্গ মোছায়্যা৬ কেহ বসন পরায়॥

সিনান-মণ্ডপে দেখ গোরা নটরায়।
মনের হরিষে বাসুদেব ঘোষ গায় ॥২॥১৫৩৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৮২ সংখ্যক পদ। ২। 'পুরি' প-র-সা। ৩। 'কলসী' ক। ৪। 'আনিয়া' প-র-সা। ৫। 'আনি' ক, ঘ, চ, প-র-সা। ৬। 'মোছাঞা' ক, খ; 'মুছায়' প-র-সা।

তথা রাগ।১

বসিলা গৌরাঙ্গচন্দ্র রত্ন-সিংহাসনে।
শ্রীবাস পণ্ডিত অঙ্গে লেপয়ে চন্দনে ॥
গদাধর দিল গলে মালতীর মালা।
রূপের ছটায় দশ দিগ হৈল আলা ॥
বহু উপহার যত মিষ্টান্ন পকান্ন।
নিত্যানন্দ সহ বসি করিল ভোজন ॥
তাম্বুল ভক্ষণ করি বসিলা সিংহাসনে।
শচী দেবী আইলেন মালিনীর সনে ॥
পঞ্চদীপ জ্বালি তেহ২ আরাত্রি৩ করিল।
নির্ম্মঞ্ছন করি শিরে ধান্য দুর্ব্বা দিল ॥
ভক্তগণ করে সভে পুষ্প বরিষণ।
অদ্বৈত আচার্য্য দেই তুলসী চন্দন ॥
দেখিতে আইসে দেব নরে এক সঙ্গে।
নিত্যানন্দ ডাহিনে বসিয়া দেখে রঙ্গে ॥
গোরা-অভিষেক এই অপরূপ লীলা।
গোবিন্দ মাধব বাসু প্রেমেত৪ ভাসিলা ॥
॥৩॥১৫৩৮॥

ইত্যাদি শ্রীগৌরচন্দ্রস্য।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৮৩ সংখ্যক পদ। ২। 'তিহো' ক, খ, ঘ, চ। ৩। 'আরতি' ক। ৪। 'প্রেমেতে' ক, প-র-সা।

অথ শ্রীকৃষ্ণস্য যথা।

ধানশী।১

গিরিষ২-সময় গৃহ মাহ।
যশোমতি হরিষ বাঢ়াহ৩ ॥
কহি সব গোকুল-লোকে।
নিজ সুতে করু অভিষেকে ॥
গিরিষ-তপন ভয় লাগি।
বাসই৪ কুসুম-পরাগি ॥
সুশিতল৫ বারি মধুর।
কলস কলস ভরি পূর ॥
মলয়জ কপুর মিশাই।
হিমকর-শীকর৬ লাই ॥
রতন বেদি নিরমাণ।
তাহিঁ৭ আনাওল কান ॥
বাসিত তৈল লাগাই।
দাস দাসিগণে আই ॥
শির পর ঢালত৮ বারি।
মাধব ঘোষ বলিহারি ॥৪॥১৫৩৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৮৪ সংখ্যক পদ। ২। 'গিরিশ' ঘ; 'গিরিস' চ। ৩। 'বাঢ়াহ' ক। ৪। 'বাসঙ' ক; 'বাসউ' খ, ঘ, চ। ৫। 'সুশীতল' ক। ৬। 'সীকর' ক; 'সিকর' প-র-সা। ৭। 'তহি' ক। ৮। 'ঢালঙ' ক; 'ঢালউ' খ, ঘ, চ।

ভাটিয়ারি।১

চৌদিকে ব্রজ-বধু২ দেই জয়কার৩।
ঘট ভরি শির পর দেই জল-ধার৪ ॥
অপরূপ কানুক ইহ অভিষেক।
চৌদিশে৫ ব্রজ-রমণীগণ দেখ ॥
কুসুম গোলাব কপুরযুত বারি।
ঘট ভরি দেওল শির পর ঢারি ॥

সিনান সমাপি পরই পিতবাস।
সহচরগণ বেঢ়ল চারি[৬] পাশ ॥
বৈঠল[৭] মন্দিরে সহচর মেলি।
বেশ বনাওত আনন্দ কেলি ॥
মলয়জ কুঙ্কুম সুশিতল[৮] গন্ধ।
বহুবিধ ঘুস্থণ লেপয়ে বহু ছন্দ ॥
মলয়জ-কপুর[৯]-বাসিত ফুলহার।
পরায়ল কতহুঁ রতন-অলঙ্কার ॥
হেরি যশোমতি তব আনন্দে ভাস[১০]।
মাধব দেখয়ে রাইক পাশ[১১] ॥৫॥১৫৪০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০২৫ সংখ্যক পদ। ২। 'বধু' ক। ৩। 'জজোকার' প-র-সা। ৪। 'শির' ইত্যাদি স্থলে 'দেয়ল শির পর ডার' প-র-সা। ৫। 'চৌদিকে' ক; 'চৌদিগে' চ। ৬। 'চৌ' ক, খ, ঘ, চ। ৭। 'বেঢ়ল' ঘ। ৮। 'সুশীতল' ক। ৯। 'কর্পুর' চ। ১০। 'ভাসে' প-র-সা। ১১। 'পাশে' প-র-সা।

ধানশী।১

পহিলহি সুবদনি পাক রচন করি
ভোজন বহু উপহার।
সহচরি সঙ্গে গোপতে হেরি পিয়ামুখ[২]
আনন্দ রঙ্গ অপার ॥
যশোমতি-বচনহি গোরি।
রোহিণি-কর পর দেই বহু উপহার
ভোজন করয়ে নন্দন[৩] থোরি ॥ধ্রু॥
কত পরিহাস[৪] করয়ে[৫] সখাগণ[৬]
কৌতুক করত পরকাশ।
ভোজন সমাধি শয়ন করু পালঙ্কে
তাম্বুলে করু মুখ-বাস ॥
বহুবিধ শপথি বচন কহি যশোমতি
ভোজন করাওল রাইয়ে।
ও রস-সায়র ঐছন নিতি নিতি
মাধব অবধি না পাইয়ে[৭] ॥৬॥১৫৪১॥

ইত্যাদি গ্রীষ্ম-কালোচিত অভিষেক।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৮৬ সংখ্যক পদ। ২। 'প্রিয়ামুখ' ক। ৩। 'নন্দ-নন্দন' ক। ৪। 'পরকাশ' প-র-সা। ৫। 'কয়ল' প-র-সা। ৬। 'সখীগণ' ক। ৭। 'পায়ে' প-র-সা।

অথ নীলাচলচন্দ্রস্য পদং যথা।

আশোয়ারি।১ উড়িয়া খেমটা।

হের হো নিলগিরি[২]-রাজহি ।
সুভদ্রা বলরাম সঙ্গে অনুপাম
সিনান-মণ্ডপ মাঝহি ॥ধ্রু॥
শঙ্খ ঘণ্টা কাঁশী বেণু বিণা[৩] বাঁশি
মধুর দুন্দুভি বাজন্তি।
সেবাতি পড়্যারি ঘট ভরি বারি
ঢারউ তাকঙ্কু মাথন্তি[৬] ॥
জয় জয় ধনি সুর নর মুনি
স্তুতি নতি প্রণিপাত হি।
শ্রীমুখচন্দ্রকু সৌরভ[৭] আউছ[৮]
গজেন্দ্র বেশউ[৯] আপহি ॥
জয় যদুপতি তিন-লোক-গতি
বহু উপহার ভোজন্তি[১০]।
মণিকোঠাচলে[১১] সালবেগ[১২] বলে
দেব-নারিগণ নাচন্তি ॥৭॥১৫৪২॥

ইত্যাদি স্নানযাত্রা।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৮৭ সংখ্যক পদ। ২। 'নীলগিরি' ক। ৩। 'রাজহি' চ। ৪। 'বীণা' ক। ৫। 'পড়িয়ারি' প-র-সা। ৬। 'চারউ' ইত্যাদি স্থলে 'চার উভাকহু মাথন্তি' ক, খ। উড়িয়া-ভাষায় সুপণ্ডিত অধ্যাপক শ্রীযুক্ত যোগেশ-চন্দ্র রায় বাহাদুর আমাদিগের জিজ্ঞাসার উত্তরে লিখিয়াছেন যে, 'চারউ ভাকহু মাথন্তি' বাক্যটি অশুদ্ধি-পূর্ণ; 'চারউ' স্থলে 'চারই', 'ভাকহু' স্থলে 'ভাহাহু' ও 'মাথন্তি' স্থলে 'মাথারে' শুদ্ধ পাঠ হইবে। পদাবলি-সাহিত্যে অনেক স্থলে বর্ত্তমান কালে তৃতীয় পুরুষের একবচনে বা বহুবচনে 'ই' বিভক্তির স্থলে 'উ' বিভক্তির প্রয়োগ দৃষ্ট হয়। সুতরাং প্রাচীন কালে উড়িয়া ভাষায়ও সেরূপ প্রয়োগ যে ছিল না, ইহা নিশ্চিত বলা যায় কি? 'ভাহাহু' কোন পুথিতেই দৃষ্ট হইল না—সুতরাং আমরা মূলে 'ভাকহু' পাঠই গ্রহণ করিতে বাধ্য হইলাম। 'মাথন্তি' শব্দটি 'রাজন্তি' শব্দের মিত্রাক্ষর বটে; 'মাথারে' শব্দে মিল থাকে না; সুতরাং পদকর্ত্তা এ স্থলে 'মাথন্তি' শব্দ প্রয়োগ না করিয়া 'মাথারে' কিংবা তদ্রূপ অন্য কোন শব্দ প্রয়োগ করিয়াছেন বলিয়া সম্ভব বোধ হয় না; সুতরাং ইহা প্রাচীন প্রয়োগ বলিয়া সমর্থন করাই বোধ হয় সঙ্গত। ৭। 'সৌরভে' খ। ৮। 'আড়হ' খ, চ, প-র-সা; 'আউহ' ঘ। শ্রীযুক্ত যোগেশ বাবু লিখিয়াছেন, 'আউহি' শুদ্ধ পাঠ হইবে। ৯। 'বেশহ' ক। ১০। 'সোভন্তি' ঘ। ১১। শ্রীযুক্ত যোগেশ বাবু লিখিয়াছেন—'মণিকোঠা চলে' বোধ হয় 'মণিকোঠা তলে' হইবে। 'তলে' পাঠ কোন পুথিতে নাই; আমরা 'মণিকোঠাচলে' পাঠ ধরিয়াই অর্থ করিতে চেষ্টা করিয়াছি। ১২। 'শালবেগ' ক।

টীকা

৬—৭। "সেবান্তি" ইত্যাদি। শ্রীযুক্ত যোগেশ বাবু লিখিয়াছেন যে, 'সেবান্তি' ও 'পড়্যারি' শব্দের অর্থ—'সেবায়ৎ'। অপভ্রংশে কেহ 'সেবান্তি' করিয়াছে। 'পড়্যারি' পড়িহারী, সংস্কৃত প্রতি-হারী; দ্বারপাল। সুতরাং 'সেবান্তি' ইত্যাদি বাক্যের অর্থ—সেবায়ৎ ও প্রতিহারীরা ঘট পূর্ণ করিয়া তাঁহাদিগের অর্থাৎ নীলাচলনাথ, সুভদ্রা ও বলরামের মাথায় ঢালিতেছেন।

১০—১১। "শ্রীমুখচন্দ্রকু" ইত্যাদি। শ্রীযুক্ত যোগেশ বাবুর প্রতিপাদিত অর্থ—"গজেন্দ্র-বেশ হইতে আপনি শ্রীমুখচন্দ্রে সৌরভ আসিতেছে। 'সৌরভ' এখানে সৌন্দর্য্য অর্থ করিতে হইতেছে। সংস্কৃত 'সৌরভ্য' শব্দের 'সৌন্দর্য্য' অর্থ আছে।"

১২—১৫। "জয়" ইত্যাদি। যদুপতির বলি-হারি! তিনি ত্রিলোকের আশ্রয়-স্থল; তিনি রত্ন-বেদীরূপ অচলে অর্থাৎ নীল-পর্ব্বতস্থিত রত্নবেদীতে (থাকিয়া) ভক্তগণের প্রদত্ত বহু উপহার ভোজন করিতেছেন। পদকর্ত্তা সালবেগ বলে (প্রভুর সম্মুখে) দেব-নারী অর্থাৎ দেব-দাসীগণ নৃত্য করিতেছেন।

তুড়ী।১

এই বারং করুণা কর চৈতন্য নিতাই।
মো সম৩ পাতকী আর ত্রিভুবনে নাই॥
মুঞি৪ অতি মূঢ়-মতি মায়ার নফর।
এই সব পাপে মোর তনু জর জর॥
ম্লেচ্ছ অধম যত ছিল অনাচারী।
তা সভা হইতে বুঝি মোর পাপ ভারী॥
অশেষ পাপের পাপী জগাই মাধাই।
অনায়াসে উদ্ধারিলা তোমরা দুই ভাই॥
লোচন বোলে৫ মো অধমে৬ দয়া নৈল কেনে।
তুমি না করিলে দয়া কে করিবে আনে॥

॥৮॥১৫৪৩॥

ইতি তৃতীয়-শাখায়াং অষ্টাবিংশতি-পল্লবঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৮৮ সংখ্যক পদ। ২। 'এবার' ক, খ। ৩। 'সমান' ঘ। ৪।

'দুই' খ, চ। ৫। 'বোলে' ক পুথিতে নাই। ৬। 'বুঝি অধমেরে' ক; 'বুঝি অধমে' খ, প-র-সা।

অথ আষাঢ়ে রথ-যাত্রায়াং

শ্রীগৌরচন্দ্রস্য রথাগ্রে নর্ত্তনং যথা।

সুহই।১

নীলাচলে জগন্নাথ রায়।
গুণ্ডিচা-মন্দিরে চলি যায়॥
অপরূপ রথের সাজনি।
তাহে চড়ি যায় যদুমণি॥
দেখিয়া আমার গৌরহরি।
নিজগণ লৈয়া এক করি॥
মাল্য চন্দন সভে দিয়া।
জগন্নাথ নিকটে যাইয়া২॥
রথ বেড়ি সাত সম্প্রদায়।
কীর্ত্তন করয়ে গোরা৩ রায়॥
আজানুলম্বিত বাহু তুলি।
ঘন উঠে হরি হরি বলি॥
গগন ভেদিল সেই ধ্বনি।
অন্য আর কিছুই না শুনি॥
নিতাই অদ্বৈত হরিদাস।
নাচে বক্রেশ্বর শ্রীনিবাস॥
মুকুন্দ স্বরূপ রাম রায়।
মন বুঝি উচ্চস্বরে গায়॥
গোবিন্দ মাধব বাসু ঘোষ।
যার গানে অধিক সন্তোষ॥
বসু রামানন্দ নরহরি।
গদাধর পণ্ডিতাদি করি॥
দ্বিজ হরিদাস বিষ্ণুদাস।
ইহা সভার গানেতে উল্লাস॥
এই মত কীর্ত্তন নর্ত্তনে।
কথো৪ দূর করিল গমনে॥
এ সভার পদ-রেণু আশ।
করি কহে বৈষ্ণবের৫ দাস॥১॥১৫৪৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৮৯ সংখ্যক পদ। ২। 'আসিয়া' খ। ৩। 'গৌর' ক, চ। ৪। 'কত' ক। ৫। 'বৈষ্ণব' খ।

শ্রীচৈতন্যচরিতামৃতে যথা।

শ্রীরাগ।১

আপনে নাচিতে যবে প্রভুর মন হৈল।
সাত সম্প্রদায় তবে একত্র করিল॥
উদ্দণ্ড নৃত্যে প্রভু ছাড়িয়া হুঙ্কার২।
চক্র-ভ্রমি ভ্রমে যেন আলাত-আকার॥
নৃত্যে যাহাঁ যাহাঁ প্রভুর পড়ে পদতল।
সসাগর শৈল মহী করে টলমল॥
স্তম্ভ স্বেদ পুলকাশ্রু কম্প বৈবর্ণ।
নানা ভাবে বিবশ গর্ব্ব হর্ষ দৈন্য॥২॥১৫৪৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৯০ সংখ্যক পদ। ২। 'ছাড়িয়া হুঙ্কার' স্থলে 'ছাড়ি হুহুঙ্কার' প-র-সা।

ইমন।১

অপরূপ রথ-আগে।
নাচে গোরা রায়   সঙ্গে মেলি গায়
যত যত মহাভাগে॥ধ্রু॥
ভাবেতে২ অবশ   কি রাতি দিবস
আবেশে কিছু না জানে।
জগন্নাথ-মুখ   দেখি মহা সুখ
নাচে পর পর মনে॥

খোল করতাল কীর্ত্তন রসাল
ঘন ঘন হরিবোল।
জয় জয় ধ্বনি সুর নর মুনি
গগনে উঠয়ে রোল॥
নীলাচল-বাসী আর নানা দেশী
লোকের উথলে হিয়া।
প্রেমের পাথারে সভাই সাঁতারে
দুখী যদু অভাগিয়া॥৩॥১৫৪৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৯১ সংখ্যক পদ। 'ইমন' স্থলে 'ইমন কল্যাণ' প-র-সা। ২। 'ভাবে' ঘ, প-র-সা।

মঙ্গল। কন্দর্পতাল।১

চৌদিকে মহান্ত২ মেলি করয়ে কীর্ত্তন কেলি
সাত সম্প্রদায় গায় গীত।
বাজে চতুর্দ্দশ৩ খোল গগন ভেদিল রোল
দেখি জগন্নাথ আনন্দিত॥
উনমত নিত্যানন্দ আচার্য্য অদ্বৈতচন্দ্র
পণ্ডিত শ্রীবাস হরিদাস।
এ সভারে সঙ্গে করি মাঝে নাচে গৌর হরি
ভকত-মণ্ডল চারি পাশ॥
হরি হরি বোল বোলে পদ-ভরে মহী দোলে
নয়ানে বহয়ে জল-ধার।
প্রেমের তরঙ্গ-রঙ্গ সুমেরু জিনিয়া অঙ্গ
তাহে অষ্ট সাত্বিক-বিকার॥
ভাবাবেশে গোরা রায় নাচিতে নাচিতে যায়
ধীরে ধীরে চলে জগন্নাথ।
আনন্দ বিস্ময়-মন দেখি প্রেম-সংকীর্ত্তন
নিজ পরিকরগণ৪ সাথ॥
দূরে গেল দুঃখ শোক প্রেমায় ভাসিল৫ লোক
স্থাবর জঙ্গম পশু পাখী।
যে প্রেম-বিলাস-ধাম যদু কহে অনুপাম
যে দেখিল সেই তার সাখী॥
॥৪॥১৫৪৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৯২ সংখ্যক পদ। ২। 'মোহন্ত' প-র-সা। ৩। 'চতুর্দ্দিশে' ঘ। ৪। 'পরিগণ তাহে' প-র-সা। ৫। 'ভাসয়ে' ঘ, চ; 'ভাবায়' প-র-সা।

রামকেলি। তাল-ত্রয়ং।১

চৈতন্য নিতাই আরে দোন ভাই নাচেরে২।
খোল করতাল পঞ্চম রসাল
তা থয়া তাথৈয়া৩ বাজে রে॥
সোণার কমল করে টলমল
প্রেম-সুধা-সিন্ধু মাঝে রে।
উত্তম মধ্যম৪ দীন হীন জন
এ ঢেউ সভারে বাজে৫ রে॥
॥৫॥১৫৪৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৯৩ সংখ্যক পদ। 'তালত্রয়ং' ক, খ, চ ও প-র-সা পুথিতে নাই। ২। 'চৈতন্য' ইত্যাদি পংক্তির স্থলে প-র-সা পুথির পাঠ যথা—'চৈতন্য নিতাই রে দোন ভাই সঙ্গে পরিষদ নাচে রে।' ৩। 'তাথৈ তাথৈ' প-র-সা। ৪। 'অধম' ক, খ, চ, প-র-সা। ৫। 'বাজে' প-র-সা।

শ্রীগান্ধার।১

নাচে শচীনন্দন দেখি রূপ সনাতন
গান করে স্বরূপ দামোদর।
গায় রায় রামানন্দ মুকুন্দ মাধবানন্দ
বাসুঘোষ গোবিন্দ শঙ্কর॥

প্রভুর দক্ষিণ পাশে নাচে নরহরি দাসে
বামে নাচে প্রিয় গদাধর।
নাচিতে নাচিতে প্রভু আউলাইয়া[৩] পড়ে[৪] কভু
ভাবাবেশে ধরে দোঁহার কর ॥
নিত্যানন্দ-মুখ হেরি বলে পহু হরি হরি
কৃষ্ণ কৃষ্ণ ডাকে উচ্চস্বরে।
সোঙরি শ্রীবৃন্দাবন প্রাণ করে উচাটন
পরশ করয়ে রায়ের করে ॥
শ্রীনিবাস হরিদাস নাচে গায় প্রেমোল্লাস
প্রভুর সাত্বিক ভাবাবেশ।
ইহ রস প্রেম-ধন পাওল জগ-জন
গোবিন্দ মাগয়ে এক লেশ ॥৬॥১৫৮৯॥

ইতি তৃতীয়-শাখায়াং ঊনত্রিংশ-পল্লবঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৯৪ সংখ্যক পদ। 'শ্রীগান্ধার' স্থলে 'গান্ধার' ক। ২। 'মুকুন্দ' ইত্যাদি স্থলে 'মাধব মুকুন্দানন্দ' প-র-সা। ৩। 'আউলাঞা' ক; 'এবাইয়া' খ; 'এলুয়াইয়া' চ। ৪। 'পড়য়ে' ক।

অথ শ্রাবণ-শুক্লপক্ষে আন্দোলন-ক্রীড়া যথা।

ঝুলন।

তত্র শ্রীগৌরচন্দ্রঃ।

জয়জয়ন্তী।[১]

দেখত ঝুলত গৌরচন্দ্র
অপরূপ দ্বিজমণিয়া।
বিধির অবধি রূপ নিরুপম
কষিল কাঞ্চন জিনিয়া ॥
ঝুলায়ত কত[২] ভকতবৃন্দ
গৌরচন্দ্র বেঢ়িয়া।
আনন্দে সঘনে জয় জয় রব[৩]
উথলে নগর নদিয়া
নয়ন-কমল মুখ নিরমল
শরদ-চাঁদ জিনিয়া।
নগরের লোক ধায় এক-মুখ
হরি হরি ধ্বনি শুনিয়া ॥
ধন্য কলিযুগ গোরা অবতার
সুরধুনী ধনি ধনিয়া।
গোরাচান্দ[৪] বিনে আন নাহি মনে
বাসুঘোষে কহে জানিয়া ॥১॥১৫৫০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৯৫ সংখ্যক পদ। ২। 'ঝুলায়ত কত' স্থলে 'ঝুলাওত' ক। ৩। 'করি' প-র-সা। ৪। 'গোরাচান্দ' প-র-সা।

কামোদ।[১]

দেখ সখি গৌরচন্দ্র বর রঙ্গী[২]।
ঝুলত যুগল[৩] কিশোর ঐছন[৪]
চলত সোই করি ভঙ্গী[৫] ॥ধ্রু॥
রচহ শিঙ্গার ঝুলন[৬]-সুখ হোয়ব
মনহি ভেল উপনীত।
ঐছন[৭] সহচর গাওত আনন্দ
গৌর পহুঁক মননীত ॥
হেরি গদাধর লহু লহু বোলত
মন[৮] মাহা বিধে ভেল রঙ্গ।
আজু হাম তুয়া সনে ঝুলন বিলসব
সহচরগণ করিয়[৯] সঙ্গ ॥
ঐছে বিলাস গৌর পহু বিলসয়ে
পুরব প্রেম-রসে ভোর।
কহ শিবরাম মনহি সুখ ঐছন
কোই করব অব ওর ॥২॥১৫৫১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৯৬ সংখ্যক পদ। ২। 'রঙ্গিয়া' প-র-সা। ৩। 'গৌর' প-র-সা।

৪। ‘ঐছন’ প-র-সা। ৫। ‘করি ভঙ্গী’ স্থলে ‘করু ভঙ্গিয়া’ প-র-সা। ৬। ‘ঝুলনে’ প-র-সা। ৭। ‘বৈছন’ ক। ৮। ‘বন’ খ। ৯। ‘করু’ প-র-সা।

মল্লার।১

নব ঘন কানন শোহন কুঞ্জ২।
বিকসিত কুসুমে৩ মধুকর গুঞ্জ৪॥
নব-নব৫ পল্লবে শোভিত ডাল।
সারী শুক পিক গাওয়ে রসাল॥
তহিঁ বনি অপরুপ৭ রতন হিঁডোর৮।
তা পর বৈঠলি কিশোরি কিশোর॥
ব্রজ-রমণীগণ দেওত ঝকোর।
গিরত জানি ধনি৯ করতহিঁ১০ কোর॥
কত কত উপজল রস-পরসঙ্গ।
গোবিন্দদাস তহিঁ দেখত রঙ্গ॥৩॥১৫৫২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৯৭ ও প-র পুথির ৩০।১১ সংখ্যক পদ। ২। ‘শোভন পুঞ্জ’ ক, খ, ঘ, চ। ৩। ‘কুসুম’ ক, খ, ঘ, চ। ৪। ‘মধুকর গুঞ্জ’ স্থলে ‘শোভিত অলিপুঞ্জ’ প-র। ৫। ‘নব-নব’ স্থলে ‘নূতন’ প-র। ৬। ‘বোলত’ প-র। ৭। ‘বনি অপরুপ’ স্থলে ‘অপরূপ নব’ প-র। ৮। ‘হিন্দোল’ ক; ‘হিণ্ডোর’ খ, প-র। ৯। ‘জানি ধনি’ স্থলে ‘ধনি কানু’ প-র। ১০। ‘কয়-লহি’ প-র।

টীকা

। “ব্রজ” ইত্যাদি। ব্রজাঙ্গনাগণ (সেই হিন্দোলাকে) ঝকোর অর্থাৎ ধাক্কা দিতেছে; সুন্দরী শ্রীরাধা পড়িবে জানিয়া (শ্রীকৃষ্ণ) তাঁহাকে ক্রোড়ে ধারণ করিতেছেন।

মায়ুর।১

বিপিন২-বিহার করত নন্দ-নন্দন
সুবদনি ধনি করি সঙ্গ।
সকল কলাবতি দুহুঁ প্রেম-আরতি
মন মাহা উথলল রঙ্গ॥
রতন-হিণ্ডোর৩ পর বৈঠল দুহুঁ জন
সখিগণ দেওত ঝকোরি৪।
গগনহি মগন সগন৫ রজনীকর
আনন্দে করত নিহারি৬॥
দেখ দেখ অপরুপ ছান্দে।
মদন-মোহন হেরি মাতল মনসিজ
কানু নিহারে৭ মুখ-চাঁদে॥ ধ্রু॥
বারিদ গরজি গরজি সব ঘেরল
বুন্দ বুন্দ করু পাত।
কহ শিবরাম মলয় চল দুহুঁ পর৮
মৃদু মৃদু করতহিঁ৯ বাত॥৪॥১৫৫৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৯৮ সংখ্যক পদ। ২। ‘বিপিনে’ খ, প-র-সা। ৩। হিন্দোল’ ক। ৪। ‘ঝোকার’ ক; ‘ঝোঁকারি’ খ, চ। ৫। ‘সঘন’ ক, খ, চ, প-র-সা। ৬। ‘নেহারি’ ক, খ, চ, প-র-সা। ৭। ‘কানু’ ইত্যাদি স্থলে ‘কানন হেরি’ ক; ‘কানন হের’ খ; ‘কানন হেরু’ চ, প-র-সা। ঘ পুথির পাঠ ব্যতীত অন্যান্য পাঠ অর্থশূন্য ও লিপি-কর-প্রমাদ-জনিত বলিয়া ঘ পুথির ‘কানু নিহারে’ মূলে গৃহীত হইল। ৮। ‘মলয়’ ইত্যাদি স্থলে ‘সময়ে চল দুহুঁ’ প-র-সা। ৯। ‘কহতহি’ প-র-সা।

মল্লার।১

দেখ সখি ঝুলত যুগল২ কিশোর।
নীলমণি জড়ায়ল কাঞ্চন জোর॥
ললিতা বিশাখা সখী ঝুলায়ত সুখে।
আনন্দে মগন হেরি দোহেঁ দোঁহা-মুখে॥

গরজত গগনে সঘনে ঘন ঘোর।
রঙ্গিণি সঙ্গিনি ঘেরত চৌওর ॥
বিবিধ[২] কুসুমে সভে[৩] রচিয়া হিন্দোলা[৪]।
দোলায় যুগল সখী আনন্দে বিভোলা ॥
ঝুলাওত সখীগণ করতালী দিয়া।
সুবদনী কহে পাছে গিরয়ে বন্ধুয়া ॥
বিগলিত দুকূল উদিত স্বেদ-বিন্দু।
অমিয়া ঝরয়ে[৫] যেন দুহুঁ-মুখ-ইন্দু ॥
হেরি সব সখীগণ দোঁহাকার শ্রম।
চামর বীজন লেই করয়ে সেবন ॥
ভ্রমর কোকিল সব বসি তরু-ডালে।
রতি জয় রাধাকৃষ্ণ রাধাকৃষ্ণ বোলে ॥
কহে জগন্নাথ কবে হবে শুভ দিনে।
সখী সহ দোঁহাকারে হেরিব বিপিনে ॥
॥৫॥১৫৫৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০৯৯ সংখ্যক পদ। ২। 'গোরি' প-র-সা। ৩। 'কুসুমে সভে' স্থলে 'কুসুম সোভে' প-র-সা। ৪। 'হিণ্ডোলা' চ। ৫। 'ঝুরয়ে' প-র-সা।

শ্রীরাগ।১

দেখ সখি ঝুলত বিনোদ বিনোদিনী।
ঝুলন উপরে শোভে হেম নীল-মণি ॥
ঝুলি ঝুলি ঝুলাওয়ে সকল সখীগণ
হেরি আনন্দে মাতিয়া।
দুহুঁক গুণ সভে গাওত বাওত[২]
হেম-পুতলী-পাঁতিয়া ॥
কপোত কীর শুক সারী কোকিল
ময়ুর নাচত মাতিয়া।
দুহুঁক মন মাহা উয়ল মনসিজ[৩]
হেরত আনহি ভাতিয়া ॥
বয়নে মৃদু মৃদু হাস উপজত
হিলন দুহুঁ দোহাঁ-গাতিয়া।
রতি-রভস-রসে হৃদয় গর গর
বিচুরল প্রেম-সাঙ্গাতিয়া ॥৬॥১৫৫৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১০০ সংখ্যক পদ। ২। 'বাজায়ত' প-র-সা। ৩। 'দুহুঁক' ইত্যাদি পংক্তি চারিটি ঘ পথি ছাড়া অন্যান্য পুথিতে নাই, মুদ্রাকর-প্রমাদে পরিত্যক্ত হইয়াছে।

জয়জয়ন্তী।১

মাহ শাঙন বরিখে ঘন ঘন
দুহুঁ ঝুলে কুঞ্জক মাঝ[২]।
বনি ফুল-মালা রচিত[৩] দোলা
দুহুঁ বিচ নটবর রাজ[৪] ॥
গগনে গরজনি দমকে দামিনি
দুহুঁ গাওয়ে বহুবিধ তান[৫]।
রবাব বীণা কচ্ছপীনা দুহুঁ
করহিঁ কর ধরু মান[৬] ॥
সঙ্গে সঙ্গিনি সবহুঁ রঙ্গিণি
দুহুঁ গান-পণ্ডিত শুর।
কোঁ কানড়া কেদার কোড়া[৭]
দুহুঁ রঙ্গ-সায়রে বুর[৮] ॥
জনু মেঘ দামিনি রূপ[৯] লাবনি
ঝুলত[১০] রাধা কান।
শুক সারী মোর[১১] চকোর বোলত
শিবরাম দুহুঁ গুণ গান ॥৭॥১৫৫৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১০১ সংখ্যক পদ। ২। 'মাঝে' প-র-সা। ৩। 'বিরচিত' ক, খ, চ, প-র-সা। ৪। 'রাজে' প-র-সা। ৫। 'তান' প-র-সা। ৬। 'মান' প-র-সা। ৭। 'কো' ইত্যাদি স্থলে 'কোকিল ডাকে দাব কোড়া ডাহুক'

প-র-সা। ৮। 'বুর' ক, চ, প-র-সা। ৯। 'রূপরস' খ; 'রূপহু' প-র-সা। ১১। 'ময়ুর' ক; 'মৌর' খ।

অন্তোচিত নর্ত্তক মাথুর।

নওল নওল নও রঙ্গমে।
সুখ শোহানি সব সঙ্গমে ॥
রস-মাধুরি ধরু[১] অঙ্গমে।
দউ[২] নৃত্যত প্রেম-তরঙ্গমে ॥
উহ সঙ্গে ভামিনি[৩] দমকে দামিনি
মধুর যামিনি অতি বনি।
সুভগ শাঙন বরিখে ভাঙন
বৃন্দ সুন্দর নহ্নি নহ্নি ॥
বদত মোর চকোর চাতক
কীর কোয়িল অনগণি।
রটত দরদর[৪] তোয়ে[৫] দাদুর
অম্বুদাম্বরে গরজনি ॥
গাওয়ে সখি রি জোরি জোরি।
রস হেরি হাসই[৬] থোরি থোরি[৭] ॥
থোরি থোরি চঙ্গ[৮] উপাঙ্গ আওজ[৯]
বাজে পাখায়জ ঝিঝি ঝিনাং।
ঝনন ঝন ননঃ[১০] ঝাগর্না ঝাগর্ নন
তাগর্ধি নাগর্ধি দিমি[১১] দিনাং ॥
উহ দৃষ্টি[১২] ঠেরণ, পহির ভূখণ
ঝলকে ঝাইরি[১৩] ঝলমলং।
উঘট ঘট ঘট থো দিগ্ দিগ্
থো দিগ্ দিগ্ দিগ্[১৪]
থুঙ্গ থুঙ্গ নি ধি ধি ধি নং[১৫] ॥
বাজে ধুঁ ধুঁ ধীনা।
স্বর-মণ্ডল বাঁশরি বীণা ॥
বর বীণ তাল প্রবীণ পূরল
প্রেম-ভরে হিয়া হরখনি।
মণি-বিন্দু শরদ-ইন্দু
করত অমৃত বরখনি ॥
হংস সারস বদত পাবস
চারু চাতক রস-ঘনি।
বিহরে যে জন[১৬] শিবরামকে প্রভু
পরম সুঘড় শিরোমণি ॥৮॥১৫৫৭॥

পাঠান্তর

১। 'ধুরী' চ; 'ধরু' ঘ পুথিতে নাই। ২। 'দৌ' ক, খ; 'দোউ' চ। ৩। 'ভাবিনী' ক। ৪। 'দবদা' ক; 'দরদা' খ, ঘ। ৫। 'তায়ে' চ। ৬। 'হাস' ক; 'হাসউ' খ; 'হাসত' ঘ। ৭। 'থোরি থোরি' স্থলে 'উথোরি উথেরি' ক। ৮। 'চঙ্গ' ক, খ। ৯। 'আওয়াজ' ক। ১০। 'ঝনন ২ নন' ক, খ, চ। ১১। 'দ্রিমি দ্রিমি' ক, খ, ঘ। ১২। 'দৃষ্টে' ক; 'দৃষ্ট' খ, ঘ। ১৩। 'ঝাঁইরি' খ, চ। ১৪। 'থো দিগ্' ইত্যাদি স্থলে 'থো দিগ্ দিগ্ দিগ দিগ' ক, খ। ১৫। 'নিধি নিধি নং' ক। ১৬। 'বিহরে যে জন' স্থলে 'বিহরয়ে' ক, খ, চ; 'বিহরে বিহর যে জন' ঘ।

পুনশ্চ দিনান্তরে ঝুলন।

তদুচিত-শ্রীগৌরচন্দ্র।

কামোদ।১

দেখ দেখ ঝুলত গৌর কিশোর।
সুরধুনি-তীর গদাধর সঙ্গহি
চান্দনি[২]-রজনি উজোর ॥
শাঙন মাস গগন ঘন গরজন
ললপিত দামিনি-মাল[৩]।
বরিখত বারি পবন মৃদু মন্দহি
গঙ্গা-তরঙ্গ বিশাল ॥

বিবিধ সুরঙ্গ রচিত তহিঁ দোলা[২]
খচিত কুসুমচয়[৫]-দাম।
বট-তরু-ডালে ডোর করি বন্ধন
মালতি-গুচ্ছ সুঠাম ॥
বৈঠল গৌর বামে প্রিয় গদাধর
ঝুলন রঙ্গ-রসে ভাস।
সহচর মেলি ঝুলায়ত মৃদু মৃদু
দোলা ধরি দৌ[৬] পাশ ॥
বাজত মৃদঙ্গ পুরব-রস গায়ত
সংকীর্ত্তন-সুখ রঙ্গ।
নিত্যানন্দ[৭] শান্তিপুর-নায়ক
হরিদাস শ্রীনিবাস সঙ্গ ॥
পুরুষোত্তম সঞ্জয় আদি বরিখত
কুঙ্কুম চন্দন ফুল।
উদ্ধব দাস নয়নে কব হেরব
গৌর হোয়ব অনুকূল ॥৯॥১৫৫৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুঁথির ২১০২ সংখ্যক পদ। ২। 'চান্দ' ক, খ, চ। ৩। 'ভাল' প-র-সা। ৪। 'তহিঁ দোলা' স্থলে 'হিঁদোলা' ক। ৫। 'কুসুমময়' প-র-সা। ৬। 'দো' প-র-সা। ৭। 'নিত্যানন্দহ' প-র-সা।

ইমন বেলোয়ার।[১]

আজু রচিত নব রতন-হিঁডোর[২]।
সুরধুনি-তীর তুঙ্গ[৩]-তরু-তল তহিঁ
রসময় গৌর কিশোর ॥ধ্রু॥
পরিকর সুঘড় ঝুলায়ত লহু লহু
গাওত তান সরস রস মাতি।
[৪]উঘটত[৪] থোঙ্গ থোঙ্গ তক[৫] থৈ থৈ
নাচত মধুর বাওত[৬] বহু ভাতি ॥
নদীয়া নগর না রহ[৭] কোই ঘর
তেজি চলত চৌদিশে নরনারী।
অধিক উছাহ হোয়ত হিয়ে[৮] পহুঁ কর
হাস-মিলিত মুখ চাঁদ নেহারি ॥
সুরগণ গগনে মগন গণ সহ সুখে
বরিখত কুসুম করত জয়কার।
নরহরি গণত ভুবন উমতায়ল
কো কহুঁ অদভুত রঙ্গ অপার ॥১০॥১৫৫৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুঁথির ২১০৩ সংখ্যক পদ। ২। 'রতন হিঁডোর' স্থলে 'ললিত হিণ্ডোর' খ, প-র-সা। ৩। 'তরঙ্গ' প-র-সা। ৪। 'উঘটত সুখে' প-র-সা। ৫। 'কত' ক, খ। ৬। 'বাজায়ত' প-র-সা। ৭। 'রহে' ক, খ। ৮। 'হিয়ে' প-র-সা পুঁথিতে নাই।

তথা রাগ।[১]

ঝুলয়ে সুন্দর রসময় গোরা
না জানি কি রঙ্গে মাতিয়া গো।
হেরি হেরি গদা- ধর মুখ আঁখি-
ভঙ্গী করে কত ভাতিয়া[২] গো ॥
নরহরি মুকু- ন্দাদি[৩] সঙ্গিগণে
মৃদু মৃদু হাসি হাসিয়া গো।
সুরচিত নব হিঁডোলা[৪] যতনে
ঝুলায়ত সুখে ভাসিয়া গো ॥
মধুর সুস্বরে গায় কেহো কেহো
কে ধরে ধৈরজ শুনিয়া গো।
সে শোভা দেখি আঁখি কে ফিরাবে[৫]
মৈলুঁ মনে মনে গুণিয়া[৬] গো ॥
এত দিনে কুল- লাজ যাবে সব
বলিয়ে শপথ[৭] খাইয়া[৮] গো।
নরহরি-নাথে নেহার যায়েক
সুরধুনী-তীরে যাইয়া গো ॥১১॥১৫৬০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১০৪ সংখ্যক পদ। ২। 'ভাঁতিয়া' চ। ৩। 'মুকুন্দ আদি' ঘ, প-র-সা। ৪। 'হিড়োলা' ঘ। ৫। 'কে ফিরাবে' স্থলে 'ফিরাবারে' ক; 'কে ফিরাএ' প-র-সা। ৬। 'গণিয়া' ঘ। ৭। 'শপথ' স্থলে 'সব সে পথ' ক; 'সব সপথ' খ; 'সপথ' ঘ, চ, প-র-সা। ৮। 'খাইয়ে' ক, খ, প-র-সা।

মল্লার ।১

দেখ সখি ঝুলত রাধা শ্যাম।
বিবিধ যন্ত্র সু- মেলি[২] সুস্বর
তান[৩] মান সুঠাম ॥
আষাড়[৪] গত পুন মাহ শাঙন
সুখদ যমুনা-তীর।
চান্দিনি[৫] রজনী সুখময় সুখদয়[৬]
মন্দ[৭] মলয় সমীর ॥
পরিপূর্ণ সরোবর প্রফুল্লিত তরুবর
গগনে গরজে গভীর।
ঘোর[৮] ঘটা ঘন দামিনি দমকত
বিন্দু বরিখত নীর ॥
(তহি) কলপদ্রুম-তল[৯] ছাহ শীতল[১০]
রচিত-রতন-হিঁডোর।
ঝুলয়ে তছু পর[১১] গোরি শ্যামর
ঝুলায়ে সখি দুই ওর ॥
তড়িত ঘন[১২] জনু দোলয়ে দুহুঁ তনু
অধরে মৃদু মৃদু হাস।
বদন হেম নিল[১৩] কমল বিকশিত
স্বেদ-বিন্দু পরকাশ ॥
ছরম হেরি কোই বিজন[১৪] বীজই
কর্পুর তাম্বুল যোগায়।
সুরট মেঘ-ম- ল্লার গাওত
মোহন মৃদঙ্গ বাজায় ॥
কুসুমচয় বর হার লটকত
ভ্রমর গুণ গুণ রোল[১৫]।
হংস সারস[১৬] সুসর-শবদিত
দাদুরি ঘন ঘন বোল ॥
(দুহুঁ) ভালে চন্দন- চাঁদ চমকিত
তিলক রচিত কপোল।
চঞ্চল মুকুট সুচারু চন্দ্রিক
পীঠ পর বেণি দোল ॥
(দুহুঁ) শ্রবণে কুণ্ডল চপল ঝল মল
হৃদয়ে শশি-মণি-হার।
ঝলকে অভরণ ঝঙ্কৃত ঝন ঝন[১৯]
ঝুকিত ঝুলন-বিহার ॥
(কোই) মসৃণ ঘুসৃণ সুগন্ধি ছিরকত
শ্যাম-গোরি-অঙ্গ হেরি।
সখি-ভাষ[২০] ইঙ্গিতহি দাস উদ্ধব
করত কুসুমক ঢেরি ॥১২॥১৫৬১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১০৫ সংখ্যক পদ। ২। 'সুমেল' প-র-সা। ৩। 'তাল' প-র-সা। ৪। 'আষাঢ়' ক। ৫। 'চান্দ' প-র-সা। ৬। 'সুখোদয়' প-র-সা। ৭। 'মন্দ মন্দ' ক, খ। ৮। 'মেঘে' প-র-সা। ৯। 'কল্পতরু' প-র-সা। ১০। 'সুশীতল' ক, খ, ঘ, চ। ১১। 'পরি' প-র-সা। ১২। 'দামিনী' প-র-সা। ১৩। 'নীল' ক। ১৪। 'বীজন' ক, খ। ১৫। 'বোল' ক, খ, চ, প-র-সা। ১৬। 'শিখি' ঘ। ১৭। 'সুসর শবদিত' স্থলে 'সুসব সরদিত' ক; 'সুসর সরদিত' খ; 'সারস সুসবদিত' ঘ। ১৮। 'রোল' খ, ঘ। ১৯। 'ঝলমল' প-র-সা। ২০। 'ভাস' ঘ, চ।

কল্যাণী ।১

ঝুলত শ্যাম গোরি বাম
আনন্দ-রঙ্গে মাতিয়া ।
ইষত হসিত রভস-কেলি
ঝুলায়ত সব সখিনি মেলি[২]
গায়ত কত ভাতিয়া ॥ ধ্রু ॥
হেম মণিযুত বর হিঁডোর
রচিত কুসুম-গন্ধে ভোর
পড়ল[৩] ভ্রমর-পাঁতিয়া[৪] ।
নবিন লতায় জড়িত ডাল
বৃন্দা-বিপিন শোভিত ভাল
চাঁদ-উজোর রাতিয়া ॥
নবঘন-তনু দোলয়ে শ্যাম
রাই সঙ্গে ঝুলত বাম
তড়িত জড়িত-কাঁতিয়া ।
তারামণি চন্দ্রহার
ঝুলিতে দোলিত গলে দোঁহার
হিলন দুহুঁক গাতিয়া ॥
ধিধিকট ধিয়া তাথিয়া[৫] বোল
বাজে মৃদঙ্গ মোহন রোল
তিনিনা তিনিয়া তা তিয়া[৬] ।
ভেদ পবণ[৭] গ্রাম-পূর
ঘোর শবদ[৮] জীল[৯] সূর
বরণ নাহিক যাতিয়া ॥
মণি-অভরণ কিঙ্কিণি বন্ধ
ঝুলনে বাজয়ে ঝুনুর ঝঙ্ক
ঝন ঝন ঝঞ্ঝাতিয়া ।
রাধামোহন-চরণে আশ
কেবল ভরসা উদ্ধবদাস
রচিত পুরিত[১০] হাতিয়া ॥১৩॥১৫৬২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১০৬ সংখ্যক পদ। ২। 'নাগরী' প-র-সা। ৩। 'পড়ত' ক। ৪। 'মাতিয়া' প-র-সা। ৫। 'তা থৈয়া' ক, খ, চ, প-র-সা। ৬। 'ভাতিয়া' ক। ৭। 'পবন' ক, খ; 'পরল' চ। ৮। 'মরদ' ক, ঘ; 'মুরদ' প-র-সা। ৯। 'জীতল' চ। ১০। 'পরিত' খ।

বেলোয়ার ।১

ঝুলত সুখময় শ্যামর[২] গোরি।
বৃন্দা[৩]-বিপিন নিকুঞ্জ মাঝ মিলি
প্রিয় ললিতাদি ঝুলায়ত থোরি[৪] ॥
সুললিত তরল[৫] হিঁডোর মাঝ অতি
ঝলকত যুগল-রূপ রুচি-ধাম ।
মৃগমদ-অঞ্জন- পুঞ্জ-জলদ-তনু
কেশর-বিদলিত-দামিনি-দাম ॥
শোভা ভুবন বিজয় নহ সমতুল
দুহুঁ মুখ-চন্দ বিমল পরকাশ[৬] ।
হেরি দুহুঁক গুণ[৭] গাওত চৌদিশে
শুক পিককুল তিয়া অধিক উলাস ॥
ঝঙ্করু ভ্রমর যন্ত্র জনু বাজত
নৃত্যতি শিখিকুল উমগ অভঙ্গ ।
নরহরি কহ কবি[৮] কো বরণব ইহ
বৃন্দাবন মধি বিবিধ তরঙ্গ ॥১৪॥১৫৬৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১০৭ সংখ্যক পদ। ২। 'শ্যাম' ক, চ। ৩। 'বৃন্দাবন' ক, খ, প-র-সা। ৪। 'থোরি' প-র-সা। ৫। 'তর' প-র-সা। ৬। 'দুহুঁ মুখ-চন্দ' ইত্যাদি তিনটি পংক্তি খ পুথিতে লিপিকর-প্রমাদে পরিত্যক্ত হইয়াছে। ৭। 'দুহুঁক গুণ' স্থলে 'দুহুঁ কুণ্ডল' প-র-সা। ৮। 'করি' ক, খ, ঘ, প-র-সা।

কেদার।১

আজু ললিত হিঁডোর মাঝে।
রঙ্গে ঝুলত নাগর-রাজে॥
রাই সুবদনি বাম পাশ।
কতহুঁ আনন্দ-সায়রে ভাস॥
কিবা অদভুত দুহুঁক[২] শোভা।
নাহিক উপমা ভুবন-লোভা॥
দুহুঁ দুহুঁ মুখ দুহুঁ সে হেরি।
হাসিয়া[৩] চুম্ব দেই বেরি বেরি[৪]॥
আঁখি-ভঙ্গী করে[৫] কতেক ভাতি।
কহে গদ গদ রভসে মাতি॥
ললিতাদি সখী সে সুখে ভাসি।
নেহারে দোঁহার-বদন-শশী॥
রঙ্গে ঝুলায়ত মন্দ মন্দ।
মিলিয়া গাওত গীত সুছন্দ॥
বাজত বেণু বীণ উপাঙ্গ।
মধুর মৃদঙ্গ মুরজ চঙ্গ॥
কেহ নাচে কত ভঙ্গী করি।
অতি মোহিত[৭] তা দোঁহে হেরি॥
সুর-নারী নিজগণহুঁ সঙ্গে[৮]।
পুষ্প-বৃষ্টি করত রঙ্গে॥
জয় জয় শব্দ[৯] বৃন্দাবন ভরি।
শুনিয়া রঙ্গে মাতে নরহরি॥১৫॥১৫৬৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১০৮ সংখ্যক পদ। ২। 'দোহক' ঘ, 'প-র-সা। ৩। 'হাসি' ক, খ, ঘ, চ। ৪। 'বেরি বেরি' স্থলে 'বেরি বেরি বেরি' ক। ৫। 'করি' ক, ঘ, চ, প-র-সা। ৬। 'তান' খ; 'সুবীনা' ঘ। ৭। 'মোতিত' খ; 'মহিত' প-র-সা'। ৮। 'নিজগণ' ক, খ, চ। ৯। 'জয় জয় শব্দ' স্থলে 'জয় শবদ' ক, খ; 'জয় শব্দ' ঘ, চ।

মল্লার।১

কালিন্দীর[২] কূল বিকসিত ফুল মত্ত অলিকুল
পড়ঁহি পাঁতিয়া।
নাচত মোর করতহিঁ সোর অনঙ্গ অগোর[৩]
ফিরতহিঁ মাতিয়া॥
কানন-ওর হেরইতে ভোর কিশোরি কিশোর
প্রেম-রসে ভাসিয়া।
ঝুলন কেলি দুহুঁ জন মেলি অঙ্গ অঙ্গ হেলি
হৃদয় উল্লাসিয়া॥
কতয়ে সুতান করতহি গান রাখত মান
যন্ত্র সুরঙ্গিয়া।
দেই করতাল অতি সুরসাল কহে ভালি ভাল
বাওয়ে মৃদঙ্গিয়া॥
কত রস-ভাষ কমল বিকাশ মৃদু মৃদু হাস
দুহুঁ-চন্দ্রাননে।
উদ্ধবদাস- চিত-মন-আশ দুহুঁক বিলাস
দরশন কাননে॥১৬॥১৫৬৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১০৯ সংখ্যক পদ। ২। 'কালিন্দী' ক, চ, প-র-সা। ৩। 'আগোর' ক, খ, ঘ, প-র-সা। ৪। 'কত যে' ক।

তথা রাগ।১

আজু রাধা শ্যাম সঙ্গেতে ঝুলে।
মণিময় নব হিণ্ডোলা[২] সাজাইয়া
বংশীবট-তট কালিন্দি-কূলে॥
ললিতাদি রঙ্গে ভঙ্গী করি বেগে
ঝুলায়ই দুহুঁ বদন চাঞা[৩]।
রসবতি ভুজ পসারি নাগরে
ধরে ভয়ে অতি আকুল হৈয়া॥

শ্যাম রঙ্গে৬ চারু চিবুক পরশি
চুম্বু দেই ঘন মনের সুখে।
তাহা দেখি সখী হাসে৬ রসে ভাসি
বসন অঞ্চল ঝাঁপিয়া মুখে ॥
কৌতুক-বচন কহি বৃন্দা দেবী
ঝুলায়ই পুন যতনে ধীরে।
কি আনন্দ বৃন্দা- বনে নরহরি
জয় জয় দিয়া রঙ্গেত৭ ফিরে ॥

॥১৭॥১৫৬৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১১০ সংখ্যক পদ। ২। 'হিন্দোলা' ক। ৩। 'চাহিয়া' ঘ, প-র-সা; 'চাইয়া' চ। ৪। 'হইয়া' ঘ, চ। ৫। 'অঙ্গে' ক। ৬। 'হাসি' ক। ৭। 'রঙ্গেতে' ক, ঘ।

বিহগড়া কেদারিকা।১

উথলই কালিন্দি-নীর।
তাহে২ অতি সুখময় ধীর সমীর ॥
শ্রীবৃন্দাবন মাঝ।
কলপ-তরুণ-তরু সাজ ॥
তাহে বনি রতন-হিঁডোর।
পরিমলে ভ্রমর ভ্রমরিগণ ভোর ॥
বিবিধ কুসুম শোহে তায়।
মৃদু মৃদু মলয় পবন করু বায় ॥
ঝুলে বিনদিনি৩ বিনদিয়া৪।
ঝুলায়ত সখি দুহুঁ-বদন চাহিয়া ॥
চান্দনি রজনি উজোর।
পিবত৫ অমিয়া-রস ভুখিল চকোর ॥
কোই নাচই মন-রঙ্গে।
বীণা রবাব বাজায়ে৬ মৃদঙ্গে ॥
কতহুঁ প্রবন্ধ সুতান।
কত কত রাগ মেলি করু গান ॥
আনন্দ কো করু ওর।
হেরি শিবরাম দাস রহু৭ ভোর ॥

॥১৮॥১৫৬৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১১১ সংখ্যক পদ। ২। 'তাহি' ঘ। ৩। 'বিনোদিনী' ক, চ। ৪। 'বিনোদিয়া' ক, চ। ৫। 'পীয়ত' ঘ, চ। ৬। 'বাজয়ে' প-র-সা। ৭। 'রহ' ঘ পুথিতে নাই।

ধানশী।১

ঝুলনা হইতে নামিলা ভুরিতে
রসবতী রস-রাজ।
রতন-আসনে বসিলা যতনে
রতন-মন্দির মাঝ ॥
সুচামর লেহ বীজন বীজই
সেবা-পরায়ণ সখী।
সুবাসিত জলে বদন পাখালে
বসনে মোছাঞা দেখি ॥
থারি ভরি কোই বিবিধ মিঠাই
ধরি দুহুঁ-সম্মুখে।
সখীগণ সহে কতহুঁ কৌতুকে
ভোজন করিল সুখে ॥
তাম্বুল সাজাঞা কোন সখী লৈয়া
দোহার বদনে দিল।
এ কেশ২-কুসুমে আপাদবদনে
নিছিয়া নিছিয়া নিল ॥
কুসুম-তলপে অলপে অলপে
বসিলা রাধিকা শ্যাম।
আলসে৩ ঈষত নয়ন মুদিত
হেরিয়া মোহিত কাম ॥

দেখি সখীগণে কতহুঁ যতনে
শুতায়ল দুহুঁ তায়।
সখীর ইঙ্গিতে চরণ সেবিতে
এ দাস বৈষ্ণব যায় ॥১॥১৫৬৮॥

ইতি তৃতীয়-শাখায়াং ত্রিংশৎপল্লবঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১১২ সংখ্যক পদ।
২। 'একেক' প-র-সা। ৩। 'অলসে' ক।

থাভিষেক-বিলাসঃ।

আদৌ শ্রীগৌরচন্দ্রস্য।

ভৈরবী।১

আজু শচিনন্দন-নব-অভিষেক।
আনন্দ-কন্দ নয়ন ভরি দেখ॥
নিত্যানন্দ অদ্বৈত মিলি২ রঙ্গে।
গাওত উনমত ভকতহিঁ সঙ্গে॥
হেরইতে নিরুপম কাঞ্চন-দেহা।
বরিখয়ে সবহুঁ নয়ন৩-ঘন-মেহা॥
পুন পুন নিরখিতে গোরা-মুখ-ইন্দু।
উছলল প্রেম-সুধারস-সিন্ধু॥
জগ ভরি পূরল প্রেম-তরঙ্গে।
বঞ্চিত গোবিন্দদাস পরসঙ্গে॥১॥১৫৬৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৩৯ সংখ্যক পদ।
২। 'মিলি বহু' প-র-সা। ৩। 'সবহুঁ নয়ন' স্থলে 'নয়নে সবহু' প-র-সা।

সুহই।১

আনন্দে ভকতগণ দেই জয়-রব।
শ্রীবাস পণ্ডিত-ঘরে মহামহোৎসব॥
পঞ্চগব্য পঞ্চামৃত শত ঘট জলে।
গৌরাঙ্গের অভিষেক করে কুতূহলে॥
রতন-বেদীর পর বসি গোরাচান্দ।
অপরূপ রূপ সে রমণী-মন-ফাঁদ॥
শান্তিপুর-নাথ আর নিত্যানন্দ রায়।
হেরিয়া২ গৌরাঙ্গ মুখ৩ প্রেমে ভাসি যায়॥
মুকুন্দ মুরারি আদি সুমধুর গায়।
হরি বলি হরিদাস নাচিয়া বেড়ায়॥
কহে কৃষ্ণদাস গোরাচাঁদের অভিষেক।
নদীয়ার নরনারী দেখে পরতেক॥২॥১৫৭০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১১৪ সংখ্যক পদ।
২। 'হেরি' ক, খ, প-র-সা। ৩। 'রূপ' প-র-সা।

ভূপালী।১

শঙ্খ-দুন্দুভি-নাদ বাজয়ে সুস্বরে।
গোরাচাঁদের অভিষেক করে সহচরে॥
গন্ধ চন্দন শিলা ধূপ দীপ জ্বালি।
নগরের নারীগণ২ করে অর্ঘ্যথালী৩॥
নদীয়ার লোক সব৪ দেখি আনন্দিত।
ঘন জয় জয় দিয়া সভে গায় গীত॥
গোরাচাঁদের মুখ সভে করে নিরক্ষণে।
গোরা-অভিষেক-রস বাসুঘোষ গানে॥
॥৩॥১৫৭১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৪১ সংখ্যক পদ।
২। 'নাগরিগণ' খ; 'নাগরী লোক' প-র-সা।
৩। 'আর্ঘ্যঘলি' প-র-সা। ৪। 'যত' খ।

ধানশী।১

আনন্দ-কন্দ নিত্যানন্দ গৌরচন্দ্র সঙ্গ২।
প্রেমে ভাসি হাসি হাসি রোম-হর্ষ অঙ্গ৩॥
সীতানাথ লেই৪ সাথ পণ্ডিত শ্রীবাস।
গদাধর দামোদর হরিদাস পাশ॥

হরিবোল উচ্চরোল[৪] কীর্ত্তনের সাথ।
গৌর-শিরে[৬] ঢালে নীর[৭] শান্তিপুরনাথ॥
অভিষেক সঙ্গে দেখ[৮] পরতেক পহু।
নৃত্য-গীত-আনন্দিত প্রেম-হাস্য লহু॥
ঘট ভরি ঢালে বারি গৌরচন্দ্র-মাথ।
শুদ্ধস্বর্ণ গৌরবর্ণ ভাব পূর্ণ গাত॥
সুবিস্তার[৯] কেশ-ভার চামরের ছান্দ।
মুখ-চন্দ্র[১০]-ভয়ে অন্ধকার যৈছে কান্দ॥
অঙ্গ মোছি বস্ত্র কোঁচি[১১] পরাইলা রামাই।
সিংহাসনে দিব্যাসনে[১২] বসিলেন যাই॥
অদ্বৈতচন্দ্র প্রেম-কন্দ পূজা কৈলা যত।
করি নিতান্ত রামকান্ত তাহা[১৩] কৈবে কত॥
॥৪॥১৫৭২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৪২ সংখ্যক পদ। ২। 'সনে' ক। ৩। 'অঙ্গে' ক। ৪। 'গেই' প-র-সা। ৫। 'উতরোল' ক। ৬। 'শিরে' ক, খ, প-র-সা। ৭। 'নীরে' ক, খ, প-র-সা। ৮। 'দেখে' ক। ৯। 'সুবিস্তর' ক। ১০। 'মুখ-চন্দ্র' ক, খ, প র সা। ১১। 'কোচি' ক, প-র-সা। ১২। 'গোরাচান্দ' খ। ১৩। 'তাহা সে' ক, খ, ঘ, চ।

মঙ্গল।[১]

গৌর সুন্দর[২] পরম মনোহর[৩]
শ্রীবাসপণ্ডিত-গেহ।
সোণ[৪]-চম্পক- কনক-দরপণ-
নিন্দি সুন্দর দেহ॥
বসিয়া গোরা পহু হাসিয়া লহু লহু
কহয়ে পণ্ডিত ঠাম।
তোহারি প্রেম-রসে এ মোর[৫] পরকাশে
দেখহ সো[৬] পহু শ্যাম॥
শুনিয়া পণ্ডিত অতিহুঁ[৭] হরষিত
চরণ-তলে গড়ি যায়।
করয়ে স্তুতি নতি প্রেম-জলে ভাসি
পুলকে পূরল গায়॥
ভাগবতগণে[৮] আনিয়া[৯] তৈখনে
পহুক করে অভিষেক।
বারি ঘট ভরি রাখল সারি সারি
গন্ধ আদি পরতেক॥
মুকুন্দ গদাধর পণ্ডিত দামোদর
মুরারি হরিদাস গায়।
উঠিল জয়ধ্বনি মঙ্গল-রব শুনি
নদীয়া-নরনারী ধায়॥
পণ্ডিত শ্রীবাস[১০] পরম-উল্লাস
পহুক শিরে ঢালি বারি।
চৌদিগে হরিবোল বড়ই উতরোল
মঙ্গল-রব[১১] সব নারী॥
নিতাই অদ্বৈত অতিহুঁ হরষিত
হেরই ডাহিন বাম।
সিনান সমাপল[১২] বসন পরায়ল[১৩]
পূরল সব[১৪] মন-কাম॥
কতহুঁ উপচারি পূজল[১৫] গৌরহরি
ভোজন আসন বাস।
দণ্ডবত নতি করল বহু স্তুতি
কহ গোবর্দ্ধন দাস॥৫॥১৫৭৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৪৩ সংখ্যক পদ। ২। 'পুরন্দর' ঘ। ৩। 'মোহন' প র-সা। ৪। 'শোণ' ক। ৫। 'এ মোর' স্থলে 'সে মোরে' প-র-সা। ৬। 'দেখহ সো' স্থলে 'দেখ দেখ সে' প-র-সা। ৭। 'অতি' ক, খ, প-র সা। ৮। 'ভাগবত গানে' খ। ৯। 'আসিয়া' ক, চ, প-র-সা। ১০। 'শ্রীনিবাস' খ, ঘ, চ। ১১। 'বর' চ।

১২। 'সমাপন' ক, খ। ১৩। 'পরশ পরায়ন' ক, খ। ১৪। 'পূরল' ক। ১৫। 'পূজল' ক।

তথা রাগ।১

পূর্ণ সুখময় ধাম অম্বিকা নগর নাম
যাতে গৌর নিতাইর বিলাস।
ব্রজে প্রিয় নর্ম্ম-সখা সুবল বলিয়া লেখা
গৌরীদাস রূপে পরকাশ॥
এক দিন রাত্রি-শেষে দেখিলেন স্বপ্নাবেশে
মহাপ্রভু নিত্যানন্দ সনে।
কহে ওহে২ গৌরীদাস পূরিবে৩ তোমার আশ
আমরা আসিব দুই জনে॥
নিশ্চয় করিয়া কহি তোরে।
তোমারে৪ ছাড়িয়া খেনে সোয়াথ৫ না হয় মনে
দোঁহে রব তোমার মন্দিরে॥ ধ্রু॥
স্বপ্ন-ভঙ্গ-অনুরাগী উঠিয়া বসিলা জাগি
মনে হৈল আনন্দ রসময়।
অভিষেক যত কাজ তুরিতে করহ সাজ
স্বরূপ চরণ ধরি কয়॥৬॥১৫৭৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৪৯ সংখ্যক পদ। ২। 'অহে' ক। ৩। 'পূরিতে' প র-সা। ৪। 'আমারে' ক, খ, ঘ, চ। ৫। 'সোয়াস্থ' খ; 'সোহাথ' ঘ, চ।

তথা রাগ।১

আনন্দে ঠাকুর গৌরীদাস।
ডাকিয়া আপনগণে কহিলেন জনে জনে
যে হয় চিত্তের পরকাশ॥ ধ্রু॥
আনহ মঙ্গল-দ্রব্য দুগ্ধ পুষ্প পঞ্চগব্য
ধূপ দীপ যত উপহার।
আম্রশাখা ঘটে বারি কলা রোপ২ সারি সারি
আর যত বস্ত্র অলঙ্কার
শত ঘট পূর্ণ জল থড়া৩ য়া নারিকল
মধ্যে পাতি দিব্য সিংহাসন।
ভক্তবৃন্দ যত জন আর কীর্ত্তনীয়াগণ
আনহ করিয়া নিমন্ত্রণ॥
হেনকালে আচম্বিতে নিত্যানন্দ করি সাথে
কর-ধরাধরি দুই ভাই।
সেই স্থানে উপনীত পণ্ডিত আনন্দ-চিত
স্বরূপা৪ কহয়ে বলি যাই॥৭॥১৫৭৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৫৫ সংখ্যক পদ। ২। 'রোপণ' ক, খ, চ, প-র-সা। ৩। 'জোড়া' প র-সা। ৪। 'স্বরূপ' প-র-সা।

বরাড়ী।১

দেখ দুই ভাই গৌর নিতাই
বসিলা বেদীর পরে।
গগন তেজিয়া আসিলা নামিয়া২
যেন শশি৩ -দিবাকরে॥
হেরি হরষিত ঠাকুর পণ্ডিত
নিজগণ লৈয়া সাথে।
জল সুবাসিত ঘট ভরি কত
ঢালয়ে দোঁহার মাথে॥
শঙ্খ ঘণ্টা কাঁসী বেণু বীণা বাঁশী
খোল করতাল বায়৪।
জয় জয় বোল হরি হরি রোল
চৌদিগে ভকত গায়৫॥
সিনান করায়্যা বসন পরায়্যা
বসাইলা সিংহাসনে।
ধূপ দীপ জ্বালি লৈয়া অর্ঘ্যথালী৬
পূজা কৈলা দুই জনে॥
উপহারগণ করায়্যা ভোজন
তাম্বুল চন্দন শেষে।
ফুল-হার দিয়া আরাত্রি করিয়া
প্রণমিল কৃষ্ণদাসে॥৮॥১৫৭৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১০৬ সংখ্যক পদ ২। 'নামিলা আসিয়া' ক, খ, ঘ, চ ৩। 'নিশা' ক, খ। ৪। 'বায়ে' প-র-সা। ৫ 'গায়ে' প-র-সা। ৬। 'আর্য্যথালী' প-র-সা।

অথ নিত্যানন্দচন্দ্রস্যাভিষেকঃ।

মঙ্গল।[১]

অপরূপ নিতাইচাঁদের অভিষেকে[২]।
বামে গদাধর দাস মনে বড় সুখোল্লাস
প্রিয় পারিষদগণ দেখে[৩] ॥
শত ঘট জল ভরি পঞ্চগব্য আদি করি
নিতাইচাঁদের শিরে ঢালে।
চৌদিগে রমণীগণ জজকার[৪] ঘন ঘন
আর সভে হরি হরি বোলে ॥
বাম পাশে[৫] গৌরীদাস হেরই দক্ষিণ পাশ
আবেশে নাচয়ে উদ্ধারণ।
বাসু আদি তিন ভাই আনন্দ[৬] মঙ্গল গাই
ধনঞ্জয় মৃদঙ্গ বায়ন ॥
ঘন হরি হরি বোল গগনে উঠিছে রোল
প্রেমায় সকল লোক ভাসে।
সঙরি[৭] পরমানন্দ ঠাকুর শ্রীনিত্যানন্দ[৮]
গুণ গায় বৃন্দাবন দাসে ॥৯॥১৫৭৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৪৭ সংখ্যক পদ। ২। 'অভিষেক' ঘ, চ। ৩। 'দেখ' খ, ঘ। ৪। 'জয়কার' ক; 'জুজোকার' প-র-সা। ৫। 'বামে হেত্রি' প-র-সা। ৬। 'আনন্দে' ক, খ, প-র-সা। ৭। 'সোঙরি' ক। ৮। 'মিত্যানন্দ' ক, খ।

তথা রাগ।[১]

জয় রে জয় রে জয় নিত্যানন্দ রায়।
পণ্ডিত রাঘব-ঘরে বিহরে সদায় ॥
পারিষদ সকল দেখয়ে পরতেক।
ঠাকুর পণ্ডিত সে করেন অভিষেক ॥
নিত্যানন্দ-রূপ যেন মদন সমান।
দীঘল নয়ান ভাঙ প্রসন্ন বয়ান ॥
নানা অভরণ অঙ্গে ঝলমল করে।
আজানুলম্বিত মালা অতি শোভা করে ॥
অরুণ-কিরণ জিনি দুখানি চরণ।
হৃদয়ে ধরিয়া কহে দাস বৃন্দাবন ॥
॥১০॥১৫৭৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৪৮ সংখ্যক পদ।

তত্র পূর্ব্বাভিষেকঃ।

ধানশী।[১]

সুরধুনি-বারি ঝারি ভরি ঢারই
পুন ভরি পুন ভরি[২] ঢারি।
কো জানে কাহে লাগি অভিসিঞ্চই[৩]
লীলা বুঝই না পারি ॥
হেরইতে মঝু[৪] মনে লাগি রহু।
সীতাপতি শ্রীঅদ্বৈত[৫] পহু ॥ধ্রু॥
নব নব তুলসী[৬] মঞ্জুল মঞ্জরী
তাহি দেই হাসি হাসি[৭]।
কবহুঁ গৌর পিত[৮] শ্যামর লোহিত
কবহুঁ[৯] মুরতি পরকাশি।
ডাহিনে রহু পুরু- ষোত্তম পণ্ডিত
কামদেব রহুঁ বাম।
অপরূপ চরিত হেরি সব চমকিত[১০]
গোবিন্দদাস গুণগান[১১] ॥১১॥১৫৭৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৪৯ ও প-র পুথির ১১৭ সংখ্যক পদ। 'ধানশী' স্থলে 'কামোদ' প-র। ২। 'পুন' ইত্যাদি স্থলে 'পুনহু ভরি ভরি' প-র-সা। ৩। 'কাহে' ইত্যাদি স্থলে 'কি লাগি কাহে পুন সিকই' প-র। ৪। 'হেরই' ক। ৫। 'অবৈত' ক, খ, ঘ, চ। ৬। 'তুলসীক' প-র। ৭। 'তাহি' ইত্যাদি স্থলে 'তহি পুন' ইত্যাদি প-র। ৮। 'সিঠ' ক, খ, ঘ, চ, প-র-সা। ৯। 'কো জানে কতহু' ক, খ, ঘ, চ, প-র-সা। ১০। 'সব চমকিত' স্থলে 'চমকিত ভেল' প-র। ১১। 'গান' ক, খ।

অথ শ্রীকৃষ্ণস্য দেবাভিষেকঃ।

কল্যাণী।১

ভয় পাই অতি দেব সুরপতি
আসিয়া গোকুলপুরী।
নিভৃতে পাইয়া হরষিত হৈয়া২
পড়ে কৃষ্ণ-পদ ধরি ॥
স্তুতি নতি করি পুন পুন পড়ি
অপরাধ ক্ষমাইল।
দেবগণ লৈয়া একত্র হইয়া
কৃষ্ণ-অভিষেক কৈল ॥
আসিয়া সুরভি কৃষ্ণ-শিরোপরি
ঢালয়ে৩ স্তনের ক্ষীর।
দেবগণ মেলি শির পর ঢালি৩
আকাশ-গঙ্গার নীর ॥
দুন্দুভি বাজে বিদ্যাধরী নাচে
গন্ধর্ব্বে মধুর গায়।
পড়ে স্তুতি-বাণী জয় জয় ধ্বনি
আকাশ ভেদিয়া যায় ॥
দেব-কলরব মহামহোৎসব
নানা মতে পূজা কৈল।
হৈয়া দণ্ডবতে পড়িলা ভূমিতে
চরণে শরণ লৈল ॥
তুষ্ট হৈয়া হরি শুভ দৃষ্টি৪ করি
সব দেবগণ পানে।
অভয় পাইয়া পদ-রজ লৈয়া
গেলা সব দেবগণে ॥
নন্দের নন্দন আইলা তখন
লোকে কেহ না জানিল।
গাইল মাধব কৃষ্ণ-অভিষেক
দেবগণে যেবা কৈল ॥১২॥১৫৮০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৫০ সংখ্যক পদ। ২। 'হরষিত হৈয়া' স্থলে 'হরিষ হইয়া' ঘ। ৩। 'ঢালে' ঘ। ৪। 'দৃষ্ট' প-র-সা।

অথ শ্রীরাধিকায়া অভিষেকো যথা।

"শ্রীত্যা মঙ্গল-গীত-নৃত্য-বিলসদ্বীণাদি-বাদ্যোৎসবৈ"রিত্যাদি বিলাপ-কুসুমাঞ্জলৌ।

তদ্‌যথা।

কামোদ।১

এক দিন সুন্দরি রাই সুনাগরি
সব সহচরিগণ সঙ্গ।
শ্রীবৃন্দাবনে কুঞ্জ-নিকেতনে
বৈঠল কৌতুক-রঙ্গ ॥
তহিঁ পুন ভগবতি পৌর্ণমাসি যোগ
ব্রজ-বনদেবিকি সাথ।
রাইক শুভ অভি- ষেক করণ লাগি
আওল উলসিত গাত।

কত শত[২] ঘট ভরি   বারি সুবাসিত
তাহি করল উপনীত।
দধি ঘৃত গোরস   কুঙ্কুম চন্দন
কুসুম-হার সুললিত[৩] ॥
বাস ভূষণ[৪] উপ-   হার রসায়ণ
আনল কত পরকার।
রতন-বেদি পর   বৈঠল শশি-মুখি
সখিগণ দেই জয়কার ॥
শ্রীবৃন্দাবন   ভূমীশ্বরি করি
ভগবতি করু অভিষেক।
চৌদিগে জয় জয়   মঙ্গল-কলরব
আনন্দে মোহন দেখ ॥১৩॥১৫৮১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৫১ সংখ্যক পদ।
২। 'কত' প-র-সা। ৩। 'সুললিত' ক, খ; 'সুবলিত' প-র-সা। ৪। 'ভূষণ' ক।

বেলোয়ার ॥১

বীণা উপাঙ্গ   ডম্ফ কত বাজত
মধুর মৃদঙ্গ সঙ্গে করতাল।
চৌদিগে সহচরি   জয় জয় রব করি
নাচত গাওত পরম রসাল ॥
দেখ দেখ রাইক শুভ অভিষেক।
কনক-মুকুর তনু   বদন চাঁদ জনু
নিরমল নীরে ঝলকে[২] পরতেক ॥
ভগবতি কতহুঁ   যতন করি রাইক
শির পরি[৩] ঢালই বাসিত বারি।
সুমেরু-শিখরে জনু   শত-মুখি সুরধুনি
বেগে গিরয়ে মহি ঐছে নেহারি ॥
কুঞ্চিত কুন্তল   বাহি পড়য়ে জল
চামরে মোতিম চরকে জনু।
হেরইতে লখিল   নয়ন মন ভুলয়ে[৪]
আনন্দে মোহে অবশ-তনু ॥১৪॥১৫৮২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৫২ সংখ্যক পদ।
২। 'নীরে নিরমল' ক, খ। ৩। 'পর' প-র-সা।
৪। 'ভুলয়ে' ক, খ, প-র-সা।

তথা রাগ ॥১

সিনান সমাধান মুছল অঙ্গ।
পহিরণ নীলিম বসন সুরঙ্গ ॥
মণিময় অভরণ ভগবতি দেল।
যাহাঁ যেই শোভন[২] পহিরণ কেল ॥
মণি-মন্দির মাহা আয়লি[৩] রাই।
রতন-সিংহাসনে বৈঠল যাই ॥
বনফুল-মাল দেয়ল বন দেবি।
ঐছন চন্দনে বহু মত সেবি ॥
বৃন্দাবনেশ্বরি করি ভেল নাম।
ডাহিনে ললিতা বিশাখা বৈসে বামে ॥
মধুমতি ছত্র[৪] ধরল ধনি মাথ।
চিত্রা[৬] বিচিত্র দণ্ড ধরু[৭] হাত ॥
চম্পকলতিকা চামর করু গায়।
শশি-কলা শশি সম বীজন বায় ॥
ভগবতি পঞ্চদীপ করে নেল।
আরতি করি নিরমঞ্ছন কেল ॥
আর সব সহচরি মঙ্গল গায়।
মোহন দুরহি নেহারই তায় ॥
॥১৫॥১৫৮৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৫৩ সংখ্যক পদ।
২। 'শোভন' ক, খ। ৩। 'আয়ল' ক, খ। ৪। 'মধুবতি' ক, খ, প-র-সা। ৫। 'ধরিল' ক; 'ধরল' খ। ৬। 'বেত্র' প-র-সা। ৭। 'কর' ক, খ, চ, প-র-সা। ৮। 'দুরহি' ক।

পুনশ্চ শ্রীকৃষ্ণাভিষেকো যথা।

ভৈরবী।[১]

আকাশ ভরিয়া উঠে জয় জয় ধ্বনি।
নাচে শিব ব্রহ্মা ইন্দ্র চন্দ্র দিনমণি॥
জন্মতিথি-পূজা কৃষ্ণচন্দ্র-অভিষেক।
সুর-নর-মুনিগণ দেখে[২] পরতেক॥
পঞ্চগব্য পঞ্চামৃত শত ঘট জলে।
জয় জয় দিয়া কৃষ্ণচন্দ্র শিরে ঢালে॥
নানা যন্ত্র-বাদ্য গীত দুন্দুভির রোল।
এ তিন ভুবনের লোক বলে হরিবোল॥
কলরব মহোৎসব জগত বেঢ়িয়া[৩]।
কান্দে হাসে প্রেমে ভাসে ভূমিতে পড়িয়া॥
অখিল-ব্রহ্মাণ্ড-নাথ নন্দের নন্দন।
নরসিংহ দেব মাগে[৪] চরণে শরণ॥
॥১৬॥১৫৮৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৫৪ সংখ্যক পদ। ২। 'দেখ' ঘ। ৩। 'ভরিয়া' খ। ৪। 'দেব মাগে' স্থলে 'মাগে রাগা' প-র-সা।

কেদার।[১]

আজু বনি নব অভিষেক গোবিন্দকি।
পরমানন্দ প্রেম-সুখ-কন্দকি॥
ঝলকত নীল-নলিনি মুখ-শোভা[২]।
হেরইতে অখিল-ভুবন-মন-মোহা[৩]॥
গোরস দধি ঘৃত হলদিক নীরে।
গাগরি ভরি ভরি ঢারই[৪] শিরে॥
বাজত ঘন্টা[৫] তাল মৃদঙ্গ।
জয়[৬] দেই সুর-নারীগণ রঙ্গ॥
বলি বলি যাতহি চরণারবিন্দ।
পরমানন্দকে পহু শ্রীগোবিন্দ॥১৭॥১৫৮৫॥

ইত্যাদি অভিষেক।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৫৫ সংখ্যক পদ। ২। 'শোভা' প-র-সা। ৩। 'লোভা' প-র-সা। ৪। 'ঢারউ' ঘ। ৫। 'ঘন্টা কত' প-র-সা। ৬। 'জয় জয়' ক।

জয় জয় গৌরচন্দ্র জয় নিত্যানন্দ[১]।
জয়াদ্বৈতচন্দ্র জয় গৌর-ভক্তবৃন্দ॥
জয় রূপ সনাতন ভট্ট রঘুনাথ।
শ্রীজীব গোপাল ভট্ট দাস রঘুনাথ॥
শ্রীআচার্য্য প্রভু জয়[২] করুণা-সাগর।
কৃপা করি দেহ[৩] নিজ প্রেম-ভক্তি বর॥
ঠাকুর বৈষ্ণব গোসাঞি দয়া কর মোরে।
দন্তে তৃণ ধরি ডাকে[৪] এ দীন পামরে॥

ইতি একত্রিংশৎ পল্লবঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৫৬ সংখ্যক পদ। এই পদটি স্বতন্ত্র পদরূপে গণনা করিলে, এই পল্লবের নির্দ্দিষ্ট পদ-সংখ্যা একটি বেশী হয় বলিয়া ইহা গণিত হইল না। ২। 'মোর' ক, খ। ৩। 'দেহি' ক, খ। ৪। 'ডাকি' প-র-সা।

ইতি পদকল্পতরু-গ্রন্থে তৃতীয়-শাখা সম্পূর্ণা।